Vol. 122, No.—II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Twenty-Second Session

(March to July Session, 2003)

(From 24th March to 31st March, 2003)

(The 24th, 25th, 26th, 27th, 28th, 29th and 31st March, 2003)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : Rs. 466/-

Vol. 122, No.—II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Twenty-Second Session

(March to July Session, 2003)

(From 24th March to 31st March, 2003)

(The 24th, 25th, 26th, 27th, 28th, 29th and 31st March, 2003)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

328.541405
WES/LA/P/V122.No.2
C3

WEST BENGAL LEGISLATURE
Acc. No. 18010
Dated 11.2.2011
Call No.
Price Rs. 441/-

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI VIREN J. SHAH

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Buddhadeb Bhattacharjee,** Chief Minister and Minister-in-charge of Home Department, Information & Cultural Affairs Department, Science & Technology Department, Personnel Administrative Reforms Department, Hill Affairs Department.

2. **Shri Nirupam Sen,** Minister-in-charge, Department of Commerce & Industries, Public Undertakings, Industrial Reconstruction and Development & Planning including Uttaranchal Unnayan Affairs & Paschimanchal Unnayan Affairs.

3. **Dr. Surya Kanta Mishra,** Minister-in-charge, Health & Family Welfare and Panchayat & Rural Development Department.

4. **Shri Mahammad Amin,** Minister-in-charge of Labour Department.

5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department.

6. **Shri Subhas Chakraborty,** Minister-in-charge of Transport Department, Sports Deptt. and Hooghly River Bridge Commission.

7. **Shri Md. Salim,** Minister-in-charge of Department of Minorities Development & Welfare, Self Employment Scheme for the Urban Unemployed, Department of Youth Services and Technical Education Department.

8. **Shri Kamal Guha,** Minister-in-charge of Agriculture, Department.

9. **Shri Biswanath Chowdhury,** Minister-in-charge of Women & Child Development & Social Welfare Department and Jails Department.

10. **Shri Nanda Gopal Bhattacharya,** Minister-in-charge of Minor Irrigation and Water Investigation & Development Deptt.

11. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Fisheries, Aqua Culture & Aquatic Resource and Fishing Harbours Department.

12. **Shri Prabodh Chandra Sinha,** Minister-in-charge of Parliamentary Affairs and Excise Department.

13. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Food & Supplies Department.

14. **Shri Amar Chaudhuri,** Minister-in-charge of Public Works Department.

15. **Shri Goutam Deb,** Minister-in-charge of Housing and Public Health Engineering Department.

16. **Shri Kanti Biswas,** Minister-in-charge of School Education and Madrasah Department.

17. **Shri Naren Dey,** Minister-in-charge of Co-operation and Consumer Affairs Department.

18. **Shri Manabendra Mukherjee,** Minister-in-charge of Information, Technology and Environment Department.

19. **Shri Asok Bhattacharya,** Minister-in-charge of Municipal Affairs, Urban Development and Town & Country Planning Department.

20. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Tourism Department.

21. **Shri Sailen Sarkar,** Minister-in-charge of Food Processing & Horticulture Department.

22. **Shri Satyasadhan Chakraborty,** Minister-in-charge of Higher Education Department.

23. **Shri Amalendralal Roy,** Minister-in-charge of Irrigation & Waterways Department.

24. **Shri Abdur Razzak Mollah,** Minister-in-charge of Land & Land Reforms Department.

25. **Shri Mrinal Banerjee,** Minister-in-charge of Power Department.

26. **Shri Bansagopal Choudhury,** Minister-in-charge of Cottage and Small Scale Industries Department.

27. **Shri Nisith Adhikary,** Minister-in-charge of Law and Judicial Department.

28. **Shri Upen Kisku,** Minister-in-charge of Backward Classes Welfare Department.

29. **Shri Anisur Rahaman,** Minister-in-charge of Animal Resources Development Department.

30. **Shri Jogesh Chandra Barman,** Minister-in-charge of Forest Department.

31. **Shri Nimai Mal,** Minister-in-charge of Library Services Department.

32. **Shrimati Nandarani Dal,** Minister-in-charge of Mass Education Extension Department.

33. **Shrimati Chhaya Ghosh,** Minister-in-charge of Agriculture Marketing Department.

34. **Shri Hafiz Alam Sairani,** Minister-in-charge of Relief Department.

35. **Shri Pratim Chatterjee,** Minister-of-State, Department of Fire Services.

36. **Shri Dhiren Sen,** Minister-of-State, Department of Panchayats & Rural Development.

37. **Shri Susanta Ghosh,** Minister-of-State, Department of Labour, Employment Exchange and Employees State Insurance.

38. **Shri Dasrath Tirkey,** Minister-of-State, Department of Public Works.

39. **Shri Maheswar Murmu,** Minister-of-State, Department of Forests and Paschimanchal Unnayan Affairs.

40. **Shrimati Anju Kar,** Minister-of-State, Department of Municipal Affairs.

41. **Shrimati Bilasi Bala Sahis,** Minister-of-State, Department of Backward Classes Welfare.

42. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State, Department of Irrigation & Waterways.

43. **Dr. Srikumar Mukherjee,** Minister-of-State, Department of Home (Civil Defence).

44. **Shri Kanti Ganguly,** Minister-of-State, Department of Sundarban Development Affairs.

45. **Shri Pratyush Mukherjee,** Minister-of-State, Department of Health & Family Welfare.

46. **Shri Narayan Biswas,** Minister-of-State, Department of Transport.

47. **Shri Nayan Sarkar,** Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation.

48. **Smt. Ibha Dey,** Minister-of-State, Department of School Education.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Hashim Abdul Halim**

Deputy Speaker : **Shri Kripa Sindhu Saha**

Secretary : **Shri Monoranjan Sarker**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Karim Choudhary, Shri (28-Islampur, North Dinajpur)
2. Abdul Mannan, Shri (181-Champdani, Hooghly)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East, South 24-Parganas)
4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar, Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak, Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola, Murshidabad)
7. Abu Taher Khan, Shri (61-Naoda, Murshidabad)
8. Abul Hasnat, Shri (54-Jangipur, Murshidabad)
9. Acharya, Shri Manik Lal (257-Kulti, Burdwan)
10. Adhikari, Shri Sisir (211-Contai South, Midnapore)
11. Adhikary, Shri Nisith (270-Burdwan North, Burdwan)
12. Adhikary, Shri Paresh Chandra [1-Mekliganj (SC), Cooch Behar]
13. Anisur Rahaman, Shri (60-Domkal, Murshidabad)
14. Ankure, Shri Saresh [266-Kanksa (SC), Burdwan]

B

15. Badal Zamadar, Shri (107-Bhangar, South 24-Parganas)
16. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC), Burdwan]
17. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC), Birbhum]
18. Bagdi, Shri Kirity [247-Indpur (SC), Bankura]
19. Bajaj, Shri Satyanarayan (143-Jorasanko, Kolkata)
20. Bakshi, Shri Subrata (111-Bishnupur West, South 24-Parganas)
21. Bala, Dr. Asim [80-Ranaghat East (SC), Nadia]
22. Bandyopadhyay, Smt. Nayna (145-Bowbazar, Kolkata)
23. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipur, Kolkata)
24. Banerjee, Shri Ambica (163-Howrah Central, Howrah)
25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
26. Banerjee, Shri Kalyan (260-Asansol, Burdwan)
27. Banerjee, Shri Mrinal (264-Durgapur-1, Burdwan)
28. Banerjee, Shri Pankaj (150-Tollygunge, Kolkata)
29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC), Jalpaiguri]
30. Basu, Shri Badal (164-Howrah South, Howrah)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

31. Basu, Smt. Manju (132-Noapara—North 24-Parganas)
32. Bauri, Shri Madan [263-Ukhra (SC), Burdwan]
33. Bauri, Shri Ramcharan [249-Gangajalghati (SC), Bankura]
34. Bera, Shri Dipak (203-Moyna, Midnapore)
35. Bera, Shri Nityananda [205-Sutahata (SC), Midnapore]
36. Bhadra, Shri Arup (104-Baruipur, South 24-Parganas)
37. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur, South 24-Parganas)
38. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan, Midnapore)
39. Bhattacharya, Shri Asok (25-Siliguri, Darjeeling)
40. Bhattacharya, Shri Rabindranath (183-Singur, Hooghly)
41. Bhowal, Shri Subrata (279-Purbasthali, Burdwan)
42. Bhowmick, Shri Prafulla Kumar (69-Karimpur, Nadia)
43. Bhunia, Shri Ajit (198-Daspur, Midnapore)
44. Biswas, Shri Haripada (131-Jagatdal, North 24-Parganas)
45. Biswas, Shri Kaliprasad (184-Haripal, Hooghly)
46. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC), North 24-Parganas]
47. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC), North 24-Parganas]
48. Biswas, Shri Narayan (35-Gangarampur, South Dinajpur)
49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC), Nadia]
50. Biswas, Smt. Susmita (250-Barjora, Bankura)
51. Bose, Shri Subrata (141-Shyampukur, Kolkata)
52. Bouri, Smt. Uma Rani [241-Raghunathpur (SC), Purulia]

C

53. Chakraborti, Shri Tarapada (252-Onda, Bankura)
54. Chakraborty, Shri Biman (167-Jagatballavpur, Howrah)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East, Kolkata)
56. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha, Nadia)
57. Chatterjee, Smt. Nirupama (173-Bagnan, Howrah)
58. Chatterjee, Shri Partha (113-Behala West, South 24-Parganas)
59. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar, Hooghly)
60. Chatterjee, Shri Rabindranath (280-Katwa, Burdwan)
61. Chattopadhyay, Shri Sobhandeb (149-Rash Behari, Kolkata)
62. Chattopadhyay, Shri Tapas (275-Memari, Burdwan)
63. Chhetri, Smt. Shanta (24-Kurseong, Darjeeling)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

64. Chaudhuri, Shri Amar (137-Baranagar, North 24-Parganas)
65. Chaudhuri, Shri Nripen (57-Nabagram, Murshidabad)
66. Choudhuri, Smt. Asima (47-Manickchak, Malda)
67. Choudhury, Shri Bansagopal (261-Raniganj, Burdwan)
68. Chowdhury, Shri Biswanath (38-Balurghat, South Dinajpur)
69. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur, Bankura)
70. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur, Howrah)
71. Chowdhury, Shri Subhendu [45-Malda (SC), Malda]

D

72. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC), Cooch Behar]
73. Dal, Smt. Nanda Rani [219-Keshpur (SC), Midnapore]
74. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC), Birbhum]
75. Das, Dr. Debesh [154-Taltala (SC), Kolkata]
76. Das, Shri Jagadish Chandra (128-Bijpur, North 24-Parganas)
77. Das, Shri Jajneswar (125-Patharpratima, South 24-Parganas)
78. Das, Shri Nirmal (12-Alipurduar, Jalpaiguri)
79. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC), Murshidabad]
80. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC), Cooch Behar]
81. Das, Shri Ratan (277-Nadanghat, Burdwan)
82. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah, North 24-Parganas)
83. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur, Midnapore)
84. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West, Midnapore)
85. D'Costa Hart, Smt. Gillian Rosemary (295-Nominated)
86. Datta, Shri Binoy (194-Arambagh, Hooghly)
87. Datta, Smt. Tapati (87-Habra, North 24-Parganas)
88. De (Nag), Dr. Ratna (180-Serampore, Hooghly)
89. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge, South 24-Parganas)
90. Deb, Shri Goutam (96-Hasnabad, North 24-Parganas)
91. Deb, Shri Rabin (152-Ballygunge, Kolkata)
92. Dey, Shri Ajoy (78-Santipur, Nadia)
93. Dey, Smt. Ibha (177-Jangipara, Hooghly)
94. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar, Kolkata)
95. Dey, Shri Naren (186-Chinsurah, Hooghly)
96. Dhar, Shri Padmanidhi (166-Domjur, Howrah)
97. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC), Midnapore]

98. Dutta, Shri Gurupada (196-Chandrakona, Midnapore)
99. Dutta, Shri Parash (112-Behala East, South 24-Parganas)
100. Dutta, Smt. Sarmistha (88-Ashoknagar, North 24-Parganas)

G

101. Ganguly, Smt. Kanika (161-Bally, Howrah)
102. Ganguly, Shri Kanti (123-Mathurapur, South 24-Parganas)
103. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC), North 24-Parganas]
104. Ghatak, Shri Moloy (259-Hirapur, Burdwan)
105. Ghose, Smt Manasi (254-Kotulpur, Bankura)
106. Ghosh, Shri Arunava (138-Dum Dum, North 24-Parganas)
107. Ghosh, Shri Bankim (83-Haringhata, Nadia)
108. Ghosh, Shri Bhakti Pada (286-Dubrajpur, Birbhum)
109. Ghosh, Smt. Chhaya (58-Murshidabad, Murshidabad)
110. Ghosh, Shri Dipak Kumar (204-Mahisadal, Midnapore)
111. Ghosh, Shri Nirmal (135-Panihati, North 24-Parganas)
112. Ghosh, Shri Pankaj (85-Bongaon, North 24-Parganas)
113. Ghosh, Shri Rabindra (171-Uluberia, Howrah)
114. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnanagar West, Nadia)
115. Ghosh, Shri Susanta (220-Garhbeta East, Midnapore)
116. Ghosh, Shri Tamonash (118-Falta—South 24-Parganas)
117. Giri, Shri Akhil (212-Ramnagar, Midnapore)
118. Goala, Shri Rajdeo (160-Belgachia West, Kolkata)
119. Golam Kibria Mia, Shri (64-Beldanga, Murshidabad)
120. Goswami, Shri Subhas (248-Chhatna, Bankura)
121. Guha, Shri Kamal (7-Dinhata, Cooch Behar)
122. Guha, Smt. Sonali (117-Satgachia, South 24-Parganas)

H

123. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar, North Dinajpur)
124. Haldar, Shri Jagaranjan [124-Kulpi (SC), South 24-Parganas]
125. Haldar, Shri Rishi (119-Diamond Harbour, South 24-Parganas)
126. Hamidul Rahaman, Shri (27-Chopra, North Dinajpur)
127. Hansda, Shri Upendra Nath [233-Banduan (ST), Purulia]
128. Hashim Abdul Halim, Shri (89-Amdanga, North 24-Parganas)
129. Hatial, Shri Bhabani Sankar (230-Gopiballavpur, Midnapore)
130. Hazra, Shri Bankim Chandra (127-Sagar, South 24-Parganas)

131. Hazra, Shri Samar [274-Jamalpur (SC), Burdwan]
132. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST), Purulia]
133. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST), Malda]
134. Hore, Shri Tapan (284-Bolpur, Birbhum)
135. Humayun Reza, Shri (51-Aurangabad, Murshidabad)

I

136. Id. Mohammad, Shri (68-Bharatpur, Murshidabad)

J

137. Jane Alam Mian, Shri (52-Suti, Murshidabad)
138. Jatua, Shri Choudhury Mohan [122-Mandirbazar (SC), South 24-Parganas]

K

139. Kabi, Shri Pelab (262-Jamuria, Burdwan)
140. Kalimuddin Shams, Shri (293-Nalhati, Birbhum)
141. Kanji, Shri Bansari Mohan [121-Magrahat East (SC), South 24-Parganas]
142. Kar, Smt. Anju (276-Kalna, Burdwan)
143. Kar, Shri Jyotirmoy (210-Contai North, Midnapore)
144. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (SC), Bankura]
145. Khan, Shri Kollol (71-Nakashipara, Nadia)
146. Khanra, Shri Saktipada (190-Polba, Hooghly)
147. Kisku, Shri Upen [245-Raipur (ST), Bankura]
148. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
149. Kundu, Shri Ranjit (129-Naihati, North 24-Parganas)

L

150. Lahiri, Shri Jatu (165-Shibpur, Howrah)
151. Lakra, Shri Paban Kumar [11-Kalchini (ST), Jalpaiguri]
152. Lakra, Shri Somra [18-Mal (ST), Jalpaiguri]
153. Laya, Dr, Tushar Kanti (216-Sabang—Midnapore)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong, Darjeeling)
155. Let, Shri Bishnu [290-Mayureswar (SC), Birbhum]

M

156. Mafuja Khatun, Smt. (37-Kumarganj, South Dinajpur)
157. Mahapatra, Dr. Saumen Kumar (199-Nandanpur,Midnapore)
158. Mahata, Shri Abinas (243-Hura, Purulia)
159. Mahata, Shri Khagendranath (222-Salboni, Midnapore)
160. Mahata, Smt. Shamya Pyari (234-Manbazar, Purulia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

161. Mahato, Shri Nepal (237-Jhalda, Purulia)
162. Mahato, Shri Shantiram (238--Joypur, Purulia)
163. Mahbubul Haque (Badal), Shri (41--Kharba, Malda)
164. Mainul Haque, Shri (50-Farakka, Murshidabad)
165. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC), Hooghly]
166. Maity, Shri Ardhendu (208-Bhagabanpur, Midnapore)
167. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST), Purulia]
168. Majhi, Shri Nandadulal [255-Indas (SC), Bankura]
169. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC), Burdwan]
170. Mal, Shri Asit Kumar [292-Hasan (SC), Birbhum]
171. Mal, Shri Nimai (192-Pursurah, Hooghly)
172. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC), Hooghly]
173. Mallik, Shri Jyoti Priya (86-Gaighata, North 24-Parganas)
174. Mallik, Smt. Sadhana (281-Mangalkot, Burdwan)
175. Mandal, Shri Kalipada (172-Shyampur, Howrah)
176. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)
177. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (ST), Midnapore]
178. Md. Salim, Shri (153-Entally, Kolkata)
179. Md. Yakub, Shri (92-Deganga, North 24-Parganas)
180. Mehbub Mondal, Shri (269-Galsi, Burdwan)
181. Mehta, Shri Nishi Kanta (236-Arsha, Purulia)
182. Minj, Shri Prokash [26-Phansidewa (ST), Darjeeling]
183. Mishra, Shri Kashinath (251-Bankura, Bankura)
184. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh, Midnapore)
185. Mitra, Shri Asit (174-Kalyanpur, Howrah)
186. Mitra, Smt. Sabitri (44-Araidanga, Malda)
187. Mitra, Shri Somendra Nath (156-Sealdah, Kolkata)
188. Modak, Shri Dhananjoy (72-Kaliganj, Nadia)
189. Mohammed Amin, Shri (114-Garden Reach, South 24-Parganas)
190. Mojibor Rahaman, Shri (56-Bhagabangola, Murshidabad)
191. Mondal, Shri Biswanath [66-Khargram (SC), Murshidabad]
192. Mondal, Shri Dilip [110, Bishnupur East (SC), South 24-Parganas]
193. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC), South 24-Parganas]
194. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
195. Mondal, Shri Mohan [170-Uluberia North (SC)—Howrah]
196. Mondal, Shri Nirmal Chandra [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
198. Mondal, Shri Tanmoy [91-Rajarhat (SC)—North 24-Parganas]

199. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
200. Mostaque Alam, Shri (42-Harishchandrapur—Malda)
201. Mukherjee, Shri Apurba (265-Durgapur-II—Burdwan)
202. Mukherjee, Shri Ashoke (Gopal) (90-Barasat—North 24-Parganas)
203. Mukherjee, Shri Braja (288-Suri—Birbhum)
204. Mukherjee, Shri Kamal (182-Chandernagore—Hooghly)
205. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Kolkata)
206. Mukherjee, Shri Manas (136-Kamarhati—North 24-Parganas)
207. Mukherjee, Smt. Nabanita (285-Labhpur—Birbhum)
208. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Nikhil (239-Purulia—Purulia)
210. Mukherjee, Shri Pratyush (175--Amta—Howrah)
211. Mukherjee, Shri Sibdas (75-Krishnanagar East—Nadia)
212. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
213. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Kolkata)
214. Mukherjee, Shri Swaraj (179-Uttarpara—Hooghly)
215. Mukhopadhyay, Shri Ashutosh (187-Bansberia—Hooghly)
216. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
217. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
218. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)

N

219. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
220. Nanda Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
221. Naskar, Shri Gobinda Chandra [105-Canning West (SC)—South 24-Parganas]
222. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
223. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
224. Niamot Sk, Shri (62-Hariharpara—Murshidabad)
225. Noorar Rahman, Shri (120-Magrahat West—South 24-Parganas)

P

226. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
227. Pakhira, Shri Manturam (126-Kakdwip—South 24-Parganas)
228. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]
229. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
230. Pan, Shri Bhakta Ram (178-Chanditala—Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

231. Pande, Shri Sadhan (158-Burtola—Kolkata)
232. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
233. Paul, Smt. Maya Rani (63--Berhampore—Murshidabad)
234. Paul, Shri Paresh (159-Manicktola—Kolkata)
235. Paul, Shri Tapas (148-Alipore—Kolkata)
236. Pradhan, Shri D. K. (23-Darjeeling—Darjeeling)
237. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
238. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South 24-Parganas]

Q

239. Qamre Elahi, Dr. (294-Murarai—Birbhum)
240. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)

R

241. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
242. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Kolkata)
243. Ray, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
244. Ray, Shri Nirbed (202-Tamluk—Midnapore)
245. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
246. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
247. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
248. Roy, Shri Amalendralal (67-Barwan—Murshidabad)
249. Roy, Shri Chitta Ranjan [31-Raiganj (SC)—North Dinajpur]
250. Roy, Shri Gobinda (20-Jalpaiguri—Jalpaiguri)
251. Roy, Shri Gokul (30-Karandighi—North Dinajpur)
252. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Lakshmi Kanta [15-Dhupguri (SC)—Jalpaiguri]
254. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
255. Roy, Shri Nripendra Nath (6-Sitai—Cooch Behar)
256. Roy, Shri Samar (46-English Bazar—Malda)
257. Roy, Shri Saugata (151-Dhakuria—Kolkata)
258. Roy, Shri Tapas (144-Bara Bazar—Kolkata)
259. Rubi Noor, Smt. (48-Sujapur—Malda)

S

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]
261. Saha, Shri Pundarikakshya (77-Nabadwip—Nadia)
262. Sahis, Smt. Bilasi Bala [240-Para (SC)—Purulia]

263. Samanta, Shri Rampada [217-Pingla—Midnapore]
264. Sanatani, Smt. Mina (231-Jhargram—Midnapore)
265. Sanyal, Shri, Kamalendu (70-Palashipara—Nadia)
266. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
267. Saren, Shri Bhutnath [229-Nayagram (ST)—Midnapore]
268. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
269. Sarkar, Shri Dipak Chandra (4-Cooch Behar North—Cooch Behar)
270. Sarkar, Shri Nayan [79-Hanskhali (SC)—Nadia]
271. Sarkar, Shri Sailen (43-Ratua—Malda)
272. Seal, Shri Sudhangshu (142-Jorabagan—Kolkata)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)
275. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
276. Shamsul Islam Mollah, Shri (73-Chapra—Nadia)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Singh, Shri Arjun (130-Bhatpara—North 24-Parganas)
279. Singh, Smt. Jyotsna [272-Khandaghosh (SC)—Burdwan]
280. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
281. Singha, Shri Sankar (81-Ranaghat—West, Nadia)
282. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
283. Sinha, Shri Probodh Chandra (213-Egra—Midnapore)
284. Sk. Illias Mohammad, Shri (206-Nandigram—Midnapore)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
287. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Town—Midnapore)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]

T

289. Tamser Ali, Shri (8-Natabari—Cooch Behar)
290. Thakur, Shri Akshoy (5-Cooch Behar West—Cooch Behar)
291. Tirkey, Shri Dasrath [10-Kumargram (ST)—Jalpaiguri]
292. Tudu, Shri Makar [246-Ranibandh (ST)—Bankura]
293. Tudu, Shri Sadhu [40-Gazole (ST)—Malda]

U

294. Unus Ali Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 24th March, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers, 05 Ministers of State and 136 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions

(to which oral answer were given)

বড়বাজার অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবার

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **শ্রী দেবপ্রসাদ সরকার** : অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ২১.১২.২০০২ তারিখে বড়বাজারের অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা এবং সম্পত্তির মূল্য কত :

(খ) এই বিধ্বংসী অগ্নিকাণ্ডের কারণ কি ; এবং

(গ) ভবিষ্যতে এ ধরনের অগ্নিকাণ্ড কার্যকরীভাবে মোকাবিলার জন্য রাজ্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ?

শ্রী প্রতীম চ্যাটার্জী :

(ক) প্রাথমিক তদন্তে ক্ষয়ক্ষতির সঠিক পরিমাণ জানা যায়নি। এই ব্যাপারে একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে। কমিটির প্রতিবেদন পেলে এর সঠিক পরিমাণ জানা যাবে।

(খ) এই ব্যাপারে কমিটি তদন্ত করছেন। কমিটির প্রতিবেদন পেলে এই বিষয়ে সঠিক আলোকপাত করা যাবে।

(গ) ১৯৯৬ সালের দমকল আইনের কিছু পরিবর্তন ও পরিমার্জন করে বর্তমানে পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা আইন (সংশোধনী) ২০০২ প্রবর্তিত হয়েছে। এই আইনে অগ্নিকাণ্ড কার্যকরীভাবে মোকাবিলা করার জন্য রাজ্য সরকার কঠোরভাবে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন, যার প্রয়োগের ফলে আশা করা যায় এই ধরনের অগ্নিকাণ্ড ভবিষ্যতে কার্যকরীভাবে মোকাবিলা করা এবং অগ্নিকাণ্ড পরবর্তী ব্যবস্থা গ্রহণ সহজ হবে।

শ্রী দেবপ্রসাদ সরকার : সাপলিমেন্টারি স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় তো কমিটি দেখিয়ে সব প্রশ্ন এড়িয়ে গেলেন। ডিসেম্বর মাসে ঘটনা ঘটেছে আর এখন হচ্ছে মার্চ মাস, ৩ মাস অতিক্রান্ত হল, আপনি কিছুই বলতে পারবেন না, সব কমিটির প্রতিবেদন পেলে তবেই সব জানাবেন। আমার জিজ্ঞাস্য, বিগত ২০ বছরে কলকাতাসহ এই রাজ্যে এইরকম কতগুলি অগ্নিকাণ্ড হয়েছে এবং এই অগ্নিকাণ্ডের ব্যাপারে এই সরকার কারণ উদ্‌ঘাটন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবার ক্ষেত্রে কতগুলি তদন্ত কমিটি গঠন করেছেন এবং সেই তদন্ত কমিটির ফলশ্রুতি কি—আপনি জানাবেন ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : আমি মাননীয় সদস্যকে বলছি, ২০ বছরের দেওয়া সম্ভব হবে না, তবে প্রথম প্রশ্নের উত্তরে আমি বলতে পারি যে, বিগত ৩ বছরে ৫টি তদন্ত কমিটি হয়েছে। তার মধ্যে ৩টির তদন্ত শেষ হয়েছে। সেগুলি আমরা শেষ করে আমাদের যা বক্তব্য সেখানে বলা হয়েছে। দুটি মাত্র হয়নি যেটার কথা আমি উল্লেখ করেছি। যেহেতু এটা কলকাতার ডিটেকটিভ ডিপার্টমেন্ট দেখেন, ফরেনসিককে দেওয়া হয়েছিল। ফরেনসিক রিপোর্ট একটু দেরিতে এলো। ফরেনসিক রিপোর্ট নিয়ে বৈঠক হচ্ছে। ১৫ দিন সময় বাড়ানো হয়েছে। ৩০ তারিখে ১৫ দিন সময় শেষ হবে। আপনাকে বলতে পারি যে ৩০ তারিখের মধ্যে যে বিষয়টির আপনি উল্লেখ করেছেন মহাত্মা গান্ধী রোডের আগুন সংক্রান্ত সেটা বুঝতে পারবো যে কি হয়েছিল। এটা বাকি আছে। আর রিসেন্টলি কোলস্টোরেজে একটা হয়েছিল, সেটাও দু মাস সময় দেওয়া হয়েছে, ৮ সপ্তাহ, সেটা এখনও দেরি আছে। এই দুটি ছাড়া সব তদন্ত রিপোর্টই বেরিয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : বড়বাজারে বহুতল বাড়ি পুড়ে যাওয়ার যে ঘটনা, যেখানে ১৬৯টি ঘর ছিল, ১৫০-এর উপর পরিবার ছিল, সেই বাড়িটা গত বছর মে মাসে বাবুলাল ট্রাষ্টের হাত থেকে ট্রান্সফার হয় দীপ্তিমান আগরওয়ালার কাছে, কোটি টাকার উপর। যে সময় ঘটনা ঘটেছিল সেই সময় পুলিশের কাছে জিজ্ঞাসা করা হয়েছিল যে এর পেছনে অন্তর্ঘাতমূলক কোনো কাজ আছে কিনা ? এখানে অভিযোগ যেটা এসেছে যে প্রোমোটাররা এটা নিয়ে নেওয়ার জন্য আগুন লাগিয়েছে কাজেই এটা অন্তর্ঘাতমূলক কাজ কিনা ? আপনি যদি আরও অতীতে যান, ফিরপো মার্কেটের আগুন সম্পর্কেও অভিযোগ এসেছিল এবং পুলিশ প্রাথমিকভাবে বলেছিল যে এর পেছনে অন্তর্ঘাতমূলক কাজ আছে। তারপর তদন্ত কমিটি বসলো। অনেকদিন পরে হইচই থেমে যাওয়ার পর বলা হল, না, না, এই সমস্ত কোনো প্রবলেম নেই। এইভাবে মঙ্গলাহাট, নিউ মার্কেট, মনোহর দাস কাটরা সমস্ত জায়গা সম্বন্ধেই অভিযোগ উঠছে যে প্রোমোটাররা এগুলি নিয়ে নেওয়ার জন্য আগুন দিচ্ছে। এর পেছনে অভিযোগ আসছে যে বিরাট কাট মানির ব্যাপার আছে প্রশাসনের সঙ্গে। পুলিশ, প্রশাসন, পৌরসভা, দমকল একে অপরের উপর দোষারোপ করে তাদের দায়িত্ব এড়িয়ে যাচ্ছেন এবং কলকাতা একটা জতুগৃহে পরিণত হয়ে রয়েছে। এর হাত থেকে মানুষকে পরিত্রাণ দেওয়ার জন্য আপনি কি করছেন ? পশ্চিমবাংলাতে এই যে পর পর ঘটনাগুলি ঘটছে, বিপদজনকভাবে বাড়িগুলিতে দাহ্য পদার্থ রাখা হচ্ছে এবং সরকারকে দেখছি সেখানে

অসহায় হয়ে রয়েছেন। মানুষের জীবন, মান, সম্পত্তি বিপন্ন। এ ক্ষেত্রে সরকার কার্যকরী পদক্ষেপ কি নিচ্ছেন ? শুধু তদন্ত কমিটি বসিয়েই কাজ শেষ করছেন, না কি কার্যকরী কোনো ব্যবস্থা নিচ্ছেন সে সম্পর্কে হাউসকে অবহিত করে আশ্বস্ত করবেন কি ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : আপনি অনেক কথা বললেন। আমি একথা কখনও বলি না যে সবটা অ্যাকসিডেন্ট, আবার এটাও বলতে পারি না যে প্রোমোটাররা এটা দখল করার জন্য আগুন দিয়ে দিয়েছে। সরকারকে নিয়মমাফিক একটা জায়গায় পৌঁছাতে হবে যেটা সকলে মেনে নেবেন। সেটার জন্য আমরা ফরেনসিক ডিপার্টমেন্টকে বলি, তারা দেখেন কিভাবে আগুন লেগেছিল। আমরা নিজেরাও করি, পুলিশও করে। তবে এ বিষয়টা যে একেবারেই হয় না সেটা বলব না। বিশ্বরূপার ক্ষেত্রে কি ঘটনা ঘটেছে আপনি জানেন। আপনি বলেছেন যে ফিরপোর ব্যাপারে পুলিশ সন্দেহ করেছিল। সন্দেহ করা এক কথা, আমি তো তা বলতে পারবো না আর পুলিশের কোনো দায়িত্বশীল ব্যক্তিও একথা বলতে পারেন না—সন্দেহ করার কথা। ফিরপোর রিপোর্ট পাবার আগে সন্দেহের উপর ভিত্তি করে যা বলেছে তার উপর তো হয় না। তবে একমাত্র বিশ্বরূপার ক্ষেত্রে ফরেনসিক রিপোর্টে খুব পরিষ্কার তারা রিপোর্ট দিয়েছিল যে এটা অ্যাকসিডেন্ট নয়, এখানে লিকুইড কেমিক্যাল ব্যবহার করা হয়েছে—কেরোসিন অথবা পেট্রোল হতে পারে। ফিরপোর ব্যাপারে খুব পরিষ্কারভাবে দেখা গিয়েছে—এটা বলতে গেলে আমার উত্তরটা খুব বড়ো হয়ে যাবে—ফিরপোতে যে কোনো বাড়ি করার জন্য এটাতে আগুন দেওয়া হয়েছে তার কোনো কারণ দেখি না।

[11.10—11.20 a.m.]

কারণ হচ্ছে ফিরপো এখন পর্যন্ত যাদের কাছে আছে সেটা লিজে আছে, ২০০৮ সালে এই লিজ শেষ হয়ে যাবে। সেখানে তাদের ক্ষমতা নেই ৮-১০টা বাড়ি করার, তারা কিছু করতে পারবে না, এই স্ট্রাকচারই রাখতে হবে, তাই লেখা আছে। এই ফিরপো বর্তমানে লিজে যাদের কাছে আছে, ফিরপোর দোকানগুলো যেরকমভাবে ছিল সেই রকম করে দেওয়ার আশ্বাস দিয়েছে। তারা করবে কিনা আমি জানি না তবে এই আশ্বাস দিয়েছে। এখানে কোনো অন্তর্ঘাত দেখা যাচ্ছে না। মহাত্মা গান্ধী রোডের ব্যাপারে বর্তমান অবস্থার কথা বলেছেন। এই ব্যাপারে হাউসে জানাবার জন্য এবং আপনার অবগতির জন্য বলি মহাত্মা গান্ধী রোডের বাড়ির গুদামে যেগুলো ছিল সেইগুলো সহজ দাহ্য পদার্থ এবং ১৬৫টি বসতি যেখানে বাড়িতে থাকতেন লোক। এটা মিকসড অকুপায়েড হয়েছিল। এই বাড়ি বিক্রি হয়ে গিয়েছিল এবং বাড়ির যে মালিক তাকে এডভান্স দেওয়া হয়েছিল ১ কোটি কয়েক লক্ষ টাকা। তবে এটা আমার দেখার ব্যাপার নয়। আপনার জ্ঞাতার্থে বলি, এতো কিছু হলেও এর যে বাড়িওয়ালা দুজনের কেউই আসেনি, যে অ্যাডভান্স দিয়েছিল সেও আসেনি, বাড়ির মালিকও আসেনি। এই বিষয়ে কাগজে বেরিয়েছিল, তারা দেখেছে। পুলিশ তাদের খুঁজে পাচ্ছে না। এর মধ্যে আমি দেখতে পাচ্ছি ফরেনসিক রিপোর্ট পেয়েছি, তবে ফরেনসিক রিপোর্ট-এ কি আছে সেটা আমি বলতে পারবো না। আমাদের ৮ সপ্তাহের মধ্যে শেষ করার কথা ছিল। এর মধ্যে শুধু ফায়ারের লোক নয়, বিল্ডিং এক্সপার্ট আছে, কলিকাতা করপোরেশানের বিল্ডিং-এর

লোক আছে,, সবাই আছে। যারা এটা বোঝে সেই রকম অন্যদের কাছ থেকে সাহায্য নেওয়া হয়েছে, আরকিটেকচারাল ইঞ্জিনিয়ারিং যাঁরা পড়ান তাদেরও সাহায্য নেওয়া হয়েছে। এটা নিয়ে আমরা একটা জায়গায় পৌঁছেছি। আর কয়েকদিন বাকি আছে, আজকে ২৪ তারিখ হয়ে গেছে, আর ৫-৬ দিনের মধ্যে একটা ছবি পাওয়া যাবে। বাড়িওয়ালার দুজন নিখোঁজ, তারা যদি না আসে সরকার ব্যবস্থা নেবে কি করা যায়। ১৬৫ জন লোকের কথা বলা হয়েছে, যারা আছে তারাই ওই ১৬৫ জন কি না সন্দেহ আছে। কারণ ব্যবসায়ী অঞ্চলে ভাড়াটে বদল হয়ে যায়, অনেক হাত বদল হয়, ১০-১২ পর্যন্ত হাত ঘুরে যায়। যারা বাড়ি ভাড়া নিয়েছে তাদের পেলে সুবিধা হয়। কিন্তু বাড়িওয়ালাকেই পাওয়া যাচ্ছে না। পরবর্তী সময়ে দেখা যাক কি করা যায়। সরকারের তরফ থেকে আমরা একটা জায়গায় উপনীত হতে চাচ্ছি। ৫-৬ দিনের মধ্যে দেখা যাক কি করা যায়।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে স্পেশিফিক বলতে চাই এই বড়োবাজারের অগ্নিকাণ্ডের ঘটনায় আপনার দপ্তরের প্রতি বারে বারে যে অভিযোগ উঠেছে তা হলো দমকল বাহিনীর সাজ-সরঞ্জাম এবং প্রশিক্ষণের ক্ষেত্রে অভাব রয়েছে। একটা মস্ত বড়ো শূন্য ট্যাঙ্ক নিয়ে প্র্যাকটিক্যালি যায়, মল্লিকঘাট পাম্পিং স্টেশান থেকে জল আনবার জন্য কাপলিং এবং নজেলের অভাব, অন্য জায়গা থেকে জল যখন আনা হলো, আপনাদের যে ল্যাডার সেই ল্যাডার ফিট করতে ১ ঘণ্টার মতো টাইম লেগে গেল। তারপর বাড়ি থেকে কার্বন মনোঅক্সাইড এবং টকসিক গ্যাস বার হয়ে আসছে তাকে মোকাবিলা করবার জন্য যে মাস্ক দরকার সেটা নেই। ইউথ আউট মাস্কে অগ্নি নির্বাপণের জন্য তারা ভেতরে ঢুকতে পারছে না। মিনিমাম যে নেসেসিটি, এই বিশ্বায়নের যুগে, আধুনিক প্রযুক্তি বিজ্ঞানের যুগে আধুনিক সাজ-সরঞ্জাম নেই। এই রকম কোটি কোটি টাকার সম্পদ নষ্ট হয়ে যাচ্ছে, মানুষের জীবনহানির প্রশ্ন রয়েছে, এইগুলো রক্ষা করার প্রশ্নে সরকার অগ্নি নির্বাপণ ব্যবস্থার প্রয়োজনে, প্রশিক্ষণ ব্যবস্থার গাফিলতি, এই সমস্ত প্রশ্নে আপনার দপ্তরের সিদ্ধান্ত কি, পদক্ষেপ কি ? এই যে অভিযোগ উঠেছে এটা তো খুবই বিপদজনক। ঢাল নেই তরোয়াল নেই নিধিরাম সরদার—সারা রাত্রি ধরে চলে গেল উইদাউট এনি অ্যামিনিটিজ।

শ্রী প্রতীম চ্যাটার্জী : মাননীয় সদস্য অনেক কথা বললেন—তা কিন্তু ঠিক নয়। আপনাকে আমি বলি, আধুনিকতম ব্যবস্থায় পৃথিবীতে অনেক কিছুই এসেছে। কিন্তু আমাদের এই ভারতবর্ষে অন্যান্য যে মেট্রোপলিসগুলো আছে, বিশেষ করে দিল্লি এবং বোম্বের কথা বলছি—আপনি এখানে যেমন খোঁজ রাখছেন, তেমনি ওখানেও একটু খোঁজ রাখা উচিত। সেখানে আমাদের যে যন্ত্রপাতি আছে, ওই রাজ্যগুলিতেও বেশি কিছু নেই। মৃত্যুর সংখ্যা, আগুনের সংখ্যা এবং আগুনের সঙ্গে লড়াই করার ক্ষেত্রে সর্বভারতীয় ক্ষেত্রে যে ব্যবস্থা আছে তার মধ্যে পশ্চিমবঙ্গে আমরা শুধু নই, কেন্দ্রীয় সরকারের যে ডিপার্টমেন্ট এটা দেখাশুনা করে, তারা সমীক্ষা করে দেখেছে এবং আমাদের তারা চিঠি দিয়ে বলেছে, এটা স্যাটিসফ্যাক্টরি। আমাদের পশ্চিমবঙ্গে এই পুরনো কলকাতা শহরে যে সমস্ত আধুনিক ব্যবস্থা থাকা দরকার তা আমাদের নেই। সেগুলোর দাম অত্যন্ত বেশি, আমরা আনতে পারছি না।

কিন্তু মিনিমাম যেটা দরকার সেটা আমাদের আছে। আমি আপনার জ্ঞাতার্থে বলছি, ল্যাডারটা লাগাতে সময় লেগেছিল বলে যেটা বলছেন, আমার সাত বছরের অভিজ্ঞতা থেকে বলছি, বড়বাজারে এই ল্যাডার দিয়ে ১৬ জনকে যেভাবে বাঁচানো হয়েছে, এই রকম ঘটনা আমাদের আগে কখনও ফেস করতে হয়নি, দেখিওনি। এমনকি প্রিন্ট মিডিয়া থেকে শুরু করে শহরের অনেক লোক বলেছে যে কাজটা ভাল হয়েছে। অথচ আপনি বললেন খারাপ হয়েছে, আমরা কিছুই করতে পারিনি। এটা সত্য নয়। এটা আপনার জানা নেই। সেদিন আমরা ১৬ জনকে বাঁচিয়েছিলাম, তার মধ্যে দুজন ছিল বেড রিডিন। তাদের বেরিয়ে আসার সুযোগ ছিল না। তাদের মৃত্যুর হাত থেকে বাঁচানো হয়েছে। ল্যাডারটি খুব ভালই কাজ করেছিল। ল্যাডার দিয়ে তাদের বার করে আনতে হয়েছিল। এর জন্য সময়ও লাগেনি। আর মাস্ক পরে অক্সাইড গ্যাসের মধ্যে ঢোকার যে কথা আপনি বলছেন, আমাদের মাস্ক ছিল না, এটা কিন্তু এখানে অনেক আছে এবং এই ব্যাপারে কর্মীরা ট্রেনিংও পেয়েছে। মাস্ক পরে আগেও কাজ হয়েছে, পরেও হচ্ছে। এটা একটা টেকনিক্যাল ব্যাপার। বাস্তবে এটা করা সব সময়ে যায় না, মাস্ক পরে সব সময়ে ঢোকা যায় না। যেটা বাস্তব, একটা বাড়ি ভেঙে পড়ছে, ওপর থেকে বিম ভেঙে পড়ছে, সেখানে হিউম্যান বিয়িং ঢুকছে, সেখানে মাস্ক পরে ঢুকবে, এটা হয় না। তবে যা যা করার দরকার ছিল তা আমরা করেছি। আমাদেরই নীচু করে দেখবেন না। কারণ আপনি তো পশ্চিমবঙ্গেরই একজন মানুষ। পশ্চিমবঙ্গের একটা দপ্তর দমকল পরিষেবা, একে খুব ছোটো করে দেখার দরকার নেই। এটা ঠিক যে সকলের অ্যাওয়ারনেস দরকার এবং সব ক্ষেত্রেই প্রিভেনশানের প্রয়োজন আছে। নেগলিজেন্সির জন্য আগুন বড়ো হয়ে যায়। আর একবার বড়ো হয়ে গেলে তাকে রক্ষা করা যায় না। আপনি দেখেছেন যে, গত কয়েক মাসের মধ্যে পৃথিবীতে বিভিন্ন অগ্নিকাণ্ডে এক হাজার লোক মারা গেছেন। কয়েক মাসের মধ্যে চীন থেকে শুরু করে ফ্রান্স, এমনকি লন্ডনে এই ঘটনা ঘটেছে। তাদের তো অনেক রকম যন্ত্রপাতি আছে, তারা তো বাঁচাতে পারতো। আপনি নিশ্চয়ই চিন্তিত, ভাবিত। আমরাও চিন্তিত যে কি করে শহরের আগুন থেকে মানুষকে আমরা রক্ষা করতে পারি, ধনসম্পত্তি রক্ষা করতে পারি। সেজন্য আমাদের এফেকটিভ করতে হবে। আপনি ঠিকই বলেছেন। আমরা চেষ্টা করছি। সবাই মিলে আমরা চেষ্টা করব।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে—আপনি দীর্ঘদিন ধরে মন্ত্রীসভায় আছেন। আমরা দেখতে পাচ্ছি সায়েন্সের যুগে আমরা যেখানে এগিয়ে যাবার চেষ্টা করছি, সেখানে আপনার দপ্তর পিছিয়ে আছে।

[11.20—11.30 a.m.]

অনেক জায়গা আছে সেখানে গাড়ি যেতে পারে না, সেখানে আপনার বড়ো গাড়িগুলো, ফায়ার সার্ভিসের গাড়ি ছোটো রাস্তায় ঢুকতে পারে না। সেক্ষেত্রে ক্যাপসুল বাস চালু করা যায় কিনা—যাতে করে দূর দূরান্তে গ্রামের ভেতরে ওই ধরনের বাস যেতে পারে। কারণ গ্রামগঞ্জে আগুন লাগলে আপনার দপ্তর আগুন নেভাতে পারে না, গ্রামের মানুষেরা সেখানে গিয়ে আগুন নেভায়। এক্ষেত্রে কোনো পদ্ধতি নিচ্ছেন কিনা যাতে করে এলাকার মধ্যে ছোট

ছোট গাড়ি ঢুকতে পারে এবং আগুন নেভানোর কাজ করতে পারে। আপনার গ্রামের রাস্তায় বড় ফায়ার সার্ভিসের বাস ঢুকতে পারে না, সেখানে ছোট বাস, ক্যাপসুল বাস চালু করলে পরে ওই বাসে করে আপনার ফায়ার ব্রিগেডের কর্মীরা গিয়ে আগুন নেভাতে পারবে—এই ব্যাপারে কোনো ব্যবস্থা নিচ্ছেন কিনা ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : মাননীয় সদস্যার অবগতির জন্য জানাই এটা হচ্ছে একটা টেকনিক্যাল প্রশ্ন। আপনি যে বলছেন ছোটোগাড়ি—এই ছোটোগাড়ি পাহাড়ে ইনট্রোডিউস করেছি। পাহাড়ে জলের সমস্যা। আর আপনি যে বললেন অনেক জায়গায় সেখানে রাস্তা অপরিসর, ওই রাস্তাতে গাড়ি ঢোকার অসুবিধা আছে সে ক্ষেত্রে বলি সেখানে গাড়ি ঢুকলেও দেখা গেছে আগেকার মতো পুকুর নেই। ফলে জল পাওয়ার খুব অসুবিধা আছে। আর পাইপের ক্ষেত্রে রিলে সিসটেমে কাজ হয়। আর যত দামি পাইপ লাগাই না কেন পাইপের উপর দিয়ে যেভাবে লোডেড বাস চলে যাচ্ছে এতে পাইপের উপরে প্রেসার পড়ছে। এক্ষেত্রে আগুন নেভানোর কাজের সময়ে তাহলে আমাদের রাস্তা বন্ধ করে দিতে হয়। আর গাড়ির ব্যাপারে বলছি বেশি জল যাতে ধরে রাখা যায় তার জন্য বাউজার ব্যবহার করা হয়। সেখানে ১৯ কিলো লিটার জল ২০মি. অন্তর ছাড়তে গেলে আপনার যে গাড়ির কথা বলছেন তাতে ওই ১৯ কিলো লিটার জল ধরার ক্ষেত্রে গ্রামে অন্তত ১০টি গাড়ি লাগবে। ওই ১০টি গাড়ি একটি গাড়ির সমতুল্য হবে। সুতরাং এটা টেকনিক্যাল ব্যাপার, অন্য সময়ে আপনি আসবেন, আমি আপনাকে বিশদভাবে বুঝিয়ে দেবো। আর আমরা চেষ্টা করছি পাইপটাকে যাতে আরো ভেতরে নিয়ে যাওয়া যায়, তাছাড়া অন্য কিছু করার নেই।

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, আপনার দপ্তর বা সরকারের কোনো প্রস্তাব আছে কিনা আগুন নেভানোর ব্যাপারে সার্ভিস চার্জ বা সার্ভিস ট্যাক্স আদায় করার ক্ষেত্রে। সেখানে যদি সিদ্ধান্ত নিয়ে থাকেন যে আগুন নেভাতে গেলে সার্ভিস চার্জ আদায় করবেন, তাহলে ওই সার্ভিস চার্জ কতদূর আদায় করবেন এবং কিভাবে আদায় করবেন সেটা দয়া করে জানাবেন।

শ্রী প্রতীম চ্যাটার্জী : এই বিষয় সম্পর্কে পাকাপাকি কিছু হয়নি। তবে বারেবারে এটা বলেছিলাম যে, এই যে আমাদের প্রিভেনশান অ্যাক্ট যেটা ১৯৫০ সালের, সেটা খুব পুরনো ছিল। তখন তো এসব চিন্তা ছিল না যে, হাই রাইজ বিল্ডিং এতো রকম কেমিক্যালস্ দিয়ে তৈরি হবে, বা তারা ওইসব দিয়ে কাজ করবে, ফলে ওই ধরনের কনসেপ্ট ছিল না। তারপরে ১৯৯৬ সালে আবার হাই রাইজ বিল্ডিংয়ের ক্ষেত্রে আইন করা হয়েছে এবং সেখানে কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। ১৯৯৬ সালে ওইসব হাই রাইজ বিল্ডিং দেখে টেখে কিছু সাজেশান ওনারা দেন এবং কিছু প্রিভেনশানের বিষয় নিয়ে আসেন। এখন প্রশ্ন হচ্ছে আপনি যেটা বলেছেন সেই বিষয়ে আমি আগেও বলেছি—আম জনতা যে কোনো ডুয়েলিং হাউস বা নিজস্ব ফ্ল্যাট কিংবা অন্য কোনো এলাকায় আগুন জনিত ঘটনা হলে পরে আমরা কোনো চার্জ করবো না। কিন্তু আমাদের একটা বক্তব্য আছে, বিশেষ করে কারখানার বা ওয়ার হাউসের ব্যাপারে। অর্থাৎ যেখানে প্রোডাকশান হচ্ছে, সে ব্যক্তিগত মালিকানাও হতে

পারে বা অন্যভাবেও হতে পারে। অর্থাৎ যেখানে ব্যবসা হচ্ছে, প্রোডাকশান হচ্ছে, সেই কারখানায় যখন আগুন লাগে তখন আমরা খুব সহজভাবে, সরলভাবে ব্যাপারটা বলতে পারি না। আমরা কম্পেয়ার করে দেখেছি, বছরের অন্য সময়ের তুলনায় ফেব্রুয়ারি, মার্চ মাসে আগুন বেশি লাগে। সেখানে আমাদের সন্দেহ থাকতেই পারে। আর সবারই মোটামুটি ইনসিওর করা থাকে। পুরনো বাড়িতে যখন আগুন লাগে তখন তার পিছনে প্রোমোটারের হাত আছে বলে শোনা যায়। তাহলে এইসব ক্ষেত্রে আমরা টাকা নেব না কেন। তবে ইনসিওরেন্স কোম্পানিগুলোর সাথে কথা বলে আমরা ঠিক করব টাকা নেওয়া যায় কিনা।

শ্রী পরশ দত্ত : সাপ্লিমেন্টারি কোশ্চেন, পুজোর সময় যাতে আগুন না লাগে তার জন্য আপনি অ্যাকটিভ ভূমিকা নিয়ে থাকেন। কিন্তু অনেক রেসিডেন্সিয়াল বাড়িকে কমার্শিয়াল পারপাসে ব্যবহার করা হচ্ছে এবং অনেক জায়গাতে দাহ্য পদার্থ স্টোর করে রাখা হচ্ছে। দক্ষিণ কলকাতার বিভিন্ন জায়গায় এটা ব্যাপকহারে দেখা যাচ্ছে। এইগুলো বন্ধ করার জন্য আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছে ? এটা প্রিভেন্ট করবার জন্য সরকার কি চিন্তা-ভাবনা করছে ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : আমাদের অ্যামেন্ডমেন্টাতে বলা আছে, আমাদের লোক দিয়ে এইসব কাজগুলো করা সম্ভব নয়। সেইজন্য আমরা এজেন্সি নিয়োগ করছি, ইলেকট্রিকালের ব্যাপারে—ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার, মেকানিকালের ব্যাপারে—মেকানিকাল ইঞ্জিনিয়ার, কেমিকেলের ব্যাপারে—কেমিকেল ইঞ্জিনিয়ার থাকবে এবং এজেন্সির মাধ্যমে আমরা কাজগুলো করব। তাদের কাছ থেকে আমরা প্রাথমিকভাবে খবর নিয়ে কাজ করব। কারণ আমাদের পক্ষে সম্ভব নয় এতবড় শহরটা দেখা।

শ্রী ঈদ মহম্মদ : রাজ্যের প্রত্যেকটি জেলা সদরে ফায়ার ব্রিগেড আছে। কিন্তু মফঃস্বল জায়গার কোনো রিমোট এরিয়াতে যদি আগুন লাগে তাহলে সংবাদ যেতে যেতে আগুনে পুড়ে সব শেষ হয়ে যায়। আমার প্রশ্ন হচ্ছে, সাব-ডিভিশান লেভেলে ফায়ার ব্রিগেড স্থাপন করার ব্যাপারে রাজ্য সরকারের কাছে কোনো প্রস্তাব আছে কি ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : হ্যাঁ, ১৩টি সাব-ডিভিশান আমাদের এখনও বাকি আছে। এই ১৩টিতে আমাদের দমকল দপ্তর স্থাপিত হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : দমকল দপ্তরে ভুয়ো খবর আসার জন্য অনেক হয়রানি হতে হয়। গত বছরে এক হাজারেরও বেশি ভুয়ো খবর এসেছিল। এই ভুয়ো খবর যারা দিচ্ছে তাদের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : আমরা ডিটেকশন সিস্টেম চালু করেছি, আগে যেটা ছিল না। ডিটেকশন সিস্টেম চালু করার ফলে এটা অনেক কমে গেছে, ভয়ানকভাবে কমে গেছে।

* 57
* 58
} Not called

Shri Gyan Singh Sohanpal : Sir, Hon'ble Judicial Minister is scheduled to make a statement on the subject today in response to my calling attention notice. Therefore, I have no intention to ask this question.

প্রতিবন্ধীদের জন্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রতিবন্ধীদের জন্য একটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, রাজ্যের কোন্ স্থানে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানটি স্থাপিত হবে ; এবং

(গ) উক্ত প্রতিষ্ঠানটি স্থাপনের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রী মহম্মদ সেলিম :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) কলকাতায়, ১১০ নং এস. এন. ব্যানার্জী রোড, কলকাতা - ১৩—এই ঠিকানায়।

(গ) প্রতিষ্ঠানটির নির্মাণ কাজ শুরু করার জন্য প্রাথমিক পর্যায়ে ত্রিশ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

[11.30—11.40 p.m.]

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই প্রতিষ্ঠানটি নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে এবং ইতিমধ্যে ব্যয়িত অর্থের পরিমাণ কত জানাবেন কি ?

শ্রী মহঃ সেলিম : প্রথমে আমরা জায়গা ঠিক করেছি। আমাদের ক্যালকাটা টেকনিক্যাল স্কুল, এস. এন. ব্যানার্জী রোডে যেটা আছে, তার কম্পাউন্ডের মধ্যে জমি আছে, পুরনো শেড ইত্যাদি আছে, সেটা আইডেন্টিফাই করেছি এবং যেহেতু প্রতিবন্ধীদের জন্য করা হবে, সেই ভাবেই কনস্ট্রাকশনটা করতে হবে যাতে ইউজার ফ্রেন্ডলি হয়। আমরা ৩০ লক্ষ টাকা বরাদ্দ করেছি। সয়েল টেস্টিংয়ের কাজ হবে, তারপর প্রথম পর্যায়ের কাজ শুরু হবে এবং পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাব পাঠিয়েছি এবং আশা করি দশম পঞ্চবার্ষিক পরিকল্পনায় তারা প্রতিবন্ধীদের জন্য অনেক ধরনের পরিকল্পনা নিচ্ছেন, তার মধ্যে এটাও ইনক্লুড করবে এবং সেখান থেকে কিছু টাকাও পাব। রাজ্য সরকারের পক্ষ থেকেও প্রত্যেক বছর যেরকম কাজ এগোবে সেইরকম বরাদ্দ করব।

শ্রী আবু আয়েশ মণ্ডল : যেটা করছেন, মনে হয় এই রাজ্যেই প্রথম হবে। এছাড়া আমাদের রাজ্যে এই ধরনের কারিগরি শিক্ষার জন্য কতগুলো প্রতিষ্ঠান আছে এবং সেখানে মেয়ে এবং প্রতিবন্ধীদের শিক্ষার জন্য কোনো কোটা আছে কি ?

শ্রী মহঃ সেলিম : মাননীয় সদস্য প্রশ্নটা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট সম্পর্কেই করেছেন। এটা আমাদের রাজ্যে ২৭টি আছে। এর পাশাপাশি আমরা কয়েকটি প্রতিষ্ঠানে আই.টি.আই. ট্রেড কোর্স চালু করেছি। যেমন আমাদের জুনিয়ার টেকনিক্যাল স্কুল আছে, যেখানে অন্য ধরনের সার্টিফিকেট কোর্স করা হোত সে সবগুলোতেই আই.টি.আই. কোর্স প্রসারিত করেছি। আই.টি.আই. কোর্স যেখানে করা হয়, মূলত যারা ক্লাস ৮, ক্লাস ১০ পাশ, কয়েকটি ক্ষেত্রে ক্লাস ১২ পাশদের ভর্তি করা হয়। মেয়েদের জন্য আগে এটা প্রচলিত ছিল না। আমরা চাই প্রসারিত করতে। বিভিন্ন স্ট্রিমে মেয়েরা যখন এগিয়ে আসছে—সারা দেশেরই ট্রেন্ড এটা—তখন ডেডিকেটেড মেয়েদের জন্য এরকম ৪টে চালু হয়েছে আই.টি.আই.। একটা বাণীপুরে, একটা কলকাতার গড়িয়াহাটে এবং গড়িয়াহাটে নতুন বাড়ি তৈরি হয়েছে। আগামী দেড়-দু মাসের মধ্যে উদ্বোধন করব। কিন্তু জেনারেল যে আই.টি.আই.গুলি আছে, সেখানেই কোর্স চালু করেছিলাম। এখন নতুন বাড়িতে চলে যাবে। দ্বিতীয়ত কয়েকটি ট্রেড আছে। যেখানে মেয়েরা আছে। কিন্তু অনেকগুলি ট্রেড আছে, যেগুলি পপুলার নয়। গত বছর থেকে ১০ পারসেন্ট মেয়েদের আই.টি.আই. ছাড়াও বাকী সব আই.টি.আই.-তে মেয়েদের জন্য ১০ পারসেন্ট রিজার্ভ করেছি। ধাপে ধাপে বাড়ানো হবে। তবে আমরা এই ব্যাপারে উৎসাহ দিচ্ছি। প্রতিবন্ধী ক্যান্ডিডেট যারা, তাদের কেউ ফিজিক্যালি চ্যালেঞ্জড্ আবার কেউ অর্থনৈতিক দিক থেকে প্রতিবন্ধী। তাদের অর্থনৈতিক দিক থেকে রিহ্যাভিলিটেট করার প্রয়োজন আছে। তাদের ট্রেনিং দরকার। তাদের স্পেসিফিক ট্রেনিং দরকার। তাদের স্বাবলম্বী হওয়াটাও জরুরি। সেইজন্য সব আই.টি.আই.-তে আগে থেকে ৩ পারসেন্ট রিজার্ভ করা আছে। আর একটা হচ্ছে ফিজিক্যালি প্রতিবন্ধী ছাড়াও অর্থপেডিক্যালি প্রতিবন্ধী আছে। তারা এই কোর্সে আসছে না। কেউ কানে শুনতে পায় না। কেউ চোখে দেখতে পায় না। তাদের ক্ষেত্রে স্পেশাল কোর্স কারিকুলাম না থাকলে এবং ট্রেনিং স্ট্রাকচার না থাকলে সবসময় ট্রেনিং দেওয়া সম্ভব নয়। সেই জন্য ডেডিকেটেডলি ফিজিক্যালি হ্যান্ডিক্যাপড্ ইনস্টিটিউশান তৈরি করছি, যাতে প্রতিবন্ধী ছেলে-মেয়েরা সুযোগ পেতে পারে এবং তারা অন্যের দয়ায় নির্ভর না করে নিজের পায়ে দাঁড়াতে পারে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আমার মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য যে, আমাদের রাজ্যের অন্যান্য জেলা শহরগুলিতে পরবর্তীকালে এই ধরনের কোনো প্রতিবন্ধীদের জন্য প্রতিষ্ঠান খোলার কোনো পরিকল্পনা আছে কিনা।

শ্রী মহঃ সেলিম : এটা রাজ্যস্তরে করলেও পরবর্তীকালে জেলাস্তরে করলে খুশি হতাম। কিন্তু এই কোর্সের সবগুলিই হচ্ছে ব্যয়সাপেক্ষ। এই ধরনের ডেডিকেটেডলি স্পেসালাইজড্ অ্যারেঞ্জমেন্ট সব জেলায় সম্ভব নয়। সব রাজ্যেও সম্ভব নয়। এই জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছি—রিজিওনাল ইনস্টিটিউট যাতে করা যায়। এর জন্য ইনফ্রাস্ট্রাকচার, ওয়ার্কশপ ট্রেনিং কারিকুলামের প্রয়োজন। পূর্ব ভারতের রাজ্যগুলি থেকে প্রতিবন্ধীদের আমাদের রাজ্যে পাঠায়। তবে সব জেলাতে ইতিমধ্যে সম্প্রসারিত করা যাবে না। সব আই.টি.আই.-তে ফিজিক্যালি হ্যান্ডিক্যাপড্দের জন্য ৩ পারসেন্ট রিজার্ভ থাকবে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়, যে উদ্যোগ নিয়েছেন সেটা ভালো। আমি জানতে চাই যে, যারা চলতে ফিরতে অক্ষম, অন্ধ যারা, তাদের জন্য রিহ্যাবিলিটেশানের ব্যবস্থা করেছেন কিনা। (২) কোন কোন ক্যাটাগরিতে প্রতিবন্ধীদের জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন। কারণ কেউ কেউ শারীরিকভাবে প্রতিবন্ধী, কেউ মানসিক প্রতিবন্ধী। দেয়ার আর সো মেনি টাইপস অ্যান্ড ক্যাটাগরিস অফ হ্যান্ডিক্যাপড্।

[11.40—11.50 p.m.]

শ্রী মহঃ সেলিম : মাননীয় সদস্য প্রতিবন্ধী সম্বন্ধিত প্রশ্নটাকে আরও আরও প্রসারিত করেছেন। এরা যাতে সকলেই সুযোগ পেতে পারে। এখন আমরা শুধুমাত্র একটা সিদ্ধান্ত করেছি। ডেডিকেটেড ফিজিক্যালি হ্যান্ডিক্যাপড্দের জন্য যাতে একটা ইনস্টিটিউট হয় তারপর আমরা, যারা প্রতিবন্ধীদের নিয়ে কাজকর্ম করেন, অনেক স্বেচ্ছাসেবী সংস্থা আছে, আমাদের কেন্দ্র এবং রাজ্য সরকারের হ্যান্ডিক্যাপদের জন্য স্পেশালাইজড এজেন্সি এবং অর্গানাইজেশন আছে তাদের সঙ্গে আমরা যোগাযোগ করেছি এবং এই কোর্সগুলো প্রথমে ঠিক হবে তাদের রিহ্যাবিলিটেট করার জন্য। আমাদের ব্যবসা-বাণিজ্য এবং শিল্প কোথায় কি কাজ এরা করতে পারেন এনগেজড হয়ে, এমপ্লয়েড হয়ে অথবা সেল্ফ এমপ্লয়েড হয়ে সেটাকে মাথায় রেখে যাতে এরা স্বাবলম্বী হন সেখানে এই ধরনের কোর্সগুলো আমরা দেব। যেমন আধুনিক কিছু বিষয় সেখানে থাকবে, ট্রেডস থাকবে, সেরকম ট্র্যাডিশনাল কিছু আছে। যথার্থভাবেই আপনি প্রশ্নটা করেছেন যারা ফিজিক্যালি হ্যান্ডিক্যাপড্, ফিজিক্যালি মুভ করতে পারে না তাদের জন্য এক জায়গায় বসে রিপেয়ারিং, সার্ভিসিং এই ধরনের কাজের ট্রেডটা সেদিকে করা আছে। আবার কেউ ভিসুয়ালি ইমপেয়ার্ড, দৃষ্টিশক্তি রহিত তার জন্য আবার কিছু কাজ আছে শরীরের অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গকে কাজে লাগিয়ে। আবার কানে শুনতে পায় না তার জন্য এই ক্ষেত্রে এক্সপার্ট ওপিনিয়ন আছে। ইতিমধ্যে আমরা সেটাকে মাথায় রেখেছি। স্টাডি করে কোর্সগুলো করতে চাইছি এবং এই মুহূর্তে সবে বিল্ডিং-এর সয়েল টেস্টিং শুরু হয়েছে। আমি কোনো ঘোষণা করব না কিন্তু যেহেতু প্রশ্ন করেছেন তার জন্য আমাদের অপেক্ষা করে থাকতে হবে না আমরা ইতোমধ্যে আমাদের পলিটেকনিকগুলোতে এটা তৈরি করার আগে আমরা শর্ট টার্ম ভোকেশনাল কোর্স একাধিক পলিটেকনিকগুলোতে হ্যান্ডিক্যাপড্দের জন্য চালু করেছি। তাতে আমরা বুঝতে পারছি তাদের কি ধরনের প্রয়োজন, চাহিদা কি এবং আপনি বললেন যারা মেন্টালি রিটারটেড তাদের জন্য কিন্তু আরও স্পেশালাইজড, আরও ভীষণভাবে দক্ষতাসম্পন্ন ট্রেনিং দরকার হয়। সেটা এই মুহূর্তে আমরা চালু করিনি কিন্তু স্প্যাশটিক সোসাইটির মতো বা রিহ্যাবিলিটেশন সেন্টারের মতো কতগুলো প্রতিষ্ঠান আছে। তারা যে দক্ষতায় কাজ করছেন আমরা তাদের সঙ্গে অভিজ্ঞতা বিনিময় করছি। মোদ্দা কথা হচ্ছে প্রতিবন্ধী মানুষ পরিবারের দায় নয়, তারা নিজেরাই দায়িত্ব গ্রহণ করতে পারেন সেই এন্টারপ্রাইজিং তাঁর মধ্যে তৈরি করে দেওয়া এবং তারা যাতে স্বাবলম্বী হতে পারে, আমরা বিজনেস এবং ট্রেডের সঙ্গে ইন্টার অ্যাক্ট করছি। ওরা কি কাজ করবেন সেটাই বড় কথা। এদের ফ্যাকাল্টি কি হবে সেটা এক্সপার্টরা বলবেন। কোন ফ্যাকাল্টি এরা ভালো ব্যবহার করতে পারবে। যদি সদস্যদের কোনো মতামত থাকে সেগুলো আমরা স্বাগত জানাব।

ডাঃ রত্না দে (নাগ) : স্যার, মাননীয় মন্ত্রী বলবেন ফিজিক্যালি চ্যালেঞ্জড পার্সনদের জন্য সংরক্ষণের ব্যবস্থা আছে। ফিজিক্যালি চ্যালেঞ্জড ৩০ পার্সেন্ট হতে পারে, ৪০ পার্সেন্ট হতে পারে, ৫০ পার্সেন্ট হতে পারে। এর কোনো নির্দিষ্ট মাত্রা বেঁধে দিয়েছেন কি যে এত পার্সেন্ট হলে সংরক্ষণের ব্যবস্থা থাকবে।

শ্রী মহঃ সেলিম : এটা ডাইরেক্টর অব সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের একটা নির্দিষ্ট গাইডলাইন আছে। সেটা মেনেই করা হয়। এটা আমরা নির্ধারণ করি না। ওদের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে আসলেই আমরা সেটা করি। এটা আমি এই মুহূর্তে বলতে পারব না পার্সেন্টেজটা কি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি জানাবেন কি, রাজ্যের টোটাল প্রতিবন্ধীদের কত শতাংশকে, আপনারা যে টেকনিক্যাল শিক্ষা প্রতিষ্ঠানগুলো করেছেন সেখানে আসার জন্য আপনাদের কাছে কেউ প্রস্তাব দিয়েছেন কি ?

শ্রী মহঃ সেলিম : এটা মূল প্রশ্নের সঙ্গে সম্পৃক্ত নয়। কিন্তু তবুও আপনাকে বলব সবে একটা প্রয়াস শুরু হয়েছে এবং আমরা কখনোই এই দাবি করি না যে গোটা দেশব্যাপী রাজ্যব্যাপী যে সংখ্যা আছে এবং যা বৃদ্ধি হচ্ছে কারিগরি প্রশিক্ষণ দপ্তরের একটা ক্ষুদ্র প্রয়াস বেশিরভাগকে কভার করে নেবে কিন্তু আমরা একটা ক্ষুদ্র প্রয়াস চালু করেছি মাত্র। সবচেয়ে বড়ো কথা হচ্ছে সমাজকে সেনসেটাইজ করা এবং আমি আশা করব অন্যান্য যে বিভাগ আছে কেন্দ্র এবং রাজ্যের এবং স্বয়ং স্বেচ্ছাসেবী সংস্থাগুলো যদি সেনসেটাইজ হয় তাহলে প্রতিবন্ধীদের জন্য বিশেষ কিছু কার্যক্রম এবং পদক্ষেপ গ্রহণ করবে। সবাইকেই কারিগরি শিক্ষা গ্রহণ করতে হবে এমন কোনো কথা নেই। কিন্তু এইভাবে যদি সব ক্ষেত্রে কিছু সুযোগ বাড়ে তাহলে এর জন্য সামাজিক মর্যাদা বাড়ে এবং সুযোগ বাড়ে।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে প্রতিবন্ধীদের জন্য এইরকম একটা কারিগরি শিক্ষা ব্যবস্থা করেছেন এটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। এটা খুবই ভালো। আমার যেটা প্রশ্ন ছিল এই যে প্রতিষ্ঠান গড়ে তোলা হচ্ছে। প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে এই সিটের অ্যাকোমোডেশন কত থাকবে এবং এটা সারা রাজ্যে সমস্ত প্রান্ত থেকে সমস্ত জেলা এর সুযোগ পাবে কিনা ?

শ্রী মহঃ সেলিম : যেহেতু আই.টি.আই.-এ যে কোর্স পরিচালনা করা হয় ন্যাশানাল কাউন্সিল অফ ভোকেশনাল ট্রেনিং বা এন.সি.ভি.টি. রাজ্যের নয় গোটা দেশব্যাপী এটাকে স্ট্যান্ডার্ডাইজ কোর্স করার জন্য সেখানে সংখ্যাটা তারা নির্ধারণ করে দেন। এটাকে ট্রেড স্যাংশান করা মানে আমাদের ২০ জনের বেশি নিতে পারি না, ১৬ জন প্লাস ৩ জন করে এক্সট্রা মোট ১৯ জনকে নেওয়া হচ্ছে, ড্রপ-আউট হলে সেটা মেক্-আপ হতে পারে। যে কয়টি ট্রেড ইউনিট স্যাংশান হবে তার জন্য আগে বিল্ডিং তৈরি করতে হয়, তার ইকুইপমেন্টস তৈরি করতে হয়, ওয়ার্কশপ তৈরি করতে হয়, তার পরে এন.সি.ভি.টি.-র কাছে আবেদন করতে হয়। তখন তারা এসে দেখেন যে সব ঠিক আছে কিনা, হ্যাঁ, সমস্ত ইকুইপমেন্ট ঠিকমত হলে তবেই স্যাংশান করেন এবং যে স্ট্রেনথ চাই সেটা তারা দেন। ইউনিট হিসাবে প্রতি ইউনিটে ১৯ জন করে হবে।

শ্রী ঈদ্ মহম্মদ : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন আপনি প্রতিবন্ধীদের জন্য যে কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান করছেন এতে এই প্রতিবন্ধীরা কি কি ধরনের কারিগরি শিক্ষা পাবে ?

শ্রী মহঃ সেলিম : আমি একথা এখনই বলেছি যে যাঁরা প্রতিবন্ধীদের নিয়ে কাজকর্ম করেন এবং বাজারে যে চাহিদা আছে এবং যে ধরনের প্রতিবন্ধকতা আছে এই সবই মাথায় রেখে করতে হবে। এ ব্যাপারে এক্সপার্টাইজ যাঁরা আছেন—ইতিমধ্যেই আন্তর্জাতিক স্তরে কাজকর্ম হয়েছে, জাতীয় স্তরে কাজকর্ম হয়েছে এবং রাজ্যস্তরেও হয়েছে সেটা মাথায় রেখেই করতে হবে। প্রতিবন্ধীদের কাছে কোনো একটা জিনিস যখন চ্যালেঞ্জ হয়, তখন তার অন্য ফ্যাকালটিগুলি সে অনেক বেশি ব্যবহার করতে পারে এবং সেটা এই এক্সপার্টাইজরাই বলতে পারবেন। যেমন শ্রবণশক্তি রহিত যারা তারা পেন্টিং বা কমার্শিয়াল আর্ট ভালো করতে পারবেন, কারণ তাদের ইন্দ্রিয়গুলি অন্যদের থেকে বেশি চলবে এবং সাধারণের থেকে অনেক বেশি ভালো করতে পারেন। আমরা এক্সপার্টদের সাজেশান মাথায় রেখে এবং আমাদের দেশের অর্থনীতিতে যে ইন্ডাস্ট্রি, ট্রেড অ্যান্ড কমার্স কোর্স তার কি চাহিদা আছে সেটা মাথায় রেখেই এটা করা হবে, যাতে এটা ফলপ্রসূ হতে পারে, যাতে এই ট্রেনিং নিয়ে তারা সামাজিকভাবে এবং অর্থনৈতিকভাবে রিহ্যাবিলেটেড হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী প্রতিবন্ধীদের জন্য যে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান করবেন বলেছেন সেটা ভালো কথা এবং পশ্চিমবাংলায় কিছু কিছু অলরেডি যেমন অন্ধদের স্কুল আছে এবং সেখানে কারিগরি শিক্ষা দেওয়া হয়। এটা কি একসক্লুসিভলি হ্যান্ডিক্যাপড্দের জন্য করছেন এবং বিভিন্ন ধরনের হ্যান্ডিক্যাপড্দের জন্য করছেন। এখানে যে সুযোগ পাবে সেটা কোন স্তর পর্যন্ত পাবে। অর্থাৎ ক্লাস এইট পাশ থেকে যে সমস্ত ইন্ডাস্ট্রি স্কুলগুলি আছে সেই স্কুলগুলির মতো অন্য যে স্কুলগুলি আছে তাদের জন্য ক্যালকাটা ট্রেনিং স্কুল থেকে ডিপ্লোমা দেওয়া হয়। এটাকে কি ডিপ্লোমা পর্যন্ত উন্নীত করবেন নাকি একসক্লুসিভলি ফর দি ফিজিক্যালি অর আদার হ্যান্ডিক্যাপ যারা তাদের জন্য ? যেটা করছেন সেটা ডিপ্লোমা স্তর পর্যন্ত করার ইচ্ছা আছে ?

শ্রী মহঃ সেলিম : আমরা প্রথমেই শুরু করছি ক্লাস এইট, ক্লাস টেন এবং ক্লাস টুয়েলভ যাঁরা পাশ আছেন তাঁদের জন্য বিভিন্ন ট্রেড কোর্স করার জন্য আই.টি.আই. কোর্স আছে, সে রকম করা হচ্ছে, বা এন.এস.ভি.টি. সার্টিফিকেট কোর্স অনুযায়ী আমরা করব। যেখানে ডিপ্লোমা পড়ানো হয় সেখানে একটা ক্যাম্পাস করার চেষ্টা করছি। পরবর্তীকালে বাজারের চাহিদাকে মাথায় রেখেই করছি। সে জন্য ডিপ্লোমা দিতে কোনো অসুবিধা হবে না। স্টেট কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশান ডিপ্লোমা দিতে পারে এবং সেখানে দেখতে হবে তার গ্রহণযোগ্যতা, মার্কেটেবিলিটি কতটা।

শ্রী অমলেন্দু সান্যাল : আমার একটা প্রশ্ন সেটা হচ্ছে এই ইনস্টিটিউট যেটা গড়ে উঠছে এবং সেই ইনস্টিটিউট-এ যারা ভর্তি হবে তারা যাতে কাছাকাছি থাকতে পারে তার জন্য ছাত্রাবাস তৈরি হচ্ছে কিনা ?

শ্রী মহঃ সেলিম : এই মুহূর্তে আবাসিক করার কোনো ব্যাপার নেই। প্রথমত জায়গার অভাব, দ্বিতীয়ত টাকার অভাব। কিন্তু ট্রেনিং নেওয়ার পরে সামাজিক কাজটা তো তাকে

করতে হবে। তাহলে সেখানে টেকনিক্যাল ট্রেনিংয়ের ক্ষেত্রে আমরা সব সময় আবাসিক করে উৎসাহ দিই না। এক একটা সময় ধারণা পাল্টায়। ৫০-এর দশকে, ৬০-এর দশকে আবাসিক করা হত। এখন যা তৈরি হচ্ছে বেশির ভাগই আবাসিক নয়। সেই জন্য শহরের কেন্দ্রস্থলে করছি যাতে যাতায়াতে সুবিধা হয়।

[11.50—12.00 Noon]

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য কারিগরি শিক্ষার কথা বলেছেন, উন্নতির কথা বলেছেন। টুয়েলভ্ পাস, এইট পাস, নাইন পাস ছেলে-মেয়েদের এই শিক্ষা দেওয়া হচ্ছে বলেছেন। মালদা জেলায় এই রকম প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রচুর। ছেলে-মেয়েরা অনেকে প্রাইভেট স্কুলে লেখাপড়া করছে। কিন্তু সবার পক্ষে তা সম্ভব হচ্ছে না। তাই বলছি, মালদা জেলার প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য কোনো সরকারি প্রতিষ্ঠান খোলা যায় কিনা ?

শ্রী মহঃ সেলিম : সব জেলায় সবকটা কারিগরি প্রতিষ্ঠানের ৩ শতাংশ শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত আছে, রিজার্ভেশন আছে। এবং মাননীয় সদস্যরা জেনে আফসোস করবেন যে, যতজনের জন্য সিট রিজার্ভ করা আছে তত ক্যান্ডিডেট পাওয়া যায় না। আমরা হয়তো জনপ্রিয় করে তুলতে পারিনি বা সেই জায়গায় পৌঁছতে পারিনি এবং সেই জন্য এই সদনের মাধ্যমে জানাতে চাইছি যে, মালদার আই.টি.আই.-তে রিজার্ভেশন আছে কিন্তু তা সংরক্ষিত প্রতিবন্ধীদের দ্বারা ভরে উঠছে না। কলকাতায় একটু বেশি চাপ থাকে, কিন্তু দূরবর্তী এলাকায় সেই চাপ থাকে না। আপনারা যদি জনপ্রিয় করেন তাহলে অসুবিধা হবে না। কিন্তু একটা অসুবিধা আছে, সেটা হচ্ছে যে কোর্সগুলো আছে সেখানে ওয়ার্কশপের অসুবিধা থাকতে পারে, যেটা কিনা হ্যান্ডিক্যাপড ফ্রেন্ডলি নয়, কি ইউজার ফ্রেন্ডলি নয়। সেইজন্য ডেডিকেটেডলি কাজটা করার চেষ্টা করছি। তবে এই মুহূর্তে অনেকগুলো জায়গায় করতে পারছি না, একটা করা হবে। মানুষ প্রথমে দেখবে, সমাজ দেখবে তার মধ্যে দিয়ে ঠিক হবে এই রকম আর প্রয়োজন আছে কিনা।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিবন্ধীদের জন্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়তে উদ্যোগী হয়েছেন। এটা খুব প্রশংসার কথা। আমি জানতে চাই, কোনো স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান যদি এই ধরনের প্রতিবন্ধীদের জন্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়তে চেয়ে রাজ্য সরকারের কাছে সহায়তা চায় তাহলে তাদের আপনারা সহায়তা করবেন কিনা ?

শ্রী মহঃ সেলিম : স্বেচ্ছাসেবী শিক্ষা প্রতিষ্ঠান কারিগরি শিক্ষা প্রশিক্ষণের জন্য যদি এগিয়ে আসে তাহলে আমরা তাদের সহায়তা করব। নবম পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় আমাদের রাজ্যে রাজ্য সরকার এ ব্যাপারে যথাযথ উৎসাহ দিয়েছিলেন। তখন এ ব্যাপারে একটা অনগোয়িং স্কীম ছিল সর্ট টার্ম ভোকেশনাল কোর্সে। এক একটা সময় থাকে। তখন আমরা কারিগরি শিক্ষণে ব্যাপ্তি ঘটাতে চেয়েছিলাম, প্রসার ঘটতে চেয়েছিলাম এবং এই মুহূর্তে এগিয়ে এসেছি। যদি কোনো স্বেচ্ছাসেবী সংস্থা এ ক্ষেত্রে এগিয়ে আসে আমরা তাদের

কারিগরি সহায়তা করব, এফিলেশন দেব, কারিকুলাম ঠিক করে দেব, পরীক্ষা পদ্ধতিতে সহায়তা করব কিন্তু আর্থিক সহায়তা দিতে পারব না। কারণ, এটা ইতিমধ্যেই জনপ্রিয়তা পেয়েছে এবং ব্যবসায়ীকভাবেও লাভজনক হয়েছে।

কলকাতা সহ রাজ্যে অগ্নিকাণ্ডে প্রাণহানি

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৪) শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান : অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০০ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০২ পর্যন্ত কলকাতা ও রাজ্যের অন্যান্য জায়গায় কতগুলি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে (বছর অনুযায়ী) ;

(খ) এর ফলে প্রাণহানি ও ক্ষতির পরিমাণ কত ; এবং

(গ) কতগুলি অগ্নিকাণ্ডের ঘটনার তদন্তের ব্যবস্থা হয়েছে ?

শ্রী প্রতীম চ্যাটার্জী :

(ক) ১লা জানুয়ারি ২০০০ থেকে ৩১শে ডিসেম্বর ২০০০ পর্যন্ত

বড় ধরনের অগ্নিকাণ্ড	—	১১৭
মাঝারি ধরনের অগ্নিকাণ্ড	—	৪৬৬
ছোটো ধরনের অগ্নিকাণ্ড	—	৩৫২১
মোট	—	৪১০৪ টি

১লা জানুয়ারি ২০০১ থেকে ৩১শে ডিসেম্বর ২০০১ পর্যন্ত

বড়ো ধরনের অগ্নিকাণ্ড	—	৮৬
মাঝারি ধরনের অগ্নিকাণ্ড	—	৩৮৪
ছোটো ধরনের অগ্নিকাণ্ড	—	৩৬৭৭
মোট	—	৪১৪৭ টি

১লা জানুয়ারি ২০০২ থেকে ৩১শে ডিসেম্বর ২০০২ পর্যন্ত

বড়ো ধরনের অগ্নিকাণ্ড	—	৬৩
মাঝারি ধরনের অগ্নিকাণ্ড	—	৪৮৩
ছোটো ধরনের অগ্নিকাণ্ড	—	৪৩৫৬
মোট	—	৪৯০২

(খ) ১লা জানুয়ারি ২০০২ থেকে ৩১শে ডিসেম্বর ২০০২ পর্যন্ত

মোট প্রাণহানি	—	৩৭ জন
ক্ষতির পরিমাণ	—	আনুমানিক উনত্রিশ কোটি পঁচানব্বই লক্ষ উনিশ হাজার টাকা (প্রায়)

১লা জানুয়ারি ২০০১ থেকে ৩১শে ডিসেম্বর ২০০১ পর্যন্ত

মোট প্রাণহানি	—	২২ জন
ক্ষতির পরিমাণ	—	একশো চব্বিশ কোটি আটত্রিশ লক্ষ পঁচিশ হাজার টাকা।

১লা জানুয়ারি ২০০২ থেকে ৩১শে ডিসেম্বর ২০০২ পর্যন্ত

মোট প্রাণহানি	—	৫১ জন
ক্ষতির পরিমাণ	—	দুইশত সতেরো কোটি ষাট লক্ষ একচল্লিশ হাজার টাকা।

(গ) মোট পাঁচটি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ৩ বছরে মোট ১৩১৫৩টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এর ফলে মোট ক্ষতির পরিমাণ ৩৭১ কোটি ৯৩ লক্ষ ৮৫ হাজার টাকা। তার মধ্যে বড় ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে ২৬৬টি, মাঝারি ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে ১৩৩৩টি এবং বাকিটা হচ্ছে ছোটো ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা। এবং প্রাণহানি হয়েছে ১১০ জনের, আর সেখানে মাত্র ৫টির ক্ষেত্রে আপনি তদন্তের ব্যবস্থা করেছেন। এর মধ্যে কটা রিপোর্ট এসেছে এবং কটা রিপোর্ট গ্রহণ করেছেন এবং সেই রিপোর্টের কি কি বিষয় আছে সেটা বলবেন ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : সবগুলো যেভাবে যেগুলো বলেছি, তদন্তের ব্যাপারটা হচ্ছে—এটা ফরেনসিক নিয়ে, পুলিশকে নিয়ে, এবং অন্যান্য সরকারি ডিপার্টমেন্ট যাঁরা যুক্ত আছেন এর সঙ্গে—যেমন- কলকাতা কর্পোরেশনের লোকজনদের নিয়ে করা হয়—বড় ধরনের অগ্নিকাণ্ড হলেই এটা করা হয়। তার মানে একটা অগ্নিকাণ্ডতে যেরকম আমরা দেখেছি, খালপাড়ের অগ্নিকাণ্ডে কয়েকজন মারা গেছেন....

শ্রী আবদুল মান্নান : আমি জানতে চাইছি যে, কটা তদন্তের রিপোর্ট জমা পড়েছে এবং ক্ষতিপূরণের জন্য কি অ্যাকশন নিয়েছেন ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : এটা আগের প্রশ্নে হয়ে গেছে। ৫টি তদন্ত করা হয়েছে, তার মধ্যে ৩টির রিপোর্ট জমা পড়েছে এবং ২টির বাকি আছে। ক্ষতিপূরণের ব্যবস্থা আমরা নিই না। অ্যাকশন নেওয়া মানে প্রিভেনশন। অ্যাকশন নেওয়া মানে এই নয় যে, যেখানে আগুন লাগলো সেখানে বাড়ি তুলে দেওয়া—এটা আমার কাজ নয়। আমার কাজ হচ্ছে আগুন কিভাবে লেগেছে সেটা দেখা এবং আগুন যাতে না লাগে তার জন্য মানুষকে সচেতন করা।

10010

শ্রী আবদুল মান্নান : ফায়ার সার্ভিসের যে গাইড লাইনগুলো আছে সেই গাইড লাইনগুলো বড়ো ধরনের বাড়িগুলোর ক্ষেত্রে মানা হয় কি ? তদন্তের রিপোর্ট যেগুলো এসেছে তাতে গাফিলতির কোনো উল্লেখ আছে কি ? ফায়ার সার্ভিসের যে নিয়মগুলো আছে সেই নিয়মগুলো যেখানে মানা হয়নি সেখানে কি আপনি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : হ্যাঁ, অনেক ব্যবস্থা নেওয়া হয়েছে।

Starred Questions
(to which answers were laid on the Table)

স্কুল শিক্ষা কমিটির প্রতিবেদন

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫) **শ্রী তপন হোড় :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজাতে সরকার কর্তৃক গঠিত "স্কুল শিক্ষা কমিটি" একটি প্রতিবেদন পেশ করেছেন ;

(খ) সত্যি হলে, উক্ত প্রতিবেদনের সুপারিশগুলি কী কী ; এবং

(গ) উক্ত সুপারিশের ভিত্তিতে সরকারের গৃহীত পদক্ষেপ কী ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, গত ৩১.১২.২০০২ তারিখে প্রতিবেদনটি পেশ করা হয়েছে।

(খ) প্রতিবেদনটি এখন পরীক্ষা-নিরীক্ষার স্তরে আছে। সুপারিশগুলি বিবেচনা করা হচ্ছে।

(গ) সুপারিশ সম্পর্কে সরকার সিদ্ধান্ত গ্রহণ করার পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

ওভারলোড রোধে ব্যবস্থা

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১২০০) **শ্রী পংকজ ঘোষ :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মোটর ভেহিকেলস্ আইনের ১১৩, ১১৪, ১১৫ ধারা অনুযায়ী ওভারলোড করা দণ্ডনীয় অপরাধ হওয়া সত্ত্বেও হাজার হাজার ট্রাক, মিনিট্রাক, টেম্পো প্রতিদিন ওভারলোড অবস্থায় পণ্য বহন করে চলেছে ;

(খ) সত্যি হলে, এই অবস্থার অবসানে সরকার কোনো কার্যকরী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন কী ; এবং

(গ) করে থাকলে, কী ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে :

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

চন্দননগর কলেজে কমপিউটার সায়েন্স

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৮) শ্রী কমল মুখার্জী : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চন্দননগর সরকারি কলেজে ''কমপিউটার সায়েন্স কোর্স'' চালু করার বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

চন্দননগর সরকারি কলেজ কর্তৃপক্ষের অনুরোধক্রমে শিক্ষা দপ্তর থেকে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ''মহাবিদ্যালয় পরিদর্শক''কে উক্ত কলেজে ''কমপিউটার সায়েন্স'' কোর্সে সাম্মানিক চালু করা যায় কিনা সে সম্বন্ধে বিস্তারিত প্রতিবেদন দেওয়ার অনুরোধ করা হয়েছে। বিষয়টি বর্তমানে উক্ত বিশ্ববিদ্যালয়ের বিবেচনাধীন আছে।

অগ্নিকাণ্ড

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২১) শ্রী ব্রহ্মময় নন্দ : অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মোট — ২২০২ টি।

(বড় অগ্নিকাণ্ড — ১৩
মাঝারি — ১৬৯
মোট — ২০২০)

Primary Teachers Training

*64 (Admitted Question No. *448) **Shri Saugata Roy :** Will the Minister-in charge of the School Education Department be pleased to state—

(a) whether it is a fact that training for primary teachers is being entrusted to Private Institutions; and

(b) if so, details of the scheme theron ?

Minister-In-Charge of the School Education Department :

(a) The fact is that some duly equipped private Teachers' Training Institutions will be allowed to open Teacher's Training Course and the existing system of teachers Training will continue.

(b) Deatail schemes have already been published.

ব্লকে যুব উৎসব

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩১) **শ্রী পরেশনাথ দাস :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২-২০০৩ সালে মোট কয়টি ব্লকে যুব উৎসব সংগঠিত হয়েছে ; এবং

(খ) সব ব্লকে যুব উৎসব না হওয়ার কারণ কী?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২-২০০৩ সালে ৩৪১টি ব্লকের মধ্যে ২৭৭টি ব্লকে যুব উৎসব সংগঠিত হয়েছে।

(খ) যুব উৎসব সংগঠনের জন্য সমস্ত জেলাতেই সব ব্লকের জন্য অর্থ আবন্টন করা হয়েছিল। কিন্তু কিছু ব্লকে সময়াভাবে ও স্থানীয় কারণের জন্য অনুষ্ঠান সংগঠিত করা যায়নি। যে যে ব্লক যুব উৎসব ঠিক সময়ে করতে পারেননি, তাদের প্রায় সকলেই পরবর্তীকালে করার চেষ্টা করছেন।

ইতিহাস বইয়ে ভুল

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৯) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক ষষ্ঠ শ্রেণির জন্য নির্বাচিত ইতিহাস বইয়ে কিছু ভুল আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ভুল সংশোধনের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দু-একটি স্থানে মুদ্রণগত ভুল আছে।

(খ) মধ্যশিক্ষা পর্ষদ সংশোধন করে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি প্রকাশ করেছে এবং বইয়ের পরবর্তী সংস্করণে তা শুদ্ধ করে দেওয়া হবে।

অগ্নি-নির্বাপণ বিভাগের অনুমতি

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭১) শ্রী পংকজ ব্যানার্জী : অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা এবং কলকাতা সংলগ্ন জেলাগুলিতে বহুতল বাড়ি তৈরি করার ক্ষেত্রে অগ্নি-নির্বাপণ দপ্তরের অনুমতি নেওয়া আবশ্যিক কি না ?

অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

শহর ও শহরতলিতে কিন্ডারগার্ডেন স্কুল

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৪) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ও শহরতলিতে কতগুলো কিন্ডারগার্ডেন স্কুল আছে ?

(খ) সরকারের শিক্ষানীতি অনুযায়ী এইসব কিন্ডারগার্ডেন স্কুলগুলি আইনসম্মত কি না ; এবং

(গ) কলকাতা ও শহরতলিতে কিন্ডারগার্ডেন স্কুলের সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধির কারণ কী ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারের কাছে এর তথ্য থাকার অবকাশ নেই।

(খ) কিন্ডারগার্ডেন স্কুল সরকারি আইনের আওতাভুক্ত নয়।

(গ) বৃদ্ধি পাচ্ছে কি হ্রাস পাচ্ছে তার কোনো তথ্য সরকারের কাছে নেই।

[12.00—12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received seven notices of Adjournment Motions. The first one is from Dr. Asish Banerjee on the subject of decision of the State Government to close down the Ahmedpur Sugar Mill in Birbhum. The second one is from Shri Jatu Lahiri on the subject of failure of the State Government to set up a medical college and hospital in Howrah. The third one is from Shri Ashok Kumar Deb on the subject of reported murder

of one Md. Raffic at Bibi Bazar in Kashipur. The fourth one is from Shri Saugata Roy on the subject of severe traffic chaos in Kolkata. The fifth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of alleged irregularities in giving licence for opening of wine shops. The sixth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged violence after election of managing committee of Shambhunagar High School at Gosaba, South 24 Pargas. And the seventh one is from Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira and Shri Jyotipriya Mallick on the subject of proposal of the owners of bus, mini bus etc. to enhance the fare and consequential situation arisen.

The subject matters of all the adjournment motions relate to day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members will get ample scope to raise the matters during General Discussion of Budget. Besides, the Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আপনাকে আমি প্রথম থেকেই জানিয়ে আসছি, যদি বেআইনি কোনো কথা লেখা না থাকে তাহলে আমার কাগজ এতখানি এডিট করা হবে কেন ? শ্রী দেবপ্রসাদ সরকারকে এক পাতা পড়তে দেওয়া হল আর আমার লাইনকে লাইন কেটে দেওয়া হয়েছে। কেন, কি ব্যাপার, স্যার ?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছে। সেটা হল—রাজ্য সরকার আর্থিক দুরবস্থা থেকে বাঁচবার জন্য ব্যাপকভাবে মদের দোকানের লাইসেন্স বিতরণ করছে। নিয়মনীতি লঙ্ঘন করে সারা রাজ্যে স্কুল, কলেজ, হাসপাতাল প্রভৃতির ১০০ গজের মধ্যে মদের দোকান করার জন্য যে লাইসেন্স দিয়েছে তা সম্পূর্ণভাবে পুনর্বিবেচনা করে এই লাইসেন্সগুলি বাতিল করার দাবি জানাচ্ছি।

CALLING ATTENTION

Mr. Speaker: Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Alleged deprivation of the co-operative workers in the State	: Dr. Asish Banerjee
(ii) Agitation of the casual health workers of different panchayats in Bankura	: Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira
(iii) Reported proposal for increasing bus fare in the State	: Shri Asit Mitra & Shri Saugata Roy & Shri Abdul Mannan
(iv) Alleged non-supply of drinking water from Padmapukur Water Treatment Plant in several wards under Shibpur Assembly Constituency	: Shri Jatu Lahiri

I have selected the notice of Shri Asit Mitra, Shri Saugata Roy and Shri Abdul Mannan on the subject of Reported proposal for increasing bus fare in the State.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha: Sir, The statement will be made on 25th March, 2003.

STATEMENT ON CALLING ATTENTION

Mr.Speaker: Now the Minister-in-Charge of School Education will make a statement on the subject of agitations of basic trained unemployed youths in front of the Office of District Primary School Council, Nadia. (Attention called by Shri Pundarikakshya Saha and Shri Kallol Khan jointly on the 11th March, 2003).

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মাননীয় বিধায়ক শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা ও শ্রী কল্লোল খান বিধানসভার কার্য পরিচালন বিধির ১৯৮ ধারাবলে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার উত্তরে নিম্নলিখিত বিবৃতি দিচ্ছি।

মাননীয় বিধায়কদ্বয়ের প্রস্তাবে উল্লিখিত হয়েছে যে ৫৮৭ জন চল্লিশোর্ধ্ব শিক্ষণপ্রাপ্ত বেকার যুবক-যুবতী প্রাথমিক শিক্ষক পদে নিয়োগের দাবিতে নদিয়া জেলায় অনশন

আন্দোলনে শামিল হয়েছেন। আমি প্রথমেই তাঁদের প্রতি আমার আন্তরিক সহানুভূতি জ্ঞাপন করছি। সেই সঙ্গে এ কথাও স্মরণ করছি যে ভারতবর্ষে প্রতিদিনই কয়েক লক্ষ যুবক-যুবতী সরকারি বা আধাসরকারি সংস্থায় নিযুক্ত হওয়ার বয়সের শেষোর্ধ সীমা অতিক্রম করে যাচ্ছেন এবং অত্যন্ত হতাশা ও বেদনা নিয়ে তাঁদের এই উর্ধ্বতম বয়স অতিক্রম করতে হচ্ছে। আমাদের দেশের আর্থ-সামাজিক পরিস্থিতির এই করুণ দৃশ্য প্রতি নিয়তই সকলকেই অবলোকন করতে হয়। নদিয়া জেলার অবস্থা সম্পর্কে আমার কাছে যে তথ্য আছে তা হচ্ছে ১৯৮০ সালে ১,৯৮৬ জন শিক্ষক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ প্রবেশন বিধি অনুসারে নিযুক্ত হন। পরবর্তী সময়ে মহামান্য উচ্চ আদালতের নির্দেশে আরো ১০৮ জনকে প্রাথমিক শিক্ষক হিসাবে নিয়োগ করা হয়। এরপর আরো একটি নির্দেশে আরো ৮৮ জনকে মহামান্য আদালতের নির্দেশে নিয়োগ করতে হয়। তারপর আদালত প্রাথমিক শিক্ষক নিয়োগের উপর এক স্থগিতাদেশ জারি করেন। নদিয়া জেলার কিছু যুবক/যুবতী ১৯৯৮ সাল পর্যন্ত একাধিক মামলা উচ্চ ন্যায়ালয়ে দায়ের করেন। ফলে স্থগিতাদেশ একটার পর একটা জারি হতে থাকে। ১৯৯৮ সালে উক্ত স্থগিতাদেশ প্রত্যাহৃত হয় এবং শিক্ষক/শিক্ষিকা নিয়োগের প্রবেশন বিধি অনুসারে ৭৭৯ জন শিক্ষক/ শিক্ষিকাকে নিয়োগ করা হয়। পরে ২০০০ সালে ২,১৬৭টি পদের জন্য বিধি অনুযায়ী কর্মবিনিয়োগ কেন্দ্র হতে নাম আহ্বান করা হয় এবং ওই প্রবেশন বিধি অনুসারে বিদ্যালয় শিক্ষা অধিকর্তার অনুমোদনক্রমে ২,০১৫ জনকে প্রাথমিক শিক্ষক/শিক্ষিকা পদে নিয়োগ করা হয়।

এর প্রত্যেকটি নিয়োগই পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন ১৯৭৩-এর অধীন প্রবেশন বিধি অনুসারে নিয়োগ করা হয়েছে।

ওই সময়ের মধ্যে কোনো শিক্ষণপ্রাপ্ত বেকার যুবক/যুবতীরা এতে নিযুক্ত হওয়ার জন্য নির্ধারিত বয়স অতিক্রম করেন, তাহলে তাঁদের প্রতি সরকারের একান্ত সহানুভূতি থাকা সত্ত্বেও আইন অনুসারে কিছু করার থাকে না।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে বলতে চাচ্ছি যে, আপনি জানালেন, কোর্টের মাধ্যমে ১০৮ জনকে এবং আরো ৮৮ জনকে নিয়োগ করা হয়েছে একই গ্রাউন্ডে, একই রেফারেন্সে যেহেতু ৪০ উর্ধ্বে বয়স হয়ে গিয়েছিল। বাকিদের কেন নেওয়া যাবে না ? আর একটা ক্ষেত্রে দেখা যাচ্ছে, ১৯৮০ সালে সরকারি নিয়ম অনুসারে ৬০ পারসেন্ট বেসিক ট্রেনিংপ্রাপ্তদের নিয়োগ করার কথা ছিল। কিন্তু কি কারণে এই ৬০ পারসেন্ট নিয়োগ হল না ? যদি যথাযথভাবে পারসেনটেজ মেনে নেওয়া হতো তাহলে এই অনশন আন্দোলন হতো না। আপনি বললেন, সহানুভূতির সঙ্গে আপনি দেখছেন এবং বিবেচনা করছেন। তাহলে এই সেম গ্রাউন্ডে, সেম পর্যায়ে যদি নিয়োগ হয় তাহলে আমি আশা করবো, আপনার সহানুভূতি যে রকম সেনসাস কোর্সে ৪০-এর উর্ধ্বে যাদের বয়সের সীমা হয়ে গেছে তাদের প্রাইমারি স্কুলে নিচ্ছেন, সেইরকম আপনার যে বর্তমানে ১৫১৬টা শূন্য পদগুলি আছে তার মধ্যে যে পরিসংখ্যান আছে ৫৮১ (৪০ বয়সের নিচে) এবং যারা ৪০ বয়সের উর্ধ্বে তাদের আগামী দিনে নিয়োগ হওয়ার সুযোগ আছে।

কিন্তু নেবার ক্ষেত্রে দেখা যাচ্ছে, শূন্য পদে দিলেন না, বেসিক ট্রেনিংপ্রাপ্ত যে সংখ্যা সেই সংখ্যায় আসছে না। আপনার যখন শূন্য পদ রয়েছে এবং বেসিক ট্রেনিংপ্রাপ্তরা আছেন এবং যখন আপনার সুযোগ আছে তখন মানবিকতার খাতিরে, সহানুভূতির সঙ্গে নিয়োগ করুন। আপনাকে অনুরোধ করবো, এটা রাজনীতির ব্যাপার নয়। সমস্ত দলের যুবক-যুবতী যারা আছে তাদের নিয়ম অনুসারে, অন্তত ৪০-এর উর্ধ্বে যাঁরা আছেন তাদের নিয়োগ করবেন— এই আশা রাখছি, আশা করি মন্ত্রীমহাশয় এর উত্তর দেবেন।

[12.10—12.20 p.m.]

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা বলেছেন তার উত্তরে বলছি, আদালত যখন নির্দেশ দেয় সেই নির্দেশ আমাদের মান্য করতে হয়। মাননীয় সদস্য এও জানেন যে আইনে থাকুক বা না থাকুক মহামান্য আদালত যে নির্দেশ দেন, আদেশ সেটাই আইনে রূপান্তরিত হয়। সেইজন্য আদালতের আদেশে আমরা কিছু নিয়োগ করতে বাধ্য হয়েছি। কিন্তু ৪০-এর উর্ধ্বে আমাদের যে শিক্ষক নিয়োগ প্রবেশন বিধি সেই শিক্ষক নিয়োগ প্রবেশন বিধিতে যে উর্ধ্বসীমা বয়সের নির্ধারণ করা আছে তার বাইরে কোনো শিক্ষক নিয়োগ করতে পারি না। আপনি সহানুভূতির কথা বলেছেন। কেন্দ্র তার ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করার সময় যে ইকনমিক সার্ভের প্রতিবেদন দাখিল করেছেন সেখানে তাঁরা স্বীকার করেছেন যে ভারতবর্ষে ৮ কোটি যুবক-যুবতী বেকার আছে এবং তাদের মধ্যে প্রত্যেক মাসেই কিছু কিছুর চাকরি পাওয়ার শেষ সুযোগ তাদের চলে যাচ্ছে। তাদের প্রতি সহানুভূতি আছে। আমাদের পশ্চিমবাংলায় ৬৩ লক্ষ বেকার যুবক-যুবতীর নাম কর্মবিনিয়োগ কেন্দ্রে লেখা আছে। প্রতি মাসেই তাদের মধ্যে থেকে কিছু কিছুর চাকরি পাওয়ার সুযোগ চলে যাচ্ছে। আর্থ-সামাজিক কাঠামো, কেন্দ্রীয় সরকারের আর্থিক নীতিই তার জন্য দায়ী। তাদের প্রতি আমাদের সহানুভূতি আছে কিন্তু শিক্ষক নিয়োগের প্রবেশন বিধিকে লংঘন করে কিছু করা হয় না, কিছু করার সুযোগ নেই।

শ্রী কল্লোল খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জুনিয়ার বেসিক ট্রেনিংপ্রাপ্ত বেকার যুবক-যুবতীদের '৯১ সাল থেকে '৯৮ সাল পর্যন্ত প্রাথমিক শিক্ষকের চাকরি দেওয়া বন্ধ ছিল নদিয়াতে। স্বাভাবিকভাবেই শিক্ষণপ্রাপ্ত বেকারদের বয়স বেড়ে যায়। '৯৩ সালে নদিয়া জেলাতে বেসিক ট্রেনিংপ্রাপ্ত ৪০ উর্ধ্বরা আজকে অনশনরত নদিয়া জেলা কাউনসিলের অফিসের সামনে। '৯৩ সালে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কাউনসিলে তাদের নাম যায় কিন্তু ৬ বছর সেটা বন্ধ থাকে। '৯৯ সালে ৪০ উর্ধ্বদের ইনটারভিউ নেওয়া হয়। কাউনসিল থেকে '৯৯ সালে ৪০ উর্ধ্বদের ভাই-বোনদের নেওয়া হল না। সেনসাস কর্মীদের ক্ষেত্রে যে রকম '৯৯ সাল থেকে ২০০১ সালে যে নিয়োগপত্র দেওয়া হল সেখানে আমরা দেখছি অন্য কোনো বেসিক ট্রেনিংপ্রাপ্ত—বেসিক ট্রেনিং-এর আগে জুডিসিয়াল স্ট্যাম্পের উপর সরকারের কাছে বন্ড দিতে হয় যে ৫ বছর তারা চাকরি করতে বাধ্য। সরকারও লক্ষ লক্ষ টাকা খরচ করেন তাদের ট্রেনিং-এর জন্য। আমি জানতে চাই নদিয়া জেলাতে '৯৩ থেকে '৯৯ এই ৬ বছর চাকরি দেওয়া কি কারণে বন্ধ ছিল এবং এই বয়স বাড়ার জন্য দায়ী কে মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

শ্রী কান্তি বিশ্বাস : আদালতের নির্দেশে যদি নিয়োগ বন্ধ থাকে এবং সেই সময় যদি বয়সের উর্ধ্বসীমা অতিক্রম করে তাহলে সরকারের কিছু করার থাকে না। বর্তমানে হাওড়া জেলাতে ১২ বছর ধরে কোনো শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না আদালতের নির্দেশে। ওখান থেকে অনেকে মামলা করেছেন, আদালত নিষেধাজ্ঞা জারি করেছেন। গত ১২ বছর হাওড়া জেলাতে কোনো শিক্ষক নিয়োগ করা যায়নি। এই সময়ের মধ্যে ৪০-এর বেশি যদি বয়স হয়ে যায় তার প্রতি সহানুভূতি থাকা সত্ত্বেও কিছু করার থাকে না। সেইজন্য এ ক্ষেত্রেও আমাদের কিছু করার নেই।

Mr. Speaker : The Minister-in-Charge of Judicial Department to make a statement on the subject of abnormal delay in setting up of Sub-divisional Courts in Kharagpur.

(Attention called by Shri Gyan Singh Sohanpal on the 12th March, 2003.)

Shri Nishith Adhikari :

1. After creation of a new Sub-division at Kharagpur, 5 Courts i.e. (i) Sub-divisional Judicial Magistrate, (ii) Judicial Magistrate, (iii) Judicial Magistrate (Railway), (iv) Sub-divisional Munsif and (v) Civil Judge (Sr. Division), were created for the said Sub-division at Kharagpur. Decision was taken on 27.2.97 that pending construction of permanent Court Building At Kharagpur, the said Courts should be housed in a rented building, popularly known as "Malancha". The said Buildings belongs to the Kharagpur Municipality and at a close proximate to Girimaidan Railway Station. The Hon'ble High Court, Calcutta also approved the proposed accommodation at 'Malancha' on 4.3.97 and the rent @ Rs. 17,990/- per month was also fixed with approval of the Finance Department on 3.9.97.

2. But whenever attempt was made for starting of the Courts in a temporary building as stated above, the same could not be matured due to agitational movement resorted to by the Midnapore Local Bar though demands for early starting of Courts at Kharagpur were received from some of other sections.

3. In the meantime, for construction of permanent Court Building and residential quarters at Kharagpur, about

150 decimals of vested land by the side of National Highway was earmarked by the District Magistrate, Midnapore on 11.3.97. Accordingly, the L & LR. Department of this Government was requested on 17.3.97 to handover the land to Judicial Department for immediate construction of the Court Building at Kharagpur. Thereafter, Collector, Midnapore furnished an estimate on 26.2.99 amounting to Rs. 13,30,000/- for the purpose of payment of L. A. Compensation. But on 19.11.99 L. & L.R. Department informed that transfer of 150 decimals of vested land to the Judicial Department was not possible on the ground that the Hon'ble High Court, Calcutta quashed the proposal for transfer of the vested land vide passed in C.O. No. 11991(W)/96-Smt. Gita Rani Ghosh–Vs–State of West Bengal.

4. In the meantime, another case bearing No. WP. No. 15595(W) of 1999-Amit Kr. Roy–Vs–State of West Bengal and others, was filed before the Hon'ble High Court, Calcutta. As per resolution adopted by the Full Court on 3.4.2000, a site comprising R. S. Plot Nos. 116, 118, 119 and 620 (Mauza-Mirpur) measuring 2.62 acres of land was approved by the Full Court for selection of a permanent site for construction of Subdivisional Court at Kharagpur. Accordingly, Dist. Magistrate, Midnapore was requested to take necessary action in this regard.

5. Accordingly, Rs. 46,68,228/- was released on 13.11.01 for payment of LA Compensation towards the handing over of the aforesaid land and the possession of the said land measuring 2.62 acres was taken on 20.3.02.

6. Thereafter, the P.W. Deptt. of this Govt. has been requested to prepare the plan and estimate for construction of Court Bldgs. at Kharagpur on 29.4.02. The receipt of the plan and estimate is still awaited although several reminders have been issued.

7. In the meantime, the Bar Association, Midnapore has adopted a resolution to the effect that agitational movement would be started if construction work is started before

disposal of W.P. No. 15595(W) of 1999. The case is still pending and as such we are unable to take any steps for shifting the court to "Malancha".

[12.20—12.30 p.m.]

Shri Gyan Singh Sohanpal : Sir, I have carefully heard the statement of the Hon'ble Minister. As usual and in keeping with the tradition of the Left Front Government, the Hon'ble Minister in his statement, in order to cover the lapses and the failures of his Government, has apportioned the blame on the Hon'ble High Court which is contrary to facts. Sir, I seek, therefore, your indulgence and through you the indulgence of the Hon'ble Members to place before the House the fact of the case.

Sir, the Administrative Reforms Committee recommended the establishment of Kharagpur Sub-division in Midnapore District in 1983. This Government sat over the recommendation for 13 long years and it was only on account of the persistent demand from the public the Government was obliged to set up Khagarpur Sub-division in Midnapore District on the 1st of January, 1996. Since then the administrative wing of the Sub-division is functioning in Kharagpur smoothly and without any hindrance.

With regard to setting up of judicial courts in Kharagpur, it was felt that it will not be possible immediately to set up permanent courts. Therefore, pending a satisfactory arrangement is made for a permanent court complex in Kharagpur, the authorities decided to set up a temporary court in the Municipal Building at Malancha Road, Kharagpur.

I will not take the time of the House to satisfy how the site was selected. The site was visited by the Hon'ble Justice Bhagwati Prasad Banerjee along with the Hon'ble Minister for Judicial Deptt. On a representation being made by the Bar Council, a second inspection was arranged which was done by no less than a person than the Acting Chief Justice of the High Court. Sir, the proposal was placed before the Administrative Committee of the Hon'ble High Court and the Committee has approved the proposal.

Sir, I have gone through the entire statement. You are a legal man, I mean a man from the legal profession. You will

understand the issue better that at no point of time the Hon'ble Court has prevented the Government or imposed any restriction on the Government for the construction of a permanent court complex in Kharagpur. This Government, an ineffective and incompetent Government and if I may say so, an impotent Government has taken seven years to acquire a plot of land which was without litigation. Sir, the land was acquired in last March. Since then, the Government have taken no steps whatsoever for the construction of a permanent court complex there. Now, with regard to the temporary court, the only impediment imposed by the Hon'ble High Court was that before shifting the Government must earmark the land where the permanent court complex will come up. Now, the land has been acquired. Eight months have passed since then but the Government have taken no initiatives to inform the Hon'ble High Court that the conditions imposed by the Hon'ble High Court have been fulfilled.

Sir, I would like to seek clarifications of two points : (1) Steps taken by the Government with regard to construction of a permanent court complex. Funds provided by the Government during the current financial year for the purpose. When the project is likely to be executed. (2) Why the Government have not moved the Hon'ble High Court for setting up the temporary court when the condition laid down by the Court has been fulfilled ? What is now standing in the way and when the Government is likely to move the Hon'ble High Court in this regard ? How long the people will continue to suffer ?

Sir, I would implore upon you to give direction to the Government to take immediate steps to finalise the setting up of court complex at Kharagpur.

Thank you, Sir.

Shri Nisith Adhikary : So far as I know, 198 is used only for clarification. Anyway, so far as the shifting of courts from Medinipur to Kharagpur, there is a public interest litigation that I have already said i.e. C.O. number 15595 (W) of 1999 which is pending. The matter was heard several times and the judgement has to be delivered soon. As there is a public litigation case and

the court actually called for records from several departments that cannot be done and so far as the permanent court buildings are concerned I have already said that once there was a case of vested land which was used by the Government for the construction and that was quashed and secondly another portion of land measuring 2.00 decimals have been acquired and there the Public Works Department is taking steps. Definitely after the judgement of the Hon'ble Court, it will be done at the earliest.

Shri Gyan Singh Sohan Pal : Sir, the Hon'ble Minister has not clarified the main point. The only condition imposed by the Hon'ble High Court was that before shifting the land earmarked for construction of permanent court should be shown. The land has been earmarked and acquired as desired by the Hon'ble High Court. Whether this information has been communicated to the Hon'ble High Court so that Hon'ble High Court may allow the Government to set up the court—I want an specific answer on this point.

[12.30—12.40 p.m.]

Shri Nisith Adhikary : I have already said that for shifting of the Court, a public interest litigation is now pending before the Court and there the Court has already called for the records from several Departments including P.W.D. and L.R. Department. So until and unless the case is finally disposed of, it will be difficult for the Government to take appropriate action. As early as possible that will be done. So far as the Government is concerned, Govt. is taking steps. The matter has been mentioned several times. It has been mentioned also in the last week.

Shri Gyan Singh Sohanpal : Sir, the Hon'ble Minister is trying to mislead the House. Here I am quoting from his own statement made on the floor of this House—"At the present moment, however, another impediment is there i.e. when the High Court accorded sanction, the High Court clearly stated before the shifting the land of the permanent Court in Kharagpur should be earmarked. The land has been earmarked, accorded by the District Magistrate but the L. R. Deptt. has not yet accorded sanction. Now that sanction has been received by the Government in March last year. What else is now standing in the way. Since this was the only impediment which has been removed. Has this been mentioned

before the Hon'ble High Court? I am sure, this has not been done and that is why I say the Government is responsible for the delay.

Shri Nisith Adhikary: The matter was mentioned before the Hon'ble High Court. The report has been given. Actually the High Court wanted to know whether the land was acquired or not. The land was acquired and it has been informed the High Court. Actually, the High Court heard out the matter. Only we are waiting for the judgement. This is still pending. I am expecting the judgement will come within a very short time. We are mentioning this matter again and again.

Mr. Speaker: Now I call upon the Minister-in-Charge of Judicial Department to make a Statement on the subject of problem being faced by the common people due to hike in Court fees in the State.

(Attention called by Shri Jyoti Priya Mallick, Shri Ashoke Kumar Deb, Shri Kallol Khan, Shri Arunava Ghosh, Shri Kalyan Banerjee, Shri Kashinath Mishra and Shri Pundarikakshya Saha, jointly on the 13th March, 2003)

শ্রী অশোক দেব : স্যার, মন্ত্রিমহাশয় যখন কোনো কথা বলেন এবং তিনি যখন বলেন ঠিক আছে আমরা কেসটা দেখব, তখন মন্ত্রিমহাশয়ের কথায় আমরা বিশ্বাস করি। সারা ভারতবর্ষের মধ্যে কি আমাদের রাজ্যে সবচেয়ে বেশি কোর্ট ফি থাকবে। আমার কাছে মাননীয় মন্ত্রীর নিজের হাতের লেখা একটা চিঠি আছে। যখন তার চেম্বারে আমাদের মিটিং হয়েছিল, মাননীয় অ্যাডভোকেট জেনারেল থেকে শুরু করে সবাই সেই মিটিঙে ছিল, তখন তিনি এক কথা বলেছিলেন। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন আমি আর কিছু করতে পারব না। আমার প্রশ্ন হচ্ছে, তিনি এই প্রোপোজাল মানবেন কিনা এবং এটা কমানোর ব্যবস্থা করবেন কিনা ? মাননীয় মন্ত্রিমহাশয় নিজে বলেছিলেন এটা যাতে কমানো যায় তার চেষ্টা করবেন। স্যার, আপনি নিজেও একজন প্রাক্তন আইনমন্ত্রী। আপনি ব্যাপারটা দেখবেন। মাননীয় মন্ত্রিমহাশয়ের নিজের হাতে লেখা কাগজটা আমি আপনাকে দিলাম।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ১৯৯৯ থেকে ২০০১ এবং ২০০২ সালে ভারতের সমস্ত রাজ্যে কোর্ট ফি-র হার সংশোধিত হয়েছিল, তার মামলার বিপরীতে কোর্ট ফি হোক বা নির্দিষ্ট খাতে কোর্ট ফি-র কথা হোক, সেখানে পশ্চিমবাংলার ক্ষেত্রে হারটা কত কমেছে বা বেড়েছে ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় মন্ত্রী মহা শয় জানাবেন কি—দেওয়ানি ও ফৌজদারি মামলার ক্ষেত্রে পশ্চিমবাংলায় দু-রকম কোর্ট ফি নির্ধারণ করা হয়েছে, অন্য কোনো রাজ্যে এরকম বিভাজনকারী ব্যবস্থা আছে কিনা ? আর, অর্থনৈতিক মানদণ্ডের

বিচারে পশ্চিমবাংলার সমমানের রাজ্যগুলোতে বা নির্দিষ্ট কোর্ট ফি-র ক্ষেত্রে পশ্চিমবাংলার সঙ্গে অন্য রাজ্যের তফাৎ কত—যেমন ওকালতনামা, মুলতুবি, অন্যান্য দরখাস্ত।

শ্রী নিশিথ রঞ্জন অধিকারী : আমি তিনজনের প্রশ্নের উত্তর আলাদা করে বলছি। মাননীয় বিধায়ক শ্রী অশোক দেব যেটা পড়েছেন—প্রতিশ্রুতি, ইত্যাদি ইত্যাদি এবং তিনি একটা কাগজও দেখানোর চেষ্টা করেছেন, সেই কাগজের কপিটা আমার কাছে আছে, সেটা আমি এই বিধানসভায় পড়ে শুনিয়ে দিচ্ছি। তাতে বার কাউনসিলের চেয়ারম্যান সই করেছেন, অন্যান্য লিডিং ল ইয়ার্সরাও সই করেছেন, উনিও সই করেছেন। কাগজে লেখা আছে : On being assured by the Chairman of the Bar Council of West Bengal and the members present in presence of the distinguished members of the Bar to the effect that sincere efforts will be made to put an end to the cease work of the lawyers. The Bar Council is informed that—

(1) Hazira fees will be withdrawn under section 47 of the Act.

(2) Clarification will be made as regard fees in Bail bond.

(3) The Government will seriously consider the suggestions regarding court fees relating to : বলে ১,২,৩,৪,৫ এইরকম বলেছেন। প্রথমটা হচ্ছে, প্রতিশ্রুতি যেটা দেওয়া হয়েছিল, প্রতিশ্রুতি দেওয়ার এক সপ্তাহের মধ্যেই আন্ডার সেকশন ৪৭ অফ দ্য অ্যাক্ট, হাজিরা ফি স্থগিত রাখার কথা ছিল, সেটা ৪৭ অনুযায়ী করা হয়েছে। শুধু তাই নয়, দুঃস্থ মহিলা বা যারা খোরপোষের মামলা করছে, সেখানে আন্ডার সেকশন ৪৭ করা হয়েছে। এবারে ক্ল্যারিফিকেশন যেটা বলেছে, ওই একই সঙ্গে জেনে অদ্ভুত লাগবে, আমাদেরও খারাপ লেগেছে, জুডিসিয়াল অফিসারদের, আইনজীবীদের যখন সুযোগ ছিল না, অ্যামেন্ডমেন্ট করা হয়েছে, সিডিউল সংশোধন করা হয়েছে। সেই আইনের সেকশন ২২-এ পরিষ্কার লেখা আছে ক্রিমিনাল কেসের ক্ষেত্রে, বেইল বন্ডের ক্ষেত্রে কোনো কোর্ট ফি লাগবে না। কিন্তু সবটাই তো একই বেইল বন্ড নয়, কনটেম্পট হয়, সিভিল বেইল বন্ডও হতে পারে। সে ক্ষেত্রে এটা লাগবে। আইনের অবস্থান সম্পর্কে বার কাউন্সিলের চেয়ারম্যানকে ও অন্যান্যদের গভর্নমেন্টের তরফ থেকে ঠিক সময়ে ব্যাখ্যাটা দেওয়া হয়েছিল, যেটা জানতেন না, সেটাও দেওয়া হয়েছে। এছাড়াও বলা হয়েছে গভর্নমেন্ট উইল সিরিয়াসলি কনসিডার। মানে, বিবেচনা করবেন। ছিল অ্যাডজর্নমেন্ট পিটিশন ইন সিভিল কেসের ক্ষেত্রে Uniform stamp for vokalatnama. Revision of Restoration fees in the High Court, Any error found in application of law to avoid duplication of court fees, if any. Procedure in Calculation of the values of suits, Court fees.

এই ছিল ৫টি কথা। আমরা এই ব্যাপারে বার কাউন্সিলকে বলেছিলাম। এরপর বার কাউন্সিল চিঠি দিয়ে এই ব্যাপারে আমাদের সাজেশান জানিয়েছে। আপনারা বুঝতেই পারছেন যে, বিবেচনা মানে কিন্তু সিদ্ধান্ত নয়। (গোলমাল)

এটা হচ্ছে অ্যাসেম্বলীর একটা আইন পাশ করিয়েছেন। তাতে প্রত্যেকেই আমরা পার্টি। বিবেচনা মানে আমরা বলতে পারি ভবিষ্যতে প্রথমে এটা পরীক্ষা করব। পরীক্ষা করা হয়েছে। বিবেচনা করা হবে এবং বিবেচনার পরে সিদ্ধান্ত নেওয়া হবে।

[12.40—2.45 p.m.]
(Including adjournment)

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Sixty-second Report of the Committee on Public Undertakings (2002-2003)

Shri Ranjit Kundu : Sir, with your kind permission I beg to present the Sixty-second Report of the Committee on Public Undertakings (2002-2003) based on the Action Taken by the Government on the recommendations contained in the Fifty-sixth Report of the Committee relating to the Calcutta State Transport Corporation under the Transport Department, Government of West Bengal.

LAYING OF REPORT

Second Annual Report along with Audited Accounts of the West Bengal National University of Juridical Sciences, Kolkata for the year 2001-2002

Shri Nisith Adhikary : Sir, I beg to lay the Second Annual Report along with Audited Accounts of the West Bengal National University of Juridical Sciences, Kolkata for the year 2001-2002.

PRESENTATION OF THE SUPPLEMENTARY ESTIMATE FOR THE YEAR 2002-2003

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to present the Supplementary Estimates for the year 2002-2003.

(At this stage the House was adjourned till 2.45 p.m.)

[2.45—2.55 p.m.] (After recess)

মিঃ স্পীকার : মিঃ রবীন দেব, আপনার কি ইনফরমেশন আছে ?

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৩ তারিখে এবং ২১ তারিখে এই হাউসে আপনার চেয়ার থেকে ইরাকের উপর মার্কিন সাম্রাজ্যবাদের উপর যে আক্রমণ

২০ তারিখ থেকে একতরফাভাবে গুলি বর্ষণ, নৃশংস হত্যাকাণ্ড চলছে তার বিরুদ্ধে এখানে প্রস্তাব উত্থাপন করা হয়েছিল। আজকে আমাদের বিধানসভার সদস্যরা মার্কিন কনসাল জেনারেলের কাছে মেমোরেন্ডাম নিয়ে যাই মিছিল করে। ১৩ জনের প্রতিনিধিদল কনসাল জেনারেলের কাছে স্মারকলিপি উত্থাপন করে। তার সঙ্গে আমাদের যে বক্তব্য এখানে রাখা হয়েছিল সেখানে অত্যন্ত জোরের সঙ্গে এই কথা বলা হয় যে অবিলম্বে যুদ্ধ বন্ধ করতে হবে। যেভাবে ওখানকার মানুষের উপর আক্রমণ চালানো হচ্ছে, ইউ. এন. ও.-র সমস্ত শর্তকে উপেক্ষা করে ইরাকের সাধারণ মানুষের উপর আক্রমণ চালানো হচ্ছে, তাদের অধিকারের উপর হস্তক্ষেপ করা হচ্ছে তা নিন্দার যোগ্য। এমনকি আমি এই কথা হাউসকে জানাতে চাই যে সেই প্রতিনিধি দলের কাছে এটাই বোঝানোর চেষ্টা হয়েছে যে সাদ্দাম নাকি ওদের দেশে আনপপুলার তাই এমন ঘটনা ঘটছে, এটাই উপস্থাপন করার চেষ্টা হয়েছে। সেখানে আমাদের বক্তব্য আমরা রেখেছি যে সেখানকার জনগণই ঠিক করবে কারা সেই দেশকে শাসন করবে। ব্রিটিশ এবং তার সহযোগী আমেরিকাকে কে অধিকার দিল হস্তক্ষেপ করার। আজকে আমরা সকলে মিলে, সব দলের প্রতিনিধিরা মিলে ঐক্যবদ্ধভাবে মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, যুদ্ধের বিরুদ্ধে প্রতিবাদ ধ্বনিত করেছেন এটাই আমি হাউসকে জানাতে চাইছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে এক ঐতিহাসিক দিন। সমস্ত রাজনৈতিক দলের কিছু প্রতিনিধি—আপনার চেয়ার থেকে যে প্রস্তাব নেওয়া হয়েছিল, এর আগে আমরা দুবার সমর্থনও করেছি, সেই মতো মেমোরেন্ডাম নিয়ে আমেরিকার কনসাল জেনারেলের সঙ্গে দেখা করি। দুঃখের ব্যাপার হচ্ছে কনসাল জেনারেল বারবার এ কথাটাই বুঝানোর চেষ্টা করছিলেন যে ইরাকে কোনো গণতন্ত্র নেই। সেজন্য আমেরিকা দায়িত্ব নিয়েছে সেখানে গণতন্ত্র প্রতিষ্ঠা করার জন্য। সাদ্দাম নাকি স্বৈরাচারী। আমরা দৃঢ়তার সঙ্গে তাঁকে জানিয়েছি যে রাষ্ট্রপুঞ্জ আমেরিকাকে কোনো অধিকার দেয়নি কোনো দেশে গণতন্ত্র আছে কি নেই সেটা নির্ধারণ করার। সেটা ঠিক করবে সেই দেশের মানুষ। বরং রাষ্ট্রপুঞ্জের এই যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্তকে অমান্য করে আমেরিকা একতরফাভাবে ইরাকের উপর বোমা বর্ষণ করছে, গুলি চালিয়ে যাচ্ছে, এটা বন্ধ করতে হবে। আজকে সারা বিশ্বের শান্তিকামী মানুষ তারা এই যুদ্ধের বিরুদ্ধে বিক্ষোভ দেখাচ্ছে। এমনকি আমেরিকাতেও যুদ্ধের বিরুদ্ধে প্রতিবাদ ধ্বনিত হচ্ছে, বিক্ষোভ ধ্বনিত হচ্ছে। এটা অত্যন্ত জোরের সঙ্গে আমরা জানিয়েছি। আমাদের বার্তা কোথায় গিয়ে পৌঁছবে জানি না, সারা বিশ্বের মানুষ এর বিরুদ্ধে ধিক্কার জানিয়েছে সেটা অন্তত আমরা তাঁকে জানাতে পেরেছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাদের কাছে আনন্দের এই হাউস এবং পশ্চিমবাংলার কাছে এটা গৌরবের। ভারত সরকার এই আমেরিকা মার্কিন সাম্রাজ্যবাদের জঘন্যতম আক্রমণ ইরাকের উপরে তার বিরুদ্ধে নিন্দাসূচক প্রস্তাব গ্রহণ করতে না পারলেও আমরা এই হাউস থেকে ঐক্যবদ্ধভাবে গোটা বিশ্বের শান্তিকামী মানুষের সঙ্গে হাত মিলিয়ে তাদের সুরে সুর মিলিয়ে এই যুদ্ধের বিরুদ্ধে আমরা মার্কিন সাম্রাজ্যবাদ

এবং তার সহযোগী তাদের এই ইরাকের উপর যে জঘন্যতম আক্রমণ তার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে আমরা নিন্দাসূচক প্রস্তাব গ্রহণ করেছি. আপনি আপনার চেয়ার থেকে এই প্রস্তাব পেশ করেছেন এবং আমরা সকলে সমর্থন করেছি। আজকে এই হাউস থেকে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধি. সদস্যরা গিয়েছিলাম আমেরিকান কনসালের কাছে এবং সেখানে আমাদের বক্তব্য প্রস্তাব অনুযায়ী আমরা রেখেছি এবং আমাদের প্রস্তাব শুনে তিনি ডিফেন্ড করার চেষ্টা করেন তাঁর সরকারের স্ট্যান্ডের পক্ষে যে সাদ্দাম হোসেনের সিকিওরিটি কাউন্সিল ইউ. এন. ও.-র ১৬টা রেজোলিউশান ভায়োলেট করছে। তাতে আমাদের প্রতিনিধিদের তরফ থেকে তাঁকে জিজ্ঞাসা করা হয়েছে এটা কি সিকিওরিটি কাউন্সিল আপনাদের এমপাওয়ার করেছে ইউ. এস. এ. তারা এটা যাতে কমপ্লাই করে সেই জন্য তাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করছে। কোন দেশে তার সরকার কি রুল করবে এটা সে দেশের জনগণ নির্ধারণ করবে। আপনাদের এলিগেশান যদি কারেক্টও হয় তাহলে সাদ্দাম জনগণের আস্থা অর্জন করতে পারলো, কি পারলো না সেটা ইরাকের মানুষ সিদ্ধান্ত গ্রহণ করবে। অন্য দেশের ইন্টারফেয়ার করার দরকার নেই। অবিলম্বে সেনা প্রত্যাহার করা হোক।

শ্রী অসিত মিত্র : সর্বপ্রথমে আমি আপনাকে ধন্যবাদ দেব এই কারণে যে আপনি আপনার চেয়ার থেকে যে প্রস্তাব এনেছিলেন ইরাকে মার্কিন আগ্রাসনের বিরুদ্ধে যুদ্ধের বিরুদ্ধে এবং গ্রেট ব্রিটেন একই চরিত্রের, তারা যুদ্ধবাজ চরিত্র গ্রহণ করেছে তাদের বিরুদ্ধে আপনি যে প্রস্তাব এই মহামান্য কক্ষে এনেছেন, তাকে সর্বান্তকরণে গ্রহণ করেছেন এবং তার পরে সিদ্ধান্ত হয়েছিল আমরা আমেরিকান কনসাল জেনারেলের কাছে এই প্রস্তাব নিয়ে মিছিল করে বিধানসভার সদস্যরা যাব এবং কয়েকজন প্রতিনিধি কনসালের সঙ্গে আলোচনা করবেন। আজকে এই বিধানসভা থেকে এই পবিত্র দায়িত্ব আমরা সকলে একযোগে পালন করেছি। বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে আদর্শগত পার্থক্য আছে কিন্তু ইরাকের উপরে, সাদ্দাম হোসেনের উপরে এই আক্রমণের বিরুদ্ধে নিন্দাসূচক প্রস্তাব আমরা গ্রহণ করেছি— এখানে মাননীয় সদস্যরা স্পষ্ট করেই বলেছেন, আমার পূর্ববর্তী বক্তা যা বলেছেন আমি সেই একই কথা আর বলতে চাই না। তবে আমেরিকা যদি মনে করে থাকেন যে সাদ্দাম হোসেন দীর্ঘ ৩০ বছর অগণতান্ত্রিকভাবে দেশ চালিয়েছেন বলে আমেরিকা তাদের উপরে আক্রমণ করছেন, তাহলে পৃথিবীর এমন অনেক রাষ্ট্র আছে যাঁরা ওই একই চরিত্র নিয়ে দেশ চালাচ্ছেন, তাঁদের বিরুদ্ধে আমেরিকার বক্তব্য কোথায় ? তার উত্তর তিনি দিতে পারেননি। আমাদের সদস্যরা সৌদি আরবের কথা বলেছেন, কুয়েতের কথা বলেছেন। যাইহোক কেউ কেউ ভেস্টেড ইন্টারেস্টে তেলের কথা বলেছেন। আজকে আমি আনন্দিত যে এই বিধানসভা থেকে ঐতিহাসিক ঘটনা ঘটলো, আমি সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

GENERAL DISCUSSION ON BUDGET

Mr. Speaker: Now, General Discussion on Budget—first day.

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় গত ২০শে মার্চ এই সভায় ২০০৩-০৪ সালের যে বাজেট বিবৃতি পেশ করেছেন তার

বিরোধিতা করে, আমি সরকারের কাছে কয়েকটি বিষয়ে সরকারি বক্তব্যের পুনর্বিবেচনার জন্য আবেদন জানাবো।

[2.55—3.05 p.m.]

এবং পশ্চিমবঙ্গ সরকারের লাগাতার অর্থনৈতিক চিন্তাধারার আবিলতার ফলে গোটা পশ্চিমবাংলার অর্থনীতির মেরুদণ্ডটা ন্যুব্জ হয়ে আজকে কোথায় এসে দাঁড়িয়েছে সে সম্পর্কে একটা চালচিত্র তুলে ধরার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে দেখাবার চেষ্টা করেছেন যে এবারকার বাজেটে ঘাটতি দাঁড়াবে ৭৯৩ কোটি টাকা। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয় হিসাবের কারচুপিটা ধরা পড়ে গেছে। তার কারণ মাননীয় মন্ত্রী আজ থেকে দু'মাস আগে পশ্চিমবাংলায় কয়েকটা ক্ষেত্রে যে ভাবে নতুন করে কর বসিয়ে প্রায় ৫০০ কোটি টাকা আদায় করার চেষ্টা করেছেন তা এই ৭৯৩ কোটির সঙ্গে যদি যোগ করা যায় তাহলে সংখ্যাটা দাঁড়াচ্ছে ১২৯৩ কোটি টাকা। এই ৫০০ কোটি টাকার ভেতর সরকার ভূমি রাজস্বে ৭ টাকা থেকে ২০ টাকা পর্যন্ত বৃদ্ধি করেছেন যার ফলে আয় করবেন বলেছেন ৮০ কোটি টাকা, স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন ফি-র উপর তারা শতাংশ বৃদ্ধি করেছেন যার ফলে আয় করবেন ১০০ কোটি টাকা, রাজ্য আবগারী শুল্কের খাতে আয় করবেন ৫০ কোটি টাকা, পেট্রোল এবং ডিজেলের উপর সেস বসিয়ে তারা আয় করবেন ১৪০ কোটি টাকা। মোটর যানের উপর কর বসিয়ে তারা আয় করবেন ৬০ কোটি টাকা, কোর্ট ফি বাড়িয়ে দিয়ে তারা আয় করবেন ২০ কোটি টাকা। অর্থাৎ সাকুল্যে ৫০০ কোটি টাকা তারা নতুন কর বসিয়ে, প্রথমে কতগুলো কালো অর্ডিন্যান্স এবং সেই কালো অর্ডিন্যান্সকে শুধুমাত্র সংখ্যা গরিষ্ঠতার জোরে সংসদীয় গণতন্ত্রের দিকে তোয়াক্কা না রেখে, পশ্চিমবাংলার গণতন্ত্রটা মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা সংখ্যাগরিষ্ঠের গণতন্ত্র চলছে। নিউম্যারিক্যাল ভ্যালুড ডেমোক্রেসি চলছে। এখানে না ন্যায় আছে, না নীতি আছে না বিচার আছে, না বিশ্লেষণ আছে, না সত্যভূমির উপর দাঁড়িয়ে গোটা বিষয়টা নিয়ে আলোচনার কোনো অবকাশ এই সরকার রেখেছেন। এই ৭৯৩ কোটি টাকার সঙ্গে যদি ৫০০ কোটি টাকা আরো যোগ করেন তাহলে ঘাটতি দাঁড়ায় ১২৯৩ কোটি টাকা। আর, মাননীয় মন্ত্রী দেখাচ্ছেন প্রশাসনিক ব্যয় সংকোচের মাধ্যমে রাজস্ব খাতে আয় দাঁড়াবে ৪০০ কোটি টাকা। এই গান আমরা অনেকদিন ধরে শুনে আসছি। গত ৩ বছর যাবৎ মাননীয় মন্ত্রী আপনি বলবেন একজন আমলারও কটা বে-আইনী গাড়ি যা চলছে, কেটে নিতে পেরেছেন ? পশ্চিমবাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী যে ৯-টা গাড়ির কনভয় নিয়ে ঘুরে বেড়াচ্ছেন তার একটা গাড়িও কেটে নিতে পেরেছেন ? প্রাক্তন মুখ্যমন্ত্রী যে বাড়িতে থাকেন, সেই ইন্দিরা আবাসের ভাড়া আপনাদের পার্টির তরফ থেকে দেবেন বলে, আপনাদের পত্রিকায় বলেও এখনও সরকারি কোষাগার থেকে সেই ভাড়া দিয়ে যাচ্ছেন এবং তার পরেও মন্ত্রীরা কি ব্যাপকভাবে রাজস্ব নিয়ে তছরূপ করছেন তার কয়েকটা হিসাব আপনাদের কাছে বলি। এই ৪০০ কোটি টাকা বাঁচাবার যে গল্প আপনি ফেঁদেছেন, যে মিথ্যাকথা এখানে বলেছেন, যে অসত্য ভাষণ করেছেন তার পরিপ্রেক্ষিতে এটা বোঝা যায় এই ৪০০ কোটি টাকাও ঘাটতি হবে। সব

মিলিয়ে যোগ করলে, ৭০০ কোটি যোগ ৫০০ কোটি যোগ ৪০০ কোটি অর্থাৎ ১৬০০ কোটি টাকা দাঁড়াবে। আপনার একজন মাননীয় মন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী আপনি লিখে নিন, তিনি দিল্লী গেলেন, দিল্লী থেকে গাড়ি নিয়ে তিনি কোথায় কোথায় যাচ্ছেন ? দিল্লী-পানিপথ ৮৮৩ কিলোমিটার, দিল্লী-আগ্রা ১৩৪৭ কিলোমিটার, দিল্লী-মিরাট, দিল্লী-জয়পুর, দিল্লী-পানিপথ, দিল্লী-মথুরা, দিল্লী-হরিদ্বার, ঋষিকেশ-দেরাদুন-মুসৌরি, দিল্লী-পানিপথ-সানিপথ, দিল্লী-বৃন্দাবন, দিল্লী-চণ্ডীগড়, দিল্লী-আগ্রা, মথুরা, আজমিড় এবং জয়পুর। কিসে করে যাচ্ছেন ? মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি দেখুন এখানে সরকারের আলোচনাপত্রে, সরকারি মেমোরেন্ডামে বলে দেওয়া হচ্ছে মন্ত্রীর এই সমস্ত ট্যুর ওয়াজ অফ পার্সোনাল নেচার। নিজের ব্যক্তিগত কাজে তিনি এই ট্যুরগুলো করেছেন এবং তিনি এই ট্যুরে কিসে গেছেন ? এস্টিম এ. সি.-টু কার। এস্টিম এ. সি. দুটো গাড়ি ভাড়া নিয়েছেন এবং দিল্লী থেকে যে জায়গাগুলোর কথা বললাম সেখানে তিনি ঘুরে এসেছেন। টোট্যাল খরচ দিতে হয়েছে রাজ্য সরকারকে, ১ লক্ষ ৭৬ হাজার টাকা। আপনি খরচ বাঁচাচ্ছেন ? বাংলার মানুষকে আপনি বলছেন কৃচ্ছ্রসাধন কর আর আপনার মন্ত্রী এস্টিম এ. সি. দুটো গাড়ি নিয়ে ঘুরে বেড়াচ্ছেন, আপনার মন্ত্রী কোয়ালিস এ. সি. গাড়ি নিয়ে ঘুরে বেড়াচ্ছেন। ১১৭৮ কিলোমিটার একদিন, ১২৭৩ কিলোমিটার একদিন, ১২৪৯ কিলোমিটার একদিন, ৬৪২ কিলোমিটার একদিন, ৬৭৫ কিলোমিটার একদিন। কোথায় কোথায় ঘুরে বেড়িয়েছেন ? উত্তর ভারতের সমস্ত দর্শনীয় স্থান এবং তথাকথিত ধর্মের পীঠস্থানগুলো তিনি ঘুরে বেড়িয়েছেন কোয়ালিস গাড়ি নিয়ে। কোয়ালিস গাড়ি নিয়ে তিনি ঘুরে বেড়াচ্ছেন, এস্টিম গাড়ি নিয়ে ঘুরে বেড়াচ্ছেন। আর আপনি যখন বাজেট পেশ করছেন তখন অসত্য ভাষণ দিয়ে বলছেন—আপনার যা খরচা হচ্ছে আশা করছেন আপনি বাঁচাবেন, বাঁচিয়ে ৪০০ কোটি টাকা নাকি আরও রাজস্ব ব্যয় বৃদ্ধির দিকে যোগ করবেন। শুধু তাই নয়, আপনার অফিসাররা মদ খাচ্ছে, মদের বিল আপনি পেমেন্ট করছেন। ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টার যেখানে আপনার রেসিডেনশিয়াল কমিশনার দিল্লীতে আছেন, তিনি মদ খেয়ে এসেছেন—রিভেরা ওয়াইন গ্লাস ১৬৯৮ টাকা, তারপর আরেকটা মদের বিল করেছেন সেখানে করেছেন ৪৩৩৬ টাকা—একদিন,—ইন ওয়ান ইভিনিং—আপনার রেসিডেনশিয়াল কমিশনার, লিখে নিন মাননীয় অর্থমন্ত্রী মহাশয়—ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টার সেখানকার বিলের টাকা আপনার কোষাগার থেকে আপনি দিয়েছেন। যদিও আপনার দায়িত্ব ছিল, আপনার অফিসাররা বলেছিলেন 'এই বিলের টাকা আমরা দেব না'। তাঁরা মেমোরান্ডাম দিয়ে বলেছিলেন, 'এই বিলের টাকা দেওয়া যাবে না'। কিন্তু আপনার সংশ্লিষ্ট মন্ত্রী তিনি তলায় নোট দিয়ে বলেছিলেন, 'এই টাকাটা দিয়ে দেওয়া হোক, আমি মনে করছি এটা সঠিকভাবে খরচা করা হয়েছে'। আপনার ট্র্যান্সপোর্ট মিনিস্টার, তিনি লক্ষ লক্ষ টাকা খরচা করে গাড়ি চড়েছেন, আপনার ডিপার্টমেন্ট থেকে ট্রেজারি অবজেক্শন মেমো নম্বর ২৬/৪/৯, সেখানটায় বলা হচ্ছে যে, এই টাকা আমরা দিতে পারবো না, তার কারণ These tours were of personal nature and the Minister used the vehicle on his personal budget. So the department cannot pass his expenditure bill. মন্ত্রী তলায় সই করে বলছেন যে, 'এগুলো সরকারি বিল, সরকারি

কাজে আমি গিয়েছি, সুতরাং টাকা দিয়ে দেওয়া হোক'। শুধু তাই নয় একজন মন্ত্রী নয়, আরও ২ জন মন্ত্রী—দিল্লী-মথুরা গিয়েছেন ৬৫০ কিলোমিটার, দিল্লী-হরিদ্বার গিয়েছেন—হরিদ্বারে ৪ রাত, ফোর নাইট স্টে করে তিনি ফিরে এসেছেন—এম. আই. সি. (ফরেস্ট), এম. আই. সি. (হায়ার এডুকেশন) তিনিও একই ভাবে দিল্লীতে গিয়েছেন, দিল্লী থেকে গাড়ি নিয়ে হরিদ্বার ঘুরে এসেছেন, বিভিন্ন জায়গায় ঘুরে এসেছেন। সরকারি তহবিল থেকে তাঁরা ব্যক্তিগত পর্যায়ে দিনের পর দিন লাখ লাখ টাকা খরচা করে তাঁরা নিজেদের মনসবদারি বজায় রাখছেন। আর আপনি আপনার বাজেট পেশ করতে গিয়ে বাংলার মানুষকে ধোঁকা দিচ্ছেন, আপনি বিধানসভার সদস্যদের ধোঁকা দিচ্ছেন। আপনি বলছেন প্রশাসনিক ব্যয় সংকোচের মাধ্যমে রাজস্ব ব্যয় সংকোচ আপনি ৪০০ কোটি টাকা করবেন। তাহলে আপনি এই ৪০০ কোটি টাকা খরচা বাঁচাতে পারছেন না। আপনার কটা সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারির গাড়ি কেড়ে নিতে পেরেছেন ? আপনার মন্ত্রীদের যথেচ্ছ খরচা আপনি কতটা কমাতে পেরেছেন ? আজকে আপনি খরচ বাড়িয়ে যাচ্ছেন। তার ফলে ডেফিসিট আজকে কোথায় গেছে ? আপনি বাজেট অ্যাট এ গ্ল্যান্স-এ ৭৯৩ কোটি টাকা দেখিয়ে বাংলার মানুষকে ধোঁকা দেওয়ার চেষ্টা করছেন। কি বলেছেন এখানে ? ফিস্‌কাল্‌ ডেফিসিট্‌ ১২২৭৩ কোটি ৯৫ লক্ষ টাকা। আপনি এখানে কি করছেন ? লোন রিপেমেন্টের চেহারাটা দেখুন মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনিও দেখুন স্টেটমেন্ট ১৯, লোন রিপেমেন্ট ২০০১-২০০২ সালে অ্যাকচুয়াল লোন রিপেমেন্ট করেছিলেন ৭৯৪৩ কোটি টাকা, ২০০২-২০০৩ সালে আপনাকে বাজেট করতে হয়েছিল ৯২২৫ কোটি টাকার, তাকে দিতে হয়েছিল ১০৩৯২ কোটি টাকা। ২০০১-২০০২ সালে লোন রিপেমেন্ট হয়েছিল ৭৯৪৩ কোটি টাকা, ২০০২-২০০৩ সালে লোন রিপেমেন্ট ৩ হাজার কোটি টাকা বেড়ে গেল—এই সময় আপনি লোন রিপেমেন্ট করলেন ১০৩৯২ কোটি টাকা। এবারে প্রোজেক্ট করেছেন কত ? এবারে করেছেন ১৪৬০৪ কোটি টাকা, ৪ হাজার কোটি টাকা আপনি বাড়িয়ে দিলেন আপনার লোন রিপেমেন্টের জন্য। এটা তো বাজেট, এর পরে আরও ৩ হাজার কোটি টাকা বাড়বে, আপনি গোটা রাজ্যকে একটা ডেট্‌ ট্র্যাপের মধ্যে ফেলে দিচ্ছেন। আপনি হিসেব কষেছিলেন যে, ৯২২৫ কোটি টাকা দেবেন লোন রিপেমেন্টে, কিন্তু আপনাকে সেই বছরে দিতে হয়েছে ১০৩৯২ কোটি টাকা, ৮০০ কোটি টাকা বেশি দিতে হয়েছে, এবছর আপনি দিতে যাচ্ছেন, বাজেট করেছেন ১৪৬০৪ কোটি টাকা—আমি জানি না শেষ পর্যন্ত কোথায় গিয়ে দাঁড়াবে ? কোথায় গিয়ে দাঁড়াবে আজকে ? আপনি এমন একটা অবস্থা নিয়ে এসেছেন, আপনি ইন্টারেস্ট পেমেন্ট যেভাবে বাড়িয়ে যাচ্ছেন দিনের পর দিন, তার ফলে রাজ্যের কোষাগার শূন্য হবে। রাজ্যের কোষাগার যত শূন্য হবে তত অসত্য বিবৃতি আপনি বাড়িয়ে যাবেন। আপনি আপনার বিবৃতিতে বলেছিলেন যে, এনট্রি ট্যাক্স থেকে ৫০০ কোটি টাকা তুলবেন, গোটা ভারতবর্ষে অক্ট্রয় ট্যাক্স বন্ধ হয়ে গেছে, আপনি এনট্রি ট্যাক্স থেকে ৫০০ কোটি টাকা তুলবেন এই বছরে। আপনাকে বিল করতে হবে, বিলটা এই হাউসে পেশ করতে হবে, বিল হাউসে আলোচনা করে গ্রহণ করা হবে, তারপর মাননীয় রাজ্যপাল মহাশয়ের কাছ থেকে মাননীয় রাষ্ট্রপতির কাছে যাবে, মাননীয় রাষ্ট্রপতি মহাশয়ের কাছ থেকে সই হয়ে এখানে

ফেরত আসবে এবং তারপর আপনি ইনফ্রাস্ট্রাকচার তৈরি করবেন, তারপর আপনি টাকা তুলতে বেরোবেন।

[3.05—3.15 p.m.]

বাজেট বিবৃতিতে আপনি উল্লেখ করলেন, ৫০০ কোটি টাকা এই করের মাধ্যমে আপনি আদায় করবেন ! এক পয়সাও এর থেকে আদায় করতে পারবেন না। তার ফলে আপনি ঘাটতি যেটা বলছেন ৭৯৩ কোটি টাকা, তার সঙ্গে যোগ হবে ৫০০ কোটি টাকা, যোগ হবে ৪০০ কোটি টাকা এবং যোগ হবে এই ৫০০ কোটি টাকা। অর্থাৎ মোট প্রায় ২২০০ কোটি টাকা ঘাটতি দাঁড়াবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অসত্য ভাষণেরও একটা সীমা থাকা দরকার। মাননীয় অর্থমন্ত্রী বলছেন, পশ্চিমবাংলায় এ বছর ৫০০ মাধ্যমিক শিক্ষা কেন্দ্র স্থাপন করবেন। এক বছরে রাজ্যে ৫০০ মাধ্যমিক স্কুল এই সরকার রাজ্যে তৈরি করবেন। তারপরই কি বলছেন ? 'আমরা গত বছর ৬৪টি করতে পেরেছিলাম।' মাননীয় অর্থমন্ত্রী, আমি আপনাকে সরাসরি জিজ্ঞেস করছি, আপনি আপনার জবাবী ভাষণে বলবেন এই ৬৪টি মাধ্যমিক বিদ্যালয়ের ঠিকানাগুলি কি কি ? কোথায় কোথায় গত এক বছরে আপনি ৬৪টা মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করেছেন ? ৬৪টি মাধ্যমিক বিদ্যালয় হয়েছে ? হতে পারে না, এ রাজ্যে এই অবস্থার মধ্যে তা হওয়া সম্ভব নয়। বিদ্যালয় স্থাপনের জন্য কিছু ইনফ্রাস্ট্রাকচার দরকার। সেই ইনফ্রাস্ট্রাকচার আপনারা এখানে তৈরি করতে পারেননি। যেখানে নতুন কোনো প্রাইমারি বিদ্যালয় তৈরি করতে পারেননি সেখানে এক বছরে ৫০০ মাধ্যমিক বিদ্যালয় করবেন। এক বছরে ৫০০ বিদ্যালয় তৈরির মানে গড়ে দৈনিক দেড়খানা স্কুল তৈরি করা। মাননীয় অর্থমন্ত্রী, আপনি বলেছেন এ বছর ৫,০০০ শিশু শিক্ষাকেন্দ্র স্থাপন করবেন। মানে কি ? রোজ গড়ে প্রায় ২২টা করে শিশু শিক্ষাকেন্দ্র তৈরি করা। অথচ আমরা দেখছি এই সরকার শিক্ষাখাতে অনুদান কমিয়ে দিয়েছে। গত বছর এই খাতে ২৯২ কোটি টাকা ধার্য হয়েছিল ; এ বছর মাত্র ৯৩ কোটি টাকা অনুদান খাতে বরাদ্দ করা হচ্ছে। এই হেডে অর্থের পরিমাণ অনেক কমিয়ে আনা হচ্ছে। এর পরেও মাননীয় অর্থমন্ত্রী, আপনি এই সব স্টেটমেন্ট দিয়ে এই হাউসকে বিভ্রান্ত করছেন, পশ্চিমবাংলার মানুষদের বিভ্রান্ত করার চেষ্টা করছেন।

মাননীয় অর্থমন্ত্রী, আপনি বলেছেন, আপনারা শিল্পের ক্ষেত্রে পশ্চিমবাংলায় বিপ্লব আনবেন। কথায় কথায় আপনারা একটা হলদিয়া দেখিয়ে পশ্চিমবাংলার শিল্পের মানচিত্রটাকে তুলে ধরবার চেষ্টা করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইছি, তারা এখানে কোনো ইনসেনটিভ স্কিম, কোনো প্যাকেজ হেভি ইন্ডাস্ট্রির জন্য বা মিডিয়াম ইন্ডাস্ট্রির জন্য বা স্মল স্কেল ইন্ডাস্ট্রির জন্য কি ঘোষণা করেছেন ? তাঁরা কি বলেছেন যে, শিল্প উদ্যোগীদের এই এই প্যাকেজ দেবেন এখানে শিল্প করার জন্য ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভারতবর্ষের সমস্ত রাজ্য এটা দিচ্ছে। ফলে তারা শিল্প উদ্যোগীদের টেনে নিয়ে যাচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী, আপনারা সেটা করতে পারছেন না, শুধু

কেন্দ্রীয় সরকারের দোষ দেখাচ্ছেন। আপনারা শিল্পে লগ্নির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দোষ দেখান, বিশ্বায়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দোষ দেখান। অথচ আপনারা দেখতে পান না যে, এই সমস্ত নীতির ফলে মহারাষ্ট্র এগিয়ে যাচ্ছে ! এর ফলে আজ অন্ধ্র এগিয়ে যাচ্ছে, কর্ণাটক এগিয়ে যাচ্ছে। এমনকি এর ফলে পিছিয়ে পড়া রাজ্য উড়িষ্যা পর্যন্ত এগিয়ে চলেছে। তারা যদি এগুতে পারে, তাহলে আপনারা কেন পারছেন না ? কারণ আপনাদের চিন্তা-ভাবনায় ঘাটতি রয়েছে। আপনাদের কোনো স্বচ্ছ চিন্তাধারা নেই। আপনারা ইনসেনটিভ দিয়ে শিল্পপতিদের, শিল্প উদ্যোগীদের এ রাজ্যে আকর্ষণ করতে পারছেন না। মাননীয় অর্থমন্ত্রী, গতবার বাজেট বক্তৃতায় আপনি বলেছিলেন বন্ধ কারখানা খোলার জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করা হবে। সেই ১০০ কোটি টাকার কত টাকা আপনি খরচ করেছেন তা আমরা জানি না। আপনি গত বছর ১০০ কোটি টাকা বাজেটে রেখেছিলেন—ইউ কেপ্ট দি প্রোভিশন কিন্তু এ বছর একটা টাকাও বন্ধ কারখানা খোলার জন্য রাখেননি। উপরন্তু আপনাদের মন্ত্রীসভা সিদ্ধান্ত নিয়েছে—যে কোনো কারখানার জমি বিক্রি করে সেখানে মালটিস্টোরিড বিল্ডিং করা যাবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকারের এই সিদ্ধান্তের পরে কলকাতা, হাওড়া প্রভৃতি শহরে আর কেউ কোনো কল-কারখানা রাখবে ? এরপর আর কে প্রোডাকশান ইউনিট চালাতে চাইবে ! পুরনো এক-একটা কারখানার ১০ বিঘে, ২০ বিঘে, ৩০ বিঘে করে জমি রয়েছে। তারা সেগুলি বিক্রি করে সেখানে বাড়ি তৈরির ব্যবসা করবে। 'জয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানী'র দুটো কারখানা ছিল। তারা বলেছিল একটা বিক্রি করে আর একটাতেই দুটো কারখানা চালাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'জয়া ইঞ্জিনিয়ারিং', 'উষা ফ্যান', 'উষা সেলাই মেশিন' প্রস্তুত করত। এই সরকারের অনুমোদন নিয়ে তাদের ১৩০ বিঘে জমি বিক্রি হয়ে গেল, ৭০০ কোটি টাকা মুনাফা করল। আর যে কারখানাটা চালাবে বলেছিল সেটাও উঠে গেছে। সেখানে শ্রমিকদের তারা বলে দিয়েছে—তোমাদের কারখানায় আসতে হবে না, বাড়িতে বসে থাকো, মাসের এক তারিখে বাড়িতে মাইনে পেয়ে যাবে। এই অবস্থা হয়েছে !

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ রাজ্যে নতুন ইন্ডাস্ট্রিস তো হচ্ছেই না, বরঞ্চ পুরনো ইন্ডাস্ট্রিগুলি পর্যন্ত বন্ধ হয়ে যাচ্ছে। জুট ইন্ডাস্ট্রির ক্ষেত্রে আমরা দেখছি এক-একটা মিল রুটিন করে বছরে ২০০ দিন বন্ধ রাখা হচ্ছে। জুট গ্রোয়ার্স, পাট চাষীরা মার খাচ্ছে। যখনই উৎপন্ন পাট বাজারে আসছে তখনই মিল বন্ধ হয়ে যাচ্ছে। এই সরকার জুট ম্যাগনেটদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারছে না। সরকারি দল আলিমুদ্দিন স্ট্রিটে দেয়াল তুলছেন জুট ব্যারণদের কাছ থেকে টাকা নিয়ে। আর তাদের শাসন করবেন—এই দুটো একসঙ্গে হয় না। পর্যায়ক্রমে আমরা দেখছি, সারা বছর ধরে জুট গ্রোয়ার যখন জুট গ্রো করে বেচতে যায়, তখনই জুট কারখানা বন্ধ হয়ে যায়। ফলে জুট গ্লাট হয়ে পড়ে, চাষীরা মার খায়, উৎপাদনের যে খরচ তার চেয়ে কম দামে বিক্রি করে দেয়। আপনি ইকনমিকসের একজন প্রবক্তা, পণ্ডিত ব্যক্তি, আপনি বলুন, ইকনমিকসের প্রাথমিক শর্ত কি ? দেশে একটা স্টেবেল গভর্নমেন্ট থাকলে স্টেবল উন্নতি হয়—এটা সাধারণ কথা। স্থায়ী সরকার যদি কোনো রাজ্যে থাকে বা

কেন্দ্রে থাকে বা কোনো দেশে থাকে তাহলে সেই দেশের উন্নতি স্টেব্‌ল হয়। কারণ স্টেব্‌ল গভর্নমেন্ট ক্যান টেক্ হার্ড ডিসিশন অ্যান্ড টেক ডিসিশন্স দ্যাট ক্যান বি ইমপ্লিমেনটেড। দুটি কারণে স্থায়ী সরকারের দরকার আছে। আমাদের পশ্চিমবঙ্গে স্থায়ী সরকার একটানা ২৬ বছর ধরে ক্ষমতায় আছে। কোনোদিন টল-টলায়মান অবস্থা হয়েছে কি ? থাকবেন, কি থাকবেন না এইরকম শঙ্কা দেখা দিয়েছে কি ? যে যে রাজ্য নানারকম ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে চলছে—যেমন, গুজরাটে একটা বড় ভূমিকম্প হল, তারপর একটা সাংঘাতিক রায়ট হয়ে গেল, মানুষে মানুষে হানাহানি হয়ে গেল, সেইরকম গুজরাট রাজ্যেও উন্নতি অব্যাহত রয়েছে। পাঞ্জাবে,—দিনের পর দিন সন্ত্রাসবাদী কার্যকলাপ চলছিল, কিন্তু উন্নয়নের রেখাচিত্র কখনও নিম্নগামী হয়নি। উত্তরপ্রদেশে প্রায় দিন সরকার থাকবে, কি থাকবে না তা নিয়ে সংশয় দেখা দিচ্ছে। তা সত্ত্বেও উত্তরপ্রদেশের উন্নয়ন অবনমিত হল না। কিন্তু পশ্চিমবাংলার অবস্থাটা কি ? আপনারা ঢাক-ঢোল পিটিয়ে বলছেন গোটা পৃথিবীর কাছে একটা নজীর সৃষ্টি করে দিয়েছি। ২৬ বছর টানা ক্ষমতায় থেকে আজকে পশ্চিমবাংলার বাজেটের এই করুণ অবস্থা কেন এসে দাঁড়াবে ? কেন বাজেট অ্যাট এ গ্লান্সে আপনাকে বলতে হয় ফিসক্যাল ডেফিসিট এসে দাঁড়িয়েছে ১২ হাজার ২৭৩ কোটি ৯৫ লক্ষ টাকা, কেন বাজেটে ভুল বিবৃতি দিয়ে, সংখ্যা-তত্ত্বের কারচুপি করে বলতে হয় নিট্ ঘাটতি—৭৯৩ কোটি টাকা, যেখানে ২২০০ বেশি কোটি টাকা ঘাটতি হয়। আপনার এই বিবৃতির ফলশ্রুতি—ইমপ্লিমেনটেশন আজকে কোথায় গিয়ে দাঁড়াবে—তা কি আপনি ভেবেছেন ? পরবর্তীকালে পশ্চিমবাংলার মানুষ বুঝবে। আপনি এমন একটা জায়গায় নিয়ে দাঁড় করিয়েছেন—শিক্ষাখাতে আপনি বরাদ্দ কমিয়ে দিয়েছেন। আজকে কি হচ্ছে শিক্ষা ব্যবস্থার ? আপনার ৬টা শিক্ষামন্ত্রী, ৬টা সেক্রেটারি, ৬টি গাড়ি ছুটে বেড়াচ্ছে আর আমাদের ছেলেরা পরীক্ষা দিচ্ছে, পরীক্ষার খাতা কে দেখছে—এগজামিনার, ট্যাবুলেটর—না, খাতা দেখছে কলকাতা হাইকোর্টের বিচারপতি। লজ্জা হয় না মন্ত্রীদের, বিন্দুমাত্র বিবেকের কাছে দংশন হয় না ? বাংলার ছেলেরা বাংলায় পরীক্ষা দিচ্ছে—ফার্স্ট ক্লাস ফার্স্ট সে নাও হতে পারে, ১০০ নম্বরের ভিতরে সে ৯০ নম্বর নাও পেতে পারে, কিন্তু শূন্য পেয়ে যাবে ? নতুন করে খাতা দেখার আপনাদের কোনো লোক নেই। বাংলার ছেলেরা যারা বাংলায় কথা বলে তারা বাংলা পরীক্ষায় শূন্য পেয়ে গেল আর এর প্রতিবাদে যখন শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করতে গেল তখন দেখা করতে দেওয়া হল না, সেক্রেটারির ঘরে ঢুকতে দেওয়া হল না, তারা দরজায়-দরজায় ঘুরে অবশেষে বাধ্য হয়ে কলকাতা হাইকোর্টে যখন গেল, তখন বিচারপতি বললেন, কই, খাতা দেখি। তখন প্রেসিডেন্ট মাথা চুলকোতে চুলকোতে বললেন, খাতা পাচ্ছি না, আমাদের ভুল হয়েছে, ওটা শূন্য নয়, ৪৭ নম্বর পেয়েছে। পশ্চিমবাংলায় আজকে শিক্ষার এই অবস্থা হয়েছে আপনাদের ২৬ বছরের রাজত্বে ২০০২-২০০৩ সালে। আজকে ছেলেদের হাইকোর্টে হত্যে দিয়ে পড়ে থাকতে হয়। গ্রামবাংলার ছেলে যারা হাইকোর্ট চেনে না, যারা উকিলের পয়সা জোগাড় করতে পারে না যারা সরকারি বিধি-ব্যবস্থায় ওয়াকিবহাল নয় তারা এখন পাগল হয়ে যাচ্ছে, উন্মাদ হয়ে যাচ্ছে। আর আপনারা ৫০ জন মন্ত্রীসভার সদস্য নিয়ে গট-গট করে চলছেন আর এখানে অনৃত ভাষণের মাধ্যমে, অসত্য ভাষণের মাধ্যমে এমন একটা অবস্থার সৃষ্টি করার চেষ্টা

করছেন যার সাথে সত্যের কয়েক হাজার যোজনের ব্যবধান বাড়িয়ে তুলেছেন। স্বাস্থ্য খাতে ৩টে প্যারাগ্রাফ খরচ করে দিয়েছেন অথচ কি অবস্থা হচ্ছে ? আজকে ভারতবর্ষের ভিতরে টি. বি.-র ক্ষেত্রে ১ নম্বর স্থানে পশ্চিমবঙ্গ। অন্যান্য রাজ্যে পোলিও রোগ নেই বললেই চলে, কিন্তু পশ্চিমবাংলায় এখনও পায়ে-পায়ে লেংচে-লেংচে পোলিও রোগীর সংখ্যা বেড়ে যাচ্ছে। শিক্ষাক্ষেত্রে ব্যয় কমিয়ে দিয়েছেন, শিক্ষাকে মুছে দেবার চেষ্টা করছেন আর স্বাস্থ্য খাতেও আপনাদের এই অব্যবস্থার জন্য আজকে পশ্চিমবাংলায় পোলিও রোগীর সংখ্যা বেড়ে যাচ্ছে। সারা ভারতবর্ষের যেখানে পোলিও রোগী খুঁজে পাওয়া যাচ্ছে না সেখানে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্য থেকে এই বিষয়ে এগিয়ে যাবার কথা চিন্তা করছে। যেখানে ক্রমাগত পিছিয়ে যাওয়ার কথা সেখানে ১ নম্বর জায়গা নেবার চেষ্টা করছি।

[3.15—3.25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আবারও বলি যে আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কথা বলবার চেষ্টা করছেন সেটা আদপে সত্য কথা নয়, সেটা তার মনগড়া কথা। তার তৈরি করা কল্পলোকের বাসিন্দা হিসাবে তিনি আমাদের সকলকে সেই কল্পলোকের বাসিন্দা হিসাবে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। তিনি বলেছেন, 'আমি প্রস্তাব রাখছি বন্ধ কারখানার শ্রমিকদের মাসে ৫শো টাকা করে সহায়তার প্রকল্পটি চালু রাখার জন্য।' প্রকল্পটি চালু আছে মন্ত্রীমহাশয় ? মেটাল বক্সের কারখানার শ্রমিকরা আপনার কাছে তো গিয়েছিল, কি বলেছেন আপনি তাদের ? আপনি বলেছেন, দেখছি। ডানলপের শ্রমিকরা আপনার কাছে গিয়েছিল, কি বলেছেন তাদের আপনি ? বলেছেন দেখছি। আর এখানে আপনি বলে দিলেন যে ৫শো টাকার প্রকল্পটি চালু রেখে দিয়েছেন। ৫শো টাকার প্রকল্পটি তো আজ থেকে ১০/১১ মাস আগেই বন্ধ হয়ে গিয়েছে। বন্ধ কারখানার শ্রমিক-কর্মচারীদের ব্যাপারে গত বিধানসভার বাজেট অধিবেশনের সময় বিধানসভার ভেতরে আপনি বলেছিলেন যে বন্ধ হয়ে যাওয়া কলকারখানার শ্রমিক-কর্মচারীদের মাসে ৫শো টাকা করে দেবেন এবং তারা ন্যূনতমভাবে যাতে বাঁচতে পারে তার জন্য সাহায্য করবেন। কিন্তু তাতে আপনি ব্যর্থ হয়েছেন, অসফল হয়েছেন। সেই ব্যর্থতা ঢাকার জন্য এ বছর যে বাজেট পেশ করেছেন তাতে আবার সেই ৫শো টাকার কাঁদুনি গেয়ে বলেছেন ৫শো টাকার প্রকল্পটি চালু রাখবেন। আপনি তো সেই প্রকল্পটি বন্ধ করে দিয়েছেন, সেই প্রকল্পে টাকা দেওয়া বন্ধ হয়ে গিয়েছে। শ্রমিক-কর্মচারীরা সেই টাকা না পেয়ে কেউ ভিক্ষা করছে, কেউ বা আবার অসৎ পথে গিয়ে পয়সা উপার্জনের চেষ্টা করছে। এর ফলে তারা সমাজ জীবন থেকে চ্যুত হয়ে গিয়েছেন, বিচ্যুত হয়ে গিয়েছেন। স্যার, সংখ্যালঘুদের উন্নয়নের জন্য ওরা অনেক কান্নাকাটি করেন। সংখ্যালঘুদের উন্নয়নের জন্য উনি কত টাকা রেখেছেন ? ৬ কোটি টাকা রেখেছিলেন আর তার সঙ্গে ৫ কোটি টাকা যোগ করেছেন, মোট ১১ কোটি। পশ্চিমবাংলায় ৭½ কোটি মানুষ, তার মধ্যে কম-বেশি ১৬ পারসেন্ট হচ্ছে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক। তাহলে প্রায় ১½ কোটি মানুষ যারা সংখ্যালঘু সম্প্রদায়ের তাদের উন্নয়নের জন্য কত টাকা রেখেছেন ? মাত্র ১১ কোটি টাকা। এই ১১ কোটি টাকা দিয়ে উনি সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের নাকি

একেবারে বেহস্তে নিয়ে যাবেন, স্বর্গে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করবেন। আদপে ওরা কিছুই করবেন না। উনি যে টাকাটা বরাদ্দ করেন সেটাও দেন না। ওদের মন্ত্রীরাই আমাদের বলেন যে আপনারা একটু বলুন না, আমার দপ্তরের বরাদ্দ কেটে নেওয়া হচ্ছে, দেওয়া হচ্ছে না, আপনারা একটু বলুন না। আর এখানে যখন বলবেন তখন একেবারে গলা ফুলিয়ে বলবেন যে বামফ্রন্ট সরকারের নাকি এতো সাকসেস যে রাখার জায়গা হচ্ছে না। পশ্চিমবঙ্গের মানুষ এতো উন্নতিতে রাস্তা হারিয়ে ফেলছে। আপনারা জেনে রাখুন, পশ্চিমবঙ্গের মানুষ কিন্তু অন্য রাস্তা খুঁজছে। স্যার, আদপে কি হচ্ছে ? এখানে পরিকল্পনা ব্যয় কমতে কমতে কোথায় যাচ্ছে দেখুন। স্যার, কেন্দ্রীয় সরকার কিছুই দিচ্ছে না বলে ওরা অনেক কান্নাকাটি করেন কিন্তু কেন্দ্র যেটা দিচ্ছে তার কত টাকা ফেরত চলে যাচ্ছে তার হিসাবটা তো একটু নেওয়া দরকার। আমি কয়েকটা তথ্য দিচ্ছি। প্রধানমন্ত্রী সড়ক যোজনাতে ৩শো কোটি টাকা দেওয়া হল, উনি খরচ করতে পারলেন না, খরচ করতে পেরেছেন ৩৮ কোটি টাকা, বাকিটা ফেরত চলে গিয়েছে খরচ করতে পারেননি। পানীয় জল প্রকল্পের জন্য ৮০ কোটি টাকা দেওয়া হয়েছিল, ২০ কোটির বেশি খরচ করতে পারেননি, ৬০ কোটি টাকা ফেরত চলে গেল। ইন্দিরা আবাসন প্রকল্পের ২০ পারসেন্ট যে অনুমোদিত টাকা সেটা উনি খরচ করতে পারেননি, দিল্লিতে ফেরত চলে গেল। অন্যান্য রাজ্য যেখানে বরাদ্দ টাকার ১১০ পারসেন্ট খরচ করছে সেখানে আমাদের অর্থমন্ত্রী বেশিরভাগ ক্ষেত্রেই ২০/২৫ শতাংশতেই থেকে যাচ্ছেন। গ্রামীণ উন্নয়নে গতবার ৯শো কোটি টাকা দেওয়া হয়েছিল, সেই ৯০০ কোটি টাকার ৪০ পারসেন্ট ফেরত চলে গিয়েছে—প্রায় ৩৭০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে ফেরত চলে গিয়েছে। সেখানে মন্ত্রী কাজ করতে পারেননি। সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবস—তপশিল জাতি, উপজাতিদের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছে তার অর্ধেকের বেশি টাকা খরচ করতে পারেননি। সেই টাকা ফেরত চলে গিয়েছে। তার ফল কি হচ্ছে ? আগামী দিনের বাজেটে কেন্দ্রীয় সরকার যখন অন্যান্য রাজ্যের বাজেটে আরও বেশি তাদের টাকার পরিমাণ বাড়িয়ে দেবেন তখন আমাদের রাজ্য সাধারণ নিয়ম অনুযায়ী, গ্যাডগিল ফর্মুলা অনুযায়ী আস্তে আস্তে আরও তলার দিকে তলিয়ে যাবে। পিছনে হাঁটতে হাঁটতে আমরা শূন্য অঙ্কের দিকে পৌঁছে যাব। অন্য রাজ্যের তুলনায় আমরা কতদিন আর পিছিয়ে থাকব মাননীয় অর্থমন্ত্রী, আপনার কাছে আমি তা জিজ্ঞাসা করতে চাই। সেটা হচ্ছে যে আজকে যে নতুন ১০০ কোটি টাকা আপনি মদের দোকান থেকে নেবেন বলছেন, আপনারা নিজেদের বামপন্থী বলে মনে করেন ? আমি কখনও মনে করি না আপনারা বামপন্থী। তার কারণ আপনারা যদি বামপন্থী হতেন, আপনার সরকার যদি বামপন্থী মনোভাবাপন্ন সরকার হতো তাহলে তারুণ্য সমাজের যৌবনকে মদের দোকানের দিকে ঠেলে দিতেন না। আজকে আপনারা বলেছেন আকছার মদের দোকান খুলে দেবেন। তার পক্ষে কি কারণ দেখিয়েছেন ? চোলাই মদের বিক্রি বেড়ে গিয়েছে তাই আজকে আমরা লাইসেন্সে দোকান দিতে চাইছি। অদ্ভুত ব্যাপার। চোলাই মদের ব্যবসা বেড়ে গেল কেন ? এখানে কি বি.জে.পি সরকার বাড়িয়ে দিয়েছে ? এখানে কি তৃণমূল সরকার বাড়িয়ে দিয়ে গেল ? গত ২৬ বছর ধরে রাজত্ব করলেন আপনারা। আজকে আপনারা সেই ইললিসিট লিকার বন্ধ করতে পারলেন না ?

আপনাদের পার্টি তো চলছে এর উপর। আজকে দুলালবাবুরা করে খাচ্ছে। আজকে বুদ্ধিজীবীরা যে দৌরাত্ম্য করছে, কিসের ভিত্তিতে দৌরাত্ম্য করছে ? এই মদ অর্থনীতিতে প্যারালাল ইকনমি চালু করে দিয়েছে, তারা প্রতিটি জায়গায় জায়গায় তাদের নিজেদের একটা অর্থনীতি চালু করে দিয়েছে। উৎস হচ্ছে এই ইললিসিট লিকার, সেই ইললিসিট লিকার বাড়িয়েছেন আপনারা। ইলেকশানে জিতে আসতে হবে না ? আপনারা জানেন তো কি করে জিতে এসেছেন। আপনারা জানেন প্রথম দিন যে উপনির্বাচন হয়েছিল, সেই উপনির্বাচনের বুথগুলিতে কত পারসেন্ট ভোট নিয়ে আসতে পেরেছিলেন ? কেন ? তার কারণ এই বুদ্ধিজীবীরা বেঁচে থাকলে আপনারা বেঁচে থাকবেন। আর বুদ্ধিজীবীদের বাঁচাতে গেলে ইললিসিট লিকার বজায় থাকবে। এই ইললিসিট লিকার বজায় রইল আর মদের দোকান দিয়ে আপনি ১০০ কোটি টাকা নিয়ে আসবেন। কিভাবে মদের দোকান দিচ্ছেন ? মাননীয় অর্থমন্ত্রী, আপনি গতবার একসাইজ মিনিস্টার ছিলেন। আমি আপনাকে লিখিতভাবে বলেছিলাম, দক্ষিণ কলকাতায় একটা জায়গায় আপনি মদের দোকান দেওয়ার কথা ভাবছেন, তার সামনে একটা গার্লস স্কুল আছে, সেখানে আপনি মদের দোকান দেবেন না। you were kind enough, you were rise enough, you were sober enough. You told me that you were not going to do it. আপনি বলেছিলেন এই কথা। আপনি বলেছিলেন, হ্যাঁ এটা আমি দেখেছি, এটা দেওয়া উচিত নয়। কিন্তু হয়ে গেল। আপনি নিজে বললেন দেবেন না। তারপর আপনি দিয়ে দিলেন। নির্বাচন ছিল। নির্বাচন তহবিল তৈরি করতে হয়েছিল। নির্বাচন তহবিল পুষ্ট করবার জন্য মদের দোকান আপনাকে দিতে হল। মদের দোকান আপনি নিজে দেবেন না বলেছিলেন, ব্যক্তিগতভাবে আমাকে বলেছিলেন, হ্যাঁ, আপনার অভিযোগ সত্য, আমি দেব না। সেখানে আপনি মদের দোকান দিয়ে দিলেন। এই ভাবে আপনি পশ্চিমবাংলায় ১০০ কোটি টাকা তুলবেন, পশ্চিমবঙ্গের যৌবনকে তারুণ্যকে মডগেজ করে দিয়ে। আজকে পশ্চিমবাংলায় নতুন কালচার পশ্চিমবাংলায় নতুন কৃষ্টি আপনি আজকে নতুন করে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করছেন। আমি একজন দায়িত্বশীল নাগরিক হিসাবে নিশ্চয়ই তার বিরোধিতা করব। সর্বশেষ, আপনি আবারও অনৃত ভাষণ দিয়েছেন। আপনি বলেছেন ৭ লক্ষ বেকারের চাকুরি হবে। ৭ লক্ষ বেকারের চাকুরির জন্য আপনি দেখিয়ে দিয়েছেন স্বনিযুক্তি প্রকল্প। এতে আপনি দেখিয়ে দিয়েছেন ব্যবসার ক্ষেত্রে এত। আপনি কি করে বুঝলেন ব্যক্তিগত ব্যবসায় ১ লক্ষ ২৪ হাজার মানুষ নিজ নিজ স্বনিযুক্তি প্রকল্পে ঢুকে যেতে পারবে ? এই যোগ-বিয়োগটা করা বন্ধ করুন। আপনি এই বছরের লেবার ইন ওয়েস্ট বেঙ্গল দেখুন, গত বছরের বেকারের তালিকায় এই বছর আরো প্রায় ২ লক্ষ নাম নতুন করে যুক্ত হয়ে গিয়েছে। গত বছরের বেকারের তালিকায় ৬৪ লক্ষ ছিল, তারপর যোগ হতে হতে ৬৬ লক্ষ হয়েছে। আর গত বছর বলেছিলেন ৮ লক্ষ লোকের কর্মসংস্থান হবে। আর এই বছর বলছেন ৭ লক্ষ লোকের কর্মসংস্থান হবে। কোথায় এই ১৫ লক্ষের হিসাব তাহলে তো রেজিস্টার্ডগত হিসাবটা নেমে আসবে ? এখানে পরিসংখ্যানটা তো অবনমিত হবে, অধোগমন করত ? এ তো উর্ধ্বগমন হচ্ছে। আস্তে আস্তে তা আকাশ ছুঁয়ে দিচ্ছে। আর আপনি বাহবা নেবার জন্য কখনও ৭ লক্ষ লোকের কখনও ৮ লক্ষ

লোকের স্বনিযুক্তি প্রকল্প নিচ্ছেন। আপনি নিজে স্বপ্নের বিভোরে আপনি তাদের নিয়োগ করে যাচ্ছেন। আপনিই নিয়োগকর্তা, আপনিই চাকুরি করছেন, আপনিই রোজগার করছেন, আপনিই স্ট্যাটিসটিকস্ দিচ্ছেন, আপনিই নিজেকে চাকুরি দিয়ে নিজেকে ধন্যবাদ দিচ্ছেন। এই বাজেট প্রতিটি ছত্রে ছত্রে পশ্চিমবাংলাকে সর্বনাশের অতল জলে তলিয়ে দেবার গভীর ষড়যন্ত্রের একটা হোয়াইট পেপার। আজকের থেকে ২ মাস আগে আপনি তথাকথিত হোয়াইট পেপার পেশ করলেন। আপনি স্বীকার করলেন আপনার দৈন্যের কথা। গত বছর মার্চ মাসে বাজেট আপনাকে পাশ করিয়ে দেওয়া হয়েছিল। ৯ মাস যেতে না যেতেই কোষাগার শূন্য হয়ে গেল, আপনি দেউলিয়া হয়ে গেলেন। আপনাকে হোয়াইট পেপার বার করে বলতে হল, আমি পারিনি আমি ব্যর্থ, আমি চেষ্টা করছি। এই হচ্ছে আপনার চেষ্টার নমুনা। সৎ চেষ্টা যদি থাকত অনেস্ট অ্যাটেম্পট যদি থাকত আপনার যদি অ্যাটিচ্যুড থাকত, যদি সরকারের সেই দৃষ্টিভঙ্গি থাকতো তাহলে পারা যেত। সমস্যা থাকে সমস্যা মোকাবিলা করবার জন্য আলোচনা করা দরকার। একদিনও আলোচনা করেছেন ? বিরোধী পক্ষের লোকেদের ডেকে জিজ্ঞাসা করেছেন, এই আমাদের সমস্যা, বলুন কীভাবে এগোতে পারি ? আলোচনা করবার প্রয়োজন নেই। তার কারণ আপনি স্বয়ম্ভু। নির্বাচন আসবে, নিজেকে নিজেরা পাশ করিয়ে নেবেন। মানুষের উপর তো ভরসা করা দরকার। তাই আবার নূতন করে হাজার হাজার কোটি টাকা ট্যাক্স চাপিয়ে দিয়েছেন। সেই দিন তুলেছিলেন ৫০০ কোটি টাকা আবার নিচ্ছেন ৫০০ কোটি টাকা। অর্থাৎ ১০০০ কোটি টাকা ট্যাক্স দিতে হবে। আর সেবা পাবেন মন্ত্রীরা। বাংলা অন্ধকার হয়ে যাবে, বাংলার যুবক বেকারের তালিকাকে দীর্ঘায়িত করবে, বাংলার মেয়েরা দীর্ঘশ্বাস নিয়ে অন্ধকারে লুকিয়ে থাকবে, বাংলার অভিভাবকরা করাঘাত করে আল্লার কাছে দোয়া চাইবে আর দিনের পর দিন আপনার অনৃত ভাষণ, আপনার অসত্য ভাষণকে আমরা সমর্থন করব এটা হতে পারে না। তাই এই বাজেটের তীব্র বিরোধিতা করে, আগামী দিনে আলোচনার মাধ্যমে এই অন্ধকার থেকে আলোয় উত্তরণের পথ খোঁজবার চেষ্টা করবেন এবং সততার সঙ্গে নিজের দৃষ্টিভঙ্গিকে লুকিয়ে না রেখে বাংলার আসল চেহারাটা পশ্চিমবাংলার মানুষের কাছে তুলে ধরবেন এই আশা রেখে আপনার কাছে আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.25—3.35 p.m.]

শ্রী মুস্তাফা বিন কাশেম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত এই সম্মানীয় বিধানসভায় ২০০৩-২০০৪ আর্থিক বছরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি সেই দাবি পুরোপুরি সমর্থন করছি এবং এই ব্যয়-বরাদ্দের দাবি পেশ করতে গিয়ে যে বিবৃতি পেশ করেছেন তাতে রাজ্যের তথা দেশের যে আর্থিক অবস্থার কথা তিনি তুলে ধরেছেন, আমি যতটা জানি তা বাস্তবোচিত বলে মনে করি। মাননীয় বিরোধী দলের শ্রী পংকজ ব্যানার্জী উনি কি বলবেন তা তাঁর ব্যাপার। উনি বিরোধী দলের নেতা। তাঁর কাছে আমাদের একটা বাড়তি প্রত্যাশা ছিল যে, বিরোধী দলের সদস্য হিসাবে বাজেটের ওপরে আলোচনা করতে গিয়ে তিনি একটু গভীরে যাবেন। উনি

বলেছেন অর্থমন্ত্রী মনগড়া কথা বলেছেন। আপনারা কেন বুঝছেন না, মাননীয় অর্থমন্ত্রী অকপটে রাজনৈতিকভাবে একজন সৎ এবং যেটা সত্য তা অকপটে স্বীকার করেছেন। এতদিন ছিল না, গত বছরের শেষ দিক থেকে—উনি অকপটে বলেছেন যে দেশজুড়ে একটা আর্থিক মন্দা যে রকম আছে, পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও তাই-ই আছে। আপনারা অনেকে বলেন, এই হাউসে বলেন, বাইরেও বলেন—বলার সময়ে এটা বলেন ভারতবর্ষের অন্য সব জায়গায় একটা স্বর্গরাজ্য বিরাজ করছে, আর আমাদের পশ্চিমবাংলায় অন্য রকম অবস্থা। আপনাদের মধ্যে যারা জানেন, আপনাদের মধ্যে অনেকে জানেন বলে আমি বিশ্বাস করি, আজকে সারা দেশে সংকট, সেই সংকট থেকে কোনো রাজ্য বাদ নেই, এটাও জানেন যে সেই সংকটের কারণগুলো কি। মাননীয় অর্থমন্ত্রী এই সম্মানীয় কক্ষে বারবার বলেছিলেন, উনি শুধু আপনাদের জন্য নয়, পশ্চিমবঙ্গের কথা মনে রেখে একটি পুস্তিকা অর্থ দপ্তর থেকে ৩০শে জানুয়ারি প্রকাশ করেছেন। তাতে উনি কারণগুলি বলেছেন। মাননীয় পংকজবাবুর কাছে আমার প্রত্যাশা ছিল বিরোধী দলের নেতা হিসাবে ওঁর কাছ থেকে আমরা শুনব যে, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে প্রস্তাবগুলি মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন তার মধ্যে ত্রুটি কোথায় যা উনি বুঝতে পারেননি বা ভাবতে পারেননি, বিরোধী পক্ষের সদস্য হিসাবে তিনি বুঝতে পেরেছেন। সাজেশান আকারে তিনি সেগুলি বলবেন এবং আমরা উপকৃত হব। কিন্তু তিনি তার ধারেকাছে গেলেন না। মাননীয় পংকজবাবুর কাছে আমি অনুমতি নিয়ে রাখছি আলাদাভাবে জেনে নেব। ৭৯৩ কোটি টাকা যে ঘাটতির কথা বলা হয়েছে, মাননীয় অর্থমন্ত্রী তার জবাব দেবেন। বিরোধী দলের নেতা যা বলেছেন, তার জবাবে মাননীয় অর্থমন্ত্রী দেবেন। আমরা যা বুঝি সাধারণভাবে একটা বাজেটের মধ্যে একটা আর্থিক বছরের অনুমিত ব্যয় এবং অনুমিত আয়—তার মধ্যে যে ফারাক—সেটাই ঠিক ঘাটতি। সেখানে ব্যয়ের থেকে আয় কম হলে সেটাই বাজেটে ঘাটতি হিসাবে ধরা হয়। এবং সেই হিসাবেই ৭৯৩ কোটি দেখানো হয়েছে। সেখানে কেন ৭৯৩ কোটি টাকা হল সেটা তো বিশদভাবে বাংলা ভাষায় লেখা আছে। তার সঙ্গে তিনি কোথার থেকে ৫০০ কোটি টাকা, কোথায় ৪০০ কোটি টাকা জোগাড় করে ১২০০ কোটি টাকা দাঁড় করালেন সেটা আমার কাছে বোধগম্য নয়। আসলে আপনি যেটা বলেছেন হয়তো আমি বুঝতে পারিনি, একটু আলাদা করে গিয়ে শুনে নেব। আপনি অনুগ্রহ করে যদি বুঝিয়ে দেন ভালো হয়। আপনি এর মধ্যে বলেছেন স্ট্যাম্প ডিউটি বেড়েছে, কোর্ট ফি বেড়েছে—হ্যাঁ বেড়েছে। একটা রাজ্যের যে প্রস্তাবিত ব্যয় রাজ্যের উন্নয়নের ধারাকে বজায় রাখার জন্য, সাধারণ মানুষের স্বার্থকে রক্ষা করতে সেখানে রাজস্ব আদায়ের ক্ষেত্রে যদি ঘাটতি থাকে এবং আয়ের ক্ষেত্রে যদি ঘাটতি থাকে তাহলে সেই ঘাটতি কমাতে সব রাজ্যের সরকারকেই চেষ্টা করতে হবে। এবং বামফ্রন্ট সরকার সেইদিন থেকে ব্যয় না বাড়িয়ে নতুন নতুন জায়গার থেকে আয়ের উৎস যাতে বাড়ানো যায় সেটা একস্প্লোর করে, সেগুলোকে ব্যবহার করে আয় বাড়ানোর প্রধান পন্থা হিসাবে সার্ভিস চার্জ বাড়ানো হয়েছে। এটা মনগড়া কিভাবে বললেন সেটা আপনার কাছ থেকে জেনে নেব। সেই হিসাবে বামফ্রন্ট সরকার এবং আমাদের অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাই যে কতটা দুরূহ কাজ তারা করেছেন। সেখানে বাজেট প্রণয়নের মধ্যে দিয়ে রজ্যের স্বার্থের সঙ্গে সঙ্গতি রেখেই এগিয়ে চলবেন

বলেছেন। এটা এমন নয় যে, তিনি বুঝছেন না, এবং এটা স্বীকার না করার কোনো কারণই নেই যে, একটা অঙ্গরাজ্য—সমস্ত রাজ্যের মধ্যে একটি রাজ্য আর্থিক পরিচালনা নিজের মতো করতে পারে না। একটা রাষ্ট্র যেমন একটা পলিসি ঠিক করতে পারে, একটা অঙ্গ রাজ্যের পক্ষে তা সম্ভব নয়। একটি যুক্তরাষ্ট্রীয় সম্মিলিত দেশে একটি রাজ্য সম্পূর্ণভাবে নিরপেক্ষভাবে নিজের মতো করে একটি বাজেট প্রণয়ন করতে পারে না। সারা দেশে আজকে যে অর্থনৈতিক অবস্থা, তার ছাপ রাজ্যগুলোর উপরে পড়বেই। সেখানে জাতীয় সরকার, কেন্দ্রীয় সরকার যে সর্বনাশা নীতি চালু করেছেন তারই পরিণতি হিসাবে সাধারণ মানুষের দুর্দশা নেমেছে, সুতরাং তার মধ্যে থেকে সেই দেশের মধ্যে থেকে একটি রাজ্য ওই অবস্থায় থেকে একটি স্বর্গরাজ্য তৈরি করার ছবি করে দেবেন এটা কখনো হয় না। আপনি যদি এর মধ্যে কারণ দেখাতে পারেন তাহলে যুক্তি থাকলে নিশ্চয় সেটা মেনে নেব। সেখানে কেন্দ্রীয় সরকার যে নীতি চালু করছেন এটা কোনো রাজ্যের পক্ষেই তার বাজেটে এটা উল্লেখ না করে পারবেন না। কেন্দ্রের যে সর্বনাশা নীতি চালু হয়েছে তার ফলে দেশের সংকট, দেশ জুড়ে মন্দা—কোনো রাজ্যে তার ব্যতিক্রম নেই। সুতরাং সেই প্রতিকূলতার মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন তাতে মূলত অভিমত হচ্ছে কি করে এই অবস্থার মধ্যে থেকে কেন্দ্রীয় সরকারের সৃষ্ট মূলত যে প্রতিকূলতা সেই প্রতিকূলতা অতিক্রম করে রাজ্যের মানুষের স্বার্থ কিভাবে রক্ষা করা যায় তার চেষ্টা করা। যে সংকট বাড়ছে, বাড়তে বাধ্য হচ্ছে, সেই সংকট কিভাবে প্রশমন করা যায় এই বাজেটের মধ্যে তারই পথ সন্ধান দেওয়ার চেষ্টা করেছেন। এবং ওই পথেই যাবার চেষ্টা করেছেন এবং সেইভাবেই বাজেট রচনা করেছেন। মাননীয় বিরোধী দলের সদস্য সেখানে যদি কোনো খামতি থাকে, কোনো ঘাটতি থাকে রাজ্য সরকারের চিন্তার মধ্যে সেটা যদি ধরিয়ে দিতেন এবং সেটা শোনাই আপনার কাছে প্রত্যাশা ছিল, কিন্তু আপনি কি করলেন—আমি আগেও বলেছি যে, আপনি কি বলবেন না বলবেন সেটা আপনার ব্যাপার, কিন্তু বিরোধী দলের নেতা হিসাবে কিছু লেখা না থাকলেও, অলিখিত কিছু নিয়ম করতে হয়, সেখানেই প্রচণ্ড মার খেয়েছি। এটা আপনাকে একটু বুঝিয়ে রেখে দিলাম। আজকে কেন্দ্রীয় সরকারের বাজেট নিয়ে আলোচনা প্রসঙ্গে আপনারা বলে ওঠেন যে, রাজ্য সরকারের বাজেটে কেন কেন্দ্রীয় সরকারের বাজেট নিয়ে আলোচনা করছেন।

[3.35—3.45 p.m.]

কেন্দ্রীয় সরকারের বাজেটে দেশের প্রচলিত যে মন্দা রয়েছে, যে প্রতিকূল অবস্থা রয়েছে সেটাকে আমাদের অতিক্রম করতে হবে। আমাদের রাজ্য বাজেটে সেটাকে কতটা অতিক্রম করা যায় সেইজন্যই কেন্দ্রীয় বাজেটের কথা আসে। আজকে দেশব্যাপী বেকারত্ব বাড়ছে, দেশব্যাপী মন্দা বাড়ছে। মোট উৎপাদন বৃদ্ধির হার ছিল ৬.১ শতাংশ, কিন্তু এই বছরে সেটা এসে দাঁড়িয়েছে ৪.৪ শতাংশে। বেকারত্ব বৃদ্ধির হার ছিল ৫.৯ শতাংশ, এখন বেকারত্ব বৃদ্ধির হার এসে দাঁড়িয়েছে ৭.১ শতাংশ। আপনারা সবাই জানেন, এই বেকার সমস্যা একটা জ্বলন্ত সমস্যা সারা দেশের কাছে। আজকে কেন্দ্রীয় বাজেটে এই বেকার সমস্যার সমাধানের ব্যাপারে

কোনো কথা বলা হল না, এই বেকার সমস্যার নিরসন কিভাবে করা যায় সেই ব্যাপারে কথা বলা হল না। আজকে প্রত্যেকটি রাজ্যেই—আমি বলছি না শুধু পশ্চিমবঙ্গে—আজকে প্রত্যেকটি রাজ্য প্রতিকূল অবস্থার সম্মুখীন হয়েছে এবং এর থেকে কিভাবে রক্ষা পাওয়া যায় তার চেষ্টা করছেন। আমার ভাবতে খুব খারাপ লাগছে, এই উদারীকরণ নীতির অভিজ্ঞতাটা কি ? আমাদের অভিজ্ঞতা হচ্ছে, বিদেশ থেকে নির্বিচারে পণ্য আমাদের দেশে শুধু নিয়ে আসা। কিন্তু কায়দাটা কি, মেকানিজমটা কি ? আমদানি শুল্ক কমাও, সমস্ত বিধিনিষেধ তুলে নিয়ে কৃষিজ, শিল্পজ পণ্য অনায়াসে আমাদের দেশে প্রবেশ করুক। এর ফলেই আজকে দেশীয় অনেক শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। আমাদের দেশীয় শিল্পগুলি আজকে মার খাচ্ছে। ফলে আমাদের বেকার বাড়ছে, মন্দা বাড়ছে, এবারের কেন্দ্রীয় বাজেটেও ওই উদারীকরণ নীতি থেকে সরে আসার কোনো পথ আমরা দেখতে পেলাম না। প্রভুদের নির্দেশ মেনে ব্যাপকভাবে আমদানি শুল্ক কমিয়ে দেওয়া হচ্ছে। ফলে আমাদের দেশীয় শিল্প প্রতিকূল অবস্থার মধ্যে পড়ছে, প্রচণ্ডভাবে মার খাচ্ছে। আজকে সাধারণ মানুষের উপরে আঘাত নেমে এসেছে। রাজ্য সরকার তার বাজেটের মধ্যে দিয়ে সাধারণ মানুষকে কিভাবে রক্ষা করা যায়—সে বৃদ্ধই হোক, যুবকই হোক, মধ্যবিত্তই হোক—তাদের বাঁচাতে হবে। প্রতি বছর স্বল্প সঞ্চয়ে সুদ কমানো হচ্ছে। রাজ্যের মানুষ হিসাবে আপনারা এর প্রতিবাদ করবেন না ? শুধুমাত্র কেন্দ্রের এন. ডি. এ. সরকারে ঢোকার জন্য আপনারা আকুলি-পাকুলি করবেন, বর্ষীয়ান মানুষ, মধ্যবিত্ত মানুষ মরে মরুক। এই বিষয়ে আপনাদের কোনো নজর নেই। দুঃখের বিষয়, জনৈক নেত্রী ঘোষণা করেছেন, তিনি কেন্দ্রীয় বাজেটে খুশি। যে বাজেট সাধারণ মানুষের উপরে আক্রমণ নামিয়ে এনেছে তাতে তিনি খুশি হন কি করে ? আজকে জনস্বার্থবিরোধী এই কেন্দ্রীয় বাজেটের জন্য তিনি খুশি হন কি করে ? আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে পুস্তিকা দিয়েছেন এবং যে সাজেশানগুলো দিয়েছেন সেটাই আমাদের বিকল্প অর্থনীতি। এটাই সারা ভারতবর্ষের ক্ষেত্রে বিকল্প নীতি। এর থেকে যদি কোনো ভালো নীতি আপনাদের থাকে সেটাই আপনাদের থেকে আমরা শুনতে চেয়েছিলাম। বেটার অল্টারনেটিভই আমরা বিরোধী দলনেতার কাছ থেকে জানতে চেয়েছিলাম। পঙ্কজবাবু আপনাদের তো একটা দায়িত্ব আছে, জনগণকে আপনাদের এডুকেট করতে হবে। I would like to be educated by reasonable arguments. But you are lagging that, I am very sorry. কিন্তু আমরা সেই জিনিস আপনার কাছ থেকে দেখতে পেলাম না। কোথায় কে গাড়ি নিয়ে গেছে—যদিও কাজটা অন্যায়—কিন্তু এটা কি দায়িত্বশীল বিরোধী দলনেতার কথা হল। আজকে ব্যাঙ্কগুলো যেভাবে কাজ করছে সেটাকে কি আপনারা সমর্থন করবেন ? আজকে ব্যাঙ্কগুলো যে নতুন নতুন নিয়ম-কানুন চালু করছেন সেটাকে আপনারা সমর্থন করছেন ? যেখানে ৪৯ শতাংশ ছিল বেসরকারি মালিকানার অনুপ্রবেশ, বিদেশি মালিকানার অনুপ্রবেশ, সেখানে ৭৪ শতাংশ মালিকানা করে দেওয়া হল। আপনাদের আটকায় না, আর আটকালেও বলেন না। আমাদের বামফ্রন্টের মন্ত্রী হিসাবে তিনি যথার্থ বলেছেন। আমরা রাজনীতির ছাত্র হিসাবে মনে করি ব্যাঙ্কগুলোর মধ্যে এই বিদেশি পুঁজির অনুপ্রবেশ, বেসরকারি মালিকানার অনুপ্রবেশের ফলে ব্যাঙ্কগুলোর কাছ থেকে যে সামাজিক দায়িত্ব, কর্তব্য প্রত্যাশিত ছিল

সেইগুলো তারা ভুলতে বসল। অন্য ব্যাপারে অমিল থাকলেও, শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণ করলেন তখন আমরাও সেখানে সমর্থন করেছিলাম। আজকে ব্যাঙ্কগুলোতে ৭৪ শতাংশ বেসরকারি মালিকানা, বিদেশি মালিকানা প্রবেশ করানো, এটা বেসরকারিকরণের চাতুরি পন্থা ছাড়া আর কিছু না। পশ্চিমবাংলার ব্যাঙ্কগুলোতে ৮০ হাজার কোটি টাকা আমানত আছে। প্রত্যাশিত ছিল ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণের মধ্যে দিয়ে অন্য কাজের সঙ্গে কৃষকরা, বিশেষ করে প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকরা স্বল্প সুদে ব্যাঙ্ক থেকে ঋণ পাবে, আগে মহাজনি সুদের দৌরাত্মে যাদের গলা কাটা যেত। ক্ষুদ্র শিল্পদ্যোগীরাও ঋণ পাবে ব্যাঙ্ক থেকে। ৮০ হাজার কোটি টাকা যেখানে আমাদের রাজ্যে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে আমানত, আপনি জানেন তারা মাত্র ৪১৪ কোটি টাকা কৃষি এবং কৃষিজ ক্ষেত্রে এক বছরে ঋণ দিয়েছে। আর রাজ্যের কো-অপারেটিভ ব্যাঙ্কেগুলো কো-অপারেটিভ সেক্টরে ৫৪৯ কোটি টাকা ঋণ দিয়েছে রাজ্যে। (ভয়েস...)। মন্ত্রী বলেছেন। আমি তো মনগড়া কিছু বলব না। পঙ্কজবাবুর কাছে আমি সাজেশন চেয়েছিলাম, নতুন কিছু সাজেশন থাকলে নেব, কিন্তু উনি তার ধার-কাছ দিয়েও গেলেন না। দেউলিয়া অবস্থার কারণ কি সৌগতবাবু ? তারও কারণ আছে। আপনারা তো পড়েছেন। এ তো আমার তৈরি করা ব্যাপার নয়, আমি মনগড়া একটা বলে দিলাম, তা নয়। বলতে গেলে আপনারা সমস্বরে বলে বসবেন—আবার সেই কথা। বিগত এক দশক ধরে কেন্দ্রীয় সরকার যা বলছে তা বলবো না ? আলাদিনের আশ্চর্য প্রদীপ কি আছে যে, ঘষে দেব আর হয়ে যাবে ? আজকে সঙ্কটের অবস্থা সমস্ত রাজ্যগুলির। আপনি জানেন সমস্ত রাজ্যগুলো কি করছে। কংগ্রেস শাসিত রাজ্য মহারাষ্ট্র সরকার ৩০ হাজার সরকারি পদ বিলোপ ঘোষণা করেছে। ভারতবর্ষের অন্য কোনো রাজ্য ভাবতে পারে না। এক্সটার্নাল অর্ডিনারি লিভের ক্ষেত্রে নতুন ব্যবস্থা গ্রহণ করছে। যারা সরকারি সংস্থায়, সরকারি অফিসে কাজ করছে, সরকার বলছে—তোমরা অন্যত্র কাজ দেখ, এক বছরের জন্য ছুটি নিতে পার, ৫ বছরের জন্য ছুটি নিতে পার এবং এই ১ থেকে ৫ বছর পর্যন্ত ছুটি নিয়ে কাজ যোগাড় কর এবং ওই সময় সেখান থেকে মাইনে নাও, আমার কাছ থেকে নেবে না। পশ্চিমবাংলায় কিন্তু এই অবস্থা নয়। মধ্যপ্রদেশে ৬৫ হাজার সরকারি পদের মধ্যে এক তৃতীয়াংশ উদ্বৃত্ত ঘোষণা করে ছাঁটাইয়ের চেষ্টা করছে। এই যে আর্থিক সঙ্কট, আর্থিক বোঝা রাজ্যগুলোর উপর পড়ছে, শুধু পশ্চিমবাংলা হলে আসামীর কাঠগড়ায় দাঁড় করাতে পারবেন। সমস্ত রাজ্যগুলো এর জন্য জর্জরিত। পঞ্চম বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী বেতন বৃদ্ধি করলে তার প্রভাব পড়বে না ?

[3.45—3.55 p.m.]

কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং রাজ্য সরকারি কর্মচারীদের কাজের ধরন একই। মূল্যবৃদ্ধি হলে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের স্পর্শ করে, গায়ে ফোসকা পড়ে। আর রাজ্য সরকারি কর্মচারীদের গায়ে ফোসকা পড়ে না ? (ভয়েস : আপনাদের টাকা নেই, দিতে গেলেন কেন ?) এটা কোনো অ্যাডভেনচারিস্টিক পদক্ষেপ ছিল না। কর্মচারীদের যে দায় এবং দায়িত্ব যদি বলেন রাজনৈতিক কারণে যে দায়বদ্ধতা ছিল সরকারের সেটা কোনো হটকারি কারণ

বলে মনে করি না। ৯৯ সালের ১৯শে ফেব্রুয়ারি থেকে আন্তঃরাজ্য কমিটির বৈঠক হচ্ছে। সেখানে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিরা সমস্বরে ঐকামত্য হয়ে বলি করেছিল। হাঁ, এক যদি হত—কেন্দ্রীয় সরকার ঋণ না নিয়ে, ওভার ড্রাফট না নিয়ে নিজেরাই নিজেদের হিস্যাত থেকে মিট করে দিয়েছে—তাহলে রাজ্য সরকারকে বলতে পারতেন ? আপনারা জানেন রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশ অনুসারে, কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে—রিজার্ভ ব্যাঙ্ক ইদানিংকালে যে মোট ঋণ করার অধিকার দিয়েছে কেন্দ্র এবং রাজ্যকে—সেটা হচ্ছে ১ লক্ষ ২৮ হাজার কোটি টাকার। এই ১ লক্ষ ২৮ হাজার কোটি টাকার মধ্যে কেন্দ্র ঋণ করার অধিকার পেয়েছে ৯০ পারসেন্ট। অর্থাৎ কেন্দ্রীয় সরকার ১ লক্ষ ১৫ হাজার কোটি টাকা ঋণ করতে পারবে। আর ২৮টি রাজ্যের জন্য ১৩ হাজার কোটি টাকার ঋণের ব্যবস্থা। সেখানে দাবি ছিল ৫ বছরের জন্য কিছু স্বল্পসুদে ঋণ পাওয়ার ব্যবস্থা করে দিন। আমরা সামলে নেব রাজ্য সরকারি কর্মচারীদের যে বেতন বৃদ্ধি করেছি। কিন্তু কেন্দ্রীয় সরকার তা মানেননি। রিজার্ভ ব্যাঙ্ক তা মানেননি। আজকে প্রতিটি রাজ্য সরকারের উপর ঋণের বোঝা কিভাবে বেড়েছে। ঋণ দিতে গিয়ে ১২ পারসেন্ট হারে সুদ দিতে হয়। কেন্দ্রীয় সরকার বাজার থেকে ঋণ করছে। রেট অফ ইন্টারেস্ট হচ্ছে ৭ পারসেন্ট। পুরোনো কথা। বলতে খুবই খারাপ লাগে। কিন্তু তবু বলতে হয়। এতদিন কি ছিল ? আর এদিকে কেন্দ্রীয় সরকার ২৮টি রাজ্যের সঙ্গে মহাজনী কারবার করছেন। আর আপনারা এখানে ওদের হয়ে আপনারা এখানে চিৎকার করছেন। রাজ্য সরকারগুলি বলছে যে, "হ্যাঁ, তোমরা কিছু একটা করছ। আমাদের ঋণ জোগাড় করে দিচ্ছ। কিন্তু ১ পারসেন্ট তোমরা বেশি নাও। এটা নাও সার্ভিশিং চার্জ হিসাবে।" কিন্তু কাকস্য পরিবেদনা। কে কার কথা শোনে। এর ফলে রাজ্যগুলির এই অবস্থা হচ্ছে। কয়লা সেসের ব্যাপারে বলি—সমস্ত রাজ্যগুলি কয়লা সেস পাচ্ছে। কিন্তু বছরের পর বছর পশ্চিমবঙ্গ সরকারকে দিচ্ছে না। ৩ হাজার কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকারের প্রতি বঞ্চনা। স্বল্প সঞ্চয় খাতে সঞ্চয়কারীদের স্বার্থ রক্ষা করার জন্য পশ্চিমবঙ্গই প্রথম। কিন্তু আপনারা জানেন একটা বছরে যে স্বল্প সঞ্চয়ে টাকা জমা পড়ে তার থেকে সঞ্চয়কারী যে টাকা তুলে নেন, তুলে নেওয়ার পরে যে টাকা থাকে, সেই টাকা একটা নীতির ভিত্তিতে কেন্দ্র রাজ্যগুলির মধ্যে বিভাজন করা হোক এটাই দাবি ছিল। কিন্তু সেটাই রাজ্যের ঋণ হিসাবে সুদের বোঝা রাজ্যগুলির উপর যাবে। এর ফলে বিশেষ করে পশ্চিমবঙ্গের সাফল্য সেটা অন্যভাবে বাড়তি ঋণ হিসাবে পশ্চিমবঙ্গের ঘাড়ে পড়ছে। এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সেইজন্য বলছি ১ লক্ষ কোটি টাকা করে কালো টাকা জন্মায়। আজকে নানা রকম এর কর যেমন বহির্শুল্ক, আন্তঃশুল্ক, করপোরেট কর থেকে বকেয়া আদায় হচ্ছে ৮৬ হাজার ৩৪২ কোটি টাকা। রাজ্যসভায় দাঁড়িয়ে ভারত সরকার-এর অর্থমন্ত্রী তিনি জবাব দিচ্ছেন তার একটা অংশ যদি আদায় করতে পারতেন কেন্দ্রীয় সরকার এই পথে যেত না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে শেষ করার ওয়ার্নিং দিয়েছেন আপনার প্রতি সম্মান জানিয়ে বলছি, যে কথাগুলো বলে আমি শেষ করতে চাই সেটা হল ৮৬ হাজার কোটি টাকার মধ্যে যদি কিছু আদায় করা যেত, না, এই পথে রাজ্যগুলো যেত না। আপনারা জানেন বড় বড় শিল্পগোষ্ঠীর কাছে ব্যাংকগুলোর পাওনা হচ্ছে ৮৩ হাজার কোটি টাকা। ব্যাঙ্কের কর্মচারী

ইউনিয়নের নেতারা, সব দলের ইউনিয়নগুলোই বলেছে যে ৮৩ হাজার কোটি টাকা নয়, দেড় লক্ষ কোটি টাকা বৃহৎ শিল্পগোষ্ঠীর কাছে পাওনা। এর ২০ পার্সেন্ট যদি উদ্ধার করা যেত, গ্রাম উন্নয়ন মন্ত্রকের বরাদ্দ কেন্দ্রীয় সরকার প্রায় ৪ হাজার ৩শো কোটি টাকা কমিয়ে দিয়েছে এই বাজেটের মধ্যে দিয়ে। আমি তাই বিনীতভাবে প্রশ্ন করতে চাই বলুন কোনো বিকল্প পথ আছে কিনা এই অবস্থা থেকে বেরিয়ে আসার। আপনারা একটা সাজেশন দিন। তর্কের খাতিরে যদি ধরে নিই আপনারা রাজ্য সরকারে আছেন আপনারা কি করতেন যদিরও একটা যদি থাকে, আপনারা যদি এই অবস্থায় পড়তেন কি করতেন, তাহলে আপনারা বলবেন যদিরও যদি, যদি থাকে তারও যদি থাকে আমাদের কোনো চান্স নেই। সুতরাং আমাদের বলার দরকার নেই। আমরা শুধু সমালোচনাই করে যাব, যা পারি তাই করব তাহলে কিছু বলার নেই। আমি বলছি সংঘাত হয়, কেন্দ্র রাজ্য আর্থিক পুনর্বিন্যাসের প্রশ্নে আসুন আমরা সেই দাবি একসঙ্গে তুলি যুদ্ধের বিরুদ্ধে যেমন একসঙ্গে মিলিতভাবে দাবি তুলেছি। রাজ্যের আর্থিক প্রশ্নে দলমতনির্বিশেষে এই লড়াইতে আপনারা যুক্ত করুন নিজেদের একটুখানি অন্তত আপনারা ভালো হয়ে যান। এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আমার খুব খারাপ লাগছে, আমি ভেবেছিলাম তিনি একটা দিশা দেখাবেন এবং প্রকৃত সমালোচনা করবেন কিন্তু দেখা গেল অধিকাংশ সময়ে পংকজ বাবুর কথার চর্বিতচর্বণ করে সেই একই পুরনো কথা। সেই একই পুরনো কথা, কেন্দ্রীয় সরকারের দোষ, যত দোষ নন্দ ঘোষ। ২৬ বছরে রাজ্য সরকার দেশটাকে দেউলিয়া করে নিয়ে গেল এই ব্যাপারে একটা কথাও বললেন না। মাননীয় অর্থমন্ত্রী গত কয়েক বছর ধরে কখনো গ্যাট চুক্তি কখনো আন্তর্জাতিক ঋণের শর্তাবলী, উদারনীতি, ভারতবর্ষ তার সার্বভৌমত্ব নষ্ট হচ্ছে অথচ নিজের রাজ্যে অর্থনৈতিক দিক থেকে স্বাবলম্বী করে তোলার কোনো পথ দেখাননি। বিগত কয়েক বছর ধরে ঘাটতি শূন্য বাজেট পেশ করে বাহবা কুড়িয়েছেন এবারে তিনি ৭৯৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। আসল কথা হল একটা পরিবার যেমন নিজের আয়ের উপর নির্ভর করে সংসারের উন্নতির কথা ভাবনা-চিন্তা করে, ছেলেমেয়েদের লেখাপড়ার কথা চিন্তা করে, নিজের গৃহের উন্নয়নের কথা চিন্তা করে, নিজের আয়ের উপর নির্ভর করে সারা মাসের ব্যয় নির্বাহ করে। সরকারও ঠিক তেমনি একটা পরিবারের মতো। আমরা কি দেখছি, এই সরকার—আমরা ঘি খাব টাকা দেবে কে না কেন্দ্রীয় সরকার।

[3.55—4.05 p.m.]

যাঁদের নিজস্ব রোজগার আয় এবং ব্যয়ের মধ্যে কোনো পরিসীমা নেই, যেখানে রাজ্য সরকারের আয় এবারে আরও কমেছে। নিজস্ব আয় ১৬, ১৭ কোটি টাকার মতো। রাজ্য সরকারের নিজস্ব খরচ কত? প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা, মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকা, আর সরকারি কর্মচারীদের বেতন দিতেই ১২ হাজার কোটি টাকা লাগে, আর সরকার ঋণ নিয়েছেন ৭০ হাজার কোটি টাকার উপরে, ঋণ করলেই সুদ দিতে হয়, বছরে সুদ দিতে লাগে

৭ হাজার কোটি টাকা। তাহলে ১২ হাজার কোটি টাকা সরকারি কর্মচারীদের বেতন দিতে হয় এবং ৭ হাজার কোটি টাকা সুদ দিতে হয় তাহলে ১৯ হাজার কোটি টাকা প্রাথমিক প্রয়োজন। যেখানে সরকারের নিজস্ব আয় ১৬ হাজার কোটি টাকা। তাহলে ৩ হাজার কোটি টাকা অতিরিক্ত ঋণ যদি নিতে হয় তাহলে সেই রাজ্য সরকার উন্নয়ন করবেন কি করে ? এই রাজ্য সরকার বেকার সমস্যার সমাধান করবেন কি করে ? সারা রাজ্যের কৃষকদের উন্নতি করবেন কি করে ? এটা তো সহজ প্রশ্ন। মাননীয় অর্থমন্ত্রী শিল্পায়ন নিয়ে প্রতি বছরই গালগল্প করেন যে অনেক অনেক কোটি টাকা বিনিয়োগ হচ্ছে অনেক প্রকল্প হচ্ছে, হবে। মোটামুটি হিসাব করে আমরা দেখেছি যেমন ১৯৯১-২০০০ মার্চ পর্যন্ত উনি একটা হিসাব দিয়েছেন ২০৩১টি প্রকল্প অনুমোদন পেয়েছে, বিনিয়োগের পরিমাণ ৪৭ হাজার ৩৯৪ কোটি টাকা। কটা প্রকল্প হল ? অনুমোদন দেওয়া হয়েছে, প্রকল্প হয়েছে ৩৩৮টা, বিনিয়োগ হয়েছে ৮৬৮৮ কোটি টাকা। অর্থাৎ ১৬ পারসেন্টের কাছাকাছি। প্রকল্প কত পারসেন্ট ? সেটাও ১৬ পারসেন্টের কাছাকাছি। কিন্তু একবারও বললেন না এই প্রকল্পগুলি চালু হওয়ার পরে কত কর্মসংস্থান হয়েছে। এর পরে ১৯৯১-২০০০ ডিসেম্বর পর্যন্ত বললেন ২৫০১টি শিল্প অনুমোদন পেয়েছে, বিনিয়োগের পরিমাণ ৫৪৯৯৭ কোটি টাকা, ৪৬২টি প্রকল্প উৎপাদন শুরু করেছে। যাতে বিনিয়োগের পরিমাণ ১৭৫৮৫ কোটি টাকা। ১৭ হাজার কোটি টাকা ব্যয় করে হল হলদিয়া পেট্রোকেমিক্যাল, মিতসুবিশি, রসায়ন প্রকল্প যেগুলি আগে দেখানো হয়নি। এখন উনি বলছেন না কত কর্মসংস্থান হয়েছে এই ৪৬২টি শিল্প প্রকল্প যারা কাজ শুরু করেছে সেখানে তাদের কর্মসংস্থান হল সেটা বলেননি। ১৯৯১-২০০১ সালের ডিসেম্বর পর্যন্ত ২৭১৪টি শিল্প অনুমোদন পেয়েছে, বিনিয়োগ হয়েছে ৫৬৪৫৫ কোটি টাকা। ৫৪৫টি প্রকল্প উৎপাদন শুরু করেছে, বিনিয়োগের পরিমাণ ৯৭৭৫ কোটি টাকা। এবারেও বলেননি যে এই ৫৪৫টি প্রকল্পে কত কর্মসংস্থান হয়েছে। কর্মসংস্থানের কোনো কথাই উনি উচ্চারণ করেননি। এবারে প্রথম দেখলাম, ১৯৯১ সাল থেকে ২০০২ সালের মধ্যে ৬৫৮টা শিল্প প্রকল্প বাস্তবে উৎপাদন শুরু করেছে বলেছেন। এবারে বলেননি, কতগুলো শিল্প প্রকল্প অনুমোদন পেয়েছে। একেবারে সরাসরি চলে এসেছেন '৬৫৮টা শিল্প প্রকল্প বাস্তবে উৎপাদন শুরু করেছে এবং বিনিয়োগ হয়েছে ২২,১০১ কোটি টাকা'তে। এবং এবারেই প্রথম বললেন ৮৯ হাজার লোকের সরাসরি কর্মসংস্থান হবে। তাহলে কি দাঁড়ায় ? দীর্ঘ ১২ বছরে ৬৫৮টা শিল্প প্রকল্প এই রাজ্যে নতুনভাবে শিল্পোৎপাদন শুরু করেছে এবং কর্মসংস্থান কত হয়েছে ? ৮৯ হাজার। অর্থাৎ গড়ে ৭,৬১৬ জন মতো কর্মসংস্থান লাভ করেছেন প্রতি বছর। কিন্তু বাজেট বক্তৃতা খুললে দেখা যাবে প্রতি বছর গড়ে ৮ লক্ষ করে কর্মসংস্থান করে যাচ্ছেন বলছেন। যেখানে ৬৫৮টা শিল্প সংস্থা চালু হওয়ার ফলে বছরে ৭,৬১৬ জন মানুষের কর্মসংস্থান হচ্ছে এবং সেক্ষেত্রে আর্থিক বিনিয়োগের পরিমাণ দেখা যাচ্ছে ২২,১০১ কোটি টাকা তখন মনে হয় এক কোটি টাকা বিনিয়োগ করলে ৪ জন মানুষের কর্মসংস্থান হবে। এর থেকে বুঝতে পারা যায় শিল্পে আমরা কতটা এগিয়েছি। মাননীয় অর্থমন্ত্রীর নিজের কথাতে বাণিজ্য করের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা থেকে প্রায় ৬০০ কোটি টাকা এবার কম আদায় হয়েছে। তাই শিল্প উৎপাদন বাড়লেও বাণিজ্য করের লক্ষ্যমাত্রায় আমরা পৌঁছতে পারলাম না কেন ? এটা অঙ্কের হিসাব

যে শিল্প উৎপাদন যদি বেশি হয়, শিল্প বেশি হয় তাহলে বিক্রি বেশি হবে এবং বিক্রয় করও বেশি পাওয়া যাবে। তাহলে এক্ষেত্রে ঘাটতি হল কেন ? তাহলে ওনার কথায় বোঝা যাচ্ছে এখানে বিক্রয় কর কম আদায় হয়েছে। তার মানে আমাদের শিল্পোৎপাদন হয়নি। কেন ? শিল্প হয়নি বলে। এবং তার ফলে কর্মসংস্থানও হয়নি। এটা ওনার হিসাব থেকেই সহজে বোঝা যাচ্ছে।

পাশাপাশি আরেকটা ভয়ংকর সর্বনাশা কথা উনি বলেছেন। বলছেন, আমাদের ঘাটতি বাণিজ্য করের ক্ষেত্রে ৬০০ কোটি টাকা আদায় কম হয়েছে কিন্তু মদের ক্ষেত্রে লক্ষ্যমাত্রার বেশি আদায় হয়েছে। বুঝুন : এ তো সবাই জানে যে মানুষ যখন হতাশ হয়, পরিবারের কর্তা যখন বাড়ি এসে দেখে যে আমি সংসার চালাতে পারছি না, আমার ছেলে-মেয়ের চাহিদা আমি মেটাতে পারছি না, তখন সে নেশা করে। তাই আজকে মাননীয় অর্থমন্ত্রী নিজেই বোঝাতে চেয়েছেন, রাজ্যের মানুষ হতাশাগ্রস্ত। সুতরাং ওদের আরো বেশি মদ খাওয়াতে হবে এবং তার ফলে অত্যন্ত সহজলভ্যভাবে ট্যাক্সও পাওয়া যাবে কোনো পরিশ্রম নেই, কোনো পরিকল্পনার দরকার নেই, বিনিয়োগ নেই। মদ আন খাও আর ট্যাক্স আদায় কর। আরো ১০০ কোটি টাকা অতিরিক্ত কর আদায় হবে এই আনন্দে ধেই ধেই করে নাচছেন। বাবা এসে ছেলেকে বলছে দুধ না পাই এই নে মদ এনেছি খা। উনি বলছেন মদের দোকান আরো বাড়াবেন, ১০০ কোটি টাকা আদায় হবে। এক ঢিলে দুই পাখি মারবেন। লক্ষ লক্ষ বেকার, চাকরি-বাকরি নেই পড়াশোনা করে সামনে অন্ধকার, ওদের আরো বেশি করে মদ খাওয়াও।

[4.05—4.15 p.m.]

যত মদ খাবে তত ওরা ওদের অধিকার ভুলে যাবে। আজকে রাজ্যের বামফ্রন্ট সরকার যে অন্যায়, যে অসাম্য চালাচ্ছে তার বিরুদ্ধে কথা বলার অধিকার কেড়ে নাও, যুবশক্তিকে আরও বেশি বেশি করে মদ খাওয়াও—এই সর্বনাশা চিন্তা-ভাবনা আজকে অর্থমন্ত্রীর উপর ভর করেছে। কাজেই রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করার জন্য এই বাজেট নয়, বামফ্রন্ট সরকারকে যেনতেন প্রকারেণ ক্ষমতায় রাখতে হবে এবং সেই ক্ষমতায় রাখার জন্য এই বাজেট। স্বল্প সঞ্চয়ের জন্য উনি বলেছেন যে, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম। একবারও ভেবে দেখেছেন যে, অনেক টাকা রোজগার করা গুজরাট, মহারাষ্ট্র স্বল্প সঞ্চয়ে পিছিয়ে আছে। কেন, কি কারণে ? এই রাজ্যে বিনিয়োগ করার মানসিকতা চলে গেছে, মানুষ ভয় পেয়ে বিনিয়োগ করছে না, তাই সহজভাবে ইনকাম করতে স্বল্প সঞ্চয়ের দ্বারস্থ হয়। সুদ কমছে, হা-হা-কার উঠছে—তাই রাজ্যের মানুষ ভয় পাচ্ছে, এই রাজ্যের আইন-শৃংখলা থেকে শুরু করে বিভিন্ন কারণে সর্বক্ষেত্রে বিনিয়োগ করার সাহস পাচ্ছে না, তাই স্বল্প সঞ্চয়ের দিকে এগিয়ে যাচ্ছে। এটা অর্থনীতির দিক থেকে ভয়ংকর ব্যাপার, এটা আনন্দের কথা নয়। তাই এই রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ ইয়াকুব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২০শে মার্চ আমাদের মাননীয় অর্থমন্ত্রী ২০০৩-২০০৪ সালের যে প্রস্তাবিত বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন

জানাই। নানা অর্থনৈতিক সংকটের মধ্যে, নানা প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়ে তিনি ২০০৩-২০০৪ সালের যে বাজেট পেশ করেছেন সেই বাজেট খুব বাস্তবমুখী বাজেট—তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। বিরোধী বন্ধুরা নানাভাবে, নানাদিক থেকে সমালোচনা করতে গিয়ে সমস্ত দায়-দায়িত্ব আমাদের রাজ্য সরকারের উপর চাপিয়ে দেবার চেষ্টা করেছেন। কিন্তু বিরোধী বন্ধুরা নিশ্চয় অবগত আছেন এবং জানেন যে, কেন্দ্রীয় সরকারের যে নীতি, যে সিদ্ধান্ত এবং আই. এম. এফ. ও ডাব্লু. টি. ও.-এর নির্দেশ—আমাদের কেন্দ্রে যে সরকার আছেন তাঁরা তাঁদের নির্দেশকে মেনে নিয়ে, তাদের নির্দেশ মোতাবেক কেন্দ্রীয় সরকার আজকে আমাদের দেশের ব্যবস্থা ও পরিচালনা করে চলেছেন এবং এটা আমার বিরোধী বন্ধুরা নিশ্চয় অস্বীকার করতে পারবেন না যে, কেন্দ্রীয় সরকারের এই উদার নীতির ফলে আজকে শুধু আমার রাজ্য নয়, গোটা দেশে একটা ভয়ংকর আর্থিক সংকট দেখা দিয়েছে। এই সংকটের মধ্যে শুধু আমাদের রাজ্যই আছে, এমন কথা আমরা বলি না। কেন্দ্রীয় নীতির ফলে গোটা দেশে আজ এই সংকট সৃষ্টি হয়েছে। ১৯৯৯-২০০০ সালের যে রিপোর্ট আছে তাতে আমরা লক্ষ্য করছি উৎপাদন বৃদ্ধির হার ১৯৯৯-২০০০ সালে ছিল ৬.১%। ২০০২-২০০৩ সালে সেই হার সেখান থেকে কমে হয়েছে ৪.৪%। এই যদি হয় তাহলে বিরোধী বন্ধুদের এটা একটু অনুধাবন করা উচিত বলে আমি মনে করি। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে গোটা দেশে শিল্পক্ষেত্রের উৎপাদন বৃদ্ধির হার যেখানে ছিল ৬.৭%। সেখানে তা কমে আজ দাঁড়িয়েছে ৫.৩%। আমাদের বিরোধী বন্ধুরা যেহেতু আমাদের রাজ্যের মানুষ সেহেতু তাঁরা এটা নিশ্চয়ই অস্বীকার করতে পারেন না যে, তাঁদেরও এই রাজ্যের প্রতি কিছু দায়-দায়িত্ব আছে। যুক্তিসঙ্গত সমালোচনা যেমন তাঁরা করবেন, তেমনই আবার রাজ্যের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে তাঁদের সহযোগিতাও করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী বাজেট যা পেশ করেছেন তার মধ্যে যদি কোথাও ত্রুটি থাকে, ভুল থাকে সে বিষয়গুলি তাঁরা নিশ্চয়ই উল্লেখ করবেন। আলোচনার মধ্যে দিয়ে সম্ভব হলে সেগুলো সংশোধন করা হবে। তা যদি তাঁরা করেন তাহলে আমি মনে করব তাঁরা এ রাজ্যের সাধারণ মানুষের কথা চিন্তা করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের গৃহীত আর্থিক নীতির ফলে আমরা লক্ষ্য করছি—বিরোধী বন্ধুরাও নিশ্চয়ই এটা অস্বীকার করতে পারবেন না—গোটা দেশের দরজা-জানালা আই.এম.এফ. এবং ডবলিউ.টি.ও.-র নির্দেশে খুলে দেওয়া হয়েছে। বিদেশে উৎপাদন পণ্যসামগ্রী আমাদের দেশে অবাধে আমদানি করা হচ্ছে এবং সেখানে কোনো শুল্কের ব্যাপার নেই। আমরা এটা মেনে নিতে পারতাম, যদি দেখতাম যে বিদেশি পণ্য আমাদের দেশের বাজার দখল করছে সেই বিদেশি পণ্য থেকে অনেক শুল্ক আদায় করতে পারছি এবং তা দিয়ে আমাদের দেশের বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে পারছি। বিরাট অঙ্কের শুল্ক আদায়ের মধ্যে দিয়ে—সেই অর্থ ব্যয় করে—আমরা আমাদের দেশের যদি অগ্রগতি ঘটাতে পারতাম তাহলে আমরা এটা মেনে নিতে পারতাম। কিন্তু আমাদের কেন্দ্রীয় সরকার সেই পথে হাঁটছে না। বরঞ্চ ডবলিউ.টি.ও.- আই.এম.এফ. যে নির্দেশ দিচ্ছে সেই মোতাবেক বারংবার শুল্ক হার কমিয়ে দিচ্ছে এবং আমদানির ক্ষেত্রে কোনো রকম বিধিনিষেধ থাকছে না। স্বাভাবিকভাবেই আমাদের বিরোধী বন্ধুরা কেউ কি এটা একবারও ভেবেছেন যে, আমাদের দেশের যারা

কৃষক, আমাদের দেশের যে মানুষরা ক্ষুদ্র ও কুটির শিল্পের সঙ্গে জড়িত আছেন, আমাদের দেশের বিভিন্ন শিল্পের কল-কারখানায় যারা বিভিন্ন পণ্যসামগ্রী উৎপন্ন করেন তাদের সেই সমস্ত উৎপন্ন ফসল এবং অন্যান্য পণ্যসামগ্রী কোথায় গিয়ে দাঁড়াবে ? বিদেশে রপ্তানি করার মতো ব্যবস্থা আজও আমাদের দেশে গড়ে ওঠেনি। অথচ বিদেশ থেকে পণ্যসামগ্রী আমদানির ব্যবস্থা করার ফলে আমাদের বহু শিল্প, কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে।

[4.15–4.25 p.m.]

বেকারের সংখ্যা—গত বছরের হিসাব অনুযায়ী প্রায় ১ কোটি নতুন বেকার সৃষ্টি হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের যে বাজেট সেই বাজেটের মধ্যে কিন্তু বেকার সমস্যা দূর করার কোনো কথা উল্লেখ করা হয়নি, কোনো রকম পথ দেখানো হয়নি। শুধু তাই নয়, আমাদের রাজ্যে কেন্দ্রীয় যে ২৭টি রাষ্ট্রায়ত্ত শিল্প আছে, এই ২৭টির মধ্যে বেশিরভাগকে বিদেশিদের হাতে অথবা প্রাইভেট সেক্টরকে দিয়ে দেবার তারা চেষ্টা করছেন আর বাকিগুলিকে হয় বন্ধ করে নতুবা গুটিয়ে ফেলার চেষ্টা কেন্দ্রীয় সরকার করছেন। তাহলে আজকে পশ্চিমবাংলায় এই যে কেন্দ্রীয় সরকারের ২৭টি রাষ্ট্রায়ত্ত শিল্প আছে সেগুলি যদি বন্ধ হয়ে যায় তাহলে এখানকার যে হাজার-হাজার শ্রমিক আছে তারা কোথায় যাবেন ? আমাদের দেশে বেকার আরো সৃষ্টি হবে। শুধু তাই নয়, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কথা চিন্তা করুন, কেন্দ্রীয় সরকার এক সময়ে ব্যাঙ্কগুলিকে জাতীয়করণ করার জন্য তদানীন্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে আমরা সমর্থন জানিয়েছিলাম, আর আজ তারা সেই পথে হাঁটছেন না। তারা বলছেন, বিশ্বায়নের জন্য এগুলি করা হচ্ছে। এ ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি, যেখানে ৪৯ পারসেন্ট শেয়ার ছিল, তাকে বাড়িয়ে ৭৪ পারসেন্ট করা হচ্ছে। এমতাবস্থায় এই সমস্ত ব্যাঙ্কগুলি থেকে সহজভাবে এবং সরলভাবে আমাদের দেশের কৃষক, প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী তারা সেইভাবে ঋণ পাবে এমন আশা আমরা করি না এবং তারা পাচ্ছেনও না। উৎপাদনের ক্ষেত্রে একথা তারা অস্বীকার করতে পারবেন না—গোটা দেশে যেখানে উৎপাদনের হার কমছে, পশ্চিমবাংলায় সেখানে নানা আর্থিক সংকটের মধ্যেও, নানা প্রতিকূল অবস্থার মধ্যেও আমরা সেখানে উৎপাদনের হার বাড়িয়ে চলেছি। আজকে আমাদের রাজ্য যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে দাঁড়িয়ে। স্বাভাবিকভাবেই কেন্দ্রের যে নীতি, কেন্দ্রের যে সিদ্ধান্ত তার প্রতিফলন আমাদের রাজ্যে হবেই, তার প্রভাব আমাদের রাজ্যেও আসবে, একথা অস্বীকার করা যায় না। আমার বিরোধী বন্ধুরা স্বল্প সঞ্চয় সম্পর্কে একবারও উল্লেখ করলেন না যার দ্বারা আমাদের রাজ্যের মধ্যে বিভিন্ন পরিকল্পনা বা পরিকল্পনা বহির্ভূত খাতে প্রয়োজনমত ব্যয় করা যেত, সেই স্বল্প সঞ্চয়ের টাকা যেখানে আমরা শতকরা ১০০ ভাগ পেতাম, সেটাকে কমিয়ে দেওয়া হচ্ছে। বলা হচ্ছে, ২০ শতাংশ আপনাদের কমাতে হবে। এর ফলে কি হবে ? ১ হাজার ৫৬০ কোটি টাকা আমাদের ঘাটতি থাকবে। পঞ্চম অর্থ কমিশনের রিপোর্টের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতন, ভাতা, মহার্ঘ ভাতা প্রভৃতি নানারকম ভাতা বৃদ্ধি করলেন। এক যাত্রায় পৃথক ফল হতে পারে না। কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা যে কাজ করেন, যে দায়িত্ব পালন করেন আমাদের রাজ্যের রাজ্য সরকারি কর্মচারীরাও সেই কাজ করেন, সেই দায়িত্ব পালন করেন। কেন্দ্রীয় সরকার তাদের অর্থ কমিশনের রিপোর্টের

ভিত্তিতে তাদের কর্মচারীদের যে হারে বেতন বাড়ালেন, মহার্ঘভাতা বাড়ালেন সেখানে রাজ্য সরকার বাধ্য হলেন রাজ্য সরকারি কর্মচারীদেরও সেই হারে বেতন ও ভাতা বাড়াতে। পরিস্থিতি এই রকম একটা জায়গায় গিয়ে দাঁড়াল কিন্তু এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব ছিল, কেন্দ্রীয় সরকারের কাছে এ বাবদ আমাদের রাজ্য সরকারের যা পাওনা, যে অর্থ কেন্দ্রীয় সরকারের এর জন্য রাজ্য সরকারকে দেওয়ার কথা সেটা তারা দিলেন না। এর প্রভাব এমন একটা জায়গায় এসেছে যে ২০০২/০৩ সালে রাজ্য সরকারি কর্মচারীদের পূজার সময় যে বোনাস দেওয়া হয়, যেটা এই রাজ্য সরকারই চালু করেছিলেন গত কয়েক বছর ধরে তাকে ৫০ পারসেন্ট বা অর্ধেক করে দিতে রাজ্য সরকার বাধ্য হলেন। অ্যাডভান্স যেটা দেওয়া হয় তাও রাজ্য সরকার ৫০ পারসেন্ট করে দিতে বাধ্য হলেন। সংবাদপত্রগুলিতে গত কয়েকদিন ধরেই লেখালেখি হচ্ছে ডি.এ. দেওয়ার ব্যাপার নিয়ে। হ্যাঁ, বাজেটে ডি.এ. দেওয়ার কথার উল্লেখ নেই, আমি আশা করি মাননীয় অর্থমন্ত্রীমহাশয় তার জবাবী ভাষণে সরকারি কর্মচারীদের ডি.এ. এবং বোনাস সম্পর্কে নিশ্চয় উল্লেখ করবেন। কিন্তু একথা মনে রাখা দরকার যে কেন্দ্রীয় সরকারের যে নীতি এবং সিদ্ধান্ত তার ফলে আমাদের রাজ্য একটা আর্থিক সংকটের মধ্যে দাঁড়িয়েও বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছে এবং সেই বাস্তব দৃষ্টিভঙ্গি ও চিন্তা নিয়েই মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট পেশ করেছেন। বাজেটে ঘাটতি উল্লেখ করা হয়েছে ৭৯৩ কোটি টাকা। এই ৭৯৩ কোটি টাকা কি ভাবে পূরণ করা যাবে সে ব্যাপারেও খুব চিন্তা-ভাবনা করে মাননীয় মন্ত্রীমহাশয় তার প্রস্তাবগুলি রেখেছেন। এখানে আমরা দেখছি আর্থিক সংকট থাকা সত্ত্বেও শিক্ষার জন্য অর্থমন্ত্রীমহাশয় নানান দিক থেকে চেষ্টা করেছেন। শিক্ষক এবং শিক্ষাকর্মী যাঁরা অবসর গ্রহণ করেছেন তাঁদের পেনশন ও অন্যান্য পাওনা যাতে আদায় দেওয়া যায় তার জন্য সরকার চিন্তা-ভাবনা করে অর্থ বরাদ্দ করেছেন এবং ভবিষ্যতের জন্যও চিন্তা-ভাবনা আছে। এ ছাড়া প্রাথমিক শিক্ষা ও শিশুশিক্ষার যাতে প্রসার ঘটে তার জন্য চিন্তা-ভাবনা করে এই প্রতিকূল অবস্থার মধ্যেও যতটা সম্ভব বরাদ্দ করার তিনি চেষ্টা করেছেন। এ ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব, নতুন নতুন প্রাথমিক শিক্ষাকেন্দ্র যেমন খোলার চেষ্টা হচ্ছে, সেটা খোলা হোক কিন্তু তার পাশাপাশি বর্তমানে যেসব প্রাথমিক বিদ্যালয় একজিস্টিং আছে সেখানে যেসব জায়গায় শিক্ষকের অভাব আছে—কোথাও দু-জন, কোথাও একজন সেই শিক্ষক যাতে নিয়োগ করা যায় সেদিকেও নিশ্চয় দৃষ্টি দেবেন, চিন্তা-ভাবনা করবেন। মাধ্যমিকের ক্ষেত্রে দেখা যাচ্ছে ৮ম শ্রেণী পর্যন্ত ছিল, তাকে মাধ্যমিক করা হয়েছে গত কয়েক বছর ধরে, মাধ্যমিক ছিল উচ্চ মাধ্যমিক করা হয়েছে এবং চেষ্টা চলছে নতুন নতুন মাধ্যমিক বিদ্যালয় খোলার জন্য।

[4.25–4.35 p.m.]

সেই ক্ষেত্রে আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে বহু মাধ্যমিক স্কুল আছে, উচ্চ মাধ্যমিক স্কুল আছে যেখানে শিক্ষকের প্রয়োজন আছে। এমনকি সরকারি স্কুল যেমন সাথাওয়াত মেমোরিয়াল গার্লস হাই স্কুল, আলিপুর মালটিপারপাস গার্লস স্কুল, এই স্কুলগুলোতে আমি যতটা জানি শিক্ষক-শিক্ষিকার অভাব রয়েছে। সেটা যাতে পূরণ করা যায় সেটা আপনি দেখবেন। আমি আমার বক্তব্য শেষ করার আগে বিরোধী বন্ধুদের এই কথা

বলতে চাই, আপনারা পশ্চিমবাংলায় নেতৃত্ব করছেন, স্বাভাবিকভাবে পশ্চিমবাংলার যে সমস্যা সেই সমস্যা শুধু আমাদের সরকারের নয়, সেই সমস্যা আপনাদের আমাদের সকলের। সেই জন্য কেন্দ্রীয় সরকারের যে নীতি, যে পদ্ধতি, যে পথ সেই পথের বিরোধিতা করে আপনারা যুক্তিসঙ্গত পরামর্শ দিন। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abu Hasem Khan Choudhury: Mr. Deputy Speaker, Sir, I don't quite support the budget proposal and I want to speak against the budget proposal. Dr. Asim Kumar Dasgupta puts the budget proposal to start with as usual as he thinks that IMF and World Trade Organisation guided policies, economic liberal policies, are the cause of our problems in our country with regard to employment. Sir, Mr. Dasgupta has sort of obsession about all these and to begin with the idea of this liberal market policy it is not of Indian origin but of all over the globe including Russia, China. They are all trying to make a kind of common market where they sale commodity ; a challenge open to the world to cooperate and to go ahead. However, we must also remember that there was alternative—social pattern, socio economic condition—which had been tried there including India. The responsibility of the Government is to take care of people from this grime scenerio. It is a small world and it is felt in India, it is felt in England, it is felt in Sweeden, it is felt in Switzerland. So, people are looking for alternatives and Government was trying to reduce the expenses including West Bengal Government. Sir, certainly to begin with any developing country will have the problem to compete with big corporations like multi-national companies. But once you get used about the ideas, with the help of the Government we can overcome the problems. It is no use of talking about old-age, old thinking because we should all remember here that this has been tried in India during the Nehru's regime including Indira Gandhi's timex—the Government of India had tried its best to take responsibility of the people and it has miserably felt. Sir, if there is proper infrastructure and the Government initiatives certainly we will succeed. In our West Bengal Cottage Industry in my opinion has suffered due to liberal market policy. Sir, that is also our problem because we have not helped them with the right design, right concept of today. People of these cottage industries are still making things that were made perhaps 70/80 or 100

years ago. Sir, as per the statement of the finance minister, the Govt. of West Bengal is steadily looking for finance and it was a great surprise for all of us and gave us and gave us a shock wave that the Government has gone broken. We had no idea what ever that the Government was doing that badly. There was never a hint given in this assembly or anywhere. This news was certainly a loss of face for the Government. In the present budget our finance minister has taken pain to explain as to what went wrong and most of the reasons he says are because of the policies and reasons of the Government of India such as recommendation of the Pay Commission, the shortfall of the central share of tax of about 736 crores Reserve Bank's over-draft facilities for only 12 days and also erosion of Padma and Ganga where the Government of India did not support.

I must thank the finance minister because Malda's flood control and erosion work was nicely done and the Finance Minister took personal care. He also speaks about his own failure to collect the tax particularly sales tax. Sir, according to the budget statement of the Finance Minister out of the total estimated expenditure only Rs. 6,797 crores will be spend for plan and for non-plan 24.56 crores will be spent. For the deficit of the budget he will earn Rs. 500 crores by introducing entry tax, Rs. 150 crores by enhancing land revenue tax in the Municipal Corporations of Howrah and Calcutta, Rs. 25 crores from motor vehicles tax, 100 crores from liquor licence and 400 crores from austerity drive of the Government of West Bengal.

[4.35—4.45 p.m.]

Still, we will have a deficit of Rs. 793 crores. Sir, 60% of the total budget that you will have will be spend on interest payment and Government wage bills. The industry needs help particularly, I am talking about tea industry right now ; lowering the agricultural income-tax from 45 to 30% is a good news but lot has to be done to bring back to its success. Sir, the VAT, introduction of VAT, I think, it is a good news. I understand the President has given a prior approval. Therefore, this Bill could be made ready by April. The tax structure of the VAT will be like this—basic rate of 4% for necessary industrial, agricultural inputs and raw materials

and 12.5% for other goods. The Finance Minister is of the opinion that small farmers' success in agricultural sector can be brought back also in the medium and small scale industries to boost up employment. But normally speaking, Sir, the large scale unit helps these small scale and the medium scale industries. The Finance Minister's rupees hundred crores allocation in the past budget for the sick industries' rehabilitation, I think, has been withdrawn. The Finance Minister thinks that by boosting the samll scale and medium scale industries, he will be able to create seven hundred thousand jobs. Sir, one of the most disappointing thing I understand he imposed is introducing the entry tax. Sir, the entry tax is just the reverse of what he is doing by introducing the VAT. Through entry tax also he expects to earn about rupees five hundred crores, but this entry tax will create lot of corruption. The free movement of the commodities to the municipality areas will cost more money. The goods will be costly. Automobiles, three wheelers, washing machine, edible oil, biscuits, chocolates, medicines, sugar—most of these products are also brought to this State from outside. The Finance Minister thinks that these five hundren crores rupees, he will give to the municipalities. But as I mention, Sir, this entry tax is a big contradiction of introduction of VAT. Vat is imposed towards single market concept. VAT and Central Sales Tax exist concurrently. Sir, Finance Minister also wants to tax land in Calcutta and Howrah Municipalities. That means once you have to give the tax to the Corporation and then to the Government. By taxing twice, I think, the Finance Minister will jeopardise people to come to Calcutta to invest for industry. The Government is expected to earn 100 crores of rupees by giving liquor licences. I think this is most disappointing thing that we have heard from the budget proposal. I have seen with my own eyes in Malda young people getting drunk and disorderly and creating lot of problems and merely for hundred crores of rupees we will be inviting lots of societial problems particularly for the youths. So, I would request the Finance Minister to think and if possible to drop this idea. Sir, as we read the Budget, we see that it has been made with an eye on panchayat election. Dispite the Finance Minister's promise to reduce the non-plan expenditure, Finance Minister has made a 30% increase for the pension of farmers, fishermen and others and 150 acres of vested land will be distributed further to the

landless. This action is a cadre oriented one. Now, the Finance Minister promises Below the Poverty Line Cards. Again, this will help the cadres. Sir, since I don't have time, I am concluding my speech. Thank you.

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় ২০০৩-২০০৪ সালের যে বাজেট পেশ করেছেন এবং ২০০৩ সালের ১লা এপ্রিল থেকে চার মাসের যে আর্থিক ব্যয়-বরাদ্দ মঞ্জুরির দাবি পেশ করেছেন, সেই দাবিকে সমর্থন জানিয়ে অল্প পরিসরে আমার বক্তব্য রাখব। স্যার, যে রাজ্য বাজেট পেশ হয়েছে তাতে আমাদের মাননীয় অর্থমন্ত্রী আন্তর্জাতিক অর্থভাণ্ডারের নির্দেশ মেনে বাজেট পেশ করেননি। কিন্তু আন্তর্জাতিক অর্থভাণ্ডারের নির্দেশিত, একপেশে উদারনীতি হচ্ছে কেন্দ্রীয় বাজেট।

[4.45—4.55 p.m.]

আমরা জানি উদার কথাটা খুব ভালো। কিন্তু এই উদারতা পশ্চিমবঙ্গের মানুষের প্রতি বা ভারতবর্ষের মানুষের প্রতি নয়। সাম্রাজ্যবাদী মার্কিন, ব্রিটেন, জার্মানি, বহুজাতিক সংস্থা, যারা আমাদের দেশে অবাধ বাণিজ্যের মাধ্যমে ১০৫ কোটি ভারতবাসীকে অবাধে শোষণ করবে, তাদের প্রতি এই উদারতা। সেই কারণে আমরা নৈতিকভাবে আদর্শগতভাবে কেন্দ্রীয় সরকারের এই উদারনীতির বিরোধিতা করি। বিরোধী দলনেতা পঙ্কজবাবু আমাদের মুখ্যমন্ত্রীর ভ্রমণ সম্পর্কে যে তথ্য পেশ করেছেন এবং মদ্যপান সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন, আমি মনে করি এটার কোনো যুক্তি নেই। আমরা ভালোভাবেই জানি পশ্চিমবঙ্গে ২৬ বছর ধরে একটা বামপন্থী সরকার আছে, যে সরকার মিথ্যা প্রতিশ্রুতির মধ্যে নেই, যে সরকার জনগণের প্রয়োজন সামনে রেখে তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সেইগুলো পূরণের চেষ্টা করে এবং জনগণও এই সরকারকে রক্ষা করার জন্য দায়বদ্ধ।

স্যার, আমরা জানি যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার যখন আসে তখন সারা পশ্চিমবঙ্গে একটা ভুখা অবস্থা, কৃষি-অর্থনীতি দুর্বল, প্রয়োজনীয় খাদ্যদ্রব্য পাওয়া যায় না, প্রাচীন সেচব্যবস্থা, আল্লা এবং ভগবানের ভরসায় ফসল তোলার চেষ্টাও সফল হত না। প্রতি বছর বান, বন্যা, খরা, অতিবৃষ্টিতে আমাদের ফসল নষ্ট হত। আমাদের এই সরকার আসার পর ধীরে ধীরে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে কৃষি-অর্থনীতিতে একটা বিরাট পরিবর্তন নিয়ে এসেছে। এবং, এই সরকার দেখেছে যে, এখানকার ৮০ শতাংশ মানুষ যারা খেতমজুর, শ্রমিক তাদের যদি খাদ্য দিতে হয় তাহলে এখানে ভূমিসংস্কারের প্রয়োজন। এটা ঠিক যে, সারা ভারতবর্ষে ভূমিসংস্কার যেখানে হয়নি, সেখানে ভূমিসংস্কারের মধ্যে দিয়ে বর্গাদারদের যে অধিকার, সেই অধিকারকে স্বীকৃতি দেওয়া হয়েছে এই রাজ্যে। বহু ভূমিহীন চাষিকে জমির অধিকার দেওয়া হয়েছে, তার অধিকারকে স্বীকৃতি দেওয়া হয়েছে। শুধু স্বীকৃতি দেওয়াই হয়নি, এই অধিকারপ্রাপ্ত বর্গাদার, অধিকারপ্রাপ্ত পাট্টাচাষিকে উৎপাদনে সাহায্য করেছে। পশ্চিমবঙ্গকে খাদ্যে দুর্বল অবস্থা থেকে সবল জায়গায় নিয়ে এসেছে এই সরকার। এসব

উন্নয়ন হয়েছে। এইগুলো কি আপনাদের চোখে পড়ে না ? মনে করুন তো সেই কংগ্রেসি জমানায় ভুখা মিছিলের দৃশ্য। আপনারা মনে করুন যে, কংগ্রেসি জমানায় ভুখার মিছিল হয়েছিল। খাদ্য চাইতে মিছিল করেছে। তখন আপনারা নুরুল ইসলাম, আনন্দ হাইতকে মেরেছেন। সেই কথাগুলি শুনলে তো আপনাদের গায়ে লাগবেই। এখানে সেচব্যবস্থা বেড়েছে। ৬৭ শতংশ সেচব্যবস্থা বেড়েছে। আমরা তাতেও সন্তুষ্ট নই। আমাদের সরকার চাইছে ১০০ ভাগ সেচব্যবস্থাকে বাড়াতে এবং সেচের ব্যবস্থা বাড়াতে গিয়ে অর্থের প্রয়োজন। আমরা তিস্তা প্রকল্প শুরু করেছিলাম। সেখানে লক্ষ লক্ষ বিঘাতে সেচের ব্যবস্থা হবে। কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব পালন করা উচিত ছিল, সেই দায়িত্ব তারা পালন করেননি। পশ্চিমবঙ্গ সরকার ধীরে ধীরে এই তিস্তা প্রকল্পকে জনগণের প্রকল্প, কৃষকের প্রকল্প, খেতমজুরদের কাজ পাওয়ার প্রকল্প হিসাবে সেটাকে ত্বরান্বিত করার চেষ্টা করেছে। আপনারা এটুকু স্বীকার করবেন না ? আপনারা স্বীকার করবেন না যে পরিবহণ ব্যবস্থার উন্নতি হয়েছে ? এর ফলে কয়েক লক্ষ মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। কর্মসংস্থান বলতে আপনারা মনে করেন যে, বিডিও অফিসে চাকরি পাওয়া। কর্মসংস্থান বলতে প্রাইমারি স্কুলে শিক্ষকতা করা। কর্মসংস্থান বলতে মনে করেন যে, হায়ার সেকেন্ডারি স্কুলে শিক্ষকতা করা। শুধু এটাই কর্মসংস্থান নয়। আপনারা একসময় পরিকল্পনার নামে সমস্ত পরিকল্পনার উৎসকে রাইটার্স বিল্ডিং-এ রেখেছিলেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এসে গ্রামের প্রত্যাশা-মতো ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছে। গ্রামের মানুষের হাতে ক্ষমতা দিয়েছে। কোথায় স্কুল হবে—গ্রামের মানুষ ভাববে। কোথায় সেচের ব্যবস্থা হবে গ্রামের মানুষ ভাববে। কোথায় কালভার্ট হবে গ্রামের মানুষ ভাববে। এই অবস্থা আপনাদের সময় ছিল ? আপনারা ক্ষমতাকে কুক্ষিগত করে রেখেছিলেন। এই সরকার পঞ্চায়েত সিস্টেম করেছে। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত স্তরে সংসদ করেছে। এই সংসদ স্তরে মানুষ পরিকল্পনা করবে। কোথায় স্কুল হবে, তাদের ছেলেমেয়েরা কীভাবে পড়াশোনা করবে, কোন জেলাতে সেচের ব্যবস্থা করা হবে। বন্যা হলে কীভাবে প্রতিরোধ করবে সেই ব্যাপারে সংসদ ভাবনা-চিন্তা করছে। তাতেও আমরা আশান্বিত নই। পঞ্চায়েতমন্ত্রী শ্রী সূর্যকান্ত মিশ্র বলেছেন যে, সমস্ত ব্যাপারটা ওপেন করতে হবে। গোপনের জায়গা নেই। সেখানে গোপন করা হচ্ছে না। ওপেন করার চেষ্টা করা হচ্ছে। আপনারা ২৮ বছর ধরে সরকারে ছিলেন যখন,.....।

[4.55—5.05 p.m.]

একটা রাস্তা করেছিলেন ? আজকে যান তো কোন গ্রাম পঞ্চায়েত কত কিলোমিটার রাস্তা করেছে। সেই রাস্তা দিয়ে গাড়িঘোড়া চলছে, ট্রেকার চলছে, রিকশাভ্যান চলছে। ট্রেকার চালিয়ে তারা তাদের কর্মসংস্থান করছে, ওই রাস্তা দিয়ে ট্রেকার চালিয়ে তারা পরিবারকে চালিয়ে নিয়ে যাচ্ছে। ওই রাস্তা দিয়ে যান দেখবেন রাস্তার দুপাশে কত ছোটো ছোটো দোকান হয়েছে সেখানে তাদের কর্মসংস্থান হয়েছে। আপনারা তো এগুলো দেখতে পেলেন না। আপনারা বললেন মুখ্যমন্ত্রী গিয়েছিলেন, মুখ্যমন্ত্রী তো তীর্থ করতে যাননি। তিনি গিয়েছিলেন কাজে। তিনি একটা রাজ্যের মুখ্যমন্ত্রী এখানে পর্যটন শিল্পকে কীভাবে উন্নত করতে হবে সেটা

দেখতেই তিনি গিয়েছিলেন, সেখানে তিনি পুজো দিতে যাননি, উপাসনা করতে যাননি। আপনারা মদের কথা বলছেন। আপনারা তো মদ খাইয়েছেন। সিদ্ধার্থবাবুর আমলে মদ খাইয়েছেন। নকশাল বলেছেন, হাজার হাজার মানুষকে হত্যা করেছেন। না-রোনেলের ইজ্জত নষ্ট করেছেন। সেই মদ তো আপনারা খাইয়েছেন। আমরা মদকে ঘৃণা করি। তাই মদকে নিয়ন্ত্রণ করার জন্যই লাইসেন্স দেওয়া হচ্ছে। লাইসেন্স দেওয়ার মধ্যে দিয়ে ধীরে ধীরে এই মদ্যপানকে আমরা বন্ধ করতে চাই। আমরা চাই চেতনা বাড়াতে। আপনারা তো হাজারটা মিথ্যা কথা বলেন। মিথ্যা কথা বলে এখানে আসা যাবে না। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি প্রথমে মাননীয় অর্থমন্ত্রীকে ৫.২৭-এ যে প্রস্তাব করা হয়েছে সেটা বলি। বেঙ্গল ইলেকট্রিসিটি ডিউটি অ্যাক্ট, ১৯৩৫ এখানে দেখা যাচ্ছে যে প্রতি মাসে লেট পেমেন্টের জন্য ডিউটি যেটা গভর্নমেন্ট থেকে তোলা হয়। আগে মাননীয় সদস্যদের জানিয়ে রাখি যে আইনটা হল ইলেকট্রিসিটি লাইসেন্স ডব্লু.বি.এস.ই.বি., সি.ই.এস.সি. তারা বিক্রি যেটা করবে তাদের ইলেকট্রিসিটি ডিউটি কনজিউমার থেকে তুলে। তখন যদি লেট পেমেন্ট করে ডিউটিটা যদি সরকারি কোষাগারে জমা না পড়ে তাহলে প্রতি মাসে ২ পার্সেন্ট করে ইন্টারেস্ট দিতে হত। সেটা অসীমবাবু ১ পার্সেন্ট নামাচ্ছেন। আমার প্রশ্ন ছিল যে গত ২৬ বছর ধরে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন ইলেকট্রিক ডিউটি সাধারণ লোকের কাছ থেকে যেটা তুলতেন সেটা কি আপনার কোষাগারে জমা পড়েছে। উত্তর হল না। আগের সেশনে মৃণালবাবু বলেছিলেন না জমা পড়েনি। তাহলে ইলেকট্রিক ডিউটি বছরে ২৪ শতাংশ সুদ, সেই টাকা যদি জমা না পড়ে তাহলে ২৬ বছর ধরে সুদ কি নিয়েছেন ? মৃণালবাবু বলেছিলেন আমরাও সি.ই.এস.সি.-র ইলেকট্রিসিটি ভোগ করি এবং পয়সা দিই না। এটা অ্যাডজাস্ট হয়ে যায়, Section 3 of Bengal Electricity Duty Act Section 5 payment of electricity duty—licensee to collect electricity duty and pay to the State Government. Section 6—Obligation to keep books of accounts and submit returns by the licensee on the amount of duty payable to the Government and recover from the consumers Section – 7. Inspecting Officers. সেকশন সেভেনে বলছে ইন্সপেক্টিং অফিসাররা থাকবে, যারা এই ডিউটির হিসাব নেবে। সেকশান ৭ বলে ইন্সপেক্টিং অফিসার থাকবে যারা এই ডিউটির হিসাব নেবে। সেকশান ৯ বলা আছে এই টাকা যদি না জমা পড়ে তাহলে জেল হবে যে জমা দিচ্ছে না। আজকে আমার প্রশ্ন ২৬ বছর ধরে যে ইলেকট্রিসিটি ডিউটি কালেক্ট করছে সি.ই.এস.সি. আপনাদের কাছ থেকে সেটা আপনাদের ঘরে জমা পড়েছে ? আপনারা কেন এতদিন স্টেপ নেননি। আজকে সেল ট্যাক্সের ব্যাপারে বলি ধরুন একটা সিমেন্ট কোম্পানি সে গভর্নমেন্টকে সিমেন্ট সাপ্লাই করে থাকে। সেখানে সিমেন্ট থেকে যে সেল ট্যাক্স আয় হবে সেটা কি সরকারের ঘরে জমা দেবে, কি দেবে না ? সে কি বলতে পারে গভর্নমেন্ট যেহেতু আমার থেকে ধারে সিমেন্ট নিয়েছে সুতরাং আমি সেল ট্যাক্স জমা দেব না। এটা হল ব্রিচ

অফ পাবলিক ডিউটি, পাবলিক ট্রাস্ট। আমরা অভিযোগ করেছি যে ১৬০০ কোটি টাকা সি.ই.এস.সি.-র কাছে গভর্নমেন্টের পাওনা। এই পাওনাটাকে কমাবার জন্য ভবিষ্যতে যাতে সি.ই.এস.সি. অসুবিধায় না পড়ে তাই সেটাকে ২৪ পারসেন্ট থেকে ১২ পারসেন্ট আপনি করে দিচ্ছেন একটা অজুহাত দেখিয়ে। আমার প্রশ্ন হল যত টাকা পাওনা এবং নিশ্চয়ই তার একটা হিসাব আছে। আপনি যদি বলেন কোনো পাওনা নেই, তাহলে হিসাব দেখান। আজ পর্যন্ত আপনাদের বিদ্যুৎমন্ত্রী হিসাব দিতে পারেননি। সুতরাং এখন আপনার কাছে দাবি করছি সি.ই.এস.সি.-র কাছে এই বাবদ কত পাওনা আছে এটা সভাকে বলুন। এর পরে আপনি এন্ট্রি ট্যাক্স আরোপ করতে চাইছেন। আমি ঠিক বলতে পারব না, তবে মনে হয় ১৯৯৫ সালে এটাকে আপনি অ্যাবলিশ করেছিলেন। কেন করেছিলেন ? আজকে আবার সেই অ্যাবলিশের পক্ষে সেই যুক্তিগুলি বলে কেন আবার প্রয়োগ করছেন সেটা বলুন ? এন্ট্রি ট্যাক্স সাধারণ মানুষের ঘাড়ে চাপবে, ব্যবসায়ীদের ঘাড়ে চাপবে না। প্রত্যেকটা ব্যাপারে আপনারা ট্যাক্স চাপাচ্ছেন জনসাধারণের উপরে। রেজিস্ট্রেশান থেকে স্ট্যাম্প ডিউটি থেকে কোর্ট ফি থেকে এমনকী মোটর ভেহিকেল থেকে যেখানে পারছেন ট্যাক্স নিচ্ছেন। একই সঙ্গে পেট্রোলের সেসও নিয়েছেন ১ টাকা করে। কোনো কাজ নেই পেট্রোলের সেস নিয়ে যাচ্ছেন। তার পরে যখন তেলের দাম আন্তর্জাতিক বাজারে ওঠানামা করছে তখন আপনারা কেন্দ্রীয় সরকারকে গালাগালি করছেন। আমি জানতে চাইছি কেন ১৯৯৫ সালে এন্ট্রি ট্যাক্স তুললেন, আর কেন আজকে কী কারণে এন্ট্রি ট্যাক্স চাপাচ্ছেন ? আমার মনে আছে সে দিন আপনারা বলেছিলেন যে পরিকাঠামোতে খরচ হয়। সেই খরচ এন্ট্রি ট্যাক্স তুলে ঠিকমতো চলে না। সুতরাং এর থেকে যত টাকা হচ্ছে সেটা রাজ্যে এমন ইনসিগনিফিকান্ট অ্যামাউন্ট যে জন্য এটাকে তুলে দেওয়া দরকার। আজকে কিন্তু সেটা চাপাচ্ছেন। আপনি ২৪-এ বলেছেন Because of financial problems towards the end of the last financial year and delay in implementation of projects before that, an amount of more than Rs. 3,000 crore had to be kept in the local fund accounts and deposits accounts. There was a need to release Rs. 1800 crore out of this amount mainly for expenditure on plan schemes. This apart, the State Government had to take the responsibility of an additional non-plan expenditure of Rs. 500 crore in order to meet the requirement of fund arising out sanction of pension and retirement benefits of an additional number of 44,000 teachers and non-teaching employees of primary and secondary schools through a special initiative taken at the State level. কিছুদিন আগে আমি বিধানসভায় প্লেস করেছিলাম, আপনার কাগজের জেরক্স কপি বার করেছিলাম, আপনার ডিপার্টমেন্টে আপনি এস.সি., এস.টি. কর্পোরেশনকে বললেন যে তোমরা খরচ করতে পারোনি গত বাজেটে ৬৫ কোটি টাকা। ওরা যেটা দিয়েছিল সেটা তুলে নিয়ে বললেন যে তোমরা খরচ করতে পারোনি বলে ডিপোজিট অ্যাকাউন্টে রেখে দিলেন এবং প্রত্যেকটা অ্যাকাউন্ট থেকে আপনি তুলেছেন। হিডকো থেকে ২০ কোটি টাকা তুলেছেন, ওয়েস্ট বেঙ্গল

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন থেকে টাকা তুলে নিয়েছেন। এই যে বাজেট স্যাংশান করছেন তারা পুরো টাকাটা পরে তুলে নিচ্ছেন মাহিনা দেওয়ার জন্য। দেখতে পাচ্ছি আপনি একাধারে এখানে লিখছেন সমস্ত দায় চাপাচ্ছেন কেন্দ্রীয় সরকারের উপরে, কারণ কেন্দ্রীয় সরকার ফিফথ পে-কমিশনে মাহিনা বাড়িয়েছেন। সুতরাং আমরা বাড়াতে বাধ্য হয়েছি। কিন্তু বাড়াতে বাধ্য হয়েছি—যখন কর্মচারীদের টাকা বাড়াচ্ছেন তখন কিন্তু বলছেন না কেন্দ্রীয় সরকারের জন্য টাকা বাড়াচ্ছেন। এই বাড়ানোর মূলে কেন্দ্রীয় সরকারের ক্রেডিট। তখন কিন্তু বলছেন আমরা করেছি। এই ১২ হাজার কোটি টাকা মাহিনা দিতেই চলে যাচ্ছে বছরে, তখন বলছেন এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। আজকে কিছুক্ষণ আগে সরকার পক্ষের একজন বক্তা বলছিলেন মহারাষ্ট্রের কথা। মহারাষ্ট্র গভর্নমেন্ট এবারে ডি.এ. কেটে দিয়েছে।

[5.05—5.15 p.m.]

টাকা দিতে পারছে না। এর জন্য মহারাষ্ট্রের কংগ্রেস গভর্নমেন্ট দায়ী নয়, দায়ী আগের গভর্নমেন্ট, ৩২টা উড়াল পুলের টাকা কেটে নিয়েছে। ওরা বলেছে যখন টাকা হবে দেব। সুতরাং সর্বক্ষেত্রে দেখা যাচ্ছে কেন্দ্রকে দায়ী করছে। বড়োলোকের ছেলের মতো, বিয়ে করব আমি পয়সা জোগাবে বাবা। ফুলশয্যা আমি করব, টাকা দেবে বাবা। সুতরাং আপনাকে যেটা করতে হবে সেটা বলি, একটা ছোট্ট ইনস্ট্যান্স দিচ্ছি। বলেছেন এক্সপেন্ডিচার কমাবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু ১২টা গাড়ি নিয়ে ঘোরেন। আপনারা খবরের কাগজে বলে দিলেন জ্যোতি বসুর বাড়ির ভাড়া সি.পি.এম. পার্টি দেবে। কত টাকা দিচ্ছে ? যদি ওই বাড়ির ভাড়া ৫ হাজার টাকা হয় তাহলে আমাদের মধ্যে অনেকে আছেন, ১০ হাজার টাকা দেব। যদি ৩০ হাজার টাকা হয় তাহলে আমরা ৬০ হাজার টাকা দেব। আপনাদের সরকারেরও উপার্জন হবে। আপনারা খরচ কমাও খরচ কমাও বলছেন অথচ জ্যোতিবাবুর ব্যাপারে কোনো স্টেপ নেননি।

আরেকটা পয়েন্টে আসছি। ফান্ড ফর ওয়েলফেয়ার অফ ব্যাকওয়ার্ড ক্লাসেস-এর জন্য ৫৩ কোটি টাকা আর ১৫ কোটি কোটি টাকা অ্যালট করেছেন। কী লাভ ? ৩ মাস যেতে না যেতে বলবেন টাকা খরচ করতে পারনি অন্য খাতে দিয়ে দেব বা তুলে নেব।

কিছুক্ষণ আগে বিলগ্নীকরণের কথা, ডিজ-ইনভেস্টমেন্টের কথা শুনছিলাম। আপনারা নতুন কথাগুলো শিখছেন, হয়তো ভালো লাগছে। কিন্তু বলুন তো ওয়েবেল কিভাবে চলছে ? ওয়েবেলের ১০০ শতাংশ শেয়ার ছিল। কিন্তু আজকে এমন একটা ওয়েবেলের সেক্টর বলুন যেখানে প্রাইভেট সেক্টর ঢোকেনি ? নিজেদের ক্ষমতা প্রাইভেট সেক্টরকে ছেড়ে দিয়েছেন। ওয়েবেল এখন টোট্যালি প্রাইভেট সেক্টরে চলছে। আপনাদের কোনো ক্রেডিট নেই, আপনারা শুধু ঢাকঢোল পেটাচ্ছেন।

আমরা দেখতে পাচ্ছি হর্ষ নেওটিয়া কে.এম.ডি.এ.-র সঙ্গে যৌথ প্রকল্পে যাচ্ছেন। আপনারা সল্ট লেকের সমস্ত জমি হর্ষ নেওটিয়াকে দিয়ে দিয়েছেন। আবার, চাঁদমণি চা বাগানে সমস্ত জমি, যার দাম ৮৪ কোটি টাকা তা ১৪ কোটি টাকায় নিয়ে চলে গেলেন। জ্যোতিবাবুর ছেলের জানাশোনা লোক সুতরাং তাকে দিয়ে দাও। এখানে কেন ব্যয় সংকোচ

করছেন না ? ১৪টা চা বাগান চলে গেল। আপনারা আবার বলছেন ডিজ-ইনভেস্টমেন্ট অপোজ করছি।

আবার একটা পুরোনো কথা মনে করিয়ে দিতে চাই। ওয়েস্ট বেঙ্গল ট্যাক্স ফর কনজাম্পশন-এ বলছেন, যারা বাইরে থেকে মাল নিয়ে এসে এখানে স্ট্রাকচার তৈরি করবেন তাদের ১৫ শতাংশ ট্যাক্স দিতে হবে। রিলায়েন্স গত বছর ৯০০ কোটি টাকা ইনভেস্ট করতে চেয়েছিল স্ট্রাকচারের জন্য আপনারা ১৩০ কোটি টাকা ওয়েভ করে দিলেন। তার উত্তর কী ? ১৩০ কোটি টাকা আজকে থাকলে তো অ্যাড করা যেত এবং আইন না পালটে সেকশন এইট অ্যামেন্ড করে দিলেন। তাই আপনাকে বলছি বাজেট করছেন করুন, কিন্তু মন্ত্রীদের খরচ একটু কমান। পংকজ ব্যানার্জী মহাশয় এ ব্যাপারে বলেছেন।

একসাইজের ক্ষেত্রে আপনারা বলছেন, মদের দোকান থেকে ১০০ কোটি টাকা তুলবেন। রতন আগরওয়াল থেকে প্রবোধবাবু যতক্ষণ থাকবেন একসাইজ ডিউটির টাকা গভর্নমেন্টের ঘরে উঠবে না। এটা গ্যারান্টি দিয়ে বলতে পারি। আগে জানতাম বড়ো বড়ো লোকেরা বড়ো বড়ো ঘুষ খায়। এখন তো দেখছি ১৫-২০-৩০ হাজার টাকাও ঘুষ খেয়ে যাচ্ছে। এ ব্যাপারে বার বার চিঠি দিয়ে কিছু হচ্ছে না। এরা ১০০ কোটি টাকারও পার্সেন্টেজ খেয়ে যাবে। আগে আপনাদের একটা শ্লোগান ছিল 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব'। আর, এখন আপনারা বলতে চাইছেন 'মদ আনে বিপ্লব'। এবং তাই ১০০ কোটি টাকা এখান থেকে বিপ্লব করে তুলবেন। তাই বলছি, একসাইজ ডিপার্টমেন্টকে একটু দেখুন, নিজে হাতে নিন। আপনি আগে এর দায়িত্বে ছিলেন এবং আপনি ব্যক্তিগতভাবে অনেস্ট লোক এবং আপনার পরে যিনি এর দায়িত্বে ছিলেন, সেই ধীরেন সেন মহাশয়ও সৎ মানুষ। আপনাদের আমলে ভালো কাজ হয়েছে। কিন্তু পরবর্তীকালে কমিশনার বা যে সমস্ত আমলারা এতে আছেন তারা লুঠপাট চালাচ্ছেন। ফলে এখন লোকে বলছে 'ভিখ নেহি মাংতা কুত্তা সামালহো'। এই কথা বলে, এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাই। সমর্থন জানাই এই কারণের জন্য যে, বর্তমান কেন্দ্রীয় সরকার যে ভ্রান্ত পথ ও নীতি গ্রহণ করেছেন তার ফলে সমস্ত রাজ্যগুলিতে আজকে সংকট ঘনীভূত হয়েছে, সেখান থেকে বেরিয়ে আসার জন্য তিনি নতুন পথের দিশা দিয়েছেন। প্রথমত কেন্দ্রীয় সরকার মহাজনী কারবারি করছে, তারা আমাদের কাছ থেকে ঋণ বাবদ সুদের বেশি টাকা আদায় করেন সেটা আপনারা সকলেই জানেন। তাছাড়া আমাদের এখান থেকে যে কর তারা আদায় করেন সেই কর আদায়ের মাত্র ৩০ পার্সেন্ট আমাদের দেয়, যেটা আমাদের দাবি ৫০ পার্সেন্ট দিতে হবে। সুতরাং এই সংকটের মধ্যে দাঁড়িয়েও আমাদের মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছেন রাজ্যের কর্মসংস্থান এবং রাজ্যের যে ঋণের হার সেটা তিনি পূরণ করবেন এবং এটা পূরণ করতে গিয়ে তিনি কয়েকটি নতুন পদক্ষেপও গ্রহণ করছেন। আমাদের আগে প্রবেশ কর ছিল, তিনি আবার সেই প্রবেশ কর

আমাদের এখানে ফিরিয়ে আনছেন। আমাদের রাজ্যে কোলকাতা এবং হাওড়ায় বসতবাড়ি এবং বাণিজ্যিক ও ব্যবসা সংক্রান্ত ব্যবহারের জন্য যে সমস্ত বাড়িগুলো রয়েছে তার উপর ন্যূনতম একটা ট্যাক্স ধার্য করেছেন। সবচেয়ে বড়ো কথা হচ্ছে যে, তিনি এখানে ভ্যাট প্রথা চালু করতে চান। তার ফলে কর আদায়ের একটা সুরাহা হবে এবং ব্যবসায়ীদের কোনো অসুবিধা হবে না। আমরা আমাদের অতীতের অভিজ্ঞতা থেকে দেখেছি যে, মূলধনী করে ১৬৩৬ কোটি টাকা থাকলেও পরে সংশোধিত হার আমাদের সেটা ২৩৮২ কোটি টাকা কেন্দ্র সরকারকে দিতে হয়েছে। কেন্দ্রীয় সরকারের এই যে মহাজনী কারবার, এই কারবারের মধ্যে দিয়ে আমাদের উৎপাদনের হার বৃদ্ধি করে কর্মসংস্থান বাড়িয়ে কৃষিজাত পণ্যসামগ্রী বাড়িয়ে আমরা আমাদের উৎপাদনের হার ৮ পার্সেন্ট রাখতে যাচ্ছি। এখন আমরা দেখছি যে, অন্যান্য রাজ্যে এবং কেন্দ্রে যেখানে উৎপাদনের হার কমে যাচ্ছে সেখানে পশ্চিমবাংলায় শিল্প এবং কৃষিতে আমাদের উৎপাদনের হার ক্রমাগত বাড়ছে। এটা কোনো ম্যাজিক নয়। আপনারা সকলেই জানেন যে, পশ্চিমবাংলায় এখন কৃষিতে নজরকাড়া উৎপাদন সৃষ্টি হচ্ছে। আমরা বোধহয় ভারতবর্ষের মধ্যে এখন দ্বিতীয় স্থানে রয়েছি, শিল্পে আমরা এখন অগ্রগতি লাভ করেছি। আমরা বোধহয় বিনিয়োগের ক্ষেত্রে—শিল্পে আমরা গুজরাটের পরেই আমাদের স্থান। কয়েক বছর আগে আপনারা যখন চিৎকার-চেঁচামেচি করতেন তখন প্রাক্তন মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতিবাবু বলতেন যে, 'আমরা সঠিক সময়ে সঠিক পদক্ষেপ গ্রহণ করে আমরাও এগিয়ে যাব'। আজকে আমরা গর্বের সঙ্গে বলতে পারি যে, মাত্র কয়েক বছরের মধ্যে শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে আমরা দ্বিতীয় স্থানে চলে গেছি। সুতরাং এখানে বিরোধীদের কাছে প্রশ্ন—বিরোধীরা আমাদের এই সমস্ত উন্নয়নমূলক কাজকে দেখতে পাচ্ছেন না ? আমাদের এখানে কৃষি উৎপাদনে আমাদের যে ধারাবাহিক উন্নতি সেই উন্নতিকে আপনারা অস্বীকার করতে পারেন না।

[5.15—5.25 p.m.]

যখন সর্বভারতীয় ক্ষেত্রে কৃষি উৎপাদনের হার কমছে, শিল্প উৎপাদনের হার কমছে তখন পশ্চিমবাংলায় সেগুলো বাড়ছে কী করে ? সেগুলো বাড়ছে পশ্চিমবাংলা কেন্দ্রীয় সরকার ঘোষিত অর্থনীতি থেকে একটা ভিন্ন অর্থনৈতিক নীতি নিয়ে চলছে বলে। আমাদের অর্থমন্ত্রী ভিন্ন পথে হেঁটেও এবারের বাজেটের মধ্যে দিয়ে তিনি তাঁর লক্ষ পথ থেকে সরে যাননি। উৎপাদন বৃদ্ধির হারের লক্ষ্যমাত্রা ৮ শতাংশই ধার্য হয়েছে এবং কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৭ লক্ষ রাখা হয়েছে। ২৮টি নতুন সেতু নির্মাণের কথা ঘোষিত হয়েছে এবং ৩০০ কিলোমিটার নতুন রাস্তা নির্মাণের জন্য বরাদ্দ ধার্য হয়েছে। এর সঙ্গে সঙ্গে আমরা আমাদের সামাজিক দায়বদ্ধতার কথা কখনোই অস্বীকার করতে পারি না। আমাদের রাজ্যের স্বাধীনতা সংগ্রামীদের এখন পর্যন্ত আমরা মাসে ১ হাজার টাকা করে ভাতা দিচ্ছি। সেটা আগামী আর্থিক বছর থেকে ১২৫০ টাকা করা হচ্ছে। বিধবা ভাতা, বার্ধক্য ভাতা প্রভৃতি চালু রাখা হয়েছে। যখন আমাদের রাজ্যে এইভাবে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে তখন আমরা দেখছি কেন্দ্রীয় বাজেটে গ্রাম উন্নয়ন কর্মসূচির ক্ষেত্রে গত বছর বরাদ্দ ছিল ১৫ হাজার কোটি টাকা,

এ বছর তা কমিয়ে ১০,০০০ কোটি টাকা করা হয়েছে। অনুরূপভাবে আমরা দেখছি সুষমা স্বরাজের স্বাস্থ্য দপ্তরের এবং মুরলীমনোহর যোশীর শিক্ষা ও মানব সম্পদ উন্নয়ন দপ্তরের বাজেট বরাদ্দ গত বছর যা ছিল, এ বছরও তাই রাখা হয়েছে। সামান্যতম বরাদ্দ বৃদ্ধি পায়নি। আমাদের রাজ্যে আমাদের অর্থমন্ত্রী কিছুটা হলেও শিক্ষা এবং স্বাস্থ্য খাতের বরাদ্দ বৃদ্ধি করেছেন। আমাদের রাজ্যে যে সমস্ত বন্ধ কল-কারখানা রয়েছে তাদের জন্য ইতিপূর্বেই তিনি ৫০০ কোটি টাকা দেবার কথা ঘোষণা করেছেন। এখন বি.পি.এল. তালিকার মধ্যে দিয়ে বন্ধ কল-কারখানার বেকার শ্রমিকদের আরো কিছু সুযোগ-সুবিধা দেবার কথা ঘোষণা করেছেন। ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্প্রসারণের জন্য রাজ্য ব্যাংক থেকে ১ হাজার কোটি টাকা এবং সমবায় ব্যাংকগুলি থেকে ৪০০ কোটি টাকা সাহায্য করার কথা বলা হয়েছে। আমরা জানি আমাদের রাজ্য থেকে বাণিজ্যিক ব্যাংকগুলি ৮০ হাজার কোটি টাকার আমানত সংগ্রহ করে। কিন্তু আমাদের রাজ্যের জন্য মাত্র ৪১৪ কোটি টাকা তারা ব্যয় করে। এই অবস্থার মধ্যেও আমাদের রাজ্যের বাজেটে কর্মসংস্থান এবং বিভিন্ন উন্নয়নের পদক্ষেপ গৃহীত হয়েছে। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই, আমাদের রাজ্যের আবগারি দপ্তর ১০০ নতুন আবগারি লাইসেন্সের অনুমোদন দিয়েছে। এই সমস্ত মদের দোকানের লাইসেন্স দেওয়ার সময় অবশ্যই লক্ষ্য রাখতে হবে যাতে স্কুল, কলেজ, বিভিন্ন নামকরা প্রতিষ্ঠান, হাসপাতাল ইত্যাদির পাশাপাশি কোনো স্থানে মদের দোকানের লাইসেন্স যাতে দেওয়া না হয়। এর সঙ্গে সঙ্গে আমি আরো একটা কথা বলব যে, লাইসেন্স প্রদানের ক্ষেত্রে এম.এল.এ.-দের মতামতের বাধ্যবাধকতা রাখাটা ঠিক হচ্ছে না। এটার পরিবর্তন ঘটিয়ে এম.এল.এ.-দের বিড়ম্বনার হাত থেকে রক্ষা করা দরকার। রাজ্যের আর্থিক সংকটের পরিপ্রেক্ষিতে আমি এখানে আর একটা বিষয় উল্লেখ করতে চাই,—যেসব ক্ষেত্রে এখনো ডবল পেনশন বা ডবল স্যালারি ড্র করার নীতি চালু রয়েছে সেসব ক্ষেত্রের সেই নীতি পুনর্বিবেচনা করতে আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি। আজকে গোটা দেশে কেন্দ্রীয় সরকার লিবারালাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবালাইজেশন নীতি নিয়ে চলছে। মাননীয় অর্থমন্ত্রী সঠিকভাবেই উল্লেখ করেছেন—কেন্দ্রীয় সরকারের এই গৃহীত নীতির বিরুদ্ধে দেশের সবকটা রাজ্যকে নিয়ে আমাদের লড়াই করতে হবে। 'ভ্যাট' প্রথা চালু করার জন্য, রাজ্যগুলির অধিকারকে ছিনিয়ে আনার জন্য তিনি লড়াইয়ের ডাক দিয়েছেন। আমি তাঁকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে এবং এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : माननीय Chairman, 2003-04 को 793 कोटी घाटती वजट जुन आज पेश गरिएको छ त्यसमा म आज अत्यन्त दु:खको साथ एक मत हुनु सकदिन र विशेष गेरर हाम्रो माननीय अर्थ मंत्री जो वाल्यकालमा दार्जिलिङ पहाड़मा नै बिताउनु भएको र त्यस पछि वहां प्रत्येक वर्ष दार्जिलिङमा आउनु हुन्छ, दार्जिलिङको प्रत्येक विभिन्न समस्याहरू वहांलाई अवगत छ तर दु:खको कुश यस बजत्मा दार्जिलिङको विषय लिएर सकै शव्द वहांले यहां निर उल्लेख न गर्नु भएकोमा म एकदमै दु:ख प्रकट गैर्दछु। र विशेष गेरर पहाड़मा हजाार-हजार बेकारी युवा युवतीहरू जो नोकरीको अभावमा जो सरकारी सहुलियत न पाएर छिमिकी राष्ट्र नेपालमा, सिकिममा गएर उनीहरूले आपनु जिविका अर्जन गरिरेहको

छ। हो D.G.H.C. ले केही आर्थिक क्षमतामा भए पनि कती जना बेकारी युवा युवतीहरूलाई contract basis मा भए पनि काम दि नै रहेको छ। तर यो एती मात्रले सम्भव हुनु सकदैन जती सम्म राज्य सरकारले यी बेकारी युवा युवतीहरूको निम्ति कुनै पनि कदमहरु चाल्न न सके यिनीहरुको भविष्यलाई सोचदिनु पर्छ भनी म हाम्रो माननीय अर्थ मंत्रीसंग निवेदन त्याउछु। र विशेष गेरर Darjeeling Gorkha Autonomous Council तपाईहरुले जन्माउनु भएको यो हाम्रो पूर्व Chief Minister माननीय Jyoti Basu को Franchicle मा जनमिएको हो। Darjeeling Gorkha Autonomous Hill Council यहां विभिन्न दफ्तरहरू छ तर दुःखको कुरो यी दफ्तरहरूमा कती Fund हरू बरादो भएको छ त्यसमा उल्लेखित भएको छैन। मईले प्रत्येक वर्षको बजटमा यस कुशलाई हाम्रो माननीय मंत्री समम उल्लेख गराउदै आएको हो तर दुःखको कुरो Darjeeling Gorkha Parbatya Parishad-को दफ्तरहरूको निम्ति आज 2003 को Fund पनि आजसम्मा प्राप्त हुनुसकेको छैन। यो मात्र अब 31st March भित्रमा पाउने पनै तर अहिले सम्म पनि प्राप्त भएको छैन। र विशेष गेरर North Bengalमा Development Project हरू तपाईहरूले जुन गर्नु हुदै छ। र विशेष गेरर Darjeeling को नाम्मा Plains मा सिलगुड़ीमा मात्र तपाईहरूले केन्द्र गेरर बनाउनु हुन्छ। Vegetables, Fruits हरु खाली North Bengal, South Bengal मा मात्र उपजानी हुदैन Darjeeling, Kalimpong, Kurseong मा पनि फल प्रशस्त मात्रमा उपजानी हुन्छ। र म विशेष गेरर माननीय मंत्री लाई एउटा प्रश्न राखनु चहान्छु किन सिलगुड़ीमा मात्र Cold Storage बनिन्छ किन Darjeeling मा बनिनु सकदैन। किन भने प्रशस्त मात्रामा गाऊ, बस्तीमा पनि खेतमा vegetables हरू साग-सब्जी भनो फलहरू भनो विभिन्न सकमको फलहरू प्राप्त हुन्छ। र किन चै Cold Storage Darjeeling क्षेत्रमा कुनै पनि Darjeeling को भागमा Cold Storage बनिनु सकदैन। म मंत्री समक्ष प्रश्न राखनु चहान्छु। र विशेष गेरर अको कुशे के हो भने Darjeeling मा विशेष गेरर Industry को नाम चियाको उद्योग अनि Cinchona Plantation को अवस्य एकदमै जीर्ण भएर गएको छ र त्यहाँ 6000 मन्दा पनि बाढ़ि कर्मचारीहरूको भविष्य अन्धकारमा डुबेको छ र आज म मंत्री महोदयलाई भन्नु चहान्छु कि यो Cinchona plantation को revival को लागि अथवा यसको आधुनिकरण र यसलाई तपाईहरूले कुन चै विकल्पमा ल्याउनु हुदैछ। यसको भविष्य के कस्तो छ म यसबरिमा पनि तपाईहरूले यस बजटमा कुनै पुष्टि न गेरकोमा म खेद प्रकट गैर्दछु। र अर्को कुरी माननीय मंत्रीले चिया उद्योगमा 45% देखी 30% को जुन चै घटाउनु भको छ यसमा कोलाई फायदा हुन्छ। आज चिया बगानको अवस्था सकदमै सोचनीय भएर गएको छ र त्यसमा 37 वटा चियाबगानहरू बन्द छ, यी बन्द चियाबगानहरूलाई खोलने कुनै परिकल्पनाहरूको विषयमा यहां बजटमा तपाईले उल्लेख गर्नु भएको छैन। र विशेष गेरर यो Darjeeling अनि डुवर्स इलाकामा जुन चियाबगानहरूमा कतिपय चियाबगानहरूमा यस्तो प्रकारको अवस्था छ कि जहां चै मजदूरहरूले सप्ताह भरी काम गेरर मात्र ३ दिनको उनीहरूले रोजगार प्राप्त गरिरहेको छ। र विशेष गेरर म मंत्री महोदयलाई यही आवेदन गर्नुचहान्छु कि Darjeeling डुर्वस इलाकाको चियाबगानको पुर्न

उत्थान को निम्ति यसमा तपाईहरूले पाहिला चाल्नु होस भन्ने म अनुरोध राख्दैछु। र विशेष गरर माननीय मंत्री महोदयलाई म यो फेरि पनि रउटा दु:खको साथमा भन्नु चहान्छु कि Horticulture को माध्यममा Darjeeling Hill मा किन Food Processing अनि Food Processing केन्द्र बनाउनु सकिन्न अनि Darjeeling को Plains को सिलगुड़ीमा मात्र किन Food Processing बनिन्छ। जहांकि प्रशस्त मात्रामा Darjeelingमा फलहरू भयो अनि तेयस्ती गरि Kalimpongमा फूलको खेती प्रशस्त मात्रामा हुन्छ र त्यहां निर Floriculture को पनि कुनै उद्योगहरू गर्नु सकिन्छ। र यस विषयमा तपाईले यस बजटमा कुनै पनि पहाड़ी क्षेत्रको उन्नीतको निम्ति कुनै उल्लेख न गरेकोमा म दु:ख प्रकट गर्दैछु। र विशेष गेरर Flood Control आज plains sideमा Flood आए भनि Central Govt. को through बाट धैरे मात्रमा Relief Fund भनो Natural Calamity Fund हरू प्राप्त हुन्छ जबकि Darjeelingमा प्रत्येक वर्ष Landslide हुन्दा कहिले पनि Central Govt. को Natural Clamity Fund प्राप्त हूनु सकदैन। हाम्रो मंत्री महोदयलाई यो जानकारी म दिनु चट्टान्छु कि गत तिन वर्ष देखी Natural Calamity Fund 1 पैसा पनि Darjeeling को पहाड़ड़ी क्षेत्रले प्राप्त गर्नु सकेको छैन र अंतमा यो जुन Vat 1 अप्रैल देखी तपाईले लागु गराउनु हुदैछ र यसको म धोर विरूद्ध गर्दैछु अनि तपाईलाई अवगत गराउनु चहान्छु कि सिलगुड़ीमा Vat विरूद्ध बन्द 31st March डाकेको छ र अंतमा राज्य बजट को Excise License को संख्या वृद्धिमा Entry tax reintroduce गरेकोमा Motor Vehicle Revenue मा वृद्धि अनि सरकारी कर्मचारीको D.A. वृद्धि न भऐकोमा प्रति मेरो विरोधिता जगाउदै मेरो वक्तव शेष गर्नु चहान्छु।

[5.25—5.35 p.m.]

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী গত ২০শে মার্চ এই সভায় পশ্চিমবঙ্গ সরকারের ২০০৩-০৪ সালের যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। স্যার, বিরোধীপক্ষের বন্ধুরা বাজেটের বিরোধিতা করতে গিয়ে যে কয়েকটি কথা বললেন সে সম্পর্কে আমি আমার বক্তব্য রাখব। আমাদের যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে পশ্চিমবঙ্গ একটি অঙ্গরাজ্য। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে আজ সারা দেশে যে সংকটগুলি তৈরি হয়েছে বিরোধীপক্ষের বন্ধুরা সে-সব কথা বললেন না। তা ছাড়া এই পটভূমিকাতে দাঁড়িয়েও রাজ্য সরকারের তরফ থেকে যে বাজেট পেশ করা হয়েছে তার বিকল্প পথ কী—সেটাও বিরোধীদের আলোচনার মধ্যে থেকে বেরিয়ে এল না। রাজনৈতিকভাবে সম্পূর্ণ দেউলিয়া হয়ে কোথায় গাড়ি চাপা পড়েছে, কোথায় মদ বিক্রি হচ্ছে এইসব কথা তাঁরা বলে গেলেন। স্যার, বিরোধীপক্ষের বন্ধুদের কাছে আমি খুব বিনীতভাবে কয়েকটি কথা জানতে চাই, শিখতে চাই। মাননীয় অর্থমন্ত্রীমহাশয় দেশের আর্থিক সংকটের কারণগুলি কী কী সেটা বিস্তারিতভাবে বলেছেন। স্যার, আমার এই ছোট্ট মাথাতে, ছোট্ট বুদ্ধিতে কিছুতেই ঢুকছে না যে কংগ্রেসের বন্ধুরা যাঁরা এখন তৃণমূল হয়েছেন তাঁরা কি অতীতের সব কথা ভুলে গিয়েছেন ? পণ্ডিত নেহেরু আমাদের দেশের স্বনির্ভরতার কথা

বলেছিলেন, নিজের পায়ে দাঁড়াবার কথা বলেছিলেন। ১৯৯১ সাল থেকে উদারীকরণের নামে আমাদের দেশে যে সংস্কার শুরু হয়েছে তাতে আমাদের দেশের স্বনির্ভরতা বজায় থাকছে কি ?

১৯৯০-৯১ সালে কংগ্রেস প্রথম কাঠামোগত সংস্কারের নামে ৩৪০টি পণ্য আমাদের দেশে ঢোকবার ব্যবস্থা করেছিল। আজকে কেন্দ্রের জোট সরকার ১৪২৯টি শিল্প এবং কৃষি পণ্য আমাদের দেশে ঢোকবার ব্যবস্থা করেছে। যুক্তিটা কী ? আমি বিরোধী বন্ধুদের কাছে জানতে চাই যেখানে আমাদের ৫০ পার্সেন্ট আমদানি শুল্ক ছিল, কোন যুক্তিতে কমিয়ে সেটা ১০ পার্সেন্ট করা হল ? আজকে আমদানি শুল্কে ছাড় দেওয়ার ফলে—আপনাদের বিবেকের কাছে জানতে চাই—আমাদের কৃষিশিল্পকে ধ্বংসের কিনারায় দাঁড় করিয়ে দিয়েছেন। যেখানে আমাদের আমদানি শুল্কতে ছাড় দিচ্ছে ৫০ শতাংশ থেকে ১০ শতাংশে সেখানে আমেরিকা এবং ইউরোপের অন্তর্ভুক্ত দেশগুলোতে আমদানি শুল্ক ১৭৭ শতাংশ থেকে বাড়িয়ে ২৮৮ শতাংশ করেছে। এখানে কমিয়ে ১০ ভাগ করা হল কোন যুক্তিতে ? যেখানে আমাদের কৃষিতে ভরতুকি ছিল ১০ ভাগ সেখানে এটা কমিয়ে আনা হল ৩ ভাগে। কেন আমাদের এখানে ১৮২ টাকার ডি.এ.পি. ৪৯০ টাকায় বিক্রি হয় ? কোন যুক্তিতে ? ৭.৫০ টাকার ডিজেল ২২ টাকায় বিক্রি হয় কোন নীতিতে ? কোন নীতিতে ২.৯০ টাকার কেরোসিন ১১ টাকায় বিক্রি হয় ? ১ বছরে ১২ বার পেট্রোলের দাম বৃদ্ধি করে কেন করা হল ৩৫ টাকায় ? এখানে কোনো যুক্তি আছে ? সামগ্রিকভাবে বহুজাতিক সংস্থা এবং সাম্রাজ্যবাদীদের লুট করার জন্য বাজারের ক্ষেত্রে তৈরি করে দেওয়া হচ্ছে। সেই দিক থেকে আজকে যে সামগ্রিক সংকট তৈরি হচ্ছে সেই পটভূমিতে দাঁড়িয়ে রাজ্য সরকার একটা বিকল্প নীতি নিয়ে হাঁটবার চেষ্টা করছে, তার জন্য সংগ্রাম করছে। অনেকে এটা বলেন, আপনারা বলেন পুরানো রেকর্ড বারে বারে আমরা বাজিয়ে শোনাচ্ছি। এ ছাড়া আর কোনো পথ আছে কি বলতে পারেন আপনারা ? গোটা ভারতবর্ষে আমাদের দেশের অভ্যন্তরীণ বাজার তৈরি করার দরকার ছিল। ভূমিসংস্কারের ব্যাপারে বলুন। দেশ স্বাধীন হওয়ার পরে গত ১০ বছরে রাজ্যওয়ারি ভূমিসংস্কারের ফলে কোন রাজ্যে কতজন ভূমিহীন খেতমজুর তাদের পাট্টার মাধ্যমে চাষ করার অধিকার পেয়েছে ? আপনারা তার প্রতিবাদ করেছেন ? আমি আপনাদের কাছে বিনীতভাবে জিজ্ঞাসা করছি, ভেংকাইয়া নাইডু যদি প্রথম ভূমিহীন হন তাহলে সে কি জমি পেতে পারে ? পতিত জমি হিসাবে দেখিয়ে হাজার হাজার লক্ষ লক্ষ একর জমি বিদেশি বহুজাতিক কোম্পানির হাতে তুলে দেওয়া হচ্ছে। এতে আমাদের খাদ্যের নিরাপত্তা থাকবে ? এই বামফ্রন্ট সরকারের বিকল্প দৃষ্টিভঙ্গির মূল কথা হচ্ছে ভূমিসংস্কার এবং সেচ ব্যবস্থার উন্নয়ন। খানিকটা সরকারি ব্যবস্থাপনায় যা আছে সেই বিষয়ে পরিকল্পনা করা এবং পরিকল্পনায় অংশগ্রহণ করার জন্য ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা। এই দৃষ্টিভঙ্গিতে একটা বিকল্প নীতি নিয়ে বামফ্রন্ট সরকার হাঁটবার চেষ্টা করছে, চলবার চেষ্টা করছে। সারা ভারতবর্ষে যখন ৫২ লক্ষ একর জমি ভেস্ট হয়েছে সেখানে পশ্চিমবাংলায় হয়েছে ১৩ লক্ষ ৬৩ হাজার একর জমি। সারা ভারতবর্ষে যখন ৫৪ লক্ষ পরিবারকে জমি বিলি করা হয়েছে সেখানে পশ্চিমবাংলায় বিলি করা হয়েছে ১০ লক্ষ ৭৩ হাজার একর জমি ২৬ লক্ষ ৮১ হাজার পরিবারকে। এর মধ্যে ৫৬ শতাংশ হচ্ছে তপশিলি জাতি এবং উপজাতিদের। মহিলা-পুরুষের নামে যৌথ পাট্টা দেওয়া হয়েছে ৫ লক্ষ ৬২ হাজার এবং শুধু মহিলাদের পাট্টা

দেওয়া হয়েছে ৫২ হাজার পরিবারকে। ১৫ লক্ষ বর্গা সার্টিফিকেট দিয়ে জমি চাষ করবার অধিকার দেওয়া হয়েছে।

[5.35—5.45 p.m.]

সামগ্রিকভাবে আজকে পশ্চিমবাংলার একটা যে বিশেষ বৈশিষ্ট্য সেটা হচ্ছে, এখানে ৭২ ভাগ জমির মালিকের ৮৪ ভাগ ছোটো এবং প্রান্তিক চাষী। তার ফলে কী দাঁড়াচ্ছে, না আমাদের সরকারি দপ্তর এবং পঞ্চায়েত মিলিতভাবে, কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন সেচযুক্ত জমির পরিমাণ ছিল ৩২ শতাংশ, আজকে তা বেড়ে হয়েছে ৬৫-৬৭ শতাংশ। অন্য রাজ্যে কী হচ্ছে তা আপনাদের খবর নেবার জন্য বলছি। এখানে সরকারি ব্যবস্থাপনায় সেচের জন্য একটা উদ্যোগ নেওয়া হয়েছে। আপনারা খবর নেবেন, অন্য রাজ্য কী সংকটজনক অবস্থার মধ্যে দিয়ে চলছে ? ছত্তিশগড় রাজ্যে 'শিউনাথ' বলে একটা যে নদী আছে তাকে ব্রিটেনের একটা বহুজাতিক কোম্পানিকে বিক্রি করে দেওয়া হয়েছে। তারা নদী থেকে কী পরিমাণে জল তুলবে, কী দামে বিক্রি করবে তা ঠিক করবে। কেরালায় একটা কংগ্রেস সরকার আছে। তারা 'পেরিয়ার' বলে যে নদী আছে তাকে একটি ব্রিটিশ বহুজাতিক কোম্পানিকে বিক্রি করে দিয়েছে। তারা ঠিক করবে কী পরিমাণে জল তুলবে, কী দামে বিক্রি করবে। পশ্চিমবঙ্গ সরকার সীমিত ক্ষমতায় দাঁড়িয়ে ৬৭ ভাগ জমিকে সেচের আওতায় এনেছে। আপনাদের আমলে এখানে ৭৪ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন হত। এই বছরে বর্ষা দেরিতে হয়েছে এবং খরিফ শস্য কম হওয়া সত্ত্বেও খাদ্যশস্য উৎপাদন হবে ১.৬২ কোটি মেট্রিক টন। এর প্রভাব কী পড়ছে, এটা আমাদের কথা নয়, বিশ্বব্যাংক এই কথা বলছে, যোজনা কমিশন এই কথা বলছে। এইভাবে কৃষির বিকাশের ফলে পশ্চিমবঙ্গে—আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষ ছিল ৬০ ভাগ—আজকে সেই সংখ্যা দাঁড়িয়েছে ২৫ ভাগ। শুধু তাই নয়, পশ্চিমবাংলায় কৃষির উৎপাদন বৃদ্ধির ফলে গ্রামাঞ্চলের লোক যারা অন্যত্র চলে যেত, মাইগ্রেশন হত, নিজেদের বাস্তুভিটা ছেড়ে দিয়ে অন্যত্র চলে যেত কাজের আশায়, এখন সেইসব মা-বোনেরা নিজেদের এলাকায় কাজ করেন। এটা আমাদের কথা নয়, জাতীয় নমুনা সমীক্ষায় এই কথা বেরিয়ে এসেছে। এই বছরে গ্রামের খেতমজুর গরিব মানুষেরা তারা ৪৩ হাজার কোটি টাকা আয় করেছে এবং তা থেকে ১৪,৬০০ কোটি টাকার শিল্পপণ্য ক্রয় করেছে। পশ্চিমবঙ্গে প্রতি বছর দশ শতাংশ হারে মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে। এখানে শিল্প করার বাস্তব একটা ভিত্তি তৈরি হয়েছে। তাহলে কি পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে ? সেইজন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে বিকল্প নীতি নিয়ে হাঁটবার চেষ্টা করছে এবং মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে যেটা রেখেছেন তা গরিব ও কৃষক মানুষদের জন্য। এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা এখানে যেটা বাস্তব, মাননীয় অর্থমন্ত্রী দাশগুপ্ত যেটা স্বীকার করেছেন, কিন্তু ওঁর দলের পারিষদ যারা লজ্জাহীন, ভাঁড়ার শূন্য, সেই জ্ঞান তাঁদের ফিরে আসেনি। আমি ভেবেছিলাম

অর্থমন্ত্রী যে আর্থিক বিবৃতি দিয়েছেন, যদিও তিনি দাবি করেছেন এর জন্য কেন্দ্রই দায়ী সবচেয়ে বেশি। কিন্তু আমাদের রাজ্য ভারতবর্ষের মধ্যে ডেথ ট্রাপে দাঁড়ানোর মধ্যে দিয়ে বৃদ্ধি হয়েছে তাদের থেকে আলাদা নয়। এটা কি মাননীয় সদস্যরা সত্যি বুঝতে পেরেছেন, আসলে আপনাদের বোঝানো যাবে না বলেই একই কথা বারে বারে বলেন এবং পুরনো রেকর্ড বাজিয়ে চলেছেন ভূমি সংস্কারের ব্যাপারে। এবং পুরনো রেকর্ড যে, ধান, চালে আমরা প্রথম। মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করি যে, স্বাধীনতার পরে একটা বছর দেখাতে পারবেন যে বছরে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে ধানে প্রথম ছিল না। মাননীয় মন্ত্রী তাঁর জবাবী ভাষণে নিশ্চয় উত্তর দেবেন, যে বছর চাল অন্য রাজ্যের থেকে কম এখানে উৎপাদন হয়েছে। প্রতি বছরই আর্থিক দৈন্যতার কথা প্রকাশ করেন। আবার ২০০৩-০৪ সালের যে নীতি, যে খরচের নীতি এবং আদায়ের নীতি এই পরিস্থিতিতে দেখিয়েছেন তাতে দেখা যাচ্ছে এর ফলে পরিবহণ ব্যবস্থা ভেঙে পড়েছে, রাজ্যের শিল্প ভেঙে পড়েছে। ভারতবর্ষের মধ্যে সব থেকে বেশি শিল্প দুর্বল এবং বন্ধ হয়ে গিয়ে থাকে যদি কোথাও—সে পশ্চিমবঙ্গে। কমপারেটেবলি পশ্চিমবঙ্গে বেশি শিল্প দুর্বল এবং বন্ধ হয়ে যাচ্ছে। আজকে একজন প্রসূতি মাতার সবথেকে ভরসা ছিল সরকারি হাসপাতালে। আপনি যখন বাজেট পেশ করে আমাদের কাছে থেকে স্বীকৃতি চাইছেন তখন কি জানেন একজন প্রসূতি মাতা হাসপাতালে যাবে তার কাছ থেকে টাকা চাওয়া হবে। যদি তার কাছে টাকা না থাকে তাহলে হাসপাতালের সুপার অর মেডিকেল অফিসার কিংবা ওয়ার্ডবয় জানাবে আগে বাড়ি চলে যান, টাকা নিয়ে আসুন। একজন প্রসূতি মা, প্রসব যন্ত্রণায় কাতর, গর্ভ যন্ত্রণায় নিমজ্জিত, তার কাছ থেকে হাসপাতাল টাকা চাইছে, টাকা জমা দিলে পরে তার হাসপাতালে স্থান হবে। সুতরাং এই তো অবস্থা। তারপরে বিদ্যুতের ব্যাপারে তো অনেকেই বলেছেন। ট্যাক্স কিভাবে বৃদ্ধি করেছেন, প্রায় ৯টি ক্ষেত্রে ট্যাক্স বৃদ্ধি করেছেন। আপনার ২০০২-০৩ সালের যে বাজেট, সেখানে আপনার খরচ এবং আদায়ের ক্ষেত্রে আপনারা বলেছেন কেন্দ্রীয় সরকার ৯০০ কোটি টাকা সামথিং কম টাকা দিয়েছেন। কারণ রেভিনিউ আর্নিং কম করেছি তাই কম দিয়েছে। একটা রাজ্যে সেখানে ৬০০ কোটি টাকা রেভিনিউ আদায় কম হয়েছে, এই টাকা তুলতে না পারার জন্য কম টাকা বরাদ্দ হয়েছে। ফলে যে ফর্মুলাতে যোজনা কমিশনের কাছ থেকে টাকা আদায় করছেন, সেক্ষেত্রেও কম বরাদ্দ হবে। একটা রাজ্যকে যোজনা কমিশন তার টাকার বরাদ্দ করে—কত টাকা রাজ্য আদায় করেছে তার ভিত্তিতে। সেখানে ৬০০ কোটি টাকা রেভিনিউ তুলতে পারেনি, এবং এই টাকা তুলতে না পারার জন্য সংগত কারণে দিল্লির কাছ থেকে গ্যাডগিল ফর্মুলায় যে বরাদ্দ পাওয়ার কথা, তা পাবে না। আপনারা রেভিনিউ আর্ন করতে পারেননি, তার জন্য কম টাকা নিতে হবে। এবং ওই কম টাকার মধ্যেই আপনাদের চালাতে হবে। আপনারা ৩০,০০০ প্লাস যে টাকা পাবেন ২০০২-০৩ সালের জন্য, সেই টাকাতেই চালাবেন। ওই কম-বেশি টাকা নিয়ে চালাতে হবে। আপনারা বলেছেন ৬ হাজার কোটি টাকা পরিকল্পনা খাতে ব্যয় করবেন। আপনি আপনার বাজেট ভাষণে বলেছেন যে, ৬ হাজার কোটি টাকা পরিকল্পনা খাতে বরাদ্দ করবেন। কিন্তু আমার মনে হয় আপনি যে রথটিতে চড়েছেন সেই রথটি ফুটো হয়ে গেছে। আপনার বাজেট বইয়ের পেছনে মাননীয় অর্থমন্ত্রী সংক্ষিপ্ত আকারে পশ্চিমবঙ্গের বার্ষিক

আর্থিক বিবরণী—২০০৩-২০০৪ সালের যে দিয়েছেন—তাতে প্রারম্ভিক তহবিল মাইনাস ১১,০০,০০ দেখানো হয়েছে। রাজস্ব আদায়ের প্রথম থেকে ২০০৩-০৪ সালের প্রারম্ভিক তহবিলের ক্ষেত্রে শেষের দিকে দেখিয়েছেন নীট ফল মাইনাস। সুতরাং ৭৯৩ কোটি টাকার ঘাটতি তিনি দেখিয়েছেন। এবং ঘাটতি যেটা হচ্ছে ওই টাকা কোনোভাবেই আদায় করতে পারবেন না।

[5.45—5.55 p.m.]

সেই সাপোর্টের জন্য কতগুলো জায়গা বলেছেন। কেন্দ্রীয় সরকারকে রিজার্ভ ব্যাঙ্ক যেভাবে টাকা দেয়, আমাদের সেইভাবে টাকা দিচ্ছে না। এটা কি শুধু আপনার রাজ্যের ক্ষেত্রেই প্রযোজ্য ? রিজার্ভ ব্যাঙ্কের যে নিয়মাবলী আছে সেটা সব রাজ্যের ক্ষেত্রেই প্রযোজ্য। সমস্ত রাজ্যই এই কাঠামোর পরিবর্তনের কথা বলেছেন। আপনারাও এই পরিবর্তনের কথা বলবেন, তাতে কিছু এসে যায় না। শিক্ষাক্ষেত্রে আপনি বলেছেন অতিরিক্ত ৫০০টি সেকেন্ডারি বিদ্যালয় করবেন। শিক্ষাক্ষেত্রে এই সরকার রাজনৈতিকভাবে পীড়িত। আপনারা নবোদয় বিদ্যালয় চালু করেননি, আপনারা কেন্দ্রীয় বিদ্যালয় করতে দেননি, আপনারা প্রাইভেট সেক্টরকে অনুমতি দেননি, আপনারা শুধু উপেক্ষা করে গেছেন। যারা শিক্ষাক্ষেত্রে হাজার হাজার কোটি টাকা ব্যয় করতে চাইছেন তাদের আপনারা এই রাজ্যে অ্যালাউ করছেন না। একটা দুঃখের বিষয় আপনাকে বলছি, ব্যারাকপুরের বিবেকানন্দ মিশন একটা ইউনিভার্সিটি করার চেষ্টা করছেন তিন বছর ধরে। তারা আপনাদের কাছে টাকা চাইছে না, তারা আপনাদের কাছে চাইছে প্রাণ। কিন্তু আপনাদের প্রাণ নেই, বিবেক নেই, বিবেচনা নেই, সেইজন্য আপনারা অনুমতি দিচ্ছেন না। আজকে তারা এগারো-বারো ক্লাস করার জন্য আপনাদের কাছে অনুমতি চাইছেন। আজকে তো আপনারা দরজা খুলে দিচ্ছেন। মেডিকেল-ইঞ্জিনিয়ারিং কলেজ আগে ১২টা ছিল আজকে সেটা ৪২ পেরিয়ে গেছে। আপনারা যদি ঠিক পথে না গিয়ে, নীতি ও আদর্শের কথা বলেন, বিকল্প শিক্ষানীতি, বিকল্প শিল্পনীতির কথা বলেন, তাহলে কেউ শুনবে না। তাই আপনাদের ঠিক পথে এগিয়ে যেতে হবে। আপনারা যৌথ উদ্যোগের কথা বলছেন। হোয়াট ডাস ইট মিন ? এর মানে কি ? হলদিয়া পেট্রোকেমিকেলে আপনাদের তো ২৬ শতাংশ স্টেক ছিল, আপনারা সেই স্টেক অন্য লোকের হাতে তুলে দিচ্ছেন। আপনারা ওখানে প্রাইভেটাইজেশান করছেন। আমরা তো বলছি, যেখানে প্রয়োজন সেখানে প্রাইভেটাইজেশান করতে হবে। যাদের টাকা আছে শিক্ষাক্ষেত্রে তাদের প্রাইভেটাইজেশান করতে দিন। আজকে সরকারি শিক্ষাব্যবস্থা এত ভারাক্রান্ত যে আপনারা শিক্ষকদের মাইনে দিতে পারছেন না। আগামী দিনে হয়তো শিক্ষকদের মাইনে দিতে পারবেন না। আর রিটায়ারমেন্ট হওয়ার পর শিক্ষকদের পেনশান পাওয়ার জন্য কিভাবে অর্থ দপ্তর, শিক্ষা দপ্তরে দৌড়াদৌড়ি করতে হয় সেটা বলার অপেক্ষা রাখে না। সেইজন্য আমি বলছি, যাদের টাকা আছে তাদের এগোতে দিন। আজকে প্রাইমারি স্কুলগুলোর অবস্থা কী দাঁড়িয়েছে ? ৫০ হাজার প্রাইমারি স্কুলের মধ্যে ৪২ হাজার প্রাইমারি স্কুলের আজকে নতুন বিল্ডিং নেই, বসার জায়গা নেই, বেঞ্চ নেই, ব্ল্যাকবোর্ড নেই, ছাত্র নেই। পাশাপাশি আজকে প্রাইভেট সেক্টর নতুন করে এখানে জায়গা করে নিচ্ছে।

আগে ইনফ্রাস্ট্রাকচার যা ক্রিয়েট করা হয়েছিল সেগুলো আপনারা মেইনটেইন করতে পারেননি। আপনারা বলেন যে, বামফ্রন্ট সরকার এত মাইনে দিচ্ছে, আর কোনো রাজ্য এত মাইনে দিচ্ছে না। পাঞ্জাব, দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, গুজরাট এদের থেকেও কি আপনারা বেশি মাইনে দিচ্ছেন। এই মাইনে দেওয়ার ক্ষেত্রে তো একটা সর্বভারতীয় পরিকাঠামো ঠিক করা আছে। আপনারা এখানে ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলতে পারছেন না, আপনাদের সেইজন্য ইউ. জি. সি. টাকা দিচ্ছে না, এই টাকা দিলে আপনারা ইউনিভার্সিটিগুলোর উন্নয়ন করতে পারতেন। শুধুমাত্র ওয়েজ অ্যান্ড মিন্‌স-এর জন্যই টাকা খরচ হয়ে যাচ্ছে। ২০০৩-২০০৪ সালে প্রায় ২৫ হাজার কোটি টাকা নন-প্ল্যানে আপনার খরচ হয়ে যাবে। সরকারি গাড়ির তেল পুড়বে, মাইনে দিতেই এই টাকা আপনাদের খরচ হয়ে যাবে। তাহলে আদার এক্সপেন্ডিচার আপনারা করবেন কী করে ? আপনাদের হাতে থাকবে কী ? সম্পদ সৃষ্টি করার জন্য আপনার হাতে থাকছে কোথায় ? আপনি বলেছেন প্রয়োজন কম-বেশি ৬ হাজার কোটি টাকার মতো হাতে থাকার। এই টাকা তুলতে গিয়ে—অনেক সদস্য উষ্মা প্রকাশ করেছেন—৯টি ক্ষেত্রে বাজেট পেশ করার আগে ট্যাকসেশন করেছেন। কেন্দ্রীয় সরকার ট্যাকসেশন করেছে। এটা সুখকর নয় দেশের মানুষের কাছে। কেন্দ্রীয় সরকার তার লিমিটেশনের মধ্যেও ৩ লক্ষ ৭৬ হাজার কোটি টাকার বাজেট করেছে, রাজ্যগুলোর বাজেট ৪ লক্ষ কোটি টাকার মতো। দুটো একসঙ্গে করে যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোর মধ্যেই চলতে হবে, মানুষের স্বাস্থ্য, শিক্ষা, শিল্প, বেকার সমস্যা সমাধানের জন্য কাজ করতে হবে। বেকার সমস্যা সমাধান নিয়ে আগের বাজেটে বলেছিলেন কম-বেশি ৮ লক্ষ লোকের চাকরি সৃষ্টি করবেন। এবারে জবাবী ভাষণে আপনি নিশ্চয় বলবেন ৮ লক্ষ মানুষের চাকরি সৃষ্টি করতে পারলেন না কেন ? আপনি বলেছেন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলো সহযোগিতা করেনি। রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে শিক্ষিত যুবক-যুবতীদের নিজের পায়ে দাঁড় করাবার নানান প্রকল্প আছে, সবই তো কেন্দ্রীয় অর্থ। নিশ্চয় এখানে কন্ট্রিবিউটরি স্কিম আছে। কিন্তু ব্যাঙ্ক দেখছে, যে রাজ্যে টাকা দিচ্ছে, সেই রাজ্য থেকে টাকা তুলতে পারছে না, টাকা ফেরত পাচ্ছে না। সেইজন্য নিশ্চয় রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি রিজিড হয়েছে। মহারাষ্ট্র, গুজরাট, কেরালা বা অন্য দুটো স্টেট, ৫টি স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের উপর নির্ভরশীল হয়েছে। আপনারা অনেক পরে, ২০০০-২০০১ থেকে বলে আসছেন কো-অপারেটিভ ব্যাঙ্ককে রাজ্যর উন্নয়নে যুক্ত করবেন। কিন্তু কেন তাদের যুক্ত করতে পারলেন না, কেন তাদের রাজনৈতিক কারণে বিচ্ছিন্ন করে রাখলেন ? এখন বুঝতে পেরেছেন যে, স্বল্প সঞ্চয়, সে কিষাণ বিকাশপত্র হোক বা ইন্দিরা বিকাশপত্র, যে কোনো সঞ্চয়ই হোক, ভবিষ্যতে এ থেকে মানুষের আয় হয় এবং তা থেকে রাজ্য কেন্দ্র উভয়েরই লাভ। উনি চাকরি সৃষ্টি করার কথা বলেছেন। আমি জানি না কি ভাবে করবেন। কেননা এই বাজেটের মাত্র প্রায় এক-চতুর্থাংশ আদায় করবেন তার—সম্পদ সৃষ্টির জন্য। আর ৯টি ক্ষেত্রে ট্যাক্স বসিয়েছেন। বিরোধী দলনেতা থেকে শুরু করে অনেক বক্তাই বলেছেন—কোথাও ট্যাক্স ছাড়েননি। শিল্পকে দিলেন ১০০ কোটি টাকা। বলেছেন শিল্পের স্বার্থে রাজ্যে শিল্পের জমিকে বিক্রি করতে দেবেন না। আপনার কাছে সেই পরিকাঠামো আছে ? বারবার আপনাকে বলা হয়েছে, শিল্প সম্বন্ধীয় জমিতে যদি পরিকাঠামো তৈরি না করেন, তাকে সঞ্চালন না করেন, তাহলে সমস্তটাই

প্রোমোটার, জুয়াচোরদের কাছে চলে যাবে, এই দেশের প্রফিট আরনার্সদের কাছে চলে যাবে, দেশের মানুষের কোনো কাজে লাগবে না। গত দুটো বাজেটে দেখা গেছে, বারবার দেখা গেছে আপনি সম্পদ সৃষ্টি করতে ব্যর্থ হয়েছেন। এর পরেও আপনি বিকল্প নীতির কথা বলছেন। তাই বলছি, আপনি মিথ্যার পথ ছেড়ে সত্যির পথে হাঁটুন। এই কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.55—6.05 p.m.]

শ্রী দেবেশ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২০ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। মোটামুটিভাবে বিরোধীরা আগে যে ভাষণ রেখেছেন, তা আমাদের সাধারণভাবে হতাশই করেছে। আমি শুধু কয়েকটি কথা তাদের ভাষণের জবাবে বলতে চাই। আমাদের বিরোধী দলের নেতা পংকজ ব্যানার্জী মহাশয় বলেছেন যে জুট ইন্ডাস্ট্রি নিয়ে রাজ্য সরকার নিষ্ক্রিয়। আমি এখানে শুধু একটা কথাই বলছি রাজ্য সরকার নিষ্ক্রিয় কি নিষ্ক্রিয় নয়, সে বিচার পরে করুন। জুট ইন্ডাস্ট্রি নিয়ে কেন্দ্রীয় সরকার খুব সক্রিয় ? কী রকম সক্রিয় ? জুট ইন্ডাস্ট্রি নিয়ে একটা আইন ছিল যে, কিছু কিছু ক্ষেত্রে চটের ব্যাগ ব্যবহার বাধ্যতামূলক। কিন্তু কেন্দ্রীয় সরকার তা বদল করে দিয়েছে। জুট এর ব্যাগ ব্যবহার নিয়ে কেন্দ্রীয় সরকারের একটা স্ট্যান্ডিং কমিটি ছিল। যে স্ট্যান্ডিং কমিটি ঠিক করত যে, কখনো কখনো জুটের ব্যাগ না পাওয়া গেলে তখন সিনথেটিক ব্যাগ ব্যবহার করা যাবে। সেই স্ট্যান্ডিং কমিটি তুলে দেওয়া হয়েছে। এখন দপ্তর থেকে সিদ্ধান্ত নিয়ে যাতে জুটের ব্যাগ ব্যবহৃত না হয়, তার জন্য সমস্ত ক্রিয়া পদ্ধতি করা হচ্ছে। বিরোধী দলের নেতা তিনি জানতে পারেননি। কিন্তু তাদের দলের ট্রেড ইউনিয়ান নেতা আছেন—সৌগতবাবু জুট আন্দোলন করেন, তিনি এই তথ্য জানেন। তার কাছে এই কথা জিজ্ঞাসা করে নিতে পারতেন ? দ্বিতীয়ত বাংলাদেশ থেকে জুট আসছে—কেন্দ্রীয় সরকারের নিয়মই হয়েছে। তৃতীয়ত কেন্দ্রীয় সরকারের ন্যাশানাল জুট মিল ৬টা। এই ৬টা মিলের মধ্যে পশ্চিমবঙ্গে ৫টা অবস্থিত। একটা মিল ঝাড়খণ্ডে অবস্থিত। ঝাড়খণ্ড রাজ্যের মিলটা সবচেয়ে রুগ্‌ণ। কেন্দ্রীয় সরকারের টেক্সটাইল ডিপার্টমেন্ট সিদ্ধান্ত নিয়েছে যে ঝাড়খণ্ডের মিলটিকে রাখতে হবে। কিন্তু পশ্চিমবঙ্গের দুটো মিলকে বন্ধ করে দিতে হবে। আমি একে একে আরো উদাহরণ দিচ্ছি যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের কলকারখানাগুলির প্রতি কী দৃষ্টিভঙ্গি নিয়েছে। তবে সময়াভাবে বেশি দিচ্ছি না। উনি উষ্মা প্রকাশ করেছেন। আমি দেখলাম আবগারি নিয়ে কথা বলেছেন। আমরা বলেছি পশ্চিমবঙ্গে আবগারি লাইসেন্স দেওয়ার পদ্ধতি জটিল এবং যে স্থানগুলিতে যথার্থ প্রয়োজনীয়তা আছে, সেখানে আবগারি দোকান খোলা যায়। এছাড়া আমরা বলেছি যে, অতিরিক্ত রাজ্য সংস্থান ১০০ কোটি টাকা এখান থেকে করতে হয়। এখানে বক্তৃতা দেওয়ার আগে মাননীয় জটুবাবু হয়তো পড়েননি। কিন্তু আশা করেছিলাম যে অরুণাভবাবু পড়ে আসবেন কেন্দ্রীয় সরকারের বাজেটের কথা। রাজ্য সরকারের এটা নিয়ে সমালোচনা করছেন করুন। কিন্তু কেন্দ্রীয় সরকারের বিদেশি মদের সম্বন্ধে দৃষ্টিভঙ্গি কী এবারের বাজেটে সেটা দেখুন ? কেন্দ্রীয়

সরকার বিদেশি মদের উপর কর ছাড় দিয়েছে। এই বছরেই শুধু নয়। প্রত্যেক বছরেই এই ঘটনা ঘটছে। বিদেশি মদ যাতে আরো সস্তায় পাওয়া যায় তার জন্য কেন্দ্রীয় সরকার একটা একটা ট্যাক্স কম করে দিয়েছেন। আজকে বিরোধী দলের নেতা রাজ্য সরকারের ফিসক্যাল ডেফিসিট কেন সেটা বলছেন। আমি বিরোধী দলের নেতাকে প্রশ্ন করব যে, ফিসক্যাল ডেফিসিট কেন্দ্রীয় সরকারের কেন ? ফিসক্যাল ডেফিসিট কেন্দ্রীয় সরকারের ৯৬-৯৭ সালে ছিল ৪.১ পারসেন্ট অফ দ্য জি.ডি.পি। আজকে এই বছর ফিসক্যাল ডেফিসিট বেড়ে হয়েছে ৫.৯ পারসেন্ট। এই বাজেটের আগে কেন্দ্রীয় সরকারের যে ইকনমিক সার্ভে বেরোয় সেই সার্ভেতে বলা হচ্ছে যে, শুধু কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রেই এই কোয়াগরীয় ঘাটতি নয়. রাজ্য সরকারগুলির ক্ষেত্রেও উদ্‌বেগজনক জায়গায় কোয়াগরীয় ঘাটতি পৌঁছে গেছে। ইকনমিক সার্ভেতে বলা হয়েছে যে, যেখানে রাজ্য সরকারগুলির ফিসক্যাল ডেফিসিট ছিল ৩.৩ পারসেন্ট, সেটা গত বছর হয়েছে ৪.৭ পারসেন্ট অফ জি.ডি.পি। এটা বেড়েছে তা সত্ত্বেও তারা এটা বলছেন। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে রিপোর্ট তাতে বলছে রাজ্য সরকারগুলোর আমাদের কাছে দেনার পরিমাণ হচ্ছে ৫ লক্ষ ৭৯ হাজার ২১৪ কোটি টাকা। সে দেনা শুধু পশ্চিমবাংলা করেনি। আজকে আমাদের বিরোধী দলনেতা বললেন যে প্ল্যান বাজেটে এত কম টাকা কেন ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলায় যে বাজেট পেশ হচ্ছে সেখানে টোটাল প্ল্যান বাজেটের পরিমাণ হচ্ছে ১২ শতাংশ। একই দিনে মহারাষ্ট্রে বাজেট পেশ হচ্ছে সেখানে প্ল্যান বাজেট হচ্ছে মোট বাজেটের ৯.৭ শতাংশ। আরো কম অন্যান্য রাজ্যগুলোর ক্ষেত্রে। আর আপনারা বলছেন আমাদের রাজ্যের এই অবস্থা কেন ? আমরা কেন্দ্রীয় সরকারের কথা বললে তো আপনাদের গোঁসা হয়। অন্যান্য রাজ্যগুলোর অবস্থা যদি দেখেন তাহলে দেখবেন, অন্যান্য সমস্ত রাজ্যে আজকে তাদের দৈনন্দিন খরচ চালানোর জন্য মাঝে-মাঝেই তাদের অ্যাডভান্স নিতে হয়। ওয়েজ অ্যান্ড মিনস্ অ্যাডভান্স বলা হয়। ৯৮-৯৯ সালে মাত্র ১১টা রাজ্যকে দুশো দিনের বেশি দৈনন্দিন খরচের চালানোর জন্য এই অ্যাডভান্স নিতে হয়েছিল। ২০০০ সালে ১৪টি রাজ্যকে নিতে হয়েছিল, ২০০১-এ ১৫টি রাজ্যকে নিতে হয় এই অ্যাডভান্স, ২০০১-২০০২-তে ১৮টি রাজ্যকে নিতে হয় এই অ্যাডভান্স। আজকে এখানে একজন বললেন হলদিয়া পেট্রোকেমিকেলের কথা। আপনারা তো ১৪ বছর ধরে এর লাইসেন্স আটকে রেখেছিলেন। শুনে রাখুন এই হলদিয়া পেট্রোকেমিকেল সারা ভারতবর্ষে শতকরা ২৩.৫ বাজার দখল করেছে দু-বছরের মধ্যে। ইস্টার্ন রিজিয়নে শতকরা ৬৪ ভাগ বাজার দখল করেছে এই দু-বছরের মধ্যে। সারা দেশে পেট্রোকেমিকেলের প্রোডাক্ট ব্যবহারের হার ১১ পার্সেন্টের মতো। সেখানে পশ্চিমবাংলায় ২৪ পার্সেন্টের মতো। হলদিয়া পেট্রোকেমিকেল যে এগোচ্ছে সেটা যদি আপনাদের ধৈর্য থাকে তো গিয়ে একদিন দেখে আসুন। আপনারা কর্মসংস্থানের কথা বলছেন। রাজ্য সরকার কর্ম সংস্থানের জন্য কিছু উদ্যোগ নিয়েছে পাশাপাশি কেন্দ্রীয় সরকার—ইকনমিক সার্ভেতে বেরিয়েছে ৯৪ সাল থেকে ২০০০ পর্যন্ত প্রতি বছর এক পার্সেন্ট করে কর্মসংস্থান কমেছে কেন্দ্রীয় জনসংখ্যার হারের তুলনায়। সেজন্য আপনাদের বলব যে আজকে শিল্পোৎপাদন বৃদ্ধির সঙ্গে আমাদের পশ্চিমবাংলা এগিয়ে আছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলো

গ্লোবালাইজেশনকে সমর্থন করার জন্য বিপদে পড়েছে। শুধু পশ্চিমবাংলা এর বিরোধিতা করে টিকে আছে এবং টিকে থাকবে। এই কথা বলে বাজেট ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুশীল বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন তাকে সমর্থন করছি এবং সমর্থন করার সঙ্গে সঙ্গে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় বিরোধী দলনেতা এই ভাষণ পড়ে উপলব্ধি করেছেন স্বীকার করেছেন যে এই বাজেট নাকি পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে করা হয়েছে। উনি ২৬ বছর ধরে কী উন্নয়ন হয়েছে বুঝতে পারেননি, ২৬ বছরে কী গ্রামোন্নয়ন হয়েছে উনি বুঝতে পারেননি। তিনি কতগুলো কটাক্ষ করেছেন। তিনি হতাশ এই কারণে যে গতবার যে ৬৪টা মাধ্যমিক শিক্ষাকেন্দ্র চালু করার কথা ছিল সেগুলো হয়নি। আপনারা জানেন না কিন্তু আমরা জানি অর্থমন্ত্রী নাম করে বলুন। আমার বিধানসভা কেন্দ্রে দুটো স্কুল তালগাঁও মাতঙ্গিনী মাধ্যমিক শিক্ষাকেন্দ্র এবং জয়ঘাট মাধ্যমিক শিক্ষাকেন্দ্র হয়েছে এই বছর। তৃতীয় যে মাধ্যমিক শিক্ষাকেন্দ্রটির প্রস্তাব আছে সেই প্রস্তাব ইতিমধ্যেই জেলাপরিষদে পাঠানো হয়েছে।

[6.05—6.15 p.m.]

ইতিমধ্যেই নদিয়ায় ৭টা মাধ্যমিক শিক্ষাকেন্দ্র চালু হয়েছে। এই যে কথাগুলি বলেন আপনারা, আমরা জানি এটা নতুন কোনো কথা নয়, ২৬ বছর ধরে একই ভাঙা রেকর্ড আপনারা বাজাচ্ছেন। আপনাদের কোনো রাজনৈতিক বক্তব্য নেই। কখনো কংগ্রেসের নামে, কখনো তৃণমূলের নামে—কখনো ব্যাটারি ফুরিয়ে গেলে আপনারা চার্জ দিচ্ছেন আবার এটা চালু হয়ে উঠছে। এই দেশটা ভারতবর্ষ, কেন্দ্রের বাজেট খেয়াল করেছেন ? কেন্দ্রের বাজেট যদি খেয়াল করতেন আর রাজ্য বাজেট যদি লক্ষ্য করতেন এবং এই দুটো বাজেট যদি তুলনামূলক বিচার করতেন তাহলে বুঝতে পারতেন যে পশ্চিমবাংলার এই বাজেটকে আপনাদের সমর্থন করা উচিত ছিল। কারণ কেন্দ্রের বাজেট বড়োলোকদের বাজেট, বড়োলোকদের কর কমে আর গরিব লোকদের উপরে কর বাড়ে। আমাদের বাজেট গরিব লোকদের জন্য বাজেট, এটা গ্রামোন্নয়নের পক্ষে কাজ করে। এখানে আপনাদের দলের একজন মাননীয় সদস্য বলছিলেন চালের হিসাব যে কবে নাকি প্রথম হয়েছে। এবারের আর্থিক সমীক্ষায় আছে—'চালের প্রয়োজনে আমাদের রাজ্যে ২০০০-০১ সালে ১২৮.৩১ লক্ষ মেট্রিক টন, আর উৎপাদন হয়েছে ১৫২.৫৭ লক্ষ মেট্রিক টন। এটা না পড়ে বললেন যে কবে নাকি আমরা চালে প্রথম হয়েছি। আপনারা পড়েন না। ২০০২-০৩ সালে লক্ষ্যমাত্রা ছিল ১৩০.২৭ লক্ষ মেট্রিক টন, আর উৎপাদন হয়েছে ১৪৯.৬০ লক্ষ মেট্রিক টন। কেরালা, অন্ধ্রপ্রদেশের কথা বলছেন। কেরালা ছাড়া অন্য রাজ্যে শিশু-মৃত্যুর হার দেখুন। অন্য একটা রাজ্যের নাম বলতে পারবেন ? ১৯৮৮ সালে ভারতবর্ষে শিশু-মৃত্যুর হার দেখুন হাজারে ৯৪ জন, আর সেখানে পশ্চিমবঙ্গে ৬৯ জন। এবারের অর্থসমীক্ষায় আছে এটা একটু পড়বেন। ১৯৭২-৭৭ সালের তথ্যগুলি পড়বেন, আর গত ৫ বছরের আর্থিক সমীক্ষাগুলি যদি পড়েন তাহলে আপনারা উপলব্ধি করতে পারবেন যে বাজেটের উপর আপনাদের বক্তব্য রাখার কোনো অধিকার নেই।

বেতন সংশোধনের কথা বললেন। বেতন সংশোধন শুধু পশ্চিমবাংলাই নয়। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলি দাবি করেছিল যে ৫০ ভাগ টাকা আমাদের রাজ্যগুলিকে দেওয়া হোক বলে। কাউকে দেননি। কেন্দ্র-রাজ্য সম্পর্কের কথা এটা আজকের নয়। রাজ্যর স্বার্থে আপনারা কোনো কথা বলেছেন ? যখন সর্বদলীয় বৈঠকে দিল্লিতে যাওয়া যায় তখন আপনাদের একজন এম.পি.-ও রাজ্যর পক্ষে কথা বলেন না, আর এখানে বিধানসভায় দাঁড়িয়ে প্রমাণ করার চেষ্টা করেন যে আপনারা কত বিরোধী। কত জোর চিৎকার করলে সেটা মিডিয়ার কাছে গিয়ে পৌঁছবে আর আপনারা নিজেদের তত বড়ো বিরোধী বলে প্রমাণ করতে পারবেন। অনেক কথা বলেছেন সেমি-ফাইনাল, কোয়ার্টার-ফাইনাল বলে। কিন্তু কোনো ফাইনালেই আপনাদের এই দিকে বসার সৌভাগ্য কোনোদিনই হবে না। আগামী যে পঞ্চায়েত নির্বাচন মনে করেছেন সেটাই ফাইনাল। কিন্তু সেখানেও শিকে ছিড়বে না। মানুষ এর বিচার করবে। মানুষ আমাদেরই আশীর্বাদ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরেকটা তথ্য বলছি একটু আগে বিরোধী দলের নেতা বলছিলেন অপচয় অপচয়। আপনাদের মনে পড়ে না এখানে বসে শ্যামাদাস ব্যানার্জী কত ভুয়া মেডিকেল বিল দিয়েছিলেন ? আরেকজন সদস্য নাম বলছি না, তিনি এখন বিধানসভায় নেই তিনি কত টাকার চশমার বিল পাঠিয়েছিলেন ? নিজের জন্য ২১ হাজার টাকা, পুত্রের নামে ১১ হাজার টাকা। এখানে একজন বিধায়ককে ডেকে মাননীয় স্পীকার সাহেব ভর্ৎসনা করেছিলেন। অপচয়ের কথা আপনাদের মুখে শোভা পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ৩ হাজার কোটি টাকা কয়লার রয়্যালটি থেকে বঞ্চিত হচ্ছি। কেন পাবে না বাংলার মানুষ, একটা কথাও আপনারা বলবেন না, কেউ কেউ ভাবছেন যদি বলেন তাহলে তার ভাগ্যে দিল্লির শিকে ছিড়বে না। ওইখানে লক্ষ্য, ওইখানে যাব। রাজ্যের স্বার্থ চিন্তা করব না, রাজ্যের পক্ষে কথা বলব না, কোনো গঠনমূলক আলোচনা করব না। কী পরামর্শ আমরা চেয়েছিলাম মাননীয় বিরোধী দলের নেতার কাছে ? একটা গঠনমূলক সমালোচনা চেয়েছিলাম। কিন্তু শুধু আক্রমণ, যত দোষ বামফ্রন্টের। যেন এই রাজ্য থেকে বামফ্রন্ট চলে গেলে গোটা ভারতবর্ষের ১৪ লক্ষ বেকারের চাকরি হয়ে যাবে, তাদের সমস্যার সমাধান হয়ে যাবে। দেশ স্বাধীন হওয়ার পর কতজন লোক কাজ করত রেলে ? ২১ লক্ষ লোক কাজ করত। আর, রেল লাইন ছিল ৫০ হাজার কিলোমিটার। আজকে এতদিন পরে সেটা বেড়ে দাঁড়ালো ৬৫ হাজার কিলোমিটার। আর, কাজ করে কতজন ? ১১ লক্ষ লোক। ১০ লক্ষ লোক ছাঁটাই হয়ে গেল। এবং আবার বলছেন ২ লক্ষ লোক ২ বছরে কমাতে হবে। আর আমাদের বাজেট দেখুন। আমরা শুধু শিক্ষিত বেকারদের কর্মসংস্থানের কথা ভাবি না, গাঁয়ের মানুষ, যারা দিন আনে দিন খায়, তাদের জন্য শ্রমদিবস সৃষ্টি করা হয়েছে। আজকে প্রধানমন্ত্রী সড়ক রোজগার যোজনায় গ্রামের মানুষ কাজ পাচ্ছে। এবং ভূমিহীনেরা জমি পেয়েছে। আপনাদের আমলে সেই জমি আপনাদের হাতে ছিল। আমরা তা উদ্ধার করেছি এবং বণ্টনের ফলে খাদ্য উৎপাদনে বামফ্রন্ট সরকার সাফল্য লাভ করেছে। আমাদের মতো ভূমি সংস্কার কোন রাজ্যে হয়েছে ? কিন্তু একবারও দাঁড়িয়ে বললেন না। পশ্চিমবঙ্গে ২৬ লক্ষ বর্গাদার। তার মধ্যে আবার অধিকাংশই তপশিলি জাতি উপজাতির। এর জন্য আপনারা জ্বালায় জ্বলে-পুড়ে মরছেন। আজকে পিছিয়ে-পড়া মানুষ মাথা তুলে দাঁড়াচ্ছে তাই আপনারা দৃষ্টিকে অন্যদিকে নিয়ে যাবার

জন্য অন্য রকম বলার চেষ্টা করছেন। মাননীয় অর্থমন্ত্রী চলতি বছরে ৩,৭৯৪.৪১ কোটি টাকা পরিকল্পনা খাতে ব্যয় করার জন্য প্রস্তাব করেছেন এবং জেনে রাখুন এর সঙ্গে আরো ১৮০০ কোটি টাকা যোগ হবে, ঘাটতি হবে না। এই বাজেটকে তাই গ্রামের জনমুখী বাজেট বলছেন। আপনাদের মুখে মানুষ ঝামা ঘষে দেবে। এই বাজেটের জন্য গ্রামের মানুষ আমাদের আশীর্বাদ করবে। তাই পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মুস্তাক আলম : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গত ২০ তারিখে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে যে বাজেট পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। এই প্রথম মাননীয় অর্থমন্ত্রী 'ক্যাগ'-এর রিপোর্টে ভর্ৎসনার জন্য 'ঘাটতি বাজেট' পেশ করেননি, না হলে এবারেও 'জিরো ডেফিসিট' বাজেট বরাবরের মতো পেশ করছেন। ১.২ কলামে তিনি উল্লেখ করেছেন আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার ও বিশ্ব-বাণিজ্য সংস্থা নির্দেশিত একটা একপেশি উদারনীতি অনেকগুলো সংকটের কারণ। আজকে আমি মনে করি, মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট জনস্বার্থ বিরোধী এবং দেউলিয়া অর্থনীতির বহিঃপ্রকাশ ছাড়া আর কিছু নয়। এই বাজেটে ১.২ কলামে যে কথা বলেছেন তার বিরোধিতাও করেছেন। আমি শুধু তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই তিনি আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার এবং বিশ্ব-বাণিজ্য সংস্থার বিরোধিতা করেছেন এবং বলেছেন এই কারণে আমাদের অনেকগুলো সংকট হয়েছে এবং অনেক ঘাটতি দেখা দিয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ১৯৭৮ সাল থেকে কতবার বিশ্ব-ব্যাঙ্কের কাছ থেকে শর্তসাপেক্ষে টাকা নিয়েছেন ? সেটা উনি ওনার বাজেটে একবারও উল্লেখ করেননি।

[6.15—6.25 p.m.]

বহুবার পশ্চিমবঙ্গের জন্য এই রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা নিয়েছেন, কিন্তু সেই টাকার কথা একবারও উল্লেখ করেননি, সেটা বাইপাস করে গেছেন। এর পাশাপাশি বলতে হয় যে, মাননীয় অর্থমন্ত্রী আজকে বলতে চাইছেন যে, একমাত্র এই কারণে আমাদের এত রকমের মূল সংকটের জন্য দায়ী—যেখানে চীন, রাশিয়া-সহ সারা বিশ্ব এই চুক্তিকে গ্রহণ করেছেন সেখানে বাংলার অর্থমন্ত্রী হিসেবে আপনি কোন পথের দিশা দিতে চাইছেন সেটা আমি বুঝতে পারছি না—আজকে ডাব্লু.টি.ও.-এর চুক্তি বা শর্ত মেনে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ম্যাকিন্‌সে ফর্মুলাকে কৃষিক্ষেত্রে চালু করতে চাইছেন না, একদিকে বলছেন, 'এর বিরোধিতা করছি, এটা সঠিক নয়', আবার সেই পথ ধরেই আজকে কৃষিক্ষেত্রে ম্যাকিন্‌সে ফর্মুলাকে চালু করতে চাইছেন। এই এক মুখে দুরকম কথা, আপনাদের কথায় ও কাজে দ্বিচারিতা—পশ্চিমবঙ্গের মানুষ এটাকে কি চোখে নেবেন জানি না। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন যে, 'আন্তর্জাতিক অর্থভাণ্ডার ও বিশ্ব বাণিজ্য সংস্থা নির্দেশিত একটি একপেশে উদারনীতি কেন্দ্রীয় সরকার সমগ্র দেশের ক্ষেত্রে ক্রমাগতই অনুসরণ করে আর্থিক সংকটের মূল কারণগুলি সৃষ্টি করেছে। কেন্দ্রীয় সরকারেরই সাম্প্রতিক প্রকাশিত আর্থিক সমীক্ষাতে (২০০২-২০০৩) সালে স্বীকার করা হয়েছে যে, শিল্পে উৎপাদন বৃদ্ধির হার কমে হয়েছে ৫.৩ শতাংশ এবং কৃষিতে খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধির হার হ্রাসপ্রাপ্ত হয়ে

ঋণাত্মক স্তর (—) ১৩.৬ শতাংশে চলে গেছে। কিন্তু পশ্চিমবাংলায় খাদ্য ও শাক-সবজির উৎপাদন বেড়েছে—এটা মাননীয় অর্থমন্ত্রীর অজানা নয়। ধানের উৎপাদন ১০ পার্সেন্ট বেড়েছে, আলুর উৎপাদন ৮০ লক্ষ মেট্রিক টন থেকে বৃদ্ধি পেয়ে ৮৫ লক্ষ মেট্রিক টন হতে চলেছে—এই তথ্য মাননীয় অর্থমন্ত্রী হাউসকে গোপন করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় বাজেটে বলেছেন যে, ভূমিসংস্কার, উন্নত মানের বীজ, সার সরবরাহ করার জন্য উৎপাদন বেড়েছে এবং এটা আমাদের সরকারের কৃতিত্ব—এই দাবি তিনি করতে চাইছেন এবং ১৯৯৯-২০০০ সালে উৎপাদন বেড়েছে ৫.৫ পার্সেন্ট—এটা তিনি উল্লেখ করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এটা নিশ্চয় জানেন যে, পশ্চিমবঙ্গে আমাদের যতগুলো বীজের খামার আছে, বর্ধমান, কৃষ্ণনগর, মালদা-সহ উত্তরদিনাজপুরের খামারগুলো রক্ষণাবেক্ষণ হচ্ছে না। সেখানে গরু-ছাগল চরে বেড়াচ্ছে। আজকে আপনারা বলছেন যে, এই যে পশ্চিমবাংলায় কৃষি উৎপাদনের ক্ষেত্রে যে কৃতিত্বের কথা বলা হচ্ছে সেটা নাকি আপনাদের কৃতিত্বের জন্যই হয়েছে। আমি বলছি যে, এর জন্য ১৯৭৫ সালে যখন মাননীয় সাত্তার সাহেব কৃষিমন্ত্রী ছিলেন, সেই সময় উন্নত মানের ধানের বীজ, সার ও সেচের ব্যবহার করে আমরা ধান উৎপাদনে সারপ্লাস করতে পেরেছি। আজকে প্রোডাকশন বেড়েছে—এটা অস্বীকার করার কথা নয়। আজকে পঞ্চায়েতের মাধ্যমে যদি ২-৪টে ট্রাকের ব্যবস্থা করতে পারতাম তাহলে সেই ট্রাকে করে গ্রামাঞ্চলের উৎপাদিত পণ্য কোলকাতা ও শিলিগুড়ির মার্কেটে আনতে পারতাম এবং এর ফলে গাঁয়ের কৃষকরা ফসলের ন্যায্য মূল্য পেতে পারতেন। মাননীয় মন্ত্রী মহাশয় বাজেটে কর্মসংস্থানের কথা বলেছেন। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কি কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকার কেউই পাট চাষ বাড়ানোর জন্য কোনো চিন্তা-ভাবনা করেননি। আজকে পাট চাষের বিকল্প কি হতে পারে ? কেন্দ্রীয় সরকার পাট চাষের জন্য কিছু চিন্তা-ভাবনা করেননি। আমরা এই নিয়ে কি কাজ করেছি ? মহারাষ্ট্রে যদি কটন কর্পোরেশন অফ মহারাষ্ট্র হতে পারে, তাহলে আমরা জুট কর্পোরেশন অফ বেঙ্গল করতে পারবো না কেন ? আজকে বাংলার আলু বিদেশে পাঠানোর কোনো ব্যবস্থা আপনারা করছেন ? চাষী আজকে আলুর ন্যায্য দাম পাচ্ছে না, এখানে চাষীরা আলু রাখার জায়গা পাচ্ছে না। আজকে মুর্শিদাবাদ, উত্তরদিনাজপুর-সহ উত্তরবঙ্গের জেলাগুলোতে সঠিকভাবে আলু রাখার কোনো ব্যবস্থা নেই, এইসব জায়গায় আলু সংরক্ষণের ব্যবস্থা নেই। মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই, উত্তরদিনাজপুরের রায়গঞ্জে কয়েক লক্ষ টাকা খরচা করে—প্রাক্তন কৃষি-বিপণন মন্ত্রী মহাশয় ১ কোটি ৩০ লক্ষ টাকা ব্যয়ে কালিয়াগঞ্জে নিয়ন্ত্রিত বাজার সমিতিকে দিয়ে বিনা টেন্ডারে একটা সমবায় হিমঘর কিনেছিলেন। যার বাজার মূল্য মাত্র ২০ লক্ষ টাকা। তদন্ত করলেই এটা পরিষ্কার হয়ে যাবে। আজ পর্যন্ত সেই হিমঘর কাজে লাগেনি। দুর্ভাগ্যের বিষয় নতুন করে সেই হিমঘরটি সারাবার জন্য একজন ব্যবসায়ীর হাতে ৪০ লক্ষ টাকা বিনা টেন্ডারে তুলে দেওয়া হয়েছে। জনগণের টাকার, ১ কোটি ৭০ লক্ষ টাকার দুর্নীতির কেন মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী তদন্ত করছেন না ? শরিকদের চাপে ; জোট ভেঙে যাবে তাই, না অন্য কোনো কারণ আছে ? কিসের জন্য এটার তদন্ত হচ্ছে না ? এই রকম দুর্নীতিই কি তাহলে এ রাজ্যের উন্নত কর্মসংস্কৃতির নমুনা, না উন্নত বামফ্রন্ট সরকারের

নমুনা, না স্বচ্ছ এবং নিরপেক্ষ প্রশাসনের নমুনা ? আমি আশা করব মাননীয় অর্থমন্ত্রী এই দুর্নীতির ঘটনাটা তদন্ত করে দেখবেন। যারা সরকারি টাকা তছরুপ করেছে, যারা এই দুর্নীতির সঙ্গে যুক্ত আছে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে এ টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করবেন। আমাদের রাজ্যে অনেকগুলি ভাল ভাল স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান আছে। রাজ্য তথা রাজ্যের মানুষ যখনই কোনো বিপদের সম্মুখীন হয় তখনই এইসব ভল্যান্টারি অর্গানাইজেশনকে আমরা ওয়েলকাম করি, হেল্প করতে বলি তাঁরা এগিয়ে এসে সাহায্য করেন। কিন্তু আমরা লক্ষ্য করছি উন্নয়ন কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে শুধুমাত্র রাজনীতির কারণে স্বেচ্ছাসেবী সংগঠনগুলিকে দূরে সরিয়ে রাখা হচ্ছে। শিক্ষা, সোস্যাল ওয়েলফেয়ার, স্বাস্থ্যের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে তাদের সাহায্য সহযোগিতা গ্রহণ করা হচ্ছে না। কেন্দ্রীয় সরকারের বরাদ্দ করা অনেক টাকাই তাদের মাধ্যমে খরচ করার সুযোগ থাকা সত্ত্বেও রাজ্য সরকার থেকে তাদের নোমিনাল অ্যাফিলিয়েশনটুকু পর্যন্ত দেওয়া হচ্ছে না। বাজেট বিবৃতিতে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন ৫০০টি স্কুলকে সেকেন্ডারি স্কুলের স্তরে আপগ্রেড করতে চাইছেন। খুব ভাল কথা। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, যে একজিস্টিং স্কুলগুলি আছে সেগুলির শিক্ষকদের কি আপনারা সঠিক সময় সঠিক বেতন দিতে পারছেন ? আজকে রাজ্য সরকার শিক্ষকদের এবং সরকারি কর্মচারীদের সময়মতো বেতন দিতে পারছে না। একজন মাননীয় বিধায়ক বললেন স্বল্প সঞ্চয়ের কথা। স্বল্পসঞ্চয় প্রকল্প কেন্দ্রীয় সরকারের প্রকল্প। পশ্চিমবাংলার মানুষরা স্বল্প সঞ্চয় প্রকল্পে টাকা জমা দেয় এবং সেখানে টাকা রেখে ইন্টারেস্ট বাবদ টাকা আয় করে। তারপর উদ্বৃত্ত অংশের একটা শেয়ার কেন্দ্রীয় সরকার পায় এবং বাকিটা রাজ্য সরকারকে ঋণ হিসাবে দিয়ে সাহায্য করে। কেন্দ্রীয় সরকার কখনোই রাজ্য সরকারকে বলেনি যে, এই টাকা তোমার বা তুমি এই টাকার দিকে তাকিয়ে থাকো। কখনোই বলেনি। সুতরাং এখানে স্বল্প সঞ্চয় নিয়ে মাননীয় বিধায়ক যে কথা বললেন তা সম্পূর্ণ ভুল। এখানে ভুল কথা বলা হয়েছে। আজকে আমার মাননীয় অর্থমন্ত্রীর কাছে প্রশ্ন, কে আপনাকে দিব্যি করে বলেছিল কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতন কমিশনের সুপারিশ পশ্চিমবাংলায় রাজ্য সরকারি কর্মচারীদের ক্ষেত্রেও লাগু করতে হবে ? কেউ বলেনি। আপনার ক্ষমতা নেই তবুও আপনি হু-হু করে বেতন বাড়িয়ে দিলেন কার স্বার্থে ? পশ্চিমবাংলার জনগণ আপনাকে দিব্যি করে বলেনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে তাল মিলিয়ে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের মতো রাজ্যের শিক্ষক এবং সরকারি কর্মচারীদের বেতন দিতে হবে। আজ আপনাদের নতুন ব্যবস্থার ফলে কি ঘটছে ? একই স্কুলে একজন পুরোনো নিয়মিত শিক্ষক যেখানে ১৫ হাজার টাকা বেতন পাচ্ছেন সেখানেই আর একজন নতুন শিক্ষক একই যোগ্যতা নিয়ে ২ হাজার টাকা, ৩ হাজার টাকা মাত্র বেতন পাচ্ছেন। এই যে নীতি গ্রহণ করেছেন এটা মানা যায় না। একই শিক্ষাগত যোগ্যতায় একই কাজের ক্ষেত্রে এই বৈষম্য মানা যায় না। পশ্চিমবাংলার শুভবুদ্ধিসম্পন্ন মানুষ আশা করি এটা মানবে না। মাননীয় অর্থমন্ত্রী নতুন করে চুংগি কর বসিয়ে ৫০০ কোটি টাকা আয় করতে চাইছেন। একে সব জিনিসেরই দাম বেড়ে চলেছে তার ওপর যদি মানুষের নিত্য ব্যবহার্য পণ্যদ্রব্যের ওপর এই কর আরোপ করা হয়, তাহলে বিভিন্ন এসেনসিয়াল দ্রব্যের দাম আরো বেড়ে যাবে—

দুধ, চিনি, ফল, সবজির ওপর ট্যাক্স বসবে, ফলে সাধারণ মানুষের ওপর বোঝা কি রকম বাড়বে তা কি তিনি চিন্তা করতে পারছেন না ? আজকে এখানে সরকার পক্ষের মাননীয় সদস্য, একজন সিনিয়র মেম্বার বললেন,—আপনারাও একটু ভেবে দেখুন কোন্ কোন্ ক্ষেত্র থেকে অর্থ আয় হতে পারে, রাজকোষ একটু ভর্তি হতে পারে। এই প্রসঙ্গে আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি কলকাতার চৌরঙ্গি, ফ্রি স্কুল স্ট্রিট, পার্ক স্ট্রিট, মিডলটন রো, ক্যামাক স্ট্রিট প্রভৃতি রাস্তায় যে সমস্ত হোটেলগুলি আছে রাত্রিবেলার সেগুলির নগ্ন চিত্র আমরা খবরের কাগজের মাধ্যমে জানতে পারি।

[6.25—6.35 p.m.]

সেই হোটেলগুলিতে যদি চড়া হারে ট্যাক্স বসানো যায় তাহলে ১০০ কোটি টাকা রাজস্ব আদায় হতে পারে। সেইদিকে আজকে নজর নেই কেন ? আজকে সেল্স ট্যাক্স আদায়ে আমাদের ঢিলে-ঢালা ভাব দেখছি। যারা ট্যাক্স আধিকারিক তারা ট্রেডার্স অ্যাসোসিয়েশনকে অনুরোধ করে বলছে, সরকারি চাপ, মন্ত্রীর চাপ, দয়া করে ৫ টু ১০ পার্সেন্ট ট্যাক্স যদি বাড়িয়ে দেন তাহলে ভাল হয়। আশ্চর্য কথা, আমাদের পাওনা, আমরা আদায় করবো না ? এর জন্য ওদেরকে তেল মারতে হবে ? এটা মেনে নেওয়া যায় না। আমি প্রশ্ন করতে চাই, আধিকারিকদের মধ্যে কত জন আধিকারিক ওই সমস্ত হোটেলগুলিতে ভিজিট করে দেখেছেন এবং ট্যাক্স আদায় করার কথা ভেবেছেন কিম্বা রেট ঠিক করেছেন ? ওইসব হোটেলগুলিতে ট্যাক্স কালেকশনের হিসাব সঠিকভাবে পাওয়া যায় কিনা এবং সেই টাকা কার পকেটে যায় সেটা দেখা দরকার। সেই টাকা আদৌ পাওয়া যায় কিনা সন্দেহ আছে। আমাদের পশ্চিমবাংলায় প্রচুর আলু উৎপাদন হয়। মধ্যপ্রাচ্যে এবং দক্ষিণ পূর্ব এশিয়ার দেশগুলিতে যদি কলকাতা থেকে বিমান উড়ানের ব্যবস্থা করতে পারি তাহলে আমাদের মাসে ১০০ কোটি টাকা আয় হতে পারে। স্যার, রাজ্যের সমস্ত ওষুধ দোকানে ক্রেতাদের কাছ থেকে ৬ পার্সেন্ট কর চাপানো হচ্ছে। এটা কিসের ভিত্তিতে হচ্ছে ? পঞ্চায়েত থেকে মিউনিসিপ্যালিটি, মিউনিসিপ্যালিটি থেকে করপোরেশন এবং সরকারি অফিসগুলিতে গাড়ির বহর কমানো দরকার। গঙ্গা-পদ্মা ভাঙনের ক্ষেত্রে সরকার আজকে নীরব। এইসব ক্ষেত্রে কোনো রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে না। বিশেষ করে একটা ব্যাপারে আমি বলতে চাই মাননীয় অর্থমন্ত্রীকে, —মাননীয় মুখ্যমন্ত্রী থাকলেও আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতাম,—২০০৩ সালের জানুয়ারি মাসে মাননীয় মুখ্যমন্ত্রী একটা পার্টি মিটিং-এ পাম-অ্যাভেনিউ থেকে রায়গঞ্জে গিয়েছিলেন। এর জন্য ৫৫ জন ও.সি. এবং ৪ হাজার ১০৫ জন পুলিশ মোতায়েন করতে হয়েছিল। এর ফলে সরাসরি খরচ হয় ২ লক্ষ ৮৪ হাজার ৩৩৫ টাকা। পুলিশ খরচ অবশ্য আলাদা। এরপর মাননীয় অর্থমন্ত্রী যে মর্নিং ওয়াক করেন সল্টলেকের বাড়ি থেকে, তার জন্য একটা মোবাইল ভ্যান তার পিছন পিছন ঘুরে বেড়ায়। তিনি মর্নিং ওয়াক করে বাড়ি ফিরে আসেন, তারপর বাড়ি থেকে রাইটার্সে আসেন। তারপর লাঞ্চ করার জন্য ওই স্কট নিয়ে আবার সল্টলেকে আসেন। লাঞ্চ করার পর আবার রাইটার্সে আসেন, আবার বাড়ি ফিরে যান। এর জন্য খরচ হয় দিনে ১ হাজার টাকা, মাসে ২৭ হাজার টাকা আর বছরে ৩ লক্ষ ২৪ হাজার টাকা। আমার বক্তব্য হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী যদি নিজেরা খরচগুলি কমাতে

পারেন তাহলে আজকে আমাদের রাজ্যে যে আর্থিক সংকট সেই আর্থিক সংকট দূর হতে পারে। সর্বোপরি, ১৯টি জেলায় ৪ বছরে যে কয়েক কোটি টাকা দেওয়া হয়েছিল সেই টাকা তারা খরচ করতে পারেননি। তাহলে নতুন করে বাজেট বরাদ্দ করে কি লাভ ? সেইজন্য এই বাজেটকে সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সেখ মাজেদ আলি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত ২০ মার্চ, ২০০৩-২০০৪ সালের যে বাজেট প্রস্তাব রেখেছেন তাকে আমি সমর্থন করছি এই কারণে, এই বাজেট কর্মসংস্থানের বাজেট, এই বাজেট আত্মনির্ভরতার বাজেট এবং সম্পদ সংগ্রহের বাজেট। আগামী ২০০৩-২০০৪ সালে উৎপাদনের হার ৮ শতাংশের লক্ষ্যে রাখা হয়েছে এবং ৭ লক্ষ মানুষের কর্মসংস্থানের সুযোগ খুলে দেবার জন্য প্রচেষ্টা নেওয়া হয়েছে। একটু আগে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী নির্মল ঘোষ বললেন, স্বাধীনতা লাভের পর থেকে আমরা পশ্চিমবাংলায় খাদ্যে সব সময়ে ১ নম্বর জায়গায় ছিলাম। আমি বিনয়ের সঙ্গে ওনাকে বলতে চাই, ১৯৫৯ সালে খাদ্যের জন্য গ্রাম থেকে মা-বোনেরা যখন এসেছিল কলকাতার বুকে তখন তাদের লাঠিপেটা করে পুলিশ দিয়ে প্রায় ৮১ জনকে খুন করা হয়েছিল। ৬-এর দশকে খাদ্যের জন্য মানুষ যখন হাহাকার করেছে তখন তদানীন্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন, ''তোমরা বেগুন এবং কাঁচকলা খাও''। এরও পরবর্তীকালে আমরা জানি, পি.এল.-৪৮০, মাইলো খেয়ে মানুষকে কাটাতে হয়েছিল। এই অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার মানুষ যখন কৃষির উপর নির্ভরশীল সেই কৃষিকে আরো মানুষের মধ্যে ছড়িয়ে দেবার জন্য সামগ্রিক যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা আমরা গ্রহণ করেছি। তার জন্যই আমাদের রাজ্যে ৭২ ভাগ লোকের হাতে ৯২ ভাগ জমি আছে। স্যার, আমরা জানি যে এই ৭২ ভাগ মানুষের সামগ্রিক উন্নয়ন ছাড়া আমাদের রাজ্যের সর্বাঙ্গীণ উন্নতি সম্ভব নয়। সেইজন্য আমাদের বামফ্রন্ট সরকার ভূমিসংস্কারকে অগ্রাধিকার দিয়েছেন এবং এই কাজে অগ্রগতি ঘটিয়েছেন। ১০.৮১ লক্ষ একর জমি ২৬.৮১ লক্ষ ভূমিহীন মানুষের মধ্যে বিলি-বণ্টন করা হয়েছে। তাছাড়া ১১ লক্ষ একর জমিতে ১৫ লক্ষ বর্গাদারের নাম রেকর্ডভুক্ত করা হয়েছে। স্যার, আমরা জানি কেন্দ্রে যে সরকার চলছে সেই সরকারের নীতির জন্য ১৪২৯টি নিত্যপ্রয়োজনীয় জিনিস বিদেশ থেকে আমাদের দেশে আসছে, এর মধ্যে কৃষিজাত পণ্যের সংখ্যা হচ্ছে ৮৫০। এইভাবে ৮৫০ ধরনের কৃষিপণ্য যদি বিদেশ থেকে আমাদের দেশে আসে এবং তাতে আমদানি শুল্ক না লাগে তাহলে ভারতবর্ষের কৃষির অবস্থা কি হতে পারে সেটা সহজেই অনুমেয়। আমেরিকা থেকে শুরু করে উন্নত দেশগুলি কৃষিতে ভরতুকি দিচ্ছে ৪০ থেকে ৯০ ভাগ আর অপরদিকে আমাদের ভারতবর্ষে কেন্দ্রে যে জোট সরকার রয়েছে এই তৃণমূল দল যার অংশীদার তাদের নীতির জন্য ভারতবর্ষে কৃষিতে ভরতুকি ১০ ভাগ থেকে কমিয়ে তিন ভাগ করা হয়েছে। কৃষকদের উন্নত বীজ, সার, সাবসিডি দেওয়া তো দূরের কথা প্রতি মুহূর্তে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য আমাদের দেশে জিনিসপত্রের দাম বাড়ছে। বিগত এক বছরে পেট্রোলে লিটারে ৮ টাকা এবং ডিজেলে লিটারে ৬ টাকা দাম বাড়ানো হয়েছে। এই অবস্থাতেও একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থেকেও পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আছে বলে এখানে কৃষিতে অগ্রগতি ঘটছে।

এ ক্ষেত্রে আমাদের মাননীয় অর্থমন্ত্রী একটা বিকল্প নীতি নিয়েছেন সেটা হল পরিষেবা সমবায়ের মধ্যে দিয়ে আমাদের দেশের ক্ষুদ্র, প্রান্তিক চাষীদের সাহায্য করার জন্য তিনি বাজেটে ১০০ কোটি টাকার সংস্থান রেখেছেন। এই স্কীমের মাধ্যমে পাম্পসেট, ট্রাক্টর, পাওয়ার টিলার কিনে সমবায়ের মাধ্যমে যেসব চাষীরা আসবেন তাদের সাহায্য করা হবে যাতে তারা কৃষিতে উন্নয়ন ঘটাতে পারেন। তা ছাড়া অতিরিক্ত ১½ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতায় আনার জন্য কর্মসূচি নেওয়া হয়েছে। ১৫ লক্ষ একর খাস জমি বিলি-বণ্টন করার ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়াও কৃষিকে যাতে একটা উন্নত জায়গায় নিয়ে যাওয়া যায় তার জন্য দু-হাজার কোটি টাকা ঋণের ব্যবস্থা করা হয়েছে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি থেকে ১৩শো কোটি টাকা এবং সমবায় ব্যাঙ্ক থেকে ৭শো কোটি টাকা ঋণ নেওয়া হবে। স্যার, আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ, আলুতেও স্বয়ংসম্পূর্ণ কিন্তু ডাল ও তেল বীজের ক্ষেত্রে আমরা পিছিয়ে আছি। সেইজন্য ক্রপ প্যাটার্ন পরিবর্তন করে অল্প জলে যাতে ডাল এবং অন্যান্য শস্য করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। আমাদের উত্তরবঙ্গের চা শিল্প এখন একটা চরম বিপর্যয়ের মধ্যে দিয়ে চলেছে। তার জন্য সেখানে কৃষিকর ৪৫ পার্সেন্ট থেকে কমিয়ে ৩০ পার্সেন্ট করা হয়েছে যাতে চা শিল্প একটা উন্নত জায়গায় যেতে পারে এবং চা শিল্প সমৃদ্ধ হতে পারে। পি.এফের যে ব্যবস্থা আছে তাতে ২০ টাকা দিয়ে ক্ষেতমজুররা এবং অসংগঠিত শ্রমিকরা অংশগ্রহণ করতে পারবে। এর সঙ্গে এখন স্বাস্থ্যবীমারও ব্যবস্থা করা হয়েছে। ব্যক্তি ১৫ টাকা দেবেন, সরকার ১৫ টাকা দেবেন এবং তাতে ৩০ হাজার টাকা পর্যন্ত চিকিৎসার সুযোগ রাখা হয়েছে। এইসব কারণে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[6.35—6.45 p.m.]

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তব্যে বলেছেন অর্থনৈতিক সংকট কমিয়ে কর্মসংস্থান কিভাবে বৃদ্ধি করা যায়। এখন আমাদের দেশে বিশ্বায়নের বন্যায় সাধারণ মানুষ গরিব মানুষ বিপন্ন। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বক্তব্যে গরিব মানুষ সাধারণ মধ্যবিত্ত মানুষ কৃষক এবং শ্রমিকদের কিভাবে উন্নয়ন করা যায় তার কথা বলেছেন। আমাদের রাজ্যে শতকরা ৮০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। আমাদের কৃষিতে উৎপাদন বেড়েছে। একদিকে লোকসংখ্যা বাড়ছে অন্যদিকে জমির পরিমাণ কমছে। এখন চাষযোগ্য জমির পরিমাণ মাথাপিছু ১৬ শতক। পাঞ্জাবে কৃষি বিপ্লব ঘটেছিল, তারা উৎপাদন খুব বাড়িয়েছিল। কৃষকরা রাসায়নিক সার ব্যবহার করে উৎপাদন বাড়িয়েছিল। আমাদের রাজ্যের কৃষকরা সঠিক প্রযুক্তি ব্যবহার করে চাষের উন্নতি করেছে। আমাদের এখানে আলুর উৎপাদন বেড়েছে বলে পেপসি কোম্পানি আলু নিয়ে শিল্প করবে বলে আমাদের এখানকার উৎপাদিত আলু নিয়ে পরীক্ষা করেছে। তারা আলু কেটে আলুর মধ্যে রাসায়নিক দ্রব্য দিয়ে টেষ্ট করেছে। তারা দেখেছে আমাদের রাজ্যে আলুতে শর্করার পরিমাণ বেশি। কিন্তু আলুর উপর শিল্প করতে তারা ইচ্ছুক নয়। আমি বলবো এখানে কৃষিভিত্তিক শিল্প করা দরকার। ধানের উৎপাদনের ক্ষেত্রে আমাদের রাজ্য যেভাবে এগিয়েছে তাতে প্রথম স্থান অর্জন করেছে। চাল থেকে মুড়ি এবং খই হয়, চাল থেকে কিভাবে আরো শিল্প করা

যায় সেটা দেখতে হবে। সবজি আলু নিয়ে কিভাবে শিল্প করা যায় সেটা দেখতে হবে। মৎস্য চাষের ক্ষেত্রে আমরা প্রথম স্থান অর্জন করেছি। দীঘা এবং শংকরপুরে আমাদের ফিস হারবার আছে। শংকরপুর থেকে ২৫০-৩০০ কিলোমিটার সমুদ্রগর্ভে গিয়ে মাছ ধরে আনতে হয়। হায়দ্রাবাদে স্যাটালাইটের মাধ্যমে বলে দিচ্ছে কোথায় কি মাছ আছে এবং কত কিলোমিটার গেলে সেই মাছ পাওয়া যাবে। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করবো, দাবি জানাবো, শংকরপুরে এবং দীঘায় যে মৎস্য বন্দর হয়েছে, সেখানে স্যাটালাইটের মাধ্যমে কিভাবে মৎস্যজীবীরা দিক নির্ণয় করতে পারে, কত দূরে গেলে কি মাছ পাওয়া যাবে সেটা ঠিক করে দেওয়ার ব্যবস্থা করুন। মাননীয় অর্থমন্ত্রী বেকারদের কিভাবে কর্মসংস্থান করা যায় তার কথা বলেছেন এবং তিনি বলেছেন সমবায় ভিত্তিতে করার কথা বলেছেন। আমার এলাকায় দেখেছি মানুষ তাঁত শিল্পের উপর নির্ভরশীল, পলট্রি ফার্মের উপর কিছুটা নির্ভরশীল, দুধের উপর নির্ভরশীল। এই জাতীয় শিল্পের উপর নির্ভরশীল হয়ে গিয়েছে। যখন মুরগি রেডিমেড হবার পর যখন মারকেটে নিয়ে যায় তখন তারা সঠিক বাজার দর পাচ্ছে না। এই সমস্ত জিনিসের বিপণন ব্যবস্থা করতে হবে, দুধের বিপণন ব্যবস্থা করতে হবে। এই ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীকে নজর দেবার জন্য অনুরোধ করবো। অসংগঠিত শ্রমিকদের জন্য মাননীয় অর্থমন্ত্রী যেটা বলেছেন, অসংগঠিত শ্রমিক এবং কৃষকদের জন্য প্রভিডেন্ট ফান্ডের কথা বলেছেন। তিনি বলেছেন তারা যে টাকা দেবে রাজ্য সরকার সেই টাকা দেবে। ৪.৪০ প্যারার একটা জায়গায় তিনি বলেছেন "এই প্রকল্পের সঙ্গে উপকৃতের ইচ্ছানুযায়ী একটি অতিরিক্ত স্বাস্থ্য বিমার সহায়ক সংযোজন করা, যাতে উপকৃত ক্ষেতমজুর বা শ্রমিক মাসে অতিরিক্ত ১৫ টাকা জমা রাখলে, রাজ্য সরকারও জমা দেবে ১৫ টাকা"। এই যে বিমার কথা বলা হয়েছে এদের বয়সসীমা থাকবে কিনা বা ১৮ বছর থেকে ৫০ বছর পর্যন্ত হলে চিকিৎসার সুযোগ পাবে কিনা বা এটা কত মাস দেবে এই ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী তাঁর জবাবী ভাষণে বললে ভাল হয়। শিক্ষাখাতে বেশি টাকা বরাদ্দ করা হয়েছে এর জন্য মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ। কারণ আমরা জানি শিক্ষাকে বাদ দিয়ে কোনো উন্নয়নমূলক কাজ করা সম্ভব নয়, দেশের উন্নয়ন করা সম্ভব নয় রাজ্যের উন্নয়ন করা সম্ভব নয়। তাই মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে আলোচনার জন্য নিয়ে এসেছেন, বিভিন্ন ক্ষেত্রে যে বাধাগুলি তিনি দেখিয়েছেন, সেগুলির ক্ষেত্রে জনসাধারণ যে অসুবিধার সম্মুখীন হবে, সেগুলিকে আমি তুলে ধরছি। ঘাটতি মেটাতে গত বছর রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভার ড্রাফট নেওয়া হয়েছিল। রাজ্য সরকার ওভারড্রাফটের দায় মেটাতে নতুন করে যে ঘাটতির সম্মুখীন হয়েছে—আর কতদিন বলা যাবে যে কেন্দ্র দিচ্ছে না ? এই যে নিজেদের সৃষ্ট অর্থ সংকট, তাকে মেটাবার জন্য তিনি ট্যাক্স চাপাচ্ছেন। এইভাবে ২০০৩-০৪ আর্থিক বছরে বাজেটে ৮২৫ কোটি টাকা আয়ের কথা মাননীয় অর্থমন্ত্রী জানিয়েছেন। কর চাপিয়ে এবং রাজস্ব আদায় বাবদ এই আয়ের কথা তিনি বলেছেন। চলতি আর্থিক খাতে পরিকল্পনা করা হয়েছিল ৬,৬৯৭ কোটি টাকার। অবস্থা

খারাপ হওয়ার সংশোধিত পরিকল্পনা ব্যয় ধরা হয়েছে ৩,৭৯৪ কোটি টাকা। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আর্থিক বছরে যে পরিকল্পনা নিয়েছেন, আমরা দেখতে পাচ্ছি ৩,৮৯৪ কোটি টাকা আছে। এই খাতে বরাদ্দ বৃদ্ধি দাবি করলেও তা আসলে কিন্তু কমে যাবে—একশো কোটি টাকা বরাদ্দ যেটা বৃদ্ধি করার চেষ্টা করছেন সেটা কমে যাবে। আর এবং পরিকল্পনা খাতে বরাদ্দ হ্রাসের পরে ৯৪ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন, এটা নজিরবিহীন। এর দায় অর্থমন্ত্রী কেন্দ্রের ওপরে চাপিয়ে, যে কথা বারে বারে বলেছেন, সেটা কিন্তু হচ্ছে না। কতকগুলো ব্যাপারে কর'এর প্রস্তাব নিয়ে আসতে হচ্ছে। ১৯৯৫ সালে প্রবেশ কর তুলে দেওয়া হয়েছিল সেটা চালু করতে হচ্ছে, পঞ্চায়েত নির্বাচনের জন্য সেখানে ছাড় দেওয়া হয়েছে। কোলকাতা এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে জমির খাজনার যে কথা বলা হচ্ছে— মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণের ৫.২৫ অনুচ্ছেদে বলেছেন, "...কোলকাতা নগর উন্নয়ন সংস্থার আওতার বাইরের এলাকায় বাণিজ্যিক কাজে ব্যবহৃত জমির উপর প্রতি শতকে দুশো টাকা হারে এবং অবাণিজ্যিক কাজে ব্যবহৃত জমির উপর প্রতি শতকে পঁয়তাল্লিশ টাকা হারে খাজনা ধার্য করার প্রস্তাব আমি রাখছি। নির্দিষ্ট সময়ের মধ্যে এই খাজনা জমা দিলে পাঁচ শতাংশ ছাড় পাওয়া যাবে।..." কোলকাতার ক্ষেত্রে কি হার চিহ্নিত করবেন সেটা পরিষ্কার নয়। আর কিসের ভিত্তিতে কর প্রস্তাব সেটাও পরিষ্কারভাবে বলছেন না। তার পরিপ্রেক্ষিতটা আরও একটু পরিষ্কার হওয়ার দরকার আছে। ১লা এপ্রিল বিক্রয় কর 'ভ্যাট' বা 'মূল্যযুক্ত' বলে দেওয়া হচ্ছে। পরে অর্থমন্ত্রী জানাচ্ছেন পণ্যকর হ্রাস-বৃদ্ধির কথা। কতটা হ্রাস হবে বা বৃদ্ধি হবে সেটা পরিষ্কার নয়। আমরা দেখতে পাচ্ছি, কমপিউটার, ডিস্ক, জেনারেটর, লিফট, যন্ত্রাংশের ওপরে কর চাপানোর ক্ষেত্রে সোনা রূপার দাম, অলংকারের ওপরে এক শতাংশ হারে বাড়ালেন। যারা রেডিমেড গহনা প্রস্তুত করে, সেখানে শ্রমিক মালিকের মধ্যে যত না মালিকের সংখ্যা, শ্রমিকের সংখ্যা তার থেকে বেশি। সেখানে এক শতাংশ বাড়াবার যে কথা বলেছেন, তাতে চিন্তা করার দরকার আছে।

[6.45—6.57 p.m.]

আপনার অন্যদিকে শিল্পের মন্দা কাটাতে ১৫ শতাংশ আয়কর কমিয়ে দিয়েছে। অথচ সেখানে দেখা যাচ্ছে মদের ব্যবসা চালাও করে, সেখান থেকে ১০০ কোটি টাকা আদায় করছে। আবগারী বিভাগ থেকে টাকা তুলতে চাইছেন। সরকারি কর্মচারী ৯ লক্ষ রয়েছে, তাদের বকেয়া ১১ শতাংশ পাওনা এখনো পর্যন্ত পেল না। এতো যে তাদের পাওনা তার একটাও তো দিতে পারেননি এবং দেবেন কিনা তাও লেখা নেই আপনার কোনো বইতে। অথচ কেন্দ্রীয় সরকার তার কর্মচারীদের পাওনা সব মিটিয়ে যাচ্ছে। রাজ্য সরকারের এই যে ডিলে হচ্ছে এটা তো দেখা দরকার। তারপরে অতিরিক্ত আয়ের ক্ষেত্রে প্রবেশ করের ব্যবস্থা করতে হল। আমরা দেখতে পাচ্ছি ভূমিহীন ক্ষেত-মজুর, অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রে প্রভিডেন্ড ফান্ড দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। সেখানে কতটা দেওয়া হয়েছে এবং কতটা কার্যকরী হয়েছে সেই ব্যাপারে কোনো উল্লেখ বইতে নেই। আরো বলেছেন চিকিৎসা বিমার সুযোগ করে দেবেন। আমাদের যে পরিমাণ স্বাস্থ্যকেন্দ্র আছে, সেখানেই চিকিৎসা সুষ্ঠুভাবে করতে পারেন না। তার মধ্যে গরিব মানুষদের সুশ্রূষার ব্যবস্থা করছেন, কিন্তু এই যে চিকিৎসা

বিমা—এটা কতজন পাবে এবং তার পদ্ধতিটা কি। এখানে আমরা দেখতে পাচ্ছি ৩০ হাজার টাকা চিকিৎসা বিমার জন্য দেওয়া হবে। তারপরে স্বাধীনতা সংগ্রামীদের কথা বলেছেন যে, তাদের ক্ষেত্রে যে পেনশন দেওয়া হয় তার পরিমাণ বাড়িয়ে ১ হাজার টাকার থেকে ১২০০ টাকা করা হবে। কিন্তু আমার মনে হয় সেখানে ১৫০০ টাকা করলে ভাল হয় কারণ বাজারের যে অবস্থা তাতে স্বাধীনতা সংগ্রামীদের ১৫০০ টাকা করে দেবেন এই আশা রাখছি। আমরা দেখতে পাচ্ছি ২০০৩-০৪ সালে ৭৯৩ কোটি টাকা ঘাটতি বাজেটে দেখানো হয়েছে। হঠাৎ করে গত বছরে আপনি স্বীকার করেছেন যে, ৮ কোটি টাকার ঘাটতি। কিন্তু কি এমন ঘটলো যে, ওই ঘাটতি ৭৯৩ কোটি টাকাতে গিয়ে দাঁড়ালো। আমাদের রাজ্যের সব কিছুই যদি ঠিকভাবে থাকে এবং স্থিতি থাকে তাহলে এমন কি ঘটলো যে ঘাটতি ওই পরিমাণে দাঁড়াল। আসলে রাজ্যের বাজেটে ঘাটতি দীর্ঘদিন ধরে চলছে ভেতরে ভেতরে। দীর্ঘদিন ধরে এই ঘাটতি চলছে, প্রকাশ করা হয়নি। সেটা না প্রকাশ করাতে এক লাফে ভূমিরাং হয়ে দাঁড়িয়েছে। এবং সেই কারণে ৭৯৩ কোটি টাকা ঘাটতি বাজেটে দেখানে হয়েছে। এই পরিপ্রেক্ষিতে আজকে রাজ্য সরকারকে দেউলিয়া সরকার বলা যেতে পারে। তার ফলে আজকে রাস্তাঘাট সারানোর থেকে আরম্ভ করে স্কুল-কলেজ, হাসপাতাল সারানো, সরকারি বিল্ডিং আপনার যেগুলো আছে সেগুলোও মেরামত করতে পারছেন না। রাইটার্স বিল্ডিংস মেরামত করতে পারছেন না। রাজ্য সরকার আর্থিকভাবে এমন একটা জায়গায় এসে পৌঁছেছে যে, শিক্ষকদের আপনারা টাকা দিতে পারছেন না। সরকারি কর্মচারীদের বেতনের কথা তো আগেই বলেছি। আপনার ২০০৩ সালের আর্থিক বছরে ৬,৭৯৭ কোটি টাকা বরাদ্দ দিয়েছে এবং সেখানে মাত্র ৩,৭৯৭ কোটি টাকা খরচ হয়েছে। যেখানে বরাদ্দ ছিল ৬,৭৯৭ কোটি টাকা, সেখানে আমরা দেখতে পাচ্ছি ৩,৭৯৭ কোটি টাকা খরচ হয়েছে। ফলে যোজনা খাতে বরাদ্দ ১ বছরে ৩ হাজার কোটি টাকা ছাঁটাই হয়েছে। সরকার পক্ষের অনেক সদস্যই বক্তৃতা করবার সময়ে কংগ্রেস আমলের কথা বলে থাকেন। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীর দেওয়া তথ্য থেকে আমরা জানতে পারছি যোজনা খাতে খরচ কম হয়েছে। পঞ্চম বেতন কমিশনের রিপোর্টের ব্যাপারে অশোক মিত্র কমিটি বার বার বলেছেন আপনার অবস্থা বুঝে ব্যবস্থা নিন। কিন্তু সেই কথা আপনারা কানে তুললেন না, ফলে আজকে কোনোদিকেই সামাল দিতে পারছেন না এবং সামাল দিতে পারছেন না বলেই আজকে উন্নয়নমূলক খাতে টাকা খরচ বন্ধ হয়ে গেছে। কিন্তু কেন্দ্রীয় সরকার পঞ্চম বেতন কমিশনের রায় অনুযায়ী তাদের কর্মচারীদের বেতন দিচ্ছে। আজকে রাজ্য সরকার সেইভাবে কিন্তু তাদের কর্মচারীদের বেতন দিতে পারছেন না। আজকে আপনাদের দেউলিয়াপনা প্রমাণ হয়ে গেছে, সেইজন্য কোনো অর্থনৈতিক প্রতিষ্ঠানই আপনাদের লোন দিচ্ছে না। তাই আজকে উন্নয়ন স্তব্ধ হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা আসছে, সেই টাকাও ঠিকভাবে ব্যবহার করা যাচ্ছে না। প্রধানমন্ত্রী সড়ক যোজনার টাকা আজকে ফেরত যাচ্ছে। কেন্দ্রীয় প্রকল্পে যে পরিমাণ টাকা রাজ্য সরকারকে ব্যয় করতে হয় সেই টাকার জোগান দিতে পারছে না বলে কোনো জায়গায় কাজ হচ্ছে না। সর্বত্র এর বহিঃপ্রকাশ ঘটেছে। সামান্য একটা ফোড়া থেকে ক্যানসারে পরিণত হচ্ছে। ২৯৪ জন বিধায়ককে, বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের টাকা দেওয়া হচ্ছে ২৫ লক্ষ

টাকা করে। এই টাকার পরিমাণ বাড়ালে ভালো হত। কারণ এম.এল.এ.-রা আজকে কোনো জায়গায় অঙ্গাঙ্গিভাবে জড়িত হতে পারছে না। তাই এই ২৫ লক্ষ টাকা বৃদ্ধির প্রয়োজন আছে। আজকে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারকে দোষারোপ না করে আপনাদের একটা পথ বার করতে হবে। কারণ জনগণের কাছে তো আপনাদের একটা দায়িত্ব আছে। জনগণের কাজ করার জন্যই আমরা এখানে এসেছি। আজকে শিলাবৃষ্টি এবং কালবৈশাখী—যদিও এটা কালবৈশাখী নয়, একটা টর্নেডোর মতো হয়েছিল—সারা পশ্চিমবঙ্গ এবং দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গের অনেক জায়গায় মানুষকে সর্বশান্ত করে দিয়েছে। আজকে সবজি নষ্ট হয়ে গেছে, আলু নষ্ট হয়ে গেছে, আম নষ্ট হয়ে গেছে। সরকারের পক্ষ থেকে সামান্য কিছু ত্রাণ দেওয়া হয়েছে, কিন্তু তা সকলের কাছে গিয়ে পৌঁছায়নি। ফলে মানুষের মনে ক্ষোভ বৃদ্ধি পাচ্ছে। আপনি ভাষণ দেওয়ার সময় পরিষ্কার করে বলবেন এইজন্য কি কি ব্যবস্থা সরকারের তরফ থেকে নেওয়া হয়েছে এবং ক্ষতিগ্রস্তদের তালিকা ঠিকমতো তৈরি করতে হবে, সেটা যেন বি.পি.এল.-এর তালিকার মতো না হয়। বি.পি.এল. তালিকায় যে ভুল আছে, সেটা আপনাদের স্বীকার করতে হবে। আজকে রাজ্য সরকার তার ঘাটতির বহিঃপ্রকাশ ঘটিয়ে ভুলটা স্বীকার করছে, সেরকম ভবিষ্যতেও বলবার চেষ্টা করবেন। এই কটি কথা বলে, এই ভুলে ভরা বাজেট বক্তৃতা যা মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মি. ডেপুটি স্পিকার : সভা আগামী মঙ্গলবার, ২৫শে মার্চ ২০০৩, ১১ পর্যন্ত মুলতুবি রাখা হচ্ছে।

Adjournment

The house was then adjourned at 6.57 p.m. till 11 a.m. on Tuesday, the 25th March, 2003 at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 25th March, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 15 Ministers, 03 Ministers of State and 142 Members.

Starred Questions
(to which oral answer were given)

"ফাউলোই" স্কিমে সাহায্যপ্রাপ্ত শ্রমিকের সংখ্যা

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১১) শ্রী আবদুল মান্নান : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৯৮ থেকে ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত কতজন শ্রমিককে "ফাউলোই" স্কিমের প্রদান করা হয়েছে ;

(খ) এ জন্য সরকারের কত টাকা ব্যয় হয়েছে ; এবং

(গ) উক্ত প্রকল্পে উপকৃতদের তালিকা কীভাবে তৈরি করা হয় ?

[11.00—11.10 a.m.]

শ্রী মহঃ আমিন :

(ক)

বৎসর	ভাতাপ্রাপ্ত শ্রমিক
১।৪।৯৮ থেকে ৩১।১২।৯৮	২৭,৫৯৫ জন
১।১।৯৯ থেকে ৩১।১২।৯৯	৩২,৯৪১ জন
১।১।২০০০ থেকে ৩১।১২।২০০০	৩৯,৮০৯ জন
১।১।২০০১ থেকে ৩১।১২।২০০১	৩৩,৫৮০ জন
১।১।২০০২ থেকে ৩১।০১।২০০৩	৩৩,২৪৬ জন

(খ) ৮৯.১৪ কোটি টাকা

(গ) পশ্চিমবঙ্গ সরকারের ১৪।৫।৯৮ তারিখের ৫০৭ আই আর নং সিদ্ধান্ত অনুযায়ী গঠিত স্ক্রিনিং কমিটি প্রথমে 'ফাউলাই' প্রকল্পের আওতাভুক্ত হওয়ার যোগ্য কারখানা নির্বাচিত করেন। তারপর শ্রম অধিকার থেকে নির্ধারিত ফর্মে

উক্ত কারখানার শ্রমিকদের কাছ থেকে প্রকল্পে দেয় আর্থিক সহযোগের জন্য আবেদনপত্র নেওয়া হয়। এরপর বিস্তারিত অনুসন্ধানের মাধ্যমে শ্রমিকদের নাম, বয়স, ঠিকানা ইত্যাদি দিয়ে উপকৃত শ্রমিকদের তালিকা তৈরি করা হয়। শ্রমিকদের ৫৮ বছর বয়স হয়ে গেল তাঁরা প্রকল্পের আওতা থেকে বাদ হয়ে যান।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রিমহাশয়, উত্তরটা দিয়েছেন '৯৮ সালের ১লা এপ্রিল থেকে। আমার প্রশ্নটা অন্য ছিল। আমি প্রশ্ন করেছিলাম '৯৮ সালের পয়লা জানুয়ারি থেকে। আপনি যেটা দিয়েছেন তাতে বাকি ৩ মাসেরটা নেই। আপনি যে ২৭ হাজার ৫৯৫ জন দিয়েছেন এটা কি '৯৮ সালের পুরোটা ?

শ্রী মহঃ আমিন : আমাদের ফিনানসিয়াল ইয়ার ১লা এপ্রিল থেকে শুরু হয়। এখানে তার ভিত্তিতে করা আছে। কাজেই এই ৩ মাসের ব্রেক আপটা নেই।

শ্রী আবদুল মান্নান : কিন্তু আপনি তার পরেরগুলিতে ১লা জানুয়ারি থেকেই দিয়েছেন। আমি জানতে চাইছিলাম ইয়ারওয়াইজ, ১৯৯৮, ১৯৯৯, ২০০০, ২০০১, ২০০২, ২০০৩ সালে জানুয়ারি পর্যন্ত। সেখানে আপনি প্রথম উত্তর দিয়েছেন ১.৪.১৯৯৮ থেকে ৩১.১২.১৯৯৮ পর্যন্ত এর সংখ্যাটা হল ২৭,৫৯৫ জন। তার পরে বলেছেন, ১.১.১৯৯৯, আপনি ফিনানশিয়াল ইয়ার দেননি, ক্যালেন্ডার ইয়ার দিয়েছেন। তার আগেরটা আপনি ৯ মাস দিলেন, ৩ মাসের হিসাবটা দিলেন না। এটা কি ছাপার ভুল, নাকি আপনার স্টেটমেন্টটা ঠিক, কোনটা কারেক্ট ?

শ্রী মহঃ আমিন : এটা রেকর্ড দেখে বলতে হবে কি হয়েছে।

শ্রী আবদুল মান্নান : এই যে আপনি ১,৬৭,১৭১ জনকে এই ৫ বছরে দিয়েছেন বলছেন, তার মধ্যে অনেক রিপিটেশন থাকতে পারে। এর মধ্যে এফেকটেড লোকের সংখ্যাটা কত যারা এই স্কিমে আসতে পারে ? সেই সংখ্যাটা বলবেন ?

শ্রী মহঃ আমিন : প্রথম বছরে যারা পেল, দ্বিতীয় বছরে তার সাথে আরেকটু যোগ হয়েছে, আবার তৃতীয় বছরে আরেকটু যোগ হয়েছে এইভাবে বেড়েছে। ৩৩ হাজারের কিছু বেশি লোক আছে যারা এটা পাচ্ছে।

শ্রী আবদুল মান্নান : আমি যেটা জানতে চাইছি আপনি ৩৩ হাজার দিয়েছেন। প্রথম বছরে ২৮ হাজার পেয়েছে, তার মধ্যে ৫ হাজার বাদ যাবে এবং আরও কিছু ঢুকবে। এটা একটা কনটিনিউয়াস প্রসেস। এই সময়ের মধ্যে কারখানা বন্ধ হওয়ার জন্য এফেকটেড লোকের সংখ্যা কত সেটা আমি জানতে চাইছি ?

শ্রী মহঃ আমিন : কারখানা বন্ধ টোটাল হচ্ছে ৫২ হাজার সারা পশ্চিমবাংলায়। কিন্তু ৩৩ হাজার লোক এই বেনিফিট পাচ্ছে, আর ১২ হাজার পাচ্ছে না। নেকস্ট স্ক্রিনিং কমিটির মিটিং হবে তখন জানা যাবে এই ১২ হাজারের মধ্যে কত লোক সিলেকশান হয়েছে। তখন আমি এটা বলতে পারব।

শ্রী আবদুল মান্নান : এই যে অ্যাপ্লিকেশন আছে বন্ধ কারখানার শ্রমিকদের, এর মধ্যে কতগুলি ডিসবার্সমেন্ট হয়নি ? মোট ৫২ হাজার এফকটেড বলছেন, এর মধ্যে কত অ্যাপ্লিকেশন আন্ডার কনসিডারেশন আছে, পেন্ডিং কত আছে ?

শ্রী মহঃ আমিন : ১২ হাজার লোক আরও আসতে পারে, তবে কতটা আসবে সেটা স্ক্রিনিং হলে বলা যাবে।

শ্রী আবদুল মান্নান : এই যে ৮৯ কোটি ১৪ লক্ষ টাকা এই কয় বছরের খরচের হিসাব দিয়েছেন। এটাতে কি মাসিক ৫০০ টাকা করে সহায়তা যেটা ফাউলো স্কিমে দিচ্ছেন তার হিসাব, নাকি এর মধ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ খারচও আছে ? থাকলে তার পরিমাণ কত ?

শ্রী মহঃ আমিন : এই টাকাটা শ্রমিকদের হাতে নেওয়া হয়েছে। অ্যাডমিনিস্ট্রেটিভ খরচ আছে, আলাদা আছে। এটা এস্টিমেট করা ডিফিকাল্ট। কারণ যাঁরা সরকারি অফিসার আছেন তাঁরা বেতন পান। এই কাজে কোনটা কতটা সেটা খুব ডিফিকাল্ট। এই টাকাটা শ্রমিকরা পেয়েছে।

শ্রী নির্মল দাস : প্রকৃতপক্ষে ফাউলো স্কিমে রাজ্য সরকার যে শ্রমিক-কর্মচারিদের বিশেষ করে যারা আর্থিকভাবে কষ্টে আছে তাদের পক্ষে এটা খুব ভালো প্রকল্প। আমি জিজ্ঞাসা করছি উত্তরবঙ্গে বিশেষ করে ডুয়ার্স, তরাই এবং দার্জিলিংয়ে আপনি জানেন ২২টি কারখানা বন্ধ, বেশ কিছুদিন ধরে এটা চলছে। প্রায় ৫০ হাজার শ্রমিক কর্মচ্যুত সরাসরি, ইনডায়রেক্টলি দু লক্ষ, আড়াই লক্ষ হবে। আগামীকাল ওরা বিধানসভা অভিযান করছে। এই ফাউলো স্কিমে কর্মচ্যুত শ্রমিক-কর্মচারী পার্টিকুলারলি ফর টী গার্ডেন সেই কর্মচারীদের এই আনার ব্যাপারে তাদের যে কষ্ট, ইতিমধ্যেই বেশ কিছু শ্রমিক মারা গেছেন।

[11.10—11.20 a.m.]

ম্যাল নিউট্রেশন বেশি, স্টার্ভেশনও আছে। এই অবস্থায় রাজ্য সরকার এবং টী প্লান্টার্সরা কিছু করছেন না, কেন্দ্রীয় সরকারও কিছু করছেন না। ওই সমস্ত দুঃস্থ শ্রমিকরা যাতে সুবিধা পেতে পারে তার জন্য এই স্কিমে কোনো ব্যবস্থা আছে কিনা ? যদি থাকে তাহলে কতজন শ্রমিক এখনও পর্যন্ত এই সুযোগ পেয়েছেন ?

শ্রী মহঃ আমিন : এর মধ্যে ৩টে চা-বাগানের শ্রমিকরা এই টাকা পাচ্ছেন। তবে একটা কন্ডিশন হচ্ছে, বাগান বন্ধ হয়ে যাওয়ার ১ বছর পরে সেগুলোকে ধরা হয়। আপনি যেগুলোর কথা বললেন সেগুলো কয়েক মাস আগে বন্ধ হয়েছে, এক বছর হয়নি। আমি এ ব্যাপারে কালকে শিলিগুড়িতে একটা হাইলেভেল মিটিংয়ে বসব। সমস্ত মালিক এবং কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নকে সেখানে ডাকা হয়েছে। আমরা চেষ্টা করব যাতে বাগানগুলো খোলা যায় তাহলেই প্রকৃত রিলিফ ওদের হবে। আর কিছু স্কিম আছে কালকে আমরা আলোচনা করব। এছাড়াও রাজ্য সরকার চেষ্টা করছে যে সমস্ত চা-বাগান এরিয়াতে বন্ধ ওয়ার্কাররা অসুবিধার মধ্যে আছেন সেখানে ফুড ফর ওয়ার্ক আরও ইনটেন্সিফাই করার যাতে লোকদের বাঁচানো

বার। ওদের দুঃখ-কষ্টে আমাদের পূর্ণ সহানুভূতি রয়েছে এবং হাউজের সদস্যরা নিশ্চয়ই এ বিষয়ে একমত হবেন যে, যা কিছু সম্ভব রাজ্য সরকারের পক্ষে তা চা-বাগান শ্রমিকদের জন্য করতে হবে।

শ্রী পদ্মনিধি ধর : কলকারখানা বন্ধ হয়ে যাওয়ার ফলে আজকে অনেকে বেকার হয়ে যাচ্ছেন। কিন্তু আমরা তো এটা জানি যে, কেন্দ্রীয় সরকারে যে নীতি— লিবারালাইজেশন, প্রাইভেটাইজেশন এবং গ্লোবালাইজেশন অর্থাৎ এল.পি.জি-র পরিণতিতে শুধু পশ্চিমবঙ্গ নয় ভারতবর্ষের অন্যান্য রাজ্য, মহারাষ্ট্র, গুজরাট, অন্ধ্র, তামিলনাড়ু সমস্ত জায়গায় কিছু কিছু কলকারখানা বন্ধ হয়ে গেছে। এবং আমাদের রাজ্যের পরিপ্রেক্ষিতে তার দায়-দায়িত্ব আমাদের রাজ্য সরকারকে বহন করতে হচ্ছে। তাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাস্য, এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের টাকা খেসারত দেওয়ার জন্য দাবি করেছেন কিনা ? এবং অন্যান্য রাজ্যগুলো তাদের বন্ধ কারখানার শ্রমিকদের কোনো ভাতা দিচ্ছে কিনা ?

শ্রী মহঃ আমিন : এ ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারকে একাধিকবার বলেছি। আমার আগে যিনি এই বিভাগে মন্ত্রী ছিলেন, তিনি, মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন, আমিও বলেছি যে, বন্ধ কারখানার শ্রমিকদের রিলিফের জন্য যে স্কিম গ্রহণ করা হয়েছে তাতে কেন্দ্রীয় সরকারের সাহায্য করা উচিত। কিন্তু তারা এখনও পর্যন্ত কিছু করেননি। আমি শুনেছি, এই রাজ্য ছাড়া তামিলনাড়ুতে এই রকম স্কিম আছে। তবে ডিটেইলসে জানি না, জেনে বলতে পারব। আর অন্য কোনো রাজ্যে নেই পশ্চিমবঙ্গ ছাড়া।

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় মাননীয় সদস্য নির্মল দাস মহাশয়ের প্রশ্নের উত্তরে বললেন, সাম্প্রতিককালে চা-বাগানগুলো বন্ধ হয়েছে তাই সেই শ্রমিকদের এই স্কিমের আওতায় নিতে পারেননি। কিন্তু মাননীয় মন্ত্রীকে বলি, মেটাল বক্স, ১৫ বছর ধরে বন্ধ রয়েছে, ডানলপ ২ বছর ধরে বন্ধ রয়েছে কিন্তু শ্রমিকরা এই ভাতা পাচ্ছেন না। সুতরাং, আপনি যে হিসাব দিচ্ছেন তাতে কিন্তু এইসব শ্রমিকদের ধরার বাধ্যবাধকতা নেই। যদি একথা ঠিক হয় তাহলে ডানলপ এবং মেটাল বক্সের শ্রমিকরা এই সুযোগ পাচ্ছেন না কেন ?

শ্রী মহঃ আমিন : মেটাল বক্সের শ্রমিকরা পাচ্ছেন।

শ্রী পংকজ ব্যানার্জী : গত পরশু দিনই মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম। মেটাল বক্সের প্রতিনিধিরাও গিয়েছিলেন। কাগজপত্র দেখে মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন আমি দেখছি না পেয়ে থাকলে দেওয়া যায় কি না। তাহলে কোনটা সত্য ?

শ্রী মহঃ আমিন : এ ব্যাপারে আমার কাছে একটা তালিকা আছে। আর, যদি না পেয়ে থাকেন তাহলে কেন পাচ্ছেন না সেটা দেখা হবে। কিন্তু ডানলপের পাওয়া উচিত। এটা দেরি হচ্ছে—ডানলপ, নিউ সেন্ট্রাল জুট মিলের ব্যাপারে আপনাদের সঙ্গে আমিও একমত যে, এদের পাওয়া উচিত। এক বছর হয়ে যাওয়ার পরেই টেকআপ করা উচিত। আমি এটা স্ক্রিনিং কমিটিকে রেফার করব যাতে তারা একটা ডিসিশন নেয়।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয়, গত ১৮ই ফেব্রুয়ারি আমাদের মন্ত্রী মাননীয় নিরুপম সেন মহাশয় সমস্ত বন্ধ কলকারখানা এবং রুগ্ন কলকারখানাগুলোর যে জমি আছে সেই জমিগুলো প্রোমোটারদের হাতে তুলে দেওয়া এবং বিক্রি করার সিদ্ধান্ত ঘোষণা করেছেন। এটা আপনার ডিপার্টমেন্টের কাজের সঙ্গে রেলিভেন্ট। বন্ধ এবং রুগ্ন কলকারখানাগুলোর শ্রমিকদের জন্য ইন্ড্রাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টে ২৫(এ) ধারা অনুযায়ী তাদের সমস্ত প্রাপ্য, পাওনাগণ্ডা পরিশোধ করার বিষয়টা সুরক্ষিত করা হয়েছে কি ? কারণ মালিকরা কলকারখানার শ্রমিকদের বঞ্চিত করছে, যার জন্য আপনাদের ৫০০ টাকা করে ভাতা দিতে হচ্ছে। বন্ধ ও রুগ্ন কলকারখানার জমিগুলো যদি বিক্রি করে দেওয়া হয় তাহলে সেই সব বন্ধ এবং রুগ্ন কলকারখানার শ্রমিকরা তাদের প্রাপ্য পাবে কি না—এই জায়গায় আপনার ডিপার্টমেন্ট মাননীয় মন্ত্রী শ্রী নিরুপম সেন মহাশয়ের দপ্তরকে কিছু জানিয়েছেন কি না যাতে শ্রমিকদের নিরাপত্তার প্রশ্নটি দেখা হয়।

শ্রী মহঃ আমিন : এটা লেবার ডিপার্টমেন্টের অভিমত যে, কোনো বন্ধ ও রুগ্ন কারখানার জমি বিক্রি করার অনুমতি যদি রাজ্য সরকার দেন, তাহলে প্রথমেই এটা গ্যারান্টি করে নিতে হবে যে, প্রথমে শ্রমিকদের পাওনা মিটিয়ে দেওয়ার পরে তারপর সেই জমি বিক্রি করা যাবে। এটাই আমাদের স্টান্ড।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমার প্রশ্নের আংশিক উত্তর আমি পেয়েছি, আপনি দিয়েছেন। একটু আগে ডানলপের ব্যাপারে বলেছেন। তবে আপনি যে তথ্য দিচ্ছেন সেই তথ্য ঠিক নয়। ডানলপ প্রায় ২ বার করে ৪ বছর বন্ধ রয়েছে। এর মধ্যে একবার ডানলপ কারখানার শ্রমিকরা ভাতা পেয়েছেন। তারপর থেকে এতদিন হয়ে গেছে, কিন্তু ডানলপ কারখানার শ্রমিকরা আর ভাতা পাননি। তাঁরা এ ব্যাপারে শ্রম দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছেন—কিন্তু তাঁরা এই ভাতা দিচ্ছেন না। এই ভাতা না পাওয়ার কারণ কি ? ডানলপ, নিউ সেন্ট্রাল জুট মিল এবং গেস্টকিন—এদের শ্রমিকরা কোনো ভাতা পাচ্ছেন না। এই সব বড় বড় কারখানাগুলো অনেক দিন বন্ধ রয়েছে, কিন্তু তাঁরা ভাতা পাচ্ছেন না। সরকারি নিয়ম-কানুন সমস্ত কিছু মানা সত্ত্বেও কি কারণে তারা ভাতা পাচ্ছে না ? নিউ সেন্ট্রাল জুট মিলে ৮ হাজার শ্রমিক কাজ করত, গেস্টকিনে ২২০০ শ্রমিক কাজ করত শেষের দিকে এবং ডানলপে ৭-৮ হাজার শ্রমিক কাজ করত। আপনার দেওয়া সংখ্যাটার সঙ্গে এই সংখ্যাটা মিলছে না। এরা কেন ভাতা পাচ্ছে না ?

শ্রী মহঃ আমিন : যে সমস্ত কারখানা ১ বছরের বেশি বন্ধ আছে সেই সব কারখানার শ্রমিকদের ভাতা দেওয়া উচিত। নিউ সেন্ট্রাল জুট মিল, ডানলপ অনেকদিন হল বন্ধ আছে, কিন্তু ওদের শ্রমিকদের ভাতা না পাওয়ার কারণ নেই। এই বিষয়টা স্ক্রিনিং কমিটিকে বলব যাতে তারা এক্সপিডাইট করবে। তবে ডিফিকাল্টি হচ্ছে যে, কারখানাগুলো সিলেকশন হওয়ার পর অ্যাপ্লিকেশন ইনভাইট করা হয়, তাতে শ্রমিকদের সংখ্যাটা যেখানে বেশি থাকে সেখানে অনেক বেশি সময় লাগে, তারপর অনেকগুলো কন্ডিশন আছে, যেগুলো ইনডিভিজুয়াল কেসে দেখতে হয়। এগুলো সব ঠিক করতে একটু দেরি হয়।

শ্রী সমর হাজরা : মাননীয় মন্ত্রিমহাশয়, বন্ধ কারখানার শ্রমিকদের আপনি ৫০০ টাকা করে ভাতা দিচ্ছেন। এখন বাজেটে আর্থিক সংকট কিছুটা কমেছে, যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে তাতে বন্ধ কারখানার শ্রমিকদের ভাতা বাড়ানোর বিষয়ে আপনারা কিছু ভেবেছেন কি ?

শ্রী মহঃ আমিন : এখন ভাতা বাড়াবার কোনো প্রস্তাব সরকারের বিবেচনায় নেই। আমরা এনসিওর করতে চাই যে, যে কমিটমেন্ট করা আছে সেটা যাতে ফুলফিল হয় তার উপর জোর দিচ্ছি।

[11.20—11.30 a.m.]

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ সাহেব আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা একটু অন্য ধরনের যে এখানে কারখানা বন্ধ হয়ে যাওয়ার জন্য শ্রমিকদের একটা অনুদান দেওয়ার চেষ্টা হয়েছে। কিন্তু গড়তে গিয়ে যে জমি দেওয়া হচ্ছে যেমন 'ফারাক্কা', 'বক্রেশ্বর' এই ধরনের বিশেষ কারখানা গড়তে গিয়ে হাজার হাজার বিঘা জমি সেই কারখানায় চলে গেছে, তার জন্য স্থানীয় ভিত্তিতে সে ক্ষেতমজুরেরা কাজ পাচ্ছে না, সেই কাজ না পাওয়ার জন্য তাদেরকে অনুদান দেওয়ার কোনো ব্যবস্থা হবে কি না বা এই ধরনের কোনো ভাবনা-চিন্তা আপনাদের আছে কি না সেটা জানাবেন।

শ্রী মহঃ আমিন : এইরকম কোনো ব্যবস্থা এখনও পর্যন্ত হয়নি।

শ্রীমতি সোনালী গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি মন্ত্রিমহাশয় মাননীয় বিধায়ক আবদুল মান্নানের প্রশ্নের উত্তরে জানিয়েছেন কিছু শ্রমিককে তিনি এই ভাতা প্রদান করছেন কিন্তু কতগুলি কারখানার শ্রমিককে তিনি এই ভাতা দিচ্ছেন ?

শ্রী মহঃ আমিন : আপনি কারখানার সংখ্যা জানতে চাইছেন—আমি ফাইলটা দেখে আপনাকে বলে দিচ্ছি।

দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যদ্রব্য উৎপাদনে বেসরকারি লগ্নী

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৪১) **শ্রী তপন হোড়** : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২০০২-২০০৩ আর্থিক বছরে দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যদ্রব্য উৎপাদনে বেসরকারি লগ্নীর পরিমাণ কত ; এবং

(খ) উক্ত আর্থিক বছরে রাজ্য থেকে দুগ্ধজাত খাদ্যদ্রব্য রপ্তানীর পরিমাণ কত ?

শ্রী আনিসুর রহমান :

(ক) রাজ্যে ২০০২-২০০৩ আর্থিক বছরে দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যদ্রব্য উৎপাদনে বেসরকারি লগ্নির মোট পরিমাণ প্রায় ১৭ কোটি টাকা।

(খ) উক্ত আর্থিক বছরে সরকারি উদ্যোগে কোনো দুগ্ধজাত খাদ্যদ্রব্য রপ্তানী হয়নি। কিন্তু কিছু বেসরকারি সংস্থা পশ্চিমবঙ্গ থেকে টিনের কৌটোয় রসগোল্লা রপ্তানী করে। এর সঠিক পরিমাণ আপাতত জানা নেই।

শ্রী তপন হোড় : স্যার, আপনি উত্তরে বলেছেন যে, ১৭ কোটি টাকা বেসরকারি লগ্নি হয়েছে। এখন এর মধ্যে বিদেশি লগ্নির পরিমাণ কিছু আছে কিনা কিংবা সম্ভাবনা আছে কিনা এবং তার জন্য যেটা দরকার আমাদের যে মিল্ক প্রোডাক্টে যে ডেফিসিট আছে, সেই ডেফিসিটকে ফুলফিল করতে আপনি কি কি উদ্যোগ গ্রহণ করেছেন ?

শ্রী আনিসুর রহমান : ১ নম্বরে আমি যেটা বললাম যে এই বছরে আমাদের মোট লগ্নির পরিমাণ ছিল ১৯ কোটি টাকা কিন্তু যেহেতু আপনার প্রশ্ন ছিল বেসরকারি আমি ওইজন্য বলেছি ১৭ কোটি টাকা। এর মধ্যে ৫টি ডেয়ারি প্ল্যান্ট—যেগুলি প্রাইভেট। আর তিনটি আছে জয়েন্ট ভেঞ্চারে, সেটার এখন কাজ শুরু হয়েছে। তাতে আমাদের সরকারের টাকা ফেডারেশনের মাধ্যমে যুক্ত আছে। দ্বিতীয় হচ্ছে বিদেশি—মাল্টিন্যাশনাল কোম্পানির এই ধরনের কোনো ইনভেস্টমেন্ট হচ্ছে কিনা। আমরা উৎসাহ দিচ্ছি না। আমরা উৎসাহ দিই না এই কারণে যে, এখন নতুন নিয়ম হয়েছে সেই নিয়মে যদি আমরা তাদেরকে উৎসাহিত করি, এক্ষণে আমাদের এই দুই কেনার যে নিশ্চয়তা আছে, যেটা আমরা সরকারের কাছ থেকে কিনি সেটা এখন ক্ষতিগ্রস্ত হবে। যদিও এখন ভাবনা-চিন্তা হচ্ছে আমরা মার্কেটিংয়ের ব্যাপারে এইরকম শর্তে রাজি হচ্ছি—যেমন অন্যান্য জায়গায় হয়েছে—পুনের সবরমতীতে হয়েছে যে, রাজ্যের দুধ কিনতে বাধ্য হবে। এইরকম কোনো শর্তে যদি তারা রাজি থাকে তাহলে নেস্টলে যে প্রস্তাব দিয়েছে—আমাদের শর্ত হচ্ছে বাইরে থেকে কম দামে দুধ কিনে এখানে বিক্রি করা যাবে না, আমাদের রাজ্যে থেকে দুধ কিনতে হবে, এই হচ্ছে প্রধান শর্ত। এই শর্তে যদি তারা রাজি হয় সে ব্যাপারটা আমরা দেখছি।

দুগ্ধজাত অন্যান্য জিনিসপত্র তৈরির ব্যাপারে আমাদের অনেকগুলি পরিকল্পনা আছে। ইতিমধ্যেই আমরা অনেকগুলি করেছি। আমাদের নতুন করে ভাবনা আছে।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন মিল্ক প্রাইস—এর ডিউ টু সেন্ট্রাল গভর্নমেন্ট পলিসি ইত্যাদি। এ ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের কি পলিসি আছে এবং আপনি কিভাবে তা মোকাবিলা করছেন ? সাধারণ মানুষের কাছে মিল্ক প্রাইস উত্তরোত্তর বাড়ছে—এটা চিন্তার বিষয়। মিল্ক প্রাইস সম্বন্ধে আপনার দপ্তরের কি চিন্তা-ভাবনা আছে ?

শ্রী আনিসুর রহমান : দুধের দুটো দাম, একটা কেনার দাম, আর একটা বেচার দাম। কেনার দামের ক্ষেত্রে আমাদের দায়িত্ব সর্বাধিক। এই মুহূর্তে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে চাষিদের কাছ থেকে যে দুধ কেনা হয় সেই কেনার দাম পশ্চিমবাংলায় সর্বাধিক। ৬ বছর

আগে ৩১.১০.৯৭ তারিখ পর্যন্ত আমাদের রাজ্যে চাষিদের কাছ থেকে দুধ কেনা হত মাত্র ৪ টাকা কেজি দরে। সেখান থেকে বেড়ে বেড়ে ৪.৫ শতাংশ ফ্যাটযুক্ত দুধের ক্ষেত্রে ফ্ল্যাট সিজনে—যখন খুব বেশি দুধ উৎপন্ন হয়—কেজি প্রতি দাম দেওয়া হয় ১১ টাকা ৩০ পয়সা এবং লীন সিজনে ১১ টাকা ৮০ পয়সা। এই দুটো দামের সঙ্গে পরিবহন খরচ যুক্ত হয়ে সাধারণভাবে গড়ে দাম ১২ টাকা কেজি। এটাই ভারতবর্ষের সর্বাধিক দাম। আর একটা নীতির ব্যাপারে প্রশ্ন করেছেন। কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির ফলে শুধু আমাদের নয় সারা ভারতবর্ষেই সমস্যা সৃষ্টি হয়েছে। দুটো সমস্যার সৃষ্টি হয়েছে। এই সমস্যা আমাদের চেয়েও অন্যান্য রাজ্যে আরো বেশি দেখা দিয়েছে। যারা বেশি দুধ তৈরি করে তাদের বিপদ আরো বেশি। ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারপার্সন অমৃতা প্যাটেল এবং ভারতবর্ষে দুধ উৎপাদনের যিনি লেজেন্ড মিঃ কুরিয়ার, তাঁদের বিতর্ক নিয়ে পত্র-পত্রিকায় অনেক লেখা বেরিয়েছে। কিছুদিন আগে 'ফ্রন্টলাইন' পত্রিকায় একটা ভাল লেখা বেরিয়েছে। দুটো সমস্যা তৈরি হয়েছে। একটা হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের ইমপোর্ট পলিসির জন্য। এর ফলে শিশু খাদ্য বেবি ফুড থেকে শুরু করে বিভিন্ন রকম পাউডার মিল্ক বাইরের কয়েকটা দেশ থেকে কম দামে আমাদের দেশে চলে আসছে। কর্ণাটকে এর ফলে সংকট সৃষ্টি হয়েছে, সেখানে দুধের দাম আকে কমে গেছে। আমাদের এখানে পাউডার মিল্ক উৎপাদনের খরচ কম পক্ষে ৮২ টাকা। অথচ ওখানে ৫৪ টাকা, ৫৫ টাকায় পাউডার মিল্ক বিক্রি হচ্ছে। ফলে ওখানকার দুধ উৎপাদকের বিপদ হয়েছে। সেন্ট্রালে গভর্নমেন্টের পলিসি অনুযায়ী ১০,০০০ লিটার পর্যন্ত কোনো লাইসেন্সের দরকার হচ্ছে না। ১০,০০০ লিটার থেকে ৫০,০০০ লিটার পর্যন্ত রাজ্য সরকার লাইসেন্স দেয়। আর ৭৫,০০০ ওপরে কেন্দ্রীয় সরকার লাইসেন্স দেয়। এটা হচ্ছে নিময়। এখন এই পরিমাণটা বেড়েছে। আমাদের রাজ্য কেউ প্রাইভেট ডেয়ারি করলে আমরা যে দাম ঠিক করে দেব, সেটাই সে দিতে বাধ্য থাকবে। দ্বিতীয়ত যদি কেউ এখানে ডেয়ারি করে তাহলে সে এখানকার কো-অপারেটিভ সোসাইটির কাছ থেকে, মিল্ক ইউনিয়নের কাছ থেকে দুধ কিনতে বাধ্য থাকবে। কিন্তু এই নিয়মটা কেন্দ্রীয় সরকার উঠিয়ে দিয়েছে। আমরা এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলাম। আমাদের মুখ্যমন্ত্রী প্রতিবাদ জানিয়েছেন, কুরিয়ার সাহেব পর্যন্ত প্রতিবাদ জানিয়েছেন। কিন্তু ওরা মানে নি। সকলের প্রতিবাদ খারিজ করে দিয়েছে। এর ফলে হচ্ছে কি—যে কেউ কলকাতায় ডেয়ারি স্থাপন করে বিহার বা উড়িষ্যা থেকে কম দামে দুধ কিনে এনে তা চালাতে পারবে, তাতে কোনো বাধা থাকবে না। এই সর্বনাশ হয়েছে। এর মধ্যে দাঁড়িয়ে আমরা এখন পর্যন্ত দামটাকে রক্ষা করতে পারছি, কারণ এখানে ঘাটতি আছে। আর আমাদের পশ্চিমবাংলায় যে বড় বড় ডেয়ারিগুলি আছে, যেমন—মাদার ডেয়ারি, মেট্রো ডেয়ারি, সেন্ট্রাল ডেয়ারি, প্রায় ১৬ লক্ষ লিটার ক্যাপাসিটির ডেয়ারির মালিক হয় সরকার নিজে, না হয় সরকার সেখানে অংশীদার। যার ফলে এখনো আমরা এখানে তাদের চাষিদের কাছ থেকে নির্দিষ্ট মূল্যে দুধ কিনতে বাধ্য করতে পারছি। তা না হলে আমাদেরও কর্ণাটক, অন্ধ্রের মতো অবস্থা হত। অন্ধ্রে মুখ্যমন্ত্রীর নিজস্ব ডেয়ারি আছে, হেরিটেজ ডেয়ারি আছে। ওখানে এই দামের ব্যাপারে খুবই সমস্যা দেখা দিয়েছে। আমি জানি না এরপরে ভবিষ্যতে কি হবে।

শ্রী তপন হোড় : বর্তমানে আপনি নাকি ডেয়ারি প্রোডাক্টের ডাইভারসিফিকেশনের দিকে নজর দিয়েছেন। ডাইভারসিফিকেশন অব ডেয়ারি প্রোডাক্টস অর্থে তরল দুধ বিক্রি করা ছাড়াও দুগ্ধজাত অন্যান্য খাদ্যদ্রব্য উৎপাদনের দিকে আপনার দপ্তরের কোনো উদ্যোগ আছে কি ; যদি থাকে তাহলে সেটা একটু বলবেন।

[11.30—11.40 a.m.]

শ্রী আনিসুর রহমান : আমরা আমাদের রাজ্যে ইতিমধ্যেই ৯ লক্ষ লিটার তরল দুধ প্রতিদিন পলি-পাউজের মাধ্যমে বিক্রি করি কলকাতা, হাওড়া এবং অন্যান্য জেলা শহরে। দুগ্ধজাত প্রোডাক্ট যেগুলি আছে, যেমন, আইসক্রিম থেকে আরম্ভ করে পনির, ইয়োগার্ট, চকোলেট, লস্যিও আমরা করেছি। যতগুলি আমরা করছি তার সঙ্গে আরো বাড়াবার চেষ্টা করছি। আমরা একটা নতুন ব্রান্ডের কথা ভাবছি, যেমন মাদার ডেয়ারির আইসক্রিম মাদারের নামে করা যায় কিনা। আমরা ৩।৪ রকমের দুধ শুরু করে দিয়েছি। এছাড়া আমাদের আর একটা বড় ভাবনা আছে, বাংলার লোকেরা মিষ্টি খেতে ভালোবাসেন, সেই বাংলার নামে রসগোল্লা থেকে আরম্ভ করে অন্যান্য জিনিস তৈরি করতে পারি কিনা, কারণ এই চাহিদা আমাদের রাজ্যে যেমন আছে তেমনি অন্যান্য রাজ্যেও আছে। সেইজন্য আমরা চেষ্টা করছি, দুগ্ধজাত মিষ্টি নানা রকমের তৈরি করে আমাদের রাজ্যে, অন্যান্য রাজ্যে এবং দেশের বাইরে যাতে সরবরাহ করতে পারি তার জন্য একটা পরিকল্পনা নিয়েছি। টাইফ্যাক (TIFAC) চেয়ারম্যান চিদাম্বরম এখানে এসেছিলেন। আমি তার সঙ্গে মিটিং করেছিলাম। আমরা প্রথমে প্রস্তাব পাঠিয়েছিলাম। প্রস্তাবটি হচ্ছে, নতুন টেকনোলজি নিয়ে কনটিন্যুয়াস দানা তৈরি করার ব্যবস্থা করা যায় কি না ? কারণ এই টেকনোলজি ভারতবর্ষে তো নেই, পৃথিবীর আর কোনো দেশে নেই। যেমন, ধান থেকে চাল পেতে গেলে, প্রথমে ধানকে সিদ্ধ করতে হয়, তারপর শুকোতে হয়, তারপর তার থেকে চাল পাওয়া যায়। কিন্তু নতুন টেকনোলজিতে একেবারেই ধান মেশিনে ফেলে দিলে তার থেকে চাল বেরিয়ে আসছে। তেমনি, এমন কোনো যদি মেশিন থাকে, দুধ থেকে একেবারে ছানা বেরুলো। এই টেকনোলজি দিয়ে যদি আমরা ডায়রেক্ট ছানা করতে পারি তার জন্য আমরা চেষ্টা করছি। এই ছানা তৈরি থেকে আরম্ভ করে ব্রোজুন এক্সট্রাক্ট করে অর্থাৎ উপর থেকে সর তুলে নিয়ে যত রকমের ডেয়ারি সুইট হতে পারে—মিষ্টি রসগোল্লা, গেলাপ জাম, সন্দেশ তার জন্য আমরা চেষ্টা করছি যুক্ত করে। এ ছাড়াও আর একটা নতুন ধরনের ভাবনা ভাবছি নলেন গুড়ের মিষ্টি। এই বিষয়ে একটা প্রস্তাব পাঠিয়েছিলাম সি.এফ.টি..আর.আই. (CFTRI)-এর কাছে, ওই খেজুর গুড়ের ফ্লেবারটাকে প্রিজার্ব করতে পারি কিনা যাতে গরমের সময়ে এবং অন্যান্য সব সময়ে নলেন গুড়ের সন্দেশ করতে পারি। গন্ধটাকে কনসেনট্রেট করে যদি প্রিজার্ব করা যায় তার জন্য একটা স্যাম্পেল তৈরি করে পাঠিয়েছিলাম। সামান্য একটু দিলেই যাতে গন্ধ বেরোয়, ওই ১ কিলো সন্দেশে কয়েক মিলিগ্রাম দিলেই নলেন গুড়ের গন্ধ চলে আসবে তার জন্য চেষ্টা রয়েছে। এটা পেয়ে গেলেই ২ কোটি ২৪ লক্ষ টাকা যেটা সাংসন্ড করেছি তার মধ্যে ১ কোটি টাকার গ্র্যান্ট দিচ্ছি, সেটা দিয়ে শুরু করছি, ওরা একটা বড় প্রোজেক্ট তৈরি করে দেবেন মাদার ডেয়ারিকে যুক্ত করে নিয়ে। একটা বড় প্রোজেক্ট তৈরি করবে।

গোবিন্দচন্দ্র নস্কর : আপনি বিভিন্ন দুগ্ধ প্রকল্পের কথা বললেন। আমার প্রশ্ন, পশ্চিমবঙ্গে যেখানে ৭০ থেকে ৭২ লক্ষ লোক বেকার, চাকরি পাচ্ছে না, সেখানে আপনি ২।৩টি প্রকল্প করছেন। এদেরকে যদি আপনি জার্সি গাই দিয়ে সহায়তা করতে পারেন, তাহলে এই বেকারত্বের হাত থেকে তারা রক্ষা পেতে পারে। ঘুঁটিয়ারি শরিফে প্রাণী বিকাশ সম্পর্দ কেন্দ্র তৈরি হয়েছিল কয়েক বিঘা জমি নিয়ে। হঠাৎ একদিন সেটাকে ক্যানিং-এ নিয়ে চলে গেলেন এক্স এম এল এ দাউদ খাঁর বাড়িতে। এটাকে ট্রান্সফার করে আগের জায়গায় নিয়ে আসার সম্ভাবনা আছে কিনা ?

শ্রী আনিসুর রহমান : আপনি প্রথমে যেটা বললেন ডেয়ারির মাধ্যমে কর্মসংস্থান সেই সম্পর্কে আমি আগেই বলেছি। আমাদের রাজ্যে যেহেতু দুধের ঘাটতি আছে কাজেই ডেয়ারি ডেভেলপমেন্টের মাধ্যমে কর্মসংস্থান সম্ভব। আমি দু-তিনটি প্রকল্পের কথা বলেছি। ১ নম্বর, গো-পালনের মাধ্যমে হবে, ২ নম্বর, গো-পালনের পর যে দুধ তৈরি হবে তার মার্কেটিং প্রসেসিং হবে, ৩ নম্বর হচ্ছে, ডেয়ারি প্রডাক্টস যা তৈরি হবে তার মাধ্যমে হবে, ৪ নম্বর হচ্ছে, বিপণনের মাধ্যমে হবে। এই ৪টির মাধ্যমে কর্মসংস্থান হতে পারে। আমরা গো-পালনের ক্ষেত্রে সব থেকে বেশি উৎসাহ দিচ্ছি। দুধের যেটা অভাব রয়ে গেছে সারা বছরের জন্য সেটা নিশ্চিত হবে। অন্য জায়গায় যেটা হয়নি, এমনকি এগ্রিকালচারে হয়নি সেটা হবে। সেইজন্য উৎসাহ দিচ্ছি। আমরা যেটা করি, সরকারি যে সংস্থাগুলি আছে যারা লোন দেয়—আমাদের দপ্তর দেয় না—যুবকল্যাণ দপ্তর দেয়, অন্যান্য সংস্থা রয়েছে, মাইনোরিটি করপোরেশন ঋণের ব্যবস্থা করে, এস.সি. অ্যান্ড এস.টি. করপোরেশন ঋণের ব্যবস্থা করে। অন্যান্য যে কাজগুলি প্রোজেক্ট তৈরি করে দেওয়া, তারপর অন্যান্য হেল্প করা, ভেটিরিনারি হেল্প দেওয়া, তারপর ফডারের হেল্প দেওয়া, ভাল জাতের গরু কিনে সহায়তা করা—এইসব কাজগুলি করে বেকার ছেলেমেয়েদের ৬ থেকে ৮টি গরু কিনে ফার্ম করে আমরা দুধের চেষ্টা করছি এবং বেশিরভাগ ক্ষেত্রে সাফল্যমন্ডিত হচ্ছি।

আরও একটা বললেন, ছোট ছোট ডেয়ারি, ছোট ছোট প্ল্যান্ট করতে পারলে সেখানে প্রসেস করতে পারে। সব চেয়ে ভাল যেটা হচ্ছে, কয়েকটি জায়গায় পরীক্ষামূলকভাবে শুরু করেছি, একটা হচ্ছে, কল্যাণী মিউনিসিপ্যাল এলাকাতে ২০টা মেয়েকে বেছে নিয়ে ডাকুয়া স্কিমের মাধ্যমে তাদের এক একটা করে সাইকেল দিয়ে, ইউনিফর্ম দিয়ে, সাইকেলের পেছনে একটা বাক্স দিয়ে তাতে ডেয়ারি প্রোডাক্টস—দুধ, দই, ঘি দেওয়া হচ্ছে এবং তারা বাড়ি বাড়ি ঘুরে তা বিক্রি করছে। এতে মাসে তারা দেড়-দু হাজার টাকা করে ইনকাম করতে পারছে। এটা একটা ভাল সুযোগ ডেয়ারি সেক্টারে।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে আমাদের রাজ্যে দৈনিক দুধের উৎপাদেন কত এবং চাহিদা কত ?

শ্রী আনিসুর রহমান : চাহিদা এবং উৎপাদনের বিষয়টা আসলে একটা ভেগ টার্ম হয়ে যায়। আমরা যেটাকে চাহিদা বলি সেটা ধরা হচ্ছে এই ভাবে—আই.সি.এম.আর.-এর যে নর্মস সেই মতো হিসাব করলে আমাদের প্রয়োজন হচ্ছে ৬০ লক্ষ মেট্রিক টন এবং গত

বছর তৈরি হয়েছে। সাড়ে ৩৫ লক্ষ মেট্রিক টন। একটা গ্যাপ আছে তবে গ্যাপটা এমন নয় যে দুধ চাইছে অথচ পাচ্ছে না। পশ্চিমবঙ্গের যে কোনো জায়গায় যে যত দুধ চাইবে আমরা দিতে পারব।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যেটা বললেন সেটা সেলফ কনট্রাডিকটরি হয়ে গেল। আপনি বলছেন যে চাহিদা অনুযায়ী দিতে পারব আবার বলছেন ঘাটতি আছে। আমরা দুধ বাইরে রপ্তানী করতে পারি না, বলছেন রসগোল্লা রপ্তানী করছেন। দুধের মার্কেটিং-এর ব্যবস্থাটা ঠিকমতন করতে পারলে আনএমপ্লয়মেন্ট প্রবলেম কিছুটা হলেও সল্‌ভ করা যায়। আপনি বলছেন, অনেকে দেড়/দু হাজার টাকা করে রোজগার করছে। এখন আমারর কথা হচ্ছে দুধ অনেক সময় নটে হয়ে যায় প্রপার প্রিজারভেসানের অভাবে। এ সম্পর্কে আপনার বক্তব্য কি এবং এই যে সব কো-অপারেটিভ করা হয়েছে সেখানে যে বোনাস দেওয়া হত সেটা এখন তারা পাচ্ছে না—এটা কেন ? আপনার জেলাতে ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক ইউনিয়ন করেছেন, অন্যান্য জায়গাতেও কো-অপারেটিভ করেছেন, এই কো-অপারেটিভগুলির কাজ করার ক্ষেত্রে সরকার কিভাবে সহায়তা করছেন ভাগীরথী সহ তা বলবেন কি ?

শ্রী আনিসুর রহমান : কো-অপারেটিভের নেটওয়ার্ক পশ্চিমবঙ্গে অনেকখানি শক্তিশালী। প্রায় আড়াই হাজার প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি তৈরি হয়েছে সব জেলাতে। ১৪টি মিল্ক ইউনিয়ন তৈরি হয়েছে। কোথাও একটি জেলাতে একটি, কোথাও দুটি জেলাকে নিয়ে একটি। যেমন দিনাজপুরে দুটি জেলাকে নিয়ে একটি আবার হুগলির সঙ্গে হওড়ার কিছুটা নিয়ে দামোদর। এই ১৪টি ইউনিয়ন এবং আড়াই হাজার সমিতিতে কয়েক লক্ষ চাষি সে ভাগীরথী হোক, ইছামতী হোক, তাতে দু বেলা দুধ দেয়। ৪ ঘণ্টা পরে দুধটা নষ্ট হয়ে যায়, এটা ঠাণ্ডা রাখা খুব জরুরি। আমার যতদূর মনে পড়ছে ৩৫টি চিলিং প্ল্যান্ট আছে—এর অর্ধেক সমিতির, অর্ধেক গভর্নমেনেটর। ইদানীংকালে প্রতি বছরই ৪/৫টি করে চিলিং প্ল্যান্ট করা হচ্ছে। গতকালই আমি কয়েকটির ভিত্তিপ্রস্তর স্থাপন করে এলাম যাতে এমন জায়গা যেন না থাকে যে ৪ ঘণ্টার মধ্যে চিলিং প্ল্যান্টে যেতে পারল না। বেশিরভাগ জায়গাতেই আমরা করে ফেলেছি। আর বোনাসের ব্যাপারে যেটা বললেন সে ব্যাপারে বলি, আগে যে সিস্টেম ছিল তাতে দুধের দাম ১২ টাকা হলে আমরা বলতাম ১০ টাকা নাও দু টাকা জমা থাকল, বছরের শেষে দিয়ে দিতাম। এখন ১২ টাকা দিয়ে দিচ্ছি। কোথাও যদি লাভ হয় সেই টাকাটা দিয়ে টেকনিক্যাল সাপোর্ট স্কিমের নামে নানান জিনিস করে দিচ্ছি। কোথাও চিলিং প্ল্যান্ট, কোথাও সোস্যাল ওয়েলফেয়ার কাজের নামে হাসপাতাল ইত্যাদি। আগে যেটা কম দিয়ে রেখে দেওয়া হত এখন আর সেটা রাখছি না, আগেই দিয়ে দিচ্ছি।

[11.40—11.50 a.m.]

শ্রী অসীম বালা : স্যার, আমাদের রাজ্যে দুধে ঘাটতি আছে। অন্যান্য বড় বড় দেশে যেমন ফারমিং করে দুধ কালেকশন করে, দুধের প্রোডাকশান করে, আমাদের এখানে প্রভাটি লেভেলের নীচে যারা আছে দরিদ্র চাষি ভূমিহীন কৃষক সাধারণ মানুষ যারা তাদের জন্য

আমাদের পঞ্চায়েত লেভেলে কি কি কর্মসূচি নেওয়া হয়েছে মাননীয় মন্ত্রিমহাশয় বললে ভালো হয়।

শ্রী আনিসুর রহমান : আমরা দুগ্ধ উৎপাদন প্রকল্পের জন্য যত রকম কাজ করছি তা প্রধানত পঞ্চায়েতের সঙ্গে যুক্তভাবে। কেননা আমাদের কোনো কাজই পঞ্চায়েতকে বাদ দিয়ে হবে না। পঞ্চায়েত হচ্ছে আমাদের লিডার। পঞ্চায়েত হচ্ছে রুরাল সেক্টারে বড় লিডার। যে ৩টি কাজ আমরা করেছি তার একটা হচ্ছে—আমাদের পশ্চিমবাংলায় গরু-মোষের সংখ্যা বেশি, তুলনায় অনেক বেশি। কিন্তু জাত খারাপ। এই জাতটাকে ভালো করার জন্য আমাদের ব্যাপকভাবে শংকরায়ন হচ্ছে। এর আগে বলেছিলাম পশ্চিমবাংলার প্রতিটি গ্রাম পঞ্চায়েতে দুটি লোক লাগছে। একটা হচ্ছে সরকারি রেগুলার কর্মী, তারন মা হচ্ছে এল.ডি.এ.। আর একটা হচ্ছে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একটা করে মোভেবেল ভলেনটিয়ার আছে, তার নাম হচ্ছে প্রাণীবন্ধু। অর্থাৎ যে কোনো প্রান্তে যে কোনো চাষি তার গরুর যদি কৃত্রিম প্রজনন করাতে চায় তাহলে ডাক দিলেই তার বাড়িতে লোক চলে যাবে। আবার এই ব্যবস্থা হচ্ছে, আমাদের এই প্রাণীবন্ধুদের মধ্যে যারা একটু ভালো কাজ করছে তাদের বাড়িতে টেলিফোন কানেকশান দেওয়ার ব্যবস্থা করছি যাতে বাড়ি থেকেই বলতে পারে যে আমার গরুটা হিট এসেছে, চলে আসুন। এইভাবে যাতে আমাদের বিড আপগ্রেডেশান করা যার তার ব্যবস্থা করা হচ্ছে। দ্বিতীয় নম্বর হচ্ছে হেল্‌থ কভারেজটা এখন আমরা ডিসেন্ট্রালাইজ করে দিয়েছি। একেবারে গ্রাম পঞ্চায়েত অবধি আমাদের চাষিরা যাতে হেল্‌থ কভারেজটা পেতে পারে সে ভ্যাকসিনেশন হবে ট্রিটমেন্ট হবে এই সমস্ত ব্যবস্থা করা হয়েছে। থার্ডটা হচ্ছে ভালো খাবার। তার মানে গ্রিন ফডার বেশি করে চাষ করার জন্য বীজ দেওয়া তো হচ্ছেই তার সঙ্গে ড্রাই ফডার যেগুলো আছে হুইট স্ট্র বা প্যাডি স্ট্র এইগুলোকে এনরিচ করে, তার মানে ইউরিয়া মোলাসেস ট্রিটমেন্ট করে এনরিচ করে নিয়ে যাতে নিউট্রাস খাবার গরুটাকে দিতে পারা যায় তার পরিকল্পনা নেওয়া হয়েছে। এই তিনটি উদ্যোগ যেভাবে শুরু হয়েছে—যদিও ধান-গমের মতো নয় যে ২ মাসের মধ্যে সুফলটা পাওয়া যাবে—এটাতে সময় লাগবে ৬-৭ বছর বাদে হয়তো ভাল ফল পাওয়া যাবে। আমার ধারণা আফটার টেন ইয়ার্স আমাদের সমস্ত দুধের ঘাটতি আমরা পূরণ করতে পারব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি এখন পর্যন্ত যা বলেছেন নিঃসন্দেহে বলা যায় দুধের উৎপাদন বৃদ্ধি হয়েছে এবং মানুষের প্রয়োজনীয় ঘাটতি মেটাবেন। এটা আপনি আমাদের প্রত্যেককে অ্যাসিয়োর করেছেন। কিন্তু বুদ্ধদেববাবু থেকে অসীমবাবু, অসীমবাবু থেকে আনিসুর রহমান, সেখান থেকে আমাদের সমস্ত সদস্যরা যেটা বলছেন, এতো দিন ধরে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অভিযোগ করছেন, রাষ্ট্রায়ত্ত শিল্পে নষ্ট করে দেবার কথা বলেছেন। আমি আপনার কাছে জানতে চাইছি, এর আগেও আমি জানতে চেয়েছিলাম যে, বেলগাছিয়ায় আপনার যে ডেয়ারি আছে সেখানে দ্রুত দুধ উৎপাদন কমছে এবং প্রাইভেট এনটারপেনিয়রদের উৎসাহ দিচ্ছে বাইরে থেকে দুধ কিনছেন, দুধ উৎপাদন নিশ্চয়ই বেড়েছে, বাইরে থেকে কালেকশান করে সেটাকে প্রকিয়োর করে আপনি বিক্রি করছেন যাতে প্রয়োজন মেটে। আপনার কাছে যেটা জানতে চাই সেটা হচ্ছে এই রকম পরিস্থিতিতে আপনার যে বেলগাছিয়া ডেয়ারি রয়েছে

সেখানে উৎপাদন দ্রুত পরিকল্পিতভাবে কমিয়ে দিচ্ছেন কেন ? এখানে যে সমস্ত কর্মচারী আছে আগামী দিনে তাদের চাকরির নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। একই সঙ্গে আপনি বাইরে যে দুধ উৎপাদন বাড়ছে সেটা কিনছেন, কিন্তু আপনার যে নিজস্ব সংস্থা আছে সেটাকে দুর্বল করে দেবার জন্য পরিকল্পনা করছেন। এটা কেন করছেন ?

শ্রী আনিসুর রহমান : এই ধারণাটা একেবারেই ভুল। বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারি দুধ তৈরি করে, এবং তৈরি করে চাষীকে গরুটা দিয়ে। সেই দুধ জোগাড় করা হয় এবং এখানে আনা হয়। এখানে পাস্তুরাইজ হয় প্যাকেট হয়। এবার এখানে কতখানি তৈরি করবে সেটা নির্ভর করছে কতখানি বিক্রি হয় তার উপর। আপনি বলুন আপনাকে, কালই ৫ লক্ষ তৈরি করে দিতে পারি। কিন্তু বিক্রি হবে কোথায় ? এবারে আমাদের দুটি সিস্টেমে গন্ডগোল আছে। যুগ যেমন পালটাচ্ছে তেমনি ৫-১০ বছর বাদে বাদে নতুন টেকনোলজি আসছে। সেন্ট্রাল ডেয়ারি যে টেকনোলজিতে যে সময়ে তৈরি হয়েছে মাদার ডেয়ারিতে নতুন টেকনোলজি নিয়ে তৈরি হয়েছে। তখন বোতল ভর্তি করার জন্য হাজার হাজার লোক লাগত। আজকে আর সেই টেকনোলজি চলবে না। মাদার ডেয়ারি নতুন টেকনোলজিতে কাজ শুরু করেছিল, এবারে মেট্রো ডেয়ারি আরো আধুনিক হয়ে গিয়েছে। আপনি মেট্রো ডেয়ারিতে গেলে বুঝতে পারবেন, একটা লরিতে ট্যাংকি করে যখন দুধ আসছে প্রথমে পাইপ লাগিয়ে দেওয়ার পরে যখন প্যাকেটটা বার হচ্ছে তখন দেখতে পাবেন, মাঝখানে দুধটা দেখতেই পাবেন না। এমন সমস্ত আধুনিক যন্ত্রপাতি বার হয়ে গিয়েছে। যেমন যেমন টেকনোলজি বার হচ্ছে তেমন তেমন লোক কমে যাচ্ছে। আজকে মাদার ডেয়ারি দিনে ৫ লক্ষ লিটার দুধ তৈরি করে বিক্রি করছে, লোক হচ্ছে মাত্র ৫০০ জন। সেন্ট্রাল ডেয়ারিতে যারা দুধ তৈরি করে দেড় লক্ষ লিটার, সেখানে লোক হচ্ছে পাঁচ হাজার। তাহলে কি করে বিক্রি করবে ? দ্বিতীয়টা হচ্ছে বিপণন ব্যবস্থা। প্রত্যেকটা বুথে চারজন করে লোক আছে। এর মধ্যে দু-তিন জন হচ্ছে মহিলা। কথা ছিল যারা ছাত্রী তারা দুধ বিক্রি করবে ও পড়াশুনা করবে। এখন তারা বুড়ি হয়ে গেছে। তারা বিক্রি করলে পয়সা পাবে, না করলেও পয়সা পাবে। আমি বলেছিলাম, এরা একটা কমিশন সিস্টেমে আসুক। বলেছিলাম, ওরা যে টাকা পান তার চাইতে কম হবে না, তেমনিভাবে কমিশন দেওয়া হবে। আরও বেশি বিক্রি করলে আরও বেশি দেওয়া হবে। কিন্তু এটা নিয়ে হৈচৈ হল। সৌগতবাবু তো আমার বিরুদ্ধে রাজ্যপালের কাছে গিয়ে অভিযোগ করে এলেন। আমি বলেছি, কি প্রস্তাব আছে বলুন। ভালো যদি থাকে তো তা বলুন। কিন্তু আমি চাই সেন্ট্রাল ডেয়ারির কোনো এমপ্লয়ি যেন বিপদে না পড়ে। আমি চাইছি সেন্ট্রাল ডেয়ারিকে মর্ডানাইজ করতে। কিন্তু তাতে অনেক টাকার ব্যাপার আছে। দ্বিতীয়ত এছাড়া আমি চাইছি, ফেডারেশন বা কাউকে দিয়ে মার্কেটিংয়ের সঙ্গে টাই-আপ করা যায় কিনা। মাদার ডেয়ারি বিজ্ঞাপন দিচ্ছে, সেখানে গভর্নমেন্টের কোনো বিজ্ঞাপন নেই। আমার অনুরোধ, আপনাদের যদি কোনো ভালো প্রস্তাব থাকে তা দেবেন, আমরা স্বাগত জানাব।

ডাঃ শম্ভুনাথ মাণ্ডি : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহোদয়ের কাছে জানতে চাইছি, আমরা দুধ খাচ্ছি, মাখন খাচ্ছি, ঘি খাচ্ছি, কিন্তু দুধ যেটা কালেকশন হচ্ছে—একটা ইনফেকশন, ভয়ংকর রোগ যদি র‍্যাবিট ইনফেকটেড হয়, সেটা একশোটা গরুর

দুধকে নষ্ট করে দিতে পারে। প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর। আমরা দুধ তো খাচ্ছি। কিন্তু প্রিভেনশনের ক্ষেত্রে—আমরা যে দুধ খাচ্ছি যা গাঁ থেকে কালেকশন হচ্ছে এবং যে দুধ তৈরি হচ্ছে, তার প্রিভেনশনের কি ব্যবস্থা আছে, সেটার ব্যাপারে একটু বলুন ?

শ্রী আনিসুর রহমান : রোগের ক্ষেত্রে প্রিভেনশনের দুটো পার্ট আছে। একটা হচ্ছে ডেয়ারি প্ল্যান্টে যে দুধ তৈরি হয়, প্ল্যান্ট থেকে সেটা পাস্তুরাইজড হয়ে বেরিয়ে আসে। সেখানে আমাদের খুব ভালো ব্যবস্থা আছে। মাদার ডেয়ারি আই.এস.ও. ৯০০২ সার্টিফিকেট পেয়েছে। এছাড়া 'হ্যাসাস' বলে একটা ইন্টারন্যাশনাল সার্টিফিকেটও পেয়েছে। এটা হচ্ছে এশিয়া মহাদেশে খুব বড় সার্টিফিকেট। এটা খুবই ভালো সংস্থা যারা এই সার্টিফিকেট পেয়েছে। কিন্তু আর একটি দিকে আমাদের খারাপ হয়েছে সেটা হচ্ছে, চাষিরা যেখানে দুধ দুইছে, সেখান থেকে আমাদের প্ল্যান্টে আসছে, সেটা খুব একটা হাইজেনিক নয়। আমরা যে জন্য আমাদের একটা পরিকল্পনার কথা—মিঃ চিদাম্বরমের কথা বলেছিলাম। আমরা একটা ক্লিন মিল্ক প্রোজেক্ট হাতে নিয়েছি। আমরা এই প্রোজেক্টটি ওদের কাছে পাঠিয়েছিলাম। সেটি ওরা অ্যাকসেপ্ট করেছেন। আমাদের নদীয়ায় কৃষাণদের ৯টি সোসাইটি আছে। এছাড়া উত্তর ২৪ পরগনায়, আমরা বলি 'ইছামতী'—৯টি সোসাইটি, এই মোট ১৮টি সোসাইটিকে নিয়ে প্রোজেক্টটা নিচ্ছি। এরা দুধ দোহন থেকে আরম্ভ করে সব কিছু যন্ত্রপাতির মাধ্যমে করবে। তিন-চারদিন আগে এই প্রোজেক্টের ব্যাপারে একটা 'মউ' সাক্ষরিত হয়েছে। এটা করতে পারলে এই এক্সপেরিয়েন্সকে কাজে লাগিয়ে আমরা এই ক্লিন মিল্ক প্রোজেক্টটা করতে পারব। এতে ব্যাকটেরিয়া যেগুলো আছে সেগুলো করতে পারে। তার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

পাটের সহায়ক মূল্য

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১) **শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত বছর রাজ্যের পাটচাষীরা পাটের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হয়েছেন ;

(খ) সত্যি হলে, বর্তমান আর্থিক বছরে পাটচাষীদের স্বার্থে পাটের সহায়ক মূল্যের কোনো প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকার পেশ করেছেন কি ; এবং

(গ) করে থাকলে, প্রস্তাবিত মূল্য কত ?

শ্রী কমল গুহ :

(ক) রাজ্যের বিভিন্ন জেলায় ২০০২-২০০৩ সালে বাজারে গড়ে ৯৫০.০০ টাকা কুইন্টাল দরে পাট বিক্রয় হয়েছে। ঐ সময়ে পাটের ন্যূনতম সহায়ক মূল্য ছিল কুইন্টাল প্রতি ৮৫০/- টাকা।

(খ) রাজ্য সরকারের পক্ষে ২০০৩-২০০৪ সালে পাটচাষিদের ন্যূনতম সহায়ক মূল্য নির্ধারণ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুনির্দিষ্ট প্রস্তাব দেওয়া হয়েছে।

(গ) প্রস্তাবিত ন্যূনতম সহায়ক মূল্য কুইন্টাল প্রতি ১,০৭০.০০ টাকা। (এক হাজার সত্তর টাকা)।

[11.50—12.00 noon]

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, গত বছরে পাটচাষীরা একটু বেশি পয়সা পেয়েছিল কয়েক বছরের তুলনায় কমপারেটেভলি। আমাদের যে অভিজ্ঞতা তাতে দেখেছি যে, জুট কর্পোরেশন তখনই পাটচাষীদের কাছ থেকে পাট কিনতে যায় যখন বাজারে দাম পাটচাষীরা বেশি পাচ্ছে, তখনই জুট কর্পোরেশন বেশি পাট কিনতে উৎসাহিত হয়। কিন্তু পাটের দাম যখন কমে যায় তখন জুট কর্পোরেশন এই সহায়ক মূল্য বা সাপোর্টি প্রাইজে পাট কেনার ক্ষেত্রে পিছিয়ে আসে। এই বছর খারিফ মরশুমে জুট কর্পোরেশন কত পরিমাণ পাট ক্রয় করেছে সেই তথ্য কি আপনার কাছে আছে, জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : এই মুহূর্তে আমি বলতে পারি যে, এই বছরে এখনও পর্যন্ত জুট কর্পোরেশন কর্তৃক এই রাজ্যে মোট ১৫ লক্ষ ৭৯ হাজার ৬২৯ কুইন্টাল ন্যূনতম সহায়ক মূল্যে পাট কেনা হয়েছে। এর মধ্যে জুট কর্পোরেশনের মাধ্যমে ১০ লক্ষ ৯৩ হাজার ২৩৬ কুইন্টাল এবং সমবায় সংস্থার মাধ্যমে ৪ লক্ষ ৮৬ হাজার ৩৯৩ কুইন্টাল পাট কেনা হয়েছে।

শ্রী আবদুল মান্নান : এই পাট কেনার ক্ষেত্রে উক্ত খারিফ মরশুমে পাটের প্রোডাকশন কত হয়েছে জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : ২০০৩ সালে রাজ্যে ৬ লক্ষ ৩৬ হাজার হেক্টর জমিতে পাট চাষ হয়েছে, মোট ৮৫ লক্ষ ৫ হাজার বেল পাট উৎপাদিত হয়, তার উৎপাদিত পাটের পরিমাণ হেক্টর প্রতি ১৩.৩৭ বেল।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে, রাজ্যের যে সমস্ত জুট মিলগুলো আছে তারা দেখা যায় অনেক ক্ষেত্রে বাইরের রাজ্য আসাম থেকে পাট কিনছে। যেখানে আমাদের রাজ্যে উত্তরবঙ্গে খুব ভালো ফলন হয়, নদীয়াতে হয়, সেক্ষেত্রে বাইরে আসাম থেকে পাট সংগ্রহ করছে। আমাদের রাজ্য সরকার এই ব্যাপারে ওয়াকিবহাল আছে কিনা এবং করণীয় কিছু করছেন কিনা কারণ বাইরের রাজ্যের ফড়েরা তারা পাট সাপ্লাই করছে, সেখানে আমাদের চাষীরা তাদের পাওনা থেকে বঞ্চিত হয়ে যায় সেক্ষেত্রে রাজ্য সরকারের করণীয় কিছু আছে কিনা জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : আইনগতভাবে আমাদের রাজ্যের কিছু করার নেই। আমাদের কৃষক সংগঠনগুলো এই ব্যাপারে আরো প্রতিবাদ এবং প্রতিরোধ করে এবং বারে বারে চাপ সৃষ্টি করে যে, স্থানীয় বাজার থেকে যেন পাট কেনা হয়।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় আপনি আমাদের রাজ্যের পাট চাষ এলাকার পাট উৎপাদন এবং উৎপাদনশীলতার কথা বললেন। কিন্তু এস.টি.ডি.পি. বিভিন্ন পাট উন্নয়ন প্রকল্প—যেটা কেন্দ্রীয় সরকারের অনুমোদনের পুষ্ট এবং পাট উৎপাদনের ক্ষেত্রে যে কাঁচা পাট—তার মান উন্নয়ন এই প্রকল্প চালু হবার পর থেকে কাঁচা পাটের অগ্রগতি ঘটেছে কিনা দয়া করে জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : প্রথমত খুবই দুঃখের সঙ্গে আমাদের স্বীকার করতে হয়, এই জুটমিল অ্যাসোসিয়েশন আমাদের রাজ্য সরকারকে কোনো গুরুত্ব দেয় না। ওদের কাছে কোনো প্রস্তাব দিলে, সেই প্রস্তাব ওরা দেখছি, ভাবছি এই করে কাটিয়ে দেয়। কাজেই একমাত্র উপায় হচ্ছে গণ-আন্দোলন বা কৃষক আন্দোলন। এই আন্দোলন যখন তীব্র হয়েছে তখন তারা বাধ্য হয়ে কিছুটা কাজ করেছে। নাহলে তারা নিজেদের ইচ্ছামতো চলার চেষ্টা করে।

শ্রী দেবপ্রসাদ সরকার : সাপ্লিমেন্টারি, মাননীয় মন্ত্রিমহাশয় বাংলার পাটচাষিদের ব্যথা জানেন। পাটচাষিরা আজকে অভাবী মূল্যে পাট বিক্রি করতে বাধ্য হচ্ছে। জে.সি.আই ঠিকমতো পাট না কেনার জন্যই চাষিরা ডিসট্রেস সেল করতে বাধ্য হচ্ছে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জে.সি.আই-এর মাধ্যমে পাট কেনার কোনো ব্যবস্থা করা হচ্ছে না। রাজ্য সরকারের পক্ষ থেকে পাটচাষিদের স্বার্থ সুরক্ষিত করার জন্য কোনো ব্যবস্থা আপনি করছেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : মাননীয় সদস্যকে আমি একটা কথা জানাতে চাই, যখন আমাদের রাজ্যে কৃষক আন্দোলন তীব্র ছিল তখন ওরা কিছুটা গুরুত্ব দিয়েছে। কৃষক আন্দোলনের গুরুত্ব দিন দিন হারাচ্ছে এবং এর তীব্রতা কমে যাচ্ছে। ফলে এইসব মিল মালিকরা, শিল্পপতিরা আমাদের ঠিকভাবে গুরুত্ব দিয়ে কাজ করে না।

শ্রী নির্মল দাস : অতিরিক্ত প্রশ্ন, শুধু উত্তরবঙ্গ কেন, গোটা রাজ্যের পাটচাষিরা অভাবী মূল্যে পাট বিক্রি করতে বাধ্য হচ্ছে। আর জুট কর্পোরেশন যেটা আছে, সেটাকে অনেকে ঝুট কর্পোরেশন বলে। এই জুট কর্পোরেশন পাটচাষিদের স্বার্থ বিরোধী কাজ করছে। এই ব্যাপারে আপনি অনেক আন্দোলন করেছেন, আমরাও অনেক আন্দোলন সংগ্রাম করেছি, জ্যোতি বসু যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন পাটচাষিরা যাতে ন্যায্যমূল্য পায় এবং তাদের স্বার্থ যাতে সুরক্ষিত থাকে তার জন্য সরকার পাট কিনে নেবে এবং জুটমিলগুলো যাতে পার্টচাষিদের স্বার্থ দেখে সেই ব্যাপারটা দেখা হবে। এই ব্যাপারে যদি বলেন তাহলে ভালো হয়।

শ্রী কমলকান্তি গুহ : পশ্চিমবঙ্গে যে জুটমিল অ্যাসোসিয়েশন আছে আসলে তারাই বাজার নিয়ন্ত্রণ করেন এবং জে.সি.আই-কে পরিচালিত করেন। জে.সি.আই-এর জমে যাওয়া পাট ওরা টালবাহানা করে কেনে না। জে.সি.আই.-ও সেই অজুহাত দেখিয়ে বলে আমাদের পাট জমে আছে, আমরা আর পাট কিনব না। এই দুটো শক্তি মিলেমিশে পাটচাষিদের বঞ্চিত করছে।

Q No : 72 : Held over.

Short Notice Starred Questions
(to which answers were laid on the table)

New Agriculture Policy

*73. (Admitted Question No. *458) **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) Whether the Consultancy firm Mckinsey has submitted a draft Agriculture policy to the Government ;

(b) If so, the views of the Government in this regard ;

(c) Whether the Department has finalised its Agriculture Policy ; and

(d) If so, details thereof ?

Minister-in-charge of the Agriculture Department :

(a) No

(b) Does not arise.

(c) Finalization of the Agril. Policy of this State is under active consideration by the Govt.

(d) The details will be available only after the same is finalised.

সরকারি অনুদানে পরিচালিত ক্রেশের সংখ্যা

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৮) **শ্রী রামপদ সামন্ত** : সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সমাজ কল্যাণ পর্ষদের অনুদানে পরিচালিত ক্রেশ-এর সংখ্যা কত (জেলাওয়াড়ি) ; এবং

(খ) ক্রেশ পিছু অনুদানের পরিমাণ কত ?

সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জেলাওয়াড়ি হিসাব নিম্নরূপ :

	কেন্দ্রীয় সমাজকল্যাণ পর্ষদের অনুদানে ক্রেশের সংখ্যা	রাজ্য সরকারের অনুদানে পরিচালিত ক্রেশের সংখ্যা
বাঁকুড়া	১৫	১
বীরভূম	১৩	—
বর্ধমান	১৭	৩
কোচবিহার	৯	—
দার্জিলিং	২	—
দিনাজপুর	২১	২
হাওড়া	৩৩	—
হুগলী	৫৩	২
জলপাইগুড়ি	৩	৪

	পর্ষদের সমাজকল্যাণ	রাজ্য সরকারের
কলকাতা	৫৭	২
মালদা	৯	—
মুর্শিদাবাদ	১৬	১
মেদিনীপুর	১৪০	—
নদীয়া	১৪	২
পুরুলিয়া	১৯	—
উত্তর ২৪-পরগনা	২৮	—
দক্ষিণ ২৪-পরগনা	৭১	৮
মোট	৫২০	২৫

ক্রেশ পিছু অনুদানের পরিমাণ বছরে ১৮,৪৮০ টাকা।

নিয়ন্ত্রিত বাজার থেকে আদায়ীকৃত অর্থ

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৯) শ্রী সামসুল ইসলাম মোল্লা : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের নিয়ন্ত্রিত বাজারগুলি থেকে বিগত ২০০০-২০০১ ও ২০০১-২০০২ আর্থিক বছরে আদায়ীকৃত অর্থের মোট পরিমাণ কত ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যের নিয়ন্ত্রিত বাজারগুলি থেকে বিগত ২০০০-২০০১ ও ২০০১-২০০২ আর্থিক বছরে আদায়ীকৃত মোট অর্থের পরিমাণ নিম্নরূপ :

আর্থিক বছর	আদায়ীকৃত অর্থের পরিমাণ (টাকা)
২০০০-২০০১	১৭,৮৫,৩৭,০৩৮.০০ (সতেরো কোটি পঁচাশি লক্ষ সাইত্রিশ হাজার আটত্রিশ টাকা)
২০০১-২০০২	২৯,০৫,৮৫,০০০.০০ (ঊনত্রিশ কোটি পাঁচ লক্ষ পঁচাশি হাজার টাকা)

জেলে আসামীদের খাদ্য সরবরাহ

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৬) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রতিটি জেলে আসামীদের জন্য উৎকৃষ্ট মানের এবং সঠিক পরিমাণ খাদ্য সরবরাহের জন্য সরকার কী ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন : এবং

(খ) আসামীপিছু দৈনন্দিন খাবার বাবদ সরকারের কী পরিমাণ অর্থ ব্যয় হয় ?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কারাবিধিতে নির্ধারিত খাদ্য তালিকা অনুযায়ী খাদ্য বন্দীদের দেওয়া হয়। বন্দীরা যাতে নির্ধারিত খাদ্য পান তা বিভাগীয় উচ্চপদস্থ আধিকারিকেরা নিয়মিতভাবে কারাবিধি অনুযায়ী তদারকি করেন।

(খ) আসামীপিছু দৈনন্দিন খাবার বাবদ খরচ হয় গড়ে প্রায় ৩৭ টাকা ৮০ পয়সা।

ভ্রাম্যমাণ মাটি পরীক্ষা

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৯) শ্রী নন্দদুলাল মাঝি : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ভ্রাম্যমাণ মাটি পরীক্ষার কাজ চালু আছে ; এবং

(খ) সত্যি হলে, বিগত ২০০২ সালে কোন জেলায় কতগুলি মৌজায় উক্ত ব্যবস্থায় মাটি পরীক্ষা করা হয়েছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ রাজ্যে ৭টি ভ্রাম্যমাণ মাটি পরীক্ষাগার আছে। এগুলি হল টালিগঞ্জ, মেদিনীপুর, বহরমপুর, মালদহ, কোচবিহার, বর্ধমান এবং পুরুলিয়া।

(খ) বিগত ২০০২ সালে ভ্রাম্যমাণ মাটি পরীক্ষাগারের সাহায্যে এই রাজ্যের বিভিন্ন জেলার ব্লকে/মৌজায় মাটির যত সংখ্যক নমুনা পরীক্ষিত হয়েছে তার হিসাব নিচে দেওয়া হল।

পরীক্ষাগারের নাম	জেলা	ব্লক/ মৌজা	পরীক্ষিত নমুনার সংখ্যা
(১) টালিগঞ্জ (৮০৪টি নমুনা পরীক্ষা করা হয়েছে।	দক্ষিণ ২৪-পরগনা	সাগর-ব্লক	১৫০
	উত্তর ২৪-পরগনা	বাগজোলা, বাদুড়িয়া, বসিরহাট, ধান্যকুড়িয়া, পশ্চিম সিমনা, দেগঙ্গা	১১৩
	হাওড়া	বাগনান	৬০
	নদিয়া	ফুলিয়া, রানাঘাট, শান্তিপুর	৩১৫

পরীক্ষাগারের নাম	জেলা	ব্লক/ মৌজা	পরীক্ষিত নমুনার সংখ্যা
	উত্তর ২৪-পরগনা	তেঁতুলিয়া, বসিরহাট, বাদুড়িয়া, সন্দেশখালি, স্বরূপনগর	১৬৬
(২) বহরমপুর (৩১১টি)	মুর্শিদাবাদ	কান্দি ব্লক, পুরন্দরপুর মৌজা	১০৭
		বহরমপুর ব্লক, মৌজা রাধার ঘাট ১নং, রাধার ঘাট ২নং, বাসুদেবখালি, জগন্নাথপুর	১৩৫
		জলঙ্গী ব্লক	৬৯
(৩) মেদিনীপুর (৯৯৯টি)	পশ্চিম মেদিনীপুর	ডেবরা	৬০
		খড়্গপুর ১নং	৫৬
		খড়্গপুর ২নং	৫৪
		নারায়ণগড়	১৮৯
		দাঁতন ১নং	১৬২
	বাঁকুড়া	সারেঙ্গা	৪৭৮
(৪) মালদা (৪৭১টি)	দক্ষিণ দিনাজপুর	বালুরঘাট	৩৪৩
	মালদা	কালিয়াচক ২নং	১২৮
(৫) বর্ধমান (১৯৫৩টি)	বর্ধমান	গলসী ১নং ও কাঁকসা ব্লক	২১৭
		মঙ্গলকোট ব্লক	২৬২
		কালনা ২নং	২৬৭
		পূর্বস্থলী ১নং	৫০
		খণ্ডঘোষ, রায়না-১ ও ২	১৮১
		মেমারী ১নং, মন্তেশ্বর ও জামালপুর	১৫০
	হুগলি	বর্ধমান সদর ব্লক	২৫০
		ধনিয়াখালি ও চুঁচুড়া-মগরা ব্লক	২০৩
		বলাগড় ব্লক	২৪০
		পাণ্ডুয়া ও চুঁচুড়া-মগরা ব্লক	১৩৩
কোচবিহার (১১৩৪টি)	কোচবিহার	কোচবিহার ১নং	৮০

পরীক্ষাগারের নাম	জেলা	ব্লক/ মৌজা	পরীক্ষিত নমুনার সংখ্যা
		কোচবিহার ২নং	১৬
		দিনহাটা ১নং	৩০
		দিনহাটা ২নং	১৩৬
		মাথাভাঙ্গা ১নং	৯০
		মাথাভাঙ্গা ২নং	৪৫
		শীতলকুচি	৪৫
		সিতাই	৪৫
		তুফানগঞ্জ	৯৪
		হলদিবাড়ী	১০
	জলপাইগুড়ি	জলপাইগুড়ি সদর	২২
		রাজগঞ্জ	২৩
		ময়নাগুড়ি	২৮
		নাগরাকাটা	১৮
		মালবাজার	৩৮
		মেটেলি	৮১
		ধূপগুড়ি	৮১
		ফালকাটা	২৪
		মাদারিহাট	৯৫
		কালচিনি	৭৬
		কুমারগ্রাম	৬৫
		আলিপুরদুয়ার ১নং	৫১
		আলিপুরদুয়ার ২নং	১৫
		মোট	৫৬৭২টি

রাজ্যে সংশোধানাগারের সংখ্যা

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৯) **শ্রীমতী সোনালী গুহ** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কতগুলো সংশোধনাগার আছে ?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

৫৩টি।

কেন্দ্রীয় সরকার পরিচালনাধীন বন্ধ কারখানার সংখ্যা

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫২) **শ্রী ইউনুস সরকার** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরের মধ্যে পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন কয়টি কারখানা বন্ধ করে দেওয়া হয়েছে : এবং

(খ) ঐসব কারখানার নাম এবং কর্মরত কর্মীর সংখ্যা কত ছিল ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৬টি (২৮.২.২০০৩ পর্যন্ত)

(খ) বন্ধ কারখানার নাম ও শ্রমিক সংখ্যার তালিকা নিম্নে দেওয়া হল।

(১)	রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিজ করপোরেশন	:	৩০০ জন
(২)	ওয়েবার্ড	:	২৫০ জন
(৩)	মাইনিং অ্যান্ড অ্যালায়েড মেশিনারি করপোরেশন	:	২৫০০ জন
(৪)	সাইকেল করপোরেশন (আসানসোল)	:	২২০০ জন
(৫)	হিন্দুস্থান ফার্টিলাইজার করপোরেশন (দুর্গাপুর/আসানসোল)	:	৩৯০০ জন
(৬)	বার্ন স্ট্যান্ডার্ড কোম্পানি (রিফ্যাটারিস) (রানীগঞ্জ ও দুর্গাপুর)	:	৪০০ জন

সংশোধনাগারে শৌচালয় নির্মাণ

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩১) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সংশোধনাগারে দশ জন কয়েদিপিছু ১টি করে শৌচালয় নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, নতুন কত সংখ্যক শৌচালয় নির্মাণ করা হবে ?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এরকম কোনো সিদ্ধান্ত বর্তমানে গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

আলু প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৭) শ্রী কাশীনাথ মিশ্র : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রচুর পরিমাণে আলু উৎপাদিত হলেও প্রক্রিয়াকরণ শিল্প গড়ে ওঠেনি ; এবং

(খ) সত্যি হলে, আলু প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন করার জন্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কৃষি দপ্তর থেকে প্রাপ্ত সূত্র অনুযায়ী এ বছর আলুর উৎপাদন প্রায় ৮৪ লক্ষ মেট্রিক টন হবে বলে আশা করা যায়। বিশ্বস্ত সূত্রে জানা গিয়েছে হাওড়া জেলায় ব্যক্তিগত উদ্যোগে দুটি আলুর প্রক্রিয়াকরণ (আলু পাউডার) শিল্প গড়ে উঠেছে।

(খ) প্রক্রিয়াকরণ শিল্প গঠন বিষয়টি যেহেতু পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান বিভাগ দেখেন সেইহেতু এর সম্ভাব্য উত্তরটি সেই বিভাগই যথাযথভাবে দেবেন।

প্রাণীসম্পদ উন্নয়নে গৃহীত প্রকল্প

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭০) শ্রী দীপককুমার ঘোষ : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০১-০২ ও ২০০২-০৩ আর্থিক বছরে প্রাণী-সম্পদ উন্নয়নে কী কী নতুন প্রকল্প গ্রহণ করা হয়েছিল/হয়েছে ;

(খ) এই প্রকল্পগুলি রূপায়ণে কত টাকা খরচ হয়েছে ; এবং

(গ) এই সব প্রকল্পে কত কর্মসংস্থান হয়েছে ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০১-০২ আর্থিক বছর নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছর হওয়ায় নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সমস্ত চালু প্রকল্পগুলি ছাড়া কোনো নতুন প্রকল্প সেই বছরে নেওয়া হয়নি। চালু প্রকল্পগুলির মধ্যে 'সহায়ক অনুদান' (Grants-in-Aid) প্রকল্পের আওতায় বিভিন্ন জেলায় প্রাণীসম্পদ বিকাশ বিভাগের বিভিন্ন এককের পরিকাঠামো উন্নয়নে ব্যয় করা হয়েছে।

২০০২-০৩ আর্থিক বছরে যেসব নতুন প্রকল্প গ্রহণ করা হয়েছে, সেগুলি হল—

ক্রমিক সংখ্যা	প্রকল্পের নাম
১।	প্রাণী পালনে ব্যাপকভাবে আগ্রহী করা ও প্রাণী পালনের যাবতীয় বিষয়ে সচেতন করা।
২।	ব্যাপকভাবে প্রশিক্ষণ দেওয়া ও প্রশিক্ষণের জন্য কেন্দ্র স্থাপন।
৩।	প্রাণী স্বাস্থ্যকেন্দ্র ও প্রাণী খামারগুলির উন্নতিসাধন ও আধুনিকীকরণ।
৪।	গো-মহিষ উন্নয়নে নিবিড় গো-প্রজনন কর্মসূচি রূপায়ণ ও প্রাণী বন্ধু নিয়োগ।
৫।	প্রাণীপালকদের, বিশেষ করে দুগ্ধ-উৎপাদকদের সমবায় সমিতি গঠন।
৬।	দুগ্ধ সংগ্রহ, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো স্থাপন।
৭।	সবুজ প্রাণীখাদ্যের চাষ বৃদ্ধি ও উন্নত মানের প্রাণীখাদ্যের জোগান।
৮।	জেলায় জেলায় মিশ্র খামার স্থাপন।
৯।	দারিদ্র্যসীমার নীচের মানুষদের বিশেষ করে মহিলাদের প্রাণীপালনের স্বসহায়ক দল গঠন।
১০।	প্রাণীজাত পণ্যের বিপণনে বেকার যুবক-যুবতীদের যুক্ত করা।

(খ) ২০০১-২০০২ : ৫৯৩.০০ লক্ষ (প্রায়) (সহায়ক অনুদান খাতে) খরচ হয়েছে। ২০০২-২০০৩ : ১০৩৬.০১ লক্ষ টাকা ধরা আছে।

(গ) ইতিমধ্যে রাজ্যের প্রতিটি জেলায় স্ব-নিযুক্তি প্রকল্পের কাজ চলছে। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, ইতিমধ্যে প্রায় ৫০০০টি প্রাণীপালক খামারীদের স্বনির্ভর গোষ্ঠী গড়ে তোলা সম্ভব হয়েছে। ইতিমধ্যে রাজ্য প্রাণী ১০০০-এর বেশি সংখ্যক প্রাণীবন্ধু নিয়োজন করা সম্ভব হয়েছে। আগামী মার্চ, ২০০৩-এর মধ্যে এই সংখ্যা ২০০০ হবে বলে আশা করা যায়।

জেলা পরিষদকে ত্রাণ দপ্তর কর্তৃক বরাদ্দ অর্থ

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১১১) শ্রী **জ্যোতির্ময় কর** : ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চায়েতের মাধ্যমে ত্রাণ এবং অনুদান প্রদানের জন্য জেলা পরিষদগুলিকে ত্রাণ দপ্তর থেকে অর্থ বরাদ্দ করা হয় ;

(খ) সত্যি হলে, ২০০১-০২ এবং ২০০২-০৩ আর্থিক বছরে কত টাকা দেওয়া হয়েছে ; এবং

(গ) ২০০১-০২ আর্থিক বছরের খরচের হিসাব জেলা পরিষদ দিয়েছে কি না ?

ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটা সত্য নয় যে জেলা পরিষদগুলিকে ত্রাণ দপ্তর থেকে ত্রাণ ও অনুদানের অর্থ বরাদ্দ করা হয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

আই.সি.ডি.এস. প্রকল্পে বরাদ্দকৃত অর্থ

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮০) **শ্রী মন্টুরাম পাখিরা** : সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান ২০০২-০৩ আর্থিক বছরে আই.সি.ডি.এস. প্রকল্পে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক অর্থ বরাদ্দের পরিমাণ কত ?

সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমান ২০০২-০৩ আর্থিক বছরে আই.সি.ডি.এস. প্রকল্পে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক এ পর্যন্ত অর্থ বরাদ্দের পরিমাণ যথাক্রমে নিম্নরূপ :

রাজ্য সরকার—১০১ কোটি ১৭ লক্ষ ৭০ হাজার টাকা।

কেন্দ্রীয় সরকার—১৬৫ কোটি ৭৪ লক্ষ ৫৭ হাজার টাকা।

*Short Notice Question No. 1

[12.00—12.10 p.m.]

আড়াইডাঙায় শিলাবৃষ্টিতে ক্ষয়ক্ষতি

*১(এস এন)। (অনুমোদিত প্রশ্ন নং *২১০০) **শ্রীমতী সাবিত্রী মিত্র** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১১ই ফেব্রুয়ারি, ২০০৩ মালদহ জেলার আড়াইডাঙ্গা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ধরমপুর অঞ্চলের ৩টি মৌজায় এবং আড়াইডাঙ্গা অঞ্চলের সুলতানপুর, নেসতা দামোদরপুর, রাজনগর গ্রামে ব্যাপক শিলাবৃষ্টিতে বোরো ফসল নষ্ট হয়েছে—

এ বিষয়ে রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন, এবং

(খ) কত টাকা ক্ষতিপূরণ দেবার সুপারিশ করেছেন ?

শ্রী কমলকান্তি গুহ : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তাতে ওনার পক্ষ থেকে এবং আমাদের পক্ষ থেকে ভুল বোঝাবুঝি হয়েছে। উনি বোরোর ক্ষতি জানতে চেয়েছেন। বোরো ধানের ঠিক ক্ষতিটা আমরা এখনো হিসাবের মধ্যে আনতে পারিনি। এখন হিসেবের মধ্যে আনার চেষ্টা হচ্ছে। এর উত্তর পেলে আমরা দেব। অন্যান্য ফসলের যে ক্ষতি হয়ে গেছে, তার একটা উত্তর আমরা বিস্তারিতভাবে দিয়েছি, ওঁনার কাছেও পাঠিয়েছি, আশা করি উনি সেটা দেখে নেবেন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received seven notice of Adjournment Motion. The first one is from Smt. Sonali Guha on the subject of reported incidents of molestation of two women at Harmore village under Nanur P.S., Birbhum. The second one is from Shri Debaprasad Sarkar on the subject of announcement of the State Government on enhancement of bus fare etc. The third one is from Shri Ashok Kumar Deb on the subject of delay in payment of salary to the teachers of non-government colleges in the States. The fourth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged violence in connection with election of managing committee of Shambhunagar High School at Gosaba, South 24 Parganas. The fifth one is from Shri Saugata Roy on the subject of reported police firing at Balagarh, Hooghly on 23.03.2003. The sixth one is from Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira and Shri Jyotipriya Mallik on the subject of alleged earth filling of a portion of Tollygunge Panchannagram Canal near Bantala, South 24 Parganas. And the seventh one is from Shri Asit Kumar Mal on the subject of non-sending of call latters to non-trained candidates for recruitment of primary teachers in the State.

A Calling Attention notice on the subject similar to the second motion has already been admitted by me and the statement there on will be made today. Notice on the subject similar to the fourth motion was received on 24.03.2003, consent to which was withheld. As such the notice of these two motions are out of order and I reject these.

The subject matters of the remaining five adjournment motions relate to day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members will get ample scope to raiae the matter during General Discussion on Budget. Besides, the Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

শ্রীমতী সোনালি গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল বীরভূমের নানুর থানার হাড়মোড় গ্রামে শুক্রবার ও শনিবার পরপর দুটি গণ-ধর্ষণের ঘটনা ঘটেছে। শনিবার রাত্রে ২২ বছরের এক গৃহবধূ জানান, রাত্রে তার স্বামী বাড়ি না থাকার সময় স্থানীয় গরিষ্ঠ শাসক দলের ৩ সমর্থক—শেখ উমির, শেখ পল্টু ও শেখ ফাইদুলরা জোর করে তার উপর অত্যাচার চালায়। এদিকে শুক্রবার রাত্রে ওই গ্রামের ৩৫ বছরের এক গৃহবধূ জানান, শুক্রবার রাত্রে শেখ সুলেমান ও শেখ মনি তাকে ধর্ষণ করেছে। একই গ্রামে পরপর দুটি ঘটনায় এলাকায় উত্তেজনা রয়েছে। অভিযুক্তদের কাউকেই এখনও গ্রেপ্তার করা হয়নি। এই নারী নির্যাতনের বিরুদ্ধে তীব্র ধিক্কার জানাচ্ছি ও দোষীদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল—সারা রাজ্যের বেকার সমস্যা, বেকারদের মধ্যে একটা হতাশা সৃষ্টি করেছে। যার ফলে বেকাররা বিভ্রান্ত হয়ে বিপথে পরিচালিত হচ্ছে, এমনকী তারা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। রাজ্যের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলো প্রাথমিক স্কুলের শিক্ষক পদের জন্য বেসিক ট্রেনিং যাদের নেই তাদের কল লেটার দিতে চাইছেন না। কিন্তু এর আগে এই ধরনের কোনো নিয়ম ছিল না প্রাথমিক শিক্ষক পদের জন্য। রাজ্য সরকারের শিক্ষানীতি ও প্রাথমিক স্কুলের শিক্ষক পদের জন্য প্রকৃত সারকুলার কি পাঠানো হয়েছে ? সেই ব্যাপারে শিক্ষামন্ত্রীর বিবৃতি দাবি করছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received four notices of Calling Attention on the following subjects, namely—

	Subject		Name
(i)	Reported missing of Chimu Sardar, one of the culprits of Dhantala incident from police custody	:	Shri Punderikakshya Saha, Shri Kollol Khan & Shri Jyoti Priya Mallick
(ii)	Reported assault on the doctors at National Medical College, Kolkata	:	Shri Asit Kumar Mal & Shri Ashoke Kumar Deb
(iii)	Death of forty thousand people from tuberculesis in the State	:	Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira & Shri Saugata Roy
(iv)	Alleged arrest of a driver of Howrah based L-Bus on fake case	:	Shri Asit Mitra

I have selected the notice of Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira & Shri Saugate Roy on the subject of Death of forty thousand People from tuberculosis in the State.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 27th March.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now the Minister-in-charge of Relief Department will make a statement on the subject of devastating hailstorms in several districts of the State.

(Attention called by Shri Asit Kumar Mal, Shri Abdul Mannan and Shri Kashinath Mishra deperately on the 21st March, 2003.)

মাননীয়

অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতিক্রমে আমি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ঝড় ও শিলাবৃষ্টিজনিত প্রাকৃতিক দুর্যোগে যে ক্ষয়ক্ষতি ও মানুষের মৃত্যুর ঘটনা ঘটেছে সে সম্পর্কে বিধায়ক সর্বশ্রী অসিতকুমার মাল, আবদুল মান্নান ও কাশীনাথ মিশ্র মহাশয়গণের আনা দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমার বিবৃতি দিচ্ছি।

গত ১২।৩।০৩ তারিখে বিকেলের দিকে পশ্চিমবঙ্গের কিছু জেলার উপর দিয়ে প্রায় ৮০ কিমি বেগে ঝড় ও তৎসহ ভয়ংকর শিলাবৃষ্টি হয়। ওইদিন মালদা, মুর্শিদাবাদ, হাওড়া, দক্ষিণ ২৪-পরগনা, পূর্ব মেদিনীপুর, বীরভূম, বর্ধমান, দক্ষিণ দিনাজপুর প্রভৃতি জেলায় আকাশ মেঘাচ্ছন্ন থাকে এবং হাল্কা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়। কিন্তু ঝড় ও শিলাবৃষ্টির প্রবল ধাক্কাটা পড়ে মূলত হুগলি, বাঁকুড়া এবং উত্তর ২৪-পরগনা জেলার উপর।

হুগলি থেকে এখনও পর্যন্ত যে ক্ষয়ক্ষতির বিবরণ পাওয়া গেছে তা এইরূপ :

শ্রীরামপুর, চন্দননগর এবং আরামবাগ ও সদর মহকুমার, গোঘাট ১ ও ২ নং, পুরশুরা, আরামবাগ, চণ্ডীতলা ১ ও ২, জাঙ্গীপাড়া, শ্রীরামপুর, উত্তরপাড়া, সিঙ্গুর, হরিপাল, তারকেশ্বর এবং পোলবা, দাদপুর ইত্যাদি ১২টি ব্লকের মোট ৬৪৩টি গ্রামের ৪,১০,৬০৪ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন। প্রাকৃতিক দুর্যোগের মধ্যে পড়ে মোট ২৭ জন ব্যক্তির মৃত্যু হয়েছে। ৩১,২৭৭টি বাড়ি সম্পূর্ণ এবং ৩৫,০৯৮টি বাড়ি আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। গবাদি পশুর মৃত্যুর যে প্রাথমিক হিসাব পাওয়া গেছে তার সংখ্যা ১১,৬০৯। কৃষি দপ্তরের দেওয়া তথ্য অনুযায়ী মোট ২০,৭৪৯ হেক্টর কৃষিজমির ফসল নষ্ট হয়েছে যার মধ্যে পড়ে ধান, আলু, সবজি, গম, ফল, তিল ইত্যাদি এবং যার আনুমানিক মূল্য ৭৬ কোটি ১৯ লক্ষ ৬৪ হাজার টাকা। এছাড়াও ৩টি উচ্চ বিদ্যালয়, ২৭টি প্রাথমিক বিদ্যালয়, ১৫.৫ কিমি রাস্তা, ২টি সরকারি বাড়ি এবং অন্যান্য সম্পত্তির ক্ষতি হয়েছে।

এ পর্যন্ত হুগলি জেলায় ত্রাণ বাবদ যা পাঠানো হয়েছে তা এইরূপ : চাল—৫০ মে. টন, ক্যাশ জি আর—১০,০০০ (দশ হাজার) ত্রাণকার্য চালানোর ব্যয় বাবদ—৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা। ত্রিপল—২৭,০০০ + ৫০০০ (পূর্বে জেলাতে ছিল) = ৩২০০০ পিস, ধুতি—১০০০ + ১২০০ (পূর্বে জেলাতে ছিল) = ২২০০ পিস। শাড়ি—১০০০ + ১৫০০ (পূর্বে জেলাতে ছিল) = ২৫০০ পিস। শিশুদের জামাকাপড়—১০০০ + ১৬০০ (পূর্বে জেলাতে ছিল) = ২৬০০ পিস। লুঙ্গি—৫০০ + ৮০০ (পূর্বে জেলাতে ছিল) = ১৩০০ পিস। বাড়ি নির্মাণের অনুদান—৩,০০,০০,০০০ (তিন কোটি) টাকা। প্রাকৃতিক দুর্যোগে নিহতদের জন্য অনুদান—৫,৪০,০০০ (পাঁচ লক্ষ চল্লিশ হাজার টাকা)।

বাঁকুড়া জেলা থেকে যে ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া গেছে তা এইরূপ :

বাঁকুড়া ১নং, ওন্দা, বিষ্ণুপুর, জয়পুর, কোতলপুর ব্লকের ৬৫৫টি গ্রামের এবং বাঁকুড়া পুরসভার সব মিলিয়ে প্রায় ১,৯৯,০০০ জন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয়েছেন। প্রাকৃতিক দুর্যোগের মধ্যে পড়ে ২ জন ব্যক্তির মৃত্যু হয়েছে। ৬৬৫২টি বাড়ি সম্পূর্ণ এবং ২৩,৯৫৩টি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রায় ২৩,০০০ গবাদি পশুর মৃত্যু ঘটেছে। ১০,৬২০ হেক্টর কৃষিজমির ফসল নষ্ট হয়েছে যার আর্থিক মূল্য প্রায় ৩৩.০২ কোটি টাকা। এছাড়াও ২০২টি প্রাথমিক বিদ্যালয়, একটি উচ্চবিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে।

এ পর্যন্ত বাঁকুড়া জেলায় যে ত্রাণসামগ্রী পাঠানো হয়েছে তার বিবরণ নিম্নরূপ :

গম—৫০ মে. টন, ক্যাশ জি.আর—৩০,০০০ টাকা। ত্রাণকার্য চালানোর ব্যয় বাবদ—১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। ত্রিপল—১৭,০০০ + ১০০০ (পূর্বেই

জেলাতে ছিল) = ১৮,০০০ পিস।। ধুতি—১৫০০ + ১০০০ (পূর্বেই বরাদ্দ করা ছিল) = ২৫০০ পিস। শাড়ি—১৫০০ + ১০০০ (পূর্বেই বরাদ্দ করা ছিল) = ২৫০০ পিস। বাচ্চাদের জামাপ্যান্ট—২০০০ + ১০০০ (পূর্বেই জেলাতে ছিল) = ৩০০০ পিস, লুঙ্গি—১০০০ পিস। বাড়ি নির্মাণের অনুদান—১,০০,০০,০০০ (এক কোটি) টাকা। প্রাকৃতিক দুর্যোগে নিহতদের জন্য অনুদান—৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা।

এছাড়াও উত্তর ২৪-পরগনা জেলার বারাসাত ২নং এবং দেগঙ্গা ব্লকের ২২টি গ্রাম পঞ্চায়েত এলাকার ৩৫,৯০০ জন ব্যক্তি ১২.৩.০৩-এর ঝড় ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয়েছেন। প্রাথমিক হিসেবে পাওয়া ১৭৯৫টি বাড়ি সম্পূর্ণ/আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। আনুমানিক ১২,৩৮৫ হেক্টর কৃষি জমির ফসল নষ্ট হয়েছে যার আর্থিক মূল্য ৩৪.৪০ কোটি টাকা। উত্তর ২৪-পরগনা জেলায় ত্রাণ বাবদ ৫০ মে. টন গম বরাদ্দ করা হয়েছে। এছাড়াও জেলাশাসক, মহকুমাশাসক এবং ক্ষতিগ্রস্ত ব্লকগুলিতে পূর্ব থেকে রক্ষিত ত্রাণসামগ্রী বিলি করা হয়েছে এবং চলছে। পশ্চিম মেদিনীপুর জেলাতে ১২.৩.০৩ তারিখের দুর্যোগে প্রায় ২০৬২টি বাড়ি সম্পূর্ণ/আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও আনুমানিক ৮৯০০ হেকটর কৃষি জমির ফসল নষ্ট হয়েছে। জেলা প্রশাসন ত্রাণের ব্যবস্থা করেছেন। এছাড়া ১২.৩.০৩ তারিখে হাওড়া জেলায় ঝড়ের সময় তড়িতাহত হয়ে এক ব্যক্তি মারা গেছেন। এখানে অনুদান বাবদ ২০,০০০ টাকা দেওয়া হয়েছে এবং জেলা প্রশাসন ত্রাণের ব্যবস্থা নিয়েছেন।

যুদ্ধকালীন তৎপরতার ভিত্তিতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত হুগলি ও বাঁকুড়া জেলায় ত্রাণের কাজ চলছে। পরিস্থিতির উপর সতর্ক নজর রাখা হয়েছে। জেলা প্রশাসনের সঙ্গে মহাকরণের ত্রাণ বিভাগ থেকে প্রতিনিয়ত যোগাযোগ রাখা হচ্ছে। আশা রাখি ত্রাণসামগ্রীর ব্যবস্থাপনায় কোনো অভাব হবে না। পঞ্চায়েত প্রতিনিধি ও সরকারি কর্মচারীর মধ্যে সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে ত্রাণের কাজ চলছে। প্রাকৃতিক বিপর্যয় ত্রাণ তহবিল থেকে কৃষি দপ্তরকে ২.২৫ কোটি টাকা দেওয়া হয়েছে যাতে ক্ষতিগ্রস্ত চাষিরা বিকল্প চাষের জন্য সার ও বীজের মিনিকিট অনুদান হিসেবে পায়। ওই খাতে খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন দপ্তরকেও ৭৫ লক্ষ টাকা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ১২.০৩.০৩ তারিখে পশ্চিমবঙ্গে ঝড়-বৃষ্টি দুর্যোগে প্রচুর ক্ষয়ক্ষতি হয়েছে। মাননীয় মন্ত্রী বলেছেন ৩১ হাজার ২৭৭টি বাড়ি সম্পূর্ণভাবে নষ্ট হয়েছে এবং ৩৫ হাজার ৯৮টি বাড়ি আংশিকভাবে ভেঙ্গে পড়েছে এবং সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে যে, কৃষি ফসলের যে ক্ষয়ক্ষতি হয়েছে, তাতে চাষিরা চরম দুর্ভোগের মধ্যে পড়েছেন। আমার প্রশ্ন—এই দুর্যোগের জন্য আপনি বিভিন্ন সুযোগ-সুবিধার কথা বলেছেন। কিন্তু আমার মনে হয়—আমার প্রশ্ন আপনার দপ্তরের সঙ্গে সম্পর্কিত যে, শস্য বীমার আওতায় এটাকে আনা হয়েছে কি না। যদি না হয়ে থাকে, তাহলে আপনার পরিকল্পনা কি ?

শ্রী হাফিজ আলি সৈরানী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নটা আমার দপ্তরের সঙ্গে সম্পর্কিত নয়। তবুও আমি বলতে পারি যে, এই ব্যাপারে

আপনার যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির কথা আমি কৃষিমন্ত্রীকে জানাব এবং তাঁর দপ্তর থেকে এই বীমার ব্যাপারটা দেখছেন এবং তাঁকে অনুরোধ করব এবং আপনার আবেগকে তাঁর সামনে তুলে ধরব। এই কথাই আমি বলছি।

[12.10 p.m.—12.20 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি কি জানাবেন—আপনি এখানে যে তথ্য দিয়েছেন বিশেষ করে আমি বাঁকুড়া জেলার কথা বলছি, আপনি বলেছেন বাঁকুড়া ১নং, ওন্দা, বিষ্ণুপুর, জয়পুর, কোতলপুর ব্লকের ৬৫৫টি গ্রামের এবং বাঁকুড়া পুরসভার সব মিলিয়ে প্রায় ১,৯৯,০০০ জন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয়েছেন। এবং অন্যান্য যে ক্ষতিগুলির ব্যাপারে আপনি এখানে বলেছেন, কি কি দিয়েছেন সেটাও বলেছেন, বাড়ি নির্মাণের অনুদান ১ কোটি টাকা দিয়েছেন। এই টাকাটা মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল থেকে দিয়েছেন, না অন্য কোনো জায়গা থেকে সেটা দেওয়া হয়েছে ? এই প্রাকৃতিক বিপর্যয়কে জাতীয় বিপর্যয় হিসাবে চিহ্নিত করে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার জন্য প্রধানমন্ত্রীর কাছ থেকে টাকা পাওয়ার জন্য কোনো আবেদন করা হয়েছে কিনা জানাবেন ?

শ্রী হাফিজ আলম সৈরানী : এই যে ১ কোটি টাকা দেওয়া হয়েছে বাঁকুড়া জেলাকে সেটা ক্লাইমেটিক রিলিফ ফান্ড থেকে, তার ৭৫ পারসেন্ট টাকা কেন্দ্রীয় সরকারের এবং ২৫ পারসেন্ট টাকা আমাদের। এই তহবিল থেকে ১ কোটি টাকা হাউজ বিল্ডিং গ্রান্ট বাঁকুড়া জেলাকে দেওয়া হয়েছে। দ্বিতীয় যে প্রশ্নটা আপনি করলেন যে এটাকে জাতীয় বিপর্যয় হিসাবে ঘোষণা করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে সে রকম কোনো দাবি উত্থাপন করেছি কিনা ? আমরা মনে করি না যে এখনই সে রকম দাবি করার কোনো প্রয়োজনীয়তা আছে। কিন্তু যে সমস্ত ক্ষয়-ক্ষতি হয়েছে এবং আমরা কি কি পদক্ষেপ নিয়েছি সে ব্যাপারে যথাযথ গুরুত্ব দিয়ে আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে বিবৃতি দিয়েছেন তাতে দেখলাম, হুগলি জেলায় ২৭ জন, উত্তর ২৪-পরগনা জেলায় ১ জন এবং বাঁকুড়া জেলায় ২ জনের মৃত্যু হয়েছে। কিন্তু আহতের সংখ্যা আপনি আপনার স্টেটমেন্টে দেননি। এতে দেখা যাচ্ছে অ্যাভারেজ ২০ হাজার টাকা পার ডিসিসীড অর্থাৎ মৃত ব্যক্তির পরিবারকে ২০ হাজার টাকা করে সাহায্য দিচ্ছেন। এটা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে দিয়েছেন কিনা সেটা বলেননি। এখানে ক্ষয়ক্ষতির যা বর্ণনা দিয়েছেন প্রকৃত ক্ষতি তার থেকে অনেক বেশি। আপনি এখানে বাঁকুড়া, হুগলি এবং উত্তর ২৪-পরগনা জেলার কথাই বলেছেন। বাকি জেলাগুলির কথা বলেননি। আমরা যখন হাউসে নোটিশ দিয়েছি তার আগে অনেক জেলাতেই যেমন নদিয়া জেলাতে হয়েছে। প্রাথমিক বিদ্যালয় যেগুলি নষ্ট হয়েছে তার সংখ্যা দিয়েছেন, কিন্তু তাদের কি সাহায্য দিয়েছেন সেটা বলেননি। আপনি স্পেসিফিকভাবে বলুন এই ৩টি জেলা বাদ দিয়ে আর কোথাও ক্ষতি হয়েছে। দুবার এই রকম হয়েছে, একবার হুগলি, বাঁকুড়া, উত্তর ২৪-পরগনা জেলা হয়েছে, তার পরে নদিয়া, মেদিনীপুরে হয়েছে। সারা রাজ্যে কি অবস্থা হয়েছে সেই সময়

সে ব্যাপারে বিস্তারিত বলবেন কি ? আহত হয়েছেন কতজন সেটা পরিষ্কার করে বলুন। একটা ইনকমপ্লিট রিপোর্ট, আপনি এটা কমপ্লিট রিপোর্ট দেবেন।

শ্রী হাফিজ আলম সৈরানী : স্যার, মান্নান সাহেব যেটা বলেছেন সেটা ঠিক নয়। এটা ঠিক করে পড়লে দেখবেন উত্তর ২৪-পরগনা, হুগলি এবং বাঁকুড়া ছাড়াও পশ্চিম মেদিনীপুরের কথা, হাওড়ার কথা এখানে উল্লেখ্ আছে। আমরা মনে করছি যেহেতু সে রকম ক্ষয়ক্ষতি ওই সমস্ত জেলাতে হয়নি যে ইমিডিয়েট ত্রাণ সামগ্রী পাঠাতে হবে। আমাদের সমস্ত জেলাতে আগাম কিছু ত্রাণসামগ্রী জমা করা থাকে সমস্ত জেলাশাসকদের অধীনে। সেখান থেকে ত্রাণকার্য পরিচালনা করা হয়। কিন্তু ক্ষয়ক্ষতির পরিমাণ যখন খুব বেশি হয় তখন ওরা আমাদের কাছে চান এবং সেই মতো জেলাগুলোকে দেওয়া হয়।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী ঠিকই বলেছেন, 'মালদা, মুর্শিদাবাদ, হাওড়া দক্ষিণ ২৪-পরগনা, পূর্ব মেদিনীপুর, বীরভূম, বর্ধমান, দক্ষিণ দিনাজপুর প্রভৃতি জেলায় আকাশ মেঘাচ্ছন্ন থাকে এবং হাল্কা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়। কিন্তু ঝড় ও শিলাবৃষ্টির প্রবল ধাক্কাটা পড়ে মূলত হুগলি, বাঁকুড়া এবং উত্তর ২৪-পগরনা জেলার উপর।' কিন্তু এই সব জায়গা ছাড়া আর কি কোথাও কিছু হয়নি ?

শ্রী হাফিজ আলম সৈরানী : আপনি তিনের পাতা দেখুন।

শ্রী আবদুল মান্নান : আমি দেখেছি। কিন্তু আপনি পূর্ব মেদিনীপুরে কত হয়েছে বলেছেন, কিন্তু বাকি কোথায় কত হয়েছে তা বলা নেই। আপনি বরং জেলাওয়াইজ পড়ে দিন। আপনি বলেছেন, হাওড়ায় তড়িতাহত হয়ে একজন মারা গেছেন। কিন্তু এর পরে কি আর কিছু নেই ? আমি শেষে প্রশ্ন করব বলে বসেছিলাম। কতগুলো জেলাতে ক্ষয়ক্ষতি হয়েছে আপনি বলেছেন। কিন্তু এই যে ৬/৭টা জেলার নাম করলেন সেগুলো পড়ে দিন। মাননীয় সৌগত রায় মহাশয় বলেছেন পড়ার দরকার নেই, আমি বলছি আপনি পড়ে দিন। হাওড়ায় কোথায় কোথায় কি হয়েছে ? বীরভূমে কোথায় কোথায় হয়েছে ? আপনি একটা ইন-কারেক্ট রিপোর্ট দিচ্ছেন। আপনি বরং আজকে না পারলে পরে সম্পূর্ণ রিপোর্ট দিয়ে দেবেন।

মিঃ স্পীকার : মিঃ মান্নান, লেট হিম স্পীক ইন হিজ ওন ওয়ে। উনি কি বলবেন না বলবেন আপনি ঠিক করে দেবেন ? মিঃ সৈরানী বলুন।

শ্রী হাফিজ আলম সৈরানী : মাননীয় স্পীকার মহাশয় আমি আগেই বলেছি, যে সমস্ত জেলাতে প্রাকৃতিক দুর্যোগের জন্য সব থেকে বেশি ক্ষয়ক্ষতি হয়েছে এবং যেটা নিয়ে সাধারণ সমস্ত মেম্বার উদ্বেগ প্রকাশ করেছেন এবং তার জন্য যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব নিয়ে এসেছেন তার প্রতি আমি যথাযথ গুরুত্ব দিয়েছি এবং সেই পরিপ্রেক্ষিতে বাঁকুড়া, হুগলি ও উত্তর ২৪-পরগনার কথা কলিং এটেনশনে বলেছি। এছাড়াও, পশ্চিম মেদিনীপুর এবং হাওড়ার ও অন্যান্য জায়গার কথা জানতে চাওয়া হয়েছে। অর্থাৎ ছোটোখাটো প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতির একটা সামগ্রিক রিপোর্ট আমার কাছে চেয়েছেন। ঐ রকম রিপোর্ট এখন আমার কাছে রেডি নেই, আমি আপনাকে পরে দিয়ে দেব। এই হল এক নম্বর। দ্বিতীয় বিষয় হচ্ছে,

বাড়ির ক্ষতি সম্পর্কে আমাদের নিয়ম আছে যে গৃহ বা বসত-বাড়ি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হলে ২ হাজার টাকা এবং আংশিক ক্ষতি হলে ১ হাজার টাকা করে দেওয়া হবে।

Mr. Speaker : Now, the Minister-in-Charge of Transport Department will make a statement on the subject of reported proposal for increasing bus fare in the State. (Attention called by Shri Asit Mitra, Shri Saugata Roy and Shri Abdul Mannan separately on the 24th March, 2003).

Shri Subhas Chakraborty : Hon'ble Speaker Sir, with your permission I hereby inform the House in reply to the call attention/ motions/raised by Shri Asit Mitra, Shri Saugata Roy and Shri Abdul Mannan, MLA, on the restructuring of fares in passenger transport services in the State as per enclosed statement.

Before reaching at a finality on the revision of fares, which appeared inevitable consequent upon the recent hikes in prices of High Speed Diesel and Motor spirit after the administrative price-mechanism is done away with by Govt. of India, I have considered the representations made by different transport Operators' Associations, taken stock of the situation reagrding shortage of small coins and betterment of the service to be provided for the commuters.

Under the compelling circumstances as we are in, I propose hereby to revise the fares of Bus, Mini Bus including the different services rendered by State Transport Corporations and the Calcutta Tramways Co. (1978) Ltd., Texi and Water Transport Services shown in statement enclosed.

Now the present price of HSD, MS, Lubricants and other related components for operation of transport totally lias with the market forces, we will have to find out and sort out a standard practice of restructuring very soon. Keeping that in ivew, we will have to revolve a Scientific mechanism for restructuring of fares. This action has to be taken as early as possible after consulting various agencies in the field of transport operation.

PROPOSED FARES

(I) Stage Carriage-ordinary sevices including Limited Services of CSTC and Private services plying in the regions of Kolkata, Howrah and in the routes of the regions of South 24-Parganas and North 24-Parganas whose starting or terminating points lying within the Kolkata Municipal Corporation area :

Existing Fare		Proposed Fares	
Upto 2 Kms	Rs. 2.00	Upto 4 Kms	Rs. 3.00
Upto 6 Kms	Rs. 3.00	4 + to 8 Kms	Rs. 3.50
Upto 18 Kms	Rs. 4.00	8 + to 12 Kms	Rs. 4.00
Upto 22 Kms	Rs. 5.00	12 + to 16 Kms	Rs. 4.50
		16 + to 20 Kms	Rs. 5.00
		20 + to 24	Rs. 5.50
On subsequent stages beyond 22 Kms an increase of Re. 1/- on existing fare will be allowed.		On subsequent stages beyond 24 Kms an increase of Re. 1.00 on existing fare will be	
(II) Special Buses operated by CTC/CSTC/WBSTC and Midi Buses operated by SBSTC :			
Upto 4 Kms	Rs. 3.00	Upto 4 Kms	Rs. 3.50
On subsequent stages an increase of Re. 0.50 on existing fare will be allowed		On subsequent stages an increase of Re. 0.50 on existing fare will be allowed	
(III) MINI BUSES			
Upto 2 Kms	Rs. 3.00	Upto 2 Kms	Rs. 3.50
On subsequent stages an increase of Re. 0.50 on existing fare will be allowed.		On subsequent stages an increase of Re. 0.50 on existing fare will be allowed.	
(IV) LONG DISTANCE SERVICES IN THE STATE			
(a) Inter-State Services :—			
Rs. 0.35 per km per passenger (to be rounded off to the nearest Re. 0.50) subject to a minimum fare of Rs. 4.00 for 10 kms.		Re. 0.37 per km per passenger (to be rounded off to nearest Re. 0.50) subject to a minimum fare of Rs. 4.50 for 10 kms.	
(b) Express Bus Inter-State and Semi Deluxe			
Re. 0.40 per km per passenger (to be rounded off to nearest Re. 0.50) subject to minimum		Re. 0.43 per km per passenger (to be rounded off to nearest Re. 0.50) subject to a minimum fare of Rs. 8.50.	

(V) (a) Inter-State Ordinary Services and Stage Carriage—District ordinary Services operated by STCs, Private operators in all the regions except (i) Kolkata and Howrah and also (ii) the routes of the Buses of South 24-Parganas and North 24-Parganas starting terminating points lying within the area of Kolkata Municipal Corporation.

Existing fares		Proposed Fares	
Upto 6 kms.	Rs. 3.00	Upto 4 kms.	Rs. 3.00
For subsequent stages Re. 0.30 per km (to be rounded off to nearest multiple of 0.50 paise)		For subsequent stages Re. 0.32 per km (to be rounded off to nearest multiple of 0.50 paise)	

(b) In case of South 24-Parganas and North 24-Parganas regions in respect of which starting and terminating points are lying outside Kolkata Municipal Corporation area, fare will be fixed at the rates as shown in serial V(a) as above.

(VI) Limited Service Buses operated by the private operators :

Upto 6 kms	Rs. 3.00	Upto 6 kms	Rs. 3.50
6 + to 10 kms	Rs. 3.50	6 + to 10 kms	Rs. 4.00
10 + to 22 kms	Rs. 5.00	10 + 22 kms	Rs. 5.50
Beyond 22 kms Re. 1/- on existing fare is allowed		Beyond 22 kms Re. 1/- on existing fare is allowed.	

(VII) Buses plying within the diestrict of Darjeeling :

Ordinary Buses (Non-hilly area)

Upto 2 kms	Rs. 2.00		
Upto 6 kms	Rs. 3.00	Upto 4 kms	Rs. 3.00
On subsequent stages beyond 6 kms Re. 0.30 per km (to be rounded off to the nearest Re. 0.50) will be allowed		On subsequent stages beyond 4 kms Re. 0.32 per km (to be rounded off to nearest Re. 0.50) will be allowed.	

MINI BUS/EXPRESS BUS

Upto 2 kms	Rs. 3.00	Upto 2 kms	Rs. 3.50
Upto 4 kms	Rs. 3.50	Upto 4 kms	Rs. 4.00
Beyond 4 kms Re. 0.40 per km (to be rounded off to the nearest Re. 0.50) of subsequent stages		Beyond 4 kms of subsequent stages Re. 0.42 per km (to be rounded off to nearest Re. 0.50)	

Vehicles plying on the routes of HILLY region :

(i) Mini Buses plying foom PLAIN to HILL

Re. 0.65 per km (to be rounded off to Rs. 0.50) | Re. 0.70 per km (to be rounded to nearest Re. 0.70)

(ii) Mini Buses plying from HILL to HILL

Re. 0.75 per km (to be rounded off to Re. 0.50) | Re. 0.80 per km (to be rounded off to nearest Re. 0.50)

Fares in respect of MINI BUSES plying within the districts of NORTH BENGAL except Darjeeling district :

Re. 0.40 per km | Re. 0.42 per km (to be rounded to nerest Re. 0.50)

(VIII) Ordinary Metered Taxi :

(a)	First 2 kms or part thereof Re. 12.00		Rs. 15.00
(b)	Subsequent 200 mtr or part thereof Rs. 1.40		Rs. 1.50
(c)	Waiting charge per 2 Mt 12 Sec	Re. 1.00	Re. 1.00
(d)	Luggage charge per package inside or outside the cab if the dimensions are mmore than 75 cms x 60 cms and weigh more than 20 kgs	Re. 0.75	Re. 0.75

AIRCONDITIONED METERED TAXI :

Addl. 25% on (a), (b), (c) & (d) above | Addl. 25% on (a), (b), (c) & (d) above.

(IX) TRAM Cars operated by CTC :

	1st Class	2nd Class	1st Class	2nd Class
1st Stage	Rs. 2.50	Rs. 2.00	Rs. 3.00	Rs. 2.50
2nd Stage	Rs. 3.00	Rs. 2.50	Rs. 3.50	Rs. 3.00

(X) For River transport Services run by the WBSTC and the Hooghly Nadi Jalapath Paribhan Samabay Samity, an average increase of Re. 0.50 on each destination is proposed.

Better passenger amenities and conditions of the buses like proper sitting space, back to back space, cleanliness and safety of passengers are preconditions for increased fare.

[12.20—12.30 p.m.]

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ আমার প্রশ্ন যে, বারে বারে যখনই আপনি বাস ভাড়া বাড়ান তখন তার একটা কারণ দেখান যে, 'ডিজেল বা পেট্রোলের দাম বা অন্যান্য কিছু দাম বেড়েছে বা কেন্দ্রীয় সরকার দাম বাড়িয়েছেন, তাই আমি বাধ্য হয়েছি বাস ভাড়া বাড়াতে'। মাননীয় মন্ত্রীমহাশয় আপনি যখনই বাস ভাড়া বাড়ান তখন মনে হয় যে, আপনি বাস অপারেটর বা ওই ধরনের ট্যাক্সি অপারেটরদের প্রতিনিধিদের সঙ্গে বসে আপনি সমস্ত ব্যাপারটা ঠিক করে নেন এবং তাতে যাত্রীদের স্বার্থ সবসময় ক্ষুণ্ণ হয়—এ বিষয়ে কোথাও কোনো সন্দেহ নেই। এক বছরের মধ্যে ৩-৪ বার করে ভাড়া বাড়ছে, কখনও বা দুবার করে ভাড়া বাড়ছে। আমার বক্তব্য হচ্ছে যে, ভাড়া বৃদ্ধির নির্ধারণের ব্যাপারে আপনি একটা কমিটি করুন, সেই কমিটিতে জনপ্রতিনিধিরা থাকুন, স্টেটে কোনো রিকগনাইজ্ড প্যাসেঞ্জার অ্যাসোসিয়েশন আছে কিনা জানি না, থাকলে প্যাসেঞ্জার্স অ্যাসোসিয়েশনের সঙ্গে কথা বলুন। এই হাউসে দাঁড়িয়ে আমরা বারবার বলেছি যে, আপনি একটা কমিটি করুন, সেই কমিটিতে সর্বদলীয় প্রতিনিধিরা থাকুন, তাঁরা ঠিক করুন। বর্তমান ছবিটা কী, সেটা আমরা জানি। বাস মালিক এবং ট্যাক্সি অপারেটরদের সঙ্গে আপনার একটা গোপন বোঝাপড়া আছে। আমার দাবি যে, এটা বাতিল করে নতুন করে একটা সর্বদলীয় কমিটি করে সেখানে বসে বাস ভাড়া নির্ধারণ করুন। কারণ যেভাবে বাস ভাড়া বাড়িয়েছেন তাতে যাত্রীদের অনেক ক্ষতি হবে। আপনি ট্রামের ভাড়া বাড়িয়েছেন, কিন্তু ডিজেলের দাম বাড়ার সঙ্গে তো ট্রামের ভাড়া বৃদ্ধির কোনো সাযুজ্য নেই। সেজন্য আমি দুটো বিষয় ক্লিয়ারলি জানতে চাই—(১) একটা কমিটি করে সেই কমিটিতে সর্বদলীয় প্রতিনিধিদের রেখে নতুন করে বাস ভাড়া বৃদ্ধির বিষয়টা পুনর্বিবেচনা করা হবে কিনা ? (২) ডিজেল লাগে না এরকম যানবাহনের ক্ষেত্রে আপনি ভাড়া বৃদ্ধির কথা বলেছেন কেন ?

মিঃ স্পীকার : দুটো প্রশ্ন হবে না, একটা প্রশ্ন হবে।

শ্রী অসিত মাল : আমার প্রথম প্রশ্নটা হোক।

শ্রী সুভাষ চক্রবর্তী : আমরা এরকম একটা কমিটির কথা অনেক দিন ধরে ভাবছি। একটা কমিটি বা ওই ধরনের ব্যবস্থার দিকে আমাদের যাওয়ার প্রয়োজন, যেখানে দাঁড়িয়ে আমরা ভাড়া নির্ধারণের প্রশ্নে সিদ্ধান্ত নিতে পারব। তেলের দাম বাড়লে বাস ভাড়া বৃদ্ধি পাবে, আবার তেলের দাম কমলে তখন ভাড়া কমানোর প্রশ্ন আছে। এটা মাথায় রেখে এই ধরনের একটা কমিটি করার কথা আমরা ভাবছি।

(গোলমাল)

(এইসময় এস.ইউ.সি.আই. দলের মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার সভাকক্ষ ত্যাগ করেন)

শ্রী সৌগত রায় : স্যার, মাননীয় মন্ত্রীর জবাব আমরা মন দিয়ে পড়েছি। ৩টি ব্যাপারে আমাদের তীব্র প্রতিবাদ আছে। একতরফাভাবে যেরকম ৫০ পয়সা প্রত্যেক স্টেজে বাড়িয়ে দেওয়া হল—তার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ আছে। অ্যাসেমব্লিতে ঘোষণা করার আগে আমি শুনলাম রবিবার বামফ্রন্টের মিটিংয়ের পর বিমান বসু বলে দিলেন বাস ভাড়া বাড়াবার সিদ্ধান্ত হয়ে গিয়েছে। যদি ওখানেই সব সিদ্ধান্ত নেন তাহলে কষ্ট করে অ্যাসেমব্লিতে বলার কোনো দরকার নেই। এই যে আপনি বললেন—সমস্ত কাগজ বেরিয়ে গিয়েছে, বিমানবাবু লেফ্‌ট ফ্রন্টের মিটিং-এ রেটটা বলে দিয়েছেন— মিনিমাম ট্যাক্সি ফেয়ার ১৫ টাকা হবে সেটা আলিমুদ্দিন স্ট্রিট থেকে বলে দিয়েছেন। তাই আমাদের জানা দরকার যে সরকার কি রাইটার্স বিল্ডিংস থেকে চলবে ? মন্ত্রীরা কি বিধানসভা অ্যানসারেবেল হবেন ? না সবটাই লেফ্‌ট ফ্রন্টের মিটিংয়ে ঠিক হয়ে যাবে। এটা যদি মাননীয় মন্ত্রী এখানে ঠিক করে বলেন তাহলে উপকার হয়। আর একটা বিষয়ে প্রতিবাদ করছি সেটা হচ্ছে বাস ভাড়া বাড়াবার সঙ্গে উনি ট্রাম এবং লঞ্চের ভাড়া বাড়ালেন। আমরা মনে করি এই দুটি এর সাথে রিলেটেড নয়। ট্রাম ভাড়া বাড়ানোর কোনো মানে হতে পারে না— জাস্টিফিকেশন, যৌক্তিকতা থাকতে পারে না। আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ করছি। আরও প্রতিবাদ করছি যে মন্ত্রী একটা ডিটেল্‌স লিস্ট ছেপে আজকে বিলি করলেন। এতো তাড়াহুড়োর কিছু ছিল না। আমরা চাই, এখানে মন্ত্রী যেটা বললেন—লিটার প্রতি এত টাকা করে ভাড়া বাড়বে, তাহলে একটা রিলেশানসিপ বার করবার জন্য যে, এত কমলে এত টাকা কমবে। এই প্রো-র‍্যাটা ইনক্রিজ্‌ বা ডিক্রিজ্‌ ঠিক করার দরকার। এই যে মাননীয় মন্ত্রী মহাশয়, ডিজেলের দাম বাড়ার পর বাস অপারেটর এবং বাস মালিকদের সঙ্গে মিটিং করেন এবং তারপর বাস মালিকরা বলেন, আমরা স্ট্রাইক করব। রাইটার্স বিল্ডিংস এবং নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে মন্ত্রীর সঙ্গে মিটিং হয় এবং মন্ত্রী তাদের ডিমান্ডটাকে কনসিডার করে দেন। পুরো ব্যাপারটা হচ্ছে সরকার বাস মালিকদের জন্য একদিকে ঘোষণা করছেন আর নিজেদের পরিচালিত রাষ্ট্রায়ত্ত পরিবহনের লোকসান কমাবার চেষ্টা করছেন। আমি মন্ত্রীকে স্পেসিফিকালি জিজ্ঞাসা করতে চাই—উনি যে ট্রামের ভাড়া বৃদ্ধি করেছেন, সেটাকে কমাবেন কিনা, একটা প্রো-র‍্যাটা বিষয়ে অ্যানাউন্স করবেন কিনা, ডিজেলের দাম বাড়ার সাথে সাথে বাস ভাড়া বৃদ্ধির বিষয়ে একটা চার্ট তৈরি করার বিষয়ে একটা কমিটি তৈরি করবেন কিনা এবং যতদিন পর্যন্ত না এটা হচ্ছে ততদিন পর্যন্ত এটা স্থগিত রাখবেন কিনা। এই কথা যদি মন্ত্রী না মানেন, তাহলে আমরা আরও তীব্র প্রতিবাদ করতে বাধ্য হব।

শ্রী সুভাষ চক্রবর্তী : প্রথমত সংক্ষিপ্ত স্টেটমেন্টে সমস্ত দৃষ্টিভঙ্গিটা বলা হয়েছে। আমরা মন্ত্রী পরিষেবা ঠিক রক্ষা করতে গিয়ে এবং শিল্পকে রক্ষা করতে গিয়ে যেখানে ভারসাম্য আসে সেই রকম একটা জায়গায় আমরা ভাড়ার প্রশ্নটিকে বিবেচনা করছি। সব দিক থেকে সর্বক্ষেত্রে এটা হয়েছে আমি এমন দাবি করতে পারি না। কারণ সবাইকে সন্তুষ্ট করা সম্ভব নয়। গড়পড়তা আমরা যে হিসেব-নিকেশ করে দেখেছি তাতে যে ১৫ ভাগ

শতকরা ব্যয়ভার বেড়েছে গাড়িতে, সেক্ষত্রে আমরা গড়ে ১০ পারসেন্ট—একশত টাকায় ১০ টাকা আমরা বৃদ্ধি করেছি।

[12.30—12.40 p.m.]

এর থেকে কম রেখে যাত্রীসাধারণকে সাশ্রয় দেওয়ার কোনো জায়গা থাকলে নিশ্চয়ই আমি তা করতাম। আর ট্রামের ভাড়া শুধু বিদ্যুতের দামের জন্যই নয়, ট্রাম কোম্পানি অনেক বাস চালায়, সুতরাং তাদের সামগ্রিকভাবে ব্যয়ভার অনেক বেড়েছে, সেই কারণে ট্রামের ভাড়া বাড়ছে। তা ছাড়া ইলেকট্রিসিটির দাম আজ যা আছে কাল তা থাকবে না।

(এই সময় তৃণমূল কংগ্রেস সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহোদয়, এখানে আমি আপনাকে এই হাউসের একজন সদস্য হিসেবে আমাদের একজন সহকর্মী হিসাবে ভাবতে পারছি না। আপনার বক্তৃতা শোনার পর আপনাকে বাস মালিকদের প্রতিনিধি হিসাবেই গণ্য করতে বাধ্য হচ্ছি। আপনি মন্ত্রী হবার পর থেকে আমরা লক্ষ করছি প্রত্যেকবার ডিজেলের দাম বাড়ার সঙ্গে সঙ্গে বাস মালিকদের কাছ থেকে কোনো দাবি ওঠার আগেই আপনি ব্যতিব্যস্ত হয়ে ওঠেন বাস ভাড়া বাড়াবার জন্য এবং বাড়িয়েও দেন। কিন্তু ডিজেলের দাম কমলে বাস ভাড়া কমাবার জন্য আপনাকে কোনো উদ্যোগ নিতে দেখা যায় না। যাত্রীসাধারণের স্বার্থে কখনোই আপনি ভাড়া কমাবার কোনো উদ্যোগ গ্রহণ করেন না। আপনি যে ভাড়াটা বাড়াচ্ছেন সেই অতিরিক্ত ভাড়ার কত অংশ ডিজেল কিনতে বা ডিজেলের মূল্যবৃদ্ধির জন্য অতিরিক্ত ব্যয় করতে হচ্ছে সেই হিসাব আপনি দেননি। কখনোই এই হিসাবটা আপনি দেন না। আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতায় আমরা দেখেছি বাস ভাড়া বৃদ্ধির ফলে যদি ১০০ টাকা অতিরিক্ত আদায় হয় তাহলে তার মধ্যে ৪০ টাকা লাগে ডিজেল বাবদ অতিরিক্ত খরচ হিসাবে। বাকিটা ড্রাইভার, কন্ডাক্টর, খালাসিদের কমিশন বাবদ ব্যয় হয়। এই অবস্থায় আপনার কাছে আমার বক্তব্য হচ্ছে, আপনি যখন কমিটির কথা বলছেনই তখন এখনই ভাড়া না বাড়িয়ে আপনি কমিটির রিপোর্টের জন্য অপেক্ষা করুন। আপনি পরিবহনমন্ত্রী হবার পর থেকে আপনি যে পরিমাণ ভাড়া বাড়িয়েছেন তা অতীতে আর কোনো পরিবহনমন্ত্রী কখনো বাড়াননি। কংগ্রেস সম্বন্ধে আপনারা অনেক কথা বলেন, অনেক গালাগাল দেন। কংগ্রেসের রাজত্বকালে যখন জ্ঞান সিং সোহনপাল পরিবহনমন্ত্রী ছিলেন তখন বাস ভাড়া বৃদ্ধির প্রতিবাদে কিছুটা হইচই, আন্দোলন হয়েছিল। তারপর ব্যানার্জী কমিশন গঠন করা হয়েছিল এবং কমিশনের রিপোর্টের ভিত্তিতে ভাড়া বাড়ানো হয়েছিল। অথচ আপনি মন্ত্রী হবার পর থেকেই আমরা লক্ষ করছি প্রতিবার আপনি নিজ উদ্যোগে বাস ভাড়া বাড়িয়ে দেন। আপনি যখন কমিটি করার যৌক্তিকতা মেনে নিয়েছেন তখন আপনার কাছে আমার সাজেশন কমিটির রিপোর্ট না আসা পর্যন্ত আপনি বাস ভাড়া বাড়াবার প্রস্তাব স্থগিত রাখুন। ডিজেলের জন্য কত শতাংশ অতিরিক্ত ব্যয় হবে, আর আপনি কত শতাংশ অতিরিক্ত ভাড়া বাড়াচ্ছেন ? বিষয়টার সঙ্গে জনগণের স্বার্থ জড়িত রয়েছে। অথচ আপনি তা না দেখে বাস মালিকদের স্বার্থ রক্ষার জন্য পশ্চিমবাংলার আম-জনতা, সাড়ে আট কোটি মানুষের ওপর অত্যাচার চালাচ্ছেন। আপনি

যদি বাস ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত কমিটির রিপোর্ট প্রকাশিত না হওয়া পর্যন্ত স্থগিত না রাখেন তাহলে আমরাও এই সভা ত্যাগ করতে বাধ্য হব। এখন এটা আপনি কি স্থগিত রাখছেন ?

মিঃ স্পীকার : Mr. Mannan, you are giving a speech. If you do this, I will not allow in future.

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যে, গত ৭ মাসে ১০ বার তেলের দাম বেড়েছে এবং তিনবার কমেছে। বেড়েছে ৬০ পয়সা থেকে ১ টাকা ৫০ পয়সা পর্যন্ত। একনাগাড়ে ক্রমাগত বেড়েই চলেছে। আর কমেছে কখনো এক পয়সা, কখনো তিন পয়সা, সর্বোচ্চ সাত পয়সা। এই রকম একটা জায়গা দাঁড়িয়ে আমি আগেই বলেছি তেলের দাম ভবিষ্যতে কমলে বাস ভাড়া কমবে।

এখন ৩ পয়সা, ১ পয়সা, ৭ পয়সা এটা যেভাবে কস্টে আসে সেটা এইভাবে ক্যালকুলেট করা সম্ভব নয়। সাধারণ নিয়ম কী, পদ্ধতি কী, সারা পৃথিবীতে চলতি ব্যবস্থা কী ? তেলের দাম যে হারে বাড়ছে তার অর্ধেক যদি ধরা হয় পরিচালনজনিত কস্ট—এবারে তেলের দাম বেড়েছে অঙ্কের হিসাবে গত ৭ মাসে ৪ টাকা ৫০ পয়সা। তার মানে হচ্ছে এই তেলের দাম বৃদ্ধি হয়েছে শতকরা ২০ টাকা বা তার উর্ধ্বে। আমরা ১০ পারসেন্ট করেছি।

(নয়েজ)

(ভয়েজ : কোথায় ১০ পারসেন্ট করলেন)

আমি ১০ পারসেন্ট করেছি। ট্যাক্সির ক্ষেত্রে প্রতি ২০০ মিটারের জন্য আগে ছিল ১ টাকা ৪০ পয়সা, এখন হয়েছে ১ টাকা ৫০ পয়সা। তার মানে পারসেনটেজের দিক থেকে ওই ১২ টাকা থেকে ১৫ টাকা। আর ২ কিলোমিটারের জন্য যেটা করা আছে—কেউ কিন্তু ২ কিলোমিটার ট্যাক্সি চড়ে না, চড়লে ৮ কিলোমিটার থেকে ১০ কিলোমিটার। গড়পড়তা হিসাবে ১০ পারসেন্টের বেশি টাকা আসবে না। এটা হিসাব করেই করেছি। একজন ট্যাক্সি চালক ...(নয়েজ) হিসাবটা বোঝবার চেষ্টা করুন, অযৌক্তিকভাবে এক পয়সাও বাড়ানো হয়নি। (নয়েজ) এইরকম করলে তো ট্যাক্সি, বাস উঠে যাবে। আমি গড়ে ১০ পারসেন্ট বাড়িয়েছি। তেলের দাম বেড়ে গড়পড়তা ২২ পারসেন্ট হয়েছে। এখন এই ২২ পারসেন্ট বাড়লে ১১ পারসেন্ট বাড়ার কথা, সেখানে আমি ১০ পারসেন্ট বাড়িয়েছি। এর থেকে গ্রহণযোগ্য আর কী হতে পারে। উভয়ের পক্ষের স্বার্থ রক্ষা করে পরিবহন ব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্য, যাত্রীদের স্বার্থে এবং সকলের জন্য তার সাথে শ্রমিকদের স্বার্থে, শিল্পের স্বার্থে এর থেকে উৎকৃষ্ট সিদ্ধান্ত সম্ভব নয়।

(গোলমাল)

(এই সময়ে কংগ্রেস-আই সদস্যরা ওয়াক-আউট করলেন)

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভার সদস্যবর্গ সহ সংশ্লিষ্ট এবং আধিকারিকদের নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশ্ন করতে চাইছি,

সংস্কৃত শিক্ষা আমাদের ভারতবর্ষে একটা ঐতিহ্যমণ্ডিত শিক্ষার ধারা, ভারতীয় সংস্কৃতির ধারক-বাহক। সেই সংস্কৃতি শিক্ষা আজকে পশ্চিমবঙ্গে অত্যন্ত অবহেলিত শুধু নয়, যাঁরা এই শিক্ষা দিয়ে থাকেন তারা আজকে চরম দুর্দশাগ্রস্ত। সাম্প্রতিককালে এই পশ্চিমবঙ্গে ৬১৯টি চতুষ্পাঠী এবং টোলের প্রায় ১৯০০ শিক্ষক আজকে ১৩ মাস ধরে সরকারি ডি.এ. পাচ্ছেন না। এই অবস্থায় গত কয়েকদিন আগে কলেজ স্কোয়ারে পণ্ডিতগণ বিক্ষোভ প্রদর্শন করেছেন। কিন্তু তবুও সরকারের দৃষ্টি আকর্ষণ হয়নি। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী এবং আধিকারিকদের কাছে দাবি জানাচ্ছি, তাঁদের ১৩ মাসের ডি.এ. যেন অবিলম্বে প্রদান করা হয়।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি অপানার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা রাজ্যের জাতীয় সড়ক, রাজ্য সড়ক এবং জেলা সড়ক জুড়ে ছিন্নমূল পরিবারগুলি রাস্তার দুই ধারে বাড়ি-ঘর করে বসবাস করছে।

[12.40—12.50 p.m.]

ফলে সমস্যা হচ্ছে পরিবহনের যাতায়াতের। মুর্শিদাবাদ জেলাতে গঙ্গা-পদ্মার ভাঙনে ছিন্নমূল পরিবারগুলি রাস্তার দু-ধারে বসতি করে আছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার দাবি, সারা রাজ্যে রাস্তার দু-ধারে যে সমস্ত ছিন্নমূল পরিবারগুলি বসতি করে আছে তাদের চিহ্নিত করা হোক এবং তাদের সেখান থেকে তুলে নিয়ে গিয়ে সরকারের খাস জমিতে পুনর্বাসিত করা হোক।

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ছোট্ট জিনিস এখানে বলে রাখা প্রয়োজন। এই যে ভাড়া বৃদ্ধির—রিস্ট্রাকচারিং-এর প্রস্তাব আমি সভায় রেখেছি, আপনার অনুমতি নিয়ে বলছি, সেটা ১ এপ্রিল, ২০০৩ থেকে চালু হবে।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয়. অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা সাতগেছিয়ার দক্ষিণ রায়পুর এলাকায় গত ১৮ই মার্চ দোলের দিন যখন সবাই বসন্তের রঙে রঙিন হয়ে একে অপরকে রাঙাচ্ছিল সে সময় হঠাৎ গঙ্গার ভাঙনে সেখানে ১২টি বাড়ি এবং ৬টি দোকান জলের তলায় তলিয়ে যায়। সেখানকার মানুষগুলি পাশের স্কুলবাড়ি এবং ক্লাবঘরে আশ্রয় নিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী বারবার এ ব্যাপারে হস্তক্ষেপ করা সত্ত্বেও সেচমন্ত্রীর যা সেচ বিভাগের সেই অনুসারে সাড়া পাওয়া যাচ্ছে না, সেই অনুযায়ী কাজ হচ্ছে না। স্যার, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে তাই বলতে চাই যে অবিলম্বে সেখানে স্থায়ী বাঁধ নির্মাণ করা হোক এবং যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন, মাননীয় ত্রাণমন্ত্রীর সঙ্গে আমি কথা বলেছি, অবিলম্বে তাঁরা যাতে ক্ষতিপূরণ পান সে ব্যবস্থা তিনি করুন।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত উদ্‌বেগের সঙ্গে একটি বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নবদ্বীপ বিধানসভা কেন্দ্রের মধ্যে পুনরায় দুষ্কৃতীরা কাঞ্চনা ঘোষ নামে ১৪/১৫ বছরের এক

কিশোরীকে রেপ করেছে। মেডিক্যাল পরীক্ষাতে সেই রেপের ঘটনা প্রমাণিত হয়েছে। স্যার, নবদ্বীপ এলাকায় এইভাবে একের পর এক রেপের ঘটনা ঘটছে। স্যার, ঐ কিশোরী কাঞ্চনা ঘোষ, যাকে রেপ করা হয়েছে সে লজ্জায়, ঘৃণায় পড়াশুনা করতে পারছে না, বাইরে বেরোতে পারছে না, পরীক্ষা দিতে পারছে না। স্যার, এইরকম একটা উদ্‌বেগজনক ঘটনা সি পি এমের আশ্রিত সমাজবিরোধীরা ঘটিয়েছে। আমার দাবি, রেপের আসামীকে গ্রেপ্তার করে জেলে থাকতে থাকতেই তার বিচার করে কঠোর শাস্তির ব্যবস্থা করা হোক যাতে বাইরে বেরিয়ে সে সাক্ষী নষ্ট করতে না পারে। তারপর স্যার, নবদ্বীপের মায়াপুরে সুখেন দাস নামে এক তৃণমূল কংগ্রেসের কর্মীকে খুন করা হয়েছে। আমার দাবি, সেখানেও উপযুক্ত আসামীকে গ্রেপ্তার করে জেলে রেখেই তার বিচার সমাপ্ত করে শাস্তির ব্যবস্থা করা হোক সামাজিক পরিস্থিতির সুস্থ রাখার জন্য।

শ্রী আবুল হাসনাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলা-সহ অবশিষ্ট নদিয়া এবং বীরভূমকে নিয়ে অবিলম্বে মধ্য বঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হোক। এইসব এলাকা পিছিয়ে রয়েছে। মধ্য বঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন ছাড়া এইসব এলাকার মানুষদের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সম্ভব নয়। অবিলম্বে তাই এই পর্ষদ গঠনের জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী অসিত মাল : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখনও গ্রীষ্মকাল আসেনি, কিন্তু বীরভূম জেলায় বিভিন্ন গ্রামে পানীয় জলের চরম সংকট দেখা দিয়েছে। দীর্ঘদিন ধরে পঞ্চায়েতগুলিতে পয়সা না পাঠানোর ফলে পঞ্চায়েতের ইচ্ছা থাকলেও টিউবওয়েল মেরামত করতে পারছে না। আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর কাছে আবেদন করব অতি সত্বর বীরভূম জেলায় পানীয় জল পৌঁছে দেবার জন্য যে সমস্ত টিউবওয়েল খারাপ হয়ে পড়ে আছে সেই টিউবওয়েলগুলি মেরামত করার ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, সামাজিক অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে হলদিয়া উন্নয়নে নন্দীগ্রামের গুরুত্ব অপরিসীম। নন্দীগ্রাম থেকে হলদিয়া যেতে গেলে মাঝখানে হলদি নদী রয়েছে। প্রতিদিন হাজার হাজার নন্দীগ্রাম এলাকার মানুষ হলদিয়াতে যায় যন্ত্রচালিত নৌকা করে। চরকে-দ্যামারীতে জেটি নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। মাননীয় ভূতলমন্ত্রী এখানে রয়েছেন, আমি তাঁকে অনুরোধ করব যাতে দ্রুত ফেরি সার্ভিস লঞ্চ হলদিয়া থেকে চরকে-দ্যামারীতে চালু হয় তার ব্যবস্থা তিনি যেন করেন।

শ্রী কালীপদ মণ্ডল : স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুর বিধানসভা কেন্দ্রের রূপনারায়ণ নদীর বাঁধে শিবপুর গ্রামের খালের উপর কোনো ব্রিজ বা কালভার্ট না থাকার ফলে দীর্ঘদিন মানুষের যোগাযোগ বিচ্ছিন্ন। ভরা কোটালের জলোচ্ছ্বাসে খালের দু-কূল প্লাবিত হয় এবং গ্রামের মানুষকে খুবই অসুবিধার সম্মুখীন হচ্ছে। এমতাবস্থায় আমার অনুরোধ যাতে অবিলম্বে কালভার্ট নির্মাণের ব্যবস্থা করে গরিব মানুষদের রক্ষা করা যায় তার জন্য সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আমাদের রাজ্যে ২ লক্ষ চটকল শ্রমিক রয়েছে। কয়েক বছর আগে ত্রিপাক্ষিক চুক্তি হয়। কিন্তু মালিক পক্ষ সে চুক্তি কার্যকরী করছে না। এমনকী গ্র্যাচুইটি প্রভিডেন্ট ফান্ড দিচ্ছে না। এই অবস্থায় শ্রমিকদের মধ্যে অসন্তোষ দানা বেঁধে উঠছে। অবিলম্বে আবার ত্রিপাক্ষিক অবঠক ডেকে এই অসহনীয় অবস্থা দূর করার আবেদন জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ জিনিস এই মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হল যে, আপনারা সকলেই জানেন রামাপদ চট্টোপাধ্যায় একজন বড় ধরনের সাংবাদিক ছিলেন এবং দেশপ্রেমিকও ছিলেন।

[12.50 p.m.—1.00 p.m.]

আমরা জানি, বিশ্বকবি রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর একটা গভীর সম্পর্ক ছিল। সেই পরিপ্রেক্ষিতে আজ পর্যন্ত তাঁকে সেই রকম সম্মান আমরা পশ্চিমবাংলার মানুষরা জানাতে পারিনি। বাঁকুড়া জেলার পাঠক পাড়াতে যাঁর জন্ম, সেই রামানন্দ চট্টোপাধ্যায়ের একটি বাড়ি আছে বাঁকুড়ার স্কুলডাঙ্গায়। সেই বাড়িটিকে নিয়ে একটা দোদুল্যমান অবস্থা পৌরসভা থেকে আরম্ভ করে প্রশাসনের মধ্যে। কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী যখন বাঁকুড়াতে গিয়েছিলেন তখন বাঁকুড়া জেলার প্রেস ক্লাব থেকে তাঁর কাছে একটি ডেপুটেশন দিয়েছিল। বাঁকুড়ার মানুষও তাঁর কাছে ডেপুটেশন দিয়েছিল। কয়েকদিন আগে বাঁকুড়াতে একটি কনভেনশন অনুষ্ঠিত হয়। সেখানে তাঁর বাড়িটিকে নিয়ে আলোচনা হয়। তাঁর স্ত্রী মনোরমা দেবীর নামে ঐ বাড়ির পড়চা আছে। জায়গাটিকে নিয়ে এখন টানাপোড়েন চলছে। এটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়। বাড়িটিকে হেরিটেজ ভবন হিসাবে গণ্য করে সরকার এর ব্যবস্থা নিক, এটি আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে রাখছি, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বংশীবদন মৈত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হুগলি জেলার খানাকুল এলাকায় খানাকুল থানা এলাকায় একটি হসপিটাল আছে। সেখানে যতজন ডাক্তারবাবু থাকার কথা, তার মধ্যে অনেকেই নেই। সেখানে মাত্র তিনজন ডাক্তারবাবু আছে। আবার এই তিনজন এমন ডাক্তার যাঁরা সবাই একই গ্রুপের। তাঁরা সবাই চাইল্ড স্পেশালিস্ট। গ্রামাঞ্চল থেকে কোনো রোগী গেলে তখনই বলে দেওয়া হচ্ছে 'রেফার্ড টু আরামবাগ'। এর ফলে ওখানকার সাধারণ মানুষ যারা চিকিৎসার জন্য আসছে তারা খুবই কষ্ট পাচ্ছে। ওখান থেকে আরামবাগের ডিসট্যান্স ৩০-৪০ কি.মি.। সাধারণ মানুষ চিকিৎসা করাতে এসে ফিরে যাচ্ছে। তারা কষ্ট পাচ্ছে। ওখানে অবস্থাটা এমনই যে এক্স-রে মেশিন পর্যন্ত নেই আর যেগুলো আছে সেগুলো সিঙ্গুরে আছে। এই রকম যে ঘটনা ঘটছে, এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আবার ডাক্তারবাবুদের একটি বিষয় হচ্ছে, তাঁরা একটানা ডিউটি করেন। সাত দিনের মধ্যে এক একজন পরপর ছ'দিনের ডিউটি করেন। আমি এইদিকে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় পরিবহনমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২০শে মার্চ বাকসি থেকে হাওড়ায় 'এল'গামী একটি বাস ধুলাগড় বাসস্ট্যান্ড ছেড়ে যাবার পর একজন মহিলা যাত্রী হাত তুলে বাসে নেবার জন্য অনুরোধ করেন। তাঁকে বাসে তুলে নেবার পর রাস্তায় টহলদারী পুলিশ অফিসার এবং পুলিশ কর্মচারী এসে ওই বাসের হেল্পারকে প্রচণ্ড মারতে শুরু করে। তার হাত-পা ভেঙে যায়। তখন সমস্ত জনতা ক্ষুব্ধ হয়। বাসের ড্রাইভার বাস থামিয়ে ছেলেটির পরিচর্যা করতে থাকে। এই অবস্থায় পুলিশ নির্মমভাবে হেল্পার, কন্ডাকটর এবং ড্রাইভারের ওপরে ঝাঁপিয়ে পড়ে। পুলিশ তারপর অজামিনযোগ্যভাবে গ্রেপ্তার করেছে। হাওড়ার জেলে আছে এবং পাঁচদিন হল হাওড়া-বাকসা রুটে 'এল'গামী বাস চলছে না। স্যার, আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে।

মিঃ ডেপুটি স্পীকার : আপনারা যে বিষয়টা উল্লেখ করবেন বলে জানাচ্ছেন সেই বিষয়ের মধ্যেই সীমাবদ্ধ রাখার চেষ্টা করবেন।

শ্রী অসিত মিত্র : আমি অন্য কোনো বক্তব্য রাখিনি।

শ্রীমতী সুস্মিতা বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বড়জোড়া বিধানসভার অন্তর্গত বড়জোড়া থেকে পসন্না পর্যন্ত যে রাস্তাটি আছে, সেই রাস্তাটি পাকা করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বড়জোড়ার মধ্যে পসন্না পর্যন্ত যে রাস্তাটি, ওই রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ রাস্তা, ওই রাস্তা দিয়ে শতাধিক মানুষ এবং যানবাহন চলাচল করে। সুতরাং রাস্তাটির গুরুত্ব যথেষ্ট রয়েছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে ওই রাস্তাটি পাকা করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ইং ১২ই মার্চ, ২০০৩ প্রবল ঘূর্ণি ঝড় ও ব্যাপক শীলাবৃষ্টিতে কাকদ্বীপে গ্রাম পঞ্চায়েতগুলিতে শত শত মিঠে পানের বরোজ, তরমুজ, লঙ্কা, রবিশস্য সহ পুকুরের মাছের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। একেবারে নিশ্চিহ্ন হয়েছে কাকদ্বীপ বিধানসভার রামগোপালপুর গ্রাম পঞ্চায়েতের হরেন্দ্রনগর মৌজা, রবীন্দ্র গ্রাম পঞ্চায়েতের মৃণালনগর, গিরিশচন্দ্রপুর, চিন্তামনিপুর, জ্যোতিষপুর, কুমারপুর, জহরপুর, মন্মথপুর এবং বাপুজী গ্রাম পঞ্চায়েতের তক্তিপুর মৌজার মাইতিরচক, দক্ষিণ বারাসাত চক, গুড়িয়া চক্র, পালের চক, নস্কর চক গ্রামগুলির বহু বাড়ির ক্ষয়ক্ষতি হয়েছে। এতবড় ক্ষয়ক্ষতির পরেও সরকারি কোনো ত্রাণ বা নিরপেক্ষ তদন্ত করে ক্ষতিপূরণের কোনো পদক্ষেপ নেওয়া হচ্ছে না। আজ পর্যন্ত প্রশাসনিক দপ্তর থেকে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। বারেবারে কাকদ্বীপের বিডিও এবং এস ডি ও, জেলার প্রশাসনকে জানানো সত্ত্বেও কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। রাজ্যের ত্রাণমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি ত্রাণমন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে অনতিবিলম্বে ওই গ্রাম পঞ্চায়েত এলাকাগুলো সরেজমিনে তদন্ত করা হয় এবং প্রকৃত ক্ষয়ক্ষতি নির্ধারিত করে ব্যবস্থা গ্রহণ করা যায় তার জন্য ব্যবস্থা নেন সেই দাবি জানাচ্ছি।

শ্রী মোহন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের মধ্যে বাউড়িয়া গ্লসটার কেবিল ফ্যাক্টরিতে এক বছর যাবৎ ওখানকার মালিক কর্তৃপক্ষ বেআইনিভাবে ৭০০ কর্মচারী ছাঁটাই করে দিয়েছে। তাদের কোনো গ্র্যাচুয়িটি দিচ্ছে না। বর্তমানে আবার তারা প্রস্তাব নিয়েছিল ৫০০ শ্রমিককে আবার ছাঁটাই করবে। সিটু সহ অন্যান্য ইউনিয়ন এর বিরোধিতা করে। সেই দাবি না মেনে গত ২৫.২.০৩ তারিখে সাসপেনশান অফ ওয়ার্কের নোটিশ ঝুলিয়ে দিয়ে কারখানাটি বন্ধ করে দিয়েছে। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যাতে ওই কারখানাটির সাসপেনশন অফ ওয়ার্কের নোটিশ তুলে দেওয়া হয় সেই ব্যাপারে সচেষ্ট হন।

শ্রী অজিত ভুঞ্যা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিম মেদিনীপুর জেলার ডেবড়া ব্লকে টাবাগেড়িয়াতে স্থানীয় মানুষের দাবি যে, কংসাবতী নদীর উপর একটা সেতু নির্মাণ করা হোক। পূর্ত দপ্তরের বিশেষজ্ঞ দল বহুবার ওখানে গিয়ে তদন্ত করে এসেছে। ওই ব্রীজটি নির্মাণ হলে ওই এলাকায় অন্তত ৫০ হাজার মানুষ বাস করে, যারা কৃষি কাজের সঙ্গে যুক্ত তারা সবজি, ফসল থেকে শুরু করে সব কিছু বাজারে আনতে গেলে প্রচুর পরিবহন খরচ পড়ে। সেখানে ওই ব্রীজটি হলে পরে কৃষিকাজে যুক্ত মানুষদের উপকার হবে এবং বিক্রি করতে তাদের সুবিধা হবে।

[1.00—1.10 p.m.]

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, পূর্ব মেদিনীপুর জেলার রসুলপুর নদীর ধার ঘেঁষা দরিয়াপুর গ্রামে ঋষি বঙ্কিমচন্দ্রের স্মৃতিবিজড়িত কপালকুণ্ডলা মন্দিরটি জরাজীর্ণ অবস্থায়, উপেক্ষিত অবস্থায় পড়ে আছে। গাছের শিকরে মন্দিরটি ধ্বংসের দিকে এগিয়ে চলেছে এবং যে কোনো সময় মন্দিরটি ভেঙ্গে পড়বে। ১৮৬০ খ্রিস্টাব্দের ২১শে জানুয়ারি ঋষি বঙ্কিমচন্দ্র নেগুয়ার ম্যাজিস্ট্রেট হিসাবে আসেন। ওই সময় তিনি ওই দুর্গম এলাকায়, বঙ্গোপসাগরের নিকটবর্তী রসুলপুর নদীর ধারে, নির্জন এলাকায় মন্দিরটি দেখতে পান। দরিয়াপুরের মন্দিরের পরিবেশ তাকে খুবই মুগ্ধ করে। ওখানকার চরিত্র অবলম্বন করেই তিনি কপালকুণ্ডলা উপন্যাস রচনা করেন। অবিলম্বে ওই মন্দিরটির সংস্কারের জন্য এবং মন্দিরটি যাতে ঐতিহ্যবাহী ভবন হিসাবে স্বীকৃতি পায় তার জন্য আমি তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাগবাজার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গা, কিন্তু ওখান থেকে একটার পর একটা সরকারি বাস উইথড্র করে নেওয়া হচ্ছে। ইদানীং ২৪০ নম্বর বাস রুটটি উইথড্র করে তার রুটটি চেঞ্জ করা হয়েছে। ফলে ওই এলাকার নিবেদিতা স্কুল, শৈলেন্দ্র সরকার বিদ্যালয়, শ্যামবাজার বালিকা বিদ্যালয়, শ্যামবাজার এ. ভি স্কুল, মণীন্দ্রচন্দ্র কলেজ, সরস্বতী বালিকা বিদ্যালয়ে সহ ওই

এলাকার ছাত্র-ছাত্রীদের ও রাজবল্লভপাড়া, কুমারটুলি, শোভাবাজারের জনসাধারণের, যারা ওই রুট দিয়ে যাতায়াত করতেন তারা খুবই দুর্ভোগের মধ্যে দিয়ে পড়েছে। এই ব্যাপারে স্থানীয় থানা, ট্র্যাফিক পুলিশ ও পি.ভি.ডি-কে জানিয়েছি। কিন্তু এখনো পর্যন্ত এই ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে দাবি জানাচ্ছি, ওই পুরনো রুটেই যাতে ২৪০ নম্বর বাস যাতায়াত করে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। তা নাহলে স্থানীয় জনসাধারণ পথ অবরোধ করবে। আমি এই যে মেনশান করলাম মাননীয় মন্ত্রীর কাছে, এই ব্যাপারে কি প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে সেই ব্যাপারে আমাকে জানালে ভালো হয়।

শ্রীমতী মীনা সনাতনী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাঁওতালি সাহিত্যের মহাকবি সাধু রামচাঁদ মুর্মুর একটি আবক্ষ মূর্তি ঝাড়গ্রাম শহরে প্রতিষ্ঠা করার জন্য আমি পৌরমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। সাধু রামচাঁদ মুর্মু শুধু কবিই ছিলেন না, তিনি একজন সমাজ সংস্কারকও ছিলেন। আদিবাসী সমাজ যখন তার সংস্কৃতিকে ভুলতে বসেছিল তখন তিনিই তাদের সঠিক পথে পরিচালিত করেন। ভারতীয় সাহিত্যের বিশাল ঐতিহ্যের আমরা তার অবদান অস্বীকার করতে পারি না। এই মহান কবির প্রতি শ্রদ্ধা নিবেদন করার জন্য তার আবক্ষমূর্তি প্রতিষ্ঠা করে তার প্রতি আমরা শ্রদ্ধার্ঘ্য অর্পণ করতে পারি।

শ্রী অশোক দেব : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও মাননীয় মন্ত্রিমহাশয় এখানে নেই, আমি দীর্ঘ সাত বছর ধরে এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় এবং জেলা পরিষদের সভাপতির দৃষ্টি আকর্ষণ করছি, শাখারিপোতা, সোনামুখী এই দুটি মেইন রাস্তা আশুতি টু গ্রাম পঞ্চায়েত, টি.এম. ব্লকের মধ্যে পড়ে। কিন্তু এই রাস্তা দুটির কাজ এখনও পর্যন্ত হল না। কিছুদিন আগেও মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন রাস্তার কাজ শুরু করা হবে। কিন্তু আমি জেলা পরিষদে গিয়ে খোঁজ নিয়ে দেখলাম, এই ব্যাপারে সঠিক কথা কেউ বলতে পারছে না এবং সেখানে গিয়ে দপ্তরে কাউকে খুঁজে পাওয়া যাচ্ছে না। স্বাভাবিকভাবেই বামফ্রন্ট সরকারের কাছে এর চেয়ে বেশি কিছু আশা করতে পারি না। মন্ত্রী বা জেলা পরিষদ সভাপতিরা ভাওতা বন্ধ করে কাজ করুন। গতকাল দেখেছি নিশিথবাবু আশ্বাস দেওয়া আর কাজ করা সম্বন্ধে ভিন্ন মত পোষণ করেছেন। আমি যে চিঠি দিয়েছি, সেই কাজ হবে কি হবে না তার উত্তর দেবেন আশা করছি।

শ্রীমতী উমারানী বাউড়ি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা রঘুনাথপুর হাড়মাড্ডি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত ভবনটি দপ্তরের অবহেলায় অকেজো হয়ে পড়ে আছে, এলাকার মানুষ স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। অনতিবিলম্বে উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি যাতে কার্যকরী করা হয় সেই জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী শীতল সর্দার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, সাঁকরাইল একটি সিডিউল কাস্ট এরিয়া। সেখানকার অধিকাংশ মানুষ কৃষিজীবী মৎস্যজীবী ও খেটে পাওয়া মানুষ। সেখানে

৭৭ কিলোমিটার দীর্ঘ সরস্বতী নদীটি মজে গেছে। এর থেকে পরিবেশ দূষণও হচ্ছে। নদীটি সাঁকরাইল থেকে চণ্ডীতলা, সিঙ্গুর পর্যন্ত গেছে। এই নদীটি সংস্কারের দাবি বারবার বিধানসভায় করেছি। সেচ দপ্তরের রাষ্ট্রমন্ত্রীকেও বলেছি, তিনি বলেছেন হবে। কিন্তু কবে হবে, কি করে হবে তা জানতে পারছি না। যত তাড়াতাড়ি সম্ভব নদীটি সংস্কার যাতে করা হয় এবং ঐ অঞ্চলের কয়েক লক্ষ মানুষ যাতে উপকৃত হয়, তার দাবি জানাচ্ছি।

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নাকাশিপাড়া থানার বেথুয়াডহরিতে পরিকাঠামো সহ একটি নিয়ন্ত্রিত কৃষি বিপণন কেন্দ্র আছে। সেই কেন্দ্রের আর্থিক অনুদান থেকে বিভিন্ন কৃষিপণ্য আনবার জন্য রাস্তাঘাট তৈরি হত, বর্তমানে সেই উন্নয়ন বন্ধ। আমরা জানতে পেরেছি সেখানে পাহাড় প্রমাণ দুর্নীতি জমেছে। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি, তিনি তদন্ত করে দেখবেন এবং সেখানে উন্নয়ন যাতে অব্যাহত হয় সেটা দেখবেন।

[1.10—1.20 p.m.]

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং ওয়াকফ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনার ঘুটিয়ারি শরিফ হচ্ছে একটা পবিত্র তীর্থস্থান। প্রতি বছর দুবার করে মেলা হয়। একটা হচ্ছে ৭ই আষাঢ় অম্বুবাচী মেলা। এটা এক সপ্তাহ ধরে হয় এবং ১৭ই শ্রাবণ এটা দুদিন হয়। লক্ষ লক্ষ তীর্থযাত্রী এই তীর্থস্থানে আসেন। এতদিন একটা সুন্দর পরিবেশের মধ্য দিয়ে মেলা পরিচালিত হচ্ছিল। এখন গত কয়েক বছর ধরে ওই মেলা সমাজবিরোধীদের সাট্টা জুয়া খেলার আখড়া হয়ে দাঁড়িয়েছে। ওখানে প্রায় ৫ হাজার পতিতাদের কোয়ার্টার হয়েছে। ৩০০টি হোটেল খোলা হয়েছে। এই সব হোটেলে প্রতিদিন রাত্রে অসামাজিক কাজকর্ম চলে পুলিশের নাকের ডগায়। এস পি, ডি এমকে বলা সত্ত্বেও পরিবেশ সুষ্ঠু করে তোলার কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ওয়াকফ স্টেটের যেসব মুতুয়ালি আছে, সেখানে দুষ্কর্ম করা হচ্ছে। আজকে এই ঘুটিয়ারি শরিফের মসজিদ-এর যাতে পরিবেশ সুন্দর হয়, অসামাজিক কার্যকলাপ বন্ধ হয় তার জন্য আবেদন জানাচ্ছি। এছাড়া ঘুটিয়ারি শরিফ মসজিদ হতে কালামুড়ু পর্যন্ত এই ৪ কিলোমিটার রাস্তা অবর্ণনীয় হয়ে পড়েছে। এই রাস্তাটি যাতে সারানো হয় তার জন্য আবেদন করছি। এর সাথে আরও বলছি ক্যানিং থানার ও সি, এস ডি পি-ও সেখানে গিয়ে আবার রাত্রিবেলা চলে আসে। আসামীদের ধরছে কিন্তু টাকা পয়সা নিয়ে ছেড়ে দিচ্ছে। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই ও সি-কে ট্রান্সফার করে ওখানে ভালো অফিসারকে নিয়োগ করা হয়।

শ্রী আবদুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সামনে পঞ্চায়েত নির্বাচন। সংবাদপত্রে দেখেছি যে, মে মাসের দ্বিতীয় সপ্তাহে পঞ্চায়েত নির্বাচন হবে। পঞ্চায়েত নির্বাচনের ডেট অ্যানাউন্স করার কথা রাজ্য সরকারের এবং স্টেট ইলেকশন কমিশন নোটিফিকেশন থেকে শুরু করে এভরিথিং করে। কাগজে দেখছিলাম যে, থার্ড এপ্রিল রাজ্য সরকার ঘোষণা করবে। স্যার, যখন হাউস চলে তখন হাউসেই ঘোষণা করতে হয়। থার্ড এপ্রিল, হাউস চলবে কিনা জানি না। কিন্তু স্যার, হাউস যখন চলছে সেই সময় বাইরে

ঘোষণা—এটা হাউসকে অবমাননা করা হয়। আমি পঞ্চায়েতমন্ত্রীকে ফোন করেছিলাম। ৩১শে মার্চ পর্যন্ত হাউসের বিজনেস আছে। তাহলে পঞ্চায়েত নির্বাচন কোন তারিখে হবে, সেটা যদি পঞ্চায়েতমন্ত্রী হাউসে ঘোষণা করেন, তাহলে হাউসের সম্মান রাখা হয়। বাইরে যেদিনই করুক, যেহেতু বিধানসভা চলছে, সেহেতু বিধানসভায় ঘোষণা করা হোক। আমার মনে হয়েছে অতীতেও এই ধরনের ঘটনা ঘটেছে। ১৯৯৮ সাল পঞ্চায়েতমন্ত্রী হাউসে ডেট ঘোষণা করেছিলেন।

শ্রী সৌগত রায় : স্যার, মান্নান সাহেব যেটা বলেছেন সেটা খুবই সঠিক কথা। পঞ্চায়েত নির্বাচনের তারিখ হাউসকে এড়িয়ে গিয়ে বাইরে ঘোষণা করব, এটা ঠিক নয়। এরপর স্যার, আমি যে কথা বলছি সেটা হচ্ছে—আজকে কলকাতা শহরে বিভিন্ন ধরনের ধর্মঘট হচ্ছে। এতে সাধারণ মানুষ অবর্ণনীয় কষ্ট পাচ্ছেন। রাজ্য সরকার এইসব ক্ষেত্রে ব্যবস্থা নিচ্ছেন না। প্রথমটা হচ্ছে কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজের জুনিয়ার ডাক্তাররা স্ট্রাইক করছেন। গতকাল একজন ডাক্তারের উপর হামলা হয়েছিল। এই ঘটনাকে কেন্দ্র করে এর প্রতিবাদে জুনিয়র ডাক্তাররা স্ট্রাইক করছে। ন্যাশনাল মেডিক্যাল কলেজে সকাল থেকে অ্যাডমিশন হচ্ছে না। দ্বিতীয়ত আজ সকাল থেকে স্কুল বাস কন্ট্রাক্ট ক্যারেজের বাস মালিকরা স্ট্রাইক করছে। স্কুল বাসে প্রচুর ছাত্র-ছাত্রী যাতায়াত করে। অবিলম্বে ট্রান্সপোর্ট মিনিস্টারের এটা দেখা উচিত। এই সময় স্কুলের পরীক্ষা চলছে। তৃতীয়ত সারা কলকাতায় সমস্ত কেমিস্ট-ড্রাগিস্ট ওষুধের দোকান তারা স্ট্রাইক করছে। আমি সকালবেলায় একটা জরুরি ওষুধ কিনতে গিয়েছিলাম, তাঁরা বললেন সারা কলকাতায় শুধু ১৪টা দোকান খোলা থাকবে। বহু সিরিয়াস পেসেন্ট আছে, তাঁরা যদি ওষুধ চান তাহলে তাঁরা পাবেন না। এরা ভ্যালু অ্যাডেড ট্যাক্সের বিরুদ্ধে প্রতিবাদ করছেন। এটা আপনাদের দেখা দরকার যে এক দিনে ৩টে স্ট্রাইক হচ্ছে। জুনিয়র ডাক্তারদের, কন্ট্রাক্ট ক্যারেজ বাস ও স্কুল বাস অপারেটর আর কেমিস্ট-ড্রাগিস্টদের স্ট্রাইক চলছে। তার উপরে দক্ষিণ কলকাতার বিস্তীর্ণ এলাকায় জল নেই, কোনো একটা পাইপ লাইনে রিপেয়ার হবে বলে। এই স্ট্রাইকগুলি আগে থেকে ডাকা থাকে, কিন্তু মন্ত্রী কোনো উদ্যোগ নেন না, এগুলি দেখা উচিত। এখন মাৎস্যন্যায় চলছে। খোদ কলকাতায় যদি এই রকম অবস্থা চলে, তাহলে জেলাগুলিতে কি অবস্থা হচ্ছে। এটা দেখা দরকার। দক্ষিণ কলকাতায় পানীয় জলের ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার দরকার।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি জিরো-আওয়ারটা আগে বলছি মেনশনের জায়গায়। স্যার, গতকাল কাশ্মীরে ২৪ জন পণ্ডিহত সমাজের লোকদের হত্যা করা হয়েছে, এর মধ্যে ১১ জন মহিলা এবং ২ জন শিশু। স্যার, একথা মনে রাখতে হবে আমরা এই সভা থেকে গুজরাটের দুঃখজনক ঘটনার বিরুদ্ধে এখানে তীব্র ধিক্কার জানিয়েছি। যখনই কোথাও এই ধরনের দুঃখজনক ঘটনা ঘটেছে আমরা তখনই তার প্রতিবাদ করেছি। কিন্তু আমি লক্ষ্য করে দেখছি আমাদের এই সভা উদ্বেগহীন যখন কাশ্মীরে এই ধরনের একটা হত্যাকাণ্ড হয়ে গেল। আমাদের দেশের প্রায় ৮০ ভাগ মানুষ যে সম্প্রদায়ের মানুষ সেই মানুষদের মনে যদি এই রকম একটা ধারণা জন্মায় যে কেবলমাত্র রাজনৈতিক মুনাফা লোটার

জন্যই শুধুমাত্র একটা শ্রেণির কথাই ভাবব তাহলে ভবিষ্যতে যখন আবার এই ধরনের দুঃখজনক ঘটনা ঘটবে সেটা কি আমরা বন্ধ করতে পারব। যখন এই ধরনের এক শ্রেণির ধর্মীয় মানুষকে হত্যা করা হবে তখন আমাদের সকলের উচিত তার বিরুদ্ধে প্রতিবাদ করা। বিশেষ করে কাশ্মীরের সরকার যারা আগে ঘোষণা করেছিল জৈশ-ই-মহম্মদ বা লস্করই-তৈবার যারা মিলিট্যান্ট তাদের ছেড়ে দেওয়ার কথা। আমি মনে করি এই ধরনের উগ্রপন্থীদের খুব কড়াভাবে মোকাবিলা করা উচিত। সরকার যেন এই বিষয়ে সতর্ক থাকে। এই ঘটনাকে আমি তীব্র ধিক্কার জানাচ্ছি। আমি মনে করি সমস্ত দলের মানুষরা এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করবেন। একটা বিশেষ সম্প্রদায়ের মানুষকে জম্মু-কাশ্মীর থেকে বিতারণ করা হচ্ছে। এর আগে একটা বিরাট অংশের এই সম্প্রদায়ের মানুষ তারা দিল্লি পালিয়ে গিয়েছিল। সেখানে উগ্রপন্থী যাঁরা রয়েছেন তারা বিশেষ একটা ধর্মীয় সম্প্রদায়ের মানুষকে কাশ্মীর থেকে বহিষ্কার করার চেষ্টা করছেন। কাশ্মীরের সমস্ত মানুষের একযোগে এর তীব্র প্রতিরোধ করা দরকার বলে আমি মনে করি।

শ্রী কাশীনাথ মিশ্র : (হাউজে উপস্থিত নন।)

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে খবরের কাগজে দেখলাম অন্ধ্রপ্রদেশ বিধানসভায় বিধায়করা তুমুল হট্টগোল করেছেন, কারণ খরার জন্য যে ত্রাণসামগ্রী দেওয়ার কথা ছিল তাঁরা সেটা দিতে পারেননি। সেখানে দলে দলে কৃষকরা আত্মহত্যা করছে। এই অবস্থায় অন্ধ্রপ্রদেশ বিধানসভায় বিরোধী সদস্যরা হই-চই শুরু করেন। অবশ্য পরে মুখ্যমন্ত্রী সেখানে এই অবস্থার সামাল দেন। সুতরাং আজকে এই সভা থেকে এই অন্ধ্রপ্রদেশের চাষী যারা আত্মহত্যা করেছে তাদের জন্য আমরা সমবেদনা জানাচ্ছি।

[1.20—1.30 p.m.]

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী এবং এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২০শে মার্চ আমার নানুর বিধানসভা কেন্দ্রের হারমুর গ্রামে একটা নারকীয় ঘটনা, কলংকজনক ঘটনা ঘটিয়েছে ওই তৃণমূল আশ্রিত সমাজবিরোধীরা। স্যার, করুণা দাস নামে এক ভদ্রমহিলাকে রাতের বেলা বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে তৃণমূলের দুজন নেতা পাশবিক অত্যাচার করেছে, ধর্ষণ করেছে। আমরা তার বিচার চাই। স্যার, আজ থেকে এক বছর আগে সৌগতবাবু এবং শোভনদেববাবু এই দুজন নেতা, সোলেমান শেখ এবং শেখ মনিরুলের হাত থেকে কংগ্রেসের পতাকা তুলে নিয়ে তৃণমূলের নেতা বানিয়েছিলেন, তারা এই নক্কারজনক ঘটনা ঘটিয়েছে। ওই ঘটনার তীব্র প্রতিবাদ করে আমি বলতে চাই যে, আজকে পঞ্চায়েত নির্বাচনকে ভণ্ডুল করার জন্য তৃণমূল বিভিন্ন জায়গায় এই ধরনের ঘটনা ঘটাচ্ছে। কারণ, ওরা জানে পঞ্চায়েত নির্বাচনে ওরা পশ্চিমবাংলার মানুষের কাছ থেকে আরো দূরে সরে যাবে। তাই আজকে ওরা আবার চম্পলা সর্দারের মতো ঘটনা ঘটাচ্ছে। আমি দোষীদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জলপাইগুড়ি জেলার তরাই, ডুয়ার্স ও দার্জিলিং মিলিয়ে মোট ২২টা চা-বাগানের ৫০ হাজার শ্রমিক স্টার্ভেশন ও ম্যাল-নিউট্রেশনে ভুগছে। গত ১০ মাসে ২৫৪ জনের মৃত্যু হয়েছে। আমরা এ ব্যাপারে হস্তক্ষেপের জন্য বারবার মাননীয় মন্ত্রী আমিন সাহেবের কাছে আবেদন করেছি। কিন্তু এ ব্যাপারে শ্রম দপ্তর সম্পূর্ণভাবে ব্যর্থ। এক্ষেত্রে প্রশাসনিক হস্তক্ষেপ দরকার। এ ব্যাপারে অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রী মিটিং ডাকুন। আগামীকাল শিলিগুড়িতে ডুয়ার্স চা-ওয়ার্কার্স ইউনিয়ন-ইউ.টি.ইউ.সি., দার্জিলিং চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়ন, প্রভৃতির সাথে মিটিং আছে এবং কালকে কয়েক হাজার চা-বাগান শ্রমিক বিধানসভা অভিযান করবে। এই অবস্থায় আমি চাইছি মৃত্যুর মিছিল বন্ধ হোক। যে সমস্ত চা-মালিক প্লান্টেশন লেবার অ্যাক্ট ভায়োলেট করে শ্রমিকের প্রভিডেন্ট ফান্ডের কোটি কোটি টাকা, গ্র্যাচুইটির এবং গ্রুপ ইনসিওরেন্সের লক্ষ লক্ষ টাকা মেরে দিচ্ছে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক। এবং যাতে করে দুঃস্থ শ্রমিকদের মৃত্যু না হয় তার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী সরাসরি তাদের ডেকে কথা বলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী শম্ভুনাথ মাণ্ডি : রেসপেকটেড ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা যারা সাউথ-ইস্টার্ন রেলের যাত্রী, বিশেষ করে জনপ্রতিনিধিরা, আমাদের একটা অসুবিধা হচ্ছে, ঝাড়গ্রামের এদিক থেকে এ.সি. ফাস্ট ক্লাস, সেকেন্ড ক্লাসের রিজার্ভের টিকিট না পেয়ে ওয়েটিং লিস্টে থেকে দাঁড়িয়ে দাঁড়িয়ে যাতায়াত করতে হয়। তাই আমার দাবি ইস্টার্ন রেলের ঝাড়গ্রাম থেকে হাওড়া পর্যন্ত সিধু-কানহু সুপার এক্সপ্রেস চালু করা হোক।

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা অতি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা মহানগরীর বুকে পুকুর ও জলাশয় ভরাট করা সম্পূর্ণভাবে বেআইনি। কিন্তু ৬ নম্বর কলকাতা কর্পোরেশনের বোরো ওয়ানের ১২, ১৩ ও ১৪ কে.সি. রোডে বস্তি এলাকায় ২০ কাঠায় দুটো পুকুর, জলাশয় ছিল। কিন্তু ইদানীং কোনো দুর্নীতিপরায়ণ প্রোমোটার সেই পুকুর-জলাশয় ভরাট করে বাড়ি করার চেষ্টা করছেন। কাজেই আমি এ বিষয়ে পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানাচ্ছি, পূর্ণাঙ্গ তদন্ত করে যে প্রোমোটার এই ২০ কাঠার উপর পুকুর, জলাশয় ভরাট করেছে তার শাস্তির ব্যবস্থা এবং তাকে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

ZERO HOUR

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র জামালপুরে জৌগ্রাম-নুরি মোড়ে একটা পুলিশ ক্যাম্প আছে। এই জৌগ্রাম-নুরি মোড়ে একটা সরকারি বাড়ি এবং জমি আছে। এই জৌগ্রাম-নুরি মোড়ের একদিকে রেলওয়ে স্টেশন এবং আরেকদিকে দুর্গাপুর এক্সপ্রেসওয়ে। জৌগ্রাম-নুরি মোড় থেকে থানা অনেক দূরে। অবিলম্বে জৌগ্রাম-নুরি মোড়ে

একটা পুলিশ ফাঁড়ি যাতে করা হয় তার জন্য আমি মাননীয় পুলিশমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অশোককুমার দেব : স্যার, সরকার পক্ষের সদস্যরা এখন থেকেই হুমকি দিচ্ছেন যে, 'পঞ্চায়েতে আমরা দেখে নেব'। এতে প্রমাণিত হচ্ছে যে, পঞ্চায়েতকে সামনে রেখে তারা রিগিং করা এবং মস্তানি করার চেষ্টা করবেন। আমরা চাই সুস্থভাবে পঞ্চায়েত নির্বাচন হোক। কিন্তু আপনারা চাইছেন না যে, সুস্থভাবে পঞ্চায়েত নির্বাচন হোক। মাননীয় সৌগতবাবু বলেছেন যে, বিভিন্ন স্কুলের সামনে ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা অপেক্ষা করছেন, কারণ হঠাৎ করে স্কুলবাস বন্ধ হওয়ার জন্য তাঁরা চিন্তিত হয়ে পড়েছেন, ছাত্র-ছাত্রীদের স্কুলে যাতায়াত করতে অসুবিধা হচ্ছে। হঠাৎ করে বাস বন্ধ হওয়ার ফলে অনেক অফিস যাত্রীরও অফিস যেতে অসুবিধা হচ্ছে। এ ব্যাপারে সরকারের আগেই পদক্ষেপ নেওয়া উচিত ছিল, কিন্তু সরকার কোনো পদক্ষেপ নেননি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কাশ্মীর মৃত্যু উপত্যকা। এখন সারা পৃথিবীর মানুষের চোখ ইরাকের দিকে। গতকাল সন্ত্রাসবাদীরা কাশ্মীরের পুলওয়াথা জেলার নদীমার্গ গ্রামে ২৪ জন পণ্ডিতকে নির্বিচারে হত্যা করেছে, এই ২৪ জনের মধ্যে ২ জন শিশু এবং ১১ জন মহিলা আছে। এই ঘটনার আমি তীব্র নিন্দা করছি। যারা সন্ত্রাসবাদী তাদের কঠোর শাস্তি প্রদানের জন্য আমি এই রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, কলকাতা শহর ক্রমশ মহিলাদের জন্য নিরাপত্তা হারাচ্ছে। কয়েকদিন আগে পার্ক স্ট্রিট এবং ফ্রি স্কুল স্ট্রিটের মোড়ে একটি মেয়েকে, যে মডার্ন স্কুলে দশম শ্রেণিতে পড়ে তার উপর কয়েকজন মোটরবাইক আরোহী হামলা করে। সৌভাগ্যবশত পুলিশ সামনে ছিল এবং মোটরবাইক আরোহীরা সবাই ধরা পড়ে। আরেকটা ঘটনা হল, গতকাল রাজভবনের সামনে কার্জন পার্কের কাছে মোটরবাইকে করে একজন ভদ্রলোক ও একজন ভদ্রমহিলা যাচ্ছিলেন, সেই সময় আরেকটা মোটরবাইকে করে ৩ জন এসে যে মোটরবাইকে করে একজন ভদ্রলোক ও একজন ভদ্রমহিলা যাচ্ছিলেন সেই মোটরবাইকের আরোহী ভদ্রমহিলাকে উত্যক্ত করতে থাকে। সেই মহিলার চিৎকারে পুলিশ এসে ওই ৩ জন মোটরবাইক আরোহীকে গ্রেপ্তার করেছে। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, 'মহিলাদের উপর নিগ্রহের ক্ষেত্রে আমাদের আরও বেশি করে সক্রিয় হতে হবে।' যদি পার্ক স্ট্রিট বা রাজভবনের কাছে এই ধরনের ঘটনা ঘটে তাহলে অপেক্ষাকৃত যেগুলো নিরিবিলি জায়গা সেখানে এই ধরনের ঘটনার সম্ভাবনা থাকবে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারকে বলব যে, মহিলাদের নিগ্রহের ঘটনার ব্যাপারে কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য তাঁরা যাতে পুলিশকে নির্দেশ দেন।

[1.302.00 p.m.]

(including adjournment)

শ্রী জানে আলম মিঞা : মাননীয় ডেপুটি স্পীকার সাহেব, আমি মাননীয় অধ্যক্ষ সাহেব এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন কমিশন থেকে নির্বাচন সংক্রান্ত ২ খানা বই বের করেছে। সেই বইটার নাম হচ্ছে—পার্লামেন্টারি ইলেকশানস ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৫২ থেকে ১৯৯৯, আর একটা হচ্ছে অ্যাসেমব্লিকিজ ইলেকশানস ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৫২ থেকে ২০০১। এই দুখানা বই বিনামূল্যে জনস্বার্থে বিধায়কদের যেন দেওয়া হয়। তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2.00—2.10 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী সৌগত রায় : স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার বিরোধিতা করে এবং আমরা যে কাট মোশানগুলি আনব সেগুলির সমর্থনে বলছি। স্যার, আমার আগামীকাল বলার কথা ছিল। কিন্তু অর্থমন্ত্রী আমাকে একদিন আগে বলতে বলেছিলেন। কারণ আমি যেগুলি বলব সেগুলি সম্বন্ধে তিনি তাঁর জবাবকালে প্রস্তুত হয়ে আসতে পারবেন। পরে অবশ্য বলেছিলেন, আমি যখন ইচ্ছে বলতে পারি। আমি আগেই বলছি এবং আশা করব আমি যে তথ্য এবং স্টাটিসটিক্স দেব অর্থমন্ত্রী তার জবাব দেবেন।

স্যার, অর্থমন্ত্রীর কাছে আমার প্রথম বক্তব্য হচ্ছে, এবার নিয়ে ১৬ বছর ধরে উনি বাজেট পেশ করছেন। এখন উনি পদত্যাগ করুন। কারণ ওঁর নেতৃত্বে রাজ্য সবচেয়ে বড় অর্থনৈতিক সংকটের মধ্যে পড়েছে। '৮৭ সাল থেকে একটানা অর্থমন্ত্রী থাকার সুবাদে এর দায়িত্ব পুরোপুরি ওনার এবং এবারের এই বাজেটে হি হ্যাজ নট শোন এনি লাইট অ্যাট দি এন্ড অব দি টানেল। কোনো আলোই আমরা দেখতে পাচ্ছি না। আমি পরে এ ব্যাপারে বিস্তারিত বলব, তার আগে আমি দু-একটা কথা বলে রাখি।

অর্থমন্ত্রীর অভ্যাস হচ্ছে সবসময় কিছু তথ্য দিয়ে যে কোনো ব্যাপারকে আপসেট করে দেওয়া—গুলিয়ে দেওয়া। যেমন স্যার, ওঁর বাজেটটা পড়ে আপনি ভাববেন কেন্দ্রের উদারনীতির জন্যই কেন্দ্রের আর্থিক অবস্থা খারাপ। উনি বলেছেন ৪.৪ শতাংশ গ্রোথ রেট। ঠিকই বলেছেন। কিন্তু উনি যেটা এড়িয়ে গেছেন, সেটা হল রিফর্মসের প্রথম লক্ষ ছিল মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা, ফরেন এক্সচেঞ্জ বাড়ানো। এখন মুদ্রাস্ফীতি হচ্ছে মাত্র ২.৬%, লোয়েস্ট এভার। আর ফরেন এক্সচেঞ্জ হচ্ছে ৭৫ বিলিয়ন ইউ.এস. ডলার, হায়েস্ট এভার। অর্থনৈতিক সংস্কারের এই দুটো লক্ষই পূরণ হয়েছে।

ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে রিকভারি হয়েছে ২০০১-২০০২ সাল থেকে—৩.৩% থেকে ৬.১% গিয়েছে সারা ভারতবর্ষ, সার্ভিসেস ৬.৮% থেকে ৭.১% গিয়েছে।

মাননীয় অর্থমন্ত্রী বলছেন, সংস্কারের জন্য কৃষিতে খারাপ হয়েছে। না। উনি নিশ্চয়ই জানেন এই সময় ভারতবর্ষে সবচেয়ে খারাপ খরা হয়েছিল রাজস্থান সহ বহু প্রদেশে এবং

তার জন্য এগ্রিকালচার ডাউন হয়েছে ৩%। তাতেও রেট অব গ্রোথ ৪.৪% রয়েছে। এক্সপোর্ট, গত আর্থিক বছরে ২০%-এর বেশি বেড়েছে।

সুতরাং মাননীয় অর্থমন্ত্রী কনফিউজড করছেন। হি কনফিউজড দি কানট্রি অন দি কানট্রিস ইকোনমিক রিকভারি, ফরেন রিজার্ভ অ্যান্ড ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ। তিনি ফরেন এক্সচেঞ্জ রিজার্ভটা এড়িয়ে যাচ্ছেন।

মাননীয় অর্থমন্ত্রী তাঁর বক্তব্যের শেষ প্যারায় বলেছেন, জনগণকে নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করতে হবে, প্রয়োজনে কেন্দ্র-রাজ্য সম্পর্কের পরিবর্তন করে সেই সীমাকেই অতিক্রম করতে হবে। এ বছর উনি যে অবস্থায় রাজ্যকে ফেলেছেন তাতে কেন্দ্রীয় সরকার ওঁর প্রতি সদয় না হলে মার্চ মাসের মাইনে দেওয়া বন্ধ হয়ে যেত। কেননা উনি যে বই বের করেছেন তাতে আছে ৫,৩৯৪ কোটি টাকা ডেফিজিট ছিল ৩১শে জানুয়ারি ২০০৩ তারিখে। সেটা কি করে মেক-আপ হল ? তার মধ্যে উনি ৫০০ কোটি টাকা এক্সট্রা ট্যাক্স তুলেছেন এবং ৫০০ কোটি টাকা খরচ কম করার একটা সীমা বেঁধেছেন। অর্থাৎ ৫,৩৯৪ কোটি টাকার মধ্যে ১,০০০ কোটি টাকা ওঁর সংগ্রহ। আর কেন্দ্র মধ্য-মেয়াদী ঋণ দিয়েছে ৮৭৮ কোটি টাকা এবং কেন্দ্র ঋণভিত্তিক অর্থ সংগ্রহের একটা চান্স দিয়েছে ১৫০০ কোটি টাকা। তাতেও ২ হাজার ১৬ কোটি টাকা ডেফিসিট ছিল। কেন্দ্র আজকে বন্ড ছেড়েও ঋণ আদায় করার সুযোগ করে দিয়েছে। মেস ক্রিয়েট করেছেন উনিই। আর কি—কেন্দ্রীয় সরকার এই প্রথম ভ্যালু অ্যাডেড ট্যাক্স চালু করেছেন সারা দেশে এবং তার জন্য অর্থমন্ত্রীরা যে দাবি করেছেন—কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ করবেন কোথায় ? রাজ্যগুলির যে লস হবে তার ১০০ পারসেন্ট পূরণ করে দেবে কেন্দ্রীয় সরকার এবং পরের বছর আংশিকভাবে পূরণ করে দেবে ভ্যালু অ্যাডেড ট্যাক্সের জন্য এবং সেন্ট্রাল সেলস ট্যাক্স যেটা কমাবার কথা ছিল ৪ পারসেন্ট থেকে ২ পারসেন্ট, সেটাও কমিয়ে দেওয়া হয়েছে। এই প্রথম কেন্দ্রীয় সরকার রাজ্যকে টেক্সটাইল, টেবাকো এবং সুগার—এই ৩টে আইটেমে ট্যাক্সেশন করার সুযোগ করে দিয়েছে। ফলে আজকে এক মিনিটের জন্যও অর্থমন্ত্রী এটা বলতে পারবেন না কেন্দ্র বাধা হয়েছে। উনিই একটা ফিনানসিয়াল মেস তৈরি করেছেন এবং তার থেকে কেন্দ্রীয় সাহায্য যা পেয়েছেন তাতে উনি মাহিনাটুকুই দিতে পারছেন। আজকে আমি বেসিক প্রিন্সিপ্যালের কথা বলছি, একটা সরকার চলে তার বাজেটের উপর। বাজেটে ৩ রকমের কাজ থাকে। ১ নম্বর হচ্ছে, কোয়ারসিভ মেশিনারী—সরকারের পুলিশ থাকে, জেল থাকে। ২ নম্বর হচ্ছে, ওয়েলফেয়ার মেশিনারী—সরকার কিছু কিছু জনকল্যাণমূলক কাজ করেন। ৩ নম্বর হচ্ছে, ডেভেলপমেন্ট—সরকার ডেভেলপমেন্ট ইনফ্রাস্ট্রাকচারের জন্য খরচ করে যাতে তার মাধ্যমে নাগরিকদের আর্থিক অবস্থার উন্নতি হয়, তারপর সেই নাগরিকদের কাছ থেকে ট্যাক্স আদায় করে সরকার। আপনার সরকারি কর্মচারীদের ভূমিকা কি ? এই ৩টি ফাংসানের জন্য সরকারি কর্মচারীদের ইনসিডেন্টাল রাখতে হয়, কিছু কিছু লোক এইসব কাজ করে। কিন্তু অসীমবাবুর বামফ্রন্ট শুধু সরকারি কর্মচারীদের দেখতে গিয়ে এবং দুর্নীতির জন্য সারা রাজ্যকে ডুবিয়ে দিয়েছেন চিরকালের অন্ধকারে। গতকাল বামফ্রন্টের সদস্য শ্রী মুস্তাফা বিন কাশিম বক্তৃতা দিয়ে চলে

গেলেন। কিন্তু কি অবস্থা এই রাজ্যের ? ওনার পাবলিজড বাজেট অ্যাট এ গ্লান্স দেখলে এক কথায় বলা যায় রাজ্যের অবস্থা কি ? রাজ্যে অসীমবাবুর নেতৃত্বে মোট দেনা হচ্ছে ৮৮ হাজার ৪৮৮ কোটি টাকা। এই ৮৮ হাজার ৪৮৮ কোটি টাকার মধ্যে লোকের প্রভিডেন্ট ফান্ড যেটা পাবলিক অ্যাকাউন্টে থাকে সেটা তুলে উনি খরচ করেছেন। এমনকি রিজার্ভ ফান্ড এবং ডিপোজিট যেটা রাজ্যের কাছে থাকে তার থেকেও উনি খরচ করেছেন। এ বছর ডেফিসিট কত—৯ হাজার ৮৭৭ কোটি টাকা অর্থাৎ প্রায় ১০ হাজার কোটি টাকা। মোট দেনা কত—৮৮ হাজার কোটি টাকা। মোট বাজেট ডেফিসিট প্রায় ১০ হাজার কোটি টাকা। এবারে রাজ্য সরকার কি করে চলবে ? এ বছরে আমি বললাম—মাহিনা দিতে খরচ হবে প্রায় ১৩ হাজার কোটি টাকা, গতবারে যেটা ছিল ১২ হাজার কোটি টাকা সেটা বেড়ে হবে ১৩ হাজার কোটি টাকা। আর এর ইন্টারেস্ট অর্থাৎ সুদ এবং আসল দিতে খরচ হবে ১৪ হাজার কোটি টাকা। ১৪ হাজার ৬০০ কোটি টাকা সুদ এবং আসল দিতে খরচ হবে। সুদ ৭ হাজার ৮০০ কোটি টাকা আর আসল ১৭ হাজার ৫৭ কোটি টাকা। তাহলে এইরকম মাহিনা দেবার খরচ বেড়ে গেল, সুদ দেবার খরচ বাড়লে ২৭ হাজার কোটি টাকায় গিয়ে দাঁড়ায়। বামফ্রন্টের সদস্যরা শুনুন, এ বছর এক ছটাক ডেভেলপমেন্টও উনি যদি না করেন তাহলে রাজ্যের ফিক্সড খরচ হচ্ছে মাহিনা এবং সুদ দিতে ২৭ হাজার কোটি টাকা। টোটাল রেভেনিউ আরনিং কত ? স্টেট ট্যাক্স নিয়ে, কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে আর যদি ডিভিসিবল পুল থেকে অর্থ আসে তাও নিয়ে ১৭ হাজার কোটি টাকা। বছরের বাজেট না করলেও ১০ হাজার কোটি টাকা ধার থেকে যাচ্ছে—এই হচ্ছে অর্থনৈতিক অবস্থা। ঋণ বাড়তে বাড়তে হয়েছে ১৪ হাজার ৬০০ কোটি টাকা আর ডেবট সার্ভিসিং করতে হচ্ছে। খালি ঋণ নিয়ে যাব, কেন্দ্র আরো ঋণ দিক, এই দুটো থিয়োরি—যাবৎ জিবেৎ সুখং জীবেৎ, ঋণং কৃত্বা ঘৃতং পীবেৎ, উনি ঋণ করে ঘি খেতে চান। এইভাবেই উনি রাজ্যকে ডোবাচ্ছেন।

[2.10—2.20 p.m.]

ওর যে গ্রোথের ফর্মুলা—বিকল্প অর্থনীতি আর কিছু নয়, ওর হচ্ছে লোন লেড গ্রোথ, মানে শুধু লোনের ভিত্তিতে উনি চলতে চাইছেন। স্যার, আপনি দেখুন উনি এ বছর বলছেন কি কি চান। এগ্রিকালচার বাজেটে তো টাকা দিতে পারছেন না, সেখানে উনি বলছেন এগ্রিকালচারের জন্য ন্যাশানালাইজড ব্যাংক থেকে উনি ১৩শো কোটি টাকা নেবেন এবং কো-অপারেটিভ ব্যাংক থেকে ৪১৪ কোটি টাকা নেবেন। এটা হচ্ছে লোন যেটা পরে ফেরত দিতে হবে। তারপর স্মল ইন্ডাস্ট্রির জন্য উনি ১ হাজার কোটি টাকা চেয়েছেন ন্যাশানালাইজড ব্যাংক থেকে আর ৩০০ কোটি টাকা চেয়েছেন কো-অপারেটিভ ব্যাংক থেকে। এখানে এ বছর উনি শুধু সেই লোন লোন লোন নেবার কথাই বলে গিয়েছেন। রাজ্যটাকে সুদে-আসলে একেবারে ডুবিয়ে দিচ্ছেন। স্যার, একটা থিয়োরি হতে পারে—লোন নিয়ে যদি ডেভেলপমেন্ট করা হয় তাহলে আমাদের পক্ষে রিসোর্স মবিলাইজেশনটা ভালো হয়ে যাবে। স্যার, আমাদের রাজ্যে রিসোর্স মবিলাইজেশনের কি হাল সেটা আমি আপনাকে দেখাব। এই যদি অবস্থা হয় তাহলে রিসোর্স মবিলাইজেশন কি করে ভালো হবে ? গত বছরটা ছিল ১০ম পঞ্চবার্ষিকী

পরিকল্পনার প্রথম বছর এবং সেখানে তিন হাজার কোটি টাকা প্ল্যানে খরচ হবে। তিন হাজার কোটি টাকার প্ল্যান মানে কি ? এ রাজ্যে কোনো ডেভেলপমেন্ট ২০০২/০৩ সালে হবে না ভালো করে। এডুকেশনের ৬৮ কোটি টাকা প্ল্যানে কমিয়েছেন। হেলথে ২১ কোটি টাকা, ওয়াটার সাপ্লাই, আরবান ডেভেলপমেন্টে ৭০০ কোটি টাকা, এগ্রিকালচারে ১০৯ কোটি টাকা, ইরিগেশনে ১৮৭ কোটি টাকা, এনার্জিতে ৩৮৮ কোটি টাকা, ইন্ডাস্ট্রিতে ৭২ কোটি টাকা, ট্রান্সপোর্টে ৪৪৭ কোটি টাকা। তিন হাজার কোটি টাকা অ্যানাউন্স ট্যাক্সে কমেছে। উনি কেন্দ্রীয় সরকারের সমালোচনা করছেন। সেন্ট্রাল গভর্নমেন্টের গতবারের চেয়ে এবারে ৭.৯ পারসেন্ট প্ল্যানে খরচ বেড়েছে আর এখানে প্ল্যানে খরচ কমে যাচ্ছে। আপনি বলেছিলেন গত বছর ৬ হাজার ৭৯৭ কোটি করবেন। এবারে করেছেন ৩ হাজার ৭৯৭ এবং একই লেভেলে ২০০২/০৩-তে হল ৩ হাজার ৭৯৭ এবং ২০০৩/০৪ হবে বলছেন ৩ হাজার ৮৯৭। তার মানে প্ল্যানে আপনার কমে যাচ্ছে। ভারতবর্ষের কোনো রাজ্যে কি এরকম অবস্থা হয়েছে যেখানে প্ল্যানে এতটা মার খেয়েছে ? অসীমবাবু বলছেন যে ওর আর্থিক সংকটের কারণ হচ্ছে ৫ম বেতন কমিশন। উনি বলছেন এতে মাহিনার বার্ডেনটা বেড়ে ডবল হয়ে গিয়েছে। তার মানে উনি দুটি জিনিস করেছেন একসঙ্গে। এ রাজ্যে উনি দ্বিগুণ খরচ করেছেন মাহিনা দিতে। এখানে একটা বিচিত্র যুক্তি উনি দিয়েছেন। উনি বলেছেন যে কেন্দ্র ৫ম বেতন কমিশন দিয়েছিল তাই আমাদেরও দিতে হয়েছে। এটা তো বিচিত্র ব্যাপার। একটা কোম্পানি বড় সে ১০ হাজার টাকা মাহিনা দেয়, আর একটা কোম্পানি ছোট সে ৫ হাজার টাকা মাহিনা দেয়—এটা তো হয়ই। যে মাহিনা মাল্টি ন্যাশনাল আই.টি.সি.-তে চাকরি করলে পাবে সেই মাহিনা নিশ্চয় বড়বাজারে কোনো দোকানে করলে পাবে না। ওর যদি ক্ষমতা না থাকে তাহলে আগে থেকে কেন প্ল্যানিং করলেন না ? এখন উনি বলছেন ৫ম বেতন কমিশন কেন্দ্র দিয়েছিল তাই আমাদের দিতে হয়েছে। কেন্দ্র যেটা করেছিল সেটাও কেন্দ্র করে ভুল করেছিল। তখন দেবেগৌড়ার দুর্বল সরকার ছিল, সুরজিতের চাপে পড়ে করেছিল। দেশের সর্বনাশ করে দিয়েছে ৫ম বেতন কমিশন অ্যাকসেপ্ট করে এবং উনি সেই সর্বনাশ ঘাড়ে নিয়ে আজকে রাজ্যবাসীদের ডোবাচ্ছেন। ৯ লক্ষ লোককে উনি মাহিনা দেন কিন্তু রাজ্যে তো থাকে ৮ কোটি লোক। প্ল্যানের জন্য খরচ হলে উন্নতি হতে পারত ৮ কোটি লোকের কিন্তু উনি শুধু পলিটিক্যাল কারণে মাহিনা দিতে গিয়ে রাজ্যকে এই অবস্থার মধ্যে ফেললেন। তাছাড়া কোনো ট্রান্সপারেন্সী নেই। উনি দু বছর আগেও বলেননি যে এই ক্রাইসিস আসতে পারে। আজকে উনি কিভাবে ট্যাক্স চাপাচ্ছেন ? গত বছর ৫শো কোটি টাকা ট্যাক্স চাপিয়েছেন। কিসের উপর কর করেননি ? গ্রামে জমির খাজনার উপর বাড়িয়েছেন, পেট্রোল, ডিজেলের উপর সেস বাড়িয়েছেন, কোর্ট ফি বাড়িয়েছেন, মোটর ভিহিকলসের উপর বাড়িয়েছেন, স্ট্যাম্প ডিউটি বাড়িয়েছেন, এবারে আবার মদের দোকান থেকে ৭৫ কোটি টাকা ধরেছেন। এবারে মোটর ভেহিকলসের থেকে উনি আরও ১০০ কোটি টাকা চেয়েছেন, কলকাতা শহরের জমির খাজনা বাড়িয়ে আরও ১৫০ কোটি টাকা চেয়েছেন। সবচেয়ে খারাপ যেটা সেটা হচ্ছে উনি অকট্রয় অবস্ট্রাকটিভ ট্যাক্স, যেটা দেশের ব্যবসার পক্ষে ক্ষতিকর সেই ট্যাক্সটাকে উনি আবার ইনট্রোডিউস করেছেন। এর চেয়ে সর্বনাশের আর কি হতে পারে ?

তাহলে রাজ্যের লোকের উপর উনি তিন মাসের মধ্যে ১৩২৫ কোটি টাকার ট্যাক্স চাপালেন। তারপর আজকে আবার বাসের ভাড়া বাড়ল। তাহলে এই রাজ্যে শুধু মাইনে দিয়ে দল রাখবেন ? রাজ্যের মানুষের উপর ১৩১৫ কোটি টাকার ট্যাক্স বসিয়েছেন। বঙ্গভবন থেকে শুরু করে পি.ডবলু.ডি-র রাস্তা থেকে আরম্ভ করে কোর্ট ফি, হাসপাতালের চিকিৎসা করার জন্য, পরীক্ষার ফি দেওয়ার ক্ষেত্রে সব কিছুতে বাড়িয়েছেন। আপনারা ভুল সিদ্ধান্ত নিয়ে ক্ষমতার বাইরে গিয়ে সরকারি কর্মচারীদের মাইনে বাড়িয়েছেন জনপ্রিয়তা অর্জনের জন্য রাজনৈতিক স্বার্থে। ওনারা মাঝে মাঝে বলেন আমাদের রেট অফ গ্রোথ খুব ভালো। সেই ব্যাপারে আমি দু-চারটি তথ্য দিচ্ছি। প্রথম বলি, ইন্ডাস্ট্রি নিয়ে অনেক বড় বড় কথা বলেন যে এতো ইন্ডাস্ট্রি হয়েছে। ওনার নিজের ইকনমিক রিভিউ বার হয়েছে যেখানে উনি বলেছেন, "It can be seen that total investment in West Bengal was on the lower side compared to Gujrat, Tamil Nadu, Uttar Pradesh, Maharashtra etc. আপনি শুনবেন স্যার, পশ্চিমবাংলায় ২০০২ সালে কত ইনভেস্টমেন্ট হয়েছে, আউটস্ট্যান্ডিং ইনভেস্টমেন্ট ? ২৩,৬৫০ কোটি টাকা। সেখানে কর্নাটকে হয়েছে ৯০ হাজার কোটি টাকা, প্রায় ৪ গুণ। অন্ধ্রপ্রদেশে হয়েছে ৫৩ হাজার কোটি টাকা, প্রায় ডবল। গুজরাটে ৭৮,৯৮১ কোটি টাকা, প্রায় ৩ গুণ। ইনভেস্টমেন্ট ভালো হয়েছে ! গুজরাটের একের তিন কর্নাটকের একের চার। কি করে রাজ্যে চাকরি হবে ? উনি বলছেন আমরা খুব দ্রুত এগোচ্ছি। ইনফরমেশন টেকনোলজিতে তত বেশি টাকার দরকার ছিল না। আমি একটা প্রশ্ন জিজ্ঞাসা করেছিলাম সারা ভারতবর্ষের মধ্যে আই.টি-তে কত পারসেন্ট প্রোডাকশন পশ্চিমবাংলরা ? উত্তর হল ৩ পারসেন্ট। আই.টি.তে ইউ আর ৩ পারসেন্ট। আপনার পরে তিনটি রাজ্য। কোথায় আপনি এগিয়েছেন ? প্রতি বছর সবচেয়ে বড় একটা বুজরুকি হিসাব দেন। প্রতি বছর আপনি হিসাব দেন এতো লোকের চাকরি হচ্ছে এতো কর্মসংস্থান হচ্ছে। এবারে বলেছেন ৭ লক্ষ কর্মসংস্থান হবে। আপনাকে একটা ইকনমিক সার্ভে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার হিসাব দিচ্ছি। আমাদের ভারতবর্ষে যত রাজ্য আছে তার মধ্যে সেকেন্ড হায়েস্ট আনএমপ্লয়মেন্ট হচ্ছে পশ্চিমবাংলা। কেরালা ২১ পারসেন্ট, পশ্চিমবাংলা ১৫ পারসেন্ট, আর সমস্ত রাজ্য আমাদের চেয়ে নিচে। মহারাষ্ট্রে এটা হচ্ছে মাত্র ৫ পারসেন্ট। ওয়েস্ট বেঙ্গল, ওরা বলছেন, "West Bengal with 63 lakhs has maximum number of unemployed out of total 4.16 crores of registered unemployed in the whole of the country." পশ্চিমবাংলায় হচ্ছে ৬৩ লক্ষ। আজকে পশ্চিমবাংলার যখন এই অবস্থা তাহলে কোথায় আপনি পশ্চিমবাংলাকে এগোলেন ? আপনি এক জায়গায় বলেছিলেন পার ক্যাপিটা আনডার ডোমেস্টিক প্রোডাক্ট ইন কারেন্ট প্রাইস, তার মানে মাথাপিছু আয় কত এই রাজ্যের লোকের। পশ্চিমবাংলার হচ্ছে ১৬ হাজার ৭২, আমাদের পজিশন হচ্ছে নবম। সারা ভারতবর্ষের মধ্যে আনএমপ্লয়মেন্টে ফার্স্ট, আর পার ক্যাপিটা ডোমেস্টিক প্রোডাক্টে নাইন্থ। এই জায়গায় আমরা দাঁড়িয়ে আছি। আপনারা নাকি এডুকেশনে, লিটারেসিতে অনেক এগিয়েছেন। এবারে কেন্দ্রীয় সরকার ইকনমিক সার্ভে হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স তৈরি করেছেন, তাতে র‍্যাংকিং দিয়েছেন

বিভিন্ন রাজ্যের। এটা আমরা তৈরি করি না, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া তৈরি করে। তাতে কেরালা হচ্ছে ফার্স্ট, সেকেন্ড হচ্ছে পাঞ্জাব, থার্ড হচ্ছে তামিলনাড়ু। এইভাবে মহারাষ্ট্র, হরিয়ানা, গুজরাট, কর্নাটক রয়েছে। আমরা হচ্ছি এইটথ ইন টার্মস অফ হিউম্যান ডেভেলপমেন্ট। আপনি বলছেন আমাদের যথেষ্ট উন্নতি হয়েছে। একটা তালিকা বার হয়েছে ইকনমিক সার্ভেতে পার হেক্টর কনজামশন অফ দি ফার্টিলাইজার ফর ক্রপড্ এরিয়া, সেখানে ইউ আর সিক্সথ ইন দি হোল লিস্ট। লিটারেসি নিয়ে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা খরচ হয়েছে সি.পি.এম পার্টির মাধ্যমে, লিটারেসিতে আমাদের র‍্যাংকিং হচ্ছে সেভেনটিন্থ, ৬৯ পারসেন্ট, তাহলে কোথায় আপনার উন্নতির ব্রেক থ্রু ? পশ্চিমবাংলায় এমপ্লয়মেন্ট কমছে। পশ্চিমবাংলায় পাবলিক সেক্টরে টোটাল এমপ্লয়মেন্ট হচ্ছে ২৫ লক্ষ ৬৪ হাজার, সেখানে অরগানাইজ সেক্টরে হচ্ছে ২৪ লক্ষ ৭২ হাজার। হোয়াট গ্রোথ অসীমবাবু ? সারা ভারতবর্ষের সঙ্গে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ যদি তুলনা করি, ১৯৮১ সালকে বেস ধরে যদি ১০০ ধরা হয় তাহলে সারা ভারতবর্ষে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ হয়েছে ১৪.১৭ পারসেন্ট।

[2.20—2.30 p.m.]

ভারতবর্ষে ইন্ডাস্ট্রিয়াল আউটপুট যেখানে বেড়েছে ১৪ গুণ, সেখানে ওয়েস্ট বেঙ্গলে বেড়েছে ৫.৮১। সুতরাং আপনি ইন্ডাস্ট্রিয়াল গ্রোথের ক্ষেত্রে ভারতবর্ষের তুলনায় পিছিয়ে আছেন। ৬৩ লক্ষ আন-এমপ্লয়েডের মধ্যে ৩৮ লক্ষ হচ্ছে শিক্ষিত বেকার যেখানে, এ নিয়ে এই রাজ্যকে আপনি এগিয়ে নিয়ে যাবেন ? ইনফ্রাস্ট্রাকচারে—ছটি রাজ্যের হিসাব এতে আছে, পাঞ্জাব, গুজরাট ইত্যাদি—সেখানে লেন্থ অফ রোড ইন কি.মি., স্কোয়ার কি.মি. অফ এরিয়া যেখানে ভারতবর্ষে চার হাজার, আর টোটাল লেন্থ অফ রোড, কত রাস্তা আছে, আপনি আটে আছেন। সুতরাং আপনি কোন জায়গায় ওয়েস্ট বেঙ্গলে ব্রেক থ্রু করেছেন ? অসীমবাবু, আপনি আমাকে বলবেন, আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাইছি, আপনি এক একবার এক একটা কথা বলেন। তারপর আর কিছু বলেন না। আপনি বলেছিলেন শিক্ষকদের টিউশন বন্ধ করবেন, কি হলো ? পার্টির লোকেরা বিরোধিতা করেছে, সেইজন্যই তো পিছিয়ে গেলেন। আপনি ওয়েবেলের কথা আজকে আর বলছেন না কেন ? আমি আপনাকে আরও জিজ্ঞাসা করতে চাই, গত বছর ট্যাক্স কালেকশন হবার কথা ছিল তার থেকে সাড়ে নশো কোটি টাকা কম আদায় করেছেন। এবারে বলছেন ২৯ পার্সেন্ট বাড়াবেন। কিসের ভিত্তিতে এটা বলছেন ? আপনি এতদিন পর, ২৬ বছর বামফ্রন্ট সরকারের শাসনের পর এবারের বাজেট স্পিচে স্বীকার করেছেন যে সেল্ফ সাফিশিয়েন্সী অর্জন করতে পারেননি। গম-এর চাহিদা যেখানে ১৯.৩ লক্ষ টন, সেখানে উৎপাদন করেছেন ৯.৬ লক্ষ টন। আপনি পালসে, কম, মাস্টার্ড অয়েলে কম, ফিশারিজে কম উৎপাদন করেছেন। আমরা বারবার বলছি, প্রত্যেকটা ফুড আর্টিকেলসে সেল্ফ সাফিশিয়েন্সী আপনি পাবেন না। আপনি বলেছেন রাইস, ভেজিটেবলস, আলুতে এগিয়ে গেছেন। আপনি মাছে বলছেন ৯৫ পার্সেন্ট উৎপাদন করেছেন। কিন্তু ৫ পার্সেন্ট টেবিল ফিশ আপনাকে বাইরে থেকে আনতে হচ্ছে। এর মধ্যে আপনি আবার বড়লোকেদের গায়ে হাত দেবেন না। আপনি যেখানে বলেছেন, ক্লেম করেছেন ১৭০ লক্ষ টন ফুড উৎপাদন করেছেন, সেখানে ৫ লক্ষ টনের বেশি আপনি

প্রকিওর করতে পারছেন না। ফুডের প্রোকিওরমেন্ট ৫ লক্ষ টনের বেশি হচ্ছে না। চাষীরা একাদিক্রমে মার খাচ্ছে। সুতরাং এটা আপনাকে বুঝতে হবে অসীমবাবু, আজকে একটা চূড়ান্ত ইরেসপনসিবল অর্থনীতি করে, কাউকে কিছু না জানিয়ে একাই করে নেব, লোন, লোন আর লোন নেবার চেষ্টা করছেন। রিসোর্স মোবিলাইজেশনের অবস্থা আপনার খুবই খারাপ। আপনি বলছেন ডিভাইজিবল পুল থেকে স্টেট গভর্নমেন্টগুলোকে ৫০ পার্সেন্ট দিতে হবে। তাহলে তো দেশটা ভেঙে যাবে। ওয়েস্ট বেঙ্গলকে যদি ৫০ পার্সেন্ট দেওয়া হয়, তাহলে ছোট ছোট রাজ্যগুলির—ত্রিপুরা, মণিপুর এদের কি হবে ? এরা কি করবে ? এরা কি করে চলবে ? দেশটা তাহলে ভেঙে যাবে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি, আপনার ছেড়ে দেওয়া উচিত। আপনি শিক্ষা নিয়ে গর্ব করেন। আমরা দেখিয়ে দিয়েছি যে, কেন্দ্র টাকা দেওয়া সত্ত্বেও আপনি এখানে মিড-ডে মিল চালু করতে পারলেন না। টু-থার্ড স্কুলে টয়লেট নেই। ৫০ পার্সেন্ট স্কুলে ড্রিংকিং ওয়াটার নেই। আপনি স্বাস্থ্য, শিক্ষা সব জায়গায় প্রাইভেটাইজ করছেন। ইঞ্জিনিয়ারিং কলেজ করে আপনি প্রাইভেটাইজ করছেন। আপনি পাবলিক আন্ডারটেকিংগুলোকে চালাতে পারছেন না। ৬৬টি পাবলিক আন্ডারটেকিংয়ের মধ্যে মাত্র ১২ট লাভ করছে। ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে কথা বলেও আপনি ১৬টি পাবলিক সেক্টরকে তুলে দিচ্ছেন। তন্তুজ-এর এক সময়ে মেম্বার ছিলেন পান্নালাল মাঝি। ১৯৭৫-৭৬ সালে এই তন্তুজের বিক্রি যেখানে ছিল ৭০ কোটি টাকা। এখন তন্তুজের বিক্রি দাঁড়িয়েছে ৪৩ কোটি টাকা। ১৯৭৫-৭৬ সালে তন্তুশ্রীতে যেখানে বিক্রি হত ৫০-৫৫ কোটি টাকা, এখন সেখানে বিক্রি হচ্ছে ৩৯ কোটি টাকা। তার মানে, আপনি যেগুলিকে বলেছিলেন স্ট্রং, আপনি বলেছিলেন স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে স্ট্রং, সেগুলি আজকে আস্তে আস্তে পিছিয়ে গিয়েছে। আমি আর দুটি কথা বলব। আপনি 'ভ্যাট' চালু করেছেন। আমার তার বিরুদ্ধে নই। এটা অ্যাকচুয়ালি সায়েন্টিফিক পদ্ধতি। কিন্তু আপনি 'ভ্যাট' চালু করলেন কোনো প্রস্তুতি না নিয়ে। গতবার যদি এটা করতেন তাহলে না হয় বোঝা যেত। এখানে কোনোরকম ট্যাক্স ইনভয়েস রেডি নেই, কোনো রেজিস্টার রেডি নেই। তার ফলে ভ্যাট চালু হলে একটা ক্যাওয়াস হয়ে যাবে। স্যার, ভ্যাট সাকসেসফুল হতে গেলে তিনটি জিনিস দরকার—(১) একটা ইনভয়েস কালচার লাগে, সেটা পশ্চিমবঙ্গে কিছুই নেই, (২) ফুললি কম্পিউটারাইজড ট্যাক্স অফিস, আর (৩) অনেস্ট এফিশিয়েন্ট স্টাফ টু ডিটেক্ট টু রং ট্রানজাকশন এবং (৪) নো প্যারালাল ট্যাকসেস। আপনি ভ্যাট করছেন আবার অকট্রয়, কনজাম্পশন ট্যাক্স চালু করছেন, দুটো এক সাথে কখনো হয় না। এইবার অ্যাডিশনাল একসাইজ ডিউটি তুলে দিচ্ছেন—টেক্সটাইল, টোব্যাকো এবং সুগারের উপরে। তার ফলে বহু নতুন ডিলার আপনাকে ট্যাক্স দিতে আসবে। এর মধ্যে কেন্দ্রীয় সরকারও এইবার ট্যাক্স রাজ্য সরকারকে দেবে। আপনার কি সেই মেশিনারি আছে ট্যাক্স ইমপ্লিমেন্ট করার ? আপনি কাদের দিয়ে ট্যাক্স ইমপ্লিমেন্ট করবেন ? এখানে অল রেজিস্টার ডিলারদের ১১ ডিজিট রেজিস্ট্রেশন নং দরকার। আপনার ডিপার্টমেন্ট এর জন্য রেডি নয়, এবং এক মাসের মধ্যে কখনোই রেডি হতে পারবে না। সমস্ত ডিলারদের যে ১১ ডিজিট রেজিস্ট্রেশন নম্বর করবেন বলে একটা প্রোপোজাল করেছেন যে এর জন্য ইন্সপেকশন করা হোক। কিন্তু এই

ইন্সপেকশন করার কাজটা কারা করবেন ? আপনার অফিসাররা লক্ষ লক্ষ টাকার চুরি বন্ধ করতে পারছেন না। গত বছর সেলস্ ট্যাক্স ৬৫০ কোটি টাকার কম আদায় করেছেন, এইবার অন্তত সেটা তুলুন। আমি তাই বলব কেন্দ্রের সঙ্গে সংঘাত নয়, আমি আগেও তথ্য দিয়ে বলেছিলাম যে, কেন্দ্রের কাছে আপনাদের যা পাওনা তার থেকে বেশি দিচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী অন্য রাজ্যের তুলনা করেন, কিন্তু অন্য রাজ্য দেখুন—অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু—তারা আপনাদের থেকে এগিয়ে গেছে। এবং আপনি যেটা বললেন যে, আপনাকে রাজ্যে নতুন কোনো সূর্যদয়ের মানিসকতাকে দেখিয়েছেন, তা কিন্তু আমরা দেখতে পেলাম না। পরিকল্পনার অভাবে এই রাজ্য দিনের পর দিন মার খেয়ে খেয়ে পিছিয়ে চলে যাবে। এবং আজকে যেটুকু গ্রামাঞ্চলে ইন্ডাস্ট্রি চলছে সেটা হচ্ছে সি পি এমের ইন্ডাস্ট্রি। গ্রামেগঞ্জে ইন্ডাস্ট্রি বলতে সি পি এমটাই আছে বলে এতো ব্যর্থতা থাকা সত্ত্বেও টিকিয়ে রেখেছেন। পার্টির জোরে আপনারা রয়েছেন এবং সি পি এম পার্টির ভয়ে মানুষ গ্রামে চুপ করে রয়েছে। আপনাদের পার্টির হোলটাইমারদের মাইনে হিসাবে ৮ কোটি করে টাকা দিতে হয়। সেই কারণে এতো ব্যর্থতা থাকা সত্ত্বেও পার্টির জোরে সরকার টিকে আছে। আপনার অর্থনীতি কোলাপস করে গেছে, রাজ্যের স্ট্রাকচার কোলাপস করে যাবে। গ্রামাঞ্চলে যে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলো ছিল যথা এস জি এস ওয়াই, পি এম জি এস আর এস ওয়াই, এন ডব্লিউ ডি পি আর এ এবং এস জি এস আর ওয়াই—এগুলো আজ পর্যন্ত চালু করতে পারেননি। সেখানে খুব প্রগ্রেস করতে পারেন নি। এস জি এস আর ওয়াই হ্যাজ বিন ভেরি স্লো। আর সেল্ফ হেল্প গ্রুপ করার ব্যাপারে আপনি স্বীকারও করেছেন যে, আপনার টাকা ফেরত চলে গেছে। তাই এই বাজেটকে প্রশংসার কোনো প্রশ্নই দেখলাম না। নিজেদের কিছু লোককে ভাতা দেবেন এই হচ্ছে সি পি এমের পলিশি, লোকগুলোকে গরিব রেখে, তাদেরকে ভাতা দিয়ে খাটিয়ে নিয়ে নিজেদের স্বার্থ সিদ্ধি করছেন। কোনো ইকনোমিক ডেভেলপমেন্ট নেই, প্ল্যান ডেভেলপমেন্ট করেননি। তাই আজকে রাজ্যে সর্বনাশ হয়ে যাচ্ছে। আর কিছু ফ্রিডম ফাইটারদের যে টাকা দিচ্ছেন, ওরা আসলে ফ্রিডম ফাইটার বলতে আপনাদের পার্টির ফ্রিডম ফাইটার। কংগ্রেসের বিরুদ্ধে যারা আন্দোলন করেছে তাদের ভাতা আপনারা বাড়িয়েছেন। আপনা শিশু শিক্ষা কেন্দ্র খুলেছেন—ওই শিশু শিক্ষা কেন্দ্রে কারা পড়াচ্ছে—ক্যাডারদের স্ত্রীরা সেখানে পড়াচ্ছে। ক্যাডারদের স্ত্রীদের নিয়ে এসে সেখানে পড়াচ্ছে। আপনাদের সি পি এম ইন্ডাস্ট্রি স্ট্রং করেছেন কিন্তু রাজ্যকে স্ট্রং করতে পারেননি। তাই স্বাভাবিকভাবেই এই বাজেটের বিরোধিতা আমি করছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ দিয়েছেন তাকে সমর্থন করে কিছু কথা বলতে চাই। গতকাল থেকে এই বাজেটের উপরে বিতর্ক শুরু হয়েছে। একটা জিনিস লক্ষ করলাম গতকাল থেকে আজ পর্যন্ত যে, বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা একটি কথাই বলার চেষ্টা করেছেন তাদের সেন্ট্রাল পয়েন্ট একটাই ২০০২-২০০৩ সালে পশ্চিমবঙ্গ পিছিয়ে পড়েছে, কিছুই হচ্ছে না, নিরন্তর হতাশা শোনানই ওদের একমাত্র কাজ হয়ে দাঁড়িয়েছে। সৌগতবাবু নানা তথ্য এবং তত্ত্ব দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন যে এই আর্থিক সংকটের জন্য অর্থমন্ত্রীই দায়ী, তাঁর আর ওই পদে থাকা উচিত নয়। এইরকমই অভিমত তিনি ব্যক্ত করেছেন। সারা দেশের সঙ্গে তুলনায় এই

রাজ্য নাকি অর্থনৈতিকগতভাবে পিছিয়ে যাচ্ছে। আমি শুরু করব ভারত সরকারের একটি আর্থিক সমীক্ষা দিয়ে যেটি ২০০২-০৩ সালে বেরিয়েছে। ওই সমীক্ষাতে বলা হয়েছে ১৯৯৯ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত আমাদের দেশে সামগ্রিকভাবে আভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধির হার—যেটা উনি বলেছেন

[2.30—2.40 p.m.]

৬.১ শতাংশ থেকে ৪.৪ শতাংশে এসে দাঁড়িয়েছে। শিল্প উৎপাদন বৃদ্ধির হার ছিল ৬.৬ শতাংশ, সেটা এখন এসে দাঁড়িয়েছে ৫.৩ শতাংশ। ১৯৯৯-২০০০ সালে খাদ্য উৎপাদন বৃদ্ধির হার ছিল শতকরা তিনভাগ, এই আর্থিক সমীক্ষাতে বলা হয়েছে সেটা এসে দাঁড়িয়েছে মাইনাস ১৩.৪। অর্থাৎ খাদ্য উৎপাদনে সারা দেশে একটা নেতিবাচক অবস্থা সৃষ্টি হয়েছে। চার বছরে নতুন করে ৭০ লক্ষ বেকার বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গ সম্পর্কে আমরা বা আমাদের কথা নয়, স্টেটসম্যান পত্রিকার ১৮ই জানুয়ারির সংখ্যায় বলা হয়েছে 'Actual average annual GDP growth rate according to the CSO (Central Statistical Organisation and Planning Commission) Plan panel sees 8.8 per cent growth for West Bengal in 5 years. Six States belong to the growth.'

মাননীয় সৌগতবাবুকে আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, আপনি অনেক কথা বললেন, কিন্তু রাজ্যগুলির আয়ের উৎস কি এবং সংবিধানে কি বলে দেওয়া হয়েছে সেটা বললেন না। বিভিন্ন রাজ্যগুলি যে রাজস্ব আদায় করবে, কর আদায় করবে, কেন্দ্রীয় সরকারকে তার একটা অংশ রাজ্যগুলিকে দিতে হবে। কত দিতে হবে সেটা ঠিক করবে অর্থ কমিশন। অর্থ কমিশন বলেছিল ২৯.৫ শতাংশ দিতে হবে। কিন্তু আন্তঃরাজ্য পরিষদের স্থায়ী কমিটিতে সিদ্ধান্ত হয়েছিল, সেখানে সব রাজ্যের অর্থমন্ত্রীরা ছিলেন, তাঁরা বলেছেন রাজ্য থেকে রাজস্ব আদায়ের, কর আদায়ের শতকরা ৫০ শতাংশ রাজ্যগুলিকে দিতে হবে। আর যতক্ষণ না দেওয়া হচ্ছে ততক্ষণ সাড়ে তেত্রিশ শতাংশ রাজ্যগুলিকে দেওয়া হোক এবং ধীরে ধীরে সেটাকে ৫০ শতাংশে নিয়ে যাওয়া হোক। কিন্তু এখনও নির্ধারিত আছে ২৯.৫ শতাংশ। আমার বক্তব্য সৌগতবাবু—আন্তঃরাজ্য পরিষদের স্থায়ী কমিটিতে ঐক্যমত হয়ে যে সিদ্ধান্ত গৃহীত হল তা আজও পর্যন্ত কার্যকর হল না কেন ? শুধুমাত্র কাকস্য পরিবেদনা ছাড়া আর কিছুই নয়। সংবিধানের নিয়ম অনুসারে, জাতীয় উন্নয়ন পরিষদের সিদ্ধান্ত অনুসারে প্রধানমন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রীর যে আলোচনা হয় তার ভিত্তিতেই এই ৮৭৮ কোটি টাকা মধ্যমেয়াদী ঋণ হিসাবে দেওয়া হয়, এটা কারও দয়া নয় সৌগতবাবু। ২৩শে জুলাই সব রাজ্যের অর্থমন্ত্রীদের নিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী একটি বৈঠক করেন এবং ২৬শে জুলাই আমাদের রাজ্যের অর্থমন্ত্রীকে চেয়ারম্যান করে একটি উচ্চপর্যায়ের কমিটি গঠিত হয় এবং সেই কমিটি একাধিকবার আলোচনা করে। সেই কমিটি ১৭ই জানুয়ারি যে সভা করে তারই পরিপ্রেক্ষিতে এই ১৫০০ কোটি টাকা প্রাতিষ্ঠানিক ঋণ হিসাবে দেওয়ার সিদ্ধান্তক নেওয়া হয়। এটা কারও দয়াদানের ব্যাপার নয়। সাড় ছয় বছর আগেই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল কেন্দ্রীয় প্রকল্পের অর্থ রাজ্যগুলিকে হস্তন্তর করতে হবে, কিন্তু আজও পর্যন্ত হস্তান্তর করা হল না। উপরন্তু বিদেশী

ঋণ নিয়ে কেন্দ্রীয় সরকারের যে প্রকল্পগুলো চলছে সেখানে রাজ্য সরকারকে এড়িয়ে, অন্য কোনো সংস্থার মাধ্যমে টাকা পাঠানো হচ্ছে।

এতে কী করা হল ? সংবিধানের নির্দেশকে লংঘন করা হল। শুধু তাই নয়, এই প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে, আর্থিক নিয়ম-কানুন, হিসাবপত্র রক্ষার ক্ষেত্রে, রাজ্য সরকারের সঙ্গে সমন্বয়ের ক্ষেত্রে গুরুতর ত্রুটি রয়ে গেল। আর্থিক সংকটের কথা বলছেন ? মহারাষ্ট্র সরকার গত বছর মাসের প্রথমে সরকারি কর্মচারীদের মাইনে বা বেতন দিতে পারেনি, এমনকী ট্রেজারি পর্যন্ত বন্ধ করে দিতে হয়েছে। কল্পনা করতে পারেন ? এই সমস্যা শুধু পশ্চিমবাংলার নয়, ভারতবর্ষের প্রতিটি রাজ্যরই এই সমস্যা আছে। কেন্দ্রীয় সরকার শুধু সংবিধানের নিয়ম মানছে না শুধু নয়, রাজ্যগুলোর সঙ্গে যে আলোচনা হচ্ছে, সেইগুলোও মানছে না। বারেবারে দাবি করা হচ্ছে—কালকে একজন মাননীয় সদস্যও বলেছেন—আমাদের রাজ্যকে কয়লার রয়্যালটি বাবদ যে ৩ হাজার কোটি টাকা দেওয়ার কথা, সেটা দেওয়া হোক, কিন্তু ক্রমাগত বঞ্চিত হয়ে যাচ্ছে এই রাজ্য। গঙ্গা-পদ্মা ভাঙনের জন্য যে টাকা দেওয়ার কথা ছিল তা দেওয়া হচ্ছে না, মেগাসিটি প্রকল্পের টাকা দেওয়ার কথা ছিল, তা দেওয়া হচ্ছে না। গঙ্গা-পদ্মা ভাঙনের পরিপ্রেক্ষিতে কি বলেছে। The Central Government has accepted in principle to view the severity and enormity of the problems of erosion of the rivers Ganga and Padma at the upstream and downstream as a problem of national dimension... এটা জাতীয় স্তরের সমস্যা, তার মোকাবিলা কেন্দ্র থেকেই করতে হবে। তার ধারে কাছ দিয়েও যাওয়া হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রকের পক্ষ থেকে রাজ্য সরকারের আর্থিক সংকটের কারণ, তার সমাধানের পথ বলা হয়েছে। প্রথম থেকে ৩২ পাতা পর্যন্ত ভালো করে পড়েছেন ? কোনো একটা পয়েন্টে তার খণ্ডন করার ক্ষমতা আপনাদের আছে ? রাজ্য সরকার দয়ার দানে বেঁচে নেই, দয়ার দানে বেঁচে থাকবে না, অধিকার নিয়েই বেঁচে থাকবে। কেন্দ্রীয় সরকার কি করছে, এইগুলো তো সৌগতবাবু বলছেন না কিছু। দেশকে এগিয়ে নিয়ে যেতে হলে কি করতে হবে বলছে ? সরকারি কর্মচারীদের সংখ্যা কমাতে হবে, সরকারি সম্পত্তি বিক্রি করে দিতে হবে, কারখানার শেয়ার বিক্রি করতে হবে, ব্যাঙ্কগুলোকে বিদেশিদের করতলগত করতে হবে, খাদ্য, কৃষিতে, সারে ভর্তুকি তুলে দিতে হবে। কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী বাজেটের প্রতিবাদে, প্রতিরোধে রাজ্যের এই বাজেট। ন্যাশনাল স্যাম্পেল সার্ভের রিপোর্ট, ১৯৭৮ সালের আগে দারিদ্র্যসীমার নীচে লোক ছিল ৫১.৮ শতাংশ। এখন ওরা বলছে ২৬ শতাংশ। কি করে হল ভাবতে হবে। আপনারা বলেছেন কৃষিতে নাকি আমরা পিছিয়ে যাচ্ছি। ওয়ার্ল্ড ব্যাঙ্ক জানুয়ারি মাসে ইন্ডিয়া রিপোর্ট বার করেছে, তাতে বলছে—পশ্চিমবঙ্গে ভূমি সংস্কার এবং কৃষিভিত্তিক উন্নয়ন দারিদ্র্য দুরীকরণের মূল ভিত্তি। শুধু তাই নয়, ২০০২ সালে বিশ্ব দরিদ্র প্রতিবেদনে এবং পশ্চিমবঙ্গ শিরোনামে একটা প্রতিবেদন বেরিয়েছে, তাতে কি বলেছে ? বলেছে—'successful poverty reduction asin West Bengal suggests that reforms in institutional arrangements (tenancy) and in governance (de-centralisation) can speed the progress.. এইগুলো অস্বীকার করতে পারেন ? কৃষির কথা বললেন।

প্রতিটি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষি খাতে বরাদ্দ কমেছে। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ৬.০১ শতাংশ, সপ্তম পরিকল্পনায় ছিল ৫.৮ শতাংশ।

[2.40—2.50 p.m.]

অষ্টমে হল ৫.১, এরপরে ৪.৯ হল। চরম বঞ্চনার শিকার হল কৃষি। ঘোর সংকটে দেশের কৃষি ব্যবস্থা। বিশেষ করে ন্যায্য ফসলের দাম না পেয়ে কৃষকরা আত্মহত্যা করছে। উড়িষ্যা এবং রাজস্থানে কৃষকদের মৃত্যুর কারণে প্রধানমন্ত্রী অটলবিহারি বাজপেয়ি মথুরাপুরে সভা করেছিলেন। সেই সময় কৃষকদের আত্মহত্যার ঘটনা নিয়ে সংবাদপত্রগুলি যে সুর তুলেছিল, বাজপেয়ি বললেন যে, এই মৃত্যুর পিছনে অনাহার অপুষ্টি নয়, এর কারণ হচ্ছে ম্যালেরিয়া বা ওই ধরনের রোগ। সংবাদপত্রগুলি নাকি এইগুলি নিয়ে বাড়াবাড়ি করছে। এতে দেশের সম্মান নষ্ট হচ্ছে। অথচ ওই সময় ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো থেকে বলল যে, রাজস্থানে ৯৭ থেকে দু হাজার এক পর্যন্ত ৩ হাজার ৩২১ জন, অন্ধ্রে ৬১৩ জন আত্মহত্যা করেছে। আপনারা কৃষিতে এই রাজ্যের সমালোচনা করেন। এখানে খাদ্যশস্য উৎপাদিত হয়েছে বাজেট বইতে শুধু নয়, সর্বত্রই স্বীকার করেছে যে, ১৬৫ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ এই খাদ্যশস্য উদ্বৃত্ত। আপনাদের সময় ছিল ঘাটতি রাজ্য। বামফ্রন্টের জমানায় উদ্বৃত্ত রাজ্যে পরিণত হয়েছে। আর গণবণ্টন ব্যবস্থাকে অটুট রাখতে রাজ্য সরকার ৫ লক্ষ মেট্রিক টন নয় সৌগতবাবু ঠিক বলেননি, খাদ্য দপ্তর ৮ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ করেছে। কেন্দ্র এফ সি আই-কে ৪ লক্ষ মেট্রিক টন সংগ্রহ করতে বলেছে। এফ সি আই বলল না পারব না। মাত্র দু লক্ষ মেট্রিক টন। অথচ এফ সি আই পাঞ্জাব থেকে সংগ্রহ করছে ৯০ লক্ষ মেট্রিক টন। আর অন্ধ্র থেকে সংগ্রহ করছে ৩০ লক্ষ মেট্রিক টন। এই রাজ্যে রেশন ব্যবস্থা, অন্নপূর্ণা অন্তর্দয় যোজনা, আই সি ডি এসে বরাদ্দ খাদ্যশস্য অন্য রাজ্য থেকে আনা হয়। এই রাজ্য থেকে চাল সংগ্রহ করে তা বণ্টন করা হোক এটাই আমাদের দাবি ছিল। সারা দেশে কৃষিতে এই অবস্থা। আগে ৭৪ দশম পরিকল্পনার শেষে ১৭০ লক্ষ মেট্রিক টন হবে। এখন প্রয়োজন ১৫৭ লক্ষ মেট্রিক টন। সেটা ১৬৫ লক্ষ মেট্রিক টন হয়েছে। লক্ষ এটা অগ্রগতি নয় ? ৮০-র দশকে খাদ্য উৎপাদনে এই রাজ্য ছিল একাদশ স্থানে। ৯০-এর দশকে তৃতীয় স্থানে এসেছিল। এখন প্রথম স্থানে এসেছে। এটাকে অগ্রগতি বলবেন না ? লজ্জা করে না ? মাননীয় সদস্যরা শুনে রাখুন এই বাজেট ভাষণ নিছক ভাষণ নয়, নিছক জমা খরচের হিসাব নয়। গোটা দেশের অর্থনীতি একটা নিবিষ্ট আর্তে সংহত। তাই কোনো একটা রাজ্য এককভাবে চলতে বা অবস্থান নিতে বা এগোতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত গঙ্গার জল যদি দূষিত হয়ে পড়ে এবং হরিদ্বার, বারাণসী, পাটনা, গয়ার ঘাটে যদি দূষিত জল যায়, তাহলে পশ্চিমবঙ্গের ঘাটে ফিলটার ওয়াটার পাওয়া যায় না এটা সত্য। কিন্তু এই অবস্থার কিভাবে মোকাবিলা করা যায়, জলকে কিভাবে দূষণমুক্ত করা যায়, পশ্চিমবঙ্গ সরকার সেই রাজনৈতিক সদিচ্ছা থেকে সেই কাজটা করছে। জুন মাসে যে অর্থনৈতিক প্রতিবেদন প্লেস করা হয় সেখানে বলা হয়েছে যে, পঞ্চম বেতন কমিশনের কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধি হল, আর তার চাপটা রাজ্য সরকারের উপর এসে পড়ল।

আমাদের ডাবলের বেশি কেন টাকা খরচ হচ্ছে ? আমরা শুধুই সরকারি কর্মচারীদের দায়িত্বই নিইনি, তার সাথে অধ্যাপক, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মী এবং পৌরসভা এবং

পঞ্চায়েতের দায়িত্ব নিয়েছি। জাতীয় উন্নয়ন পর্ষদে ১৯শে ফেব্রুয়ারি ১৯৯৯ সেখানে সব রাজ্যগুলি মিলে বলেছিল এই যে বেতনভাতা বাবদ বৃদ্ধি হচ্ছে তার অন্তত অর্ধেক টাকা স্বল্প সুদে ৫ বছরের জন্য বাজার থেকে সংগ্রহ করতে দেওয়া হোক। কিন্তু দেওয়া হল না। এটা অসহযোগিতা নয় ? আমরা তাই বলতে চাই এটা রাজ্যের প্রতি বঞ্চনা, প্রতারণা করা হচ্ছে রাজ্যকে ঠকানোর চেষ্টা করা হচ্ছে। এই রকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে সৌগতবাবু বললেন কেন এটা করছেন ? অতিরিক্ত রাজস্ব সংগৃহীত হচ্ছে—আপনি যেটা বললেন ৫ হাজার ৩৯৫ কোটি টাকা ঘাটতি হয়—৩১ হাজার ৩৬৯ কোটি টাকা টার্গেটকে কার্যকরী রাখতে ১২ হাজার কোটি টাকা কমিয়ে তাকে ৩০ হাজার ৩৫৯ কোটি টাকা করা হল। পরিপ্রক্ষ্মা ৬৭৯৭ থেকে ৩৭০০ যেতে হল কেন ? এটা অসহযোগিতা নয়। পাওনা টাকা না দেওয়ার জন্য কোনো দাবি না মানার জন্য এটা করা হয়েছে। আমাদের যে দাবিগুলি আছে সেই দাবিগুলি কি অন্যায় ? আর্থিক সংকটকে মোকাবিলা করার জন্য পশ্চিমবাংলার সরকার কর রাজস্বকে আরও ১৫ পারসেন্ট বানিয়ে এবং কর বহির্ভূত রাজস্বকে আরও ২০ পারসেন্ট বাড়িয়ে আর্থিক সংকটের মোকাবিলা করার চেষ্টা করছে। অপর পক্ষে কেন্দ্রীয় সরকার তার রাজস্ব আদায়কে ১০ পারসেন্ট বাড়িয়ে এবং রাজ্যের পাওনাকে ১০ পারসেন্টের মধ্যে রাখতে চাইছে। সেই জন্য রাজ্য সরকারের প্রথম দাবিই হচ্ছে কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস। আর্থিক সমীক্ষাতে বলা হয়েছে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলির থেকে রাজস্ব আদায়ের পরিমাণ ১৫ পারসেন্ট বৃদ্ধি করুক এবং রাজ্যগুলিকে তার নিজস্ব পাওয়া দিক। দ্বিতীয় দাবি করা হয়েছে বিভিন্ন রাজ্য থেকে কর রাজস্ব আদায়ের ৫০ পারসেন্ট দিতে হবে, এখন না পারলেও ৩৩.১৩ পারসেন্ট দেওয়া হোক এবং ধীরে ধীরে এটাকে বাড়ানো হোক। সারা দেশে কালো টাকার পরিমাণ কত ? ১৯.১ পারসেন্ট হবে। ১ লক্ষ কোটি টাকা করে জমা পড়ছে। রাজ্য ও কেন্দ্রের উদ্যোগে সেই কালো টাকার অন্তত ১০ ভাগ উদ্ধার করা হোক এবং সেই টাকায় এই আর্থিক সংকট দূর করা যাবে। চড়া সুদে ঋণ না দিয়ে, সুদের হার কমাতে হবে। স্বল্প সঞ্চয়ের টাকা তুলে নেওয়ার পরে যেটা থাকবে সেটাকে রাজ্যকে অন্তত দেওয়া উচিত। চনা সুদে ঋণ দেওয়া হচ্ছে, সেজন্য ৫০ পারসেন্ট ঋণ বেড়ে যাচ্ছে। আপনারা শিল্পের কথা বলছিলেন, আপনারা বাজেটে দেখেছেন ১৯৯৪-৯৫ আর্থিক বছরের জাতীয় নমুনা সমীক্ষাতে বলা আছে—ক্ষুদ্র শিল্প চালু হবে এবং সেখানে ৪৩.৮ পারসেন্ট কর্মসংস্থান হয়েছে এবং ২০০০-০১ তার মধ্যে ২৭.২৭ লক্ষ ইউনিট চালু আছে এবং ২৮.৭ লক্ষ লোক নিযুক্ত আছে। ক্ষুদ্র শিল্পকে ধ্বংস করার জন্য ট্রেড ইউনিয়ন তুলে দিয়েছেন। আমি বলতে চাই খরায়, বন্যায়, ঝড়ে, ভূমিকম্পে, ধর্মে, বিধ্বস্ত ভারতের মধ্যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার দেশের মানুষকে পথ দেখাচ্ছে এবং উন্নয়নের ধারাকে বজায় রেখে আরও এগিয়ে যেতে চাইছে, এই বলে বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.50 p.m.—3.00 p.m.]

শ্রী নির্বেদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২০শে মার্চ পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের যে কাট-মোশান আসবে তাকে সমর্থন করে বক্তব্য রাখছি। গত ২০শে জানুয়ারি ২০০৩ সালের

আর্থিক সংকট সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী একটা পুস্তিকা বার করেন। সেই পুস্তিকাতে বলা হয়েছে 'শ্বেতপত্র'। কিন্তু পারতপক্ষে শ্বেতপত্র বলতে যা বোঝায় এই জিনিস তার ধারে-কাছে নয়। উনি প্রথমে ৭টা কারণ দেখিয়েছেন। ৭টা কারণ দেখিয়ে বলেছেন এই আর্থিক সংকটের কারণ কি কি এবং সেই আর্থিক সংকটের বিরুদ্ধে তিনি কি করে বুঝবেন, সেই নিয়ে প্রশ্ন তুলেছেন এবং তার কিছু সমাধান দেবার চেষ্টা করেছেন। শ্বেতপত্র কি হয় সেটা নিয়ে আমি একটু পরে আসছি। কিন্তু এতে বোঝা গেল সমস্তটা দেখে-শুনে, যেটা সুকুমার রায় তার এক পুস্তকে বলেছেন 'সাত জার্মান জগাই একা তবুও জগাই লড়ে'। সেইভাবে সাত জার্মানের বিরুদ্ধে জগাই অর্থমন্ত্রী লড়াই করছেন। তাতে যেটা মনে হয়েছে সেটা হল, এই বাজেট তার একটা রিফ্লেকশন, যেগুলো উনি বলেছেন শ্বেতপত্র গিয়ে মোটামুটিভাবে। আসল ব্যাপার হল আমরা যারা সাংঘাতিক রকমের অর্থনীতি বুঝি না, সাধারণ মানুষ, তারা কিন্তু বাজেট বলতে সাধারণভাবে যে কথাগুলো বুঝি তা হল এই যে, কোন কোন জিনিসে কর ছাড় হবে, কোন কোন জিনিস একটু সহজ-সরল দরে পাওয়া যাবে আর কোন কোন জিনিসের দাম বাড়বে, কি কি ক্ষেত্রে আমরা সুবিধা পাব, মানুষ সুবিধা পাবে, জনগণ সুবিধা পাবে। কেউ উচ্চকোটি মানুষের কথা ভেবে বাজেট করছেন, আমরা তার সমালোচনা করছি। কেউ বলছেন নিম্নবর্গের মানুষের কথা বলতে হবে। আমরা বলছি ভালো। সাধুবাদ দিচ্ছি। তো শ্বেতপত্র কি রকম হয় এটা নিয়ে আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে একটা শ্বেতপত্রের খসড়া হাতের কাছে এসেছিল সেটা চিঠির মাধ্যমে পাঠিয়েছিলাম। তার উত্তর আমি পাইনি। তবে তাতে কিছু এসে যায় না। কিন্তু মূলত সেই শ্বেতপত্রে যে হাইপাওয়ার কমিটির অন্যতম মেম্বার পূর্ণাইয়ান, তামিলনাড়ু সরকারের অর্থমন্ত্রী, তিনি ওই শ্বেতপত্র রচনা করেছিলেন। তিনি ওই শ্বেতপত্রে কি বলেছিলেন ? একটু পরিষ্কার করে বোঝার চেষ্টা করা যাক। প্রথমে কতগুলো শব্দ—রেভিনিউ রিসিপ্ট। রাজস্ব খাতে কি আয়। রাজস্ব খাতে আয়ের মধ্যে কি কি পড়বে। প্রথমে রাজস্ব—রাজ্যের নিজস্ব কর বাবদ যে আয় হয় সেটা পড়বে। দ্বিতীয়, কেন্দ্রীয় করের ভাগ যা রাজ্য পায় সেটা যাবে। তৃতীয়, কর বহির্ভূত রাজ্যের আয় এবং চতুর্থ, কেন্দ্রীয় সরকারের অনুদান। এর পরে আসবে রাজস্ব খাতে ব্যয়। রাজস্ব খাতে ব্যয় কি কি হবে ? মাইনে হবে, পেনশন হব, সুদ বাবদ প্রদেয় টাকা হবে, সাবসিডি বা ভর্তুকি হবে, কোনো প্রতিষ্ঠানকে রাজ্য যে অনুদান দেবে সেগুলো যাবে। আর, এই ব্যয় অবশ্যই কোনো স্থায়ী সম্পদ তৈরি করবে না, করে না। তিন নম্বর হচ্ছে, রাজস্ব খাতে আয়-ব্যয়ের পর মূলধনী খাতে আয় এবং ব্যয়। অর্থাৎ ক্যাপিটাল রিসিপ্ট অ্যান্ড ক্যাপিটাল এক্সপেন্ডিচার। মূলধনী খাতে আয় হল বিলগ্নীকরণ বাবদ প্রাপ্ত অর্থ। সরকারের বরোয়িং—এই 'বরোয়িং' শব্দটা কিন্তু 'ডেট' বা ' লোম'র থেকে আলাদা, এটা আপনারা সবাই জানেন এবং স্টেট পাবলিক সেক্টর আন্ডারটেকিংয়ের যে দেনা, আন্ডারটেকিং যে দেনা রাজ্য সরকার থেকে নিয়েছিল এবং যেটা তারা শোধ করছে সেই টাকাটা আসবে। মূলধনী খাতে ব্যয় কিন্তু রাজ্যের সম্পদ বৃদ্ধি করবে। এটাকেই আমরা বলছি সম্পদ বৃদ্ধির জন্য মূল ব্যয় যেখানে করা হয়েছে। সেখানে রাস্তাঘাট আসবে, সেখানে সেচের প্রকল্প আসবে, স্কুলবাড়ি তৈরি হবে, হাসপাতাল তৈরি হবে। উন্নয়নের জন্য রাজ্য সরকার বিভিন্ন প্রতিষ্ঠানকে যে সমস্ত ঋণ দেবেন সেটা মূলধনী খাতে ব্যয় বা ক্যাপিটাল এক্সপেন্ডিচার-এ

ঢুকবে। রাজস্ব খাতে ঘাটতির প্রশ্ন আসবে তার পরে। আবার রাজস্ব খাতে ঘাটতির প্রশ্ন কি হয় ? সাধারণত শক্তপোক্ত অর্থনীতির ক্ষেত্রে রাজস্ব খাতে আয় হয় বেশি এবং ব্যয় হয় কম। এবং উদ্বৃত্ত অর্থ মূলধীন খাতে সম্পদ বৃদ্ধির জন্য ব্যবহার করা হয়। উল্টোটা হলে, অর্থাৎ, রাজস্ব খাতে যদি ব্যয় বেশি হয় এবং আয় কম হয় তাহলে রাজ্যের ক্যাশ রিজার্ভে হাত পড়ে। আর যদি ক্যাশ রিজার্ভে 'ভাঁড়ে মা ভবানী হয়', আমাদের রাজ্যের ক্ষেত্রে যেটা হয়েছে, তাহলে কি হবে ? তাহলে ধার করা ছাড়া পথ থাকবে না। এবং ধারের বিভিন্ন রকম ফর্ম থাকবে, সেটাতে আসছি। বিভিন্নভাবে ধার করা হবে। যখন ধার সমস্ত সীমা ছাড়িয়ে যাবে তখন সেই রাজ্যের মুমূর্ষু অর্থনীতির মুখে পাউডার বুলিয়ে সামনে হাজির করার অর্থ অন্তর্জলীযাত্রায় মৃত্যুপথ যাত্রী বৃদ্ধকে ছাদনাতলায় নিয়ে গিয়ে আরেকটা বিয়ের ব্যবস্থা করা, এছাড়া আর কিছু নয়। আমাদের অসীমবাবু সেই চেষ্টা বারবার করছেন। মাননীয় অর্থমন্ত্রী জানেন, অর্থনীতি সম্পর্কে প্রগাঢ় জ্ঞান আছে এবং জেনেও তিনি বারবার সেই মুমূর্ষু মৃত্যুপথ যাত্রীর বুকে একটা প্রজাপতি বসিয়ে একটা বিড়ম্বনা, অস্বস্থি তৈরি করেছেন এবং ওই মৃত্যুপথ যাত্রীর বুকে আমার মনে হয় প্রজাপতি বসানো ঠিক নয়—এটা পাপ। পশ্চিমবঙ্গের মানুষের কাছে বিভ্রান্তি ছড়ানো। যেটা দরকার সেটা হচ্ছে এখন বিকল্প অর্থনীতি, বিকল্প অর্থমন্ত্রী হিসেবে তিনি কোনখানে সফল তাতে আসছি। এই অবস্থায় অর্থমন্ত্রী কি করেছেন ? অর্থমন্ত্রী ৩৬৫ দিনের মধ্যে ৩৩০ দিন ওয়েজ অ্যান্ড মিনস্ অ্যাডভান্স নিয়েছেন এবং ব্যাপক ওভার ড্রাফট নিয়েছেন—সমস্ত রকম রীতিনীতির বাইরে চলে গিয়ে। তাহলে বাজেটের চেহারা কি দাঁড়াল ? ফিসকাল ব্যালান্স বলতে যেটা বোঝায় অর্থাৎ মোট আয় অর্থাৎ রাজস্ব খাতে আয় এবং ঋণ বাদ দিয়ে, সরকারি ঋণ বাদ দিয়ে মূলধনী খাতে যে আয় তার সঙ্গে মোট ব্যয় অর্থাৎ রাজস্ব খাতে ও মূলধনী খাতে যে ব্যয় তার হিসাব, অথবা তার উদ্বৃত্ত অথবা ঘাটতি। সেই অর্থে যদি উদ্বৃত্ত হয় তাহলে অ্যাকচুয়ালস বা রিভাইসড্ বাজেটের সময় সেই উদ্বৃত্তকে আমরা নিয়ে আসতে পারি উন্নয়নের খাতে, উন্নয়নের সঙ্গে তাকে যুক্ত করতে পারি। আর ঘাটতির ক্ষেত্রে বোঝা যায়, সরকারের ঋণের বহর কি হবে, আর কতটা হবে ? অসীমবাবুর বিকল্প অর্থনীতির প্রশংসা এখানে করতে হবে। পশ্চিমবঙ্গের অন্যতম শ্রেষ্ঠ অর্থনীতিবিদ তিনি বলেছেন যে, অসীমবাবু অ্যাকচুয়ালি যে ঘাটতি দেখিয়েছেন সেই ঘাটতিটা ৭৯৩ কোটি টাকার নয়, সেই ঘাটতিটা দাঁড়াচ্ছে ১১ হাজার কোটি টাকার। এই ১১ হাজার কোটি টাকার ঘাটতির কারণ হল তিনি ক্যাপিটাল রিসিটে ঋণগুলোকে ঢুকিয়ে দিয়েছেন প্রত্যেকবার। এই যে জটিল রাশি বিজ্ঞান এবং এই রাশি বিজ্ঞানের ধাঁধাটা সামনে করে ফেলা হচ্ছে। তাতে কিন্তু দেশের চেহারা পাল্টাচ্ছে না, দেশের চেহারা তাই দিয়ে পাল্টানো যায় না, দেশের চেহারা অংক দিয়ে পাল্টানো যায় না, রাশি দিয়ে পাল্টানো যায় না। দেশের চেহারা পাল্টাতে গেলে উৎপাদন, সমৃদ্ধি, উন্নয়ন এগুলো দেশের চেহারা পাল্টায়। কিন্তু প্রত্যেকবারই এক কাজ হচ্ছে। দেখুন লক্ষ্য করে, এস.ডি.পি.-র ক্ষেত্রে, আমি আগেও বলেছিলাম যে, স্টেট ডোমেস্টিক প্রোডাক্টস-এর ক্ষেত্রে যে বিপুল পরিমাণ আয় দেখানো হচ্ছে, কৃষির ক্ষেত্রে—একটু আগে মাননীয় সদস্য শ্রী আবু আয়েশ মণ্ডল মহাশয় বলছিলেন যে, কৃষিতে আমরা এত লক্ষ টন। এত

কুইন্টাল উৎপাদন করেছি, আমরা ভারতবর্ষের মধ্যে প্রথম হয়েছি। যেটা সত্য সেটা একবারও জিজ্ঞাসা করে দেখেছেন মাননীয় সদস্য ওই হিসাবটা কোথা থেকে আসছে ? তার কারণ যার ভিত্তিতে ওই হিসাবটা তৈরি হয় সেই মূল যে বেসিক বা ভিত্তি সেই ভিত্তিটা ভুল।

প্রশান্তচন্দ্র মহলানবীশের যে নিয়ম অনুযায়ী কাটিং ক্রপ স্যাম্পেল সার্ভে করে ওই ভিত্তি তৈরি করা হয়েছিল, ১৯৮৫ সালের পর থেকে সেই ভিত্তিটাকে নষ্ট করে দেওয়া হয়েছে। এখানে বসে, রাইটার্স বিল্ডিং-এ বসে, অর্থমন্ত্রকে বসে সেই ভিত্তিটা তৈরি করা হচ্ছে বারবার—এটা অন্যায়। ফলে মূল এস.ডি.পি.-এর মূল যে আয়ের কথা রাজ্যে বলা হচ্ছে সেই মূল আয়ের গোড়াটাই নরম হয়ে যাচ্ছে, যেটা মানুষের কাছে প্রকৃত অর্থে, প্রকৃত সত্যকে কখনই উদ্‌ঘাটন করছে না। ভেবে দেখুন একবার, ২৬ পারসেন্ট মানুষ দারিদ্র্যসীমার নিচে। অর্থমন্ত্রীর নিজের বক্তব্য, ২৬ পারসেন্ট মানুষ দারিদ্র্যসীমার নিচে, অর্থাৎ ৪ হাজার টাকা বা ৫ হাজার টাকার নিচে যাদের বাৎসরিক ইনকাম সেটা বাদ দিয়ে আপনি বাকি যে ৭৫ পারসেন্ট বা ৭৪ পারসেন্ট বা ৭০ পারসেন্ট ধরি হিসেবের সুবিধার জন্য—সেখানে আমরা বলছি যে, মাথাপিছু গড় আয় প্রতি বছর ১৬ হাজার টাকার উপরে পায়, মানে ওটা বাদ দিলে যেটা দাঁড়াবে সেটা হচ্ছে মাথাপিছু আয় দাঁড়াবে পশ্চিমবঙ্গের মানুষের ২০ হাজার টাকা থেকে ২২ হাজার টাকার মতো বছরে।

[3.00—3.10 p.m.]

এটা সম্ভব ? আমরা আপনারা আশের পাশের আমরা দেখছি না মানুষকে, এখানে গ্রামের বহু এম.এল.এ. আছেন তাঁরা নিজেরা দেখছেন না—যে ২০ হাজার টাকা আয় প্রতিটা মানুষের ঘরে-ঘরে, ১ লক্ষ টাকা ৫ জনের একটা ফ্যামিলি—১ লক্ষ টাকা আয় করছে বছরে। এই তথ্যের উপর ভিত্তি করে বাজেট তৈরি হচ্ছে। এই তথ্যের উপর ভিত্তি করে মানুষকে বলা হচ্ছে দেশ উন্নতির পথে এগিয়ে যাচ্ছে। একটা ছোট কথা বলি—২০ পারসেন্ট, শতকরা ২০ ভাগ কৃচ্ছ্রসাধনের জন্য তেলের দাম কেটে অন্যান্য কেটে দুটে কত টাকা আয় হয়েছিল ? ৩০ কোটি টাকা। এ বছরে সে বাবদ বলা হয়েছে ৪শত কোটি টাকা আয় হবে। ২২০ পারসেন্ট তাহলে কাটতে হয়। অর্থাৎ আপনি যদি ঠিক কেরন ২০ পারসেন্ট কেটে ওটা হয়েছে তাহলে ২২০ পারসেন্ট না কাটলে ৪শত কোটি টাকা আসবে না। উনি কিন্তু ব্যাখ্যা দেননি বাজেটের কোনো জায়গায় কোনো এক ফোঁটা ব্যাখ্যা নেই কিভাবে সেই কৃচ্ছ্রসাধনের মাধ্যমে আসবে। আমি খুব বড় করতে যাচ্ছি না, সময় কম। আমি শুধু একটা কথা মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই—যে বিকল্প অর্থনীতি মানে বিকল্প অর্থনীতি কিনা সেটা তিনি ঠিক করবেন। তার চেয়ে বেশি কেউ বলতে পারবে না—যেভাবে ভারতবর্ষকে বিকল্প পথ দেখাচ্ছেন, তাহলে ভারতবর্ষের অর্থমন্ত্রী হলে উনি ভাল করবেন। পশ্চিমবঙ্গ অন্তত বাঁচবে। ভারতবর্ষের কি হবে ভবিষ্যতে আমরা বুঝতে পারব। কিন্তু এটা ঠিক যে পশ্চিমবঙ্গের মানুষের কাছে এটা একটা ভয়ংকর অবস্থা। আপনার কাছে ৮টি প্রশ্ন রাখছি। আশা করব আপনি উত্তরটা দেবেন। আপনি আপনার আর্থিক সংকটের বইয়ে বলেছেন ৭০ হাজার কোটি টাকা ঋণ। আমরা বলছি এটা সত্য নয়। আমরা বলছি মোট ঋণের পরিমাণ ৯০ হাজার কোটি টাকা ছুঁই ছুঁই করছে। ৩ মাসের মধ্যে তাহলে ১৮ হাজার কোটি টাকা বেড়েছে ঋণ। এই কথাগুলি আপনাদের কাছে রাখছি—(১) আপনার মোট ঋণের পরিমাণ কত ? আপনি দয়া করে জানাবেন। বাজেটে

আপনার কমিটেড এক্সপেনডিচার অর্থাৎ যে টাকাটা আপনাকে দিতে হবে মাইনে, পেনশন, ভাতা, সুদ, ঋণের অংশ ইত্যাদি। এটা বাজেটের শতকরা কত ভাগ ? রাজ্য প্ল্যানিং বোর্ডের অন্যতম সদস্য তিনি নিজে বলেছেন যে শতকরা ৮০ ভাগ শুধুমাত্র এই কাজে ব্যয় হয়ে যাবে—শতকরা ৮০ ভাগ—নৃপেন ব্যানার্জী বলেছেন যে শতকরা ৮০ ভাগ এই কাজে আপনার বাজেটে ব্যয় হয়ে যাবে। তাহলে আপনি কম-বেশি বাজেট করেছেন, খুব বেশি হলে ৫ হাজার কোটি টাকা থেকে ৬ হাজার কোটি টাকা, ৩৫ হাজার কোটি টাকার নয়। এই ৬ হাজার কোটি টাকার বাজেটে আপনার বিকল্প চিন্তা, বিকল্প ভারতবর্ষ, বিকল্প বিশ্ব অর্থনীতির সবকিছু ঢুকেছে ৬ হাজার কোটি টাকার মধ্যে। এরপর এবং সেটা স্টেট ডোমেস্টিক প্রোডাক্টের বোধহয় ৬ শতংশের মতো কি ৫ শতাংশের মতো হবে। গত আর্থিক বছর দুটিতে আপনি কতদিন বছরে ওয়েজ অ্যান্ড মিনস অ্যাডভান্সড নিয়েছেন ? এবং কতদিন ওভার ড্রাফট নিয়েছেন ? ওভার ড্রাফটের সীমা আপনি অতিক্রম করেছেন কিনা ? ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের খাত ভেঙে নন-প্ল্যানে আপনি টাকা খরচ করেছেন কিনা ? লোকাল অ্যাকাউন্টে এবং ডিপোজিট অ্যাকাউন্টে টাকা রাখার কারণ কি পরিকল্পনা খাতে ব্যয় করা ? আপনার বাজেট পড়ে তাই মনে হয়েছে। তাহলে এটা হল ওয়েজ অ্যান্ড মিনস-এর অ্যাডভান্সড না হলে এটা পাবেন না। সেইজন্য আপনি ওটা দেখিয়ে ওয়েজ অ্যান্ড মিনস-এর অ্যাডভান্সডটাকে তৈরি করেন। এটা সত্য না মিথ্যা ? এবং ৭ নম্বর প্রশ্ন হল—আগেরবার যে ২০ শতাংশ খরচ কমিয়ে আপনি ৩০ কোটি টাকা তুলেছেন। এবারে কত পারসেন্ট কমিয়ে আপনি ৪ শত কোটি টাকা তুলবেন ? এবং ঠিক আজকে পর্যন্ত এই মুহূর্তে—কালকে আপনি উত্তর দেবেন। আপনার রাজস্ব আদায়ে বছরে মোট মূল্য কত ? যার উপরে আপনি ভিত্তি করে বলছেন ভ্যাট ইনট্রোডিউস হলে আপনি দারুণ টাকা তুলবেন—২৯.৫ শতাংশ এইরকম একটা কিছু বলেছেন। এবং সেটা আপনি তুলবেন। তাই স্যার আমি শেষ করার সময় শেষ করছি এই কথা দিয়ে বছরের শেষে ডেফিসিটের কথা—একটু আগে বলেছিলাম যে অর্থনীতিবিদরা বলছেন যে এটা ১১ হাজার কোটি টাকায় গিয়ে দাঁড়াবে কিন্তু আমি—আপনাদের কাছে আমরা আশংকা প্রকাশ করছি এই সভা থেকে যে এটা শুধুমাত্র একটা বাজেট। এরপরে আরও ভারি একটা ইন্টারিং বাজেটে উনি অনেক বেশি কর তুলবেন। আরও অনেক বেশি বছরে উনি ২ থেকে ৩টে বাজেট করবেন এবং সেই বাজেটে মানুষের উপর করের বোঝা চাপিয়ে দিয়ে মানুষকে, পশ্চিমবঙ্গবাসীকে শেষ প্রান্তে নিয়ে যাচ্ছেন। একটা সময় হয়ত আর এক বছর পরে আসবে যখন ডেভেলপমেন্ট ফান্ডে একটা টাকাও থাকবে না। সীমিত উন্নয়নের কোনো একটা কাজ করবার জন্যও অবশিষ্ট কিছু থাকবে না। তাই কসমেটিক সার্জারি করা অর্থনীতিকে শেষ করার সময় আপনি কমলকুমার মজুমদারের 'অন্তর্জলী যাত্রা' থেকে শেষ লাইনগুলি বলে শেষ করছি।

"বৃদ্ধের দেহে কালের নিষ্ঠুর ক্ষতচিহ্ন,
অসংখ্য ঘুণাক্ষর, হিজিবিজি।
(অর্থমন্ত্রীর পরিসংখ্যানের জটিল জাল।)
মনে হয়, এ দেহে পাপ অথবা পুণ্য,
কিছুই করিবার যোগ্যতা নাই।

বিশুষ্ক চর্মের আবরণে কংকাল
সমান মুখমণ্ডল—এখানে,
কপালে চন্দন প্রলেপ অধিকন্তু
বীভৎসতা হানিয়াছে।
(অর্থমন্ত্রীর কসমেটিক টাচ্ এই মুমূর্ষু রাজ্য অর্থনীতির উপর।)
কবিরাজ বিহারীনাথ হাতের
নাড়ি টিপিয়া অনন্য মনে তাকিয়ে আছে।''

বিকল্প অর্থনীতির অর্থমন্ত্রীও তা তাকিয়ে আছে কবে শেষ সময় অসবে। ধন্যবাদ।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ড. অসীমকুমার দাশগুপ্ত যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেট বিতর্কে অংশগ্রহণ করে বিরোধীরা যেসব বক্তব্য রাখলেন তাতে তাঁর প্রত্যেকেই মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির মূল সুরটাকেই পাশ কাটিয়ে গেলেন। সেটা হচ্ছে, গোটা দেশের আর্থিক সংকটের পরিপ্রেক্ষিতে আমাদের রাজ্যেও যে আর্থিক সংকট দেখা দিয়েছে সেই আর্থিক সংকটের মধ্যেও কিভাবে রাজ্যের সাধারণ মানুষের স্বার্থকে রক্ষা করা যায়। তিনি তাঁর বিবৃতির মধ্যে যেমন আর্থিক সংকটের বিশ্লেষণ করেছেন তেমন সংকট মোকাবিলার কিছু পথও চিহ্নিত করেছেন। একদম শেষে তিনি বলেছেন, 'সংকটের সীমাকে অতিক্রম করতে হবে সাধারণ মানুষেরই স্বার্থে, তাই এর উত্তর আছে তাঁদেরই সংগঠিত সংগ্রামে।' এই মৌলিক ভাবধারার ওপর দাঁড়িয়ে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপন করছি। আমাদের মনে রাখতে হবে ১৯৪৫ সালে জাতিপুঞ্জ গঠনের সময় একটা দানবের জন্ম হয়েছিল। বহুকাল পরে তার তীব্রতা আমরা অনুভব করছি। আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার, বিশ্ব বাণিজ্য সংস্থা, এই দুই দানবীয় শক্তি মিলে 'গ্যাট' নামক যে ভয়ংকর দানবের জন্ম দিয়েছে সে জরাসন্ধেব রূপ নিয়ে গোটা পৃথিবীকে পদানত করবার জন্য এগিয়ে এসেছে। মার্কিন কংস তার অশ্বমেধের ঘোড়া ছুটিয়ে দিয়েছে। গোটা পৃথিবীতে সে আজ সংকট সৃষ্টি করেছে। এই সংকট মোকাবিলার দুটো পথ আছে। এক, ওই দানবের কাছে নিঃশর্ত আত্মসমর্পণ এবং তার পদানত হওয়া। তার কৃপা ভিক্ষা করে সেবাদাসে পরিণত হওয়া। আর একটা পথ হচ্ছে লড়াই সংগ্রামের মধ্যে দিয়ে সাধারণ মানুষের স্বার্থ বজায় রাখার চেষ্টা করা। সংগ্রামের মধ্যে দিয়ে উত্তরণ হওয়ার দ্বিতীয় পথটাই হচ্ছে আমাদের পথ। আমরা ওই পথের পথিক। আর আমাদের বিরোধীরা প্রথম পথের পথিক। ওঁরা ওই সেবাদাস হয়ে কৃপা ভিক্ষার জন্য অশ্বমেধের ঘোড়ার পিছনে ছুটে চলেছেন। তাই ওঁরা ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারকে সমর্থন করছেন। তাঁদের প্রশস্তি পাবার জন্য, তাঁদের ভেতরে ঢোকবার জন্য উদ্‌গ্রীব হয়ে পড়েছেন। যাঁরা দেশটাকে বিক্রি করে দিচ্ছেন তাঁদেরই পাশে গিয়ে দাঁড়াচ্ছেন। এই পটভূমিকায় দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকারের বাজেটকে বিশ্লেষণ করার সৎসাহস নিয়ে ওঁরা কেউ আলোচনায় অংশ নিতে পারলেন না।

[3.10.—3.20 p.m.]

এটাই দুর্ভাগ্য যে আজকে আমরা কোথায় দাঁড়িয়ে আছি নিজেরা। গোটা বাংলার মানুষ আজ কি সংকটের মধ্যে আছে সেকথা একবারও কেউ উচ্চারণ পর্যন্ত করলেন না। রাজ্যের

অর্থমন্ত্রী ড. দাশগুপ্ত স্বীকার করেছেন এবং সঠিকভাবেই তিনি এই বক্তব্য রেখেছেন যে, আমাদের রাজ্যে কিছু দুর্বলতাও দূর করতে হবে। এই দুর্বলতা ছিল, প্রকৃতপক্ষে শেষ পর্যন্ত ঠেকানো যাবে কিনা, প্রতিরোধ করা যাবে কিনা তার অপেক্ষার জন্যই দুর্বলতা বলে মনে হয়, কিন্তু সেই অপেক্ষাকাল অতিক্রান্ত এবং দুর্বলতা ঝেড়ে ফেলে তিনি রাজস্ব আদায়ের বিভিন পথ চিহ্নিত করার চেষ্টা করেছেন। এই চিহ্নিতকরণ করার ক্ষেত্রে আমি দুটি বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানাব। একটা হচ্ছে, আবগারি শুল্ক আর একটা হচ্ছে ভূমি রাজস্বের নামে গ্রামের সাধারণ কৃষক, সাধারণ মানুষের উপর চাপ যাতে না বাড়ে, খাজনা মকুব হওয়ার পরেও সেচ বর্ধিত হয়ে যারা কৃষক যারা সাধারণ মানুষ তাদের উপর অতিরিক্ত চাপ যাতে না হয় সেটাও গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। রাজস্ব আদায় আমাদের করতেই হবে, যেভাবেই হোক। কিন্তু এই অর্থ সংকট মোকাবিলা করার জন্য আবগারি শুল্ক, বিলাতি মদের দোকানের লাইসেন্সের সরলীকরণ পদ্ধতি এইসব ব্যাপারে অত্যন্ত সতর্ক থাকতে হবে যাতে আমরা মানুষের কাছে ভুল সংকেত না পাঠাই। আমি কয়েকটি বিষয়ে উল্লেখ করতে চাই যে, আমাদের যে সমস্ত জায়গায় এই রাজস্ব বৃদ্ধি হওয়ার সম্ভাবনা আছে সেগুলি আরো খতিয়ে দেখতে হবে, প্রয়োজনে অর্থনৈতিক একটা বিশেষজ্ঞ কমিটি করে এই সমস্ত জায়গাগুলি চিহ্নিত করার জন্য ব্যবস্থা নিতে হবে। সারা রাজ্য জুড়ে নগরায়নের একটা ব্যাপক তোড়জোড় চলছে। নগরায়ন মানেই বহু মানুষ নতুন করে জমি কিনে বাড়ি করবে। এই জমি কেনা বা শহরের মধ্যে দোকান করা বা অন্য ব্যবসা-প্রতিষ্ঠান করবার ক্ষেত্রে একটা প্রথা চালু হয়ে আছে, সেটাকে বলা হয় সেলামী প্রথা। তার থেকে কোনো কর রাজ্য সরকারের কাছে আসছে না, অথচ টাকা-পয়সা সব লেনদেন হয়ে যাচ্ছে। ক্রেতা এবং বিক্রেতারা তাদের বৈধ কাগজপত্র এরজন্য পাচ্ছে না। এই ব্যাপারে গোটা রাজ্যে একটা অসাধু কাজকর্ম সংগঠিত হচ্ছে। সেক্ষেত্রে যদি এর উপর রাজস্ব আদায়ের বন্দোবস্ত করা যায় তাহলে বহু অর্থাগমের সম্ভাবনা দেখা দেবে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরের অধীনে যে করপোরেশনগুলি আছে সেই করপোরেশনগুলিকে কাজে লাগিয়ে তাদের মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ কিভাবে প্রদত্ত অর্থ দিয়ে করা যায় সেই ব্যাপারটিও খতিয়ে দেখতে হবে। আমাদের রাজ্যে একটা প্রশাসনিক কেন্দ্র বিশেষ করে ডায়রেকটোরেট লেভেলে বিভিন্ন কেন্দ্রগুলি উত্তরবঙ্গে স্থানান্তরিত করার ব্যাপারে একটা প্রস্তাব ষষ্ঠ বামফ্রন্ট সরকারের সূচনাতে আলোচিত হয়েছিল, কিন্তু সেটা এখনো কার্যকরী হয়নি। এটা করলে সরকারের বহু টাকা সাশ্রয় হতে পারে। উত্তরবঙ্গে যে সব কেন্দ্রগুলি আছে সেইসব কেন্দ্রের আধিকারিকরা সব সময়ে কলকাতায় আসতে পারে না, নানা অসুবিধার সম্মুখীন হতে হয়। আধিকারিকরা সেখানে থেকে যদি পরিষেবা দিতে পারে তাহলে সরকারি অর্থের অপচয় অনেকখানি প্রতিরোধ করা যায়। এবার রেজিস্ট্রেশন ক্ষেত্রে বলছি, বিভিন্ন ক্লাব, সংগঠন বা সংস্থার যে রেজিস্ট্রেশন হয় তার জন্য তারা ফি দেয় কিংবা রিনিউয়াল চার্জ দেয়। এই সব বেসরকারি সংস্থাগুলিকে উৎসাহিত করার জন্য সেখানে কিছু চার্জ বৃদ্ধি করার সম্ভাবনা খতিয়ে দেখা যেতে পারে। এইভাবে কোথায় কোথায় রাজস্ব বৃদ্ধি করা যায় তা খতিয়ে দেখার জন্য একটা বিশেষজ্ঞ কমিটি করুন। এই ব্যাপারে একটু যত্ন নিলে এই আর্থিক সংকট নিশ্চিত সবল হতে

পারবে। তারপর আমি আর একটা বিষয়ে উল্লেখ করতে চাই, উনি বাজেট ভাষণে কৃষির উপর খুব ন্যায্য কারণে গুরুত্ব দিয়েছেন এবং কৃষিতে খুব সম্প্রতি যেটা জেনেছি, নতুন কৃষিনীতি রাজ্য মন্ত্রিসভা অনুমোদন করেছেন। সেই নতুন কৃষিনীতিতে ফসলের বৈচিত্রকরণের যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে আমরা জেনেছি সেই বৈচিত্রকরণ কার্যকরী হলে আমাদের যে সমস্ত জায়গায় ঘাটতি আছে যেমন তৈলবীজ, গম, মাছের ক্ষেত্রে সামান্য ঘাটতি সেটা সহজেই পূরণ করা যাবে। কাজেই একদিকে খাদ্যশস্য এবং সবজি উৎপাদনে আমাদের যে সাফল্য সেটাকে যেমন একদিকে ধরে রাখতে হবে তেমনি অপরদিকে যেসব ক্ষেত্রে ঘাটতি আছে সেটাকে পূরণ করার ব্যবস্থা করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে বিভিন্ন প্যারাগ্রাফে বিস্তৃতভাবে সমস্ত কিছুর বর্ণনা দিয়েছেন। আমি ওই তথ্য, পরিসংখ্যান, আর্থিক সমীক্ষা, বিভিন্ন ডাটা সেসব এখানে উপস্থিত করতে চাই না। আমি এর যে মূল দৃষ্টিভঙ্গি, রাজ্য সরকারের আর্থিক নীতির যে মূল দৃষ্টিভঙ্গি বাজেটের মধ্যে দিয়ে পরিস্ফুটিত হয়েছে সেটাই তুলে ধরতে চাই। সেই মূল দৃষ্টিভঙ্গিটা হচ্ছে যে আমরা কারুর পদানত হয়ে থাকতে চাই না, আমরা কারুর সেবাদাসে পরিণত হয়ে মাথাটা বিক্রি করে দিতে চাই না। পাশাপাশি আমরা সামাজিক সুরক্ষা দিয়ে সাধারণ মানুষের স্বার্থ রক্ষার জন্য যে লড়াই, সংগ্রাম তাকে রক্ষা করতে চাই এবং এগিয়ে নিয়ে যেতে চাই। আমাদের ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব, আমাদের রাজ্যের আর্থিক ব্যবস্থা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের যে দৃষ্টিভঙ্গি থাকা উচিত, যে ভূমিকা পালন করা উচিত সেটা যে তারা পালন করছেন না সে কথা অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে খুব সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন কিন্তু আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এ ব্যাপারে কোনো কথা বললেন না। যেখানে আমাদের ৫০ শতাংশ পাওয়ার কথা সেটা যে আমরা পাচ্ছি না, মাত্র ২৯ শতাংশ পাচ্ছি এবং এই না পাওয়ার ফলে সারা পশ্চিমবাংলাই যে বঞ্চিত হচ্ছে এবং সেখানে বিরোধীদলের মাননীয় সদস্যদের এলাকাও যে বঞ্চিত হচ্ছে, উন্নতি হচ্ছে না সে কথা সোচ্চারভাবে বিরোধীপক্ষ বলছেন না। বিরোধীদের এই ভূমিকায় আমরা বিস্ময়ে হতবাক হয়ে যাচ্ছি। রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকারের বঞ্চিত করা মানে গোটা রাজ্যকেই বঞ্চিত করা। কেন্দ্রীয় সরকারের যে ভুল নীতি, সাধারণ মানুষের স্বার্থ-বিরোধী যে নীতি তার জন্য শুধু কাগজে-কলমে প্রতিবাদ নয়, আমাদের সংগ্রামকে, বলিষ্ঠ লড়াইকে এগিয়ে নিয়ে যেতে হবে এবং তার জন্য হুংকার দিয়ে মাঠে নামার সময় আজকে উপস্থিত হয়েছে। সংকটের বিহ্বলতায় ম্রিয়মাণ হয়ে থাকা নয়, এর বিরুদ্ধে বলিষ্ঠ সংগ্রাম, লড়াইকে এগিয়ে নিয়ে যেতে হবে। ওরা বললেন আমরা নাকি ঋণ করে ঘি খেতে চাইছি না। না, ঋণ করে আমরা ঘি খেতে চাই না কিন্তু আপনারা যেভাবে দেশের সম্পত্তি বিক্রি করে ঘি খাচ্ছেন সেটা কি আপনারা ভুলে গিয়েছেন ? কেন্দ্রীয় সরকার বিলগ্নিকরণ দপ্তর খুলে আজকে গোটা দেশকে বিক্রি করে দিচ্ছেন কিন্তু এখানকার বিরোধী পক্ষ সে ব্যাপারে কোনো কথা বলছেন না, সেদিকে দৃষ্টি দিচ্ছেন না অপরদিকে এই সংকটের মধ্যে দাঁড়িয়েও আমরা যেখানে লড়াই চালিয়ে যাচ্ছি সেখানে টর্চ জ্বেলে কোথায় একটু কাদা ছিটিয়ে আছে, মাছি আছে সে দিকে নজর দিচ্ছেন, ভাল জিনিসগুলি বিরোধীরা দেখতে পাচ্ছেন না। কাজেই বিরোধীদের দিকে চেয়ে নয়, রাজ্যের সাধারণ মানুষের স্বার্থের দিকে চেয়ে আমি সংগ্রামের আহ্বান জানাচ্ছি। সংকটে বিহ্বল হব না, ম্রিয়মাণ হব না, রাজ্যের মানুষের উন্নতির স্বার্থকে

সামনে রেখে আমাদের লড়াইকে অব্যাহত রাখব। এই কথা বলে পুনরায় বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রী অসিত মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ড. অসীমকুমার দাশগুপ্ত গত ২০শে মার্চ ২০০৩/৪ সালের যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যেসব কাটমোশান দেওয়া হবে সেগুলিকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি যেভাবে বাজেট পেশ করেছেন তাতে সারা বাংলার মানুষই আতঙ্কিত। মানুষ এই বাজেটের ভাষা বুঝতে পারছেন না। আপনি যেভাবে রাজ্য সরকারকে বিপথে পরিচালিত করছেন তাতে আমরা শংকিত। আপনি পণ্ডিত মানুষ, এর ব্যাখ্যা সাধারণ মানুষের কাছে আমরা পৌঁছে দিতে পারিনি।

[3.20—3.30 p.m.]

আপনার মতো পণ্ডিতের ভাষা বুঝতে পারছে না। আজকে আপনি ৭৯৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। আজকে আপনার কাছে জানতে চাই এই অবস্থা কেন হয়েছে। আজকে আপনি পরিষ্কার করে বলবেন এই ঘাটতি হবে না আরও বেশি হবে। আজকে আপনি পরিষ্কার করে বলবেন রাজ্য সরকারের ঋণের বোঝা কত ? আজকে আপনি বলবেন আগামী দিনে পশ্চিমবাংলায় পরিকল্পনা খাতে কত ব্যয় হবে ? এই টাকা কোথা থেকে আসবে ? পশ্চিমবাংলা কেমন করে চলবে ? এই কয়েকটি প্রশ্ন আপনার কাছে রাখতে চাই। আমরা বারে বারে বলেছি আপনি দিশাহীন বাজেট পেশ করেছেন। পশ্চিমবাংলার মানুষকে অর্থনৈতিক দিক থেকে শেষ করে দিচ্ছেন। আপনার প্রকৃত রূপ মানুষ বুঝে ফেলেছে, এতো দিন পর্যন্ত তারা শুধু শুনেছে, আজকে সেটা পরিষ্কার হয়ে যাচ্ছে। আজকে আপনি কি ব্যবস্থা নিয়েছেন, বাংলার মানুষ আপনাকে কোন পর্যায়ে বিবেচনা করবে সেটা আপনাকে বোঝাতে হবে। আজকে আপনাকে তারা আসামীর কাঠগোড়ায় দাঁড় করিয়েছে। আজকে আপনি পরিষ্কার করে বলবেন আপনার সুদ এবং আসলে কত খরচ হয়। এখানে বলা হয়েছে ৯৫৬৬ কোটি টাকা। রাজ্য সরকার যে লোন নিয়েছে তার জন্য বছরে দিতে হচ্ছে ৯৫৬৬ কোটি টাকা। বেতন এবং অবসরকালীন ভাতা সরকারি এবং অন্যান্য সংস্থার জন্য চলে যায় ১১,৩৭৯ কোটি টাকা। অন্যান্য পরিকল্পনা বহির্ভূত খাতে ব্যয় হয় ৩৬১৯ কোটি টাকা। এই ৩টি মিলিয়ে পরিকল্পনা বহির্ভূত খাতে খরচ হল ২৪,১৬৯ কোটি টাকা। এটা আপনারই হিসাব। সেই জায়গায় সরকারের আদায় হচ্ছে ১৫,১৬৯ কোটি টাকা। আজকে আমরা দেখতে পাচ্ছি ১০ হাজার কোটি টাকা ফারাক হয়ে যাচ্ছে আয় এবং ব্যয়ের মধ্যে। আজকে আপনাকে পরিষ্কার করে বলতে হবে মাননীয় অর্থমন্ত্রী, এই যে প্রায় ১০ হাজার কোটি টাকা ফারাক থেকে যাচ্ছে আয় ও ব্যয়ের মধ্যে, এই যে সামঞ্জস্য থাকছে না, এই টাকা কিভাবে মেকআপ দেবেন ? প্রতি বছর ঘাটতি শূন্য বাজেট পেশ করে আজকে সারা পশ্চিমবাংলার ৮ কোটি মানুষের ঘাড়ে আপনার সিহাব অনুযায়ী ৭০ হাজার কোটি টাকার বেশি ঋণে বোঝা চাপিয়ে দিয়েছেন। আমাদের হিসাব অনুযায়ী এই লোন ৭৫ হাজার কোটি টাকা, মাননীয় সদস্য সৌগত রায় মহাশয়ের হিসাব অনুযায়ী ৮৮ হাজার কোটি টান লোন। গোটা রাজ্যের মানুষকে ঋণগ্রস্ত কেন

করতে হল কেন এই প্রশ্নের জবাব আপনাকে পরিষ্কার দিতে হবে। এটা আপনার কাছে আমার জিজ্ঞাসা থাকল। সবচেয়ে মুশকিল হচ্ছে আপনি যে টাকা লোন করেছেন তার উপরে আপনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আরো লোন পেতে চাইছেন। সেই লোন পেতে গিয়ে আপনি সুদের হারটা একটু কমানোর কথা বলেছেন। নিশ্চয়ই বলবেন। কিন্তু এটা কি আপনার একবারও মনে হয়নি আপনি দীর্ঘ ২৬ বছরে প্রায় ৮০ হাজার কোটি টাকা লোন করেছেন রাজ্য সরকারের পক্ষ থেকে, আপনি আবার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে লোনের দাবি করছেন ! দাবি যদি কেন্দ্রীয় সরকার মেনে নেয় আর রাজ্য সরকার যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে লোন নেয় তাহলে এই মোট লোনের পরিমাণ এমন একটা গিয়ে পৌঁছাবে, কতদিন আর সেই পশ্চিমবাংলার মানুষের ঘাড়ে চাপিয়ে রাখবেন ? একদিন তো রাজ্যটাকে বিক্রি করে দিতে হবে, এটাকে বেসরকারিকরণ করে দিতে হবে। একদিন এই বিধানসভা সরকারের আওতায় থাকবে না। প্রাইভেট কোম্পানির হাতে দিয়ে বলতে হবে এই বিধানসভা থেকে ইনকাম করে নাও। বাজেটের সময় ওরা খুলবে, ওরা সময়ে নির্ধারণ করে দেবে, বলবে ৩ ঘণ্টার মধ্যে বাজেট পেশ করে নিন। বাকি সময় আর দেওয়া যাবে না। রাজ্যটিকে বেসরকারিকরণ করে দিয়ে যাবে, বিক্রি করে দিয়ে যাবে। কত টাকা কোন জায়গায় লোন দিয়েছেন, তারা কিভাবে চলছে—মাননীয় সদস্য সৌগত রায় এখানে পরিষ্কারভাবে বলেছেন। এই ক্ষেত্রে বারবার ঘুরেফিরে একই কথা বলা যাবে না। অংকে পাঁচ আর পাঁচ মিলে দশ হয়, একে এগার করা যাবে না। আপনাকে এযা পরিষ্কারভাবে বলতে হবে যে, আপনি কেন্দ্র থেকে কেন লোন চাইছেন ? আপনি বলেছেন, কেন্দ্রীয় সরকার লোন দেয় ঠিকই, কিন্তু তার ইন্টারেস্টের হার যদি কমিয়ে দেয় তাহলে রাজ্য সরকারের পক্ষে, সাধারণ মানুষের পক্ষে সুবিধা হয়। কিন্তু আপনি তো জানেন যে, কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চলের কিছু রাজ্যকে, বিশেষ করে জম্মু ও কাশ্মীর, সিকিম এবং হিমাচল প্রদেশের ক্ষেত্রে শুধু লোন দেয় না, অনুদানই দেয়। যার ফলে তার লোনের যে সুদ, যে ইন্টারেস্ট তাকে সঠিকভাবে রাখতে হচ্ছে। কেন্দ্রীয় সরকার যদিও ১২ পার্সেন্ট থেকে ১১ পার্সেন্ট এবারে করেছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, লোন নিয়ে সারা রাজ্যের উন্নতি হবে তো ? কেমন করে হবে তা আমরা বাংলার মানুষ আজেক বুঝতে পারছি না, আমরা জানতেও পারছি না। কারণ এমন পর্যায়ে এসে গেছে, আপনি বলেছেন যে, আমরা ব্যয় কমানোর ক্ষেত্রে, চারশো কোটি টাকা যাতে কমানো যায় তার জন্য চেষ্টা করব। আজই কাগজে বেরিয়েছে—আপনি বেশি করে ব্যয় কমানোর কথা বলছেন তো—আপনার যাঁরা মন্ত্রী আছেন, তাঁরা কেমনভাবে আমোদ-প্রমোদে লক্ষ লক্ষ টাকার তেল পুড়িয়ে কিভাবে খরচ করেছেন। আপনি আজকের কাগজ পড়লেই বুঝতে পারবেন। আপনি বলেছেন, আমরা চারশো কোটি টাকা খরচ কমিয়ে দেব। আপনি বলেছেন ৮২৫ কোটি টাকা নতুন কর চাপিয়ে আদায় করবেন। এন্ট্রি ট্যাক্স বাবদ ৫০০ কোটি টাকা, মদের লাইসেন্স ফি থেকে ১০০ কোটি টাকা, সব মিলিয়ে ৮২৫ কোটি টাকা আদায় করবেন বলেছেন। কিন্তু সাধারণ মানুষের কাছে, আমাদের কাছে রাজ্য সরকারের বোঝা এমনভাবে পৌঁছে গেছে তা গ্রামের শ্রমিক, মেহনতি মানুষ আর বইতে পারছেন না। আপনি শিক্ষাতে বাড়িয়েছেন, স্বাস্থ্য পরিষেবায় বাড়িয়েছেন, কোর্ট ফি বাড়িয়েছেন, বিদ্যুতের চার্জ বাড়িয়েছেন। তাহলে আপনি

আর বাকি রেখেছেন কোথায় ! স্বাধীনতার পর মানুষের একটা দাবি ছিল, আমরা শিক্ষা চাই, আমরা স্বাস্থ্য চাই, আমরা মোটা ভাত-কাপড় চাই। তাকে আপনি কোন অবস্থায় নিয়ে গেছেন ? শিক্ষায় আপনি ফি বাড়িয়েছেন, স্বাস্থ্যে ফি বাড়িয়ে কোন অবস্থায় নিয়ে গেছেন, আজকে গরিব মানুষ স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হবে। আজকে আপনাকে বলতে হবে। বিদ্যুতের ক্ষেত্রে আপনি কী অবস্থায় পৌঁছে দিয়েছেন তা আমরা সকলেই জানি।

[3.30—3.40 p.m.]

আজকে এইরকম একটা জায়গায় দাঁড়িয়ে কোন অবস্থায় আছে সেটা স্বীকার করুন। আপনি আপনার বাজেট বই যেটা প্লেস করেছেন তার একটা জায়গাতেও তফশিলী জাতি এবং উপজাতি মানুষদের একটি কথাও লেখেননি। আপনি লিখেছেন একটি জায়গায়—একমাত্র পশ্চিমবঙ্গেই এই সময়কালে এক লক্ষ একরেরও বেশি জমি ভূমিসংস্কারের জন্য সরকারের ন্যস্ত হয়েছে। সামগ্রিকভাবে এ পর্যন্ত রাজ্যে মোট বণ্টিত কৃষিজমির পরিমাণ দাঁড়িয়েছে ১০.৭৩ লক্ষ একর, যার থেকে উপকৃত হয়েছেন ২৬.৮১ লক্ষ কৃষক। এঁদের মধ্যে ৫৬ শতাংশই হলেন তপশিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ের, যা তাঁদের মোট জনসংখ্যার অনুপাতের প্রায় দ্বিগুণ। আপনাদের তথ্য এবং পরিসংখ্যান দেখে বাইরের থেকে মানুষ ভাবেন—কেন মুসলিম হলাম, কেন ব্রাহ্মণ হলাম, কেন সাধারণ মানুষ হলাম—তফশিলি জাতি এবং উপজাতির ঘরে কেন জন্ম নিলাম না। এই পশ্চিমবঙ্গ সরকার তফশিলি জাতি ও উপজাতির জন্য এত কল্যাণ করে গেছেন যে তারা ভাবছেন আগামী জন্ম যেন সার্থক হয়—আমরা যেন তপশিলি জাতি এবং উপজাতি হয়ে জন্ম নিতে পারি। এইভাবে এই সরকার পরিসংখ্যান দিয়েছেন যে মানুষ বিভ্রান্ত হয়ে পড়ছে। সেই কারণে আপনাদেরকে বলতে চাইছি যে, আপনাদের সরকারের তো একটা দপ্তর আছে সংখ্যালঘু কমিশন—মাইনোরিটি কমিশন ফাইনান্স কর্পোরেশন। তাদের সংখ্যালঘু শ্রেণির জন্য ক্লাস্টার লোন থেকে আরম্ভ করে বিভিন্ন রকমের লোনের ব্যবস্থা করেছে। কিন্তু সেখানে তফশিলি জাতি এবং উপজাতি মানুষদের জন্য এই পশ্চিমবঙ্গ সরকার কর্মসংস্থানের ক্ষেত্রে বেকার যুবক-যুবতীদের জন্য কি ব্যবস্থা নিয়েছেন ? তার জন্য একটা সেনটেন্সও কি লিখেছেন বা কি একটাও ওয়ার্ড লিখেছেন—একটা ওয়ার্ডও দিতে পারেননি। সেখানে সংখ্যালঘু কমিশন, বিশেষ করে ফিনান্স কর্পোরেশন গ্রামাঞ্চল থেকে শহর পর্যন্ত লোনের ব্যবস্থা করেছে, কোটি কোটি টাকার লোন দিচ্ছে। সেই হিসাবে অর্থমন্ত্রী হয়ে তিনি রাজ্যে তপশিলি জাতি এবং উপজাতি মানুষদের স্বার্থে সেইভাবে লোন বিতরণ করতে পারেননি। স্বল্প সুদে যে টাকা দেবার স্কিম তা কোথায়, আপনার পাণ্ডিত্য আছে, যোগ্যতা আছে—আপনি দীর্ঘদিন ধরে এই তপশিলি জাতি এবং উপজাতি মানুষদের বিভ্রান্ত করছেন। আজকে লোনের জালে রাজ্য সরকার জর্জরিত, সেখানে সরকার ঘাড়ে নিজের বোঝা নিজে বইতে না পেরে সাধারণ মানুষের কাছে করের বোঝা চাপিয়ে দিয়েছেন। এই কর চাপিয়ে দিয়েও আপনি উন্নয়ন খাতে কোনো টাকা খরচ করতে পারেননি। আপনার কাছে জানতে চাইছি রাজ্যের লোনের বোঝা কত এবং যে টাকা আপনি আয়-ব্যয়ে খরচ করেছেন তার থেকে কত টাকা এসেছে

এবং কত খরচ হয়েছে এবং কত টাকা ঘাটতি থেকে যাচ্ছে দেখান। আপনি ওই টাকা দিয়ে তো রাজ্য সরকারি কর্মচারীদের বেতন মেটাতে, পেনশন দেবেন, ভাতা দেবেন এই সব কাজেই চলে যাবে। সেখানে রাজ্যের মানুষের স্বার্থে পরিকল্পনা খাতে কোথার থেকে টাকা নিয়ে আসবেন পরিকল্পনা গ্রহণ করবেন উন্নয়নের জন্য অথচ টাকা কোথার থেকে আসবে তার কোনো ব্যবস্থা নেই। এই কথা বলে এই বাজেটর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় : স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে ২০০৩-০৪ সালের বাজেট বিবৃতি এখানে পেশ করেছেন আমি তা সমর্থন করছি। সৌগতবাবু চলে গেলেন, আজকে কেন্দ্রীয় সরকারের বাজেট, কেন্দ্রীয় পরিকল্পনা এবং কেন্দ্রীয় পলিসির ফলে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে যে বাজেট অসুবিধা হচ্ছে, আমাদের যে আর্থিক দিক থেকে সংকটের মুখে পড়ে যাচ্ছে—সেটা তিনি তাঁর বক্তব্যে মানতে চাইছেন না। সেটা উনি মানতে চাইছেন না। ২০০২-২০০৩ সালর কেন্দ্রীয় বাজেট এবং ইকনমিক সার্ভে আমাদের কাছে আছে। আমি শুধু একটা কথা বলি, At the Central level interest payments in 2002-03 are estimated at Rs. 115.683 crore, equivalent to 48.8 per cent of the Govermnet's revenue receipts অর্থাৎ ৪৮ শতাংশ রেভিনিউ রিসিপট করেছে কেন্দ্রীয় সরকার এবং সেটা থেকে তাদের ঋণ দিতে চলে যাচ্ছে। যদিও সংখ্যাটা সত্য নয়, এই সংখ্যাটাও আরও বাড়বে। যোশেফ স্ট্রিকলার, চিফ ইকনমিস্ট, নোবেল প্রাইজ বিজয়ী, তিনি একটা জায়গায় আই.এফ.এফ অ্যাপ্রুভাল সম্পর্কে বলেছেন—Recent initiative for debt relief have effectively given the IMF even more power, because unless the IMF approves the country's economic policy, there will be no debt relief. This gives the IMF enormous leverage, as the IMF well knows.

অর্থাৎ দেখা যাচ্ছে আজকে এই গ্লোবালাজাইশেন, আই.এম.এফ, ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং ডবলু.টি.ও. আজকে যেভাবে গ্রাস করেছে তাতে একটা কথা বলা যায়—'গভর্ন ওয়ার্ল্ড উইদাউট গভর্নমেন্ট'। এটা করতে গিয়ে ওরা বলছে আওয়ার ড্রিম ইজ ওয়ার্ল্ড উইদাউট প্রভার্টি। একটু পেছনের ইতিহাসের দিকে যদি যাওয়া যায়, গ্রেট ডিপ্রেসান নাটইনটিন থার্টিস, কেইনসের থিওরি সম্পর্কে যোশেফ স্ট্রিকলার বলেছেন—The Keynesian orientation of the I.M.F. which emphasized mantra of the 1980s part of a new Washington consensus a consensus between the IMF, the World Bank, and the U.S. treasury.

কাজেই এই যে ব্যাপারগুলো এটা বলতে গিয়ে ঐ স্টিকলার আরেকটা জায়গায় বলছেন— সৌগতবাবু এখানে নেই, থাকলে ভালো হত—Over the years since its inception, the I.M.F. has changed markedly. Founded on the belief that markets often worked badly, it now champions market supremacy with ideological fervour. Founded on the belief that

there is a need for inter-national pressure on countries to have more expanisionary economic policies—such as increasing expenditures, reducing taxes, or lowering interest rates to stimulate the economy. Today the I.M.F. typically provdies funds only if countries engage in policies like cutting deficits, raising taxes, or raising interest rates that lead to a contraction of the economy. Kaynes would be rolling over in his grave, were he to see what has happened to his child. এই যে মোট ড্রামাটিক চেঞ্জ ইন নাইনটিন এইট্টিস—the most dramatic change in these institutions occurred in the 1980s, the era when Ronald Reagan and Margaret Thatcher preached free market ideology. Globalisation unmasked-imperialism in the 21st century-James Petras and Henry Veltmeyer.

এই যে ব্যাপারগুলো এখানে আসছে, আমি সেখানে পরে আসব। আরেকটা জায়গায় গ্লোবালাইজেশন অর ইউ.এস ইমপেরয়ালাইজিম সম্বন্ধে একটা জায়গায় বলেছেন, বিষয়টা মনোযোগ দিয়ে দেখুন—To that extent that globalisation rhetoric persists, it has become an ideological mask disguising the emerging power of U.S. corporations to exploit and enrich themselves and their Chief executive officer to an unprecedented degree. Globalisation can be seen as a code word for the ascendancy of U.S. imperialism.

[3.40—3.50 p.m.]

কাজেই এর মধ্যে থেকে জিনিসটা পরিষ্কার হয়ে গেছে। আজকে ইরাকের যুদ্ধ, এখানে গ্লোবালাইজেশন আনমাস্কড হয়ে গেছে। বইতে বলেছে—The growing economic empire was marched by the growing willingness of the Clinton administration to use force in Iraq, Central Europe, Asia and Africa, to increase the U.S. military budget and to appoint hard line presidential intelligence and security advisors to direct covert and overt military interventions. Washington is prepared to defend its newly regained economic ascendancy by all means necessary ; by free trade if possible, by military force if necessary.

আজকে এই জায়গা চলে গেছে। সেখানে দাঁড়িয়ে আমাদের গভর্নমেন্টের অবস্থা কি ? মার্কিন সাম্রাজ্যবাদের প্রভাবে প্রায় ৪৮ শতাংশের বেশি টাকা আজকে বিদেশি ঋণের খাতে চলে যাচ্ছে। আজকে ২৯ শতাংশ টাকা পেয়ে থাকি যার রেভিনিউ নিয়ে নিচ্ছে, তার বেশি পাই না কেন ? তার ভেতরে যান। এখানে পরিষ্কার বলেছে—Today in many parts of the world, officials designated by the U.S. Treasury in the World Bank and IMF decide on government spending levels, property relations. In most cases, local political elites implement

regressive macro-economic policies without consulting their electorate or even the elected legislature. The presumption of political decision making by these external representatives of corporate power fundamentally alters the nature of electoral political systems.

তাহলে আপনি কার বিরুদ্ধে লড়াইটা করবেন ? আপনার লড়াইটা কোন জায়গায় দাঁড়াচ্ছে। আপনি বলেছেন গ্লোবালাইজেশনের ফলে কি হচ্ছে ? গ্লোবালাইজেশনের ফলে যে ঘটনা ঘটছে সেটা আরও মারাত্মক, সেটা আপনাকে দেখাতে পারি। এখানে আরল বলছে— A growing divide between the haves and the have-nots has left increasing numbers in the Third World in dire poverty, liging on less than a dollar a day. Despite repeated promises of poverty reduction made over the last decade of the twentieth century, the actual number of people living in poverty has actually increased by almost 100 million. This occurred at the same time that total world income actually increased by an average of 2.5 per cent annually.

গ্লোবালাইজেশনের ফল হচ্ছে, আমাদের ওয়ার্ল্ড ইনকাম বেড়ে গেল ২.৫ পার্সেন্ট, আবার প্রভার্টি বাড়ল ১০০ মিলিয়ন। অবস্থাটা আর একটু ব্যাখ্যা করে বলছি। Globalisation and the introduction of a market economy has not produced the promised results in Russia and most of the other economies making the transation from communism to the market. These countries were told by the West that the new economic system would bring them unprecedented prosperity. Instead it brought unprecendented poverty.

আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্কের চিফ ইকনমিস্ট পরিষ্কার এই কথাগুলো বলছেন। এবং সেখানে বলছে। ইথিওপিয়াতে মার্কেট ইকনমির যে শেপ থাকে, এর বাইরেও সেখানে যখন ৮০ শতাংশ রুরাল পিপল, সেখানে মিলিটারি বাজেট কার্টেল করার পরেও দেখা যাচ্ছে সেখানে রুরাল পিপলকে কিছুটা রিলিফ দেওয়ার চেষ্টা করছে। তখন, আশ্চর্য হয়ে যাবেন শুনলে যে, আই.এম.এফ, তার হাতটা উইথড্র করে নিল। সেখানে কি হবে আপনাকে জানাচ্ছি স্যার। It had dramatically cut back on military expenditures— remarkable for a government which had come to power through military means. But the IMF had suspended its program with Ethiopia, in spite of the good macroeconomic performance, saying it was worried about Ethiopia's budgetary position.

এটা খুব মজার ব্যাপার—Today, in spite of the repeated discussions of openness and transparency, the IMF still does not formally recognized the citizen's basic right to know : there is no Freedom of Information Act to which an American, or a citizen of any other

country, can appeal to find out what this international public institution is doing.

অর্থাৎ আই এম এফ কি করবেন, কি বলবেন, তারা কি পলিসি নেবে, এগুলি তাঁরা জানাতে বাধ্য নন এবং আই এম এফ একটা পাবলিক ইনস্টিটিউশন হওয়া সত্ত্বেও প্রেসিডেন্ট বুশ বা মার্কিন সাম্রাজ্যবাদীরা যা বলে দেবেন, সেটাই তাঁরা করবেন। এই রকম একটা পরিস্থিতির মধ্য দিয়ে চলেছি। আজকে সেখানে দাঁড়িয়ে পরিষ্কার করে সেই কথা বলছি যে, আমাদের এই যে কেন্দ্রীয় বাজেট এতে আমরা যাই করি না কেন, যাই বলি না কেন, একদম পরিষ্কার করে আই এম এফ যেভাবে বলে দেবেন, ডবলু টিও যেভাবে বলে দেবেন, ওয়ার্ল্ড ব্যাংক যেভাবে বলে দেবেন, ঠিক সেইভাবে বাজেট এখানে প্লেস করতে হবে। আমাদের সেন্ট্রাল গভর্নমেন্টের কোনো উপায় নেই। সেন্ট্রাল গভর্নমেন্ট সম্পূর্ণ বিক্রি হয়ে বসে আছে। আর এখানে আপনারা বলবেন যে, কি হল ? আর্থিক সংকট কেন ? আমি কংগ্রেসি বন্ধুদের বলি—রাও সরকারের ফিনান্স মিনিস্টার ড. মনমোহন সিং ওয়াশিংটন কনসাস অনুযায়ী বাজেট প্লেস করেছিলেন, তাতে বললেন—Reduction in the list of industries reserved for the public sector from 7 to 8.

৭ শতাংশ থেকে ৮ শতাংশে নামিয়ে আনতে বললেন, (ii) disinvestment of shares in the PSEs in order to encourage the participation of the general public and workers in managing and controlling the economy, (iii) uniform policy for the sick enterprises whether in public or private sector & (iv) recourse to contract management through Memorandum of Understanding in order to ensure better performance and accountability.

তাহলে আজকে কংগ্রেসই এই ঘটনা ঘটিয়েছে। আজ বি জে পি এন ডি এ সরকার, যারা একসময় আর এস এস-এর কথা বলতেন, যাঁরা স্বদেশি পণ্যের কথা বলেন, যাঁরা জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হওয়ার কথা বলেন, আজকে সেই প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী বাজেট প্লেস করছেন। এই ইকনমিক পলিশি সম্পূর্ণ ওখান থেকে গৃহীত। কাজেই আজকে যশবন্ত সিনহার কিছু করার নেই। সেখানেই দাঁড়িয়ে আজকে আমাদের লড়াই। আজকে ইরাকের যুদ্ধ হত নাকি ? আর একটা কথা বলি—ভেবে দেখতে অনুরোধ করি—সোভিয়েত রাশিয়ায় কি ভয়ংকর অবস্থা চলছে। আজকে ওখানে প্রভার্টি বেড়ে যাচ্ছে। আজকে সেখানে কি অবস্থা তৈরি হয়েছে। তাই আমি একটা কথা বলতে চাই—Stalin, in his turn, theorised about the unforeseen course of history with a thesis whose formula consisted of a general crisis of capitalism, the building of socialism in a single country', and competition between the two systems. The thesis seemed to receive confirmation form both the long interwar depression and the extension of 'socialist' systems into Eastern Europe and Asia. But it covered over the

nature of the so-called socialist project, whose tune objective was to build a capitalism without capitalists, which finally changed, as it had to, into a capitalism with capitalists.

[3.50—4.00 p.m.]

আজকে এই জায়গাটা আমাদের ধরতে হবে, আমাদের বাঁচার কোনো রাস্তা নেই। আমরা যাই ব্যবস্থা নিই না কেন তার মধ্যে দাঁড়িয়ে আমাদের যে অবস্থান তাকে সুদৃঢ় করতে চাই। একটা সময় প্রশ্ন করা হয়েছিল ক্যান ক্যাপিটালিস্ট ইকনমি অ্যান্ড সোসালিস্টিক ইকনমি রান টুগেদার ? তখন স্তালিন বলেছিলেন হ্যাঁ, দে ক্যান। আমরা দেখতে পাচ্ছি সেটা হয় না, সেটা কখনই হতে পারে না। আমাদের লড়াইটা সেই জায়গায় নিতে যেতে হবে। ওরা আপস করতে পারে, পদদলিত হতে পারে, যশোবন্ত সিং হতে পারে, অটলবিহারি বাজপেয়ি হতে পারে, উন্নয়নের নাম করে ঋণ নিয়ে নিয়ে আরও ঋণের বোঝা বাড়িয়ে যেতে পারেন, গোটা দেশটাকে বিক্রি করে দিতে পারেন, বিলগ্নিকরণের নামে দেশটাকে ধ্বংস করে দিতে পারেন। কিন্তু আমাদের সামনে সংগ্রাম ছাড়া আর কোনো পথ নেই। আমরা বলেছি যে আমাদের পেরিফেরির মধ্যে পরিষ্কার কতগুলি বিষয় আসা উচিত ছিল। আমাদের যে দুর্বলতা সেটাকে ভালো করে বোঝা উচিত। আমরা অন্যায়ের সঙ্গে আপস করে উন্নয়নমূলক কাজ করতে পারব না, বিশ্বায়নের নীতির সঙ্গে সমঝোতা থেকে আই.এম.এফ. নীতির সঙ্গে উন্নয়নের পথে যেতে পারব না। সংগ্রামই হচ্ছে আমাদের একমাত্র পথ। আমাদের নন-প্ল্যান বাজেটে টাকা দিতে পারছি না রাজনৈতিক কারণে একথা পরিষ্কার। রাজনৈতিক কারণে মেন্রে যখন কংগ্রেস সরকার ছিল, এমন বি জে পি সরকার, অবশ্য মাঝে দেবগৌড়া এবং মোরারজী সরকারের কিছু সময় বাদ দিলে বারে বারেই পশ্চিমবঙ্গকে রাজনৈতিক কারণে বঞ্চিত করা হয়েছে। ১৯৮০-তে ওয়াশিংটন কনসেনসাস হচ্ছে, সেই কনসেনসাসের যে ওয়েভ সেটাকে আমরা বুঝতে পারিনি। সেই অবস্থানকে আমরা বুঝতে পারিনি তাহলে আজকে এখানে নন-প্ল্যান বাজেট বাড়ত না। নন-প্ল্যান বাজেট বেড়েছে ডিউ টু স্যালারি ইনক্রিজ। এ ব্যাপারে আমাদের ভাবতে হবে কেন আমরা ৫৮ থেকে ৬০ বছর করলাম। আমাদের বেতন নিয়ে ভাবা উচিত ছিল। কেন আমরা আমাদের সামর্থ্যের মধ্যে বেতন বাড়ায়নি। তাহলে আজকে এই সমালোচনার মধ্যে আমাদের পড়তে হত না। আজকে এই বিষয় সম্বন্ধে ভাবতে গিয়ে আলোচনা করতে গিয়ে আমাদের অবস্থানটা দেখছি ভয়ংকর একটা জায়গা এসেছে। আপনারা জানেন গঙ্গা-পদ্মার ভাঙনের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের ৯০০ কোটি টাকার প্রোজেক্ট, ৩০০ কোটি টাকা আর ৬০০ কোটি টাকা, লংটার্ম এবং শর্টটার্ম। কিন্তু আমরা ৩০ কোটি টাকা পেয়েছি। বাকি টাকাটা আমাদের দেননি। আমরা দিল্লিতে গিয়েছিলাম। আজকে উপকূল ভাঙন, সুন্দরবন ভাঙন হচ্ছে। ইরোশন ইজ ইস্যু ইন আওয়ার স্টেট, সেই জায়গায় আজকে আমাদের পৌঁছতে হবে, আজকে যশোবন্ত সিং-এর হাত দিয়ে টাকা গলবে না, ফিফথ কমিশনের মাধ্যমে, সিক্সথ কমিশনের মাধ্যমে টাকা গলবে না। যতক্ষণ না পর্যন্ত ওঁরা ওখানে পদানত হয়ে থাকবে ততক্ষণ পর্যন্ত বামফ্রন্ট সরকারকে লড়াই চালিয়ে যেতে

হবে। কারণ আজকে আমাদের বাঁচার পথ নেই, রাস্তা নেই। আমি সৌগতবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই আপনারা আই.এম.এফ-এর পক্ষে, অটলবিহারী বাজপেয়ীর পক্ষের লোক। আপনাদের নেতা মন্ত্রী হবেন এটাই হচ্ছে আপনাদের শেষ কথা, আপনাদের কাছে দেশ শেষ কথা নয়, মানুষ শেষ কথা নয়। আমরা প্রতিবাদ করছি। আমরা এই সংগ্রামের মধ্যে থাকব। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জোতির্ময় কর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী গত ২০শে মার্চ যে বাজেট ভাষণ দিয়েছেন আমি তার বিরোধিতা করে কাট-মোশানের পক্ষে আমার বক্তব্য উপস্থাপিত করছি। মাননীয় সদস্য তপনবাবু এতক্ষণ আই.এম.এফ., ইত্যাদি বিষয় বললেন শুনলাম। মাননীয় অর্থমন্ত্রী আপনি বলছেন কেন্দ্র মহাজনী ব্যবসা করছে, ডাইরেক্টর টাকা নেবেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডাইরেক্ট টাকা নিচ্ছেন জাপানিদের কাছ থেকে স্বাস্থ্য পরিকল্পনার উন্নয়নের জন্য। বলছেন, কানাড়া থেকে টাকা নিয়ে আয়ুর্বেদের উন্নয়ন করবেন। আর, মাননীয় তপনবাবু বড় বড় বই পড়ে লেকচার দিচ্ছেন আই.এম.এফ-এর টাকা নেবেন না। সরকার বলছেন, ডাইরেক্ট টাকা নেবেন কেন্দ্রের ইন্টারভেন চলবে না, আর আপনি বলছেন অন্য। তাহলে আপনি আপনার ডিপার্টমেন্টকে বোঝান, আপনার দলকে বোঝান যে ডাইরেক্ট টাকা নেওয়া চলবে না। আপনি সত্য না অর্থমন্ত্রী সত্য সেটা আগে ঠিক করে নিন, পরস্পর কন্ট্রাডিকশন করবেন না হাউজে। মাননীয় অর্থমন্ত্রী আপনি গত বছর বাজেটে যে বরাদ্দ করেছিলেন তাতে আমরা দেখেছি আপনি পরিকল্পনা খাতে ২০০১-০২ সালে ৬,৬৯৭ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। কিন্তু একচ্যুয়ালি ডিপার্টমেন্টগুলোকে দিয়েছিলেন ৪,৫৯৫ কোটি টাকা। অর্থাৎ গত আর্থিক বছরের প্রথমে সর্টফল ছিল ২,২০২ কোটি টাকা পরিকল্পনা খাতে। অমরবাবুর পূর্ত দপ্তর পায়নি, সমবায় দপ্তর পায়নি, মৎস দপ্তর পায়নি। সমস্ত দপ্তরই পরিকল্পনা খাতে অর্থ থেকে গত বছর বঞ্চিত হয়েছে। আগে সেই বঞ্চনার প্রতিফলনগুলো এই বাজেটে হওয়া উচিত ছিল। এত সংখ্যা সমৃদ্ধ, এত শব্দমেদবহুল, এত অপ্রয়োজনীয় বাক্য আপনি ব্যয় করেছেন বাজেট ভাষণ দিতে গিয়ে যে তাকে বলা যায় 'ধান ভানতে শিবের গীত' গেলেন পুরো অর্থনৈতিক সত্যটাকে চাপার জন্য এবং প্রকৃত সত্যটাকে মানুষের দৃষ্টিকোণ থেকে সরিয়ে নেবার জন্য। মাননীয় অর্থমন্ত্রী আপনি বলেছেন যে, আমার অতিরিক্ত পেনশন দিতে টাকা চলে গেল। আপনি কি পেনশনের টাকা দেবেন না ভেবেছিলেন ? আপনি কি জানেন না আগামী প্রতি বছর পেনশনে কত টাকা লাগবে ? প্রতি বছর বেতনে কত টাকা লাগবে ? একজন অর্থমন্ত্রীর তো এগুলো পরিকল্পনার মধ্যে থাকা উচিত। এগুলো তো হঠাৎ করে আকাশ থেকে পড়ে যায়নি যে এত টাকা আমার পরিকল্পনা বা পেনশন খাতে দেখা দিল। কিন্তু ১৩টা ডি.এ যে বাকি রেখেছেন সরকারি কর্মচারীদের সে বিষয়ে আপনার কোনো অনুশোচনা নেই, বাজেটেও কোনো উল্লেখ নেই। এই ডি.এ.গুলো কবে পাবে আপনার সরকারি কর্মচারী, শিক্ষক এবং অ-শিক্ষক এবং যে পেনশন এখনও পর্যন্ত বাকি আছে সেই পেনশন কবে রিলিজ হবে তারও কোনো ইঙ্গিত এই বাজেটে আপনি দিয়ে গেলেন না। মাননীয় অর্থমন্ত্রী আপনি ৭টা কারণ অনুধ্যান করেছেন আর্থিক সংকটের জন্য। যার মধ্যে ৬টা অর্থাৎ ষষ্ঠ রিপু কেন্দ্রের দিকে আর বাকিটা আপনি আপনার জন্য নিয়েছেন।

সেই ষষ্ঠ রিপু হচ্ছে, ৬টা কারণ হচ্ছে, প্রথমেই আপনি বলেছেন, স্বল্প সঞ্চয়ে সুদের হার কমিয়ে দিল এবং প্রভিডেন্ট ফান্ডে সুদের হার কমে গেল। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী তো জানেন একটা ব্যাংকের সুদের হারের সঙ্গে সমগ্র রাজ্যের আয়ের ব্যাপারটা জড়িত থাকে, অঙ্গাঙ্গীভাবে যুক্ত। বেকাররা কি চায় ? স্পল্প সুদে তারা শিল্প গঠন করবে, ব্যবসা-বাণিজ্য করবে। তারা স্বল্প সুদে যদি ব্যবসার টাকা পায়, ব্যাংক থেকে লোন পায় তাহলে কেবলমাত্র সম্ভব হয় তাদের পক্ষে প্রতিযোগিতার বাজারে আয়ের উৎসটাকে বাড়াতে। তাহলে একদিকে আয়ের উৎসকে বাড়াতে হয় এবং তার জন্য ব্যাংক থেকে কম হারে সুদ, ঋণ দিতেই হবে। ব্যাংক থেকে কম দামে যদি ঋণ না দেয়, আজকে কেন্দ্র, আজকে বাইরে, আজকে যারা নন-ব্যাংকিং ইনস্টিটিউশন, ইভন কোম্পানিজ, যেমন টাটা, প্রডিউসার, তারা ডাইরেক্ট দিয়ে দিচ্ছে আর ব্যাংক যদি উচ্চহারে টাকা নেয় আপনি যদি উচ্চহারে স্বল্প সঞ্চয়ের টাকা ঋণ করেন তাহলে কখনই আপনি কম দামে বেকারদের মধ্যে টাকা দিতে পারবেন না। ফলে আয়ের উৎসে প্রতিযোগিতা অসম প্রতিযোগিতা হবে, সুষম প্রতিযোগিতার ইঙ্গিত আপনি দিতে চেয়েছেন বাজেটে, বিপরীতার্থক শব্দ ওখানে দিতে হবে এই স্বল্প সঞ্চয়ে সুদের কথা যদি তোলেন। আপনি তৃতীয় কথা বলতে চেয়েছেন, আপনি দেখুন, প্রথম কারণ দেখিয়েছেন, রাজ্য সরকারের আর্থিক সংকটের কারণ হচ্ছে পঞ্চম বেতন কমিশন হয়ে গেছে। আপনারা গ্রাম-বাংলায় মিছিল করে বলেছিলেন 'পঞ্চম বেতন কমিশনের সুপারিশ করছে কে ? বামফ্রন্ট আবার কে'। আর, এখন বলছেন, 'দায় নেবে কে ? কেন্দ্র আবার কে'। এই দ্বিচারিতা থেকে বেরিয়ে আসুন। তৃতীয় কারণ আপনি কেন্দ্রের দিকে দেখিয়েছেন। কেন্দ্রের নীতির কারণে রাজ্যগুলোর ঋণের বোঝা বাড়ছে। ঋণ যদি নিতে হয়, ঋণ নেওয়ার পূর্ব শর্ত আপনি হাউজে প্রকাশ করুন।

[4.00—4.10 p.m.]

আপনি বলুন যে, ঋণ যখন নিই তখন এই শর্ত ছিল। কেন্দ্র এখন অতিরিক্ত ঋণ আমাদের শর্ত হিসেবে চাপিয়ে দিচ্ছেন। তৃতীয় কারণ, সাম্প্রতিককালে কেন্দ্রীয় করের আয় কম হয়েছে। আপনার কর যদি কম আসে সাত খুন মাপ, আর কেন্দ্রীয় কর কম এলে যত দোষ নন্দ ঘোষ। এই দ্বিচারিতার অর্থনৈতিক স্লোগান থেকে বেরিয়ে আসুন। মাননীয় অর্থমন্ত্রী, চতুর্থ কারণ আপনি দিয়েছেন, রিজার্ভ ব্যাংকের সম্প্রতি নির্দেশাবলীর জন্য রাজ্যের চুক্তিবদ্ধ ঋণ সংগ্রহ—আপনি দেবেন জেলা পরিষদকে ? আপনি দেবেন অন্যান্য যে সমস্ত কর্পোরেশন আছে তাদের আপনি ডাইরেক্ট ঋণ দেবেন ? অর্থনৈতিক রেনোনিজম রাখবেন না। রিজার্ভ ব্যাংক তো আর কেন্দ্রীয় সরকার না, রিজার্ভ ব্যাংক কেন্দ্রীয় সরকারের একটা স্বয়ংশাসিত সংস্থা। অর্থনৈতিক ডিসিপ্লিনের জন্য যেটা সমস্ত রাজ্য সরকার মানছে। একটা অর্থনৈতিক ডিসিপ্লিনের জন্য, নিয়ন্ত্রণের জন্য যেটা দরকার—তাকেও আপনি বিদ্রূপের হাত থেকে বাঁচাননি। রাজ্যগুলির উপর একপেশে নিষেধ চাপাচ্ছে ওভারড্রাফট। আপনি জেলা পরিষদকে ওভারড্রাফট নিতে দেবেন ? যথেচ্ছাচারভাবে দেবেন ? সুতরাং কিছু রাজনৈতিক স্লোগানকে আশ্রয় করেছেন। অর্থনৈতিক তত্ত্ব তো আছে। আপনি গোটা রাজ্যের অর্থনৈতিক

সমস্যাকে দূর থেকে দূরান্তরে টেনে নিয়ে যাওয়ার ব্যর্থ চেষ্টা করেছেন মাননীয় অর্থমন্ত্রী মহোদয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্যাংকের আমানত ৮০ হাজার কোটি টাকা—কেন ঋণ দিচ্ছে না ? দুঃখ করেছেন। ব্যাংক—ন্যাশনালাইজড ব্যাংক—কত টাকা ঋণ অনাদায়ী আছে সেই তথ্য আপনার কাছে আছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ? আমি কিন্তু বিনীতভাবে জানাতে চাই যে, মাছ নেই, পুকুর নেই, তখন মাছ চাষ করতে টাকা দিলেন। ব্যাংকের কত টাকা অনাদায়ী আছে সেই তথ্য বের করতে আপনি পারবেন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ? রাজ্য সরকারের কাছে আমার বিনীত নিবেদন, রাজ্য সরকার গ্যারান্টি দিক, রাজ্য সরকার বলুক যে, 'বেকার যুবক, তুমি শিল্প কর, ব্যাংক থেকে টাকা নাও, রাজ্য সরকার গ্যারান্টি থাকল।' ৮০ হাজার কোটি টাকা, নিয়ে দুঃখ করতে হবে না। আজকে ব্যাংকের সামনে প্রকৃত সমস্যাগুলো কি সেটা আমাদের অনুধাবন করতে হবে। আপনি তো সবচেয়ে বেশি বোঝেন যে, অর্থের অভাব আজকে কোনো সমস্যা নয়, প্রত্যেক ব্যাংক চায় নিয়ম করতে, বিনিয়োগ করতে, প্রত্যেক ব্যাংক চায় লগ্নি করতে। মাননীয় সমবায়মন্ত্রী মহাশয় আছেন, তিনি জানেন, সমবায় দপ্তরে কত উদ্বৃত্ত টাকা আছে— বিনিয়োগ করতে পারছে না। কেন পারছে না। আজকে ভায়াবেল স্কিম—মার্কেটেবল স্কিম নেই, আজকে ইনফ্রাস্ট্রাকচার নেই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি সর্বাধিক গুরুত্ব দিয়েছেন বিপণন বন্দোবস্তের উপর। বুকে হাত দিয়ে আপনি চিন্তা করুন, বিপণন পরিকাঠামোর পশ্চিমবঙ্গে ভগ্নাবশেষ আছে ? যতগুলো মার্কেটিং সমিতি আছে তার ৯০ পারসেন্ট হচ্ছে লস, না হয় আজকে উঠে যাওয়ার উপক্রম। যতগুলো জেলাভিত্তিক আছে, আপনি তাদের অর্থনৈতিক স্ট্রাকচার নিন মাননীয় অর্থমন্ত্রী, তাহলে বুঝতে পারবেন গোটা বিপণন মার্কেটিং স্ট্রাকচারটা আজকে ধূলিসাৎ হয়ে গেছে। কোথায় গেল রাজ্যভিত্তিক একটা বিপণন বন্দোবস্ত, একটা সঠিক বিপণন বন্দোবস্ত যা পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ—গোটা রাজ্যের কৃষি, অকৃষি বন্দোবস্তকে একসূত্রে গ্রথিত করবে। শক্তিশালী করুন সমবায়মন্ত্রীর হাত। পরিকল্পনা খাতে টাকা দেবেন না, পরিকল্পনার ইনফ্রাস্ট্রাকচার রাখবেন না, পরিকল্পনাকে সমৃদ্ধ করবেন না, কি করে হবে আজকে আপনার বিপণন বন্দোবস্ত ? কি করে দাঁড়াবে বিপণন বন্দোবস্ত সেটা আমাদের ভাবতে হবে। আজকে আপনার কাছে আমার বিনীত নিবেদন যে, যে কথা আজকে আপনি বলছেন, সিনসিয়ারিটি যদি চান, তেমন ভাবেই ইনফ্রাস্ট্রাকচার করুন। রাজ্য সরকার ব্যাংক গ্যারান্টি দিয়ে, রাজ্য সরকার দায়িত্ব নিয়ে আজকে যদি বিনিয়োগের বন্দোবস্তকে উৎপাদন থেকে বিপণন থেকে, বিপণন থেকে আজকে প্রক্রিয়াকরণ এবং ভোক্তা পরিষেবার মাধ্যমে নিয়ে যেতে পারেন তবেই সমৃদ্ধ হবে পশ্চিমবঙ্গের রাজনীতি। আপনি বলেছেন ৭৪ হাজার স্বনির্ভর গোষ্ঠী হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী, আপনার কাছে আমার বিনীত নিবেদন আপনি নিজে এনকোয়ারি করে দেখুন, সংখ্যাতত্ত্বের দিক দিয়ে ৭৪ হাজার হয়েছে, ৭৪টা উৎপাদনশীল কিনা, ৭৪টা উৎপাদন করছে কিনা, ৭৪টা যা উৎপাদন করে তা স্থানীয় মার্কেটের বাইরে আসতে পারে কিনা। সংখ্যাতত্ত্ব বাড়িয়ে লাভ নেই। ৭৪ হাজার যদি ভায়াবেল হয়, তাহলে দেখবেন পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের অর্থনীতি সঞ্জীবিত হবে, বেঁচে যাবে, এত ভুখা থাকবে না, এত দারিদ্র্য থাকবে না। কিন্তু দুঃখের বিষয় হল যে, সংখ্যাতত্ত্বের দিক দিয়ে ৭৪ হাজার স্বনির্ভর

গোষ্ঠী সংযুক্ত হয়েছে। কিন্তু তার ১০ পারসেন্ট আজকে উৎপাদনশীলতার সঙ্গে যুক্ত নেই। মাননীয় অর্থমন্ত্রী আপনার কাছে আবার নিবেদন যে, গত অর্থনৈতিক বাজেটে আপনি বলেছিলেন, 'শহরে আমি স্বনির্ভর প্রকল্প, আত্মমর্যাদা স্কিম নিলাম, এবারে গ্রামাঞ্চলে ৩০ পারসেন্ট সাবসিডি দিয়ে দেব'। কেন হল না মাননীয় অর্থমন্ত্রী ? একটা বছর চলে গেল, এই বিধানসভায় দেওয়া আপনার প্রতিশ্রুতি, লিখিত প্রতিশ্রুতি, ৩০ পারসেন্ট সাবসিডি দিয়ে যে আত্মমর্যাদা স্কিম গ্রামাঞ্চলে যুবকদেরকে আপনি উদ্বুদ্ধ করেছেন, উদ্বুদ্ধ করার ভাবনা ভেবেছিলেন। যে আত্মমর্যাদার স্কিমে গ্রামাঞ্চলের মানুষকে আপনি উদ্বুদ্ধ করার ভাবনা ভেবেছিলেন একটা টাকাও, একটা প্রকল্পও রচিত হল না একটা বছরে। এর দায়বদ্ধতা কোথায় ? এর জন্য দুঃখ অনুভূতি কোথায় ? আজকে উদ্ভাবন করতে হবে মাননীয় অর্থমন্ত্রী আপনি শুধু বলেন যে, স্বয়ংম্ভরতার প্রিলিয়েতি হয় না। একটা পরিকাঠামোর বাইরে কখনও কোনো অর্থনীতি দাঁড়াতে পারে না। আজকে তাই আপনার কাছে আমার নিবেদন যে, গ্রামাঞ্চলে আত্মমর্যাদার কর্মসূচি, স্বনির্ভরতার কর্মসূচি এগুলোকে একটা ইনফ্রাস্ট্রাকচালে গোটা রুট লেবেল থেকে স্টেট লেবেল—যার থাকবে জাতীয় মার্কেট, আন্তর্জাতিক মার্কেট এবং স্থানীয় মার্কেটের বন্দোবস্তের সঙ্গে সংযুক্ত করে আমাদের এগোতে হবে। আজকে সমবায়ের কথা বলতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী যে সমবায়ের উপর এতটাই আমাদের নির্ভর করতে হয় একটা কনসেশান আপনি রেখেছেন আপনার বাজেট ভাষণে—একটা—একটাও রেখেছেন যে এই আমার পরিকাঠামোগত, এই আমার রেজিস্ট্রিগত, এই আমার উন্নয়নগত, এই আমার ট্যাক্সগত, এই আমার সামর্থগত, এই আমার পদ্ধতিগত, এই আমার অর্থনীতিগত, কনসেশান আমি দিলাম। কারণ সমবায়ে গ্রামের গরীব মানুষ গ্রামের নিম্নবিত্ত মানুষদের নিয়েই চলে। যদিও সমবায়ের জন্য আপনি একটি কথাও ব্যয় করেননি আপনার অর্থনৈতিক বাজেটে। সবচেয়ে আমার দুঃখ কোথায় জানেন ? মাননীয় অর্থমন্ত্রী—আপনি একজন অধ্যাপক, প্রতিষ্ঠিত অধ্যাপক। আপনি কল্পনা করে দেখুন তো আপনি অধ্যাপক আপনি বসে আছেন স্টাফ রুমে আর একজন ইকোনমিক্সের ডক্টরেট ২ হাজার টাকার গেস্ট লেকচারার তিনিও বসে আছেন কেমন লাগবে ? মাননীয় অর্থমন্ত্রী হায়ার সেকেন্ডারি স্কুলগুলোকে আপনি শিক্ষকেন্দ্রে নিয়ে যাবেন। একই গ্রামে এম.এ পাস সে গেল সংগঠিত স্কুলে তার জন্য বেতন বরাদ্দ থাকল সরকারি নিয়মে আর একজন পঞ্চায়েত-এর অধীনে আড়াই হাজার টাকা ২ হাজার টাকা নিয়ে রেদা খাটবে যাকে বলে বেকার ভাতা। এই যে অসম এই যে ব্যাভিচারী, এই যে উদ্দেশ্যহীন, দিশাহীন একটা সামাজিক পরিকাঠামোর নামে শিক্ষিত বেকারকে এক্সপ্লয়টেশনের যন্ত্রে রূপান্তরিত করে দিলেন আপনার বাজেট পুস্তকে। এর চেয়ে দুঃখ আর লজ্জার কি হতে পারে ? একই স্টাফরুমে—কলেজে যারা এম.এ পাশ গেস্ট লেকচারার ২ হাজার দেড় হাজার টাকা পায় আর যারা সরকারি যারা রেগুলার অ্যাপয়েন্টেড তারা পাবে ১৫ হাজার, ১৬ হাজার, ২০ হাজার টাকা। একই স্কুলে একজন পাবেন ১৫ হাজার টাকা আর একজন পাবেন ১৫ শত টাকা। আর এখানে বলছেন যে অসাম্যের বিরুদ্ধে লড়বে কে ? বামফ্রন্ট ছাড়া আবার কে ? শুনুন দয়া করে আপনারা বেকার যুবকদের শান্তি না দিতে পারেন বেকারের জীবন এবং যৌবনকে নিয়ে এক্সপ্লয়টেশন প্রতারণার খেলা খেলবেন না। মাননীয় অর্থমন্ত্রী চিন্তা করুন, প্রকৃত চিন্তা করে বের করুন

কি করে এদেরকে আজকে দিয়ে যেতে পারেন। আমি বিশ্বাস করি যে আজকে পশ্চিমবাংলা যেখানে ভারতবর্ষকে পথ দেখায় তাই পশ্চিমবাংলার যদি এইরকম শিক্ষাক্ষেত্রে একটা আত্মমর্যাদাহীন, বহুমুখী—একজন দেড় হাজার, একজন ২ হাজার আবার একজন পাবেন ১০ হাজার। '৭৭ সালের আগে মাস্টারমশাইরা কত বেতন পেতেন ? এখন কত বেতন পান ? হায়ার সেকেন্ডারি স্কুল পঞ্চায়েতের অধীন। এখন কলেজের টিচাররা কত বেতন পান ? এখন ইউনিভার্সিটির গেস্ট লেকচারার কত বেতন পান ? বৈষম্যের এই বাজেটের বিরোধিতা করে কাট মোশানের পক্ষে আমি আমার বক্তব্যের উপসংহার টানছি। ধন্যবাদ।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিলটি উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানাই। আমি শুরুতেই বলে রাখি যে আমি অর্থনীতি বিশারদ নই, অর্থনীতির চুলচেরা হিসাবও আমার মনের মধ্যে আসে না। তবে আমার যৌবনে যা দেখেছি গাঁয়ে ঘুরতে ঘুরতে, পথে চলতে চলতে, ট্রামে-বাসে যাতায়াত করতে করতে যে মানুষগুলির চোখ-মুখ আমার মনের মধ্যে ভেসে উঠেছিল সে দিনগুলি স্মরণ করি আর এখন প্রৌঢ়ত্বে পৌঁছেও যখন ঘুরি তখন মানুষগুলির চোখের ভাষা পড়ার চেষ্টা করি এবং সেই যে উপলব্ধি সেই উপলব্ধির নিরিখে আমার ব্যক্তব্যকে সীমাবদ্ধ করার চেষ্টা করছি। আমরা একথা সবাই জানি যে গাঁয়ে আগুন লাগলে দেবালয়ও বাদ যায় না। কেউ কি অস্বীকার করবেন আমার যারা বিরোধী সম্মানীয় বিধায়করা আছেন যে আমাদের দেশের অর্থনীতিতে আগুন লাগেনি ? সবাই নিশ্চয়ই স্বীকার করবেন।

[4.10—4.20 p.m.]

এটা নিশ্চয়ই স্বীকার করবেন যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে থেকে একটা অঙ্গরাজ্যর ব্যয় বরাদ্দ নিয়ে আলোচনা করতে হলে অবশ্যই জাতীয় অর্থনীতির পরিপ্রেক্ষিতকে আলোচনার মধ্যে আনতে হবে। তা না হলে আলোচনার কখনোই পূর্ণাঙ্গতা প্রাপ্তি ঘটবে না। আলোচনা কখনোই সফলতার দিক পাবে না। এটা আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, আমাদের জাতীয় অর্থনীতিতে আগুন লেগেছে। কেবলমাত্র বিদেশি ঋণই লাফিয়ে লাফিয়ে বাড়ছে, কারণ জাতীয় অর্থনীতিতে আগুন লেগেছে। আগুন লেগেছে বলেই সরকার লাভজনক কারখানা বিক্রি করে চেষ্টা করছে কি করে সামাল দেওয়া যায়। আমাদের অর্থনীতিতে আগুন লেগেছে বলেই প্রতি বছর নির্দিষ্ট সংখ্যক চাকরি কমাবার সরকার উদ্যোগ নিচ্ছে। কেন্দ্রীয় বাজেটের অধিকাংশ অর্থই ঋণের সুদ মেটাতে চলে যাচ্ছে। সারা দেশের এই অবস্থার মধ্যে একটা অঙ্গরাজ্য স্বাধীন, স্বনির্ভর কি করে হবে ? এটা আজকে বুঝতে হবে ! ওটা সোনার পাথরবাটি ছাড়া আর কিছু নিয়। এতদসত্ত্বেও আমাদের রাজ্য সরকার চেষ্টা করছে নিজস্ব সহায়সম্বলকে কিছু পরিমাণে বৃদ্ধি করে এবং কেন্দ্রের কাছে তার যে ন্যায্য পাওনা তা পাবার জন্য যুক্তি তথ্য খাড়া করে তা আদায় করতে। এর মধ্যে দিয়ে রাজ্যের যেটুকু সংকট সেই সংকটকে মোকাবিলা করতে। এরপরেও এ কথা অস্বীকার করার আজ আর কোনো জায়গা নেই যে, সারা দেশে যখন উৎপাদনের হার কমেছে তখন আমাদের এই বাংলায় সেই হার বাড়ছে। তাহলে নিশ্চয়ই তার পিছনে আমাদের রাজ্যের রাজ্য সরকারের কিছু ভূমিকা আছে। কি কৃষিক্ষেত্রে, কি শিল্পক্ষেত্রে আমাদের রাজ্যে উৎপাদন হার কমছে না, বরঞ্চ কিছুটা বাড়ছে।

আমি জিজ্ঞাসা করতে চাই, এই তথ্য কি আমাদের বিরোধী বন্ধুদের হাতে নেই ? এ ক্ষেত্রে অন্তত আমরা আমাদের বিরোধী বন্ধুদের কাছ থেকে কিছুটা সমর্থন প্রত্যাশা করাতে পারি না কি ? এটা তো ঠিক যে, বাংলায় কেবলমাত্র বামফ্রন্টই নেই, সব বাঙালিই বামপন্থী নন। এই বাংলা আজই শুধু এখানে বামফ্রন্ট সরকার থাকার জন্য বঞ্চিত হচ্ছে, তা নয়। বাংলা ক্রমাগত বঞ্চিত। আমি যতদূর জানি এই বঞ্চনা আজকের নয়। প্রয়াত ডাঃ বিধানচন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন থেকেই এই বঞ্চনা চলে আসছে। সেই সময় থেকে '৭৭ সাল পর্যন্ত—মাঝের এক-দেড় বছর বাদ দিয়ে, যুক্তফ্রন্ট আমল বাদ দিয়ে—কেন্দ্রে এবং এখানে একই দল ক্ষমতায় থাকা সত্ত্বেও বঞ্চনায় কোনো ঘাটতি ছিল না। প্রতিটি ক্ষেত্রে বাংলা চিরকাল বঞ্চিত হয়েছে। শিল্পক্ষেত্রে বঞ্চনা ছিল, উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বঞ্চনা ছিল, সবরকম আর্থিক দিক দিয়েই বঞ্চনা ছিল। এই যে এখন আমরা গঙ্গা-পদ্মার ভাঙনের জন্য টাকা পেলাম না, এর জন্য কাকে দায়ী করবেন ? রাজস্বের অংশ কে কি পরিমাণ পাবে, সেটা নিশ্চয়ই রাজ্য সরকার ঠিক করে না, যোজনা কমিশন ঠিক করে দেয়। কই আমাদের ন্যায্য অংশ তো আমরা পেলাম না, তাহলে এর জন্য কে দায়ী ? আমরা গ্রান্ট ইন এড পেলাম না, এর জন্য কাকে দায়ী করবেন ? সুতরাং এগুলো বিচারে আনতে হবে। এই সমস্ত বিষয়গুলি বিচার না করে যদি সমস্ত দোষ রাজ্য সরকারের ওপর চাপাবার চেষ্টা করা হয় তাহলে আমার মনে হয় সেটা সমীচীন হবে না। এটা আমি আমাদের বিরোধী বন্ধুদের ভাবতে অনুরোধ করব। রাজ্য সরকারের কোনো দায়বদ্ধতা নেই। অর্থমন্ত্রী কখনো কোথাও এ কথা বলেননি। সে জন্যই তিনি অভ্যন্তরীণ রাজস্ব সংগ্রহের উদ্যোগ নিয়েছেন। আর্থিক সংকটের মোকাবিলায়, কিছুটা ঘাটতি পূরণের উদ্দেশ্যে তিনি বেশ কিছু উদ্যোগ নিয়েছেন—আবগারি শুল্ক কিছুটা বাড়াবার চেষ্টা করছেন। রেজিস্ট্রেশন ফিস কিছুটা বাড়িয়ে কিছুটা আয় বাড়াবার চেষ্টা করেছেন। ভূমিরাজস্ব থেকেও কিছুটা আয় বাড়াবার চেষ্টা করছেন। কয়লার সেস বৃদ্ধির উদ্যোগ নিয়েছেন। আমরা মনে করি প্রত্যেক সরকারের একটা মৌলিক উদ্দেশ্য থাকে, প্রত্যেক সরকারেরই সোসাল ওয়েলফেয়ার স্টেট হওয়া উচিত। আমরা দেখেছি রাজ্য সরকার নিজস্ব ক্ষমতাকে ব্যবহার করে বেশ কিছু উন্নয়নমূলক কাজ, জনকল্যাণমূলক কাজ করার উদ্যোগ গ্রহণ করেছে। বন্ধ কলকারখানার শ্রমিকদের বি পি এল কার্ড অন্তর্ভুক্ত করার সচেষ্ট হয়েছে, এটাকে কেউ নিশ্চয়ই খারাপ বলবেন না। গ্রাম পঞ্চায়েত স্তরে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের, আরো কিছু মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের এবং ৫০০০ শিশু শিক্ষা কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বেশ কিছু সংখ্যক নতুন রাস্তা এবং নতুন সেতু নির্মাণের প্রস্তাব পেশ করা হয়েছে এবং সে উদ্দেশ্যে বরাদ্দ ধার্য হয়েছে। সেচ ব্যবস্থার সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রাজ্যের মানুষের প্রতি রাজ্য সরকারের যে দায়বদ্ধতা আছে তার পরিপ্রেক্ষিতেই এই সমস্ত উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সে উদ্দেশ্যে বাজেট বরাদ্দ প্রস্তাব এখানে পেশ করা হয়েছে। আমাদের বিরোধী বন্ধুরা আমাদের এই রাজ্য বাজেটের বিরোধিতা করছেন, অথচ তারা কোন বাজেটকে সমর্থন করছেন ? যে বাজেট বিদেশি মদের দাম কমাচ্ছে, বিদেশি গাড়ির দাম কমাচ্ছে সেই কেন্দ্রীয় বাজেটকে ওঁরা সমর্থন করছেন। এই পরিপ্রেক্ষিতে ওঁদের মুখে আমাদের রাজ্য সরকারের এই জনকল্যাণমুখী বাজেটের সমালোচনা শোভা পায় বলে আমি

মনে করি না। এখন প্রশ্ন আসতে পারে যে আমরা আরো বেশি রাজস্ব আদায়ের ক্ষেত্রে সফলতা লাভ করতে পারতাম, কিন্তু আমরা সেটা পারিনি। একথা ঠিক আমরা পারিনি, কিন্তু তাই বলে মাননীয় মন্ত্রীর সদিচ্ছার অভাব আছে একথা বলব না। তিনি সরাসরি রাজস্ব আদায় করতে যাবেন না। কিন্তু প্রধান যেটা ঘাটতি আছে সেটা হচ্ছে কর্মসংস্কৃতি, এই কর্মসংস্কৃতিকে উনি উন্নত করার চেষ্টা করছেন এবং এই বিষয়টা নিয়ে তিনি বিভিন্ন সময়ে আলোচনা করেছেন, কিন্তু তার সুফল খুব বেশি হয়েছে বলে আমার মনে হয় না। আমি নিজে পূর্ব মেদিনীপুরের জেলাশাসকের অফিসে গিয়েছিলাম। বেলা তখন ১০-১০ মিনিট, দেখলাম ১১ জন কর্মী। আমি এ.ডি.এম.-কে রিপোর্ট করলাম। বেলা যখন ১০-৪৫ মিনিট তখন আমি ৩১ জন কর্মীকে দেখতে পেলাম। তখনও আমি এ.ডি.এম-কে রিপোর্ট করলাম। তারপর পাঁশকুড়ার বি.ডি.ও অফিসে প্রত্যেকদিন ১০টার সময় ১০ জন কর্মীও চোখে পড়ে না। সেইজন্য আবেদন করব, এই যদি কর্মসংস্কৃতি হয়, এই কর্মীবাহিনী নিয়ে আপনি কি করে আভ্যন্তরীণ রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা পূরণ করবেন—সেটা আপনাকে ভাবতে হবে এবং গুরুত্ব দিয়ে দেখতে হবে যাতে এই কর্মসংস্কৃতির হা ফেরানো যায়। আমরা জানি, হায়ার সেকেন্ডারি স্কুলগুলিতে, বিদ্যালয়গুলিতে, প্রাথমিক বিদ্যালয়গুলিতে নজরদারীর ব্যবস্থা আছে এবং তার জন্য একটা কমিটি আছে। হাসপাতাল দেখভাল করার জন্যও কমিটি আছে। কিন্তু প্রশাসনিক কর্মী যারা আছে তাদের কাজকর্ম দেখভাল করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় এবং উচ্চপদস্থ অফিসাররা থাকলেও সেই জায়গায় খুব বেশি কার্যকরী হচ্ছে না। এটা যদি কার্যকরী করতে না পারেন তাহলে আভ্যন্তরীণ রাজস্ব সংগ্রহের যে লক্ষ্যমাত্রা আপনি ঠিক করেছেন—আমার সন্দেহ আছে—সেই জায়গা পূরণ করতে পারবেন কিনা ? আপনি প্রবেশ কর চালু করলেন। রাজস্ব আদায়ের দিক থেকে এটা খুবই ভাল। কিন্তু আদায় যাঁরা করবেন, যাঁরা ঐ সমস্ত টোলে আছেন—আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা আছে—সব টোলগুলিতে দুর্নীতির বাসায় পরিণত হয়েছে। এইসব দুর্নীতির বাসা যদি ভাঙতে না পারেন প্রবেশ কর যে সাধু উদ্দেশ্যে নিয়ে করতে চলেছেন তাতে খুব বেশি সফলতা লাভ করতে পারবেন না। সুতরাং এই দিকটা ভেবে দেখতে অনুরোধ করব। এরপর আপনি আবগারী শুল্কের উপর গুরুত্ব দিয়েছেন। চোলাই মদ দেশে বাড়ুক এটা আমরা কেউ চাই না। আমরা চোলাই মদ ঠেকাতে পারিনি, আমাদের ব্যর্থতা আছে, মানুষের মধ্যে রাজনৈতিক চেতনা সমৃদ্ধ করতে পারিনি, সামাজিক চেতনার বিকাশ করতে পারিনি। কিন্তু চোলাই মদ ঠেকাতে পারিনি বলে ঢালাও লাইসেন্স দেব এবং এর জন্য লাইসেন্সের সরলীকরণ করতে হবে সেটা ভাবতে আমার কষ্ট হয়। আমি একজন বিধায়ক, আমার কাছে একজন লাইসেন্স হোল্ডার নো-অবজেকশন সার্টিফিকেট নিতে এসেছিল। কিন্তু আমি কাছে স্কুল বলে দিইনি। তখন লোকটি হুমকি দিয়ে আমাকে কোর্টের চিঠি দিল যে কেন আমি দিইনি। আমি একজন জনপ্রতিনিধি, চোলাই মদের দোকানের লাইসেন্সের জন্য নো-অবজেশকন যাতে দিই তার জন্য হুমকি দিয়ে কোর্টের চিঠি পাঠাচ্ছেন—এই যদি অবস্থা দাঁড়ায় তাহলে অবস্থাটা কোথায় যাবে ? সুতরাং এই বিষয়ে আরো ভালোভাবে নজর দেওয়ার দরকার। মদের দোকান কিছু আমাদের রাখতে হবে, টাকা আমাদের সংগ্রহ করতে হবে ঠিকই, কিন্তু আমাদের সমাজ, উত্তরাধিকার, ভবিষ্যৎ প্রজন্ম যে

ক্ষয়িষ্ণুতার দিকে অগ্রসর হবে এই বিষয়ে ভাবতে আমি অনুরোধ করব। আমরা নিশ্চিতভাবেই স্বনির্ভর হতে চাই, আমরা চাই আমাদের নিজেদের যা আছে তাকে ব্যবহার করে অগ্রসর হতে। আমাদের যে সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি আছে, সমবায় ব্যাংকগুলি আছে তারা আমাদের নেকনজরে দেখছে—একথা মাননীয় মন্ত্রী বারবার বলেছেন। এটা আমরাও স্বীকার করি, কিন্তু একটা প্রশ্ন এই আলোচনার মধ্যে দাঁড়াচ্ছে, আমাদের রাজ্যে এই উন্নতি ঘটানোর জন্য আমরা যে বিভিন্নভাবে টাকা সংগ্রহ করছি তার ঋণের পরিমাণ কত হবে ? আমরা কত পরিমাণ ঋণ নিচ্ছি। এই ঋণের পরিণাম কি—এটা বিষময় হবে না তো ? আমি অবশ্য অর্থনীতির লোক নই। আপনি এই যে ঘুরিয়ে-ফিরিয়ে কুটির শিল্পের জন্য ব্যাংক থেকে হাজার কোটি টাকা নেবেন, কৃষি এবং উদ্যানের জন্য ১০০ কোটি টাকা নেবেন, ন্যাবার্ডের কাছ থেকে ৩০ কোটি টাকা নেবেন, যোজনা কমিশনে স্থিরিকৃত হওয়ার পর যে দেড় হাজার কোটি টাকা নেবেন—এই ঋণের বোঝা এবং তার সুদ আমরা আগামীদিনের প্রজন্মের উপর কি চাপিয়ে যাব ? সুতরাং কত টাকার দরকার সেটা জানা দরকার। নিশ্চয়ই ঋণের দরকার আছে। উন্নয়নের ক্ষেত্রে, বিকাশের ক্ষেত্রে, সমৃদ্ধির ক্ষেত্রে, স্বয়ংসম্পূর্ণতার ক্ষেত্রে প্রয়োজন যেটা সেটাই ভাবতে অনুরোধ করব। একথা স্বীকার করি, আমাদের কিছু ত্রুটি আছে, দুর্বলতা আছে ঠিকই।

[4.20—4.30 p.m.]

ভারতবর্ষের মধ্যে এই পশ্চিমবাংলার মানুষদেরই প্রতি বছর ১০ ভাগ করে ক্রয়ক্ষমতা বাড়ছে। একথা ঠিক যে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা স্বল্প সঞ্চয়ে প্রথম স্থান দখল করে রেখেছে। ক্রয়ক্ষমতা কি এমনি বেড়ে যায় ? স্বল্প সঞ্চয় কি এমনি এমনি হয় ? এগুলি কি রাতারাতি এমনি এমনি হয়ে গেল ? এর পেছনে রাজ্য সরকারের আর্থিক নীতির কি কোনো ভূমিকাই নেই ? আমি প্রথমেই বলেছি যে আমি অর্থনীতির কিছু বুঝি না কিন্তু এই যে গ্রামের মানুষের ক্রয়ক্ষমতা বাড়ছে তাতে তাদের চোখে মুখে যে ভাষা ফুটে উঠছে তাতে তারা আমাদের বলছেন তোমরা যেভাবে এগিয়ে যাচ্ছ সেইভাবে এগিয়ে যাও, আমরা সাধারণ মানুষরা তোমাদের পেছনে আছি। তারা বলছেন যে কেন্দ্রের বিরুদ্ধে তোমরা লড়াই করো, বাংলার আর্থিক স্বাধীনতার জন্য তোমরা লড়াই করো, বাংলার স্বয়ংসম্পূর্ণতার জন্য তোমরা লড়াই করো, আমরা আশ্বাস দিচ্ছি, আমরা সাধারণ মানুষরা তোমাদের পেছনে আছি। স্যার, এই কথা বলে, আমার আলোচনার বিষয়গুলি মাননীয় অর্থমন্ত্রীমহাশয়কে ভেবে দেখার জন্য অনুরোধ করে ও বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ২০শে মার্চ বৃহস্পতিবার ২০০৩/৪ সালের যে বাজেট এই সভায় পেশ করেছেন তার তীব্র বিরোধিতা করে এবং আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশান আসবে সেগুলি পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী আজ পশ্চিমবাংলার মানুষের কাছে ঠগ ও প্রবঞ্চক হিসাবে পরিগণিত হয়েছেন। তার বাজেটের যে ভোজবাজী, বাজেটের যে ইন্দ্রজাল, বাজেটের যে জাগলারি তা মানুষের কাছে স্পষ্ট হয়ে গিয়েছে। প্রথমে যখন উনি

ধান্দাবাজী করে চেয়ারে বসলেন তখন থেকে উনি ঘাটতিশূন্য বাজেট পেশ করে আসছিলেন। '৮৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলার মানুষ প্রতি বছর ঘাটতি বাজেট দেখেছেন, সেই মানুষদেরই অসীমবাবু নজিরবিহীনভাবে ঘাটতিশূন্য বাজেট দেখালেন। এইভাবে তিনি বছরের পর বছর ঘাটতিশূন্য বাজেট দেখাতে থাকলেন। এটা ছিল জাগলারি, ভোজবাজী, প্রকৃত চিত্রটা তিনি মানুষকে দেখাতে চাননি। গত বছর ছিল ৮ কোটি টাকা ঘাটতি, এবারে অর্থমন্ত্রী বলছেন ৭৯৩ কোটি টাকা ঘাটতি। মাননীয় অর্থমন্ত্রীকে বলব, এই প্রবঞ্চকতাকে ভুলে গিয়ে প্রকৃত সত্য কথাটা মানুষকে বলার চেষ্টা করুন। অসত্য ভাষণ দিয়ে পশ্চিমবঙ্গের মানুষের আর সর্বনাশ করবেন না। আপনি আপনার ভাষণের প্রতিটি ছত্রে ছত্রে কেন্দ্রকে দোষ দিয়েছেন এবং সেই পুরানো কাসুন্দি ঘেঁটেছেন। এতে কিন্তু কিছু হবে না। আপনি দু মাস আগে ভূমি কর, স্ট্যাম্প ডিউটি, পেট্রোল, ডিজেলের উপর সেস, কোর্ট ফিস বৃদ্ধি মোটরযানের উপর কর বসিয়ে অতিরিক্ত ৫শো কোটি টাকা তুলেছেন। আজকে আপনার যে ঘাটতি বাজেট এই ঘাটতি বাজেট ৭৯৩ কোটি টাকার নয়, তার সঙ্গে ৫০০ কোটি টাকা যুক্ত করলে ১২৯৩ কোটি টাকা হবে। শেষ পর্যন্ত দেখা যাবে যে প্রায় ২ হাজার কোটি টাকা ঘাটতি হবে। সেটাকে সংযোজন করে ওকে আবার ক্ষমা চাইতে হবে। আপনি স্বাধীনতা সংগ্রামীদের জন্য পেনসন হাজার টাকা থেকে বাড়িয়ে ১২শো টাকা করেছেন। শ্রমিকদের জন্য আপনি ব্যবস্থা করেছেন কিন্তু একজন শিক্ষিত ব্যক্তি হয়েও আপনি শিক্ষার সর্বনাশ করেছেন। একে তো পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে একটা চরম নৈরাজ্য চলছে তার উপর দেখছি আপনি শিক্ষা খাতে মাত্র ৯৩ কোটি টাকা বরাদ্দ করেছেন। এ ব্যাপারে আপনার কাছে আমার চ্যালেঞ্জ থাকল। শিক্ষামন্ত্রীর কাছে আমরা বারবার গিয়েছি কিন্তু তিনি বারবার আমাদের বলেছেন যে না, আমরা স্কুলের অনুমোদন দিতে পারছি না। তবে কোনো স্কুলের যদি ইনফ্রাস্ট্রাকচার থাকে, উপযুক্ত শিক্ষক থাকে আমরা অনুমোদন দেব কিন্তু কোনো ফিনানসিয়াল বার্ডেন আমরা নেব না। ১ বছরে একটাও স্কুল অনুমোদন দেননি। আর বলছেন যে ৬৪টি হাইস্কুল হয়েছে, আরো ৫০০ স্কুল বর্তমান বছরে দেবেন। এটা সম্পূর্ণ মিথ্যা কথা। আপনার সঙ্গে আমার চ্যালেঞ্জ রইল, আপনি যদি এই ৫০০ স্কুল ২০০৩-০৪ সালের মধ্যে দিতে পারেন তাহলে আপনাকে বাহবা দিয়ে আমি অন্তত ইস্তফা দিয়ে এখান থেকে চলে যাব। এই কথা আমি পরিষ্কারভাবে জানিয়ে দিয়ে যাচ্ছি। এই ভোজবাজি দেখিয়ে অসত্য ভাষণ দিয়ে পশ্চিমবাংলাকে আর শেষ করবেন না। গোটা রাজ্যটাকে দেউলিয়া করে ছেড়ে দিয়েছেন। পশ্চিমবাংলার অর্থনীতিতে সাংঘাতিক অবস্থা চলছে। পুরো রাজ্যটা দেউলিয়া। ৭০ হাজার কোটি টাকার উপর কেন্দ্রীয় সরকারের কাছে দেনা, ৭২ হাজার কোটি টাকার উপর বিশ্বব্যাংক আপনাদের কাছ থেকে পাবে। এই টাকার সুদ দিতে গেলে রাজ্যের আর উন্নয়ন হবে না, সর্বদিক থেকে স্তব্ধ হয়ে যাবে। একটা স্কুলঘর নতুন করে হবে না, একটা কলেজ বিল্ডিং নতুন করে হবে না, একটা হাসপাতাল বিল্ডিং নতুন করে হবে না। হাসপাতালে চাঙড় ভেঙে পড়বে আর রোগীর মৃত্যু হবে। আপনারা যে রাইটার্স বিল্ডিং-এ বসছেন সেই রাইটার্স বিল্ডিং জরাজীর্ণ অবস্থা, এই রাইটার্স বিল্ডিং সারাবার পয়সা নেই, সরকারি যে সমস্ত বাড়িগুলো আছে তাও পর্যন্ত মেরামত করার ক্ষমতা অর্থমন্ত্রীর নেই। এই তো আপনাদের অর্থমন্ত্রী। কতকগুলো যোগ-বিয়োগ হিসাব করে ভুল তথ্য দিয়ে মানুষকে ধাপ্পা দেওয়ার চেষ্টা করছেন। মাননীয়

অর্থমন্ত্রী ২০০৩-০৪ সালকে রাজস্ব বৃদ্ধির বছর বলেছেন। ৫২৫ কোটি টাকা বাড়তি রাজস্ব আদায়ের প্রস্তাব দিয়েছেন। তার সিংহভাগ ৫০০ কোটি টাকা আসবে এন্ট্রি ট্যাক্স থেকে। নতুন আইন সংশোধন করে প্রবেশ কর থেকে তুলবেন বলেছেন। ১৯৯৫ সালের ১লা এপ্রিল থেকে এই প্রবেশ কর উঠে গিয়েছিল। তাকে তিনি আবার পুনঃপ্রবেশ করাচ্ছেন। তাহলে পণ্যের ক্ষেত্রে মূল্যবৃদ্ধি হবে না ? আপনি চাষীদের ঠকাবার জন্য ব্যবসায়ীদের ঠকাবার জন্য এই প্রবেশ কর বসাবার চেষ্টা করছেন। এই করে পশ্চিমবাংলার আরো সর্বনাশ করবেন। রাজস্ব সংগ্রহের যে প্রতিশ্রুতি দিয়েছেন এই ৫০০ কোটি টাকা, এটা আপনার ইনকামে আসবে না। এর আগে এই কর ছিল, ১৯৯৫ সালে বহু কষ্ট করে লড়াই করে অতিরিক্ত ৫০ কোটি টাকা তুলেছিলেন। আপনি বলেছেন এই ৫০০ কোটি টাকা ব্যবসায়ীদের কাছ থেকে যেভাবেই হোক ওদের লাভের কড়ি থেকে আদায় করে নেবেন। এটা কিছুতেই সম্ভবপর হতে পারে না। তাই নতুনভাবে এই প্রবেশ কর বসিয়ে আপনি যে কি ব্যবস্থা করবেন, আইন সংশোধন করে কিভাবে যে আদায় করবেন সেটা আমার কাছে অসম্ভব ঠেকছে। আপনার দ্বিতীয় উৎস কি ? কলিকাতা এবং হাওড়ার কে.এম.ডি.এ. অঞ্চলে যে সমস্ত জমি আছে তার উপর কি নির্মমভাবে আপনি ট্যাক্স বসিয়ে দিয়েছেন ! সেখানে এক শতক বাণিজ্যিক জমির উপর ২০২ টাকা ট্যাক্স এবং ১ শতক বসবাস করা জমির উপর ৪৫ টাকা ট্যাক্স। এইভাবে আপনি ১৫০ কোটি টাকা তোলবার চেষ্টা করেছেন। তাই আমার অনুরোধ আপনি বন্ধ করুন। নিম্নমধ্যবিত্ত, মধ্যবিত্ত মানুষের উপর এই চাপ থেকে, জমিকর থেকে রেহাই দেবার ব্যবস্থা করুন। আপনার তৃতীয় পথ কি ? সবচেয়ে বড় লজ্জা এবং হাসি লাগে নতুন মদের দোকান দেবেন। মদের দোকানের লাইসেন্স দেবেন, লজ্জা লাগে না ? বামফ্রন্ট সরকার গরিবের সরকার, জনদরদী সরকার, আর মদের ফোয়ারা ছোটাবেন, মদের ফূর্তি হবে, মদ খেয়ে বেহুঁস হয়ে পড়ে থাকবে, মারামারি করে লাঠালাঠি করে মানুষকে শেষ করে দেবেন ? লজ্জা লাগে না ? আজকে এই সমস্ত জায়গায় কেন চোলাই বাড়লো ? আপনাদের আমলে চোলাই বেড়েছে। আপনি বলছেন চোলাই মদের দাম বেড়েছে বলে লাইসেন্সপ্রাপ্ত মদের দোকান দেবার ব্যবস্থা করেছেন। এর থেকে আপনি ১০০ কোটি টাকা তুলে আনবার চেষ্টা করছেন। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার অনুরোধ এই মদের দোকানের লাইসেন্স যেখানে সেখানে দেবেন না, এইভাবে মদের দোকান খোলবার ব্যবস্থা করবেন না। তাহলে কি হবে। গোটা পশ্চিমবাংলায় মদের ফোয়ারা ছুটবে। আপনার কোষাগারে কিছু টাকা আসবে ঠিকই কিন্তু পশ্চিমবাংলার সাংস্কৃতিক অবনতি ঘটবে। আমাদের সংস্কৃতিমন্ত্রী বুদ্ধদেববাবু এখনও মুখ খুলছেন না কেন ? তিনি এতো বড় সংস্কৃতিমন্ত্রী, কেন তিনি মুখ খুলছেন না ? কই দেখছি না তো তাঁকে মুখ খুলতে ? আপনার সেই ডু ইট নাও কোথায় গেল, তাঁর বড় বড় বাতেলা কোথায় গেল ? আজকে আবার তিনি কোথায় গিয়ে মিথ্যা ভাষণ দিচ্ছেন ডু ইট নাও বলে। ঠগ এবং প্রবঞ্চকতা থেকে রক্ষা করবার জন্য সম্পূর্ণভাবে আপনি এটা বন্ধ করে দিন, নতুন মদের দোকান দেবার ব্যবস্থা করবেন না। যেভাবে আছে সেইভাবেই চলুক। এইভাবে ১০০ কোটি টাকা তোলবার দরকার নেই। তাতে সমস্ত চোরাকারবারীতে কালোবাজারীতে ছেয়ে যাবে, ঘুষ বাড়বে, সর্বত্র সন্ত্রাস হবে। আর আপনাদের এম.এল.এ-দের পকেটে এই সমস্ত লাইসেন্স দেবার জন্য লক্ষ লক্ষ টাকা চলে আসবে। এই পথ থেকে আপনি রক্ষা করুন।

[4.30—4.40 p.m.]

আপনি বাজেট বক্তৃতায় কত কথার ফুলঝুরি রেখেছেন। অনেক কথা বলে আপনি টুকিটাকিভাবে ম্যানেজ করেছেন। ২০০২-২০০৩ আর্থিক বছরে আপনি মূলধনী খাতে ব্যয় ধরেছিলেন ১৮৮৬ কোটি টাকা। কিন্তু যখন সংশোধিত হয়ে এল তখন দেখা গেল যে মূলধনী খাতে ব্যয় দাঁড়িয়েছে ১২০৩ কোটি টাকা। অর্থাৎ ৪০ পার্সেন্ট কমে গেল। আপনি ৪০ পার্সেন্ট মূলধনী খাতে ব্যয় কমিয়ে দিলেন। আপনি আগামী বছরের জন্য মূলধনী খাতে ব্যয় ধরেছেন ১০৩০ কোটি টাকা। অর্থাৎ মূলধনী খাতে ব্যয়ের পরিমাণ আরও কম দেখিয়েছেন। কিন্তু মূলধনী খাতে খরচ যদি না থাকে তাহলে দেশের উন্নয়ন হবে ? স্কুল, কলেজ, হাসপাতাল তৈরি হবে ? দীর্ঘমেয়াদি কোনো উন্নয়ন হবে না। শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় উন্নয়ন, রাস্তাঘাট সবকিছু শেষ হয়ে যাবে। এতে কি হাওড়ার রাস্তা হবে, শিক্ষা হবে—হবে না। শিক্ষাকে আপনি দেউলিয়া করে দিয়েছেন। পশ্চিমবঙ্গে আজকে তিরিশ হাজার শিক্ষক তাঁরা পেনসন, গ্র্যাচুইটির টাকা পাচ্ছেন না। আপনি তিন বছর টাইম বেঁধে কিছু কিছু করে দেবার ব্যবস্থা করেছেন। আপনাকে আমার প্রশ্ন, এই দেউলিয়া অবস্থা কেন হল ? আজকে অবস্থা এমন জায়গায় পৌঁছে গেছে যে, কয়েক লক্ষ সরকারি কর্মচারী যারা আছে তাদের আপনি বেতন দিতে পারছেন না। অশোক মিত্র মহাশয় প্রথম অর্থমন্ত্রী হয়ে তিনি কি করেছিলেন—লক্ষ লক্ষ সরকারি কর্মচারী, লক্ষ লক্ষ শিক্ষক, লক্ষ লক্ষ পঞ্চয়েত কর্মী, জেলা পরিষদ কর্মী সবাইকে সমান মর্যাদা দিয়ে পুষতে গেলেন। কমরেড রাজ তৈরি করলেন। তাদের বেতন দিতে গিয়ে আজকে আর বইতে পারছেন না। আপনারা নিজে হাতে বিষ পান করেছেন। আপনাদের কে বাঁচাবে ? তদানীন্তন অর্থ কমিশনার মিঃ কুট্টি বলেছিলেন, এটা করবেন না। পশ্চিমবঙ্গ তাহলে শেষ হয়ে যাবে। তাঁর সেই কথা সেদিন জ্যোতি বসু শোনেননি। তদানীন্তন অর্থমন্ত্রী তিনিও শোনেননি। আজকে খাল খেটে কুমীর আনা হয়েছে। মন্ত্রীমহাশয়, আপনাকে দেখে অত্যন্ত করুণা হয়। আপনি কিভাবে ফেঁসে গেলেন। মাননীয় অর্থমন্ত্রী একটি শ্বেতপত্র বার করেছেন, তাতে সাতটি কারণ দেখিয়েছেন। ঘাটতির দ্বিতীয় কারণ হচ্ছে সরকারের আয় বাড়ছে না। সংসারে কোটি কোটি টাকা খরচ বেড়ে যাচ্ছে, কিন্তু আয় বাড়ছে না। রাজস্ব খাতে আয় না বাড়ার কারণ হিসাবে আপনি বলেছেন, রাজস্ব খাতে আয় বৃদ্ধির জন্য দক্ষতার সঙ্গে সংগঠিত করা যায়নি। আপনি বলেছেন যে ৮২৫ কোটি টাকার অতিরিক্ত রাজস্ব আদায় করবেন। রাজস্ব আদায়ের ক্ষেত্রে আপনি বলেছেন, জমির খাজনা আদায় করে, এন্ট্রি ট্যাক্স থেকে এবং মদের লাইসেন্স ফি থেকে আসবে। আমি অনুরোধ করব, আপনি এটা বন্ধ করুন, আর রাজ্যের যাতে উন্নতি হয় তার ব্যবস্থা করুন। ভূমি সংস্কারের ক্ষেত্রে আপনি কিছু করতে পারেননি। ১৯৭২-৭৭ সালে সাড়ে দশ লক্ষ একর জমি উদ্বৃত্ত হয়েছিল। তার মধ্যে আমরা সাড়ে নয় লক্ষ একর জমি গরিব কৃষক, এস.সি., এস.টি. এবং পিছিয়ে পড়া মানুষদের মধ্যে বিলি করেছিলাম। আর আপনারা আপনাদের ২৬ বছরে কত জমি বিলি করেছেন, না পৌনে চার লক্ষ একর জমি বিলি করেছেন। আপনার কাছে আমার জিজ্ঞাসা, হাইকোর্টের ইনজাংশন কেন প্রত্যাহার হচ্ছে না ? ভূমি সংস্কারের ক্ষেত্রে তাহলে আপনি কি করতে পেরেছেন ? ১৯৭২ সালে হাসপাতালে তিরিশ হাজার বেড ছিল। আমরা যখন

বিদায় নিই তখন সংখ্যা দাঁড়ায় পঁয়ষট্টি হাজার। আপনাদের প্রথম পাঁচ বছরে বেড়ে হয়েছিল সত্তর হাজার। আজকে সেটা পাঁচ হাজার কমে গেছে। স্বর্ণজয়ন্তী রোজগার যোজনায় ব্যাংক লোন দিচ্ছে না। আজকে ব্যাংক, এন.ডি.এ., গ্রাম পঞ্চায়েত কারও সঙ্গে কারও মিল নেই। উনি বলছেন চার লক্ষ লোকের চাকরি হবে। কিন্তু আমরা যা দেখছি, কিছু হচ্ছে না। স্বর্ণজয়ন্তী রোজগার যোজনা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়ে গেছে। আর এস.সি. এবং এস.টি. বাবদ ৬৫ হাজার কোটি টাকা ফেরৎ চলে গেছে। ম্যাচিং গ্রান্ট না দিতে পারায় কি করবেন অর্থমন্ত্রী তিনি তার উত্তরে জানাবেন। তারপরে প্রধানমন্ত্রী সড়ক যোজনার যে স্কীম সেটা কমপ্লিট করতে পারেননি। ৬০ পার্সেন্ট টাকা প্রধানমন্ত্রী সড়ক যোজনার যে বরাদ্দ সেটা ফেরৎ চলে গেছে। ইন্দিরা আবাসন যোজনা—এই যোজনা খাতে প্রায় ৫৩ হাজার কোটি টাকা ফেরৎ চলে গেছে। অর্থমন্ত্রী গ্রামীণ উন্নয়নের জন্য যে প্রকল্পগুলো আছে সেগুলোতে কেন্দ্রীয় সরকার থেকে টাকা আসছে, সেই টাকাও ফেরৎ চলে যাচ্ছে। সুতরাং সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছেন। এই বর্তমান ঠক, প্রবঞ্চক অর্থমন্ত্রী যতদিন থাকবেন ততদিন পশ্চিমবঙ্গকে শেষ করে দেবেন। এবং মিথ্যা, অসত্য ভাষণ রেখে, চোখের ঢুলি খুলে ইন্দ্রজাল মায়াজাল, ভোজবাজি দেখিয়ে পশ্চিমবঙ্গকে শেষ করে দেবে। তাই আমি এই বাজেটকে তীব্র ভাষায় বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী ভবানীশংকর হাতিয়াল : মাননীয় চেয়ারম্যান মহাশয়, গত ২০শে মার্চ এই মহতী সভায় মাননীয় অর্থমন্ত্রী ২০০৩-২০০৪ সালের যে বাজেট বিবৃতি উপস্থাপিত করেছেন সেই বাজেট বিবৃতিকে সর্বান্তকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখার চেষ্টা করছি। বাজেট নিছক সরকারের আয়-ব্যয়ের হিসাব নয়, সরকার দেশকে এবং দেশের অর্থনীতিকে কোনদিকে নিয়ে যেতে চান তারই একটা রূপরেখা। দেশের মানুষের কল্যাণের দিকে নজর রেখে কি কি অর্থনৈতিক কর্মসূচি সরকার গ্রহণ করবে তারই একটা ইঙ্গিত বা আন্দাজ বাজেটের মধ্যে পাওয়া যায়। সেখানে বাজেটের মধ্যে একটা নির্দিষ্ট লক্ষ্য থাকে, একটা নির্দিষ্ট ভিশান থাকে এবং একটা নির্দিষ্ট মিশানও থাকে। তবে এই কথাটা বলার মধ্যে দিয়ে মাননীয় বিরোধী দলের সদস্য সৌগতবাবুর আরেকটি কথা দিয়ে বক্তব্য রাখার চেষ্টা করব। কথাটা এই—ঋণং কৃত্যয়া ঘৃতং পিবেৎ'। দয়া করে আপনারা আমাকে বলার সুযোগ দিন ঋণং কৃত্যয়া ঘৃতং পিবেৎ—এই যে এখানে ২৯৪ জন রয়েছেন, মন্ত্রীমহাশয় থেকে শুরু করে শতকরা ৭৫ জনেই বাড়ি-গাড়ি, পোশাক, আশাক, ছেলে পড়াই সবেতেই ঋণের জালে জর্জরিত—যদি তারা অন্য কোনো উপায় না দেখে। এছাড়া আজকে পৃথিবীতে যে ইকোনমিক সিস্টেম, য ইউনিপোলার সিস্টেম চালু হয়েছে বা যে অর্থনৈতিক অর্ডার, ইকোনমিক অর্ডার, সেই অর্ডারের কথা বলতে গেলে এই কথাটা বলতে হয় যে, ধনতান্ত্রিক বুর্জোয়া কাঠামোর মধ্যে বাণিজ্য নীতির যে কাঠামো এটা আজকে বহু পুরনো হয়ে গেছে। শিল্প বিপ্লবের ফলে বিজ্ঞানের আবিষ্কার, ভৌগোলিক আবিষ্কার এসবের মধ্যে দিয়ে পুঁজিবাদী শক্তি তার পুঁজিকে বাড়াবার জন্য দেশে এবং বিদেশে উপনিবেশ স্থাপন করে ইকোনমিক অর্ডারের সুযোগ নিচ্ছে। এবং আপনাদেরকে স্মরণ করাতে চাই যে, ১৯৩০ সালে বিংশ শতাব্দীর ৩০ দশকের দিকে সেখানে পুঁজিবাদী সমাজব্যবস্থা অর্থনৈতিক দিক থেকে একটা গভীর খাদে পড়েছিল এবং বিরাট মন্দার মধ্যে পড়েছিল। এবং

সেই মন্দার থেকে উদ্ধার করেছিলেন তৎকালীন ইংরেজ অর্থনীতিবিদ কেনস সাহেব। কেনস সাহেব যে এফেকটিভ ডিমান্ড—সামগ্রিক চাহিদা বৃদ্ধি করার যে পলিসি করেছিলেন পরবর্তীকালের পণ্ডিত অর্থনীতিবিদরা—ট্যাকসিন, বোরিং, ল্যান্ডিং, সেভিংস, ইনভেস্টিং-এর যে সিক্স ফিসক্যাল পলিসি সেই পলিসির মাধ্যমে শৃঙ্খলা গড়ে তুলেছেন। এবং তারই উত্তরসুরি বৃটিশরাজের হাত থেকে জাতীয়তাবাদী নেতৃত্ব যে কংগ্রেসরা শাসন করেছিলেন দীর্ঘকাল, তার হাত থেকে আমরা ওই গর্তের থেকে বেরিয়ে আসতে পারিনি। এই কথাটাই বলতে চাইছি—ঋণং কৃত্যয়া ঘৃতং পিবেৎ। তো সেই ঋণের জালে জড়িয়ে আমরা পড়েছি। আরেকজন বিরোধী দলের মাননীয় সদস্য অতি সুপণ্ডিত ব্যক্তি বললেন যে, ডেথ ট্রাপ ইজ গোয়িং টু বি ডেথ ট্রাপ, ঋণের ফাঁদ মৃত্যু ফাঁদে পরিণত হবে।

[4.40—4.50 p.m.]

এই কথা Until and unless property of the state does not belong to the people of the state as a whole we must not come out of this trap. যতক্ষণ না সামাজিক সম্পদে রূপান্তরিত হয়, ততক্ষণ এই ঋণের ফাঁদ থেকে মুক্তি পাওয়ার কোনো পথ নেই। অন্তর্জলি যাত্রার যে কথাটা মাননীয় সদস্য নির্বেদবাবু প্রকাশ করেছেন মাননীয় অর্থমন্ত্রীকে কটাক্ষ করে, তিনি তার উত্তর দেবেন। তবে আমার ব্যক্তিগত মূল্যায়ন এই কথাটাই দাঁড়াচ্ছে—যে উত্তরগুলি মাননীয় সদস্য তপন হোড় মহাশয় বলেছেন—সেই তিনটি ভয়ঙ্কর শত্রু হচ্ছে বিশ্বায়ন, বেসরকারিকরণ এবং উদারিকরণ। এই তিন শত্রুকে সামনে রেখে বিভিন্ন অর্থনীতিবিদ তাঁরা তাঁদের বক্তব্য তুলে ধরে খণ্ডন করার চেষ্টা করেছেন এবং এই ডেবট ট্রাপ দিন দিন বেড়েই যাচ্ছে। Our crisis is deepening day to day এখান থেকে মুক্তি পাওয়ার কি পথ, সেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় ক্যাটাগরিকালি ব্যাখ্যা করার চেষ্টা করেছেন। তিনি পাঁচটি ভাগে তার বাজেট বক্তৃতাকে ভাগ করে দেখিয়েছেন। প্রথম অংশ হচ্ছে ১.১ থেকে ১.৬ পর্যন্ত, তারপরে দ্বিতীয় অংশ, তারপরে তৃতীয় অংশ, তারপরে চতুর্থ অংশ এইভাবে। এই ১.১ থেকে ১.৬ পর্যন্ত অংশে তিনি দেখাবার চেষ্টা এই শত্রুদের দ্বারা আমরা কীভাবে লুণ্ঠিত হচ্ছি। আজকে আন্তর্জাতিক দুনিয়ায় সাম্রাজ্যবাদী শক্তির প্রতিভূ হচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্র। কয়েকদিন আগেই আমরা একমত হয়েছি, আমরা সহমত পোষণ করেছি ইরাকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার বিরুদ্ধে। ট্রেজারি বেঞ্চ এরিং বিরোধিরা আমরা সবাই মিলে সেই নিন্দা প্রস্তাব করেছি। কিন্তু এই আক্রমণের অন্তর্নিহিত অর্থ হচ্ছে তেলের আধিপত্য এবং অর্থনৈতিক আধিপত্য, সেই ব্যাপারে কিন্তু আমরা একমত হতে পারিনি। এটাই হচ্ছে বড় সমস্যা। এই অর্থনৈতিক আধিপত্যই কায়েম করছে সাম্রাজ্যবাদী শক্তি, আর তারই দাসানুদাস আপনাদের সমর্থনকারী কেন্দ্রীয় সরকার। তারা যে সমস্ত জনস্বার্থ-বিরোধী নীতি গ্রহণ করছে তার ফল পশ্চিমবঙ্গকে ভোগ করতে হচ্ছে। অন্যান্য রাজ্যের সাথে আমাদেরও নিষ্পেষণ, নিপীড়নের মধ্যে দিয়ে দিন কাটাতে হচ্ছে। আজকে ইরাকে যেমন আগুন জ্বলছে, সেখানকার মানুষ যেমন নির্যাতিত, নিষ্পষিত, লাঞ্ছিত হচ্ছে, ঠিক তেমনি আমাদের কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতি আমাদের নিষ্পেষিত করছে, আমাদের

ঘরে আগুন জ্বলছে, আর তাকে সমর্থন করছে আমাদের রাজ্যের প্রধান বিরোধী দল। আজকে কেন্দ্রীয় সরকারের কর্মসূচিতে প্রত্যেকটি জায়গায় আগুন ধরেছে, সব জায়গাতে আগুন জ্বলছে। আজকে স্বল্প সঞ্চয়ে সুদ কমিয়ে অবসরপ্রাপ্ত মানুষের পেটে লাথি মারা হচ্ছে। আজকে সব মানুষকে তাদের নিষ্পেষণের শিকার হতে হচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়ে আমাদের রাজ্যের মাননীয় অথমন্ত্রী তাঁর বাজেট বিবৃতি প্রকাশ করেছেন। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি দু-একটি কথা বলতে চাই। আমাদের এই ভারতবর্ষ স্বাধীনতা পাওয়ার পর, জাতীয়তাবাদী নেতৃবৃন্দ যে অর্থনৈতিক সিস্টেম, যে ইকনোমিক অর্ডার, যে বুর্জোয়া ধনতান্ত্রিক কাঠামো এইসব উত্তরাধিকারী সূত্রে যাঁরা পেলেন তবুও তাঁদের মধ্যে বিবেক ছিল, তাঁদের মধ্যে সচেতনতা ছিল, তাঁরা দেশকে ভালোবাসতেন। যদিও এই সিস্টেমের মধ্যে growth without ups and downs, without cycle is an impossibility, তাঁরা যে কর্মসূচি নিয়েছিলেন দেশকে স্বয়ম্ভর করার জন্য, তাঁর উত্তরসুরিরা নব্বইয়ের দশকে এসে সেগুলিকে বাতিল করেছিলেন। আর এখনকার কেন্দ্রীয় সরকার সেগুলিকে পুরোদমে, জোর করে মানুষকে কাঠগড়ায় দাঁড় করিয়েছেন। এই অবস্থায় দাঁড়িয়ে, আমাদের মাননীয় অর্থমন্ত্রী আমাদের রাজ্যের অধিকাংশ মানুষের মঙ্গলের জন্য মানুষের উপকারের জন্য কাজ করার চেষ্টা করছেন।

এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের মূল লক্ষ্য হল কৃষি এবং কৃষিভিত্তি, কৃষি নির্দিষ্ট বিষয়ের বিকাশসাধন এবং তার দ্বারা কর্মসংস্থান সৃষ্টি। এছাড়া এমপ্লয়মেন্ট সম্ভব নয়। কোনো শিক্ষকতা, কোনো অফিসের চাকরি বা কলকারখানার অবস্থা আপনাদের কল্যাণে আস্তে আস্তে চলে যাচ্ছে, বেকার হয়ে যাচ্ছে বহু মানুষ। আমার অবস্থা তো আপনাদের পূর্বসুরিরা ঝাঁঝরা করে দিয়েছেন। যেমন ক্র্যাসিং মেশিনে ক্রাশ করলে আখের ছিবড়ে বেরিয়ে আসে, আমাদের সেরকম করেছেন। আপনারা দেখুন না ওড়িশার অবস্থা বা রাজস্থানের অবস্থা। আমরা যারা ট্রেজারি বেঞ্চে আছি, কোনো বেকারকে দুই বা আড়াই হাজার টাকায় কোনো ফার্মে কাজ করানো হলে আমরা মেনে নেব না। কতগুলো দায়বদ্ধতা আছে, সেইগুলো স্মরণ করতে হবে, নিজের সততা, দক্ষতার পরিচয় দিতে হবে, তাহলে আমাদের পশ্চিমবাংলা এগিয়ে যাবে এই আশা রাখি। আশা করি মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তাতে বার্ষিক বৃদ্ধির হার ৮ শতাংশ ধরেছেন, সেই লক্ষ্যে পৌঁছতে পারব এবং দেশের অধিকাংশ মানুষের পাশে দাঁড়াতে পারব। এই কথা বলে, এই বাজেট বরাদ্দকে আবারও সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পবন কুমার লাকরা : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী ২০০৩-২০০৪ সালের যে বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করে আমি কিছু বক্তব্য রাখছি।

আমি জানি আমাদের অর্থমন্ত্রী নামকরা অর্থনীতিবিদ, হয়ত ওনার কথা বোঝার সামর্থ্য আমার নেই, তবুও সাধারণ বিধায়ক হিসাবে কিছু বক্তব্য পেশ করছি, আপনি বলেছেন আন্তর্জাতিক অর্থভাণ্ডার ও বিশ্ববাণিজ্য সংস্থা নির্দেশিত কিছু উদারনীতি কেন্দ্রীয়

সরকার গ্রহণ করেছে, যার ফলে আমাদের দেশের শিল্প এবং কৃষি নিজের দেশে বাজার হারাতে শুরু করেছে। আপনি বলেছেন জাতীয় নমুনা সমীক্ষার শেষ তথ্য অনুযায়ী ১৯৯৩-৯৪ থেকে ২০০০ সাল পর্যন্ত সমগ্র দেশে ৬৫ লক্ষ অতিরিক্ত বেকার সৃষ্টি হয়েছে, কেন্দ্রীয় বাজেটে এটা হ্রাস করার কোনো নির্দিষ্ট লক্ষ্যমাত্রা জাতীয় স্তরে নেওয়া হয়নি। রাজ্য সরকারের আর্থিক সংকটের কারণ কেন্দ্রীয় সরকারের এই নীতি। এই ঘাটতি পূরণের জন্য রাজ্য সরকার বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রকমের কর আদায়ের ব্যবস্থা করেছেন। এতে রাজ্য সরকার ৪৫০ কোটি টাকা আয় করবে। আপনি বলেছেন রাজ্য সরকারের গাড়ি, টেলিফোন, ভ্রমণ ইত্যাদিতে ব্যয় হ্রাস করছেন। অথচ আপনার মন্ত্রীরা এটা লংঘন করছেন। ওনারা সরকারি পয়সার অপচয় করে বিভিন্ন জায়গায় পরিভ্রমণ করছেন। আমি গতকালই বাজেট বক্তৃতা থেকে জানতে পেরেছি যে, আপনারা মন্ত্রীরা হরিদ্বার, মথুরা এবং বিভিন্ন জায়গায় গিয়েছিলেন। আমি জানি না আপনার মন্ত্রীদের কাজের এলাকা কতদূর পর্যন্ত বিস্তৃত। সাধারণ একজন বিধায়ক হিসাবে এটা আমার বোধগম্য হচ্ছে না। এখানে বনবন্ত্রী নেই। উনিও নাকি হরিদ্বার, মথুরা ইত্যাদি জায়গা পরিভ্রমণ করেছেন।

[4.50—5.00 p.m.]

আমি জানতে চাই যে, বনাঞ্চল কতদূর পর্যন্ত আছে ? পশ্চিমবঙ্গের বাইরেও কি আছে ? অথবা আপনার মন্ত্রী ওই হরিদ্বার বা মথুরায় নতুন কোনো টাইগার প্রোজেক্ট বা গণ্ডার চাষ করার জন্য ওই সব এলাকায় পরিভ্রমণ করছেন কিনা ? আপনি এখানে ৭৯৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। আপনি ভূমিসংস্কার, সেচের সম্প্রসারণের উন্নতির কথা, উন্নত বীজ সরবরাহের কথা বলেছেন। আপনার রাজ্যের লোকের খাওয়ার অভাব নেই ? কিন্তু আপনি জানেন উত্তরবাংলায় বহু চা-বাগান আছে, যে চা-বাগানগুলি বন্ধ। এই চা-বাগানের বহু শ্রমিক না খেতে পেয়ে মারা গেছে। আজকে চা-বাগানের শ্রমিকদের একবেলার খাবার ব্যবস্থা হয় না। আপনি বলেছেন জনস্বাস্থ্য প্রসারের উপর আপনি জোর দিয়েছেন। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গে ১৪ হাজার ৬৯৯টি এস এস কে কেন্দ্র স্থাপিত হয়েছে। এই এস এস কে কেন্দ্রগুলি চালানোর কতগুলি নিয়ম আছে। ওখানে সহায়িকার পদে কাজ করে তাদের একটা শিক্ষাগত যোগ্যতার মান ধরা আছে। তাদের বয়সের একটা সীমা আছে, সেখানে সরকারি নিয়মগুলি মানা হচ্ছে না। যেখানে শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাস বলা হচ্ছে এবং বয়স ৩৫ থেকে ৪০ বছর, কিন্তু সেই নিময় মানা হচ্ছে না। এমন কতগুলি জায়গা আছে, যেখানে সহায়িকা নিযুক্ত করা হয়েছে, সেখানে তাঁরা আদৌ লেখাপড়া জানেন না। আমার কাছে প্রমাণ আছে। আর একটা কথা বলছি—জলপাইগুড়ি জেলার কলচিনি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানের স্ত্রী, গত বছর চেয়ারম্যানের সাথে বিবাহে আবদ্ধ হয়েছেন, উনি মাধ্যমিক পাস, আমরা জানি বয়স ৩০-এর কম। অথচ সেই মহিলা ওই পদে কাজ করে যাচ্ছেন। আরও বহু কেন্দ্র আছে, যাদের কোনো শিক্ষাগত যোগ্যতা নেই, তাঁরা ওখানে কাজ করে যাচ্ছেন। আপনি বলেছেন আগামী বছরে পশ্চিমবঙ্গে ৫০০ মাধ্যমিক শিক্ষা কেন্দ্র স্থাপন করবেন। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, জলপাইগুড়ি জেলার ডুয়ার্স এলাকায় চা-বাগান এলাকায় যাঁরা বসবাস করেন, তাঁদের বেশির ভাগ তপশিলি, উপজাতি সম্প্রদায়ের লোক। বেশির ভাগই হিন্দি ভাষাভাষীর লোক।

কিন্তু রাজ্য সরকারে পক্ষ থেকে কোনো মাধ্যমিক স্তরের কোনো স্কুল হয়নি। উত্তরবঙ্গের প্রধান শিল্প হচ্ছে চা। এই চা শিল্পের অবস্থা খুবই খারাপ। বহুদিন ধরে এই চা শিল্প কঠিন সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে। ফলস্বরূপ ৩৫টা চা-বাগান বন্ধ ছিল, এখন একটা-দুটো খুলছে। ওখানকার শ্রমিকরা ৬ দিন কাজ করে ৩ দিনের বেতন পাচ্ছে। অথচ আপনি বলেছেন চা-শিল্পকে বাঁচাতে এগ্রিকালচার ইনকাম ট্যাক্স ৪৫ পারসেন্ট কমানো হয়েছে। তাদের সহায়তা করার জন্য সেটা ৩০ পারসেন্ট করার প্রস্তাব দিয়েছেন, এর জন্য আপনাদের ধন্যবাদ জানাই। কিন্তু এটা যথেষ্ট নয়, শুধু চা-বাগান নয় সেই এলাকার যে সব মানুষ বাস করে বিশেষ করে তপশিলি জাতি ও উপজাতি তাদের আর্থিক, শিক্ষা, সামাজিক বিকাশের জন্য সাংবিধানিক দিক থেকে কিছু বিশেষ অধিকার দিয়েছে। এই অধিকার থেকে ওরা যাতে বঞ্চিত না হয় সেই দিকে আপনারা নজর দিচ্ছেন না এবং যে নিয়ম আছে সেগুলি কার্যত মানা হচ্ছে না। আপনি বলেছিলেন যে সমস্ত কলকারখানা বন্ধ আছে সেই সমস্ত শ্রমিকদের মাসে ৫০০ টাকা করে অনুদান দেবেন। আজকে চা-বাগানের শ্রমিকরা বহুদিন না খেয়ে আছে, কিন্তু তারা ১ মাসের জন্যও কোনো অনুদান পায়নি। আপনার বাজেটে উত্তরবঙ্গের তপশিলি জাতি ও উপজাতি মানুষদের বাঁচার কোনো কথা নেই। যে সব প্রকল্প নিলে তারা বাঁচতে পারে সেই সব নেওয়া হয়নি। এই জন্য আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

শ্রী ব্রহ্মময় নন্দ : মিঃ চেয়ারম্যান স্যার, গত ২০শে মার্চ পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ড. অসীমকুমার দাশগুপ্ত মহোদয় ২০০৩-০৪ আর্থিক বছরের যে বাজেট উপস্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। এই বাজেটের প্রতিটি ছত্র আমি পড়ে দেখেছি, এটা পড়ে আমার রবীন্দ্রনাথ ঠাকুরের কথা মনে পড়েছে 'তোমার অসীমে মন প্রাণ লয়ে, যত দূরে আমি যাই'। তিনি সমাজের সর্বস্তরের মানুষের কথা চিন্তা করেছেন। কেন্দ্রের বাজেট কিছুদিন আগে উপস্থাপিত করেছেন কেন্দ্রীয় সরকার। সেখানে দেখলাম আমাদের দেশের প্রায় ১১ কোটি বেকার, স্বীকৃত এবং অস্বীকৃত মিলে, তাদের কোনো কর্মসংস্থানের কথা নেই। বেকারদের কোনো কথাই নেই। বড়লোকদের তোয়াজ করার কথা আছে। কৃষকদের স্বার্থ সেখানে বিঘ্নিত হয়েছে, নিম্নমধ্যবিত্তদের স্বার্থ সেখানে বিঘ্নিত হয়েছে, সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে একটা রাজ্য আর্থিক সংকটের মুখে এসে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপন করেছেন তাকে স্বাগত জানাই। কারণ আজকে এই সরকারের দৃষ্টিভঙ্গি আর কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ পৃথক। কেন্দ্রের যে সরকার তারা দেশকে বিক্রি করে দেওয়ার সরকার, আর এই বাংলার যে সরকার তাঁরা দুঃখ, দারিদ্র্য, কষ্ট ইত্যাদি সমস্ত কিছুর মধ্যে থেকে মানুষের মুখে যাতে হাসি ফোটে সেই চেষ্টাই বরাবর করে যাচ্ছেন। শিক্ষার মধ্যে দিয়ে, শিল্পের মধ্যে দিয়ে, কৃষির মধ্যে দিয়ে সামগ্রিকভাবে চেতনার মাধ্যমে অনগ্রসর শ্রেণির মানুষের দিকে তাকিয়ে যে সমস্ত পরিকল্পনা এই রাজ্য সরকার গ্রহণ করেছেন সেগুলি মানবদরদী যে সরকার তার একটা প্রতিচ্ছবি। তাই এই সরকার ২৬ বছর ধরে আছে।

[5.00—5.10 p.m.]

সেটা অন্য কোনো যাদুমন্ত্রে নয়। যারা কৃষিজীবী মানুষ, যারা মাথার ঘাম পায়ে ফেলে শস্য উৎপাদন করে, যারা শ্রমজীবী মানুষ, তারা শ্রমের বিনিময়ে দেশের সেবা করে

মানুষের মুখে হাসি ফোটাচ্ছে, তাদের ভালোবাসায় এই সরকার চলছে। তাই এই সরকারের বাজেট তাদের দিকে তাকিয়ে রচিত হয়েছে একথাটা যেন আমরা ভুলে না যাই। তাই এই গ্রামমুখী যে বাজেট, চেতনা ও সংবেদনশীল রাজ্যের জনগণের যে সর্বসম্মত বাজেট তাকে বিরোধিতার জন্য বিরোধিতা করে বিরোধী পক্ষ কেন নস্যাৎ করলেন জানি না। শিক্ষার সুযোগ নয় অধিকার, এই অধিকার এই সরকার প্রতিষ্ঠা করতে চেয়েছে তাদের ২৬ বছরের মধ্যে এই নীতির ভিত্তিতে। সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যেও এই রাজ্যে শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। বিশ্বায়নের ক্ষতিকর পরিবেশের প্রভাব পড়ে যাতে শিক্ষার আঙিনা কলুষিত না হয় সেদিকে এই সরকার যথার্থভাবে দৃষ্টিপাত করেছেন। প্রাথমিক শিক্ষার লক্ষ্যে আগামী আর্থিক বছরে ৫ হাজার শিশু শিক্ষা কেন্দ্র স্থাপনের প্রস্তাব এই বাজেটে আছে এবং ৫০০টা মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের প্রস্তাব এতে আছে। এখন ৪৩টা ইঞ্জিনিয়ারিং কলেজ আছে। আমরা আশা করছি আগামী বছরে সেটা ৫০টাতে পরিণত হবে। ১৫টা মহাবিদ্যালয়-স্তরে স্নাতকোত্তর-স্তরে স্নাতকোত্তর পঠন-পাঠন চলছে। তাহলে এটা কি অগ্রগতির কোনো নমুনাই নয় ? যাঁরা চোখ বন্ধ করে থাকেন, চোখ খুলতে চান না তাঁরা সব কিছুকে কালো দেখেন। কারণ তাঁদের কাছে আলো নেই। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যথার্থ দৃষ্টিশক্তি ফিরে পান এবং ২৬ বছরে এই বামফ্রন্ট সরকারের কৃতিত্বকে তাঁরা অনুভব করতে পারুন এই কামনা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ২০শে মার্চ ২০০৩ তারিখে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ড. অসীমকুমার দাশগুপ্ত মহাশয় এখানে ২০০৩-০৪ সালের জন্য যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের আনা কাট-মোশানের সমর্থন করে বক্তব্য রাখছি। স্যার, আমাদের রাজ্যে একটা কথা প্রচলন আছে যে 'অবুঝে বোঝাব কত বুঝি নাহি মানে, ঢেঁকিকে বোঝাব কত নিত্য ধান ভানে'। এটা এত বাস্তব সত্য যে আমরা বছরের পর বছর দেখছি আমাদের মাননীয় অর্থমন্ত্রী ঘাটতিশূন্য বাজেট পেশ করছেন এবং বলছেন সরকার যে আয় এবং ব্যয় করছে তার মধ্যে ঘাটতি নেই। বহু উপেক্ষার পর এবং বিরোধীদের চাপে তিনি গত কয়েকদিন আগে একটা হোয়াইট পেপার বা শ্বেতপত্র প্রকাশ করেছেন এবং তার একটা কপি আমি পেয়েছি। এবং সেই শ্বেতপত্র পেয়ে পশ্চিমবঙ্গের একজন বিশিষ্ট অর্থনীতিবিদ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য সন্তোষ ভট্টাচার্য মহাশয় বলেছেন এটা শ্বেতপত্র না 'মিথ্যা শ্বেত'। এর বিরোধিতা করে তিনি লিখেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীকে এই কপিটি নিশ্চিত দেব তিনি দেখবেন। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি ৭টি কারণ তাঁর শ্বেতপত্রে উপস্থাপিত করেছেন এবং বলেছেন যে, এই ৭টি কারণগুলোর জন্য আমাদের ঘাটতি। পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান আর্থিক সংকটের ৭টি প্রধান কারণ মাননীয় অর্থমন্ত্রী নির্দেশ করেছেন। আমি একটা পঙ্‌ক্তি পড়ে শোনাচ্ছি—পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান আর্থিক সংকটের ৭টি প্রধান কারণ মাননীয় অর্থমন্ত্রী নির্দিষ্ট করেছেন। কারণ কয়টি বিন্যাসের ধরনে মনে হয়, গুরুত্ব অনুযায়ী তাদের ক্রম ঠিক করা হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী লিখেছেন, 'প্রথম কারণটির সূত্রপাত হয় কেন্দ্রীয় পঞ্চম বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত

থেকে''। তারপর লিখেছেন, 'যে তার ফলে গত ৫ বছরে সব সরকারেরই বেতন ও অবসরকালীন ভাতা বাবদ ব্যয় প্রায় দ্বিগুণ হয়েছে। পশ্চিমবঙ্গে সরকারের ক্ষেত্রেও তাই—'। এই তথ্য দিয়ে মাননীয় অর্থমন্ত্রী যেটা চাপা দিতে চাইছেন, তা হল যে, পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সংকট গত ৫ বছরের অনেক আগেই আরম্ভ হয়েছিল। জনসাধারণকে খুশি করার জন্য বলা হচ্ছে যে, প্রথম বামফ্রন্ট সরকারের সময়কালেই সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, সরকারের নিজের কর্মী ছাড়াও শিক্ষা, রাজ্য সরকারি সংস্থা, পুরসভা ও পঞ্চায়েত ইত্যাদি কর্মীদের প্রায় ৯৫ শতাংশ ক্ষেত্রে বেতন ও অবসরকালীন ভাতার দায় সরকার নেবে। যার ফলে ১৯৯৭-৯৮ সালের এই বাবদ ব্যয় ৬,১৭৭ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে বর্তমান বছরে ২০০২-২০০৩ সালে ১২,২৩৯ কোটি টাকাতে দাঁড়িয়েছে। আজকে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, প্ল্যান বাজেটে ৩ হাজার কোটি টাকা কম করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের দেওয়া বিভিন্ন প্রকল্পের টাকা তিনি খরচা করতে পারছেন না। তাহলে কি করে পশ্চিমবঙ্গের উন্নতি হবে আমি সেটা জানতে চাই। পূর্ত দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর। রাস্তা মেরামতের জন্য পি.ডাব্লু.ডি. ডিপার্টমেন্টকে বললে তাঁরা বলেন, 'আমাদের করার কিছু নেই'। মন্ত্রী মহাশয়কে বললে তিনি বলেন যে, 'জেলা পরিষদকে ব্যাপক অর্থ দেওয়া হয়েছে।' জেলা পরিষদকে বলতে গেলে, তারা বলে যে, 'আমাদের কিছু টাকা নেই'। আজকে এই যে ব্যয়বরাদ্দ রাখা হয়েছে এটা কি মন্ত্রীদের গাড়ির খরচা, বিলাসিতার জন্য, না কি পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য সেটা আমি জানতে চাই। কেন্দ্রীয় সরকার ওয়াটার সেট ডেভেলপমেন্টের জন্য প্রোগ্রামের জন্য পশ্চিমবঙ্গকে যে টাকা দিয়েছেন, সেই টাকার কতটা আপনারা খরচা করতে পেরেছেন ? কত টাকা ফেরত গেছে ? কেন আপনারা খরচা করতে পারলেন না সেই সব ব্যাপারে আপনার বাজেট বক্তৃতায় পরিষ্কার করে কিছু বলা নেই। তাহলে কেন্দ্রীয় সরকার ওয়াটার সেট ডেভেলপমেন্ট প্রোগ্রামের জন্য টাকা দিলেন, কিন্তু সেই প্রোগ্রামের একটা কথাও আপনার কলমে ছোঁয়ালেন না। তিস্তা প্রকল্পের কথা বলেছেন, কিন্তু তিস্তা প্রকল্পের কাজ আজও সমাপ্ত হল না, যেটুকু করেছেন তাও ভেঙে পড়েছে। এবারে সেচ দপ্তরের কথায় আসছি—সুন্দরবনের প্রায় সাড়ে তিন হাজার কিলোমিটার নদীবাঁধ আছে, এখানে ১৫টি বিধানসভা এলাকা, ১৯টি পঞ্চায়েত সমিতি এবং প্রায় ৫০ লক্ষ মানুষ বাস করে।

[5.10—5.20 p.m.]

সেই একটা জায়গায় আপনি সেচ দপ্তরকে কী পরিমাণ অর্থ দিলেন ? আজকে সুন্দরবন উন্নয়ন দপ্তর সুন্দরবনের সেচ প্রকল্পের মাধ্যমে কত অর্থ পেল তা আমরা জানতে পারলাম না। আজকে প্ল্যান বাজেটে টাকা নেই। গত বছর যে টাকাটা মন্ত্রীদের দিয়েছেন এবারের প্ল্যান বাজেটে সেই টাকাটা বন্ধ হয়ে যাচ্ছে। নেই। কেন্দ্রীয় সরকার যে যে প্রকল্পে টাকা দিয়েছে বিধায়কদের আপনি তার ঠিকমতো রূপায়ণ করতে পারলেন না যথাসময়ে, সেই টাকা ফেরত চলে গেল। আমরা বলতে চাই যে, আজকে স্বাস্থ্যের দিকে লক্ষ করলে, আজকে আপনি আমাদের দক্ষিণ ২৪-পরগনার কথা বলুন। ক্যানিং, বারুইপুর, কাকদ্বীপ ৩টি মহকুমা তৈরি হয়েছিল ১৯৯০-৯১-এ। এই আর্থিক বছরে আজ পর্যন্ত মহকুমা হাসপাতাল তৈরি হল না। মহকুমা হাসপাতালের

সমস্ত সরঞ্জাম গেল, বিল্ডিং তৈরি হল কিন্তু স্টাফ এবং ডাক্তারের অভাবে মহকুমা হাসপাতাল তৈরি হল না, সেই অবস্থায় পড়ে রয়েছে। আজকে আপনি শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ সর্বক্ষেত্রে বিদ্যুতের চার্জ বৃদ্ধি করলেন কিন্তু সেই জায়গায় থেকে গেল কোনো পরিবর্তন ঘটল না। আজকে সরকারের যে আই.সি.ডি.এস. প্রকল্পের ব্যাপারে আমি জানতে চেয়েছিলাম—কেন্দ্র এবং রাজ্য সরকার কত পরিমাণ অর্থ দিয়ে থাকেন। কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে, রাজ্য সরকার টাকা দিচ্ছে সে ক্ষেত্রে আজকে আই.সি.ডি.এস. প্রকল্পগুলি কিভাবে চলছে। আজকে আপনি বলছেন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নেই। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা অবসর নিচ্ছেন। স্কুলগুলি প্রায় বন্ধের পথে। আপনি কি করলেন এস.এস.পি অর্থাৎ সর্বশিক্ষা প্রোগ্রামের নাম করে মাত্র ৫ শত টাকা বেতন দিয়ে একটা চাকরির ব্যবস্থা করেছেন। কাকদ্বীপে যেখানে প্রায় শতকরা ৩০টি প্রাইমারি বিদ্যালয়ে ১টি করে শিক্ষক আছেন, যারা কয়েক মাসের মধ্যে রিটায়ার্ড করবেন। তারা রিটায়ার্ড করলে সেখানে প্রাইমারি বিদ্যালয়গুলি চলবে না। এস.এস.কে.-তে ১ হাজার টাকা করে মহিলাদের দিচ্ছেন। কোন মহিলা ১ হাজার টাকায় কাজ করবে। যেখানে প্রাইমারি স্কুলে ৭ হাজার টাকা করে একজন শিক্ষককে দিচ্ছেন সেখানে ১ হাজার টাকা দিচ্ছেন শিশুশিক্ষা কেন্দ্রে একজন মহিলাকে। কেন তারা কাজ করবে। কোথাও ২ জন মহিলা আবার কোথাও ৩ জন মহিলা এই শিশুশিক্ষা কেন্দ্রে আছে। এইভাবে সেগুলি চালানোর কোনো অর্থ নেই। আপনি আজকে প্রাথমিক বিদ্যালয়গুলি তুলে দিয়ে শিশুশিক্ষা কেন্দ্রগুলি তৈরি করছেন। আপনি বলেছেন যে পঞ্চায়েত-পঞ্চায়েত সমিতি গ্রামে ৬৪টা মাধ্যমিক বিদ্যালয় তৈরি করবে আপনি বাজেট বিবৃতিতে বলেছিলেন। আমরা জানতে চাই যে, কোন জেলায় কতগুলি আপনি প্রাথমিক বিদ্যালয় তৈরি করেছেন—সেটা আপনি পরিশেষে জানাবেন। আপনি বলেছেন যে আগামী ২০০২-২০০৩-২০০৪ সালে আপনি ৫ শত মাধ্যমিক বিদ্যালয় তৈরি করবেন। একটা আর্থিক বছরে যেখানে মাত্র ৬৪টি মাধ্যমিক বিদ্যালয় তৈরি করতে পারে সেখানে আর একটা আর্থিক বছরে ৫ শত মাধ্যমিক বিদ্যালয় কি করে তৈরি করবেন ? আমরা যেটা জানতে চাই, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা থেকে শুরু করে রুরাল হাউজিং থেকে শুরু করে রুরাল ওয়াটার সাপ্লাই থেকে শুরু করে কেন্দ্রীয় সরকারের যে যে প্রকল্প আপনি পেয়েছিলেন, আপনি সেইসব প্রকল্পে কি পরিমাণ অর্থ আপনি পেয়েছিলেন এবং আপনি খরচ করতে পারলেন না কেন ? সেই টাকা কেন্দ্রীয় সরকারের কাছে ফেরত চলে গেল। সেটা আপনি নিশ্চয়ই আপনার বক্তব্যে বলবেন এটা আশা রাখি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুন্দরবন সম্পর্কে আমি দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুন্দরবন উন্নয়ন পর্ষদ থেকে উনি দিয়েছেন মাত্র ১০ টাকা আর আমরা পেয়েছি কি ? ২০০১-২০০২ সালে আপনি দিয়েছিলেন ১৯ কোটি টাকা ২০০২-০৩ সালে আপনি দিয়েছিলেন ২১ কোটি টাকা। তার মধ্যে ১৬ কোটি টাকা ত্রাণ বাজেট থেকে। আর.আই.ডি.এফ. থেকে ৫ কোটি টাকা। আর এ বছর আপনি দিচ্ছেন কত ? সুন্দরবন একটি নদী-নালা এবং দ্বীপবহুল এলাকা। যেখানে ১৪টি বিধানসভা কেন্দ্র, যা একটি পৃথক জেলা করা যেতে পারে। সুন্দরবনের যে অরণ্য সম্পদ এবং তার যে বনজ সম্পদ তাতে একটি পৃথক জেলা হওয়ার দাবি রাখে।

আমার দাবি সুন্দরবনকে পৃথক জেলা করা হোক। সুন্দরবনের জন্য মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটে মাত্র ১০ কোটি টাকা বরাদ্দ করেছেন ! ওই নদী-নালার এলাকায় নৌকা পারাপারের একটা জেটি করতে গেলেও কম করে ১৩ লক্ষ থেকে ১৪ লক্ষ টাকার দরকার। একটা ফুট ব্রিজ করতে অন্তত ২০/২৫ লক্ষ টাকার দরকার। অথচ সুন্দরবনের জন্য মোট কত বরাদ্দ করা হয়েছে, না ১০ কোটি টাকা ! রাজ্যের মুখ্যমন্ত্রী বনবিবি উৎসব থেকে শুরু করে বিভিন্ন সময় সুন্দরবনের বিভিন্ন জায়গায় গিয়ে বলছেন—সুন্দরবনের উন্নয়নের জন্য ব্যাপক টাকা দেওয়া হবে। সুন্দরবনের মানুষের কোনো অসুবিধা থাকবে না। অথচ আমরা দেখছি সুন্দরবনকে বঞ্চিত করে সুন্দরবন উন্নয়ন খাতের বরাদ্দকে সীমাবদ্ধ রাখা হয়েছে। তাই আমি বলছি, এই বাজেট সম্পূর্ণ দিশাহীন বাজেট। মন্ত্রীর ভড়ং ছাড়া প্রকৃতপক্ষে সাধারণ মানুষের জন্য এই বাজেটে কোনো বরাদ্দই নেই। এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলতে চাই। আমরা গ্রামবাংলায় কাজ করি, গ্রামের কৃষকদের জীবন সম্পর্কে জানি, মৎস্যজীবীদের জীবন সম্পর্কে জানি, ক্ষেত মজুরদের জীবন সম্পর্কে চাষিদের জীবনের সমস্যাগুলি আমরা জানি। আমাদের এলাকার ফুল চাষিদের সমস্যাগুলি আমরা জানি। তাই আমার মনে হয় সেই সমস্ত সমস্যাগুলির দিকে লক্ষ্য রেখেই এখানে মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট পেশ করেছেন। আমি আজকে এখানে আমাদের দেশের অর্থনৈতিক সংকটের কথাবার্তা শুনলাম। আজকে গোটা দেশ যে জায়গায় এসে দাঁড়িয়েছে সেখান থেকে তাকে উদ্ধার করার ক্ষেত্রে আমাদের রাজ্য সরকারের কতটুকু ক্ষমতা আছে ? আমাদের দেশ যখন স্বাধীন হয় তখন আমাদের নেতারা বলেছিলেন—আমাদের দেশ স্বাধীন হল, কিন্তু স্বাধীন দেশের শাসক শ্রেণি দেশের সম্পর্কে বড়লোকদের হাতে তুলে দেবার চেষ্টা করছে। সে কথা সত্য বলে প্রমাণিত হল, পরবর্তীকালে আমরা দেখলাম দেশের বড়লোকদের আরো কি করে বড়লোক করে দেওয়া যায় তার জন্য চেষ্টা চলছে। আমাদের নেতারা বলেছিলেন—এর বিরুদ্ধে আমাদের আন্দোলন করতে হবে। সেই পরিপ্রেক্ষিতে কৃষক সমিতির উদ্যোগে আন্দোলন হয়েছিল। কারণ আমাদের দেশ কৃষিপ্রধান দেশ, সবচেয়ে বেশি সংখ্যক মানুষ কৃষক। তাদের বাঁচাতে হলে প্রথমেই প্রয়োজন ছিল জমিদারি প্রথার উচ্ছেদ করে কৃষকদের হাতে জমি তুলে দেওয়া। তারপর কৃষকদের চাষের জন্য সেভাবে সেচের ব্যবস্থা করতে হবে, সারের ব্যবস্থা করতে হবে। এই সমস্ত ব্যবস্থা করার জন্য সেভাবে পরিকল্পনা গ্রহণ করতে হবে। একথা বারবার আমাদের তরফ থেকে বলা হয়েছিল। যখন এইসব কথায় কেউ সারা দেয়নি তখন পরবর্তীকালে কৃষকরা দুর্বার আন্দোলন শুরু করেছিল। সেই আন্দোলন ভাঙার জন্য তৎকালীন শাসক দল বারবার চেষ্টা চালিয়েছিল। কিন্তু আমাদের রাজ্যের কৃষকরা বড়লোকদের কাছে নত হয়নি। আমরা জোতদার, জমিদারদের উচ্ছেদ করার জন্য আন্দোলন করেছি। তেভাগা আন্দোলন হয়েছিল। বর্গাদারদের অধিকার সুরক্ষিত করার জন্য আন্দোলন করেছি। এমনকি নিরন্ন মানুষের খাদ্যের জন্য লড়াই করেছি। জোতদার, জমিদারদের জমি কি করে দখল করতে হয়, তাও

আমরা কৃষকদের শিখিয়েছি। পশ্চিমবাংলায় যখন যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছিল তখন আমাদের পক্ষ থেকে বলা হয়েছিল—আমাদের ক্ষমতার সীমাবদ্ধতা আছে। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আমরা যদি বলি অনেক কিছু করব, তাহলে মানুষ ভুল বুঝবে। কারণ মানুষ আমাদের কাছে অনেক কিছু আশা করে। সে সমস্ত আশা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আমাদের পক্ষে পূরণ করা সম্ভব নয়। তথাপি সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমাদের মানুষের জন্য কাজ করে যেংতে হবে। তাই যুক্তফ্রন্ট সরকারের সময় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল, আমাদের তৎকালীন ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী কমরেড হরেকৃষ্ণ কোঙার কৃষকদের বলেছিলেন—জমিদার, জোতদারদের জমি কোথায় লুকোনো আছে, তারা কোথায় জমি লুকিয়ে রেখেছে তোমরা খুঁজে বের কর। তোমাদের সে কাজে বাধা দিতে পুলিশ যাবে না। সেই আওয়াজ তোলার পরে কৃষকরা হাজার হাজার বিঘা জমি বের করেছিল।

[5.20—5.30 p.m.]

সেই জমি আমরা বার করে চাষিদের হাতে তুলে দিয়েছিলাম। সেই চাষিদের হাতে তুলে দেবার ফলে যখন সরকার ভেঙে দিল তখন চাষিদের আন্দোলন ভেঙে দেবার জন্য তারা বহু চেষ্টা করেছিল কিন্তু সেই চেষ্টা ব্যর্থ হয়েছে। কৃষকরা আন্দোলন করে তাদের অধিকার রক্ষা করেছে, তাদের উপর বহু অত্যাচার হয়েছে, তারা বহু লড়াই সংগ্রাম করেছে। যার ফলে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আমাদের মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু বলেছিলেন, আমরা যখন এসেছি তখন আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে কাজ করতে হবে, রাইটার্স বিল্ডিংস-এ বসে কাজ করা যাবে না, সেই জন্য ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে এবং সেই ক্ষমতার বিকেন্দ্রীকরণ করার ফলে আজকে পশ্চিমবাংলায় সবক্ষেত্রে অগ্রগতি হয়েছে তা আমরা জোরের সঙ্গে বলতে পারি। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করার ফলে আমরা খুব তাড়াতাড়ি গরিব মানুষের কাছে পৌঁছতে পেরেছি। আজকে এই সাফল্যের জন্য কৃষির উন্নতি হয়েছে এবং চাষির উন্নতি হয়েছে। ফলে আমরা গোটা দেশের মধ্যে একটা বিশেষ স্থানে চলে গেছি। আমাদের আর্থিক সংকট আছে, কিন্তু আমি যেটা জানি, আমরা যারা আন্দোলন করি, আমরা যারা মাঠে-ঘাটে চলাফেরা করি, আমরা জানি, আন্দোলন করার ফলে আমাদের দেশের কৃষকরা আজকে যে জায়গায় দাঁড়িয়ে আছে, শ্রমিকরা আজকে যে জায়গায় দাঁড়িয়ে আছে—একদিকে কেন্দ্রীয় সরকার একের পর এক কারখানা বন্ধ করে দিচ্ছে, তার সঙ্গে বেইমানি করে মার্কিন সাম্রাজ্যবাদীর সঙ্গে হাত মিলিয়ে উদার অর্থনীতির নাম করে, বিশ্বায়নের নাম করে, আধুনিকীকরণের নাম করে দেশকে যে জায়গায নিয়ে যাবার চেষ্টা করছে তা একদিন ব্যর্থ হবে। ব্যর্থ হবে এই জন্য, শ্রমিক আন্দোলন দেশে বাড়ছে, কৃষক আন্দোলন দেশে বাড়ছে, ছাত্র-যুব আন্দোলন বাড়ছে। খেটে-খাওয়া মানুশের আন্দোলন বাড়ছে। ওরা যত চেষ্টা করুন না কেন, সেই চেষ্টাকে ব্যর্থ করে দিয়ে আমাদের গরিব মানুষ মাথা তুলে দাঁড়াবে এবং পশ্চিমবাংলার মানুষ ভারতবর্ষের আন্দোলনকে নেতৃত্ব দেবে। তাই আমি বলব, এই সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্লেস করেছেন তা সঠিকভাবেই প্লেস করেছেন এবং আজকে মাদক

দ্রব্যের উপর যে নিয়ম চালু করতে চাচ্ছেন, আমি বলব সেই নিয়ম সঠিক। কারণ আমি রাত্রিবেলা প্রায় ১২টার সময়ে যখন ফিরি, যেদিন বাজেট প্লেসড হল সেদিন আমার ওখানকার গ্রামের চাষিরা বলল "দিদি", আমাদের মদের জন্য নাকি দোকান করে দেওয়া হবে ? আমি জিজ্ঞাসা করলাম, তোরা কি করে জানলি ? ওরা বলল, টিভিতে তো বলল। আমি বললাম, করে কি হবে, তোরা মদ খেয়ে বাড়ি ফিরে সংসারটাকে তো শেষ করে দিবি। ওরা বলল, এটা করলে ভয়ে আর কেউ দোকানে কেনাকাটা করবে না, ফলে সংসার বাঁচবে। তারা বাস্তব অভিজ্ঞতার মধ্য দিয়ে একথা বলার চেষ্টা করল। আমাদের দেশে এখনও অনেক জমি আছে, সেইসব জমিগুলিকে উদ্ধার করতে হবে। আজকে নদী-নালা নষ্ট হয়ে যাওয়ার ফলে অনেক চড়া উঠেছে। সেইসব চড়াতে যদি চাষবাস করা যায় তাহলে আরো বেশি বেশি ফলন আমরা পেতে পারি। আমি দেখেছি, আমাদের ওখানে যে জমি আছে সেই জমিতে প্রায় ৪০ মণ মুলো চাষ হয়, এ ছাড়া প্রচুর পরিমাণে আলুর চাষ হয়। আমরা দামোদর নদীর ধারে থাকি, রূপনারায়ণ নদীর ধারে থাকি, গঙ্গা নদীর ধারে থাকি, সুতরাং আমি বলতে পারি, এই সব নদীর ধারে যে চাষ হয় তা যদি চাষিদের মধ্যে ঠিকমতো বিলিবণ্টন করে দেওয়া সম্ভব হয় তাহলে গরিব চাষিদের একটা ব্যবস্থা হয় এবং তার সঙ্গে সঙ্গে চাষের প্রভূত উন্নতি হয়। অপরদিকে আমি বলতে চাই, বাগনানে প্রচুর পরিমাণে পান চাষ হয় এবং সেই পান আরব দেশে পাঠানো হয়। আমাদের বাগনানে ১০০ রকমের গোলাপ গাছ আছে। আমাদের ওখানে একটি আম গাছ থেকে ৩/৪ রকমের আম গাছ করা যায়। চাষির ছেলে যারা লেখাপড়া জানে না তারা শুনে শুনে বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগাচ্ছে এবং চাষবাসের উন্নয়ন ঘটাচ্ছে। স্যার, পরিশেষে বলব, বিরোধীপক্ষ যতই চেষ্টা করুন না কেন পশ্চিমবঙ্গের কৃষক, শ্রমিক, খেটে খাওয়া সাধারণ মানুষরা এবং বিশেষ করে মেয়েরা মনে করেন যে এই বামফ্রন্ট সরকার যদি রাজ্যে থাকে তাহলে রাজ্যের উন্নয়ন সম্ভব এবং তাই তারা সকলে বামফ্রন্ট সরকারকে সমর্থন জানিয়ে যাচ্ছেন। এই বলে বাজেটকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্তের আনীত বাজেট প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, অর্থমন্ত্রী বলেছেন যে ট্যাকসেসান থেকে ওর আয় ঠিক মতন হচ্ছে না। যেমন সেলস ট্যাক্স থেকে ৬০০ কোটি টাকার মতন আয়, যেটা মোট আয় হবার কথা ছিল তার থেকে কম আয় হয়েছে। তিনি বলেছেন আর্থিক মন্দা অল ওভার ইন্ডিয়াতে সেইজন্য আয় হচ্ছে না। আবার আর একটা জায়গায় বলেছেন অল ইন্ডিয়াতে মন্দা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের অবস্থা খুব ভালো। উনি বলছেন আর্থিক মন্দার জন্য সারা ভারতে গ্রোথ যেখানে ৪.৪ পারসেন্ট সেখানে তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের পজিসান খুব ভালো, এখানে গ্রোথ ৭.৬ পারসেন্ট। যদি সত্যিই ৭.৬ পারসেন্ট আমাদের গ্রোথ হয়, উন্নয়ন হয়, উন্নতি হয় তাহলে এখানে আর্থিক মন্দা কোথায় ? তাহলে দেখা যাচ্ছে দু জায়গায় উনি দু রকমের কথা বলছেন। উনি আর্থিক মন্দার কারণে কিছু কিছু ট্যাক্স বসিয়েছেন এবং কিছু কিছু ক্ষেত্রে খরচ কমাবার চেষ্টা করেছেন। এটা ভালো কথা। কারণ আয় ও ব্যয়ের মধ্যে সমতা না রাখলে সেটা খুব খারাপ হয় এবং খুব খারাপ কথায় বলতে গেলে তাতে সেটা জনগণকে ধোঁকা দেওয়ার সামিল হয়।

কারণ টাকা দেওয়ার কথা আগে বলে বরে যদি না দেওয়া হয় তাহলে সেটা ধোঁকা দেওয়া হয়। অপরদিকে যদি আগে থেকে বলে দেওয়া হয় যে আমার টাকা কম আছে, দেওয়া যাবে না তাহলে আমরাও জানতে পারি এবং সাধারণ মানুষও প্রকৃত সত্যটা জানতে পারেন। জনপ্রতিনিধিদের যদি সত্যি কথাটা বলা হয় তাহলে আগে থেকেই জানতে পারি যে আমার এলাকায় প্রকৃতই কতটা টাকা দেওয়া হবে এবং তাতে কি কি উন্নয়নের কাজ হতে পারবে। উদাহরণস্বরূপ আমার সুন্দরবন এলাকার কথা বলতে পারি। অবশ্য গ্রামবাংলার সর্বত্রই একই অবস্থা। সেখানে না আছে রাস্তাঘাট, না আছে উপযুক্ত স্বাস্থ্যব্যবস্থা, স্কুল-কলেজ যেগুলি আছে সেগুলি ঠিকমতন চলছে না, না আছে বিদ্যুৎ এই তো অবস্থা। অল বেঙ্গলের ফিগারে বলা হচ্ছে যে ৮৫ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ দেওয়া হয়েছে আর আমার সুন্দরবন এলাকাতে ঠিক উলটো অবস্থা—৮৫ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ যেতে বাকি আছে। এই যে লপ-সাইডেড ডেভেলপমেন্ট প্রোগ্রাম হচ্ছে তাতে সুন্দরবনের মানুষরা ইন জেনারেল এবং পশ্চিমবঙ্গের গ্রামের মানুষ সকলেই ক্ষতিগ্রস্ত হচ্ছেন। উদাহরণস্বরূপ বলি, এই ফিনান্সিয়াল ইয়ারের—৩১শে মার্চ যে ইয়ার শেষ হচ্ছে—গোড়ার দিকে আমাদের সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী বলেছিলেন আমি তোমাদের প্রত্যেকের কনস্টিটিউয়েন্সিতে ৩০/৪০ লক্ষ টাকা খরচ করব, তোমরা সেই অনুযায়ী প্ল্যান প্রোগ্রাম আমাকে দাও।

[5.30—5.49 p.m.]

কিছু রাস্তা কিছু টিউবওয়েল কিছু ইলেকট্রিসিটি ইত্যাদি ইত্যাদি প্রোজেক্ট ওনাকে দেওয়া হয়েছিল। মন্ত্রী মহাশয় শুনলে আশ্চর্য হয়ে যাবেন এই পর্যন্ত আমার কনস্টিটিউয়েন্সিতে এক পয়সা খরচ করা হয়নি। আমাদের মন্ত্রী কান্তিবাবু বলেছেন অ্যালটমেন্ট খুব কম, মাত্র ৪ কোটি টাকা পেয়েছি, সেটা অন্যভাবে খরচ হয়ে গিয়েছে, এই বছর দেওয়া যাবে না, পরের বছর দেওয়া হবে। এই বাজেট বক্তৃতায় শুনলাম উন্নতি করা হচ্ছে। অথচ একটা কনস্টিটিউয়েন্সিতে ১ পয়সা খরচ করা হল না এটা ব্লাফ দেওয়া ছাড়া আর কি বলব আমি জানি না। আয় বাড়াবার জন্য উনি নানা রাস্তা ধরেছেন সেটা হচ্ছে খরচ কমানো, আনপ্লান্ড খরচ যেগুলো সেইগুলো আপনি কমাবেন। কিন্তু বাস্তবে যা ঘটছে, যা শুনছি যা দেখছি আপনার ইচ্ছা আছে, সেটাকে আমি সদিচ্ছাই বলব, আপনি কিছু করতে পারেন নি। বাস্তবের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই। গতকাল আমাদের বিরোধী দলের নেতা বলছেন, ছোট ইন্সট্যান্ট দিয়েছেন কিভাবে সরকারি মন্ত্রী সরকারি আমলারা ল্যাবিসলি খরচ করছেন উইদিন ওয়েস্ট বেঙ্গল আউট সাইড ওয়েস্ট বেঙ্গল। আমরা জানি আমাদের একজন মন্ত্রী বেশ কিছুদিন আগে ম্যাড্রাস গিয়েছিলেন। তিনি ম্যাড্রাস গভর্নমেন্টের অতিথি হিসাবে সেখানে ছিলেন। তাঁর শুধু টেলিফোন বিল হয়েছিল ১০ হাজার টাকা। মাননীয় মন্ত্রী জানেন, ম্যাড্রাস গভর্নমেন্ট ১ হাজার টাকার বিল পেমেন্ট করে বাকি ৯ হাজার টাকার বিল পাঠিয়ে দিয়েছে। তারপর আমাদের সরকারের পক্ষ থেকে সেই বিল পেমেন্ট করতে হয়েছে। এই যদি বিলাসিতা হয় তাহলে সেটা আশ্চর্য্য হবার কথা। ১০ হাজার টাকার টেলিফোন বিল করেছেন, শুনতে লজ্জা লাগে। আমাদের মন্ত্রী আতিথেয়তার সুযোগ নিয়ে থাউজেন্ড অফ রুপিজ শুধু টেলিফোন বিল করে গেলেন। উনি হয়ত জানতেন যেহেতু

তাদের গভর্ণমেন্ট তাঁকে অতিথি করেছে তাই ওরা এটা দিয়ে দেবে। আমাদের কাছে এটা লজ্জার সেই গভর্ণমেন্ট ১ হাজার টাকার বিল্ পেমেন্ট করে বাকি ৯ হাজার টাকার বিল পাঠিয়ে দিয়েছে। এই যদি মানসিকতা হয় তাহলে কিভাবে আপনি ৫০০ কোটি টাকা সেভ করবেন ? আপনারা তো জানেন বুরোক্রাটিক সেট-আপ কিভাবে বেড়েছে। ১৯৪৭ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত একরকম ছিল, ১৯৮০ সালের পর থেকে সব কিছু বেড়েছে। এখন আই.বি. বেড়েছে, ডি.জি. বেড়েছে, এডিশনাল ডি.জি. হয়েছে এবং আই.বি. হয়েছে। আপনি নিজে জানেন জনা ১৫ হয়েছে যেখানে একজন ছিল। ১৯৪৭ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত ডিপার্টমেন্টাল একজন সেক্রেটারি ছিলেন, এখন প্রিন্সিপাল সেক্রেটারি হয়েছে, স্পেশাল সেক্রেটারি হয়েছে, সেক্রেটারি হয়েছে। প্রায় ৫-৭ গুণ বেড়ে গিয়েছে। আর কত বাড়বে আমি জানি না। সব জায়গায় এই অবস্থা হয়েছে। কিভাবে কন্ট্রোল হবে ? আপনার কথা কেউ শুনছে না। আর একটা আপনি করেছেন, মদের দোকান বাড়িয়ে রেভিনিউ কালেকশন করছেন। কারেন্ট ফাইনান্সিয়াল ইয়ারে আপনি বলেছেন ৫০ কোটি টাকা তুলবেন। আগামী ফিনানন্সিয়াল ইয়ারে একটা ১০০ কোটি টাকা তুলবেন যা কারেন্ট আছে তার উপর। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার প্রশ্ন এটা কি উপলক্ষ মদের দোকান বাড়িয়ে টাকা বাড়ানো ? ২৫৩টি নতুন মদের দোকান স্যাংসান করেছেন, তার মধ্যে ১৮৬টি হয়ে গিয়েছে, ৬৫টি বাকি আছে। আগামী বছরে আপনি ১০০ কোটি টাকা তুলবেন, তার মানে মদরে দোকান বাড়াতে হবে। তাহলে কি আমাদের ধরে নিতে হবে পশ্চিমবাংলার সব উন্নতি হয়ে গেছে, ইন্ডাস্ট্রি সব হয়ে গিয়েছে, আনএমপ্লয়মেন্ট প্রবলেম সলভড হয়ে গেছে, পানীয় জলের ব্যবস্থা রাস্তাঘাট সব হয়ে গেছে, এলাকার লোকেরা সব পেয়ে গেছে, এবারে শুধু চিত্তবিনোদনের সময় এসেছে, মদ খেয়ে চিত্তবিনোদন কর। মদ খাইয়ে আয় করছেন করুন, কিন্তু মদ খাবে কে ? ১০০ কোটি তোলার জন্য মদের দোকান খুলছেন, তার মানে লোককে মদ বেশি খেতে হবে। অর্থাৎ যারা কম খেত তাদের বেশি খেতে হবে, যারা একেবারে খেত না তাদের খেতে আরম্ভ করতে হবে, যারা বেশি খেত তাদের আরো বেশি খেতে হবে। এটা কি আমাদের উদ্দেশ্য নাকি ? বলছেন এটা করে আমরা নতুন পশ্চিমবঙ্গ তৈরি করব। আপনারা উন্নততর বামফ্রন্ট, উন্নততর রাজ্য তৈরি করেছেন। আমি অনুরোধ করব, আপনি আর কিছু করুন বা না করুন অন্তত মানুষকে মদ খাইয়ে রেভিনিউ তুলবেন না। মাননীয় অর্থমন্ত্রী একজন বিদগ্ধ পণ্ডিত মানুষ। আমি অনুরোধ করব, এই বিষয়ে তিনি আবার একটু ভেবে দেখুন যে, মদের দোকান বাড়িয়ে একজিস্টিং ফরেন লিকারের দোকান যেগুলো আছে, সেখান থেকে আরও বেশি রেভিনিউ তোলা সম্ভব কিনা ? আপনি কান্ট্রি মেড মদের দোকানের যে পার্মিশন দিচ্ছেন তাতে গ্রামের ছেলে-মেয়েরা লোকাল মদ খাবে। মদ খেলে কি হয় তা আমরা জানি। আমরা তো বানতলা, ধানতলা, কোচবিহারের ঘোকসাডাঙ্গা দেখলাম। আমরা কি চাই এই বানতলা, ধানতলা, ঘোকসাডাঙ্গা এগুলো আরও বাড়ুক ? মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয়ই এটা চাইবেন না যে বাড়ুক। এতে কোনো পার্টিবাজির ব্যাপার নেই—মদ খেলে বদমায়েসি করবে। আমরা তো আমাদের ছেলেদের ভালো করতে চাই। আমরা যদি গ্রামাঞ্চলের মানুষকে সুখী করতে চাই, ছেলেমেয়েদের ভালো করতে চাই,

তাহলে সীমিত সাধ্যের মধ্যে যে টাকা আছে ততটুকুই দেওয়া ভালো। কিন্তু আমরা নিশ্চয়ই এমন কিছু করতে চাইব না যাতে আমাদের ছেলেমেয়েদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যায়, তাদের ক্যারেকটার নষ্ট হয়ে যায়। আমরা চাইব তারা মানুষ হয়ে যাতে দাঁড়াতে পারে। সেজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব, মদের দোকান না বাড়িয়ে অন্য কিভাবে আয় বাড়ানো যায় তার চেষ্টা করুন। সুন্দরবন এলাকায় কোনো শিল্প নেই। আপনি ২৪ হাজার কোটি টাকা ইনভেস্টমেন্টের কথা বলেছেন। সুন্দরবন এলাকায় ট্যুরিজম শিল্প করা যায়। শহরের মানুষ যাঁরা আছেন তাঁরা সেখানে এলাকা বদল করতে যান। আপনি সুন্দরবনে ট্যুরিজম শিল্প যদি ডেভেলপ করেন, ফ্লোটিং ট্যুরিজমের ব্যবস্থা যদি করেন তাহলে শহরের মানুষ সেখানে যেতে পারে। তাতে ওই এলাকার উন্নয়ন হতে পারে এবং তার সাথে সাথে সাবসিডিয়ারি কিছু কাজ করার সুযোগ ওই অঞ্চলের মানুষ পাবে। মানুষ কটেজ ইন্ডাস্ট্রিতে কাজ পেতে পারেন। দয়া করে আপনি সুন্দরবনের মানুষদের জন্য কিছু করার কথা ভাবুন। আর তা যদি না করেন, তাহলে সুন্দরবনের মানুষ কলকাতার বাবুদের জন্য ঝি সাপ্লাই করবে, লেবার সাপ্লাই করবে। আর এখানে এসে তারা শিয়ালদহের প্ল্যাটফর্মে শুয়ে থাকবে। তাদের সেখান থেকে কুকুরের মতো উৎখাত করবে। আমি অনুরোধ করব, মানুষকে মানুষের মতো সম্মান দিন। এই কথা বলে বাজেট বিবৃতি যেটা আছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্মসংস্থান বৃদ্ধি এবং আর্থিক সংকট, এই দুটোকে সামনে রেখে মাননীয় অর্থমন্ত্রী ২০০৩-২০০৪ সালের যে জনমুখী বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। গতকাল থেকে বাজেট বক্তৃতায় বিরোধী পক্ষের সদস্যদের কাছ থেকে আলোচনা শুনছি। কিন্তু যে সমালোচনা শুনলাম তাতে কোনো গঠনমূলক সমালোচনা পেলাম না। সমালোচনা নিশ্চয়ই করবেন, আমাদের সরকারের দোষত্রুটি কোথায়, তার নিশ্চয়ই সমালোচনা দরকার। কিন্তু সেগুলি সমাধানের জন্য যে পরিকল্পনা দরকার সেগুলি উপস্থাপন করলেন না। কেবল মদ খাওয়ার ব্যাপারে আলোচনা করলেন, আর মন্ত্রীরা কি করেছেন তা নিয়ে আলোচনা করলেন। কিন্তু ওরা এটা বললেন না যে কেন্দ্রীয় মন্ত্রীরা বিদেশে যাচ্ছেন, তাঁরা কত টাকা খরচ করছেন। এগুলো নিয়ে একবারও বললেন না। আমাদের মন্ত্রীরা দু-একবার কোথায় গিয়েছেন সেটা ওঁদের আলোচনার বিষয় হয়ে দাঁড়াল।

[5.40—5.50 p.m.]

আমি বিরোধী সদস্যদের অনুরোধ করবো ওঁদের বোঝার দরকার অর্থনীতির বুনিয়াদ তিনটি বিষয়ের উপরে নির্ভর করে যথা একটা হচ্ছে কৃষি, দ্বিতীয় হচ্ছে শিল্প এবং আরেকটা হচ্ছে অর্থনৈতিক প্রতিষ্ঠান। এই তিনটিকে যুক্ত করে যে কোনো দেশের অর্থনৈতিক বুনিয়াদ তৈরি করা যাবে। এই তিনটি বিধ্বস্ত হলে গোটা দেশের অর্থনীতি বিপর্যস্ত হয়ে পড়বে। আমাদের কেন্দ্রীয় সরকার বিদেশি পণ্যকে ঢালাউভাবে দেশে আসতে দিচ্ছেন। বিদেশি পণ্য দেশে আমদানি করছেন কিন্তু সেই সাথে আবার তাঁরা বলছেন যে, কৃষি ব্যবস্থার আমরা দায়িত্ব নেব না। আমরা কখনো বলছি না আমদানি নীতির বিরোধী—

চীন, রাশিয়া আমদানি নীতি গ্রহণ করেছে। কিন্তু আমদানি নীতি গ্রহণ করে থাইল্যান্ড থেকে চলে আসছে—এটা কাদের স্বার্থে ? তারপরে দক্ষিণ আফ্রিকার থেকে কয়লা আসছে—এটা কাদের স্বার্থে ? আমাদের নারকেল কেরলে বিখ্যাত, নারকেল থেকে তেল তৈরি হয় এবং সেই তেলের চাহিদা বাজারে খুব আছে। কিন্তু সেই তেলও আজকে বিদেশ থেকে আমদানি করা হচ্ছে। বিদেশ থেকে এই ধরনের আমদানির আমরা বিরোধী। উন্নত প্রযুক্তির আমদানি করা হোক সেটা নিশ্চয়ই আমাদের দেশে আনতে হবে এবং তাকে আমরা স্বাগত জানাই। কিন্তু নারকেল তেল যা আমাদের দেশে বিখ্যাত এবং কৃষিপণ্য বিদেশ থেকে আসবে সেটা আমরা মেনে নিতে পারি না। তারপরে পাট, চা যা আমাদের দেশে উন্নত ধরনের, সেই পাট, চাও বাইরের থেকে আমদানি করা হচ্ছে। তারপরে বনস্পতি, প্যাডি আমদানি করা হচ্ছে। ফলে দেশের বাজার ভেঙে পড়েছে, দাম উঠছে না। চাষিদের উৎপাদন খরচ উঠছে না। চাষিরা আজকে ঋণগ্রস্ত হয়ে পড়েছে। আপনারা জানেন নিশ্চয় ত্রিশূলের তিনট ফলা আছে—এই তিনটি ফলা ত্রিশূলের নিয়ে মহাদেব দক্ষযজ্ঞে যখন সতী দেহত্যাগ করেন তখন রণমূর্তি ধারণ করে সংহারে নামেন। সেই রকম আমাদের কেন্দ্রীয় সরকারও ত্রিশূলের তিনটি ফলা দিয়ে জনজীবনকে বিপর্যস্ত করছে। তার তিনটি ফলার একটা হচ্ছে আই এম এফ, আরেকটা ডব্লিউ টি ও এবং আরেকটা হচ্ছে ওয়ার্ল্ড ব্যাংক। এই তিনটি সংস্থা যা বুঝিয়ে দিচ্ছে এই কেন্দ্রীয় সরকার তাই করছেন। তার ফলে আজকে গোটা দেশ ঋণগ্রস্ত হয়ে পড়েছে, কৃষি, শিল্প আজকে কিছুই টিকে থাকতে পারছে না। দেশের বেকারত্ব বাড়ছে। আর্থিক সমীক্ষায় ২০০২-২০০৩ সালের দেখা যাচ্ছে যে, উৎপাদন বৃদ্ধির হার কমছে। ১৯৯৯-২০০০ সালে উৎপাদন বৃদ্ধির হার ছিল ৬.১ শতাংশ, সেখানে ২০০৩ সালে সেটা দাঁড়িয়েছে ৪.৪ শতাংশ। শিল্পে উৎপাদন বৃদ্ধির হার ছিল ৬.৭ শতাংশের থেকে কমে দাঁড়িয়েছে ৫.৩ শতাংশে। খাদ্য উৎপাদন বৃদ্ধির হারে যেখানে ১৩.৬ শতাংশ সেখানে পশ্চিমবঙ্গে তিন শতাংশ কম—৬.৭ শতাংশ। কেন্দ্রীয় সরকার এসব জানা সত্ত্বেও আমদানি শুল্ক কমিয়ে দিচ্ছেন এবং এর ফলে বাজারে আরো বেকারত্ব বাড়ছে। আজকে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে আর্থিক সংকট বেড়েছে। এই ক্ষেত্রে আমি বলতে চাই যে, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা জনমুখী এবং গ্রামবাংলার খেটে-খাওয়া গরিব মানুষদের আর্থিক দিক থেকে কিভাবে উন্নত করা যায় সেটাই বাজেটে প্রকাশ করেছেন। আমরা দীর্ঘ ২০ বছরে দেখেছি গ্রামের মানুষ পঞ্চায়েত ব্যবস্থার সাথে যুক্ত থেকে পদাদিকারী জেলা পরিষদে যুক্ত হতে পারছেন এবং একটা অধিকার অর্জন করছে। সেখানে কংগ্রেস আমলে গ্রামের মানুষেরা যেভাবে দুর্দশাগ্রস্ত ছিল আজকে বামফ্রন্ট সরকারের আমলে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে বামফ্রন্ট সরকার জনউন্নয়নমুখী, জনকল্যাণমুখী বাজেট আনার ফলে মানুষের মুখে হাসি ফুটেছে। আজকে গ্রামের মানুষ কেউ খাদ্য চাইছে না। তারা বলছে আমাদের গ্রামে বিদ্যুতের ব্যবস্থা করে দাও, আমাদের আলো দাও। আমরা যাতে টিভি-তে খেলা দেখতে পারি। আজকে বিরোধী দলের সদস্যরাও গ্রামে যান, তাদের এম.এল.এ. কোটার টাকাও ভাগ করেন, তাদের কাছে গ্রামের মানুষ একই দাবি করেন, আমাদের বিদ্যুতের ব্যবস্থা করে দাও, আমাদের রাস্তাটা ভালো

করে দাও। বিগত দিনে বামফ্রন্ট সরকার যে বাজেট পেশ করেছেন এটা তার সুফল নয়। এই বিষয়টা আপনাদের অনুধাবন করতে বলব। আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের ১৯৩৯ সালের কথা স্মরণ করিয়ে দিতে চাই, নেতাজী সুভাষচন্দ্র যখন ত্রিপুরি কংগ্রেসের সভাপতি নির্বাচিত হলেন, তখন তিনি পরিকল্পিত অর্থনীতি আমাদের সামনে পেশ করলেন। অর্থাৎ জনগণের হাতে ক্ষমতা দিয়ে, তৃণমূল স্তরের মানুষের হাতে ক্ষমতা দিয়ে তাদের অর্থনৈতিক উন্নয়নের কথা বললেন। তখন কংগ্রেসের যারা তাবড় তাবড় নেতা ছিলেন তাঁরা ভীত হয়ে পড়লেন। গ্রামের গরিব মানুষের যদি অর্থনৈতিক উন্নয়ন হয়, তাহলে যারা কৃষকদের নেতৃত্ব দিচ্ছে তারা আজকে যাবে কোথায়। সেই জন্যই চক্রান্ত হল নেতাজি সুভাষচন্দ্রকে কিভাবে তাড়ানো যায়। আমাদের মাননীয় অর্থমন্ত্রী নেতাজী সুভাষচন্দ্রকে সেই অর্থনীতিকে গ্রহণ করে গ্রামবাংলার মানুষের উন্নয়নের জন্য আজকে সচেষ্ট হয়েছেন। সেই জন্য আমি তাঁকে সাধুবাদ জানাচ্ছি। একটা কথা আমার মনে পড়ে গেল, তখন আমি ছোটো, অতুল্য ঘোষ, তখন কংগ্রেসের তাবড় নেতা, তিনি তখন আমাদের গ্রামে একটা সভা করতে গিয়েছিলেন। তখন সভায় সুধারানি দত্ত উপস্থিত ছিলেন, আর অপোজিশনে জে.এন.বিশ্বাস ছিলেন। সেই সময় অতুল্য ঘোষ বক্তৃতা দিতে গিয়ে বলেছিলেন, বড়লোক বড়লোকই থাকবে, আর গরিবদের আমাদের বড়লোক বানাতে হবে, এই রকমভাবে বোঝাতে চেষ্টা করছিলেন। বড়লোক, জমিদার-জোতদাররা থাকবে, আর গরিব মানুষরা তারা কি করে উপরে উঠবে এই অর্থনীতিতে আমি বুঝতে পারলাম না। আমি তখন জিজ্ঞাসা করলাম এটা কি করে সম্ভব হবে। তখন তিনি আমাকে বললেন, বাপু, তুমি ছোট ছেলে, তুমি বুঝবে না, তোমাকে আমি পরে বুঝিয়ে দেব। এই হচ্ছে কংগ্রেসের অর্থনীতি। বিগত দিনে যারা কেন্দ্রে ক্ষমতায় ছিলেন তারাও এইরকম করেছে। ১৯৬৭ সালে খাদ্য আন্দোলন হল কেন ? পশ্চিমবাংলার জনসংখ্যা তো তখন অর্ধেক ছিল, মানুষ তখন কেন খাদ্য আন্দোলনে সামিল হয়েছিল ? কেন তাদের তখন মাইলো খেতে হয়েছিল ? আজকে কিন্তু মানুষের খাদ্যের অভাব নেই। কারণ পঞ্চায়েতের মাধ্যমে বামফ্রন্ট সরকার গ্রামবাংলার উন্নয়ন করেছে। তাই এই বাজেট, যা গ্রামবাংলার মানুষের কল্যাণকর বাজেট, এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ড. অসীমকুমার দাশগুপ্ত ২৩শে মার্চ, ২০০৩ যে বাজেট বিবৃতি এই সভায় পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। এই বাজেট বিবৃতিকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলব। আমার সময় খুব কম—গতকাল থেকে এই বাজেট বিবৃতির উপরে আলোচনা শুরু হয়েছে এবং প্রত্যেকটি বক্তার বক্তব্য আমি মন দিয়ে শুনছি।

[5.50—6.00 p.m.]

বিশেষ করে বিরোধী পক্ষের সদস্যরা বললেন। বিরোধী পক্ষের দলনেতা পঙ্কজবাবু কেন ঘাবড়ে গেলেন বুঝতে পারলাম না। আমরা আশা করেছিলাম বাজেটের উপর আলোচনা ওঁনার কাছ থেকে শুনব চলার পথে আমাদের ভুল-ত্রুটি কোথায় এবং আমরা সেইগুলো ঠিক করে নিতে পারব। কিন্তু দেখলাম তিনি সেদিকে গেলেন না, কোন মন্ত্রী

কোথায় বেড়াতে গেলেন, কে চায়ের বদলে কফি খেলেন, কে কত টেলিফোন করলেন, এইগুলোই বললেন। অনুরূপভাবে সৌগতবাবুও বলতে গিয়ে গুলিয়ে ফেললেন। তিনি প্রথমেই বলতে চাইলেন মাননীয় অর্থমন্ত্রীর পদত্যাগ করা উচিত। কিন্তু কেন পদত্যাগ করবেন, তার যুক্তিগুলো খাড়া করতে পারলেন না এবং অন্যদিকে চলে গেলেন। তিনি তো বলতেই পারতেন—বলার তো কোনো অসুবিধা ছিল না, কেউ বাধারও সৃষ্টি করতে পারত না, এইজন্য অর্থমন্ত্রীকে পদত্যাগ করতে বলেছি। সারা দেশ যেখানে অর্থনৈতিক সংকটের সামনে দাঁড়িয়ে, সেখানে আমাদের পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী যে বিকল্প বাজেটের প্রস্তাব রেখেছেন, সেই বিকল্প বাজেটে প্রস্তাবের যে বক্তব্য, কেন্দ্রীয় সরকারের বক্তব্যের সাথে সেখানে একমত হতে পারছি না।

আমি প্রথমেই বলতে চাই কৃষি এলাকায় বসবাসকারী মানুষদের কথা। আজ ১০ বছর ধরে কেন্দ্রীয় সরকার ভূমি সংস্কারের কোনো পরিকল্পনা গ্রহণ করেননি। যেহেতু কেন্দ্রীয় সরকার ভূমি সংস্কার করেনি, সারা দেশের মধ্যে একটি রাজ্য—পশ্চিমবাংলাই ভূমি সংস্কারের নীতি ধরে রেখেছে এবং ভূমি সংস্কার চালিয়ে যাচ্ছে, সেই জন্য পশ্চিমবাংলার অর্থমন্ত্রীকে পদত্যাগ করতে বলছি—এটা সৌগতবাবু তো বলতেই পারতেন। পশ্চিমবাংলার অর্থমন্ত্রী বাজেটের মধ্যে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করেছেন, যা কেন্দ্রীয় সরকার করেনি, সেই জন্য মাননীয় অর্থমন্ত্রীর পদত্যাগ করা উচিত—এটা বলতে পারতেন। তিনি বলতে পারতেন—কৃষিতে, উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবাংলা সরকার, তার কৃষি দপ্তর প্রথম স্থান অধিকার করেছে, এই অপরাধে পশ্চিমবাংলার অর্থমন্ত্রীর পদত্যাগ করা উচিত। সেচের ক্ষেত্রে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী প্রতি বছর সেচ এলাকার পরিধি বাড়িয়ে চলেছেন, সেই কথা এই বছরের অর্থ বাজেটেও রেখেছেন, কেন্দ্রীয় সরকার সেই কথা বলেনি। যেহেতু কেন্দ্রীয় সরকার সেই কথা বলেনি, কৃষকদের স্বার্থ রক্ষার কথা কেন্দ্রীয় সরকার বলেনি, সেচ বৃদ্ধির কথা বলেনি এবং পশ্চিমবাংলার অর্থমন্ত্রী সেই কথা বলেছেন, সেই কারণে পশ্চিমবাংলার অর্থমন্ত্রীর পদত্যাগ করা উচিত—এই কথাটা সৌগতবাবু দিব্যি বলতে পারতেন।

আপনারা বললেন যে, শিক্ষাক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার অনেক নাকি পিছিয়ে পড়েছে। শিক্ষার উন্নতি নাকি পশ্চিমবঙ্গ সরকার করতে পারেনি। কিন্তু আপনারা দেখুন যে, ওদিকে কেন্দ্রীয় সরকার বলছে যে, শিক্ষাব্যবস্থা এমন হওয়া উচিত যে, কলেজ, স্কুলে ছাত্রছাত্রীরা গণক তৈরি হবে। তারা হাতে দেখবে। কাপালিক তৈরি হবে। কিন্তু এই ধরনের শিক্ষা ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকারের নেই। আমরা মাধ্যমিক স্তরের স্কুলগুলি আরও বেশি করে করতে চেয়েছি। শিক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য প্রাথমিক স্কুল যাতে আরও বাড়ানো যায়, তার প্রভিশান রাখা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী শিশুশিক্ষা কেন্দ্র বাড়ানোর ব্যবস্থা করেছেন। এই জন্যই কি সৌগতবাবু বলছেন যে, পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রীর পদত্যাগ করা উচিত ? স্বাস্থ্য দপ্তরের ক্ষেত্রে ওরা বলছে যে, পশ্চিমবঙ্গে স্বাস্থ্যব্যবস্থা ভেঙে পড়েছে। কাশীনাথবাবু বুকে হাত দিয়ে বলুন তো, পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে যত মানুষ সরকারি ব্যবস্থাপনায়

চিকিৎসা ব্যবস্থার সুযোগ পায়, ভারতবর্ষের কোনো একটা রাজ্যে সেই চিকিৎসাব্যবস্থার সুযোগ আছে ? তাহলে আমরা খুশি হব। নির্মলবাবু আপনারা কি চাইছেন ? আপনারা তথ্যে বিশ্বাস করেন না ? আমরা মনে করি না যে, প্রত্যেক বাড়িতে বাড়িতে মেডিক্যাল হাসপাতাল তৈরি হলেই মানুষের সমস্যা মিটে যাবে। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো আপনারা যে এস এস কে এম হাসপাতাল তৈরি করেছেন, সেখানে তখন কি ছিল ? সেখানে স্ক্যান মেশিন ছিল না। এখন প্রত্যেকটা মেডিক্যাল কলেজই শুধু নয়, জেলাস্তরের হাসপাতালগুলিতে বামফ্রন্ট সরকার স্ক্যান মেশিন বসিয়ে দিতে পেরেছে। আজকে এই ব্যবস্থার ফলে গরিব মানুষরা চিকিৎসা ব্যবস্থার সুযোগ পাচ্ছে। আর আপনারা বামফ্রন্ট সরকার পয়সার বিনিময়ে চিকিৎসা করছে এই কথা বলে মানুষকে ভুল বোঝানোর চেষ্টা করছেন। কিন্তু এই কথা গ্রামের মানুষ বিশ্বাস করে না। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট তৈরি করেছেন, সেই বাজেট সাধারণ মানুষের কাজে লাগবে।

[6.00—6.10 p.m.]

তাই ওঁরা চিৎকার করছেন সামনে পঞ্চায়েত নির্বাচন, ওঁরা কি নিয়ে যাবেন। ওঁদের দিল্লি আছে, ওঁদের দাদা-দিদির সরকার, তাঁরা মানুষের জন্য কিছু দিতে পারেনি, তাই পশ্চিমবাংলার এই সুন্দর অর্থনীতি এই সুন্দর ব্যবস্থাপনাকে ওঁরা মেনে নিতে পারছেন না। সর্বশেষে যে কথাটা বলে আমি শেষ করতে চাই যে এঁরা শুধু নয় এঁদের একজন এম.পি. দু-তিন বার পদত্যাগ করেছেন। তিনি ওই সংসদে দাঁড়িয়ে বলেছেন পশ্চিমবাংলার অর্থনীতি ভেঙে পড়েছে, তাই পশ্চিমবাংলার অর্থনীতির উপর জরুরি অবস্থা জারি করতে হবে। ওঁদের উপরেই জরুরি অবস্থা জারি করেছেন পশ্চিমবাংলার মানুষ। তাই ওঁরা জরুরি অবস্থা ফিরিয়ে আনতে চায়। আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাঁকে সমর্থন করছি এবং ওঁরা যে বক্তব্য রেখেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুধন রাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ২০০৩-০৪ আর্থিক বছরের যে বাজেট পেশ করেছেন তা তথ্যনিষ্ঠ। কেন্দ্রীয় সরকার যখন গভীর সংকটে নিমজ্জিত যার অবশ্যম্ভাবী ফল হল রাষ্ট্রায়ত্ত সংস্থা বিক্রি হচ্ছে, বেসরকারিকরণ করতে হচ্ছে। বিরোধী সদস্যরা অনেক কিছু বললন, তাঁরা বলছেন এই ২৫ বছরে বামফ্রন্ট সরকারের কোনো উন্নতি নেই। কিন্তু তাঁরা এ কথা বলেননি যে বর্তমানে কেন্দ্রীয় সরকার ১৪২৯টি বিদেশি পণ্য আমাদের দেশের আমদানি করতে চায়, যার মধ্যে ১৮২৬টি কৃষিজাত পণ্য। যে কৃষিজাত পণ্য বিক্রি করে গরিব কৃষক বাজারে থেকে দু পয়সা আয় করত। আজকে গ্রামের কৃষকরা ভুখা মিছিল করে কলকাতার রাজপথে আসে না। ১৯৫৯ সালে ৮০ জন মানুষকে গুলি করে হত্যা করেছিলেন। দু-তিন বোতল কেরোসিনের জন্য কৃষকরা আর আন্দোলন করে না, কৃষকদের মর্যাদা দিয়েছে এই বামফ্রন্ট সরকার ত্রিস্তর পঞ্চায়েত করে। যে কৃষকরা একদিন এই বিরোধী সদস্যদের সামনে দাঁড়িয়ে কথা বলতে পারত না, আজকে সেই কৃষকরাই পঞ্চায়েত সমিতির সদস্য হচ্ছে, চেয়ারম্যান হচ্ছে, জিলা পরিষদের চেয়ারম্যান হচ্ছে। এই মর্যাদা বামফ্রন্ট সরকার কৃষকদের দিয়েছে। ভারতবর্ষে এখন ৭২

শতাংশ কৃষক আছে। আজকে বিহার, উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশ, তামিলনাড়ুতে গত এক বছরে ৩ হাজার কৃষক আত্মহত্যা করেছে, কিন্তু পশ্চিমবাংলায় এ নজির নেই। ভূমি সংস্কারের ফলে ১০ লক্ষ ৭৩ হাজার একর জমি বণ্টন হয়েছে, ২৬ লক্ষ কৃষক এতে উপকৃত হয়েছে। এটা বিরোধী দলের সদস্যদের চোখে পড়ল না। ওই বিরোধী দলের সদস্যদের বেশি জমি ছিনিয়ে নিয়ে কৃষকদের মধ্যে বণ্টন করা হয়েছে এটা এঁদের চোখে পড়বে না, পড়ার কথাও নয়। তপশিলি জাতি ও উপজাতি যাদের মধ্যে এই জমি বিতরণ করা হয়েছে তারা ৫৬ পারসেন্ট। বিহার, উত্তরপ্রদেশ, ওড়িশাতে আমের আটি খেয়ে মারা যাচ্ছে। আপনারা একথা বললেন না। শিক্ষার কথা বলি, ১৯৬৪ সালে জলপাইগুড়িতে শিক্ষা সম্মেলন হচ্ছে, প্রখ্যাত অধ্যাপক শ্রী হীরেন মুখার্জী, রাজকুমার চক্রবর্তী এবং নির্মাল্য বাগচী—সে দিন ভারবর্ষের প্রথম প্রধানমন্ত্রী মারা গেলেন, সকাল বেলা মিছিল করে গিয়ে শোক সভা হচ্ছে। সেদিন হীরেন মুখার্জী বললেন প্রাথমিক বিদ্যালয়ে চালা আছে তো বেড়া নেই, আবার বেড়া আছে তো চালা নেই। রাজকুমার চক্রবর্তী বললেন স্কুলে মানচিত্র আছে কিন্তু চিত্র নেই, এই হচ্ছে কংগ্রেস আমলে শিক্ষার হাল।

এই তো শিক্ষার হাল কংগ্রেস আমলে। কিন্তু আজকে এমন কোনো গ্রাম নেই যেখানে প্রাথমিক বিদ্যালয় নেই। সব জায়গায় জুনিয়র হাই, হাইস্কুল, কলেজ হয়েছে। কোন রাজ্যে আছে ? শিক্ষার হারে প্রথম কেরালার পরেই দ্বিতীয় স্থানে আছে পশ্চিমবঙ্গ। বিহারে কত শতাংশ লোক পড়াশোনা করে ? মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, কর্ণাটকেরই বা কি অবস্থা ? প্রাথমিক বিদ্যালয় ছাড়া ৫ বছর থেকে ৮ বছরের ছেলেমেয়েদের শিক্ষার জন্য ১৪,৬৯৯টা শিশুশিক্ষা কেন্দ্র খোলা হয়েছে। এই রকম একটা রাজ্যেও দেখাতে পারবেন ? এবং আগামীদিনে এই শিশুশিক্ষা কেন্দ্র আরো করার প্রস্তাব আছে। অনেক কথা এখানে বিরোধীরা বললেন। কিন্তু গতকাল কেন্দ্রে প্রস্তাব নেওয়া হয়েছে, এইচ.পি.সি.এল., বি.পি.সি.এল.-র বিলগ্নীকরণ করা হচ্ছে। তার বিরোধিতা করছেন বিরোধী সদস্যদের একাংশ। ভারতবর্ষের অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গ সুতরাং পশ্চিমবঙ্গের বাজেট সম্পূর্ণ আলাদা হতে পারে না, একটা প্রতিফলন ঘটবে। কেন্দ্রীয় সরকার আজ থেকে নয় বামফ্রন্ট সরকারের জন্মলগ্ন থেকে বিরোধিতা করছে। তিস্তা সেচ প্রকল্প কংগ্রেস আমলে ১৯৭৩ সালে কেন্দ্রীয় সরকার অনুমোদন দেয় স্বাধীনতার ২৬ বছর পর। অথচ, ভাকড়া-নাঙাল বাঁধ এবং তিস্তা সেচ প্রকল্প ব্রিটিশ শাসনকালে, ১৯৪৫ সালের পরিকল্পনা। স্বাধীনতার পর কংগ্রেস সরকারের আন্তরিকতায় ভাকড়া-নাঙাল বাঁধ তৈরি করা হয়। পঞ্জাবকে সবুজ শস্য-শ্যামলা, গ্রেনারি অফ ইন্ডিয়া তৈরি করার চেষ্টা হল কিন্তু শস্য উৎপাদনের বেলায় সেই পশ্চিমবাংলা। কারণ ওখানে তো ভূমি সংস্কার হয়নি। কৃষকদের আনা আঘাতের ফলে কংগ্রেস ১৯৫৫ সালে ভূমি সংস্কার আইন করতে বাধ্য হয়। কিন্তু কাগজে-কলমে ভূমি সংস্কার তখনও হয়নি, আমাদের আমলে হয়েছে। আর কোন রাজ্যে জমি বিলি হয়েছে কেরালা, পশ্চিমবাংলা, ত্রিপুরা ছাড়া ? হাজার হাজার কৃষকের বাড়িঘর জ্বালিয়ে তাদের উচ্ছেদ করা হয়েছিল যারা কিনা প্রতিবাদ করেছিল। রনবীর সেনা, অমুক সেনা, তমুক সেনার রাইফেল নিয়ে ছোটাছুটির পশ্চিমবাংলায় কোনো নজির নেই। এখন পশ্চিমবাংলার ১৫ লক্ষ নথিভুক্ত বর্গাদার। আগে আপনারা লোকেদের

যে কোনো সময় উচ্ছেদ করে দিতেন কিন্তু আজকে আপনাদের সে ক্ষমতা নেই। কারণ পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কৃষকদের স্বার্থে আইন প্রণয়ন করেছেন। আজকে এখানে জনসংখ্যার ৭২ শতাংশ কৃষক। আর, তার সঙ্গে যদি ওষুধ, কীটনাশক, পাম্পসেট চালায় বা বিক্রয়কারীর সংখ্যা যোগ করেন, ট্রাক্টর চালকের সংখ্যা যোগ করেন তাহলে এটা ৭৭ শতাংশে গিয়ে দাঁড়াবে। কংগ্রেস এখানে ৪৬ বছর রাজ্য শাসন করেছে। ১৯৭২ সালে জালিয়াতির নায়ক সিদ্ধার্থশংকর রায়ের হাত ধরে এখানে ছিল। সুতরাং আমাদের বুঝতে কোনো অসুবিধা নেই যে আপনারা মুখে বড় বড় বুলি আওড়াচ্ছেন। ২৫ বছর আগে এই পশ্চিমবাংলার অবস্থা কোথায় ছিল ? গোটা ভারতবর্ষের অবস্থা কোথায় ছিল ? ১৯৯৬ সালে নরসীমা রাও উদার আমদানি নীতি এবং অবাধ বাণিজ্য নীতির জন্ম দেন। এখন বি জে পি সরকার সেই কাজ এগিয়ে নিয়ে যাচ্ছে। গ্যাট চুক্তিতে প্রণব মুখার্জী সই করেছিলেন। সেদিন আপনারা বিরোধিতা করেননি, আজ তার বিরোধিতা করে কোনো লাভ নেই। আপনারা দেশের সর্বনাশ করেছেন, করছেন। সেই অবস্থায় দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী এখানে যে বাজেট করেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[6.10—6.20 p.m.]

শ্রী অশোককুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু সামনে বসে আছেন। বিগত ২৫ বছর ধরে কখনও মাননীয় অশোক মিত্র মহাশয়, কখনও মাননীয় অসীমবাবু একই কায়দায় বাজেট পেশ করেছেন হাউসে। বাজেট পেশ করার পর সেই বাজেট কতটা বাস্তবে পরিণত হয় সে ব্যাপারে সরকার পক্ষের কেউ ভয়ে বলতে পারবেন না—কারণ তাতে যদি চাকরি চলে যায় বা নমিনেশন না পান সেজন্যই। অসীমবাবু যে শ্বেতপত্র প্রকাশ করেছেন, আমার মনে হয় সেটা হোয়াইট পেপার নয়, সেটা হোয়াইট লাইজ। এভাবে মানুষকে তিনি বিভ্রান্ত করছেন। এই হাউসকে পবিত্র হাউস বলে মনে করি। হাউসে আমরা যা বলি, আশা করি, চেষ্টা করি, তাকে বাস্তবায়িত করার। বিগত ৫ বছর ধরে বলে যাচ্ছেন যে, সরকার দেউলিয়া হয়ে গেছে, পয়সা নেই। কখনও পিয়ারলেস, কখনও বিভিন্ন কোম্পানির কাছ থেকে টাকা নিয়ে সংসার চালানোর চেষ্টা করছেন। আমরা পশ্চিমবঙ্গের সন্তান। আপনি শ্বেতপত্রে ৭টি কারণ দেখিয়েছেন যে, পঞ্চম বেতন কমিশনের সুপারিশ অনুসারে সরকারি কর্মীদের টাকা দিতে হয়েছে বলে আপনি দেউলিয়া হয়ে গেছেন। তাই যদি হয়, তাহলে আপনাদের সরকার ছাড়াও অন্যান্য রাজ্যের রাজ্য সরকারও নিজেদের রাজ্যের কর্মীদের টাকা দেওয়ার চেষ্টা করছেন, সেজন্য তাঁরা তো দেউলিয়া হয়ে যাননি, জনসাধারণকে খুশি করার জন্য বলা হচ্ছে যে, প্রথম বামফ্রন্ট সরকারের সময়কালেই সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, সরকারে নিজস্ব কর্মী ছাড়াও শিক্ষা, রাজ্য সরকারি সংস্থা, পুরসভা ও পঞ্চায়েত ইত্যাদি কর্মীদের প্রায় ৯৫ শতাংশ ক্ষেত্রে বেতন ও অবসরকালীন ভাতার দায় সরকার নেবে। এই টাকা আপনারা দিয়েছেন কি ? দেননি। যাঁরা পেনশনভুক্ত তাঁরা পেনশন পাননি, আর যারা আপনাদের দলের লোক তাদেরকে অবসর নেওয়ার ৭-৮-১০ দিনের মধ্যে পেনশন দিয়েছেন। অথচ পেনশন না পেয়ে অনেকে মারা গেছেন, তাঁদের ফ্যামিলির

লোকেরাও পেনশন পাননি। আমি সমালোচনা করার জন্য এগুলো বলছি না। দীর্ঘদিন ধরে ওভারড্রাফট নিয়ে নিয়ে আপনি কাজ করার চেষ্টা করছেন। প্রথম বামফ্রন্ট সরকারের সময়কালে সিদ্ধান্ত নেওয়া হয় যে, সরকারের নিজস্ব কর্মী ছাড়াও শিক্ষা, রাজ্য সরকারী সংস্থা, পুরসভা ও পঞ্চায়েত ইত্যাদি কর্মীদের প্রায় ৯৫ শতাংশ ক্ষেত্রে বেতন ও অবসরকালীন ভাতার দায় সরকার নেবে। যার ফলে ১৯৯৭-৯৮ সালের এই বাবদ ব্যয় ৬,১৭৭ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে বর্তমান বছরে ২০০২-২০০৩ সালে ১২,২৩৯ কোটি টাকাতে দাঁড়িয়েছে। এটা অন্যান্য রাজ্যের তুলনায় আপনারা বলছেন এই রাজ্যের ক্ষেত্রে অনেক কম। যদি অন্ধ্রপ্রদেশের সঙ্গে তুলনা করি তাহলে দেখবো যে, আমরা সব অংশে পিছিয়ে আছি। পশ্চিমবঙ্গ কোনো অংশে এগিয়ে যাওয়ার চেষ্টা করছে না। আমরা দেখছি, রিজার্ভ ব্যাংকের প্রদত্ত তথ্যে জানা যায় যে, জনসংখ্যা এবং মাথাপিছু আয় দুই রাজ্যে তুলনীয় হলেও ১৯৯৮-৯৯ সালে অন্ধ্র সরকারের মোট আয় যেখানে ছিল ১৪,২৬০ কোটি টাকা, সেখানে পশ্চিমবঙ্গের মোট আয় মাত্র ৯,৩৮৭ কোটি টাকা, তা বেড়ে ২০০১-২০০২ (সংশোধিত) অন্ধ্রের হয়েছিল ২২,১৫১ কোটি টাকা, পশ্চিমবঙ্গের ১৬,৮৪৯ কোটি টাকা। আমি অন্য আর কোনো রাজ্যের সঙ্গে তুলনায় যাচ্ছি না, আমি অন্ধ্রপ্রদেশের সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা করার চেষ্টা করছি। আপনি ওভারড্রাফট নেওয়ার ফলে এই ঘটনা ঘটেছে। কেন্দ্র থেকে প্রচুর টাকা লোন নিয়েছেন, কিন্তু সেই লোনের টাকা শোধ দিতে পারছেন না। অথচ বারবার বলছেন, কেন্দ্র বঞ্চনা করছে। অনেক প্রকল্পের জন্য কেন্দ্র টাকা দিয়েছেন, কিন্তু সেই প্রকল্পের টাকা খরচা না করে সেই টাকা দিল্লিতে পাঠিয়ে দিয়েছেন। আর আপনারা বলছেন পশ্চিমবঙ্গের বেকার সমস্যার সমাধান করবেন। কিভাবে বেকার সমস্যার সমাধান করবেন ? বিগত ২৫ বছর ধরে কতজন বেকারকে চাকরি দিয়েছেন ? এখানে ৭০ লক্ষ বেকার রয়েছে, এছাড়া যাঁরা চাকরি করতে করতে বেকার হয়ে গেছেন তাঁদের সংখ্যাটা ৪-৫ লক্ষ। অনেক কল-কারখানা বন্ধ হয়ে গেছে, ৫ হাজার লোকের চাকরি চলে গেছে। আর আপনারা দিনের পর দিন মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমরা দেখেছি যে, ১৯৫৭-৫৮ সালে সূচক ছিল ১১৭ তা এখন ১৬০ এসে পৌঁছেছে। আজকে পশ্চিমবঙ্গে খুন, ডাকাতি, রাহাজানি থেকে শুরু করে বিভিন্ন জায়গায় ধর্ষণের ঘটনা ঘটছে। কৃষিতে আজকে গ্রামভিত্তিক কৃষি তৈরি করতে পারেননি বলে গ্রামে যারা কৃষক তাদের কিন্তু কষ্ট হচ্ছে, তারা আজ নিজেকে অসহায় মনে করছে। আপনারা বড় বড় কথা বলেন যে—আমরা কৃষকদের সাহায্য করার চেষ্টা করব, কৃষিতে উন্নতি করার চেষ্টা করব কিন্তু আজকে আপনারা এখানে দাঁড়িয়ে বলতে পারবেন যে আজকে পশ্চিমবঙ্গে কটি নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিকেল কলেজ করেছেন কটি টেকনিক্যাল ইউনির্ভাসিটি করেছেন ? অ্যাগ্রো ইউনির্ভাসিটি করেছেন ? যেগুলি আপনারা করেছেন সেগুলি কিন্তু বেসরকারি, তাতে কোনো লাভ নেই। আজকে আপনারা মাইনে দিতে পারছেন না শিক্ষকদের। কর্মচারীদের ডি.এ. দিতে পারছেন না যথাসময়ে। আপনারা বলছেন রাজ্যে কর্মসংস্থান বাড়বে কিন্তু রাইটার্স বিল্ডিংসের অনেক স্টাফ যাঁরা কাজ করছেন কিন্তু মাইনে পাচ্ছেন না। তাঁরা ডেপুটেশান দিচ্ছেন। একটা লোক সারা বছর চাকরি করে মাইনে যদি না পায়

তাহলে সে যদি ডেপুটেশান দেয় তাহলে আপত্তির কিছু নেই। এই ব্যাপারে আই.এন.টি.ইউ.সি. শুধু নয় সি.আই.টি.ইউ ও বলেছে। পশ্চিমবঙ্গে নতুন কারখানা তৈরি করতে পারছেন না অথচ আপনাদের নেতা সোমনাথ চট্টোপাধ্যায় বিদেশে গিয়েছিলেন কত টাকা খরচ করেছেন ? কটা মৌ বাস্তবে রূপায়িত হয়েছে ? আপনারা কি করেছেন। একটা নতুন কারখানা তৈরি করতে পারছেন না। আজকে কারখানা বন্ধ করে দিতে হচ্ছে। ক্লোজার ডিপার্টমেন্ট চালু করতে হবে ক্লোজার ঘোষণা করার জন্য। একটাও কাজ আপনারা করতে পারছেন না। দিনের পর দিন আপনারা কিছু করতে পারেননি, অথচ আপনারা বলেছেন যে ভূমিসংস্কার করেছি। আপনারা কি ভূমি দিয়েছেন ? আপনাদের নিজেদের লোকদের দিয়েছেন। যাঁরা পেয়েছেন তাঁরা আপনাদের দলেরই লোক। হাসপাতালে আজকে চার্জ অনেক বাড়িয়ে দিয়েছেন। ফলে হাসপাতালে অ্যাডমিশন নিতেও গরীব মানুষের পয়সার দরকার হচ্ছে। পি.জি হাসপাতালে একজন গর্ভবতী মহিলা অর্থের অভাবে সেখানে অ্যাডমিশন করাতে পারল না। সামান্য এক্স-রে করবার জন্য আজকে তাদেরকে টাকা দিতে হচ্ছে। আপনারা পানীয় জল দিতে পারেননি আজও, বিদ্যুৎ দিতে পারেননি। আজকে একটা মিটিং হলে বাইরে থেকে জল কিনে নিয়ে খাওয়ান। আপনারা আজকে সবদিক থেকে ব্যর্থ হয়েছেন। আপনারা পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে বিভিন্ন জায়গায় বিদ্যুৎ-এর পোস্ট বসিয়েছেন—বলেছেন পাঁচ বছরের মধ্যে বিদ্যুৎ পৌঁছে যাবে। কিন্তু আজ পর্যন্ত বিদ্যুৎ আসেনি। আপনারা রাস্তাঘাট তৈরি করতে পারেননি গ্রামে-গঞ্জে। মাননীয় মন্ত্রী প্রত্যুষ মুখার্জী স্বীকার করেছেন যে, গ্রামের রাস্তা খারাপ বলে ফায়ার সার্ভিসের গাড়ি যেতে পারছে না। দিনের পর দিন আমরা এ ব্যাপারে বলে এসেছি যে, আমাদের স্বার্থে নয়, রাজ্যের মানুষের স্বার্থে আপনারা করুন যাতে রাজ্যের উন্নতি হয় কিন্তু আপনারা কিছু করার চেষ্টা করছেন না। বাজেট বইতে আপনারা শিল্প থেকে শুরু করে অনেক কথা বলেছেন কিন্তু আপনারা বলুন যে বিগত ২৫ বছর কত চাকরি দিয়েছেন ? উত্তর যদি দিতে পারেন তাহলে আমি বলছি যে আমরা ডিবেটে অংশগ্রহণ করব। আমরা জানি সেই উত্তর দেওয়ার ক্ষমতা আপনাদের নেই। কারণ আপনারা ভাঁওতা দেওয়ার চেষ্টা করেছেন। বাজেট বইতে যে নীতির কথা বলেছেন সেখানে কিন্তু আপনি ভুল করেছেন কারণ আপনার বয়স হচ্ছে সংগত কারণে আপনি ভুল বলছেন।

[6.20—6.26 p.m.]

আপনারা কি আপনাদের দায়িত্ব, কর্তব্য হাউসে মানার চেষ্টা করবেন না ! আপনারা, আমরা, আমরা সবাই যে যার কেন্দ্রের মানুষদের কথা দিয়েছি তাদের কথা এই হাউসে বলব, তাদের জন্য কিছু করবার চেষ্টা করব। জনগণ আপনাদের কথা শুনেই আপনাদের ভোট দিয়ে এখানে পাঠিয়েছে, সুতরাং তাদের যে কথা দিয়ে এসেছেন সেই কথা রাখবার চেষ্টা করুন। আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ করছি সে চেষ্টা আপনাদের নেই। এমন কি আপনারা আজ আর এখানে সত্যি কথাটাও বলতে পারছেন না। রাজনীতি করা মানে এই নয় যে, দেশের তথা রাজ্যের উন্নতিতে বাধা দেওয়া। আমরা বিরোধী দলে থাকলেও আমরা রাজ্যের উন্নতি চাই। সে জন্যই আজকে যখন আপনাদের মন্ত্রী সুভাষ চক্রবর্তী বাস ভাড়া বাড়াবার প্রস্তাব এখানে

পেশ করলেন তখন আমাদের নেতা পংকজবাবু বললেন, 'আপনারা একটা কমিটি তৈরি করুন। সেই কমিটি সমস্ত কিছু বিচার-বিবেচনা করে সুপারিশ দিক এবং কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করুন।' আমরা আপনাদের সাহায্য করতে চাই। কিন্তু আপনারা আমাদের সাহায্য নিচ্ছেন না এবং নিজেরাও দায়িত্ব নিয়ে কাজ করার চেষ্টা করছেন না। দিনের পর দিন মানুষের মধ্যে ভেদাভেদ বাড়াবার চেষ্টা করছেন। মাননীয় অর্থমন্ত্রী, আপনি দেখুন রিজার্ভ ব্যাংকের হিসেব অনুযায়ী গত ১৯৯৭-৯৮ সালে পশ্চিমবঙ্গ সরকারের মোট দায় ছিল ২২,০৪১ কোটি টাকার। তখন অন্ধ্রপ্রদেশ সরকারের ছিল ১৯,৯৬৯ কোটি টাকার। অন্ধ্রের থেকে ২০০০ কোটি টাকার বেশি। বিকল্প নীতি তথা তাঁবেদার তোষণ নীতির ফলে পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সংকটের সূত্রপাত গত তিন-চার বছর আগে নয়। তারও অনেক আগে। ১৯৯৭-৯৮ সালের পরের চার বছরে যেখানে অন্ধ্রের দায় বেড়েছে ১১৭ শতাংশ হারে সেখানে পশ্চিমবঙ্গের তা বেড়েছে ১৬০ শতাংশ হারে। এতেই আমরা দেখছি যে, আপনারা সত্যি কথা বলতে পারেন না। আপনারা কথায় কথায় কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করেন। অথচ কেন্দ্রীয় সরকার টাকা দিলেও আপনারা সেই টাকা খরচ করতে পারেন না। আমরা চাই রাজ্যে আরও রাস্তাঘাট তৈরি হোক। আরও কলকারখানা তৈরি হোক। কিন্তু আমরা লক্ষ্য করেছি যেগুলো আছে সেগুলোই আপনারা রক্ষা করতে পারছেন না। আমার কেন্দ্রে নিউ সেন্ট্রাল জুটমিল দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে। অসীমবাবু, বুদ্ধবাবু, আমিনসাহেব, সবাই জানেন। সেই মিল খোলার ব্যবস্থা করার জন্য তাঁদের কাছে বারবার বলেও কোনো সুরাহা হয়নি। আজকে রাজ্যে আরও ৮টা জুটমিল বন্ধ হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। আপনারা কি 'ডানলপ' খুলতে পেরেছেন ? কজন মাত্র মানুষ সেখানে চাকরি করেন, সেটাই আপনারা খুলতে পারছেন না। আমরা সেখানে শ্রমিকদের স্বার্থে লড়াই করেছিলাম। আপনাদের একটাই লক্ষ্য কীভাবে আমাদের হেয় করা যায় এবং জনগণকে ভাঁওতা দেওয়া যায়, সে চেষ্টাই আপনারা দিনের পর দিন করে আসছেন। আপনারা যদি রাজ্যের কিছু ভালো করতে পারেন তাহলে সেটার জন্য পশ্চিমবাংলার মানুষ হিসাবে আমরাও গর্ববোধ করব। আমরা যদি অন্য রাজ্যে গিয়ে পশ্চিমবাংলা সম্বন্ধে কোনো কিছু শুনতে পাই তাহলে আমাদের গর্ব হয়। আজকে পশ্চিমবাংলার শিক্ষার কী অবস্থা হয়েছে—এটা আপনাদের বুঝতে হবে। আজ পশ্চিমবাংলা থেকে একটা ছেলেও সর্বভারতীয় পরীক্ষায় সাফল্য পাচ্ছে না। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আজ কী অবস্থা—সেখানে আপনারা সঠিক সংখ্যক শিক্ষক পর্যন্ত দিতে পারছেন না। শুধুমাত্র কলেজ সার্ভিস কমিশনের নামে কিছু নিজেদের লোককে চাকরি পাইয়ে দিচ্ছেন। যারা আপনাদের সঙ্গে গলা মিলিয়ে ইনক্লাব জিন্দাবাদ বলতে পারে তাদের শুধু—তাদের যোগ্যতা থাক, আর না থাক—স্কুল-কলেজে চাকরি হবে। এই হচ্ছে রাজ্যের শিক্ষা ক্ষেত্রের অবস্থা। আজকে সি পি এমের লোকেরা একের পর এক ধর্ষণের ঘটনার সঙ্গে যুক্ত হয়ে পড়েছে। সে কথা মাননীয় মুখ্যমন্ত্রী নিজেই এখানে বলেছেন। এই কাজ যদি তৃণমূল কংগ্রেসের বা কংগ্রেসের লোকেরা কেউ করত তাহলে আপনারা এখানে চিৎকার করে ফাটিয়ে দিতেন। আর আজকে একের পর এক ধর্ষণের ঘটনার পরেও আপনারা এখানে চুপ করে বসে আছেন। আপনারা এ ব্যাপারে একটুও

চীৎকার করতে পারছেন না। যাঁরা ধর্ষিত হয়েছেন তাঁরা কি মেয়ে নয় ? তাহলে আপনাদের মহিলা সদস্যারা এখানে চুপ করে বসে আছেন কেন ? এই সমস্ত ঘটনা কোনো বিক্ষিপ্ত ঘটনা নয়, সারা রাজ্যে দৈনিক এইসব ঘটনা ঘটছে। আমরা লক্ষ করছি রাজ্যের সর্বত্র কাজের পরিবেশ নষ্ট হয়ে গেছে। স্যার, আপনি যে কোনো ক্ষেত্রে যান যে কাজটা এক দিনে হওয়ার কথা সেটা সাত দিনেও হয় না। কোনো মন্ত্রীর কোনো দপ্তরে চিঠি দিয়ে তার উত্তর এক মাসেও পাওয়া যায় না। আমি দায়িত্ব নিয়ে এ কথা বলছি। আজকে যারা গরিব মানুষ, যারা রাজ্যের মানুষ তারা অনেক আশা নিয়ে আপনাদের বসিয়েছেন, কিন্তু আপনি তাদের চিঠির রিপ্লাই দেবার প্রয়োজন মনে করেন না। তাই আমার অনুরোধ, আপনি চিঠির রিপ্লাই দেবার চেষ্টা করবেন, নতুবা দেউলিয়া কেন, আরও দেউলিয়া হবেন। আমরা চাই না রাজ্যে আর্থিক সংকট থাকুক। কিন্তু কোর্ট ফি আজকে যেভাবে বাড়িয়ে দিয়েছেন তাতে আগামী দিনে গরিব মানুষ আর আদালতে আসতে পারবেন না। আজকে আপনারা চিৎকার করছেন, কিন্তু আপনাদের দলের লোকেরাও আর আদালতে আসতে পারেন না, কারণ আপনারা গরিব লোকেদের পাশে এসে দাঁড়াচ্ছেন না। এসভাবে ভাঁওতাবাজি আর আপনারা দেবেন না। আজকে কোর্ট ফি নিয়ে আপনারাও অনেক কথা বলেছিলেন যে কোর্ট ফি বাড়ানো বেশি হয়েছে। এস.ইউ.সি-ও বলেছে। আজকে আদালতে যান, বসার জায়গা নেই। আর নিশীথবাবু এখানে মিথ্যাকথা বলেছেন। এর বিরুদ্ধে যে কাট-মোশান আনা হয়েছে সেই কাট-মোশানকে আমি সমর্থন করছি আর অসীমবাবু তাঁর দীর্ঘক্ষণ বক্তৃতায় এক গ্লাস জল না খেয়ে যে বক্তব্য রাখলেন তা সম্পূর্ণ মিথ্যাকথা। তাই আমি এর প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6.26 p.m. till 11.00 a.m. on Wednesday, the 26th March, 2003, at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 26th March, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 24 Ministers, 10 Ministers of State and 170 Members.

Starred Questions
(to which oral answers were given)

[11.00–11.10 a.m.]

গ্রেট ইস্টার্ন হোটেল

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০) **শ্রী দেবপ্রসাদ সরকার** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার গ্রেট ইস্টার্ন হোটেলটি বেসরকারি হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ওই সিদ্ধান্ত কার্যকরী করার ক্ষেত্রে সরকারের সর্বশেষ রিপোর্ট কী ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :

(ক) পশ্চিমবঙ্গ সরকারের গ্রেট ইস্টার্ন হোটেলটির সংস্কার ও পরিচালনার জন্য উপযুক্ত বেসরকারি সংস্থার নিকট কমপক্ষে ৩০ বছরের মেয়াদি লিজে হস্তান্তর করার সিদ্ধান্ত নিয়েছেন।

(খ) চারটি বেসরকারি সংস্থা অফেরতযোগ্য দু লক্ষ টাকা জমা দিয়ে Information memorandum cum Bid Document ক্রয় করেছেন। তাদের Bid Document জমা দেওয়ার শেষ তারিখ ২৮শে মার্চ ২০০৩।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে এই হোটেলটির কর্মীসংখ্যা কত এবং লিজ দেবার আগে বা পরে কর্মীদের ছাঁটাই করা, তাদের চাকরির নিরাপত্তা বা সুযোগ-সুবিধার উপর যদি কোন আক্রমণ বা আঘাত আসে সেখানে কর্মীদের স্বার্থ রক্ষার জন্য রাজ্য সরকার কি পদক্ষেপ নেবেন ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : কর্মীসংখ্যা—৫০২। এখন ওদের যে বিড ডকুমেন্ট দেওয়া আছে যারা কিনছে, তার মধ্যে, কনডিসানের মধ্যে ওরা দেবেন, Director, Tourism will give long term lease cum management of the Hotel on the following terms and conditions, তার মধ্যে একটা কনডিসান আছে, The interest of the existing employees of the hotel should be suitably taken care of in the eventuality of the bidder in wanting to all existing employees. The bidder will offer on attractive VRS at his or her own cost. The Bidder will need to specify his or her plans for suitably taken care of the interest of the employees alongwith the quantum of funds it proposes to invest for this purpose. এটা ওরা দেওয়ার পর আমরা বিবেচনা করব।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বললেন তাতে ওদের সার্ভিস সিকিউরিটি সম্বন্ধে ফুল গ্যারান্টি আছে সেটা খুব পরিষ্কার হল না। আমার জিজ্ঞাস্য, এই হোটেলটির মোট লোকসান, অ্যাকুমুলেটেড লস কত এবং বাৎসরিক লোকসান কত ? সাথে সাথে আমার জিজ্ঞাস্য, কোলকাতা শহরে হোটেল ব্যবসা যখন লাভজনক হচ্ছে, বিভিন্ন বেসরকারি সংস্থার মধ্যে হোটেল খোলার জন্য টানাপোড়েন চলছে, এই রকম একটা অবস্থায়, এই রকম একটা আকর্ষণীয় জায়গায় এবং এত ভাল ইনফ্রাস্ট্রাকচার থাকা সত্ত্বেও এই হোটেলটা লোকসানে চলছে কেন ; বা আপনাকে বেসরকারি হাতে তুলে দিতে হচ্ছে কেন ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : আপনার প্রথম প্রশ্নের উত্তরে বলছি, এটার লস হয়েছিল ১৯৯৯-২০০০ সালে ১ কোটি ২৯ লক্ষ ২২ হাজার ৬৩৭ টাকা, ২০০০-২০০১ সালে হয়েছিল ২ কোটি ১০ লক্ষ ৩৬ হাজার ১৯৪ টাকা এবং ২০০১-২০০২ সালে হয়েছিল ২ কোটি ২৪ লক্ষ ৫৮ হাজার টাকা। আর ২০০২-২০০৩ সালের হিসাবটা এখনও কমপ্লিট হয়নি। আমি এই যে তিন বছরের ফিগার দিলাম, এর যোগফলই হচ্ছে অ্যাকুমুলেটেড লস।

আপনি দ্বিতীয় যে প্রশ্ন করেছেন, বেসরকারি ব্যবসায় কেন লাভ হয় আর সরকারি ব্যবসায় কেন হয় না, সেটা দীর্ঘ আলোচনার ব্যাপার, আমি তার মধ্যে যাচ্ছি না। আমরা সাধারণত যাদের 'বয়' বলি, যারা গ্রুপ 'ডি' এমপ্লয়িজ তাদের সংখ্যাটা বেশি, আর কিছু আছে গ্রুপ 'সি' এমপ্লয়িজ। এদের টোটাল স্যালারি বিল সমকক্ষ অন্য হোটেলের চাইতে বেশি। আমাদের কাছে পে-কমিশনের বিভিন্ন সুপারিশ যেটা আসে সেটা একেবারে খাঁটি সরকারি কর্মচারীদের ক্ষেত্রে যেমনভাবে প্রয়োগ করি, এদের ক্ষেত্রেও তেমনিভাবে প্রয়োগ করি। যার জন্য অন্য হোটেলের তুলনায় আমাদের কর্মচারীদের একই স্তরে স্যালারিটা বেশি হয়। তাছাড়া ম্যানেজমেন্ট ইত্যাদি বিষয়ে বেসরকারি হোটেলে যে রকম আছে, সেটা আমাদের সরকারি হোটেলে করা যায় না। ওদের হোটেলে কিছু অ্যাট্রাকটিভ থিংস থাকে যাতে গেস্টরা অ্যালিওর্ড হয়, সেটা আমরা করতে পারি না। হোটেল বিজনেস করতে গেলে অনেক সময়ে যা করতে হয়, সরকারি ক্ষেত্রে সেগুলো আমরা সব করতে পারি না। সেজন্য আমাদের কিছু কিছু অসুবিধা আছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : সরকারের বিভিন্ন দপ্তরের কাছে এই হোটেলের বকেয়া অর্থের পরিমাণ কত ? এটার জন্য নোটিশ দিতে হবে, আজকে এটা আনিনি।

শ্রী সৌগত রায় : দেবপ্রসাদবাবু যেটা বলছেন, ঠিকই, গত বছর পর্যটনমন্ত্রী সেচমন্ত্রীকে একটা চিঠি দিয়েছিলেন, আপনারা আপনাদের ডিপার্টমেন্টের বিভিন্ন ফাংশন বাইরের হোটেলে করছেন, গ্রেট ইস্টার্ন হোটেলে করছেন না কেন বলে। সেই চিঠির কপি আমার কাছে আছে।

আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, সরকারের হোটেলে যা যা অ্যালিওরমেন্ট দেওয়া উচিত তা দিতে পারছেন না, আর ডবলু.বি.সি.এস. অফিসাররা ওখানে মেম্বার সেক্রেটারি হয়ে বসে আছেন, তাহলে কি করে ভাল করে হোটেল চালাবেন ? আপনি বললেন চারটি কোম্পানি বিড দিয়েছে। ২৮শে মার্চ লাস্ট তারিখ। এই চারটি কোম্পানির নাম কি ; এবং 'অ্যাকর এশিয়া প্যাসিফিক' যারা হোটেলটি নেবে বলে আগে ঠিক হয়েছিল তারা নেই কেন ?

[11.10–11.20 a.m.]

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : আমাদের এই কাজ ৪টি কোম্পানি করবে, কিন্তু ১১ জন উইলিংনেস জানিয়েছে। তারপরে তার মধ্যে থেকে আমাদের যারা কনসালটেন্ট 'আইউইন'—তারা ৭ জনকে শর্ট লিস্টেড করে দিল। ওই ৭ জনকে আলাদা করে চিঠিপত্র দিল। সেই চিঠির জবাবে ৪ জনই অ্যাপিয়ার হয়ে ২ লক্ষ টাকা করে বিট ডকুমেন্ট কিনেছে। ওই ৪টি সংস্থা হচ্ছে ভারত হোটেলস্, বাদশা হোটেল, মণীষা ফিনানসিং কর্পোরেশন,—এটা লন্ডন বেসড্, হোটেল সিঙ্গাপুর-এটা সিঙ্গাপুর বেসড্।

শ্রী সৌগত রায় : ওরা কি শর্ত রাখবে বলেছেন যে, কর্মচারীদের তারা রাখবেন ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : ওরা আমাদের ডকুমেন্ট পেয়েছে। তারা কিভাবে অফার দেবে, কিভাবে কর্মচারীদের স্বার্থ রক্ষা করবে সেটা এখনো ফাইনালাইজ হয়নি। ২৮শে মার্চ হল লাস্ট ডেট।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রী বললেন যে, লিজ দেওয়ার ব্যাপারে ৪টি সংস্থা সাড়া দিয়েছে—সেখানে আমার প্রশ্ন যে, কত লস বা কত পাওনা যেটা আপ টু ডেট দিতে পারেননি। এই জমি ভালো জায়গায় জমি, গ্রেট ইস্টার্ন হোটেলের এই জমির মার্কেট ভ্যালু কত এবং যখন লিজ দেওয়া হচ্ছে বেসরকারি সংস্থাকে ৩৩ বছরের জন্য তখন সরকারের নিয়ন্ত্রণ কতখানি এর উপরে থাকবে এবং কি কি শর্তে লিজ দেওয়া হচ্ছে ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : এই জমির ভ্যালু এখনো অ্যাসেসমেন্ট করিনি। শর্তটা হল আমাদের অ্যাজ ইজ হোয়ার ইজ—যেমনভাবে নিচ্ছে তেমনিভাবে ৩০ বছর বাদে ফেরত

দিতে হবে যদি রিনিউ না হয়। সুতরাং হোটেল অ্যাজ সাচ তার, এস্টেট ট্রান্সফার হচ্ছে এটা নয়। আর মার্কেট ভ্যালু কত সেই ব্যাপারে আলাদা কোশ্চেন করলে উত্তর নিয়ে আসতাম।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, এতক্ষণ ধরে মন্ত্রী দীনেশ ডাকুয়া যা বললেন নিরুপমবাবু তো বসে আছেন, তিনি শুনেছেন। মন্ত্রী দীনেশবাবু সরকারি কর্মচারীদের দাবির ব্যাপারে অনাস্থা জ্ঞাপন করলেন এবং বললেন যে কাজের কর্মসংস্কৃতি না থাকায় হোটেল চালানো যাচ্ছে না। এ কথা কিন্তু আমি বলিনি, মন্ত্রী বলেছেন এবং সত্যটাই বলেছেন ওঁনার চেয়ার থেকে। এখন আমার প্রশ্ন যে, যতদূর জানি কলকাতা শহরে যে নতুন হোটেলগুলো হয়েছে যেমন সোনার বাংলা, হায়াত রিজেন্সি—তাদের রুম অকোপেন্সি ২৩৬, ২৩৮। আমি এক সপ্তাহ আগে খবর নিয়েছি গ্রেট ইস্টার্ন হোটেলের অকোপেন্সি ছিল ২৩ এবং কর্মচারীর সংখ্যা ৫০২। ওই ৫০২ জন কর্মচারীকে বসে বসে মাইনে দেওয়া হচ্ছে। আগে আপনি বললেন ৪টি কোম্পানিকে টেন্ডার দিয়েছেন। অ্যাকোর এশিয়া স্পেসিফিক যার সঙ্গে চুক্তি হয়েছিল এবং সুভাষবাবু বলেছিলেন যে, আমরা ওদেরকেই বিক্রি করে দেব এবং সেটা প্রায় ফাইনালও হয়ে যায়। সেই চুক্তি তাহলে আজকে কোন পর্যায়ে আছে, কি অবস্থায় আছে এবং সেটা বাতিল হল কেন ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : আজকে এই প্রসঙ্গটা আসে না এই জন্য যে, এটা একটা আলাদা চুক্তি। এই চুক্তির ডকুমেন্ট তাদের কাছেও আছে। সেই ডকুমেন্ট আজকে আমার কাছে নেই। তবে যতদূর বলতে পারি লাস্টলি তারা নিজের থেকেই চিঠি দিয়েছে এবং জানিয়েছে তারা পিছিয়ে গেল এবং ওই চিঠিতেই তারা লিখে দিয়েছিল যে, তারা অফারটা রিভোক করেছিল।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন যে, গ্রেট ইস্টার্ন হোটেল প্রাইভেটাইজেশানের ব্যাপারে ৪টি সংস্থা আবেদন করেছে, তার চূড়ান্ত হবে ২৮শে মার্চ। আমার বক্তব্য হচ্ছে যে সমস্ত কর্মচারীরা এখানে কাজ করছে এদের সহ ওরা নেবে কি এবং যারা কাজ করতে করতে অবসর নিয়েছেন তাদের পেনশান সহ সমস্ত দায়ভার এবং ওদের ভবিষ্যৎ সম্পর্কে আপনি কোনো চিন্তা-ভাবনা করেছেন কি ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : একটা সাপ্লিমেন্টারির জবাবে আমি বলেছি, আমরা তাদের ইন্টারেস্ট প্রোটেক্ট করার জন্য কন্ডিশান দিয়েছি। তবে সবাই যে একইভাবে প্রোটেক্ট করবে তার কোনো কথা নেই। অনেক রকম অফার তারা দিয়েছে, তার মধ্যে যেটা বেস্ট অফার হবে সেটা আমরা দেখব। আর যদি মনে করি কোন অফারই ঠিক নয়, তাহলে বন্ধ করব। তখন আবার নতুন করে আমরা চেষ্টা করব। তবে সবটাই ২৮ তারিখের পরে হবে।

শ্রীমতী সোনালি গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, কোনো সরকারি জমি হস্তান্তর করতে গেলে এল.আর.-কে দিয়ে একটা অ্যাসেসমেন্ট করাতে হয়। এই হোটেলের ক্ষেত্রে এটা হয়েছে কি ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : এটা হস্তান্তর করা নয়, এটা ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট লীজ দেওয়া। এখানে এটা আবশ্যিক হবে বলে আমার জানা নেই। আপনি বললেন, যদি দরকার থাকে তাহলে আমরা করব। উই ক্যান কনসাল্ট দি এল.আর. অফিস।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে সরকারের সর্বশেষ রিপোর্ট কি এবং এই বেসরকারিকরণ করার জন্য কতগুলি প্রস্তাব আপনাদের কাছে এসেছিল ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : এখন চারটি সংস্থা গত এক মাস ধরে বিভিন্ন কাগজপত্র দেখছে। তারা এসে বিভিন্ন সময় আমাদের অফিসারদের সঙ্গে সিটিং করছেন, আমাদের ভেতরের খবর নিচ্ছেন, আমাদের অ্যাসেট কি আছে, লায়াবিলিটি কি আছে এই সমস্ত কোয়ারি করছেন। আফটার নোয়িং এভরিথিং, ২৮শে মার্চের মধ্যে ওরা আমাদের কাছে রিপোর্ট জমা দেবে, অফার জমা দেবে।

শ্রী রবীন দেব : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন গ্রেট ইস্টার্ন হোটেলের ব্যাপারে চারটি সংস্থা আগ্রহী আছে এবং তাদের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথাবার্তা বলছে। এই ব্যাপারে ওখানকার ট্রেড ইউনিয়নগুলোর সঙ্গেও আপনি বিভিন্ন সময় বিভিন্নভাবে আলোচনা করেছেন এবং আমার মনে আছে সৌগতবাবুও সেখানে উপস্থিত ছিলেন। আপনি রাজ্যের পর্যটন মন্ত্রী হিসাবে এটা করছেন। কিন্তু আই.টি.ডি.সি. হোটেলগুলো যখন কেন্দ্রীয় সরকার বেসরকারিকরণ করছে, এইগুলো বিলগ্নীকরণ করছে, তখন ওরা যে ব্যবস্থা নিচ্ছে এবং আপনি যে ব্যবস্থা নিচ্ছেন এর মধ্যে পার্থক্য কি ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : আমি যতদূর জানি আমাদের এখানে আমরা যে কন্ডিশান দিয়েছি, ওই ক্ষেত্রে কিন্তু এমন সব কন্ডিশান ছিল না। যার ফলে অনেক জায়গায় এমপ্লয়িসরা থ্রোন এ্যাওয়ে হয়েছে। কিন্তু আমাদের এখানে এমপ্লয়িসদের ইন্টারেস্ট প্রোটেক্ট করার জন্য আমরা চেষ্টা করছি, খবরের কাগজে যখন আমরা বিজ্ঞাপন দিই তখন বোল্ড লেটারে ব্যাপারটা লেখা ছিল। আমাদের অপশানও রয়েছে, এমপ্লয়িসদের স্বার্থ সাফিসিয়েন্টলি প্রোটেক্ট নাহলে আমরা অ্যাকসেপ্ট করব না।

বানতলা লেদার কমপ্লেক্স

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪) **শ্রী তপন হোড়** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বানতলা লেদার কমপ্লেক্স-এ বর্তমানে কতগুলো ট্যানারি কাজ শুরু করেছে ; এবং

(খ) উক্ত চর্মনগরীতে এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈরি হতে আর কতদিন লাগবে বলে আশা করা যায় ?

শ্রী নিরুপম সেন :

(ক) কলকাতা লেদার কমপ্লেক্স-এ এখনও কোন ট্যানারি কাজ শুরু করেনি।

(খ) উক্ত চর্মনগরীতে এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের প্রথম দুটি মডুউল-এর প্রাথমিক বর্জ্য প্রক্রিয়াকরণের পরিকাঠামো তৈরি। এই মডুইলগুলি বর্তমানে বছরের অক্টোবর মাস নাগাদ সম্পূর্ণভাবে তৈরি হয়ে যাবে।

[11.20–11.30 a.m.]

শ্রী তপন হোড় : পরিকাঠামো তৈরির ক্ষেত্রে কি কি করা হয়েছে, আরও কিছু করার আছে কিনা বা বাকি আছে কিনা যার জন্য কাজ শুরু করা যাচ্ছে না ?

শ্রী নিরুপম সেন : প্রথমত, রি-লোকেটিং ট্যানারির কাজ শুরু করার জন্য যে পরিকাঠামো তৈরি করার দরকার, সেই পরিকাঠামো তৈরি হয়ে গেছে। আমি আমার উত্তরে বলেছি, সি.ই.পি.টি. বর্তমানে যে পরিকাঠামো তৈরি হয়েছে, তাতে রি-লোকেটিং ট্যানারিগুলো কাজ শুরু করতে চাইলে তারা কাজ শুরু করতে পারবে। কিন্তু সমস্ত রি-লোকেটিং ট্যানারি, তারা একসঙ্গে কাজ শুরু করতে গেলে সমগ্র ব্যবস্থা যেটা করতে হবে সেটা করার জন্য অক্টোবর মাস পর্যন্ত সময় লাগবে, তার মধ্যে বাকিগুলো সব হয়ে যাবে।

শ্রী তপন হোড় : এফ্লুয়েন্ট ট্রিটমেন্টের দুটি মডিউল অক্টোবর মাসের মধ্যে হবে বললেন। বাকি মডিউলগুলোর প্রক্রিয়া—যে সংস্থা এই কাজের দায়িত্বে আছে, তাদের অগ্রগতি এক্ষেত্রে কতটা ?

শ্রী নিরুপম সেন : প্রথমত, আমাদের এই রি-লোকেটিং ট্যানারির জন্য আমাদের ৪টে মডিউল, সি.ই.পি.টি. করার কথা। তার মধ্যে দুটো মডিউলের কাজ হচ্ছে, সেই কাজগুলো চলছে। বাকি দুটো মডিউলের ব্যাপারে কাজ শুরু করার প্রক্রিয়া শুরু হয়েছে। এটা কেন্দ্রীয় সরকারের অনুমোদনের অপেক্ষায় আছে। কেন্দ্রীয় সরকার অনুমোদন দিলেই আমাদের কাজের প্রক্রিয়া আমরা শুরু করে দেব।

শ্রী তপন হোড় : এর আগেও আপনাকে বলেছিলাম—ওখানে যেভাবে সুপ্রীম কোর্টের নির্দেশে জমির দাম নির্ধারিত হয়েছে, তাতে অনেক ছোট ছোট ট্যানারিকে কো-অপারেটিভ বেসিসে রিহ্যাবিলেটেড করার প্রস্তাব ছিল এবং যে অবস্থানটা বর্তমানে আছে, তাতে তাদের পক্ষে ওখানে গিয়ে ট্যানারির কাজ করা সম্ভব নয়। এই সব ছোট ছোট ট্যানারিতে বহু শ্রমিক কাজ করে, এটা ক্ষুদ্র শিল্পের পর্যায়ে পড়ে। কো-অপারেটিভ বেসিসে ছোট ছোট ট্যানারিকে সেখানে রিহ্যাবিলেটেড করার ক্ষেত্রে বর্তমানে অবস্থা কি বা রাজ্য সরকার কিছু ভাবছে কিনা জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : সুপ্রিম কোর্টের মূল নির্দেশ অনুযায়ী, যদি কোনো ট্যানারি সেখানে অপারেশন করতে চায়, তাহলে মিনিমাম ৪০০ স্কোয়ার মিটার জমি নিতে হবে। যারা তাদের জমির পরিমাণ বাড়িয়েছে, তাদের সবাইকে ওই পরিমাণ জমি অ্যালট করা হবে। এখন পর্যন্ত ২৬ জন ট্যানারির মালিক তাদের জমির সীমা বানাননি বা কো-অপারেটিভ বা কিছু তৈরি করেননি। ফলে তাদের ক্ষেত্রে জমি দেওয়া যাচ্ছে না। তাদের বলা হচ্ছে। বোঝানো হচ্ছে। তারা এটা করলে তখন এটা করা সম্ভব হবে।

শ্রী পঙ্কজ ব্যনার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি—আমরা অতি সম্প্রতি আমাদের বিরোধীদলের প্রতিনিধিদের নিয়ে সেই জায়গায় গিয়েছিলাম। সেখানে ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়নি এবং আমি আপনার কাছে জানতে চাইছি সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট না হলে কোন ট্যানারিকে ওখান থেকে গুটিয়ে নিতে হয়েছে এবং তাদের কতজন এখনও পর্যন্ত ওখানে আবেদন করেছে এবং কতজনকে জায়গা দেওয়া হয়েছে এবং আপনি মনে করেন যে, অক্টোবর-নভেম্বর মাসে প্রোডাকশান শুরু করবেন। কিন্তু প্রোডাকশান শুরু করার যে মিনিমাম ইনফ্রাস্ট্রাকচার তা নেই। ফায়ার স্টেশান করার নির্দেশ ছিল সুপ্রিম কোর্টের তা এখনও তৈরি হয়নি এবং ওখানে ১০-১২ হাজার যে শ্রমিক কর্মচারী যাতায়াত করবেন, তাদের যাতায়াতের ইনফ্রাস্ট্রাকচার শুরু হয়নি। সার্বিক ইনফ্রাস্ট্রাকচার না হওয়া সত্ত্বেও আপনি বলছেন অক্টোবর-নভেম্বর মাসে শুরু হবে। কতগুলি বন্ধ হয়েছে। কতজন অ্যাপ্লাই করেছেন। কতজন জায়গা পেয়েছে এবং কত ট্যানারি এই বছরের শেষে থেকে উৎপাদনের কাজ শুরু করবে ?

শ্রী নিরুপম সেন : মাননীয় স্পিকার স্যার, উনি অনেকগুলি প্রশ্ন করেছেন। প্রথমতঃ হচ্ছে—আপনি কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের ব্যাপারে প্রশ্ন করেছেন। আমরা এটা আগেও বলেছি যে—আমাদের এখানে যে সমস্ত ট্যানারি কাজ শুরু করে, তাদের তিনটে স্তরে—এফ্লুয়েন্ট ট্রান্সপোর্ট করে নিয়ে যাওয়ার জন্য পরিকাঠামো তৈরি হয়ে গেছে। এফ্লুয়েন্ট রিসিভিং স্লাম তৈরী করা হয়েছে। সেখানে এফ্লুয়েন্ট নেওয়ার ব্যবস্থা হয়েছে। প্রাইমারি ক্লারিফাই করে স্লাম থেকে নিয়ে গিয়ে সলিড ওয়েস্ট আলাদা করে সেটাকে শুখানোর ব্যবস্থা করা হয়েছে। বাকিটা মূল ক্যানেল দিয়ে বার করে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। সুতরাং এখন ওখানে যদি কোনো ট্যানারি কাজ শুরু করতে চায়, তারজন্য যেটুকু প্রয়োজন সেটা তৈরি করা হয়ে গেছে। এই কথা অতীতেও বলেছি। আজকেও এই সভায় আপনাকে বলছি। বাকি যে প্রশ্নগুলি করেছেন, আপনি যেহেতু বিরোধীদল নেতা, তাই আপনাকে বলছি আমাদের এখানে রি-লোকেটিং ট্যানারিজ যারা বুক করেছে সেটা হচ্ছে ৫২৩টা। এদের মধ্যে ৩২৯টা ট্যানারিকে অ্যাপ্রক্সিমেটলি ১৩৮ একর জমি অ্যালটমেন্ট করে দেওয়া হয়েছে এবং আমি আপনাদের আগেও বলেছি ইতিমধ্যে কাজ শুরু করেছে এই রকম ট্যানারির সংখ্যা ৩১২। কাজ শুরু মানে কনস্ট্রাকশানের কাজ শুরু করেছে। ট্যানারি অপারেশানের কাজ শুরু হয়নি। সুপ্রিম কোর্টের কাছে যেটা বলেছেন—সেটা হচ্ছে জুন মাসের মধ্যে তারা কমপ্লিট করে কাজ শুরু করে দেবেন। ট্রান্সপোর্টেশানের ব্যবস্থা যেটা আপনি বলেছেন সেই ব্যাপারে বলছি—ওখানের

রুটের বাসগুলির ফ্রিকোয়েন্সি বাড়ানো হচ্ছে। যেমন যেমন আমাদের লোকসংখ্যা বাড়তে থাকবে, সেইভাবে নতুন রুট দেওয়া হবে বলে কথা হয়েছে। ফায়ার ব্রিগেডের ব্যাপারে বলছি—ফায়ার স্টেশানে গাড়ি রেখেছি এবং ফায়ার স্টেশানের বাড়ি তৈরির প্রক্রিয়া শুরু হয়ে গেছে। টেন্ডার হয়ে গেছে। থানার টেন্ডার প্রসেস চলছে। সেটাও হয়ে যাবে।

[11.30–11.40 a.m.]

শ্রী সৌগত রায় : আমাদের চলে যেতে বলছে, লাইন কাটা হচ্ছে, যেহেতু রেডি নয়। অবভিয়াসলি যে কনট্রাক্টার তার দায়িত্ব পালন করতে পারেননি, যে সময় ডেলিভার করা ছিল সেটা করতে পারেনি। আমি দেখলাম যে সাপ্লিমেন্টারি বাজেটে দেখলাম যে কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের জন্য টাকা নিয়েছেন। তাহলে এটা স্টেট গভর্নমেন্ট এটা করছে। আমার স্পেসিফিক প্রশ্ন হলো যে এম.এন. ডালমিয়া অ্যান্ড কোম্পানি বি.ও.টি. বেসিসে যে কনট্রাক্ট দিয়েছেন এরা কি তাদের কথা রেখেছে এবং সেই সিডিউল অনুযায়ী কাজ করছে ? যদি না করে থাকে তাহলে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী নিরুপম সেন : কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের ব্যাপারে মূল যে এগ্রিমেন্ট ছিল সেই এগ্রিমেন্টে কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট বি.ও.টি. পার্টির করার কথা ছিল। তারপর বি.ও.টি. পার্টির পক্ষ থেকে কিছু শর্ত আরোপ করা হয়, বলা হয় এইগুলো যদি না মানা যায় তাহলে বিষয়টা রাজ্য সরকার করতে পারেন কিন্তু যেহেতু সুপ্রিম কোর্টের নির্দেশে নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়, বলা হয় এই সময়সীমার মধ্যে করতে হবে, আবার বি.ও.টি. পার্টির যে শর্ত সেটা আমাদের পক্ষে মানা সম্ভব ছিল না সে কারণে রাজ্য সরকারই এ কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত নেয়। কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের যে ৪টে মডিউল যেটা রি-লোকেটিং ট্যানারির জন্য আমাদের লাগবে সেটা করার দায়িত্ব রাজ্য সরকার গ্রহণ করেছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী বলেছেন যে ৫২৩টার মধ্যে কতগুলোর নির্মাণকার্য শুরু হয়েছে। এই প্রকল্পে পরিবেশ সুরক্ষার বিষয়টা গুরুত্বপূর্ণ। তারজন্য কলকাতা থেকে ট্যানারি নিয়ে যাওয়া হচ্ছে। ওখানে কড়াইডাঙ্গা যে খাল আছে, এই খাল পুনর্সংস্কারের কাজ উল্লেখযোগ্য। এই খাল পুনর্সংস্কারের কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে কি ?

শ্রী নিরুপম সেন : সে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমার প্রশ্ন হচ্ছে বি.ও.টি.কে যে দামে জমি দিলেন, কি দামের বিনিময়ে জমি দিলেন পার কাঠা ? আর সেই জমি লেদার মার্চেন্টকে ওরা বিক্রি করল পার কাঠা ? ডিফারেন্স কতটা ?

শ্রী নিরুপম সেন : দেখুন এটা আমাদের বিষয় নয়। আমাদের মূল বিষয় যেটা সেটা হচ্ছে জমিটা আমরা দেওয়ার পর সুপ্রিম কোর্টের নির্দেশে রি-লোকেটিং ট্যানারির জন্য জমির

দাম সুপ্রিম কোর্ট স্থির করে দিয়েছে। সেই দামেই জমি দেওয়া হচ্ছে। বাকি জমিটা বি.ও.টি. বিক্রি করবে। যে রকম মার্কেট স্থির করবে সেই পরিমাণ দাম যদি না পান সেটা তাদের ব্যাপার আমাদের ব্যাপার নয়।

বিনামূল্যে ওষুধ সরবরাহ

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৪) **শ্রী কমল মুখার্জী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দরিদ্র রোগীদের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে পর্যাপ্ত ওষুধ বিনামূল্যে সরবরাহ করা হয় ;

(খ) সত্যি হলে, উক্ত ওষুধের তালিকা তৈরির পদ্ধতি কী, এবং

(গ) এই ওষুধের তালিকা সংশোধন করার জন্য সরকারের কোনো চিন্তাভাবনা আছে কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র :

(ক) হ্যাঁ।

(খ) স্বাস্থ্য পরিষেবা উন্নয়নের প্রয়োজনে বিশেষজ্ঞ কমিটি দ্বারা উক্ত ওষুধ তালিকা প্রস্তুত ও পরিমার্জন করা হয়।

(গ) আছে। অতি সম্প্রতি ইন্দো-জার্মান বুনিয়াদি স্বাস্থ্য প্রকল্প, পশ্চিমবঙ্গ, (Indo-German Basic Health Project, West Bengal)-এর অন্তর্গত সুসংহত অত্যাবশ্যক পরিষেবা প্যাকেজ (Comprehensive Essential Service Package) সরকারি অনুমোদন লাভ করেছে। ফলে প্রাথমিক ও ব্লক-প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার গুণগত মানোন্নয়নের পক্ষে বর্তমান ঔষধ তালিকার পাশাপাশি ১২৭টি অত্যাবশ্যকীয় 'ঔষুধ ও রাসায়নিকের একটি তালিকাও' অনুমোদিত হয়েছে।

শ্রী কমল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, দরিদ্র রোগী যাদের বি.পি.এল. কার্ড আছে, যাদের এম.এল.এ., এম.পি., বা পৌরসভার মেয়র, চেয়ারম্যান তাঁরা লিখে দিচ্ছেন দরিদ্র মানুষ বলে, কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যাচ্ছে ডাক্তাররা রোগী দেখছেন তার পরে সাদা কাগজে চিরকুটে ওষুধ লিখে দিচ্ছেন, সেটা বাইরে থেকে নিয়ে আসতে হবে। আপনি বলছেন পর্যাপ্ত ওষুধ আছে, দরিদ্র মানুষদের জন্য। যদি পর্যাপ্ত ওষুধ থাকে তাহলে ডাক্তাররা কেন সাদা কাগজে চিরকুটে লিখে দিয়ে বলছেন বাইরে থেকে ওষুধ নিয়ে আসুন ?

ডা: সূর্যকান্ত মিশ্র : ওষুধ বিভিন্ন স্তরে রয়েছে, কোন স্তরে কি কি ওষুধ পাওয়া যাবে তার একটা তালিকাও আছে। আমরা সব জায়গায় বলেছি তালিকা টাঙিয়ে রাখতে হবে। তবে এটা ঠিক এবং এটা আমাদের নজরেও এসেছে যে এখানে একটু নজরদারির ব্যাপার আছে। এটা আমাদের এবং আপনাদের সবার দেখার দরকার আছে। যে ওষুধ হাসপাতালে সাপ্লাই আছে সেই ওষুধ অন্য কোনো ভিন্ন কোম্পানির ওষুধ লেখা হচ্ছে, সেই ওষুধ না দিয়ে অন্য ওষুধ লেখা হয়। যেটা সাপ্লাই আছে সেটা দেওয়া যায় এবং সেটা নির্ভরযোগ্য। সাধারণ মানুষদের পক্ষে কোম্পানির নাম বোঝা মুশকিল যে সেটা সাপ্লাই আছে কিনা। এ ব্যাপারে সবার নজরদারির দরকার আছে। তবে সুনির্দিষ্ট অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া যাবে।

শ্রী কমল মুখার্জী : হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রে যে ওষুধের তালিকা আছে এবং আপনারা যে ওষুধ সাপ্লাই দিচ্ছেন কিন্তু ডাক্তাররা বলেন এই সব ওষুধ খেলে রোগ সারবে না, আপনারা বাইরে থেকে ওষুধ কিনে নিয়ে আসুন, এগুলি ব্যাক্ ডেটেড, আধুনিক ওষুধ নয়। বিশেষ করে গরীব মানুষ যারা অসহায় মানুষ আমি তাদের কথা বলছি। এই যে তালিকার ব্যাপারে আপনি বললেন বিশেষজ্ঞ কমিটি আছে, এই তালিকা সংশোধন করার ব্যাপারে আপনি সর্বশেষ কত সালে এটা সংশোধন করেছেন এবং ভবিষ্যতে সংশোধনের চিন্তা-ভাবনা আছে কিনা ?

ডা: সূর্যকান্ত মিশ্র : এই তালিকা বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ থেকে আরম্ভ করে আমাদের এখানে বিশেষজ্ঞ কমিটি দিয়ে সময়ে সময়ে পরিমার্জন করা হয়ে থাকে। শেষ যেটা হয়েছে ইন্দো-জার্মান প্রোজেক্ট-এ বছরেই হয়েছে, এই ২০০৩ সালে। যেটা আমরা বের করেছি ১২৭টির। ২৮৬টি ছিল, সব মেডিকেল কলেজ থেকে সাবসেন্টার পর্যন্ত নীচের দিকে ৪টি স্তর রয়েছে আরও ১২৭টির তালিকা হয়েছে। সর্বশেষ যে ওষুধপত্র আছে বাজারে যা বেরিয়েছে সব কিছু হিসাবের মধ্যে রেখে করা হয়েছে। এ কথা মনে করার কোনো কারণ নেই এর বাইরে ওষুধ লাগবে।

শ্রী কমল মুখার্জী : এবারে যেটা করেছেন বললেন। সংশোধন লিস্ট এর আগে কত সালে করেছিলেন ? বাস্তবে দরিদ্র মানুষদের ডাক্তাররা সাদা কাগজে চিরকুটে ওষুধ লিখে দিয়ে বাইরে থেকে নিয়ে আসতে বলছেন। আমি মধ্যবিত্ত, উচ্চ-মধ্যবিত্তদের কথা বলছি না, আমি নিম্ন-মধ্যবিত্ত এবং দরিদ্র মানুষদের কথা বলছি, এটা ফলাওভাবে চলছে, ডাক্তাররা বলছেন আপনারা যে ওষুধ দিচ্ছেন বা হাসপাতালে যে ওষুধ সাপ্লাই হয় তাতে রোগ সারবে না। এখন ইন্দো-জার্মান প্রোজেক্ট করেছেন, কিন্তু সর্বশেষ কত সালে থেকে এটা চালু আছে।

[11.40–11.50 a.m.]

ডা: সূর্যকান্ত মিশ্র : ২৬৮-টার তালিকা ১৯৯৯ সালের এপ্রিল মাসে চালু হয়েছে এবং তার পরে ২০০৩ সালে সংশোধন করে এসেন্সিয়াল সার্ভিস প্যাকেজ আবার করা

হয়েছে। আমি আবার বলছি, যে ওষুধ সাপ্লাই হয় তা বিশেষজ্ঞ, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ অনুসারেই হয়। সুতরাং, ওই ওষুধ খেলে অসুখ সারে না এটা যাঁরা বলছেন তাঁরা অন্যায় কাজ করছেন। তাদের চিহ্নিত করার ক্ষেত্রে আপনাদের সকলের সহযোগিতা দরকার। সরকারের সঙ্গে থেকে এক্ষেত্রে সাহায্য করা উচিত সকলের।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বিবৃতি দিয়ে থাকেন যে, ওষুধপত্রের কোনো অভাব নেই, সমস্ত কিছু আছে। কিন্তু আমরা হাসপাতালে গিয়ে দেখছি এক্স-রে প্লেট নেই, এ.আর.ভি থাকে না। উনি আছে বললেও কিন্তু যথাযথভাবে পাওয়া যায় না। যেদিনে বিভিন্ন মহকুমা হাসপাতালে রোগীরা ভর্তি হচ্ছেন তাদের যদি একটা হিসাব নেন তাহলে দেখতে পাবেন তাদের মধ্যে শতকরা ৭৫ ভাগ সিরিয়াস রোগীকে বর্ধমান, বীরভূম, বাঁকুড়া বা কলকাতার হাসপাতালে এসে ভর্তি করা যাচ্ছে না। তারা সুযোগ পাচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাস্য, সিরিয়াস রোগী রেফার করার ক্ষেত্রে হাসপাতালের কোনো নিয়ম-কানুন আছে কিনা ? ম্যাকসিমাম রোগী এইভাবে বিভিন্ন জায়গায় পাঠানো হচ্ছে। আর, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোনো ওষুধের তালিকা দেওয়া থাকে কিনা ?

ডা: সূর্যকান্ত মিশ্র : আমি আবার বলছি, এ.আর.ভি সাপ্লাই আছে আমাদের কাছে। আপনাদের জেলায় দেওয়ার পর যদি না থাকে তো আপনারা সবাই জানেন, এটা আপনাদের দেখা দায়িত্ব, কারণ প্রত্যেকটা রাজনৈতিক দলের প্রতিনিধিরা ডিস্ট্রিক্ট হেল্‌থ কমিটিতে আছেন। কয়েকটা ড্রাগ যদি না থাকে তাহলে স্থানীয়ভাবে কেনবার ক্ষমতা সেই কমিটিকে দেওয়া আছে, তাদের এক্তিয়ার আছে। কাজেই এ কথা বলার কোনো অবকাশ নেই যে, নেই। না থাকলে কিনতে হবে। সাপ্লাই না থাকলে জরুরি প্রয়োজনে কিনতে হবে এবং তার জন্য এলটমেন্ট থাকে। না থাকলে আপনারা কিনতে বাধ্য করবেন। এ সব জিনিসে যদি আপনারা হস্তক্ষেপ না করেন তাহলে এককভাবে এখান থেকে এতগুলো হাসপাতাল দেখা সম্ভব নয়।

আর, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ওষুধের তালিকা আছে। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, সাবসেন্টার, ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, মধ্যস্তরীয় হাসপাতাল, প্রত্যেকটার জন্য আলাদা আলাদা আছে। সাধারণত যেগুলো দরকার তার তালিকা আছে। ১৯৯৯ সালের তালিকা আছে এবং তার পরে তার সঙ্গে ১২৭টা নতুন সংযোজন হয়েছে।

আর, মূল প্রশ্নের সঙ্গে সম্পর্কযুক্ত না হলেও বলছি, রোগী পাঠানোর ক্ষেত্রে একটা রেফারেল প্রোটোকল আছে। সেটা সংশোধন করা হয়েছে, পরিমার্জিত করা হয়েছে, সকলের উপযোগী করা হয়েছে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : আমরা জানি ওই তালিকা আছে এবং সম্প্রতি অনেকগুলো গ্রামীণ হাসপাতাল, ব্লক হাসপাতাল-এর উন্নতিকরণ করা হয়েছে এবং সঠিকভাবেই চলছে। এবং আমরা আরো দেখছি, গ্রামীণ হাসপাতালে এখন অনেক বেশি রোগী আউটডোরে

চিকিৎসার জন্য আসছেন, এবং ইনডোরে অনেক রোগী ভর্তি থাকেন। চিকিৎসা ব্যবস্থারও উন্নতি হয়েছে। কিন্তু অক্সিজেন, জীবনদায়ী ওষুধ, স্যালাইন, সাপে কামড়ানো ওষুধ, কুকুরে কামড়ানো ওষুধ, এক্সিডেন্টালি কোনো ঘটনা ঘটলে হাসপাতালে ওষুধগুলোর অপ্রতুলতা দেখা যাচ্ছে। সুতরাং, আমরা দেখছি একটা সিস্টেমের মাধ্যমে সেন্ট্রাল স্টোর থেকে ওষুধ দেওয়া হয় এবং জেলা হেল্‌থ কমিটিও কিছু কিছু ব্যবস্থা করে থাকে। কিন্তু সি.এম.ও.এইচ-র সঙ্গে যোগাযোগ করলে, না কার সঙ্গে যোগাযোগ করলে, ওই সব ওষুধ পাওয়া যাবে সেটা জানাবেন কি ? সি.এম.ও.এইচ-র সঙ্গে যোগাযোগ করলে পাওয়া যাবে না কি, বা সত্যিকারের ওষুধের সরবরাহ হচ্ছে কিনা, কোনো চালাকি হচ্ছে কিনা, কি করলে এই সব কিছুর খোঁজ পাওয়া যেতে পারে সেটা অনুগ্রহ করে জানাবেন কি ?

ডা: সূর্যকান্ত মিশ্র : অক্সিজেন সঙ্গে সঙ্গে কিনতে পাওয়া যাবে না। কিন্তু স্যালাইন, সাপে কামড়ের ওষুধ এগুলো সাপ্লাই না থাকলে ডিস্ট্রিক্ট হেল্‌থ কমিটিকে ক্ষমতা দেওয়া আছে—তাঁরা কিনতে পারেন। কোথায় পাওয়া যায় সেই তথ্য আমি দিয়েছি। আপনারা বিভিন্ন রাজনৈতিক দলের সদস্যরা ডিস্ট্রিক্ট হেল্‌থ কমিটিতে আছেন, আপনারা সেখানে নজরদারি করবেন, যদি কিছু অসুবিধা হয় তাহলে আপনারা হস্তক্ষেপ করবেন, নাহলে আমাদের জানাবেন। হস্তক্ষেপ না হলে বিলম্বিত হয় এবং সময়ে সাপ্লাই যায় না।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আমি একটি সামান্য প্রশ্ন করতে চাই—মন্ত্রীরা কেউ অসুস্থ হলে সবাই উডবার্নে ভর্তি হন, কিন্তু কোনো মন্ত্রী অসুস্থ হলে পি.জি. হাসপাতালে সাধারণ বেডে কেউ ভর্তি হন না কেন ?

ডা: সূর্যকান্ত মিশ্র : এটি অবান্তর প্রশ্ন। এর সঙ্গে সম্পর্কযুক্ত নয়।

মি: স্পীকার : মি: ঘোষ, আমার একটা অপারেশনের সময় আমি শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে ভর্তি হয়েছিলাম।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসের সকলেরই খুব হেডেক যে, বিভিন্ন হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রগুলোতে সরকারি তালিকা থাকা সত্ত্বেও ওষুধ পাওয়া যায় না, বেশিরভাগ ক্ষেত্রে এটা ক্রমশ বাড়ছে। আপনি নজরদারির কথা বলেছেন, সকলের সহযোগিতার কথা বলেছেন। আমরা কিভাবে নজরদারি দেব, সরকার যেখানে নজরদারি করে থাকেন, আপনারা টাকা অ্যালোটমেন্ট করছেন। ওষুধ, স্যালাইন পাওয়া যাচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে যে, আপনারা যে তালিকাগুলো দিয়েছেন তাতে কি কি ওষুধ সেখানে পাওয়া যায় সেটা জনসাধারণ জানতে পারবে, সেই ওষুধ না থাকলে সংশ্লিষ্ট হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রকে পাবলিক বলতে পারে যে, আমাদের মেটেরিয়ালস দিন এবং কমপ্লেইন করলে সঙ্গে সঙ্গে অ্যাকশন হবে। আমাদের সকলেরই অভিজ্ঞতা যে, বছরের পর বছর এগুলো পাওয়া যাচ্ছে না। এই ১১৭ না ১২৭টির কথা বলেছেন—ইন্দো-জার্মান বেসিক হেল্‌থ প্রোজেক্ট (ওয়েস্ট বেঙ্গল)—এই কমপ্রিহেনসিভ

স্কীমে কোনো শর্ত আরোপ করেছেন কিনা, যার ফলে ওষুধের দাম বাড়তে দেওয়া জনস্বার্থ বিরোধী কিনা এই প্রসঙ্গে অনুগ্রহ করে জানাবেন ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : তালিকা চাইলে আমি দিয়ে দিতে পারি। কোন কোন স্বাস্থ্যকেন্দ্রে কী কী ওষুধ পাওয়া যায় তার তালিকা চাইলে আমি দিয়ে দিতে পারি। তবে আমি বলছি যে, এই সাপ্লাইয়ের তালিকা দেখেও আপনারা সবসময় বুঝবেন না, যাঁরা ডাক্তার নন, তাঁদের পক্ষে বোঝা মুশকিল আছে। 'হাতী' কমিটি কেন্দ্রীয় সরকারকে সুপারিশ করেছিল যে, ওষুধের জেনেরিক নাম লেখা উচিত, কোম্পানির ট্রেড নাম লেখা উচিত নয়—এটা একসময় বাংলাদেশে করা হয়েছিল। এটা যদি এখানে বাধ্যতামূলক করা হত তাহলে আপনারা এই তালিকা দেখে বুঝতে পারতেন যে, এই তালিকায় যে ওষুধের নাম লেখা আছে আর ডাক্তার তাঁর প্রেসক্রিপশনে যে ওষুধের নাম লিখেছেন সেটা একই, নাকি ভিন্ন। একই ওষুধ বিভিন্ন কোম্পানি বিভিন্ন নাম দিয়ে বের করে, সেজন্য তালিকা দেখে বুঝতে পারবেন না যে, ডাক্তারের প্রেসক্রিপশন অনুযায়ী ওষুধ হাসপাতালে সাপ্লাই আছে কি নেই।

[11.50–12.00 noon]

এটা বহুবিদিত ব্যাপার। বহুজাতিক সংস্থা যেভাবে ওষুধ বিপণন করে তার সঙ্গে যেভাবে তারা জড়িত আছে বিভিন্ন অংশ সেটা আমরা সবাই জানি। সেইজন্য খুব নজরদারির প্রয়োজন। এইজন্য খুব সংগঠিত নজরদারির প্রয়োজন। আমি যখন যাই আমি দেখি, আমি অনেকবার ওই পেসেন্টদের কাছ থেকে প্রেসক্রিপশান জোগাড় করে বলি আপনাদের কী ওষুধ কিনতে হবে। আমি এই ব্যাপারটা বুঝি। সবাই তো বোঝে না, তাই আমরা যদি সবাই সংগঠিত নজরদারি দিই কারণ সবাই তো আর খারাপ কাজ করছেন না, কিছু কিছু লোক খারাপ কাজ করছেন। তাই সকলে মিলে যদি নজরদারি বাড়াই তাহলে এই যে ১১১ কোটি টাকা, ১৩ কোটি টাকা, ১৪ কোটি টাকা করে যে ওষুধের জন্য অ্যালটমেন্ট হচ্ছে, এই ওষুধ না পাওয়ার কোনো কারণ নেই। এ ছাড়াও প্রোজেক্টে ১১৪ কোটি টাকার ওষুধ পারচেস করা হচ্ছে। যদিও আমাদের পশ্চিমবঙ্গে ৮ কোটি মানুষের জন্য এটা এমন কিছু নয়, টাকাটাও কম নয়। তালিকা আমি দিতে পারি, আমাদের যারা ডিস্ট্রিক্ট হেল্‌থ কমিটির মেম্বার আছেন তাঁদের এটার পর্যালোচনা করা দরকার এবং হস্তক্ষেপ করা দরকার। যে ইন্দো-জার্মান বেসিক হেল্‌থ প্রোজেক্ট হয়েছে সেখানে ওষুধ তো বিনামূল্যে পাওয়া যায়। এখানে তো পয়সা দেওয়ার ব্যাপার নেই, বেশি বা কম দামের ব্যাপার নেই।

শ্রী নৃপেন গায়েন : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। বহু গ্রামাঞ্চলে যে হাসপাতাল আছে—যেমন প্রাইমারি হেল্‌থ সেন্টার, ব্লক হেল্‌থ সেন্টার এই সমস্ত সেন্টারগুলিতে প্রায়ই আমরা রোগীর কাছ থেকে শুনতে পাই ডাক্তারবাবু ফর্দ করে দিয়েছেন বাজার থেকে ওষুধ কিনতে হবে কারণ এখানে সাপ্লাই নেই। আমরা হাসপাতালে যাই এবং পঞ্চায়েতের লোকজনও হাসপাতালে যান। সেক্ষেত্রে ডাক্তারবাবুদের বক্তব্য হচ্ছে যে, আমরা ওষুধ আনতে পারছি না বা ওষুধের সাপ্লাই নেই। জীবনদায়ী ওষুধ যেগুলি আছে

সেগুলির সাপ্লাই নেই। সেগুলি আউট অফ সাপ্লাই। আমি যে প্রশ্ন করছি—বাজার থেকে যে সমস্ত ওষুধগুলি কিনতে হয়, সেগুলি আমরা দেখেছি যে সব জেনেটিক ওষুধ। এবং ওই সমস্ত ওষুধ খুব কস্টলি। ওষুধগুলোর কোনো কাজ হয় না। বাজারে এই সমস্ত ওষুধের রমরমা। আমরা কিন্তু বারণ করতে পারি না। কারণ এমনিতে হাসপাতালে ওষুধ পাচ্ছে না। আমি জানতে চাইছি মাননীয় মন্ত্রীর কাছে—ব্লক হাসপাতাল বা অন্যান্য যে প্রাইমারি হেল্‌থ সেন্টার যেগুলি গ্রামাঞ্চলে আছে সেখানে তালিকাভিত্তিক ওষুধ সরবরাহের সরকার নির্দেশিত পদ্ধতিটা কী ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : ব্লকে তো ডি.আর.এস. থেকে ওষুধ পাওয়া যাবে। আমাদের কতগুলি সেন্ট্রাল মেডিকেল সাপ্লাই আছে। জেলা থেকে ওরা নিতে পারেন। কয়েকটা জিনিস যেমন এ.আর.ভি—কুকুরে কামড়ানো ওষুধ যেটা পাস্তুর ইন্সটিটিউশান করে, ওরা জানেন কোথা থেকে পাওয়া যায়। আমি সেটা বলছি আপনাদের যে, যদি কেউ বলেন যে সাপ্লাই নেই এসেনসিয়াল ড্রাগ, তাদের বলতে হবে যে আপনাদের জেলায় যে ক্ষমতা আছে, সেই ক্ষমতা প্রয়োগ করে আপনাদের এখানে সেই ওষুধটা আপনারা সংগ্রহ করুন। কোথা থেকে কিনতে হবে সেটা তারা জানে সেই তালিকায় আছে কী দামে কিনতে হবে, কারা কারা সাপ্লায়ার হবে এগুলি সব আছে। ওদের কাছে যেটা তাদের যে কেনবার ক্ষমতা সেটা প্রয়োগ করতে হবে। যদি কোনো জীবনদায়ী ওষুধ তাদের কাছে সাপ্লাই না পাওয়া যায়, সাপ্লাই নেই বলে ওষুধ পাওয়া যাবে না এই কথা বলার কোনো সুযোগ নেই। এটা আমি বলে দিচ্ছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহোদয় বললেন যে, ওষুধ না পেলে বা রিফিউজড্ হলে সরাসরি জানাতে। এখন সাধারণ লোক যে নিজের নাম সই করতে জানে না, তাকে যে ডাক্তারবাবু বলে দেন যে ওষুধ নেই, নিয়ে এসো, তখন সে কাকে জিজ্ঞাসা করবে ? আপনারা এগুলি বলছেন ঠিকই তথ্যের দিক থেকে কিন্তু প্রয়োগের ক্ষেত্রে এইগুলির কোনো উপকারিতা আছে বলে মনে করি না। সমস্যা দ্বিবিধ হয়েছে। এক হচ্ছে সরকারি হাসপাতালগুলি—যেমন মেডিকেল কলেজ, জেলা হাসপাতালগুলিতে ফ্রি বেডের সংখ্যা কমে যাচ্ছে পেয়িং বেডের সংখ্যা বেড়ে যাচ্ছে। এবং এক ধরনের চিকিৎসক, অচিকিৎসক কর্মচারীরা, যখন একটা রোগীকে খারাপ অবস্থায় নিয়ে যায় তাকে ইনসিস্ট করে এই পেয়িং বেডে ভর্তি করে দেওয়ার জন্য। কোনো ফ্রি বেড খালি নেই, যদি পেয়িং বেডে ভর্তি করেন চেষ্টা করতে পারি। গরিব মানুষ বাধ্য হয়ে তাই করছে। এর আগে নিয়ম ছিল পেয়িং বেডে ভর্তি করার ৭২ ঘন্টার মধ্যে অ্যাপ্লাই করলে ফ্রি বেডে ট্রান্সফার করা হত। সেটাও বন্ধ হয়ে গেছে। শুধু ওষুধই নয়, হাসপাতালে রোগী ভর্তির ক্ষেত্রেও অসুবিধা দেখা দিয়েছে। ক্রমশ পেয়িং বেডের সংখ্যা বাড়ছে এবং ফ্রি বেডের সংখ্যা কমছে। অন্যান্য ওষুধের কথা ছেড়ে দিলাম, ব্যান্ডেজ, আইডিন পর্যন্ত বাইরে থেকে কিনে দিতে হচ্ছে। এখন কারও মাথায় আঘাত লাগলেই ডাক্তারবাবুরা বলে দিচ্ছে সি টি স্ক্যান করতে। হাসপাতালে সি টি স্ক্যান করার জন্য যখন রোগী যাচ্ছে তখন ৬০-৭০ দিন পরে ডেট দিচ্ছে। মাথায় আঘাত লেগেছে, ইন্টারনাল হেমারেজ হচ্ছে কি হচ্ছে না দেখার জন্য ৬০-৭০ দিন কেউ অপেক্ষা করতে পারে না, সেটা

সঙ্গে সঙ্গে দেখা দরকার। ফলে রোগীকে বাধ্য হয়ে বাইরে থেকে সি টি স্ক্যান বা এম.আর.আই করাতে হয়। গরিব মানুষ, যাদের সাধারণ ওষুধ কেনার পয়সা জোগাড় হয় না তারা কি করে বাইরে থেকে সি টি স্ক্যান বা এম.আর.আই করাবে। সুতরাং প্রয়োজনে গরিব মানুষরা যাতে হাসপাতালে বিনা পয়সায় সি টি স্ক্যান এবং এম.আর.আই করাতে পারেন তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কোনো ব্যবস্থা করবেন কি ? এই জাতীয় কন্‌সেশন গরিব মানুষদের দেবার জন্য আপনি কি অ্যাডিকোয়েট মেজার নেবেন ? আর পেয়িং বেডের সংখ্যা কমিয়ে ফ্রি বেডের সংখ্যা বাড়াবার ব্যবস্থা করবেন কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমাদের হাসপাতালগুলিতে এই ব্যবস্থা আগে থাকতেই ছিল এবং এখনও আছে—মোট বেডের ৩০% পেয়িং বেড এবং ৭০% ফ্রি বেড। শুধু পি.জি. হাসপাতালে পেয়িং বেডের পারসেন্টেজটা একটু বেশি। অন্যান্য জায়গায় কমই আছে। টোটাল বেডের ক্ষেত্রে ফ্রি বেডের সংখ্যা অনেক বেশিই আছে। বেড সম্বন্ধে আমাদের পূর্বের সিদ্ধান্তই কার্যকরী রয়েছে। আমি দায়িত্ব নিয়েই বলছি পেয়িং বেডের সংখ্যা বাড়ানো হয়নি। যে রোগীরা পেয়িং বেডে থাকেন তাদের সমস্ত রকম ওষুধই কিনতে হয়। তাদের বিনা পয়সায় ওষুধ দেওয়া সম্ভব নয়। কিন্তু মোট বেডের যে ৭০% ফ্রি বেড সেখানে রোগীরা বিনা পয়সায় ওষুধ পায়। তারপর সি টি স্ক্যান ইত্যাদির জন্য ৬০ দিন, ৭০ দিন লাগে বললেন। আমি যখন প্রথম এই দপ্তরের দায়িত্বে এসেছিলাম তখন আমিও ওই কথাই বলতাম। তখন আমাদের একটা মাত্র সি টি স্ক্যানের ব্যবস্থা ছিল। এখন পশ্চিমবাংলায় এমন কোনো মেডিকেল কলেজ নেই যেখানে সি টি স্ক্যানের ব্যবস্থা নেই। সব জায়গায়ই আমরা সি টি স্ক্যান মেশিন বসিয়েছি। শুধু মেডিকেল কলেজই নয়, বাঙ্গুর হসপিটাল, একটা ডিস্ট্রিক্ট হসপিটাল, সেখানেও সি টি স্ক্যান হচ্ছে। আমাদের হিসাবে এখন আর একজন রোগীকে ৫/৭ দিনের বেশি অপেক্ষা করতে হয় না। তা ছাড়া গরিব রোগীদের জন্য ফ্রি এবং হাফ ফ্রির ব্যবস্থাও আছে। সি টি স্ক্যানের প্রাইভেট ইন গভর্ণমেন্ট পার্টনারশিপে যে ব্যবস্থা হয়েছে তাতে প্রতি মাসে ৩০টা ফ্রি এবং ৭০টা হাফ ফ্রি'র ব্যবস্থা আছে। এখন আর সি টি স্ক্যানের জন্য লম্বা কিউ হবার কোনো সম্ভবনা নেই। তারপর আমাদের সরকারি ব্যবস্থায় সি টি স্ক্যান এবং এম.আর.আই-এর জন্য যে চার্জ নেওয়া হয় তা বাইরের প্রাইভেট ক্ষেত্রের প্রায় অর্ধেক। এর ফলে আর একটা ভালো জিনিস হয়েছে, এখন কলকাতায় ৮০০ টাকায় সি টি স্ক্যান হচ্ছে। আগে কখনোই এটা সম্ভব ছিল না।

মাসরুম চাষের প্রসার

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৮) **শ্রী ব্রহ্মময় নন্দ** : উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মাসরুম চাষের প্রসার ঘটাতে বর্তমানে রাজ্য সরকার কী কী ব্যবস্থা নিয়েছে ?

শ্রী শৈলেন সরকার :

ব্যবস্থাগুলি হল—

(১) প্রশিক্ষণ।

(২) গবেষণাগারের উন্নতিসাধন।

(৩) মাসরুম বীজ উৎপাদন।

(৪) মাসরুম উৎপাদনের জন্য অনুদানের ব্যবস্থা।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রিমহাশয়, এখন পর্যন্ত ক'জনকে মাসরুম চাষের প্রশিক্ষণ দেওয়া হয়েছে ?

শ্রী শৈলেন সরকার : বর্তমান বছরে ৩৭০০ জন মাসরুম উৎপাদককে প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

[12.00–12.10 p.m.]

শ্রী ব্রহ্মময় নন্দ : গবেষণাগারের উন্নতির জন্য আপনি কী কী ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী শৈলেন সরকার : আমরা গবেষণাগার স্থাপনের ব্যবস্থার জন্য উদ্যোগ নিয়েছি। কিন্তু সেই গবেষণাগার কৃষি বিভাগের ধান্য গবেষণাগারে অবস্থিত হওয়ায় সেই গবেষণাগারের উন্নতিসাধন করা যাচ্ছে না, একটা প্রবলেম হচ্ছে। এই ব্যাপারে কৃষি দপ্তরের সঙ্গে যোগাযোগ করি এবং তারা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে আমাদের জায়গা দিয়ে দেবে। আমরা সেখানে মাসরুম গবেষণাগার স্থাপন করছি।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

Meeting with Business Delegation

*91. (Admitted Question No. *447) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Commerce and Industry Department be pleased to state—

(a) whether it is a fact that the Chief Minister and Industry Minister held a meeting with an American Business Delegation on 24th January, 2003 ; and

(b) if so, a brief outline of what transpired in the said meeting and number of concrete investment proposals arrived at ?

The Minister-in-Charge of the Commerce & Industries Department :

(a) Yes

(b) An interactive session was organized by the Indo-American Chamber of Commerce & the US Consulate as per request of the Chief Minister, West Bengal. Wide ranging issues were discussed which included showcasing of West Bengal, its investment opportunities etc. During the course of the discussion there was, however, no concrete investment proposal.

ঠিকানাহীন মানসিক রোগমুক্তদের সংখ্যা

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৫) **শ্রী রামপদ সামন্ত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ঠিকানাহীন মানসিক রোগমুক্তদের সংখ্যা ক্রমশ বেড়ে চলেছে ;

(খ) সত্যি হলে, এদের পুনর্বাসনের জন্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কিনা ; এবং

(গ) করে থাকলে, তার রূপরেখা কীরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ঠিকানাহীন না হলেও পুনর্বাসনযোগ্য মানসিক রোগমুক্তদের সংখ্যা বাড়ছে।

(খ) উপরোক্তদের পুনর্বাসনের জন্য সরকারি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(গ) মানসিক রোগমুক্তদের পুনর্বাসন প্রকল্পে আরও বেশি সংখ্যায় নামী বেসরকারি সমাজসেবী প্রতিষ্ঠান যেমন—অন্তরা, নবদিগন্ত, অঞ্জলি, পরিপূর্ণতা প্রভৃতিকে যোগদানের অনুমতি দেওয়া হচ্ছে।

ঠিকানাহীন বয়স্ক মানসিক রোগমুক্ত ব্যক্তিদের এবং যাঁরা আদালতের আদেশানুসারে বিভিন্ন কারাগার থেকে মানসিক হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি হয়েছিলেন এবং সুস্থ হবার পরেও যাঁদের সমাজের মূলস্রোতে ফিরে যাবার কোনো সম্ভাবনা নেই, তাঁদের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ পুনর্বাসন কেন্দ্র তৈরির প্রস্তাব সরকারের বিবেচনাধীন। বর্তমান লুম্বিনী পার্ক মানসিক হাসপাতালের জন্য অধিগৃহীত জমিতে এই পুনর্বাসন কেন্দ্রটি নির্মাণের উদ্যোগ নেওয়া হচ্ছে।

যেহেতু এটি একটি সামাজিক সমস্যা, তাই স্বাস্থ্য দপ্তর ছাড়াও সমাজকল্যাণ দপ্তর, বিচারবিভাগীয় দপ্তর ও বিভিন্ন সমাজসেবী সংস্থার যৌথ সমন্বয়ে পুনর্বাসন প্রকল্পের বাস্তব রূপরেখা প্রদানের প্রয়াস নেওয়া হচ্ছে।

নতুন শিল্প স্থাপন

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৭) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক এবং শ্রী অরুণাভ ঘোষ : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৮ই মে, ২০০১ থেকে ৩১শে জুলাই, ২০০২ পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি নতুন শিল্প স্থাপনের জন্য বিনিয়োগ হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে, (১) সরকারি ও বেসরকারি শিল্পের সংখ্যা কয়টি, ও

(২) কোথায় কোথায় কী ধরনের নতুন শিল্প স্থাপনে বিনিয়োগ হয়েছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গত ১৮ই মে, ২০০১ থেকে ৩১শে জুলাই, ২০০২ পর্যন্ত, পশ্চিমবঙ্গে ৮৪টি নতুন শিল্প স্থাপনে ১৯৭৭ কোটি বিনিয়োগ হয়েছে।

(খ) তন্মধ্যে, (১) সরকারি শিল্পের সংখ্যা ৬টি এবং ৭৮টি বেসরকারি শিল্প।

উক্ত সময়ে ৮৪টি রূপায়িত প্রকল্পগুলির শিল্প অনুসারে ভাগ নিচে দেওয়া হল :

শিল্প	প্রকল্পের সংখ্যা
কারিগরি ও আনুষঙ্গিক শিল্প	২৯
রাসায়নিক ও আনুষঙ্গিক শিল্প	২৮
বৈদ্যুতিক ও বৈদ্যুতিন শিল্প	২
নলেজ বেসড শিল্প	৬
খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প	১৪
ঔষধ ও ভেষজ শিল্প	২
পাট ও বস্ত্র শিল্প	৩
মোট	৮৪

প্রথম সারণি

'মে ২০০১ থেকে জুলাই ২০০২' পর্যন্ত জেলাভিত্তিক রূপায়িত প্রকল্প

জেলা	প্রকল্পের সংখ্যা	বিনিয়োগ (লাখ টাকা)
হুগলী	০৮	১০০৫১.৬৬
বাঁকুড়া	০২	৩২৮.৬০
বর্ধমান	২২	৪৩২২৮.৫৩
উত্তর ২৪-পরগনা	১১	১৯৪২১.৮৮
মেদিনীপুর	০৮	৯৫৪০০.০০
হাওড়া	১১	৬১৬৭.০০
দার্জিলিং	০৩	৭১২.৭৫
পুরুলিয়া	০২	১৫৯৯.০০
দক্ষিণ ২৪-পরগনা	০৫	২০৮৯.০০
মালদা	০১	৬৭০০.০০
কোচবিহার	০১	২৬১.০০
কলকাতা	০৪	৬৭১৭.৫৭
নদীয়া	০৪	৪৪৪৫.০৫
জলপাইগুড়ি	০২	৪৯২.৯৯
মোট	**৮৪**	**১,৯৭,৬৭৫.০৬**
রাষ্ট্রায়ত্ত সংস্থা	**০৬**	

বিষ্ণুপুর পর্যটন কেন্দ্র

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৭) **শ্রী নন্দদুলাল মাঝি** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলার বিষ্ণুপুরকে আকর্ষণীয় পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য রাজ্য সরকার উদ্যোগ গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কী ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। এ সম্পর্কে রাজ্য সরকারের একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকার নীতিগতভাবে এই আর্থিক বছরে অনুমোদন করেছেন।

(খ) কেন্দ্রীয় সরকারের সহায়তায় এবং অনুমোদন ক্রমে বিষ্ণুপুরে ৫ কোটি টাকা ব্যয়ে 'ডেসটিনেসন বিষ্ণুপুর' নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পে পরিকাঠামো ব্যবস্থার উন্নয়ন, পর্যটনস্থলের সৌন্দর্যবৃদ্ধি ইত্যাদি রয়েছে।

ডাক্তার বদলি

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৪) শ্রী অসিত মিত্র : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০২ সালে মোট কতজন ডাক্তারকে বদলি করা হয়েছে (জেলাওয়ারি) ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৮৬৬ জন ডাক্তারকে বদলি করা হয়েছে (দপ্তরের প্রাপ্ত তথ্যানুযায়ী)

ডবলিউ.বি.এম.ই.এস. থেকে ২৫২ জন

ডবলু.বি.এইচ.এস. থেকে ৬১৪ জন

জেলাওয়ারি বদলির হিসাব আলাদাভাবে সংযোজিত হল।

Number of Medical Officers Transferred during the year 2002 (W.B.M.S.)

	District		No.
1.	Howrah	...	32
2.	Hooghly	...	29
3.	Kolkata	...	183
4.	Purba Midnapore	...	21
5.	Paschim Midnapore	...	36
6.	Purulia	...	24
7.	Bankura	...	26
8.	Birbhum	...	32
9.	Burdwan	...	48
10.	Murshidabad	...	42
11.	North 24-Parganas	...	19
12.	South 24-Parganas	...	07
13.	Nadia	...	26
14.	Malda	...	18
15.	Uttar Dinajpore	...	10
16.	Dakshin Dinajpore	...	09
17.	Jalpaiguri	...	19
18.	Coochbehar	...	10
19.	Darjeeling	...	23
		Total	**614**

Number of Teachers transferred during the year 2002

1.	From Kolkata district to	(a)	DSMC	27
		(b)	DMC	06
		(c)	NBMC	43
		(d)	MMC	13
		(e)	Kolkata	72
2.	From BSMC to Kolkata		...	45
3.	From MMC to Kolkata		...	05
4.	From NSMC to Kolkata		...	41
			Total	**252**

ডানলপ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৬) শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডানলপ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর পুনরুজ্জীবন প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত প্রকল্পটি সম্পর্কে বি.আই.এফ.আর.-এর সর্বশেষ নির্দেশিকা কী ?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ডানলপ ইন্ডিয়া লিমিটেড-এর খসড়া পুনরুজ্জীবন প্রকল্পটি বর্তমানে এ.এ. আই.এফ.আর.-এর বিবেচনায় রয়েছে।

(খ) বি.আই.এফ.আর. তার ১৯.১০.২০০১ তারিখের শুনানীতে ডানলপ কর্তৃপক্ষকে কিছু নির্দেশ দেন যার প্রতিবাদে কর্তৃপক্ষ এ.এ.আই.এফ.আর.-এর শরণাপন্ন হয় এবং সেই থেকে বিষয়টি এ.এ.আই.এফ.আর.-এর বিবেচনাধীন রয়েছে।

B.P.L. List

*97. (Admitted Question No. *864) **Shri Pankaj Banerjee** : Will the Minister-in-Charge of the Panchayet & Rural Development Department be pleased to state—

(a) the number of persons under B.P.L. List in the State ; and

(b) the parameters of selection of such persons ?

The Minister-in-Charge of the Panchayats & Rural Development Department :

(a) Information on Below Poverty Line list is maintained family wise. According to the list published on 30.10.2002 the number of rural families under Below Poverty Line is 42,51,823 which is 36.68% of the total Rural families.

(b) Consumption pattern was prescribed as the basis of determining Poverty Line. A family having per month expenditure upto Rs. 274.35 for each of its members is deemed to be a family living below the Poverty line.

Such family should not possess own pucca building (excluding IAY house) and any asset like T.V., Refrigerator Motor Cycle, Tractor, Power Tiller etc. and should not own more than 5 (five) acres of land.

নদীগর্ভে জমি

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৩) **শ্রী নৃপেন গায়েন** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০২-২০০৩ আর্থিক বছরে (জানুয়ারি ২০০৩ পর্যন্ত) উত্তর ২৪-পরগনার হিঙ্গলগঞ্জ-হাসনাবাদ ব্লকের অন্তর্গত কত একর জমি নদীগর্ভে চলে গেছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০০২-২০০৩ আর্থিক বছরে (জানুয়ারী ২০০৩ পর্যন্ত) উত্তর ২৪-পরগনার হিঙ্গলগঞ্জ ব্লকের মধ্য দিয়ে প্রবাহিত রায়মঙ্গল নদীপাড় সংলগ্ন প্রায় ১৭ একর জমি নদীগর্ভে চলে গেছে। তবে কোনো ঘরবাড়ি বিনষ্ট হয়নি। উক্ত সময়ে হাসনাবাদ ব্লকের কোনো জমি নদীগর্ভে যাওয়ার ঘটনা ঘটেনি।

Export of Agricultural Commodities

*99. (Admitted Question No. *471) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Food Processing and Horticulture Department be pleased to state—

(a) whether the Government has signed a Memorandum of Understanding with Keventer Bio Tech. and L.Q. Group to export agricultural commodities ; and

(b) if so, details of the proposal ?

The Minister-in-Charge of the Food Processing and Horticulture Department :

(a) The Government has signed MOUs with Keventer Bio-tech. Ltd. Group on 06.02.2003.

(b) Keventer Bio-tech Ltd., 21 Gopal Mukherjee Road, Kolkata-700 002 signed a MOU on 06.02.2003 with the Department of Food Processing & Horticulture, Government of West Bengal, represented by the West Bengal State Food Processing & Horticulture Development Corporation Ltd.

Keventer intends to set up an Export Oriented, Handling, Processing and Marketing unit for fruit and vegetables at Barasat, which is covered within Agri Export Zone for vegetables, It may be mentioned that the districts of Murshidabad, Nadia and North 24-parganas have been notified as the Agri-Export Zone for vegetables, by the Ministry of Commerce, Government of India. Keventer would use this Zone as the main source of vegetables for processing. The Department of Food Processing Industries & Horticulture, Government of West Bengal has accepted Keventer as a potential investor and has agreed to facilitate setting up this unit by providing various services as illustrated in Annexure.

Elque & Co., 10, Crooked Lane, Kolkata-700 069 also signed a MOU on 6.2.2003 with the Department of Food Processing Industries & Horticulture represented by West Bengal State Food Processing & Horticulture Development Corporation.

Elque & Co. also intends to set up an Export Oriented, Handling, Processing and marketing unit at Udayrajpur, Madhyamgram which comes under the Agri Export Zone for vegetables. The AEZ will act as the main source of vegetables for the processing unit. The Department of Food Processing Industries & Horticulture has accepted Elque as a potential investor and has agreed to assist in setting up this unit by providing various escort services as is admissible, similar to the ones provided to Keventer Biotech Ltd.

A copy of the MOU signed with Keventer Biotech is placed in the file as specimen.

ANNEXURE

(a) The Department would assist Keventer in procuring suitable land for setting up collection centres/pack-houses in districts.

(b) Escort services shall be provided for all infrastructural facilities.

(c) All benefits under the existing Industrial and Fiscal Policies of the Government will be entended to Keventer.

(d) The Department will facilitate Keventer in establishing direct linkage with the growers for procuring raw materials.

(e) The Department will facilitate setting up of common facilities like cold storage.

(f) With the help of State Research Institutions, the Department would Support-cultivators for development of export quality produce, post harvest handling systems, packaging etc.

(g) The Department shall also arrange for

- Demonstration of best agronomical practices/post harvest protocols for export quality produce
- Past Management & Control
- Leaf Tissue Analysis and Pasticide Residue Analysis
- Extension Services
- Compliance with codex requirements

(h) The Department shall recommend and extend all assistance for availing grant under all existing schemes of Government of India, APEDA and the State Government as admissible.

Keventer, in turn, agreed on the following :

- A detailed Project Report with master layout plan and all cost estimates would be submitted to the Department.
- Keventer would submit any report or information as and when required by the Department
- Keventer would the all safeguards to maintain the facilities set up under AEZ
- Keventer would seek approval from the Department before parting with or selling off the unit
- Any loss to the Department due to negligence or misuse of the facility would be borne by Keventer.
- The funds released for setting up of facility should not be diverted or misused.

বোতলে নিম্নমানের 'পানীয় জল'

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৬) শ্রী তপন হোড় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিককালে রাজ্যের বিভিন্ন স্থানে বোতলে অস্বাস্থ্যকর ও নিম্নমানের 'পানীয় জল' বিক্রি করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এ সম্পর্কে রাজ্য সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিভিন্ন স্থানে এইরূপ জল বিক্রির প্রমাণ পাওয়া গেছে।

(খ) যে সমস্ত ক্ষেত্রে মোড়কবদ্ধ পানীয় জলের সংগৃহীত নমুনা পরীক্ষা করে ভেজাল প্রমাণিত হয়েছে, সে সমস্ত ক্ষেত্রে ভেজালকারীদের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে।

এছাড়াও ভেজাল নিরোধক আইনের ৪৯(২৮) ও ৪৮(২৯) ধারা অনুযায়ী 'ব্যুরো অফ ইন্ডিয়ান স্টান্ডার্ড কর্তৃক প্রদত্ত শংসাপত্র ছাড়া যাতে কোন প্রস্তুতকারক সংস্থা বোতল বা মোড়কবদ্ধ পানীয় জল বা মিনারেল ওয়াটার প্রস্তুত ও বিক্রি করতে না পারে সেজন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

Unstarred Questions
(To which written answers were laid on the 'Table'.)

পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম কর্তৃক : প্রদর্শিত কাহিনীচিত্র

১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬) শ্রী আবু আয়েশ মণ্ডল : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম রাজ্য সরকার প্রযোজিত কাহিনিচিত্রসমূহের পরিবেশনার প্রধান দায়িত্বে রয়েছে ;

(খ) সত্যি হলে, ২০০২-২০০৩ আর্থিক বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত নিগম কর্তৃক প্রদর্শিত কাহিনিচিত্রের সংখ্যা কত ছিল ; এবং

(গ) কাহিনিচিত্রগুলির নাম কি কি ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ১৫টি।

(গ) ১. ঝড়
২. পথের পাঁচালী
৩. গুপীবাঘা ফিরে এলো
৪. সোনার কেল্লা
৫. রবিবার
৬. দখল
৭. ভোম্বল সর্দার
৮. বেনারসী
৯. নাগপাশ
১০. গণদেবতা
১১. নয়নতারা
১২. চোখ
১৩. গৃহযুদ্ধ
১৪. কোনী
১৫. হীরক রাজার দেশে

হুগলি জেলায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়

২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬২) **শ্রী কমল মুখার্জী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা কত ; এবং

(খ) ঐ জেলায় ১/২/৩ জন শিক্ষক-শিক্ষিকা সম্পন্ন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত ? (পৃথক পৃথকভাবে)

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হুগলি জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা-২৯৩৫টি, মাধ্যমিক (উচ্চ-প্রাথমিক, উচ্চ ও উচ্চমাধ্যমিক) বিদ্যালয়—৮২৫টি।

(খ) ১। একজন শিক্ষক-শিক্ষিকা সম্পন্ন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা—৪৫টি
২। দুইজন শিক্ষক-শিক্ষিকা সম্পন্ন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা—৬৩৬টি
৩। তিনজন শিক্ষক-শিক্ষিকা সম্পন্ন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা—৪২০টি

চন্দননগর মহকুমা সংশোধনাগারটির সংস্কারসাধন

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭১) **শ্রী কমল মুখার্জী** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলায় 'চন্দননগর মহকুমা সংশোধনাগার'টির সংস্কার সাধন কবে থেকে শুরু হয়েছিল ;

(খ) কবে নাগাদ এই সংস্কারের কাজ শেষ হবে বলে আশা করা যায় ;

(গ) অদ্যাবধি সংশোধনাগারটি সংস্কারের জন্য মোট কত অর্থ ব্যয় করা হয়েছে ; এবং

(ঘ) উক্ত কাজ শেষ করতে আরো কত অর্থ ব্যয় করতে হবে ?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৯৯৯ সালের জুলাই মাসে।

(খ) তাড়াতাড়ি শেষ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(গ) ৬,৫১,৯৬৭ টাকা।

(ঘ) প্রায় ৮ লক্ষ টাকা।

রাজ্য ক্রীড়া পর্ষদ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৮) **শ্রী কমল মুখার্জী** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ও জেলাস্তরে ক্রীড়া পর্ষদ গঠনের উদ্দেশ্য কি ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

আসল উদ্দেশ্য হল, খেলাধুলার মানোন্নয়নের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বিশেষ কৃতিত্ব প্রদর্শনে দেশের মর্যাদা বৃদ্ধি করা এবং অর্জিত সুখ্যাতি বিশ্বের দরবারে পৌঁছানো।

প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের প্রশিক্ষণ কেন্দ্র

৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪১০) **শ্রী ব্রহ্মময় নন্দ** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রাথমিক শিক্ষক/শিক্ষিকাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য বর্তমানে কতগুলি শিক্ষণ কেন্দ্র আছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমানে প্রাথমিক শিক্ষক/শিক্ষিকাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য মোট ৫৮টি শিক্ষণ কেন্দ্র আছে।

বহুরূপী শিল্পকে বাঁচিয়ে রাখার পরিকল্পনা

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৬) **শ্রী ব্রহ্মময় নন্দ** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বহুরূপী শিল্পটিকে বাঁচিয়ে রাখতে রাজ্য সরকার কি ধরনের ব্যবস্থা নিয়েছেন ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বহুরূপী শিল্পকে বাঁচিয়ে রাখতে রাজ্য সরকারের লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র থেকে এই আঙ্গিকের সঙ্গে জড়িত শিল্পীদের নিয়ে কর্মশালা করা, 'বহুরূপী উৎসব'-এর আয়োজন করা, এবং লোকশিল্পীদের অনুষ্ঠান প্রসার প্রকল্পে, বহুরূপীর অনুষ্ঠানকে সুযোগ দানের ব্যবস্থা করা হচ্ছে।

ওয়ে সাইড ট্যুরিজিম প্রকল্প

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৭) **শ্রী ব্রহ্মময় নন্দ** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পূর্ব মেদিনীপুর জেলায় নরঘাট বিধানসভা কেন্দ্রে নরঘাটে কয়ালচক মৌজায় ওয়ে সাইড ট্যুরিজিম প্রকল্পটি বাস্তবে রূপায়িত হতে আর কতদিন সময় লাগবে বলে আশা করা যায় ;

(খ) প্রকল্পটি রূপায়ণের জন্য কী পরিমান অর্থ ব্যয় হবে ; এবং

(গ) এর মধ্যে কেন্দ্রের দেয় ও রাজ্য সরকারের দেয় অর্থের পরিমাণ কত ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পর্যটন দপ্তরের অনুকূলে ভূমি ও ভূমিসংস্কার দপ্তরের পক্ষ থেকে জমি হস্তান্তরিত হলেই প্রকল্পটি বাস্তব রূপায়ণের কাজ শুরু হবে বলে আশা করা যায়। তবে এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো সময় এখনও ঠিক হয়নি।

(খ) ১৯৯৬-১৯৯৭ সালে প্রকল্পটির রূপায়ণ ব্যয় ধরা হয়েছিল ৫০ লক্ষ টাকা।

(গ) কেন্দ্রীয় সরকার ১৯৯৮ সালে প্রকল্পটির জন্য ২৬ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন। জমির হস্তান্তর না হওয়ায় রাজ্য সরকারের অর্থ দপ্তর এখনও প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন প্রদান করেননি। ফলত কোনো অর্থও বরাদ্দ করা হয়নি।

বেসরকারি উদ্যোগে প্রাথমিক শিক্ষক-শিক্ষণ কেন্দ্র

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৮) **শ্রী রামপদ সামন্ত** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০৩ সালে রাজ্য বেসরকারি উদ্যোগে বহু প্রাথমিক শিক্ষক-শিক্ষণ কেন্দ্র (পি.টি.টি.) স্থাপন করা হবে ?

(খ) সত্যি হলে, উক্ত প্রতিষ্ঠানগুলিতে শিক্ষার মান, পরিকাঠামো, পাঠক্রম নির্ধারণ ও পরীক্ষা ব্যবস্থা সম্পর্কে সরকারের ভূমিকা কি হবে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বহু নয়, কয়েকটি প্রাথমিক শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠান বেসরকারি উদ্যোগে স্থাপিত হতে পারে।

(খ) প্রাথমিক শিক্ষা আইন, ১৯৭৩ সম্প্রতি প্রাথমিক শিক্ষা (সংশোধিত) আইন, ২০০২ দ্বারা আংশিকভাবে সংশোধিত হয়েছে। এই আইন অনুসারে প্রতিষ্ঠানগুলিতে শিক্ষার মান, পরিকাঠামো, পাঠক্রম নির্ধারণ ও পরীক্ষা ব্যবস্থা সম্পর্কে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ প্রবর্তিত বিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সরকারি কম্পিউটার শিক্ষণ কেন্দ্র

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫০২) **শ্রী নির্মল ঘোষ** : কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলায় ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত সময়ে কম্পিউটার শিক্ষার জন্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষাকেন্দ্রের সংখ্যা কত ; এবং

(খ) এই সকল কম্পিউটার শিক্ষাকেন্দ্রে কর্মবিনিয়োগ কেন্দ্রগুলির কতজন শিক্ষণপ্রাপ্ত বেকারকে নিয়োগ করা হয়েছে ?

কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৮ (আট)।

(খ) ঐ সংক্রান্ত তথ্য বিভাগে রাখা হয় না।

পানিহাটিতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কলেজ

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৭) **শ্রী নির্মল ঘোষ** : কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারি বা বেসরকারি উদ্যোগে পানিহাটি বিধানসভা কেন্দ্রে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকলে কবে নাগাদ তা বাস্তবায়িত হতে পারে ?

কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Family Planning Clinics

11. (Admitted Question No. 534) **Shri Parash Dutta** : Will the Minister-in-Charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) The number of Family Planning Clinics currently operating in the State ;

(b) The number of such Clinics authorised to carry out Medical Termination of Pregnancy (MTP) ;

(c) The Standards maintained by the Clinics carrying out MTP and

(d) The role the Govt. Plays to ensure that Clinical, Civil and Social Standards are maintained by such Clinics.

Minister-in-Charge of the Health and Family Welfare Department :

Govt. Institution	Private Clinic	Total
470	323	793

(a) Appropriate places with required facilities are provided.

(b) Authorised registered medical professionals are ensured.

(c) By prior inspection of the Clinics to ensure the place and the facilities are fit to be approved for issuing certificate as required U/r 4 of the MTP Rules 1975.

বসুমতী পত্রিকার দৈনিক প্রচার সংখ্যা

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৬) **শ্রী জটু লাহিড়ী** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শিলিগুড়ি থেকে প্রকাশিত বসুমতী পত্রিকাটির বর্তমানে দৈনিক প্রচার সংখ্যা কত ; এবং

(খ) উক্ত পত্রিকা প্রকাশনে বর্তমানে কতজন কর্মচারী নিয়োজিত আছেন ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে (গত ১ জানুয়ারি, ২০০৩ থেকে) পত্রিকাটির প্রকাশনা বন্ধ আছে।

(খ) সাংবাদিক ও অসাংবাদিক কর্মী মিলিয়ে মোট ৬৫ জন (স্থায়ী ২৩ জন ও অস্থায়ী চুক্তিবদ্ধ ৪২ জন)।

গ্রামীণ জনসাধারণকে প্রাণী সম্পদ ব্যবহারে স্বনির্ভরকরণ

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮১০) **শ্রী নন্দদুলাল মাঝি** : প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দারিদ্রসীমার নীচে বসবাসকারী গ্রামীণ জনসাধারণকে প্রাণী সম্পদ ব্যবহারে স্বনির্ভর করতে রাজ্য সরকার কী ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন ; এবং

(খ) এ ব্যাপারে জেলা ভিত্তিক অগ্রগতি কিরূপ ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দারিদ্রসীমার নীচে বসবাসকারী গ্রামীণ জনসাধারণকে স্বনির্ভর করতে প্রাণী সম্পদ বিকাশ বিভাগের পক্ষ থেকে বিভাগীয় পরিকল্পনা খাতে আওতায় 'পরিবার ভিত্তিক প্রকল্প'-এর অধীনে হাঁস, মুরগি, ছাগল, ভেঁড়া, শূকর, খরগোশ ইত্যাদি পালনমূলক ছোট ছোট প্রকল্প চালু রয়েছে। এতে করে পরিবারের মোট আয়ের কিছু বাড়তি সংস্থান হয়ে থাকে। উপভোক্তাদের নির্বাচন হয় ত্রি-স্তর গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে। এই সমস্ত প্রকল্পের শতকরা ৭৫ ভাগ অনুদানও বাকি উপভোক্তাদের ব্যক্তিগত প্রদেয় অংশ।

সমস্ত প্রকল্পই বিভাগীয় অর্থমঞ্জুরীর ওপর নির্ভরশীল। চলতি আর্থিক বছরে হাঁস ও মুরগি পালনের জন্য ৩০ লক্ষ টাকা, ছাগল ও ভেঁড়া পালনের জন্য ২০ লক্ষ টাকা, শূকর পালনের জন্য ১৩ লক্ষ টাকা এবং তফশিলি জাতি ও উপজাতি উন্নয়নের জন্য যথাক্রমে ২০ ও ১০ লক্ষ টাকা বরাদ্দ আছে। গো-মহিষ উন্নয়ন প্রকল্পের আওতায় প্রতি গ্রাম পঞ্চায়েতে একজন করে বেকার যুবক ও যুবতীকে প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট পঞ্চায়েতে পারিশ্রমিকের বিনিময়ে কৃত্রিম গো-মহিষ প্রজনন ও প্রাণীর প্রাথমিক চিকিৎসা করার জন্য প্রাণী বন্ধু নামে নিয়োগ করা হচ্ছে।

এ ছাড়াও বিভিন্ন অর্থলগ্নিকারী সংস্থার সহযোগিতায় ও ব্যাঙ্ক ঋণের সাহায্যে প্রাণী সম্পদ বিকাশ সম্পর্কিত বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য যথাযথ সাহায্য ও সহযোগিতা এই দপ্তরের পক্ষ থেকে করা হয়।

(খ) বিভাগীয় প্রকল্পসমূহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় রূপায়িত হয়। এ বছরেও প্রতিটি জেলায় এই প্রকল্পসমূহ রূপায়িত করার লক্ষ্যমাত্রা ধার্য আছে।

চলতি আর্থিক বছরে পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় মোট ৭৫৪ জন প্রাণীবন্ধু নিয়োগ করা সম্ভব হয়েছে। জেলা ভিত্তিক তালিকা সংযোজন করা হল।

বিভিন্ন অর্থলগ্নিকারী সংস্থার সহযোগিতায় ও ব্যাঙ্ক ঋণের সাহায্যে প্রাণীসম্পদ বিকাশ সম্পর্কিত বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য রাজ্যের প্রতিটি জেলার প্রতিটি ব্লকে ১০০টি, প্রতিটি পৌরসভার জন্য ২৫টি করে দারিদ্রসীমার নীচে বসবাসকারী বেকার যুবক ও যুবতীদের স্বনির্ভরতার লক্ষ্যমাত্রা ধার্য আছে। এ ছাড়াও এ ধরনের উপভোক্তাদের নিয়ে স্বনির্ভর দলগঠনের ওপর গুরুত্ব দেওয়া হয়। এ পর্যন্ত রাজ্যে মোট প্রায় ৫০০০টি এরকম দল গঠন করা সম্ভব হয়েছে।

STATEMENT SHOWING EXPECTED EMPLOYMENT GENERATION (DISTRICT-WISE) IN LIVESTOCK SECTOR DURING 2002-2003

Sl. No.	District	Additonal No. of animals/birds						Addl. Primary Employment Generation	Addl. Secondary Employment Generation	No. of Prani Bandhu Trained	Total (9+10+11)	Remarks
		Cow+ Buffalo (Milk)	Poultry+ Duck (Egg)	Broiler+ Other Birds (Meat)	Goat (Meat)	Sheep (Wool* Mutton)	Pig (Meat					
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13
1	South 24 Parganas	4530	35480	108335	9361	4721	1133	1083	3249	62	4394	
2	North 24 Parganas	10834	25336	141860	15341	2242	1321	1995	5985	34	8014	
3	Nadia	11008	20894	78448	9802	1661	1532	1828	5484	37	7349	
4	Murshidabad	6198	26480	106354	9893	3127	567	1234	3702	45	4981	
5	Malda	2907	11221	46601	10543	1156	1108	764	2292	61	3117	
6	U. Dinajpur	1542	5796	29757	4278	170	462	357	1071	28	1456	
7	D. Dinajpur	1279	5602	22037	2601	264	907	289	867	47	1203	
8	Jalpaiguri	2778	8225	38337	4294	386	1132	548	1644	28	2220	
9	Coochbehar	2669	9708	33023	4073	406	229	497	1491	23	2011	
10	Burdwan	12647	25907	84088	14189	3220	2769	2242	6726	45	9013	
11	Birbhum	2358	16000	50977	5936	5023	1448	658	1974	43	2675	
12	Bankura	4203	10345	46307	5555	3626	1949	859	2577	29	3465	
13	Purulia	1025	7385	40971	4703	6763	1653	457	1371	31	1859	
14	Purba Medinipur									96		
15	Paschim Medinipur	9945	27762	103109	10439	2797	2000	1767	5301	54	7122	
16	Hooghly	9521	19486	56672	10163	2302	887	1641	4923	59	6623	
17	Howrah	3354	10018	81507	10543	1423	207	807	2421	23	3251	
18	Darjeeling	3595	5562	17541	2269	152	1072	580	1740	9	2329	
19	Kolkata	634	837	358520	4904	3547	348	395	1185	0	1580	
	TOTAL	91027	272044	1444444	138887	42986	20724	18001	54003	754	72662	

বনবিবি উৎসব

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৭) **শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ এবং ২০০৩ সালে অনুষ্ঠিত বনবিবি উৎসবে বিভিন্ন খাতে কত টাকা ব্যয় হয়েছে ; এবং

(খ) এই উৎসব সুন্দরবন এলাকার প্রতিটি ব্লকে অনুষ্ঠিত করার কোনো পরিকল্পনা আছে কিনা ?

সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২ সালের বনবিবি উৎসব পালনে বিভিন্ন খাতে মোট ২৭,৩৬,৯৭৭.০০ টাকা ব্যয়িত হয়েছে।

২০০৩ সালের বনবিবি উৎসব পালনে এ পর্যন্ত ৭ লক্ষ ১০ হাজার টাকা ব্যয় হয়েছে। আরও বিল পরিশোধ করতে হবে, যার পরিমাণ এখনও জানা যায়নি।

এই উৎসব আয়োজনের জন্য রাজ্য সরকার ২০০২ সালে ১৪ লক্ষ টাকা এবং ২০০৩ সালে ৯ লক্ষ টাকা অনুদান মঞ্জুর করেছেন।

(খ) প্রথম দুইটি বনবিবি উৎসব যথাক্রমে দক্ষিণ ২৪ পরগনার গোসাবা ব্লকের রাঙাবেলিয়া ও কুলতলি ব্লকের কৈখালি দ্বীপে অনুষ্ঠিত হয়েছে। আগামী বছরের বনবিবি উৎসব উত্তর ২৪ পরগনার সুন্দরবন অঞ্চলের কোনো একটি ব্লকে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত হয়েছে। এইভাবে পর্যায়ক্রমে সুন্দরবনের বিভিন্ন ব্লকে এই উৎসব অনুষ্ঠিত করার পরিকল্পনা আছে।

সুন্দরবন এলাকার বিধায়ক প্রকল্প

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮২০) **শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন এলাকার বিধানসভা কেন্দ্রগুলির বিধায়ক প্রদত্ত প্রকল্পগুলি রূপায়ণের জন্য ২০০২-২০০৩ আর্থিক বছরে কেন্দ্রপিছু বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) কবে নাগাদ উক্ত প্রকল্পগুলির কাজ শুরু হবে ?

সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২-২০০৩ আর্থিক বছরে সুন্দরবনের বিভিন্ন ব্লকে বিভাগীয়ভাবে বিভিন্ন প্রকল্প রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়েছে। এতে বিধায়কদের সুপারিশকৃত প্রকল্পগুলিও আছে। এ বছর বাজেটের কোনো অংশ বিধানসভাকেন্দ্র ভিত্তিক প্রকল্প রূপায়ণের জন্য বণ্টন করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া আদালত

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৩) শ্রী কাশীনাথ মিশ্র : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া আদালত ভবন চত্বরে বিচার প্রার্থীদের জন্য বসার জায়গা, পানীয় জল ও শৌচাগারের অভাব আছে এবং আদালত চত্বরটি প্রাচীর বেষ্টিত নয় ; এবং

(খ) সত্যি হলে, উক্ত অবস্থা নিরসনের কোনো ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা আছে কিনা ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

বিচার প্রার্থীদের বসার জায়গা আছে, বাঁকুড়া পুরসভা কর্তৃক সরবরাহ করা পানীয় জল আছে, শৌচাগার আছে। কিন্তু বাঁকুড়া পুরসভা কর্তৃক সরবরাহকৃত জলের অপর্যাপ্ততার জন্য অব্যবস্থা আছে এবং আদালত চত্বরটি প্রায় অর্ধেক প্রাচীর বেষ্টিত।

(খ) বিচার প্রার্থীদের বসার আচ্ছাদন তৈরির জন্য ২,৩১,০০০ টাকা ১৯৯৯-২০০০ আর্থিক বর্ষে বরাদ্দ করা হয়েছে।

শৌচাগার তৈরির জন্য ২,২০,০০০ টাকা ১৯৯৯-২০০০ আর্থিক বর্ষে বরাদ্দ করা হয়েছে।

আদালত চত্বরের চারিদিকে প্রাচীর নির্মাণের জন্য ১৯৯৯-২০০০ আর্থিক বর্ষে ২,৯৩,৭৬৬ টাকা বরাদ্দ করা হয়েছে।

পানীয় জল সরবরাহ ব্যবস্থার উন্নতির জন্য ২০০২-২০০৩ আর্থিক বর্ষে ৭,০৩,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

ছাত্রছাত্রীদের মাধ্যমে চারাগাছ রোপণ

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৬) শ্রী নৃপেন গায়েন : সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুন্দরবন উন্নয়ন বিষয়ক দপ্তর, সুন্দরবন এলাকার বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মাধ্যমে ২০০১-২০০২, ২০০২-২০০৩ আর্থিক বছরে নারকেল চারা এবং অন্যান্য ফলের চারা বিতরণ করেছে ; এবং

(খ) সত্যি হলে কি কি গাছের চারা কত সংখ্যক বিতরণ করা হয়েছে ?

২০০১-২০০২ আর্থিক বছরে :

২০০২-২০০৩ আর্থিক বছরে :

সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, একথা সত্যি যে, সুন্দরবন উন্নয়ন বিষয়ক দপ্তর ২০০১-২০০২ এবং ২০০২-২০০৩ আর্থিক বছরে সুন্দরবন এলাকার উচ্চমাধ্যমিক, মাধ্যমিক, বুনিয়াদি, নিম্ন-বুনিয়াদি ও মাদ্রাসা সমূহের ছাত্রছাত্রীদের মধ্যে কেবল নারকেল চারা বিতরণ করেছে।

(খ) আর্থিক বছর অনুযায়ী চারা বিতরণের খতিয়ান নীচে দেওয়া হল—

পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর ১,৯৪,৫২৭ জন ছাত্রছাত্রীদের প্রত্যেককে একটি হিসাবে ১,৯৪,৫২৭টি নারকেল চারা।

পঞ্চম, নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণীর ১,৭০,৫৬২টি নারকেল চারা।

কাকদ্বীপে অগ্নি নির্বাপন কেন্দ্র

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭২) **শ্রী মন্টুরাম পাখিরা** : অগ্নি নির্বাপন পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাকদ্বীপে একটি অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি ; এবং

(খ) গ্রহণ করে থাকলে কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

অগ্নি নির্বাপণ পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) উপযুক্ত জমি এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তির উপর বিষয়টি নির্ভরশীল।

কাকদ্বীপ মহকুমায় অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮১) **শ্রী মন্টুরাম পাখিরা** : সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত কাকদ্বীপ মহকুমায় মোট অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা কত ;

(খ) উক্ত কেন্দ্রগুলিতে বর্তমানে কতগুলি পদ শূন্য আছে ; এবং

(গ) কবে নাগাদ এই শূন্যপদগুলি পূরণ হবে বলে আশা করা যায় ?

সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত কাকদ্বীপ মহকুমার চারটি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে মোট অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা ৭৭৯টি।

(খ) উক্ত কেন্দ্রগুলিতে বর্তমানে ১৬২টি অঙ্গনওয়াড়ি কর্মীপদ এবং ১৫৩টি সহায়িকা পদ শূন্য আছে।

(গ) এই শূন্যপদগুলি যত সত্বর সম্ভব পূরণ করার জন্য প্রজেক্ট স্তরের সংশ্লিষ্ট সিলেকশন কমিটিকে তৎপর হতে অনুরোধ করা হচ্ছে।

সুন্দরবনকে পৃথক জেলায় রূপান্তর

২০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৬) শ্রী মন্টুরাম পাখিরা : কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনকে একটি পৃথক জেলায় রূপান্তরিত করার কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) করে থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Budge Budge Stadium

21. (Admitted Question No. 1204) **Shri Ashok Deb** : Will the Minister-in-Charge of the Sports Department be pleased to state—

(a) Whether any decision has been taken by the Govt. for construction of the Budge Budge Stadium and

(b) If so, the steps taken therefore ?

Minister-in-Charge of the Sports Department :

(a) Construction work of the Budge Budge Stadium entirely depends on the Budge Budge Municipality. Govt. has not taken any such decision for construction of the said stadium.

(b) Question does not arise.

সদর স্ট্রিটে রবীন্দ্র স্মৃতি বিজড়িত বাড়ি অধিগ্রহণ

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৮) **শ্রী ধনঞ্জয় মোদক** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, সরকার ১০নং সদর স্ট্রিটে 'রবীন্দ্র স্মৃতি বিজড়িত' বাড়িটি অধিগ্রহণ করতে চলেছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত বাড়িটি অধিগৃহীত হবে ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ঘাটাল মহকুমায় অগ্নি নির্বাপণ কেন্দ্র

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৩) **শ্রী রতন পাখিরা** : অগ্নি নির্বাপণ পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ?

অগ্নি নির্বাপণ পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ, আছে।

উত্তরবঙ্গে দ্বিতীয় বিশ্ববিদ্যালয়

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৪) **শ্রী প্রমথনাথ রায়** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গের ছয়টি জেলার জন্য দ্বিতীয় বিশ্ববিদ্যালয় স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে উক্ত বিশ্ববিদ্যালয় কোথায় স্থাপন করা হবে ; এবং

(গ) কবে নাগাদ বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কার্য শুরু হবে বলে আশা করা যায় ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উত্তরবঙ্গের ছয়টি জেলার জন্য দ্বিতীয় বিশ্ববিদ্যালয় স্থাপনের কোনো পরিকল্পনা আপাতত সরকারের নাই।

(খ) উপরোক্ত কারণ হেতু কোনো প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

রাজ্যের আরও কয়েকটি জেলা বিভাজনের প্রস্তাব

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৯) শ্রী চিত্তরঞ্জন রায় ও শ্রীমতী সাবিত্রী মিত্র : কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা সত্যি যে, মেদিনীপুরের ন্যায় আরও কয়েকটি জেলা বিভাজনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্যি হলে, কোন কোন জেলা বিভাজিত হবে ?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received six notices of Adjourment Motions. The first one is from Smt. Sonali Guha on the subject of reported physical assault on some supporters of SUCI protesting against hike of bus fare etc. in the state on 25.03.2003. The second one is from Dr. Asish Banerjee on the subject of delay in payment of salary to the teachers of primary schools in the State. The third one is from Shri Ajoy Dey on the subject of spurt in death of persons from polio, Tuberculosis and Enteric Diseases in the State. The fourth one is from Shri Ashok Kumar Deb on the subject of delay in construction work of Salt Lake Sub-divisional Court causing harassment to the people. The fifth one is from Shri Saugata Roy on the subject of agitations of the people on hike in fare of buses, mini buses etc. in the State. And the sixth one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of irregularities in scrutiny of answer scripts of some higher secondary candidates on order of the Hon'ble High Court.

The subject matters of all the adjournment motions relate to day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members will get ample scope to raise the matters during General Discussion on Budget. Besides, the Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member of the party may read the text of the Motion as amended.

শ্রীমতী সোনালী গুহ : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—

গতকাল রাজ্যের পরিবহনমন্ত্রী বাস, ট্রাম ও ট্যাক্সির ভাড়া বৃদ্ধির কথা ঘোষণা করেছেন। ঠিক তার পরেই এস.ইউ.সি.-র কিছু সমর্থক বিধানসভার নর্থগেটে দলীয় কর্মসূচী অনুযায়ী বিক্ষোভ দেখায়। প্রতিটি ইলেকট্রনিক মিডিয়াতে গতকাল আমরা দেখেছি কিছু পুলিশ বিক্ষোভকারীদের অশ্লীল ভাষায় গালিগালাজ করেন এবং একজন মহিলাকে পুলিশের একজন পুরুষকর্মী শারীরিক নির্যাতন করেন। অবিলম্বে এই সরকারের পদত্যাগ দাবি করছি।

শ্রী অজয় দে : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—

পোলিও, যক্ষ্মা, আন্ত্রিক ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। রাজ্যে পোলিও সংক্রমণে এই রাজ্যের স্থান সব রাজ্যের উপরে। এছাড়া যক্ষ্মা রোগের মৃত্যুর সংখ্যা কলকাতা শহরে সবচেয়ে বেশি। আন্ত্রিকেও সেই একই অবস্থা। এরপর রয়েছে কালাজ্বর, এড্‌স, হেপাটাইটিস বি, এনকেফেলাইটিস-এর মতো মারণ ব্যাধি। স্বাস্থ্য দপ্তর রোগ প্রতিরোধ মোকাবিলায় চরমভাবে ব্যর্থ। সাধারণ মানুষ আজ এই ভয়াবহ অবস্থায় অত্যন্ত আতঙ্কিত।

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received seven notices of Calling Attention on the following subjects, namely :—

	Subject		Name
(i)	Abduction of one Sourish Singha Roychoudhury, a student of Barasat Evening College on 20.1.2000	:	Smt. Sonali Guha Shri Jyoti Priya Mallick Shri Kallol Khan Shri Pundarikakshya Saha & Shri Kashinath Mishra
(ii)	Alleged non-existence of Third-party insurance of the vehicles of Home (Police) Department	:	Dr. Asish Banerjee

(iii)	Deplorable condition of the workers of the closed tea gardens in Terai, Dooars and Darjeeling	:	Shri Nirmal Das & Shri Jane Alam Mian
(iv)	Recent tripartite meeting regarding sick tea gardens at Terai and Dooars region	:	Shri Tapan Hore
(v)	Crisis at Ahmedpur Sugar Mill in Birbhum	:	Shri Asit Kumar Mal
(vi)	Progress of Kalna-Santipur bridge over Bhagirathi river	:	Shri Ajoy Dey
(vii)	Non-transfer of land of some Mouzas under Amdanga Assembly Constituency from Rural Land Ceilling to Urban Land Ceilling	:	Smt. Sarmistha Dutta

I have selected the notice of Smt. Sarmistha Dutta on the subject of 'Non-transfer of land of some Mouzas under Amdanga Assembly Constituency from Rural Land Ceilling to Urban Land Ceilling'.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 28th March, 2003.

LAYING OF REPORTS

26th Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1999-2000

Shri Probodh Chandra Sinha: Mr. Speaker, Sir, with your kind permission I beg to lay the 26th Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1999-2000.

Audited Report & Annual Accounts of the Webel Informatics Limited for the year 2001-2002

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission I beg to lay the Audited Report & Annual Accounts of the Webel Informatics Limited for the year 2001-2002.

Audited Annual Report of Webel Technology Limited for the year 2001-2002

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission I beg to lay the Audited Annual Report of Webel Technology Limited for the year 2001-2002.

Audited Annual Report of Webel Mediatronics Limited for the year 2001-2002

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission I beg to lay the Audited Annual Report of Webel Mediatronics Limited for the year 2001-2002.

Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the thirty-fourth Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber Yesterday and recommended the revised programme of Business for the 27th and the 28th March, 2003 and the programme of Business for the 31st March, 2003 as follows :

27.03.03 Thursday	(i) Discussion and Voting of Demands for Supplementary Grants for the year 2002-2003	... 2 hrs.
	(ii) The West Bengal Value Added Tax 2003 (Introduction, Consideration & Passing)	... 2 hrs.
28.03.03 Friday	(i) The West Bengal Finance Bill, 2003 (Introduction, Consideration & Passing)	... $1^1/_2$ hrs.
	(ii) The West Bengal Appropriation Bill, 2003 (Introduction, Consideration & Passing)	... 2 hrs.

	(iii) The West Bengal Appropria- (Vote on Account) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	... ½ hrs.
31.03.03 Monday	(i) The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	... 2 hrs.
	(ii) The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	... 1 hrs.
	(iii) The West Bengal Public Library (Amendment) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	... 1 hr.

Now, Minister-in-Charge of Parliamentary Affairs may move the motion for acceptance of the House.

Shri Probodh Chandra Sinha : Mr. Speaker, Sir, I beg to move that the thirty-fourth Report of the Business Advisory Committee as presented in the House be accepted.

The motion was then put and agreed to.

MENTION

শ্রী মানিকলাল আচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র কুলটি এলাকাতে পানীয় জলের তীব্র সংকট চলছে। বারবার আমি এই বিধানসভায় আমার কেন্দ্র কুলটির পানীয় জলের সংকটের কথা বলেছি। স্যার, কুলটিতে কারখানা বন্ধ হওয়ার ফলে এই পানীয় জলের সংকট আরও তীব্র হবে। আমার এলাকার হাতিনর্ল, নারানচক, কুলটিরাণীতলা, বোলডি, বেলাচক, আলডি, বেলডি, চুনবাড়ী, কেন্দুয়াবাজার, বরাকর এবং আরও অনেক গ্রাম আছে যেখানে পানীয় জলের তীব্র সংকট চলছে। এ ব্যাপারে আমি এই বিধানসভায় ১২ বছর ধরে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আসছি কিন্তু এখনও পর্যন্ত কোনো ব্যবস্থাই হয়নি। মাননীয় মন্ত্রিমহাশয়কে এ ব্যাপারে আমি চিঠিও দিয়েছি কিন্তু কোনো উত্তর পাইনি। স্যার, পানীয় জলের সুব্যবস্থা

সেখানে না হলে আন্দোলন হবে। সামনে আবার গ্রীষ্মকাল আসছে, তাতে পানীয় জলের সংকট তীব্র হবে। মাননীয় মন্ত্রিমহাশয়কে স্যার, আপনার মাধ্যমে বলছি, অবিলম্বে সেখানে ব্যবস্থা করুন যাতে স্থানীয় মানুষরা পানীয় জল পান।

[12.10–12.20 p.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের অবতারণা করতে চাই যে বামফ্রন্ট এখানে ভোটে কিভাবে জালিয়াতি করে এবং ভোটার লিস্টে কিভাবে কারচুপি করে। তার একটি প্রকৃষ্ট উপমা একটি উদাহরণ আমি আপনাদের কাছে হাজির করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবাক হয়ে যাবেন, ইলেকশন কমিশন অফ ইন্ডিয়া ভোটার হিসাবে সার্টিফাই করেছিলেন শেখ জালালউদ্দীনকে। তিনি বীরভূম জেলার কেন্দুয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান। শেখ জালালউদ্দীনকে ভারতের নির্বাচন কমিশন ভোটার হিসাবে তাঁর নাম রেখেছিলেন তিনি কর দেন, তার রসিদ তাঁর কাছে আছে। তাঁর পরিবারের রেশন কার্ড থাকা সত্ত্বেও এবং তিনি সেখানে বসবাস করা সত্ত্বেও, তিনি গ্রাম পঞ্চায়েতের প্রধান হওয়া সত্ত্বেও তাঁর নাম এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। শুধু তাই নয়, ভোটার তালিকায় নাম বাদ গেলে যে সমস্ত প্রক্রিয়া করা দরকার তা করা সত্ত্বেও এবং নির্বাচন কমিশনকে সমস্ত কিছু জানানো সত্ত্বেও তাঁর নাম ভোটার লিস্টে তোলা হয়নি। কারণ ওখানকার সিপিএম জানে, তাঁর নাম রাখা হলে তারা পরাজিত হবে। সেজন্য তাঁর নাম বাদ দেওয়া হয়েছে। আমি সমস্ত ডকুমেনটস্ আপনাকে দিচ্ছি এবং তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য আমি অনুরোধ করছি। সারা পশ্চিমবাংলায় সিপিএম কিভাবে ভোটার তালিকায় জালিয়াতি করছে এটি তার একটি প্রকৃষ্ট উদাহরণ।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং জেলার তরাই এবং ডুয়ার্সে চা বাগানের মালিক অন্যায়ভাবে ২২টি চা বাগান বন্ধ করে দিয়েছে। কয়েক হাজার শ্রমিক তারা কাজ ছাড়া হয়ে গেছে। তারা অর্ধাহারে, অনাহারে আছে। আইন অনুসারে, নিয়ম অনুসারে চিকিৎসা, পানীয় জল ইত্যাদি যা পাবার কথা তা তারা পাচ্ছে না। তাদের পি.এফ. পাওনাগন্ডা তারা পাচ্ছে না। ইউ.টি.ইউ.সি.-র নেতৃত্বে চা বাগানের শ্রমিকরা তাদের পরিবারসহ আজকে রাণি রাসমণি রোডে অবস্থান করছে। তাই আমি দাবি রাখছি, এই চা বাগানগুলি অবিলম্বে খোলা হোক এবং শ্রমিকদের সমস্ত পাওনাগণ্ডা মেটাবার ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুর বিধানসভা কেন্দ্রে শ্যামপুর সমবায় সমিতি ২০০০ সালে গোডাউন-কাম-সেলস্ কাউন্টার নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ সরকার বাহাদুরের নিকট লোনের আবেদন করে। এ.আর.সি.জি.-এর রেকমেন্ডেশান অনুযায়ী এন.সি.ডি.সি. অর্ডার নং-ডবলু.বি. নর্মাল ষ্টোরেজ (এসপি প্রোগ্রাম) ৬৬২(২১)৮ আর.ও.ই. ৯১৮

ডেটেড ২৮-২-০১ গোডাউন নির্মাণের জন্য ২.৫০ লক্ষ টাকা স্যাংশন দেন। কিন্তু সরকারি বিভিন্ন অফিস ঘুরে পৌঁছতে দেরি হওয়ায় ভ্যালিডিটি নষ্ট হয়ে যায়। এরপর পুনরায় সমিতি ভ্যালিডিটি এক্সটেনশনের আবেদন জানায় এবং অর্ডার নং-এন.সি.ডি.সি., ডবলু.বি. ৮-৬, ০২ ডেটেড ২৬।১১।০২ এবং এন.সি.ডি.সি.-২৩-৪-৯৭ ডেটেড ১-১১-০২ পুনরায় অনুমোদন পায়। সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও ও কো-অপারেশন ডিপার্টমেন্টের প্রিন্সিপাল সেক্রেটারির কাছ থেকে আজ পর্যন্ত কোনো খবর পাওয়া যায়নি। উক্ত সমিতি লোন পাওয়ার ক্ষেত্রে উক্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের সহযোগিতা কামনা করি।

শ্রী নিত্যানন্দ বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভায় দুটি পঞ্চায়ত সমিতি ১৩টি গ্রাম পঞ্চায়েত এবং একটি পৌরসভা এলাকা আছে যেগুলো হলদিয়া উন্নয়ন পর্ষদের এলাকার অধীন। এই হলদিয়া উন্নয়ন পর্ষদ এলাকার অধীনে গ্রাম পঞ্চায়েত এলাকাগুলোর বর্ধিত হারে খাজনা এবং রাজস্ব দিতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি রাজস্বমন্ত্রীর কাছে আবেদন করছি যে, যাতে অন্যান্য গ্রাম এলাকায় যে ধরনের খাজনা এবং রাজস্ব আদায় হয় এখানেও ওই ২টি পঞ্চায়েত সমিতি, ১৩টি গ্রাম পঞ্চায়েত এলাকার ব্যাপারে মাননীয় মন্ত্রী যেন নির্দেশ জারি করে ওইধরনের খাজনা এবং রাজস্ব আদায় বন্ধ করার ব্যবস্থা করেন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সদস্য এক্ষুনি যে কথাটা বললেন সেই কথাটাকেই আমিও আপনার মাধ্যমে জানাচ্ছি যে, এই খাজনা এবং রাজস্ব আদায়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের সর্বশ্রেণীর মানুষেরা বিভ্রান্তির মধ্যে পড়েছে এবং এই খাজনা আদায়ের ক্ষেত্রে ২৫ বছরের বকেয়া খাজনা আদায় করা হচ্ছে। আরেকটা মজার জিনিস হচ্ছে যে, সেখানে শুধু সেচ এলাকা নয়, অসেচ এলাকা-কংসাবতীর কমান্ড এলাকা, সেই এলাকার বাইরে দ্বারকেশ্বরের এলাকা—বাঁকুড়া ১নং ব্লক, বাঁকুড়া ২নং ব্লকে যে সেস বসানো হয়েছে। এটা একটা অদ্ভুত ব্যাপার যে, অসেচ এলাকাতেও খাজনা এবং রাজস্ব আদায়ের ক্ষেত্রে যেভাবে যথেচ্ছাচার চালানো হচ্ছে, সেই যথেচ্ছাচার আপনার বন্ধ না হলে সাধারণ মানুষ, মধ্যবিত্ত মানুষ থেকে আরম্ভ করে কৃষক, প্রান্তিক চাষী সর্বশ্রেণীর মানুষেরা একটা ভয়াবহ অবস্থায় এসে দাঁড়াবে। এখানে সেচমন্ত্রী আছেন, বিষয়টা দেখুন। আমি আপনার মাধ্যমে এই জিনিস প্রতিকারের দাবি জানাচ্ছি, আজকে প্রত্যেকটি জেলার মানুষেরা এরজন্য বিব্রত।

শ্রী তপন হোড় : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ২০০০ সালে উত্তরবঙ্গের চা বাগান দার্জিলিং, তরাই অঞ্চলের চা বাগান এবং ডুয়ার্সের চা বাগানের শ্রমিকেরা ধর্মঘট শুরু করেছিল মালিকদের অন্যায়ের বিরুদ্ধে। সেই ধর্মঘট অনেকদিন হয়েছিল এবং এখানে অ্যাসেম্বলিতে আলোচনাও হয়েছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করা হয়েছিল। সেই সময়ে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে একটা চুক্তি সম্পাদিত হয়। কিন্তু আনফরচুনেটলি মালিকরা সেই চুক্তি মানছে না এবং দেখা গেছে ওখানকার শ্রমিকেরা তাদের পাওনা থেকে

বঞ্চিত হচ্ছে। শুধু তাই নয়, এর ফলে এই আন্দোলনের জন্য অনেক শ্রমিক মারা গেছে। আজকে রানি রাসমণি রোডে ওই সমস্ত শ্রমিক পরিবার থেকে জমায়েত হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি যে, এইরকম একটা অগ্নিগর্ভ পরিস্থিতির সৃষ্টি হয়েছে, একটা সিরিয়াস ইস্যু আশা করি সবাই এই ইস্যুটাকে দেখবেন আজকে বিশ্বায়নের ফলে, কেন্দ্রীয় গভর্ণমেন্টের পলিসির ফলে এই রাজ্যের এই অবস্থা সৃষ্টি হয়েছে। রাজ্য সরকারকে তার উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য দাবি জানাচ্ছি এবং মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি। মালিকপক্ষরা একতরফাভাবে বারে বারে সেই চুক্তি ভাঙছে, প্রভিডেন্ড ফাণ্ডের টাকা লুঠপাট করছে, শ্রমিকদের হাসপাতালের ফেসিলিট দিচ্ছে না, তাদেরকে ছাঁটাই করে দিচ্ছে। এই ভয়াবহ অবস্থাতে চুপ করে বসে থাকা যায় না, সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.20–12.30 p.m.]

শ্রী আব্দুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি আমি মন্ত্রিমহাশয়কে আগেও বলেছি এবং ডেপুটি স্পিকার মহাশয়ও জানেন। আমাদের জেলায় দিল্লি রোড এবং জি.টি. রোডের বেহাল অবস্থার কথা। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আপনি গিয়ে একবার ওই রাস্তা দুটি দেখে আসুন, আপনি ফিরে আসলেও আসতে পারেন, কিন্তু আপনার গাড়ির চাকা ফিরে আসবে না। এই ব্যাপারটি বার বার ব্যক্তিগতভাবে আপনাকে বলেছি, আপনার অফিসারদের বলেছি, কিন্তু আজ পর্যন্ত কিছু করা হয়নি। এটা একটা ইণ্ডাস্ট্রিয়াল বেল্ট এবং ওখানে অনেক শিল্প কলকারখানা আছে। মাননীয় মন্ত্রী প্রতিম চ্যাটার্জী মহাশয়ও ওই দুটি রাস্তার বেহাল অবস্থার কথা জানেন, কারণ ওখান দিয়ে উনি যাতায়াত করেন। কলকাতার সঙ্গে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাগুলির যোগাযোগের এটিই প্রধান রাস্তা। অবিলম্বে দিল্লি রোড এবং জি.টি. রোড সারাবার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক এবং বর্ষার আগেই রাস্তা দুটি সারাবার ব্যবস্থা করা হোক। তা নাহলে ডেড লক হয়ে যাবে।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি শহর সদর হাসপাতালে বিশ্বব্যাঙ্কের সহায়তায় ঘর নির্মিত হয়েছে, তার মর্গ তৈরি হয়েছে। কিন্তু এর দায়িত্ব পুলিশ নেবে না স্বাস্থ্য বিভাগ নেবে এর টানাপোড়েনে ছয় মাসের উপরে হল সমস্ত যন্ত্রপাতি যাওয়া সত্ত্বেও মর্গ চালু করা যায়নি। মর্গের দুর্গন্ধে রোগীরা কঠিন অবস্থার মুখোমুখি, তাদের অবস্থা খুব খারাপ।

স্যার, আমাদের জেলার ডুয়ার্স এলাকার চা-বাগিচাগুলো বন্ধ হয়ে আছে। সেখানকার শ্রমিকরা আজকে অসহায়, তারা কোনো স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে না। মালিকরা আজকে পালিয়ে যাচ্ছে। রাজ্যের স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে বিশেষ টাস্কফোর্স গঠন করে শ্রমিকরা যাতে স্বাস্থ্য পরিষেবা পায় তার ব্যবস্থা গ্রহণ করা হোক।

স্যার, ওদলাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় গত বছর ভয়াবহ ম্যালেরিয়া হয়েছিল। সেখানে শতাধিক মানুষ মারা গেছে এবং শতাধিক মানুষ অসুস্থ হয়ে আছে। টুরিবাড়ি, মানাবাড়ি, পাথরঝোরা, এই সমস্ত এলাকায় ম্যালেরিয়া আক্রান্ত রোগীদের রক্ত পরীক্ষা করার কোনো ব্যবস্থা নেই, কোনো টেকনিসিয়ান নেই। সেখানে দ্রুত ব্যবস্থা গ্রহণের আমি দাবি জানাচ্ছি। জলপাইগুড়ি জেলার স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে যুদ্ধকালীন তৎপরতায় ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী অসিত মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় বিধায়ক গোবিন্দ রায় বললেন, জলপাইগুড়ি জেলার স্বাস্থ্য পরিষেবা ভেঙে যাবে। আজকে সারা রাজ্যেই স্বাস্থ্য পরিষেবা ভেঙে খান খান হয়ে গেছে। মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের উত্তরে বললেন, ১২৭ রকমের ওষুধ রাজ্য সরকার হাসপাতালে সাপ্লাই দেয়। আমি এই বিধানসভায় দাঁড়িয়ে বলছি, কোনো হাসপাতালে শুধু ২৭ রকমের ওষুধও থাকে না। এই ব্যাপারে বলতে গিয়ে মাননীয় মন্ত্রিমহাশয় অনেক কাগজপত্র বার করলেন, কিন্তু ঠিকভাবে বলতে পারলেন না। সারা রাজ্যেই স্বাস্থ্য পরিষেবা যেভাবে ভেঙে পড়েছে তাতে ওষুধপত্র না পাঠালে সাধারণ মানুষ দুর্ভোগে পড়বে। যেগুলো সাধারণ ওষুধ, দাম বেশি নয়, সেই সমস্ত ওষুধও হাসপাতালে পাওয়া যাচ্ছে না, রাজ্য সরকার সেগুলিও ঠিকমতো সাপ্লাই দিতে পারছে না। অবিলম্বে রাজ্যের প্রত্যেকটি হাসপাতালে ওষুধ যাতে পৌঁছায় তার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম-১ ব্লকের কেঁন্দ্যামারী এলাকায় হলদী নদীর ভাঙনে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। আগামী বর্ষায় আরও ব্যাপক ক্ষয়-ক্ষতির আশঙ্কা আছে। এমনও হতে পারে আগামী বর্ষায় সারা নন্দীগ্রাম জলমগ্ন হতে পারে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে দাবি করছি হলদী নদীর ভাঙন রোধে সেচ দপ্তর দ্রুত ব্যবস্থা গ্রহণ করুক।

শ্রী অজয় দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা লক্ষ্য করছি, যখন এই রাজ্য চরম অর্থ সংকটের মধ্যে দিয়ে চলছে, সমস্ত উন্নয়ন স্তব্ধ, সেই সময় পঞ্চায়েত নির্বাচনের নোটিফিকেশন বের হবার ঠিক ৫/৭ দিন আগে এই সরকার ঢাকঢোল পিটিয়ে শিলান্যাস পর্বে মেতে উঠেছে। এতে সাধারণ মানুষের কোনোই উপকার হবে না, রাজনৈতিক মুনাফা ছাড়া। এইভাবে অর্থ খরচের ও মানুষকে ধোঁকা দেওয়ার তীব্র প্রতিবাদ করছি।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা বাংলাদেশ দিয়ে ঘেরা—চারদিকেই প্রায় বাংলাদেশ। তিনটে নদী আছে সেখানে, সেইগুলো প্রায় শুকিয়ে গেছে, একমাত্র ইছামতি নদী ছাড়া, সেটাও যদি না কাটা যায় তাহলে আগামী দিনে সমস্ত সেচ

পরিকল্পনা বন্ধ হয়ে যাবে। আমি মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করব, বেত্রাবতী, ওদলা ও ইছামতী নদীর সংস্কারের কাজ দ্রুততার সঙ্গে সম্পন্ন করা হোক।

শ্রী অজিত ভুঞ্যা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলায় দাসপুর থানার দাসপুর বিধানসভা কেন্দ্রের রাণীচক নামক স্থানে দীর্ঘদিন ধরে সেচ দপ্তরের মাধ্যমে একটা ডি-ওয়াটারিং প্রজেক্ট শুরু করা হয়েছিল। উদ্দেশ্য ছিল ঘাটাল মহকুমার বন্যাকবলিত এলাকার একটা অংশের বন্যার জল যাতে বার করে দেওয়া যায় এবং পরবর্তীকালে সুখা মরসুমে চাষের জল দেওয়া যায়। কিন্তু দীর্ঘ ৩০ বছরের বেশি অতিক্রান্ত হতে চলল, সুখা মরসুমে চাষীরা সেখান থেকে চাষের জল পায় না এবং বন্যার সময় মানুষকে অন্যত্র চলে যেতে হয়। একটা ভয়ঙ্কর অবস্থা। রাজ্য সরকারের পক্ষ থেকে ইচ্ছাকৃতভাবে ঘাটাল মাস্টার প্ল্যানকে অবহেলা করা হচ্ছে। ঘাটাল এলাকার প্রান্তিক ও ক্ষুদ্র চাষী যারা চাষবাসের উপর নির্ভরশীল তারা যেন খরা মরসুমে চাষের জল পেতে পারে তার ব্যবস্থা করার জন্য মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রতন দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে সংরক্ষিত পদগুলো পূরণ করা যাচ্ছে না উপযুক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষক-শিক্ষিকা না পাওয়ার জন্য আমার জেলা বর্ধমানে সংরক্ষিত ৫৬টি পদ শূন্য আছে। সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে অনুরোধ, অন্যান্য নেবারার জোন থেকে শিক্ষক শিক্ষিকা, যতদিন না সেখানকার জন্য শিক্ষক শিক্ষিকা পাওয়া যাচ্ছে, অস্থায়িভাবে নিয়ে কাজ চালাবার ব্যবস্থা করা হোক।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মানব জীবনের একটি গুরুত্বপূর্ণ দিকের প্রতি যে অবহেলা তার দিকে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন দুষণ মানবজাতির অবলুপ্তির কারণ। উত্তর ২৪ পরগনার নোয়াপাড়া বিধানসভা কেন্দ্রে একটি বিরাট খাল আছে, যেটা বামনপুর, পলতা, ব্যারাকপুর হয়ে এবং ইছাপুর রাইফেল ফ্যাক্টরি ও মেটাল অ্যান্ড স্টিল ফ্যাক্টরির মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে গঙ্গায় পতিত হয়েছে।

[12.30–12.40 p.m.]

১০-১৫ বছর ধরে এই খাল সংস্কারের অভাবে ওখানে দুর্গন্ধময় পরিবেশের সৃষ্টি হয়েছে। এলাকাবাসী এই দুর্গন্ধে অতিষ্ঠ হয়ে উঠেছে। আমি ওখানে নিজেও সরেজমিনে গেছি। সেখানে এক মিনিটেরও বেশি নাকে কাপড় দিয়েও থাকা যায় না। এই দূষণ চলছে। এই ব্যাপারে দীর্ঘদিন ধরে বার বার পলিউশান বোর্ড, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে জানানো হয়েছে এবং দিল্লি পলিউশান বোর্ডকে জানানো হয়েছে এবং '৯৫ সালের মাঝামাঝি কলকাতা পলিউশান বোর্ড সরেজমিনে তদন্ত করে গেছেন এবং আজ পর্যন্ত কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই রকম অবস্থা কি কারণে হল ? খাল সংস্কার হচ্ছে না। মানুষের জীবন দুর্বিষহ হয়ে

উঠছে। ৭.০৯.২০০১ সালের কাগজে একটা খবর বেরিয়েছে যে, পরিবেশ রক্ষার জন্য আমেরিকা ভারতকে পাশে পেতে চায়। বর্তমান আর্থিক বছরে অর্থাৎ ২০০৩ সালে মার্কিন বাজেটে দুটো মার্কিন সংস্থা ইউ এস এজেন্সি ফর ইন্টারন্যাশানাল ডেভেলপমেন্ট অ্যান্ড গ্লোবাল এনভায়রনমেন্ট ফেসিলিটি প্রায় ২২ কোটি ডলার দেওয়ার প্রস্তাব দিয়েছেন। যদি তাই হয় তাহলে অর্থের প্রাচুর্য আছে, তা সত্ত্বেও কেন এই অবস্থা ? কেন মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠছে ? এই অবস্থা দূরীকরণের জন্য হস্তক্ষেপ চাইছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার বেহালার তারাতলায় মেরিন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট যে রয়েছে সেটাকে দু হাজার দু সালে বিশ্ববিদ্যালয় গঠন করা হবে বলে বলা হয়েছিল। এখন দেখছি—এই বছরের বাজেটে প্ল্যান এবং নন প্ল্যানে এক পয়সাও বরাদ্দ করেনি। শ্রমিকরা আশঙ্কা প্রকাশ করেছে যে ধীরে ধীরে এটাকে তুলে দেওয়া হবে। অথবা বেসরকারির হাতে এটাকে তুলে দেওয়া হবে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে ৭২ ঘণ্টা ধর্মঘট করেছিল এবং গত ১০ই মার্চ সমস্ত বামপন্থী দলের লোকসভার সদস্যগণ কেন্দ্রীয় মন্ত্রীর কাছে এটাকে বাঁচিয়ে রাখার আবেদন জানিয়েছে। সুতরাং কেন্দ্রীয় সরকার নতুন করে একটা কেন্দ্রীয় সরকারি প্রতিষ্ঠানকে লুপ্ত করার যে জঘন্য চক্রান্ত করেছে সেই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ চাইছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৬ তারিখে রবিবার গোসাবা থানার শম্ভুনগর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক প্রতিনিধিদের নির্বাচন হয়। সেই নির্বাচনে ৬ জন তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থী সি পি এমকে হারিয়ে জয়লাভ করে। ১৭ তারিখে বিজয় মিছিল হয়। ১৮ তারিখ শম্ভুনগর বাজারে সেই মিছিলে যারা যারা ছিল তাদের মধ্যে থেকে ৫ জনকে সি পি এমের গুণ্ডারা ধরে নিয়ে গিয়ে অত্যাচার চালায়। এরপরে নিরাপদ বর্মণের বাড়িতে সি পি এমের সন্ত্রাস কিভাবে বন্ধ করা যায় সেই ব্যাপারে অনেকে মিলিত হয়। এমন সময় ওখানে সি পি এমের গুণ্ডারা বোমা বন্দুক নিয়ে নিরাপদ বর্মণের বাড়ি আক্রমণ করে এবং ৬ রাউন্ড গুলি চালায়। আমাদের তৃণমূল কংগ্রেসের একজন কর্মীর কণ্ঠে গুলি লেগেছে এবং সে এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে নীলরতন সরকার হাসপাতালে। আরও ৫ জন গুলিবিদ্ধ হয়। সেখানে সন্ত্রাস চলছে। হাটবাজার বন্ধ। স্কুল-কলেজ প্রায় বন্ধ। গোকুল মণ্ডলকে কেন মারা হল। এর পূর্ণ তদন্ত চাই এবং দোষী ব্যক্তিদের গ্রেপ্তার চাই।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে জানাতে চাই গত ১২.৩.২০০৩ তারিখে ঝড় এবং শিলাবৃষ্টিজনিত প্রাকৃতিক বিপর্যয়ে বাঁকুড়ার ৫টি ব্লক প্রভূত পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়েছে বিশেষ করে আমার ব্লক ওন্দায় প্রায় ৫০ হাজার ঘরবাড়ি নষ্ট হয়ে গেছে। এই অবস্থায় যে ত্রাণ সামগ্রীত্রাণ দপ্তর থেকে পাঠানো হয়েছে, যে অর্থ পাঠানো হয়েছে সেটা অপ্রতুল। আপনার মাধ্যমে জানাতে চাই ওই এলাকায় শুধু

ঘরবাড়ি নয়, কৃষকের ফসলও ক্ষতি হয়েছে। ওঁদা এলাকা একটা অঞ্চল সবজি এলাকা, বোরো চাষের এলাকা। সেই এলাকা থেকে বাঁকুড়া, দুর্গাপুর এবং বিহারের প্রত্যেকটা জায়গায় লরি করে, ট্রেনে করে সবজি যায়। যে স্কুল চাষিদের ক্ষতি হয়েছে তাদের জন্য সরকার কোনো অর্থ বরাদ্দ করেনি এবং যে-সকল কৃষক সমবায়ের মাধ্যমে ঋণ নিয়েছিল এবং যারা শস্যবিমা করেছিলেন তারা যাতে ক্ষতিপূরণ পায় এবং সমবায়ের যে ঋণ সেটা যেন দীর্ঘমেয়াদি হয় এবং তাদের সুদটা যেন এই বছরের জন্য মকুব করা হয় এই দাবি আমি সংশ্লিষ্ট দপ্তরের কাছে রাখছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকার যে আর্থিক দিক থেকে দেউলিয়া হয়ে গেছে এ কথা আমরা বারবার বলেছি। আজকে আমরা অত্যন্ত উদ্বিগ্ন যে, এই রাজ্যে প্রায় ২ হাজার প্রাথমিক শিক্ষক এখনও পর্যন্ত ফেব্রুয়ারি মাসের মাইনে পাননি। অসীমবাবু একটু পরেই আসবেন, আমি তাঁর কাছে অনুরোধ করব যাঁরা চাকুরিজীবি তাঁরা যদি মাইনে না পান, তাঁদের তো আর কোনো সোর্স অব ইনকাম নেই ফলে তাঁদের গভীর সংকটে পড়তে হয়েছে। প্রাথমিক শিক্ষকরা নিশ্চয়ই অনেক টাকা মাইনে পান না। প্রাথমিক শিক্ষকরা যে টিউশন করবেন তাও নয়। গ্রামের শিক্ষকদের যে অন্য ইনকাম আছে এ রকম ভাবারও কোন কারণ নেই। এক্ষেত্রে আমি দাবি করছি বিশেষ করে অর্থমন্ত্রীর কাছে দাবি করছি যে সমস্ত প্রাথমিক শিক্ষকরা মাইনে পাননি তাঁদের মাইনে ডিসবার্স করে দেওয়া হোক। মাধ্যমিক শিক্ষকরাও ২৫, ৩০ দিন পরে পরে মাইনে পাচ্ছেন। কলকাতা শহরেও সরকারী অনুদানে চলে তাদের শিক্ষকরাও মাইনে পাচ্ছে না যাতে তাঁদের মাইনে সময়মতো দেওয়া হয় তার জন্য অর্থমন্ত্রীর কাছে দাবি করছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারকেশ্বর, কাটোয়া এই বিস্তীর্ণ একটা রাস্তা যেটা মেমারীকে স্পর্শ করেছে। এই রাস্তায় বেসরকারি বাস চলে কিন্তু কোনো সরকারি বাস চলে না। আমি পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে তারকেশ্বর, কাটোয়া এই বিস্তীর্ণ রাস্তায় যাতে সরকারি পরিবহণের বাস চলে, ওই এলাকার মানুষ যাতে এই সুযোগ পায় তার দাবি রাখছি।

[12.40–12.50 p.m.]

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পূর্ব মেদিনীপুর জেলায় নরঘাট বিধানসভা কেন্দ্রে হলদি নদীর উপর দিয়ে মাতঙ্গিনী সেতু আছে। সেই সেতুটি ক্ষতিগ্রস্ত হয়েছে। পি.ডব্লু.ডি. কয়েক বছর আগেই সাইনবোর্ড লাগিয়ে দিয়েছে সেতুটি ক্ষতিগ্রস্ত বলে লিখে। অথচ সেই সেতুর যে স্প্যানগুলি আছে সেগুলি নীচে নেমে গেছে এবং রেলিং ভেঙে গেছে। মাঝখানে সামান্য একটু সারানোর কাজ আরম্ভ হয়েছিল, কিন্তু সেটা দু-তিন দিন সারানোর পরে আর কাজ হয়নি।

ওই সেতুটি অবিলম্বে যাতে সারানো হয় তার জন্য আবেদন করছি। ওই সেতু দিয়ে যানবাহন চলত সেটা ২৩ তারিখ থেকে চলছে না। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করছি কাঁথি-তমলুক যোগসূত্র রক্ষাকারী এই সেতুটি যেখান দিয়ে হাজার হাজার গাড়ি চলাচল করে সেটাকে অবহেলা করবেন না, এটাকে সারানোর ব্যবস্থা করুন।

শ্রীমতী কুমারী কুজুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গ চা শিল্প এলাকা। উত্তরবঙ্গের ডুয়ার্স এবং তরাই অঞ্চলে ২২টি চা-বাগান বন্ধ হয়ে আছে দীর্ঘদিন ধরে। সেখানে শ্রমিকরা আন্দোলন করছে তাদের জীবন রক্ষার জন্য, কিন্তু তার কোনো সুরাহা হচ্ছে না। এই চা বাগানগুলির খোলার কোনো পরিকল্পনা হচ্ছে না। যারা চা-বাগানে মজদুরি করত তারা এখন বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছে এবং তার মধ্যে ছোটো ছোটো বাচ্চারাও রয়েছে। এরা স্কুলে যেতে পারছে না, পড়াশোনা করতে পারছে না, পরীক্ষা দিতে পারছে না তাদের আর্থিক কষ্টের জন্য। তাদের মধ্যে বিভিন্ন রোগ ম্যালেরিয়া, ডায়েরিয়া, কলেরা ইত্যাদি দেখা দিচ্ছে। সেখানে বিশুদ্ধ পানীয় জল পাওয়া যাচ্ছে না। সেখানে হাসপাতাল আছে কিন্তু ডাক্তার নেই, ওষুধ নেই। এই অবস্থায় ডুয়ার্স অঞ্চলের বন্ধ চা-শিল্পের শ্রমিকরা বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে কাজের খোঁজ করছে। নদীর পাথর ভাঙার জন্য ৫০ টাকা মজুরি। তারা ৩-৪ দিন ওই পাথর ভেঙে এক খোয়া হলে যে মজুরি পায় তা দিয়ে এক সন্ধ্যার খাবারের পয়সা জোগাড় করে। এই চা-বাগানগুলি ব্রিটিশ আমলের আগে থেকে গড়ে উঠেছিল। উত্তরবঙ্গের মানুষ চা-শিল্পের উপরেই তাদের জীবন ধারণ করতেন এখন সেটা ভেঙে পড়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় যেন সেইদিকে ধ্যান দেন। উত্তরবঙ্গের মানুষ এবং ব্যবসায়ীরা এই চা-শিল্পের উপর নির্ভর করে। আপনারা জানেন আজকে ইউ.টি.ইউ.সি. তার উদ্যোগে চা-বাগানের শ্রমিকরা মহিলা ও পুরুষ তারা এখানে আসছে রানি রাসমণি রোডে অবস্থান ধর্মঘট করার জন্য। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি এই চা-বাগানগুলি খোলার জন্য তিনি যেন বিশেষ ধ্যান দেন।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ রাজ্যে অবস্থিত চা-শিল্পে ইদানীং চর্চিত সংকট এবং চা-শিল্পে কর্মরত বাগিচা শ্রমিক ও কর্মচারীদের কর্মসংস্থানের এবং জীবিকার সামনে ঘনীভূত সমস্যাগুলির নিরসনের প্রশ্নে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ইউ.টি.ইউ.সি. অনুমোদিত সারা ভারত সংযুক্ত বাগিচা শ্রমিক সংগঠনগুলির ফেডারেশনের অন্তর্ভুক্ত শ্রমিক কর্মচারী ট্রেড ইউনিয়নগুলির নেতৃত্বে তাদের দাবি নিয়ে বিধানসভা অভিযান করছে। তাদের দাবিগুলি হল—অবিলম্বে সমস্ত বন্ধ চা -বাগান খোলা। বাগিচা-শিল্পে আইনের শাসন ফিরিয়ে এনে মালিকেরা যাতে সমস্ত আইনি দায়বদ্ধতা মেনে চলেন তার ব্যবস্থা। আইন লংঘনকারী সমস্ত মালিক এবং কোম্পানির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। উপার্জিত সমস্ত বকেয়া বেতন ও মজুরি সঙ্গে সঙ্গে ভবিষ্যনিধির এবং জীবনবিমা প্রিমিয়ামের টাকা ও প্রাপ্য গ্র্যাচুইটির টাকা অবিলম্বে ফেরত দেওয়ার ব্যবস্থা। চা-এর আবাদ এবং চা উৎপাদনের যাবতীয় আইনি নিয়ন্ত্রণ কঠোরভাবে কার্যকর করা। চায়ের উৎপাদন থেকে বিপণন পর্যন্ত সমস্ত পর্যায়ে

সরকারি এবং প্রশাসনিক নিয়ন্ত্রণকে কার্যকর করা। আইন এবং শিল্পভিত্তিক ত্রিপাক্ষিক চুক্তিগুলি যথোচিত মর্যাদা দিয়ে কার্যকর করা এবং সক্রিয় রাখা। স্যার, এখানে ৬টি সংগঠনের পক্ষ থেকে (১) দার্জিলিং চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়ন (২) ডুয়ার্স-টি গার্ডেন সাব-স্টাফ অ্যাসোসিয়েশন (৩) দিনাজপুর চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়ন (৪) মাঝের ডাবরি দমনপুর চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়ন (৫) ডুয়ার্স টি-গার্ডেন মেডিকেল এমপ্লয়িজ ইউনিয়ন (৬) নর্থবেঙ্গল টি ট্রেডিং ওয়ার্কার্স ইউনিয়ন, সবার পক্ষ থেকে একটা স্মারকলিপি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দেওয়া হচ্ছে। সেখানে প্রায় ৫০০ চা-শিল্পের শ্রমিক মারা যাচ্ছে স্টার্ভেশানে, ম্যাল-নিউট্রিশনে। সেই জন্য আমাদের আর.এস.পি. বেঞ্চ থেকে সবাই একই বিষয় নিয়ে মেনশন করছি যাতে এই সমস্যার প্রতি দৃষ্টি দেওয়া হয়। যাতে এখানে মুখ্যমন্ত্রী বৈঠক ডাকেন। শ্রমমন্ত্রীর বৈঠকে কিছু হচ্ছে না। আজকে আন্দোলনরত শ্রমিক-কর্মচারীরা বিধানসভা অভিযান করছে যাতে তাদের সমস্যার সমাধান হয়।

শ্রী ভূতনাথ সোরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আবগারি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের নয়াগ্রাম ব্লক, জি.পি. নং ১১-তে অনেকগুলো গ্রামে বে-আইনি চোলাই মদের ভাটি চালু হয়েছে। সেই ভাটিগুলো ভেঙে দেওয়ার জন্য প্রশাসনকে অনেকবার অনুরোধ জানিয়েছি কিন্তু এখনও পর্যন্ত তা ভাঙা হয়নি। এবং দেখা যাচ্ছে এই চোলাই মদ খেয়ে ইতিমধ্যে ৭ জনের মৃত্যু হয়েছে এবং ৩ জন হাসপাতালে আছেন। এই সমস্ত বে-আইনি চোলাই মদের ভাটি অবিলম্বে ভেঙে দেওয়ার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অশোককুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোর্ট-ফি বৃদ্ধির ব্যাপারে মেট্রো সিনেমার অপজিটে আইনজীবীদের যে ধর্না চলছে আমি এতক্ষণ সেখানে ছিলাম। দলমত নির্বিশেষে সকল আইনজীবী এতে যোগ দিয়েছেন, আপনাদের আইনজীবীরাও রয়েছেন। বার কাউন্সিল দীর্ঘদিন কোর্ট-ফি বৃদ্ধির প্রতিবাদে আন্দোলন করছে। গতকালও এখানে একজন মন্ত্রিমহাশয় বললেন, 'আশ্বাস দেওয়ার অর্থ দাবি মানা নয়'। আমাদের এই দাবিকে পঙ্কজবাবু এবং অতীশবাবুরাও সমর্থন করেছেন। কিন্তু আজ পর্যন্ত সেই দাবি মানা হল না। এই মন্ত্রিসভার কাছে এর থেকে বেশি কি আশা করতে পারি : গতকাল মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছি অন্ততপক্ষে বসে এ ব্যাপারে কথা বলার চেষ্টা করুন যাতে কোর্ট-ফি কমানো যায়। এই কোর্ট-ফির সাথে শুধু আমরা নই আপনাদের দলের লোকেরাও জড়িত এবং সবচেয়ে বড়ো কথা হচ্ছে গরিব সাধারণ মানুষের স্বার্থ জড়িত রয়েছে। কোর্ট ফি না কমালে গরিব সাধারণ মানুষ আদালতে যেতে পারবে না। এই সিদ্ধান্ত যদি আপনারা পুনর্বিবেচনা না করেন তাহলে আমাদের আর বলার কিছু নেই। এটা বলবৎ থাকলে আগামী দিনে হয়তো অনেক গরীব লোক আদালতে যেতে পারবে না। তাই সারা রাজ্যের জনসাধারণের স্বার্থের দিকে তাকিয়ে এই প্রফেশনে যুক্ত আইনজীবীরা রাস্তায় নেমে আন্দোলন করছেন। অবিলম্বে যাতে কোর্ট-ফি কমানো হয় তার জন্য আমি দাবি করছি।

শ্রী বাঁশরীমোহন কাঞ্জী : মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মগরাহাটের একটা জ্বলন্ত সমস্যা সম্পর্কে মাননীয় সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমড়াতলা, মুলটি, ধনপোতা, উড়েলচাঁদপুর—এই জায়গাগুলো গামলার তলার মতো জায়গায় অবস্থিত। ফলে বর্ষার সময় বৃষ্টি হলে এখানে জল জমে যায় এবং দোফসলা চাষ করা যায় না, বছরের পর বছর এই জায়গাগুলো পড়ে থাকছে। মন্দিরবাজার এবং মথুরাপুরের জলও এখানে এসে জমা হচ্ছে। ডায়মণ্ডহারবার রোডের বড়ছিড়েতে ইনলেট আছে সেটা দিয়ে জল এখানে গামলার তলার মতো অংশে চলে আসছে। এটা বন্ধ করে দেউলার দিকের খাল দিয়ে ডায়মণ্ডহারবার খালে জলগুলো ফেলে দেওয়া হোক এই দাবি আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে করছি।

[12.50–1.00 p.m.]

শ্রী দিবাকান্ত রাউথ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন মন্ত্রী মহাশয় এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বলাগড়ে প্রধানত পেঁয়াজের চাষ হয়। এ বছর ২ হাজার হেক্টর পেঁয়াজের চাষ হয়েছে। আশা করা যাচ্ছে এর পরের বার ৪৮ হাজার মেট্রিক টন পেঁয়াজ উৎপন্ন হবে। কিন্তু দুঃখের বিষয় হল যে, পেঁয়াজের দাম নেই। চাষীরা সংকটের মধ্যে পড়েছেন। পেঁয়াজ ১৮০ টাকা থেকে ১৯০ টাকা কুইন্টাল দরে বিক্রি হচ্ছে। পেঁয়াজের দাম কমে যাওয়ায়, বিশেষ করে সমবায় এবং ব্যাঙ্ক থেকে যাঁরা ঋণ নিয়ে পেঁয়াজ চাষ করেছিলেন তাঁরা মহা সমস্যায় পড়েছেন। বলাগড়ে যাতে পেঁয়াজ সংরক্ষণের ব্যবস্থা করা যায় তার জন্য আমি মাননীয় কৃষি বিপণন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পেঁয়াজ সংরক্ষণের জন্য মাল্টিপারপাস্ স্টোরেজ স্থাপন করা এবং পেঁয়াজ যেটা উৎপন্ন হয়েছে সেটা বিভিন্ন রাজ্যে পাঠানোর ব্যবস্থা যাতে করা হয় তার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী রতন পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, কেন্দ্রীয় সরকারের উদারনীতির ফলে দেশের কৃষকরা ফসলের দাম পাচ্ছেন না। দিনের পর দিন ফসলের দাম পড়ে যাচ্ছে, কৃষকরা দুর্দশার কবলে পড়ছেন। আমাদের দেশের বিভিন্ন প্রান্তে কৃষকরা ঋণের জালে জড়িয়ে পড়ছেন, অনেক কৃষক আত্মহত্যা করেছেন। আমাদের রাজ্যের কৃষকরাও এ রকম একটা দুর্দশার কবলে পড়তে চলেছেন। বর্তমানে আলুচাষীরা ভয়ঙ্কর দুর্দশার মধ্যে পড়েছেন। আলুর দাম পাড়ছে না। কুইন্টাল প্রতি ৯০ টাকার বেশি দরে কেউ আলু কিনছে না বাজারে। জমির আলু জমিতে পড়ে আছে। আলুচাষিরা মাথায় হাত দিয়ে বসে আছেন। এ রকম পরিস্থিতিতে আমি এ ব্যাপারে রাজ্য সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করছি যাতে আলুচাষিরা লাভজনক দামে বাজারে আলু বিক্রি করতে পারে।

শ্রী পরেশনাথ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সাগরদিঘিতে ১১টি

অঞ্চলের মধ্যে ৩টি অঞ্চলের সামান্য অংশের জমি সেচ পেয়ে থাকে ময়ূরাক্ষী থেকে। কিন্তু ১৯৭৫-৭৬ সালে পশ্চিমবঙ্গ সরকার থেকে একটা নির্দেশ দেওয়া হয় যে, সাগরদিঘি এলাকার সমস্ত জমি সেচ-সেবিত হয়ে গেছে এবং সেই অনুযায়ী এখানে সমস্ত জমিতে সেচকর ধার্য হয়। এর ফলে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। কারণ সাগরদিঘি এলাকার যে জমিতে সেচের কাজ হয় না সেখান থেকেও সেচকর নেওয়া হচ্ছে। আমার আবেদন এই যে, যেসব জমি সেচ পাচ্ছে সেই সব জমি থেকে সেচকর আদায় করা হোক এবং যেসব জমিতে সেচের কাজ হয় না সেইসব জমি থেকে সেচকর আদায় করা বন্ধ হোক।

শ্রী সৌগত রায় : স্যার, আমি যে বিষয়টা উল্লেখ করব সেই বিষয়ে মাননীয়া সোনালি গুহ মহাশয়া অ্যাডজর্নমেন্ট মোশান নিয়ে এসেছিলেন। গতকাল হাউসে যখন মাননীয় পরিবহণমন্ত্রী বাস ভাড়া, ট্রাম ভাড়া, ট্যাক্সি ভাড়া, লঞ্চ ভাড়ার কথা ঘোষণা করছিলেন সেই সময় হাউসে আমরা তার প্রতিবাদ করেছি, সমস্ত বিরোধী দল—তৃণমূল কংগ্রেস, কংগ্রেস, এস.ইউ.সি.আই. সকলেই এই ভাড়া বৃদ্ধির প্রতিবাদ করেছে এবং তারপর আমরা ওয়াক-আউট করেছি হাউস থেকে। তারপর এস.ইউ.সি.আই.-এর পক্ষ থেকে বাস, ভাড়া বৃদ্ধির প্রতিবাদে গতকাল একটা মিছিল এসেছিল। ওরা আমাদের রাজ্যসভায় ভোট দেয় না। সি পি এমকে ভোট দেয় এবং অনিল বিশ্বাসের সঙ্গে একসাথে ইরাকের ব্যাপারে কনভেনশান করেছেন কিন্তু কালকে এস.ইউ.সি.আইয়ের ছেলেমেয়েদের যেভাবে পুলিশ মেরেছে স্যার, টিভিতে দেখলে লজ্জা লাগে। মেয়েটি পুলিশের লাঠি ধরলে মেয়েটার সাথে পুলিশের ধস্তাধস্তি হয় এবং পরে মেয়েটিকে ফেলে পুলিশ পেটে লাথি মারল তারপর অশ্লীল ভাষায় গালিগালাজ করল। এটা নর্থ গেটে আপনার অফিস থেকে অনেক দূরে ঘটেছে। আমি বলছি যে নিশ্চয়ই বিধানসভায় বেআইনিভাবে কেউ এলে পুলিশের আটকাবার দায়িত্ব আছে কিন্তু যেভাবে পুলিশ মেয়েটির পেটে লাথি মারল চোখে দেখলে যে কোনো সভ্য সমাজ লজ্জা পাবে এবং এই ব্যাপারটি টিভিতে লক্ষ লক্ষ লোক দেখেছে। পুলিশের এই নগ্ন রূপ। আমি তাই এর বিরুদ্ধে নিন্দা করছি। আমি মনে করি আমাদের এখানেও ক্রাউড কন্ট্রোলের ব্যাপারে কোনো সিভিলাইজড ব্যবস্থা আসেনি। সারা পৃথিবীতে জল কামান চালু হয়ে গেল, দিল্লিতে জলকামান চালু আছে। এই যে নির্লজ্জভাবে অমানুষিক অত্যাচার—যেটা পুলিশ কালকে করেছে আমি মনে করি হাউসের সবাই তার নিন্দা করা উচিত। তার কারণ কোনো গণতান্ত্রিক দল আন্দোলন করতে পারেন তার সঙ্গে আমি একমত নাও হতে পারি। কিন্তু তার উপর এইরকম নির্লজ্জ, বর্বর আক্রমণ পুলিশের, এটাকে সমর্থন করা যায় না। আমি এই ঘটনার তীব্র নিন্দা করছি।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টির আকর্ষণ করছি। স্যার, গত ২৪শে ফেব্রুয়ারি আমাদের মুর্শিদাবাদ জেলায় আমাদের যে পার্টি অফিস আছে, সেই অফিসের সামনে আমাদের নেতা কমরেড সামরুল শেখকে কংগ্রেস আশ্রিত খুনিরা সকাল ১০টার সময় আমাদের অফিসের সামনে প্রথমে গুলি করে তারপর তারা ছোরা দিয়ে তার গলা কেটে নেয়। এইরকম একটা জঘন্যতম ঘটনা প্রকাশ্য দিবালোকে ঘটিয়েছে। এলাকার মানুষ এই সমস্ত খুনিদের তাড়া করে

এবং সেই তাড়া খেয়ে তারা মাঠের মধ্যে দিয়ে গিয়ে পাশের একটা গ্রামে আশ্রয় নেয়। সেখানে আশ্রিতদের সাহায্য দেয় ওই গ্রামের পঞ্চায়েত প্রধান, যিনি কংগ্রেসের। গ্রামের মানুষ এই খুনের ঘটনা শুনে তারা গোটা গ্রাম ব্যারিকেড করে পুলিশকে খবর দেয়। পুলিশ খবর পেয়ে ওই কংগ্রেস প্রধানের পারখানা থেকে ৮ জন খুনিকে ৭-৮ রাউন্ড গুলি, ২টি রিভলবার এবং ছোরাসহ তাদের পুলিশ গ্রেপ্তার করে এবং আমরা পরে জানতে পারি যে আরও কিছু খুনি ওই গ্রামে আছে। গ্রাম তল্লাশি করে পুলিশ আরও ২-৩ জন খুনিকে সেখান থেকে গ্রেপ্তার করেছে। আমাদের বক্তব্য হচ্ছে যে, আগে যিনি মুর্শিদাবাদ জেলার সভাপতি ছিলেন তিনি খুব ভদ্রলোক ছিলেন কিন্তু এখন যিনি আছেন তিনি পূর্বের জনকে হটিয়ে দিয়ে গোটা মুর্শিদাবাদ জেলায় খুন-সন্ত্রাস কায়েম করতে চাইছেন। গোটা এলাকার মানুষ এর বিরুদ্ধে প্রতিবাদ করছেন। এই ঘটনার সৃষ্টি হচ্ছে কারণ পঞ্চায়েত নির্বাচনের জন্য খুন-সন্ত্রাস করে তারা এটাকে করতে চাইছেন। তাই আমার দাবি হচ্ছে এই যে খুনিদের পুলিশ গ্রেপ্তার করেছে তাদেরকে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক। আমাদের গোটা জেলায়, গোটা রাজ্যে এই কংগ্রেসিদের সন্ত্রাস দমন করা হোক। দোষীদের উপযুক্ত শাস্তি দেওয়ার দাবি জানাচ্ছি।

ZERO HOUR

শ্রী সৌগত রায় : স্যার, গতকাল হাওড়ার কোনা শিবতলায় লিলুয়া থানায় আমাদের তৃণমূল কংগ্রেসের একজন সক্রিয় কর্মী কিরণ পাঁজার মৃতদেহ রাস্তার ধারে পড়ে থাকতে দেখা যায়। এই ঘটনাকে কেন্দ্র করে প্রচণ্ড উত্তেজনার সৃষ্টি হয়। এবং কোনা এক্সপ্রেস ওয়ে কিছুক্ষণের জন্য বন্ধ থাকে। কিরণ পাঁজা আগে কিছু মারামারির সঙ্গে যুক্ত ছিল কিন্তু সাম্প্রতিককালে সে কোনো সমাজবিরোধী কাজের সঙ্গে যুক্ত ছিল না। বরং এলাকার মানুষকে সে বিভিন্ন ব্যাপারে সাহায্য করত।

[1.00–1.10 p.m.]

এখন সে বিভিন্ন রকম সামাজিক কাজকর্ম করত—লোকের বিয়ে দেওয়া ইত্যাদি। সে একটা ব্যবসার সঙ্গেও জড়িত ছিল এবং তৃণমূলের পতাকা নিয়ে সক্রিয়ভাবে তৃণমূল করত। তার মৃতদেহে, গলাসহ শরীরে অসংখ্য ক্ষতচিহ্ন ছিল। এখন কিরণ পাঁজার মৃত্যুতে পুরো এলাকায় প্রচণ্ড ত্রাস সৃষ্টি হয়েছে। আমি হাউসে দাবি করছি কিরণ পাঁজার হত্যাকারীদের পুলিশ গ্রেপ্তার করার জন্য সর্বতোভাবে চেষ্টা করুক। হাওড়ার বিভিন্ন জায়গায় বারবার খুন হচ্ছে। হাওড়ার আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুবই খারাপ। এ ব্যাপারে অবিলম্বে যাতে ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আমি এই সভায় দাবি জানাচ্ছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষি বিপণন মন্ত্রী মহাশয়ের কাছে একটা আবেদন জানাচ্ছি। আমাদের মেদিনীপুর সদর ব্লকের ৮নং গ্রাম পঞ্চায়েতের উদয়পুর এবং কালীনগরের মাঝ দিয়ে একটা খাল বয়ে গেছে। সেই খালের ওপর কোনো সেতু বা ফুটব্রিজ না থাকায় চাষীরা তাদের উৎপন্ন ফসল এবং অন্যান্য পণ্যসামগ্রী বাজারে নিয়ে যেতে পারছে না। সেজন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি, ওখানে একটা সেতু বা ফুটব্রিজ নির্মাণের ব্যবস্থা করুন এবং চাষীদের স্বার্থ রক্ষা করুন।

শ্রী তপন হোড় : স্যার, একটা ভয়ঙ্কর ব্যাপার ঘটে যাচ্ছে। স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে প্রত্যক্ষভাবে কথা বলুন। একটা ভয়ঙ্কর আন-এথিক্যাল ঘটনা ঘটে যাচ্ছে—ইরাকের যুদ্ধে বসরায় গত ২/৩ দিন ধরে ইলেকট্রিসিটি নেই, পানীয় জল নেই। মার্কিন-ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তি সেখানে দানবীয় ঘটনা ঘটাচ্ছে। অথচ আমাদের কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে কোনো ভূমিকাই পালন করছে না। মুখে বলছে, 'যুদ্ধ সমর্থন করছি না।' কিন্তু কোনোরকম নিন্দাসূচক প্রস্তাব গ্রহণ করছে না। আজ বিশ্বের সর্বত্র এই নিয়ে জনবিক্ষোভ তৈরি হয়েছে। উত্তাল বিক্ষোভে গোটা বিশ্ব ফেটে পড়ছে। অথচ এ ক্ষেত্রে ভারত সরকারের কোনো ভূমিকাই আমরা লক্ষ্য করছি না। তারা নীরব দর্শক সেজে বসে আছে। আর তৃণমূল বিধায়করা এখানে আছেন, তাঁদের নেত্রী যে কোনো ঘটনায় নানা রকম মন্তব্য করে থাকেন। কিন্তু ইরাকের ব্যাপারে তাঁর একটাও মন্তব্য নেই! ভারত সরকার এখন পর্যন্ত এই যুদ্ধের বিরুদ্ধে কোন নিন্দাসূচক প্রস্তাব নেয়নি। তারা সর্বদলীয় বৈঠক ডেকেছিল। সেই বৈঠকে বামপন্থীরা প্রস্তাব দিয়েছিল—এই ঘটনার নিন্দা করা হোক এবং ইউ. এস ইমপিরিয়া লিস্ট-বিরোধী জনমত তৈরির জন্য আন্দোলন করা হোক। তা সমর্থন তো করা হল না, উপরন্তু কীভাবে মন্ত্রী হওয়া যায়, কতটা আত্মবিসর্জন দেওয়া যায়, কতটা মৌলিক সাম্প্রদায়িকতার সঙ্গে যুক্ত থাকা যায় তার চিন্তায় কেউ কেউ মগ্ন রইলেন। বাগদাদে এবং বসরায় আজ যে ঘটনা ঘটছে তার বিরুদ্ধে একটা মন্তব্যও ওই দলের নেই। ফলে আজ আর ওদের কোনো নৈতিক অধিকার নেই এখানে থাকার, এই বিধানসভায় কথা বলার। ইরাকে যে ঘটনা ঘটছে তাতে সারা পৃথিবীর কেউ আর আজ চুপ করে থাকতে পারছে না। গোটা বিশ্বে জনমত জাগরিত হয়েছে। চুপ করে থাকার জন্য আগামী দিনে জনমতই তৃণমূল কংগ্রসকে উচিত শিক্ষা দেবে। আমার দাবি অবিলম্বে ভারত সরকার ইরাকের ঘটনা নিয়ে নিন্দাসূচক প্রস্তাব এনে নিন্দা করুন, বিশ্ব জনমতের পক্ষে থাকুন।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বলছি যে, বীরভূম জেলার রামপুরহাট ২নং ব্লকের অধীন 'বাজেবুজুং সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড'-এর ম্যানেজার শ্রীবৈদ্যনাথ দাসকে সমিতির কর্মকর্তারা অন্যায়ভাবে, বেআইনিভাবে, অগণতান্ত্রিকভাবে বরখাস্ত করেছে। যেহেতু তিনি ওখানকার সি. পি. এম. নেতাদের ঠিকমতো তুষ্ট করতে পারেননি, যেহেতু তাদের সন্তোষবিধান করতে পারেননি সেহেতু তাঁকে বরখাস্ত করা হয়েছে। এর আগে এই সমিতিকে এই বিষয়ে জানিয়েছেন, কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন, আবেদন-নিবেদন করেছেন। কিন্তু যেহেতু তিনি সি.পি.এমের পছন্দের লোক নন এবং সি.পি.এমের কাজে লাগছে না সেইজন্য বৈদ্যনাথ দাসকে বরখাস্ত করা হয়েছে। আমি আপনার মাধ্যমে এর প্রতিকার প্রার্থনা করছি।

শ্রী আবুল হাসনাৎ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের উত্তর ডুয়ার্স, তরাই এবং দার্জিলিং-এর ২২টি চা

বাগানের প্রায় ৫০ হাজার চা-শ্রমিক বাগান বন্ধ হওয়ায় কর্মচ্যুত হয়েছে। এর প্রতিবাদে আজকে রানি রাসমণি রোডে ইউ.টি.ইউ.সি.-র নেতৃত্বে সেই সমস্ত শ্রমিকদের পরিবাররা অবস্থান করছেন। গত ১০ মাসে এ পর্যন্ত অনাহারে, অর্ধাহারে এবং বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে প্রায় ২৫৪ জন শ্রমিক মারা গেছে। চা-কারবারীরা ত্রি-পাক্ষিক চুক্তি ভঙ্গ করে চলেছে। বাগিচা শ্রম আইন অনুযায়ী বাসস্থান, পানীয় জল, বিদ্যুৎ, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা পরিষেবা চা-বাগান কর্তৃপক্ষের করার কথা। ইতিমধ্যে পি.এফ., গ্র্যাচুইটি, গ্রুপ ইনস্যুরেন্সের কোটি কোটি টাকা মালিকরা আত্মসাৎ করেছে। চা-শ্রমিকেরা যাতে তাদের যাবতীয় পাওনাগণ্ডা বুঝে পায় তার জন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অশোক দেব : স্যার, আমি জানি না এই সরকার তার নীতি দিনের পর দিন পাল্টাচ্ছে কিনা ? আমাদের কাছে বহু অভিযোগ আসছে, পুলিশ যখন কোনো আসামিকে খুঁজতে যায় কোনো বাড়িতে তখন দেখা যায় ছেলে পুলিশ যাচ্ছে, মেয়ে পুলিশ যাচ্ছে না। ফলে হচ্ছে কী সব বাড়িতেই মহিলারা থাকেন, সেখানে যদি পুরুষ পুলিশ যায় মাইনাস মেয়ে পুলিশ, তাহলে অসুবিধা হয়। এর ফলে অনেক ক্ষেত্রে দেখা যায়, পুলিশের উপর প্রচণ্ডভাবে বদনাম আসছে। কারণ, মেয়ে পুলিশ না থাকা সত্ত্বেও ওরা বিভিন্নভাবে যাচাই করার চেষ্টা করেন। এটা লজ্জাকর ব্যাপার। এটা শুধু আমার এলাকায় নয়, সারা রাজ্যে এই ঘটনা ঘটছে। আমি এর আগে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে বলেছিলাম যে এগুলি বন্ধ করুন। যখন যাবে তখন পুরুষ পুলিশের সাথে মেয়ে পুলিশ নিয়ে যাক, এতে সুবিধা হয়। কারণ, তর্কের খাতিরে ধরলাম মেয়ে পুলিশ গেল না, কিন্তু সেই বাড়িতে মেয়েরা আছে। তারা যদি কমপ্লেন করে তাহলে সেই কমপ্লেন লজ করতে হয় এবং কেস হয়। এইসব নানা রকমের ঘটনা ঘটে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, বিভিন্ন জেলায় এস.পি. এবং ডি.আই.জি.-কে বলে দেওয়া হোক, যেখানে পুলিশ আসামি খুঁজতে যাবে সেখানে যেন মেয়ে পুলিশ যায় সে রাতেই হোক আর দিনেই হোক। এর ফলে আমাদের সুরাহা হবে এবং সুষ্ঠু পরিষেবা ফিরে আসবে।

শ্রী সেখ ইলিয়াস মহম্মদ : স্যার, সাম্রাজ্যবাদ-বিরোধী আন্দোলনে এই রাজ্যের সুনাম ও ঐতিহ্য রয়েছে। এর প্রধান কৃতিত্বের দাবিদার এই রাজ্যের জনগণ তথা ছাত্র ও যুবসমাজ। ইঙ্গো-মার্কিন জোটবাহিনী ইরাকের উপর যে আগ্রাসন নীতি অবলম্বন করেছে এবং যেভাবে ইরাকের উপর বোমাবর্ষণ করে চলেছে তাতে ইরাকের নিরীহ মানুষের যন্ত্রণা বাড়ছে এবং তারা খুব খারাপ অবস্থার মধ্যে দিনযাপন করছেন। এই আগ্রাসন নীতির বিরুদ্ধে শুধু আমরা নই, ছাত্রসমাজও সভা-সমিতি, সেমিনার করে চলেছে। সম্প্রতি এস.এফ.আই. ও এ.আই.এস.এফ.-সহ ৫টি বামপন্থী ছাত্র সংগঠন তারা সিদ্ধান্ত গ্রহণ করেছে আগামী ২৮শে মার্চ ছাত্র ধর্মঘট হবে। আমি এই ধর্মঘটকে অভিনন্দন জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ১০০ বছর পূর্ণ হল বাঁকুড়ার

ঐতিহ্যমণ্ডিত খ্রীস্টান কলেজের। এই কলেজটি আজকের নয়, বিগত দিনে এর নাম ছিল ওয়েলেসলি কলেজ। আজ তার ১০০ বছর পূর্ণ হল। কিন্তু এই ১০০ বছর উদ্‌যাপন করতে গিয়ে তাদের যে আর্থিক অবস্থা হয়েছে তার জন্য ইউ.জি.সি. থেকে আরম্ভ করে রাজ্য সরকারকেও জানিয়েছে। এই কলেজের যে ডেভেলপমেন্ট দরকার, তার মাঠ, রিক্রিয়েশন হল অর্থাৎ যেগুলি থাকার কথা সেগুলি কিছুই নেই। ১০০ বছরের স্মারক হিসাবে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সেখানে একটা রিক্রিয়েশান হল এবং আদার ডেভেলপমেন্টাল কাজ করা হোক।

[1.10–2.00 p.m. including recess]

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ে আমি উল্লেখ করছি। গত ২০শে মার্চ তারিখে মাননীয় সদস্যদের যে বুলেটিন দেওয়া হয়েছে তার দ্বিতীয় পাতায় লেখা হয়েছে ডিপার্টমেন্ট কনসার্ন ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং, সেখানে লেখা হয়েছে উত্তরাঞ্চলে উন্নয়ন পর্ষদ। স্যার, আমাদের এখানে উত্তরাঞ্চলে উন্নয়ন পর্ষদ বলে কোনো সংস্থা নেই, কিছু নেই, যেটা আছে সেটা হল উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ। আমাদের ভারতবর্ষে উত্তরাঞ্চল বলে একটি রাজ্য আছে যার রাজধানী হচ্ছে দেরাদুন। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ভেতরে উত্তরবঙ্গের ৬টি জেলা আছে মালদহ থেকে কোচবিহার পর্যন্ত। উত্তরবঙ্গের উন্নয়নের জন্য এখানে যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে তার বদলে এখানে যেটা লেখা হয়েছে—উত্তরাঞ্চলে উন্নয়ন পর্ষদ এটা পরিবর্তন করার জন্য আমি অনুরোধ রাখছি। কারণ স্যার, এই নামটার সঙ্গে আমাদের ইতিহাস, গর্ব, আবেগ জড়িত রয়েছে। এর সঙ্গে সঙ্গে আমি দাবি রাখছি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের পরিকাঠামোর উন্নয়নের জন্য এর ইঞ্জিনিয়ারিং সেল আরও পুষ্ট করা হোক ও এ ব্যাপারে সরকারি উদ্যোগ আরও বেশি বেশি করে নেওয়া হোক।

শ্রী সুব্রত বক্সি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে রাজ্যের কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দক্ষিণ ২৪ পরগনা জেলার বিষ্ণুপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত আমতলাতে রাজ্যের প্রাক্তন মন্ত্রী প্রয়াত প্রভাস রায়ের নামে তাঁর স্মরণে প্রভাস রায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট মহা সমারোহে তৈরি হয়েছিল '৯৯ সালে। এই ৩½ বছরে ইনস্টিটিউটটি প্রায় বিলুপ্তির পথে। বাইরে থেকে দেখলে মনে হয় এটি একটি পরিত্যক্ত রাজবাড়ি। তার আশেপাশে অনেকগুলি ঝুপড়ি তৈরি হয়েছে যেগুলি হচ্ছে চোলাই মদের ঠেক। একটি ঝুপড়িতে লেখা আছে স্টুডেন্টস ক্যানটিন, সেটাও চোলাই মদের ঠেক। রাত্রিবেলাতে সেখানে নানান অসামাজিক কাজ হচ্ছে। স্যার, লক্ষ্য করলে দেখা যাবে কম্পাউন্ডের মধ্যে বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের হোর্ডিং লাগানো আছে। কার স্বার্থে কারা এটা লাগিয়েছেন আমরা জানি না। এমনকী বিলিতি মদের হোর্ডিংও ইনস্টিটিউটের মধ্যে লাগানো হয়েছে। যারা এটি পরিচালনা করেন—প্রিন্সিপ্যাল, ফোরম্যান, বড়বাবু তাঁরা মাসে একদিন ১/১½ ঘণ্টার জন্য যান। একটা ব্যভিচারী অবস্থার মধ্যে দিয়ে এটি পরিচালিত হচ্ছে। এখানে কোনো

পরিকাঠামো নেই, প্রশিক্ষণ চালানোর কোনো ব্যবস্থাও নেই। এখানে ক্লাস হয় না, ট্রেনিংও হয় না। স্যার, আমার আবেদন, প্রয়াত প্রভাস রায়ের প্রতি সম্মান প্রদর্শন করে যা করা হয়েছে সুষ্ঠুভাবে তা পরিচালিত করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী সুভাষ গোস্বামী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল আমি খবর পেলাম বাঁকুড়া জেলাতে ৫৬ বেঙ্গল ব্যাটেলিয়ানের অধীনে যে সমস্ত স্কুল-কলেজে এন.সি.সি. চালু আছে তা আগামী ১লা এপ্রিল থেকে বন্ধ হয়ে যাবে। ওই ব্যাটেলিয়ানের কমান্ডিং অফিসার লেফটেনেন্ট কর্নেল একটি চিঠি দিয়ে সংশ্লিষ্ট সমস্ত স্কুল-কলেজকে এ কথা জানিয়ে বলেছেন যে ১লা এপ্রিল থেকে সমস্ত এন.সি.সি. ট্রেনিং বন্ধ হয়ে যাবে, নতুন কোনো এনরোলমেন্ট হবে না। ইতিমধ্যে ক্যাডেটদের যে সমস্ত পোশাক দেওয়া হয়েছিল বলা হয়েছে সেগুলি স্টোরে ফেরত দিতে হবে। কারণ হিসাবে বলা হয়েছে যে রাজ্যের উচ্চশিক্ষা দপ্তর ওই এন.সি.সি. অফিসের জন্য কোনো সিভিলিয়ান স্টাফ নিয়োগ করতে পারেননি। স্যার, যে সময় আমরা শৃঙ্খলার কথা বলছি, ওয়ার্ক কালচারের কথা বলছি, সেই সময় দেখছি একটা জেলাতে সমস্ত এন.সি.সি. পাঠক্রম বন্ধ হয়ে যাচ্ছে। এটা অত্যন্ত দুঃখের বিষয়। এ ব্যাপারে উচ্চশিক্ষামন্ত্রীর অবিলম্বে হস্তক্ষেপ চাইছি এবং বলছি অবিলম্বে যেন সেখানে সিভিলিয়ান কর্মী নিয়োগ করা হয় এবং এন.সি.সি. চালু রাখা হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি একটি ঘটনার কথা আপনার কাছে উল্লেখ করছি। বিষয়টি অত্যন্ত উদ্বেগজনক। গতকাল ভদ্রেশ্বর থানা এলাকায় ব্যাপক মারামারি হয়। তার নেতৃত্বে ছিল স্থানীয় সিপি.এম.-এর লোকেরা। ব্যাপক মারামারি হওয়ার পর পুলিশ এই অ্যাসেম্বলির মাননীয়া সদস্যা শ্রীমতী ইভা দে'র ছেলেকে গ্রেপ্তার করে। তারপর থানায় হামলা হয়। থানায় হামলার নেতৃত্ব যিনি দেন তিনি হচ্ছেন ভদ্রেশ্বর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান শ্রী দেবগোপাল চক্রবর্তী। তিনি নিজে নেতৃত্ব দিয়ে থানায় গিয়ে ও.সি.কে বলেন, আপনি কাকে গ্রেপ্তার করেছেন জানেন ? আপনার চাকুরি চলে যাবে। আপনাকে ট্রান্সফার করে দেওয়া হবে। তারপর ও.সি. ভয় পেয়ে ইভা দে'র ছেলেকে ছেড়ে দেয় এবং তার বিরুদ্ধে কোনো কেস পর্যন্ত হয়নি। মারামারির জন্য পুলিশ যাকে গ্রেপ্তার করে তাকে থানা থেকে ছাড়িয়ে নিয়ে আসে ও.সি.কে ভয় দেখিয়ে। তাঁকে ভয় দেখানো হয় যে, তাঁকে ট্রান্সফার করে দেওয়া হবে, তাঁর চাকুরি যাবে। আমি এই ঘটনার প্রতি মাননীয় পুলিশমন্ত্রী বুদ্ধদেববাবুর দৃষ্টি আকর্ষণ করছি এবং পুলিশের কাজ করার ক্ষেত্রে যারা বাধা দিয়েছে তাদের শাস্তি দাবি করছি।

শ্রী বিমান চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বন ও পরিবেশ দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে বাদামপুর থেকে মুন্সিরহাট, হাওড়া-আমতা রাস্তায় তেত্রিশ হাজার ভোল্টের বিদ্যুতের লাইন টানা হচ্ছে। তার জন্য রাস্তার আশপাশের গাছ কাটার জন্য একটা অর্ডার দেওয়া হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে রাস্তার ধারে যে সমস্ত গাছ ছিল সমস্ত গাছ বেআইনিভাবে লুট করা হচ্ছে। এই ব্যাপারে

পঞ্চায়েত সমিতির মিটিংয়েও বলা হয়েছে এবং পাতিয়াল অঞ্চলের অঞ্চল প্রধান শ্রীমতী সুজাতা মণ্ডল তিনি লিখিতভাবে জানিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও গাছ কাটা বন্ধ হয়নি। অর্ডার অনুযায়ী যেখানে ৬-৮ ফুট দূরত্বের মধ্যে গাছ কাটার কথা, সেখানে দেখা যাচ্ছে ২৫-৩০ ফুট অবধি গাছও কাটা হচ্ছে। আমি এই গাছ কাটা বন্ধের দাবি জানাচ্ছি এবং সাথে সাথে দোষীদের শাস্তি দাবি করছি।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

GENERAL DISCUSSION ON BUDGET

[2.00–2.10 p.m.] (after recess)

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ২০০৩-০৪ সালের যে বাজেট বরাদ্দ পেশ করে আমি তার বিরোধিতা করে বক্তব্য শুরু করছি। স্যার, গত কয়েক বৎসর ধরে দেখছি মাননীয় রাজ্যপাল মহাশয়ের যে বিবৃতি থাকে এবং মাননীয় অর্থমন্ত্রীর যে বিবৃতি থাকে তার একটা জায়গায় মিল আছে সেটা হল এই—আপনার বলার মত রাজ্যপালও বললেন মন্ত্রিসভার বিবৃতি অনুযায়ী যে, আমাদের দেশে আই এস আইয়ের গুপ্তচর এবং আমাদের দেশে অন্যান্য সংস্থা—যেগুলো দেশের পক্ষে ক্ষতিকারক, তারা আমাদের দেশে ক্ষতি করছে। তিনি জনযুদ্ধ গোষ্ঠীর কথা বলেছেন, এম সি. সি-র কথা বললেন, কিন্তু তার প্রতিকার তা যে দ্রুত হওয়া উচিত, সেটা করা হয়নি। মাননীয় অর্থমন্ত্রী প্রতিবারের মত এইবারেও বেশ কয়েকটি পাতা খরচ করে বিশ্লেষণ করে দেখানোর চেষ্টা করেছেন যে, বিশ্বায়নের ফলে আমাদের দেশের অর্থনীতি দুর্বল হয়েছে এবং তার প্রভাব আমাদের রাজ্যের উপরেও এসে পড়েছে। এবং সেটা আমাদের পক্ষে খুবই ক্ষতিকারক। আমরা এর সঙ্গে জুঝে উঠতে পারছি না। আমার প্রশ্ন এই যে বিশ্বায়ন এবং গ্যাট চুক্তির ফলাফল সবাই তো পাচ্ছে। আজকে সারা পৃথিবীর যেসব দেশগুলো উন্নত বা উন্নয়নশীল দেশ, তারা নানাভাবে এই চুক্তিতে ক্রমশ ঢুকে যাচ্ছে। এমনকী, চীন এবং রাশিয়া তারাও আজকে ঢুকে এর অংশীদার হতে চাইছে বা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এই বিশ্বায়নের ফলে আমরা তার কীভাবে প্রতিরোধের বন্দোবস্ত করব সেটা তো দেখতে হবে নাকি কুপমুণ্ডক হয়ে বসে থাকব এবং একটা গোষ্ঠীর মধ্যে ধরে রাখব যে আমাদের জিনিস আমরা নিজেরা কিনব, বিক্রি করব। আমরা বিদেশি জিনিস আমাদের দেশে আসতে দেব না। এই বন্দোবস্ত যদি করেন তাহলে উৎকর্ষতা বাড়বে কী করে ? মাননীয় অর্থমন্ত্রীকে জানাই যে, আমি আমার দলের পক্ষ থেকে এবং ব্যক্তিগতভাবে যে, আমি ঢালাও বিলগ্নিকরণের পক্ষে নয়। যেখানে বিলগ্নিকরণ একান্ত প্রয়োজন হয়ে উঠেছে, সেখানেই করা হোক, কিন্তু এটাই একমাত্র পথ নয় যে, বিলগ্নিকরণ করে, দপ্তর খুলে সবগুলো বিলগ্নি করব, এই ধরনের মানসিকতা তৈরি করে দেওয়া ঠিক নয়। এতে অর্থনীতিকে আরও দুর্বল করতে পারে। আপনাকে আমি বলছি আপনি তো একজন পণ্ডিত লোক, এবং অর্থনীতি নিয়ে চর্চা করেন।

যখন মন্ত্রী ছিলেন না তখন এর সঙ্গে খুব যোগাযোগ ছিল। তাহলে কি এই ক্ষেত্রে অন্য পথে চলতে চাইছেন ? আজকে এর থেকে কী বোঝাচ্ছে—আইদার ইউ আর এক্সপ্লয়েটিং লেফট্ ফ্রন্ট গভর্নমেন্ট আর ইউ ইয়োর লেফট্ ফ্রন্ট গভর্নমেন্ট ইজ এক্সপ্লয়েটিং ইউ। আপনার পাণ্ডিত্যকে কি বামফ্রন্ট সরকার এক্সপ্লয়েট করার চেষ্টা করছে—কোনটা সত্য বলুন তো ? সেই কারণে আপনার কথার মধ্যে দিয়ে এই ধরনের কথা বলিয়েছে এবং সেই কারণে সরকারের অধীনে যে সংস্থাগুলো সেই সংস্থাগুলোকে সতেজ আপনি দীর্ঘ ২৫ বছরে করতে পারেননি। আমাকে আপনাদের ভাবতে হচ্ছে ২০০৩ সালে এসে আমরা আর ভরতুকি দিয়ে চালাতে পারব না। সে শালিমার ওয়ার্কস লিঃ হোক, পেপার পাল্পই হোক বা অন্য কোনো সংস্থায় হোক। এর মধ্যে আমরা কয়েকটি বন্ধ করে দেব, কয়েকটিকে জয়েন্ট ভেঞ্চারে চালাব এবং কয়েকটি সংস্থাকে আর্থিক সাহায্য দিয়ে আমরা বাঁচানোর চেষ্টা করব। এই পথ আজকে আপনারা গ্রহণ করেছেন। আজকে দুটো পথ আপনাকে বেছে নিতে হবে। একটা পথ হচ্ছে—সমন্বয়সাধন করা, ভারসাম্য রক্ষা করা। আর এই দুটোর মাঝামাঝি বিকল্প পথ হচ্ছে ভারসাম্য রক্ষা করতে হবে, সমন্বয়সাধন করতে হবে, আমাদের দেশের অর্থনীতিকে শক্তিশালী করতে হবে। আমরা এই বিধানসভায় দাঁড়িয়ে যতই বিরোধিতা করি না কেন, এই অর্থনীতির আঁচ আমার গায়ে যেমন লাগবে, আপনার গায়েও সেই রকম লাগবে। এর থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। আমার দ্বিতীয় কথা হচ্ছে—তা যদি না হয়, তাহলে আপনাকে বলতে হবে এবার ছুটি দাও, এবার বিদায় দাও। তখন রাজপথে দাঁড়িয়ে আপনারা বিশ্বায়নের বিরুদ্ধে আন্দোলন করবেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি এর জবাব দেবেন কি, কোন পথটা আপনি বেছে নেবেন। একটা জিনিস আমি উল্লেখ না করে পারছি না, রাজস্ব আয়-ব্যয় ৯,৮৭৭ কোটি টাকা এটা বাজেট বইতে লেখা আছে, আর বাজেট অ্যাট এ গ্লান্স-এ লেখা আছে ৮,৭৭৭ কোটি টাকা। এই ধরনের পার্থক্য কেন ? ফিসকাল ডেফিসিট আপনি দেখিয়েছেন ১২,২৭৩ কোটি টাকা। কিন্তু আপনি শ্বেতপত্রে লোন রিপেমেন্ট দেখিয়েছেন ৯,৫৬৪ কোটি টাকা, আবার বাজেট অ্যাট এ গ্লান্স-এ দেখিয়েছেন ১৪,৬০৪ কোটি টাকা। আপনি শ্বেতপত্রে বলেছেন মোট ঋণের পরিমাণ সত্তর হাজার কোটি টাকা ক্রস করেছে, আবার বাজেট এ্যাট এ গ্লান্সে বলেছেন মোট ঋণের পরিমাণ ৮৮,৪৮০ কোটি টাকা। এর কোনটা ঠিক ? জানি না এটা আপনার চালাকি কিনা। আপনি বাজেট অ্যাট এ গ্লান্সে বলেছেন ৮৮,৪৮০ কোটি টাকা, আর শ্বেতপত্রে বলছেন সত্তর হাজার ক্রস করেছে। সত্তর হাজার অতিক্রম করলে সেটা একাত্তর, বাহাত্তর, তিয়াত্তর হতে পারত, কিন্তু একলাফে কী করে ৮৮,৪৮০ হল সেটা আমি বুঝতে পারছি না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় মাঝে মাঝেই অন্য রাজ্যের সঙ্গে তুলনা করেন। আমি একটা ছোট্ট জিনিসের কথা বলছি, আমি শ্বেতপত্র ভালো করে পড়াশোনা করেছি—যদিও অনেকে শ্বেতপত্রের সমালোচনা করেন। ১৯৯৮-১৯৯৯ সালে রাজ্য সরকারের রাজস্ব ব্যয়ের পরিমাণ ছিল চলতি খাতে ৩৬ শতাংশ। আর সেখানে সব রাজ্যের গড় অনুপাত ছিল ৪৯.৫ শতাংশ। তাহলে আপনার রাজ্য কি এগিয়ে যাচ্ছে না

পিছিয়ে যাচ্ছে সেটা দয়া করে বলবেন ? রাজস্ব খাতে ঘাটতি—অভ্যন্তরীণ উৎপাদন বা নীট উৎপাদন ১৯৯০-১৯৯১ সালে ছিল ৩ শতাংশ, ১৯৯৯-২০০০ সালে সেটা এসে দাঁড়াল ৬.৭ শতাংশে। আচ্ছা, একটু বিশ্লেষণ করা যাক, অন্য রাজ্যে এই সময়ে অনুপাত কি ছিল। ১৯৯০-১৯৯১ সালে ছিল ৫০.৯ শতাংশ এবং ১৯৯৯-২০০০ সালে সেটা গিয়ে দাঁড়াল ২.৯ শতাংশ। আমরা বিশ্লেষণ করে দেখলাম, এই রাজ্যের অর্থনীতি যেভাবে এগিয়ে যাওয়ার কথা, সেইভাবে কিন্তু এগোচ্ছে না। আমরা পিছিয়ে পড়ছি। আমরা দাবি করেছিলাম, তাই আপনি একটা সুন্দর পুস্তিকা প্রকাশ করে দিলেন। তবে তার মধ্যে সমস্ত কিছু খোলাখুলি বলতে আপনার দ্বিধা ছিল। স্যার, আমি ইকনমিক রিভিউ থেকে বলছি, গ্রস এনরোলমেন্ট রেশিও ইন ক্লাশ সিক্স টু এইট, এটা অন্য রাজ্যে কি ছিল। ২০০০-২০০১ সালে দেখা যাচ্ছে মহারাষ্ট্রে ৮৫.২০ পারসেন্ট ; হিমাচল প্রদেশে ৯৬.৪৪ শতাংশ ; কেরালায় ৯৭.৩৩ শতাংশ ; চণ্ডীগড়ে ৭০.৫৯ শতাংশ, আর সেখানে পশ্চিমবাংলায় হচ্ছে ৫২.২০ শতাংশ।

[2.10–2.20 p.m.] (after recess)

আমরা এগিয়ে না পিছিয়ে অন্য রাজ্য থেকে, তা জানতে চাইছি আপনার কাছে—কাউকে আক্রমণ করার জন্য নয়। দেখুন—টোটাল নাম্বার অফ রেকগনাইজড হায়ার এডুকেশনাল ইনস্টিটিউশন-জেনারেল কলেজ, ২০০০-২০০১ সালে ছিল অন্ধ্রপ্রদেশে ৯৯৮, গুজরাটে ৪২২, কর্নাটকে ৯১৬, মধ্যপ্রদেশে ৪১৩, মহারাষ্ট্রে ৮৭৩, উড়িষ্যাতে ৫৬৭, আর পশ্চিমবাংলায় কলেজের সংখ্যা হল মাত্র ৩৫০টি। আর একটি উদাহরণ দিয়ে দেখাচ্ছি অন্য রাজ্য থেকে আমরা কত পিছিয়ে। টোটাল নাম্বার অফ প্রফেশনাল ইনস্টিটিউশন—ওই একই সময়ে—অন্ধ্রে ২২০, গুজরাটে ১১২, কর্নাটকে ৩০৪, মধ্যপ্রদেশে ৫৩৫, তামিলনাড়ুতে ২১৫, উত্তরপ্রদেশে ১৮৯, আর পশ্চিমবাংলায় মাত্র ৮২টি। এরপরেও মাননীয় অর্থমন্ত্রী, আপনি বলবেন—আমরা এগিয়ে চলেছি ? কোন দিকে এগিয়ে চলেছি—গোরস্থান, শ্মশানের দিকে অথবা মৃত্যুর দিকে ? এটা আপনাকে বিশ্লেষণ করে বলতে হবে। হলদিয়া পেট্রো-কেমিক্যালসের কথায় আমি অবাক হয়ে গেছি। আমি জানতে চাইছি কোনটা সত্য। হলদিয়া পেট্রোকেমিক্যালসের অনুসারী শিল্প সম্বন্ধে নানা মুনির নানা মত। মাত্র কয়েকদিন আগে মাননীয় রাজ্যপাল বলেছেন এর অনুসারী শিল্প ৫৬৫, পশ্চিমবাংলায় ৫২৮টি। আর আপনি বলছেন সংখ্যাটা ৫৩৭, এর মধ্যে ৩৪টি মাঝারি এবং ৪৯৯টি ক্ষুদ্র। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভা কক্ষে দাঁড়িয়ে আমি জানতে চাইছি—মাননীয় অর্থমন্ত্রী যা বলছেন তা সঠিক না মাননীয় রাজ্যপালের বিবৃতি সঠিক। আমাদের বিভ্রান্ত করার অধিকার মাননীয় অর্থমন্ত্রী, আপনার আছে কিনা জানতে চাই। মাত্র কয়েকটি দিনের মধ্যে পরিসংখ্যানের পরিবর্তন ঘটলো কেন ? আমার কাছে বই আছে, আপনি চাইলে দিতে পারি। দ্বিতীয় কথা বলছি—এই অনুসারী শিল্পের আদৌ কোনো ঠিকানা আছে কি ? তাদের অস্তিত্ব আছে কি ? এই ব্যাপারে আমি রাজ্যপালের ভাষণের সময় প্রশ্ন করেছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন—এটা নিয়ে আপনাদের না ভাবলেও চলবে। আমি আপনার কাছে বলছি, মাননীয় মুখ্যমন্ত্রীর সেদিনের ঔদ্ধত্যপূর্ণ উক্তি আমাদের আহত করতে পারে, কিন্তু

পশ্চিমবাংলার অর্থনীতিকে এক পাও এগিয়ে দেবে না, পেট্রোকেমের ধ্বংস হবে এইভাবে চললে। রাজস্ব আয়-ব্যয়ের তফাৎ ৯৮৭৭ কোটি টাকা, আগেও বলেছি, সেটা আর বলছি না। যেটা বলতে চাইছি, সেটা হচ্ছে সমবায় আন্দোলন সম্পর্কে। অর্থনীতিতে আপনার মত দিকপাল না হলেও আমরা কিছুটা বুঝি। সমবায় একটা বিকল্প অর্থনীতি, যা রাজ্য সরকারের একটুমাত্র সাহায্য পেলেই এগিয়ে যেতে পারে এবং গ্রামের কৃষক, শ্রমজীবী মানুষকে আরও একটু ভালো জায়গায় পৌঁছে দিতে পারে এই মুহূর্তে দাঁড়িয়ে আপনি বলতে পারবেন— সমবায় কৃষি উন্নয়ন সমিতি বা এস.কে.ইউ.এস বা প্যাক্স-এর সংখ্যা কত বর্তমানে ? আপনি বলেছেন তাদের ধান কেনার কথা। আপনি বলতে পারবেন সমবায় সমিতিগুলো আদৌ টাকা পেয়েছে কিনা এবং ডিস্ট্রেস সেলে ধান কিনেছে কিনা ? কোনো নজির আছে ? আমি আপনার কাছে জানতে চাইছি। তাদের ঋণ দেওয়ার পরিমাণ ৪০০ টাকা, ৮০০ টাকা, হাজার টাকা। এই পরিমাণ খুবই কম। এতে কৃষকদের কিছুই হয় না। আপনারা যদি তাদের সাহায্য করতেন তাহলে হত। কিন্তু মুশকিল হচ্ছে যে, আদায় হচ্ছে না। আপনার শাসকদল গ্রামে গ্রামে ঘুরে ঘুরে বলেছে যে,—ঠিক আছে, কো-অপারেটিভের টাকা পরিশোধ দিতে হবে না। ৬০ পারসেন্ট লোন অনাদায়ী। আজ স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের দায়িত্ব কি ? মাননীয় অধ্যক্ষ মহাশয়—কি তাদের দায়িত্ব ছিল ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভগুলিকে টাকা দেওয়া ? সেই টাকা দিয়ে না হয় তারা প্যাক্সগুলিকে তারা ফিট করতে পারে যাতে করে তারা অনেক বেশি ফ্লারিশ, কিন্তু আপনারা তা করেননি। আপনারা ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভকে লোন দিচ্ছেন না। আপনারা লোন দিচ্ছেন তন্তুজকে। আপনি নিজে লোন নিচ্ছেন স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে। ফলে আসল জায়গায় ফাঁক হয়ে যাচ্ছে। অতীশবাবু এখানে বসে আছেন। উনি যখন সমবায় দপ্তর দেখাশোনা করতেন, তখন একটা আইন হয়েছিল ইউনিভার্সাল মেম্বারশিপ হবে। এই ইউনিভার্সাল মেম্বারশিপ এখনও পর্যন্ত চালু করতে পেরেছেন ? আপনি এটা বলবেন। আপনার কো-অপারেটিভ দপ্তর কি এখনও পর্যন্ত চালু করতে পেরেছেন ? আপনাদের স্লোগান লোন নাও, টাকা শোধ কোরো না। আপনাদের স্লোগান আপনাদেরকেই বিভ্রান্ত করেছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ভূমিসংস্কারের কথা বলেছেন। আপনি বলেছেন ১০ লক্ষ ৭৩ একর জমি আপনারা বিলি করেছেন। এতবড় মিথ্যা কথা আর হয় না। '৭৭ সালে পরিসংখ্যান দেখুন তখন কংগ্রেস যখন সরকার থেকে চলে যায় তখন ৬ লক্ষ একর-এর উপর জমি বিলি করে গিয়েছিল। আপনারা ২৫ বছরে ৪ লক্ষ একর জমি বিলি করেছেন। তার মাধ্যমে এটা কি প্রমাণিত যে, ১০ লক্ষ একর জমি বিলি করে আপনারা একাই কৃতিত্বের দাবি করেন ? ৭০ ভাগ জমি ছোট ও প্রান্তিক কৃষককে দিয়েছেন বলে দাবি করছেন। তাই আপনার কাছে জানতে চাইছি যে, কো-অপারেটিভ দপ্তরের মন্ত্রী কি আপনার মার্কসবাদী কমিউনিস্ট পার্টি দপ্তরের মন্ত্রী নন ? এটা যদি কারণ হয়ে থাকে, তাহলে আমার কিছু বলার নেই। মাননীয় অর্থমন্ত্রী কর্মসংস্থানের কথা বলেছেন। কর্মসংস্থান বলতে কি বলতে চেয়েছেন ? আপনি ৭ লক্ষ কর্মসংস্থান করবেন বলেছেন। আপনি কৃষিভিত্তিক শিল্পের কথা বলেছেন। যদি এটা বাস্তবে রূপান্তরিত হয়, তাহলে আপনাকে ধন্যবাদ দেব। আমি গ্রামের মানুষ, আমি জানি চাষীরা শুধুমাত্র জল চায়। চাষীরা

সেচ চায় না। চাষীরা অনুদান চায় না। চাষীরা শুধু-জল চায়। জল ডি ভি সি অথবা অন্যান্য জায়গা থেকে বা মাটির জল থেকে যেভাবেই হোক জল চায়। পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর-এর বন্ধুরা বারবার বলেন, মুখ্যমন্ত্রী নিজে স্বীকার করেছেন উন্নয়ন হয়নি। তাই এম সি সি তৈরি হয়েছে। উন্নয়ন হয়নি বলে জনযুদ্ধ গোষ্ঠী তৈরি হয়েছে। যে সব জমি সেচসেবিত নয়, সেগুলিকে যদি আপনি সেচের ব্যবস্থা করেন, তাহলে নিশ্চয় আমি আপনার এই অনুচ্ছেদকে ধন্যবাদ জানাব। কিন্তু আপনাকে প্ল্যানিংটা ক্লিয়ার করতে হবে। এগুলির সম্পর্কে আপনাকে ভাবতে হবে। আপনি দেখুন ৬৫ লক্ষ যারা রেজিস্টার্ড বেকার—তারা কি করবে ? তারা দিন রাত্রি চোখের জল ফেলবেন, না হয় আলিমুদ্দিন স্ট্রিটে এসে আপনাদের পতাকাকে কাঁধে করে লাল সেলাম জানিয়ে নিজেদের যৌবনকে কারারুদ্ধ কক্ষে রেখে জীবনের শেষ দিনগুলি শেষ করে দেবেন। তাই আপনার এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আপনি বলেছেন শিক্ষকদের টাকা দেওয়ার ব্যবস্থা করবেন। পেনসন দেবেন। আর একটা কথা তারা যাতে তাড়াতাড়ি পায় তার ব্যবস্থা করুন। ন্যাশানালাইজড ব্যাঙ্কের মাধ্যমে কর্মসংস্থানের কথা বলেছেন। খুব ভালো কথা। ন্যাশানালাইজড্ ব্যাঙ্কে যখন আমরা যাই, তখন তারা বলেন আমরা তো টাকা দেব না। যে যেখানে টাকা দিয়েছে তাদের ১০ পার্সেন্টও তারা রিয়ালাইজ করতে পারেননি। ব্যাঙ্কও ব্যবসা করতে নেমেছে যে সমস্ত টাকা অনুদান দেবে এতো হয় না। রবীন্দ্রনাথের একটা গান দিয়ে বলছি, তোমার অসীমে প্রাণমন লয়ে যতদূরে আমি যাই, কোথা দুঃখ, কোথা মৃত্যু নাই, আজকে এটাকে একটু পরিবর্তন করতে হবে বামফ্রন্টের অসীমে যতদূরে মোরা যাই কোথাও দুঃখ, কোথাও মৃত্যু তার বেশি কিছু নাই।

[2.20–2.30 p.m.]

শ্রী নিখিল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি উপস্থাপন করেছেন এবং যে প্রস্তাব গুচ্ছ উপস্থিত করেছেন তার পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী পক্ষের যে কাট মোশনগুলো তার বিরোধিতা করছি। আমি আশা করেছিলাম একটা বিশেষ জটিল পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে বাজেট অধিবেশনের আলোচনার গভীরতা অনেক বেশি তীব্র থাকবে, অনেক গভীরে গিয়ে সদস্যরা আলোচনা করবে বিশেষ করে আপনারা জানেন যে বাজেট অধিবেশনের আগে অর্থমন্ত্রী গোটা বাংলার অর্থনৈতিক পরিস্থিতি, রাজ্য সরকারের আর্থিক সংকটের প্রশ্নে পুস্তিকা রাখতে হয়েছিল সবাইকে জানানোর জন্য।

সরকার তাঁর স্বচ্ছতার জন্য মানুষকে অর্থনৈতিক সংকটের কারণগুলো জানাতে চেষ্টা করেছেন এবং তার নিরিখে দাঁড়িয়ে যে বাজেট প্রস্তাবের উপর আলোচনা তার ধারেপাশে অনেকেই যাননি। একজনকে তো দেখলাম গাড়িতেই গোটা ভারতবর্ষ ঘুরে বেড়ালেন। শ্রদ্ধেয় জটুদাকে আলোচনার শুরুতেই, সেই যে মদে গিয়ে পড়লেন, বোতল থেকে আর বেরোতেই পারলেন না। এইরকম একজন সিনিয়র লিডারকে দেখলাম, তিনি বললেন অসীম দাশগুপ্তকে বলি পদত্যাগ করুন, পদত্যাগ করুন, এবারও বলছি পদত্যাগ করতে। অসীমবাবু কি বাণের

জলে ভেসে চলে এসেছেন নাকি যে পদত্যাগ করতে হবে ? অসীম দাশগুপ্ত তাঁর জায়গা থেকে কারণগুলো উল্লেখ করেছেন। নীতিগুলো তার নিরিখে আসা দরকার। অসিতবাবু বললেন তাঁরাই নাকি ভূমিসংস্কারের কাজ করে গিয়েছেন, আর বামফ্রন্ট তো নেপোয় মারে দই। তাহলে আজকে অসিতবাবুরাই এ রাজ্যে বাজেট পেশ করতেন। ভূমিসংস্কার, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, তার মাধ্যমে গ্রামোন্নয়ন, মানুষকে মর্যাদা দান, গ্রামের অর্থনৈতিক উন্নয়ন, এর মধ্যেই বামফ্রন্ট সরকারের মহিমা। এইগুলো হচ্ছে বলেই আজকে শিল্পোন্নয়ন অনিবার্যভাবেই তার অঙ্গ হিসেবে এসেছে। বাধা দিলেও তা কখনো বন্ধ হবে না। এটা একটা সামগ্রিক পরিস্থিতি। এই পটভূমিকার উপর দাঁড়িয়ে যে অর্থনৈতিক অগ্রগতি ঘটছে তার চাহিদা পূরণ করেই শিল্প গড়ে উঠছে। যে কথাটা আমি বলতে চাই মাননীয় বন্ধুগণ যে একটা পরিস্থিতিতে সরকার একটা বিবৃতি দিতে হল—অবশ্য নির্বেদবাবুর অর্থনীতির বেদের ভাষায় এটা নাকি শ্বেতপত্র নয়, তবে শ্বেতপত্র শ্বেতপত্র বলে মনে হল না। তবে শ্বেতপত্র কি নাকে খত হবে নাকি ? এখানে অসীমবাবু এখানে তিনি সংকটের কারণগুলো ব্যাখ্যা করেছেন। সাতটা কারণ বলা হয়েছে। তার মধ্যে নীতিগত প্রশ্ন জড়িয়ে রয়েছে। ঠিক আছে আপনারা বলুন, কেন্দ্রীয় করের ৫০ শতাংশ আপনারা দাবি করছেন। আমরা বলছি না ৫০ শতাংশ নয়, কেন্দ্রীয় সরকারের দায়িত্ব রয়েছে, আমরা মনে করছি, ৪০ শতাংশ। কেউ বলছে ২৯.৫ শতাংশ যে দিচ্ছে বড্ড বেশি দিয়েছে। কমিয়ে দেওয়া হোক। তবু নীতির প্রশ্নে কিছু চর্চা করা হল, তার সঙ্গে কিছু যুক্তি দেখানো হল।

কেউ কেউ বলছেন যে বেতন বাড়ালেন কেন। এমন দূরদর্শীর মতো ভাব দেখাচ্ছেন যেন উনি আগেই জানতেন যে বেতন বাড়ালেই সরকার এই রকম সংকটের মধ্যে পড়ে যাবে। তাতো তখন বলেননি তিনি যে না এই সরকারের উচিত হবে না বেতন বৃদ্ধি করতে। তখন কিন্তু চাহিদা হয়েছিল যে তাড়াতাড়ি পে-কমিশনের রায় বের করো। আর তফাৎটাইবা হবে কেন ? কাজের ধরন যখন এক রকম, একই বাজারে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারি কর্মচারীদের একই সম প্রভাব, তখন তফাৎটা হবে কেন ? কিন্তু এই যে বাজারে দাম বাড়ছে তার বেশিরভাগ হচ্ছে কেন্দ্রীয় নীতির ফলে। কেন্দ্রীয় সরকারকে দায়ভার বহন করতে হবে না ? কেন্দ্রীয় সরকার তার কর্মচারীদের বেতন দেওয়ার জন্য রিজার্ভ ব্যাঙ্ক থেকে স্বল্প সুদে ঋণ পেতে পারে তাহলে রাজ্য সরকারগুলি কেন পাবে না। রাজ্য সরকারের দায়বদ্ধতা কি কম ? রাজ্য সরকারগুলির মোট বাজেটের পরিমাণ কেন্দ্রীয় সরকার থেকে অনেক বেশি। কিন্তু রাজ্য সরকারগুলির মাত্র ১৩ হাজার কোটি টাকা পাবে এ সংক্রান্ত ঋণ। আর বাকি সমস্ত ক্ষেত্রে লোক ঢোকা রেসট্রিকশান রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার—কালকে এক বন্ধু বলছিল এটা একটা স্বয়ংশাসিত সংস্থা, ওঁরা যা খুশি তাই করতে পারে। এই রকম কি হতে পারে নাকি, ভারতীয় সংবিধানের একটা নিয়মের মধ্যে সেটা হতে পারে ? আর এই রকম কিছু অবিচার এই রকম কিছু বঞ্চনা তার ভিতর থেকেই বিচ্ছিন্নতাবাদের জন্ম নেয়। এই যে রাজ্য সরকারগুলিকে যত খুশি ঋণের ফাঁদে জড়িয়ে ফেলব। বিভিন্ন রাজ্যের এলাকাগুলির উন্নয়নে অসম দৃষ্টিভঙ্গি দিয়ে চলবে না। এখান থেকে আয় হচ্ছে, উপার্জন হচ্ছে কেন্দ্রীয়

সরকারের। ফেরৎ পাঠাবার সময় বেইমানি ? কিপটেমি ? গোটা ভারতবর্ষকে তার যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে ধরে রাখতে, গোটা ভারতবর্ষকে ধরে রাখতে, ঐক্যবদ্ধ রাখতে—কখনই শোষণ করতে পারে না। একটা বিচ্ছিন্নতাবাদের বীজ এর মধ্যে দিয়ে প্রোথিত হয়ে থাকে। আমাদের সরকার পক্ষের বন্ধুরা যখন বলছিলেন, বিশেষ করে মোস্তাফা বীন কাসেম সাহেব যখন বলছিলেন এবং অন্যান্যরাও বলছিলেন তখন কেউ কেউ বলার চেষ্টা করেছিলেন এটা তো রাজ্য সরকারের বাজেট তাহলে কেন্দ্রীয় সরকারের কথা উঠে আসছে কেন ? আপনাদের জানার জন্য বলছি, অবশ্যই আপনারা সবাই জানেন, আপনারা লার্নেড, তা সত্ত্বেও বলেন, কেন বলেন আমি জানি না, এটা বেসট নোন টু ইউ, কিন্তু এটা তো জানেন এবারের বাজেটে ব্যাঙ্কিং সেক্টরে যেটুকু অর্থনৈতিক নির্ভরতা ছিল তার অনেকটা জলাঞ্জলি দিয়ে দেওয়া হয়েছে। কেউ হয়তো তার স্বরে চিৎকার করে এটাকেও সমর্থন করতে পারেন। কেন না আমি তো দেখছি যখন পশ্চিমবঙ্গের অনেকগুলি জেলা বন্যায় প্লাবিত তখন কেন্দ্রীয় সরকার এটাকে বললো একটা জাতীয় বিপর্যয়, ন্যাচারাল ক্যালামেটিজ। কিন্তু তা সত্বেও যখন সেই অর্থে টাকাটা ছোঁয়াল না। কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলা নিধন করবার জন্য একটা এজেন্সি খুলেছে তার এখানে একটা ফ্র্যাঞ্চাইজি বা তার একটা এজেন্সি হিসাবে কেউ কেউ কাজ করেন, ওঁরা যে পশ্চিমবাংলার মানুষকে বঞ্চিত করবার জন্য পৌশাচিক অট্টহাসি হাসছিল তার সঙ্গে তাল মিলিয়ে এখানেও কেউ কেউ হাসেনি এমনটা নয়। দাবি করেননি যে পশ্চিমবাংলার জন্য এটা করা উচিত। তখন হার্ডকো থেকে ঋণ নিতে হয়েছিল, সেই ঋণের বোঝার জের আজও চলছে, এটা কখনই হতে পারে না। কেন্দ্রীয় সরকারের নীতি নিরপেক্ষ একটা বাজেট ভারতবর্ষের যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য হিসাবে আলাদাভাবে কিছু হতে পারে, তার কোনো প্রভাবই পড়বে না এটা কখনও হতে পারে ? এবারেই দেখুন না অনেকগুলি ছোট শিল্প, ক্ষুদ্রশিল্প অপেন-আপ করে দেওয়া হল, খুলে দেওয়া হল, ৭৫টার মতো স্মলস্কেল ইন্ডাস্ট্রির আইটেমকে। ক্ষতি হবে না ? এখানে শিল্প বন্ধ হবে না ? এখানে কর্মসংস্থান কমবে না ? জাতীয় স্তর থেকে যে মূল্যায়ন করা হয়েছে তাঁরা তো সার্ভে করে বলেছেন ৬৫ লক্ষ বেকার এবারে তৈরি হয়েছে। তাহলে এই সব আসছে কেন ? আমি যদি বন্ধ করে দেওয়ার চেষ্টা করি, তাহলে তো এগুলি হবেই। পরিমাণগত নিয়ন্ত্রণ তুলে দিয়ে যত খুশি বাইরের পণ্য ভিতরে চলে আসে তাহলে আমার পশ্চিমবাংলা তো মার খাবে, আমাদের অর্থনীতি, সমাজ সবকিছু তার দ্বারা আক্রান্ত হবে, আঘাতপ্রাপ্ত হবে। এই তো দেখুন না দুবার ডিজেলের দাম বাড়ার ফলে—তার সঙ্গে যুদ্ধের কোনো সম্পর্ক নেই, তার সঙ্গে এমনটা নয় যে আন্তর্জাতিক বাজারে তেলের দাম বেড়ে গিয়েছিল বলে তেলের দাম বাড়াচ্ছে কেন্দ্রীয় সরকার। কিন্তু দু দফায় তেলের দাম যা বেড়েছে তার হ্যাপা রাজ্য সরকারকে বহন করতে হচ্ছে এবং ভুগতে হচ্ছে। তার জন্যই রাজ্য পরিবহন মন্ত্রীকে ভাড়া বৃদ্ধির জন্য স্টেটমেন্ট দিতে হয়েছে। কেন না এটা যদি হতো যে বাসগুলি জলে চলে, তাহলে এই স্টেটমেন্ট দিতে হত না। কিন্তু বাসগুলি চলে না, বাসগুলি তেলে চলে। অতএব অস্বাভাবিক তেলের দাম বাড়লে পরে তার প্রতিক্রিয়া এখানকার বাজেটেও পড়তে বাধ্য।

[2.30–2.40 p.m.]

আবার দেখুন, কেন্দ্রীয় সরকারের করের যে বিভাজ্য অংশ, ইলেভেন বেতন কমিশন বলে দিয়েছিল তার থেকে ৯৬০ কোটি টাকা কম দেওয়া হল আমাদের। এতদসত্ত্বেও আমাদের মাননীয় অর্থমন্ত্রী সাহসের সঙ্গে বলিষ্ঠভাবে একটা জনমুখী বাজেট পেশ করতে পেরেছেন। অনেকে এবারে হয়তো ভেবেছিলেন বেশ ফাঁদে ফেলা গেছে রাজ্য সরকারকে এবং এবারে মনে হয় একটা যুতসই বাজেট পেশ করতে পারবেন না মাননীয় অর্থমন্ত্রী। কিন্তু সৌভাগ্যের বিষয় যে সেইরকম কোনো ফাঁদে কিন্তু ফেলা যায়নি। মাননীয় অর্থমন্ত্রী দক্ষতার সাথে, সাহসের সাথে জনকল্যাণকর, জনমুখী বাজেট পশ্চিমবাংলার জনগণের জন্য পেশ করতে পেরেছেন। জনস্বার্থে অগ্রগতি অব্যাহত আছে। শিক্ষা, স্বাস্থ্য, সবকটা ক্ষেত্রেই সুচিন্তিত নজর দেওয়া হয়েছে। সেই তথ্যাবলির মধ্যে গিয়ে আমি আর আপনাদের বিড়ম্বনা বাড়াতে চাই না। আমি সেগুলো দেখেছি এবং তাকে সমর্থন করছি। রাজ্যে উদ্ভূত অর্থনৈতিক পরিস্থিতি এবং জটিলতার কথা এখানে এর আগে ব্যাখ্যা করা হয়েছে। আপনাদের এ ব্যাপারে এখনও কেন বোধোদয় হচ্ছে না আমি বুঝতে পারছি না। কেন্দ্রীয় সরকার এই সমস্যা উপলব্ধি করে গত জুলাই মাসে একটা কমিটি গঠন করতে বাধ্য হয়েছে। এবং তার সদস্য আছে মাননীয় অসীম দাশগুপ্ত মহাশয়। এই হাইপাওয়ার কমিটির টার্ম অফ প্রেফারেন্স ৬-টা বিষয়ে। তার মধ্যে একটা বিষয় হচ্ছে ওই বেতন সংক্রান্ত। বেতন বাড়াবার জন্য রাজ্যগুলোকে অনেক বেশি টাকার ভার বহন করতে হচ্ছে। সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দায়ভার কিভাবে বহন করতে বা সমস্যাটা কিভাবে মেটানো যেতে পারে। ২,৩, ৪-এ আছে অসম্ভব ঋণভারে জর্জরিত সমস্ত রাজ্য। শুধু পশ্চিমবঙ্গ নয়। একটা তথ্যানুসন্ধান করলে বুঝতে পারবেন সমস্ত রাজ্যগুলো এইরকম ঋণভারে জর্জরিত হয়ে কঠিন সমস্যার মুখোমুখি হচ্ছে। আর, ৫ নম্বরে আছে কি করে ট্যাক্স আরো লিবারেল,—রাজ্য সরকারগুলো সংগ্রহ করে আয় বৃদ্ধি করতে পারবে। আর কিছু প্রকল্প, রাজ্য সরকারকে বাইপাস করে সরাসরি সেই টাকাগুলো অন্যত্র দেওয়া হচ্ছে, যেগুলো রাজ্য সরকারের আয়ের মধ্যে আসছে না, কোনো যোগাযোগ থাকছে না। একটা রাজ্য সরকারের অধিকারে সেখানে আঘাত হানা হচ্ছে। এই ৬-টা বিষয় উপলব্ধি করে কেন্দ্রীয় সরকার কমিটি গঠন করেছেন। কিন্তু এখানে কেন্দ্রীয় সরকারের কথা উল্লেখ করলেই আপনারা চিৎকার করতে থাকেন এই বলে যে, এটা রাজ্য সরকারের বাজেট, কেন্দ্রীয় সরকারের কথা উল্লেখ করা হবে কেন ? এখানে নীতিগত প্রশ্নে আপনাদের বক্তব্য জানা দরকার। কারণ মানুষকে তো বলতে হবে। একজন বন্ধু আবার বললেন, বেতন তাহলে বাড়ালেন কেন ? আই.এন.টি.ইউ.সি. কিন্তু বলছে বেতন বাড়াবার কথা। সুতরাং বাইরে গিয়ে কিন্তু আপনারা এই কথা বলতে পারবেন না। আমি মনে করি বেতন বাড়ানো যথোচিত হয়েছে এবং তারপরে এখন যে দাবি করা হচ্ছে তাও যথোচিত হচ্ছে। এবং এই যথোচিত দাবি আদায়ের ক্ষেত্রে আমাদের সম্মিলিতভাবে প্রয়াস করা দরকার। কিন্তু সম্মিলিতভাবে সেই প্রয়াস হচ্ছে না বলে সমস্যা হচ্ছে। এখানে যদি ওরা ওদের এজেন্ট পেয়ে যায় তাহলে ওদের কাজ সহজ হয়ে যাবে এবং আমাদের ক্ষেত্রে সমস্যা হতে পারে। রাজ্য সরকারের উপর অনেক কেন্দ্রীয় প্রকল্প রূপায়ণের দায়িত্ব থেকে থাকে এবং তার বেশিরভাগই ১০০ শতাংশ

ঋণ হিসাবে দেওয়া হচ্ছে। তা ছাড়া, কেন্দ্রীয় সরকার বাজার থেকে ৭ শতাংশ হারে টাকা তুলেরাজ্য সরকারকে ১২ শতাংশ হারে দিচ্ছে। এই রকম একজন নির্মম নিকৃষ্ট মহাজনও করতে পারেন না কেন্দ্রীয় সরকার সেই রকম করছে। বিনা পরিশ্রমে এই কাজ তারা করছে। তাই শুধুমাত্র বিরোধিতা করার জন্য যদি আমাদের বিরোধিতা করা হয় তাহলে কিছু বলার নেই। এবং এইসব কারণে দেখা যাচ্ছে ৫ বছরে সুদ এবং আসল মিলিয়ে ঋণ দু'গুণ হয়ে যাচ্ছে। অথচ আমরা দেখছি কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ঋণ দিচ্ছে না। বিগত বন্যার সময়ও এই ঘটনা ঘটল এবং তার জন্য আমাদের হাডকো থেকে ঋণ নিতে হল। অথচ, আমাদের ঋণ এবং আয়ের অনুপাত ২৭ শতাংশ, অন্যান্য রাজ্যগুলোর ক্ষেত্রে এই হার ৩২ শতাংশ, কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে এই অনুপাত ৫২ শতাংশ,—অনেক খারাপ। তা সত্ত্বেও তারা লোন নেওয়ার অ্যাডভান্টেজ পাবে, গোটা দেশের পরিচালনার দায়িত্বে থাকবে। কেন ? রাজ্য সরকারগুলোর দায়বদ্ধতা কিন্তু সাধারণ মানুষের কাছে অনেক বেশি। যাদের উন্নয়নের কাজগুলো সরাসরিভাবে মানুষের জন্য করতে হয়, তারা কেন এ থেকে বঞ্চিত হবে ? আমাকে অসিতবাবু বললেন যে, 'আমরা এরকম সমস্ত ভূমিসংস্কারের কাজ করে গেছি'। ওঁনাকে বলি, আমার কন্সটিটিউয়েন্সির একটা ব্লক পুরুলিয়া ২ নম্বর—যখন ওঁনারা ক্ষমতা ছেড়ে গিয়েছিলেন, তখন গোটা ব্লকের মধ্যে ৫টি মৌজা ইলেকট্রিফায়েড বলে রেকর্ড ছিল—সব গ্রামে বিদ্যুৎ ছিল না। এখন আমি অসিতবাবুকে নেমন্তন্ন করছি, একটু ঘুরে আসবেন, পুরুলিয়া ৩ নম্বর ব্লকের সমস্ত মৌজা ইলেকট্রিফায়েড হয়েছে, ২টি মৌজা ২ মাসের মধ্যে ইলেকট্রিফায়েড হবে, বাকি সমস্ত মৌজা ইলেকট্রিফায়েড হয়েছে ইন দি ট্রু সেন্স। ওরকম নয়, সিদ্ধার্থ শংকর রায়ের মতো—খুঁটি চলে গেল, আর কোনদিন আলো গেল না, তা কিন্তু নয়,—ইন দি ট্রু সেন্স ইলেকট্রিফায়েড হয়েছে। সমালোচনা করুন, গঠনমূলক সমালোচনা করুন, যা থেকে আমরা কিছু পেতে পারি। সরকারের এই নীতি সংক্রান্ত প্রশ্নে কিছু বলতে পারেন। হ্যাঁ, আমরা সবাই মিলে বলছি যে, ৪০ পারসেন্ট রাজ্য সরকারকে দেওয়া হোক। এখন তো বলেছে যে, ৩৩.৩৩ পারসেন্ট আপাতত এবং পরে ৫০ পারসেন্ট দেওয়া হবে। কিন্তু দেখা যাচ্ছে এ ব্যাপারে আপনাদের কোন রকম মন্তব্য বা বক্তব্য পাচ্ছি না। আমি পরে আসবো, আমার কিছু বন্ধু বলছিলেন, 'আপনারা কেন্দ্রীয় সরকারকে কি বিকল্পের কথা বলছেন' ? সেটায় আমি পরে আসবো। আমি নিশ্চয় সে ব্যাপারে সাধারণভাবে কিছু ধারণা দেব এবং নিশ্চয় এখানে ডিটেইলিং করার কোন স্কোপ নেই। আমার কাছে সেই সময়ও নেই এবং এসব করার পর কেন্দ্রীয় করের বিভাজ্য অংশের ঘাটতি ৭৩৬ কোটি টাকা গতবার হয়েছে। এটা আমাদের সেট-ব্যাকের একটা কারণ, কেননা গতবার ভীষণভাবে বাণিজ্যে, শিল্পে মন্দা গিয়েছে, যার ভোগ আমাদের ভুগতে হচ্ছে। তাই যেটা বলতে চাইছিলাম যে, কেন্দ্রের সঙ্গে রাজ্যের একটা সরাসরি সম্পর্ক আছে। কেন্দ্র নিরপেক্ষ, একটা রাজ্যের অর্থনীতি আলাদাভাবে নতুন করে গড়ে উঠবে—এরকম সার্বভৌম অবস্থাতে আমরা নেই। রাজ্যে আমাদের ত্রুটি স্বীকার করা হয়েছে, দেখবেন বাজেটে ত্রুটি স্বীকার করে উনি যে পুস্তিকা আগে প্রকাশ করেছিলেন তাতে বলা হয়েছে যে, আমরা ৬০০ কোটি টাকা কম রাজস্ব আদায় করতে পেরেছি, বাজেট অনেকটা সেল্ফ ক্রিটিকাল। কিন্তু কি করে আমরা এই

অবস্থাকে মোকাবিলা করবো তার জন্য কতকগুলো উপায় করার কথা বলা হয়েছে। এই উপায় করতে গেলে পরে দেখা যাচ্ছে, বলছে—' না, কোন ভাবে কোন দিক থেকে রাজস্ব আদায় করা বাড়াতে পারবে না। কিন্তু সব কাজ দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যেতে হবে। কেন্দ্রীয় সরকার টাকা দিলেও আমরা মানা করে দেব, কিন্তু উন্নয়নের গতিকে টগবগিয়ে একেবারে টাট্টু ঘোড়ার মতো ছুটিয়ে নিতে যেতে হবে'। এ তো কাঁঠালের আমসত্ত্ব হতে পারে, এরকম উন্নয়ন হয় না। উন্নয়ন করতে গেলে অবশ্যই তার জন্য রিসোর্স চাই, সেই রিসোর্স মোবিলাইজ করতে হবে রাজ্যের ভিতর থেকে এবং কেন্দ্রের কাছে যা হকের পাওনা—কোন কেউ দয়া, দান, দাক্ষিণ্য অথবা ভিক্ষে দিচ্ছে তা নয়, যা ন্যায্য পাওনা, সেই ন্যায্য পাওনাটুকু পাওয়ার জন্য আসুন না, একসুরে, এক স্বরে কথা বলি। এই যে আর.বি.আই., হুইম্‌সিকাল্ রেস্ট্রিক্‌শন্ ইমপোজ করছে, আমি আগেই বলেছি যে, আমরা তো পারি, ওভারড্রাফ্‌ট্ তাহলে সেভাবে নিতে হয় না। আর.বি.আই রেস্ট্রিক্‌শন্ এমনভাবে করা হচ্ছে যাতে করে রাজ্যগুলির আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে সীমিত ঋণ সংগ্রহের যে পরিমাণ সেই ঋণ সংগ্রহের পরিমাণকে সংকুচিত করে দিচ্ছে, বঞ্চিত করা হচ্ছে এবং জটিল ওভারড্রাফ্‌ট্-এর নিয়মাবলীর ফলে সেভাবে রাজ্য সরকারগুলি তার থেকে অর্থ পাচ্ছে না। এখন আমি যেটা বলতে চাইছি যে, সেই কারণেই আমাদের পশ্চিমবাংলাকে ভালবাসতে হবে, পশ্চিমবাংলার জন্য কিছু কথা বলুন, যে ৭টি পয়েন্ট আমি বলেছি সেইগুলো সম্পর্কে নীতিগত প্রশ্নে আপনাদের অবস্থান কি সেটা একটু আপনারা বললে আমাদের সুবিধা হবে। আর কেন্দ্রীয় সরকারের কথা আপনারা বলছেন, ৭৪ পারসেন্ট ইকুইটি শুধু কিনতে পারবে না ব্যাঙ্ক, তারা মিশে যেতে পারবে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক-এর সাথে। এ বছর বিলগ্নীকরণের লক্ষ্যমাত্রা ঠিক করা হয়েছে ১৩২০০ কোটি টাকা, গতবছর আয় হয়েছে ৩৩৬০ কোটি টাকা। বিলগ্নীকরণের পর যে অংশ সরকারী মালিকানাধীন থাকবে তার পরিচালনার জন্য এই ব্যাঙ্কগুলোতেও এবং এই প্রতিষ্ঠানগুলোতেও বিলগ্নীকরণ তহবিল এবং সম্পদ পরিচালনা কোম্পানি, যেটা বলা হচ্ছে ডিস্‌ইন্‌ভেস্টমেন্ট ফাণ্ড অ্যান্ড অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি, গঠন করার কথা ঘোষণা করা হয়েছে। এবার যে বাজেট বিবরণীতে যে ৬টি সংস্থার বিলগ্নীকরণের কথা কেন্দ্রীয় সরকার জানিয়েছেন সেটা মাননীয় সদস্যদের জানিয়ে দিই।

[2.40–2.50 p.m.]

এর মধ্যে ২ দফায় হিন্দুস্থান জিঙ্ক লিমিটেডের ২৭.৪৬ পারসেন্ট বিলগ্নীকরণ করে পাওয়া গেছে ৪৫৯ কোটি টাকা। মারুতী উদ্যোগে লিমিটেডের ৪৯.৭৪ পারসেন্ট সরকারী শেয়ারের ৪.২ পারসেন্ট বিক্রী করে কেন্দ্র পেয়েছে ১ হাজার কোটি টাকা। আই.পি.সি.এল.-এর ২৬ পারসেন্ট বিক্রী করে সরকারের ঘরে এসেছে ১৪৯১ কোটি টাকা। মডার্ণ ফুড ইন্ডাস্ট্রিজের ২৬ পারসেন্ট বেচে কেন্দ্র পেয়েছে ৪৪ কোটি টাকা। আই.টি.ডি.সি.-র ১০টি হোটেল বিক্রী করে পেয়েছে ২৭৩ কোটি টাকা এবং হোটেল কর্পোরেশন অফ ইণ্ডিয়ার ১টা হোটেল বিক্রী করে ৮৩ কোটি টাকা পেয়েছে। এইরকমভাবে নয়-ছয় করে ন কড়া ছ কড়া করে গোটা দেশের মানুষের মেহনতকে শেষ করে দিয়েছে। এতকাল যে রাষ্ট্রায়ত্ত শিল্প এখনও দেশের

অর্থনীতির মূল মেরুদণ্ড—সেটাকে ধ্বংস করে দেওয়ার কি অধিকার ওদের আছে ? সেই ধ্বংসলীলায় ওরা মাতল। পশ্চিমবঙ্গের মানুষের সাথে এইরকমভাবে বিশ্বাসঘাতকতা আর কতদিন ধরে করতে পারে ভাবতে পারেন। তাই তাদের সমস্ত কাট-মোশানকে বিরোধিতা করে আমাদের অর্থমন্ত্রী উত্থাপিত প্রস্তাব-প্রস্তাবগুচ্ছ এবং বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় ডেপুটি স্পিকার সাহেব একটা কথা রাজনীতিতে চালু আছে—গুড পলিটিক্স কন্টাডিক্স গুড ইকনমিক্স। এই ধারণা যে গুড পলিটিক্স সরকারপক্ষ যেটা এতদিন ধরে চালিয়ে রাজ্যের ইকনমিক পোজিশানকে সর্বনাশ করে গেছে। আমি অসীমবাবুকে দোষ দিইনা। অসীমবাবু এমন একটা দায়িত্বে আছেন যে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে তারা যে বেনিয়ম, অনিয়ম যে অর্থনৈতিক ভ্রস্টাচার করবে অসীমবাবুর দায়িত্ব সেগুলির উপর শাক দিয়ে মাছ ঢেকে কোনরকম ম্যানেজ করে চালিয়ে যাওয়া। এত বছর চালিয়ে গেছে। অনেকদিন শূন্য ডেফিসিট বাজেট দেখিয়েছেন কিন্তু শাক দিয়ে আর মাছ ঢাকা যাবে না। কারণ মাছটা বড় হয়ে গেছে, দুর্গন্ধ বেশি বেড়োচ্ছে। শূন্য ডেফিসিট বাজেটের পর আমরা দেখতে পেলাম কি ৪ কোটি টাকা গত বছরে যেটা ডেফিসিট সেটা রিভাইজড্ করে ১১ কোটি টাকা ডেফিসিট হয়েছে। এ বছরে শোনা যাচ্ছে বাজেট প্রোপোজালে ৭৯৩ কোটি টাকা ঘাটতি আছে। এটাই বা কি করে হবে আমি জানি না। এখানেও একটা গড়মিল আছে। আপনারা বলছেন যে ৪ শত কোটি টাকা খরচ কমিয়ে সাশ্রয় করা হবে তাতে এই ডেফিসিট হবে। গতবারে কত খরচ কমিয়েছিলেন—হিসাব ছিল খরচ কমাবার জন্য ৬০ কোটি টাকার মতো হবে। এবারে সেটা ৪০০ কোটি টাকা কি করে কমাবেন। ৬০ কোটি টাকা থেকে ৪০০ কোটি টাকা কি করে কমাবেন আমার জানা নেই। ৫ শত কোটি টাকা তুলবেন এন্ট্রি ট্যাক্স থেকে। যেটা ১৯৯৫ সালে উঠে গিয়েছিল। উনি বলছেন বাজেট ভাষণে যে—রাষ্ট্রপতির প্রাগ অনুমোদন নিয়ে বিধানসভায় বিল আসবে, সেই বিল পাশ হবে, পাশ হবার পরে রাষ্ট্রপতির কাছে যাবে অনুমোদনের জন্য অনুমোদন হলে আইন তৈরি হবে। আইন তৈরি হলে গেজেট নোটিফিকেশান হবে। তারপর তা আদায়ের জন্য ইনফ্রাস্ট্রাকচার তৈরি হবে। এই সাত মোন তেল কবে পুড়বে তার ৫শো কোটির রাধা কবে নাচবে এই কেষ্টরা বলতে পারবেন কি ? কাজেই ওই ৫ শত কোটি, ৪ শত কোটি, ৯ শত কোটি চেপে বসল ৭৯৩ কোটি টাকায় সেটা কি করে আসবে। এইভাবে ধামা চাপা দিয়ে চালানো হয়েছে। তাই নিখিলবাবু ঠিকই বলেছেন যে ওরা জানত এইবারের বাজেট ঠিক হবে না, অসীমবাবু ঠিকমতো বাজেট করতে পারবে না। ওরা ফাঁদে ফেলবেন, ফাঁদের জালে জড়াবার ওই প্রচেষ্টা দেবার জন্য নারায়ণ দেবার যে প্রচেষ্টা তাতে পশ্চিমবঙ্গের এই আর্থিক দুর্দশা। স্যার, গ্রামের মানুষের উন্নয়নের ব্যাপারে বাজেটে অনেক কিছু করা হয়েছে। সামনে পঞ্চায়েত নির্বাচন আছে, গ্রামের মানুষের অনেক উন্নতি হবে। কোথায় উন্নতি হবে ? রুরাল ডেভেলপমেন্ট এবং স্পেশাল এরিয়া বাজেট অ্যাট এ গ্লান্স স্টেটমেন্ট ৪-এ দেখুন ২০০২-৩-এ টোটাল রেভিনিউ ১৬ শত ৩৪ কোটি টাকা ধার্য ছিল, যার ভিতরে নন্ প্ল্যানে ছিল ৫০৩ কোটি ৮৭ লক্ষ আর প্ল্যানে ছিল ১১৩১ কোটি

৭ লক্ষ। রিভাইজডে সেটা কমে গেল, প্ল্যানে হল ৫৯৫, নন্-প্ল্যানে ৫১৫। এবারে রুরাল ডেভেলপমেন্টের জন্য কি করা হয়েছে ? টোটাল ১৬৩৪ জায়গায় ৯৫২। ৪০ শতাংশ কমিয়ে দেয়া হল গ্রাম উন্নয়নের টাকা। প্ল্যানে যেখানে ১১৩১ ছিল সেখানে এবারে হল ৩৯৫। গ্রাম উন্নয়ন করবেন ? গ্রাম উন্নয়নে অনেক টাকা দিচ্ছেন, না ? গ্রামের লোকেদের কেন এই ভাঁওতা দিচ্ছেন, এই ভাঁওতা দিয়ে কি হবে ? হ্যাঁ, নির্বাচন এসে গেছে, নির্বাচনের আগে তাদের কিছু ডোল দেবেন, কেন্দ্রীয় সরকারের দেয়া টাকা দিয়ে তাদের কিছু ভেট দেবেন। প্রধানমন্ত্রী সড়ক যোজনায় কিছু রাস্তা তাদের ভেট দেবেন—দিস আর গুড পলিটিক্স ফ্রম ইয়োর পয়েন্ট অব ভিউ। কিন্তু এই করে করে আপনারা রাজ্যের ইকোনমির সর্বনাশ করে দিয়েছেন। পশ্চিমবঙ্গের সর্বনাশ করে দিয়েছেন। সেজন্য আজকে যথার্থভাবে দাবি ওঠা উচিত এই সভা থেকে যে, সংবিধানের ধারা অনুসরণ করে অর্থনৈতিক অব্যবস্থার জন্য অবিলম্বে পশ্চিমবাংলায় ইকোনমিক অ্যান্ড ফিনান্সিয়াল এমার্জেন্সী জারি হওয়া উচিত।

ইন্ডাস্ট্রি নিয়ে আপনারা নাকি অনেক কাজ করছেন ? শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকার নাকি ভীষণ উদ্যোগী ? আমরা দেখছি রাজ্য সরকার সব কিছু কয়েকটি ব্যবসায়ীর ওপর ছেড়ে দিয়ে বসে আছে। স্যার, আপনি দেখুন ইন্ডাস্ট্রিতে কত অ্যালোকেশন হয়েছে : ২০০২-২০০৩ সালে ইন্ডাস্ট্রিজ অ্যান্ড মিনারেলস-এ প্রথমে ২৪৭ কোটি টাকা ধরা ছিল। রিভাইজকে সেটা ১৭৫ কোটি টাকা হয়ে গেল। সরকার যা ধরলেন তা দিতে পারলেন না। পারবেন কি করে ? সব দপ্তরে গিয়ে শুনি, মন্ত্রীরা পর্যন্ত—ঐ যে কথা নিখিলবাবু বললেন, 'ফাঁদে ফেলার চেষ্টা করছে'—অর্থমন্ত্রী সম্পর্কে যা তা কথা বলেন। বলেন, 'টাকা দিচ্ছেন না।' দেবেন কি করে ? এবারে ইন্ডাস্ট্রিজের জন্য কি বরাদ্দ করা হচ্ছে, ১২৯ কোটি টাকা। প্ল্যানে ৪৫ কোটি, নন্-প্ল্যানে ৮৩ কোটি টাকা। এই দিয়ে নতুন ইন্ডাস্ট্রি তৈরি করবেন, কটা হবে ? ইন্ডাস্ট্রি তৈরির নামে কলকাতার আশেপাশে এবং অন্যান্য জায়গায় যে প্রাইম ল্যান্ডগুলো আছে সেই ল্যান্ডগুলো ইন্ডাস্ট্রিয়ালিস্টদের হাতে তুলে দেয়া হবে এবং তার সঙ্গে যা যা আনুষঙ্গিক ব্যাপারগুলো হয় সেগুলো হবে। সেগুলো এই সভায় আর জোর করে বলতে চাইছি না, মাননীয় সদস্যরা আমার চেয়ে ভালই জানেন।

রাজ্যের আর্থিক অবস্থা আজ কোথায় গিয়েছে দেখুন : ২০০১-২০০২ সালে লোন রিপেমেন্টের জন্য ধরা ছিল ৭৯৪৩.৭৬ কোটি টাকা। ২০০২-২০০৩ সালে সেটা বেড়ে হয়ে গেল ৯২২৫.৬২ কোটি টাকা। তারপর আবার সেটা রিভাইজড করে, করে দিলেন ১০,৩৯২ কোটি টাকা। হঠাৎ ঋণের বোঝা বেড়ে গেল গত ২/৩ বছরে এবং এ বছর সেটা ১৪০০০ কোটি টাকা হয়েছে। কি লোন করেছেন ? এখানে দেখছি লোন রিপেমেন্ট টু সেন্ট্রাল গভর্ণমেন্ট, রি-পেমেন্ট অফ আদার্স ইন্সটিটিউশনাল লোনস—বিদেশী ঋণ কত এসেছে ? খুব করে বিশ্বব্যাঙ্ক, এ.ডি.বি.-র বিরুদ্ধে গলা চিরে স্লোগান দেন, তারপরেই দেখি বিশ্বব্যাঙ্কের লোনের টাকা এলেই আপনারা গদ-গদ হয়ে যান! এই করে করে আপনারা রাজ্যকে ভিখারী করে দিয়েছেন। আজ আর গলা ফাটিয়ে চিৎকার করে কিছু হবে না। লজ্জা করে না আপনাদের পদলেহন করতে, সাম্রাজ্যবাদীদের পদলেহন করতে। গরীব মানুষদের সর্বনাশ

করে এখানে গালভরা মিথ্যা কথা বলছেন আর নিজেদের পকেট ভর্তি করছেন। এই জিনিস সমস্ত কমিউনিস্ট দেশ করেছে। চেসেস্কু শুধু রোমানিয়া জন্মায় না, এই বাংলায়ও তার ভূত আছে। একদিন না একদিন বাংলার মানুষ এই ভূতদের সঠিক উত্তর দেবেন।

স্যার, আজকে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে, বিশ্বায়নের বিরুদ্ধে অনেক কথা শুনছি। আমরাও জানি বিশ্বায়নের ফলে আমাদের দেশের কি কি সর্বনাশ হয়েছে। এটা আমরা বিশ্বায়ন হবার আগে থাকতেই জানতাম যে, আমাদের এই এই সর্বনাশ হবে। এটাও সত্যি কথা পশ্চিমবাংলা একটা রাজ্য, একটা সার্বভৌম রাষ্ট্র নয়। সমগ্র ভারতবর্ষের আর্থিক অবস্থার প্রেক্ষাপটেই পশ্চিমবাংলার অর্থনীতি দাঁড়িয়ে আছে। এটা আমরা সকলেই জানি, এটা আর নতুন করে বলার কথা নয়।

[2.50–3.00 p.m.]

ডব্লু.টি.ও. সই হওয়ার পরে ভারতবর্ষ বা অন্য কোন সার্বভৌম দেশ কি অর্থনৈতিক সার্বভৌমত্ব ক্লেম করতে পারে দি ওয়ার্ল্ড হ্যাজ বিকাম ওয়ান গ্লোবাল ভিলেজ ? সামগ্রিক বিশ্ব অর্থনীতির বাইরে ভারতবর্ষ যেতে পারে না আর পারেনি বলেই কেন্দ্রীয় সরকারে বহু দলভিত্তিক কনট্রাডিকশন আছে। এটাকে আটকানোর প্রয়োজন ছিল। ডব্লু.টি.ও. সই করার পর বা আগে ডব্লু.টি.ও. আটকানোর প্রয়োজন ছিল। ২ বছর, আড়াই বছর কেন্দ্রীয় সরকারে ছিলেন, আটকাবার চেষ্টা করেছিলেন ? সই হওয়ার পর আর সই হওয়ার আগে কি করেছিলেন ? যখন ডব্লু.টি.ও. নিয়ে আপনারা ডাঙেকল বললেন, দেওয়ালে দেওয়ালে লিখলেন ডাঙেকল চুক্তি রক্ত দিয়ে রুখবো, যারা বোঝে না তাদের ভুল বোঝালেন, তখন কেন্দ্রে কি করেছিলেন ? বন্ধু সরকারের সময়ে কিছুই করেননি। আমি তার আগের গল্প অর্থাৎ ১৯৯৪ সালের কথা বলছি, প্রথমে ডাঙেকলের বিরুদ্ধে পার্লামেন্টে দাঁড়িয়ে সমস্ত বিরোধীদলের এক হওয়া উচিৎ ছিল। তখন নরসীমা রাওয়ের সরকার, মাইনোরিটি গভর্ণমেন্ট। সমস্ত দল বললেন সি.পি.এম. এবং বামপন্থী এম.পি.রা যারা আছেন, আপনারা আসুন, এই ডাঙেকল প্রস্তাব এই ডব্লু.টি.ও. ভারতবর্ষের উপর যদি লাঘু হয় তাহলে ভারতবর্ষের অর্থনীতি আগামী ৫০ বছরের জন্য খতম হয়ে যাবে। তখন আপনারা গুড পলিটিক্স করলেন, গুড ইকোনমিক্স করলেন না। ১৯৯৪ সালের উইনটার সিজিনে যখন ডিভিশন চাওয়া হল সেদিন আপনারা ভোট দেননি, ভাষণ দিয়েছেন আর বড় বড় কথা বলেছেন। তারপর যখন ডিভিশনের জন্য বোতাম টেপার কথা, তখন আপনারা পার্লামেন্টের নেতার নেতৃত্বে ডাঙেকল চুক্তি মানছি না, মানবো না এই স্লোগান দিতে দিতে পার্লামেন্টের কক্ষ থেকে চলে গেলেন। এই ডাঙেকল চুক্তি ভারতবর্ষে ডব্লু.টি.ও.-র ভিত্তিতে এস্ট্যাবলিশড করার সুযোগ আপনারাই করে দিয়েছেন। সুতরাং বিশ্বায়নের কথা আর আপনাদের মুখে সাজে না। এই ভণ্ডামী করবেন না। ভারতবর্ষ যা হবার হয়ে গেছে, কিন্তু এই বাংলার সাড়ে ৮ কোটি মানুষের সর্বনাশ আপনারাই করেছেন আর এখন পুরো সতী সেজে বলতে শুরু করেছেন কেন্দ্রীয় সরকারের এই বিশ্বায়ন নীতির জন্য আজকে দেশের এই সর্বনাশ। কিন্তু আমি বলবো, এই বিশ্বায়ন নীতি আনার জন্য আপনাদের ৫০ শতাংশ দায়িত্ব আছে। সুতরাং

এই সামগ্রিক প্রেক্ষাপটকে বিশ্লেষণ করে আজকে আমি এই কথাই বলবো, রাজ্য সরকারের এই বাজেট গত ২৬ বছর ধরে যা হয়ে আসছে সেই একই বাজেট। এটা একটা প্রহসন, একটা মিথ্যার ঝুলি, একটা অসত্যের বেসাতি এবং পশ্চিমবাংলাকে আপনারা ধ্বংসের মুখে নিয়ে চলে গেছেন। এই বাজেট পশ্চিমবাংলাকে ভিখারীতে পরিণত করার একটা দলিল। আপনার উচিৎ ছিল কি ? বলুন না ? আমি অসীমবাবুকে প্রশ্ন করবো, কেন আপনি সেল্‌স ট্যাক্স পুরো আদায় করতে পারছেন না ? প্রফেশনাল ট্যাক্স, সেল্ফ এমপ্লয়মেন্টের যে ট্যাক্স সেই ট্যাক্স ২০ পারসেন্টের উপর পর্যন্ত তুলতে পারেননি। কেন পারেনি ? আপনার ইনফ্রাস্ট্রাকচার আছে। পারেননি এই জন্য, আপনার সেল্‌স ট্যাক্স ভবনে বাস্তু ঘুঘুরা বসে আছে। সরকারী ট্যাক্স কালেকশন হয় না। ওখানে খালি ঘুষ নেওয়া হয়। আপনি আটকাতে পারবেন ? পারবেন না, আটকাতে গেলে সর্বনাশ হয়ে যাবে। সেইজন্য আমি বলছি, আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করি এবং বিরোধীদের আনা সমস্ত কাট-মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডঃ অসীমকুমার দাশগুপ্ত আমাদের মাননীয় অর্থমন্ত্রী গত ২০ মার্চ যে বাজেট প্রস্তাব উত্থাপন করেছেন আমি প্রথমেই তাঁর এই বাজেট প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি। আমি গত ২দিন ধরে বিরোধীদলের বন্ধুদের বক্তব্য শুনলাম। তাঁরা খুব নাটকীয় ভঙ্গিতে জ্বালাময়ী বক্তৃতা দিলেন। কিন্তু ওনারা আসল ব্যাপারটা ভুলে গেছেন, আমাদের ভারতবর্ষের যে সংবিধান আছে সেই সংবিধানকে রাষ্ট্রবিজ্ঞানীরা বলছেন, ধনতান্ত্রিক সংবিধান, বড় লোকদের স্বার্থবাহী সংবিধান। সুতরাং অসীমবাবু যতই এখানে চেষ্টা করুন না কেন প্রকৃত মৌলিক সমস্যার সমাধান করতে পারবেন না। এমন কোনো ব্যবস্থা করা তার পক্ষে সম্ভব নয় যেটা একটা গোটা দেশের পক্ষে করা সম্ভব। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার প্রস্তাবে সে কথা স্বীকারও করেছেন। স্যার, বিরোধীদলের যে বক্তা এইমাত্র জ্বালাময়ী বক্তৃতা দিলেন তাতে তিনি যা বলতে চাইলেন সেটা হচ্ছে সেই একই কথা—যত দোষ নন্দ ঘোষ, পশ্চিমবঙ্গ সরকারই সব কিছুর জন্য দায়ী। কিন্তু মূল কথায় তিনি গেলেন না। কেন্দ্রীয় সরকার যে আর্থিক ও বাণিজ্য নীতি ঘোষণা করেছেন তার অন্যতম অংশীদার হচ্ছেন এই এন.ডি.এ. সরকার যে সরকারের মধ্যে এই তৃণমূল দলটাও আছে। এর আগে কংগ্রেস সরকারের অর্থমন্ত্রী মনমোহন সিং এবং বাণিজ্যমন্ত্রী প্রণব মুখার্জী যেটা করে গিয়েছিলেন তার উত্তরাধিকারী হিসাবে এন.ডি.এ. সরকারও সেটাই চালিয়ে যাচ্ছেন। আমাদের দেশটা তো বিক্রি হয়ে গিয়েছে। এই তো ইরাকের উপর আক্রমণের ক্ষেত্রেই দেখুন না আমাদের দেশের কেন্দ্রীয় সরকারের কী ভূমিকা। আমাদের দেশের সার্বভৌমত্ব সুরক্ষার জন্য যাদের উপর দায়িত্ব ন্যস্ত হয়েছে তারা যে কত নপুংসক তা তো এই ইরাকের যুদ্ধেই প্রমাণ হয়ে গিয়েছে। সারা বিশ্বের জনগণ যেখানে ইরাকের উপর জোটবাহিনীর আগ্রাসনের নিন্দা করছে, প্রতিবাদ করছে এবং এমনকী আমাদের পশ্চিমবঙ্গেও যেখানে আমরা এর বিরুদ্ধে সর্বসম্মত প্রস্তাব নিয়েছি সেখানে কেন্দ্রীয় সরকারের ভূমিকাটা কী ? যেখানে নিরাপত্তা পরিষদের রাষ্ট্রসংঘের নির্দেশ অমান্য করে আমেরিকার জোটবাহিনী ইরাকের উপর

আক্রমণ করছে এবং গোটা পৃথিবীকে তারা শাসন করতে চাইছে সেখানে আমাদের এখানে বিরোধীদলের নেতা ভালো বক্তৃতা দিয়েছেন ঠিকই কিন্তু কেন্দ্রে তারা যে সরকারকে সমর্থন করছেন সেই সরকারের প্রধান অটলবিহারী বাজপেয়ী, তাঁর ভাবমূর্তি নাকি অটল, তিনি বলছেন, না, আমেরিকার বিরুদ্ধে কথা বলা যাবে না। তাহলে আপনারা বুঝতেই পারছেন যে কেন আমাদের অর্থমন্ত্রীকে এই ধরনের একটা বাজেট এখানে উপস্থিত করতে হল। যেখানে আরও জনমুখী বাজেট হওয়া দরকার, যে বাজেটে আরও বেশি মানুষের কল্যাণ নিশ্চিত করতে পারা যায় সেই রকম বাজেট উপস্থিত করতে না পারার কারণ হচ্ছে আপনাদের ভূমিকা। ওই এন.ডি.এ. যাদের আপনারা সমর্থন করছেন এবং ওই কংগ্রেস তারাই ভারতবর্ষের পরিস্থিতিটা এই রকম করে দিয়েছেন, তারা দেশটাকে বিক্রি করে দিয়েছেন। এর পরও আপনাদের লজ্জা হয় না এ কথা বলতে যে কেন এটা হয়নি, কেন ওটা হয়নি ? স্যার, মাননীয় অর্থমন্ত্রী সঠিকভাবেই বলেছেন যে এন.ডি.এ. সরকারের নীতির জন্য দেশে অতিরিক্ত ৬৫ লক্ষ বেকার সৃষ্টি হয়েছে। এখানেও তার ফলশ্রুতি নিশ্চয় অন্য রকম হবে না। স্যার, আমরা দেখছি কেন্দ্রীয় সরকার একের পর এক রাষ্ট্রায়ত্ত কারখানাগুলি হয় বন্ধ করে দিচ্ছেন না হয় বিক্রি করে দিচ্ছেন। এমনকী লাভজনক সংস্থা, ব্যাঙ্কিং অর্গানাইজেশান সেগুলিও বিক্রি করার চেষ্টা হচ্ছে। কেন আপনারা তার প্রতিবাদ করছেন না ? কেন আপনারা কেন্দ্রীয় সরকারকে বলছেন না যে তোমরা তোমাদের এই আর্থিক নীতি পরিবর্তন করো ? স্যার, এই আর্থিক নীতি পরিবর্তিত হলে কিছু কাজ করা সম্ভব। সেই সম্ভাবনা তৈরি না হওয়ার জন্য দায়ী হচ্ছেন আপনারা। এর আগে আমরা দেখেছি বিদেশি মালিকানা বা বেসরকারি মালিকানার হাতে ৪৯ শতাংশ পর্যন্ত শেয়ার রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির দেওয়া হত এখন কিন্তু সেটাকে পরিবর্তিত করে একেবারে ৭৪ শতাংশ পর্যন্ত শেয়ার তাদের হাতে দেওয়া হচ্ছে। এর ফলে রাজ্যগুলিও সংকটে পড়ছে। এর আগে মেনশান আওয়ারে আমাদের আর.এস.পি. দলের ৫ জন বিধায়ক চা-শিল্পের সংকটের কথা উল্লেখ করেছেন। এই সংকটের জন্য দায়ী হচ্ছে ডব্লু.টি.ও., এন.ডি.এ. সরকারও তার আগের কংগ্রেসের কেন্দ্রীয় সরকার। আজকে তারা লুণ্ঠন করার জন্য ভারতবর্ষকে অন্যতম শ্রেষ্ঠ মৃগয়াক্ষেত্রে পরিণত করেছেন। এখানে ওরা মাল্টিন্যাশানাল কোম্পানিগুলিকে আমন্ত্রণ করে নিয়ে এসেছেন লুণ্ঠন করার জন্য।

[3.00–3.10 p.m.]

এখন যে এক্সপোর্ট পলিসি নিয়েছে, আমদানি রপ্তানি নীতিতে—আগে আমদানি নীতিতে যে রেস্ট্রিকশন ছিল, রেস্ট্রিকশনের জন্য বিদেশি পণ্য এখানে আসতে পারত না এবং আমাদের জাতীয় উৎপাদকরা নিজেদের রক্ষা করতে পারত—যেটা দেখা যাচ্ছে, বিদেশি পণ্যের জন্য দরজা খুলে দেওয়া হয়েছে। আর এর ফলে আমাদের দেশের শিল্প আজকে মার খাচ্ছে। আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, জাতীয় আন্দোলনের সময়ে, আমাদের স্বাধীনতা আন্দোলনের সময়ে সেই আন্দোলনের যাঁরা নেতা ছিলেন, কংগ্রেসের নেতা পণ্ডিত জওহরলাল নেহরু, মহাত্মা গান্ধী তাঁরা বলতেন স্বদেশী পণ্য গ্রহণ কর, বিদেশী পণ্য বর্জন কর। আজকে এন.ডি.এ. সরকার যে নীতি নিয়েছে, তারা বলছে বিদেশী পণ্য গ্রহণ করো,

স্বদেশী পণ্যকে বর্জন করো। কাজেই অসীমবাবুর যতই সদিচ্ছা থাকুক না কেন, কমিটমেন্ট টু দি ওয়ার্কিং পিপল করা সম্ভব নয়। ডঃ দাশগুপ্ত বলেছেন চা-বাগানের সংকটের কথা। আজকে স্বাধীনতার ৫৫ বছর পরে ডুয়ার্স, তরাই এবং দার্জিলিংয়ের আড়াই লক্ষ শ্রমিক তারা রাজপথে, তারা আজকে বিধানসভা অভিযান করছে কেন ? এটা তারা করবে কেন ? তারা মরবে। এর জন্য দায়ী কারা ? দায়ী হচ্ছে মালিকী ব্যবস্থা। মাননীয় বন্ধুরা দেখুন সেখানে কী হয়েছে। ইতিমধ্যে ৩১টি চা বাগান বন্ধ হয়ে গেছে মালিকী ব্যবস্থার দৌলতে। ওরা বলছে, আমরা চালাতে পারছি না। কেন, না বিদেশী চা আসছে। ডঃ দাশগুপ্ত বলেছেন, ওদের কৃষি-কর কমিয়ে দিয়েছেন। কিন্তু সেটা কমিয়ে দিলেও শ্রমিকরা তাতে লাভবান হবে না। আমি ইউ.টি.ইউ.সি.-র জেলা সম্পাদক। আমি ইউনিয়নের একজন সদস্য হয়ে বলছি, আমি দীর্ঘদিন ধরে ইউনিয়নের সঙ্গে যুক্ত আছি, ওখানে শ্রমিকদের কোটি কোটি টাকা, পি.এফের টাকা কেটে রেখেছে, গ্রুপ ইনসিওরেন্সের টাকা কেটে রেখেছে। সেই টাকা জমা পড়েনি। এটা ক্রিমিন্যাল অফেন্স। কেন্দ্রীয় সরকারের বাগিচা আইন, প্লানটেশান লেবার অ্যাক্টে বলা হয়েছে শ্রমিকদের বাসস্থানের ব্যবস্থা করতে হবে, পানীয় জল দিতে হবে, শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা করতে হবে। স্বাস্থ্য, শিক্ষা দিতে হবে। এগুলোকে গ্যারান্টেড করতে হবে। প্লান্টেশান লেবার অ্যাক্টে যেগুলো আছে সেগুলোকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছে। আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু ট্রাইপার্টাইট সেটেলমেন্ট করেন, তা সংবাদপত্র, আকাশবাণী, দূরদর্শন এবং অন্যান্য মিডিয়া ফলাও করে প্রচার করে দিল দশ হাজার লোকের চাকুরি হবে, নিউ এমপ্লয়মেন্ট হবে দু'হাজার সালের মধ্যে। চাকুরি হবে, কোথায় তা ? আজকে ২০০৩ সালে ৫০ হাজার লোকের কাজ নেই। আমি গতকাল বলেছিলাম, ডুয়ার্স, তরাই এবং দার্জিলিংয়ের মজদুররা অভিযান করবেন। তাঁরা লিস্ট দিলেন। ৫০০ শ্রমিক মারা গেলেন কেন, তাঁরা ম্যালনিউট্রিশন রোগে আক্রান্ত হলেন কেন ? তার দায় কাদের ছিল—ওই মালিকদের। তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন। জ্যোতিবাবুর সরকার, বুদ্ধদেববাবুর সরকার তাদের অবাধ ব্যবস্থা করে দিয়েছেন ল্যান্ড লিজ দিয়ে। তারা একশো বছর ধরে এই ল্যান্ড ভোগ করবে, তারা ল্যান্ড লিজ পেয়েছে। তারা একশো বছর ধরে মুনাফা লুণ্ঠন করছে। আমি নাম করে বলছি, বক্সাদুয়ার চা-বাগান, তারা কোনো একটা ব্যাঙ্ক থেকে ১০.৭৬ কোটি টাকা লোন করেছে মডার্ণাইজেশানের জন্য। সেই টাকা খরচ করতে পারেনি উপরন্তু সেই চা-বাগান বন্ধ করে দিয়েছে। সেখানকার মহকুমা শাসক ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও তা বন্ধ করে দেন। সুতরাং ওই রোহিমাবদ চা-বাগান আজকে ধুঁকছে এবং কয়েকশো লোক যে ওখানে মারা গেল এর জন্য দায়ী কে ? এর দায়িত্ব কে নেবে ? ডঃ দাশগুপ্ত মহাশয়কে অনুরোধ করব এই একটি কাজ তিনি ভালো নিশ্চয় করেছেন—এখানে বলা হয়েছে যে, বন্ধ কারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে অনুদান দেবেন। কিন্তু মূল কথা হচ্ছে ওগুলো খোলার চেষ্টা করুন এই আবেদন আমি আপনার কাছে রাখছি। এই ব্যাপারে বিধানসভার আইন দিয়ে করা যাবে না, অ্যাডমিনিস্ট্রেটিভ উদ্যোগ নিয়ে চেষ্টা করতে হবে। প্রায় ৫০ হাজার শ্রমিক যে ধুঁকছে, সেই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী দ্রুত হস্তক্ষেপ গ্রহণ করুন। আজকে ওই চা-বাগানের শ্রমিক পক্ষ থেকে যে স্মারকলিপি দিতে আসবে সেই স্মারকলিপি আপনি গ্রহণ করুন, আপনি আমাকে কথা দিলেন যে নেবেন—সেখানে মূল কথা হচ্ছে যে, মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে ওই

চা-বাগানগুলো খোলার ব্যবস্থা করতে হবে। যতক্ষণ ওগুলো না খোলা যায় ততক্ষণ ওখানকার শ্রমিকরা না খেয়ে মরবে। আজকে ৫০০ লোকের ওখানে মৃত্যু হয়েছে এর জন্য দায়ী কে—বামফ্রন্ট সরকার এর জন্য দায়ী নয়—বর্তমান ব্যবস্থা এর জন্য দায়ী। সেখানে ডঃ দাশগুপ্ত যে ১ বছর এবং ১০ মাসের পার্থক্য করছেন সেটা করবেন না। সেখানে বলেছেন ১ বছর কারখানা বন্ধ থাকলে সেই কারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে দেবেন আর ১০ মাস বন্ধ হলে কোনো রিলিফ দেবেন না, এটা পরিহার করুন, আপনাকে শ্রমিকরা স্বাগত জানাবে, ডুয়ার্স এবং তরাইয়ের শ্রমিকরা আপনাকে স্বাগত জানাবে। তাদের সমর্থনেই বামফ্রন্ট সরকার ৬বার এখানে এসেছে। ওখানে তৃণমূলের কোনো প্রতিনিধি নেই, কোনো চিহ্ন নেই, নিশ্চিহ্ন করে দিয়েছে। কত চেষ্টা করেছিল বিভেদ সৃষ্টি করে কে এল ও জঙ্গিদের মদত দিয়ে গণ্ডগোল করার, কিন্তু কিছুই করতে পারেনি। সেখানে শ্রমিকদের সংগ্রাম, শ্রেণী সংগ্রাম, গরিব মানুষের সংগ্রামে সব নিশ্চিহ্ন হয়ে গেছে। ননী ভট্টাচার্যের কথায় সংগ্রাম, সংগ্রাম, আসলে হচ্ছে শ্রেণী সংগ্রাম এবং শ্রমিকদের সংগ্রামের দ্বারা সবই সম্ভব। সুতরাং আজকে যে চা-বাগানের শ্রমিকরা রাজপথে নেমেছে এবং বিধানসভা অভিযানে এসেছে, তাদের জন্য আমি মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে ডঃ দাশগুপ্তকে আবেদন করব যে, ওদের দাবিগুলো বিবেচনা করার সুযোগ আছে এবং যাতে ওদের রিলিফ দেওয়া যায় সেই দিকটা দেখুন। যদিও ওখানে কাজের বদলে খাদ্য বলে কিছুদিনের জন্য চালু হয়েছে, কিন্তু সেটা সব জায়গায় করা যাবে না। এবং পঞ্চায়েতের কাজকর্ম চা-বাগানে করা গেল না কারণ চা-বাগানগুলো তো লিজ ল্যান্ড। মালিকরা সেখানে বসে আছে। আমাদের ইউ টি ইউ সি এবং আর এস পি এবং বামফ্রন্টের দাবি হওয়া উচিত যে, যারা চা-বাগান চালাতে পারবেন না, লিজ নিয়ে বসে আছেন, ট্রাই-পার টাইট সেটেলমেন্টেও মানছে না, এবং প্ল্যানটেশান অ্যাক্ট ভঙ্গ করছে—তাদেরকে বলুন—হয় চা-বাগান চালান, না হলে ছেড়ে চলে যান। আইদার গভার্ন অর গেট আউট। তাদের দৃঢ় হস্তে দমন করতে হবে। সঠিকভাবে চা-বাগান চালাতে না পারলে চলে যাও। চালাতে পার চালাও, না হলে অন্য লোক আসুক। পাশাপাশি জানাচ্ছি চাঁদমণি চা বাগানের ব্যাপারে—সেখানে বেশ কিছু শ্রমিক কর্মচ্যুত হয়েছে। অবশ্যি সেখানে বলা হয়েছে কেউ কাজ হারাবে না, কিন্তু আমি জানি না কোনো দৃষ্টিভঙ্গি থেকে এসব কথা বলা হয়েছে। প্রায় ৫০ হাজার শ্রমিক ৩টি চা-বাগানে কর্মচ্যুত হল, তার কোনো প্রতিরোধ করতে পারা যায়নি। আর শুধুমাত্র স্যাটেলাইট টাউনশিপ করে, উপনগরী করে শ্রমিকদের স্বার্থ রক্ষা করার এই যে ব্যবস্থাপনা এটা কতটা বাস্তবায়িত করা যাবে তাতে সন্দেহ আছে। আমি মনে করি আজকে যে চাঁদমণি চা-বাগানে ঘটছে, আগামী দিনে তা ডুয়ার্স এবং তরাই অঞ্চলে সংক্রামক ব্যাধির মতো ছড়িয়ে পড়বে। সেখানে চা-বাগানের মালিকরা চা-বাগান বন্ধ করে দিয়ে শ্রমিকদের সর্বনাশ করছে। সেই কারণে মাননীয় অর্থমন্ত্রীর কাছে সবিনয়ে আবেদন জানাচ্ছি, মাননীয় মুখ্যমন্ত্রীকে আবেদন জানাচ্ছি এবং গভর্নমেন্টের নিয়ামকদের আবেদন জানাচ্ছি শ্রমিকদের স্বার্থ রক্ষা করার ব্যবস্থা করুন। এই যে শ্রমিক ছাঁটাই হচ্ছে, ডঃ দাশগুপ্ত কিছু করতে পারছেন না—আসলে তিনি অসহায়। আমাদের শ্রমমন্ত্রী আজকে ওখানে মালিকদের সঙ্গে মিটিং করতে গেছেন। কিন্তু ফেট কী হবে জানি—

মালিকপক্ষ নানা অজুহাত দেখিয়ে আসবে না। আগে আমরা ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে চার্টার অফ ডিমান্ড দিতাম, এখন সেটা পাল্টে গিয়ে মালিকপক্ষ চার্টার অফ ডিমান্ড দিচ্ছে এই কণ্ডিশানে যে, এত লোককে তারা ছাঁটাই করবে।

[3.10–3.20 p.m.]

কণ্ডিশান দিচ্ছে এত লোককে আমরা ছাঁটাই করব, শুধু ছাঁটাই করব না, আগামী পুজো পর্যন্ত ওই সমস্ত সুযোগ-সুবিধা আমরা দিতে পারব না। কুমারী কুজুর, যিনি চা -শ্রমিক পরিবার থেকে নির্বাচিত হয়ে এখানে এসেছেন, যেখান থেকে এক সময় এসেছিলেন আমাদের মহান নেতা কমরেড বেস্টারউইচ, যিনি একসময় বিধানসভায় বিরোধী দলনেতা ছিলেন। আজকে পঞ্চাশ হাজার চা-শ্রমিক পরিবারের ছেলে-মেয়েরা তারা স্কুলে যেতে পারছে না, সেখানে বিদ্যুতের লাইন কেটে দেওয়া হচ্ছে, জলের লাইন কেটে দেওয়া হচ্ছে। কারণ মালিকরা চা-বাগান বন্ধ করে দিয়ে, সমস্ত কিছু লুণ্ঠন করে লণ্ডনে পালিয়ে গেছেন, অন্যান্য রাজ্যে পালিয়ে গেছেন। অনেকে আবার এন.ডি.এ.-র সঙ্গে মিশে লাইসেন্স-পারমিট নিয়ে অন্য জায়গায় সরে যাচ্ছে। এদেরকে প্যাট্রোনাইজড্ করছে কারা ? সেইজন্যই আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব, এটা অন্যভাবে দেখুন, মানবিকভাবে এদের ব্যাপারটা দেখতে হবে। আজকে ট্রাইপার্টাইট এগ্রিমেন্টে মালিকরা কণ্ডিশান দিচ্ছে, তোমরা যদি আমার কথা মানো তাহলে চা-বাগান চালু রাখব, তা না হলে বন্ধ করে দেব। এই ব্যাপারগুলো পরিবর্তন করা দরকার। আমাদের রাজ্যের যারা নিয়ামক, যারা রাজ্য পরিচালনা করছেন তাদের এইগুলো দেখতে হবে। আমরা মানুষকে প্রতিশ্রুতি দিয়েছিলাম আমরা সংবেদনশীল, পরিচ্ছন্ন বামফ্রন্ট সরকার উপহার দেব। সেই কথাটা আমাদের প্রতি মুহূর্তে মনে রাখতে হবে। আমাদের মনে রাখতে হবে ডঃ অসীম দাশগুপ্ত, বুদ্ধদেব ভট্টাচার্য, অমলেন্দ্রলাল রায়, অমর চৌধুরীই শুধু সরকার নয়, আমাদের গোটা ব্যবস্থার কথা মনে রাখতে হবে। আজকে জেলা পরিষদ মাথাভারী, অনেক কিছুর চেয়ারম্যান, অনেক কিছুর প্রেসিডেন্ট হচ্ছেন সভাধিপতি। এটা কমানো হোক। ফাংশানিং দপ্তরগুলোতে টাকা দেওয়ার ব্যবস্থা করা হোক। পি.ডব্লু.ডি., পি.এইচ.ই., ইরিগেশানের মতো দপ্তরগুলোতে কোর সেক্টারে টাকা দেওয়ার ব্যবস্থা করা হোক। এই রাজ্য সরকার ক্ষমতায় আসার আগে মানুষকে যে প্রতিশ্রুতি দিয়েছিল, সেই প্রতিশ্রুতি ভঙ্গ করার কোনো জায়গা নেই। মাননীয় অর্থমন্ত্রী যে-সমস্ত ট্যাক্সের কথা বলেছেন, যে-সমস্ত ব্যবস্থার কথা বলেছেন, সেগুলোকে যদি কার্যকরী করতে চান তাহলে ইন্টার ডিপার্টমেন্টাল কো-অর্ডিনেশান দরকার। আমরা এর অভাব দেখতে পাচ্ছি। গঙ্গা-পদ্মা ভাঙনের ক্ষেত্রে নিশ্চয় কেন্দ্রীয় সরকারের ভূমিকা পালন করতে হবে, রাজ্য সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে অনেক কাজ করেছে। উত্তরবঙ্গের যে-সমস্ত নদীগুলির জন্য প্রতি বছর সেখানে বন্যা হয়, সেখানে বন্যা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকারকে তার ভূমিকা পালন করতে হবে, কেন্দ্রীয় সাহায্য দিতে হবে। আজকে এই আমরা লক্ষ্য করছি কিছু কিছু জায়গা থেকে অভিযোগ আসছে। বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এসেছিলেন তখন জনগণের স্বার্থে স্বচ্ছ, সংবেদনশীল সরকার উপহার দেওয়ার কথা বলা হয়েছিল। তাই এই ব্যাপারগুলো গুরুত্বসহকারে দেখা দরকার। এই অর্থনৈতিক যাঁতাকলের মধ্যে পড়েও মাননীয় অর্থমন্ত্রী যে

প্রস্তাব দিয়েছেন সেটাকে কার্যকরী করার জন্য এই বামফ্রন্ট সরকার নিরবচ্ছিন্নভাবে, পরিচ্ছন্নভাবে আগামী দিনে কাজকরবে, এই আশা রেখে আরেকবার এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্যশেষ করছি।

শ্রী তারক ব্যানার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে আমি স্বল্প সময়ের মধ্যে কয়েকটি কথা বলতে চাই। আপনি নতুন করে রাজ্যে 'ভ্যাট' অর্থাৎ ভ্যালু অ্যাডেড ট্যাক্স চালু করতে যাচ্ছেন। আপনার বাজেট ভাষণে বলেছেন—'সমস্ত রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চলে বিক্রয়করের একটা নিম্নসীমা ধার্য হবে। যাতে রাজ্যগুলোর মধ্যে বিক্রয় করের হার নিয়ে অস্বাস্থ্যকর প্রতিযোগিতা বন্ধ হয়।' আপনার বাজেট বক্তৃতার ৫.১৫ অনুচ্ছেদে বলেছেন—'রাজ্য সরকার ইতিমধ্যে এই বিলের ক্ষেত্রে রাষ্ট্রপতির প্রাক্ অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছে, যাতে এই বিলটি রাজ্য বিধানসভায় গৃহীত হবার পর রাষ্ট্রপতির চূড়ান্ত অনুমোদন পাওয়ার প্রক্রিয়া ত্বরান্বিত হয়'। বিধানসভায় এখনও অনুমোদিতই হ'ল না, আর আপনি অ্যাডভান্স রাষ্ট্রপতির কাছে আবেদন করে রাখলেন ? আপনার জবাবি ভাষণে নিশ্চয় বলবেন। ভ্যাট প্রসঙ্গে যে-কথা উল্লেখ করেছেন, পশ্চিমবাংলা ছাড়া অন্য কোনো রাজ্য কি ভ্যাট নিয়ে সিদ্ধান্ত নিয়েছে বা ভ্যাট চালু করতে চাইছে ? গত পার্লামেন্টের অধিবেশনে ভ্যাট নিয়ে আলোচনা হয়েছিল, বহু সাংসদ বন্ধু সেখানে বিরোধিতা করেছেন যে, ভ্যাট চালু হলে সর্বনাশ হবে, এর কোন যৌক্তিকতা নেই। পরবর্তীকালে দেখা গেছে কেন্দ্রীয় সরকার ভ্যাট স্থগিত রেখেছে। পরবর্তী অধিবেশনে হয়তো আবার আসতে পারে। মাননীয় অর্থমন্ত্রীকে বলব—আপনি ভ্যাট নিয়ে এত তাড়াহুড়ো করছেন কেন ? এটা করলে পশ্চিমবঙ্গকে আরও একধাপ পিছিয়ে দেওয়া হবে। কেন্দ্রীয় সরকার এবং অন্যান্য রাজ্য সবাই মিলে ভ্যাট চালু করার সিদ্ধান্ত নেয় কিনা অপেক্ষা করুন। আমার অনুরোধ ভ্যাটের বিষয়ে এখনই সিদ্ধান্ত নেবেন না। এর আগে বহু সিদ্ধান্ত নিয়েছেন, যার ফলে পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে গেছে, আমরা পিছিয়ে গেছি। গতকালও দেখলাম পশ্চিমবাংলার সমস্ত ওষুধের দোকান বন্ধ করে দিয়েছে, ব্যবসায়ীরা বন্ধ ডেকেছে, আগামী দিনেও ভাবছে বন্ধ ডাকবে কিনা। আর বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতার জোরে আপনি ভ্যাট চালু করতে চাইছেন ? এটা করবেন না, ভুল হবে। ভ্যাট চালু হলে একটা ছোটো ব্যবসায়ী, একটা দোকানদারের জন্য যে প্রোফর্মা তৈরি করেছেন সেকানে ইনপুট রেজিস্টার, আউটপুট রেজিস্টার, ভ্যাট অ্যাকাউন্ট রেজিস্টার, ট্যাক্স ইনভয়েস ফর্ম রেডি করতে হবে। ছোট ব্যবসায়ী, দোকানদার, এদের এমনিতেই নাভিশ্বাস, তার উপর ভ্যাট চালু করলে এসব পেপার্স রেডি করবার জন্য আলাদা লোক রাখতে হবে, আর আপনি ট্যাক্স আদায় করবেন। এটা করবেন না। এমনিতেই পশ্চিমবঙ্গে আর্থিক দিক দিয়ে পিছিয়ে গেছে পরিকল্পনার অভাবে। রাজ্যের ৮ কোটি মানুষকে পরিচালিত করতে আপনি ব্যর্থ। রাজ্যের অর্থমন্ত্রী হয়ে আপনি সারা দেশের, সারা পৃথিবীর অর্থনীতির কথা ভেবে সব গুলিয়ে ফেলেন। আপনি পেট্রোল, ডিজেলের উপর সেস বসালেন, ভারতবর্ষের অন্য কোনো রাজ্য এটা বসায়নি। আপনার নেবারিং স্টেট বিহার, উড়িষ্যা বসায়নি। আপনি বসালেন ১ টাকা পার

লিটার। তার ফলে আপনার লক্ষ লক্ষ লিটার টন পেট্রোল, ডিজেল বিক্রি কমে গেছে, বিহার, উড়িষ্যা থেকে লোকে পেট্রোল, ডিজেল কিনে আনছে।

[3.20–3.30 p.m.]

আপনি তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে পারছেন না। আপনার নিজের কোনো ক্ষমতা নেই, অথচ কী করে ট্যাক্স বাড়ানো যায়, ট্যাক্স বেশি আদায় করা যায় সেটা আপনার লক্ষ্য। এটাতে ট্যাক্স বাড়ছে না। আপনি দেখুন ইমপোর্টেড কেরোসিনের উপর, অয়েলের উপর প্রথমে ৭.৫ পারসেন্ট সেল্‌স ট্যাক্স বসিয়েছিলেন। আপনি দেখুন তাতে আপনার বছরে ৬ কোটি ট্যাক্স আদায় হচ্ছিল। আপনি হঠাৎ দুহাজার সালে রাতারাতি ২০ পারসেন্ট সেল্‌স ট্যাক্স বসালেন। তখন দেখা গেল যে, সেই সেল্‌স ট্যাক্স নেমে এসেছে ২৫ লক্ষ টাকায়। অর্থাৎ এর ফলে আপনি ওখান থেকে ২৫ লক্ষ টাকা আদায় করছেন, যেখানে আপনি ৬ কোটি টাকা আদায় করছিলেন। এই ২০ পারসেন্ট সেল্‌স ট্যাক্স আরোপ করার ফলে ইমপোর্টেড কেরোসিন আনা বন্ধ করে দিল। আপনি দেখুন কালোবাজারি, অসৎ ব্যবসায়ী যারা ব্লু কেরোসিনের সঙ্গে কেমিক্যাল মিশিয়ে হোয়াইট কেরোসিন বলে বাজারে বিক্রি করছে বেশি দামে, তা আপনার সরকার দেখতে পাচ্ছেন না। আপনার সরকার চোখ বুজে আছে। আপনার এনফোর্সমেন্ট, আপনার পুলিশের, আপনার সেল্‌স ট্যাক্সের সেদিকে নজর নেই। অবাধে কালোবাজারীদের দুর্নীতি চলছে। ব্লু কেরোসিন গ্রামবাংলার মানুষ পাচ্ছে না। গ্রামবাংলার যাঁরা বিধায়ক এসেছেন, তাঁরা একবার বুকে হাত দিয়ে বলুন তো, যেসব গ্রামে বিদ্যুৎ পৌঁছায়নি, গ্রামের মানুষ কেরোসিনের উপর নির্ভর করে, সেখানে তারা কেরোসিন পাচ্ছে না। সেখানে কেরোসিনের হাহাকার চলছে। আপনি নতুন করে ভ্যাট চালু করছেন। আপনার বাজেট ভাষণে বলে দিলেন যে, 'কেন্দ্রীয় সরকারের কাছে, রাষ্ট্রপতির কাছে অনুমোদনের জন্য বার্তা পৌঁছে দিয়েছি। শুধু বিধানসভাতে ভ্যাট বিল পাশ হয়ে গেলেই পাঠিয়ে দেব যাতে তাড়াতাড়ি অনুমোদিত হয়ে আসে।' আপনি এটা করবেন না। বিধানসভায় পাশ হওয়ার আগে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য আগাম চিঠি পাঠান কী করে ? কারোর অভিমত গ্রহণ করলেন না। মতামত নিলেন না। এককভাবে রাজ্য সরকারের অর্থমন্ত্রী হিসাবে আপনি পাঠিয়ে দিলেন। এখনও পর্যন্ত বিল পাশ হয়নি। এই নিয়ে আলোচনা হবে। অনুমোদন হবে। তারপর রাষ্ট্রপতির কাছে যাবে। মনে হচ্ছে আপনার সময় নেই। এখনই করতে হবে। মাননীয় মন্ত্রী বলুন তো—পেট্রোল-ডিজেলের উপর যে সেস বসিয়েছিলেন, সেই সেস থেকে যে অর্থ আদায় হয়েছে, সেই টাকা আপনি কোন খাতে রেখেছেন ? ডিপোজিটস বিয়ারিং ইন্টারেস্ট অ্যাকাউন্টে রেখেছেন, অথবা নন-বিয়ারিং ইন্টারেস্ট অ্যাকাউন্টে রেখেছেন ? আপনি আপনার জবাবি ভাষণে এর উত্তর দেবেন। মাননীয় মন্ত্রী আপনি শুনুন—এই সেস বসানোর ফলে যে টাকা আদায় হয়েছে, সেই টাকা আপনি পশ্চিমবঙ্গের রাস্তাঘাট উন্নয়ন, ব্রীজ উন্নয়ন খাতে ব্যয় করতে পারেননি। যতক্ষণ সেই অর্থ ব্যয় না হচ্ছে সেটা যে খাতে আছে সেখানে রাখলে সুদ পাওয়া যাবে। সেই টাকা সেই খাতে আপনাকে রাখতে হবে। আজকে আপনি বলছেন পশ্চিমবাংলায় খাদ্যোৎপাদনে প্রথম, ধান উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে। ভালো কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলায়, কলকাতা মহানগরীতে রেশন শপগুলোতে যান, রেকর্ড সৃষ্টিকারী যে ধান, সেই

চালগুলো রেশন দোকানে গিয়ে পৌঁছয় না। কলকাতা মহানগরীর রেশন শপগুলোতে চাল, চিনি, গম কিছু পাওয়া যায় না। এখন রেশন দোকানগুলোতে ডাটা কোম্পানীকে ধরে সেখানে তেল, হলুদ, জিরা, লঙ্কা এই সমস্ত জিনিস প্যাকেট করে সেখানে বিক্রী করা হয়। বিদ্যাসাগর মেলায় গেটের কাছে হোর্ডিং দিয়ে এই সমস্ত জিনিস বিক্রী করা হচ্ছে। আপনি বলছেন আপনি চাল উৎপাদনে প্রথম হয়েছেন, আপনি কি জানেন যে সেই চাল বাঁকা পথে ভিন রাজ্যে চলে যাচ্ছে। কালোবাজারীরা কোটি কোটি টাকা লাভ করছে। আমি পরিশেষে যে কথা বলতে চাই প্রত্যেকদিন আমি এখানে বসে সরকারি, বিরোধী দলের বন্ধুদের বক্তব্য শুনেছি। আজকে অনেক বন্ধুকে বলতে শুনলাম যে মমতা ব্যানার্জী কেন্দ্রীয় সরকারের বাজেটকে সমর্থন করেছেন মন্ত্রী হওয়ার জন্য। শুনে রাখুন মমতা ব্যানার্জীর মতো নেত্রী ভারতবর্ষে দ্বিতীয় নেই। মন্ত্রীত্ব তিনি ছুঁড়ে ফেলে দিতে পারেন। আপনাদের দয়ায় তিনি মন্ত্রী হবেন না। তিনি যদি চান মন্ত্রী হওয়ার অনেক সুযোগ তিনি পেয়েছেন। যে কোনো সময়ে তিনি মন্ত্রী হতে পারেন। পরিশেষে বলি অসীমবাবু আপনি সবদিক থেকে ব্যর্থ হয়েছেন তাই আজকে আপনারা আর কোনো বিষয় না পেয়ে এইসব কথা বলছেন। (মাইক অফ)

শ্রী অজিত ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২০শে মার্চ পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত যে বাজেট পেশ করেছেন সেই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে দু-একটি কথা বলতে চাই। আজকে নতুন করে বাজেট পেশ হয়েছে। বামফ্রন্ট সরকারের বাজেট আমরা দীর্ঘদিন ধরে দেখে আসছি। শুনে আসছি। ঘাটতিবিহীন বাজেট পেশ করে এসেছেন এতদিন ধরে, অনেক ঢাকঢোল বাজানো হয়েছে কিন্তু এবারে অর্থমন্ত্রী তাঁর পাণ্ডিত্যকে কাজে লাগিয়ে পরিসংখ্যানের তত্ত্ব দিয়ে চেষ্টা করেছিলেন ঘাটতিবিহীন বাজেট পেশ করার জন্য কিন্তু থলি থেকে বেড়াল বেরিয়ে পড়েছে। তাই আজকে চীৎকার চেঁচামেচি চলছে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে, কোথায় কেন্দ্রীয় সরকারের দোষ, কোথায় ব্যর্থতা কিন্তু পশ্চিমবাংলায় একটা সরকার ২৬ বছর ধরে ক্ষমতার পর যেখানে উন্নয়নের উচ্চশিখরে পৌঁছে যাওয়ার কথা সেখানে এই সরকার কেন দেউলিয়া হয়ে গেল, কেন আজকে আর্থিক ঋণের ভারে জর্জরিত, কেন ৭৯৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করতে হচ্ছে সেই বিষয়ে বাজেট ভাষণে কোনো আত্মসমালোচনা দেখা যাচ্ছে না।

[3.30–3.40 p.m.]

আজকে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ চাপালেই চলবে না, আপনাদের আত্মসমালোচনা করার দরকার আছে। আপনারা ভেবে দেখুন এক সময় বেকার-ভাতার কথা বলেছিলেন, কেন বলেছিলেন ? নির্বাচন পাড় করার জন্য। তাই বলছি আজকে বেকার ভাতার কথা বলে ভূমিসংস্কারের কথা বলে নির্বাচন পাড় করা যায়, মানুষের উপরে অত্যাচার, নির্যাতন করে নির্বাচন পাড় করা যায়, কিন্তু অর্থনৈতিক দিক থেকে রাজ্যকে মজবুত করা যায় না। মজবুত করার জন্য যে পরিকল্পনা গ্রহণ করা দরকার ছিল তা আপনারা করেননি। কেন্দ্রীয় সরকার আপনাদের যে টাকা দেননি সেটা নিয়ে আপনারা বলছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের টাকা যেটা রাজ্য সরকারের থেকে খরচ না করতে পারার জন্য ফেরত চলে যায় সেটা নিয়ে বলেন না। পশ্চিমবাংলায় পঞ্চায়েতের মাধ্যমে যে হাজার হাজার কোটি

টাকা গ্রামোন্নয়নের নামে প্রতিটি আর্থিক বছরেই যেটা ফেরত চলে যায় সেটা বলেন না। সেই ব্যর্থতার জন্য রাজ্যে একটা ঘাটতি দেখা দিচ্ছে। এই টাকা কাজে লাগাতে পারতেন না সেই জায়গায় আপনাদের কোনো আলোচনা নেই। আজকে শিল্পের কথা বলছেন। জ্যোতি বসু ২৫ বছর ক্ষমতায় থাকার সময় কত বার বিদেশ গিয়েছিলেন শিল্পায়নের নাম করে। তখন কত মৌ স্বাক্ষরিত হয়েছিল ? চন্দন বসু কত কোটি টাকা বিনিয়োগের নামে আত্মসাৎ করে বসে আছে সে ব্যাপারে কথা না বলে আপনারা শুধু কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ চাপাচ্ছেন। আই.আর.ডি.পি.-র হাজার হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করার জন্য, আপনারা সেই টাকা আত্মসাৎ করে বসে আছেন। ২৬ বছর ধরে সরকার চালাতে চালাতে আজকে সরকার দেউলিয়া হয়ে গেল। অর্থমন্ত্রী নিজে ঘোষণা করেছেন যে দেউলিয়া সরকার বলে। সরকার দেউলিয়া দেখতে পাচ্ছেন, কিন্তু যারা সরকার পরিচালনা করেন সেই সরকারের যারা ধারক-বাহক, যারা লোকাল কমিটির সম্পাদক, সদস্য, পঞ্চায়েতের প্রধান, সদস্য থেকে শুরু করে মুখ্যমন্ত্রী পর্যন্ত কেউ কিন্তু দেউলিয়া নন, তাঁদের প্রত্যেকের ভুঁড়ি মোটা হয়ে গেছে। তাঁদের ব্যাঙ্ক ব্যালেন্স বেড়ে গেছে, কিন্তু সরকার দেউলিয়া হয়ে গেছে। আপনারা মানুষের কাছে গিয়ে দেউলিয়ার কথা বলেন কিন্তু আপনারাই গরিব মানুষকে শোষণ করেন। আপনারা শিক্ষার কথা বলছিলেন, শিক্ষার ঢাক পেটাচ্ছিলেন। আজকে শিক্ষায় লক্ষ লক্ষ টাকা খরচ করছেন। আজকে স্বাক্ষরতার নাম করে যে কোটি কোটি টাকা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছিলেন তার একটা অংশ আপনাদেরই পকেটে চলে গেছে, শিক্ষার উন্নতি হয়নি। আজকে শিক্ষার জন্য আপনারা চোখের জল ফেলছেন, কুমীরের কান্না কাঁদছেন। শিক্ষার জন্য আপনাদের কত দরদ সেটা আপনারা মানুষকে দেখাতে চাইছেন। স্বাক্ষরতার টাকা চুরির জন্য আপনারা ব্যস্ত হয়ে উঠেছিলেন। আপনারা এক সময় বলেছিলেন দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের বেতন মকুব করেছেন, আজকে কিন্তু অনেক বেশি বেশি টাকা খরচ করলে তবে ছাত্রছাত্রীরা পড়াশোনা করতে পারছে। নবোদয় বিদ্যালয়ের পরিকল্পনার কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করে প্রতিটি রাজ্যে রাজ্যে সেই পরিকল্পনা মাফিক শিক্ষাকে এগিয়ে নিয়ে গেলেন। আপনারা বলছেন সার্বিক শিক্ষা অভিযানকে কাজে লাগিয়ে শিক্ষাকে এগিয়ে নিয়ে যেতে হবে। একটু আগে নিখিলবাবু বেতন বৃদ্ধির কথা বলতে গিয়ে বলেছেন আমরা বাইরে গিয়ে বলতে পারবো না। বিষয়টা কিন্তু তা নয়। তখন এতটা প্রয়োজন ছিল না। তখন আপনারা পাল্লা দিয়ে সরকারি কর্মচারীদের হাতে রাখার জন্য নির্বাচনে ব্যালট বাক্সে কারচুপি করার ক্ষমতা রাখার জন্য বেতন বৃদ্ধি করেছিলেন। বেতন বৃদ্ধি করা বড় কথা নয়। কিন্তু বেতন বৃদ্ধি করা আপনাদের মদতপুষ্ট সরকারি কর্মচারীরা কাজ করে না। ঘাটতি আজকে সেই জায়গায়। আজকে আপনারা বলছেন চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগ, সেখানে ১ হাজার টাকা নিয়ে তারা শিক্ষকতা করবেন। একই যোগ্যতা নিয়ে একই কাজ তারা করবেন কম টাকায়। আমরা সেই জায়গায় বিরোধিতা করছি। আজকে এই ব্যর্থতার দায় বামফ্রন্ট সরকারকে নিতে হবে। আপনারা নিজেদের গরীবের বন্ধু সরকার হিসাবে জাহির করেন, আপনাদের কাছ থেকে শুনতে চাই কেন একজন শিক্ষিত যুবক-যুবতীকে, যারা বিদ্যালয়ে কাজ করবেন তাদের কম টাকা মাইনে দেবেন, তাদের ৫/১০ হাজার টাকা বেতন দিন, আমরা দাবি করছি।

আজকে আপনারা বলছেন কৃষির উপর পরিকল্পনা গ্রহণ করেছেন। কবে করলেন ? আপনাদের পরিকল্পনায় পশ্চিমবঙ্গে সবুজ বিপ্লব হয়নি। আজকে খাদ্যে উদ্বৃত্ত শুধু পশ্চিমবঙ্গে নয় সারা ভারতবর্ষে। সেই ক্রেডিট আপনাদের নয়। শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন কেন্দ্রে ছিলেন তখন তাঁর পরিকল্পনার ফলেই আজকে আমাদের দেশ খাদ্যে উদ্বৃত্ত হয়েছে। আর, আপনারা কি করলেন ? আজকে যদি ঠিক ঠিক ভাবে কাজ হতো পশ্চিমবাংলার যে ভৌগোলিক অবস্থান তাতে কৃষিক্ষেত্রে আমরা আরো উন্নত পথে এগিয়ে যেতে পারতাম। কিন্তু আপনাদের পরিকল্পনার অভাবের জন্য আমরা সেই জায়গায় পৌঁছতে পারলাম না। বাজেটে ভূমি সংস্কারের হিসাব কোথায় ? কত লক্ষ একর জমির ভূমি সংস্কার করেছেন, কত জমি গরীব মানুষের হাতে তুলে দিয়েছেন ? আপনারা পারেননি। কিন্তু এক্ষেত্রে আপনারা যাদের বিরুদ্ধে সোচ্চার তাদের আমলে অনেক গরীব মানুষ জমি পেয়েছে। আপনারা যদি হাজার হাজার হেক্টর অনাবাদী জমি কাজে লাগাতে পারতেন তাহলে কৃষিতে আমরা আরো উন্নতি করতে পারতাম। কিন্তু তা করতে পারেননি এবং তার ফল হাড়ে হাড়ে পেতে হচ্ছে। কৃষি থেকে সঠিকভাবে রাজস্ব আদায় করতে পারেননি ঘাটতি পূরণ করার জন্য। একদিন আপনারা বলেছিলেন কৃষকদের খাজনা মকুব করে দেবেন। নির্বাচনের আগে আপনারা মানুষকে নানাভাবে তোল্লা দেন। আজকে যখন নির্বাচন পার হয়ে গেল তখন বলছেন ২০ বছরের মকুব করা খাজনা সুদে-আসলে দিতে হবে। এই বলে নোটিশ কৃষকের হাতে ধরিয়ে দেওয়া হচ্ছে। এই হচ্ছে আপনাদের পরিকল্পনা। অর্থাৎ এক্ষেত্রে আপনারা কোনো সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ করতে পারেননি। আপনারা নির্বাচনে জেতার জন্য শুধু ওইসব কথা বলেছেন।

আই.আর.ডি.পি.-র মাধ্যমে যে লক্ষ-কোটি টাকা পশ্চিমবঙ্গের বেকার-যুবক-যুবতীদের, তফসিলি জাতি, উপজাতি শ্রেণীর মানুষদের স্বনির্ভর হওয়ার জন্য বরাদ্দ করা হয়েছিল আজকে বুকে হাত দিয়ে বলুন ক'জন মানুষকে আপনারা স্বনির্ভর করতে পেরেছেন ? আপনারা পারেননি। আসলে আপনাদের উদ্দেশ্য নয় কোনো মানুষকে স্বনির্ভর করা। সেইজন্য কাউকে আপনারা স্বনির্ভর করতে পারেননি। যদি সেই উদ্দেশ্য থাকত তাহলে বিহার, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ যেমন আই.আর.ডি.পি.-র টাকা কাজে লাগিয়ে সেখানকার হাজার হাজার যুবক-যুবতীকে স্বনির্ভর করতে পেরেছে পশ্চিমবঙ্গও পারত। কিন্তু পশ্চিমবঙ্গ পারল না কেন ? পশ্চিমবঙ্গে সেটাকেই একটু ঘুরিয়ে বলা হচ্ছে স্বনির্ভর গোষ্ঠী বা সেল্ফ হেল্ফ গ্রুপ। ১০ হাজার টাকা দিয়ে ১০টা পরিবারকে সেই গ্রুপে আনা যাবে। আর একটা পরিবারে যদি ৩ জন করে লোক হয়, ৩টে ভোট থাকে তাহলে একসাথে অনেক ভোট কায়েম করা যাবে। আই.আর.ডি.পি.-র স্কীমে একটা ব্যক্তিকে ১০ হাজার, ২০ হাজার টাকা লোন এবং অনুদান দেওয়ার পরও যদি তাদের স্বনির্ভর করতে না পারেন তাহলে তাদের আর্থিক উন্নয়ন ঐ টাকায় সম্ভব নয় এটা মনে রাখবেন।

আজকে ব্যাঙ্কের দরজায় যাওয়ার সাহস আপনাদের নেই তার কারণ হচ্ছে আপনাদের নেতা-নেত্রীরা ব্যাঙ্ক থেকে প্রচুর লোন নিয়েছেন। কিন্তু ব্যাঙ্কের ম্যানেজার আপনাদের গায়ে

হাত দিতে পারছেন না, নোটিশ ধরাতে পারছেন না। কিন্তু সরকার যদি কোনো পরিকল্পনা গ্রহণ করে তারা তা এড়িয়ে যায়। তারা জানে ক্যাডারদের কথা শুনে যদি লোনের আবেদন মঞ্জুর করেন তাহলে সেই টাকা ফেরত পাওয়া যাবে না। তাই ব্যাঙ্কের দরজা আপনাদের জন্য বন্ধ হয়ে গেছে।

প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনায় গত আর্থিক বছরে ১৩৫ কোটি টাকা আমাদের বরাদ্দ করা হয়েছিল। কিন্তু পরিকল্পনা জমা দিতে পেরেছেন মাত্র ৭৩ কোটি টাকার। এদিকে আবার বলছেন কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যের উন্নয়নের জন্য টাকা দিচ্ছে না। আপনাদের কথার মধ্যেই দ্বিচারিতা ধরা পড়ছে। তার পরিপ্রেক্ষিতে যদি সর্বদিক থেকে আমরা আলোচনা করি তাহলে দেখা যাবে যে, পশ্চিমবাংলার সরকার ব্যর্থ, তারা আজকে দেউলিয়া, তারা আজকে দুর্নীতিগ্রস্ত, আজকে তাদের এই ঋণের বোঝা হাজার হাজার, লাখো লাখো গরীব মানুষের ঘাড়ে চাপিয়ে দিয়ে অসীমবাবু পশ্চিমবঙ্গ বিধানসভায় যে বাজেট বরাদ্দ উপস্থাপন করেছেন তার তীব্র বিরোধিতা করে এবং বিরোধীদের সমস্ত প্রস্তাবগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3.40–3.50 p.m.]

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় গত ২০শে মার্চ এই পবিত্র বিধানসভায় যে বাজেট বিবৃতি দিয়েছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীপক্ষ থেকে যে কাট-মোশানগুলো আনা হয়েছে আমি সেই কাট-মোশানগুলোর তীব্র বিরোধিতা করছি। আর্থিক সংকট—হ্যাঁ, কেন এই আর্থিক সংকট ? কিজন্য এই আর্থিক সংকট ? সেজন্য অর্থদপ্তর গত ৩০শে জানুয়ারী আমাদের সকল সদস্যদের কাছে এক পুস্তিকা প্রেরণ করেছেন এবং আমাদের বিরোধী সদস্যরা সেটা নিশ্চয় পড়েছেন, অনুধাবন করেছেন। এরজন্য দায়ী রাজ্য সরকার নয়। কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির ফলে আমাদের রাজ্যে আজকে এই ভয়াবহ অর্থনৈতিক সংকট। এই সংকট সমাধানের পথ কি ? আমরা কোন্ পথ অবলম্বন করলে এই ভয়ানক অর্থ সংকটকে এড়িয়ে গিয়ে আমাদের পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যেতে পারবো তার পথ দেখিয়েছেন মাননীয় অর্থমন্ত্রী ড: অসীমকুমার দাশগুপ্ত মহাশয়। অন্যান্য বারে যে বাজেটগুলো ছিল প্রধানত সেই বাজেটগুলো ঘাটতি শূন্য বাজেট। এবারে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট আমাদের কাছে এনেছেন, ৭৯৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন, তবুও এই বাজেটকে আমরা বলছি, জনকল্যাণমুখী বাজেট, জনদরদী বাজেট, জনমুখী বাজেট এবং কর্মসংস্থানমুখী বাজেট। এই বাজেটে কি আছে সেই বিষয়ে বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা তাঁরা অনুধাবন করেননি। বাজেটের একটা গুরুত্বপূর্ণ বিষয় যে, আমাদের বর্তমান যে প্রজন্ম, বর্তমান যে যুগ যেখানে বেকার, সারা ভারতবর্ষে যখন ১১ কোটি বেকার, বেকাররা চাকরি পাচ্ছেন না, কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন যে, আর নতুন কোনো চাকরির সংস্থান তারা করতে পারবেন না, পুরাতন যে কল-কারখানাগুলো ছিল সেগুলো তাঁরা বিক্রী করে দিচ্ছেন,

দেশ বিক্রী করার নামে আজকে ভারতীয় জনতা পার্টির নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের জোট চলছে। সেখানে এই রাজ্যের মহামান্য অর্থমন্ত্রী তিনি আমাদের কর্মসংস্থানের উপর অধিক গুরুত্ব আরোপ করেছেন। আমরা জানি কর্মসংস্থানের মূল লক্ষ্য হল ভূমিসংস্কার। আয় বৃদ্ধির ক্ষেত্রে সেখানে আমরা ভূমিসংস্কারকে অধিক গুরুত্ব দিয়েছি। ভারতবর্ষে যখন অন্য কোনো রাজ্যে ভূমিসংস্কার হয়নি, তখন একটা মাত্র রাজ্য—আমাদের রাজ্য পশ্চিমবঙ্গে ভূমিসংস্কারের ক্ষেত্রে আমরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছি। আমরা জানি ১৯৭৭ সালে এক ঐতিহাসিক সন্ধিক্ষণে পশ্চিমবঙ্গের সংগ্রামী জনগণ কংগ্রেসকে ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষেপ করে বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় অধিষ্ঠিত করেছিলেন। আমাদের প্রথম কাজ হয়েছিল ভূমিসংস্কার, সেই ভূমিসংস্কারকে এগিয়ে নিয়ে যেতে পেরেছি আমরা। সারা ভারতবর্ষে যখন কোনো রাজ্যে আপনারা এক একর জায়গা সরকারের খাতে ন্যস্ত হয়েছে দেখাতে পারবেন না, তখন বর্তমান এই আর্থিক বছরে আমাদের রাজ্যে এক লক্ষ একর জমি সরকারে ন্যস্ত আছে। আমরা এই রাজ্যে ১০ লক্ষ ৭৩ হাজার একর জমির মধ্যে ২৬ লক্ষ ৮১ জন ভূমিহীন মানুষকে পাট্টা দিতে সক্ষম হয়েছি। এটা একটা নতুন রেকর্ড। এছাড়া আমাদের সাহায্যে পিছিয়ে পড়া, সবচেয়ে অনুন্নত শ্রেণীর, যারা তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি শ্রেণীর মানুষ, তাদের প্রায় ৫৬ পারসেন্ট মানুষ পাট্টা পেয়েছে, ৪ লক্ষ ৫৪ হাজার স্বামী-স্ত্রী যৌথ পাট্টা পেয়েছে, ৬৬ হাজার মহিলাকে কেবলমাত্র পাট্টা দেওয়া হয়েছে। আমরা জানি গরীব, ভূমিহীন মানুষের কাছে এক খণ্ড জমি মানে তার আত্মমর্যাদাকে অনেক গুণ বাড়িয়ে দেয়, সে মাথা উঁচু করে দাঁড়ানোর ক্ষমতা পায়। গরীব মানুষের কাছে জমি দেওয়া মানে কৃষির প্রসার ঘটানো এবং এটা অত্যন্ত জরুরি। সেক্ষেত্রে আমাদের সরকারের প্রয়াস হচ্ছে কৃষিকে এগিয়ে নিয়ে যাওয়া, কৃষিজাত পণ্য যাতে কৃষক বেশি উৎপাদন করতে পারে তার জন্য উন্নতমানের বীজ, সেচের ব্যবস্থা গ্রহণ করা। আমরা দেখেছি, ১৯৭৭-৭৮ সালে আমাদের গ্রামবাংলায় আমাদের চাষীরা কেবলমাত্র ২৮ পারসেন্ট জমিকে উন্নত বীজের আওতায় এনেছিলেন, আর বর্তমানে সেখানে প্রায় ৯০ পারসেন্ট জমিতে উন্নত জাতের বীজ দিয়ে তারা চাষ-আবাদ করে থাকে। ১৯৭৭-৭৮ সালে যখন আমরা দেখি যে, আমাদের গ্রামবাংলায় শতকরা ৩২ ভাগ জমি সেচের আওতার মধ্যে ছিল আর আজকে ২০০২-০৩-এ আমরা ১০ ভাগ জমিকে সেচের আওতায় নিয়ে আসতে পেরেছি। এবং মাননীয় অর্থমন্ত্রী সঠিক কাজ করেছেন ? বর্তমানে বছরে আমরা দেড় লক্ষ হেক্টর জমিকে সেচে উন্নীত করেছেন। আমাদের প্রস্তাব রয়েছে। আমরা কৃষিজাত পণ্য উৎপাদনে ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্য একটা ইতিহাস তৈরি করেছে। কোন রাজ্যে নেই। এখানে প্রত্যেক বছরে ১৬৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন হয়। চালের ক্ষেত্রে আমরা হচ্ছে সারা ভারতবর্ষের মধ্যে প্রথম। সবজীর ক্ষেত্রে আমরা ১০৬ লক্ষ টন আমরা সবজী উৎপাদন করে সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অর্জন করতে পেরেছি। আলু চাষের ক্ষেত্রে আমরা দ্বিতীয় স্থান অর্জন করতে পেরেছি। সারা ভারতবর্ষের কৃষি উৎপাদন যখন নিম্নমুখী ৪০৪ পারসেন্ট তখন আমাদের রাজ্য ব্যতিক্রম। কারণ এই রাজ্যের বিকল্প অর্থনীতি, বিকল্প ভূমিসংস্কার নীতি মানুষের কাছে তুলে ধরে মানুষকে উদ্বুদ্ধ করে বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে

চাষের ফলে আমাদের উন্নতি ঘটেছে। এই বিষয়ে বিরোধীপক্ষের বলার কিছু নেই আর কিছু থাকতে পারে না। গ্রামবাংলার মানুষ আপনাদেরকে চায় না। তাই আমরা মনে করি এই ভূমিসংস্কার থেকে আরও ২ লক্ষ ৩৪ হাজার কর্মসংস্থানের ব্যবস্থা হবে। সরকার ভূমিসংস্কারের উপর যে গুরুত্ব আরোপ করেছে তাকে আমি সাধুবাদ জানাই। আমি সাধুবাদ জানাই—এখানে আমাদের ক্ষুদ্র এবং কুটীর শিল্প ক্ষেত্রে আমরা জানি যে অতীতে এতদিন শিল্পের দিক থেকে অনেক পিছিয়ে ছিল। ১৯৯৪ সালে আমাদের রাজ্যে একটা সুনির্দিষ্ট শিল্পনীতি হওয়ার পর থেকে শিল্পের পরিধি এবং গ্রামে-গ্রামে আমাদের রাজ্যে প্রসার লাভ করেছে। শিল্পপতিরা বলেন আমাদের রাজ্যে একটা উপযুক্ত জায়গা আছে। উপযুক্ত পরিবেশ আছে, উপযুক্ত পরিকাঠামো আছে শিল্প গড়ার ক্ষেত্রে। বর্তমান ২০০২-০৩ আর্থিক বছরে ২৩২৬ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। ১১৫টি প্রকল্প রূপায়িত হয়েছে। হলদিয়া পেট্রোকেল্‌সের অনুসারি শিল্প ৫৩৭টি তার মধ্যে মাঝারি শিল্প ৩৪টি এবং ক্ষুদ্রশিল্প ৫৩৭টি। বিরোধীপক্ষের এগুলি অস্বীকার করতে পারে না। শিল্প এবং ক্ষুদ্রশিল্প থেকে আমরা প্রায় ৩ লক্ষ ৪৪ হাজার কর্মসংস্থান লক্ষ্যমাত্রাকে সামনে রেখেছি এছাড়া অন্যান্য ব্যাবসা বিষয় আছে এবং স্বনিযুক্ত প্রকল্প আছে তারমধ্যে ২ কোটি ৩২ লক্ষ ৬০ হাজার অতিরিক্ত কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা সামনে নিয়ে এই বাজেট রচনা হয়েছে। সুতরাং এই বাজেট জনদরদী হবে নাতো কি হবে। বিরোধীপক্ষে যারা মন গড়া তথ্য উপস্থিত করে এখানে বোঝাবার চেষ্টা করছেন। সামনে পঞ্চায়েত নির্বাচন তাই সেই পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে মানুষের কাছে বলবার কিছু থাকবে না আর ওদের দেওয়ারও কিছু নেই। তাই তারা এটা নিয়ে সামনে হাঁটতে চাইছেন। আমরা জানি যে গ্রামবাংলার প্রতিটি মানুষ তারা বামপন্থীদের সঙ্গে আছেন। বামফ্রন্টকে আরও এগিয়ে নিয়ে যেতে চান। আমরা অবাধ আন্দোলন এবং তীব্র সংগঠনের মধ্য দিয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উপযুক্ত মর্যাদা আদায় করে নিয়ে আসব আমাদের রাজ্যের জন্য। আমরা বিরোধী পক্ষের কাছে অনুরোধ করব এইসব জিনিস পাওয়ার ক্ষেত্রে আপনারা আমাদের সঙ্গে থাকবেন এই আবেদন রেখে এই জনমুখী বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শৈলেন্দ্রনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় গত ২০শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তব্য রেখেছেন তাকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমরা সকলেই জানি এবং অবগত আছি পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য সেই অঙ্গরাজ্যের বাজেট প্রণয়নের ক্ষেত্রে আমাদের দেশের কেন্দ্রীয় সরকার যে অর্থনীতি তা সকল সময়েই প্রভাবিত হয় তার উপর।

[3.50–4.00 p.m.]

স্বাভাবিকভাবে আমরা আমাদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে জেনেছি বিগত দিনের কেন্দ্রীয় সরকার এবং বর্তমান কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের অর্থনীতির ক্ষেত্রে তাঁদের গৃহীত নীতির দ্বারা একটা সামগ্রিক বিপর্যয় ডেকে এনেছেন। আমাদের দেশের কৃষি, শিল্প এবং অন্যান্য

ক্ষেত্রে তাঁদের গৃহীত নীতি গোটা দেশের অর্থনীতিকে একটা চরম অস্বস্তিকর জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছে। এর সাথে সাথে আমরা এটাও জানি আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার, বিশ্ববাণিজ্য সংস্থা থেকে ঋণ গ্রহণ করে আমাদের দেশের অর্থনীতিকে চাঙ্গা করার প্রশ্নে যে সমস্ত নির্দেশ মেনে চলতে হচ্ছে তাতে আমাদের দেশে ব্যাপকভাবে উদারীকরণ চালু করা হয়েছে, বেসরকারিকরণ চালু করা হয়েছে। ফলে বিগত কয়েক বছর ধরে আমরা লক্ষ্য করছি আমাদের দেশে বিদেশ থেকে আমদানি করা পণ্য সামগ্রীর ক্ষেত্রে আমদানি শুল্ক নীতি সহজ করা হয়েছে, কর হার কমিয়ে দেয়া হয়েছে। স্বাভাবিকভাবেই বিদেশী পণ্য আজ আমাদের দেশের বাজার দখল করে নিয়েছে এবং আমাদের দেশের উৎপাদিত শিল্পসামগ্রী এক অসম প্রতিযোগিতার মধ্যে পড়তে বাধ্য হয়েছে। সামগ্রিকভাবে আমাদের দেশের অর্থনীতি বিপর্যস্ত হয়ে পড়েছে। আমি আমাদের বিরোধী সদস্যদের উদ্দেশ্যে বলছি, আমাদের দেশে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে কংগ্রেস পরিচালিত কেন্দ্রীয় সরকার বেসরকারি ব্যাঙ্কগুলির জাতীয়করণ করেছিলেন। কিন্তু পরবর্তীকালে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম সেই কংগ্রেসের পক্ষ থেকেই বিশ্ববাণিজ্য সংস্থার নির্দেশে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিকে বেসরকারীকরণের জায়গায় নিয়ে যাবার জন্য উদ্যোগী হতে ! প্রথমে শতকরা ৪৯ ভাগ শেয়ার বেসরকারি সংস্থার হাতে তুলে দেবার প্রস্তাব গ্রহণ করা হয়েছিল। ব্যাঙ্ক বিমা থেকে শুরু করে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বেসরকারিকরণের জন্য উঠে পড়ে লেগেছিলেন। সে সময় ৪৯ ভাগ শেয়ার বেসরকারিকরণের কথা বলা হলেও বর্তমানে প্রায় শতকরা ৭৪ ভাগ মালিকানাই বেসরকারী হাতে তুলে দেয়া হচ্ছে। স্বাভাবিকভাবেই আমাদের দেশের ব্যাঙ্ক বিমা থেকে শুরু করে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি আমাদের দেশের অর্থনীতির মূল স্তম্ভ হয়ে দাঁড়িয়েছিল সেগুলি আজকে বিপর্যস্ত হয়ে পড়েছে। এই রকম একটা সামগ্রিক অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী একটা বিকল্প ভাবনা-চিন্তার মধ্যে দিয়ে যে বাজেট পেশ করেছেন খুবই সংগতভাবে তাকে আমাদের সমর্থন করতে হবে। সংগতভাবে সমর্থন করে আমি বিরোধী দলের মাননীয় সদস্যদের কাছে দাবি করব, কেন্দ্র-রাজ্য সম্পর্ক নিয়ে তাঁরাও একটু সোচ্চার হোন। কেন্দ্র আমাদের রাজ্য থেকে যে কর সংগ্রহ করে নিয়ে যায় এবং তার যে অংশ আমাদের দেয়, তার মধ্যে একটা অসম ব্যবস্থা চালু রয়েছে। এই ব্যবস্থার বিরুদ্ধে—এই ব্যবস্থা পরিবর্তনের জন্য—আজকে আমাদের রাজ্যের সমস্ত মানুষদের আন্দোলনে সংগঠিত করা দরকার। আমাদের রাজ্যের সকল বিধানসভার মাননীয় সদস্যদের এই প্রশ্নে একমত হওয়া দরকার। আমাদের রাজ্য থেকে কেন্দ্রীয় সরকার যে কর সংগ্রহ করেন তার মাত্র ২৯.৫ ভাগ আমাদের দেয়া হচ্ছে। কেন ? এই কর আদায়ের শতকরা ৫০ ভাগ যদি রাজ্যকে দেয়া হয় তাহলে আমাদের রাজ্যের অর্থনীতির একটা সামগ্রিক উন্নতি ঘটতে পারে। এ কথাই মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় উল্লেখ করেছেন। আমাদের রাজ্যের অর্থনীতির কিছুটা উন্নতি ঘটলেই, আমাদের কৃষির আরো উন্নয়ন হবে, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। বিরোধী দলের মাননীয় সদস্য অজিতবাবু বললেন, 'আপনারা একটু ভাবুন।' হ্যাঁ, আমরা ভাবনা-চিন্তা করছি বলেই তো আমরা বিকল্পনীতি গ্রহণ করে রাজ্যের মানুষের স্বার্থ রক্ষা করার চেষ্টা করছি এবং তার জন্যই এ রাজ্যের মানুষ আমাদের ২৫ বছরেরও বেশি সময় ধরে সমর্থন করছেন। আমরা

ভাবছি বলেই আজকে সারা দেশে যখন উদারীকরণ বিস্তারিত হচ্ছে, ব্যাপকভাবে বেসরকারিকরণ হচ্ছে তখন আমরা বিকল্প কৃষিনীতি গ্রহণ করছি। সেই বিকল্প কৃষিনীতির মধ্যে দিয়ে আমরা আমাদের রাজ্যের কৃষকদের অধিকার, জমির অধিকার বজায় রাখার চেষ্টা করছি। যাতে কৃষকদের হাতে জমি থাকতে পারে তার জন্যই বিকল্প কৃষিনীতি গ্রহণ করেছি। আমরা এর মধ্যে দিয়েই সামগ্রিক কৃষি উন্নয়ন চাই। অবশ্য কৃষিক্ষেত্রে ইতিমধ্যেই এ রাজ্যে যথেষ্ট উন্নতি ঘটেছে। আমরা জানি কৃষি উন্নয়ন ঘটাতে হলে ভূমি সংস্কারের ব্যবস্থা করতেই হবে। তাই পশ্চিমবঙ্গ সরকার সেই ১৯৭৭ সালে যেদিন প্রথম ক্ষমতায় এসেছিলেন বামফ্রন্ট সেদিন থেকে ভূমি সংস্কারের কাজ শুরু করেছিলেন এবং সেই ভূমি সংস্কারের কাজকে পরিকল্পিত উপায়ে বিকেন্দ্রীকরণের মাধ্যমে পঞ্চায়েত ব্যবস্থার মধ্য দিয়ে সঠিকভাবে কার্যকরী করা হল। গ্রামের পিছিয়ে পড়া সেই সিডিউল কাস্ট্স, সিডিউল ট্রাইব অংশের মানুষ তারা সামান্য জমি পেয়ে আজকে সেই জমির উপরে তারা কৃষি উৎপাদন বৃদ্ধি করছেন এবং কৃষি উৎপাদন বৃদ্ধি করতে ভূমিসংস্কারকে আমরা শেষ অস্ত্র হিসাবে ব্যবহার করিনি, তাকে সঠিকভাবে কার্যকরী করার জন্য সেচ ব্যবস্থার উন্নয়ন ঘটিয়ে, উন্নত প্রথায় চাষ করে, বীজ সরবরাহ করে এবং উন্নত প্রথায় চাষকে আরো বেশিবেশি করার জন্য সারের ব্যবহার সঠিকভাবে কার্যকরী করে আমরা কিন্তু রাজ্যে কৃষি উৎপাদনের ক্ষেত্রে একটা ভাল জায়গায় গিয়ে দাঁড়িয়েছি। আমরা আশাবাদী, কিন্তু আমরা সন্তুষ্ট নই। এটাও কিন্তু আমরা জানি, বিশ্ব পুঁজিবাদের যে সংকট এবং আমাদের দেশে কেন্দ্রীয় সরকারের যে নীতি—সে কৃষিক্ষেত্রেই হোক আর শিল্পের ক্ষেত্রেই হোক বেকার যুবকদের যে জ্বালা যন্ত্রণা তা থেকে রেহাই দেবার প্রশ্নে রাজ্যে বামপন্থী সরকার আছে। কিন্তু সেই কাজকর্মের মধ্যে কথা আর কাজের মধ্যে প্রশাসনিক ঢিলে-ঢালা নিশ্চিতভাবেই কিছুটা আছে। কারণ আমরা জানি, সরকার যাই বলুন সেই সমস্ত কাজকর্ম করতে গেলে যে প্রশাসনিক ব্যবস্থা আছে শিক্ষার ক্ষেত্রে সামগ্রিক উন্নয়নের প্রশ্নে কিংবা স্বাস্থ্য ব্যবস্থাকে ভাল করার প্রশ্নে কিংবা পঞ্চায়েত ব্যবস্থায় দুর্নীতি মুক্ত করার প্রশ্নে, সমস্ত ক্ষেত্রেই উন্নত করার প্রশ্নে জনগণের আন্দোলন যেমন থাকবে তেমনি প্রশাসনকে আরো সুন্দর, স্বচ্ছ করে তুলতে হবে। পরিকল্পনাকে আরো বাস্তবায়িত করে তুলতে হবে। সেই জায়গায় সরকারি পদক্ষেপকে দৃঢ়তার সাথে কার্যকরী করা দরকার। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট সামগ্রিক দেশের সংকটময় মুহূর্তের উপর দাঁড়িয়ে রেখেছেন। তাকে কার্যকরী করতে গেলে আমাদের যেসব ফাঁক-ফোকড় আছে, যেসব ঢিলেমি আছে সেগুলি দূর করতে হবে। পরিকল্পনার ক্ষেত্রেও গৃহীত কর্মসূচী ঘোষণা করলেও যদি কিছু অসুবিধা থাকে তাহলে তা দূর করে আরো ভালভাবে কার্যকরী করা দরকার। আমার আবেদন, যে কর ধার্য করা হয়েছে তা যাতে সঠিকভাবে আদায় করতে পারি সে ব্যাপারে প্রশাসনিক সক্রিয়তা অবলম্বন করা দরকার। সারা রাজ্যে গ্রামীণ এলাকায় খাজনার ক্ষেত্রে আরো বেশি মানুষের মধ্যে প্রচার করা দরকার যাতে করে রাজস্ব আদায় বৃদ্ধি হয়। সংগৃহীত রাজস্বে যে পরিকল্পনার কথা, যে অগ্রসরের কথা লেখা হয়েছে তা যদি গ্রহণ করতে পারি তাহলে সারা দেশের সংকটের মাঝখানে দাঁড়িয়েও যে বিকল্প ব্যবস্থার কথা ভাবছি, যে সীমিত ক্ষমতাকে কার্যকরী করার চেষ্টা করছি তা নিশ্চিতভাবে সফলতা পাবে এবং সেই সফলতার

মধ্য দিয়ে রাজ্যের মানুষকে আরো উন্নত পর্যায়ে নিয়ে যাবার ক্ষেত্রে পদক্ষেপ সঠিক হবে এবং প্রতি মানুষের আমাদের প্রতি যে সম্মান আছে সেই সম্মান আরো বাড়বে। বিরোধীদলের সদস্যারা ভেবেছিলেন পশ্চিমবাংলার মানুষ ওদের সমর্থন করবেন, কিন্তু তাদের আশা নিরাশায় পর্যবসিত হয়েছে। এই সরকারের বাজেট বক্তৃতার মধ্যে একটা পরিকল্পনার প্রস্তাব আছে, ভাবনা আছে, চিন্তা আছে, কার্যকরী করার কথা আছে। সেইজন্য এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট নিয়ে যে আলোচনা হচ্ছে সেই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট-মোশনকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা নিবেদন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অসীমকুমার দাশগুপ্ত মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সম্পূর্ণ হতাশাব্যঞ্জক বাজেট। এই বাজেট পড়ে একটা বেকার যুবক নিঃসন্দেহে ভাববে মনে শান্তি নেই, উদরে ক্ষুধা, কণ্ঠে তৃষ্ণা, দেহে বিচিত্র অনুভূতি গত ২৪ বছর ধরে বামফ্রন্টের শাসনে আমাদের উপহার দিয়েছে। এখানে বামফ্রন্টের একজন বক্তা বক্তৃতা করলেন।

[4.00–4.10 p.m.]

মনে হচ্ছিল যে খুব সার্থকভাবেই নৃত্ ধাতু থেকে নাটক এসেছে এবং সেই নাটক থেকেই খুব নাটকীয়ভাবে অঙ্গভঙ্গী করে উনি এখানে বক্তব্য রাখলেন। কিন্তু উনি যে বক্তব্য রাখলেন সেটা কন্ট্রাডিকটরি বক্তব্য রাখলেন। একবার বলছেন যে একই বাজার থেকে জিনিসপত্র কিনতে হয় তাহলে কেন কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের কর্মচারীদের বেতন এক হবে না ঠিক পরক্ষণেই উনি ভুলে গেলেন বলতে যে কেন্দ্রীয় সরকার যে ডি.এ. ঘোষণা করেছেন তাদের কর্মচারীদের জন্য সেই ডি.এ.টা রাজ্য সরকারের কর্মচারীদের জন্য কেন ঘোষিত হল না। তিনি বললেন শিল্পের নাকি স্বর্ণদুয়ার খুলে গিয়েছে। কিন্তু কি দেখছি আমরা ? তিনি বললেন শিল্পের স্বর্ণদুয়ার খুলে গেল কিন্তু তিনি বলতে ভুলে গেলেন সোমনাথবাবু যিনি সারা বিশ্ব ঘুরে এখানে এই রাজ্যকে শিল্পে সমৃদ্ধ করবেন বলছেন সেই সোমনাথবাবুরই সংসদীয় এলাকায় আমেদপুর সুগার মিল যা পশ্চিমবঙ্গের গর্ব ছিল, যেটা কংগ্রেস আমল থেকে গর্বের জিনিস ছিল, আমরা ভূগোলে পড়তাম, চিনিকল কোথায় ? না, আমেদপুরে, সেই আমেদপুর সুগার মিল আজকে নিঃশেষ হয়ে গিয়েছে। সেখানে দল রাখার জন্য ওদেরই স্লোগান দিতে হচ্ছে যে আমেদপুর সুগার মিল তুলতে দেওয়া হবে না, বেসরকারিকরণ করতে দেওয়া হবে না। সেখানে তো নাভিশ্বাস উঠে গিয়েছে। এই হচ্ছে এখানে শিল্পে স্বর্ণদুয়ার খুলে যাওয়া। এই কন্ট্রাডিকসানের মধ্যেই দেখলাম বামফ্রন্টের বন্ধুরা তাদের বক্তব্য রাখছেন। নির্মলবাবু নানান কথা বললেন, তিনি বললেন এই চাই, ওই চাই কিন্তু তিনি বলতে ভুললেন না যে বামফ্রন্টের আমলে চা শিল্প ধ্বংসপ্রাপ্ত হয়েছে। বামফ্রন্টের আর এক বন্ধু বললেন যে এখানে নতুন দুয়ার খুলে গিয়েছে কিন্তু তিনি বলতে ভুললেন না যে প্রশাসন স্বচ্ছ নয় এবং প্রশাসন স্বচ্ছ না হলে ট্যাক্স আদায় করা সম্ভব নয়। এইভাবে বামফ্রন্টের বন্ধুরা কন্ট্রাডিকটরি বক্তব্য রাখলেন এবং

সত্য ভাষণ দেওয়ার নাম করে অসীমবাবুকে তুষ্ট করতে চাইলেন। স্যার, অসীমবাবু যে বাজেট পেশ করেছেন তা অন্তঃসারশূন্য বাজেট। তিনি ভ্যাট চালু করলেন কিন্তু তার ইনফ্রাস্ট্রাকচার ঠিক হল না। বিরোধীপক্ষের তরফ থেকে এর আগেও আমরা এ ব্যাপারে আমাদের বক্তব্য রেখেছি। একটা ছোট ব্যবসায়ী, প্রান্তিক ব্যবসায়ী—এখানে তো পরিষ্কার যে একটার মেটিরিয়াল কস্ট যদি হয় ১০ হাজার টাকা তাহলে তার গ্রস সেল প্রাইস দাঁড়াবে ১৮ হাজার টাকা। সেখানে ট্যাক্স পেয়েবল বাই দি সেলার ৭৫০ টাকা সমস্ত বাদ দিয়ে। আমি বিস্তারিত হিসাবে যাচ্ছি না। সেখানে প্রান্তিক ব্যবসায়ী, ছোট ব্যবসায়ী তাদেরকে নানান রকমের হিসাবপত্র, বুকস, রেকর্ডস ইত্যাদি রাখতে হবে অথচ কম্পিউটারাইজড প্রোগ্রাম আমাদের নেই, চালু হয়নি। এই যে হিসাব রাখতে হবে এই হিসাব রাখবে কিভাবে ? এই ইনফ্রাস্ট্রাকচারের কোনো সুযোগ প্রান্তিক ব্যবসায়ীদের দিলেন না। ফলে যে তিমিরে এই রাজ্য ছিল সেই তিমিরেই থেকে যাবে। আপনার ভ্যাট প্রবর্তিত হলে আর কিছু না হোক, আপনার ইন্সপেক্টররা লাভবান হবেন, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। কারণ বামফ্রন্টের মাননীয় সদস্যরা এই কথা বলেছেন, আপনার প্রশাসনের সদিচ্ছা নেই। সদিচ্ছা থাকলে আমরা বলতাম যে পশ্চিমবাংলায় রাজস্ব আয় বৃদ্ধি পাবে। আমরা বলতে পারি যে, রাজস্ব বৃদ্ধির কোনও কারণ লক্ষ্য করতে পারছি না। এই সরকার বেকার যুবকদের চাকুরি দিতে অক্ষম। রাজ্য সরকার বললেন, তোমরা ঋণ নাও। ঋণ নিয়ে ব্যবসা করবে। দেখা গেল ২০-২৫ জন যুবক তারা ব্যবসায় নেমেছে। তারা কোথা থেকে মাল কেনে, না বড়বাজার থেকে কেনে। আমি শুধু কলকাতার ছেলেদের কথা বলছি না, ২০-২৫ জন মফঃস্বলের ছেলে তারা লরি করে মাল নিয়ে যায়। মাননীয় অর্থমন্ত্রী বেলেঘাটায় যে সেলস্ ট্যাক্স অফিস করেছেন, আপনি দেখবেন সেখানে শত শত লরি দাঁড়িয়ে আছে। কারা আটকে রেখেছে ? সেলস্ ট্যাক্স ধার্য করার নাম করে ১৫-২০ দিন ধরে লরিগুলোকে আটকে রেখেছে। কেউ কেউ বলেন, এরা অসীমবাবুর লাইসেন্সপ্রাপ্ত ডাকাত দল। সেলস্ ট্যাক্সের নাম করে সমস্ত রকমের জুলুম চালায়। আপনি চালু করতে চলেছেন এন্ট্রি ট্যাক্স। আপনি যেভাবেই ব্যাখ্যা দিন না কেন, এর সমস্ত বোঝাটাই গিয়ে পড়বে সাধারণ ক্রেতার ওপরে। কারণ তারা যে জিনিস কিনবে, ব্যবসায়ীরা এই টাকাটা মালের দামের সঙ্গে যুক্ত করে দেবে। ফলে মালের দাম বৃদ্ধি পাবে। শিক্ষার ব্যাপারে এখানে একটা অদ্ভুত কথা বলেছেন। বলেছেন ৬৪টি স্কুল খুলেছেন। আপনি বলেছেন, আমি প্রস্তাব রাখছি আগামী আর্থিক বছরে আরও ৫০০টি শিক্ষাকেন্দ্র খোলার। আপনি কোন্ যাদুমন্ত্রে, কোন রেশিওতে করবেন জানি না। যেখানে ৬৪টি মাধ্যমিক স্কুল খুলেছেন, সেখানে এক বছরের মধ্যে ৫০০টি শিক্ষাকেন্দ্র খুলবেন কিভাবে এটা বলুন তো ? আরও আলোকিত চমকপ্রদ বিষয়, কি করে বললেন জানি না। আপনি বলেছেন, নিরাপদ পানীয় জল এবং সার্বিক স্বাস্থ্যবিধান প্রসারের সর্বশেষ তথ্য অনুযায়ী ৪০ লিটার করে ৯২ শতাংশ মানুষের কাছে বর্তমান আর্থিক বছরের শেষে পৌঁছে দেওয়া হবে, এটা অর্জিত হবে। আমি জানি না এটা কতটা সত্য ? পশ্চিমবাংলার ৯২ শতাংশ মানুষ যদি আর্সেনিকমুক্ত পানীয় জল পেয়ে থাকে তাহলে তো বিরাট ব্যাপার। আমি জানি না, যে আমলারা মাননীয় মন্ত্রীকে এই রিপোর্টটা দিয়েছেন এটা কতটা সত্য ? তথ্যগত কতটা ভুল এতে রয়েছে তা

মন্ত্রী মহাশয় নিজে যদি যান তাহলে দেখবেন, গ্রামের পর গ্রামে পানীয় জল নেই। বিদ্যুতের কথায় বলেছেন, পশ্চিমবাংলায় বিদ্যুতায়ন করে দিয়েছেন। কোথায় করেছেন ? একটা মৌজায় একটা তার টানিয়ে দিয়ে বললেন সব বিদ্যুতায়ন করে দিয়েছেন। কিন্তু গ্রামের পর গ্রাম অন্ধকারে থেকে গেল, সেখানে বিদ্যুৎ পৌঁছে দিতে পারেননি। এই অবস্থায় চলছে পশ্চিমবঙ্গ। তাই আমি বলবো, ড: অসীম দাশগুপ্ত যে বাজেট পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4.10–4.20 p.m.]

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী এই হাউসে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই বাজেটকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। ভারতবর্ষের অন্যান্য অঙ্গরাজ্যের মতো পশ্চিমবঙ্গ একটা অঙ্গরাজ্য। স্বাভাবিকভাবে কেন্দ্রীয় সরকারের যে অর্থনীতির সুফল এবং কুফল তার প্রভাব রাজ্যে পড়তে বাধ্য। ইদানীংকালের মধ্যে লক্ষ্য করছি কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছে তার ফলে ক্রমশ সাধারণ মানুষের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার দিকে যাচ্ছে। আমরা লক্ষ্য করছি কেন্দ্রীয় সরকারের যে সংকট, আর্থিক সংকট, সেই সংকটের ফলে আজকে সাধারণ মানুষের উপরে চাপ পড়ছে। এই সংকট থেকে মুক্ত হবার জন্য কেন্দ্রীয় সরকার বিদেশের কাছ থেকে ঘৃণ্য শর্তে ঋণের জালে জড়িয়ে পড়ছে। আপনার বহুজাতিক কর্পোরেশন, ডব্লিউ টি ও—এদের কাছ থেকে শর্তের ফলে দেশের আইন-কানুনও সংশোধন করতে হচ্ছে যেমন ফেরা আইন, এম আর টি পি—তাদের স্বার্থে সংশোধন করতে হচ্ছে। আমাদের কারখানাকে বিদেশের হাতে তুলে দেওয়া হচ্ছে। এর কুফল অন্যান্য রাজ্যে যেমন পড়েছে, আমাদের রাজ্যেও পড়েছে। এছাড়া পশ্চিমবঙ্গ সরকারের প্রতি বঞ্চনা সে তো আগেও ছিল এখনও আছে। বিগত ২০০০-২০০১ সালে যে বিধ্বংসী বন্যা হয়েছিল তাতে যে প্রাপ্য দেওয়া উচিত ছিল কেন্দ্রীয় সরকারের, তা তারা দেননি। পশ্চিমবঙ্গ মানুষের পাশে দাঁড়ানো উচিত ছিল—তা তারা করেননি। তারপরে গঙ্গা-পদ্মা ভাঙনের যে সমস্যা একটা বড় সমস্যা তার জন্য কোনো ব্যবস্থা নেয়নি। এই যে ইন্টারন্যাশানাল লাইন বাংলাদেশে ঘুরে গেছে, সেই লাইনের পরিবর্তন হতে পারে এবং বিরাট রাজ্যে ক্ষতি হতে পারে। পশ্চিমবঙ্গের মানুষ আর্থিক দিক থেকে শেষ হয়ে যেতে পারে। এই রকম একটা অবস্থায় দাঁড়িয়ে বারেবারে বলা সত্ত্বেও এই প্রস্তাব পাশ করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে বঞ্চনার সৃষ্টি করে যাচ্ছে। এইরকম পরিস্থিতিতে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার তার বিকল্প নীতি নিয়ে চলার চেষ্টা করছে। বিগত কয়েকটি নির্বাচনে—বিধানসভার নির্বাচন, লোকসভার নির্বাচন, পঞ্চায়েতের নির্বাচন এতে যে পরিসংখ্যান পাওয়া গেছে তাতে প্রমাণ করেছে যে, পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে তারা কাজ করছে, তাদের পাশে দাঁড়িয়েছে। তারপরে আমি যেটা বলার চেষ্টা করছি যে, ১৯৭৭ সালের পর থেকে ১৯৭৮ সাল থেকে ভূমি সংস্কারের উপর গুরুত্ব দিয়েছেন। পশ্চিমবঙ্গের মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে। এই ক্রয় ক্ষমতা বাড়ার সাথে

সাথে তাদের পরণে কাপড় জুটছে। শিক্ষার প্রতি মানুষের আগ্রহ বাড়ছে। যেখানে শিক্ষা উচ্চ মধ্যবিত্তের মধ্যে সীমাবদ্ধ ছিল এবং শহর কেন্দ্রিক ছিল তা এখন গ্রাম কেন্দ্রিকও হয়েছে। শিক্ষা ব্যবস্থা প্রতিটি গ্রামে ছড়িয়ে গেছে। সেই কারণে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুল গ্রামে বেড়েছে। শিশু শিক্ষার মাধ্যমে প্রতিটি শিশুর কাছে শিক্ষা পৌঁছে যাচ্ছে। স্বাভাবিকভাবে পশ্চিমবঙ্গে একটা শিক্ষার পরিবেশ সৃষ্টি হয়েছে। পঞ্চায়েত নির্বাচনের ফলে একটা শ্রেণী ভারসাম্যের পরিবর্তন হয়েছে। আমাদের ধুপগুড়িতে পার্টি অফিস আপনারা আক্রমণ করে চেষ্টা করেছিলেন ওখানকার কর্মীদের খুন করতে, কিন্তু আপনাদের সেই চেষ্টা নস্যাৎ করে দিয়েছে গ্রামের মানুষেরা। তারপরে মুর্শিদাবাদেও আমাদের কর্মীদের উপরে আক্রমণ করে খুন করার পরিকল্পনা নিয়েছিলেন। সেখানে মানুষ আমাদের পাশে থেকে তা প্রতিরোধ করেছে। আর নতুন করে কেশপুর, গড়বেতা হতে দেব না আপনার বিহার, ওড়িশা এবং ইউ পিতে যেমন রণবীর সেনা, শিবসেনা সরকার নামিয়ে সাধারণ মানুষের উপর অত্যাচার করছে, এখানে সে জিনিস হতে দেব না। এটা নিশ্চয় আপনারাও হাড়ে হাড়ে উপলব্ধি করতে পারছেন। মানুষের মধ্যে যে কর্মচাঞ্চল্য সৃষ্টি হয়েছে, তার প্রতিফলন এই বাজেটের মধ্যে হয়েছে সেটা আমরা উপলব্ধি করতে পারছি। আজকে কৃষি ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে যে কর্মকাণ্ড সৃষ্টি হয়েছে তাতে মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে, শিল্প তৈরি করার একটা পরিপ্রেক্ষিত তৈরি হয়েছে। আজকে ছোট ছোট শিল্প, কুটির শিল্প, তার সঙ্গে সঙ্গে মাঝারি শিল্প, বড় শিল্প তৈরি হয়েছে। এখানে হলদিয়া পেট্রোকেমিকেল তৈরি হয়েছে, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠেছে, মুর্শিদাবাদ জেলায় সাগরদিঘী তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠেছে। স্বাভাবিকভাবেই শিল্পের একটা পরিবেশ তৈরি হয়েছে। এই প্রেক্ষিতের উপরে দাঁড়িয়েই আমাদের এই বাজেট পেশ হয়েছে। যে বিকল্প পথের কথা আমরা বলে আসছি, কেন্দ্রীয় সরকার সেই পথে না চলে একটা যুদ্ধ ঘোষণা করেছে। কেন্দ্রীয় সরকারে এই অর্থনৈতিক যুদ্ধের বিরুদ্ধে আমাদের চলার চেষ্টা। স্বাভাবিকভাবেই আমাদের এই বাজেট আপনাদের মনঃপুত হবে না। এই বাজেট সাধারণ মানুষকে প্রেরণা যোগাচ্ছে। সেদিন এই বিধানসভার মধ্যে দাঁড়িয়ে আমরা একটা ভালো জিনিস লক্ষ্য করলাম, ইরাকে মার্কিন সাম্রাজ্যবাদের যে আক্রমণ, তার বিরুদ্ধে আমরা সকলে মিলে একটা প্রস্তাব পাশ করেছি, যাতে সেই যুদ্ধ বন্ধ করা যায়। আমরা সেই কারণে আপনাদের আহ্বান জানাচ্ছি, কেন্দ্রীয় সরকার যে অর্থনৈতিক যুদ্ধ সাধারণ মানুষের উপরে ঘোষণা করেছে, শুধু পশ্চিমবঙ্গ নয়, গোটা ভারতবর্ষের সাধারণ মানুষের উপরে, তার প্রতিবাদ করতে আপনারা এগিয়ে আসুন। আমাদের রাজ্যের সাধারণ মানুষ, শ্রমিক, কৃষক, ছাত্র-যুব, মহিলারা, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে লড়াই সংগ্রাম করছে। গত ২৬শে ফেব্রুয়ারি দিল্লিতে শ্রমিক শ্রেণীর নেতৃত্বে ব্যাপক জমায়েত হয়েছিল, দু-একটা শ্রমিক সংগঠন বাদ দিয়ে সবাই সেখানে অংশগ্রহণ করেছিল এবং কেন্দ্রীয় সরকারের নীতির তারা প্রতিবাদ করেছিল। কলকাতাতেও আমরা এই রকম জমায়েত করেছিলাম এবং তাতে অনেকেই অংশগ্রহণ করেছিল সেখানেও আমরা সবাই মিলে কেন্দ্রীয় সরকারের নীতির প্রতিবাদ করেছি। দলমত নির্বিশেষে আমাদের সকলের এই প্রতিবাদ আন্দোলন করা উচিত। আমাদের দেশের অর্থনৈতিক স্বাধীনতাকে বিদেশীদের কাছে বিকিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে।

আজকে আমাদের দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব বিকিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে, পশ্চিমবঙ্গ সরকার যে কাজ করে চলেছে তা প্রশংসনীয়। আজকে গ্রামে আরও রাস্তা দরকার এবং সিজনাল রাস্তা গ্রামে হচ্ছে, আজকে গ্রামের মানুষ না খেয়ে মারা যাচ্ছে না। আজকে গ্রামের মানুষকে ইঁদারার জল, নদীর জল খেতে হচ্ছে না তারা আজকে নলকূপের জল খাচ্ছে, পাইপ লাইনের জল খাচ্ছে। সেইজন্য আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব কর্মসংস্থানমুখী বাজেট করতে, যাতে মানুষকে কাজ দেওয়া যায়। এই সরকার পশুপালনের দিকে বিশেষ নজর দিয়েছে, মানুষের আয়ের ব্যবস্থা করার চেষ্টা করছে। আমাদের রাজ্যে যে ধরনের গাছ-লতা-গুল্ম পাওয়া যায়, সেগুলোকে ব্যবহার করে, গবেষণা করে আমাদের রাজ্যের ভেষজ শিল্পকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। এই ব্যাপারে আমাদের আরও উদ্যোগ নেওয়া দরকার, এর মাধ্যমে মানুষের কর্মসংস্থান সৃষ্টি করা যাবে। কৃষি, শিল্পের সঙ্গে তাল মিলিয়ে গবেষণামূলক কাজকে যাতে আমরা আরও এগিয়ে নিয়ে যেতে পারি তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.20–4.30 p.m.]

শ্রী শিশির অধিকারী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২০ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করে এবং বিরোধীরা যে সমস্ত কাট-মোশান দিয়েছেন সেগুলোকে সমর্থন করে কিছু কথা বলতে চাই। ১৯৯৯-২০০০ সাল থেকে রাজ্যে অর্থনৈতিক সঙ্কট লক্ষ্য করা যাচ্ছে। তার আগের ৫ বছরে কর আদায়ের ত্রুটি-বিচ্যুতির ফলেই এটা হয়েছে এবং তার জন্যই ঘাটতি বাজেট উত্থাপন করেছেন বলেই আমাদের ধারণা। বিশেষজ্ঞদের মতে, যখন থেকে ফিসকাল ডেফিসিট শুরু হয়েছে, তখন থেকেই অর্থনীতি বাংলায় ধ্বংস হচ্ছে। দু-একটা উদাহরণ আপনার সামনে তুলে ধরছি। ২০০১-০২ সালে ১০ হাজার কোটি টাকা বিক্রয় করের লক্ষ্যমাত্রা ধার্য ছিল, সেখানে প্রায় সাড়ে চারশো কোটি টাকা অনাদায়ী থেকে গেল। এই বিপুল পরিমাণ অর্থ ছাড় দিয়েছেন কাদের ? লার্সন টুব্রো, পেপসি, বি.পি.এল., ভিডিওকন ইত্যাদি বহুজাতিক সংস্থাকে। এদিকে লক্ষ্য করা যাচ্ছে, টেলিফোন, সেলুলার ফোন, যা বড় লোকেরা ব্যবহার করে, সেখানে ১২ শতাংশ থেকে ৪ শতাংশে কমিয়ে এনেছেন। কোনো কোনো জায়গায় ১৫ থেকে ১২, কোনো কোনো জায়গায় ১২ থেকে ১০ শতাংশে নামিয়েছেন। এর ফলে একটা বিপুল ঘাটতি দেখা গেল। অর্থমন্ত্রী গত বছরের একটা হিসেব দিয়েছেন। প্রথমে কৃষিক্ষেত্রে হয় ৫ না হয় ২, সেচের ক্ষেত্রে হয় ৫ না হয় ৩, শিক্ষা ক্ষেত্রে হয় ৫ না হয় ২। ২ না হয় ৫, এইভাবে যোগ-বিয়োগ করে লক্ষ্যমাত্রা পূরণের একটা আশা জাগাবার চেষ্টা করেছেন। কিন্তু মানুষের উদ্যোগে, জন-উদ্যোগে কত সংগৃহীত হল সরকারি সম্পদ ? দীর্ঘদিন অর্থমন্ত্রী থেকে গেলেন, আপনাকে উপদেশ দেওয়ার কিছু নেই, অনুরোধ করছি বলবেন—গ্রামীণ অর্থনীতিতে জন-উদ্যোগে, সরকারি উদ্যোগে কি পাওয়া গেল, তার পরিসংখ্যান কোনো বারের বাজেটে কেন দেখতে পাই না ? একটা জাতীয় বাজেটের কথা বলছেন। পার্সেন্টেজের কথা বলছেন, ক্রয়ক্ষমতার

কথা বলছেন। ব্যক্তিগত জীবনে আপনি সফল ব্যক্তি, আপনার রোজগার আছে, সুনাম আছে এবং বামফ্রন্ট সরকারের দীর্ঘদিনের মন্ত্রী, আপনি দেখান সরকারি উদ্যোগে, জন-উদ্যোগে কত সম্পদ সৃষ্টি হয়েছে। রাশি রাশি টাকা সংগৃহীত হয়েছে দেনা করে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ব্রিটিশ সরকার, জার্মান সরকার, কার কাছে দেনা করেননি ? দেনার পাহাড় জমিয়েছেন। আমি পরিসংখ্যানের মধ্যে যাচ্ছি না, আমি বলছি, মূল সম্পদ সৃষ্টির জায়গা পঞ্চায়েত এবং পুরসভা, এদের দাঁড় করানোর জন্য যে পরিকাঠামো দরকার, সেখানে আপনার ঘাটতি গত ২৫ বছরে আছে বলে আমি মনে করি। অন্য রাজ্যের সঙ্গে তুলনা না করে বাংলাকে বঞ্চিত করার যে ইতিহাস, দলগত মতকে প্রতিষ্ঠিত করার ইতিহাস, তা থেকে অর্থমন্ত্রী বেরিয়ে আসতে পারেননি। কারণ, গত বছর যখন বাজেট পেশ করেছিলেন, তারপর এপ্রিল মাস থেকে সরকারি ট্রেজারিগুলোতে নির্দেশ জারি করে এম্বার্গো জারি করেছেন। আজকেও দুর্ভাগ্য না সৌভাগ্য জানি না, মার্চ মাস শেষ হতে চলল, এপ্রিল মাসের প্রথম বা দ্বিতীয় সপ্তাহে জানা যাবে এম্বার্গো করেছেন কিনা। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভার টাকা আটকাবেন কিনা—মূল সম্পদ সৃষ্টির জায়গা যা চিহ্নিত করেছেন। অন্য রাজ্যের তুলনায় যাব না। অন্য রাজ্যের সঙ্গে তুলনা আপনি করতেই পারেন। বিহার থেকে এগিয়ে আছেন, তামিলনাড়ু থেকে এগিয়ে আছেন। ক্যাগ রিপোর্টও তাই বলে। আপনি দুটো রাজ্যের থেকে এগিয়ে আছেন রেসের ঘোড়ার মতো এক, দুই, তিন। আপনি শেষের ঘোড়া হতে চান না। নিশ্চিত পিছন থেকে লাফাবার চেষ্টা করেছেন। পঞ্চায়েত নির্বাচন আসছে। হ্যাঁ, পঞ্চায়েতে কিছু টাকা বাড়িয়েছেন, আমরা লক্ষ্য করেছি। কিন্তু দুর্ভাগ্যের কথা এক বছর পেরিয়ে গেল মাতৃত্বজনিত টাকা কেন্দ্রীয় সরকারের বি.ডি.ও অফিসে সেটাকা আপনি দিতে পারেননি। সে টাকা পড়ে আছে। ন্যূনতম হারে সে টাকা আপনি দিতে পারেননি। বার্ধক্য ভাতার টাকা, কেন্দ্রীয় সরকারের টাকা পড়ে আছে। যোজনার কথা আর তুলব না। তার পরিপূরক অর্থ আপনার ঘরে নেই। বিধানসভায় গতবার আপনাকে বলেছিলাম ট্যাক্স আদায় পদ্ধতির কথাটা ভাবুন। ২৬ হাজার কেরাণীকুল নিয়ে বসে আছেন—নিউ সেক্রেটারিয়েট, রাইটার্সে সভা সাজিয়ে বসে আছেন। নিবেদন করি ব্লক অফিসগুলো আছে, মহকুমা অফিসগুলো আছে জেলা অফিসগুলো আছে সেগুলোকে ট্যাক্স আদায়ের কেন্দ্রবিন্দু করার চেষ্টা করুন। সে চেষ্টা যদি করতে পারেন ইনফ্রাস্ট্রাকচার দরকার নেই। আজকে মানুষ ট্যাক্স দিতে চায়, ব্যবসায়ীরা ট্যাক্স দিতে চায়, মানুষ ট্যাক্স মুখী হয়েছে কিন্তু ৫০, ৬০ কিলোমিটার দূরে এসে তাদের যদি ট্যাক্স দিতে হয়, সেই ঝুঁকি তারা নিতে চায় না। এই পদ্ধতিকে আপনি রাইটার্স বিল্ডিংস থেকে নামিয়ে নিয়ে যান। মহকুমা অফিসে নিয়ে যান। ছোট ছোট জায়গায় ট্যাক্স আদায়ের কেন্দ্র তৈরি করুন। মানুষ সাহায্য করবে। ইরিগেশন মিনিস্টার বসে আছেন—বহু জমির মালিক পূর্ত দপ্তরের সরকারি সম্পদ বেদখল হয়ে গিয়ে মানুষ সম্পদ তৈরি করছে যে জমিকে আপনারা সদ্ব্যবহার করতে পারে নি। না করে আপনারা চলে গেলেন কোর্ট ফি নামক অত্যাচারে। সংবিধান বিরোধী স্ট্যাম্প ডিউটি আদায় করছেন। বছরের শেষে বলছেন অর্ধেক করে দাও, অর্ধেক দিয়ে রেজিস্ট্রি করে নাও। আপনি বিধানসভাকে এড়িয়ে খাজনা সার্কুলার ইস্যু করেছেন, বিধানসভাকে এড়িয়ে লাইসেন্স

ফি বাড়িয়েছেন। বাংলার মানুষ আপনাকে ক্ষমা করবে বলে আমি মনে করি না। আমি মনে করি সম্পদ সৃষ্টির ক্ষেত্রে আপনি ব্যর্থ হয়েছেন। আগামী প্রজন্মের হাতে যে দেনার বোঝা আপনি রেখে যাচ্ছেন তাতে আগামী দিনের বাংলা আপনাকে ক্ষমা করবে না। আজকে উদ্বাস্তু সমস্যাকে বাংলা নিয়েছে সেখানে পুনর্বাসনের চেষ্টা হয়েছে। নদী ভাঙনের কথা বলেছেন, আগের বক্তা বলে গেলেন নদী ভাঙনের কথা। নিশ্চিতভাবে ভাঙন আছে কিন্তু দুর্ভাগ্যের কথা সমুদ্র ভাঙন, সমুদ্রের তীরে দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, একটা চাহিদা ৭০ কিলোমিটার পথ, মানুষের জীবন জীবিকা রক্ষার জন্য, আজকে স্বাধীনতার পর থেকে কোনো বাজেটে আমি দেখিনি। আগের সরকার যে অবস্থায় রেখে গেছেন তার কোনো পরিবর্তন নেই। নদী ভাঙনের একশো কোটি টাকার মায়া কান্না তার ছিটেফোঁটা দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের জন্য ব্যবস্থা করেছেন। এই ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা দরকার বলে আমি মনে করি। যেদিন ৯টা জেলা ভেসে গেল। ৪ মাস জল ছাড়েননি। এম্বার্গো করে আপনি পুনর্বাসনের টাকা আটকে দিয়ে দিয়েছিলেন। নিবেদন করি আপনি প্রতিশ্রুতি পালন করুন। দরিদ্র, নিপীড়িত, নির্যাতিত মানুষের কর্মসূচী বাস্তবায়িত করুন। কেন্দ্রীয় সরকারকে ৫০ বার গালি দিন....

[4.30–4.40 p.m.]

তার সাথে আপনার মাথাভারী প্রশাসন, উচ্চস্থানে অবস্থানকারী সরকারি কর্মচারীদের কাঁড়ি কাঁড়ি বেতন বাড়িয়েছেন, আর বঞ্চিত করছেন গ্রুপ ডি কর্মচারীদের। একটা কথা আপনি বলেছেন, নভেম্বর মাসে যে, খরচ কমাতে হবে। নভেম্বর মাস থেকে মার্চ মাস শেষ হতে চলল, কত টাকা আপনি সাশ্রয় করেছেন ? বলছেন ৫০০ কোটি টাকা সাশ্রয় হবে। আপনার উন্নততর বামফ্রন্ট গরীবের হাঁড়িতে হাত দিয়েছেন। ১০ টাকা দিলে ১০ টাকা। ২০ টাকা দিলে ২০ টাকা। অবিশ্বাস্য সুদ। বড়লোকদের ট্যাক্স ছাড় দিচ্ছেন। তাদের কাছ থেকে সেল্‌স ট্যাক্স আদায় করতে পারলেন না। অথচ গরীবের হাঁড়িতে হাত দিয়েছেন। অবিশ্বাস্য সুদ। আপনি মহিলা স্বনির্ভর কর্মসূচী করেছেন। তাদের কিভাবে স্বনির্ভর করা যায় তার জন্য ব্যবস্থা করেছেন। আপনি যে সেল্ফ হেল্প গ্রুপ করলেন কিন্তু এতে কতটুকু কি কাজ হয়েছে ? আপনি কর্মসংস্থানের কথা বলেছেন। কতটুকু কর্মসংস্থান আপনি করতে পেরেছেন ? তাই আমি আপনার বাজেটকে সমর্থন করতে পারলাম না। আমাদের আনা কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২০শে মার্চ তারিখে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটা কথা বলছি। আমার মনে হচ্ছে বিরোধীরা-শূন্য মার্গে অবস্থান করছেন। মাটির মানুষের সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই। তারা আবার উঁচুতেও উঠতে পারছে না। উঁচুতে উঠতে পারছে না বলেই নানা অজুহাত তৈরি করছেন। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী জনমুখী, বাস্তবমুখী, কর্মসংস্থানমুখী বাজেট উপস্থাপিত করেছেন। শুধু তাই নয় ৭ লক্ষ বেকার মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হবে বলেছেন। এরা বোধহয় কর্মসংস্থান বলতে

ভুল বুঝেছেন। এরা কর্মসংস্থান বলতে চাকরির কথা বুঝেছেন। তিনি সেই কথা বলেননি। কর্মসংস্থান বলতে তিনি নানাভাবে শ্রম শক্তি ব্যবহার করে মানুষকে উন্নতির পথে নিয়ে যাওয়ার কাজে নজর দিয়েছেন।

কর্মসংস্থান বলতে নানারকম বোঝায়। শ্রম শক্তিকে ব্যবহার করে মানুষের অর্থনৈতিক উন্নতি করা, কাজে নিয়োজিত করা সেইদিকে তিনি নজর দিয়েছেন। তিনি কৃষির উপরে গুরুত্ব দিয়েছেন। যে ভূমিসংস্কারের কথা আমরা বারেবারেই বলেছি, কৃষি এবং ভূমিসংস্কারে ভারত সরকার এবং বিশ্বের বিভিন্ন দেশ এই পশ্চিমের দিকে বারেবারেই তাকিয়েছে। এটা পশ্চিমবাংলার হিসাব নয়, এটা বাইরের হিসাব। এই কৃষি ব্যবস্থার মধ্যে দিয়ে কিভাবে কর্মসংস্থান বাড়ানো যায় তিনি তার জন্য চিন্তা করেছেন, কুটির শিল্পের মধ্যে দিয়ে কিভাবে কর্মসংস্থান বাড়ানো যায় তিনি তার জন্য চিন্তা করেছেন, শিক্ষা ব্যবস্থার মধ্যে দিয়ে কিভাবে কর্মসংস্থান বাড়ানো যায় তার জন্য তিনি চিন্তা করেছেন। পরিকাঠামো উন্নয়ন ছাড়া দেশের উন্নয়ন ঠিকমতো করা যায় না এই বাজেটে তার সেই চিন্তার প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি। গ্রামোন্নয়ন করতে গেলে বাংলার উন্নয়ন করতে গেলে বিদ্যুতের উন্নতি করা দরকার। সেইদিকে দেখলে তার বাস্তবমুখী চিন্তাধারার প্রতিফলন দেখা যায়। শিক্ষা ক্ষেত্রে তিনি ৯৩ কোটি টাকা বরাদ্দ করেছেন, সেই বরাদ্দ প্রস্তাবে তিনি ৫ হাজার নতুন শিশু শিক্ষাকেন্দ্র করবেন বলেছেন। ৫০০টি নতুন জুনিয়র হাইস্কুল স্থাপন করা হবে বলে বলেছেন, ইঞ্জিনিয়ারিং কলেজ ৪৩টি ছিল বাড়িয়ে ৫ করা হবে এবং এর মাধ্যমে কিছু কর্মসংস্থান হবে এবং শিক্ষার অগ্রগতি ঘটবে। সবচেয়ে বড় জিনিস হল কৃষিক্ষেত্রে বিশ্বায়নের প্রভাবে গ্যাট চুক্তির প্রভাবে কৃষিতে যথেষ্ট উৎপাদন বাড়লেও বাইরে থেকে আমদানী করতে হচ্ছে। ভরতুকি যুক্ত দেশগুলি থেকে চাল আমদানী করতে হচ্ছে। এই বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে কি করে বিকল্প চাষ করা যায় সেই দিকে তিনি দৃষ্টি দেওয়ার চেষ্টা করেছেন। জৈবসারের মাধ্যমে কি করে উৎপাদন বৃদ্ধি করা যায় সেটা দেখিয়েছেন। কৃষিতে ক্লিনিক ব্যবস্থার প্রবর্তন করে চাষের মাটি, আবহাওয়া ইত্যাদি বিচার করে কোন্ সার ব্যবহার করা যায় তার জন্য ট্রেনিংয়ের ব্যবস্থা করছেন। বাস্তবমুখী বাজেট করে কর্মসংস্থানের ব্যবস্থা করে পশ্চিমবাংলার বেকার যুবকদের মনে একটা আশার সঞ্চার করেছেন, তাই এই বাজেটকে সমর্থন করছি।

শ্রী সামসের আলি : (নেই)।

শ্রী আবু হেনা : মিঃ ডেপুটি স্পিকার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত ২০০৩-০৪ সালের যে বাজেট প্রস্তাব এখানে রেখেছেন তার সম্পূর্ণ বিরোধীতা করছি। স্যার, প্রত্যেক বছরে উনি বাজেট প্লেস করার সময় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তাঁর কিছু বক্তব্য রাখেন এবং তিনি কি করতে চান, কোথায় কর ছাড় দেবেন, কোথায় কর বসাবেন সে কথাও বলেন। তবে প্রত্যেক বছরেই উনি বিকল্প অর্থনীতির কথা বলেন, কিন্তু এবারে সেটা তেমন দেখতে পাচ্ছি না। আমরা দেখতে পাচ্ছি রেভিনিউ ইনকাম এবং রেভিনিউ এক্সপেনডিচার যেটা আছে তার সে ডিফারেন্স সেটা হল ৯৮৫৭ কোটি টাকা। এবারের নেট

ঘাটতি ৭৯৩ কোটি টাকা দেখছি। এবারের যে ক্যাপিটাল আউট-লে যেটা উনি দেখিয়েছেন ৬৭৯৭ কোটি টাকা সেটা থেকে উনি ৩০০০ কোটি টাকা লোকাল ফান্ড এবং ডিপোজিট ফান্ডে ট্রান্সফার করেছেন।

[4.40–4.50 p.m.]

এবং এও বলেছেন যে, এই ৩ হাজার কোটি টাকা থেকে, ১৮০০ কোটি টাকা থেকে মূলধনী খাতে ব্যয় করা হবে। ইনফ্যাক্ট ক্যাপিটাল আউট-লে আছে এ বছরে ৩,৭৯৭ কোটি টাকা। এবং যে কথা বলতে চাই, এতে রেভিনিউ এক্সপেনডিচার এবং রেভিনিউ রিসিটের মধ্যে যে ডিফারেন্স থেকে যাচ্ছে তার জন্য আপনি মূলত দায়ী করেছেন সরকারি কর্মচারী, শিক্ষক শিক্ষাকর্মীদের বেতন এবং ভাতাকে। বলছেন, এতে প্রচুর ব্যয় হয়ে যাচ্ছে। এবং আরো বলেছেন শিক্ষাকর্মীদের পেনশন দিতে এডিশনাল ৫০০ কোটি টাকা ব্যয়িত হবে। আপনি পঞ্চম বেতন কমিশনকে রেসপনসিবল করে বক্তব্য রেখেছেন যদিও তা ৫ বছর আগে হয়ে গেছে। তা সত্ত্বেও আমাদের পশ্চিমবঙ্গে একটা চরম ফিন্যান্সিয়াল দুরাবস্থা চলছে এবং আমি মনে করি এই দুরাবস্থার জন্য মাননীয় অর্থমন্ত্রী অনেকটাই দায়ী। উনি গত কয়েক বছর ধরে জিরো ডেফিসিট বাজেট করার পর এ বছর ১১ কোটি টাকার ঘাটতি এবং সামনের বছর ৭৯৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করছেন। এবং সেই ঘাটতি মেটানোর জন্য যে প্রস্তাব রেখেছেন তার মধ্যে অনেকগুলোই আগে করে ফেলেছেন। আমরা দেখেছি ডিসেম্বর মাসে ৭ দিনের যে একটা ছোট অধিবেশন হয়েছিল, যাকে আমরা মূলত বলি টাকা কালেকশনের অধিবেশন, এবং পুজোর আগে যেসব ক্ষেত্রে অর্ডিন্যান্স করেছিলেন এই অধিবেশনে সেগুলো বিল আকারে নিয়ে আসেন। উনি কতগুলো জিনিস করেছেন যাতে সরকারের কিছু কালেকশন হয় এবং তাতে উনি মনে করছেন ৫০০ কোটি টাকা রোজগার করতে পারবে না। তার মধ্যে আছে কোর্ট ফি বৃদ্ধি, সেস বসানো এবং আর যেসব জিনিসগুলো আছে সেগুলো আমরা সবই জানি। অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যয় এবং অন্যান্য ব্যয় সংকোচ করে সাড়ে ৪০০ থেকে ৫০০ কোটি টাকা বাঁচাতে পারবেন এবং তার মধ্যে দিয়ে অর্থনৈতিক দুরাবস্থা মেকআপ করতে পারবেন বলে তিনি আশা প্রকাশ করেছেন। আজকে পশ্চিমবঙ্গ অর্থনৈতিক ক্ষেত্রে যে দুরাবস্থার মধ্যে এসে দাঁড়িয়েছে তাতে এই রাজ্যকে দেউলিয়া রাজ্য ছাড়া আর কিইবা বলা যেতে পারে। আপনি মার্কেট থেকে একের পর এক ঋণ নিয়ে চলেছেন এবং যার পরিমাণ এসে দাঁড়িয়েছে ৭৫ হাজার কোটি টাকায়। এবং এসত্ত্বেও দেখা যাচ্ছে উনি সরকারি কর্মচারীদের ঠিকমতো পেনশন দিতে পারছেন না, এমনকী ক্যাপিটাল এক্সপেনডিচার, যেটা আগে থেকে বরাদ্দ করা হয়েছে সেটাও কাট-ছাট করে দিয়ে ফিন্যান্সিয়াল ইয়ারের থার্ড কোয়ার্টার পর্যন্ত ২৫ শতাংশ টাকা বিভিন্ন ডিপার্টমেন্টকে দিতে পারেননি। এ ব্যাপারে বিভিন্ন বিভাগীয় মন্ত্রী অফ দ্য রেকর্ড অনেক কথা বলেন এবং নিশ্চিত আপনার কাছেও বলেছেন। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ ক্রমশ ঋণের জালে জড়িয়ে পড়ছে এবং আর্থিক দিক থেকে দেউলিয়া আকার ধারণ করছে। এই প্রসঙ্গে উনি অনেক কথা বলেছেন, এখানকার উন্নয়নের কথা বলেছেন, বিশেষ করে কৃষির উন্নয়নের কথা বলেছেন। আমি সেই প্রসঙ্গে বলতে চাই।

আমি মূলত গ্রামবাংলার প্রতিনিধি। গ্রামবাংলা থেকে নির্বাচিত হয়েছি। উনি বলেছেন আমরা ২০০১-০২ সালে ১৬৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করেছি এবং তার মধ্যে ১ কোটি ৫২ লক্ষ ৬ হাজার টন ধান। আমরা পশ্চিমবাংলার অধিবাসী, আমরা জানি আমাদের মূল খাদ্য হচ্ছে চাল। উনি আরো বলেছেন, আমরা কিন্তু গম উৎপাদন সেইভাবে করতে পারিনি, ৯ লক্ষ ৬ হাজার টন কম উৎপাদন করেছি। তার কারণ গম আমাদের প্রধান খাদ্য নয়। উনি বলছেন, ২০০১-২০০২ সালে গমের উৎপাদন ছিল ৯.৬ লক্ষ টন, এটা প্রয়োজনের তুলনায় অনেক কম, যেখানে গম উৎপাদন হওয়ার প্রয়োজন ছিল ১৯.৩ লক্ষ টন। আবার ২০০১-২০০২ সালে ডালশস্যের উৎপাদন ছিল ১.৭ লক্ষ টন, এটা প্রয়োজনের তুলনায় অনেক কম, যেখানে ডালশস্যের উৎপাদনের প্রয়োজন ছিল ১১.২ লক্ষ টন। আমরা অনেক আলু উৎপাদন করছি, অনেক ধান উৎপাদন করছি। পাট হচ্ছে ক্যাশ প্রোডাক্ট, কিন্তু কৃষক যে পাট উৎপাদন করছে সেই উৎপাদিত পণ্যের সঠিক মূল্য তারা পাচ্ছে না। আপনারা ধানের সাপোর্ট প্রাইস ঘোষণা করেছিলেন ৫৩০ টাকা কুইন্টাল। কিন্তু ধান চাষীরা আজকে ধানের দাম পাচ্ছে না, মুর্শিদাবাদ, হাওড়া, হুগলীর ধান চাষীরা ২৫০ টাকা থেকে ৩০০ টাকা কুইন্টাল দরে ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে। আপনাদের সরকারের তরফ থেকে ধান কেনার কথা। সমবায় দপ্তর, খাদ্য দপ্তর, এফ.সি.আই. তারা অনেক পরে নেমেছিল—কৃষক যখন তার ইউজ করার জন্য কিছু ধান কনজিউম করে বাকি ধান বিক্রি করে দিয়েছে সেই সময় তারা নেমেছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখতে পাচ্ছি যে, কৃষক তার উৎপাদিত ধান, উৎপাদিত পাট, উৎপাদিত আলু সঠিক দরে বিক্রি করতে পারছে না, কৃষক তার উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে না। আজকে তাই কিছু কিছু জায়গায় দেখা যাচ্ছে যে, কৃষক সুইসাইড করছে, কোচবিহারের কথা আপনাদের নিশ্চয় মনে আছে। এই অবস্থায় আপনারা পশ্চিমবঙ্গের উৎপাদনের ব্যাপারে ভূমিসংস্কারের কথা বলেছেন। ১০ লক্ষ না কত একর জমি আপনারা ভূমিহীনদের পাট্টা দিয়েছেন। কিন্তু আমরা যতটুকু জানি যে, ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত ১০ লক্ষ ৭৩ হাজার একরের মধ্যে ১৯৭৭ সাল পর্যন্ত জমি পাট্টা দেওয়া হয়েছে ৬ লক্ষ ৩৫ হাজার একর। আর আপনারা ২৫-২৬ বছরে ৪ লক্ষ ৩৮ হাজার একর জমি পাট্টা দিয়েছেন। সুতরাং আমি শুধু এটুকু বলতে চাই যে, আমরা যেমন আলু উৎপাদন করছি তেমনি অনেক ফলও উৎপাদন করছি। মালদা, মুর্শিদাবাদে প্রচুর আম, লিচু হয়, আবার বেলডাঙ্গায় অনেক কপি উৎপাদন হয়—কিন্তু সেগুলোকে রক্ষা করার জন্য হিমঘরের ব্যবস্থা নেই, ফুড-প্রসেস সেভাবে এগিয়ে আসেনি। সুতরাং এই ব্যাপারটা আপনারা দেখবেন এবং বলবেন। এখানে মাননীয় সেচমন্ত্রী মহাশয় বসে আছেন, গঙ্গা-পদ্মা ভাঙন এখন একটা জ্বলন্ত সমস্যা। এই সমস্যা আজকের সমস্যা নয়, গত ৩০ বছর ধরেই এই সমস্যা আছে। এখানে প্রত্যেকবারই গঙ্গা-পদ্মা ভাঙন নিয়ে রুল-১৮৫ এ রেজোলিউশন নেওয়া হয়। আপনারা প্রত্যেকবার গঙ্গা-পদ্মা ভাঙন রোধ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে টাকা আনতে যান, আপনারা বলছেন, ১৩৩ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দেননি। কিন্তু কেন্দ্র বলছে, 'পশ্চিমবঙ্গ সরকারকে গঙ্গা-পদ্মা ভাঙন রোধ করার জন্য যে টাকা দিয়েছিলাম তারা তার ইউটিলাইজেশন সার্টিফিকেট দেয়নি, টাকা নয়ছয় হয়েছে'। সেজন্য কেন্দ্র কোনো টাকা

দিচ্ছে না। গঙ্গা-পদ্মা ভাঙন রোধের জন্য কী কাজ হচ্ছে না হচ্ছে সেটা আমরা দেখতে পাচ্ছি, বোল্ডারের মান কীরকম সেটা আমরা দেখতে পাচ্ছি, জেলা পরিষদ কী ধরনের বোল্ডার দিচ্ছে সেটা আমরা দেখতে পাচ্ছি।

[4.50–5.00 p.m.]

সুতরাং এটা তো নতুন কথা নয়। গঙ্গা-পদ্মা ভাঙন নিয়ে যেভাবে কাজ করা উচিত ছিল আপনারা সেভাবে কাজ করতে পারেননি। গঙ্গা-পদ্মার ভাঙন নিয়ে প্ল্যানিং কমিশনে যেভাবে আপনাদের ওয়ার্কঅর্ডার দেওয়া উচিত ছিল সেইভাবে আপনারা দেননি। যে পরিকল্পনা আপনাদের আছে যে প্ল্যান লিমিট আছে সেখানে কিভাবে খরচ করবেন এবং কতদিনের মধ্যে খরচ করবেন আপনারা কক্ষনো কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশনে আপনারা কিছু বলেননি। সুতরাং আমরা শুধু এটুকু বলতে চাই আমরা জানি কেন্দ্রীয় সরকার টাকা দিল সে টাকা সঠিকভাবে খরচ হবে কিনা সে গ্যারান্টি কে দেবে ? মাননীয় অর্থমন্ত্রী এটা বললেন তার কারণ যে টাকা খরচ করা হয়েছে সব টাকা পদ্মার জলে ভেসে গেছে। বন্যার নিয়ন্ত্রণ, বন্যার ব্যাপারটা আমাদের কাছে আছে। কাঁদি এলাকায় যে বন্যা হয় সে বন্যা নিয়ন্ত্রণে আমরা ব্যর্থ। আমরা সে ব্যাপারটা সঠিকভাবে করতে পারছি না। আপনাদের মাস্টার প্ল্যানের কথা বলা যায় উনি ভালভাবে জানেন। সুতরাং আপনাদের কাছে যেটা আমি জানতে চাইছি—যে সেই কাজটা যদি আপনারা সঠিকভাবে না করেন সেই গঙ্গা-পদ্মার ভাঙন রোধের যে কাজ। একে তো পদ্মাকে বলা হয় 'কীর্তিনাশা পদ্মা'। যে বোল্ডার নিয়ে আপনারা কাজ করেন সেই বোল্ডার কীর্তিনাশা পদ্মা ভাসিয়ে নিয়ে যাবে। বাংলাদেশ যদি করতে পারে পশ্চিমবঙ্গ সরকার-ভারতবর্ষ করতে পারবে না কেন ? তারা যদি পুরো পাড় বাঁধিয়ে ফেলতে পারে তাহলে আমাদের ফারাক্কা থেকে আরম্ভ করে জলঙ্গী পর্যন্ত কোনো বাঁধ কেন বাঁধা যাবে না।

সুতরাং আমি যেটা বলতে চাইছি যে, কিছু কিছু ক্ষেত্রে যে ট্যাক্স ধার্য করেছে যেমন মদের লাইসেন্সের মাধ্যমে ১ শত কোটি টাকা তুলবেন। আমি বলছি গ্রাম-বাংলার যুবকদের এইভাবে নষ্ট হতে দেবেন না। আপনার এই ১ শত কোটি টাকা বড় কথা নয়। কিন্তু যেভাবে মদের লাইসেন্স দেওয়ার জন্য আপনারা ছটফট করছেন সেটা আমি মনে করি পশ্চিমবঙ্গের যুবকদের নৈতিক অধঃপতন হবে। অট্রয় ট্যাক্সের ব্যাপারে আমি যেটা বলতে চাইছি যে—অট্রয় ট্যাক্স ১৯৯৫ সালে উঠিয়ে দিলেন আবার ভ্যালুয়েডেট ট্যাক্স আপনারা চালু করলেন। অট্রয় ট্যাক্স যে খাজনা চালু করছেন—যে সেচসেবিত এলাকায় প্রতি একরে ২১ টাকা করে ধার্য করেছেন—প্রায় ৩ গুণ করে বাড়িয়ে দিয়েছেন। সামনে পঞ্চায়েত ইলেকশান বলে এটাকে বন্ধ রেখেছেন। আমি মনে করি এই যে তিন গুণ বৃদ্ধি করেছেন এটাকে প্রত্যাহার করুন। সুতরাং আপনাদের এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব পেশ করেছেন আমি তার বিরুদ্ধে এবং বিরোধী দলের আনা কাট-মোশানের স্বপক্ষে দু-একটি কথা বলার চেষ্টা করছি। আমি সর্বপ্রথমে বলি যে—একটা জিনিস দেখে খুব ভাল

লাগছে যে আপনারা মদে খুব মজেছেন। একটা টাইমে আপনারা মৌ করে মজেছিলেন, এখন আবার মদে পেয়েছে আপনাদের মদে বাঁচিয়ে যাবে এই ধারণায় আপনি হাঁটতে শুরু করেছেন। আপনাদের কাছে আর কি বা আছে করবার। যে রাজ্যের মুখ্যমন্ত্রী জাতীয় সংগীতের সময় পা ঝুলিয়ে বসে থাকেন যেখানে যাদুকর অর্থমন্ত্রী আমাদের যে জাদু দেখিয়ে রাজ্যের উন্নতি ঘটাবে এটা ভাবা অকল্পনীয় বিষয়। কয়েকজন বক্তা আমাদের দলের এবং সরকার পক্ষের তরফ থেকে আলোচনা শুনলাম। তাই বিশদে না গিয়ে আমি বলছি যে আপনি তো নোট নেন বলে শুনেছি। তাই দয়া করে এই নোটগুলি নিন। তার দু-একটি উত্তর যদি দিতে পারেন তাহলে অর্থমন্ত্রী অর্থনীতির ছাত্র হিসাবে আমরা উপকৃত হব, জানতে পারব। তাহলে অন্তত জানতে পারব অর্থমন্ত্রী হবার পরে তিনি অর্থনীতির অধ্যাপক হিসেবে ছাত্রদের ভুল শেখাচ্ছেন না। স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই ভারতবর্ষে 'ভারতীয় মহাগাণনিক এবং হিসাব পরীক্ষক সংস্থা' নামে যে একটা সর্বোচ্চ সংস্থা আছে, সেই সংস্থা ৩১শে মার্চ, ২০০১ সালে যে আর্থিক বছরটি শেষ হয়েছে সে সম্বন্ধে কি বলেছে ? মূল প্রশ্নটা এখানে একটা লাইনে তোলা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী বাজেট প্রস্তুত করার ক্ষেত্রে ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল রুলস অ্যান্ড বাজেট ম্যানুয়ালের প্রভিশান থেকে বিচ্যুত হয়েছেন। ওই প্রভিশন অনুযায়ী যে কোনো ডিপার্টমেন্টের এস্টিমেটেড বাজেট তৈরি করতে হবে সেই বিভাগের সমস্ত অধীনস্থ সহকর্মীদের নিয়ে এবং তাদের দেয়া বাজেট প্রস্তাবের ভিত্তিতে। কিন্তু স্যার, আমরা দেখছি যে, গ্রান্ট নং ৫, গ্রান্ট নং ৩৯ এবং গ্রান্ট নং ৪০, এই তিনটি ক্ষেত্রে অনিয়ম হয়েছে।

মাননীয় অর্থমন্ত্রী, আপনি যে 'শ্বেতপত্র' প্রকাশ করেছেন ওটাকে লোকে পিছন থেকে বলে,—শ্বেতপত্র নয়, শ্বেত মিথ্যাচার। আমরা বলি আপনি একটা স্টাডি রিপোর্ট করে—কি করে আরো একটু টাকা পাওয়া যায়—তার সঙ্গে দু-চারটে কথায় একটা করোয়ার্ডিং নোট সংযুক্ত করে দিয়েছেন। তথাপি আমি যে বিচ্যুতির কথা উল্লেখ করলাম, সেই বিচ্যুতিগুলি আপনার চোখে পড়া উচিত ছিল এবং এখানে বিচ্যুতিগুলি উল্লেখ করা উচিত ছিল।

মাননীয় অর্থমন্ত্রী, আপনারই ডিপার্টমেন্টের আন্ডারে আপনার অনেক সাধের 'ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন'। মাননীয় অর্থমন্ত্রী, আপনি কি দয়া করে এই হাউসকে জানাবেন ওটা কিসের ভিত্তিতে চলছে ? কোন স্ট্যান্ডিং অ্যাকাউন্টিং প্রসিডিয়োর্সের মধ্যে দিয়ে চলছে ? ওটা অ্যাকুরাল কনসেপ্ট বা গোয়িং কনসার্ন কনসেপ্টে চলছে না। ক্যাশ বেসিসে চলছে। এতটা অনিয়মের মধ্যে আবার প্রফিট অ্যান্ড নেট ওয়ার্ক-এর ওপর কর্পোরেশনের যা ডিউ তাতে নন্-কম্পলিয়েন্স অব স্ট্যান্ডার্ড-এর জন্য ক্ষতি হচ্ছে। অথচ এটা মাননীয় অর্থমন্ত্রী, আপনার নিজের অধীনে। এটা আপনার দেখা উচিত। আপনার দপ্তরের অফিসাররা এটা দেখছেন না। ১৯৯১-৯২ সাল থেকে ১৯৯৪-৯৫ সাল পর্যন্ত ৩ কোটি ৪৫ লক্ষ ৫১ হাজার টাকার মতো ইন্টারেস্ট বার্ডেন অন স্টেট গভর্নমেন্ট ছেড়ে দিল। এবং তা সরাসরি নিয়ে আসা হল পরের বছরে। কোন অ্যাকাউন্টিং প্রসিডিয়র্সে প্রায়র পিরিয়ডের আইটেমকে নিয়ে আসলেন, এটা আমার মাথায় আসছে না। এই রকম আর্থিক

অনিয়ম, আর্থিক বিশৃঙ্খলা আপনি যদি বন্ধ করতে না পারেন তাহলে আপনি কি করে রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করবেন আমি জানি না। স্টেট প্রফিট অ্যান্ড অ্যাকাউন্টস লেখা হয়েছে, এমন কি স্ট্যাটিউটরি অডিটর লিখলেন, WBFCI has overstated the profit by including the prior period item of Rs. 345 lacs as one current income when WBFCI has incurred a loss of Rs. 330 lacs and reported profit of Rs. 22.69 lacs for the year ended on 31st March, 2002. The auditors have qualified the audit report and stated that profit has been overstated by 345 lacs.

মাননীয় অর্থমন্ত্রী, আমি আপনার নজরে দু-একটা ঘটনা আনলাম। এ রকম আরো অনেকগুলি ক্ষেত্র আছে। সরকার পক্ষের লোকেরা বিশ্ব অর্থনীতি, ইরাকের যুদ্ধ নিয়ে এতই ব্যস্ত যে এসব তাঁদের নজরে পড়ছে না। আপনি একটা ধুতি পরেছেন, সেটায় শত ছিদ্র। আমরা যদি সেই ছিদ্রগুলি দেখাবার চেষ্টা করি তাহলেই আপনি বলবেন,—আপনারা শুধু ফুটো দেখছেন।

মাননীয় অর্থমন্ত্রী, আপনারা নতুন কৃষিনীতি ঘোষণা করছেন। কিন্তু সেখানে আপনারা বলেননি মাল্টিন্যাশনালরা আসছে, কি আসছে না। সে বিষয়ে আপনারা একটা কথাও বলেননি।

আপনার এই বাজেট বক্তব্য থেকে আমরা কয়েকটা ভাল বাংলা শব্দ শিখলাম। আপনি এতে কখনো লিখেছেন 'অনুমিত', কখনো লিখেছেন 'দায়বদ্ধভাবে' ইত্যাদি। কিন্তু তাতে কি রাজ্যের কোনো লাভ হচ্ছে ?

[5.00–5.10 p.m.]

কিন্তু তাতে রাজ্যের কি কোনো লাভ হচ্ছে ? তারপর আপনি ঘাটতির কথা বলেছেন। নিজের বাজেট দেখলেই বুঝতে পারবেন আজকে ২৬ তারিখ অর্থাৎ ৩১ তারিখের মধ্যে কেন্দ্রীয় সরকারের ৮৭৭ কোটি টাকা আপনার পাবার কথা এবং এটা পাবেন ধরে নিয়েই আপনি আপনার বাজেট পেশ করেছেন। এখন যদি না পান তাহলে ঘাটতির পরিমাণ মাথায় রেখে ২০৩-২০০৪ সালে তার পরিমাণ দাঁড়াবে ১ হাজার ৬৭১ কোটি টাকা। তারপর আপনি সেল্‌স ট্যাক্সের কথা বলেছেন। আপনার বাজেট অ্যাট এ গ্লান্স দেখলাম। তাতে দেখলাম, আপনি বিক্রয়কর বা সেল্‌স ট্যাক্স ২৬৭ কোটি টাকা অতিরিক্ত নিয়ে এসেছেন। দেশটা কোথায় যাবে ? আপনারা কাকে বোঝাবার চেষ্টা করছেন ? যেহেতু এখানে হই-হট্টগোল হচ্ছে আর আপনাদের সংখ্যাগরিষ্ঠতা আছে তাই অন্ধকার দেখেও বলছেন আলো। আরো অন্ধকারের মধ্যে ঠেলে নিয়ে যাচ্ছেন এই রাজ্যকে। আপনার সাধ এবং সাধ্য—এই দুটোর মধ্যে কোনো সম্পর্ক নেই। আপনি বলেছেন, ১ হাজার কোটি টাকা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে নেবেন কৃষির জন্য, তারপর সমবায় ব্যাঙ্ক থেকে ৭০০ কোটি টাকা পাবেন। কোন্ এক্সপেরিয়েন্সে ? আপনার পারফরমেন্স রিপোর্ট কি ? একটি ছেলে ক্লাস সিক্সে পড়ে। সেই

ছেলেটি কোন রকমে অঙ্কে পাশ করে। তাকে মাধ্যমিকের অঙ্ক দিয়ে বললেন তোমাকে লেটার পাইয়ে দেব। এটাই হচ্ছে আপনার দোষ। আপনি ২৫০ কোটি টাকা পেয়েছিলেন ২০০০-২০০১ সালে, ৩৫০ কোটি, ৫৪৯ কোটি টাকা আপনি সমবায় থেকে আদায় করলেন। এখন আপনি বলছেন, যদি না হয় তাহলে ৮০ হাজার কোটি টাকা আমানতে আছে তা তুলে নিতে পারব। আগে কোথায় ছিলেন ? গত বছর তারা দেয়নি, তার জন্য কি ব্যবস্থা নিয়েছেন ? এইভাবে দেখবেন না, বাঁধুনিটা ভালভাবে বাঁধার কথা বলবো। এরপর আপনি একটা নতুন স্লোগান তুলেছেন। অবশ্য এই স্লোগানটা অনেকদিন বন্ধ ছিল, আপনি আবার চালু করছেন, সেই পুরনো স্লোগান কেন্দ্রের ঘাড়ে দিয়ে দোষ কোন এ ব্যক্তি মহামান্য বোস পশ্চিমবাংলার রাজত্ব শাসন করেছেন। আপনিও তাই করছেন, কেন্দ্রের ঘাড়ে দিয়ে দোষ, করছেন বিকল্প রাস্তার খোঁজ। আমি আপনাকে জিজ্ঞাসা করছি, কেন্দ্রীয় করের বিভাজ্য অংশের পরিমাণ ৬৯৬ কোটি টাকা পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট করলেও তারা দিল না বা কম পাওয়া যাবে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছেন। কিন্তু আপনি নিজে ২০০২-২০০৩ সালে বাজেট বক্তৃতায় বলেছেন, ওই খাতে বাজেট প্রপোজাল ছিল ৫ হাজার কোটি ৪৬ লক্ষ টাকা। এমন কি রিভাইজড বাজেটেও বলেছেন ৫ হাজার কোটি ৪৬ লক্ষ টাকা। তাহলে ৯৬৯ কোটি টাকা যদি প্রাপ্য হয় তাহলে আপনি আপনার নিজের বাজেটে প্রভিশন বা রিভাইজড বাজেট আনলেন না কেন ২০০২-২০০৩ সালে ? ইউনিয়ন বাজেটে যদি ধরা হয় তাহলে ২০০২-২০০৩ সালে নিজের বাজেটে ধরা ছিল। লক্ষণীয়, এই বছরে ধরেছেন ২০০৩-২০০৪ সালে ৫ হাজার ১৭৭ কোটি টাকা। তাহলে অর্থমন্ত্রী কি বলতে চান, ৫ হাজার ৯৬০ কোটি টাকা মনগড়া, এর কোনো তথ্য নেই, এর কোনো বেস নেই ? তাহলে বিকল্প অর্থনীতির রাস্তা ঘুরে কোন্ অর্থনীতিতে পৌঁছালাম তা যদি বলতে পারেন তাহলে উপকৃত হব। আপনার দোষ কোথায় বা ত্রুটি কোথায় সেটা ধরার কাজ আমাদের নয়। কিন্তু আপনি যেকথা বলেছেন তার বাস্তবতা নেই, অঙ্ক মেলাতে পারেননি, আপনার করুণ দশা, আজকে রাজ্যের অর্থনৈতিক অবস্থা খুবই খারাপ। অর্থনৈতিক একটা জরুরি অবস্থার মতো করে যদি চালাতেন তাহলে ভাল হতো। কিন্তু আমরা যদি জরুরি অবস্থা চালু করার দাবি করি তাহলেই সব আপনারা হইহই করে উঠবেন। কিন্তু রাজ্যে যে অর্থনৈতিক অবস্থা তাতে ইকোনমিক এমার্জেন্সি ইজ মাস্ট। তা নাহলে আপনি কাজ করতে পারবেন না। আপনি দেশকে নিয়ে যাচ্ছেন কোথায় ? নতুন প্রজন্মের জন্য হাজার হাজার কোটি টাকা ঋণ রেখে দিয়ে বলছেন তোমরা নতুন ভবিষ্যত গড় আর আমাদের ভোট দাও। বছরের পর বছর যদি আপনি এইভাবে ভোটের দিকে তাকিয়ে বাজেট করেন তাহলে একদিন আপনাকে অত্যন্ত কঠিন পরিস্থিতির মধ্যে পড়তে হবে এবং সেদিন আপনাকে অত্যন্ত কঠিন সিদ্ধান্ত নিতে হবে। স্যার, উনি ৫ম বেতন কমিশনের কথা বলেছেন। আমার ক্ষুদ্র বুদ্ধিতে এবং চাকরির অভিজ্ঞতাতে আমি বলি, যখন পাবলিক সেক্টার ছিল সেই পাবলিক সেক্টারকে বলা হত ইন্টারন্যাল ফান্ড জেনারেট করো এবং তা করে তোমরা ওয়েজ সেটেলমেন্ট বা স্যালারি ইনক্রিস করতে পারো। ৫ম বেতন কমিশনের ব্যাপারে আপনাকে বলি, আপনি তো নিজে সদস্য ছিলেন এবং দিল্লিও গিয়েছিলেন এবং যখন ২০ পারসেন্ট ইনক্রিস হয়েছিল এবং একটা টাইমে তারা যখন বুঝেছিল যে ৫ম বেতন কমিশন-এ কিছু অ্যানোমালিস আছে, তারা ডি.এ. ফ্রিজ করতে

চেয়েছিল তখন এই রাজ্যের মন্ত্রী হিসাবে আপনিই তার প্রতিবাদ করে বলেছিলেন যে ফ্রিজ করা চলবে না অথচ আজকে দু বছর ৬ মাস হতে চললো কোন অনুমতি ছাড়াই আপনি এখানে ডি.এ. ফ্রিজ করে রাখলেন আর মুখে বলছেন যে আমরা ফ্রিজের বিরুদ্ধে। ৯৭/৯৮ সালে যখন এটা শুরু হল, তার আগে আপনার লাগত ৬ হাজার ১৭৭ কোটি টাকা, সেটা তখন বেড়ে হল ১২ হাজার ২৩৯ কোটি টাকা। তখন আপনি কি বুঝতে পারেননি যে এই দায় নিয়ে আপনাকে চলতে হবে, এই বোঝা নিয়ে আপনাকে চলতে হবে ? আপনার কমরেডদের পোষার জন্য যেটা করলেন তখন একটু ভাবলেন না যে এতে কত ক্ষতি হতে পারে ? কিন্তু সেটা আপনি ভাবলেন না। ওদের ভোটের কাজে লাগাও, বিরোধীদের গলা চেপে ধরো, দলের মধ্যে যারা ছোট দল তাদের গলা চেপে ধরো—এরজন্য আপনি বাড়ালেন। '৯৮-'৯৯ সালে আপনি একটি কথাও বলেননি যে আপনি আর্থিক সংকটে ভুগছেন অথচ আপনি বাড়িয়ে দিলেন। তার আগে থেকেই তো আপনার সংকট শুরু হয়ে গিয়েছিল, তাহলে সেটা আপনি বলেননি কেন ? যখন ঘরে আগুন লেগেছে, তখন বলছেন তাতে আরও একটু ঘি দাও। আগুন লাগার আগে ভাবতে হয় যে আগুন লাগলে কি কি ব্যবস্থা নেব, কি করে নেভাবো কিন্তু আপনি তা করেননি। ৫ম বেতন কমিশনে বেতন বাড়ালেন কিন্তু এখন বলছেন যে আর ডি.এ. দেব না অথচ রাজ্যের মন্ত্রীদের ৫০ পারসেন্ট টাকা বাড়িয়ে দিলেন। আপনি প্রায়ই বলেন যে কেন্দ্রীয় সরকার দেয় না, দিচ্ছে না। বলেন, কেন্দ্রীয় সরকার দিচ্ছে না তাই আমরা কিছু করতে পারছি না। কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে দিয়ে আপনি বাঁচার চেষ্টা করে যাচ্ছেন। কিন্তু আমার কাছে যে সমস্ত পেপারস আছে তাতে অন্য কথা বলছে। কেন্দ্রের কাছ থেকে যে প্রাপ্য আপনি পেয়েছেন বছরের পর বছর states share of Union taxes and duties. '৯৬-৯৭ সালে ছিল ২ হাজার ৪২০ কোটি টাকা, ২০০০-২০০১ সালে ৪ হাজার ১৫২ কোটি টাকা এবং এ বছর যা প্রোপোজড আছে ২০০২-২০০৩-এ ৫ হাজার ১৭৭ কোটি টাকা। তাহলে টাকার হিসাবে দেখতে গেলে দেখছি অঙ্কগুলি সবই বৃদ্ধি পাচ্ছে, কমছে না। এ ব্যাপারে আশা করি মন্ত্রিমহাশয় একটু আলোকপাত করবেন। আরও একটা ব্যাপার, কেন্দ্রীয় সরকার প্রায় ১৮ হাজার কোটি টাকা আপনার এখান থেকে ইনকাম ট্যাক্স কাস্টমস্, একসাইজ ইত্যাদিতে তুলে নিয়ে যাচ্ছেন আর এখানে বিক্রয়কর আপনি ঠিকমতন তুলতে পারছেন না। আপনি যদি এফিসিয়েন্সি না দেখাতে পারেন তাহলে কি রাজ্যের মানুষ আপনাকে দায়ী করবেন না।

(সময় শেষ হওয়ায় এই সময় লালবাতি জ্বলে ওঠে।)

সময়ের অভাব, সব কথা বলা যাবে না, শেষে তথ্য প্রযুক্তির কথা একটু বলছি। আপনি বলেছেন যে ৭ হাজার মার্কিন ডলারের ব্যবসার মধ্যে আপনি ১৫ থেকে ২০ পারসেন্ট করবেন ২ হাজার ১০ সালের মধ্যে। ডিপার্টমেন্ট অব ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিক্স বলছে ২ হাজার ৮। আমি টাকাতে বলছি, ডলারে বলছি না কারণ যুদ্ধ লেগেছে, ডলারে বললে রেগে যাবেন, ৮১ হাজার কোটি টাকার বিজনেস। তারমধ্যে ৫২ হাজার কোটি টাকার আই.টি.-র বিজনেস।

মিঃ ডেপুটি স্পিকার : আপনার সময় শেষ হয়ে গেছে, বসুন।

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার, আমাকে একটু বলতে দিন।

[5.10–5.20 p.m.]

৫২,০০০ কোটি টাকার বিজনেসকে ১২০০ কোটি টাকা যদি ধরে নিই, সেই অংশ কত ? তাই বলছি, ওই দিক থেকে কুঠারাঘাত, আর আমাদের দিকে কুঠারাঘাত। আমার বক্তৃতা শেষ করার আগে ডঃ ডেনিস ওয়েটলে'র একটা কোটেশান পড়ে শোনাই—

Dr. Dennis Waitley.... "The winners in life think constantly in terms of I can, I will and I am. Losers, on the other hand, concentrate their waking thoughts on what they should have or would have done, or what they can't do."... স্যার, এই কথাটা মনে করে শেষের লাইন দিয়ে শুরু না করে প্রথম লাইন থেকে আপনি যদি রাজ্যের অর্থনীতির হাল ধরেন, আমরা বুঝতে চাই।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অর্থমন্ত্রী গত ২০শে মার্চ যে বাজেট আমাদের এই সভায় পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এই বাজেট সম্পর্কে আমার প্রতিক্রিয়া জানাচ্ছি। প্রথমত, অর্থমন্ত্রী মহাশয় তিনি তাঁর চিরাচরিত যে প্রথা সেটা বর্জন করে এবারে ৭৯৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। আমরা বরাবর যেভাবে বাজেট দেখেছি, এবারেও কারচুপিপূর্ণ পরিসংখ্যান এবং মিথ্যাচারে ভর্তি। প্রথমত যে ঘাটতি শূন্য বাজেট এখানে তিনি পেশ করেছেন, এই ঘাটতি শূন্য রাজ্য বাজেট পেশ করতে গিয়ে প্রথমে তিনি বলেছেন রাজ্যের উৎপাদন বৃদ্ধির হার ৭.৬ শতাংশ। আর সর্বভারতীয় গড় ৪.৪ শতাংশ থেকে এটা অনেক বেশি। এটা কত বড় একটা ধাপ্পা। উৎপাদন বৃদ্ধি রাজস্ব বৃদ্ধি করে। উৎপাদনের হার যদি বাড়ে তাহলে রাজস্ব বৃদ্ধির হার বাড়বে। কিন্তু দেখা যাচ্ছে রাজস্বখাতে আয় ক্রমশ কমে যাচ্ছে। উৎপাদন বৃদ্ধি হলে উৎপাদন থেকে আয় হবে। রাজ্যে উৎপাদন কমে যাচ্ছে। আপনি রাজস্ব খাতে ধরেছিলেন ১৬৫৫ কোটি টাকা তা থেকে কমে গেল। তাহলে এই যে বৃদ্ধির কথা বলছেন, এটা কি সঠিক ? মূলধনী খাতে বৃদ্ধি মানে ব্যয়। অর্থাৎ মূলধনী খাতে যে ব্যয় করেছেন। গত বছরের বাজেটে ১৮৮৫ কোটি টাকা আপনি বরাদ্দ করেছিলেন। সেটা কাটছাট করে দাঁড়ায় ১২০৩ কোটি টাকা। এই বছরে আরও কমিয়ে করলেন ১০৩৪ কোটি টাকা। এবারে বলছেন মূলধনী খাতে ৭.৬ থেকে ৮ শতাংশ হয়ে যাবে। কোথা থেকে হয়ে যাবে—যেটা কেন্দ্রীয় সরকার করেছেন সেটা হবে ? তাহলে আপনাদের বিকল্প অর্থনীতিটা কোথায় ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন, গত বছরে বলেছেন ঘাটতি ছিল ৮ কোটি টাকা। তারপর 'ক্যাগ'-এর রিপোর্ট পাওয়া গেলে দেখা গেল ৭ কোটি টাকা। ১৩১৫ কোটি টাকা ওভারড্রাফ্ট নিতে হয়েছিল। সেই ওভারড্রাফ্ট, বর্তমান বছরে—পাঁচ পাতায় আছে—১৩১৫ কোটি টাকা অতিরিক্ত অর্থের জোগান নিয়ে তাঁর বছর শুরু হল। ৭ কোটি টাকা ঘাটতি হলে ১৩১৫ + ৭ কোটি, ১৩২২ কোটি টাকা ঘাটতি ছিল।

সব বললেন কিন্তু আসল কথাটা বললেন না, মিথ্যা কথা বললেন। সত্য-মিথ্যা মিলিয়ে একজন বড় মানুষের পক্ষে বলা উচিত নয়। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় বলেছিলেন মিথ্যা বলা ভাল, কিন্তু সত্য-মিথ্যা মিশিয়ে বলার চেষ্টা করা ভয়ঙ্কর অপরাধ। আপনি এখানে সত্য-মিথ্যা মিশিয়ে প্রকৃত বিষয় চেপে দেবার চেষ্টা করেছেন। পরিকল্পিত ব্যয়ের হিসাব যা দেখিয়েছেন তাতে গত বছরে ছিল ৩ হাজার ৭৯৪ কোটি টাকা। এই আর্থিক টানাটানির মধ্যেও ১০০ কোটি টাকা বাড়িয়েছেন—৩ হাজার ৮৯৪ কোটি টাকা করেছেন। আসল তথ্যটা চেপে গেলেন। গত বছরে বাজেট এস্টিমেটে পরিকল্পনা খাতে ধরা ছিল ৬ হাজার ৭৯৭ কোটি টাকা। ওই ৬ হাজার ৭৯৭ কোটি টাকার থেকে ৩ হাজার ৮৯৪ কোটি টাকা বাদ দিলে গত বছরের তুলনায় ২ হাজার ৯০০ কোটি টাকা পরিকল্পনা খাতে ব্যয় কমিয়েছেন। ফলে এইভাবে কারচুপিপূর্ণ তথ্য পরিবেশন করে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। আপনি পরিকল্পিতভাবে বিদ্যুতের ক্ষেত্রে, শিক্ষা ক্ষেত্রে, স্বাস্থ্য ক্ষেত্রে পরিকল্পনা ব্যয় ছাঁটাই করেছেন। গত বছরে যেখানে বিদ্যুতের ক্ষেত্রে ১২৯১ কোটি ৯০ লক্ষ বরাদ্দ ছিল সেটা এবার কমিয়ে ১২৪৬ কোটিতে দাঁড়িয়েছে। শিক্ষা ক্ষেত্রে ২৫৭ কোটি টাকা ছিল, সেটা ছাঁটাই করে দিয়ে মাত্র ৯৩ কোটি টাকাতে দাঁড় করিয়েছেন। তারপরে সড়ক যোজনা গত বছরে ছিল ৯৩৩ কোটি টাকা, সেটা ছাঁটাই করে ৫৭৫ কোটি মতো করলেন। স্বাস্থ্য খাতে যেখানে ছিল ৩১৯ কোটি টাকা, সেখানে একটু ছাঁটাই করে এইবার ২১৮ কোটি টাকাতে নিয়ে এলেন। ফলে আপনারা উন্নয়ন বা অগ্রগতির ক্ষেত্রে একেবারে সমস্ত ব্যাপারটাই বেসরকারিকরণের দিকে ঠেলে দিলেন। শিক্ষা ক্ষেত্রে দেখা যাচ্ছে আপনি তো বাজেটে বলেই দিয়েছেন যে, মাধ্যমিক স্তর থেকে উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত বেসরকারিকরণের দিকে এগিয়ে যাবে তারই চেষ্টা করছেন। সুতরাং শিক্ষার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক শিক্ষার পরিবর্তে পঞ্চায়েত পরিচালিত শিক্ষার ব্যবস্থা করছেন। ফলে শিশু শিক্ষাকেন্দ্র, প্রাথমিক শিক্ষাকেন্দ্র, মাধ্যমিক শিক্ষাকেন্দ্র সর্বত্রই আপনার ইনফ্রাস্ট্রাকচার বলতে আর কিছুই থাকছে না। এতো নিম্ন গুণমানের শিক্ষা এবং সস্তার শিক্ষা ব্যবস্থা চালু করছেন যে, গোটা শিক্ষা ব্যবস্থায় সর্বনাশ ডেকে আনছেন। তারপরে আপনারা কৃষির ক্ষেত্রে বলছেন যে, চাল উৎপাদনে এই রাজ্য প্রথম স্থান অধিকার করেছে। এই রাজ্যে চালের বরাদ্দ ছিল ১৫৭ লক্ষ টন, সেখানে উৎপাদন হয়েছে ১৬৫ লক্ষ টন। এই প্রয়োজনটা কিসের ভিত্তিতে—এই এফেকটিভ ডিমান্ডটা কিসের ভিত্তিতে ? এফেকটিভ ডিমান্ড বলতে অর্থাৎ পশ্চিমবঙ্গের সমস্ত জনগণ তার প্রয়োজনের ভিত্তিতে নাকি এফেকটিভ ডিমান্ড—ক্রয়ক্ষমতা বাবদ তার প্রয়োজন ভিত্তিতে। অর্থাৎ যেখানে ৩৬ পারসেন্ট মানুষ দারিদ্র্যসীমার নীচে, দুবেলা অন্ন সংস্থান করার পয়সা নেই—তাদের প্রয়োজন কি এর সঙ্গে যুক্ত ? ফলে এইগুলো মৌলিক প্রশ্ন এর মধ্যে এসে যায়। আপনি আপনার বাজেটে যারা গরীব চাষী, যারা ধান ওঠাচ্ছে, পাট ওঠাচ্ছে, আলু, ফসল ওঠাচ্ছে—তারা তাদের ন্যায্য দাম পাচ্ছে না, তাদের জন্য কোনো ব্যবস্থাও করতে পারেননি। কর্মসংস্থানের ক্ষেত্রে কেন্দ্রের বাজপেয়ী সরকার যেমন বলছেন যে, প্রতি বছর ১ কোটি লোকের কর্মসংস্থান হবে—এই যে শ্রুতি নন্দন এর সঙ্গে বাস্তবের কোনো মিল নেই। আপনিও ঠিক সেইভাবে শোনাচ্ছেন যে, ৭ লক্ষ কর্মসংস্থান হবে। অথচ আপনার বাজেট ভাষণে লেখা আছে ১৯৯১ সাল থেকে ২০০২ সালের মধ্যে

বৃহৎ এবং মাঝারি শিল্পে ৬৫৮টি শিল্পে প্রকল্প বাস্তবে ১২,১০১ কোটি টাকা বিনিয়োগ করে উৎপাদন শুরু করেছে প্রায় ৮৯ হাজার। সরাসরি কর্মসংস্থান সৃষ্টি করি। বছরে ৮,৯০০ জনের যেখানে কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন, সেখানে আপনি ৭ লক্ষ লোকের চাকরি করে দেবেন বলছেন—এটা কি আলাদীনের আশ্চর্য প্রদীপের মতো কথাটা শোনাচ্ছে নাকি ?

[5.20–5.30 p.m.]

গত দশ বছরে যেভাবে শ্রমিক ছাঁটাই হয়েছে, হাজার হাজার কারখানা বন্ধ হয়ে গেছে, যারা ভি.আর.এস নিয়েছে তাদের কথা আপনি উল্লেখ করলেন না। আপনি আর্থিক সঙ্কটের অজুহাত দেখিয়ে মানুষের উপরে করের বোঝা চাপাচ্ছেন। এই সরকার বিকল্প নীতির কথা বলছে, অথচ আমরা দেখতে পাচ্ছি, জমির খাজনা, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশান ফি, পেট্রোল-ডিজেলের উপরে সেস, কোর্ট ফি, জলকর, হাসপাতালের চার্জ, এডুকেশান ফি বাড়িয়ে কয়েকশো কোটি টাকা তোলার চেষ্টা করবেন। প্রবেশ কর—যেটা আপনি তুলে নিয়েছিলেন, তার থেকে পাঁচশ কোটি টাকা আপনি আদায় করবেন বলেছেন। আপনি বলেছেন এর ফলে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়বে না, ব্যবসায়ীদের যে মুনাফা হবে তার থেকেই তারা ৫০০ কোটি টাকা দিয়ে দেবে। ব্যবসায়ীদের সম্পর্কে আপনার এই ধারণা কি করে হল জানি না। পশ্চিমবাংলার মানুষের বুদ্ধি-চেতনার মান এত নীচে নেমে যায়নি, যে আপনারা তার দ্বারা বিভ্রান্ত হবেন। আপনি ঢালাও মদের লাইসেন্স দিয়ে ১০০ কোটি টাকা সেখান থেকে তুলবেন বলেছেন। আজকে খুবই দুঃখ লাগে, এই পশ্চিমবাংলাতেই একদিন স্বদেশী আন্দোলনের যুগে সি.আর. দাসের নেতৃত্বে মাদক বর্জন আন্দোলন হয়েছিল। সেই ঐতিহ্য পশ্চিমবাংলার মানুষ এখনও বহন করে। আর এদিকে আপনারা মদের দোকানের লাইসেন্স দিয়ে ফান্ড বাড়ানোর চেষ্টা করছেন। দ্বিতীয় ব্যাপার হচ্ছে, কৃষির ক্ষেত্রে যেভাবে সেস বেড়েছে তা মারাত্মক ব্যাপার। বাইশ বছরের বকেয়া সেস আদায় করা হবে। আজকে চাষীদের উপরে মারাত্মকভাবে আক্রমণ নেমে আসছে। বলা হচ্ছে জমির বাণিজ্যিক ব্যবহার হলে, অর্থাৎ বাঁশবাগান, পুকুর, সবেদা বাগান ইত্যাদি যেখানে আছে—যেখানে একর প্রতি খাজনা ২০ টাকা, সেখানে বাণিজ্যিক ব্যবহার হলে ৪০০ টাকা হয়ে যাবে। আজকে আর.আই অফিস, বি.এল.আর.ও অফিসগুলোকে বলে দেওয়া হয়েছে তোমাদের ৬০০ কোটি টাকা আদায় করতে হবে। এখন পঞ্চায়েত ভোটের আগে বলা হচ্ছে বকেয়া সেস আদায় করার ব্যাপারে জবরদস্তি করবে না। সেটেলমেন্ট অফিসে জমির মিউটেশান করতে গেলে বকেয়া খাজনা তাদের কাছ থেকে আদায় করা হচ্ছে। কারণ সেখানে জমাবন্দী কোনো খাতা নেই। আজকে ওই অফিসগুলোতে ঘুষের রাজত্ব চলছে। একজন গ্রামের মানুষকে বলা হল তোমার ২২ বছরের দশ হাজার টাকা পাওনা। সে যখন বলল, আমি এত টাকা পাবো কোথায়, তখন বলা হল, ঠিক আছে চার হাজার টাকায় হয়ে যাবে। তার মধ্যে এক হাজার টাকা সরকারের ঘরে জমা পড়ল, আর বাকি তিন হাজার টাকা পকেটে চলে গেল ঘুষ হিসাবে। আজকে যদৃচ্ছভাবে সাধারণ মানুষের উপরে কৃষকদের উপরে এই জিনিস চলছে। ওই কেন্দ্রীয় সরকারের পদাঙ্ক অনুসরণ করে, বিশ্বায়নের নীতি অনুসরণ করে আপনারা

নিজেরাও এই মূলধনী ব্যয় কমিয়ে দিচ্ছেন এবং সমস্ত বেসরকারিকরণের দিকে নিয়ে গিয়ে জনগণকে অবাধ লুণ্ঠনের দিকে ঠেলে দিচ্ছেন। আর.এস.পি.-র নির্মলবাবু যথার্থই বললেন— ৩১ টা বাগান বন্ধ হয়ে গেল, ৫০ হাজার শ্রমিক অভুক্ত থাকছে। ত্রিপাক্ষিক চুক্তি ভায়োলেট করে, প্ল্যান্টেশন অ্যাক্ট ভায়োলেট করে, শ্রমিকদের পাওনা টাকা আত্মসাৎ করে শ্রমিকদের উপর একতরফা আক্রমণ চালিয়ে যাচ্ছে মালিকরা, সরকার সেখানে নীরব। কেন্দ্রীয় সরকার প্রশ্রয় দিচ্ছে, আবার রাজ্য সরকারের হাতে যতটুকু ক্ষমতা আছে, তারাও কার্যকর পদক্ষেপ নিচ্ছে না। চাঁদমনি চা বাগানে উপনগরী করার নামে কত শ্রমিককে কর্মচ্যুত করা হল, তাদের কর্মসংস্থানের কোনো ব্যবস্থা নেই। কেন্দ্রীয় সরকার বিলগ্নীকরণ, বেসরকারিকরণের নীতি নিয়ে শ্রমিক, কর্মচারীদের উপর আঘাত হানছে, আমরা দেখছি রাজ্য সরকারের বাজেটও তার অনুগামী হয়ে রাজ্যের মানুষের উপর চরম দুর্দশা নামিয়ে আনছে, তাই এই বাজেটের তীব্র প্রতিবাদ করছি।

শ্রী নৃপেন্দ্রনাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কিছু কথা বলছি। স্যার, কেন্দ্রীয় সরকার বিশ্বায়ন, উদারীকরণ নীতি চালু করেছে, যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটি অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গ তার বাইরে কিছু করতে পারে না। তবুও আমাদের অর্থমন্ত্রী পশ্চিমবাংলার জনগণের কথা চিন্তা করে ৭৯৩ কোটি টাকা ঘাটতি মেনে নিয়ে, বেশি কর না চাপিয়ে একটা বাজেট পেশ করেছেন, যেটা জনকল্যাণমুখী বাজেট বলব। কেন্দ্রীয় সরকার এই রাজ্যের লাভজনক রাষ্ট্রায়ত্ত শিল্পগুলোর কথা চিন্তা না করে, একের পর এক সেইগুলো বন্ধ করে দিচ্ছে, শ্রমিক ছাঁটাই হচ্ছে, রাজ্যের বিরোধীদলের সদস্যরা তার বিরুদ্ধে একটা কথাও উচ্চারণ করেনি। যে সরকার ২৫/২৬ বছর ধরে একটার পর একটা নির্বাচনে জয়লাভ করে পশ্চিমবঙ্গের জনসাধারণের উন্নতিসাধন করছে, তার বিরোধিতা করার জন্যই বারবার বিধানসভায় ওরা বক্তব্য রাখে। এই সরকার পশ্চিমবঙ্গের গ্রামীণ শিক্ষিত যুবক যুবতীদের জন্য ব্যাঙ্কের মাধ্যমে কিছু ক্ষুদ্র শিল্প, স্বনির্ভর শিল্প খোলার চেষ্টা করছে। ২০০১ সালে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কুচবিহারের চকসসায় বেকার যুবকদের লোন দিয়ে যে শিল্প স্থাপনের জন্য শিলান্যাস করেছিলেন, ২০০৩ সালের মার্চ মাসে সেই শিল্প চালু হয়েছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী সেটা উদ্বোধন করেছেন। এত সঙ্কটের মধ্যে থেকেও পশ্চিমবঙ্গ সরকার তার সীমিত ক্ষমতার মধ্যেও উন্নয়নের চেষ্টা করছে, শিল্পায়নের চেষ্টা করছে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, সর্বক্ষেত্রেই চতুর্দিক থেকে নানা বাধা সত্ত্বেও এগোনোর চেষ্টা করছে।

[5.30–5.40 p.m.]

আমাদের সরকার উন্নয়নের দিকে এগোচ্ছে। আপনারা যদি আগের পরিসংখ্যান দেখেন, তাহলে দেখবেন যে, বর্তমান বামফ্রন্ট সরকার অনেক এগিয়ে গেছেন। আমরা দেখেছি যে, নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের রাজ্য সরকারের পরিকল্পনা খাতে ২০ হাজার ৬৮৫ কোটি টাকা ব্যয় করার কথা ছিল। আমাদের সরকার সেই ২০ হাজার ৬৮৫

কোটি টাকাই ব্যয় করেছেন। আজকে নানাবিধ সংকট নানাবিধ অপপ্রচার ইত্যাদির মধ্য দিয়েও এই সরকার অগ্রগতি অব্যাহত রেখেছে। আগামীদিনে পঞ্চায়েত নির্বাচন আসছে। বিরোধীপক্ষের বন্ধুরা মহাজোট করে মানুষকে ভুল বোঝাবার চেষ্টা করছেন। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ তাদের শিক্ষা দেবে। বামফ্রন্ট সরকারের প্রতি মানুষের আস্থা আছে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে, উত্তরবাংলার উন্নয়নের জন্য। এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদে যে টাকা দেওয়া হয়, সেই টাকা সঠিকভাবে ব্যয় হয় না। কারণ উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের নিজস্ব কোনো পরিকাঠামো নেই। তাই যে টাকা ধার্য করা হয়, পরিকল্পনার অভাবে সেই টাকা খরচ হয় না। এবার উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদে যে অর্থ বরাদ্দ করা হয়েছে, আমি মনে করি যে, এটা ঠিকই আছে। আমাদের উত্তরবঙ্গের কৃষি শিল্প বলতে চা শিল্পকে বোঝায়। চায়ে যে ৩০ শতাংশ কর ছাড় দিয়েছেন। এটা উত্তরবঙ্গের মানুষ সাদরে গ্রহণ করেছেন। পরিশেষে বলতে চাই যে, কেন্দ্রীয় সরকার যেখানে শ্রমিক ছাঁটাই করছেন। কৃষকদের জন্য জীবনবীমা চালু করছেন না। সেখানে আর্থিক সংকটের মধ্যে থেকেও আমাদের বামফ্রন্ট সরকার গ্রাম গঞ্জের অসংগঠিত শ্রমিকদের জন্য ব্লক পঞ্চায়েত স্তরে পি এফ চালু করেছেন, যেটা শ্রমিকদের উপকারে আসে। পাশাপাশি শিক্ষাক্ষেত্রে আমরা লক্ষ্য করি যে, পশ্চিমবঙ্গ সরকার, গ্রামে গঞ্জে প্রচুর প্রাথমিক শিক্ষা কেন্দ্র চালু করেছেন। এর সাথে আগামী আর্থিক বছরে আরও ৫০০০টি শিশু শিক্ষা কেন্দ্র স্থাপনের প্রস্তাব রেখেছেন। এই কটি কথা বলে এই বাজেট ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত যে বাজেট পেশ করেছেন তার সবটাই বিরোধিতা করছি। কারণ ১৯৮৭ সালে প্রথমবার অর্থমন্ত্রী হয়ে আসার পর থেকে তিনি যে পথে হেঁটেছেন সেই পথ রাজ্যের উন্নয়নের পথ নয়। রাজ্যের প্রগতির পথ নয়। সস্তা রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করার জন্য ভোটের রাজনীতি করার জন্য রাজ্যের স্বার্থকে জলাঞ্জলি দেওয়ার জন্য সেদিন থেকে রাজ্যের বাজেট পেশ করে চলেছেন। উনি রাজ্যের অর্থমন্ত্রী হওয়ার পর রাজ্যের মানুষের কাছে একটা নতুন ম্যাজিক দেখালেন, যে ম্যাজিক হলো জিরো ডেফিসিট বাজেট। জিরো ডেফিসিট বাজেট দেখিয়ে তিনি সস্তায় বাজিমাত করার চেষ্টা করলেন এবং এই জিরো ডেফিসিট বাজেট কত অসার, কত শূন্য তার আজকের মানুষ বুঝতে পারছে। ওঁর একটা প্রবণতা আছে যা ভারতবর্ষের আর কোনো রাজ্যে অর্থমন্ত্রীর নেই। সস্তায় বাজিমাত করার জন্য উনি এই বাজেটে ছত্রে ছত্রে যে কথা বলার চেষ্টা করেছেন, ওঁর ঋণ নির্ভরতা, লোন করে বাজেট করেছেন, লোন করে রাজ্য চালাবার চেষ্টা করেছেন। যে ঋণ, লোনের জন্য আজকে আমরা একটা অসহায় অবস্থার মধ্যে এসে পড়েছি। ২০০১-২০০২ সালে ৮ কোটি টাকার ঘাটতি দেখালেন, ২০০২-২০০৩-এ ৪ কোটি টাকার ঘাটতি দেখালেন। আমাকে বলুন অসীমবাবু কি কারণের জন্য এই ঘাটতি হলো গত এক বছরের মধ্যে এই অর্থনৈতিক পরিবর্তন হয়ে গেল। একজনও সরকারি সদস্যকে বলতে শুনলাম না যে এই বৈপ্লবিক পরিবর্তন কেন এক বছরের মধ্যে ঘটে গেল পশ্চিমবঙ্গের অর্থনীতিতে। আজ

২০০৩-২০০৪-এ এসে আপনার ঘাটতি এসে দাঁড়াল ৭৯৩ কোটি টাকার। অর্থাৎ যে ম্যাজিক আপনি দেখানোর চেষ্টা করেছিলেন পশ্চিমবাংলার মানুষের কাছে কেন্দ্রীয় সরকার যে মুহূর্তে আপনার উপর কিছু নিয়ন্ত্রণ করার চেষ্টা করলেন, আপনাকে বলতে শুরু করলেন যে, যেটা খরচ করবেন তার প্রতিটা ক্ষেত্রে ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে হবে, এই চাপ যখন আপনার উপর এসে গেল তখন থেকেই মানুষকে ধোঁকা দেওয়ার পথ বন্ধ হয়ে গেল। তখনও আসল চেহারাটা বেরোল না। এখনও আরও সময় আছে। ৮৮ হাজার কোটি টাকার ঋণের বোঝা নিয়ে একটা রাজ্য চলছে। তবুও কি অহঙ্কারের সঙ্গে আপনি বাজেট পেশ করে চলেছেন, আর আপনার স্তাবক, চাটুকার সরকারি সদস্যরা এই বাজেটকে সমর্থন করছে। আপনার গতানুগতিক বাজেটের শুরুতে সেই একই কথা বলেছেন বিশ্বব্যাঙ্ক, অর্থভাণ্ডার, বিশ্ব বাণিজ্য সংস্থা, সেই গতানুগতিক কথা। আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাইছি সত্যিই যদি আপনি এই নীতির বিরোধিতা করতে চান তাহলে সরাসরি এই নীতির বিরুদ্ধে লড়াই করুন। এই নীতির মধ্যে থাকবেন, সেই ব্যবস্থাকে গ্রহণ করবেন আর সেই ব্যবস্থার বিরুদ্ধে কথা বলবেন, এটা হয় না। আপনাকে বাস্তব বোধ সম্পন্ন হতে হবে। আজকে দুনিয়া ইউনিপোলার ইকনমি, আজকের দুনিয়ায় এটাই বাস্তব, এর মধ্যে দাঁড়িয়ে সেটাকে কতটা কাজে লাগানো যায়, সেটা আপনাকে গ্রহণ করতে হবে।

[5.40–5.50 p.m.]

আপনার ছত্রে ছত্রে এর বিরোধিতা আছে, উদারনীতির বিরোধিতা আছে। কিন্তু প্রকৃতপক্ষে আপনি কি এই উদারনীতির বিরুদ্ধে ? আপনার কাজের মধ্যে তা প্রমাণিত হচ্ছে না। আপনি বিশ্বব্যাঙ্ক থেকে ঋণ নিচ্ছেন তাদের শর্ত মেনেই, এ.ডি.বি. থেকে ঋণ নিচ্ছেন। কেন্দ্রীয় সরকার যা করছেন আপনিও তাই করছেন। আপনার বিকল্প পথ কি ? কেন্দ্রীয় সরকার কারখানা বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন, আপনি কারখানা বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন, আপনি আই.পি.পি., বসুমতী, সুন্দরবন সুগার বীট বন্ধ করে দিয়েছেন। রাষ্ট্রায়ত্ত শিল্পের শেয়ার বিক্রী করে দিচ্ছেন। আপনার বিকল্প পথ কোনটা ? আপনি লড়াই করবেন কিভাবে ? আপনি কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করছেন, কিন্তু আপনি সত্যিই কি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ? আমি আপনাকে অনুরোধ করবো এই ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে বাস্তব বুদ্ধি সম্পন্ন হোন, যে কি করে রাজ্যের উন্নতি করা যায়। সেই চেষ্টা যদি আপনি শুরু থেকে করতেন এবং মানুষকে ভুল পথে পরিচালিত না করতেন, তাহলে আমার মনে হয় এই রাজ্যের উন্নতি ত্বরান্বিত হতো। আজকে পশ্চিমবাংলায় আমরা এতদিন শুনে আসছি ট্রেড ইউনিয়ন নেতারা এখানে আছেন আপনারা হায়ার অ্যান্ড ফায়ার সিস্টেমের বিরুদ্ধে। রাজদেও গোয়ালা আছেন, পশ্চিমবঙ্গে যে সমস্ত সরকারি হাসপাতাল আছে সেখানে কন্ট্রাকচুয়াল সার্ভিস হয়েছে, ১২ ঘন্টা পরিশ্রম করে ১২০০ টাকা মাহিনা দেওয়া হচ্ছে। এই কন্ট্রাকচুয়াল সার্ভিস এটা আপনারাই পশ্চিমবাংলায় শুরু করেছেন আপনাদের সরকারি অফিসে, সরকারি হাসপাতালে, সরকারি স্কুলগুলিতে। আপনারা সেই নীতির বিরোধিতা করছেন। এই যে হাঁসজারু একটা অবস্থা, এতে পশ্চিমবাংলার স্বার্থ রক্ষিত হচ্ছে না। যেটা করলে এই সমাজের স্বার্থ,

পশ্চিমবাংলার স্বার্থ রক্ষা হতো, অগ্রগতি হতো সেই রাস্তা না ধরে আপনি কেবল ভোটের রাজনীতি করবার জন্য এই বক্তব্য প্রতিবারে একবার করে বাজেট বইতে রাখবেন। আমি একটা জিনিস আপনার কাছে জানতে চাইছি সেটা হচ্ছে আপনি দেখিয়েছেন প্রতি বছরই আপনার রাজ্যের উন্নয়নের জন্য ৭ লক্ষ, ৮ লক্ষ নতুন কর্মসংস্থান হচ্ছে। আমি বুঝতে পারছি না অঙ্কটা। আমার বোঝা সম্ভবও না। আপনি বুঝিয়ে দিন। এই রাজ্যে আপনি যে বাজেট করেছেন সেই বাজেটে পরিকল্পনা খাতে যে ব্যয় সেটা কমছে, পরিকল্পনা খাতে ব্যয় মানে প্রোডাকটিভ ইনভেস্টমেন্ট যার মাধ্যমে রাজ্যে নতুন সম্পদ সৃষ্টি হবে, সেই পরিকল্পনা খাতে ব্যয় কমছে। আর কিসে কিসে সম্পদ সৃষ্টি হতে পারে ? কেন্দ্রীয় সরকার যে সমস্ত প্রকল্পগুলি গ্রহণ করেছেন সেই প্রকল্পগুলি যদি প্রকৃত ব্যবহার হয় তাহলে আমাদের রাজ্যে নতুন করে সম্পদ সৃষ্টি হতে পারে। আমরা দেখতে পাচ্ছি আপনার প্ল্যান বাজেট ক্রমাগত কমছে, উল্টোদিকে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত পরিকল্পনা রয়েছে দারিদ্র্যদূরীকরণ পরিকল্পনা রয়েছে সেই পরিকল্পনাগুলিতে আপনাদের টাকাটা ক্রমাগত কমে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার অনেকগুলি পরিকল্পনা করেছেন, যেমন জে.জি.আর.ওয়াই., ই.এ.এস., এস.জি.এস.ওয়াই., আই.এ.ওয়াই., এ.আর.ডব্লু.এস.পি., সি.আর.এস.পি., এন.এ.এস.পি. ইত্যাদি। আমরা দেখতে পাচ্ছি সেখানে প্রভার্টি এলিভিয়েশন প্রোগ্রাম করেছেন, সেখানে ২০০২-২০০৩ সালে প্ল্যান আউট-লে হচ্ছে ১১,১৭০ কোটি টাকা, গত বছরে ছিল ৯,৭৬৫ কোটি টাকা। অথচ কেন্দ্রীয় সরকার তার বাজেট বরাদ্দ বাড়িয়েছেন, প্ল্যান আউট-লে বাড়িয়েছেন। কারণ তারা গ্রামীণ অর্থনীতিকে আরও শক্তিশালী করার জন্যই বাড়িয়েছেন। কিন্তু দেখতে পাচ্ছি আপনি ক্রমাগত পরিকল্পনাখাতে প্রতি বছর ব্যয় কমিয়ে যাচ্ছেন। আপনি এখানে দাবি করেছেন খাদ্য উৎপাদন আমাদের রাজ্যে বেড়েছে এবং খাদ্যে আমাদের রাজ্য স্বয়ম্ভর হয়েছে। ধান চালের উৎপাদনের কথা বলেছেন এবং আরো বলেছেন পশ্চিমবাংলা সারা ভারতবর্ষের মধ্যে কৃষি উৎপাদনে প্রথম। আমি মন্ত্রীর দেওয়া বাজেট বক্তৃতা থেকে বলছি, চাল গম চিনি তৈলবীজ ভোজ্য তেল লবণ ডাল পেট্রোল-জাত সামগ্রী প্রভৃতি প্রায় সমস্ত ক্ষেত্রে অর্থাৎ সমস্ত রকম অত্যাবশ্যকীয় পণ্য সামগ্রীর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা ঘাটতি রাজ্য। কে বলছেন ? আপনার দলের মন্ত্রী কলিমুদ্দিন সামস মহাশয় গত বছরের বাজেট বক্তৃতায় বলছেন আপনি কি রকম স্বনির্ভর হয়েছেন ? একটু আগে সি.পি.এম.-এর একজন মাননীয় বিধায়ক বক্তব্য রাখছিলেন, তিনি বললেন আমরা ধান চাষে ভারতবর্ষে দ্বিতীয়। আবার একজন বিধায়ক বললেন আলু চাষীরা চরম দুরাবস্থার মধ্যে পড়েছেন। প্রিজার্ভেশনের ব্যবস্থা নেই, আলুর দাম পড়ে যাচ্ছে, ন্যায্য দাম পাচ্ছে না। অর্থাৎ আপনারা একদিকে দাবি করছেন উৎপাদন বেড়েছে কিন্তু মন্ত্রী বলছেন উৎপাদন কমে গেছে এবং অন্যদিকে আপনাদের সদস্যরা বলছেন আলু চাষীরা দাম পাচ্ছেন না বলে তারা চরম সংকটের সম্মুখীন হচ্ছেন। আপনারা আজকে চালের ক্ষেত্রে কৃতিত্ব দাবি করছেন। কিন্তু শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন পাঞ্জাবে সবুজ বিপ্লব হয়েছিল। আজকে ভারতবর্ষ খাদ্য উৎপাদনে স্বয়ম্ভর হয়েছে এবং বাফার স্টক তৈরি হয়েছে। আজকে যখন ভারতবর্ষের অনেকগুলো রাজ্যে একই সাথে খরা দেখা দিয়েছে তখন সেই বাফার স্টক থেকে সেই সব রাজ্যগুলোকে খাদ্যশস্য সরবরাহ করা হয়েছে, কোনো

সমস্যা হয়নি। আজকে যে শুধু পশ্চিমবাংলা চাল উৎপাদনে ভালো করেছে তা নয় ভারতবর্ষের প্রত্যেকটা রাজ্যই আস্তে আস্তে তাদের উৎপাদন বাড়িয়েছে এবং তার মধ্যে দিয়ে কেন্দ্র একটা বাফার স্টক তৈরি করেছে। কিন্তু আপনি এর জন্য কোনো কৃতিত্ব দাবি করতে পারেন না। আমি ভূমিসংস্কারের কথায় আসছি, কিন্তু ভূমিসংস্কারের কৃতিত্বও আপনি দাবি করতে পারেন না। ১৯৭২ সাল পর্যন্ত আমাদের রাজ্যে ভূমি বণ্টিত হয়েছে ৩ লক্ষ ৭৫ হাজার একর। আর, ১৯৭৭ জুলাই পর্যন্ত বণ্টিত জমির পরিমাণ ৬ লক্ষ ৩৪ হাজার একর। তাহলে ৫ বছরে কত জমি বণ্টন করা হল ? ২ লক্ষ ৫৯ হাজার একর। ১৯৭৭ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত কত জমি বন্টন হয়েছে ? ১০ লক্ষ ৭৩ হাজার একর। বাজেট বইয়ের মধ্যে বলেছেন। তাহলে ২৬ বছরে কত জমি বণ্টন করা হল ? ৪ লক্ষ ৩৯ হাজার একর। তাহলে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে জমি বণ্টন করা হ'ল তার পরিমাণ গড়ে বছরে ৫২ হাজার একর আর তাহলে ২৬ বছরে গড়ে জমি বণ্টন হল ১৭ হাজার একর। তাহলে আপনি কীসে চ্যাম্পিয়ন ? ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত গড়ে জমি বণ্টন হ'ল ৫২ হাজার একর করে।

[5.50–6.00 p.m.]

আপনারা এখানে ২৬ বছর ক্ষমতায় আছেন, এই ২৬ বছরে আপনারা গড়ে বছরে ১৭ হাজার একর জমি বণ্টন করেছেন বলে দাবি করছেন। ১৯৭৭ সাল পর্যন্ত ন্যস্ত জমি ছিল ১০ লক্ষ ৭৫ হাজার একর, ১৯৯৯ সাল পর্যন্ত ন্যস্ত জমির পরিমাণ ১৩.৬৫ লক্ষ একর অর্থাৎ ১৩ লক্ষ ৬৫ হাজার একর। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ন্যস্ত জমির পরিমাণ ১ লক্ষ ৭৫ হাজার একর, আর ১৯৭৭ সাল থেকে ১৯৯৯ সাল পর্যন্ত ২.৯০ লক্ষ একর জমি ন্যস্ত হয়েছে। এই যে ভূমিসংস্কার করে জমি অধিগ্রহণ করে, জমি বণ্টন করা—এই তথ্য দিয়ে আপনারা ঢাক পেটাতে শুরু করলেন যে, আপনারাই ভূমিসংস্কার করেছেন। আপনারা বলছেন, ভূমিসংস্কার করে আপনারা এই রাজ্যের উৎপাদন বাড়িয়েছেন, শুধু তাই নয়, আপনারা বলছেন যে, অন্যান্য রাজ্যে ভূমিসংস্কার হয়নি। তাহলে অন্ধ্রপ্রদেশ চাল উৎপাদনে সেদিনও পর্যন্ত প্রথম ছিল, পাঞ্জাব গম উৎপাদনে সেদিন পর্যন্ত প্রথম ছিল। ভূমিসংস্কারের জন্য যে এই আউট-পুট সেটা আমি মানছি না। আপনি প্ল্যান বাজেট করেছেন, গতবছর আপনি বলেছিলেন, ৬৯৩৭ কোটি টাকা, রিভাইস্‌ড বাজেট করলেন ৪৪২২ কোটি টাকা, ৩৮ পারসেন্ট কমিয়ে দিলেন। এবারে প্ল্যান বাজেটে ৪২৩৪ কোটি টাকা আছে, এই যে কর্মসংস্থান হবে, চাকরি হবে—এগুলো কিভাবে হবে ? একদিকে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা, যার মধ্যে দিয়ে নতুন করে রাজ্যে সম্পদ সৃষ্টি হতে পারে, অন্যদিকে পরিকল্পনার যে টাকা সেই টাকা আপনারা খরচা করতে পারছেন না। আপনারা স্বর্ণজয়ন্তী রোজগার যোজনায় খরচা করেছেন ২২.৬ পারসেন্ট টাকা, যেখানে সর্বভারতীয় গড় ৭৩.৩৩ পারসেন্ট। আপনি কী করে এখানে সম্পদ সৃষ্টি করবেন ? কী করে কাজের সুযোগ সৃষ্টি করবেন ? আপনি করতে পারছেন না। ২০০১-২০০২-এ প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় বরাদ্দ ছিল ২৮৪.৬৫ কোটি টাকা, খরচা করেছেন ৮০.৭১ কোটি টাকা। সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনায় বরাদ্দ করেছেন ২৩২ কোটি টাকা, খরচা করেছেন ১০০ কোটি টাকা। আপনি

এখানে সম্পদ তৈরি করতে পারছেন না, ম্যানডেজ্ তৈরি করতে পারছেন না, কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে পারছেন না। আবার বলছেন ৭ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিলেন সেই টাকা দিয়ে এখানে কর্মসংস্থানের ব্যবস্থা করা যেত। কাজের সুযোগ করা যেত। অনেক বেকারের চাকরি হত। ইন্দিরা আবাস যোজনায় ১৩০ কোটি টাকার মধ্যে আপনারা খরচা করেছেন মাত্র ৩২ কোটি টাকা। পানীয় জল সরবরাহের ক্ষেত্রে ৫২ কোটি টাকার মধ্যে খরচা করেছেন মাত্র ৩০ কোটি টাকা। আপনাদের যে পরিকল্পনা সেটা কোনোমতেই সঠিক পরিকল্পনা নয়। সবচেয়ে বড় ব্যাপার হল যে, আপনারা ক্রমাগত ঋণের বোঝা বাড়িয়ে যাচ্ছেন। আপনাকে কেউ ঋণ নিতে বাধ্য করেনি। কেন্দ্রীয় সরকারের কাছে আপনি ঋণ নিচ্ছেন। কে বলেছে ঋণ নিতে ? স্বল্পসঞ্চয় থেকে ঋণ নিতে হবে এরকম কোনো বাধ্যবাধকতা নেই। আপনি বলছেন কর্মচারীদের মাইনে দিতে গিয়ে ব্যয় বেড়েছে—এ ব্যাপারেও আপনার উপর কোনো বাধ্যবাধকতা ছিল না—এর জন্য ৬১৭৭ কোটি টাকা থেকে ব্যয় বৃদ্ধি পেয়ে হয়েছে ১২২৩৯ কোটি টাকা। ঋণের বোঝা ১৯৯৭-৯৮-তে যেখানে অন্ধ্রপ্রদেশের মোট দায় ছিল ১৯,৯৬৯ কোটি টাকা এবং তামিলনাড়ুর মোট দায় ছিল ১৬,২৮২ কোটি টাকার, সেখানে পশ্চিমবঙ্গের মোট দায় ছিল ২২,০৪১ কোটি টাকার। সেখানে পশ্চিমবঙ্গে দায় ছিল কত—২২ হাজার ৪১ কোটি টাকা। সংশোধিত হিসাব ছিল স্যার, তাতে দেখা যাচ্ছে যে অন্ধ্রে ৪৩ হাজার ২৪৬ কোটি টাকা, তামিলনাড়ুর ৩৩ হাজার ৮০৮ কোটি টাকা আর পশ্চিমবঙ্গ গিয়ে দাঁড়াল ৫৭ হাজার ৩৫১ কোটি টাকা। এখন এসে দাঁড়িয়েছে ৮৮ হাজার কোটি টাকাতে। আর একটা জায়গায় স্বল্প সঞ্চয়ে পশ্চিমবঙ্গ ঋণ পেয়েছে কত টাকা ? ১৮ হাজার ৩৭৯ কোটি টাকা। অন্ধ্র কত নিয়েছে ? অন্ধ্র নিয়েছে মাত্র ৫ হাজার ১১৫ কোটি টাকা। তাহলে অন্ধ্র কী করে তার রাজ্যে প্রশাসন চালাচ্ছে ? তারা রাজ্যের উন্নয়ন করছে কী করে ? আপনার গোটা নির্ভরতা হচ্ছে ঋণের উপর। সে ঋণ নিয়ে অবশ্য রাজ্যকে চালাতে গিয়ে গোটা রাজ্যকে ডুবিয়ে দিচ্ছেন এবং ঋণের ফাঁদে আস্তে আস্তে জড়িয়ে ফেলছেন। তাই এই রাজ্যের সর্বনাশের জন্য আপনি দায়ী থাকবেন আগামী প্রজন্মের কাছে। আপনি দায়বদ্ধ কথাটা ব্যবহার করতেন, ইদানিং তুলে দিয়েছেন। আপনি দায়বদ্ধ থাকবেন, এই রাজ্যের যে সর্বনাশ হয়ে গেল তার জন্য আপনি দায়ী থাকবেন। সেই কারণে এই বাজেটকে সম্পূর্ণ বিরোধিতা করে এবং আপনি যত তাড়াতাড়ি বিদায় হবেন ততই রাজ্যের মঙ্গল। এই কথা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০৩-০৪ আর্থিক বছরে প্রস্তাবিত রাজ্যের বাজেটের উপর বিবৃতিকে সমর্থন করে এবং বিরোধীদলের মাননীয় সদস্যরা যে বক্তব্যগুলি রেখেছেন যতটা সম্ভব তার জবাব দিয়ে আমার বক্তব্য রাখছি। এই বাজেটের মূল উদ্দেশ্য ২টি। আর্থিক সংকটের মধ্যে আমাদের রাজ্য দাঁড়িয়ে, অন্যান্য রাজ্যগুলিও এই আর্থিক সংকটের মধ্যে দাঁড়িয়েই কতদূর কর্মসংস্থান, অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি করা যায় এবং (২) এই আর্থিক সংকটকেও কতটা কমানো যায়, তার একটা মেয়াদী পরিকল্পনা রাখা—৫টি অংশে বিভক্ত করে আমার বিবৃতি রাখার চেষ্টা করছি। মাননীয়

সদস্যরা যে বক্তব্যগুলি রেখেছেন সেগুলিও কোনো না কোনোভাবে এই ৫টি অংশের মধ্যে পড়ে। তাই আমি সেইভাবে সংক্ষেপে জবাবগুলি দিচ্ছি। প্রথম অংশে আলোচনা সাধারণভাবে আমাদের দেশের উপর যে উদারনীতি প্রয়োগ করা হচ্ছে, এর উপর মাননীয় আবু হাসেম খান চৌধুরী বক্তব্য রেখেছেন, শোভনদেব চট্টোপাধ্যায় রেখেছেন, সৌগতবাবু রেখেছেন, অসিত মিত্র, নির্মল ঘোষ এবং আরও অন্যান্য রেখেছেন। বক্তব্যটা হচ্ছে এই যে আবু হাসেম খান চৌধুরী সাহেব বলেছেন যে, কেন আপনি এর বিরোধিতা করছেন ? কিন্তু চিন তো করছে না। অসিত মিত্র মহাশয় বলেছেন যে, আপনি বিরোধিতা করছেন কতগুলি ব্যাপারে আমাদের বিরোধিতা আছে। আপনি কি মাঝামাঝি কোন পথ বলতে পারেন ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যেটা এখানে বলার চেষ্টা করছি যে উদারনীতিটা চাপানো হচ্ছে তাতে একটা একটা বিশেষ ধরনের উদারনীতি। তাই আন্তর্জাতিক অর্থভাণ্ডার বিশ্ব বাণিজ্য সংস্থার নাম এসেছে। এই উদারনীতি একপেশে এটাই একটা অসম প্রতিযোগীদের ক্ষেত্র শুরু করেছে। প্রায় ১ শত বছর ধরে প্রথম বিশ্বের দেশগুলি নিজেদের দেশের শিল্পকে, কৃষিকে ভরতুকি দিতে দিতে আজকে একটা উন্নতস্তরে এসেছে তৃতীয় বিশ্বের দেশকে বলছে আপনার দিতে পারবেন না। কিন্তু এখনো বাংলা করে বললে যে নীলক্ষেত্র, হরিৎক্ষেত্র, সবুজক্ষেত্র এসবের নামের মাধ্যমে এখনও তারা নিজেদের সুবিধা নিচ্ছেন। তৃতীয় বিশ্বের দেশের প্রস্তুতির যথেষ্ট সুযোগ না দিয়ে বলা হচ্ছে আমদানির দরজা খুলে দাও। নির্বিচারে শুল্ক কমাও। তাই আমি উদাহরণ দিয়েছিলাম।

[6.00–6.10 p.m.]

তাই আমি উদাহরণ দিলাম কেন্দ্রীয় সরকারের প্রকাশিত সমীক্ষা থেকে। কেন্দ্রীয় সরকারের সদ্য প্রকাশিত সমীক্ষায় আছে ১৯৯৯-২০০০ সাল থেকে ২০০২-২০০৩ সাল পর্যন্ত মোট উৎপাদন বৃদ্ধির হার ৬.১ শতাংশ থেকে ৪.৪ শতাংশে কমে গেছে। শিল্পে উৎপাদন বৃদ্ধির হার ৬.৭ শতাংশ থেকে ৫.৩ শতাংশে কমে গেছে। এই সময়ে খাদ্যশস্য বৃদ্ধির হার ৩.০ শতাংশ থেকে এটা ঋণাত্মক ১৩.৬ শতাংশ হয়েছে। সৌগতবাবু একটা কথা বললেন, তিনি বললেন, 'আপনি এমন একটা বছর নিয়েছেন যে বছরটি ছিল খরার বছর।' আমি সেই বছরটি বাদ দিচ্ছি, বাদ দিয়ে উদারনীতি শুরু হওয়ার পূর্বের ১১টি বছর এবং পরের ১১টি বছরের তুলনা করে দেখছি আগে যেখানে বৃদ্ধির হার ছিল ৩.৫ শতাংশ ; পরে তার থেকে ওটা কমে ১.৫ শতাংশ হয়েছে।

কেন্দ্রীয় সরকারের সমীক্ষায় বলা হয়েছে গত ৫/৬ বছরে অতিরিক্ত বেকার ৬৫ লক্ষ সৃষ্টি হয়েছে এবং এটা আরো বৃদ্ধি পেতে পারে।

তাই এর মুখে দাঁড়িয়ে মাননীয় অসিত মিত্র মহাশয় যেটা বলেছেন তার উত্তরে আমি বলছি—হ্যাঁ, আমরাও অর্থনৈতিক সংস্কার চাই, কিন্তু একটু ভিন্নভাবে। শুধু অসম প্রতিযোগিতার জায়গার বদলে একটা সমান প্রতিযোগিতার জায়গায়। এটাই আমি উল্লেখ করতে চাই। তার মানে দাঁড়ায়, আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে তৃতীয় বিশ্বের দেশগুলিকে একটু

প্রস্তুতির সুযোগ দিন এবং সেই সময় নির্বিচার আমদানিটা একটু থামান। এর মধ্যে আমরা প্রস্তুত হয়ে বিশ্বায়নে অংশগ্রহণ করব। এর সঙ্গে দেশের মধ্যেও সমান প্রতিযোগিতা হোক। ভূমিসংস্কার এবং ক্ষুদ্র শিল্পের ওপর জোর দিতে হবে। আর সরকারের কল্যাণকর ভূমিকায় আঘাত করবেন না। এর বেশি আর এখন বলছি না, শুধু এই কথাটাই আমি বলে রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমি বলছি তাই নয়, আমাদের দেশের প্রত্যেকটি রাজনৈতিক দলের ভেতর এই নিয়ে আলোচনা চলছে। আর্জেন্টিনা-সহ লাটিন আমেরিকার অন্তত ৫টা দেশ ওই আঘাত আসার পরে গোষ্ঠীবদ্ধ হয়ে বলছে, 'আমরা উদারীকরণ নীতি মানছি না।' দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলি একত্রিত হতে চলেছে। আমাদের কেন্দ্রীয় যোজনা কমিশনের সহসভাপতি একটা সভায় বলেছেন, 'আমাদেরও নিজেদের মতো করে ভাবতে হবে।' বিশ্বব্যাঙ্কের যিনি সহসভাপতি ছিলেন, মুখ্য উপদেষ্টা ছিলেন, যিনি এ বছর নোবেল প্রাইজ পেয়েছেন, সেই যোশেফ স্টিকলি পদত্যাগ করে বলেছেন, 'ঐ মডেলটা আর কাজ করছে না।' তাই একটা সমান প্রতিযোগিতার দিকে যাওয়া যায় কিনা—তার মধ্যে দাঁড়িয়ে আমি বক্তব্য রাখছি। আমরা বলছি এর ফলে রাজ্যগুলির ক্ষতি হয়েছে। আমি একটা হিসাব দিয়েছি : পাঁচ বছর আগে রাজ্যের মোট রাজস্বে কেন্দ্রের অংশ ছিল ৫২ শতাংশ ; এখন সেটা ৪২ শতাংশে নেমে এসেছে।

আমি দ্বিতীয় আলোচনায় যাচ্ছি। অর্থনৈতিক সংকটের মধ্যে দাঁড়িয়েও আমরা কর্মসংস্থানের উদ্যোগ নিয়েছি। এখানে স্বাভাবিকভাবেই প্রশ্ন এসেছে—শেষকালে শোভনদেববাবু বললেন, 'আপনি তো ঘাটতি শূন্য বাজেট নিয়ে আসছিলেন, হঠাৎ আর্থিক সংকট হ'ল কেন ?' তিনি সোজাসুজি পরিষ্কার জানতে চাইলেন, 'আপনার ঘাটতি শূন্য বাজেট করার মধ্যে দিয়ে রাজ্য এগিয়েছে, না পিছিয়েছে ?'

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৬-৭৭ সাল বা ওই রকম একটা বছরকে আমি নিচ্ছি—সে সময়ে আমাদের রাজ্যের এবং প্রায় সমস্ত রাজ্যগুলির রাজস্ব ঘাটতি রাজস্ব আদায়ের অনুপাতে ১০ শতাংশ কম ছিল। খুব ছোট রাজ্যগুলির বেশি ঘাটতি ছিল, বাকি সব বড় রাজ্যগুলির ওই অনুপাতে ছিল। প্রশ্নটা যেহেতু আগের দিন উঠেছিল, সেহেতু আমি আজকে এ.জি.-র অ্যাকচুয়ালটা আনিয়ে নিতে পেরেছি। স্যার, পরে এটা আমি আপনাকে দিয়ে দেব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮৭-৮৮ সালে যখন এখানে আমি বাজেট পেশ করি তখন আমাদের পরিকল্পনা বরাদ্দ ছিল ৬৫০ কোটি টাকা এবং আমি ঘাটতি শূন্য বাজেটই পেশ করেছিলাম। তারপরের সব হিসাবগুলি আমার কাছে আছে। গত কয়েক বছরের হিসাব দিচ্ছি : ১৯৯২-৯৩ সালে আমরা বোধহয় ঘাটতিশূন্য বাজেটের কথাই বলেছিলাম ; অল্প কিছু উদ্বৃত্ত নিয়ে শেষ হয়েছিল। এ.জি. অ্যাকচুয়াল অনুযায়ী ১০৭ কোটি টাকা উদ্বৃত্ত তারপরের বছর আমি সীমিত ঘাটতি বাজেটের কথা বলেছিলাম, কিন্তু ৫ কোটি টাকা উদ্বৃত্ত নিয়ে শেষ হয়েছিল। তারপরের বছরও অল্প, ৪৪ কোটি টাকা উদ্বৃত্ত নিয়ে শেষ হয়েছিল। ১৯৯৬-৯৭

সালে ১০৭ কোটি টাকা উদ্বৃত্ত হয়েছিল। তারপরে ১৯৯৮-৯৯ সালে ১৯৮ কোটি টাকা উদ্বৃত্ত এবং ১৯৯৯-২০০০ সালে ৩৫ কোটি টাকার একটা ছোটো উদ্বৃত্ত নিয়ে বছর শেষ হয়েছিল। তারপরেও ২০০০-২০০১ সালে ৬৮ কোটি টাকা উদ্বৃত্ত নিয়ে শেষ হয়। এবং এর ঘাটতি এল ২০০১-২০০২-তে গত বছর থেকে এবং এই সময়ে পরিকল্পনা বাজেট ওই ৬৫০ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে প্রায় ৮ গুণের একটু বেশি বৃদ্ধি পেয়ে ৪ হাজার ৬০০ কোটি টাকাতে দাঁড়ায়, আর যদি ষষ্ঠ পরিকল্পনার সময় ধরেন, যখন শেষ হচ্ছে সেই সময়ে যদি আমরা ধরি, ২ হাজার ৫০০ কোটি টাকা ছিল সেই পাঁচশালায় আমাদের খরচ। আমি নবম যোজনা শেষ করেছি ২০ হাজার কোটি টাকার একটু বেশি নিয়ে, ওই প্রায় সাড়ে ৮ থেকে ৯ গুণ বৃদ্ধি করে। দেনার হিসাব আমি পরে বলছি, এর ফলে উৎপাদন কি বৃদ্ধি হয়েছে আমি একটু পরে আসছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কি হল যে এই অবস্থায় যখন যাওয়া গেল এই পরিকল্পনার ব্যয় বাড়ছে, ঘাটতিশূন্য না উদ্বৃত্ত হচ্ছে ? গত ৪/৫ বছর ধরে বিশেষ করে গত বছর থেকে কী হচ্ছে ? প্রথম প্রশ্ন, এটা কি শুধু পশ্চিমবাংলায় হল ? এটা এই বিধানসভাতে তো নাম উল্লেখ করা উচিত নয়, তবুও শুধু এইটুকু বলছি, এটা শুধু পূর্ব ভারতে আমাদের প্রতিবেশী কোনো রাজ্যকে আলাদা করে বলছি না, সেখানে সমস্যা তো আমরা অনেকেই জানি, পশ্চিম ভারতে ভারতবর্ষে আর্থিক দিকে সবচেয়ে ক্ষমতাশালী যে রাজ্যটি, ফেব্রুয়ারি মাসে সেখানে ট্রেজারি বন্ধ করে দিতে হয়েছে। সত্যই মাস পয়লার বেতন দিতে সেখানে অসুবিধা হয়েছে। এটা দক্ষিণ ভারতেও হয়েছে। এটা প্রত্যেক রাজ্যে কিন্তু এসেছে। তাহলে কী হল ? ৫ বছর আগে কোনো রাজ্যে এই সমস্যাগুলি ছিল না, ৫ বছর পরে হল প্রত্যেক রাজ্যেই, তাহলে কারণ কী ? এখন সেই কারণটি বলছি। এখানে যেহেতু আপনারা কারণগুলি নিয়ে প্রশ্ন করেছেন তাই আমি একটু স্পষ্ট করেই বলছি, প্রথম প্রশ্ন, প্রথম যে কারণটি বলা হয়েছে যে এখানে পঞ্চম বেতন কমিশনের প্রভাব পড়েছে। এখানে বেতন বৃদ্ধি খুব তীক্ষ্ণ ছিল, প্রায় দ্বিগুণ হয়েছে। সৌগতবাবু বলেছেন, কেন্দ্রীয় সরকারের টাকা আছে ওরা দিয়েছে, আপনি দিতে গেলেন কেন ? উনি বললেন যে, বহুজাতিক সংস্থার টাকা থাকে, তারা দেয়, সেখানে গরিব মানুষ কী দেয় ? তা কেন্দ্রীয় সরকার কী করে দিলেন ? রিজার্ভ ব্যাঙ্কের তথ্যগুলি আগে বেরুতো না, এখন বেরিয়ে গেছে, গত বছর ২৮টি রাজ্যের মিলিত বাজেট ছিল ৪.০১ লক্ষ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের বাজেট তার থেকে কম, ৩.৮৭ লক্ষ কোটি টাকা। রাজ্যগুলির মিলিত রাজস্বের ঘাটতি ছিল ৪৮ হাজার কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের রাজস্ব ঘাটতি ৮০ হাজার কোটি টাকা, মানে রাজ্যগুলির যা তার প্রায় দ্বিগুণ। রাজ্যগুলির মিলিত—এটা আগের বছরের কথা বলছি—মিলিত ঋণের বোঝা ছিল ৫ লক্ষ কোটি টাকা আর কেন্দ্রীয় সরকারের ছিল ১২ লক্ষ কোটি টাকা। অথচ বাজেট কিন্তু আমাদের রাজ্যগুলি থেকে কম। তাহলে কেন্দ্রীয় সরকার এই যে বৃদ্ধি করলেন—প্রশ্ন হচ্ছে, তার টাকা ছিল, কিন্তু কী করে করলেন ? তার রাজস্ব থেকে করতে পারলেন না। করলেন, রিজার্ভ ব্যাঙ্ক যেটা দেন এক্ষেত্রে, ওদের খুব সহজে বাজার থেকে বন্ড তুলতে দেন। সেই বন্ড কেনে কারা ? আমি একটা উদাহরণ দিচ্ছি, গত বছর এবং এ বছর ওরা প্রায় ১ লক্ষ কোটি টাকারও বেশি টাকা তুলেছেন আর রাজ্যগুলিকে ১৩ হাজার কোটি টাকা দিয়েছেন। কেন হচ্ছে, প্রত্যেক রাজ্যে অবস্থিত যে ব্যাঙ্কগুলি আছে, মানে রাজ্যের মানুষ

রাজ্যের ব্যাঙ্কগুলিতে যে টাকা রাখছেন সেই টাকাটা আহরণ করে নিয়ে গিয়ে ওরা এই মাহিনা দিচ্ছেন। মনে রাখবেন, ওদের নিজস্ব ঘাটতি ছিল, টাকা ছিল না। আজকে এইভাবে ঋণ নিয়ে করেছেন। তাই বেটা বলা হয়েছিল—১৯ ফেব্রুয়ারি, ১৯৯৯ সালে—জাতীয় উন্নয়ন পর্ষদের যে বৈঠক হয় সেই বৈঠকে তদানীন্তন মুখ্যমন্ত্রী যেতে পারেননি কোনো কারণে, আমাকে যেতে বলেছিলেন—সেই মিটিং-এ পশ্চিমবঙ্গকে বক্তব্য রাখতে বলা হয় এবং আমরা বলি একটি কথা, এটা আমি আর একবার বলছি, দেখুন, আপনারা দিয়েছেন একই কাজে, আপনারা দিয়েছেন নিজেদের টাকায় নয়, রাজ্যগুলি থেকে টাকাগুলি নিয়ে—কর নিয়েছেন রাজ্যের কাছ থেকে আর রাজ্যের ব্যাঙ্ক থেকে নিয়েছেন, আমরা সমস্ত বৃদ্ধির টাকা চাইছি না, সমস্ত সময়ের জন্য চাইছি না, একটা অল্প সময়ের জন্য প্রত্যেকটি রাজ্যকে এই বৃদ্ধির অর্ধেকটা শুধু দিন এবং আপনারা যে কম সুদের হারে নিয়েছেন—১২/১৩ নয়, আপনারা ৬/৭ দেন, দিন, একটা মরাটোরিয়াম দেন, আমরা নিয়ে নেব।

[6.10–6.20 p.m.]

আমার মনে পড়ে আমাদের সমর্থন করেছিলেন এখন যিনি উপ-রাষ্ট্রপতি, তখন ছিলেন রাজস্থানের মুখ্যমন্ত্রী শ্রী ভৈরসিং শেখওয়াত, সমর্থন করেছিলেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শ্রী দ্বিগবিজয় সিং এবং আগে যেটা কখনও হয়নি, সেখানে একটা ওয়াক-আউট হয়। সমস্ত রাজ্যগুলি বেরিয়ে এসে বলেন, আমরা প্রত্যেকে দিয়েছি। এটা শুধু পশ্চিমবঙ্গ, রাজস্থান বা মধ্যপ্রদেশের ব্যাপার নয়, আমরা প্রত্যেকে দিয়েছি, রাজনীতি নির্বিশেষে সকলে দিয়েছি। একই কাজ করে, একই কাজের জন্য একই বেতন। আর কেন্দ্রেও তো নিজের টাকাতে দেননি। আপনারা যেটা করেছেন তার অর্ধেক সমান সুদে দিন। রাতারাতি তো কর বাড়ে না। সেখানে বলা হয়েছিল যে দেওয়া হবে কিন্তু দেওয়া হয়নি। সেখান থেকেই সমস্যাটা শুরু। এটা যদি আমরা না বুঝে ওই অতি সরলীকরণ করি এবং তা করে বলি যে ওদের টাকা আছে তাই দিয়েছে, আমাদের নেই তাই দেওয়া যাবে না তাহলে এটার ভুল ব্যাখ্যা হবে। দ্বিতীয় বক্তব্য হচ্ছে ঋণের ক্ষেত্রে। ঋণের বোঝা বাড়ছে। আমাদের ৮৮ হাজার কোটি টাকা হয়েছে। সমস্ত রাজ্যেরই বেড়েছে। এই বৃদ্ধির মূল কারণ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কী ? এটা আমরা ভেঙে দেখিয়ে দিয়েছি। এর অর্ধেকের বেশি হচ্ছে স্বল্প সঞ্চয়ের যে প্রকল্প, যেটা জাতীয় প্রকল্প তাতে। এখানে যাতে মানুষ চিট ফান্ডের খপ্পরে না পড়ে তাই এই প্রকল্পটা আমরা মানুষের মধ্যে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি এবং দীর্ঘদিন ধরেই এতে আমরা প্রথম আছি।

(গোলমাল)

আপনারা যখন বলেছেন তখন কিন্তু আমি একটিও কথা বলিনি, আমি শুনেছি, এখন যখন উত্তর দিচ্ছি সেই উত্তর শুনতে এত অধৈর্য হচ্ছেন কেন ? আপনারাই তো জিজ্ঞাসা করেছেন, তার উত্তর দিচ্ছি। দীর্ঘকাল ধরেই এতে আমরা প্রথম। আমি তো কোন সরকারের আমলে বলছি না, আমি তো বলছি, পশ্চিমবাংলা প্রথম।

(গোলমাল)

স্যার, এখানে নিয়মটা যদি আমি না বলি তাহলে আমার উত্তরটা স্বয়ংসম্পূর্ণ হবে না। এক একটা বছরে আমাদের রাজ্যে জনগণ স্বল্প সঞ্চয়ে যে টাকা রাখেন—প্রায় ১০ হাজার কোটি টাকার মতন রাখেন। তার থেকে সুদ ও আসল যারা রাখছেন যা তুলে নিচ্ছেন তাদের ফেরত দিতে হয়। সেটা গড়ে ২ হাজার কোটি টাকা। এটা রাজ্য থেকেই কেটে ফেরত দেওয়া হয়। ফেরত দেওয়ার পর যে টাকাটা থাকছে সেটা তো উদ্বৃত্ত। যদি উদ্বৃত্ত না হত তাহলে এ প্রশ্ন উঠত না। আমরা চিরকালই উদ্বৃত্ত করছি। এই উদ্বৃত্ত অর্থটি কেন ঋণ হিসাবে রাজ্যগুলির উপর চাপানো হচ্ছে ? রাজ্যগুলি এ সম্পর্কে বারবার বলেছেন। এই যে চাপানো হচ্ছে এটা হচ্ছে ওরা মনে করছেন সেটা ওদের আয়। যারা সঞ্চয়ী তাদের টাকা ফেরত দেওয়ার পর যেটা বেরুচ্ছে সেটাকে আবার দ্বিতীয়বার ডবল জিওপার্ডি করে কেন ঋণ চাপাচ্ছেন ? সেটাই তো ঋণের বোঝা। এই টাকাটা অর্ধেক করে কেন্দ্র এবং রাজ্যের মধ্যে অনুদান করলে তো আমাদের ঋণের বোঝাটা অর্ধেক কমে যায়। এটা খুব সহজ কথা এবং প্রত্যেক রাজ্যই এটা বলছে। এবারে দ্বিতীয় প্রশ্নে আসছি। কেন্দ্রের কর আদায়ে ঘাটতি হয়েছে, আমাদের রাজ্য সরকারের আদায়েও ঘাটতি হয়েছে। কেন্দ্রীয় সরকারের ঘাটতির পরিমাণ, এটা বোধহয় পার্থ চ্যাটার্জী মহাশয় বলেছিলেন, সেটা আমি স্পষ্ট করে দিয়েছি। আমি প্রথমেই জানিয়ে দিয়েছিলাম, লক্ষ্য করবেন, এ বছরও বিভাজিত অংশের যে বৃদ্ধি ওরা দেখিয়েছেন সেটা হচ্ছে মাত্র দু শতাংশ। লক্ষ্য করবেন আগের বছর কোনো বৃদ্ধি ছিল না। আমরা যেখানে ২৯ শতাংশ বৃদ্ধি করেছি, সব রাজ্যগুলিই করেছেন। এটা কিন্তু ঠিক হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একাদশ অর্থ কমিশন পরিষ্কার বলে দিয়েছিল, এ বছর প্রায় এক হাজার কোটি টাকা অতিরিক্ত আমাদের পাবার কথা ছিল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে, আমরা পাইনি। আগের বছরও তো ৭৩৬ কোটি টাকা পাইনি। আমি রাজ্য সরকারের যেটা ঘাটতি সেটা অকপটে বলেছি যে কোথায় কোথায় হয়েছে। শুধু বিক্রয় করে নয়, প্রতিটি ক্ষেত্রে কোথায় কোথায় হয়েছে বলেছি। এই দুর্বলতাটা আমাদের দূর করতে হবে। এই বাজেটের মূল প্রস্তাব শুধু করের কয়েকটা জায়গার হার বাড়ানো নয়, সেখানে কর আদায়টা বৃদ্ধি করতে হবে এবং সেখানে যে দুর্বলতা সেটা দূর করতে হবে। কেন্দ্রীয় সরকার তো করেননি, মাত্র দু শতাংশ বৃদ্ধি করেছেন। এরপর যে বিষয়টি আসছে সেটা হচ্ছে, যোজনা কমিশনের সঙ্গে প্রত্যেকবার আলোচনা করে একটা ঋণ স্থির করা হয়। এক হাজার পাঁচশো কোটি টাকা। সেটার ক্ষেত্রে বাধার সৃষ্টি হয়েছিল, সেটা পরে আমরা আদায় করেছি। আরও একটা জিনিস বলা দরকার—'৮৬ সালের আগে ওভার ড্রাফটের উপর এরকম কোনো নির্দেশিকা ছিল না। এখন ১২ দিনের মধ্যে ফেরত দিতে হয়। কেন্দ্রকেও দিতে হয়। ওরা ওই ডেট ইস্যু করে, সিকিউরিটি ইস্যু করে সঙ্গে সঙ্গে বার করে দেন। রাজ্যগুলির ক্ষেত্রে করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বলা ভাল, আমরা যখন এটা কেন্দ্রীয় সরকারের কাছে রাখি—এটা আমি তাই উল্লেখ করে দিয়েছি। ২৬শে জুলাই কেন্দ্রীয় সরকার যে আদেশনামা প্রকাশ করে, সেখানে আপনাদের বিচার্য বিষয়টা তারা মেনে নিয়েছেন। এই পঞ্চম বেতন কমিশনের প্রভাবে রাজ্যগুলোর যে ক্ষতি হয়েছে তা দূর করার পথ কি করে বার করা যায়—রাজ্যগুলোর ওপরে যে বোঝা চেপেছে, এগুলো মেনে নিয়েছেন। এই প্রত্যেকটি জিনিস,

বেগুলোর ওপরে আপনারা বিতর্ক করছেন, কেন্দ্রীয় সরকার কিন্তু এগুলো মেনে নিয়েছেন। সুতরাং এই অংশের উত্তর আমি দিলাম। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার এগুলো মেনে নিয়েছেন বলে, আপনাদের এই জিনিসটা আমি খণ্ডন করলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দাঁড়িয়ে একটা প্রশ্ন যখন আমরা এই বছরকে মোকাবিলা করতে চাচ্ছি—আমি পরিষ্কার করে বলেছি, আমাদের একটা ওভার-ড্রাফট নিতে হয়েছিল। সেই ওভার-ড্রাফট ফেরত দিতে হয়, যেখানে ঘাটতি হয়। পরে আমাদের মূল যে পরিকল্পনা ব্যয়, সেটা রক্ষা করতে ৩,৭৯৭ কোটি টাকা এবং তার সঙ্গে আগের বছরের যেগুলি লোক্যাল ফান্ডে এবং ডিপোজিট অ্যাকাউন্টে জমা ছিল—এই প্রশ্নটা উত্থাপিত হয়েছে। তিন হাজার কোটি টাকার বেশি, তার অর্ধেক ১,৮০০ কোটি টাকা আমরা রিলিজ করতে যাচ্ছি। আগামী বছরে কি করবো, আমি পরে বলছি। পরিকল্পনা ব্যয় তাহলে বস্তুত হবে ৩,৭৯৭ কোটি, সঙ্গে ১,৮০০ কোটি টাকা যোগ করা দরকার। এটা এই বছরে বেরোচ্ছে—এই টাকাটা বেরোচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর সঙ্গে বেরিয়ে গেছে অনেক, ২৪,৫৬২ কোটি টাকা যুক্ত করে ৩০,১৫৯ কোটি টাকা। মানে, মোট প্রস্তাবিত বাজেটের ৯৬ শতাংশ রক্ষা করার জন্য আমাদের ৫,৩৯৪ কোটি টাকার প্রয়োজন হয়েছিল। এর মধ্যে রাজ্য কতটা করেছে আর কেন্দ্র কতটা করেছে, এক এক করে বলা দরকার। ৫০০ কোটি টাকা অতিরিক্ত কর আদায় ইত্যাদি বলেছি। এখানে আগের করের ক্ষেত্রে শেষে দেখা যাচ্ছে একটু বেশি আদায় হবে—যা বলা হয়েছিল তার চাইতে একটু বেশি আদায় হবে। আর যে ৫০০ কোটি টাকা খরচ (... ভয়েস ...) বাঁচানো, সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪০৩ কোটি টাকার খরচ আমরা বাঁচাতে পেরেছি। বাকি যেটা পারা যায়নি, কর আদায়ের মধ্যে এই যুক্তি দিয়ে আপনি, পঙ্কজ ব্যানার্জী মহাশয় যে দৃষ্টি আকর্ষণ করেছেন, আমি এটা গুরুত্ব দিয়ে শুনেছি। আমি খুব খোলাখুলি বলছি। আমরা যে যেখানেই অবস্থান করিনা কেন, আমাদের প্রত্যেকেরই নিজেদের ব্যয় করার ক্ষেত্রে খুব সতর্ক থাকা উচিত। আগামীদিনে আমাদের সতর্ক থাকতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রী মণ্ডলের জন্য যে ব্যয় বরাদ্দ ছিল তার চাইতে কম ব্যয় হয়েছে এই বছরে। কিন্তু তার পরেও আমাদের সতর্ক থাকতে হবে। আমি একটা হিসাব চেয়েছি, যেটি বিধানসভায় পেশ করবো। ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলোর মধ্যে বোধহয় মন্ত্রীপিছু সবচেয়ে কম খরচ এই রাজ্যে হয়। আমি তথ্যটা দেব। এর পরেও আমাদের সতর্ক থাকতে হবে প্রত্যেক স্তরে। এটা গেল এক হাজার কোটি টাকার হিসাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৮৭৮ কোটি টাকার মধ্যমেয়াদি ঋণ যা কেন্দ্রীয় সরকার আমাদের দেবেন বলেছিলেন, শেষে জানিয়েছেন তার অর্ধেক দেবেন। ৪৩৯ কোটির মতো দেবেন। বাকিটা ওরা বলেছেন, এটা আপনারা যেমন করে পারেন, বন্ড ইস্যু করে তুলুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১,৫০০ কোটি টাকা যেটা নেগোশিয়েটেড লোন, সেটা আমরা তুলতে পেরেছি, যেটা রাজ্য সরকার নিজে গ্যারান্টি দিয়ে তোলে। রাজ্য সরকার বন্ড ইস্যু করে নিজে গ্যারান্টি দিয়ে, কেন্দ্রীয় সরকার এর মধ্যে নেই। মার্কেট বরোয়িংয়ের মধ্যে দিয়ে, অ্যাডিশনাল বরোয়িং, জানবেন, টাকাটা সম্পূর্ণ রাজ্য সরকারকেই ব্যবস্থা করতে হয়েছে। আমি আপনাকে আর একটা কথা বলি, তার প্রথম চান্সেই ওভার সাবসক্রিপশান হয়ে যায়। পশ্চিমবাংলায় আমরা যা ভেবেছিলাম তার চাইতে

বেশি. যারা কিনতে চায় তারা চলে আসে। এবারে আমার হিসাব যা দাঁড়াচ্ছে, আপনি একটু মিলিয়ে নিন। সৌগতবাবু যেটা বলেছিলেন, এই ৫,৩৯৮ কোটি টাকার মধ্যে কেন্দ্রীয় সরকার তার বাজেট থেকে দিয়েছে ৪৩৯ কোটি টাকা, মানে, ৯ শতাংশ। বাকি ৯১ শতাংশ রাজ্য সরকারকে কোনো না কোনোভাবে জোগাড় করতে হয়েছে। আপনি যেটা বলেছিলেন, এটা সামলানোর জন্য আপনাকে কেন্দ্রীয় সরকারের ওপরে নির্ভর করতে হয়েছে—একশো ভাগ সামলানোর ক্ষেত্রে ৯ শতাংশ ওদের, ৯১ শতাংশ নিজের ওপরে নির্ভর করতে হয়েছে। এটা করে এই বছরে আমি যেটা বলেছি, পরিকল্পনা ব্যয়কে যেটুকু রক্ষা করে এবং রিলিজ করে মোট বাজেট ৯৩ শতাংশে পৌঁছায় কি করে। আর একটা প্রশ্ন, আমার যতদূর মনে পড়ছে, এটা বোধহয় নির্বেদ রায় মহাশয় রেখেছিলেন।

[6.20–6.30 p.m.]

গত দেড়মাসে কোনো ওভার ড্রাফট নেই। ওভার ড্রাফট ছাড়াই এই বছর শেষ করবো এবং খুব অল্প ঘাটতি ১১ কোটি টাকা নিয়ে—এটাই পরিষ্কার করে রাখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিকল্পনা বাজেটে রিলিজ মিলে ৫ হাজার কোটি টাকার কাছাকাছি পৌঁছে যাব। দেবপ্রসাদ মহাশয় একটা প্রশ্ন করেছেন এবং আরেকটা প্রশ্ন করলেন জটু লাহিড়ী মহাশয়—একই প্রশ্ন উৎপাদনের। আমি কিন্তু যাচ্ছি দ্বিতীয় অংশ শেষ করে তৃতীয় অংশে, ওই পরেরগুলোর জন্য অপেক্ষা করতে হবে। আপনার প্রশ্নগুলোরও উত্তর দেব, যে প্রশ্নগুলো রাখলেন অশোক দেব মহাশয়। আমরা যে মোট উৎপাদন বৃদ্ধির তথ্যটা দিই সেটা সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অরগ্যানাইজেশানের, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া তারা এটা এনডোর্স করেন। এটা রাজ্য সরকারের সৃষ্ট কোনো তথ্য নয়। আমি সেক্টর ধরে ধরে বলে দিচ্ছি—নবম যোজনায় সামগ্রিক দেশের মোট উৎপাদন বৃদ্ধির গড় হার গ্রস ডোমেসটিক প্রোডাক্ট ছিল ৫.৫ পারসেন্ট, পাঁচ দশমিক পাঁচ শতাংশ, পশ্চিমবঙ্গে ৭.১ শতাংশ। বর্তমান বছরে সি এস ও র মেথডোলজি সারা ভারতবর্ষের মোট উৎপাদন বৃদ্ধি হয়েছে ৪.৪ শতাংশ, আর আমাদের হয়েছে ৭.৬ শতাংশ। আপনার প্রশ্ন হচ্ছে—কর বৃদ্ধি হচ্ছে না কেন ? করের বৃদ্ধি এই বছরে আগের বছরের থেকে অনেক বৃদ্ধি হয়—১৬.৯ শতাংশ। তাতে একটা মূল কারণ, তার একটা মূল জায়গা হচ্ছে কৃষি। এই কৃষিপণ্যের উপরে আমরা কর বসাই না। যার জন্য এই মোট উৎপাদন বৃদ্ধিতে কিন্তু যান্ত্রিকভাবে কর বৃদ্ধি হয় না। এছাড়াও যে কারণগুলোর জন্য কর বৃদ্ধি হয় না সেই কারণগুলো বলছি—উৎসাহদান প্রকল্প শুরু হয়েছিল, বন্ধ করে দেওয়া হয়েছে। এতে করের ঘাটতি খুব হয়েছে, বহু পর্যায়ে কর থেকে আপনার প্রয়োজনীয় আদায় হয়নি, তাতে কর এতো মার খেয়েছে। কর ফাঁকিও বেড়েছে। এরজন্য বলব না এই উৎপাদন বৃদ্ধির সঙ্গে কোনো স্ব-বিরোধ ছিল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাথাপিছু ব্যয়ের ব্যাপারে একটি কথা সৌগতবাবু বললেন। আপনারা কোনো চিন্তা করবেন না সবগুলোর উত্তর দেব। আপনারা একটু ধৈর্য্য ধরে শুনুন। মাথাপিছু আয় বৃদ্ধি সারা ভারতবর্ষে এই বছরে ২.৪ শতাংশ, সেখানে আমাদের এখানে ৬.২ শতাংশ। আপনার প্রশ্নটা খুবই প্রাসঙ্গিক যে, তাহলে মাথাপিছু আয় কেন সর্বভারতীয় গড়ের থেকে বাড়ছে না ? এক্ষেত্রে বলে রাখা ভাল যে,

মাথাপিছু আর তো জনসংখ্যা দিয়ে ভাগ করে, জনসংখ্যার জন্য মাথাপিছু আয়টা কমে যায়। কিন্তু ২০০২-০৩ বছরের যে তথ্যটা দিয়েছি তাতে ইদানীংকালে সর্বভারতীয় গড় মাথাপিছু আয় ১৮৮.৭৬৫ বার্ষিক, সেখানে পশ্চিমবঙ্গে ১৯.৪১ কিংবা তার থেকেও বেশি হচ্ছে। এটাই কিন্তু ঘটনা এবং কনস্ট্যান্ট প্রাইসও ঠিক তাই, পরে তথ্য দিয়ে আপনাদেরকে স্পষ্ট করে দেব। হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স-এর তথ্য আমি দিয়ে দেব, ২০০২-০৩ সালের তথ্যটা নেই, পেলেই দিয়ে দেব।

(ভয়েস)

২০০২-০৩ সালেরটা নেই, পেলেই দিয়ে দেব। হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্সের কথা আপনি বলেছেন যেহেতু আপনি এই বিষয়টা পরে তুলেছেন সেই কারণে আমিও পরে তুলব যখন অন্য কথাগুলোয় আসব। এইবার চতুর্থাংশে প্রবেশ করছি। এর ভিত্তিতে দাঁড়িয়ে এই বছরে আই প্রস্তাব রাখছি যেহেতু ৭.৬ শতাংশ হারে মোট উৎপাদন বৃদ্ধি হয়েছে, তাই আমরা আগামী বছরে ৮ শতাংশ হারে এটা বৃদ্ধি করব। আমি মনে করি এটা বলার ভিত্তিতে এর থেকে ৭ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থান কি কি খাতে করবো সেটাও আমি খুব স্পষ্ট করে বলবো। আমাকে শুধু সময় দিতে হবে, আপনারা যদি সময় না দেন তাহলে আমি বসে যাব, কোনো উপায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমত কর্মসংস্থান বৃদ্ধি করার ক্ষেত্রে এখানে একটা প্রশ্ন প্রথম দিন পঙ্কজবাবু এবং অন্যান্যরা রেখেছিলেন। তাঁরা বলেছেন—আপনি একদিকে বলছেন কর্মসংস্থান বৃদ্ধি আর এদিকে আপনার রেজিস্টার্ড আনএমপ্লয়েড বেড়েছে, এই দুটোকে মেলাবেন কি করে। আমাদের খুব কম হলেও আন-এমপ্লয়েড যুবকেরা তাদের নামটা লেখান। আমরা মনে করি যুবকদের পাশে থাকাটাই আমাদের কাজ। মাননীয় অধ্যক্ষ মহাশয় সৌগতবাবু ন্যাশনাল সার্ভে ২০০০-২০০১ বলেছেন, এটা ২০০০-২০০১ নয়, আপনি ১৯৯৯-২০০০ থেকে বলেছেন, সর্বশেষ, তার পরেও বেরিয়ে গেছে ২০০০-২০০১। আপনারা এস.পি. দত্ত কমিটির রিপোর্ট কোট করেছেন ১৯৯৯-২০০০ থেকে, কিন্তু আপনাদের কাছে ২০০০-২০০১ নেই, সেটা আমার কাছে আছে। আপনারা যেটা দেখাচ্ছেন সেটা আগের বছরের। আপনারা মিলিয়ে নিন, ন্যাশনাল স্যাম্পেল সার্ভে ২০০০-২০০১ ওটা নয়,—আরে আমি তো জানি—ওটা আগের এন.এস.এস। আমি আপনাদের পরেরটা দেখাচ্ছি, যেটা আপনারা জানেন না। সর্বশেষ ন্যাশনাল স্যাম্পেল সার্ভেতে আর.বি.আই দেখিয়েছেন, ২০০০-২০০১ সালে বেকারিত্বর হার পশ্চিমবাংলায় কমেছে। গ্রামাঞ্চলে সেটা ৩৫ থেকে ৭ হয়েছে, আর শহরাঞ্চলে সেটা ৮২ থেকে ৩০ হয়েছে। আমি কাগজটা আপনাদের দেব, আপনারা পড়ে দেখবেন।

(ভয়েস : কাগজটা দিন।)

হ্যাঁ, কাগজটা আপনাদের দেব, তবে এখানে দাঁড়িয়ে কি করে দেব, আপনারা একটু অপেক্ষা করুন। আগে আমার বক্তব্যটা রাখতে দিন। এখানে দাঁড়িয়ে কর্মসংস্থান বৃদ্ধির যে প্রস্তাবটা রাখছি, সেখানে বিকল্প নীতির মূল বক্তব্যটা হচ্ছে—প্রতিযোগিতার দিকে পদক্ষেপ,

বিকেন্দ্রীকরণ এবং আর্থিক সমস্যা দূর করা। কৃষিতে, ভূমি সংস্কারের ক্ষেত্রে, কৃষির ক্ষেত্রে ভূমি সংস্কারের কথা আমরা বারংবার বলছি—সমান প্রতিযোগিতার দিকে পদক্ষেপ। একটা কথা বলা ভালো, গত দশ বছরে সারা ভারতবর্ষে ভেস্টেড ল্যান্ড ডিস্ট্রিবিউশান হয়েছে 'জিরো', কিন্তু আমাদের এখানে অন্তত এক লক্ষ একর। এখানে দাঁড়িয়েই আমরা ১৫ হাজার একর অতিরিক্ত করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই উপকৃতদের মধ্যে ২৬,৮১,০০০ উপকৃত হচ্ছে জমি বণ্টন থেকে এবং বর্গাদার হচ্ছে ১৫ লক্ষ। আমরা বলছি এর মধ্যে ৫৬ শতাংশ হচ্ছে তপশিলি জাতি, আদিবাসী সম্প্রদায়ভুক্ত মানুষ। এখানে একটা প্রশ্ন উঠেছে, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য আপনারা কি করেছেন ? এই তথ্যটাও আমরা বার করেছি। ভেস্টেড ল্যান্ড ডিস্ট্রিবিউশান থেকে ৫.৩৭ লক্ষ সংখ্যালঘু সম্প্রদায় উপকৃত হয়েছে, আর বর্গাদার হচ্ছে ৩.০৪ লক্ষ, যারা সংখ্যালঘু সম্প্রদায়ের।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উৎপাদন বৃদ্ধি ও সেচ বৃদ্ধির মাধ্যমে যেটা হয়েছে সেই ব্যাপারে প্রশ্ন উঠেছে। নির্বেদবাবু একটা প্রশ্ন রেখেছেন—আপনারা কি প্রফেসার মহলানবিশ এর ক্রপ কাটিং সার্ভে মানছেন ? বলে রাখা ভালো, আমরাই একমাত্র রাজ্য যারা এই পদ্ধতিটা মানি। এই ব্যাপারে আমাদের একটা টেকনিক্যাল কমিটি করা হয়েছে, তার শীর্ষে আছেন অধ্যাপক নিখিলেশ ভট্টাচার্য, তিনি ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ন্যাশনাল সার্ভেতে অন্তত পাঁচ বছর ধরে কাজ করেছেন। আরে আমরাই তো তিন বছর ধরে রিপোর্ট দিচ্ছি। আমরাই একমাত্র রাজ্য যেখানে এলাকাটা কৃষি দপ্তর দেন না, এলাকাটা দেন ভূমি রাজস্ব দপ্তর। দ্বিতীয়তঃ উৎপাদন কত হল, এই স্যাম্পেল যেটা মেজারস্ করা হয় তার ফিফটি পারসেন্ট করে ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস্ এবং ফিফটি পারসেন্ট করেন এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট। তার মীনটা ওই টেকনিক্যাল কমিটি করেন। এটা ভারতবর্ষের আর কোনো রাজ্য করেন না। সেখানে দাঁড়িয়ে খাদ্যশস্য বৃদ্ধিতে যেটা হয়েছে, সেখানে যা উদ্ধৃত হয়েছে তা আমি বলছি—পরে আপনারা শুধরে নেবেন—সর্বশেষ যেটা আমি বলছি ২০০১-২০০২, সেখানে এই বৃদ্ধিটা হয়েছে চালের ক্ষেত্রে ৩৯৪ গ্রামস্ মাথাপিছু প্রতিদিন, আর খাদ্যশস্যের ক্ষেত্রে ৪৮৯ গ্রাম মাথাপিছু প্রতিদিন। আর যেখানে যেখানে ঘাটতি আছে সেটাও বলা হয়েছে।

[6.30–6.40 p.m.]

শস্যক্রমে কি পরিবর্তন এইগুলো বলে, জৈব সার তৈরি প্রযুক্তি কোথায় ব্যবহার দরকার করে যে বাজেট তার বৃদ্ধির পরে যেটা বলা হয়েছে—সৌগতবাবু আপনাকে একটু সংশোধন করতে হবে। আপনি বলেছেন—এখানে আপনি ঋণ ঢোকাচ্ছেন। ঋণটা সরকার নিচ্ছে না, এটা কৃষকদের নেওয়ার কথা বলা হয়েছে। ১০ হাজার কোটি টাকা। রিজার্ভ ব্যাঙ্কের এস.আর.এস. কমিটি বলেছিল, ৪ হাজার কোটি টাকা কৃষিতে ঋণ দেওয়া উচিত। ক্রেডিট ডিপোজিট রেসিও—গ্রামাঞ্চলের মাননীয় বিধায়ক যারা আছেন, আপনারা জানেন যে জেলাতে ২০ শতাংশের নীচে কমে গেছে। দশ হাজার কোটি টাকা কৃষকদের প্রয়োজন,

সেখানে দাঁড়িয়ে ৪১৪ কোটি টাকা ওরা দিচ্ছে। আর, সমবায় ব্যাঙ্ক দিয়েছেন ৫৪৯ কোটি টাকা। সেখানে একটা প্রাথমিক আলোচনার ভিত্তিতে ১৩০০ কোটি টাকা সরকার নিচ্ছে—কৃষকরা চাইছে, তাদের দেওয়া হচ্ছে। ৭০০ কোটি টাকা সমবায় ব্যাঙ্ক দেবেন। আপনি এটা ঈষৎ গুলিয়ে ফেলেছেন। এরপরে কো-অপারেটিভ ব্যাঙ্ক।

কো-অপারেটিভ ব্যাঙ্ক সম্বন্ধে অসিতবাবু খুব ভালো প্রশ্ন করেছেন, আমি উঠে গিয়ে শুধরে নিলাম। এটা ঠিক যে, কো-অপারেটিভ ব্যাঙ্কের দুর্বলতা আছে, প্যাকসের ক্ষেত্রে দুর্বলতা আছে। কিন্তু রিকভারি রেটটা এখন ৬৩ শতাংশ। যেটা অমনি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের চেয়ে অনেকটা উঁচুতে। এটা আপনাকে জানালাম। তবে, এখানে অনেক কাজ করার আছে, শক্তিশালী করার অনেকটা জায়গা আছে। বিপণনের ক্ষেত্রে সমবায়ের গুরুত্ব দেওয়াটা আপনি সমর্থন করেছেন। আমরা মনে করছি যে, এবারে খাদ্য সংগ্রহের ক্ষেত্রে দেরি হলেও সমবায়ের মাধ্যমে নেমে কৃষকদের কাছ থেকে ইতিমধ্যে প্রায় ৩০ হাজার মেট্রিক টন ধান সংগ্রহ করা এবং অন্য উদ্যোগের পরে, এখনও পর্যন্ত কৃষক তাদের ন্যায্য দাম না পেলেও যেটা কম ছিল সেটা একটু থমকে, যেটা বলা উচিত এর ভিত্তিতেই আগামীদিনের প্রস্তাবটা নেওয়া হয়েছে। একটা কথা আমার ভালো লাগল, সেচের ক্ষেত্রে যে গুরুত্বটা আমরা এখানে বলেছি, অসিত মিত্র মহাশয় ডিটেইলসে জানতে চেয়েছেন। শুধু নালা কাটা নয়, আমাদের দার্জিলিঙের ওই ৮টি ব্লক বাদ দিলে অন্য ব্লকের ক্ষেত্রে ভূ-জলের অবস্থান কোথায়, ঠিক কোনখানে ভূ-জল বার করা যায়, আটটি ভাগে ভাগ করে, যাতে আর্সেনিক দূষণ না হয়—মাটির উপরের জল একাধিক প্রকল্পের মাধ্যমে—এর একটা সম্পূর্ণ পরিকল্পনা করে এই বৃদ্ধি দেড় লক্ষ হেক্টরে করার কথা বলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই একটা প্রকল্প অত্যন্ত ভালো কাজ করছে নিমপীঠে। একটা যে কোনো কৃষকের জমিতে, পাঁচ ভাগের এক ভাগ জমিতে পুকুর খনন করে সেই জলেই একাধিক ক্রপ করে, এবং এটা খুব ভালো চলছে। এবং, আমরা যে অর্থ বরাদ্দ করেছি তাতে ইতিমধ্যে দেড় লক্ষ হেক্টর কৃষি জমি আনার পরে—পাছে আপনারা কোনো প্রশ্ন তোলেন, তাই যেটা জেনারেল সেনসাস, সেখানে এইবার বলা হয়েছে ১০০ হেক্টর জমি যদি সেচের আওতায় আসে, তাহলে ১৩৪ জন অতিরিক্ত কৃষি-শ্রমিক কাজ পাবেন, ১০৩ জন কৃষক অতিরিক্ত কাজ পাবেন। আমি কৃষকটা ধরলামই না—শুধু যদি কৃষি-শ্রমিক ধরি, তাহলে এখানে অতিরিক্ত ২.০১ লক্ষ কর্মসংস্থান সম্ভব হয়—সেটা ধরলে আরও বেশি হয়। আর, প্রাণী-সম্পদ-বিকাশ, ইত্যাদি যোগ করলে ঠিক প্রতি ব্লক ধরে ধরে ২.৩৪ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থানের সম্ভব। এটা কোনো বাতাসের উপর দাঁড়িয়ে নয়। শিল্পের ক্ষেত্রে—সৌগতবাবু, আমরা যা বলেছি তা হচ্ছে এই—আমরা তো বলিনি শিল্পের ক্ষেত্রে আমরা প্রথম হয়েছি। আমরা শুধু বলেছি ১৯৯৫-৯৮ সালে যেখানে বিনিয়োগ হোত ৫০৩ কোটি টাকার মতো, ১৯৯৯-২০০০ সালে বিনিয়োগ, মানে বাস্তবায়িত বিনিয়োগ, সেটা ১৮১৭ কোটিতে উন্নীত হয়েছে। ২০০০-২০০১-এ সেটা ২৩২৬ কোটি এবং আগামী বছরে ২৫০০ কোটি অতিক্রম করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলা প্রয়োজন যে, এর থেকে খুব বেশি কর্মসংস্থান হবে বলে আমরা মনে করছি না। এখানে খুব পরিষ্কার করে একটা কথা বলছি, যে, সর্বভারতীয় ক্ষেত্রে আপনি লক্ষ্য করবেন, অর্গানাইজড সেক্টরে—ওই

ইকনমিক সার্ভেতে আছে—এমপ্লয়মেন্টটা ফল করেছে। আপনি ইকনমিক রিভিউ যদি দেখেন তাহলে দেখতে পাবেন এর মধ্যে পশ্চিমবাংলাতে অর্গানাইজড সেক্টরে—আমি অর্গানাইজড সেক্টরের ক্ষেত্রেই বলছি—৮.৭২ লক্ষ থেকে ৮.৯১ লক্ষ বেড়েছে। এবং, সামগ্রিকভাবে অর্গানাইজড সেক্টরে ২৪.০৪ থেকে ২৪.৭২, খুব অল্প বেড়েছে। কিন্তু এর জন্য ২১ হাজারের বেশি এখান থেকে আসবে ধরিইনি। কিন্তু একটা তথ্য অতি সাম্প্রতিককালে আমাদের কাছে এল, যেটা ভারত সরকারের জাতীয় নমুনা সমীক্ষা প্রকাশ করেছে।

১৯৯৪-৯৫ থেকে দু হাজার-দু হাজার এক, তাতে দেখা যাচ্ছে যে, চালু অসংগঠিত ক্ষুদ্রশিল্প মানে আন-অর্গানাইজড্ ম্যানুফ্যাকচারিং ইউনিটের সংখ্যা ১৯.১ লক্ষ থেকে ২৭.৭৭ লক্ষে উন্নীত হয়েছে। প্রথম পশ্চিমবাংলা। আগে উত্তরপ্রদেশ ছিল। এখন পশ্চিমবঙ্গ প্রথম এবং কর্মী নিযুক্ত হয়ে আছে ভারত সরকারের তথ্য অনুযায়ী ৪৩.৮ লক্ষ থেকে ৫৮.৭ লক্ষে। এর যে বৃদ্ধি হার সেটা ৩.২৩ লক্ষ অতিরিক্ত। এটা ভারত সরকারের তথ্য অনুযায়ী হচ্ছে। আমি এটা সম্ভব বলে মনে করছি। একইভাবে আপনারা কেউ প্রশ্ন তোলেননি। ট্রেড সার্ভিসের ক্ষেত্রে ১.৩২ লক্ষ যদি যোগ করেন ৭ লক্ষের একটু বেশি হয়। ৭ লক্ষ পর্যন্ত করা সম্ভব হবে বলে মনে করছি। এর মধ্যে সেল্ফ হেল্প গ্রুপ আনিনি। এর মধ্যে সেল্ফ এমপ্লয়িজ যেটা ১.৭ লক্ষ থেকে ২.৫ লক্ষ হবে। আলাদা করে এটা ধরিনি। সেল্ফ হেল্প গ্রুপ এর ব্যাপারে বোধহয় জ্যোর্তিময়বাবু একটা প্রশ্ন রেখেছেন—কটা সেল্ফ হেল্প গ্রুপ মার্কেট লিংক করতে পারছে ৬৭ হাজারের মধ্যে ? আপনি এমনও বলেছেন যদি বাস্তবায়িত করেন, তাহলে পশ্চিমবঙ্গে নতুন দিগন্ত খুলে যাবে, উন্মোচিত হবে। ভালো কাজ করছে পশ্চিম মেদিনীপুর। মেদিনীপুর পশ্চিমে সমীক্ষা করতে গিয়েছিলাম। সর্বশেষ তথ্য পড়লাম। মেদিনীপুর পশ্চিম-এ ৬৭ হাজারের মধ্যে নির্দিষ্ট করে বলছি ১৯ হাজারের বেশি এই গোষ্ঠী স্থাপিত হয়েছে। এর মধ্যে ১২ হাজার গোষ্ঠী মার্কেট লিংক করে দিয়েছে। যারা ঋণ নিয়েছে ৯৯ ভাগ ফেরত দিচ্ছেন। কলকাতা বিশ্ববিদ্যালয় যে সার্ভে করেছিল তাতেও একই আসছে। যিনি জিজ্ঞাসা করেছেন, আমি তাঁকেই উত্তরটা দিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইনসেনটিভ স্কীমের ক্ষেত্রে যে ইনসেনটিভ স্কীম রাখা হয়েছিল, আমাদের বিক্রয়করের সঙ্গে যুক্ত হয়ে বিক্রয় কর ভয়ানক ক্ষতি হয়েছে। আমরা এটা এর সঙ্গে রাখব না। আমরা এটা গ্রস টার্ন ওভারের সঙ্গে যুক্ত করে মাঝারি এবং ক্ষুদ্র শিল্পে ইনসেনটিভ রাখতে চাইছি এবং বন্ধ কলকারখানার ক্ষেত্রে পঙ্কজবাবু বলেছেন বোধহয় যে, "আপনি টাকা দিতে পারেননি।" আমি জি ও এনেছি। দ্বিতীয়টা দিতে দেরি হয়েছে। সমস্ত টাকা ছেড়ে দেওয়া হয়েছে মার্চ মাসের ৩১ তারিখে। ৩৩ হাজার ২৪২ জন উপকৃত হয়েছেন। আমি এখান থেকে উঠে গিয়ে চা বাগানের শ্রমিকদের সঙ্গে কথা বলেছিলাম। নির্মলবাবু ওঁদের এনেছিলেন। ওরা আমাকে ধন্যবাদ জানাতে এসেছিলেন যে, এটা চা বাগিচাতেও পৌঁছে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বোধহয় অসিত মিত্র রেখেছিলেন যে, "আপনার দেওয়া সংখ্যার সঙ্গে রাজ্যপালের ভাষণ এর অনুসারী শিল্পের সংখ্যা তফাৎ কেন ?" রাজ্যপালের ভাষণে আছে ৫২৮টা, ডিসেম্বর দু হাজার দুই এবং আমার জানুয়ারী দু হাজার তিন এক মাস পরে ৫৩৭টা। যেহেতু আপনি বলেছেন তাই আমি ধরে ধরে আপনার হাতে এই হিসাবটা পৌঁছে দেব। আপনাকে যেমন

এন এস এস দেব, এটাও নাম ধরে ধরে দিচ্ছি। ৫৩৭টি অনুসারী শিল্প মাঝারি, ছোট শিল্প এখানে থাকছে—দেখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইনসেনটিভের পরে সেল্ফ হেল্প গ্রুপের পরে সেন্ট্রাল স্পনসর্ড স্কীমে একটা প্রশ্ন সঠিক রেখেছিলেন যে, "আপনারা কেন্দ্রীয় প্রকল্পের টাকা যথাযথ খরচ করতে পারছেন না।" এটা সত্য। কিন্তু যে তথ্য আছে, আপনি এর সঙ্গে আর একটা পাতায় যোগ করে দেব—গত বছর ৩৩৩ কোটি টাকা খরচ হয়েছে।

[6.40–6.50 p.m.]

এই বছর একই সময়ে ৫৬৬ অর্থাৎ দ্বিগুণ খরচ হয়ে চলেছে। বস্তুত আমাদের ইউটিলাইজেশন রেট আপনি যেটা বলছেন, ৬৮ পার্সেন্ট সর্বভারতীয় এটা ৬৩ শতাংশ। আমাদের শুধু এস.ইউ-এস.আই যেটা ব্যাঙ্কের সঙ্গে সেটা একটু পিছিয়ে আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপর একটা জায়গা আপনি বলেছেন, জিজ্ঞাসা করেছেন এর জন্য পরিকাঠামোর উন্নয়ন ইত্যাদি লাগবে। আপনি বলেছেন সামাজিক পরিকাঠামোর ক্ষেত্রে সবচেয়ে বড় ইনডেক্স হচ্ছে হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স বলে আপনি ইকনমিক সার্ভে দেখিয়েছেন। হ্যাঁ, ঠিকই দেখিয়েছেন। ২১২ পাতায় বলেছেন সেটা। আপনি শেষের কলামটা পড়েছেন তাতে ২০০১ সালে অষ্টম অবস্থান যেটা পড়েননি, আপনি চলে যান ১৯৮১ সালে, আমাদের অবস্থান ছিল ২২তম স্থানে। ২২তম স্থান থেকে আমরা অষ্টম স্থানে পৌঁছেছি। আর আপনি যেটা জানেন না ২০০৩-এ আমরা পাঁচ অতিক্রম করে গেছি। প্রথম তিনটের মধ্যে চলে এসেছি। এটা আপনি জানেন না। তাই ২২ থেকে ৩টে খাতে হয়। সুতরাং উৎপাদনের গতি হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্সের গতি আপনি যেটা অধোগতি বলছিলেন বলতে হয় বলেছেন, ঠিক উল্টোগতি। আমি দেখিয়ে দিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষার ক্ষেত্রে আপনি বলেছেন শিশু শিক্ষা কেন্দ্র ৬৪, এটা বলেছেন। কোথায় তার অবস্থান। ৬৪-র অবস্থানই। নদীয়া জেলায় ৬টা, হাওড়া ৬টা, উত্তর ২৪ পরগনা ১৬টা, দক্ষিণ ২৪ পরগনা ১৭টা, হুগলী ২, বর্ধমান ১৭। নামধাম সমেত আছে। আপনি তথ্য চেয়েছিলেন দিয়ে দিলাম। এর পর পরিকল্পনা বরাদ্দ। ৩ হাজার ৭৯৪ কোটি থেকে ৩ হাজার ৮৯৪ কোটি টাকা, শুধু বৃদ্ধি নয়, এর সঙ্গে যে প্রশ্নটা আপনি রেখেছিলেন হ্যাঁ, ডিপোজিট এবং লোকাল ফাণ্ড অ্যাকাউন্টে আমাদের টাকা রাখতে হয়, যখন সংকট হয় তখন আমাদের রাখতে হয় তার বাকি টাকা আমাদের ডিপোজিট অ্যাকাউন্টে রাখতে হয়, কারণটা আমি বলে দিয়েছি, তার থেকে বাকি টাকা সমস্ত টাকা বার করে আরও ১ হাজার ৮শো কোটি টাকা পরিকল্পনা ব্যয়ে যুক্ত হবে মানে ৩ হাজার ৮৯৪ কোটি এর সঙ্গে আরও এই বছরের মতো ১ হাজার ৮শো কোটি টাকা যোগ করবেন। আর আপনি যেটা বলছিলেন, আপনি পড়েছেন, খুবই ভালো করে পড়েছেন কিন্তু প্রথম পাতাটি পড়েননি ইকনমিক রিভিউর। তাতে আছে এই কথাটা ছাড়াই আছে যখন পরিকল্পনা ব্যয় সংশোধিত ৩ হাজার ৭৯৪ থেকে ৩ হাজার ৮৯৪ বৃদ্ধি পেয়েছে ক্যাপিটাল এক্সপেনডিচার বৃদ্ধি পাবে ৫ হাজার ২৯১, ৮ হাজার ৪৯১। এটাও ২৫ পার্সেন্ট। আপনার গোটা থিসিসটা দাঁড়িয়েছিল যে আমরা ওই পথে যাচ্ছি মানে ওদের পথে যাচ্ছি। মানে আপনার ক্যাপিটাল এক্সপেনডিচার কমছে। এটা বাড়ছে। আপনার থিসিসটা শূন্য

হয়ে গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর করের শেষ অংশটা বলে আমি শেষ করছি। কর এবং ঋণের ক্ষেত্রে আমাদের গত বছর ২০০১-০২-এ কর রাজস্ব আদায় ছিল ৯ শতাংশ। সেটা এই বছর অতিরিক্ত উদ্যোগ নিয়ে ১৬.৮ শতাংশে তুলেছি। আগামী বছর ২৯.৮ শতাংশ যেটা ইদানীংকালে আমরা কখনো করতে পারিনি। যেখানে কেন্দ্রীয় সরকার ২ শতাংশ বৃদ্ধি করেছেন সেখানে আমরা প্রায় ৩০ শতাংশ রাজস্ব বৃদ্ধি করতে যাচ্ছি। ঋণ নির্ভরতা থেকে রাজস্বের উপর নির্ভর করে আগামী বছরের বাজেটে, ঋণেরটা এর পরে বলছি। এর পর ব্যয়ের ক্ষেত্রে আপনারা লক্ষ্য করবেন বেতনজনিত ব্যয় ৫ শতাংশ বৃদ্ধি এবং অবসরকালীন ভাতাজনিত ব্যয় ১০ শতাংশের মধ্যে রাখছি এবং প্রশ্নটা আপনি করেছেন এবং ঋণ নেওয়া অতিরিক্ত ঋণ নেওয়া, স্বল্প সঞ্চয়ে যেটা হবে সেটা নিয়ে থামিয়ে দিয়ে ফ্রিজ করা ৩ হাজার ২শো কোটি টাকা কম নেওয়া হবে। আপনি জিজ্ঞাসা করেছিলেন ২৯.৮ শতাংশের হিসাব কোথায়। সেলস ট্যাক্স ১৫ শতাংশ, স্টেট একসাইজ ২৮ শতাংশ, মোটর ভেহিকলস্ ৪২ শতাংশ এবং ল্যান্ড রেভিনিউ ৬২ শতাংশ বৃদ্ধি, ওয়েটেড অ্যাভারেজ। আমি এক এক করে আসছি। আগামী বছর সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে ভ্যালু অ্যাডেড ট্যাক্স। এটা কালকে বিল আছে কিন্তু যেহেতু প্রশ্নটা উঠেছে, আমি বলব। আপনি আরেকটা ভুল করেছেন, সৌগতবাবু বলতে গিয়ে বললেন কেন্দ্রীয় সরকার ভ্যাটের সিদ্ধান্ত নিয়েছেন। না, ভ্যাটের সিদ্ধান্ত রাজ্য সরকারগুলো নিয়েছেন। এটা রাজ্যের রাজ্য তালিকার ৫৪ এনট্রি থেকে আসে এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রী খুব সতর্কতার সঙ্গে বলেছিলেন যে রাজ্যের মুখ্যমন্ত্রী যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা ওঁরা রিপোর্ট করেছেন। ওরা একটা কমপেনসেশন দেবেন। ৯৯ সালের মিটিং-এ যশবন্ত সিনহা ডেকে বলেছিলেন (নয়েজ)

এই মিটিং-এ উনি প্রস্তাব রাখেন যে এর পর থেকে উনি ডাকবেন না, একটা এমপাওয়ার কমিটি অফ স্টেট ফিন্যান্স মিনিষ্টার একটা কমিটি করে দিলেন, তারা ডাকবেন। আমি মনে করি এটা সঠিক সিদ্ধান্ত নিয়েছিলেন। সেই মিটিংয়ে রাজ্যের মুখ্যমন্ত্রীরা দুটো সিদ্ধান্ত নেন, (১) কর হারের যে যুদ্ধ চলছে সেটা কমিয়ে ফ্লো রেটটা বেঁধে দেওয়া এবং তার পরে ভ্যালু অ্যাডেড ট্যাক্স চালু করা হবে। কোনো সাংবিধানিক ক্ষমতা আমাদের উপরে ছিল না, আলোচনা করে করে প্রায় ৪০০টি পণ্যশ্রেণীর উপরে কর বসে। আন্তঃরাজ্য ব্যবসায় ২০টির মতো পণ্যশ্রেণী আদান-প্রদান হয়। ২০০টির ক্ষেত্রে এই ফ্লো রেট মানানো খুব কঠিন কাজ ছিল। এটা সকলে আলোচনা করে করার পরে ভ্যাটে যাই। এই ভ্যাটের সর্বশেষ অবস্থান হচ্ছে—ভ্যাট-এর মূল যুক্তিতে যাওয়ার আগে বলি এখানে বোধহয় তারকবাবু বলেছেন যে আপনি প্রেসিডেন্সীয়ান এ্যাসেন্ট চাইতে গেলেন কেন। এটা সংবিধানের ৩০৪খ ধারাতে আছে। কোথায় প্রায়োর এ্যাপ্রুভ্যাল নেওয়া যায়, আমরা সকলে মিলে স্থির করি কেন মূল্যযুক্তি করে যাচ্ছি। এখন যে কর ব্যবস্থা চালু আছে তাতে কেউ যদি উৎপাদন করেন, ধরুন যদি ১ লক্ষ টাকার উপাদান কিনে তিনি ২ লক্ষ টাকার আউটপুট তৈরি করেন, তাহলে ২ লক্ষ টাকার উপরে তাকে একবার কর দিতে হবে ৪ পারসেন্ট হারে তাহলে ৪ হাজার টাকা হয়। সেই করের বোঝা নিয়ে এই পণ্যটি উৎপাদিত হল, তার উপরে আবার ১০ পারসেন্ট

পড়ে। এখন যে বিক্রি কর ব্যবস্থা আছে তাতে ইনপুট ট্যাক্স প্লাস আউটপুট ট্যাক্স। ভ্যাট হচ্ছে আউটপুট ট্যাক্স মাইনাস ইনপুট ট্যাক্স। ইনপুট ট্যাক্স সেট-আপ করা যায়, তাই ভ্যাটে করের ভার কমে, তাই ভ্যাটে দাম কমে। এই হচ্ছে ভ্যাটের সুবিধা। এটা বিভিন্ন স্তরে যায়, কারণ মাল্টি পয়েন্ট ট্যাক্স আমাদের রাজ্যে আগে ছিল উইথ সেট অফ—এটা ১২৫টি দেশে ভ্যাট চালু হয়ে গেছে, চীন থেকে শুরু করে শ্রীলঙ্কা সমস্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভ্যাট হচ্ছে বহু পর্যায়ের কর। শুধু ফার্স্ট পয়েন্টে নয়, প্রথম পয়েন্টে ডিলার দেন। সাধারণত দু-তিনটে লেয়ার পেনিট্রেট করা হয়। আমাদের রাজ্যে মাল্টি পয়েন্ট ট্যাক্স ছিল। প্রত্যেক স্তরে শুধু ভ্যালু এডিশনের উপর এবং ভ্যাটের পরে করের হার কমে যাচ্ছে। আমাদের ১৬, ১৭ পারসেন্ট ছিল, সেটা ১২.৫ পারসেন্ট হচ্ছে। দুটি বেসিক রেট ৪ পারসেন্ট এবং ১২.৫ পারসেন্ট। এতে মূল হচ্ছে ইট ইজ এ সেল পলিসি। আপনি ইনপুট ট্যাক্স চাইতে পারবেন না যদি কর না দেন। এতে ফাঁকি রোধ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সুযোগে জানিয়ে রাখছি ২৮টি রাজ্যের মধ্যে ২৫টি রাজ্য রাষ্ট্রপতির প্রাক্‌অনুমোদন নিয়ে ফেলেছে, আর ৩টি রাজ্য নিতে চলেছে। আমরা ১লা তারিখে ভ্যাট লাগু করার উদ্যোগ নিচ্ছি, আমরা কালকে আনছি। যারা ছোট ব্যবসায়ী, ৫ লক্ষ টাকা টার্নওভারের নীচে যারা, তারা ভ্যাটের আওতায় আসছেন না। ৫ থেকে ২৫ লক্ষ টাকা টার্নওভার যাদের, তারা ভ্যাটের মধ্যে আসছেন না, তারা কমপাউন্ড স্কীমের মধ্যে আসছেন। আমাদের সমস্ত ডিলারের সমস্ত তথ্য, চার্ট পর্যন্ত কমপিউটারাইজড। আপনি প্রশ্ন করেছিলেন 'টিন' নিয়ে, কালকে বা পরশুর মধ্যে সমস্ত 'টিন' ইস্যু হয়ে যাবে। আরেকজন প্রশ্ন করেছিলেন কটা ইন্টার-এ্যাক্টিভ সেশান করেছিলাম। অন্তত ৫০টা। ১২০টা প্রশ্নে তার উত্তর খবরের কাগজে দিয়ে—এবং একটা জিনিস জানবেন তাদের প্রথমে দুয়ের-তিন ভাগ চলে গেছে, ৩১ মধ্যে প্রথমে তাকে কর দিতে হবে মে মাসের ২০ তারিখের মধ্যে। এই সময় বাকি কাজটা করার। প্রথম মূল্যযুক্তি করের সম্বন্ধে কালকে বলব। এন্ট্রি ট্যাক্স নিয়ে আপনারা প্রশ্ন রেখেছিলেন যে কি করে আপনি ৫০০ কোটি টাকা পাবেন। ১৯৯৪-৯৫ সালে এসে আমরা এন্ট্রি-ট্যাক্স তুলে দিই, ২১২ কোটি টাকা যখন তুলে দেওয়া হয় তখন এর বৃদ্ধির হার ২০ পারসেন্ট। ওই বৃদ্ধির হার থাকলে এখন ১ হাজার কোটি টাকা পাওয়ার কথা। একটা গোটা বছরে আমি ১ হাজার কোটি টাকা ধরিনি। এটা প্রায়োর প্রেসিডেন্সীয়াল এ্যাসেন্ট পাওয়ার জন্য যা করার আমরা এগিয়েছি এবং অর্থমন্ত্রক এবং অন্যান্য জায়গা থেকেও বলা হচ্ছে, এখন সমস্ত মেজর স্টেট এন্ট্রি ট্যাক্সে চলে গেছে।

[6.50–7.00 p.m.]

মহারাষ্ট্র ২ হাজার কোটি টাকা নেন। তামিলনাড়ু নেন। আমরা নিয়েছিলাম এটা ভেবে যে দাম কমবে। কিন্তু কেউ কমাননি। এবং জানবেন,—একটা কথা বলে রাখি,—এন্ট্রি ট্যাক্স যখন আমরা তুলে দিই তখন সারচার্জ, এডিশনাল সারচার্জ, এই দুটোকে বসানো হয়। ১০ এবং ৫ অর্থাৎ ১৫। 'ভ্যাট'র সঙ্গে সেগুলো তুলে দিলাম। সুতরাং, এন্ট্রি ট্যাক্স আসছে এগুলো চলে যাচ্ছে।

আপনারা মাদক দ্রব্যের সম্বন্ধে জিজ্ঞাসা করেছিলেন। আমাদের পশ্চিমবঙ্গে মদের দোকানের সংখ্যা ১,৪৪৮টি, সর্বশেষ। তামিলনাড়ুতে ৪,২০০টি। অন্ধ্রপ্রদেশে ৭,৪০০টি, মহারাষ্ট্রে ১৩ হাজার। হ্যাঁ, আমিই আটকে রেখেছিলাম। আটকে রাখার পরও দেখা গেছে মাদক দ্রব্য সেবন একেবারে কমেনি। শুধু ইল্লিসিট ভাবে, অস্বাস্থ্যকরভাবে হয়েছে, অসংযতভাবে হয়েছে তাই নয় রাজ্যও রাজস্ব হারিয়েছে। এই পথে না গিয়ে জানবেন ঠিক যে যে জায়গাগুলোতে মদের দোকান দেওয়া যায় না অর্থাৎ ধর্মীয় স্থান, বিদ্যালয়, হাসপাতাল, সবগুলো বলবৎ রাখা হয়েছে। যদি কোনো ভায়োলেশন হয় দয়া করে আমার দৃষ্টি আকর্ষণ করবেন। সেগুলো রেখে শুধুমাত্র সরলীকরণ করে এটা দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো অনেকগুলো প্রশ্ন এসেছে তাই আমি একটু সময় চাইছি।

মাননীয় সদস্য অরুণাভ ঘোষ মহাশয় একটা প্রশ্ন রেখেছেন। সি.ই.এস.সি. নিয়ে ওনার একটা প্রশ্ন ছিল আমি তার উত্তর দিয়ে দিচ্ছি। যেহেতু সেলস ট্যাক্সের পেনাল রেট অফ ইন্টারেস্ট টু থেকে ওয়ান করা হয়েছে ইলেকট্রিক ডিউটিও করা হল প্রসপেক্টিভলি, রেট্রোসপেক্টিভলি নয়। এবং তার পর আমি একটা হিসাব নিয়েছিলাম, কত পাওনা ওদের কাছে আছে। জানবেন যে রিসিপট হেডে আমরা এটা গ্রহণ করি ঠিক একইভাবে কলকাতা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন, এইচ.আই.টি., সি.আই.টি., এদের ইলেকট্রিসিটি বিলের সঙ্গে এডজাস্টমেন্ট করে একটা জি.ও. বার করি আমরা। কি করে হবে ? রিসিপ্ট হেডে আমরা যেটা পাচ্ছি আর ঠিক এক্সপেন্ডিচার হেডে সেটাকে এডজাস্ট করা। এটা করে ২০০২-০৩ সালের গোড়াতে প্রাপ্য ছিল, তখন কিন্তু পেনাল রেট অফ ইন্টারেস্ট দিয়ে, ১২২.৮৬ কোটি টাকা। ওরা দিয়েছে ১০৫, ১৭.৪৫ কোটি আছে। কিন্তু এ বছরও বেড়েছে ৪৮ কোটি। বেড়ে ৬৫.৮৫ হয়েছে। এখন ওই এডজাস্টমেন্ট সিস্টেম তুলে দেওয়া হয়েছে, এখন সরাসরি দিতে হবে। নইলে পেনাল ইন্টারেস্ট এবং যা শাস্তি, পেতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, টোট্যাল ডেফিসিট ৭৯৩ ক্রোড়স। জানবেন ফিসক্যাল ডেফিসিট হচ্ছে টোট্যাল ডেফিসিটের সঙ্গে সেই বছর কত ঋণ নেওয়া হয়েছে, ঋণ কি ফেরত দিতে হচ্ছে তার একটা ভগ্নাংশের ভগ্নাংশ তার জন্য। সেটা কিন্তু ভিন্ন জিনিস। তার একটা ভগ্নাংশ ফেরত দিতে হয়। আমি সেটা আলাদা করে দেখিয়েছি। দেখবেন রেভিনিউ ডেফিসিট কিন্তু এ বছরের থেকে আগামী বছর কমবে এবং লক্ষ্য করবেন যে, যেখানে আমাদের উঠেছিল,—রেভিনিউ ডেফিসিট বাই রেভিনিউ রিসিপ্ট-এর প্রশ্ন তুলেছিলেন,—৯১ শতাংশ উঠেছিল বেতন কমিশনের পরে। সেটা আমাদের বলেছিলেন ইলেভেন্থ ফিন্যান্স কমিশন, আপনাদের গত বছরে সেটা ৬৫-এর কাছে আনতে হবে। ৫৮ শতাংশে আনা হয়েছে। ৪৮ শতাংশ আগামী বছর, ৪৩ শতাংশ তার পরের বছর, ৪০, ৩০, কেন্দ্রীয় সরকার যদি কোনো সাহায্য নাও করে জানবেন। পাশাপাশি এই ৩,২০০ কোটি টাকা ঋণ গ্রহণ কমিয়েছি। ৮৮ হাজার কোটি টাকা ঋণের বোঝা। রাজ্যগুলোর সামগ্রিক ঋণের বোঝা এখন ৫ লক্ষ কোটি টাকার বেশি। কেন্দ্রীয় সরকারের ১২ লক্ষ কোটি টাকার বেশি। এর মুখে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার নিজ বাজেটে বলেছেন তার ঋণের বোঝা কমানোর উনি ব্যবস্থা করছেন।

আমরা তাই একটা কথা বলেছি, বাড়ল কেন ? আমাদের স্বল্প সঞ্চয়ের একটা ব্যাপক বৃদ্ধি এ বছরে হয়েছে। তার প্রভাবটা সামনের বছরে পড়বে। এ বছর তা দিতে হয়নি। ৮ হাজার কোটি টাকার জন্য ৮০০ কোটি টাকা অতিরিক্ত সুদ দিতে হবে। সেটাই হচ্ছে আমাদের ঘাটতি। আমরা শুধু বলছি, আমাদের যে ঋণের বোঝা, আপনারা যে রকম নিজেরটা কমাচ্ছেন, কিচ্ছু করতে হবে না আপনাদের, আপনারা বাজার থেকে তুলছেন এখন ৬ শতাংশ হারে, আমাদের শুধু সেই শতাংশ হারে তুলে ফেরত দিতে দিন। ২,৫০০ কোটি টাকা ফেরত পেয়ে এই ঘাটতি মিটিয়ে প্লান বাজেট আমরা বাড়াতে পারব।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এটা বলে শেষ করছি, আগামী বছর হচ্ছে রাজস্বের উপর নির্ভর করে নিজের পায়ে দাঁড়িয়ে নিজেদের রক্ষা করার বাজেট। কেন্দ্র কিছু সাহায্য না করলেও ২৯ শতাংশ বৃদ্ধি হবে। পরিকল্পিত বরাদ্দ বাড়ছে। মাননীয় দেবপ্রসাদবাবু শুনে রাখুন, ক্যাপিটাল এক্সপেন্ডিচার বাড়ছে। এখানে দাঁড়িয়ে আমি হিসাব করে দেখিয়েছি ৭ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থান হবে।

আগামীদিনে আমি আপানদের সহযোগিতা চাইছি। এই কাজটা আমরা যেন নিষ্ঠার সঙ্গে করতে পারি—প্রত্যেকটি ক্ষেত্র ধরে ধরে কর্মসংস্থান করে বেকার যুবক-যুবতী—তারা যে দলের হোক—আমাদের দলের বা আপনাদের দলের, যে দলেরই হোক—তাদের পাশে দাঁড়িয়ে কর্মসংস্থানের বিষয়টা আমি এই বাজেটে রাখলাম। মাননীয় পঙ্কজবাবু, আপনি একটা আলোচনা চেয়েছেন, এখন রিসেস্ হয়ে যাবে। আমি কাগজে দেখলাম, আপনি বলেছেন। আমার ভাল লাগল। আর ফিনান্সে কোনো কনফিডেনশিয়াল ফাইল নেই। আমি আপনাদের সঙ্গে খোলাখুলি আলোচনা করতে প্রস্তুত। এই বাজেট বিবৃতিকে সমর্থন করে আপনাদের প্রত্যেকটি বক্তব্যের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker : Hon'ble Members, General Discussion on Budget has been completed.

Under rule 208A of the Rules of Procedure and Conduct of Business the Demands for Grants of related Departments stand referred to the appropriate Standing Committees for scrutiny and report.

In pursuance of rule 310 ZG(4)(iii) ibid, I hereby announce that the Standing Committees shall submit their Reports on Budget Scrutiny to the House by the 4th of July, 2003.

Now Motion for Vote on Account.

ANNEXURE-I

MOTION FOR VOTE ON ACCOUNT

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, I beg to move—

that a sum not exceeding Rs. 7200,92,09,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 2004, namely :—

Demand No.	Major Head		Sum not exceeding
1	2		3
1	2011—State Legislatures	..	6,89,51,000
3	2013—Council of Ministers	..	1,40,17,000
4	2245—Relief on account of Natural Calamities	...	10,00,000
	2408—Food, Storage and Warehousing	..	58,05,000
	2435—Other Agricultural Programmes	..	2,35,19,000
	4435—Capital Outlay on Other Agriculture Programmes	..	85,43,000
5	2235—Social Security and Welfare	..	3,92,05,000
	2236—Nutrition	..	5,77,000
	2245—Relief on account of Natural Calamities	..	1,16,67,000
	2401—Crop Husbandry	..	59,40,55,000
	2402—Soil and Water Conservation	..	2,47,07,000
	2415—Agricultural Research and Education	..	16,36,11,000
	2575—Other Special Areas Programmes	..	4,16,67,000
	3451—Secretariat—Economic Services	..	59,66,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	2,68,61,000
6	2245—Relief on account of natural Calamities	..	11,33,000
	2403—Animal Husbandry	..	44,29,73,000
	2404—Dairy Development	..	43,60,33,000
	2415—Agricultural Research & Education	..	2,11,11,000
	2515—Other Rural Development Programmes	..	3,18,62,000
	2551—Hill Areas	..	2,00,000
	3451—Secretariat—Economic Services	..	30,35,000
	4403—Capital Outlay on Animal Husbandry	..	1,80,68,000
	4404—Capital Outlay on Dairy Development	..	74,28,000

1	2		3
7	2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes	..	72,21,20,000
	2251—Secretariat—Social Services	..	53,12,000
	4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes	..	2,47,17,000

[7.00–7.10 p.m.]

8	2216—Housing	..	1,32,000
	2250—Other Social Services	..	4,000
	2401—Crop Husbandry	..	80,000
	2404—Dairy Development	..	1,78,000
	2425—Co-operation	..	12,68,79,000
	2515—Other Rural Development Programmes	..	34,40,000
	3451—Secretariat—Economic Services	..	46,97,000
	4216—Capital Outlay on Housing	..	33,000
	4250—Capital Outlay on Other Social Services	..	8,000
	4425—Capital Outlay on Co-operation	..	1,15,91,000
	6250—Loans for Other Social Services	..	4,000
	6425—Loans for Co-operation	..	82,83,000
9	2058—Stationery and Printing	..	6,48,81,000
	2551—Hill Areas	..	8,67,43,000
	2852—Industries	..	7,89,17,000
	2853—Non-Ferrous Mining and Metallurgical Industries	..	1,02,36,000
	3451—Secretariat—Economic Services	..	95,23,000
	3475—Other General Economic Services	..	10,31,000
	4407—Capital Outlay on Plantations	..	40,00,000
	4551—Capital Outlay on Hill Areas	..	26,67,000
	4856—Capital Outlay on Petro-chemical Industries	..	33,000
	4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries	..	26,67,000
	4859—Capital Outlay on Tele-communication and Electronics Industries	..	1,00,00,000
	4860—Capital Outlay on Consumer Industries	..	1,58,67,000

1	2		3
9	4885—Other Capital Outlay on Industries and Minerals	..	1,00,73,000
	5054—Capital Outlay on Roads and Bridges	..	27,000
	6407—Loans for Plantations	..	50,00,000
	6551—Loans for Hill Areas	..	90,00,000
	6857—Loans for Chemical and Pharmaceutical Industries	..	11,67,000
	6859—Loans for Tele-communication and Electronics Industries	..	28,33,000
	6860—Loans for Consumer Industries	..	4,50,67,000
	6885—Loans for Other Industries and Minerals	..	78,33,000
	7465—Loans for General Financial and Trading Institutions	..	66,67,000
10	2052—Secretariat—General Services	..	29,10,000
	3456—Civil Supplies	..	4,07,50,000
	3475—Other General Economic Services	..	1,43,61,000
11	2401—Crop Husbandry	..	35,21,000
	2851—Village and Small Industries	..	28,12,01,000
	3451—Secretariat—Economic Services	..	44,03,000
	4851—Capital Outlay on Village and Small Industries	..	78,53,000
	6851—Loans for Village and Small Industries	..	1,19,39,000
	6860—Loans for Consumer Industries	..	6,85,00,000
12	2402—Soil and Water Conservation	..	68,000
	2505—Rural Employment	..	2,90,98,000
	2575—Other Special Areas Programmes	..	38,85,05,000
	3451—Secretariat—Economic Services	..	2,42,37,000
	3452—Tourism	..	27,82,000
	3454—Census, Surveys and Statistics	..	3,49,75,000
	4575—Capital Outlay on Other Special Areas Programmes	..	41,000
13	2202—General Education	..	206,37,81,000
	2203—Technical Education	..	9,74,17,000
	2204—Sports and Youth Services	..	4,50,54,000
	2205—Art and Culture	..	96,29,000
	2251—Secretariat—Social Services	..	1,16,02,000
	3454—Census, Surveys and Statistics	..	19,17,000
	6202—Loans for Education, Sports, Art and Culture	..	1,67,000

1	2		3
14	2202—General Education	..	21,15,39,000
	2205—Art and Culture	..	1,13,80,000
	2235—Social Security and Welfare	..	1,10,72,000
	2251—Secretariat—Social Services	..	23,80,000
	2515—Other Rural Development Programmes	..	52,03,000
	2551—Hill Areas	..	80,000
	3454—Census, Surveys and Statistics	..	56,000
	4202—Capital Outlay on Education, Sports Art and Culture	..	2,14,77,000
15	2202—General Education	..	1320,05,72,000
	2204—Sports and Youth Services	..	1,36,17,000
	2245—Relief on account of Natural Calamities	..	50,00,000
	2251—Secretariat—Social Services	..	48,25,000
	2551—Hill Areas	..	15,13,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	3,58,01,000
16	2215—Water Supply and Sanitation	..	1,21,11,000
	2251—Secretariat—Social Services	..	22,42,000
	3425—Other Scientific Research	..	2,03,000
	3435—Ecology & Environment	..	17,00,000
17	2039—State Excise	..	14,40,92,000
	2052—Secretariat—General Services	..	16,02,000
18	2014—Administration of Justice	..	44,77,000
	2020—Collection of Taxes on Income and Expenditure	..	2,84,67,000
	2029—Land Revenue	..	9,38,000
	2030—Stamps and Registration	..	13,86,62,000
	2035—Collection of Other Taxes on Property and Capital Transactions	..	14,82,000
	2040—Taxes and Sales, Trades etc.	..	27,24,67,000
	2045—Other Taxes and Duties on Commodities and Services	..	1,07.64,000
	2047—Other Fiscal Services	..	7,99,87,000
	2052—Secretariat—General Services	..	7,46,23,000
	2054—Treasury and Accounts Administration	..	17,49,63,000

1	2		3
18	2070—Other Administrative Services	..	2,70,59,000
	2071—Pensions and Other Retirement Benefits	..	951,66,72,000
	2075—Miscellaneous General Services	..	9,22,72,000
	2235—Social Security and Welfare	..	71,67,000
	2250—other Social Services	..	76,36,000
	3475—Other General Economic Services	..	3,10,000
	3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions	..	3,33,000
	4885—Other Capital Outlay on Industries and Minerals	..	1,12,92,000
	5465—Investments in General Financial and Trading Institutions	..	40,12,000
	7610—Loans to Government Servants, etc.	..	5,50,00,000
	7615—Miscellaneous Loans	..	33,33,000
19	2052—Secretariat—General Services	..	21,57,000
	2070—Other Administrative Services	..	27,88,77,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	1,66,67,000
20	2235—Social Security and Welfare	..	30,00,000
	2245—Relief on account of Natural Calamities	..	5,00,000
	2405—Fisheries	..	9,54,21,000
	2415—Agricultural Research and Education	..	40,00,000
	2515—Other Rural Development Programmes	..	1,55,29,000
	2551—Hill Areas	..	5,00,000
	3451—Secretariat—Economic Services	..	38,03,000
	4405—Capital Outlay on Fisheries	..	2,45,82,000
	6405—Loans for Fisheries	..	3,66,67,000
21	2052—Secretariat—General Services	..	1,67,72,000
	2235—Social Security and Welfare	..	81,64,58,000
	2408—Food, Storage and Warehousing	..	30,76,26,000
	3456—Civil Supplies	..	1,79,04,000
	4408—Capital Outlay on Food, Storage and Warehousing	..	76,76,00,000

1	2		3
22	2401—Crop Husbandry	..	3,19,87,000
	2852—Industries	..	82,90,000
	3451—Secretariat—Economic Services	..	18,32,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	17,000
	4860—Capital Outlay on Consumer Industries	..	1,25,36,000
	6860—Loans for Consumer Industries	..	8,33,000
23	2245—Relief on account of Natural Calamities	..	3,33,000
	2402—Soil and Water Conservation	..	1,43,35,000
	2406—Forestry and Wild Life	..	52,09,17,000
	2415—Agricultural Research and Education	..	11,62,000
	2551—Hill Areas	..	13,38,000
	3451—Secretariat—Economic Services	..	29,12,000
	4406—Capital Outlay on Forestry and Wild Life	..	4,47,68,000
24	2210—Medical and Public Health	..	408,78,76,000
	2211—Family Welfare	..	36,92,14,000
	2236—Nutrition	..	3,67,000
	2245—Relief on account of Natural Calamities	..	1,06,67,000
	2250—Other Social Services	..	9,36,000
	2251—Secretariat—Social Services	..	80,90,000
	2515—Other Rural Development Programmes	..	23,43,000
	2551—Hill Areas	..	20,33,000
	4210—Capital Outlay on Medical and Public Health	..	2,68,61,000
25	2052—Secretariat—General Services	..	78,63,000
	2059—Public Works	..	136,93,77,000
	2205—Art and Culture	..	9,46,000
	2216—Housing	..	3,75,76,000
	2245—Relief on account of Natural Calamities	..	1,33,33,000
	2250—Other Social Services	..	44,83,000
	2551—Hill Areas	..	3,33,000
	2853—Non-Ferrous Mining and Metallurgical Industries	..	1,50,000
	3054—Roads and Bridges	..	114,38,89,000
	3451—Secretariat—Economic Services	..	66,12,000

1	2		3
25	4059—Capital Outlay on Public Works	..	8,29,07,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	10,00,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	1,28,17,000
	4210—Capital Outlay on Medical and Public Health	..	22,82,37,000
	4216—Capital Outlay on Housing	..	1,56,84,000
	4220—Capital Outlay on Information and Publicity	..	2,00,000
	4250—Capital Outlay on Other Social Services	..	1,17,000
	4403—Capital Outlay on Animal Husbandry	..	4,33,000
	4404—Capital Outlay on Dairy Development	..	1,67,000
	4408—Capital Outlay on Food, Storage and Warehousing	..	31,70,000
	4425—Capital Outlay on Co-operation	..	57,000
	5054—Capital Outlay on Roads and Bridges	..	126,45,79,000
26	2551—Hill Areas	..	52,10,52,000
	3451—Secretariat—Economic Services	..	9,48,000
27	2015—Elections	..	13,40,00,000
	2052—Secretariat—General Services	..	4,44,83,000
	2055—Police	..	401,49,55,000
	2070—Other Administrative Services	..	41,83,68,000
	2075—Miscellaneous General Services	..	34,09,000
	2235—Social Security and Welfare	..	18,54,000
	2245—Relief on account of Natural Calamities	..	6,67,000
	2250—Other Social Services	..	21,97,000
	2575—Other Special Areas Programmes	..	4,36,17,000
	3451—Secretariat—Economic Services	..	6,03,000
	3454—Census, Surveys and Statistics	..	75,48,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	33,33,000
	4575—Capital Outlay on Other Special Areas Programme	..	8,82,50,000
28	2216—Housing	..	14,15,88,000
	2251—Secretariat—Social Services	..	54,18,000
	2852—Industries	..	4,97,04,000
	4216—Capital Outlay on Housing	..	1,52,51,000
	6216—Loans for Housing	..	3,70,90,000

1	2		3
29	2852—Industries	..	28,50,000
	3451—Secretariat—Economic Services	..	19,00,000
	4860—Capital Outlay on Consumer Industries	..	1,00,000
	4875—Capital Outlay on Other Industries	..	2,33,000
	6858—Loans for Engineering Industries	..	2,00,00,000
	6860—Loans for Consumer Industries	..	2,84,00,000
30	2205—Art and Culture	..	2,09,17,000
	2220—Information and Publicity	..	12,54,88,000
	2250—Other Social Services	..	15,09,000
	2251—Secretariat—Social Services	..	71,68,000
	2551—Hill Areas	..	41,000
	4220—Capital Outlay on Information and Publicity	..	3,68,000
	6220—Loans for Information and Publicity	..	12,07,000
	6875—Loans for Other Industries	..	1,34,31,000
31	2251—Secretariat—Social Services	..	1,05,72,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	4,47,62,000
32	2245—Relief on account of Natural Calamities	..	1,66,67,000
	2250—Other Social Services	..	28,14,000
	2551—Hill Areas	..	4,07,000
	2701—Major and Medium Irrigation	..	54,66,07,000
	2711—Flood Control	..	29,87,98,000
	3451—Secretariat—Economic Services	..	56,13,000
	4701—Capital Outlay on Major and Medium Irrigation	..	26,96,37,000
	4711—Capital Outlay on Flood Control Projects	..	22,40,34,000
33	2052—Secretariat—General Services	..	25,88,000
	2056—Jails	..	24,47,11,000
34	2014—Administration of Justice	..	39,01,98,000
	2029—Land Revenue	..	18,48,000
	2052—Secretariat—General Services	..	52,45,000
	2070—Other Administrative Services	..	62,000
	2235—Social Security and Welfare	..	1,03,33,000
	3454—Census, Surveys and Statistics	..	8,84,000

1	2		3
35	2014—Administration of Justice	..	24,31,000
	2210—Medical and Public Health	..	25,05,97,000
	2216—Housing	..	10,000
	2230—Labour and Employment	..	13,82,82,000
	2235—Social Security and Welfare	..	12,60,54,000
	2251—Secretariat—Social Services	..	79,10,000
	4250—Capital Outlay on Other Social Services	..	2,00,000
36	2029—Land Revenue	..	91,35,83,000
	2049—Interest Payments	..	21,67,000
	2052—Secretariat—General Services	..	2,14,50,000
	2053—District Administration	..	22,14,17,000
	2070—Other Administrative Services	..	88,70,000
	2216—Housing	..	4,44,000
	2250—Other Social Services	..	9,33,000
	2506—Land Reforms	..	5,02,12,000
	3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions	..	6,66,000
	5475—Capital Outlay on Other General Economic Services	..	15,62,000
37	2052—Secretariat—General Services	..	81,78,000
38	2052—Secretariat—General Services	..	10,63,000
	2202—General Education	..	11,85,000
	2235—Social Security and Welfare	..	10,06,000
	2250—Other Social Services	..	23,32,000
	2251—Secretariat—Social Services	..	15,67,000
	4235—Capital Outlay on Social Security and Welfare	..	1,63,05,000
39	2052—Secretariat—General Services	..	75,37,000
	2211—Family Welfare	..	53,43,000
	2215—Water Supply and Sanitation	..	1,76,50,000
	2217—Urban Development	..	229,69,52,000
	2245—Relief on account of Natural Calamities	..	3,33,33,000
	3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions	..	53,95,34,000
	4217—Capital Outlay on Urban Development	..	13,13,33,000
	6217—Loans for urban Development	..	3,33,000

1	2		3
40	2217—Urban Development	..	16,97,000
	2235—Social Security and Welfare	..	12,02,00,000
	2245—Relief on account of Natural Calamities	..	8,33,33,000
	2501—Special Programmes for Rural Development	..	1,63,50,000
	2505—Rural Employment	..	11,85,23,000
	2515—Other Rural Development Programmes	..	200,41,09,000
	3451—Secretariat—Economic Services	..	1,24,65,000
	3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions	..	4,37,33,000
	4515—Capital Outlay on Other Rural Development Programmes	..	1,23,000
	6515—Loans for Other Rural Development Programmes	..	6,67,000
41	2052—Secretariat—General Services	..	25,62,000
	2070—Other Administrative Services	..	3,25,000
42	2052—Secretariat—General Services	..	1,25,05,000
	2070—Other Administrative Services	..	2,48,35,000
	4216—Capital Outlay on Housing	..	1,80,000
43	2045—Other Taxes and Duties on Commodities and Services	..	53,33,000
	2801—Power	..	16,96,67,000
	2810—Non-conventional Sources of Energy	..	1,00,00,000
	3451—Secretariat—Economic Services	..	44,18,000
	6801—Loans for Power Projects	..	722,79,33,000
	6860—Loans for Consumer Industries	..	2,00,00,000
44	2852—Industries	..	8,33,000
	3451—Secretariat—Economic Services	..	40,12,000
	5075—Capital Outlay on Other Transport Services	..	67,000
	6857—Loans for Chemical and Pharmaceutical Industries	..	4,22,92,000
	6858—Loans for Engineering Industries	..	11,06,27,000
	6860—Loans for Consumer Industries	..	8,44,23,000

1	2		3
45	2215—Water Supply and Sanitation	..	74,05,37,000
	2245—Relief on account of Natural Calamities	..	15,00,000
	2250—Other Social Services	..	88,45,000
	2251—Secretariat—Social Services	..	18,77,000
	2551—Hill Areas	..	50,67,000
	4215—Capital Outlay on Water Supply and Sanitation	..	26,66,90,000
46	2235—Social Security and Welfare	..	6,52,17,000
	2251—Secretariat—Social Services	..	46,50,000
	4235—Capital Outlay on Social Security and Welfare	..	1,74,84,000
	6235—Loans for Social Security and Welfare	..	1,67,000
47	2235—Social Security and Welfare	..	12,79,88,000
	2245—Relief on account of Natural Calamities	..	59,84,67,000
	2251—Secretariat—Social Services	..	25,92,000
48	2575—Other Special Areas Programmes	..	32,67,000
	3425—Other Scientific Research	..	26,59,000
	3451—Secretariat—Economic Services	..	46,58,000
49	2204—Sports and Youth Services	..	7,36,73,000
	2251—Secretariat—Social Services	..	37,83,000
50	2575—Other Special Areas Programmes	..	4,77,03,000
	4575—Capital Outlay on Other Special Areas Programme	..	89,60,000
51	2203—Technical Education	..	15,11,16,000
	2230—Labour and Employment	..	6,89,17,000
	2251—Secretariat—Social Services	..	23,43,000
	4250—Capital Outlay on Other Social Services	..	24,44,000
52	2250—Other Social Services	..	35,26,000
	2551—Hill Areas	..	1,67,000
	3451—Secretariat—Economic Services	..	24,43,000
	3452—Tourism	..	4,51,38,000
	5452—Capital Outlay on Tourism	..	94,77,000

1	2		3
	2041—Taxes of Vehicles	..	3,19,86,000
	2070—Other Administrative Services	..	6,41,56,000
	2235—Social Security and Welfare	..	37,50,000
	2250—Other Social Services	..	7,86,000
	2251—Secretariat—Social Services	..	52,47,000
	3051—Ports and Lighthouses	..	61,30,000
	3053—Civil Aviation	..	20,61,000
53	3055—Road Transport	..	118,76,53,000
	3056—Inland Water Transport	..	6,31,000
	5055—Capital Outlay on Road Transport	..	61,53,43,000
	5056—Capital Outlay on Inland Water Transport	..	12,17,000
	5075—Capital Outlay on Other Transport Services	..	33,33,000
	7055—Loans for Road Transport	..	2,44,98,000
	7056—Loans for Inland Water Transport	..	30,90,000
	7075—Loans for Other Transport Services	..	1,81,40,000
	2070—Other Administrative Services	..	6,000
	2215—Water Supply and Sanitation	..	2,36,80,000
	2216—Housing	..	1,73,84,000
	2217—Urban Development	..	24,23,81,000
	2551—Hill Areas	..	5,000
	3451—Secretariat—Economic Services	..	2,63,53,000
	3475—Other General Economic Services	..	81,73,000
	3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions	..	35,80,81,000
	4216—Capital Outlay on Housing	..	2,98,81,000
	4217—Capital Outlay on Urban Development	..	9,49,000
	6217—Loans for Urban Development	..	2,01,78,000
	6551—Loans for Hill Areas	..	81,000

1	2		3
	2245—Relief on Account of Natural Calamities	..	26,67,000
	2551—Hill Area	..	2,67,000
	2702—Minor Irrigation	..	81,90,59,000
55	2705—Command Areas Development	..	1,51,82,000
	3451—Secretariat—Economic Services	..	38,65,000
	4702—Capital Outlay on Minor Irrigation	..	7,59,97,000
	4705—Capital Outlay on Command Area Development	..	1,03,00,000
	2235—Social Security and Welfare	..	80,53,58,000
	2236—Nutrition	..	13,33,38,000
56	2250—Other Social Services	..	3,49,000
	2251—Secretariat—Social Services	..	66,85,000
	4235—Capital Outlay on Social Security and Welfare	..	3,58,01,000
	Grand Total :		**7,200,92,09,000**

The motion was adopted.

ANNEXURE-II

[7.10–7.20 p.m.]

GOVERNMENT BUSINESS

FINANCIAL

Budget of the Government of West Bengal for 2003-2004

DEMAND No. 1

Major Head : 2011—State Legislatures

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 20,68,52,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "2011—State Legislatures" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 6,89,51,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব উত্থাপন করছি যে, ২০০৩-২০০৪ সালে ১ নং দাবির অধীনে মুখ্যখাত : ২০১১ রাজ্য বিধানমণ্ডল এই হিসাবখাতে ব্যয় নির্বাহের জন্য ২০,৯০,৯০,০০০ (কুড়ি কোটি নব্বই লক্ষ নব্বই হাজার) টাকা মঞ্জুর করা হোক। ভোট-অন-অ্যাকাউন্টের ৬,৯৬,৯৭,০০০ (ছয় কোটি ছিয়ানব্বই লক্ষ সাতানব্বই হাজার) টাকাও উল্লিখিত অর্থাঙ্কের মধ্যে আছে।

(২) এই হিসাবখাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হল :

(ক) পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যদের বেতন ও ভাতা এবং অপর খরচ বাবদ ব্যয় এবং

(খ) পশ্চিমবঙ্গ বিধানমণ্ডল সচিবালয়ের অফিস চালানোর খরচ সমেত ওই সচিবালয়ের আধিকারিক এবং কর্মচারীদের বেতন ও ভাতা বাবদ ব্যয়—

(৩) উপরে যে অর্থের জন্য দাবি জানানো হয়েছে তা থেকে ২,৭০,৮০,০০০ (দুই কোটি সত্তর লক্ষ আশি হাজার) টাকা পশ্চিমবঙ্গ বিধানসভা সদস্যদের বেতন, পূরক ভাতা, কনস্টিটিউয়েন্সি ভাতা, বাড়ি ভাড়া ও চিকিৎসা ভাতা বাবদ ব্যয় নির্বাহের জন্য বরাদ্দ রাখা হয়েছে। সদস্যদের ভ্রমণের খরচ মেটানোর জন্য ৯,০৪,২০,০০০ (নয় কোটি চার লক্ষ কুড়ি হাজার) টাকা এবং অপর খরচাদি মেটানোর জন্য ৭০,৭৬,০০০ (সত্তর লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা বরাদ্দ করা হয়েছে।

(৪) বিধানমণ্ডল সচিবালয়ের আধিকারিক ও কর্মচারীদের বেতন ও মহার্ঘভাতা এবং অ্যাড-হক বোনাস-সহ বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা-সহ ৬,৩৭,৫০,০০০ (ছয় কোটি সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ভ্রমণের খরচ বাবদ ৮,০০,০০০ (আট লক্ষ) টাকা, সচিবালয়ের অফিস চালানোর খরচ বাবদ ১,৯২,০০,০০০ (এক কোটি বিরানব্বই লক্ষ) টাকা, ভাড়া, অতিকর ও কর বাবদ ব্যয় নির্বাহের জন্য ১,০৬,০০০ (এক লক্ষ ছয় হাজার) টাকা এবং অন্যান্য খরচ বাবদ ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ করা হয়েছে।

(৫) লন্ডনের ওয়েস্ট মিনিস্টার প্রাসাদস্থিত রাষ্ট্রমণ্ডল সংসদের কর্মরত করণিক সমিতিতে দেয় চাঁদা হিসাবে ১,০০০ টাকা (এক হাজার) টাকা এবং রাষ্ট্রমণ্ডল সংসদ পরিসেল-এর পশ্চিমবঙ্গ শাখায় চাঁদা হিসাবে ৪,৪০,০০০ (চার লক্ষ চল্লিশ হাজার) টাকা যথাক্রমে বরাদ্দ করা হয়েছে। ১,৮৭,০০০ (এক লক্ষ সাতাশি হাজার) টাকা প্রিসাইডিং অফিসারদের কনফারেন্সে দেয় চাঁদা বাবদ বরাদ্দ করা হয়েছে।

(৬) এই সাপেক্ষে আমি ২০০৩-২০০৪ আর্থিক বছরে ১ নং দাবির অধীনে ২০,৯০,৯০,০০০ (কুড়ি কোটি নব্বই লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দ মঞ্জুর করার জন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি।

১নং দাবি

হিসাব খাত : ২০১১-রাজ্য বিধানসভা

০২—রাজ্য বিধানমণ্ডল	২০০৩-২০০৪ সালের বাজেট প্রাক্কলন	
		টাকা
১০১-বিধানসভা	ভোটেড :	১২,২৫,৬৮,০০০
	চার্জড :	২০,০৮,০০০
মোট—১০১	:	১২,৪৫,৭৬,০০০
১০৩-বিধানসভা সচিবালয়	ভোটেড :	৮,৩৬,৫৬,০০০
	চার্জড :	২,৩০,০০০
সোসাইটি অব ক্লার্কস অ্যাট দ্য টেব্‌ল ইন কমনওয়েল্‌থ পার্লামেন্ট, ওয়েস্ট মিনিস্টার প্লেস, লন্ডন (এল এ)-এর চাঁদা	ভোটেড :	১,০০০
কমনওয়েল্‌থ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের পশ্চিমবঙ্গ শাখা, সাহায্য এবং চাঁদা (এল এ)	ভোটেড :	৪,৪০,০০০
প্রিসাইডিং অফিসারদের (এল এ) কনফারেন্সে দেয় চাঁদা	:	১,৮৭,০০০
	ভোটেড :	৮,৪২,৮৪,০০০
	চার্জড :	২,৩০,০০০
মোট—১০৩	:	৮,৪৫,১৪,০০০

	২০০৩-২০০৪ সালের বাজেট প্রাক্কলন	
		টাকা
৮০০—অন্যান্য খরচ পরিকল্পনা বহির্ভূত	:	—
পাঠ ভ্রমণ	:	—
মোট ২০১১—রাজ্য বিধানমণ্ডল খাতে	ভোটেড :	২০,৬৮,৫২,০০০
	চার্জড :	২২,৩৮,০০০
সর্বমোট ('২০১১-রাজ্য বিধানমণ্ডল' খাতে)	:	২০,৯০,৯০,০০০

২০০৩-২০০৪ সালের বাজেট প্রাক্কলন ব্যয়ের বিশদ বিবরণী
(খাতের বিশদ বিবরণ)

১০১—বিধানসভা	২০০৩-২০০৪ সালের বাজেট প্রাক্কলন	
মাহিনা—		টাকা
বেতন	ভোটেড :	৪৮,৯৬,০০০
	চার্জড :	৪৮,০০০
পূরকভাতা—	ভোটেড :	৪৮,৯২,০০০
কনস্টিটিউয়েন্সি ভাতা	ভোটেড :	৯৭,৮৪,০০০
	চার্জড :	৬০,০০০
বাড়ি ভাড়া ও অন্যান্য ভাতা	ভোটেড :	২০,০০০
	চার্জড :	৪,০০,০০০
ভ্রমণের খরচ	ভোটেড :	৮,৮৯,২০,০০০
	চার্জড :	১৫,০০,০০০
ভ্রমণের খরচ	ভোটেড :	৮,৮৯,২০,০০০
	চার্জড :	১৫,০০,০০০
অপর খরচ	:	৭০,৭৬,০০০
চিকিৎসা ভাতা	:	৬৯,৮০,০০০
মোট—১০১	ভোটেড :	১২,২৫,৬৮,০০০
	চার্জড :	২০,০৮,০০০

১০৩—বিধানসভা সচিবালয়

মাহিনা	...	৪,০২,১৫,০০০
চিকিৎসা ভাতা	...	৪,০৫,০০০
মহার্ঘ ভাতা	...	১,৬৪,৯০,০০০
বাড়ি ভাড়া ও অন্যান্য ভাতা	...	৬০,৩৫,০০০
অ্যাড-হক বোনাস	...	৬,০৫,০০০

		২০০৩-২০০৪ সালের বাজেট প্রাক্কলন
		টাকা
ভ্রমণের খরচ	...	৮,০০,০০০
অফিস চালানোর খরচ	ভোটেড :	১,৯০,০০,০০০
	চার্জড :	২,০০,০০০
ভাড়া অভিকর ও কর	...	১,০৬,০০০
অপর খরচ	চার্জড :	৩০,০০০
প্রিসাইডিং অফিসারদের কনফারেন্সে দেয় চাঁদা		১,৮৭,০০০
লন্ডনের ওয়েস্ট মিনিস্টার প্রাসাদস্থিত রাষ্ট্রমণ্ডল সংসদে কর্মরত করণিক সমিতিতে দেয় চাঁদা		১,০০০
রাষ্ট্রমণ্ডল সংসদ পরিসেলের পশ্চিমবঙ্গ শাখায় দেয় চাঁদা		৪,৪০,০০০
মোট—১০৩	ভোটেড :	৮,৪২,৮৪,০০০
	চার্জড :	২,৩০,০০০
৮০০—অন্যান্য খরচ পরিকল্পনা বহির্ভূত খাতে	...	
পাঠ ভ্রমণ	ভোটেড :	—
মোট ২০১১-রাজ্য বিধানমণ্ডল খাতে	ভোটেড :	২০,৬৮,৫২,০০০
	চার্জড :	২২,৩৮,০০০
সর্বমোট ('২০১১-রাজ্য বিধানমণ্ডল' খাতে)	...	২০,৯০,৯০,০০০

DEMAND No. 3

Major Head : 2013—Council of Ministers

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,20,51,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013—Council of Ministers" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 1,40,17,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২০০৩-২০০৪ সালে ৩নং দাবির অধীনে মুখ্যখাত, "২০১৩—মন্ত্রী পরিষদ" বাবদ ব্যয়-নির্বাহের জন্য ৪,২০,৫১,০০০.০০ টাকা (চার কোটি কুড়ি লক্ষ একান্ন হাজার টাকা) মঞ্জুর করা হোক।

ইতিপূর্বে ভোট অন্ অ্যাকাউন্টে দাবিকৃত ১,৪০,১৭,০০০.০০ টাকা (এক কোটি চল্লিশ লক্ষ সতের হাজার টাকা) উল্লিখিত অর্থাঙ্কের অন্তর্ভুক্ত।

২। এই হিসাবখাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হল :

(ক) মন্ত্রীদের বেতন, ভ্রমণ ভাতা, নিয়ামিক ভাতা (সাম্পচুয়ারী) এবং অন্যান্য ভাতা বাবদ ব্যয় ; এবং

(খ) নিজের বিচার-বিবেচনামতো মন্ত্রীগণ যে অনুদান মঞ্জুর করেন সেই অনুদান বাবদ ব্যয় ও সেই সঙ্গে মন্ত্রীদের অন্যান্য বিবিধ ব্যয়।

৩। পূর্বোক্ত যে পরিমাণ অর্থের জন্য এই দাবি জানানো হচ্ছে, তা থেকে ৫৬,০৫,০০০.০০ টাকা (ছাপ্পান্ন লক্ষ পাঁচ হাজার টাকা) মন্ত্রীদের বেতন এবং ১৫,০০,০০০.০০ টাকা (পনের লক্ষ টাকা) নিয়ামিক ভাতা এবং অন্যান্য ভাতা বাবদ ব্যয়-নির্বাহের জন্য বরাদ্দ করা হয়েছে।

৪। মন্ত্রীদের ভ্রমণের খরচ মেটানোর জন্যও ১,১৫,৫০,০০০.০০ টাকা (এক কোটি পনের লক্ষ পঞ্চাশ হাজার টাকা) বরাদ্দ করা হয়েছে।

৫। মন্ত্রীদের নিজেদের বিচার বিবেচনামতো অনুদান মঞ্জুর করতে গিয়ে যে ব্যয় হতে পারে তা মেটানোর জন্যও ৭,১০,০০০.০০ টাকা (সাত লক্ষ দশ হাজার টাকা) বরাদ্দ করে রাখা হয়েছে।

৬। মন্ত্রীদের আরও বিবিধ ধরনের কিছু কিছু ব্যয় মেটানোর জন্য বাজেটে ৮০,৮৬,০০০.০০ টাকা (আশি লক্ষ ছিয়াশি হাজার টাকা) ধরে রাখা হয়েছে।

৭। এই বলে, আমি ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৩নং দাবির অধীনে ৪,২০,৫১,০০০.০০ টাকা (চার কোটি কুড়ি লক্ষ একান্ন হাজার) টাকার বরাদ্দ মঞ্জুর করার জন্য সভার কাছে আবেদন জানাচ্ছি।

DEMAND No. 4

Major Heads : 2245—Relief on account of Natural Calamities, 2408—Food, Storage and Warehousing, 2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agriculture Programmes

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,65,99,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads : "2245—Relief on account of Natural Calamities, 2408—Food, Storage and Warehousing, 2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agriculture Programmes" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 3,88,67,000 already voted on account.)

মহাশয়,

আমি রাজ্যপালের অনুমোদনক্রমে ১১,৬৫,৯৯,০০০ (এগারো কোটি পয়ষট্টি লক্ষ নিরানব্বই হাজার) টাকার প্রস্তাব উত্থাপন করছি। এই টাকা দাবি নং ৪ (চার) যা কৃষিজ বিপণন দপ্তরের মূল শিরোনাম "২৪৩৫—অন্য কৃষিজ অনুক্রম, ৪৪৩৫—অন্য কৃষিজ অনুক্রমে মূলধন বিনিয়োগ, ২৪০৮—খাদ্য ভাণ্ডারিকরণ, ২২৪৫—প্রাকৃতিক বিপর্যয় নিমিত্তে ত্রাণ" নিয়ে গঠিত কৃষিজ বিপণন দপ্তর।

পশ্চিমবঙ্গের অধিকাংশ জনগণের প্রধান উপজীব্য কৃষি যা গ্রামীণ অর্থনীতির মুখ্য নির্ধারক। কৃষি ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রভূত উন্নতি করেছে এবং দ্রুত খাদশস্যের চাহিদা মেটাতে আত্মনির্ভরশীল হয়ে উঠেছে, বেশ কিছু কৃষিপণ্যের ক্ষেত্রে উদ্বৃত্ত রাজ্যে পরিণত হয়েছে।

আলু সহ বিভিন্ন সবজি ও মাছ উৎপাদনে পশ্চিমবঙ্গ অগ্রণীভাবে নিজেকে প্রকাশ করেছে, ফল উৎপাদনের ক্ষেত্রেও উৎসাহব্যঞ্জক। এই কৃষিজ উৎপাদন বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখতে হলে সর্বাগ্রে প্রয়োজন সুষ্ঠু বিপণন ব্যবস্থা। উৎপাদন বৃদ্ধি এবং বিপণন ব্যবস্থার উন্নয়ন সমানভাবে চলা প্রয়োজন, এই জন্যই বিপণন ব্যবস্থা সঠিক পরিকল্পনামাফিক উন্নত করা প্রয়োজন।

পশ্চিমবঙ্গে কৃষিজ বাজার ব্যবস্থা ত্রিস্তর। এর মধ্যে আছে ২৯২৫টি গ্রামীণ বাজার-হাট, ১৫৯টি পাইকারি ও ৪০টি প্রান্তিক রপ্তানি বাজার, মালিকানা ও পরিচালনা, স্থানান্তরে ও বাজারক্রমে ভিন্ন ভিন্ন। অধিকাংশ বাজারই ব্যক্তিমালিকানাধীন। এ ছাড়া আছে পঞ্চায়েত সমিতি, নিয়ন্ত্রিত বাজার সমিতির তত্ত্বাবধানে হাট-বাজার।

কৃষিজ বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ অনুযায়ী পশ্চিমবঙ্গে ৪৮টি নিয়ন্ত্রিত বাজার সমিতি গঠিত হয়েছে এবং এরা ২৪টি প্রধান বাজার, ১৫৯টি উপ-বাজার পরিচালনা করে। বাজার পরিকাঠামোর উন্নয়ন, শস্য সংরক্ষণাগার স্থাপন, গ্রাম থেকে বাজার সংযোগকারী রাস্তাঘাট নির্মাণ, বাজার কৃত্যকারী লাইসেন্সের মাধ্যমে বাজার কৃত্যকারীগণের নিয়ন্ত্রণ, ঋণ প্রদানের মাধ্যমে অভাবী বিক্রি বন্ধ করা, সুষ্ঠু বিপণন ব্যবস্থা সৃষ্টি করা ও বিপণন তথ্য পরিবেশন করার দায়িত্ব নিয়ন্ত্রিত বাজার কমিটিগুলিকে ন্যস্ত করা হয়েছে।

কৃষি উন্নয়নের পূর্বশর্ত হল সঠিক সময়েও লাভজনক দামে কৃষিপণ্য বিপণন। এর জন্য কৃষি বিপণনের সঠিক উন্নয়ন আবশ্যক। পশ্চিমবঙ্গের গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল আলু ও পাটের বিপণনের ক্ষেত্রে ন্যায্য মূল্য নির্ধারণে কৃষিজ বিপণনের প্রচেষ্টা উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। আলুর জন্য হিমঘরগুলিতে ২০০৩ সালের জন্য প্রায় ৪০.০০ লক্ষ মেট্রিক টন ধারণক্ষমতা সৃষ্টি হয়েছে। এই ধারণক্ষমতা এখন প্রায় মোট আলু উৎপাদনের ৫০ শতাংশ।

এ ছাড়াও বহুমুখী হিমঘর স্থাপনের মাধ্যমে আমরা শাক, সবজি, ফল প্রভৃতি রাখার জন্য প্রচেষ্টা চালাচ্ছি। আমরা উদ্যোগীদের বহুমুখী হিমঘর স্থাপনের প্রয়োজনীয়তা সম্বন্ধে জ্ঞাত করছি এবং উৎসাহ প্রদান করছি। যার ফলে এ বছর মার্চ, ২০০৩ পর্যন্ত মোট ৩০টি

বহুমুখী হিমঘর স্থাপিত হয়েছে, যার ধারণক্ষমতা ৫.৬৬ লক্ষ কুইন্টাল। আমরা আশা করছি—এ বছর আরও কিছু বহুমুখী হিমঘর সমবায় এবং ব্যক্তিগত মালিকানাধীন উদ্যোগে স্থাপন করা সম্ভব হবে।

পাটের সহায়ক মূল্যের উপর কঠোর দৃষ্টি রাখা হয়েছিল, এবং এর ফলে দরের পতন রোধ সম্ভব হয়েছে। জে সি আই (J. C. I.) গত বছরের তুলনায় এ বছর অধিক পরিমাণ পাট সংগ্রহ করেছে। সম্ভাব্য ক্ষেত্রে জে সি আই-এর চাহিদা অনুযায়ী নিয়ন্ত্রিত বাজারে গুদামঘর ও অন্যান্য সুযোগ-সুবিধা সৃষ্টি করা হয়েছে।

নিয়ন্ত্রিত বাজার কমিটিগুলি এখনও পর্যন্ত উন্নয়নের ও নিয়ন্ত্রণের ক্ষেত্রে বিভিন্ন অসুবিধার জন্য উপযুক্ত ভূমিকা পালন করে উঠতে পারেনি। তাই নিয়ন্ত্রিত বাজার কমিটিগুলির জন্য উন্নয়নের পরিকল্পনা গ্রহণের এখনই সঠিক সময়। কারণ বিশ্ব বাণিজ্য ও বিশ্বায়ন আমাদের দোরগোড়ায় উপস্থিত হয়েছে।

বিগত কয়েক বছর জেলা পরিষদগুলিকে দেয় অর্থের মাধ্যমে নিয়ন্ত্রিত বাজার ও বাজার সংযোগকারী রাস্তা উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, বর্তমানে বাজার পরিকাঠামো উন্নয়নের জন্য আরও বিপুল অর্থের প্রয়োজন। গত বছর অর্থাৎ ২০০১-২০০২ সাল থেকে ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের যৌথ আর্থিক সহায়তায় MACRO MODE প্রকল্পে প্রদেয় অর্থ বাজার পরিকাঠামো উন্নয়নে ব্যয় করা হবে। ওই অর্থ দ্বারা বিভিন্ন বাজার সমিতির উন্নয়ন হাতে নেওয়া হয়েছে।

২০০২-২০০৩ আর্থিক বছরে বাজার পরিকাঠামো নির্মাণ, বাজার পরিষেবা বা গ্রাম থেকে বাজার সংযোগকারী রাস্তা নির্মাণ খাতে বাজেটে বরাদ্দকৃত কোনও অর্থই এখনও পর্যন্ত পাওয়া যায়নি। কিন্তু নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি নিজস্ব অর্থ তহবিল থেকে লক্ষাধিক টাকা ব্যয়ে বেশ কিছু উন্নয়নমূলক কার্যপরিকল্পনা গ্রহণ করেছে। এদের মধ্যে উল্লেখযোগ্য হল বীরভূম জেলার বোলপুরে একটি বহুমুখী বাজার প্রকল্প নির্মাণ, মুর্শিদাবাদ জেলার কাশিমবাজারে মূল বাজার চত্বরে ধান-চালের কেনাবেচার জন্য বাজার নির্মাণ, ওই জেলার জঙ্গীপুর মহকুমার ওমরপুরে বাজার সমিতির তহবিল থেকে ৯ একর জমি ক্রয় করে একটি মুখ্য বাজার চত্বর নির্মাণ, জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক ময়নাগুড়িতে একটি উপ-বাজার চত্বর গঠন, মালদা জেলার ইংলিশবাজার নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বরে আম এবং অন্যান্য ফল ও সবজির, এবং বিভিন্ন কৃষিপণ্যের জন্য বাজার পরিকাঠামো নির্মাণ, শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বরে আলু, পেঁয়াজের বাজার চত্বর নির্মাণ এবং তমলুক নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক তমলুকে একটি পানের বাজার নির্মাণ প্রকল্প গ্রহণ।

এ ছাড়া ২০০১-২০০২ সালে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের সামান্য আর্থিক অনুদানে, MACRO MODE প্রকল্পে, মুর্শিদাবাদ জেলার লালবাগে পুরাতন তহবাজারের স্থলে একটি আধুনিক বহুমুখী বাজার নির্মাণ কর্মসূচি শুরু হয়েছে। উক্ত প্রকল্পাধীনে ইসলামপুরে নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বরে প্রশাসনিক ভবন নির্মাণ এবং বাগনানে একটি পানের বাজার নির্মাণকার্যও চলছে।

২০০৩-২০০৪ সালে এই প্রকল্পে, আমি ৩ কোটি ৪৭ লক্ষ ২২৫০ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখছি। এর মধ্যে ৯০ শতাংশ কেন্দ্রীয় অনুদান এবং ১০ শতাংশ ব্যয় রাজ্য সরকার বহন করবেন।

কোনা এক্সপ্রেসওয়ের সন্নিকটে একটি জমিতে বড়বাজারে মেছুয়া ফল বাজারটিকে স্থানান্তর করার জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে এ ক্ষেত্রে পর্যাপ্ত জমি এবং আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন বিশাল বাজার পরিকাঠামো গড়ার জন্য প্রয়োজনীয় অর্থের সংকুলান করার বিষয়টি সমস্যাবহুল।

হিমঘর

আলু উৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান ভারতে দ্বিতীয়। আলুর উৎপাদন প্রতি বছরই বাড়ছে। গত বছর ভাল দাম পাওয়ার জন্য এ বছর আলুর চাষ গত বছরের তুলনায় বেশি হয়েছে এবং উৎপাদন ৮৪ লক্ষ মেট্রিক টনে পৌঁছে যাবে বলে আশা করছি। বিগত দশকে আলুর উৎপাদন স্থিরভাবে বৃদ্ধি পেয়ে ১৯৯১-২০০১ সালের মধ্যে ৭০ শতাংশ বৃদ্ধি পেয়েছিল যা কিনা বার্ষিক বৃদ্ধির হার শতকরা ৭ ভাগ। এই বৃদ্ধির ফলশ্রুতি হিসাবে হিমঘরের ধারণক্ষমতার চাহিদা বেড়েছে এবং হিমঘরের ধারণক্ষমতা বৃদ্ধির দিকে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ১৯৯১ সালে হিমঘরের ধারণক্ষমতা ছিল ২১ লক্ষ মেট্রিক টন। বর্তমানে ২০০৩ সাল পর্যন্ত ক্রমশ বৃদ্ধি পেয়ে এই ধারণক্ষমতা প্রায় ৪০ লক্ষ মেট্রিক টনে পৌঁছে যাবে বলে আশা করা যায়।

আলু সংরক্ষণের জন্য হিমঘরের ধারণক্ষমতার চাহিদার সঙ্গে সঙ্গে বিভিন্ন পণ্য যেমন—ফল, সবজি, মাছ, ডিম, ফুল, দুধ ও দুগ্ধজাত পণ্য সংরক্ষণের জন্য বহুমুখী হিমঘরের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে পশ্চিমবঙ্গে ৩০টি বহুমুখী হিমঘর রয়েছে। যার ধারণক্ষমতা প্রায় ৫ লক্ষ ৬৬ হাজার কুইন্টাল। এই বহুমুখী হিমঘরগুলি অধিকাংশই কলকাতার সন্নিকটে অবস্থিত। তাই চাহিদার উপর ভিত্তি করে বহুমুখী হিমঘর স্থাপনের জন্য প্রয়োজনীয় উৎসাহ প্রদান করা হচ্ছে। আমি আশা করছি এই দপ্তরের দক্ষতা, উৎসাহ ও পরামর্শ প্রদানে আগামী বছরগুলোতে আরও বহুমুখী হিমঘর পশ্চিমবঙ্গে স্থাপন সম্ভব হবে।

দক্ষতার সঙ্গে হিমঘর পরিচালনা করার উদ্দেশ্যে এই দপ্তর হিমঘরের কারিগরি কর্মীদের কারিগরি দক্ষতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ দিচ্ছে। এই প্রশিক্ষণের মাধ্যমে হিমঘরগুলি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং দুর্ঘটনা ও অগ্নিকাণ্ডের সম্ভাবনা কমছে, যার ফলে চাষিরা ক্ষতির হাত থেকে রক্ষা পাচ্ছেন—যা আমাদের গর্বের বিষয়।

আমি বিশেষ আনন্দের সঙ্গে সভাকে জানাচ্ছি যে, প্রতি বছরের ন্যায় সংরক্ষণ করা পণ্যের গুণগতমান বজায় রাখার জন্য এবং হিমঘর সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার জন্য নির্দিষ্ট সময়ান্তরে যন্ত্রবিদ ও প্রশাসনিক কর্মী দ্বারা গঠিত আমার দপ্তরের আধিকারিকরা হিমঘরগুলি পরিদর্শন করে এবং হিমঘরের সঙ্গে যুক্ত কর্মীগণকে বিজ্ঞানভিত্তিক উপদেশ প্রদান করেন। এই পরিদর্শন কর্মসূচি হিমঘরে সংরক্ষণ করা পণ্যের মান বজায় রাখতে ও সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে। হিমঘরে সংরক্ষিত আলুর জন্য বীমাকৃত অর্থ আদায়ের হার নির্ধারিত করে দেয়—যাতে বীমাকৃত অর্থ আদায়ের ক্ষেত্রে কোনও অনিয়ম না হয়।

পশ্চিমবঙ্গ হিমঘর (অনুজ্ঞাপত্র প্রদান ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৬৬ অনুসারে বিপণন অধিকার হিমঘরের অনুজ্ঞাপত্র প্রদান ও প্রতি দুবছর অন্তর পুনর্নবীকরণের দায়িত্ব পালন করেন।

লাইসেন্স নবীকরণের জন্য প্রয়োজনীয় তথ্য ও প্রমাণপত্র আবেদনপত্রের সঙ্গে দাখিল করা হয়েছে, এমন কোনও আবেদনপত্র ২০০২-২০০৩ সালে নামঞ্জুর হয়নি। গত বছর থেকে নবীকরণের মূল কাজ যথা আবেদনপত্র গ্রহণ করা, পরিদর্শন করা এবং প্রয়োজনীয় তথ্য ও প্রমাণপত্র দাখিলের নির্দেশ দেওয়ার প্রধান দায়িত্ব জেলা বিপণন আধিকারিকগণের উপর দেওয়া হয়েছে যাতে নবীকরণের কাজটি গতিশীল হয়। এই বিকেন্দ্রীকরণের ফলে নবীকরণের কাজ যথেষ্ট ত্বরান্বিত হয়েছে, আগামী বছরগুলিতে এই গতি অব্যাহত রাখা যাবে বলে আশা করা হচ্ছে।

২০০৩-২০০৪ সালে হিমঘর সংক্রান্ত ব্যাপারে, কারিগরি শিক্ষা ও অন্যান্য খরচ বাবদ ১ লক্ষ টাকার বরাদ্দ প্রস্তাব অনুমোদনের জন্য উত্থাপন করা হল।

খামার স্তরে উন্নত শস্যগোলা স্থাপন

যাতে করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণ খামার স্তরে খাদশস্য বিজ্ঞানসম্মতভাবে গুদামে সংরক্ষণ করতে পারেন সেই উদ্দেশ্যে এই প্রকল্পটি গ্রহণ করা হয়েছে বিগত কয়েক বছর ধরে। যে শ্রেণীর কৃষকগণকে লক্ষ্য করে এই প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল, তাদের কাছে এই প্রকল্পটি বিপুলভাবে আশাব্যঞ্জক হলেও এই প্রকল্প খাতে অর্থ বরাদ্দ অপ্রতুল ছিল। ২০০১-২০০২ সালে এই প্রকল্পের জন্য বরাদ্দ ছিল ৮ লক্ষ টাকা এবং ২০০২-২০০৩ সালে এই বরাদ্দের পরিমাণ ছিল ৭.৯২ লক্ষ টাকা, কিন্তু ২০০১-২০০২ সালে এই প্রকল্প বাবদ কোনও টাকা পাওয়া যায়নি। ২০০২-২০০৩ সালে এই বাবদ Tribal sub-Plan-এ ৩ (তিন) লক্ষ টাকা পেয়েছি এবং ৫০টি ছোট ছোট শস্যগোলা স্থাপনের কাজ চলছে। এই প্রকল্পটি যেহেতু চাষিদের খুবই উপকার করে, তাই এই প্রকল্পটি আগামী বছরেও চলবে।

২০০৩-২০০৪ সালে এর জন্য বরাদ্দের পরিমাণ ৩ লক্ষ টাকার প্রস্তাব পেশ করা হচ্ছে।

উন্নতমানের গরুর গাড়ি ও রিকশা ভ্যান বিতরণ

উচিত মূল্য পেতে চাষিভাইদের খামারজাত পণ্য খামার থেকে বাজারে পরিবহনের উদ্দেশ্যে কিছু পরিবহন ব্যবস্থার প্রয়োজন—এ কথা অনস্বীকার্য। এই উদ্দেশ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণকে সরকারি অনুদানের মাধ্যমে উন্নতমানের গরুর গাড়ি ও রিকশা ভ্যান বিতরণের প্রকল্প বেশ কয়েক বছর ধরে চালু আছে। ২০০৩-২০০৪ সালেও এই প্রকল্পটি চালু রাখার প্রয়োজনীয়তা আছে। উন্নতমানের গরুর গাড়ি ও রিকশা ভ্যানের স্থিরীকৃত মূল্যের ৫০ শতাংশ অনুদান দেওয়া হয় এবং বাকি ৫০ শতাংশ উপকৃত কৃষককে বহন করতে হয়। ২০০১-২০০২ সালে মোট ৪৪৪টি উন্নতমানের গরুর গাড়ি ও রিকশা ভ্যান বিতরণ করা হয়েছে।

২০০৩-২০০৪ সালে, এই বাবদ বরাদ্দ ১ লক্ষ ৮২ হাজার টাকার প্রস্তাব উত্থাপন করা হল।

খামার থেকে বাজার সংযোগকারী রাস্তা

কৃষি বিপণনের ক্ষেত্রে অত্যাবশ্যক প্রয়োজন ও গুরুত্ব বিষয়ে সচেতন হয়ে খামার থেকে বাজার পর্যন্ত সংযোগকারী রাস্তা প্রকল্পকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে। এই খাতে সর্বাধিক বরাদ্দ প্রস্তাব রাখা হয়েছে। কারণ এতে করে কৃষকগণ তাদের খামারজাত পণ্য কম খরচে বাজারে নিয়ে যেতে সমর্থ হন। চরম প্রয়োজনীয়তা বিবেচনা করে সুদূর প্রত্যন্ত অঞ্চলকে সব আবহাওয়ার উপযুক্ত রাস্তা দিয়ে বাজারের সঙ্গে সংযুক্ত করার জন্য খামার থেকে বাজার সংযোগকারী রাস্তা ও বাজার উন্নয়নের প্রকল্প ২০০৩-২০০৪ সালেও চালু রাখার প্রস্তাব রাখা হচ্ছে এবং ২১ লক্ষ টাকার বরাদ্দ প্রস্তাব অনুমোদনের জন্য উত্থাপন করা হল।

এই প্রসঙ্গে বলা যায় পশ্চিমবঙ্গে ৪৭টি নিয়ন্ত্রিত বাজার সমিতির এলাকাধীন প্রায় ১৫১৪.৮৮ কিমি গ্রামীণ রাস্তা তৈরি করা হয়েছে।

খামার থেকে বাজার সংযোগকারী রাস্তা ও বাজার উন্নয়ন প্রকল্প ২০০৩-২০০৪ সালে চালু রাখার প্রস্তাব উত্থাপন করা হল এবং ১ কোটি ২৮ লক্ষ ২৭ হাজার টাকার বরাদ্দ প্রস্তাব রাখা হল।

ফল ও সবজি সংরক্ষণ ও প্রশিক্ষণ

পরিসংখ্যান থেকে জানা যায় যে ভারতবর্ষে আনুমানিক ৩০ শতাংশ ফল ও সবজি নষ্ট হয়ে যায় শুধুই উৎপাদন পরবর্তী সময়ে বাছাই, মোড়ক করা, পরিবহন ও বিপণনে বৈজ্ঞানিক ও যান্ত্রিক বিধির প্রয়োগদক্ষতার ঘাটতির জন্য। এই বিষয়ে দক্ষতার প্রয়োগ ও প্রসার, ভোগের জন্য পণ্যের উন্নতমান বজায় রাখবে ও অপচয় বন্ধ করবে।

পশ্চিমবঙ্গে সবজি ও ফল যেমন আম, আনারস, কমলালেবু, পেয়ারা, টমেটো প্রচুর পরিমাণে উৎপাদিত হয়। মরশুমে বিপুল পরিমাণে আমদানি হয় এবং উপযুক্ত সংরক্ষণ ব্যবস্থার অভাব হেতু অনেক সময় বাজারদর কমে যায়। চাহিদা ও জোগানের ভারসাম্য বজায় থাকলে এইসব পণ্য উঁচু দরে বিক্রি হবে।

এই সমস্যা মোকাবিলা করার জন্য বিগত ষাটের দশক থেকে আমার দপ্তর ফল সবজি প্রক্রিয়াকরণের দায়িত্ব গ্রহণ করেছে এবং আমরা ২৪টি ফল ও সবজি সংরক্ষণ ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছি। এই কেন্দ্রগুলির মাধ্যমে উন্নতমানের বৈজ্ঞানিক সংরক্ষণবিধি পরিবেশন করা হয়। এই কেন্দ্রগুলির উদ্দেশ্য হল অপচয় রোধ করা এবং কর্মহীন যুবক ও মহিলাদের কর্মের সুযোগ সৃষ্টি করা। গত বছর থেকে আমরা বেকার যুবকদের প্রশিক্ষণের ব্যবস্থা করেছি—সারা পশ্চিমবঙ্গে। যাতে করে তারা ফল ও সবজি সংরক্ষণের ব্যাপারে এই প্রভূত সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের উন্নতিতে শরিক হতে পারেন।

কর্মহীন যুবক, বিশেষত মহিলাদের অল্প সময়ে ফল ও সবজি সংরক্ষণের সংক্ষিপ্ত প্রশিক্ষণ দেওয়া হয়। এখানে বিপণনের জন্য জ্যাম, জেলি, আচার ও চাটনি তৈরি করা হয় এবং "না লাভ না ক্ষতি"-র ভিত্তিতে বিক্রি করা হয়। সাধারণভাবে জনগণ এই কেন্দ্রগুলি থেকে নামমাত্র সার্ভিস চার্জের বিনিময়ে জ্যাম, জেলি, স্কোয়াশ, আচার ইত্যাদি বানিয়ে নিয়ে যেতে পারেন। এই কেন্দ্রগুলি সংরক্ষণ বিষয়ে জনমত গঠন করতেও ফল ও সবজি সংরক্ষণকে জনপ্রিয় করে তুলতে সাহায্য করে।

এই পরিকল্পনা বাবদ ২০০৩-২০০৪ সালে ৩ লক্ষ টাকার প্রস্তাব উত্থাপন করা হচ্ছে।

পাটের শ্রেণীবিন্যাস প্রশিক্ষণ

পাট এখনও পশ্চিমবঙ্গের একটি গুরুত্বপূর্ণ, অর্থকরী ফসল এবং কয়েকটি জেলার গ্রামীণ অর্থনীতি পাটের উপর নির্ভরশীল। পাটের বাজারদর পাটের শ্রেণীগত মানের উপর নির্ভর করে। উন্নতমানের পাট উৎপাদন অধিক লাভজনক—এ বিষয়ে কৃষকদের সচেতনতা বৃদ্ধির জন্য পাটের শ্রেণীবিন্যাস প্রশিক্ষণ দেওয়ার প্রকল্পটি বাস্তবায়িত করা হচ্ছে। ভারত সরকারও উন্নতমানের পাট উৎপাদনের জন্য প্রশিক্ষণে অর্থসাহায্য দিয়ে থাকেন। বাজারদর মন্দা হওয়া রোধ করার জন্য আমার দপ্তর বিশেষভাবে সজাগ। কারণ পাট একটি অর্থকরী ফসল। ভারতীয় পাট নিগম যাতে সহায়ক মূল্যে পাট কেনেন এবং চাষিরা অভাবী বিক্রি করতে বাধ্য না হন তার জন্য আমার দপ্তর ভারতীয় পাট নিগমকে গুদামঘর, বেলিং প্রেস, বাজার চত্বর ব্যবহার করা ইত্যাদি বিভিন্ন রকমের সুযোগ-সুবিধা প্রদান করে। এ বছরের ক্ষেত্রে জে সি আই-এর পাট ক্রয় আমাদের সমবেত প্রচেষ্টার একটা যুগান্তকারী ফল হিসাবে চিহ্নিত থাকবে। নিয়ন্ত্রিত বাজারগুলি এই ব্যাপারে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

২০০৩-২০০৪ সালে এই প্রকল্প বাবদ ৫০ হাজার টাকার জন্য বরাদ্দ প্রস্তাব উত্থাপন করা হচ্ছে।

বিপণন তথ্য

সারা পশ্চিমবঙ্গে ১০০টি বিপণন তথ্যকেন্দ্রের মাধ্যমে বিপণন দপ্তর বিভিন্ন কৃষিপণ্যের জোগানের পরিমাণ ও বাজারদর সংগ্রহ করে বিভিন্ন প্রচারমাধ্যম যথা আকাশবাণী ও দূরদর্শনের মাধ্যমে পরিবেশন করে। কৃষকদের বর্তমান বাজারের অবস্থা ও বাজারদর সম্পর্কে অবগত হতে সাহায্য করে। কৃষকদের পণ্যের বিপণন ও মূল্য নির্ধারণে যাচাই করতে সাহায্য করে। দৈনিক ও মাসিক ক্রোড়পত্রে বাজারদর প্রকাশ করা হয়। এই বাজারদর সরকারি হাসপাতাল, সরকারি প্রতিষ্ঠান ও রেল দপ্তরকে কৃষিপণ্যের জোগানে চুক্তিবদ্ধ হতে সাহায্য করে। বিভিন্ন শ্রেণীর কর্মীদের জন্য পাইকারি বাজারদরের সূচক তৈরি করতে ভারত সরকারকে এই বাজারদর বিশেষভাবে সাহায্য করে। ভারত সরকারের অর্থানুকূল্যে জাতীয় তথ্যকেন্দ্রের মাধ্যমে বিপণন দপ্তর বিপণন অধিকারের মাধ্যমে সকল বিপণন তথ্যকেন্দ্রকে একটি বিশেষ এ জি নেট ওয়ার্ক-এ যুক্ত করে বিপণন তথ্য সংগ্রহ ও পরিবেশনের ক্ষেত্রটিকে

আরও অধিক দ্রুত ও কর্মক্ষম করে তোলা হচ্ছে। এই সঠিক সংযুক্তি বিপণন তথ্য সংগ্রহ ও পরিবেশনকে তাৎক্ষণিক ও সুনিশ্চিত করবে এবং কৃষকগণ কৃষিপণ্য বিপণনে বিশেষ উপকৃত হবেন।

ভারত সরকার বিভিন্ন বাজারে তথ্য পরিবেশনের জন্য ৩১টি কম্পিউটার দিয়েছেন, এই কম্পিউটারগুলোর মাধ্যমে পশ্চিমবঙ্গ তথা ভারতের বিভিন্ন বাজারে কৃষিপণ্য কী দরে বিক্রি হচ্ছে—তা জানতে পারা এবং কৃষকভাইদের এ ব্যাপারে অবহিত করা যাচ্ছে। এই বিশেষ খবরাখবর কৃষিপণ্য বিপণনের ক্ষেত্রে এক নতুন দিগন্ত উন্মোচন করবে। বিগত ২০০১-২০০২ সালে ৫০টি বিপণনচর্চা মণ্ডল, ৫০টি বিপণন তথ্য উপস্থাপনা করা হয়েছিল, যার দ্বারা কৃষকগণ বিপণন তথ্যের উপকারিতা, প্রয়োজনীয়তা এবং এর ব্যবহারিক প্রয়োগ সম্পর্কে বিশেষ জ্ঞানলাভ করেছেন। যেহেতু এই প্রকল্পটি ভীষণ সমাদর লাভ করেছে, তাই আগামী বছরও এই প্রকল্পটি চালু থাকবে।

বিভিন্ন কৃষিজ বিপণন প্রশিক্ষণ

বিশ্ব বাণিজ্যের স্বরূপ এবং বিশ্বায়নের সমস্যা চাষিদের অবহিত করার জন্য এবং এ অবস্থার পরিপ্রেক্ষিতে কৃষি বিপণনের কী ভূমিকা হওয়া উচিত সে সম্পর্কে শিক্ষা দেওয়ার জন্য আমরা নিম্নলিখিত প্রশিক্ষণ চালু করেছি—

	প্রশিক্ষণের নাম	সাল ২০০১-২০০২	সাল ২০০২-২০০৩ (প্রস্তাবিত)
(১)	মোড়ক (প্যাকেজিং) জাতকরণ	১২টি	২০টি
(২)	বিপণনচর্চা মণ্ডল	৫০টি	১০০টি
(৩)	শস্য বন্ধকি লগ্নিকরণ	৭টি	৩০টি
(৪)	উৎপাদনোত্তর গুদামজাতকরণ	৫২টি	৭৬টি
(৫)	পাট শ্রেণীবিন্যাস	৩৬টি	১১২টি
(৬)	ফল ও সবজি সংরক্ষণ	১৯৯টি	২৩০টি

এ ছাড়া এ বছর খড়্গপুরে ১৬তম জাতীয় কৃষি বিপণন সম্মেলন ৩-৫ জানুয়ারি '০৩ অনুষ্ঠিত হয়েছিল—যেখান থেকে আমরা আগামী দিনের কৃষি বিপণনের রূপরেখা নির্ণয়ে সঠিক পদক্ষেপ সম্বন্ধে একটা রূপরেখা পাব বলে আশা করছি। এ ছাড়াও পশ্চিমবঙ্গে ৪টি এ ই জেড (A.E.Z.) রূপায়ণের ব্যবস্থা চলছে। সেখানে আমাদের কী ভূমিকা নিতে হবে সে বিষয়ে আমরা বিশেষভাবে আলোচনা করছি।

কৃষিজ বিপণন আধিকারিকগণের প্রশিক্ষণ

এই রাজ্যের কৃষিপণ্যকে অন্য রাজ্য বা বিদেশে রপ্তানিযোগ্য করে তোলার জন্য পণ্যের বিপণনের সঙ্গে যুক্ত আধিকারিকগণকে নতুন প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হবে।

এই প্রকল্পের আওতায় ২০০১-২০০২ সালে হিমঘরের কারিগরি কর্মীগণকে প্রশিক্ষণ দেওয়া হবে।

এই প্রকল্পের আওতায় ২০০১-২০০২ সালে হিমঘরের কারিগরি কর্মীগণকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং আলুচাষিদের আলু উৎপাদন ও সংরক্ষণের বিভিন্ন পর্যায় সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০০২-২০০৩ আর্থিক বছরে এই প্রশিক্ষণে আলোচনাসভা, আলোচনাচক্র, বিশেষ সভা সংগঠিত করার বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে এবং আধিকারিক, চাষি, ব্যবসায়ী, অগ্রণী ব্যক্তি ও পঞ্চায়েত আধিকারিকগণকে এই সকল শিবির ও আলোচনাসভায় সামিল করা হয়েছে। আগামী বছরে এই প্রকল্প চালু থাকবে।

কৃষিজ বিপণন আধিকারিকদের প্রশিক্ষণ বাবদ ২০০৩-২০০৪ সালের জন্য ২ লক্ষ টাকার প্রস্তাব উত্থাপন করা হল।

পণ্যাগারের অনুজ্ঞাপত্র প্রদান আইন

পশ্চিমবঙ্গ পণ্যাগার আইন, ১৯৬৩ অনুসারে বিপণন দপ্তর পণ্যাগারগুলিকে নিয়ন্ত্রণ ও সুষ্ঠু পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করে। বর্তমানে ২৪৯ সংখ্যক অনুজ্ঞাপত্র প্রাপ্ত পণ্যাগার আছে যার সমষ্টিগত ধারণক্ষমতা ৭.৬৪ লক্ষ মেট্রিক টন। এই পণ্যাগারগুলি কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার ও আধা সরকারি সংস্থা এবং ব্যক্তিমালিকানাধীন।

কৃষিজ পণ্যের গুণমান নিয়ন্ত্রণ

এই প্রকল্পের দ্বারা কৃষিপণ্যের মান নির্ধারণ করার মাধ্যমে কৃষক যাতে উচিত মূল্য পান তা সুনিশ্চিত করা হয়। কৃষিপণ্যের শ্রেণীবিন্যাস ও চিহ্নিত আইন ১৯৩৭ মোতাবেক এই প্রকল্পটি চালু আছে। কৃষিজ বিপণন অধিকারের অধীনে ৫টি গবেষণাগারের মাধ্যমে এই সুবিধা প্রদান করা হয়। কৃষিপণ্যের মান নির্ধারক চিহ্ন হচ্ছে 'আগমার্ক'। এই আগমার্ক চিহ্ন—৪৭০ কুইন্টাল মধু, ২০৫০ কুইন্টাল সর্ষের তেল, ২২ কুইন্টাল ঘি এবং ২৭০০ কুইন্টাল মশলাকে ২০০২-২০০৩ সালে প্রদান করা হয়েছে। এই পদ্ধতিকে জনমুখী ও জনপ্রিয় করে তোলার জন্য মেলা ও প্রদর্শনীর আয়োজন করা হয়। এই প্রকল্পটি ২০০৩-২০০৪ সালেও চালু রাখার প্রস্তাব উত্থাপন করা হল।

পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ

পশ্চিমবঙ্গে রাজ্য বিপণন পর্ষদ একটি বিধিবদ্ধ স্বয়ংশাসিত সংস্থা। পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ মোতাবেক গঠিত বাজার কমিটিগুলির কর্মকাণ্ড নিয়ন্ত্রণ, পরিচালন, পরামর্শ প্রদান, পরিদর্শন করাই বিপণন পর্ষদের প্রধান কাজ। বিপণন পর্ষদ নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির বাৎসরিক পরিকল্পনা, পর্যালোচনা ও বাজার কমিটির আর্থিক অবস্থা বিচার করে অনুমোদন করে। বাজার কমিটিগুলির কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনায় আইন অনুযায়ী সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করতে পরামর্শ প্রদান করে। বাজার কমিটিগুলির আয়-ব্যয় গণৎপ্রাপ্ত হিসাব পরীক্ষক (চ্যাটার্ড অ্যাকাউন্ট্যান্ট) দ্বারা পরীক্ষা করানোর বিষয়টিও রাজ্য বিপণন পর্ষদ সুনিশ্চিত করে।

নিয়ন্ত্রিত বাজার সমিতি

পশ্চিমবঙ্গে ৪৭টি নিয়ন্ত্রিত বাজার সমিতি গঠিত হয়েছে এর মধ্যে ৪৪টি চালু আছে। এই বাজার সমিতিগুলির ২৪টি প্রধান বাজার চত্বর ও হিমঘর সহ ৫৫১টি উপ-বাজার চত্বর আছে। পশ্চিমবঙ্গ কৃষিপণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ প্রয়োগের পর থেকে কৃষিজ বিপণন ব্যবস্থা দৃঢ়ভাবে পশ্চিমবঙ্গে এগিয়ে চলেছে।

পাকা চত্বর, ছাউনি, বাজার সংযোগকারী রাস্তা, পানীয় জল সরবরাহ, শৌচালয়, বিশ্রামাগার তৈরি করে প্রধান ও উপবাজারগুলিতে পরিকাঠামোগত সুযোগ-সুবিধা প্রদান করেছে। ব্যবসায়ী, দালাল, ওজনদার, কমিশন এজেন্টদের লাইসেন্সের আওতাভুক্ত করে বাজার ব্যবস্থাকে সুষ্ঠুভাবে নিয়ন্ত্রণে রাখছে। উপযুক্ত পরামর্শ ও অর্থের অভাবে সবকটি নিয়ন্ত্রিত বাজারকে সুষ্ঠুভাবে উন্নয়ন করা সম্ভব হয়নি। এ ছাড়া বাজার সমিতির নিজস্ব তহবিল থেকে ৪৪টি গ্রামীণ রাস্তা (যার দৈর্ঘ্য ৩৭.০৫ কিলোমিটার) তৈরি হয়েছে। এ ছাড়া বিভিন্ন রকমের পরিকাঠামো যেমন, ১২০টি ছাউনিসহ চাতাল, কালভার্ট, বহু টিউবওয়েল, পয়ঃপ্রণালী—বাজার চত্বর ঘেরার দেওয়াল এবং ব্যবসার জন্য দোকানঘর তৈরি হয়েছে।

কৃষিজ বিপণন দপ্তরটি নতুন সৃষ্টি হয়েছে। এই দপ্তর বিভিন্ন উৎস থেকে সংগৃহীত অর্থ সুষ্ঠু পরিকল্পনা ও পর্যায়ক্রমে প্রধান বাজার চত্বর, উপ-বাজার চত্বর, গ্রামীণ বাজার এবং খামার থেকে বাজার সংযোগকারী রাস্তা উন্নয়নে ব্যয় করার পরিকল্পনা গ্রহণ করেছে। রাজ্য বিপণন পর্ষদ দ্বারা অনুমোদিত পরিকল্পনাগুলি বিপণনের সুযোগ-সুবিধা বৃদ্ধির কর্মকাণ্ডে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটাতে সাহায্য করেছে। অগ্রগতিগুলির বিবরণ নীচে উল্লেখ করা হল :

১।	প্রধান বাজার চত্বর উন্নয়ন	: ২৪টি
২।	বাজার সংযোগকারী রাস্তার উন্নয়ন	
	(ক) সংখ্যা	: ৮০৩টি
	(খ) দৈর্ঘ্য	: ১৫১৪.৮৮ কিমি
৩।	উপ-বাজার চত্বর, প্রাথমিক বাজার ও হাটের উন্নয়ন	: ১২৮
৪।	অন্যান্য পরিষেবামূলক কর্মসূচি	
	(ক) নলকূপ স্থাপন	; ৮৩৬টি
	(খ) সেতু	: ৭টি
	(গ) কালভার্ট	: ২৬৩টি
	(ঘ) কৃষকগণের বিশ্রামাগার ও প্রশাসনিক ভবন	: ১৩টি

পরিবর্তিত বিশ্বায়ন এবং বিশ্ব বাণিজ্য আজ আমাদের দোরগোড়ায় উপস্থিত যা আমাদের একটা বিরাট চ্যালেঞ্জের সম্মুখীন করেছে। এই পরিবর্তিত পরিস্থিতি মোকাবিলার জন্য বিপণন দপ্তরকে প্রস্তুত থাকতে হবে।

(১) পশ্চিমবঙ্গে শতকরা ৭৫ ভাগ লোক যারা কৃষিকার্যের সঙ্গে জড়িত, তাদের এই অবস্থা থেকে উত্তরণের জন্য আমরা কিছু স্বল্পকালীন ও কিছু দীর্ঘকালীন পরিকল্পনা রচনার ব্যাপারে সচেষ্ট হয়েছি। পশ্চিমবঙ্গের যে সব জায়গা এখনও নিয়ন্ত্রিত বাজার কমিটির অধীনে নেই, সেই সব জায়গাগুলিও আমরা নিয়ন্ত্রিত বাজার কমিটিগুলির মধ্যে আনব এবং সেখানেও কৃষি বিপণনের সুযোগ-সুবিধার জন্য পরিকাঠামো তৈরি করব যাতে পশ্চিমবঙ্গের সমস্ত চাষিরা এর ফল পেতে পারেন।

(২) পশ্চিমবঙ্গের সমস্ত গ্রামীণ বাজার সংযোগকারী রাস্তাগুলির জন্য পর্যায়ক্রমে উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা হবে যাতে কম খরচায় অতি সহজেই চাষিভাইরা তাদের কৃষিপণ্য দোরগোড়ায় বিক্রি না করে বাজারে এসে সঠিক মূল্য পান।

দীর্ঘমেয়াদি পরিকল্পনা

(ক) যেসব নিয়ন্ত্রিত বাজার কমিটি জমির অভাবে প্রধান বাজার চত্বর নির্মাণ করতে পারেনি সেখানে উপযুক্ত জমির ব্যবস্থা করে প্রধান উপ-বাজার চত্বর তৈরি করা হবে।

(খ) যেখানে বাজার চত্বরগুলি তৈরি হয়েছে কিন্তু সমস্ত রকমের সুযোগ-সুবিধার সৃষ্টি করতে পারা যায়নি, সেগুলিকেও আস্তে আস্তে প্রকল্প রচনা করে রূপায়ণের চেষ্টা করা হবে।

(গ) কৃষিপণ্যের সঠিক গুণমান নির্ণয় ও সস্তায় দ্রুত পরিবহনের ব্যবস্থা কীভাবে করা যায় সে ব্যাপারে আমরা চিন্তাভাবনা শুরু করেছি।

(ঘ) ভারতবর্ষের বিভিন্ন বাজারে বিভিন্ন কৃষিপণ্যের কী মূল্য চলছে তা জানার জন্য নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির জন্য আধুনিক প্রযুক্তি যথা কম্পিউটার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করব। ৩০টি কম্পিউটার ভারত সরকারের কাছ থেকে পেয়েছি—যা বাজার তথ্য সরবরাহে সাহায্য করছে।

এ কথা ঠিক যে, কাজকর্মের ক্ষেত্রে বিগত দিনের কিছু ভুলভ্রান্তি হয়তো থেকে যেতে পারে, কিন্তু কোনও কোনও মহল থেকে আমার দপ্তরের কাজকর্ম নিয়ে একটা ভুল ধারণার সংকেত জনমানসে সৃষ্টি করার যে চেষ্টা হয়েছে—এর আমি তীব্র প্রতিবাদ করছি। সারা ভারতবর্ষের নিরিখে যদি পর্যালোচনা করি, তাহলে দেখতে পাব যে, মোট ২৩৮০টি নিয়ন্ত্রিত বাজার, ৪৬২১টি উপ-বাজার চত্বর মোট ৭০০১টি, যে আইনি পদ্ধতিতে কাজকর্ম পরিচালনা করছে, আমরাও এখানে আইনি পদ্ধতি অবলম্বন করেই ৪৭টি নিয়ন্ত্রিত বাজার ও বিভিন্ন উপ-বাজার চত্বর পরিচালনা করছি। এ বিষয়ে উল্লেখ করা যেতে পারে যে, সংশ্লিষ্ট আইনের ধারা অনুযায়ী নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির আয় নিয়ম মেনে ফান্ডে জমা পড়ে এবং প্রতি বছরই এর হিসাব নিরীক্ষা করার ব্যবস্থা রয়েছে। আইন অনুযায়ী এই অর্থ রাজ্য কোষাগারে জমা পড়ার কোনও অবকাশ নেই। আমি পরিশেষে আশা করব এই যে, জনমানসের থেকে এই ভুলভ্রান্তি দূরীভূত হবে।

প্রাপ্য অত্যল্প মূলধনের বিচারে রাজ্য বিপণন দপ্তরের মাধ্যমে বাজার ও রাস্তা উন্নয়নের গতি ত্বরান্বিত হয়েছে যাতে করে সাধারণ জনগণ উপকৃত হচ্ছেন এবং দপ্তরের বহুমুখী কর্মকাণ্ডে স্বতঃস্ফূর্তভাবে তাঁদের সমর্থন জানাচ্ছেন ও অংশগ্রহণ করতে এগিয়ে আসছেন।

পশ্চিমবঙ্গে সুষ্ঠু বিপণন ব্যবস্থা প্রসারিত করার জন্য আশান্বিতভাবে সচেষ্ট থাকার আশা প্রকাশ করে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপিত করলাম। আশা করি সভার মাননীয় সভ্যগণ দলমত নির্বিশেষে সমর্থন করবেন। কৃষিজ বিপণন ব্যবস্থার উন্নয়নের জন্য সভার সম্মানীয় সভ্যগণের উপদেশ ও মতামত সমাদৃত হবে এবং সসম্মানে গৃহীত হবে।

এই আর্থিক ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য আমি সকলের সমর্থন কামনা করি।

DEMAND No. 5

Major Heads : 2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2245—Relief on account of Natural Calamities, 2401—Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2415—Agricultural Research and Education, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat—Economic Services and 4401—Capital Outlay on Crop Husbandry

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 272,49,44,000 be granted for expenditure under Demand No. 5, Major Heads : "2235—Social Security and Welfare,2236—Nutrition, 2245—Relief on account of Natural Calamities, 2401—Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2415—Agricultural Research and Education, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat—Economic Services and 4401—Capital Outlay on Crop Husbandry" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 90,83,16,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৫নং দাবির অন্তর্গত নিম্নলিখিত মুখ্যখাত বাবদ ২৭২,৪৯,৪৪,০০০ (দুই শত বাহাত্তর কোটি উনপঞ্চাশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ক্রমিক নং	মুখ্যখাত	প্রস্তাবিত ব্যয়বরাদ্দের দাবি (টাকা)	অন্তর্বর্তীকালীন গৃহীত ব্যয়বরাদ্দ (টাকা)
১)	২২৩৫—সামাজিক সুরক্ষা ও উন্নয়ন	১১,৭৬,১৪,০০০	৩,৯২,০৫,০০০
২)	২২৩৬—পুষ্টি	১৭,৩০,০০০	৫,৭৭,০০০
৩)	২২৪৫—প্রাকৃতিক দুর্যোগহেতু ত্রাণ তহবিল	৩,৫০,০০,০০০	১,১৬,৬৭,০০০
৪)	২৪০১—শস্য উৎপাদন	১৭৮,২১,৬৬,০০০	৫৯,৪০,৫৫,০০০
৫)	২৪০২—মৃত্তিকা এবং জল সংরক্ষণ	৭,৪১,২০,০০০	২,৪৭,০৭,০০০
৬)	২৪১৫—কৃষি গবেষণা এবং শিক্ষা	৪৯,০৮,৩৩,০০০	১৬,৩৬,১১,০০০
৭)	২৫০১—গ্রামীণ উন্নয়নের জন্য বিশেষ কর্মসূচি	—	—
৮)	২৫৫১—পাহাড়ি এলাকা	—	—
৯)	২৫৭৫—অন্যান্য বিশেষ আঞ্চলিক কর্মসূচি	১২,৫০,০০,০০০	৪,১৬,৬৭,০০০
১০)	৩৪৫১—সচিবালয়ের আর্থিক পরিষেবাগত ব্যয়	১,৭৮,৯৮,০০০	৫৯,৬৬,০০০
১১)	৪৪০১—শস্য উৎপাদনে মূলধনগত ব্যয়	৮,০৫,৮৩,০০০	২,৬৮,৬১,০০০
১২)	৪৪১৫—কৃষি গবেষণা এবং শিক্ষাখাতে মূলধনগত ব্যয়	—	—
	মোট	২৭২,৪৯,৪৪,০০০	৯০,৮৩,১৬,০০০

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়বরাদ্দ বাবদ প্রস্তাবিত ৯০,৮৩,১৬,০০০ (নব্বই কোটি তিরাশি লক্ষ ষোলো হাজার) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই পরিপ্রেক্ষিতে আরও উল্লেখ করছি যে, ৩,২৫,১৭,০০০ (তিন কোটি পঁচিশ লক্ষ সতেরো হাজার) টাকা 'চার্জড' বাবদ নিম্নলিখিত মুখ্যখাতে রাখা হয়েছে।

১)	২০৪৯	সুদ প্রদান	২,২৬,৮০,০০০	৭৫,৬০,০০০
২)	৬০০৪	কেন্দ্রীয় সরকার দ্বারা বরাদ্দীকৃত ঋণ এবং অগ্রিম	৯৮,৩৭,০০০	৩২,৭৯,০০০

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন 'চার্জড' ব্যয়বাবদ ১,০৮,৩৯,০০০ (এক কোটি আট লক্ষ উনচল্লিশ হাজার) টাকা উক্ত খাতের মধ্যে ধরা আছে।

২. কৃষি উৎপাদন তথা ২০০২-২০০৩ সালের কৃষি আবহাওয়া পর্যালোচনা :

সাম্প্রতিক বছরগুলিতে পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। স্বাধীনতার সময়ে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ যেখানে ছিল ৩৯.৩৩ লক্ষ টন, ২০০০-২০০১ সালে সেই পরিমাণ সেখানে দাঁড়িয়েছে ১৬৫.০১ লক্ষ টনে। ষাটের দশকের মাঝামাঝি সময় থেকে 'উচ্চফলনশীল জাত'-এর বীজের প্রচলন এবং রাজ্য, কেন্দ্র ও কেন্দ্রীয়

সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের মাধ্যমে বিভিন্ন নিবিড় ফসল উন্নয়ন পরিকল্পনার প্রয়োগের ফলে এ বিষয়ে ব্যাপক অগ্রগতি ঘটানো সম্ভব হয়েছে। অষ্টম পরিকল্পনাকালে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ছিল ১৩০.৮২ লক্ষ টন (অষ্টম পরিকল্পনার পাঁচ বছরের গড়)। উন্নয়ন ও তার আরও সম্ভাবনা লক্ষ্য করে নবম পরিকল্পনার দলিল প্রস্তুত করার সময়ে নবম পরিকল্পনার (২০০১-২০০২) প্রান্তিক বছরে খাদ্যশস্য উৎপাদনে স্বয়ম্ভরতা অর্জনের উদ্দেশ্যে রাজ্য সরকার একটি উচ্চাকাঙ্ক্ষাপূর্ণ কর্মসূচি গ্রহণ করেছেন।

নবম পরিকল্পনার প্রথম তিন বছরের প্রতিটিতেই রাজ্য, রেকর্ড মাত্রার খাদ্যশস্য উৎপন্ন করেছে। প্রাকৃতিক দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি সত্ত্বেও লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে এ রাজ্য ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে যথাক্রমে ১৪৩.৫৪ লক্ষ টন ও ১৪৩.৬৭ লক্ষ টন খাদ্যশস্য উৎপন্ন করতে সক্ষম হয়েছে।

১৯৯৯-২০০০ সালে গোটা মরশুমেই মৌসুমি বায়ুর গতিবিধি খুব অস্বাভাবিক ছিল। প্রাক্-খরিফ মরশুমে ও খরিফ চাষের প্রথম দিকের খরায়, সেপ্টেম্বরের শেষের দিকে ১৬টি কৃষিপ্রধান জেলাতে বিধ্বংসী বন্যায় এবং অক্টোবরের শেষ সপ্তাহে উপকূলবর্তী জেলাগুলিতে 'সুপার সাইক্লোন' নামক ভয়ঙ্কর ঘূর্ণিঝড়ের ফলে খরিফ ফসল ক্ষতিগ্রস্ত হয়। এই ক্ষতিপূরণের উদ্দেশ্যে রাজ্য সরকার অবিলম্বে পুনর্গঠনমূলক ব্যবস্থাদি গ্রহণ করেন এবং রবি-গ্রীষ্ম ফসল উৎপাদনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। এই সমস্ত প্রতিকূলতা সত্ত্বেও উক্ত সময় ১৪৮.৪৫৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করা সম্ভব হয়েছে, যা একটি রেকর্ড উৎপাদন।

২০০০-২০০১ সালেও (নবম পরিকল্পনার চতুর্থ বর্ষে) আবহাওয়া ছিল অত্যন্ত প্রতিকূল, বিশেষত খরিফ মরশুমে। রাজ্যের রাঢ় অঞ্চলের ৪টি জেলায় বৃষ্টিপাতের ঘাটতি হওয়ায় ৬৮৪ কোটি টাকা মূল্যের ৮.৫৬ লক্ষ টন ফসলের ক্ষতি হয়। আবার, সেপ্টেম্বর ও অক্টোবরের শেষদিকে প্রবল ও অবিরাম বৃষ্টিপাতের ফলে ও সেই সঙ্গে 'নদী উপত্যকা প্রকল্পগুলি' থেকে ব্যাপকহারে জল ছাড়ার কারণে মালদহ, মুর্শিদাবাদ, নদিয়া, উত্তর ২৪-পরগনা, বর্ধমান, হুগলি, হাওড়া, বীরভূম ও মেদিনীপুর (পূর্ব)—এই ৯টি জেলায় অভূতপূর্ব ও বিধ্বংসী বন্যা ঘটে যায় এবং এর ফলে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে ৩৮৪৯.২৬ কোটি টাকা মূল্যের ৪২.৯৩৫ লক্ষ টন ফসলের ক্ষতি হয়। খরিফ ফসলের এই ক্ষতিপূরণ করার জন্য ৪২.৮৩ লক্ষ হেক্টর জমিতে রবি-গ্রীষ্ম ফসল উৎপাদনের বিস্তৃত কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। ২২.৫০ কোটি টাকা মূল্যের গম, সর্ষে, বোরো ধান, মুসুর, ছোলা, চীনাবাদাম ইত্যাদি বীজের ২৩,০১,৩৬৪ সংখ্যক মিনিকিট বিনামূল্যে বিতরণ করা হয়েছিল এবং সেই সঙ্গে ধান ও গমের গুণমানসম্পন্ন বীজ বিক্রয় করা হয়েছিল ভর্তুকি মূল্যে। বন্যাকবলিত এলাকাগুলিতে ১৫০০ সংখ্যক 'পাওয়ার টিলার' বিতরণ করা হয়েছিল। ১৬১৩ কোটি টাকার বিশাল ঋণগত সুবিধারও ব্যবস্থা গৃহীত হয়েছিল। উপরন্তু, ধান, গম ও শাকসবজি বীজের মিনিকিট বিতরণের জন্য রাজ্যের 'জেলা পরিষদ'গুলির জন্য রাজ্য সরকার ১২ কোটি টাকা অনুদান দিয়েছিলেন। এই সকল প্রচেষ্টা সত্ত্বেও আউশ ধান ও আমন ধান উৎপাদনে যে ক্ষতি

হয়েছিল তার কিছুটা পূরণ করা চেষ্টা করা হয়েছিল বোরো ধান, গম, ডালশস্য এবং অন্যান্য তণ্ডুলজাতীয় শস্যের উৎপাদন বৃদ্ধি করে, কিন্তু এতদ্‌সত্ত্বেও মোট খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ছিল মাত্র ১৩৮.১৫ লক্ষ টন।

২০০১-২০০২ (নবম পরিকল্পনার চূড়ান্ত বৎসর) সালেও প্রধান খরিফ মরশুমের প্রথম আড়াই মাস রাজ্য প্রতিকূল আবহাওয়া পরিস্থিতির সম্মুখীন হয়। জুনমাসব্যাপী মৌসুমি বায়ু সক্রিয় থাকায় এই মাসে স্বাভাবিকের থেকে অতিরিক্ত বর্ষণ ঘটে। কিন্তু ২০০১-এর জুলাই থেকে অবস্থা নিদারুণভাবে পরিবর্তিত হয়ে যায়। জুলাই মাসে ১৭টি কৃষি জেলার সবগুলিতেই বৃষ্টিপাতের ঘাটতি ঘটে, যা স্বাভাবিকের চেয়ে ২৩ শতাংশ থেকে ৭১ শতাংশ নিচে। আমন ধানের চারা রোয়া এবং পাট পচানোর প্রকৃষ্ট সময় হল জুলাইয়ের মাঝামাঝি থেকে আগস্টের মাঝামাঝি পর্যন্ত। এই সময়কালে উল্লেখযোগ্যভাবে কম বৃষ্টিপাতের ফলে আমন ধানের চারা রোয়া ও পাট পচানোর কাজে অত্যন্ত ব্যাঘাত ঘটে, যার ফলে খরিফ ফসলের উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়। আগস্টের শেষ সপ্তাহ থেকে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত সময়কালে মাঝারি থেকে বেশ ভারী ধরনের বৃষ্টিপাতের ফলে পরিস্থিতির কিছু উল্লেখযোগ্য উন্নতি ঘটে। এরপর আর কোনো প্রাকৃতিক দুর্যোগ হয়নি।

এই সমস্ত ক্ষয়ক্ষতি পূরণ করতে এবং পূর্বতন বছরগুলির তুলনায় মোট খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ বৃদ্ধি করতে সর্বাত্মক রবি-গ্রীষ্ম উৎপাদন কর্মসূচি গৃহীত হয়েছে। ১৯.৫০ কোটি টাকার বোরো ধান, সর্ষে, মুসুর, ছোলা, চীনাবাদাম ইত্যাদি বীজের মিনিকিট বিনামূল্যে বিতরণ করা হয়েছে এবং সেই সঙ্গে ধান ও গমের গুণসম্পন্ন বীজ ভর্তুকিমূল্যে বিক্রয় করা হয়েছে। এই সকল প্রচেষ্টা/ব্যবস্থার ফলে দেখা যাচ্ছে যে ২০০১-২০০২ সালে খাদ্যশস্য উৎপাদনের মোট পরিমাণ দাঁড়িয়েছে ১৬৫.০১ লক্ষ টন (প্রায়), যা অতীতের রেকর্ড অতিক্রম করেছে।

নবম পরিকল্পনাকালে খাদ্যশস্যের গড় উৎপাদন ছিল ১৪৭.৭৬ লক্ষ মেঃ টন। ২০০২-২০০৩ সালে গ্রীষ্মকালীন আবহাওয়া অনুকূল ছিল না। মার্চমাসব্যাপী উত্তর দিনাজপুর এবং উপকূলবর্তী জেলাগুলিতে কম বৃষ্টিপাত হয়েছে। এই পার্থক্য স্বাভাবিকের তুলনায় ৩২ থেকে ৮৮ শতাংশ পর্যন্ত। এপ্রিল মাসে আবহাওয়া মোটামুটিভাবে সন্তোষজনক ছিল। ব্যতিক্রমস্বরূপ, তরাই অঞ্চলে অত্যধিক বর্ষণ ও শিলাবৃষ্টির ফলে খেতের ফসলের ক্ষতির কথা উল্লেখ করা যায়। মে মাস নাগাদ দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং দক্ষিণ দিনাজপুর জেলায় বৃষ্টিপাত স্বাভাবিকের তুলনায় ৩৩.৬৬ শতাংশ কম হয়েছে। এ ছাড়া, মে মাসের তৃতীয় সপ্তাহে রাজ্যের অধিকাংশ এলাকাই তাপপ্রবাহের শিকার হয়েছিল।

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু উত্তরবঙ্গের জেলাসমূহে দেখা দিয়েছিল ৮ই জুন নাগাদ। ১২ই জুন নাগাদ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে এই মৌসুমি বায়ু প্রবেশ করে। জলপাইগুড়ি ও হাওড়া ব্যতীত রাজ্যের সর্বত্র বৃষ্টিপাতের পরিমাণ মোটামুটিভাবে সন্তোষজনক। জুলাই মাসে অত্যধিক ও অসমবণ্টিত বৃষ্টিপাতের ফলে হিমালয়-পাদদেশ অঞ্চলসমূহে বন্যা ও ধ্বংসের মতো প্রাকৃতিক বিপর্যয় ঘটে। আবার সেই সময়ই পুরুলিয়া,

বাঁকুড়া, এবং পশ্চিম মেদিনীপুরের মতো বৃষ্টিনির্ভর অঞ্চলে অপর্যাপ্ত বৃষ্টিপাত লক্ষ করা যায়। উক্ত অঞ্চলগুলিকে রাজ্য সরকার খরাকবলিত অঞ্চল বলে ঘোষণা করেন। প্রায় ১৫টি জেলাসমেত রাজ্যের বিস্তৃত অঞ্চল আগস্টের প্রথম সপ্তাহ পর্যন্ত এই শুষ্কতার প্রভাব পড়ে। তবে আগস্টের দ্বিতীয় সপ্তাহ থেকে এই অবস্থার কিছুটা উন্নতি হয়। জলপাইগুড়ি, কোচবিহার এবং পূর্ব মেদিনীপুরে এই পরিবর্তন খানিকটা কম পরিলক্ষিত হয়। তবে অবস্থা অনেকটাই অনুকূল দিকে মোড় নেয় সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাস নাগাদ। ২০০৩-এর জানুয়ারি মাস থেকে আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক।

২০০২-২০০৩-এর রবি-গ্রীষ্ম উৎপাদনকে আরও বৃদ্ধি করার জন্য গম, মুগ, সর্ষে, ছোলা, মুসুর, খেসারি, তিল, কুলথি কলাই এবং অড়হর ইত্যাদি শস্যের ১৬,২০,৫৫২ সংখ্যক মিনিকিট বিতরণ করা হয়েছে। এইসব প্রচেষ্টার ফলশ্রুতিতে আশা করা যায়, ২০০২-২০০৩ সালে, মোট খাদ্যোৎপাদন ১৭০.১৫ লক্ষ টন (প্রায়) হবে।

নবম পরিকল্পনার পাঁচ বছর ধরেই যে অস্বাভাবিক আবহাওয়া পরিস্থিতি মোট খাদ্যশস্য উৎপাদনে ক্ষতি ঘটিয়েছে, সে বিষয়ে রাজ্য অত্যন্ত সচেতন। এই বিষয়টি খেয়াল রেখে ২০০২-২০০৩ সালে, অর্থাৎ দশম পরিকল্পনার ১ম বৎসরে ১৫৫.০০ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদনের এক অর্জনযোগ্য লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

পরিশেষে উল্লেখ করা যেতে পারে যে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে স্বাধীনতার সময় থেকে গত শতকের ষাটের দশকের বছরগুলি পর্যন্ত যে পশ্চিমবঙ্গ ঘাটতির রাজ্যরূপে চিহ্নিত ছিল, নবম পরিকল্পনার সমাপ্তি পর্যায়ে সেই রাজ্য স্বয়ম্ভরতার কাছাকাছি পৌঁছে গিয়েছে। সকলপ্রকার আধুনিক প্রযুক্তির সর্বাধিক ব্যবহার, বিভিন্ন প্রয়োগ পদ্ধতি, যেমন 'উচ্চফলনশীল' ও 'হাইব্রিড' জাতের বীজ, রাসায়নিক সার, কীটনাশক, সেচের সম্ভাবনা এবং দ্রুত পুনর্গঠনমূলক ব্যবস্থাদির (অস্বাভাবিক আবহাওয়া পরিস্থিতির ক্ষেত্রে) মাধ্যমে দশম পরিকল্পনার শেষে স্বয়ম্ভরতা অর্জনের ব্যাপারে এ রাজ্য কৃতসঙ্কল্প এবং এর উদ্দেশ্য হল ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা পূরণ করা ও কর্মনিযুক্তির সম্ভাবনা বৃদ্ধি করা।

৩. খাদ্যশস্য উৎপাদন পরিস্থিতি :

ধান, পাট ও সবজি উৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান সারা দেশের মধ্যে প্রথম। সাম্প্রতিককালে এই রাজ্যের কৃষিচিত্রে যে বিপুল পরিবর্তন ঘটেছে তার প্রমাণ পাওয়া যায় সারা বছর সবুজ হয়ে থাকা পশ্চিমবঙ্গের ফসল ক্ষেতগুলির দিকে তাকালে। রাজ্য সরকার কর্তৃক উন্নয়নমুখী ও নির্দিষ্ট পদ্ধতিভিত্তিক পরিকল্পনা ও ফসলের উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচি/প্রকল্পের প্রয়োগ, কৃষিকার্যে নিযুক্ত আমাদের মানুষজনের আত্মত্যাগ, 'পঞ্চায়েতীরাজ ব্যবস্থাকে' এই কাজে যুক্ত করা এবং ক্ষেতে আধুনিক ফসল উৎপাদন প্রযুক্তির প্রয়োগের ফলেই এটা সম্ভব হয়েছে।

দেশ স্বাধীন হওয়ার সময়ে অবিভক্ত বাংলার ৩৭.৪৬ শতাংশ ভূমি নিয়ে পশ্চিমবঙ্গের সৃষ্টি হয়েছিল এবং সেসময়ে এ রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ছিল ৩৯.৩৩ লক্ষ টন।

বিপুল সংখ্যক মানুষ বসবাসের জন্য এ রাজ্যে চলে আসে এবং তার ফলে খাদ্যশস্য উৎপাদনে ন্যূনতম প্রয়োজনীয়তার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বিশেষভাবে "ঘাটতি রাজ্য"রূপে পরিগণিত হয়। এর কারণ ছিল অতিরিক্ত জনসংখ্যা, সম্পূর্ণভাবে প্রথাগত পদ্ধতিতে ঋতুনির্ভর চাষ এবং অনুন্নত সেচ ব্যবস্থার ফলে কেবল বর্ষণপুষ্ট এলাকায় মূলত একফসলি স্বল্প ফলনশীলন ধানের উৎপাদন। গত শতকের ষাটের দশক পর্যন্ত ক্রমবর্ধমান জনসংখ্যার প্রয়োজনের পরিপ্রেক্ষিতে অন্যান্য রাজ্যগুলি থেকে এবং সেই সঙ্গে বিদেশ থেকেও বিপুল পরিমাণ খাদ্যশস্য সংগ্রহ করতে হয়।

ক্রমান্বয়ে আধুনিক প্রযুক্তির উন্নয়ন ও পরিকাঠামোগত সুযোগ সৃষ্টিসহ 'পঞ্চায়েতীরাজ ব্যবস্থার' মাধ্যমে এবং রাজ্য সরকার ও কৃষকশ্রেণীর নিবিড় অংশগ্রহণের সমন্বয়ে ইদানীংকালে রাজ্যের কৃষি চিত্রে উল্লেখযোগ্য পরিবর্তন সূচিত হয়েছে। স্বাধীনতার পর থেকে রাজ্যের খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির জন্য রাজ্য সরকার বহু সংখ্যক প্রকল্প কার্যকরী করেছেন। রাজ্য সরকার কর্তৃক "গ্রো মোর ফুড ক্যামপেন" (জি.এম.এফ), "সিড্ স্যাচুরেশান স্কীম", "জাপানিজ মেথড্ অফ্ প্যাডি কালটিভেশন" (জে.এম.পি.সি), "গ্রীন ম্যানিওরিং স্কীম" ইত্যাদি বিভিন্ন পরিকল্পনা ও কর্মসূচি গৃহীত হয়েছে। কিন্তু খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে ধানের দেশীয় প্রজাতিগুলির ফলনে অতি অল্প সাফল্যই অর্জিত হয়েছে।

ষাটের দশকের মাঝামাঝি ধান ও গমের 'অধিক ফলনশীল জাত'-এর প্রচলন, সেচের সুযোগ সৃষ্টি, সারের বর্ধিত ব্যবহার এবং অন্যান্য প্রয়োজনীয় জোগানের মাধ্যমে উৎপাদনের মাত্রা যথেষ্ট বৃদ্ধি করা গিয়েছিল। বিভিন্ন রাজ্য ও কেন্দ্রীয় প্রকল্প এবং কেন্দ্রীয় সাহায্যপুষ্ট ফসল উন্নয়ন কর্মসূচি/প্রকল্প যথা "অ্যাকসেলারেটেড ফুড প্রোডাকশান প্রোগ্রাম" (এ.এফ.পি.পি.), "ইন্টিগ্রেডেড প্রোগ্রাম ফর সিরিয়াল ডেভেলপমেন্ট" (আই.পি.সি.ডি), "ন্যাশনাল পালস্ ডেভেলপমেন্ট প্রোজেক্ট" (এন.পি.ডি.পি), "সূর্যমুখীসহ তৈলবীজ উন্নয়ন", "স্পেশাল জুট্ ডেভেলপমেন্ট প্রোগ্রাম" (এস.জে.ডি.পি), "আলু, আখ প্রভৃতির উন্নয়ন কর্মসূচি" ইত্যাদি সূচিত হয়েছে যাতে দ্রুততর হারে সর্বাত্মক কৃষি উৎপাদনে উন্নতি ঘটানো যায় এবং কৃষক গোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন সাধিত হয়।

১৯৪৭-৪৮ থেকে ষষ্ঠ পরিকল্পনার শেষ বছর (১৯৮৪-৮৫) পর্যন্ত খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির বার্ষিক গড় পরিমাণ ছিল প্রায় ১ (এক) লক্ষ টন। ৭ম যোজনার শুরু থেকেই এমন নিবিড়তর কার্যক্রম রূপায়িত হয়ে চলেছে যে এর ফলস্বরূপ ষষ্ঠ পরিকল্পনা থেকে ৮ম পরিকল্পনার লাগোয়া বারো (১২) বছরে ৫২.৫৫ লক্ষ টন বেশি খাদ্যশস্য উৎপন্ন হয়েছে। ৮ম যোজনাকালে উৎপন্ন খাদ্যশস্যের গড় পরিমাণ পৌঁছায় ১৩০.৮২ লক্ষ টনে। নবম পরিকল্পনাকালে উৎপন্ন খাদ্যশস্যের গড় পরিমাণ হয় ১৪৭.৭৬ লক্ষ টন। অর্থাৎ পাঁচ বছরের গড় উৎপাদন বৃদ্ধির পরিমাণ ১৬.৯৪ লক্ষ মেট্রিক টন।

নবম পরিকল্পনা প্রথম তিন বছর যাবৎ রেকর্ড পরিমাণ খাদ্যশস্য উৎপাদনে সাফল্য অর্জন করেছে ; যেমন ১৯৯৭-১৯৯৮ সালে ১৪৩.৫৪ লক্ষ টন, ১৯৯৮-১৯৯৯ সালে ১৪৩.৬৭ লক্ষ টন ও ১৯৯৯-২০০০ সালে ১৪৮.৪৫ লক্ষ টন। ২০০০-২০০১ সালে (নবম

পরিকল্পনার চতুর্থ বৎসরে) মূল খরিফ মরশুমে খরা, বন্যা ইত্যাদি অপ্রত্যাশিত প্রাকৃতিক বিপর্যয় ঘটে। দ্রুত পুনর্গঠনমূলক ব্যবস্থাদি গ্রহণ এবং ব্যাপক রবি-গ্রীষ্ম উৎপাদন কর্মসূচি সত্ত্বেও মোট খাদ্যশস্য উৎপাদন হয় মাত্র ১৩৮.১৫ লক্ষ টন। ২০০১-২০০২ সালে (নবম পরিকল্পনার শেষ বৎসরে) জুলাই-এর মাঝামাঝি থেকে আগস্টের মাঝামাঝি পর্যন্ত, অর্থাৎ আমন ধান রোয়া ও পাট পচানোর প্রধান সময়ে বৃষ্টিপাতের ঘাটতি বা স্বল্প বৃষ্টিপাত হয়। পর্যাপ্ত এবং ভারী বর্ষণ ঘটে আগস্টের শেষ সপ্তাহ থেকে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত। এরপর আর কোনো প্রাকৃতিক দুর্যোগ ঘটেনি। এই ক্ষতি পূরণ করার উদ্দেশ্যে সর্বাত্মক রবি-গ্রীষ্ম কর্মসূচি গৃহীত হয়েছে এবং এরফলে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ হয়েছে ১৬৫.০১ লক্ষ টন॥ আশা করা যাচ্ছে যে, সর্বাত্মক রবি-গ্রীষ্ম কর্মসূচি গৃহীত হওয়ার ফলে ২০০২-২০০৩ সালে খাদ্যশস্যের উৎপাদন বেড়ে দাঁড়াবে ১৭০.১৫ লক্ষ টন (প্রায়)। বিপুল প্রচেষ্টার মাধ্যমে নবম পরিকল্পনার শেষে রাজ্য (খাদ্যশস্যে) স্বয়ম্ভরতার কাছাকাছি পৌঁছে গেছে।

প্রতি বছরই রাজ্য প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে। উপরোক্ত সমস্ত অভিজ্ঞতার ভিত্তিতে দশম পরিকল্পনার দলিল প্রস্তুত করার সময়ে ক্রমবর্ধমান জনসংখ্যার প্রয়োজনীয়তা মেটানোর বিষয়টি খেয়াল রেখে এই পরিকল্পনার শেষ বৎসরে (২০০৬-২০০৭) স্বয়ম্ভরতা অর্জনের উদ্দেশ্যে রাজ্য সরকার ১৭৫.২৭৩০ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদনের এক অর্জনযোগ্য লক্ষ্যমাত্রা ধার্য করেছেন।

২০০৩-২০০৪ (দশম পরিকল্পনার ১ম বৎসরে) খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে ১৬০.০০ লক্ষ টন।

৪. কৃষি উন্নয়নের ব্যবস্থাসমূহ :

খাদ্যে স্বয়ম্ভরতা অর্জনের জন্য অধিক কৃষি উৎপাদন এবং সেই কার্যক্রমে দুর্বলতর শ্রেণীর অংশগ্রহণের অধিকতর সুযোগ-সুবিধা সৃষ্টি এবং তার মাধ্যমেই সামাজিক ন্যায়-প্রতিষ্ঠার উদ্যোগ—এই দুটি মুখ্য উদ্দেশ্যকে ধারাবাহিক করার জন্য প্রস্তাব রাখা হচ্ছে। মূলত ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কৃষকের রাজ্য হিসাবে পশ্চিমবঙ্গে ১৬.৮১ শতাংশ এবং ৭৬.৪২ শতাংশ মানুষ যথাক্রমে ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কৃষক, যাঁরা রাজ্যের মোট কৃষকের ৯৩.২৩ শতাংশ স্থান অধিগ্রহণ করে রয়েছেন। এই ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কৃষকরা মোট আবাদী জমির যথাক্রমে ২৯.০৬ এবং ৪২.৯৩ শতাংশ জমিতে চাষ করেন—যা মোট আবাদী জমির ৭১.৯৯ শতাংশ। এখন, উৎপাদনমুখী সকল প্রকার সুযোগ-সুবিধাকে তাঁদের প্রতি প্রসারিত করে তাঁদের কৃষি উৎপাদন ও আয়কে ঊর্ধ্বমুখী করা একান্ত প্রয়োজন।

১০ম পরিকল্পনার দলিল প্রস্তুত করার সময় প্রত্যেকের আরো বেশি করে খাদ্যশস্য প্রাপ্যতার ব্যাপারে জোর দেওয়া হয়েছে। কর্মদক্ষতা বাড়াতে ও সর্বাধিক প্রাকৃতিক সম্পদ ব্যবহারের মাধ্যমে সর্বোচ্চ আর্থিক লাভ ঘটাতে মাথাপিছু ভোগ্যতা ও পুষ্টিগত মান বৃদ্ধি করে, সময়, প্রাকৃতিক সম্পদ ও একক এলাকাভিত্তিক বর্তমান উৎপাদনশীলতার মাত্রা বৃদ্ধি করে, বাজারে অধিকতর প্রতিযোগিতার উপযোগী করার জন্য উৎপাদন ব্যয় হ্রাস করে,

প্রযুক্তি হস্তান্তর পদ্ধতির প্রসার ঘটিয়ে এবং উৎপন্ন বস্তুর মূল্য সংযোজনের মাধ্যমে আর্থিক লাভ বৃদ্ধি করে খাদ্যশস্য ও অন্যান্য প্রয়োজনীয় উৎপন্ন বস্তুর ক্ষেত্রে স্বয়ম্ভরতা অর্জনের চূড়ান্ত লক্ষ্যে পৌঁছানোর ব্যবস্থা রাখা হয়েছে।

১০ম পঞ্চবার্ষিক পরিকল্পনার দলিলে অন্তর্ভুক্ত মুখ্য উদ্দেশ্যগুলি হল—

(১) যেহেতু ভূমি একটি সীমায়িত সম্পদ, সেই কারণে সুনির্দিষ্ট বাস্তুতন্ত্র উপযোগী এবং ব্যয়ানুপাতিক ফলোৎপাদক প্রযুক্তিবিদ্যার ব্যাপক প্রসারের মাধ্যমে কৃষি উৎপাদন ও উৎপাদনশীলতা উচ্চহারে বৃদ্ধি করা।

(২) অধিক ফলনশীল, হাইব্রিড ও উন্নত জাতগুলির অধিক এলাকায় প্রসারের প্রয়োজনে :

(ক) অধিক পরিমাণে শংসিত বীজ যথাসময়ে সরবরাহ করা,

(খ) বীজ শংসাকরণ ও বীজ পরীক্ষা কৃত্যকারী সংস্থাগুলিকে জোরদার করা,

(গ) ১০ম পরিকল্পনার প্রান্তিক বছরে, বিশেষত শীতকালীন ধানের ক্ষেত্রে উচ্চ ফলনশীল জাতের চাষ ৮৮ শতাংশ থেকে ৯৫ শতাংশ এলাকায় বৃদ্ধি করা এবং

(ঘ) কৃষকদের মজুত বীজের মধ্যে তন্তুল জাতীয় শস্যের ২০ শতাংশ থেকে ৩৩ শতাংশ, ডালশস্যের ৭ শতাংশ থেকে ২৫ শতাংশ, তৈলবীজের ২০ শতাংশ থেকে ৫০ শতাংশ, পাটের ৭৮ শতাংশ, আলুর ১২ শতাংশ ও সবজির ১২ শতাংশ বীজ শংসিত বীজ দ্বারা বদল করা।

(৩) সার প্রয়োগ ও সার প্রয়োগের কার্যকারিতা, মাটি পরীক্ষার ফলের ভিত্তিতে সার প্রয়োগ এবং সুষম হারে সার প্রয়োগ ইত্যাদি বৃদ্ধি করা (১০ম পরিকল্পনার প্রান্তিক বছরের মধ্যে হেক্টর প্রতি এন.পি.কে সার প্রয়োগের মাত্রা ১৩৪ কেজি থেকে ২৩৫ কেজিতে বৃদ্ধি করা ও সার ব্যবহারের হার ৩.২১ : ১.৩০ : ১ থেকে ২ : ১ : ১-এ উন্নীত করা।

(৪) উপযুক্ত পরিবর্তন ও প্রতিস্থাপন ব্যবস্থার মাধ্যমে ফসল চাষের বর্তমান নিবিড়তা ১৭৪ শতাংশ থেকে ১৯০ শতাংশে বৃদ্ধি করা।

মাধ্যমগুলি হল—

(ক) বর্তমান ফসলের জাতের পরিবর্তন : লাভজনক ফসলচক্রের প্রবর্তন।

(খ) নতুন ফসল ও ফসল চক্রের প্রচলন এবং

(গ) সেচের সুযোগ বৃদ্ধি (মোট চাষ এলাকার ৫২ শতাংশ থেকে ৬৫ শতাংশ পর্যন্ত) এবং (কৃষি) উপকরণসমূহের বৈজ্ঞানিক ব্যবহার।

(৫) জমির অবশিষ্ট রসের সদ্ব্যবহার ও উৎপাদনশীলতা বৃদ্ধি করার মাধ্যমে এবং প্রাপ্ত প্রযুক্তির যথাযথ প্রয়োগের মাধ্যমে প্রচলিত এলাকার বাইরে এবং চলতি ঋতুর সময় ছাড়াও ডালশস্য ও তৈলবীজের অধিক উৎপাদনের উপর গুরুত্ব আরোপ করা।

(৬) বিভিন্ন চালু প্রকল্পগুলির সুযোগের সদ্ব্যবহার করে বিভিন্ন কৃষি উপাদান ভরতুকি মূল্যে/ন্যায্যমূল্যে সরবরাহ করা, কৃষক, কৃষকপুত্র ও কৃষকরমণীদের প্রশিক্ষণ জোরদার করা এবং সর্বাধুনিক প্রযুক্তির খুঁটিনাটির উপর ভিত্তি করে কৃষকের খেতে প্রদর্শনী ক্ষেত্র স্থাপন করার মাধ্যমে অধিক উৎপাদনের ধারা অব্যাহত রাখার উদ্দেশ্যে তপশিলি জাতি, উপজাতি ও মহিলাসমেত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উৎসাহিত করা।

(৭) দুর্গম ও স্বল্প ফসল উৎপাদক অঞ্চলে, বিশেষ করে সমুদ্র উপকূলবর্তী লবণাক্ত এলাকায়, লাল কাঁকুরে মাটি এলাকায়, তিস্তা-তরাই পলিমাটি অঞ্চলে এবং উত্তরের পাহাড়ি এলাকায় কৃষিকার্যক্রম নিবিড়তর করা এবং 'বাস্তুতন্ত্র-উপযোগী লাভজনক প্রযুক্তি' নির্ধারণ প্রয়োগ করা।

(৮) সঠিক সময়ে খামারের কাজ নিষ্পন্ন করতে এবং চাষের খরচ কমাতে হস্তচালিত ও যান্ত্রিক কৃষিযন্ত্রপাতিসমূহের ব্যবহারের মাধ্যমে কৃষিকার্যে যন্ত্রের প্রচলনে কৃষকদের উৎসাহিত করা।

(৯) জমির উর্বরতা রক্ষা ; অধিক পরিমাণে জীবানুঘটিত সার, সবুজ সার ও খামারের আবর্জনা পচা সার ব্যবহার ; সুষম হারে পুষ্টিকরণ ; 'সেচের জলের সদ্ব্যবহার কার্যক্রমে অংশগ্রহণ'-এর মাধ্যমে সেচের জলের যথাযথ প্রয়োগ ও উপরিতলের জল সংরক্ষণ, 'সর্বাত্মক কীট নিয়ন্ত্রণ' ধারণাকে কেন্দ্র করে 'উদ্ভিদ সংরক্ষক রাসায়নিক'-এর প্রয়োজনভিত্তিক ব্যবহার এবং জৈব কীটনাশক ও উদ্ভিজ্জ কীটনাশক সম্পর্কে (কৃষকদেরকে) আগ্রহী করে তোলা।

(১০) যথোপযুক্ত সার ব্যবহারের উদ্দেশ্যে জেলাস্তর পর্যন্ত মাটি পরীক্ষার সুযোগ সৃষ্টি করা।

(১১) গবেষণা ও সম্প্রসারণ শাখার কৃষি কর্মীদের মধ্যে ঘনিষ্ঠ সংযোগ গড়ে তোলার জন্য কৃষি প্রশিক্ষণ ও পরিদর্শন কর্মসূচিসহ কৃষি সম্প্রসারণ কার্যক্রমকে জোরদার করা।

(১২) প্রাকৃতিক দুর্বিপাকজনিত সঙ্কটকালে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা এবং সেরূপ পরিস্থিতিতে গৃহীত পরিকল্পনার মাধ্যমে দুর্যোগজনিত ক্ষয়ক্ষতির মোকাবিলা করার জন্য পর্যাপ্ত বাজেটের সংস্থান করা।

(১৩) কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য এবং উপ-আঞ্চলিক বৈষম্য বিদূরিত করার জন্য কাজের সুযোগ সৃষ্টি করা।

(১৪) ভূপৃষ্ঠের জলসম্পদের যথাযথ ব্যবহার করা এবং ভূগর্ভস্থ জলের যথেচ্ছ ব্যবহার যতদূর সম্ভব রোধ করা।

(১৫) লোকসান কমানো এবং (ফসল) আরো ভালোভাবে বাজারযোগ্য করে তোলার উদ্দেশ্যে ফসল কাটার পর যথাযথ প্রযুক্তি প্রয়োগ করা।

(১৬) আঞ্চলিক ও উপ-আঞ্চলিক স্তরের বৈষম্যের বিষয়টি যথাযথভাবে বিবেচনাধীন রাখা।

(১৭) প্রধান প্রধান তন্তুলশস্যের উৎপাদনশীলতা উচ্চহারে বৃদ্ধি করা।

(১৮) মাটির 'হিউমাস' যথাযথভাবে রক্ষা করে মাটিতে সঞ্চিত জলের উর্বরতা বজায় রাখা।

(১৯) ফসলের বৈচিত্র্যকরণ ঘটানো।

(২০) কৃষকদের প্রথাগত জ্ঞানকে কাজে লাগানো এবং নতুন প্রযুক্তি ও বাস্তুতন্ত্রভিত্তিক উৎপাদনশীলতার সঙ্গে দেশীয় প্রযুক্তির সমন্বয় ঘটানো।

(২১) কৃষিযোগ্য পতিত জমি এবং কর্ষিত অনাবাদী জমিকে কৃষির আওতাভুক্ত করা।

(২২) প্রধান প্রধান কৃষি এলাকাগুলিতে যেমন নদীয়া, বীরভূম (আংশিক), মুর্শিদাবাদ, বর্ধমান (আংশিক), হুগলি, উত্তর ২৪-পরগনা এবং মেদিনীপুর (পূর্ব) জেলায় মূলত 'ম্যাক্রো' ও 'মাইক্রো' সার গুণমান রক্ষার উদ্দেশ্যে সঞ্চিত উর্বরা জল নিয়মিত পর্যবেক্ষণে রাখা এবং সেইসঙ্গে ফসল অপসারণ ও 'এন.পি.কে'-র প্রয়োগের ব্যবস্থা করা।

(২৩) কর্ষণযোগ্য এলাকাগুলিতে 'জিরো টিলেজ/ন্যূনতম কর্ষণ'-এর ধারণাকে গুরুত্ব দেওয়া।

(২৪) পুনর্নবীকরণযোগ্য গুণমানসম্পন্ন জলের (বৃষ্টির জল) পুনর্চক্রায়ণ এবং বৃষ্টির জল যথাযথভাবে পুনর্ব্যবহারের (উপযুক্ত ফসল চক্রের জন্য) ব্যবস্থা গ্রহণের বিষয়টিকে সর্বাপেক্ষা প্রয়োজন হিসাবে গুরুত্ব দেওয়া।

(২৫) কৃষিকার্যে একান্ত খুঁটিনাটি ব্যবস্থা গ্রহণ করা।

(২৬) কৃষিকার্যে আরো অর্থ বিনিয়োগ করা।

(২৭) কৃষিতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করার জন্য স্বল্প ব্যয়ের প্রযুক্তি প্রয়োগ করা।

৫. কয়েকটি প্রধান ফসলের উৎপাদন বৃদ্ধির কর্মসূচি :

ফসলসমূহ দেশে ধান উৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করে এ রাজ্য এক অতুলনীয় বৈশিষ্ট্য অর্জন করেছে। পশ্চিমবঙ্গে তিনটি বিভিন্ন ঋতুতে ধান উৎপন্ন হয় যেগুলির মধ্যে খরিফ মরশুমে উৎপন্ন শীতকালীন ধান (আমন) চাষের এলাকা সর্বাধিক।

৫.১ ধান

প্রধান ফসল হিসাবে এ রাজ্যের মোট কৃষি এলাকার প্রায় ৫৯.৬২ শতাংশ জমিতে ধানের চাষ হয়ে থাকে। প্রাক্ খরিফ ও খরিফ মরশুমে প্রধানত বৃষ্টিনির্ভর ফসল হিসাবে এ রাজ্যের মোট ধান চাষ এলাকার ৭৭ শতাংশের শরৎ ও শীতকালীন ধান উৎপন্ন হয় এবং

রাজ্যে উৎপন্ন মোট ধানের ৬৮ শতাংশই হল এই ধান। ধান চাষ এলাকার ২৩ শতাংশ জমিতে সেচ নির্ভর গ্রীষ্মকালীন ধানের চাষ হয় এবং মোট উৎপন্ন ধানের ৩২ শতাংশ হল এই ধান। রাজ্যে ধান উৎপাদনের মাত্রা সারণি নিম্নে উপস্থাপিত হচ্ছে—

পরিকল্পনা পর্যায়	এলাকা (০০০ হেক্টর)	উৎপাদন (০০০ টন)	ফলনমাত্রা (কেজি/প্রতি হেক্টরে)
১ম পরিকল্পনা (১৯৫১-৫২ থেকে ১৯৫৫-৫৬)	৪০৬৫	৪১৭৭	১০২৭
৬ষ্ঠ পরিকল্পনা (১৯৮০-৮১ থেকে ১৯৮৪-৮৫)	৫১৬৪	৬৮৫৬	১৩২৮
৭ম পরিকল্পনা (১৯৮৫-৮৬ থেকে ১৯৮৯-৯০)	৫৪৩৩	৯৪৪১	১৭৩৮
৮ম পরিকল্পনা (১৯৯২-৯৩ থেকে ১৯৯৬-৯৭)	৫৮১৯	১২০৬৩	২০৭৩
৯ম পরিকল্পনা (১৯৯৭-৯৮ থেকে ২০০১-০২)	৫৮৯২	১৩৫৯৯	২৩০৮

কৃষকের ক্ষেতে উন্নত কৃষিপ্রযুক্তি প্রয়োগের দ্বারা উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে চাল উৎপাদনের ক্ষেত্রে সবলে পথ করে নেওয়ার সাফল্য এ রাজ্যে পরিলক্ষিত হয়েছে। চালের উৎপাদন বৃদ্ধিকল্পে এ রাজ্যে বেশকিছু সংখ্যক কার্যক্রম চালু আছে ; যথা—

(ক) 'নিবিড় খাদ্যশস্য উৎপাদন প্রকল্প' নামে একটি কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প রাজ্যের ধান্যপ্রধান বাস্তুতন্ত্রে ১৭টি কৃষি জেলার ১২৫টি নির্ধারিত ব্লকে চালু আছে। হাইব্রিড ও উচ্চফলনশীল ধানের উৎপাদনে কৃষি প্রযুক্তির উপর প্রদর্শনী ক্ষেত্র স্থাপন, কৃষক প্রশিক্ষণ পরিচালন, ধানের 'সর্বাত্মক কীট নিয়ন্ত্রণ', হাইব্রিড সহ অধিক ফলনশীল জাতের উন্নতমানের বীজ সরবরাহ, কৃষি যন্ত্রপাতির সরবরাহ, ভরতুকিতে 'পাওয়ার টিলার' ও 'স্প্রিঙ্কলার সেট' সরবরাহ ইত্যাদি এই প্রকল্পের প্রধান অঙ্গ।

(খ) রাজ্যস্তরের প্রকল্প মাধ্যমে হাইব্রিড ও অধিক ফলনশীল ধানের 'গুণমানসম্পন্ন বীজ' কৃষকদেরকে ভরতুকিতে সরবরাহ করা হয়।

(গ) রাজ্যস্তরের প্রকল্প অনুযায়ী উন্নত উচ্চফলনশীল এবং হাইব্রিড ধানের 'গুণমানসম্পন্ন বীজ' কৃষকদেরকে 'মিনিকিট' রূপে বিতরণ করা হয়।

(ঘ) পুরনো জাতগুলির স্থান বদল যাতে নতুন ও সদ্য ছাড়পত্র পেয়েছে এমন অধিক ফলনশীল ধানের জাত দিয়ে করা যায় সেজন্য কেন্দ্রীয় স্তরের মিনিকিট কার্যক্রমে ওইসব বীজ রাজ্যের কৃষকদের মধ্যে বিতরণ করা হয়ে থাকে।

(ঙ) 'সেন্ট্রাল সেক্টর ফ্রন্ট লাইন ডেমনেস্ট্রেশন স্কীম' অনুযায়ী সদ্য ছাড়পত্র পাওয়া জাত দিয়ে কৃষকের ক্ষেতে এক লপ্তে ২০ একরের 'ব্লক-ডেমনেস্ট্রেশন' স্থাপন করা হয়।

(চ) 'উচ্চ ফলনশীল ও হাইব্রিড প্রজাতিগুলির প্রদর্শনীর মাধ্যমে নতুন প্রযুক্তির প্রচার' নামক নতুন চালু হওয়া প্রকল্প ২০০২-২০০৩ সাল থেকে কার্যকরী করা হয়েছে।

(ছ) 'গুণমানসম্পন্ন বীজের উৎপাদনের জন্য উৎপাদক/সংগঠককে উৎসাহ ভাতা' এই নতুন প্রকল্প অনুযায়ী কার্যক্রম ২০০২-২০০৩ সাল থেকে শুরু হয়েছে।

(জ) দৈব দুর্বিপাকজনিত পরিস্থিতিতে—যা এ রাজ্যের প্রায় নিয়মিত ঘটনার মতো হয়ে দাঁড়িয়েছে। মিনিকিটের মাধ্যমে ও ভরতুকিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে 'গুণমানসম্পন্ন বীজ' বিতরণের কার্যক্রম গৃহীত হয়েছে।

বস্তুত ধান চাষের এলাকা প্রসারণের সম্ভাবনা আর নেই বললেই চলে। হেক্টর প্রতি ২৪০৮ কেজি উৎপাদনশীলতা সহ ২০০৩-২০০৪ সালের জন্য ৬০ লক্ষ হেক্টরে ১৪৪.৫০ লক্ষ টন চাল উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এই লক্ষ্যমাত্রা পূরণের উদ্দেশ্যে মূলত অধিক ফলনশীল ও হাইব্রিড জাতের চাষের প্রসার ঘটিয়ে এবং কৃষকের ক্ষেতে স্বল্পমূল্যের উপকরণ ও ন্যূনতম খুঁটিনাটি বিষয় ব্যবহার করে হেক্টর প্রতি গড় উৎপাদন বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

৫.২ গম

রাজ্যের দ্বিতীয় প্রধান তন্ডুল ফসল হল গম এবং শীতকালে নিশ্চিত এবং/অথবা সীমিত সেচের সুবিধাযুক্ত এলাকায় এর চাষ হয়ে থাকে। উচ্চফলনশীল জাতের প্রবর্তন এবং সেচের সুবিধা বৃদ্ধির সঙ্গে সঙ্গে গম চাষের এলাকা, উৎপাদন ও উৎপাদনশীলতার দ্রুত বৃদ্ধি প্রত্যক্ষ করা গিয়েছিল। কিন্তু সেইসঙ্গে অন্যান্য কিছু লাভজনক সেচসেবিত ফসল চাষ শুরু হওয়ায় গম চাষের এলাকা ও গমের উৎপাদন সঙ্কুচিত হয়েছে। গমের উৎপাদন বৃদ্ধির জন্য বেশ কয়েকটি কার্যক্রম এ রাজ্যে চালু আছে, যথা—

(ক) কেন্দ্রীয় সাহায্যপুষ্ট 'ইনটিগ্রেটেড প্রোগ্রাম ফর সিরিয়াল ডেভেলপমেন্ট' প্রকল্প এবং রাজ্যস্তরের প্রকল্পের মাধ্যমে ভরতুকি মূল্যে কৃষকদেরকে শংসিত গম বীজ সরবরাহ করা হয়।

(খ) 'সেন্ট্রাল সেক্টর হুইট মিনিকিট স্কীম' ও রাজ্যস্তরের প্রকল্প অনুযায়ী মিনিকিট বিতরণ কার্যক্রমের মাধ্যমে গমের শংসিত বীজ কৃষকদের দেওয়া হয়ে থাকে।

২০০৩-২০০৪ সালে হেক্টর প্রতি ২৪৪২ কেজি গড় উৎপাদন সহ ৪.৩০ লক্ষ হেক্টরে ১০.৫০ লক্ষ টন গম উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ২০০১-২০০২ সালে ৪.০৪ লক্ষ হেক্টর জমিতে হেক্টর প্রতি ২৫৩৭ কেজি উৎপাদনশীলতার ভিত্তিতে ১০.২৫ লক্ষ টন গম উৎপন্ন হয়।

৫.৩ ডালশস্য

ডালশস্য প্রোটিনে সমৃদ্ধ। এই শস্যের চাষে মাটি নাইট্রোজেন সম্পৃক্ত হয়। মানবদেহে প্রোটিন ঘাটতির মোকাবিলা করতে এবং মাটির উর্বরতা বজায় রাখতে এই শস্যের উৎপাদন বৃদ্ধির ব্যাপারে গুরুত্ব আরোপ করা হয়েছে। এই রাজ্যে সাধারণত অসেচসেবিত, প্রান্তিক ও অপ্রচলিত এলাকাগুলিতে প্রধান ফসল, মিশ্র ফসল ও পয়রা ফসল হিসাবে ডালশস্যের চাষ হয়ে থাকে। যেহেতু এ রাজ্যের কৃষকরা সেচসেবিত এলাকাগুলিতে অধিকতর লাভজনক ফসলচাষে আগ্রহী, সে কারণে সেচসেবিত এলাকার বৃদ্ধিজনিত সুবিধা ডালশস্য চাষের ক্ষেত্রে প্রসারিত করা যায়নি।

ডালশস্যের ফলনবৃদ্ধির জন্য এ রাজ্যে দুটি প্রকল্প কার্যকরী আছে। (ক) 'ন্যাশনাল পাল্‌স ডেভেলপমেন্ট প্রোজেক্ট' (এন.পি.ডি.পি)—একটি কার্যশীল কেন্দ্রীয় স্তরের প্রকল্প যার মাধ্যমে গুণমানসম্পন্ন বীজ, মৃত্তিকা সংশোধক, অনুখাদ্য, রাইজোবিয়াম কালচার, কৃষি যন্ত্রপাতি ও শস্যরক্ষার সরঞ্জামের ব্যবস্থা ও সেগুলি বিতরণ করা হয়ে থাকে। ২০০২-২০০৩ সালে ১০,২০০ সংখ্যক মিনিকিট বিতরণ, ৪৫৫ হেক্টর জমিতে 'ব্লক প্রদর্শনী ক্ষেত্র' স্থাপন করা হয় এই প্রকল্পের আওতায়। (খ) 'ডালশস্য উন্নয়ন প্রকল্প' (একটি রাজ্য প্রকল্প)-এর মাধ্যমে ২০,৫০০ সংখ্যক প্রদর্শনী পরিচালিত হয়।

২০০৩-২০০৪ সালে এই উভয় প্রকল্পই চালু রাখা হবে এবং হেক্টর পিছু ৯৪৯ কেজি উৎপাদনশীলতার ভিত্তিতে ৩.১৬ লক্ষ হেক্টর জমিতে মোট ৩ লক্ষ টন ডালশস্য উৎপাদকের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

মানবদেহের পক্ষে ক্ষতিকারক 'নিউরোটক্সিন'-এর পরিমাণ বিষমাত্রা থেকে অনেক কম আছে, এরূপ একটি খেসারি ডালের উন্নতজাত 'নির্মল'-এ রাজ্যেই উদ্ভাবিত হয়েছে। এই জাতটিকে জনপ্রিয় করার মাধ্যমে রাজ্যের ডালচাষের এলাকা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২০০৩-২০০৪ সালেও প্রকল্পগুলি চলতে থাকবে।

৫.৪ তৈলবীজ

মোট উৎপাদনের পরিপ্রেক্ষিতে ভোজ্য তেলের সামগ্রিক প্রয়োজনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ যদিও ঘাটতি রাজ্য (৫০ শতাংশের নিচে) হিসাবে চিহ্নিত, তবুও বর্তমানে (অতিরিক্ত জনসংখ্যা সত্ত্বেও) উন্নত কৃষিপ্রযুক্তি এবং অন্যান্য উপকরণের সাহায্যে ও অধিকতর উৎপাদনশীলতার মাধ্যমে ক্রমবর্ধমান চাহিদাজনিত ঘাটতি পূরণের উদ্দেশ্যে এ রাজ্য দ্রুত অগ্রসর হচ্ছে।

ফসল চাষের সর্বমোট এলাকার প্রায় ৬.১৭ শতাংশে তৈলবীজের চাষ হয় এ রাজ্যে। তৈলবীজ ফসলগুলির মধ্যে প্রধান যে রাই-সরিষা, মোট তৈলবীজ এলাকার প্রায় ৭৩ শতাংশেই এর চাষ হয় এবং মোট উৎপন্ন তৈলবীজের প্রায় ৬৮ শতাংশ এই ফসল থেকে পাওয়া যায়। এছাড়া অপর একটি তৈলবীজ ফসল হল তিল যার চাষ হয় মোট তৈলবীজ চাষ এলাকার ১৮ শতাংশে। এতদ্ব্যতীত, এ রাজ্যে নতুন চালু হওয়া তৈলবীজ ফসলরূপে চিনা বাদামের চাষ এলাকার প্রেক্ষিতে বাদামের চাষ দ্রুত জনপ্রিয় হচ্ছে এবং রাজ্যের মোট তৈলবীজ চাষ এলাকার প্রেক্ষিতে এর চাষের এলাকাও বেড়ে চলেছে। বর্তমানে মোট (তৈলবীজ) চাষ এলাকার ৬ শতাংশে এর চাষ হয় এবং মোট উৎপাদনের ১১ শতাংশ এর থেকে পাওয়া যায়।

বাঁকুড়া, পুরুলিয়া ও মেদিনীপুর (পশ্চিম)-এর কিছু অংশের লালমাটি অঞ্চল ও তরাই অঞ্চলের অপ্রচলিত/অপ্রথাগত তৈলবীজ চাষ এলাকা ব্যতিরেকে রাজ্য সরকার তৈলবীজের উৎপাদনশীলতার বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেছেন কারণ (তৈলবীজ চাষের) এলাকা

সম্ভাবনা খুবই সীমিত। ২০০২-২০০৩ সালে তৈলবীজ উন্নয়নের দুটি প্রধান প্রকল্প যেমন (ক) 'কেন্দ্রীয় সাহায্যপুষ্ট তৈলবীজ উৎপাদন প্রকল্প' (৭৫ : ২৫ ভিত্তিতে) এবং (খ) 'সূর্যমুখী সহ তৈলবীজ উন্নয়নে রাজ্যস্তরের প্রকল্প' এ রাজ্যে সাফল্যের সঙ্গে রূপায়িত হয়েছে। এগুলির উদ্দেশ্য হল কৃষকদের ক্ষেতে আধুনিক প্রযুক্তিগত খুঁটিনাটি পৌঁছে দেওয়ার মাধ্যমে রাজ্যে আরও অধিক তৈলবীজ উৎপাদন করা। ২০০৩-২০০৪ সালেও এই উভয় প্রকল্প চালু থাকবে।

২০০৩-২০০৪ সালে হেক্টর প্রতি ৮৪৬ কেজি উৎপাদনশীলতার ভিত্তিতে রাজ্যের ৫.৮ লক্ষ হেক্টর জমিতে ৪.৯০ লক্ষ টন তৈলবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

উপযুক্ত এলাকাভিত্তিক বৈশিষ্ট্য অনুযায়ী নির্ধারিত প্রজাতির রাই-সরিষা, চিনাবাদাম, সূর্যমুখী প্রভৃতি বীজের ব্যবহারের উদ্দেশ্যে 'বীজ-গ্রাম' প্রকল্পর মাধ্যমে কৃষকের ক্ষেতে "পদ্ধতি প্রদর্শনীক্ষেত্র" স্থাপন করে এবং আই.পি.এম-এর মাধ্যমে রোগ-কীট দমন ব্যবস্থার ব্যয় হ্রাস করে গুণমানসম্পন্ন বীজ উৎপাদনের জন্য প্রচেষ্টাসমূহ কেন্দ্রীভূত করা হয়েছে। এছাড়াও তৈলবীজ ফসলের সার্বিক উৎপাদন বৃদ্ধি করতে অবিরাম 'কৃষক প্রশিক্ষণ' কর্মসূচি সংগঠিত করা হয়েছে।

৫.৫ পাট

রাজ্যের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বাণিজ্যিক ফসলগুলির অন্যতম হল পাট। দেশের মোট পাটচাষ এলাকার ৭৫ শতাংশই হল এ রাজ্যে এবং দেশের মোট পাট উৎপাদনের ৮১ শতাংশই এ রাজ্যের অবদান (নবম পরিকল্পনার গড়)। ২০০২-২০০৩ সালে রাজ্যে পাট চাষের এলাকা ঠিক করা হয়েছে ৬.২৩ হেক্টর, উৎপাদন ৮০ লক্ষ গাঁট এবং উৎপাদনশীলতা হেক্টর প্রতি ১২.৮৪ গাঁট। পাট চাষের উৎপাদন, উৎপাদনশীলতা ও এলাকা বৃদ্ধির ক্ষেত্রে এ রাজ্যে বিভিন্ন সমস্যা পরিলক্ষিত হয় ; যেমন—অপ্রতুল ও অসংহত বিপণন পরিকাঠামো, প্রাক্-মৌসুমী বৃষ্টিপাতের অনিশ্চয়তা, কাঁচাপাটের বাজার দরের অস্থিরতা, কৃত্রিম তন্তুজনিত বরাবরের ভীতি ইত্যাদি।

রাজ্যে পাটের উৎপাদন এবং কাঁচা পাটের মান উন্নয়নকল্পে কেন্দ্রীয় সরকারের ১০০ শতাংশ অনুদানপুষ্ট 'বিশেষ পাট উন্নয়ন কার্যক্রম' (এস.জে.ডি.পি) নামে একটি প্রকল্প এ রাজ্যে চালু আছে। সহায়কমূল্যে শংসিত বীজসহ উন্নতমানের কৃষি যন্ত্রপাতি ও ফসল গাছ রক্ষার যন্ত্রপাতি বিতরণ, পাট পচানোর জন্য কাঁচা ও পাকা পুকুর নির্মাণ কাজে সহায়তা, ছত্রাক-কালচার বিতরণ, ফসল-প্রদর্শনী ক্ষেত্র স্থাপনের মাধ্যমে উৎপাদন প্রযুক্তির সংগঠন, ফিতা-পদ্ধতিতে পাট পচানো বিষয়ে প্রযুক্তি প্রদর্শন, পাট উৎপাদনকারীদের প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম এই প্রকল্পের অন্তর্ভুক্ত। ২০০২-২০০৩ সালে 'এস.জে.ডি.পি' প্রকল্পের আওতায় সরকারের 'ম্যাক্রো-মোড' কর্মপরিকল্পনার জন্য ২২২.২২ লক্ষ টাকার আর্থিক সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে। এছাড়া, ২০০৩-২০০৪ সালের এস.জে.ডি.পি প্রকল্পের অধীনস্থ কর্মসূচি রূপায়ণের জন্য ২৩০ লক্ষ টাকার আর্থিক সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে।

৬. কৃষি উপকরণ সরবরাহ

নিয়মিত এবং সময়োচিত কৃষি উপকরণ সরবরাহ কৃষি উৎপাদন বৃদ্ধির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অঙ্গ। এই বিষয়টিকে লক্ষ্য হিসাবে গ্রহণ করে রাজ্য সরকার বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন যাতে কৃষকরা কৃষি উপকরণসমূহ সহজে পেতে পারেন এবং বিতরণ ব্যবস্থা সামগ্রিকভাবে উন্নীত করা যেতে পারে।

৬.১ বীজ

বীজ হল কৃষি উপকরণসমূহের মধ্যে মূলগত উপাদান, কারণ একে কেন্দ্র করেই কৃষি অর্থনীতির যাবতীয় বিষয় আবর্তিত হয়। সাম্প্রতিককালে বিজ্ঞানীদের দ্বারা বীজ উৎপাদনের মাধ্যমে এবং কাঙ্ক্ষিত চরিত্রসম্পন্ন যথা উচ্চফলনশীল, স্বল্পসময়গ্রাহী, রাসায়নিক সারসুনির্ভর, রোগ প্রতিরোধক, স্যাঁতস্যেতে পরিস্থিতি/বন্যা/খরা প্রতিরোধক বীজসমূহের সমন্বয় ঘটানোর সাহায্যে ফসলের ফলনে বিপ্লব ঘটানো সম্ভব হয়েছে।

এ রাজ্যে উচ্চফলনশীল এবং 'প্রকৃত আলুবীজ'সহ (টি.পি.এস) 'হাইব্রিড ধানবীজ'-এর উৎপাদন ও বিতরণ নিষ্পন্ন হয় 'পশ্চিমবঙ্গ রাজ্য বীজ নিগম লিমিটেড (ডব্লিউ.বি.এস. এস.সি)' বিভিন্ন ব্যক্তিমালিকানাধীন সংস্থা ও সেই সঙ্গে জাতীয় সংস্থাসমূহের মাধ্যমে। রাজ্য স্তরের, কেন্দ্রীয় স্তরের এবং কেন্দ্রীয় সাহায্যপুষ্ট বিভিন্ন প্রকল্পের মাধ্যমে 'পশ্চিমবঙ্গ রাজ্য বীজ নিগম লিমিটেড'-এর সাহায্যেই অধিকাংশ পরিমাণ বীজ বিতরণ করা হয়। 'পশ্চিমবঙ্গ রাজ্য বীজ নিগম', কেন্দ্রীয় সংস্থাসমূহ এবং বিভিন্ন ব্যক্তিমালিকানাধীন বীজ ব্যবসায়ী প্রতিষ্ঠানের মাধ্যমেও সরাসরি বীজ বিতরণ করা হয়ে থাকে।

(ক) 'সুসংহত তণ্ডুল উন্নয়ন প্রকল্প : ধান' (একটি কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প), (খ) 'ভর্তুকি মূল্যে গুণমানসম্পন্ন বীজ বিক্রয়' (রাজ্য স্তরের প্রকল্প), (গ) 'মিনিকিটের মাধ্যমে উন্নত, অধিক ফলনশীল এবং হাইব্রিড বীজ বিতরণ' (রাজ্য স্তরের প্রকল্প), (ঘ) 'রবি উন্নয়ন কর্মসূচি' (রাজ্য স্তরের এবং কৃষিতে ম্যাক্রোমোড ব্যবস্থাগত প্রকল্প) এবং (ঙ) প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে 'বিপর্যয় ত্রাণভাণ্ডার' (রাজ্য প্রকল্প ফান্ড)—এই কার্যক্রম/প্রকল্পগুলির মাধ্যমে বিভিন্ন ফসলের যথা ধান, গম, ডালশস্য, তৈলবীজ এবং শাকসবজির শংসিত বীজ সরবরাহ করা হয়ে থাকে। এই বিষয়ে ২০০২-২০০৩ সালে অর্জিত সাফল্যের খতিয়ান নীচে উল্লেখ করা হচ্ছে :

ক্রমসংখ্যা	ফসল	সরবরাহকৃত বীজের পরিমাণ (কুইন্টালে)	মিনিকিট বিতরণের সংখ্যা
(ক)	তণ্ডুল	৩,৬৬,৭৫০	৪,০০,০০০
(খ)	ডালশস্য	১৬,৮৫০	৩,৬০,৮৫০
(গ)	তৈলবীজ	২০,০৭৫	২,৭০,০০০
(ঘ)	পাট	১৮,৫০০	—
(ঙ)	আলু, শাকসবজি ও অন্যান্য	৪,২০,০০০	৫,৬০,০০০

এ রাজের কৃষকদের শংসিত ও গুণমানসম্পন্ন বীজ সরবরাহ করার উদ্দেশ্যে 'বীজ আইন, ১৯৬৬' এবং 'বীজ ধারা, ১৯৬৮'-র পরিপ্রেক্ষিতে এ রাজ্যে 'বীজ শংসায়ন সংস্থা' স্থাপন করা হয়েছে। এই সংস্থার অধীনে (ক) টালিগঞ্জ (খ) বাঁকুড়া (গ) বর্ধমান ও (ঘ) মালদহে বীজ শংসায়নের জন্য মোট ৪ (চার)টি কার্যালয় আছে। 'বীজ শংসায়ন সংস্থা'কে শক্তিশালী করার জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই একটি কর্মসূচি গ্রহণ করেছেন। 'শংসায়ন কর্মসূচি'র অধীনে উৎপন্ন এবং কৃষকদের মধ্যে সরবরাহ করার জন্য বিভিন্ন শস্যবীজ শংসায়নের দায়িত্ব অর্পিত আছে এই সংস্থার উপর। কৃষকদেরকে সরবরাহ করার জন্য যে বীজ তার গুণগত মান বজায় রাখার উদ্দেশ্যে বিভিন্ন স্তরের 'পরিদর্শক আধিকারিক' দলের সাহায্য নিয়ে এই সংস্থা বীজের গুণমান নিয়ন্ত্রণ করে থাকে।

বীজ সংরক্ষণের জন্য পরিকাঠামোগত উন্নতিসাধন, 'ডাটা-ব্যাঙ্ক', বীজ সংক্রান্ত তথ্যজ্ঞাপন, বীজের গুণগতমান নিয়ন্ত্রণ এবং 'বীজ ব্যাঙ্ক' পরিচালনার জন্য রাজ্য সরকার 'বীজ ব্যাঙ্ক প্রকল্প' স্থাপন করেছেন এবং তার কাজকর্ম চালু রেখেছেন।

৬.২ রাসায়নিক সার

'সবুজ বিপ্লব' পর্যায়ের উত্তরকালে অতিরিক্ত খাদ্যশস্য উৎপাদনের ৫৬ শতাংশই রাসায়নিক সারের অবদান, যা (ফসলের) উৎপাদনশীলতা বৃদ্ধির ক্ষেত্রে সর্বাপেক্ষা শক্তি সঞ্চারক উপাদান। বিভিন্ন পরিকল্পনাকালের মধ্যে দিয়ে হেক্টর প্রতি রাসায়নিক সারের প্রয়োগ এবং সুষমহারে তা ব্যবহারের ক্ষেত্রে এ রাজ্যে নিপুণ ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। বিভিন্ন বাধা বিপত্তি যেমন দামের উঠাপড়া, ১৯৯২ সাল থেকে সারের বিকেন্দ্রীকরণহেতু ছাড়ের ক্রমিক হ্রাস এবং প্রাকৃতিক দুর্যোগসমূহ ইত্যাদি সত্ত্বেও এ ক্ষেত্রে যথেষ্ট সাফল্য পরিলক্ষিত হয়েছে এবং জাতীয়স্তরে তা দৃষ্টি আকর্ষণ করেছে।

এ বিষয়ে কিছু উল্লেখযোগ্য বৈশিষ্ট্য নিম্নে উল্লেখিত হল—

(ক) হেক্টর প্রতি প্রয়োগ :

বছর	পরিমাণ (কিলোগ্রাম প্রতি হেক্টরে)
১৯৯৫-৯৬	৯৬
১৯৯৬-৯৭	১০৩
১৯৯৭-৯৮	১০৬
১৯৯৮-৯৯	১১৭
১৯৯৯-২০০০	১৩৪
২০০০-২০০১	১১৬.৬৫*
২০০১-২০০২	১২৬

*(২০০০-এর খরিফ মরশুমের শেষদিকে বিধ্বংসী বন্যার ফলে ফসলের বিপুল ক্ষতি হয়, এর ফলে সারের প্রয়োগের মাত্রাও হ্রাস পায়)

(খ) এন.পি.কে অনুপাত :

বছর	এন	:	পি	:	কে
১৯৯৫-৯৬	৩.৬৫	:	১.৩৯	:	১
১৯৯৬-৯৭	৩.৭১	:	৩.৭১	:	১
১৯৯৭-৯৮	৩.২২	:	১.৫৩	:	১
১৯৯৮-৯৯	৩.০১	:	১.৫৯	:	১
১৯৯৯-২০০০	২.৭	:	১.৪৯	:	১
২০০০-২০০১	২.১	:	১.২৫	:	১
২০০১-২০০২	২.২৪	:	১.২৬	:	১

এটা লক্ষ করা গেছে যে দুর্যোগের বছর (২০০০-২০০১) সত্ত্বেও (রাজ্যে) রাসায়নিক সার ব্যবহারের পরিমাণ বৃদ্ধি পেয়ে জাতীয় স্তরে হেক্টর পিছু সার ব্যবহারের মাত্রাকেও ছাড়িয়ে গেছে। সুষম হারে সার প্রয়োগের ক্ষেত্রেও এ রাজ্যে যথাযথভাবে সুষম সার প্রয়োগ বজায় রাখা হয়েছে যেখানে জাতীয় স্তরে তা রয়েছে বিক্ষিপ্তভাবে। ইউরিয়া ব্যতীত বিনিয়ন্ত্রিত সার সরবরাহের ক্ষেত্রে বাটা/ছাড় দেওয়া হয়।

সরবরাহকৃত সারের গুণমান বজায় রাখার জন্য একটি সুব্যবস্থিত পরিদর্শন কর্মসূচির মাধ্যমে নমুনা (বার্ষিক লক্ষ্যমাত্রা ৪০০০ সংখ্যক) সংগ্রহ করা হয় এবং রাজ্যের ৩(তিন)টি বিধিবদ্ধ পরীক্ষাগারে সেগুলি বিশ্লেষণ করে দেখা হয়। পরিদর্শকগণ দ্বারা লাগাতার পর্যবেক্ষণ একটি নিয়মিত কর্মসূচি এবং এর ফলে পশ্চিমবঙ্গে ভেজাল/খারাপ/নকল সারের কোনো তথ্য পাওয়া যায়নি। ২০০১-২০০২ সালে মোট ২৪১৪ সংখ্যক নমুনা সংগৃহীত হয় যেগুলির মধ্যে ৩৮১টি নমুনা মান-উপযোগী নয় বলে প্রতিপন্ন হওয়ায় সেসব ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা (এফ.সি.ও-১৯৮৫) গৃহীত হয়েছে।

পশ্চিমবঙ্গে গুণমান নিয়ন্ত্রণের ক্ষেত্রে আরেকটি মাত্রা যোগ করা হয়েছে। ডিলারদের কাছে আমদানীকৃত সার পাঠানোর আগে বন্দরে অর্থাৎ হলদিয়ায় সারের নমুনাকরণ বাধ্যতামূলক করা হয়েছে। তাদের কাজ ঠিকমতো হচ্ছে কিনা তা দেখার জন্য বিশেষ পরিদর্শকগণকে নিযুক্ত করা হয়েছে।

৬.৩ জৈব সার

গোবর ও খামারের আবর্জনা থেকে উন্নতমানের জৈব সার প্রস্তুত করে তা নিজ নিজ ক্ষেতে প্রয়োগ করার ব্যাপারে কৃষকদেরকে উৎসাহিত করা হয়। মাটিতে ব্যবহৃত রাসায়নিক সারের কার্যকারিতা বৃদ্ধি, মাটিতে উপস্থিত উপকারী জীবাণুসমূহের সংখ্যা বৃদ্ধি এবং মাটির উর্বরাশক্তি ও অন্যান্য ভৌত রাসায়নিক গুণাবলী বৃদ্ধিতে জৈব সার, আবর্জনা পচা সার ও সবুজ সার প্রয়োগের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। ধানের জলা জমিতে নাইট্রোজেন ঘটিত

সারের স্বাভাবিক উৎস হিসাবে বাস্তু সহায়ক, স্বতঃস্ফূর্ত ও নামমাত্র ব্যয়সাপেক্ষ নীল-সবুজ শৈবালের মতো জীবাণু সার তৈরি করার জন্যও কৃষকদেরকে উৎসাহিত করা হবে। একটি জীবন চক্রে এই শৈবাল হেক্টর প্রতি ২০ থেকে ৩০ কেজি নাইট্রোজেন জোগায় এবং এর ফলে নাইট্রোজেন ঘটিত সারের ৩০ শতাংশ সাশ্রয় হয়। বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ধইঞ্চা, রাইজোবিয়াম সমৃদ্ধ জৈব সার, আবর্জনা পচা সার ইত্যাদির ব্যবহার জনপ্রিয়করণের মাধ্যমে সবুজ সার ব্যবহারের উপর জোর দেওয়া হচ্ছে।

৬.৪ শস্যরক্ষা ও রোগ পোকা নিয়ন্ত্রণ

রাসায়নিক কীটনাশক ব্যবহারের ফলস্বরূপ বাস্তুতন্ত্রে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হওয়ায় 'সুসংহত উপায়ে রোগ পোকা নিয়ন্ত্রণ' (আই.পি.এম) কার্যক্রম চালু করার বিষয়ে রাজ্যের কৃষি দপ্তর একান্ত আগ্রহী। রাসায়নিক কীটনাশকের ব্যবহার কমানো এবং জৈব কীটনাশক ও জৈব নিয়ন্ত্রক-এর ব্যবহার বৃদ্ধি করার ব্যাপারে—বিশেষ করে বিভিন্ন রাজ্যের সকল প্রধান ফসলগুলির ক্ষেত্রে—ভারত সরকারের কৃষিমন্ত্রকও গুরুত্ব আরোপ করেছেন। এই বিষয়টি মনে রেখে ১৯৯১ সালে চালু হওয়া 'সুসংহত উপায়ে রোগ পোকা নিয়ন্ত্রণ' (আই.পি.এম)-এর উপর ভিত্তি করে শস্যরক্ষার কার্যক্রম এ রাজ্যে বর্তমানে চালু করা হয়েছে এবং এর ফলাফলও হয়েছে খুবই উৎসাহব্যঞ্জক। বিভিন্ন ফসল যেমন ধান, সবজি, আখ, তৈলবীজ, ডালশস্য প্রভৃতিতে ২০০১-২০০২ সালে 'আই.পি.এম ক্ষেত্র প্রদর্শনী'র ব্যবস্থা চালু করা হয়েছে। এই প্রদর্শনীর নাম দেওয়া হয়েছিল 'কৃষকগণের ক্ষেত্র বিদ্যালয়' যেখানে এলাকার প্রশিক্ষিত আধিকারিকগণের সহায়তায় 'আই.পি.এম'-এর প্রধান প্রশিক্ষক ফসলচক্রের সম্পূর্ণ পর্যায়কাল ধরে কৃষকদেরকে প্রশিক্ষণ দিয়েছিলেন। এটা করা হয়েছিল ক্ষেতের অবস্থা অনুযায়ী কৃষকদেরকে হাতে-কলমে রোগ পোকা ও রোগের ধরন সম্বন্ধে প্রশিক্ষিত করার জন্য। ক্ষেতের পরিস্থিতি অনুসারে স্বাভাবিকভাবে সৃষ্ট জৈব নিয়ন্ত্রকগুলির উপর যথাযথ গুরুত্ব আরোপ করা হয়েছিল। ধানের ক্ষেত্রে এরূপ ২৯৪ সংখ্যক 'এফ.এফ.এস'-এর ব্যবস্থা করা হয়। সেইমতো ২০০১-২০০২ সালে সুসংহত উপায়ে রোগ পোকা নিয়ন্ত্রণ কার্যক্রমে সবজির ক্ষেত্রে ১২টি এবং ধানের ক্ষেত্রে ৮টি এরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়াও বিভিন্ন কেন্দ্রীয় সাহায্যপুষ্ট কার্যক্রম যেমন সুসংহত তন্ডুল শস্য উন্নয়ন প্রকল্প (আই.সি.ডি.পি), তৈলবীজ উৎপাদন প্রকল্প (ও.পি.পি), জাতীয় ডালশস্য উন্নয়ন প্রকল্প (এন.পি.ডি.পি), বিশেষ পাট উন্নয়ন প্রকল্প (এস.জে.ডি.পি) ইত্যাদি ক্ষেত্রেও 'সুসংহত রোগ পোকা দমন পদ্ধতি' কার্যক্রমের পরিদর্শন কেন্দ্র গড়ে তোলা হয়েছিল। ২০০১-২০০২ সালে রোগ পোকার মারাত্মক প্রাদুর্ভাব দেখা দেয়নি। সুতরাং রাসায়নিক কীটনাশক ব্যবহারের প্রয়োজনীয়তাও খুব একটা হয়নি। এই সময়ে জৈব কীটনাশককে আরও জনমুখী করে তোলার জন্য কৃষকদের মধ্যে জৈব সার বিতরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়।

ফসলকীট দমনে এবং ফসলের রোগ প্রতিহত করতে কীটঘ্ন ঔষধই শেষ অবলম্বন। 'ইনসেক্টিসাইড্ অ্যাক্ট, ১৯৬৮' এবং এর অধীনস্থ ধারাগুলি যথাযথভাবে মেনে সমগ্র পশ্চিমবঙ্গে বেসরকারি ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলির মাধ্যমে গুণমানসম্পন্ন কীটনাশক সরবরাহের

ব্যবস্থা করা হয়েছে। ২০০১-২০০২ সালে জেলাস্তরের নিরীক্ষক ও তত্ত্বাবধানকারীদেরকে স্ব-স্ব জেলায় ফসলের কীট/রোগ/আগাছার অবস্থা খতিয়ে দেখার দায়িত্ব দেওয়া হয়েছিল। আক্রান্ত ফসল/গাছের জন্য দ্রুত রোগ নির্ণয় ও বৈজ্ঞানিক সুপারিশ প্রদানের উদ্দেশ্যে রাজ্যে ২৫টি রোগ নির্ণায়ক পরীক্ষাকেন্দ্র স্থাপন করা হয়েছে। কৃষক প্রশিক্ষণের সুবিধার্থে বিভিন্ন জেলায় 'শ্রবণ-অবলোকন' পদ্ধতির যথেষ্ট সংখ্যক সরঞ্জামও পাঠানো হয়েছে। এছাড়াও, রাসায়নিক কীটনাশকের গুণমান নির্ধারণের জন্য কীটনাশক পরিদর্শক নিয়মিত রাসায়নিক কীটনাশকের নমুনা সংগ্রহ করে থাকেন। ২০০১-২০০২ সালে ৩৩৩টি কীটনাশকের নমুনা সংগ্রহ করা হয়। এর মধ্যে ২৯৯টি নমুনাকে বিশ্লেষণ করা হয়েছে। যার মধ্যে ১০টি নমুনাকে নিম্নমানের বলে চিহ্নিত করা হয়েছে।

প্রযুক্তি সম্মত কীটনাশক ঔষধ হিসাবে ২০০১-২০০২ সালে মোট ৩১৮০ মেট্রিক টন পরিমাণ ব্যবহার করা হয়েছে, যেখানে এই লক্ষ্যমাত্রা ছিল প্রায় ৪২৩৪ মেট্রিক টন। পূর্বাপেক্ষা কীটনাশক ঔষধ ব্যবহারের এই হ্রাসমানতা ভারত সরকারকে জানানো হয়েছে। প্রধান ফসলগুলির উৎপাদন ও উৎপাদনশীলতায় রাজ্যের অবস্থার উন্নতির ক্ষেত্রে এটি নিশ্চিতরূপেই একটি বিরাট সাফল্য।

২০০২-২০০৩ সালে গৃহীত এই সমস্ত কর্মসূচিই ২০০৩-২০০৪ সালেও চালু রাখা হবে।

৬.৫ কৃষি ঋণ

সমবায় ব্যাঙ্কগুলি থেকে এবং অন্যান্য বাণিজ্যিক ও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে কৃষি ঋণ পাওয়ার ক্ষেত্রে ইচ্ছুক কৃষকদেরকে রাজ্য কৃষিবিভাগ সাহায্য করে থাকে। 'রাজ্যস্তরের ব্যাঙ্কার্স কমিটি' (এস.এল.বি.সি) এবং 'কৃষিবিভাগ' যুগ্মভাবে এই ঋণ সংক্রান্ত নির্দেশিকা তৈরি করে দেয়। পশ্চিমবঙ্গ মূলত একটি কৃষিভিত্তিক রাজ্য যেখানে রাজ্যের অভ্যন্তরীণ উৎপাদন-এর ৪৫ শতাংশেরও বেশি আসে কৃষি থেকে। ২০০২-২০০৩ সালের জন্য রাষ্ট্রায়ত্ত এবং সমবায়—উভয়প্রকার ব্যাঙ্ক থেকেই স্বল্পমেয়াদী ঋণ প্রদানের ক্ষেত্রে যথাক্রমে ৭৮,১৮৫ লক্ষ টাকা এবং ৬০,০০০ লক্ষ টাকার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ওই বছরের স্বল্পমেয়াদী ঋণদান প্রকল্পের জন্য মোট অর্থের পরিমাণ ধার্য করা হয়েছে ১,৩৮,১৮৫ লক্ষ টাকা। ২০০৩-২০০৪ সালের জন্য রাষ্ট্রায়ত্ত এবং সমবায় উভয় প্রকার ব্যাঙ্ক থেকেই স্বল্পমেয়াদী ঋণ প্রদানের ক্ষেত্রে যথাক্রমে ৮৪,১৮৫ লক্ষ টাকা এবং ৬০,৫০০ লক্ষ টাকার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল। এতে মোট অর্থের পরিমাণ ধার্য করা হয়েছিল ১,৪৪,৬৮৫ লক্ষ টাকা।

৭. কৃষি গবেষণা, শিক্ষা, সম্প্রসারণ, প্রশিক্ষণ, তথ্য ও জনসংযোগ

৭.১ কৃষি গবেষণা

ফসলভিত্তিক 'গবেষণাকেন্দ্র' (ধান, গম, ডালশস্য, তৈলবীজ, আলু, আখ) 'আঞ্চলিক গ্রহণোপযোগী গবেষণা কেন্দ্র' এবং 'মহকুমাভিত্তিক গ্রহণোপযোগী গবেষণাকেন্দ্র' সমূহের

সামগ্রিক কর্মপদ্ধতির মাধ্যমে পশ্চিমবঙ্গে কৃষি গবেষণা সংক্রান্ত কার্যাবলী সম্পন্ন করা হয়ে থাকে। নির্দিষ্ট সুপারিশসমূহ চিহ্নিত করা ও বাচাই করার ক্ষেত্রে কৃষকদের অংশগ্রহণ সংক্রান্ত কর্মসূচিও গ্রহণ করা হয়। সুপারিশগুচ্ছ বাস্তবায়িত করার উদ্দেশ্যে মাটি পরীক্ষা, বীজ পরীক্ষা এবং সেই সঙ্গে ফসলের সংরক্ষণের ব্যবস্থা নিতে কৃষকদের মধ্যে উৎসাহিত করা হয়।

বিগত দশকগুলিতে কৃষিতে পশ্চিমবঙ্গ উন্নতির উচ্চমাত্রায় পৌঁছতে সক্ষম হয়েছে এবং কৃষকশ্রেণীর সহায়ক হয় এমন কুশলী গবেষণাসমূহের মাধ্যমেই তা সম্ভব হয়েছে।

পূর্ববর্তী বছরে বিভিন্ন বাস্তুতন্ত্রের উপযোগী নানাপ্রকার ধানের প্রজাতি চিহ্নিত করা হয়েছে। এগুলি হল 'জলপ্রভা', 'সরস্বতী', 'ক্ষণিকা' ও 'যামিনী'। একইভাবে ডালশস্যের মধ্যে 'সারদা', 'গৌতম' নামে দু-প্রকার কলাই এবং 'নির্মল' ও 'বি ১০ এল-২১২' নামে দু-প্রকার খেসারি চাষের জন্য ছাড়া হয়েছে। রাজ্যে ধান, ডালশস্য এবং তৈলবীজের আরও বিভিন্ন প্রজাতি ছাড় পাওয়ার অপেক্ষায় রয়েছে।

হাইব্রিড ধান্য প্রযুক্তির উন্নয়ন সোৎসাহে গৃহীত হয়েছে এবং ২০ শতাংশ অধিক ফলন হবে এমন অনেক প্রজাতি কৃষিক্ষেত্রে চূড়ান্ত মূল্যায়নের পথে।

রাজ্যে আলু উৎপাদনের অগ্রগতির ক্ষেত্রে 'প্রকৃত আলুবীজ' (টি পি এস) একটি নতুন ও উন্নয়নমূলক প্রয়াস। পূর্ববর্তী বছরে 'আলু গবেষণা কেন্দ্রে' ৫.৮ কেজি টি পি এস উৎপাদিত হয়েছিল। এই প্রযুক্তি কাজে লাগাতে বেশকিছু কৃষি প্রদর্শনী ক্ষেত্র বেছে নেওয়া হয়েছে।

রাজ্যে গম উৎপাদনের পরিমাণ ঊর্ধ্বমুখী করতে গমের 'সোনালিকা' প্রজাতির পরিবর্তে যথাসময়ে বপনের জন্য 'এইচ-পি ১৭৩১', 'এইচ-ইউ-ডব্লিউ ৪৬৮', 'কে ৯১০৭' ; নাবী বপনের জন্য 'সোনালি (এইচ-পি ১৬৩৩)', 'গঙ্গা (এইচ-ডি ১৬৩৩)', 'এন-ডব্লিউ ১০১৪' ; এবং বর্ষণপুষ্ট অবস্থায় 'কে ৯৪৬৫' প্রজাতির ব্যবহার শুরু করা হয়েছে। আখের চিহ্নিত প্রজাতিগুলি হল 'সি-ও ৮৯০১০', সি-ও ৯০০২২', 'সি-ও-এস ৮৯২১৮', 'সি-ও-পি ৮৯১৮২', 'বি-ও ৯৯' এবং 'সি-ও-এস ৬৮৭'।

বিভিন্ন ফসলের চাষ এবং চাষের পদ্ধতির ক্ষেত্রে উপযুক্ত কৃষি-প্রযুক্তির উন্নতি সাধিত হয়েছে এবং তা কৃষকদের কাছে সহজপ্রাপ্য করে তোলা হয়েছে। এ ছাড়া বিশেষ করে উত্তরবঙ্গের জেলাগুলিতে গমের বীজের দানার বন্ধ্যাত্ব দূর করতে গবেষণা চলছে।

৭.২ কৃষিশিক্ষা

(ক) বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গের কৃষির পরিপ্রেক্ষিতটাও বিগত ১৫-২০ বছরে ধাপে ধাপে পাল্টেছে। ভূমিসংস্কারের পর রাজ্যের কৃষি পরিস্থিতির বিশেষত্ব প্রধানত ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের ক্রিয়াকলাপের মধ্যে। খাদ্যশস্যে উৎপাদনের একটা স্তরে পৌঁছানোর পর রাজ্যের গ্রামীণ মানুষের আর্থিক সচ্ছলতা অর্জনের বিষয়টি সামনে এসেছে। ইতিমধ্যে সারা

দেশের কৃষিনীতির পরিবর্তন এবং বিশ্বায়নের প্রভাবে রাজ্যের কৃষিও কঠিন পরিস্থিতির মুখোমুখি। এর মাঝে কৃষি বিশ্ববিদ্যালয় তার ভূমিকা পালন করেছে কৃষি শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে কৃষি সম্প্রসারণে শিক্ষার অংশটুকুতেও।

উচ্চতর কৃষি শিক্ষার পাঠক্রমের আধুনিকীকরণ বা যুগোপযোগীকরণ চলছে নিয়মিত। হাতেকলমে শিক্ষাদানের পরিকাঠামো উন্নয়নের কাজও চলছে। দু'টি নতুন সৃষ্টি করা অনুষদ (ফ্যাকালটি), হর্টিকালচার ও কৃষি ইঞ্জিনিয়ারিং-এর স্বতন্ত্র ভবন নির্মাণের কাজ শেষ হওয়ার পথে। শিক্ষার গুণমানের উন্নয়ন দেখা যাচ্ছে স্নাতকদের সাফল্যে, সর্বভারতীয় বিভিন্ন ক্ষেত্রে এবং অন্য দেশেও। দেশের ৩৪টি কৃষি বিশ্ববিদ্যালয়ের মধ্যে বেশ কিছুদিন ধরে এর অবস্থান সামনের সারিতে। কৃষি, উদ্যান বিজ্ঞান ও কৃষি কারিগরি বিষয়ে রাজ্যে ও দেশের প্রযুক্তিবিদের চাহিদাও মেটানো হচ্ছে।

রাজ্যে উৎপাদন বৃদ্ধির একটি অন্যতম কারণ সেচ এলাকা বৃদ্ধির মধ্যে দিয়ে ফসল চাষের ঘনত্ব বৃদ্ধি। এছাড়া বৃষ্টিনির্ভর এলাকায় এর অগ্রগতি ঘটাতে মাটির অবশিষ্ট আর্দ্রতাকে কাজে লাগিয়ে রাজ্যের কেন্দ্রীয় নবপলিমাটি অঞ্চলে দ্বিতীয় ও তৃতীয় ফসল চাষে সাফল্য লাভের প্রযুক্তির খুঁটিনাটি নির্ধারিত হয়েছে নতুন পলিমাটি অঞ্চল, কল্যাণীর কৃষি খামারে। রাজ্যের কৃষি উৎপাদন বৃদ্ধিতে এই প্রযুক্তি প্রসারিত করা হলে এর প্রভাব হবে অপরিসীম। এই প্রযুক্তি পুস্তকাকারে প্রকাশিত হবে। ধানের পরে বিভিন্ন ডালশস্য, তৈলবীজ ও মশলা চাষ করে চাষির আর্থিক সচ্ছলতা আসবে। মাটির স্বাস্থ্য উন্নয়নে কম্পোস্ট তৈরির কিছু জীবাণু যথা ট্রাইকুরাস স্পাইরালিস বা এ্যাসপারজিলাস আওয়ামারি নির্বাচন করা হয়েছে যার কালচারে কম্পোস্ট তৈরির অন্যান্য সামগ্রীর সঙ্গে ব্যবহারে, উন্নতমানের ফসফো-কম্পোস্ট তৈরি করে বিক্রি করতে পারবে গ্রামের শিক্ষিত যুবকরা। নানাভাবে আরও কিছু উচ্চ-ফলনশীল ভ্যারাইটির সুপারিশ করা হয়েছে। যেমন, ধানের গোটরা ভোগ এবং গোটরামতী (সুগন্ধী), সবজির মধ্যে পেঁয়াজের সুখসাগর ও ভিন্ডির মাকো-১০, সারা বছরের জন্য গেঁদার হিরাকোল, সমতলের জন্য অর্কিডের সোনিয়া, জলদি কাটাফুলের জন্য চন্দ্রমল্লিকার (সান্ডার্ড)—ডিগনিটি এবং গ্ল্যাডিওলাসের সিলভিয়া ও আমেরিকান বিউটি ইত্যাদি। চাষির অংশগ্রহণে ধানের বৈচিত্র্য সংরক্ষণের কাজ চলছে বিভিন্ন দেশি সুগন্ধী ভ্যারাইটি নিয়ে। ধান চাষের মিথেন উৎপাদন হার কমানোর ক্ষেত্রেও প্রযুক্তি নির্বাচিত হয়েছে। পান, বাদাম প্রভৃতি বিভিন্ন ফসলের রোগ দমনে ব্যবহারযোগ্য জীবাণু রোগনাশক ও তার প্রযুক্তি তৈরি হয়েছে। এই জৈবরোগনাশক উৎপাদনভিত্তিক ছোট ছোট কেন্দ্র কিছু মানুষের কর্মক্ষেত্র হতে পারে। এর ব্যবহার রাজ্যের শস্য সুরক্ষা পরিবেশ অনুকূল করবে।

(খ) উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়

রাজ্যের দ্বিতীয় কৃষি বিশ্ববিদ্যালয় হিসাবে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়, ২০০১ সালের ১লা ফেব্রুয়ারি থেকে কোচবিহার জেলার পুন্ডিবাড়িতে কাজ শুরু করেছে। ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ ২০০২ সালের ২০শে নভেম্বর এই বিশ্ববিদ্যালয়কে অনুমোদন দান করে। বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকারের যৌথ ধারাবাহিক প্রচেষ্টায় এই অনুমোদন লাভ করা সম্ভব হয়েছে। নতুন এই কৃষি বিশ্ববিদ্যালয় গত এক বছরে শিক্ষা, গবেষণা ও কৃষি

সম্প্রসারণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। নতুন এই বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন রকম প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয় উত্তরবঙ্গসহ সমগ্র পশ্চিমবঙ্গের জন্য ন্যস্ত দায়িত্ব পালনে ব্রতী হয়েছে।

(১) কৃষি শিক্ষা : বর্তমানে বিশ্ববিদ্যালয়ে দু'টি অনুষদ রয়েছে—একটি কৃষি ও অন্যটি উদ্যানবিদ্যা। সর্বভারতীয় স্তরে ((JRF) বৃত্তি নিয়ে স্নাতকোত্তর কোর্সে ভর্তি হওয়ার পরীক্ষায় এই বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা উল্লেখযোগ্য সাফল্য দেখিয়েছে। বিশ্ববিদ্যালয়ের মোট ১৭ জন পরীক্ষার্থী ছাত্রের মধ্যে ৬ জন এবছর পরীক্ষায় সফলতা লাভ করেছে। গত বছরে যে সমস্ত ছাত্র NET পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল, তারা সকলেই কৃতকার্য হয়েছে। ছাত্রভর্তি, পরীক্ষা, শিক্ষাক্রম ও পাঠ্যসূচি নির্দিষ্ট সময় ও নির্ধারিত নিয়মানুসারেই সম্পন্ন হয়েছে। কোনও বিচ্যুতি ঘটেনি। দু'টি অনুষদে ১৫টি বিভাগের মধ্যে এ পর্যন্ত কৃষি অনুষদের ৫টি বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি চালু রয়েছে। দু'টি অনুষদে বাকি ১০টি বিভাগে শিক্ষক-শিক্ষাকর্মীর অভাবে স্নাতকোত্তর স্তরে ছাত্রভর্তি সম্ভব হচ্ছে না। শিক্ষা-সংক্রান্ত বিভিন্ন তথ্য নিম্নে বর্ণিত হল।

স্তর	অনুষদ	সরকার অনুমোদিত ছাত্র সংখ্যা	ছাত্র ভর্তি (সংখ্যা) (২০০২-০৩)	উত্তীর্ণ ছাত্র (সংখ্যা) (২০০২-০৩)
স্নাতক	কৃষি	৫০	৫০	৪২
	উদ্যানবিদ্যা	১৫	১০	০৫
স্নাতকোত্তর	এম.এস.সি (কৃষি)	৫০	১৫	১০
	এম.এস.সি (উদ্যান)	২৫	—	—
	ডক্টোরাল	৩০	০৮	০১

(২) গবেষণা ও সম্প্রসারণ : বিশ্ববিদ্যালয়ের অধীনে তিনটি আঞ্চলিক গবেষণা কেন্দ্রে পাট, গম, মশলাপাতি ও ফুল সংক্রান্ত সর্বভারতীয় সমন্বিত গবেষণা প্রকল্পে নিম্নলিখিত গবেষণার উল্লেখযোগ্য কাজ বর্ণিত হ'ল :

⟹ বিশ্ববিদ্যালয় তিনটি আঞ্চলিক গবেষণা কেন্দ্রে ধান্য গবেষণা, বিশেষ করে এলাকার জমির বিভিন্ন অবস্থানের উপযোগী জাত নির্বাচনের জন্য জাতীয় (ডি.আর.আর) ও আন্তর্জাতিক (আই.আর.আর.আই) স্তরের গবেষণা সংস্থাগুলির সঙ্গে যৌথ গবেষণা প্রকল্পের কাজ চালাচ্ছে।

⟹ পশ্চিমবঙ্গে চাষের বিশেষ উপযোগী হিসাবে 'সুরঞ্জনা' নামে হলুদের একটি নতুন জাতের উদ্ভাবন হয়েছে।

⟹ পাট, গম, ভুট্টা, টম্যাটো ইত্যাদি ফসলের জন্য নতুন প্রজাতি উদ্ভাবন করা হয়েছে এবং এ সংক্রান্ত গবেষণার ধারাবাহিকতা বজায় আছে। উদ্ভূত প্রযুক্তিগুলি কৃষকের জমিতে পরীক্ষা-নিরীক্ষার কাজ চলছে।

⟹ উত্তরবঙ্গের জলবায়ু-উপযোগী মশলাপাতি চাষ সম্প্রসারণের জন্য উন্নতমানের আদা, হলুদ, লঙ্কা, গোলমরিচ, ধনে, জিরা, মেথির বীজ ও চারা উৎপাদনের কাজ চলছে।

সম্প্রারণ—বর্তমানে ভারতীয় কৃষি গবেষণা পরিষদের অর্থানুকূল্যে বিশ্ববিদ্যালয়ে দু'টি কৃষি বিজ্ঞান কেন্দ্র কাজ করছে। একটি দার্জিলিং জেলার পাহাড়ী অঞ্চলের জন্য কালিম্পং-এ, অন্যটি কোচবিহার জেলার পুন্ডিবাড়িতে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে দক্ষিণ দিনাজপুর জেলার জন্য মাজিরানে, মালদা জেলার জন্য মানিকচকে এবং উত্তর দিনাজপুর জেলার জন্য চোপড়ায় কৃষি বিজ্ঞান কেন্দ্র অনুমোদনের জন্য ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ কর্তৃক গঠিত কমিটি স্থান নির্বাচনের জন্য পরিদর্শন করেছে। ওই তিনটি কৃষি বিজ্ঞান কেন্দ্র অনুমোদনের অপেক্ষায় রয়েছে। কালিম্পং এবং পুন্ডিবাড়িতে কৃষি বিজ্ঞান কেন্দ্র দু'টি সাফল্যের সঙ্গে কৃষি সম্প্রসারণের কাজ চালিয়ে যাচ্ছে। উক্ত কৃষি বিজ্ঞান কেন্দ্র দু'টিতে ওল, গ্লাডিওলাস, ধান, গম, সরিষা, পাট, চিনাবাদাম, ফরাস, বীন, লঙ্কা, ভুট্টা, মাশরুম ও মৎস্য চাষের সর্বাধুনিক প্রযুক্তি কৃষকের ক্ষেতে প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে প্রয়োগের কাজ চলছে। ঔষধি গাছের চাষের এবং সম্প্রসারণের জন্য প্রায় চল্লিশ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট দপ্তর এ বছর অনুমোদন করেছে।

(গ) উক্ত দু'টি বিশ্ববিদ্যালয় ছাড়াও (১) কলকাতা বিশ্ববিদ্যালয় ও (২) বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় (একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়) এ রাজ্যে কৃষি সংক্রান্ত শিক্ষা ও কৃষি গবেষণার কাজ করে থাকে।

৭.৩ কৃষি সম্প্রসারণ :

গবেষণালব্ধ উন্নত প্রযুক্তিকে কৃষকের খামারে সম্প্রসারিত করাই কৃষি সম্প্রসারণের মুখ্য উদ্দেশ্যে। কৃষির সার্বিক উন্নয়নের জন্য অতীব গুরুত্বপূর্ণ এই পদ্ধতি অর্থাৎ সম্প্রসারণ পদ্ধতিতে গবেষণালব্ধ তথ্যাবলীকে সুষ্ঠু ও পুনর্বিন্যস্ত কর্মসূচির মাধ্যমে প্রয়োজনভিত্তিতে এবং নিয়মিতভাবে সরাসরি কৃষকের কাছে হস্তান্তরিত করা হয়। এই উদ্দেশ্যে এখন কৃষি সম্প্রসারণ পদ্ধতিকে ঢেলে সাজানো হচ্ছে। এতে গবেষণা ও প্রশিক্ষণ কর্মীদের সঙ্গে কৃষক সম্প্রদায়ের ঘনিষ্ঠ যোগাযোগ রাখার ওপর গুরুত্ব আরোপ করা হচ্ছে।

রাজ্যের কৃষকদের সঙ্গে তৃণমূলস্তরে নিবিড় সম্পর্ক বজায় রাখতে "কৃষি প্রযুক্তি সহায়ক" (কে.পি.এস)গণ প্রধান ভূমিকা গ্রহণ করে থাকেন। ক্ষেতের সমস্যা-সংক্রান্ত বিষয়গুলি সমাধানের জন্য গবেষক, বিজ্ঞানী ও সম্প্রসারণকর্মীরা মাসিক আলাপ-আলোচনার মাধ্যমে, নিয়মিতভাবে প্রযুক্তিগত পরামর্শ/সুপারিশ নির্ণয় করে থাকেন। মহকুমাস্তরে পাক্ষিক প্রশিক্ষণের মাধ্যমে কে.পি.এস'দের ওই সকল প্রযুক্তিগত খুঁটিনাটি বিষয়ে পরিজ্ঞাত করা হয়। কে.পি.এস'রা কৃষকের ক্ষেতে এই প্রযুক্তি হস্তান্তরের কাজ করে থাকেন।

সর্বাধুনিক কৃষি তথ্য জ্ঞাপন ও ক্ষেতে প্রয়োগ সংক্রান্ত বিষয়ে কৃষি সম্প্রসারণ ও গবেষণা শাখার কর্মীদের মধ্যে তথ্য বিনিময়ের এই উভয়মুখী পদ্ধতি, প্রশিক্ষণ ও প্রদর্শনি (টি এ্যান্ড ভি) নামক এক সুবিন্যস্ত কর্মসূচির মাধ্যমে চালু রাখা হয়েছে এবং এই পদ্ধতি কৃষকশ্রেণির মধ্যে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে।

৭.৪ কৃষি প্রশিক্ষণ :

কৃষিতে নতুন প্রযুক্তি ব্যবহারের বিষয়ে কৃষক সম্প্রদায়কে সচেতন করে তোলার প্রচেষ্টায়, তাদের উদ্যোগকে সংগঠিত করে তোলার উদ্দেশ্যে এবং বিভাগীয় সম্প্রসারণ কর্মীদের প্রযুক্তি হস্তান্তর বিষয়ে কর্মদক্ষ করে তোলার জন্য কৃষি বিভাগের পক্ষ থেকে ব্যাপক প্রশিক্ষণ কর্মসূচি নেওয়া হয়ে থাকে। এই প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের প্রযুক্তি সম্প্রসারণ ছাড়াও বিবিধ বিষয়ে দক্ষতা বাড়ানোর প্রচেষ্টা নেওয়া হয়।

রাজ্যের কৃষক সম্প্রদায়ের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখার ব্যাপারে 'কৃষি প্রযুক্তি সহায়ক'গণই প্রধান ভূমিকা পালন করে থাকেন। রাজ্যে ৮ (আট)টি 'কৃষি প্রশিক্ষণ' কেন্দ্রে চাকুরিতে যোগদানের পূর্বে এবং চাকুরি চলাকালীন 'কৃষি প্রযুক্তি সহায়ক'গণকে ছয়মাস করে প্রশিক্ষণ দেওয়া হয়। ২০০২-২০০৩ সালে ৩১৯ জন বিভিন্ন জেলায় চাকুরিরত 'কৃষি প্রযুক্তি সহায়ক'-কে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল।

ইতিমধ্যে ২০০২-২০০৩ সালে তপশিলি জাতিভুক্ত কৃষকদের জন্য পাঁচদিনব্যাপী একটি আবাসিক প্রশিক্ষণ শিবিরের ব্যবস্থা করা হয়েছে। ছ'টি কৃষক প্রশিক্ষণ কেন্দ্রে ২৬৩ জন কৃষককে বিভিন্ন ফসলের চাষ পদ্ধতির বিভিন্ন দিক নিয়ে যেমন সুসংহত কীটদমন পদ্ধতি, উদ্ভিদ খাদ্য ইত্যাদি বিষয় নিয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। আশা করা যায়, আগামী দিনে অতিরিক্ত আর্থিক সংস্থানের ব্যবস্থা করা গেলে অন্যান্য শ্রেণিভুক্ত আরও বৃহৎ সংখ্যক কৃষকের কাছে এইরকম সংক্ষিপ্ত পরিসরের প্রশিক্ষণ পরিষেবা পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা সম্ভব হবে।

বিভাগীয় আধিকারিকরা, বিশেষত সম্প্রসারণ আধিকারিকরা সাধারণত রাজ্যের বাইরে এবং রাজ্যমধ্যস্থ বিভিন্ন প্রযুক্তিমূলক ও প্রশাসনিক প্রশিক্ষণ লাভ করে থাকেন। ২০০২-২০০৩ সালে ২৭ জন বিভাগীয় আধিকারিককে এই ধরনের প্রশিক্ষণের জন্য রাজ্যের বাইরে পাঠানো হয়েছে। এছাড়া, ১৬২ জন আধিকারিককে রাজ্যমধ্যস্থ প্রতিষ্ঠানগুলিতে প্রশিক্ষিত করা হয়েছে।

৫০ জন তৃণমূল স্তরের সম্প্রসারণ কর্মী অর্থাৎ কৃষি প্রযুক্তি সহায়ককে কেন্দ্রীয় সরকারি সহায়তা পুষ্ট প্রকল্পে আধুনিক সম্প্রসারণ প্রণালী বিদ্যা ও উন্নত কৃষি ব্যবস্থার সঙ্গে পরিচিত হওয়ার জন্য ২০০২-২০০৩ সালে অন্যান্য রাজ্যে পাঠানো হয়েছিল।

রাজ্যের ৩টি জেলায় প্রায় ৬০হ জন কৃষককে ২০০২-২০০৩ সালে আধুনিক কৃষি প্রযুক্তির বিভিন্ন দিক সম্পর্কে জানতে ও পারস্পরিক মত বিনিময়ের ভিত্তিতে দৃষ্টিভঙ্গি স্বচ্ছ করতে অন্যান্য রাজ্যে প্রশিক্ষণ নেওয়ার জন্য পাঠানো হয়েছিল।

প্রশিক্ষণ কর্মসূচিকে আরও সুদৃঢ় করে তোলার জন্য রাজ্যে একটি কৃষি প্রশিক্ষণ বিদ্যালয় গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই কাজে রাজ্যের একাধিক কৃষি প্রশিক্ষণ কেন্দ্রে পরিকাঠামোগত সহায়তা নেওয়া হবে। এই ধরনের বিদ্যালয়ে রাজ্যের শিক্ষিত গ্রামীণ যুবকরা আবাসিক প্রশিক্ষণ নিতে পারবেন। এই উদ্যোগের উদ্দেশ্য হল গ্রামীণ শিক্ষিত যুবকরা প্রশিক্ষিত হয়ে নিজেদের জমিতে যেমন আধুনিক চাষ পদ্ধতির প্রয়োগ ঘটাবেন,

পাশাপাশি গ্রামেগঞ্জে তাঁদের প্রতিবেশী কৃষকের ক্ষেতেও আধুনিক কৃষি প্রযুক্তি পৌঁছে যাবে। এই প্রকল্প চলবে ২০০৩-২০০৪ অবধি।

৭.৫ কৃষি তথ্য ও জনসংযোগ

'কৃষি তথ্য ও জনসংযোগ সংস্থা' কৃষি সম্প্রসারণ সংগঠনের একটি অবিচ্ছেদ্য অঙ্গ এবং গবেষণা কেন্দ্রসমূহে উদ্ভাবিত কৃষি প্রযুক্তিগত তথ্যাদি কৃষকের ক্ষেতে পৌঁছে দিতে এই সংস্থা নিয়মিত সাহায্য করে চলেছে। সামগ্রিক কৃষি উৎপাদন বৃদ্ধিকল্পে নিয়মিত কৃষি তথ্য সংগ্রহ এবং টার্গেট গ্রুপের কাছে ওই সকল তথ্য সদর্থকভাবে পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে এই সংস্থা সর্বাধুনিক কৃষি প্রযুক্তি প্রসারে অবিরত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

উন্নত কৃষি পদ্ধতিসমূহের বাস্তবায়ন, শস্যরক্ষা ইত্যাদি সংক্রান্ত পুস্তিকা প্রকাশ করা ছাড়াও কৃষি প্রযুক্তিগত তথ্যাবলী, সরকারি নীতি/কার্যক্রম ইত্যাদি বিষয় কৃষকদের কাছে পৌঁছে দেওয়া হয় প্রদর্শনী, আলোচনাচক্র, প্রশিক্ষণ শিবির, কৃষক সন্তান (ফার্মার্স সঙ্গ) প্রশিক্ষণ, ছোট ছোট বৈঠক এবং বেতার, দূরদর্শন প্রভৃতি গণমাধ্যমের সাহায্যে।

২০০১-২০০২ সালে (ক) গ্রামীণ গণশিক্ষার্থে ১৯২টি কৃষি প্রশিক্ষণ শিবির (যেগুলিতে আনুমানিক ১,৫৪,৭৬২ জন কৃষক অংশগ্রহণ করেছিলেন) (খ) ৬০ জন কৃষক সন্তান প্রশিক্ষণ শিবির (যেগুলিতে আনুমানিক ১৮০০ জন কৃষক সন্তান অংশগ্রহণ করেছিলেন) এবং (গ) ৬৩৫ সংখ্যক ক্ষুদ্র বৈঠক (যেগুলিতে মোট ১৫,৯০০ জন কৃষক, কৃষি শ্রমিক ও মহিলা আশগ্রহণ করেছিলেন।) পরিচালনা করা হয়। ২০০২-২০০৩ সালে এই কার্যক্রম চালু রাখা হয়েছিল এবং ২০০৩-২০০৪ সালেও এটা চালু রাখা হবে।

৮. মৃত্তিকা ও জল সংরক্ষণ

পশ্চিমবঙ্গের বনাঞ্চল বাদে বাকি ভৌগোলিক এলাকার ২৮.৭৭ শতাংশে ভূমিক্ষয়জনিত সমস্যা বর্তমান। পরিস্থিতির প্রকোপ বৃদ্ধি হয়েছে বালি জমা হওয়ার জন্য। বিশেষ করে কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং জেলায় শিলিগুড়ি মহকুমা, উত্তর দিনাজপুর, বর্ধমান ও বীরভূম ইত্যাদি জেলায়। এ পর্যন্ত মোট ক্ষয়প্রাপ্ত ভূমির ২০.১৮ শতাংশ এলাকায়, যার মধ্যে অধিকাংশই হল তপশিলি জাতি ও উপজাতি এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণের, সেখানে ইতিমধ্যেই উন্নয়নের কাজ করা হয়েছে। মৃত্তিকা সংরক্ষণ কার্যক্রমে একদিকে যেমন ক্ষয়প্রাপ্ত কৃষিজমি পুনরুদ্ধার করে তা উৎপাদনযোগ্য করে তোলা হয়েছে, তেমনি আবার বেশ কিছু জলবিভাজিকা প্রকল্পের মাধ্যমে বৃষ্টির জল ধরে রাখা হচ্ছে। এর ফলে ভূমির উপরিতলে জল সঞ্চয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৭৮৫০ হেক্টর মিটার, যাতে ওই জল সেচের কাজে ব্যবহার করা যায় অথবা বর্ষা পরবর্তীকালে জীবনদায়ী সেচ উপাদানরূপে ব্যবহার করা যায় এবং সেই সঙ্গে ভূতলে সংরক্ষিত জল ৩,০৫,৮৩৫ হেক্টর মিটার পরিমাণে নিয়ে যাওয়া যায়।

কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পের মাধ্যমে যথা 'ফ্লাডপ্রোণ রিভার প্রোজেক্ট' (বন্যা প্রবণ নদী প্রকল্প) রূপনারায়ণ নগর (সন্নিবিষ্ট) এলাকায় ও 'রিভার ভ্যালি প্রোজেক্ট' (নদী বিধৌত

ভূমিখণ্ড প্রকল্প) কংসাবতী ও তিস্তা নদীগুলির সন্নিবিষ্ট এলাকাভুক্ত বিভিন্ন জেলায় সম্পাদিত হচ্ছে। সাম্প্রতিক বন্যাপ্রবণ নদীগুলি যেমন তোর্ষা, রায়ডাক, জলঢাকা, মানসাই, ধরলা ও সংকোশ-এর নহর এলাকায় ভূমি নিরীক্ষণ (সমীক্ষা ও জলবিভাজিকার কাজ সম্পূর্ণ করার পর নব প্রকল্পের কাজ গ্রহণ করা হবে।

নদিয়া ও হাওড়া জেলা ছাড়া রাজ্যের ১৬ (ষোলো)টি কৃষি জেলার ১৬৫টি ব্লকে 'ন্যাশনাল ওয়াটার শেড্ ডেভেলপমেন্ট প্রোজেক্ট ফর রেনফেড এরিয়াস' (এন.ডব্লিউ.ডি.পি. আর.এ) নামে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট একটি প্রকল্প চালু আছে। এ পর্যন্ত (প্রায়) ১,৪৩,৫৫২ হেক্টর জমি এই প্রকল্পের আওতায় নেওয়া হয়েছে এবং কাজের অগ্রগতি হয়েছে। পঞ্চায়েতসমূহের মাধ্যমে এই কাজ পরিচালনা করা হয়ে থাকে। যেভাবে কেন্দ্রীয় সরকার এন.ডব্লিউ.ডি.পি.আর.এ গঠন প্রণালী নবীকরণ করেছেন, সেই অনুযায়ী পশ্চিমবঙ্গের ১৪টি জেলার ১৪ (চৌদ্দ)টি ব্লকে 'পাইলট ওয়ারটারশেড ডেভেলপমেন্ট প্রোজেক্ট' নামে প্রায় ৯,৭২৩ হেক্টর জমিতে এই প্রকল্পের কাজ গ্রহণ করা হয়েছে যার আনুমানিক খরচ ৪.২৭ কোটি টাকা। এইসব বিশেষ প্রকল্প পঞ্চায়েতসমূহ ও কৃষি বিভাগের মৃত্তিকা সংরক্ষণের দায়িত্বশীল কর্মচারীদের প্রতিনিধিত্বে পরিচালনা করা হবে।

যোগ্যতার নিরিখে জমির ব্যবহার নির্ধারণে বিজ্ঞানভিত্তিক প্রাথমিক পদক্ষেপ হিসাবে ভূমি সমীক্ষার কাজ বিবেচনা করা হয়ে থাকে ও এই পদ্ধতিতে জল বিভাজিকার নক্শা তৈরি করা হয়ে থাকে। সমীক্ষার প্রতিবেদনের উপর ভিত্তি করে ভূ-সম্পত্তি ব্যবহার করাই যথাযথ। আকাশপথে গৃহীত আলোকচিত্র ব্যবহার করে এবং দূর অনুভূতিসম্পন্ন পরীক্ষাগার স্থাপনের মাধ্যমে দূরানুভূতি পদ্ধতির প্রয়োগ ঘটিয়ে এই প্রণালীর উন্নতিসাধন করা হয়েছে।

উপরোক্ত সকল কার্যক্রম এই রাজ্যে চালু আছে এবং ২০০৩-২০০৪ সালেও এগুলি চালু রাখা হবে। এ পর্যন্ত ৩০,২৫,৩১৫ হেক্টর জমিতে সমীক্ষা করে ফলাফল প্রকাশ করা হয়েছে। আরও ১০,৩৮,২৯৬ হেক্টর জমি সমীক্ষা করার জন্য নির্দিষ্ট করা আছে। সেখানে আধুনিক প্রযুক্তির প্রয়োগে সমীক্ষা চালানো হবে।

ভূমি ও জল সংরক্ষণ সম্পর্কে প্রশিক্ষণ ও সচেতন করার অভিযান

মানুষের সমস্যার তুলনায় জমির পরিমাণ ক্রমশ সীমাবদ্ধ হয়ে যাচ্ছে, সেই কারণে জমির চাহিদা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ন্যূনতম পরিমাণ জমিতে জৈব উৎপাদন বৃদ্ধি করার প্রয়াসে সংরক্ষিত জমি ও জলসম্পদ ব্যবহারযোগ্য করে তোলাই মুখ্য উদ্দেশ্য। এই সম্বন্ধে প্রত্যেক জমির মালিক ও ব্যবহারকারীকে তাঁদের কর্তব্য ও নৈতিক দায়িত্ব সম্পর্কে অবগত হওয়া প্রয়োজন।

ভূমি সংরক্ষণের প্রযুক্তি ধারাবাহিক গবেষণার ফলে অনেক উন্নত। রাজ্য সরকার সংশ্লিষ্ট সবাইকে এই প্রযুক্তি সম্পর্কে সচেতন করেন। ভূসম্পত্তি সঠিক ব্যবহার করার চেতনা আনার উদ্দেশ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয় এবং ভবিষ্যতেও হবে। রাজ্য সরকারের মেদিনীপুরে অবস্থিত ভূমি ও জল সংরক্ষণের প্রশিক্ষণ কেন্দ্রের সংশ্লিষ্ট সরকারী কর্মচারী ও প্রগতিশীল চাষিভাইদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়।

মৃত্তিকা ও জল সংরক্ষণে উত্তরবঙ্গের জন্য বিশেষ ব্যবস্থা

হিমালয়ের অববাহিকায় অবস্থিত হওয়ায় ভৌগোলিক কারণে উত্তরবঙ্গের প্রচুর খরস্রোতা ও পাহাড়ী নদী সৃষ্টি হয়ে তরাই অঞ্চলের বিভিন্ন জেলা যেমন কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং-এর শিলিগুড়ি মহকুমা, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুর ইত্যাদির ভিতর দিয়ে প্রবাহিত হচ্ছে। এই নদীগুলির উৎস পাহাড় ও তরাই অঞ্চলে। এই নদীগুলি বিশেষ করে বর্ষাকালে হিমালয় থেকে প্রচুর পরিমাণে জল বহন করে। বন্যা ও নদীর দুই পাড়ে ভূমিক্ষয় সৃষ্টি করে। এছাড়া বন্যার জল প্রচুর বালি বহন করে এনে কৃষি জমিতে জমা ক'রে তা কৃষিকাজের অযোগ্য করে তোলে। সমস্ত জল বয়ে যাওয়ার ফলে বিশেষ করে শীতকালীন ও গ্রীষ্মকালীন ফসলের চাষ করার অসুবিধা হয়।

উত্তরবঙ্গের এই অসুবিধা সর্বাত্মকভাবে দূর করার উদ্দেশ্যে মৃত্তিকা ও জল সংরক্ষণের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে। এই প্রকল্পে ভূমি সংরক্ষণ, বন্যা প্রতিরোধ, কৃষি জমিতে জমা পড়া বালি উত্তোলন ও বালি পড়া প্রতিরোধ ব্যবস্থা ও বৈজ্ঞানিক উপায়ে জল সংরক্ষণ করে শীতকালীন ও গ্রীষ্মকালীন চাষ বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনমত প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে।

মৃত্তিকা ও জল সংরক্ষণ গবেষণা

মৃত্তিকা ও জল সংরক্ষণ সংক্রান্ত গবেষণার অন্যতম উদ্দেশ্য হ'ল কার্যকরী প্রযুক্তিকে উদ্ভাবন করা এবং মৃত্তিকা ও জল উপযোগী বিভিন্ন পদ্ধতির প্রয়োগ ঘটানো। কৃষিতে যান্ত্রিক পদ্ধতির ব্যবহার, বাস্তুতন্ত্র নির্ভর কৃষি পদ্ধতির প্রয়োগ, খামার, বন কৃষি-বন, শুষ্ক অঞ্চল উপযোগী বাগিচা ফসল চাষ, মৃত্তিকা রসায়ন, সংরক্ষণশীল চাষ পদ্ধতি প্রভৃতি উন্নত প্রযুক্তিভিত্তিক গবেষণার কাজ চালানো হচ্ছে রাজ্যের "রাজ্য মৃত্তিকা ও জল সংরক্ষণ গবেষণা কেন্দ্র", মেদিনীপুরে। এর মাধ্যমে অনেক গ্রহণযোগ্য প্রযুক্তি উদ্ভাবন করা সম্ভব হয়েছে যার ফলিত প্রয়োগ ঘটেছে, কৃষকের খামারে, ঘটেছে কার্যক্ষেত্রে।

৯. খরাপ্রবণ এলাকার কার্যক্রম

'খরাপ্রবণ এলাকার কার্যপ্রকল্প' (ডি.পি.এ.পি) একটি কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প এবং এই সংশ্লিষ্ট পুরাতন ও নতুন প্রকল্পগুচ্ছের জন্য ভারত সরকার ও রাজ্য সরকার যথাক্রমে ৫০ : ৫০ ও ৭৫ : ২৫ ভিত্তিতে আর্থিক দায়িত্ব বহন করে থাকে। ভূমি ও জল সংরক্ষণ করা এবং সেইসঙ্গে জল-বিভাজিকা কর্মসূচির ভিত্তিতে উপার্জনের সুযোগ সৃষ্টি করার জন্য এটি একটি বিশেষ প্রয়োজনীয় কার্যক্রম।

এ রাজ্যের পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর (ঝাড়গ্রাম মহকুমা) এবং বীরভূম জেলায় এই প্রকল্প রূপায়িত হচ্ছে। উপরোক্ত জেলাগুলিতে ডি আর ডি এ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে এই প্রকল্পের কার্যাবলী চালু রাখা হয়েছে। এই প্রকল্পের আওতায় বর্তমানে পুরুলিয়া জেলায় ২০টি ব্লক, বাঁকুড়া জেলায় ও মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার ৭টি করে ব্লক এবং বীরভূম জেলার ২টি ব্লক চিহ্নিত করা হয়েছে এবং ওই সকল স্থানে ১৬১ সংখ্যক ক্ষুদ্র-জলবিভাজিকা কর্মসূচির উন্নতিসাধন করা হচ্ছে। জেলাওয়ারি

ক্ষুদ্র-জলবিভাজিকা কর্মসূচি, যা চিহ্নিত করে উন্নয়নের আওতায় আনা হচ্ছে, সেগুলির সারণি নিম্নরূপ—

ক্রমিক নং	জেলা	ব্লক সংখ্যা	'ডি পি এ পি'র অধীনস্থ উন্নয়নমুখী ক্ষুদ্র জলবিভাজিকার সংখ্যা
১	পুরুলিয়া	২০	৯৩
২	বাঁকুড়া	৭	৩৩
৩	বীরভূম	২	৮
৪	মেদিনীপুর	৭	২৭
	মোট	৩৬	১৬১

প্রত্যেকটি 'জলবিভাজিকা উন্নয়ন প্রকল্প'র উদ্দেশ্যগুলি নিম্নরূপ :

(ক) জলবিভাজিকার প্রাকৃতিক সম্পদ যথা ভূমি, জল, গাছপালা ইত্যাদির সর্বাধিক ব্যবহার যা খরাজনিত প্রতিকূল পরিস্থিতির উপশম ঘটাবে এবং বাস্তুতন্ত্রের অধিকতর অবক্ষয় প্রতিহত করবে।

(খ) স্থানীয় জনসাধারণের সর্বাধিক পরিমাণ কর্মসংস্থানের জন্য সেই এলাকায় উপযুক্ত কর্মব্যবস্থার উন্নয়ন।

(গ) অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণির মানুষরা যাতে যথাযথভাবে সুবিধার অংশ পেতে পারে তা নিশ্চিত করা।

(ঘ) স্থানীয় জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা এবং তাদের কর্মক্ষমতা গড়ে তোলা যাতে তারা এই কর্মসূচির পরিকল্পনা ও প্রয়োগে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারে।

ডিসেম্বর ২০০২ পর্যন্ত 'ডি পি এ পি'র মাধ্যমে কার্যসম্পাদনে সাফল্যের তালিকা নিম্নরূপ :

'ডি আর ডি এ' সমূহের (ডি আর ডি সি সমূহ) জন্য মোট ছাড়া	প্রাপ্ত ব্যয় সংক্রান্ত প্রতিবেদন	প্রাপ্ত ব্যবহার সংক্রান্ত শংসাপত্র
১৬০০.১৫ লক্ষ টাকা	১৫১৭.৭১ লক্ষ টাকা	১২৮০.৩৪ লক্ষ টাকা
বাহ্যিক উন্নতি ঘটেছে এমন এলাকার পরিমাণ	—	৩৯৬৪২ হেক্টর
ভারত সরকার কর্তৃক অনুমোদিত নতুন জলবিভাজিকা	—	৬৫ সংখ্যক

০১-০৪-১৯৯৯ তারিখ থেকে অনুমোদিত নতুন নিম্নলিখিত জলবিভাজিকা প্রকল্পগুলি নিচে দেওয়া হল। এই প্রকল্পগুলিতে ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের দেয় অর্থের পরিমাণ যথাক্রমে ৭৫ শতাংশ ও ২৫ শতাংশ।

ক্রমিক সংখ্যা	জেলা	জলবিভাজিকার সংখ্যা
১	বাঁকুড়া	১৩
২	পশ্চিম মেদিনীপুর	২৭
৩	পুরুলিয়া	১৮
৪	বীরভূম	২
	মোট	৬০

২০০১-২০০২ সালে অনুমোদিত ৭ম পর্যায়ের নতুন জলবিভাজিকা প্রকল্পগুলি নিচে দেওয়া হল। এই প্রকল্পগুলিতে ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের দেয় অর্থের পরিমাণ যথাক্রমে ৭৫ শতাংশ ও ২৫ শতাংশ।

ক্রমিক সংখ্যা	জেলা	জলবিভাজিকার সংখ্যা
১	বাঁকুড়া	১৪
২	পশ্চিম মেদিনীপুর	১৪
	মোট	২৮

২০০২-২০০৩ সালে অনুমোদিত ৮ম পর্যায়ের (ব্যাচের) নতুন জলবিভাজিকা প্রকল্পগুলি নিচে দেওয়া হল। এই প্রকল্পগুলিতে ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের দেয় অর্থের পরিমাণ যথাক্রমে ৭৫ শতাংশ ও ২৫ শতাংশ।

ক্রমিক সংখ্যা	জেলা	জলবিভাজিকার সংখ্যা
১	বাঁকুড়া	১৪
২	বীরভূম	৪
৩	পশ্চিম মেদিনীপুর	১৪
	মোট	৩২

২০০২-২০০৩ সালের জন্য বাজেট সংস্থান ১৭ লক্ষ টাকা। এই প্রকল্প ২০০৩-২০০৪ সালেও চালু রাখা হবে।

১০. ভুট্টা

ভুট্টা একটি সম্ভাবনাময় উচ্চ উৎপাদনশীল খাদ্যশস্য। বর্তমানে খরিফ ঋতুতে বর্ষাকালীন ফসল হিসাবে এই রাজ্যে ভুট্টা উৎপাদন করা হয়। সেচসেবিত এলাকায় উন্নত

প্রযুক্তি কাজে লাগিয়ে প্রতি হেক্টরে প্রায় ৪ মেট্রিক টন ফলনের সম্ভাবনার ভিত্তিতে শংকর/ কম্পোজিট জাতের ভুট্টা চাষ করা হয়। ভুট্টার উৎপাদন বৃদ্ধি করার জন্য কেন্দ্রীয় সাহায্যপুষ্ট 'অ্যাক্সিলারেটেড মেইজ ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এ.এম.ডি.পি.) নামে এই রাজ্যে একটি প্রকল্প চালু আছে। ২০০১-২০০২ সালে এই প্রকল্পের অধীনে ৫৪০টি মিনিকিট বিলি করা হয়। ৮০০ একরে ক্ষেত্র প্রদর্শনী, ৩০টি 'আই.পি.এম' প্রদর্শনী ও ৩০টি কৃষক প্রশিক্ষণ মোট ১৪.১০ লক্ষ টাকা ব্যয়ে রূপায়িত করা হয়।

২০০২-২০০৩ সালে এই প্রকল্পটি সক্রিয় রয়েছে যাতে ১৮ লক্ষ টাকার ব্যয়বরাদ্দে ৭০০টি মিনিকিট ১২০০ একর কৃষি প্রদর্শনী, ৪০টি আই.পি.এম প্রদর্শন ও ৫০টি কৃষক প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম এই প্রকল্পে রূপায়িত করার কথা বলা হয়েছে।

২০০১-২০০২ সালে ভুট্টার চাষের এলাকা ছিল ০.৩৩ লক্ষ হেক্টর, উৎপাদন ছিল ০.৮৬ লক্ষ টন উৎপাদনশীলতা ছিল ২.৬ মেট্রিক টন প্রতি হেক্টরে। ২০০২-২০০৩ সালে ১ লক্ষ হেক্টর এলাকায় ৩ লক্ষ মেট্রিক টন (ভুট্টা দানা) উৎপাদন, হেক্টর প্রতি ৩ মেট্রিক টন উৎপাদনশীলতা করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এই প্রকল্পটি ২০০৩-২০০৪ সাল অবধি চলবে।

১১. তামাক

তামাক কোচবিহার ও জলপাইগুড়ি জেলার একটি অর্থকরী ফসল। অন্যান্য জেলার মধ্যে মালদহ, নদীয়া ও বাঁকুড়া জেলায়ও স্বল্প পরিমাণ এলাকায় তামাকের চাষ হয়। ২০০১-২০০২ সালে, ৯,৭১৮ হাজার হেক্টর জমিতে হেক্টর প্রতি ৫৪৫ কেজি উৎপাদন হারে মোট ৫.৩০ হাজার টন তামাক উৎপন্ন হয়েছে।

এই রাজ্যে তামাক চাষ উন্নীত করার লক্ষ্যে নিম্নলিখিত প্রকল্প গ্রহণ করা হয়েছে।

(অ) তামাক চাষের উন্নয়ন (সাধারণ চাষিদের জন্য)।

(আ) তপশিলি জাতির জন্য তামাক চাষের উন্নয়ন।

রাজ্যস্তরের প্রকল্পের মাধ্যমে এই দুটি প্রকল্পই ২০০২-২০০৩ সালে রূপায়িত হচ্ছে।

২০০৩-২০০৪ সালেও এই প্রকল্প চালু রাখা হবে।

১২. আলু

রাজ্যের অর্থকরী ফসলগুলির মধ্যে অন্যতম প্রধান ফসল আলু। ২০০২-২০০৩ সালে মোট ৭৮ লক্ষ টন আলু এ রাজ্যে উৎপন্ন হয়। গত বছর এই উৎপাদন ছিল ৭৮.২২ লক্ষ টন।

'আলুর নতুন জাত প্রচলন' নামে একটি প্রকল্পের মাধ্যমে 'প্রকৃত আলুবীজ' (টি পি এস)-এর প্রচলন এবং কুফরী অশোকা (পি জি ০৩৭৬) হাইব্রিড আলুর প্রদর্শনীক্ষেত্র স্থাপনের কাজ চালু রয়েছে। ২০০৩-২০০৪ সালেও এই কার্যক্রম চালু রাখা হবে।

১৩. আখ

রাজ্যে গুরুত্বপূর্ণ বাণিজ্যিক ফসলগুলির মধ্যে অন্যতম হল আখ। ৯ম পরিকল্পনাকালে এই ফসলের এলাকা, উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধির প্রবণতা এই রাজ্যে স্পষ্টরূপে পরিলক্ষিত হয় এবং তা এখনও বিদ্যমান।

২০০১-২০০২ সালে ২৩,২৯৬ হেক্টর জমিতে চাষ করে হেক্টর প্রতি ৮৫.১৪ মেট্রিক টনের উৎপাদনশীলতা ভিত্তিতে মোট ১৯.৮৩ লক্ষ মেট্রিক টন আখ এ রাজ্যে উৎপন্ন হয়েছে।

এই রাজ্যে আখ উন্নয়নের জন্য নিম্নলিখিত প্রকল্পগুলি চালু আছে।

(ক) আখ ও সুগারবীট উন্নয়ন প্রকল্প (নর্মাল)

(খ) আখ ও সুগারবীট উন্নয়ন প্রকল্প (এস.সি.পি তফশিলি কৃষকদের জন্য) এবং

(গ) আখভিত্তিক ফসল চক্রের স্থায়ী উন্নয়নের জন্য কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প ও

(ঘ) ম্যাক্রোমোড কর্মসূচির মাধ্যমে আখচাষিদের (বিশেষত ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের) প্রযুক্তিগত ও আর্থিক সহায়তা দেওয়া হয়।

২০০২-২০০৩ সালে ৮৭.২৩ লক্ষ টাকার ব্যয় অনুমোদনে উপরোক্ত চারটি প্রকল্পের কাজ চালু রাখা হচ্ছে। ২০০৩-২০০৪ সালেও এইসব প্রকল্প চালু রাখা হবে।

১৪. তুলা

তুলা চাষের ব্যাপারে ২০০০-২০০১ সাল থেকে রবি-গ্রীষ্ম মরশুমে রাজ্যের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার উপকূলবর্তী ২০টি ব্লকে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট 'টেকনোলজি মিশন'-এর অন্তর্গত 'মিনি মিশ্ন-২'-এর অধীনে 'সুসংহত তুলা উন্নয়ন কর্মসূচি' চালু করতে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন। বৃষ্টিনির্ভর একফসলি জমি এবং খরিফ মরশুমে নাবি ধান চাষের পর বছরের বাকি সময়ে পড়ে থাকা জমিই মূলত এই প্রস্তাবিত প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রকল্পের এলাকাধীন কৃষকদের অর্থনৈতিক উন্নতিসাধনে উপকূলবর্তী অঞ্চলে ধানচাষের পর পতিত জমিতে তুলা চাষের উজ্জ্বল সম্ভাবনার বিষয়টি বিবেচনা করে এবং বিপুল পরিমাণ কৃষিযোগ্য জমির আরও ভালোভাবে ব্যবহারের উদ্দেশ্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের তরফে ৭৫ : ২৫ আনুপাতিক হারে ২০ লক্ষ টাকা ব্যয়ে 'আই সি পি-তুলা' প্রকল্প ২০০২-২০০৩ সালে চালু রাখা হয়েছে। এই প্রকল্পের অধীন বিষয়গুলি হল শংসিত বীজের সরবরাহ, ক্ষেত্র প্রদর্শনী, কৃষক ও সম্প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ, 'ড্রিপ' পদ্ধতিতে সেচ, 'আই পি এম' প্রদর্শনী, স্প্রেয়ার ও বায়ো এজেন্টের সরবরাহ ইত্যাদি।

অধিকন্তু, তুলা চাষ, রবি-গ্রীষ্ম মরশুমে সমুদ্র উপকূলের বিস্তৃত এলাকায় তুলা চাষ করা ও ২০০২-২০০৩ সালে সরকারি কৃষি খামারে ক্ষেত্র প্রদর্শনী সরকারের সাহায্যে খরিফ মরশুমে বিস্তৃত এলাকায় তুলা চাষের প্রচেষ্টা করা হয়েছে। ইতিমধ্যে ২০০১-২০০২ সালে মোট ১৫০০টি কৃষি প্রদর্শনী ক্ষেত্রের (০.১ হেঃ জমি প্রতি প্রদর্শনীর ক্ষেত্র পিছু) মোট ১৭৯৫ হেঃ জমিতে তুলা চাষ করা হয়েছে। এখানে হেক্টর প্রতি ২.৩ বেল উৎপাদন পাওয়া সম্ভব হয়েছে।

উপরোক্ত সব প্রকল্প ২০০৩-২০০৪ সালে ও 'তুলা ও অন্যান্য তন্তু জাতীয় ফসলের উন্নয়ন' রাজ্য স্তরের পরিকল্পনা খাতে চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

১৫. উত্তরবঙ্গ তরাই উন্নয়ন প্রকল্প (ইন্দো-ওলন্দাজ প্রকল্প)

বর্হিদেশীয় সাহায্যপুষ্ট প্রকল্প হিসাবে উত্তরবঙ্গের বিস্তীর্ণ তরাই অঞ্চলে রয়াল নেদারল্যান্ড সরকারের আর্থিক সহায়তায় জলপাইগুড়ি, কোচবিহার এবং দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা জুড়ে এই প্রকল্পটি শুরু হয়। প্রকল্পটির প্রথম এবং দ্বিতীয় পর্যায় সফলভাবে রূপায়িত হবার পর প্রকল্পটির তৃতীয় পর্যায় রয়াল নেদারল্যান্ড সরকারের অনুমোদন লাভ করে এবং ০১.০৪.১৯৯৫ থেকে শুরু হয়। তৃতীয় পর্যায়ের আর্থিক পরিধি ছিল ৩৩ কোটি টাকা, এর মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের দেয় ছিল ২.৫৫ কোটি টাকা।

উত্তরবঙ্গ তরাই উন্নয়ন প্রকল্প, তৃতীয় পর্যায়ের মোট খরচের পরিধি জয়েন্ট ইন্দো-ডাচ রিভিউ কমিশনের সুপারিশক্রমে সংশোধিত হয় এবং ১.৯৭২৯ কোটি টাকা আর্থিক সহায়তা (এফ.এ) থেকে কারিগরি সহায়তায় (টি.এ) প্রতিস্থাপন করা হয়।

নেদারল্যান্ড সরকারের সামগ্রিক সহায়তা নিম্নরূপে সংশোধিত হয় :

আর্থিক সহায়তা	:	টাকা ২০.৯৪ কোটি (৮৫ শতাংশ প্রতিপূরণযোগ্য)
কারিগরি সহায়তা	:	টাকা ১০.০৬ কোটি
অন্তর্বর্তী ও প্রকল্প শেষের বহির্দেশীয় মূল্যায়ন	:	টাকা ০.৬১৫ কোটি

ক্ষুদ্র, প্রান্তিক এবং তপশিলি জাতি ও উপজাতির মধ্যে আয় বণ্টনে সামঞ্জস্য আনতে এবং তাঁদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটিতে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হয়।

(ক) কৃষিতে উৎপাদন বৃদ্ধি
(খ) ভূমি ও জলসম্পদের আরও দক্ষ ব্যবহার
(গ) গ্রামীণ মহিলাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন
(ঘ) ক্ষুদ্র জলসেচের সার্থক ব্যবহার

হস্তচালিত নলকূপের জন্য ২৫০ টাকা এবং পাম্প ডাগওয়েল এবং অগভীর নলকূপের মূল্যের ২৫ শতাংশ খরচ উপকৃত চাষিদের দেয়। প্রকল্পটির প্রথম পর্যায়ে ২৩০১.৫ হেক্টর জমি সেচসমৃদ্ধ হয়েছিল এবং ৪৪০৩ জন চাষি উপকৃত হন। দ্বিতীয় পর্যায়ে ৯৩০৫ হেক্টর জমি সেচসমৃদ্ধ হয়েছিল এবং ৫৩,১০২ জন চাষি উপকৃত হন।

প্রকল্পটির তৃতীয় পর্যায়ের কার্যক্রম ৩১.১২.১৯৯৯ তারিখে শেষ হবার কথা থাকলেও তার মেয়াদ ২০০১ সালে ৩১শে মার্চ অবধি বর্ধিত হয়।

একনজরে ৩১.০৩.২০০১ অবধি প্রকল্পটির বাস্তব লক্ষ্য এবং অর্জিত সাফল্য

ক্রমিক নং	পরিকল্পনা	লক্ষ্য	রূপায়ণ
১	হস্তচালিত নলকূপ	৩৬২২৭ নং	৩৬২২৭ নং
২	অগভীর নলকূপ	৪০০ নং	৪০০ নং
৩	বহুমুখী অগভীর নলকূপ	১১০০ নং	১১০০ নং
৪	সয়েল সিমেন্ট চ্যানেল	১৪,২০০ মিঃ	৮,২০০ মিঃ
৫	ভূমি সংরক্ষণ	৬৮০৬ হেঃ	৬৬০৬ হেঃ
৬	কৃষি বনভূমি সৃজন	২০০ হেঃ	১৬৭ হেঃ
৭	বাজার সংযোজক রাস্তা	২০.৩ কিমিঃ	২০.৩ কিমিঃ
৮	বাজার উন্নয়ন	১৮ নং	১৮ নং
৯	পাম্প ডাগ ওয়েল	২৯০ নং	২৯০ নং
১০	মিনি রিভারলিফ্ট ইরিগেশন	৮৮ নং	৮৮ নং
১১	পলিপাইপ লাইন	১৭,৫০০ একক (১০০ মি প্রতিটি)	১০,০০০ একক

৩১.০৩.২০০১ তারিখ পর্যন্ত আর্থিক প্রতিবেদন

কোটি টাকায়

মোট প্রকল্প ব্যয়	৩৩.০৬৩
আর্থিক সহায়তা	২০.৯৪৭ (সংশোধিত)
কারিগরি সহায়তা	১০.০৬
বাহ্যিক অন্তর্বর্তী ও শেষ মূল্যায়ন	০.৬১৫
প্রাপ্ত বৈদেশিক সাহায্য (মার্চ ২০০১ অবধি)	১৭.৮৯
মোট মঞ্জুরীকৃত ব্যয়বরাদ্দ	২৯.৪৬
মোট খরচের পরিমাণ	২৪.৫২

প্রকল্পটির তৃতীয় পর্যায়ে মোট ২৭,৯৩৪ হেক্টর জমি সেচসমৃদ্ধ হয় এবং ৭৯,৭৬১টি কৃষক পরিবার উপকৃত হন।

৩১.০৩.২০০১ তারিখে প্রকল্পটির তৃতীয় পর্যায় শেষ হবার পর প্রকল্পটির সুফলগুলির প্রতিষ্ঠানীকরণ ও একত্রীকরণের জন্য প্রকল্পটির সময়সীমা বর্ধিত করার প্রস্তাব নেদারল্যান্ড সরকার প্রাথমিকভাবে অনুমোদন করেছেন এবং ২০০৩ সালের ৩১শে মার্চ অবধি প্রকল্পটির সময়সীমা মেনে নিয়েছেন।

স্থির হয় এই পর্বে প্রকল্পটির অনুমিত সার্বিক আর্থিক খরচসীমা হবে মোট ৮১৬.১২ লক্ষ টাকা, এর মধ্যে আর্থিক সহায়তা হিসাবে থাকবে ৪৫৮.২৮ লক্ষ টাকা এবং কারিগরি সহায়তা হিসাবে ৩৫৭.৮৪ লক্ষ টাকা।

স্টেট লেভেল প্রজেক্ট স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে আর্থিক সহায়তা বিভাগে নিম্নলিখিত কার্যক্রমে গুরুত্ব দেওয়া হবে বলে স্থির হয়।

পরিকল্পনা	রূপায়ণ লক্ষ্য	আর্থিক লক্ষ্য (লক্ষ টাকা)
আর্দ্র জলবিভাজিকা পরিচালন ব্যবস্থা	২৫০০ হেঃ	২২২.৮৪
বহুমুখী অগভীর নলকূপ	১০০০ নং	১১১.৪২
বাজার উন্নয়ন	—	৯০.০০
নৈমিত্তিক খরচ	—	৩৪.০২
মোট		৪৫৮.২৮

১৬. কৃষকদের জন্য বার্ধক্য ভাতা

পশ্চিমবঙ্গ কৃষক-বার্ধক্য ভাতা প্রকল্পের বৃদ্ধ ও অসমর্থ কৃষি শ্রমিক, অনূর্ধ্ব ৬ বিঘা জমি চাষ করেন এমন বর্গাদার এবং ৩ বিঘা পর্যন্ত জমি আছে এমন ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কৃষকরা ৬০ বৎসর বয়ঃপ্রাপ্ত হলে মাসিক ৩০০ টাকা (তিনশত) হারে ত্রৈ-মাসিক ভিত্তিতে বার্ধক্য-ভাতা এবং কৃষি-শ্রমিক রোগ-ভোগ ও দুর্ঘটনাজনিত কোনো কারণে শারীরিকভাবে প্রতিবন্ধী হয়ে পড়লে সেক্ষেত্রে ৫৫ বৎসর বয়ঃপ্রাপ্ত হলে তাঁরাও এই বার্ধক্য ভাতা প্রকল্পের সুযোগ পেয়ে থাকেন। এই প্রকল্পে মোট ২৭,৭৭৫ জনকে বার্ধক্য ভাতা প্রদান কর্মসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে, যাঁদের মধ্যে 'দার্জিলিং-গোর্খা পার্বত্য পরিষদ'-এর ১,১১৪ জন রয়েছেন।

২০০৩-২০০৪ সালেও এই প্রকল্পটি চালু রাখার প্রস্তাব করা হচ্ছে।

১৭. কৃষি পরিসংখ্যান ও মূল্যায়ন

রাজ্যের 'কৃষি অধিকার'-এর মূল্যায়ন শাখা বিভিন্ন ধরনের কৃষি পরিসংখ্যান প্রস্তুতির কাজে নিযুক্ত আছে : যেমন—কৃষি এলাকা, রাজ্যে উৎপন্ন সকল প্রকার ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা ; নটি শ্রেণীবিভাগের ভিত্তিতে ভূমি-ব্যবহার ; ফসল চাষের ব্যয় ; ফসল-উৎপাদন সংক্রান্ত আয়-ব্যয়ের অনুপাত ; গৃহীত কর্মসূচির সংখ্যা, কর্মসূচি রূপায়িত হয়েছে এমন এলাকা, বিভিন্ন শ্রেণীর কৃষকের অধিকৃত জমির পরিমাণ ইত্যাদি, ফসল তোলার খরচ, কৃষিক্ষেত্রে শ্রমিকদের মজুরি, নিয়ন্ত্রণ ও মূল্যায়নের মাধ্যমে সম্প্রসারণ শাখাকে তথ্য ও পরামর্শগত সহায়তা, কৃষিতে ও গ্রামীণ অর্থনীতিতে প্রধান ফসল এলাকার উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত তথ্যাবলী ইত্যাদি।

বিবিধ প্রকল্পের অধীনে বিভিন্ন ধরনের কৃষি তথ্য সংক্রান্ত প্রতিবেদনসমূহ নিয়মিত প্রকাশ করা হচ্ছে।

এর অধীনে রাজ্য সরকারের বিভিন্ন 'প্ল্যান ও নন-প্ল্যান' প্রকল্প তত্ত্বাবধান করা হয় এবং সেই সঙ্গে কেন্দ্রীয় ক্ষেত্রে ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পে এগুলি প্রয়োগ করা হয় : যেমন এস্টাবলিশমেন্ট অফ অ্যান এজেন্সি ফর রিপোর্টিং এগ্রিকালচারাল স্ট্যাটিস্‌টিক্স' (ই এ আর এ এস), 'এগ্রিকালচারাল সেনসাস' ; ফার্ম্ ম্যানেজমেন্ট স্টাডিস', 'মনিটরিং কাম কন্‌কারেন্ট ইভ্যালুয়েশন সার্ভে', 'ইভ্যালুয়েশন অফ হাই-ইল্ডিং প্রোগ্রাম', 'ইভ্যালুয়েশন অফ মিনিকিট ডিমনস্ট্রেশন প্রোগ্রাম', 'ইভ্যালুয়েশন অফ প্রোগ্রাম অফ কম্যান্ড এরিয়া ডেভেলপমেন্ট অথরিটি' ইত্যাদি।

যেখানে 'মূল্যায়ন শাখা' 'নোডাল এজেন্সি' হিসাবে কাজ করছে, সে সব এলাকায় কিছু প্রধান/বৃহৎ প্রকল্প যেমন 'এস্টাবলিশমেন্ট অফ অ্যান এজেন্সি ফর রিপোর্টিং এগ্রিকালচারাল স্ট্যাটিস্‌টিক্স', 'এগ্রিকালচারাল সেন্সাস' ইত্যাদি অন্যান্য মস্তকের সঙ্গে যৌথভাবে কার্যরত আছে।

রাজ্যে ফসল সংক্রান্ত পূর্বাভাস জ্ঞাপনের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের 'ন্যাশনাল ক্রপ্ ফোরকাস্টিং সেন্টার'-এর সঙ্গে সংযোগ রেখে 'নোডাল এজেন্সি' রূপে 'মূল্যায়ন শাখা' কার্যরত আছে।

২০০৩-২০০৪ সালেও উপরোক্ত সমস্ত কর্মসূচি চালু রাখার প্রস্তাব দেওয়া হচ্ছে।

১৮. কৃষি আবহবিদ্যা

কৃষি আবহবিদ্যা শাখার মানমন্দির-ভিত্তিক কার্যক্রমে পরিকল্পনাবিদ, বিজ্ঞানী, গবেষণা ও সম্প্রসারণ কর্মী, শস্য-রক্ষা বিশেষজ্ঞ, এমন কি, প্রত্যন্ত গ্রামের কৃষকগণকেও বিভিন্ন গণমাধ্যমে যেমন আকাশবাণী, দূরদর্শন ইত্যাদির সাহায্যে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করা হয়ে থাকে। রাজ্যের মানুষের সুবিধার্থে কাজ করে চলেছেন এমন সব গবেষণা কর্মীদেরকেও প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা হয়। এর ফলে, একদিকে যেমন প্রতিকূল আবহাওয়া-পরিস্থিতিহেতু ফসল ক্ষতির পরিমাণ কমিয়ে আনা সম্ভব হয়েছে, তেমনই আবার অন্যদিকে অনুকূল আবহাওয়ায় সদ্ব্যবহার করার বিষয়ে কৃষকেরা আরও সচেতন হয়ে উঠেছেন। আবহাওয়া সংক্রান্ত তথ্যের উপর ভিত্তি করে রোগ ও পোকার আক্রমণের সম্ভাবনা বিষয়ে আলোকপাত করা সম্ভব হয়েছে।

এই বিভাগ থেকে দফতরের বাইরে বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্ন গবেষক, ব্যবহারজীবী মানুষকে ব্যাপক হারে আবহাওয়া তথ্য সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে সামান্য কিছু 'দেওক' (fee)-এর বিনিময়ে। এর মাধ্যমে সরকারি কোষাগারে অপ্রচলিত উৎস থেকে সম্পদ সংগ্রহের একটি পদ্ধতিও সংশ্লিষ্ট বিভাগ সৃষ্টি করতে সমর্থ হয়েছে।

এছাড়াও, ৯ম পরিকল্পনাকালে ব্লক-স্তর পর্যন্ত পরিকল্পনাসমূহের প্রসারণ ও আধুনিকীকরণ, আধুনিক কৃষি-আবহবিদ্যা সম্পর্কীয় তথ্যাদি বিশ্লেষণ কেন্দ্র স্থাপন এবং

সরকারি খামারগুলিতে আবহাওয়া পর্যবেক্ষকদের জন্য বাসস্থান নির্মাণ ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে এগুলি দশম পরিকল্পনাকালেও চলবে। কৃষি আবহবিদ্যা শাখার অন্তর্গত উপরোক্ত কর্মপরিকল্পনাগুলির প্রসারণ, শক্তি বর্ধন ও আধুনিকীকরণের কাজ ২০০৩-২০০৪ সালেও চলবে।

১৯. উপকূল অঞ্চল উন্নয়ন প্রকল্প

নবম পরিকল্পনাকালে জাপানের 'ওভারসিজ ইকনমিক কো-অপারেশন ফান্ড' (ও ই সি এফ)-এর আর্থিক সহায়তায় একটি নতুন প্রকল্প চালু করার বিষয়টি উক্ত সংস্থার বিবেচনাধীন আছে। হাওড়া, পূর্ব মেদিনীপুর, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা জেলাগুলির জন্য প্রকল্পটি এ রাজ্যে রূপায়ণের প্রস্তাব দেওয়া হয়েছে।

প্রকল্পটি ও ই সি এফ জাপানের চূড়ান্ত অনুমোদনের জন্য শেষ পর্যায়ে পৌঁছেছিল। কিন্তু আর্থিক অনুমোদনের সিদ্ধান্ত স্থগিত করা হয়। ভারত সরকারের সঙ্গে ক্রমাগত চিঠিপত্র লেখার পর, জাপান ব্যাঙ্ক ফর ইন্টারন্যাশনাল কো-অপারেশন (জে বি আই সি) যা ও ই সি এফ (জাপান)-কে অন্তর্ভুক্তির মাধ্যমে অধিগ্রহণ করেছেন, এই প্রকল্পটি ইদানীং বিবেচনার আগ্রহ প্রকাশ করেছেন এবং রাজ্য সরকারকে একটি সংশোধিত প্রকল্প পাঠাতে বলেছেন যা কৃষি বিভাগে তৈরি করা হচ্ছে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে এই প্রকল্পটি ভারত সরকার এবং জাপানি কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের মধ্যে ইতিপূর্বে দুইবার সংশোধিত করা হয়েছে। গত নভেম্বর মাসে সম্ভাব্য খসড়া (এফ ডি আর) ভারত সরকার ও জাপানি কর্তৃপক্ষের কাছে পুনরায় পাঠানো হয়েছে।

২০০২-২০০৩ সালে ভারত সরকারের মাধ্যমে জাপানি কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে রূপায়ণের জন্য ২ (দুই) কোটি টাকা এই প্রকল্প খাতে সংস্থান রাখা হয়েছে।

২০. কৃষি বিমা প্রকল্প

রাষ্ট্রীয় কৃষি বিমা যোজনা এই রাজ্যে বিগত রবি ২০০০-২০০১ মরশুম থেকে চালু হয়েছে।

ভারতের সাধারণ বিমা নিগম সংক্ষেপে জি.আই.সি.আই হল এই প্রকল্পের একমাত্র বিমাকারী ও প্রয়োগকারী সংস্থা।

ঋণ গ্রহণকারী ও অঋণী উভয় শ্রেণীর কৃষকেরাই এই প্রকল্পের দ্বারা উপকৃত হবেন।

আমাদের রাজ্যে রবি মরশুমের জন্য বোরো ধান, গম, আলু, তৈলবীজ (সরিষা, তিল ও তিসি) ও ডাল জাতীয় শস্য (মুগ, মুসুর, ছোলা, মাসকলাই ও অড়হর) এবং খরিফ মরশুমের জন্য আমন ও আউশ ধানকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। কেন্দ্রীয় সরকার পাটকে এই প্রকল্পের অন্তর্গত করেছেন এবং রাজ্য সরকার পাটকে এই প্রকল্পের আওতাধীন করতে পারেন।

পরীক্ষামূলকভাবে নদিয়া জেলার 'স্বল্প এরিয়া ক্রপ এস্টিমেশন' পদ্ধতিতে গ্রাম পঞ্চায়েত স্তরে বোরো ও আমন ধানের উৎপাদন নির্ণয় করা হচ্ছে এবং এই ব্যাপারে গণনাকারীদের সম্মানদক্ষিণা বাবদ প্রদেয় অর্থ কেন্দ্রীয় সরকার বহন করে। তাছাড়া চলতি 'ক্রপ কাটিং' বা শস্য কর্তন সমীক্ষা পদ্ধতিতে খরিফ ২০০২-২০০৩ মরশুমে পুরুলিয়া ও মালদা জেলায় আমন ধান এবং রবি ২০০২-২০০৩ মরশুমে উত্তর ২৪ পরগনা ও মালদা জেলায় বোরো ধানের উৎপাদন গ্রাম পঞ্চায়েত স্তরে নির্ণয় করা হবে এবং রাজ্য সরকারকে সমস্ত খরচ বহন করতে হবে।

এই প্রকল্প অনুসারে প্রথম পাঁচ বছরে খাদ্যশস্য ও তৈলবীজের ক্ষেত্রে ক্ষতির পরিমাণ প্রিমিয়ামের ১০০ শতাংশের বেশি হলে অতিরিক্ত ক্ষতি কেন্দ্রীয় ও রাজ্য সরকার ৫০ : ৫০ অনুপাতে বহন করবেন। পরবর্তী তিন বছরে প্রিমিয়ামের ১৫০ শতাংশ পর্যন্ত ক্ষতি জি.আই.সি.আই বা প্রয়োগকারী সংস্থা বহন করবে এবং তার অতিরিক্ত ক্ষতি হলে 'করপাস তহবিল' থেকে দেওয়া হবে। তারপরে প্রিমিয়ামের ২০০ শতাংশ পর্যন্ত ক্ষতি জি.আই.সি.আই বহন করবে এবং তার উপরে হলে 'করপাস তহবিল' থেকে মেটানো হবে।

অন্যান্য আর্থিক দায়িত্ব যেগুলো রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে ৫০ : ৫০ অনুপাতে বহন করতে হবে সেগুলো হল (ক) প্রিমিয়ামের উপর ভর্তুকি (খ) জি.আই.সি. আই-এর প্রশাসনিক ও কার্যকলাপ বাবদ খরচ (গ) জি.আই.সি.আই-এর প্রচার ও শিক্ষণ বাবদ খরচ এবং (ঘ) ঋণ প্রদানকারী আর্থিক সংস্থাগুলোর মোট আদায়ীকৃত প্রিমিয়ামের উপর ২.৫ শতাংশ হারে ব্যাঙ্ক পরিষেবা বাবদ দাবি। জি.আই.সি.আই-এর প্রচার ও শিক্ষণ বাবদ খরচ বাদে উপরোক্ত সমস্ত খরচ ধাপে ধাপে বছরে ১০ শতাংশ হারে লোপ পাবে।

এছাড়া ফসলের আকস্মিক ক্ষতি হলে ক্ষতিগ্রস্ত বিমাকারী কৃষকের ক্ষতিপূরণের দাবি তাৎক্ষণিকভাবে মেটানোর জন্য রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় জি.আই.সি.আই-এর অধীনে একটি কর্পাস তহবিল গঠন করা হয়েছে। এই তহবিলে রাজ্য সরকার ২ কোটি টাকা দিয়েছে এবং আরও ৪.৭৭ কোটি টাকা রাজ্য সরকারকে দিতে হবে।

উল্লেখ করা যেতে পারে যে বিগত খরিফ ২০০১ ও রবি ২০০১-২০০২ মরশুমে কৃষিজীবী পরিবারের যথাক্রমে ৬.৩৭ শতাংশ ও ৫.১৩ শতাংশ এই প্রকল্পের আওতাধীন ছিলেন। বিগত রবি ২০০০-২০০১ মরশুমে সেটি ছিল ৩.১৩ শতাংশ। এখনও পর্যন্ত জি.আই.সি.আই থেকে যা তথ্য পাওয়া গিয়েছে তাতে দেখা যাচ্ছে যে খরিফ ২০০২ মরশুমে সেই সংখ্যা ৬.৪৭ শতাংশে পৌঁছেছে।

বিগত খরিফ ২০০১ ও রবি ২০০১-২০০২ মরশুমের একটি সামগ্রিক চিত্র ও খরিফ ২০০২ মরশুমের একটা আংশিক চিত্র নিচের সারণি বা টেবিল দুটো থেকে জানা যাবে।

সারণি বা টেবিল-১

মরশুম	কৃষকের সংখ্যা (হাজারের হিসাবে)		চাষযোগ্য মোট জমি (হাজারের হিসাবে)	
	মোট	ক্ষুদ্র ও প্রান্তিক চাষী	মোট	ক্ষুদ্র ও প্রান্তিক চাষী
খরিফ ২০০১-০২	৩৯৯.৭৭	৩৯৮.১৮	২৩৬.৪৭	২৩২.২৮
রবি ২০০১-০২	৩২১.৭৩	৩২০.৪১	১৪৮.২৫	১৪৪.৫৯
খরিফ ২০০২-০৩ (নভেম্বর ০২ পর্যন্ত পাওয়া তথ্য)	৪০৫.৬৮		২২৭.৭৮	

সারণি বা টেবিল-১ (ধারাবাহিক)

মরশুম	জি.আই.সি..আই মোট বিমা পেয়েছেন (হিসাব লক্ষ টাকার)	প্রিমিয়াম বাবদ ভর্তুকি (হিসাব লক্ষ টাকার)		মোট বিমাকৃত অর্থ (হিসাব লক্ষ টাকায়)	
		মোট	রাজ্য কর্তৃক প্রদত্ত অর্থ	মোট	ক্ষুদ্র ও প্রান্তিক চাষী
খরিফ ২০০১-০২	৩৭১.৩৪	১৪৬.১৬	৭৩.০৮	১৬,১৪৪.৩২	১৫,৮৮৬.১৯
রবি ২০০১-০২	৫১৯.৫৫	২০৪.৫০	১০২.২৫	২০,৯৩২.৫৪	২০,৫৬৫.১৫
খরিফ ২০০২-০৩ (নভেম্বর ০২ পর্যন্ত পাওয়া তথ্য)	৪৬৩.১৯		—	১৮,৫২৭.৭৩	

সারণি বা টেবিল-২

খরিফ ২০০১-২০০২ ও রবি ২০০১-২০০২ মরশুমে ক্ষতিপূরণের বিবরণ

মরশুম	কোন ফসলের জন্য ক্ষতিপূরণ	ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা	ক্ষতিপূরণের দাবি (হিসাব টাকায়)	
			মোট	রাজ্য সরকারের ঝুঁকির পরিমাণ
খরিফ ২০০১-০২	আমন ধান	৪২৩	১,৩৫,১৫৫.৯৫	
রবি ২০০১-০২	১) খাদ্যশস্য ও তৈলবীজ	৪৪,৯২৭	২,৬৭,৪৫,৯৮৮.৯৭	৮,৭৪,৭৩৪.৮৩
	২) আলু	৭,১০৭	৭৩,৮৭,১২৮.৯৩	—
	মোট (রবি ২০০১-০২)	৫২,০৩৪	৩,৪১,৩৩,১১৭.৯০	৮,৭৪,৭৩৪.৮৩

এখানে উল্লেখ করা যেতে পারে যে প্রকল্পের নিয়মানুযায়ী খরিফ ২০০১-এর ক্ষতিপূরণের দাবির অর্থ ও রবি ২০০১-২০০২-এর আলু ফসলের জন্য ক্ষতিপূরণের দাবির

অর্থ জি.আই.সি.আই-এর ঝুঁকির মধ্যে পড়ছে এবং রবি ২০০১-২০০২ মরশুমে খাদ্যশস্য ও তৈলবীজ-এর ক্ষতিপূরণের দাবির মধ্যে উপরোক্ত ৮,৭৪,৭৩৪.৮৩ টাকা রাজ্য সরকারকে দিতে হবে।

২০০৩-২০০৪ এই আর্থিক বছরের জন্য বাজেটে ৩,৬২,৮০,২৪০ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

২১. সরকারি কৃষি খামার উন্নয়ন

দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে কৃষি বিভাগ, ব্লক, মহকুমা এবং জেলাস্তরে বহুসংখ্যক 'কৃষি খামার' প্রতিষ্ঠা করা হয়। এইগুলি প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল উন্নত প্রথার চাষের প্রদর্শনী, উন্নতমানের বীজ উৎপাদন এবং চাষীভাইদের মধ্যে সেগুলির বিতরণ। কিছু কিছু সরকারি কৃষি খামারে স্থানোপযোগী বিশেষ সুপারিশ অনুযায়ী গবেষণা করা হয়। বর্তমানে ওইরূপ গবেষণা ক্ষেত্রসহ মোট ১৯৯ (একশত নিরানব্বই)টি কৃষি খামার কৃষি বিভাগের পরিচালনাধীন আছে।

দীর্ঘদিন পূর্বে সরকারি কৃষি খামারের জন্য যে পরিকাঠামো তৈরি হয়েছিল তা বর্তমানে পর্যাপ্ত নয় এবং এক্ষেত্রে আরও উন্নয়ন প্রয়োজন।

২০০১-২০০২ সালে ৬.২১ লক্ষ টাকা ব্যয়ে সরকারি কৃষি খামারগুলিতে আমাদের বিভাগীয় ব্যবস্থাদির মাধ্যমে সেচ ব্যবস্থার উন্নতিসাধন, পাওয়ার টিলার ক্রয়, নতুন গোডাউন তৈরি ও পুরনো গোডাউন মেরামতি, ধানঝাড়া চাতাল, অফিস ও কর্মচারীদের বাসগৃহ নির্মাণ ও মেরামতি করা হয়েছে। এছাড়া সরকারি কৃষি খামারগুলির উন্নয়নে উপরোক্ত বিষয়গুলির সঙ্গে বেড়া দেওয়া, কৃষি যন্ত্রপাতি ক্রয়, সেচের পাম্পসেট ক্রয় ইত্যাদির জন্য ২ (দুই) কোটি টাকা, 'গ্র্যান্ট-ইন-এড' হিসাবে জেলা পরিষদগুলিকে দেওয়া হয়েছে।

২০০২-২০০৩ সালে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা বিভাগীয় ব্যবস্থাদির মাধ্যমে সরকারি কৃষি খামারগুলিতে উপরোক্ত কাজগুলির জন্য ব্যয় করা হয়েছে। এছাড়া উপরোক্ত কাজগুলির জন্য ১৫ কোটি টাকা আর.আই.ডি.এফ প্রকল্পর অন্তর্ভুক্ত জেলা পরিষদগুলি ও শিলিগুড়ি মহকুমা পরিষদের মাধ্যমে খরচ করে রূপায়িত করার ব্যবস্থা করা হয়েছে।

২০০৩-২০০৪ সালেও এই প্রকল্পগুলি চালু রাখা হবে।

২২. উত্তরবঙ্গ এলাকার সর্বাঙ্গীণ কৃষি উন্নয়ন প্রকল্পে বিশেষ ব্যবস্থা গ্রহণ :

উত্তরবঙ্গের কৃষির সর্বাত্মক উন্নতি প্রকল্পে কৃষি বিভাগ থেকে বিশেষ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিপূর্বে উত্তরবঙ্গে যুগ্ম কৃষি অধিকর্তার অফিস থেকে কৃষি বিভাগের কার্য পরিচালনা করা হত। কিন্তু প্রয়োজনের তুলনায় এটা যথেষ্ট নয়। তাই উত্তরবঙ্গের সর্বাত্মক উন্নতিকল্পে, যুগ্ম কৃষি অধিকর্তার পদকে উন্নত করে অতিরিক্ত কৃষি অধিকর্তার পদ ২০০১-২০০২ সালে সৃষ্টি করা হয়েছে। এই পদকে বিশেষ প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা

দেওয়া হয়েছে যাতে সেখানেই সমস্ত কার্যের তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ করে কৃষি বিভাগের সমস্ত কাজ/প্রকল্প নির্ধারিত সময়েই সুসম্পন্ন করা যায়। এই কাজ সুষ্ঠুভাবে তদারকি করার জন্য প্রয়োজনমতো প্রশাসনিক স্তরে সঠিকভাবে কর্মীদের প্রশিক্ষণ ও মূল্যায়ন করা হচ্ছে যাতে প্রকল্পগুলি সুষ্ঠুভাবে চাষিদের স্বার্থে সময়মতো রূপায়ণ করা যায়।

২০০২-২০০৩ সালে নিম্নলিখিত বিষয়গুলিকে বাস্তবায়িত করা হয়েছে।

(১) ভূমির অম্লত্ব কমানোর জন্য চুন/ডলোমাইট প্রয়োগ করা হয়েছে (৭৫ শতাংশ ভর্তুকিতে)।

(২) জৈব চাষের উৎসাহ বাড়ানো :
  (ক) সবুজ সার প্রয়োগের প্রদর্শনী ক্ষেত্র।
  (খ) উর্বর জৈব সার প্রয়োগের প্রদর্শনী ক্ষেত্র।
  (গ) পাকা কম্পোস্ট পিট তৈরি করা (৫০ শতাংশ ভর্তুকিতে)।

(৩) সরাসরি এবং মিশ্রিত উভয় ধরনের অনুখাদ্য সারের প্রয়োগ প্রদর্শনী।

(৪) নতুন ফসল চাষ/পুরাতন ফসলের পরিবর্তন/শস্য পর্যায় প্রদর্শনী।

(৫) বালির আস্তরণযুক্ত জমির সংশোধন করা।

(৬) জলসেচ ও অধিক জল নিষ্কাশনী নালা তৈরি করা।
  (ক) সেচ নালা তৈরি।
  (খ) নিকাশী নালা তৈরি।

(৭) সাতদিনব্যাপী আবাসিক কৃষক প্রশিক্ষণ শিবির।
  (ক) পুরুষ কৃষকদের প্রশিক্ষণ।
  (খ) মহিলা কৃষকদের প্রশিক্ষণ।

(৮) জ্বালানি তেল ইত্যাদি বিষয়ে আপৎকালীন খরচ।

২০০২-২০০৩ সালে প্রকল্পটিতে মোট ১,৪৪৪ কোটি টাকা আর্থিক বরাদ্দ ছিল। ২০০৩-২০০৪ সালেও প্রকল্পটি চালু থাকবে।

২৩. ম্যাক্রোমোড ওয়ার্ক প্ল্যান অন এগ্রিকালচার

ভারত সরকার ২০০০-২০০১ আর্থিক বছর থেকে দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে কেন্দ্রীয় কৃষি প্রকল্প ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট কৃষি প্রকল্পগুলি নিয়ে একটি নতুন প্রচেষ্টা/পরিকল্পনা গ্রহণ করেছেন। পূর্বে কৃষি সংক্রান্ত কেন্দ্রীয় প্রকল্প ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পগুলির প্রত্যেকটির জন্য আলাদাভাবে আর্থিক বরাদ্দ করা হত ও রূপায়ণ করা হত।

ভারত সরকার দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য ০১.০৪.২০০০ থেকে একটি সর্বাঙ্গীণ প্রচেষ্টা গ্রহণ করেছেন। 'ম্যাক্রোমোড ওয়ার্ক প্ল্যান অন এগ্রিচালচার' নামে একটি নতুন প্রকল্প প্রচেষ্টার মাধ্যমে বিশেষ বিবেচনা করে সাতাশটি কেন্দ্রীয় ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট

কৃষি উৎপাদন বৃদ্ধি-সংক্রান্ত প্রকল্পগুলি একত্র করে গুচ্ছভাবে এক ছত্রছায়ার নীচে আনা হয়েছে। রাজ্যগুলির উপযোগী নতুন প্রকল্প/প্রচেষ্টা এই প্রকল্পের অধীনে আনা এবং রূপায়িত করার ব্যবস্থা আছে। এই প্রকল্পগুচ্ছের জন্য ভারত সরকার ও রাজ্য সরকারকে যথাক্রমে ৯০ : ১০ শতাংশ আর্থিক দায়ভার গ্রহণ করতে হয়।

এই ওয়ার্ক প্ল্যান ছাড়া ভারত সরকারের অধীন আরও সাতটি কেন্দ্রীয় প্রকল্প উদ্যোগ আছে। এগুলি হল :

(১) তুলা চাষের উন্নয়নে উন্নত প্রযুক্তি প্রকল্প।
(২) কৃষি জমিতে জলের সদ্ব্যবহার প্রকল্প।
(৩) মধ্য ভারতে গমের উৎপাদন ও উৎপাদন হার বাড়ানো।
(৪) উত্তর-পূর্ব রাজ্যগুলির জন্য উন্নত প্রযুক্তি প্রকল্প।
(৫) ডালশস্য, তৈলবীজ ও ভুট্টা চাষের উন্নয়নে উন্নত প্রযুক্তি প্রকল্প।
(৬) কৃষি পরিসংখ্যান, কৃষি জমি ও ফসল সংক্রান্ত গণনা, গৃহপালিত পশুপক্ষী গণনা, তথ্য প্রযুক্তি ইত্যাদির উন্নয়নে প্রকল্প।
(৭) বিপণন পরিকাঠামোর উন্নয়ন।

২০০০-২০০১ সালে কেন্দ্রীয় সরকার থেকে কৃষি বিভাগে ১২ (বারো) কোটি টাকা পাওয়া গেছে, যা থেকে ১১.৪৬৩১ কোটি টাকা এই প্রকল্পে খরচা করা হয়েছে।

২০০১-২০০২ সালে মোট ২৪.৩০ কোটি টাকার প্রকল্পের মধ্যে কেন্দ্রীয় সরকারের অংশ ২১.৮৮ কোটি টাকা এবং রাজ্য সরকারের অংশ ২.৪২ কোটি টাকা। এরমধ্যে ১৭.৮৫ কোটি টাকাতে ১৫টি প্রকল্পের কাজ করা হয়েছে।

২০০২-২০০৩ সালে ম্যাক্রোমোড ওয়ার্ক প্ল্যান অন এগ্রিকালচার প্রকল্পর অধীনে ১৫টি প্রকল্প রূপায়িত করা হয়েছে। এতে সর্বমোট ২৯.৬২ কোটি টাকা ব্যয় করা হয়েছে, যার মধ্যে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের প্রদেয় অর্থ যথাক্রমে ২৬.৬৬ কোটি ও ২.৯৬ কোটি টাকা। দশম পরিকল্পনার প্রত্যেক পাঁচ বছরেই এই প্রকল্প রূপায়ণ করার প্রস্তাব আছে।

২৪. ২০০১-২০০২ সালের কৃষি উৎপাদনে সাফল্য চিত্র :

ক্রমিক নং	ফসল	উৎপাদন ('০০০ টনে)
১	মোট চাল	১৫,২৫৬.৬৬৪
২	গম	৯৬১.৫৩৩
৩	অন্যান্য তন্ডুল	১০৭.৮৯৭
৪	মোট তন্ডুল	১৬,৩২৬.০৯৪
৫	ডালশস্য	১৭৫.১৪৪

ক্রমিক নং	ফসল	উৎপাদন ('০০০ টনে)
৬	মোট খাদ্যশস্য	১৬,৫০১.২৩৮
৭	মোট তৈলবীজ	৪৯৩.০৩৯
৮	আখ	১,৯৮৩.৩৬৯
৯	আলু	৭,৮২২.৩৬৩
* ১০	পাট	৮,৮৩৬.১৬৮
* ১১	মেস্তা	৯১.২৯৭
* ১২	শন্	৭.৩৬৫
** ১৩	তুলা	৪.৪৮১
১৪	সবজি (আলু বাদে)	১০,২২৭.৪০৯

* হাজার গাঁট হিসাবে উৎপাদন ; ১ গাঁট—১৮০ কেজি
** হাজার গাঁট হিসাবে উৎপাদন ; ১ গাঁট—১৭০ কেজি

২৫. ২০০২-২০০৩ সালের প্রত্যাশিত কৃষি উৎপাদন :

ক্রমিক নং	ফসল	উৎপাদন ('০০০ টনে)
১	মোট চাল	১৫,৫৫০.০০০
২	গম	১,০২৫.০০০
৩	অন্যান্য তন্ডুল	১৪০.০০০
৪	মোট তন্ডুল	১৬,৭১৫.০০০
৫	ডালশস্য	৩০০.০০০
৬	মোট খাদ্যশস্য	১৭,০১৫.০০০
৭	মোট তৈলবীজ	৫০০.০০০
৮	আখ	২,০০০.০০০
৯	আলু	৭,৮০০.০০০
* ১০	পাট	৮,০০০.০০০
১১	সবজি (আলু বাদে)	১০,৫০০.০০০

* হাজার গাঁট হিসাবে উৎপাদন ; ১ গাঁট—১৮০ কেজি

২৬. ২০০৩-২০০৪ সালের কৃষি উৎপাদন লক্ষ্যমাত্রা

২০০৩-২০০৪ সালের জন্য পশ্চিমবঙ্গের প্রধান ফসলগুলির চূড়ান্ত উৎপাদন লক্ষ্যমাত্রা নীচে দেওয়া হল :

ক্রমিক নং	ফসল	উৎপাদন ('০০০ টনে)
১	মোট চাল	১৪,৫৫০.০০০
২	গম	১,০৫০.০০০
৩	অন্যান্য তন্ডুল	২০০.০০০
৪	মোট তন্ডুল	১৫,৭০০.০০০
৫	ডালশস্য	৩০০.০০০
৬	মোট খাদ্যশস্য	১৬,০০০.০০০
৭	মোট তৈলবীজ	৪৯০.৭৫০
৮	আখ	১,৯৩৭.০০০
৯	আলু	৭,০৮৭.৫০০
* ১০	পাট	৭,৫৭৫.৫০০
১১	সবজি (আলু বাদে)	১০,৩৭০.০০০

* হাজার গাঁট হিসাবে উৎপাদন

২৭. কৃষি উৎপাদনের পরিকল্পনা

১	পশ্চিমবঙ্গে চাষযোগ্য জমির পরিমাণ (কর্ষিত মোট জমি ও বর্তমান পতিত জমি, ৫৫,২১,৫৭৬ হেক্টর + ২,৮৯,৪৬৪ হেক্টর)	৫৮,১১,০৪০ হেক্টর
২	মোট আবাদযোগ্য পতিত জমি এবং বর্তমান পতিত ব্যতীত পুরনো পতিত জমির পরিমাণ (৩৭,৭৪৩ হেক্টর + ২৮,৪৭৪ হেক্টর)	৬৬,২১৭ হেক্টর
৩	বর্তমানে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ (প্রত্যাশিত)	১৭০.১৫০ লক্ষ টন
৪	বর্তমানে জনসংখ্যা	৮,০২,২১,১৭১ জন
৫	এই দশকের শেষে সম্ভাব্য জনসংখ্যা	৯,৪০,৫৯,৫১০ জন
৬	বর্ধিত জনসংখ্যার জন্য খাদ্যশস্যের প্রয়োজন	১৮৮.১১৯ লক্ষ টন

এই বর্ধিত জনসংখ্যাকে প্রয়োজনীয় খাদ্য সরবরাহ করতে, পতিত, অনাবাদী এবং চাষের অযোগ্য জমিকে ক্রমশ ভূমি সংরক্ষণ ও সংস্কারের মাধ্যমে চাষযোগ্য জমিতে

রূপান্তরিত করা হবে। উন্নত কৃষি প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে, জমির উৎপাদিকা শক্তি বর্ধিত করে, অধিক খাদ্যশস্য উৎপাদন করে, আগামী দশকের এই ক্রমবর্ধমান জনসংখ্যাকে প্রয়োজনীয় খাদ্যশস্য সরবরাহ করার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

কৃষি পরিস্থিতি, কৃষি পরিচালনা, কৃষি উৎপাদন লক্ষ্যমাত্রা এবং কৃষি উন্নয়নের বিভিন্ন প্রকল্প/কর্মসূচি যেগুলি কার্যে রূপায়িত করার জন্য মনস্থ করা হয়েছে এবং যেগুলির জন্য ২০০৩-২০০৪ বর্ষে বাজেট বরাদ্দের প্রয়োজন রয়েছে সেগুলি সম্বন্ধে আমি সংক্ষেপে বক্তব্য রেখেছি।

এই সঙ্গে আমি ব্যয়-বরাদ্দের দাবি পেশ করছি এবং সভার অনুমোদন প্রার্থনা করছি।

DEMAND No. 6

Major Heads : 2245—Relief on account of Natural Calamities, 2403—Animal Husbandry, 2404—Dairy Development, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 4403—Capital Outlay on Animal Husbandry and 4404—Capital Outlay on Dairy Development

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 288,55,32,000 be granted for expenditure under Demand No. 6, Major Heads : "2245—Relief on account on Natural Calamities, 2403—Animal Husbandry, 2404—Dairy Development, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 4403—Capital Outlay on Animal Husbandry and 4404—Capital Outlay on Dairy Development" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 96,18,43,000 already voted on account.)

DEMAND No. 7

Major Heads : 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2251—Secretariat—Social Services and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 199,04,02,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2251—Secretariat—Social Services and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 75,21,49,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৭নং দাবির অধীনে ব্যয়ের উদ্দেশ্যে সর্বমোট ১৯৯,০৪,০২,০০০ টাকা (একশত নিরানব্বই কোটি চার লক্ষ দুই হাজার টাকা) মঞ্জুর করার দাবি পেশ করছি। মুখ্যখাতসমূহ : "২২২৫—তফসিলভুক্ত জাতি ও আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহের কল্যাণ সাধন", "২২৫১—সচিবালয়-সামাজিক পরিষেবাসমূহ", "৪২২৫—তফসিলভুক্ত জাতি ও আদিবাসী এবং অনগ্রসর শ্রেণিসমূহের কল্যাণ খাতে মূলধন বিনিয়োগ"।

১৯৯১ সালের আদমসুমারি অনুযায়ী তফসিলভুক্ত জাতিসমূহের মোট জনসংখ্যা হল ১৬,০৮,০৬,১১১ যা এই রাজ্যের মোট জনসংখ্যার ২৩.৬২ শতাংশ। তফসিলভুক্ত আদিবাসীসমূহের জনসংখ্যা হ'ল ৩৮,০৮,১৬০ যা এই রাজ্যের মোট জনসংখ্যার ৫.৫৯ শতাংশ। এছাড়া, এখানে অন্যান্য অনগ্রসর শ্রেণির অন্তর্ভুক্ত ৬৪টি জনগোষ্ঠী রয়েছে।

অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের প্রধান প্রধান কাজ হল—

(ক) তফসিলভুক্ত জাতি ও আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহের উন্নীতকরণের জন্য শিক্ষা সংক্রান্ত প্রকল্পগুলির দেখভাল করা,

(খ) জাতিসূচক শংসাপত্র প্রদানের বিষয়টি দেখাশোনা করা এবং কৃত্যকসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সংরক্ষণ নিয়মাবলি বলবৎ করা,

(গ) তাঁদের সামাজিক ও সাংস্কৃতিক বিকাশের জন্য কাজ করা, তাঁদের অর্থনৈতিক উন্নতি বিধানের জন্য বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়িত করা এবং তফসিলভুক্ত জাতি

ও আদিবাসী অধ্যুষিত অঞ্চলে পরিকাঠামোর শক্তিবৃদ্ধি করা ও ওইসব তফসিলভুক্ত জাতি ও আদিবাসী অঞ্চলে গোষ্ঠীগত সম্পদ সৃষ্টি।

যেহেতু শিক্ষা হল কোনো জনগোষ্ঠীর সার্বিক উন্নয়নের অন্যতম প্রধান পূর্বশর্ত, তাই রাজ্য সরকার সাধারণভাবে শিক্ষাক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়ে আসছে এবং অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগ এই ক্ষেত্রে তফসিলভুক্ত জাতি ও আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত জনগোষ্ঠীর মানুষজনদের জন্য বিভিন্ন কর্মসূচি রূপায়িত করে চলেছে।

পঞ্চম থেকে দশম শ্রেণিতে পাঠরত তফসিলভুক্ত জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের বই কেনা ও মাধ্যমিক পরীক্ষার ফি দেওয়ার জন্য অনুদান দেওয়া হচ্ছে। বিগত আর্থিক বছরে ১৩,৫৩,০৫৪ জন তফসিলি জাতি ও ১,৯০,৬২০ জন তফসিলি আদিবাসীভুক্ত ছাত্র-ছাত্রীকে যথাক্রমে ১৩,৯৭,০০ লক্ষ টাকা ও ২২৫.০০ লক্ষ টাকা দেওয়া হয়।

বাস্তব পরিস্থিতি বিবেচনা করে আর্থিক অনটন সত্ত্বেও মাধ্যমিক স্তরের তফসিলি জাতি ও আদিবাসীভুক্ত ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের খরচ মেটাবার জন্য দেওয়া আর্থিক সহায়তার হার ২০০২-২০০৩ আর্থিক বছরে মাসিক ৩০০ (তিনশত) টাকা থেকে বাড়িয়ে ৪০০ (চারশত) টাকা করা হয়েছে। তফসিলি জাতি ও আদিবাসীভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারিত কোটা হল যথাক্রমে ৩২,০০০ ও ২৮,০০০। গত বছরে তফসিলি জাতি ও তফসিলি উপজাতিভুক্তদের জন্য যথাক্রমে ১,২৮০ লক্ষ টাকা ও ১,১২০ লক্ষ টাকা ব্যয় করা হয়।

৫২৮.০০ লক্ষ টাকা ব্যয়-ক্রমে ১,১০,০০০ জন তফসিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রী ও ৪৬৫.৩৫ লক্ষ টাকা ব্যয়-ক্রমে ৯২,১২৩ জন তফসিলি উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীকে নিম্ন আয়কারী তফসিলি জাতি ও আদিবাসীভুক্তদের পরিবার থেকে আসা ডে-স্কলারদের রক্ষণাবেক্ষণের ব্যয়ের জন্য বার্ষিক ৪৮০.০০ টাকা হিসাবে আর্থিক সহায়তা দেওয়ার কর্মপ্রকল্পের আওতায় আনা হয়েছে।

বিগত আর্থিক বছরে ১,৬৫,০০০ জন আদিবাসী ছাত্র-ছাত্রীদেরকে বাধ্যতামূলক প্রদেয়সমূহ ফেরত দেওয়ার প্রকল্পটির আওতায় আনা হয়েছে। এর জন্য মোট আর্থিক দায়ভার হল ৪৭.৭৮ লক্ষ টাকা।

যে সমস্ত নবম থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরত মেধাবী তপসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীর পিতা-মাতার বা অভিভাবকের বার্ষিক আয় ৩৬,০০০ টাকার নিচে তাদেরকে অন্যান্য বৃত্তি ছাড়াও মাসিক ৪০০ টাকা হিসাবে আর্থিক সহায়তা দেওয়া হয়ে থাকে। এই প্রকল্পের লক্ষ্য হল ওই ছাত্র-ছাত্রীদের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় আরো ভালো ফল করার জন্য ন্য উৎসাহ দেওয়া। ১,২০০ জন ছাত্র-ছাত্রী এই কর্মপ্রকল্পের আওতায় রয়েছে এবং এর জন্য বার্ষিক আর্থিক দায়ভার ৫৭.৬০ লক্ষ টাকা।

পঞ্চম থেকে দশম শ্রেণিতে পাঠরত তফসিলি ছাত্রীদেরকে উন্নতির ও সাফল্যের ধারা অব্যাহত রাখতে প্রেরণা দেওয়ার জন্য সাধারণ বৃত্তি ছাড়াও বিশেষ মেধাবৃত্তি দেওয়া হচ্ছে।

১,৯৬২ জন তফসিলি জাতিভুক্ত ছাত্রী এবং ১,০৩৮ জন আদিবাসীভুক্ত ছাত্রী এই প্রকল্পের আওতায় এসেছেন। এ বাবদ বার্ষিক আর্থিক দায়ভার হল ৪৫ লক্ষ টাকা।

শিক্ষাক্ষেত্রে তফসিলি ছাত্র-ছাত্রীদের উন্নতির ধারাবাহিকতা সুনিশ্চিত করতে বৃত্তি ও স্টাইপেন্ড দেওয়া ছাড়াও একটি মানোন্নয়নমূলক প্রকল্পও প্রবর্তন করা হচ্ছে। বিভিন্ন জেলা থেকে আসা সর্বমোট ৩৬৮ জন তফসিলি ছাত্র-ছাত্রীকে এর আওতায় আনা হবে। এই প্রকল্পের আওতায় থাকা ছাত্র-ছাত্রীরা যাতে জয়েন্ট এন্ট্রান্স ইত্যাদির মতো বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য বিশেষ প্রশিক্ষণ নিতে পারেন তার জন্য প্রত্যেকে বার্ষিক ১৫,০০০ টাকা হিসাবে পাওয়ার অধিকারী হবেন। যোগ্যতা মান পূরণ করার পর বিভিন্ন ম্যাট্রিক-উত্তর শিক্ষাক্রমে অধ্যয়নরত তফসিলি ছাত্র-ছাত্রীদেরকেও মেধাবৃত্তি দেওয়া হচ্ছে। গত বছর প্রায় ১,৪৮,০০০ তফসিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রী এবং ১৪,০০০ আদিবাসী-ভুক্ত ছাত্র-ছাত্রী এই প্রকল্পের অধীনে উপকৃত হয়েছেন। এর সঙ্গে জড়িত মোট অর্থাঙ্ক হল যথাক্রমে তফসিলি জাতিভুক্তদের ক্ষেত্রে ২,৩৪১.০০ লক্ষ টাকা এবং আদিবাসীভুক্তদের ক্ষেত্রে ২৪৪.০০ লক্ষ টাকা।

তফসিলি জাতি ও আদিবাসীদের জন্য শিক্ষার সুযোগ আরো প্রসারিত করার জন্য বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রাবাস নির্মাণ ও সংস্কারের জন্যও আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে।

বর্তমানে ২৭২টি আশ্রম ছাত্রাবাস ৭,৯৭৫ জন প্রাথমিক, জুনিয়ার হাই ও হাইস্কুলে পাঠরত তফসিলি ছাত্র-ছাত্রীদেরকে আবাসিক সুযোগ-সুবিধা দিচ্ছে। বিগত আর্থিক বছরে এর জন্য আবশ্যক অর্থের পরিমাণ ছিল ৫০০ লক্ষ টাকা।

২০০২-২০০৩ সালে বগুলা, আড়ংঘাটা, কালীনগর, বনগাঁ, মানবাজার, গড়রাইপুর ও বলরামপুরে সাতটি নূতন ছাত্রাবাস নির্মাণের কাজ সম্পূর্ণ করা হয়েছে। বগুলা, মানবাজার ও গড়রাইপুরের ছাত্রাবাসগুলি চালু হয়ে গিয়েছে এবং অন্য ছাত্রাবাসগুলিকেও অচিরাৎ চালু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে।

সাতটি নূতন কেন্দ্রীয় ছাত্রাবাসের নির্মাণ অনুমোদন লাভ করেছে। এ ছাড়াও কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত প্রকল্পের অধীনে ছয়টি নূতন কেন্দ্রীয় ছাত্রাবাস নির্মাণ করার প্রস্তাব অনুমোদন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। পশ্চিম মেদিনীপুরের বেলপাহাড়িতে অবস্থিত ও অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের পরিচালিত আদিবাসী ছাত্রীদের জন্য আবাসিক উচ্চমাধ্যমিক বিদ্যালয় সন্তোজেনকভাবে কাজ করে চলেছে।

বিগত আর্থিক বছরে জলপাইগুড়ি, বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলিতে যথাক্রমে নাগরাকাটা, গোরাবাড়ি, কাঁকসা, মানবাজার ও ঝাড়গ্রামে ভাড়া বাড়িতে আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য পাঁচটি সহশিক্ষামূলক আবাসিক বিদ্যালয় শুরু করা হয়েছে এবং সেগুলিতে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের নির্দেশনামা অনুসারে এই স্কুলগুলি চালানোর জন্য একটি সমিতি গঠন করা হয়েছে। নাগরাকাটা, কাঁকসা ও মানবাজারে বিদ্যালয় নির্মাণের কাজ শেষ হয়েছে এবং ঝাড়গ্রামে ও গোরাবাড়িতে শীঘ্রই শুরু হতে চলেছে।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে থাকা তফসিলি ছাত্র-ছাত্রীদের জন্য জলপাইগুড়ি ও সল্টলেকে চালু থাকা প্রশিক্ষণ শিক্ষাক্রমগুলির ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখা হয়েছে। এই প্রশিক্ষণ কেন্দ্রের পরিকাঠামোগত সুযোগ-সুবিধাদি আরো জোরদার করার লক্ষ্যে জলপাইগুড়িতে একটি নূতন ভবন নির্মাণের কাজ সম্পূর্ণ করা হয়েছে। এ ছাড়াও পি.এস.সি. ও স্কুল সার্ভিস কমিশন আয়োজিত পরীক্ষার প্রার্থীদেরও ওই দুটি কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। উভয় কেন্দ্রে সর্বমোট ৩৫১ জন প্রার্থী প্রশিক্ষণ লাভ করেছেন এবং এ বাবদ ব্যয়িত অর্থাঙ্ক হল ১৬,৮০ লক্ষ টাকা।

এস.এস.সি. পরীক্ষায় বসবেন এমন তফসিলি প্রার্থীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে বাঁকুড়ার একটি শিক্ষা প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মেডিক্যাল কলেজসমূহ সমেত বিভিন্ন ইঞ্জিনিয়ারিং কলেজে বুক-ব্যাঙ্ক গড়ে তোলার জন্য আর্থিক সহায়তা দেওয়ার কর্মপ্রকল্পটি গত আর্থিক বছরেও চালু রাখা হয়েছিল। ওই শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পাঠরত তফসিলভুক্ত ছাত্র-ছাত্রীরা বুক-ব্যাঙ্কগুলি থেকে যথেষ্ট উপকৃত হয়েছেন।

অশুচি পেশাসমূহে নিযুক্ত পরিবারগুলির সন্তানদেরকে লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়ে আসছে। গত আর্থিক বছরে ১,৫০০ ছাত্র-ছাত্রী এই কর্মপ্রকল্পের আওতায় এসেছে। এর জন্য গত বছরে ব্যয়িত অর্থাঙ্ক হল ১৩.৮০ লক্ষ টাকা।

প্রাক-মাধ্যমিক তথা মাধ্যমিক উত্তর স্তরে পাঠরত অন্যান্য অনগ্রসর শ্রেণির ছাত্র-ছাত্রীদেরকে আর্থিক সহায়তা দেওয়ার জন্য প্রয়োজনীয় পদ্ধতিগত পদক্ষেপ গ্রহণের কাজ শেষ হওয়ার মুখে। এই প্রকল্পটি অচিরাৎ রূপায়িত হবে বলে আশা করা যায়।

৩৭টি প্রশিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র বর্তমানে কাজ করে চলেছে। প্রতিটি কেন্দ্রের কুড়িজন প্রশিক্ষার্থীকে টানা বারো মাস ধরে প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।

যুগ যুগ ধরে টিকে থাকা সাংস্কৃতিক ঐতিহ্যই কোন জনগোষ্ঠীর পরিচয় বহন করে। এ কথা অদিবাসীভুক্ত জনগোষ্ঠীগুলির ক্ষেত্রে আরো বেশি করে প্রযোজ্য। কোন বিশেষ জনগোষ্ঠীর জন্য উদ্দিষ্ট উন্নয়ন প্রকল্প তাদের সাংস্কৃতিক সত্তাকে এড়িয়ে ইপ্সিত সাফল্য অর্জন করতে পারে না।

গত ফেব্রুয়ারি মাসে দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে অনুষ্ঠিত রাজ্য ভাওয়াইয়া সংগীত প্রতিযোগিতা এ বছর চতুর্দশ বর্ষ পূর্ণ করল।

গত আর্থিক বছরে রাজ্য ও মহকুমা স্তরে ডঃ বি. আর. আম্বেদকরের জন্মদিবস পালন অব্যাহত ছিল। এই উপলক্ষে কলকাতায় একটি আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পশ্চিমবঙ্গ সরকার বিশিষ্ট ও সর্বজন শ্রদ্ধেয় সাঁওতাল কবি সাধু রামচাঁদ মুর্মুর জন্মদিবসটি কবির জন্মস্থান ঝাড়গ্রাম মহকুমার কামারবান্দিতে যথোচিত মর্যাদার সঙ্গে পালন করেছে। এটি এ বারই প্রথম কলকাতায় পালন করা হয় এবং সেই উপলক্ষে আয়োজিত কবি সম্মেলনে বহু বিশিষ্ট সাঁওতালি ও বাঙালি কবি অংশগ্রহণ করেন।

বিগত আর্থিক বছরে দুর্গাপুর সর্বপ্রথম আদিবাসী ভাষাসমূহ সম্পর্কে একটি দুদিনব্যাপী সম্মেলন আয়োজিত হয় যাতে ত্রিশজন সাঁওতাল, মুন্ডা ও লেপচা জনগোষ্ঠীর প্রতিনিধি অংশ নেন।

গত আর্থিক বছরে সাহিত্য, ললিত ও কারুকলা এবং অনুষ্ঠেয় শিল্পসমূহের ক্ষেত্রে স্বনামধন্য আদিবাসীভুক্ত ব্যক্তিত্বদের সম্মানিত করার জন্য যথাক্রমে সাধু রামচাঁদ মুর্মু, পণ্ডিত রঘুনাথ মুর্মু ও লাল সুক্রা ওরাওঁ নামাঙ্কিত তিনটি পুরস্কার প্রবর্তন করা হয়েছে। প্রতিটি স্মৃতি পুরস্কারের জন্য ২৫,০০০ টাকা ও একটি ফলক দেওয়া হয়ে থাকে। কলকাতার রবীন্দ্রসদন মঞ্চে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তিনজন বিশিষ্ট আদিবাসী ব্যক্তির হাতে পুরস্কারগুলি তুলে দেন। গত আর্থিক বছরে আদিবাসীদের ভাষায় তিন পর্যায়ে রাজ্যস্তরীয় একাঙ্ক নাট্য প্রতিযোগিতার চালু প্রকল্পটি সাফল্যের সঙ্গে শেষ করা হয়েছে।

বিগত আর্থিক বছরে নাট্য কর্মশালার একটি নতুন প্রকল্প চালু করা হয়েছে, যেখানে নাট্য প্রতিযোগিতার সর্বোচ্চ স্তরে অংশগ্রহণকারী দলগুলির মধ্যে থেকে বাছাই করা শিল্পীদের কলকাতার প্রখ্যাত নাট্য ব্যক্তিত্বরা উচ্চতর প্রশিক্ষণ দেন।

বিভিন্ন জেলায় শহিদদের প্রতি শ্রদ্ধা জানানোর উদ্দেশ্যে হুল দিবস অর্থাৎ সাঁওতাল বিদ্রোহ দিবস পালন করা হয়েছে। এই উপলক্ষে গত জুলাই মাসে কলকাতায় 'ভারতের স্বাধীনতা আন্দোলন ও সাঁওতাল বিদ্রোহ' শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং বিশিষ্ট ঐতিহাসিকরা ওই আলোচনা সভায় অংশগ্রহণ করে আদিবাসী শহিদদের গৌরবময় আত্মত্যাগ জনসাধারণকে স্মরণ করিয়ে দেন।

পশ্চিমবঙ্গ থেকে চার সদস্য বিশিষ্ট কলাকুশলীদের একটি দল বিগত আর্থিক বছরে ত্রিপুরায় ঝুমুর উৎসবে অংশগ্রহণ করেছিল। এই উৎসবটি ত্রিপুরা সরকারের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়েছিল।

এ বছর আমরা আদিবাসী সাহিত্য ও আদিবাসী সংস্কৃতি প্রসারের লক্ষ্যে পশ্চিমবঙ্গে আদিবাসী সংস্কৃতির পর্যালোচনাসহ জনজাতি নৃত্যকলার প্রসার ও বিভিন্ন ক্ষেত্রে নিযুক্ত আদিবাসী কর্মীদের লোকশিল্প ও লোক উৎসব অনুষ্ঠিত করার মতো বিভিন্ন প্রকল্পের রূপায়ণ করতে ইচ্ছুক। এ ছাড়াও দু'বছরের জন্য আদিবাসী সাহিত্য চর্চার উদ্দেশ্যে বার্ষিক ৩,০০০ টাকার সাধু রামচাঁদ মুর্মু (ফেলোশিপ) বৃত্তি এবং জনজাতি ভাষায় ছোটগল্প, প্রবন্ধ ও কবিতা প্রতিযোগিতার সফল প্রতিযোগীদের সাধু রামচাঁদ স্মৃতি পুরস্কার দেওয়া হচ্ছে।

রাজ্যের তফসিলি জাতি ও আদিবাসীভুক্ত দরিদ্র মানুষজনের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন ও আর্থিক নিগম গঠন করা হয়েছিল। এর প্রধান কর্মপ্রকল্পগুলির মধ্যে অন্যতম হল এস.সি.এ. থেকে এস.সি.পি. এবং এস.সি.এ. থেকে টি.এস.পি.।

২০০১-২০০২ সাল পর্যন্ত নিগম ৪৭৬.৩৪ কোটি টাকার ভরতুকি ও ১১৮.৯৭ কোটি টাকার প্রান্তিক অর্থসহ ১৪,৭২,৮০৫ জন তফসিলি জাতিভুক্ত উপকারভোগীকে আর্থিক

সহায়তা দিয়েছে। এর ফলে ৭৩,৬৪,০২৫ জন তফসিলি জাতিভুক্ত পরিবারের সদস্যগণ উপকৃত হয়েছেন। একইভাবে নিগম ২০০১-২০০২ সাল পর্যন্ত ৩১৪.৯৬ কোটি টাকার ভরতুকি ও ২৯.২৩ কোটি টাকার প্রান্তিক অর্থসহ ৩,৮২,৯৩৮ জন তফসিলি আদিবাসীভুক্ত উপকারভোগীকে আর্থিক সহায়তা দান করেছে। এর ফলে ১৯,১৪,৬৯০ জন তফসিলি আদিবাসীভুক্ত পরিবারের সদস্যগণ উপকৃত হয়েছেন। যেখানে চলতি আর্থিক বছরে তফসিলি জাতিভুক্ত ১,০৯,০০০ জন উপকারভোগী এবং আদিবাসীভুক্ত ৫০,০০০ জন উপকারভোগীকে এর আওতায় আনার লক্ষ্যমাত্রা ছিল সেখানে এখনও পর্যন্ত নিগম এস.সি.এ. থেকে এস.সি.পি.-র অধীনে প্রায় ৮৫ শতাংশ ও এস.সি.এ. থেকে টি.এস.পি.-র অধীনে প্রায় ৫০ শতাংশ লক্ষ্যপূরণ করতে সক্ষম হয়েছে এবং চলতি আর্থিক বছরের শেষে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করবে বলে আশা করা হচ্ছে। ২০০৩-২০০৪ সালে নিগম এস.সি.এ. থেকে এস.সি.পি এবং এস.সি.এ. থেকে টি.এস.পি.-র কর্মপ্রকল্পের অধীনে যথাক্রমে তফসিলি জাতিভুক্ত ১,১৫,৫৪০ জন ও তফসিলি আদিবাসীভুক্ত ৫৩,০০০ জনকে নিয়ে আসার লক্ষ্যমাত্রা ধার্য করেছে। উপরোক্ত মুখ্য কর্মপ্রকল্পগুলি ছাড়াও নিগম এন.এস.এফ.ডি.সি., এন.এস.টি.এফ.ডি.সি., এন.এস.কে.এফ.ডি.সি., এন.এস.এস প্রভৃতি অপরাপর কর্মপ্রকল্পও রূপায়িত করে আসছে।

এন.এস.এফ.ডি.সি.-র অধীনে উত্তরবঙ্গের জেলাগুলিতে উত্তরবঙ্গ সমবায় সেচ প্রকল্পের মতো ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়িত হয়। ২০০১-২০০২ সাল পর্যন্ত ১৬.৩০ কোটি টাকা ব্যয়-ক্রমে ৩৬,৩৮০ জন উপকারভোগীর জন্য মোট ৩,৭০০ ইউনিট ক্ষুদ্র সেচ কর্মপ্রকল্পসমূহ রূপায়িত হয়েছিল।

দরিদ্র আদিবাসী মহিলাদের জন্য আদিবাসী মহিলা স্বশক্তিকরণ যোজনা (এ.এম.এস. ওয়াই.), দরিদ্র তফসিলি জাতিভুক্ত উপকারভোগীদের জন্য ক্ষুদ্র ঋণ কর্মপ্রকল্প এবং বিভিন্ন পুরসভা এলাকায় বসবাসরত সাফাইকর্মীদের জন্য আবাসন কর্মপ্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। আশা করা হচ্ছে যে বর্তমান আর্থিক বছরে এ.এম.এস.ওয়াই.-এর অধীনে ৫,০০০ জন দরিদ্র আদিবাসী মহিলা উপকারভোগী এবং ক্ষুদ্র ঋণ কর্মপ্রকল্পের অধীনে ৫০০ জন তফসিলি জাতিভুক্ত উপকারভোগী উপকৃত হবেন। নিগম কোচবিহার পুরসভার ৯২ জন সাফাইকর্মী চন্দননগর পৌর নিগমের ১৬০ জন সাফাইকর্মী ও বনগাঁ পুরসভার ২৫ জন সাফাইকর্মীর জন্য যথাক্রমে ৪৬ লক্ষ টাকা, ৮০ লক্ষ টাকা ও ১২.৫০ লক্ষ টাকা ব্যয়ে আবাসন প্রকল্প অনুমোদন করেছে।

এক আইনবলে (১৯৯৫-এর ১৯নং আইন) রাজ্য সরকার কর্তৃক গঠিত পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও আর্থিক নিগম ১৯৯৯ সালের আগস্ট মাস থেকে স্বনিযুক্তি কর্মসূচিতে দারিদ্র্যসীমার দুই ধাপ নীচে থাকা অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত মানুষজনকে ঋণ দেওয়া শুরু করে। প্রথম তিন বছরে নিগম বিভিন্ন প্রকল্পের অধীনে ১,৮৬৮১ক্ষ জন উপকারভোগীকে মোট ১১,২১,০১,২৮১ টাকার ঋণ প্রদান করে সহায়তা করেছে। বর্তমান আর্থিক বছরে এখনও পর্যন্ত ৭৫৬ জন উপকারভোগীকে ৫,২৭,৯৯,৪২৬ টাকা ঋণ দিয়ে

সাহায্য করা হয়েছে। এর মধ্যে মহিলাদের জন্য একটি বিশেষ কর্মপ্রকল্পও (স্বর্ণিমা) রয়েছে, যার অধীনে এখনও পর্যন্ত ২৯৯ জন মহিলা উপকারভোগীকে সহজতর শর্তে ১,২৭,১৫,৩০০ টাকা ঋণ দিয়ে সহায়তা করা হয়েছে। এই নিগম বিগত তিন বছরে প্রশিক্ষণ কর্মসূচিসমূহের মাধ্যমে ১৭৫ জন অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত যুবককে বিভিন্ন বৃত্তি শিক্ষায় প্রশিক্ষিত করেছে। বর্তমান বছরেও প্রায় ২০০ জন প্রশিক্ষার্থীকে বিভিন্ন বৃত্তিতে প্রশিক্ষিত করার জন্য তিনটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজিত হয়েছে। ক্ষুদ্র ঋণদান কর্মসূচির অধীনে ৬০০ জনেরও বেশি ক্ষুদ্র ঋণগ্রহীতাকে ৮টি স্ব-সহায়তা গোষ্ঠী ও ৭টি এন.জি.ও.-র মাধ্যমে ৩০,৭০,০০০ টাকা ঋণ সহায়তা করা হয়েছে। শিক্ষা ঋণ প্রকল্পের অধীনে অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত ছাত্রদের চিকিৎসা ও ইঞ্জিনিয়ারিং শিক্ষায় উচ্চতর শিক্ষা চালিয়ে যাওয়ার জন্য সহায়তা দেওয়া হয়েছে।

বিধাননগরে পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিমিটেডের নিজস্ব ভবন অর্থাৎ সিধু কানু ভবন নির্মিত হয়েছে এবং ২০০২ সালের জুন মাস থেকে নিগম এই নতুন সদর দফতর থেকে কাজ শুরু করেছে। দক্ষিণ-পশ্চিম বঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় শুখা কৃষি মরশুমে বনভূমি পরিবেষ্টিত ও আদিবাসী অধ্যুষিত গ্রামগুলিতে কেন্দুপাতা সংগ্রহের কাজ হল দরিদ্র আদিবাসীদের অন্ন সংস্থানের একটি প্রধান উপায়। আদিবাসী গ্রামগুলিকে সাহায্য করার ও তাদেরকে অসাধু ব্যবসায়ীদের কবল থেকে মুক্ত করার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার কেন্দুপাতার সংগ্রহ মূল্য সমস্ত ব্যয়সহ কিলোগ্রাম প্রতি ৬.৫০ টাকা থেকে বাড়িয়ে ১১ টাকা প্রতি কিলোগ্রাম ধার্য করেছে। এ রাজ্যেই মূল স্তরীয় সংগ্রাহকরা প্রতি ১০০টি পাতার জন্য ৯০ পয়সা হিসেবে সংগ্রহমূল্য পাবেন যা দেশের কেন্দুপাতা উৎপাদনকারী রাজ্যগুলির মধ্যে সর্বোচ্চ। প্রায় ১.৫ লক্ষ আদিবাসী মানুষ এই বর্ধিত সংগ্রহমূল্যের ফলে উপকৃত হচ্ছেন।

২০০২ শস্য মরশুমে বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলার ২০টি ল্যাম্পস্ কেন্দুপাতা সংগ্রহের কাজে অংশ নিয়েছিল। আনুমানিক ৩৮,৭৬,৮৪৮ টাকা ব্যয়ক্রমে মোট ৩৬২.৩২৬ মেট্রিক টন কেন্দুপাতা সংগৃহীত হয়েছিল এবং ৬৪,৬১৫টি শ্রমদিবস সৃষ্ট হয়েছিল। উৎপাদিত সামগ্রী ৬৫,৬২,২৩৮ টাকায় বিক্রয় করা হয় এবং এই কর্মকাণ্ডের ফলে প্রায় সমস্ত ল্যাম্প্স সমিতিই লাভ করতে সমর্থ হয়েছিল। ২০০৩ সালের জন্য কেন্দুপাতা সংগ্রহের প্রস্তুতি চলছে। এই প্রথম বন বিভাগের সহায়তা ও সক্রিয় সহযোগিতায় ও ডব্লু.বি. টি.ডি.সি.সি. লিমিটেডের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পশ্চিম মেদিনীপুর ও পুরুলিয়া জেলার কিছু কিছু অঞ্চলে বন সংরক্ষণ কমিটিগুলিকে কেন্দুপাতা সংগ্রহের কাজে জড়িত করা হচ্ছে।

এই বিভাগ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ২১টি ল্যাম্প সমিতিকে অফিস ভবন নির্মাণের জন্য ২.০৫ লক্ষ টাকা অনুদান মঞ্জুর করেছে। এই ল্যাম্পগুলি বিভিন্ন চুক্তিভিত্তিক শ্রমমূলক কাজ যেমন, বন বিভাগ কর্তৃক প্রদত্ত বনের গাছ কাটার কাজ, বিভিন্ন পঞ্চায়েত সমিতি কর্তৃক প্রদত্ত নির্মাণের কাজ, এই বিভাগের অধীন বিভিন্ন আশ্রম ছাত্রাবাস ও কেন্দ্রীয় বিদ্যালয়ে বিবিধ সামগ্রী সরবরাহের কাজ, সংশোধিত রেশনিং ব্যবস্থা ও কেরোসিন তেলের ডিলারশিপ প্রভৃতি কাজে অংশ নিচ্ছে।

আদিবাসী জনগণ ও ল্যাম্পস্-এর সদস্যদের লক্ষ্য করে দশটি ল্যাম্পস্কে 'আদিবাসী সঞ্চাও ও দাদন আরা' নামে একটি নির্দিষ্ট আমানত সংগ্রহ কর্মপ্রকল্পের সঙ্গে যুক্ত করা হয়েছে। বাঁকুড়া জেলার ল্যাম্প সংগঠনগুলির অন্যতম ডি.আর.এম.এস. ল্যাম্প সংগঠনটি এন.সি.ডি.সি.-র সহায়তায় ৫,০০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন একটি হিমঘর নির্মাণ করেছে এবং সেটিকে সাফল্যের সঙ্গে চালাচ্ছে। চলতি বছরে, বান্দোয়ান (দক্ষিণ) ল্যাম্পস্ নামে পুরুলিয়ার অন্য একটি সংস্থা ৬,০০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন একটি হিমঘর নির্মাণের জন্য এন.সি.ডি.সি.-র কাছ থেকে সহায়তা পেয়েছে। ডি.আর.এম.এস. ল্যাম্পস্ হিমঘরটির ক্ষমতা বাড়িয়ে ১১,০০০ মেট্রিক টন করার জন্য পুনরায় সহায়তা পেয়েছে। দুটি হিমঘরের কাজই এগিয়ে চলছে।

ল্যাম্পস্ সংগঠনগুলি ডব্লিউ.বি.টি.ডি.সি.সি. লিমিটেড থেকে ঋণ নিয়ে শূকরপালন, মুরগিপালন, ছাগলপালন ইত্যাদি কয়েকটি পশুপালন কর্মপ্রকল্পের কাজ সম্পাদনের কাজে নিরত রয়েছে এবং এর ফলে তাদের সদস্যরা উপকৃত হচ্ছেন। কয়েকটি ল্যাম্পস্ সদস্যদের 'স্বল্পমেয়াদি কৃষি ঋণ' দান ও বিভিন্ন টি.এস.পি. কর্মপ্রকল্পে পোষকতার কাজ করছে। বিভিন্ন ল্যাম্প সংস্থা সমগ্র রাজ্যে প্রায় ৩০০টি স্বাবলম্বন গোষ্ঠী (SHGs) গঠন করেছে।

রাজ্য সরকার কর্মপ্রকল্প রূপায়ণের কাজে এস.সি.এ. অর্থাৎ পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও তফসিলি উপজাতি উন্নয়ন ও অর্থ নিগমকে সাহায্য করার জন্য এন.এস.টি.এফ.ডি.সি.-র আদিবাসী মহিলা স্বশক্তিকরণ যোজনা সম্পর্কিত প্রস্তাব গ্রহণ ও প্রেরণের কাজে ল্যাম্পস্ ও ডব্লিউ.বি.টি.ডি.সি.সি.-কে নিযুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। বর্ধমান জেলায় উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে এবং ২২.১.২০০৩ তারিখ থেকে ঋণবণ্টন ও ভরতুকি দেওয়া শুরু হয়েছে। জানুয়ারি পর্যন্ত মোট ৩,৬২১টি প্রকল্প পোষকতা প্রাপ্ত হয়েছে এবং ৬৬৩টি প্রকল্প মঞ্জুর করা হয়েছে।

ল্যাম্পস্-এর সমস্যাগুলি খতিয়ে দেখা এবং এর পুনরুজ্জীবনের উপায় সম্পর্কে পরামর্শ দেওয়ার জন্য এই বিভাগ একটি কমিটি গঠন করেছে। এই কমিটির সুপারিশগুলি সরকারের বিবেচনাধীন রয়েছে।

দি কালচারাল রিসার্চ ইনস্টিটিউট এস.সি.পি.-র অধীনে পরিবারগত উপস্বত্বভোগী কর্মপ্রকল্পগুলির মূল্যায়নের ব্যবস্থা করেছে। তারা নিম্নলিখিত বিষয়গুলির উপর গবেষণাধর্মী কাজও চালিয়েছে—

(ক) তফসিলি জাতি ও তফসিলি আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী হিসাবে তালিকাভুক্ত সম্প্রদায়গুলির জাতিগত শনাক্তকরণের বর্তমান কাজ।

(খ) তফসিলি জাতি, তফসিলি আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী সম্প্রদায়ের জাতিগত অবস্থান চিহ্নিতকরণ, জেলা ও অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের কাছে প্রেরণের জন্য জাতিবৈশিষ্ট্য সংক্রান্ত নোট, মতামত ও মন্তব্যাদি প্রস্তুত করা।

(গ) রাজ্যের তফসিলি জাতি/আদিবাসী সংক্রান্ত তালিকায় বিভিন্ন সম্প্রদায়ের অন্তর্ভুক্তি ও বর্জনের উপর ভারত সরকারের কাছে মতামত ও মন্তব্যাদি প্রেরণ।

পশ্চিমবঙ্গ তফসিলি আদিবাসী তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় 'দেশোয়ালি মাঝি'-দের উপর জাতিবৈশিষ্ট্যগত সমীক্ষা চালানো হয়েছিল।

(ঘ) শনাক্তকরণের জন্য অন্যান্য অনগ্রসর শ্রেণীর উপর জাতিবৈশিষ্ট্যগত নোট প্রস্তুত করা এবং পরবর্তী সময়ে অন্যান্য অনগ্রসর শ্রেণীর রাজ্য ও কেন্দ্রীয় তালিকায় অন্তর্ভুক্তির জন্য সেটি জাতীয় কমিশন ও পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী কমিশনের কাছে প্রেরণের কাজ চলছে।

(ঙ) বিশেষত মহিলাদের অবস্থানগত প্রসঙ্গ সমেত পশ্চিমবঙ্গের বিভিন্ন তফসিলি জাতি/উপজাতি সম্প্রদায়ের ওপর আর্থ-সামাজিক সমীক্ষার (বাউরি, নমশূদ্র, সুনরি, মুচি, লোহার, সাঁওতাল, খেড়িয়া, মাহালি, ভূমিজ, মুণ্ডা) কাজ চলছে।

(চ) পি.টি.জি.—টোটো ও বীরহোড় বিষয়ে প্রকল্প রিপোর্টের প্রস্তুতি। নেতাজী ইনস্টিটিউট ফর এশিয়ান স্টাডিজ-এর সহযোগিতায় লোধা সম্প্রদায়ের ওপর প্রকল্প প্রতিবেদন প্রস্তুতির কাজ হাতে নেওয়া হয়েছে।

(ছ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার যেসব মৌজায় প্রাথমিক বিদ্যালয় নেই সেগুলির শনাক্তকরণ।

(জ) রাজ্যের বিভিন্ন জেলায় মাধ্যমিক স্তরে শিক্ষার অগ্রগতির ওপর সমীক্ষা চালানো।

(ঝ) উত্তর ২৪-পরগনা জেলায় মাধ্যমিকোত্তর পর্যায়ে তফসিলি জাতি/তফসিলি আদিবাসী ছাত্র-ছাত্রীদের উপর মূল্যায়ন সমীক্ষা চালানো।

(ঞ) ১৯৯১ সালের জনগণনা অনুযায়ী আই.টি.ডি.পি.-র অন্তর্গত গ্রামগুলির জনসংখ্যা উপাত্ত-এর মানোন্নয়ন।

এছাড়াও কালচারাল রিসার্চ ইনস্টিটিউট—

(ক) উন্নয়ন—সমস্যা ও বিশেষত কোচবিহার ও জলপাইগুড়ি জেলা সহ উত্তরবঙ্গের তফসিলি জাতি ও তফসিলি আদিবাসীদের ভবিষ্যত—এই বিষয়ের উপর উন্নয়ন ও যোজনা বিভাগের অন্তর্গত মূল্যায়ন, শ্রমশক্তি নজরদারি সংস্থার সহযোগিতায় একটি সেমিনারের আয়োজন করেছে।

(খ) সি.আর.আই.-এর বিভিন্ন গবেষক কর্মীকে চাকুরিকালীন প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

(গ) পশ্চিমবঙ্গ সরকারের অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইনস্টিটিউট-এর সঙ্গে যুগ্মভাবে, শনাক্তকরণ ও জাতিগত শংসাপত্র প্রদানের সঙ্গে যুক্ত অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের বিভিন্ন ধরনের ক্ষেত্রীয় আধিকারিকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

(ঘ) স্কুল সার্ভিস কমিশনে পরীক্ষার্থী তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর প্রার্থীদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

(ঙ) আদিম জনজাতি, পশ্চিমবঙ্গের তফসিলি জাতি ও তফসিলি উপজাতিদের উন্নয়নমূলক বিভিন্ন কর্মপ্রকল্পের উপর স্থির চিত্র এবং আদিবাসী বাদ্যযন্ত্র ইত্যাদির মতো নির্দিষ্ট কিছু বিষয়ের উপর একটি বিশেষ বুলেটিন সংখ্যা প্রকাশ করেছে।

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ শিক্ষা প্রতিষ্ঠানগুলি ও বিভিন্ন অফিসে সংরক্ষণ আইন বলবৎকরণের প্রয়াস চালাচ্ছে।

চাকুরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলি জাতি ও তফসিলি আদিবাসীভুক্ত প্রার্থীদের জন্য যথাক্রমে ২২ শতাংশ ও ৬ শতাংশ শূন্যপদ সংরক্ষিত হয়েছে। চাকুরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত প্রার্থীদের জন্য ৭ শতাংশ শূন্যপদ সংরক্ষিত রয়েছে।

পূর্বে এই রাজ্যে বাষট্টি (৬২)টি সম্প্রদায় 'অন্যান্য অনগ্রসর শ্রেণী' হিসেবে চিহ্নিত হয়েছিল। পরবর্তীকালে 'শেরশা বাদিয়া' (ভাটিয়া/বাদিয়া) ও 'রায়িন/কুনজরা'—এই দুটি সম্প্রদায়কে সম্প্রতি অন্যান্য অনগ্রসর শ্রেণী তালিকার অন্তর্ভুক্ত করা হয়েছে।

খুব সম্প্রতি এই রাজ্যে ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষ থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ৭ শতাংশ আসন সংরক্ষণ ঘোষণা করা হয়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুবিধার কথা মনে রেখে অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষদের জাতি শংসাপত্র প্রাপ্তির সর্বনিম্ন বয়ঃসীমা ১৬ বছর থেকে কমিয়ে ৪ বছর করা হয়েছে।

জাতি শংসাপত্র সংক্রান্ত যেসব আবেদন পত্রের কাজ বাকি রয়েছে সেগুলির দ্রুত নিষ্পত্তি করার জন্য একটি বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

গত বছরের মতো এ বছরেও অসবর্ণ বিবাহের ক্ষেত্রে অনুদান দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

DEMAND No. 8

Major Heads : 2216—Housing, 2250—Other Social Services, 2401—Crop Husbandry, 2404—Dairy Development, 2425—Co-operation, 2515—Other Rural Development Programmes, 3451—Secretariat—Economic Services, 4216—Capital Outlay on Housing, 4250—Capital Outlay on Other Social Services, 4425—Capital Outlay on Co-operation, 6250—Loans for Other Social Services and 6425—Loans for Co-operation

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 46,59,86,000 be

granted for expenditure under Demand No. 8, Major Heads : "2216—Housing, 2250—Other Social Services, 2401—Crop Husbandry, 2404—Dairy Development, 2425—Co-operation, 2515—Other Rural Development Programmes, 3451—Secretariat—Economic Services, 4216—Capital Outlay on Housing, 4250—Capital Outlay on Other Social Services, 4425—Capital Outlay on Co-operation, 6250—Loans for Other Social Services and 6425—Loans for Co-operation" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 15,53,29,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য ৮নং দাবির অধীন '২৪২৫-সমবায়", "৪৪২৫-সমবায়ে মূলধন বিনিয়োগ", "৬৪২৫-সমবায় সমিতিসমূহকে ঋণদান" এবং "২২১৬-আবাসন", "২২৫০-অন্যান্য সমাজসেবা", "২৪০১-শস্য সংরক্ষণ", "২৪০৪-দোহ উন্নয়ন", "২৫১৫-অন্যান্য গ্রাম উন্নয়ন পরিকল্পনা", "৩৪৫১-সচিবালয়-অর্থনৈতিক পরিষেবা", "৪২১৬-আবাসনে মূলধন বিনিয়োগ", "৪২৫০-অন্যান্য সমাজসেবায় মূলধন বিনিয়োগ" ও "৬২৫০-অন্যান্য সমাজ সেবার জন্য ঋণদান"—এই খাতগুলিতে মোট ৪৬,৫৯,৮৬,০০০ (ছেচল্লিশ কোটি ঊনষাট লক্ষ ছিয়াশি হাজার) টাকা ব্যয়বরাদ্দের দাবি মঞ্জুর করার জন্য আবেদন করছি। ইতিপূর্বে অন্তর্বর্তী ব্যয়ের জন্য অনুমোদিত ১৫,৫৩,২৯,০০০ (পনেরো কোটি তিপ্পান্ন লক্ষ ঊনত্রিশ হাজার) টাকা এই প্রস্তাবের অন্তর্ভুক্ত।

মহাশয়, এই সভায় আমি জানাতে চাই যে রাজ্য পরিকল্পনা খাতে ব্যয়বরাদ্দ কম হওয়া সত্ত্বেও অর্থবরাদ্দকে পরিকল্পিত ক্ষেত্রগুলিতে এমনভাবে বরাদ্দ করার চেষ্টা করেছি যাতে সর্বতোভাবে সমবায় বিভাগের প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীন এবং তত্ত্বাবধিত কাজকর্মগুলির প্রত্যেকটির ক্ষেত্রে পরিমাণগত ও গুণগতভাবে পরিবর্তন আসতে পারে। সেহেতু ঋণদান, বিপণন, প্রক্রিয়াকরণ, গৃহনির্মাণ, ভোগ্যপণ্য বিপণন, প্রভৃতি ক্ষেত্রে চালু প্রকল্পগুলি সম্পন্ন করার জন্য বিশেষ জোর দেওয়া হয়েছে। আগামী আর্থিক বছরে (২০০৩-২০০৪) চলতি প্রকল্পগুলির জন্য ন্যূনতম যতটুকু পরিমাণ প্রয়োজন ততখানি অর্থ বরাদ্দ করার জন্য বিশেষ প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে যাতে চলতি প্রকল্পগুলি রূপায়িত হতে পারে।

ক. স্বল্পমেয়াদি কৃষি ঋণদানে সমবায় সমিতিগুলির কার্যাবলী

(১) *কৃষিক্ষেত্রে স্বল্পমেয়াদি ঋণ বণ্টন*

চলতি আর্থিক বছরে ৪৩০ কোটি টাকার লক্ষ্যমাত্রা রেখে ৩১.১২.২০০২ তারিখ পর্যন্ত ৩৩৫.৭৭ কোটি টাকা শস্য ঋণ প্রদান করা হয়েছে। এটা আশা করা যাচ্ছে যে, বর্তমান আর্থিক বছরের শেষে এই ক্ষেত্রে মোট বিনিয়োগ উক্ত ৪৩০ কোটি টাকার

লক্ষ্যমাত্রা অতিক্রম করতে পারবে। ২০০৩-০৪ সালের জন্য এরূপ বিনিয়োগের ক্ষেত্রে ৫০০ কোটি টাকার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক যে ঋণ প্রদান করেছিল তার আদায়ের ক্ষেত্রে সুফল লক্ষ করা যাচ্ছে। কারণ ৩১.০৩.২০০১ সালে যেখানে আদায়ের হার ছিল ৬০.২৩% সেক্ষেত্রে ৩১.০৩.০২ তারিখে বেড়ে ৬৩.২৭% হয়েছে। আশা করা যাচ্ছে ২০০৩ সালের ৩১ মার্চ পর্যন্ত ওই আদায়ের হার ৬৫% হবে।

(২) *আমানত সংগ্রহে অগ্রগতি*

জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং প্রাথমিক কৃষি সমবায় সমিতি কর্তৃক আমানত সংগ্রহের ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি লক্ষ করা যাচ্ছে। ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত ১৮৬৫ প্রাথমিক সমবায় ঋণদান সমিতি ৬৯৭.০৯ কোটি টাকা এবং ১৭টি জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ২৮০০.৬৫ কোটি টাকা আমানত সংগ্রহ করেছে। এর থেকে দেখা যাচ্ছে আমানত সংগ্রহে সমবায় ব্যাপক সাফল্য পেয়েছে এবং এ ধারা ২০০৩-০৪ সালে সমানভাবে ঊর্ধ্বমুখী থাকবে।

(৩) *কিষান ক্রেডিট কার্ড*

চাষিদের ঋণদান ও অর্থ ফেরত নেওয়ার কাজকে সহজ, দ্রুত, ঝঞ্ঝাটমুক্ত এবং ব্যবহারিক করে তুলতে তাদেরকে 'ক্রেডিট কার্ড' প্রদান করার সর্বভারতীয় সিদ্ধান্ত অনুসরণ করে পশ্চিমবঙ্গেও উক্ত কার্ড চালু করা হয়েছে। ২০০২ সালের ৩১.১২.২০০২ তারিখ পর্যন্ত ৩,১৩,৯৫০ জন কৃষককে ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে এবং ১৮৫.৩৭ কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে ৫,০০,০০০ ক্রেডিট কার্ড দেওয়ার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

(৪) *স্বয়ম্ভর গোষ্ঠী*

সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষদের বিশেষ করে মহিলাদের জন্য এক বিকল্প ঋণ প্রদানের ব্যবস্থা করার উদ্দেশ্যে স্বয়ম্ভর গোষ্ঠী গঠনের ক্ষেত্রে বিশেষ জোর দেওয়া হয়েছে। ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত ২৬,০০০টি স্বয়ম্ভর গোষ্ঠী গড়ার লক্ষ্যমাত্রা রেখে ৩৪,৮০৩টি স্বয়ম্ভর গোষ্ঠী গড়ে তোলা হয়েছে যার সদস্য সংখ্যা ২ লক্ষ ৮১ হাজার ৫ শত ২৯ জন। এদের মধ্যে ২ লক্ষ ৪৮ হাজার ৯ শত ৩৫ জনই মহিলা। এরা নিজেদের মধ্যে থেকে ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত যে মূলধন সংগ্রহ করেছেন তার পরিমাণ ৯.২৩ কোটি টাকা এবং তাঁরা ঋণ নিয়েছেন ৬.১২ কোটি টাকা। আগামী আর্থিক বছরের মধ্যে মোট ৩১,০০০ স্বয়ম্ভর গোষ্ঠী তৈরি করা যাবে বলে আশা করা যাচ্ছে।

খ. দীর্ঘমেয়াদি ঋণদানে সমবায় সমিতির ভূমিকা

(১) *দীর্ঘমেয়াদি ঋণ বণ্টন*

পশ্চিমবঙ্গে সমবায় ক্ষেত্রে ২৪টি প্রাথমিক কৃষি সমবায় গ্রাম উন্নয়ন ব্যাঙ্ক এবং পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের অধীনস্থ দুটি শাখা ব্যাঙ্ক

দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করে। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে এই ব্যাঙ্কগুলি অকৃষি ও আবাসন প্রকল্পে ঋণ প্রদান করেছিল কিন্তু বর্তমানে কৃষি, অকৃষি, আবাসন প্রকল্পে গ্রাম এলাকাগুলিতে ঋণ প্রদান করছে যাতে গ্রামের লোকদের বহুমুখী ঋণের প্রয়োজনীয়তা মেটে এবং ওই ব্যাঙ্কগুলির অর্থনৈতিক দিকটাও ভাল হয়। এ ক্ষেত্রে গত ২০০১-০২ সালে ১০,০০০ লক্ষ টাকা লক্ষ্যমাত্রার ক্ষেত্রে ৯১৫৪.৪৮ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছিল এবং বর্তমান আর্থিক বছরে ডিসেম্বর পর্যন্ত ১১,৬০০ লক্ষ টাকার লক্ষ্যমাত্রার ক্ষেত্রে ৭৬৭৭.২৮ লক্ষ টাকার ঋণ প্রদান করা হয়েছে। আগামী বছরের জন্য লক্ষ্যমাত্রা রাখা হয়েছে ১৩,৩১০ লক্ষ টাকার।

(২) *গ্রামীণ গৃহনির্মাণ প্রকল্পে আর্থিক বিনিয়োগ*

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক গ্রামীণ ক্ষেত্রে গৃহ নির্মাণে তার বিনিয়োগ নিয়ত বাড়িয়ে চলেছে। ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ সালে এই বিনিয়োগের পরিমাণ ছিল যথাক্রমে ৮৫৬.০০ লক্ষ টাকা এবং ১০৫৫.৪৯ লক্ষ টাকা, যা এই ব্যাঙ্কের সদস্য প্রাথমিক সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কগুলির মাধ্যমে প্রদত্ত হয়েছে। ২০০২-২০০৩ সালে ৩১.১২.২০০৩ তারিখের হিসাব পর্যন্ত ২৮৬.৩৮ লক্ষ টাকা দাদন দেওয়া হয়েছে। বৎসরান্তে খবর পেলে দেখা যাবে বিনিয়োগের বার্ষিক পরিমাণ বহুতর অংশে বেড়ে গেছে। ২০০৩-২০০৪ সালের জন্য তাই এই খাতে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ২১৫০ লক্ষ টাকা।

গ. কৃষকদিগের মধ্যে অপেক্ষাকৃত অধিক পরিমাণ ঋণদান কার্যসাধনের জন্য নানাবিধ প্রকল্প

(১) *সর্বজনীন সদস্যভুক্তি*

সমাজের দুর্বলতর শ্রেণীকে বিশেষ করে মহিলাদের ঋণদান সমিতির পরিষেবা লাভে সক্ষম করার জন্য এটি একটি অত্যন্ত জরুরি প্রকল্প। ভাগচাষি, সরকারি পাট্টাপ্রাপ্ত চাষি, গ্রামীণ কারিগর এবং আড়াই একরের নীচের জমি মালিকদের প্রাথমিক সমবায় ঋণদান সমিতির সদস্য করাতে যে শেয়ার মূলধন দেওয়া আবশ্যক, সে টাকা এই প্রকল্প থেকে দেওয়া হয়। ২০০১-২০০২ সাল পর্যন্ত ১৩,৬৭,৭৩০ জনকে সদস্যভুক্ত করা হয়েছে। ২০০২-২০০৩ সালে ২৪,৩৪০ জনকে সদস্যভুক্ত করার জন্য ১২.১৭ লক্ষ টাকা অনুদান বাবদ রাখা হয়েছে। আগামী আর্থিক বছরে (২০০৩-২০০৪) এ ক্ষেত্রে ১১.৭৫ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে যাতে ২৪,৭০০ জনকে সদস্যভুক্ত করা যায়।

(২) *সুসংহত সমবায় বিকাশ প্রকল্প* (আই সি ডি পি)

বর্তমানে এন সি ডি সি-র সহায়তা নিয়ে কোচবিহার, বীরভূম ও হুগলি এই তিনটি জেলাতে এই প্রকল্পটি রূপায়িত হচ্ছে। আশা করা যায় প্রথম দুটি জেলাতে এবং তৃতীয় জেলাতে যথাক্রমে ২০০৪-২০০৫ এবং ২০০৫-২০০৬ সালে প্রকল্পের কাজ শেষ হবে। আরও চারটি জেলা মালদা, পুরুলিয়া, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলাতে এই প্রকল্পটি রূপায়ণের বিস্তারিত প্রজেক্ট রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। বর্তমান আর্থিক

বছরে ৩০৩.৫৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে ২৮.০২.২০০৩ তারিখ পর্যন্ত। আগামী বছরের জন্য পরিকল্পনা খাতে ১৮৫.০০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে।

(৩) *ঋণপত্র বা ডিবেঞ্চার বিক্রয়ে রাজ্যের ভূমিকা*

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি গ্রামোন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমেই কেবলমাত্র সাধারণ ও বিশেষ ঋণপত্র ছাড়ার ব্যবস্থা রয়েছে। এ জন্যে ঋণপত্রের মূল্যের ২.৫ শতাংশ হারে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অর্থ মঞ্জুর করার দায়বদ্ধতা রয়েছে এবং ৯৫ শতাংশ অর্থ নাবার্ড প্রদান করে। ২০০২-২০০৩ সালে এই খাতে ১০৭ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ৭০ লক্ষ ১০ হাজার টাকা এযাবৎ মঞ্জুর করা হয়েছে। ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য এ ব্যাপারে ১০৭.০০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হচ্ছে।

(৪) *অংশীদারী মূলধনের সহায়তা*

এন আর সি (এল টি ও) ঋণ থেকে রাজ্য সরকার রাজ্য সমবায় ব্যাঙ্ক, জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও প্রাথমিক কৃষি সমবায় ব্যাঙ্ক মূলধনের ভিত্তি দৃঢ় করার জন্য অংশীদারী মূলধন প্রদান করে থাকে। ২০০১-২০০২ সালে স্বল্প ও দীর্ঘমেয়াদী ক্ষেত্রে মোট ৬৮ লক্ষ ৫১ হাজার টাকা সরকারের পক্ষে অংশীদারী মূলধন সহায়তারূপে মঞ্জুর করা হয়েছে। ২০০২-২০০৩ সালের জন্য বরাদ্দকৃত ১৯৫ লক্ষ ৪১ হাজার টাকা ব্যয় করা যাবে বলে আশা করা যাচ্ছে। আগামী আর্থিক বছরের জন্য ১৭.৫৯ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

(৫) *সুদ বাবদ অনুদান*

ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সময়মতো সমবায়ের ঋণ ও সুদ পরিশোধের ব্যাপারে উৎসাহ জোগাতে রাজ্য সরকার ঋণ পরিশোধের ছাড় বাবদ অনুদান অর্থ মঞ্জুর করে থাকে। ২০০১-২০০২ সালে ৩৬৭ লক্ষ ৫০ হাজার টাকা এই বাবদ মঞ্জুর করা হয়েছিল। ২০০২-২০০৩ সালে এই খাতে ১৬৩.৫৮ লক্ষ টাকা বাজেট-বরাদ্দ রাখা হয়েছে। আশা করা যাচ্ছে এ ক্ষেত্রে উক্ত অর্থের বেশি অংশই ব্যয় করা সম্ভবপর হবে।

(৬) *ঝুঁকি-নিবারণী অর্থভাণ্ডার (রিস্ক ফান্ড)*

সাধারণ আমানতকারীর অর্থ প্রাথমিক কৃষিঋণ সমবায় সমিতিগুলিতে বা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কে লগ্নি হিসাবে যাতে সম্পূর্ণ সুরক্ষিত থাকে, তা নিশ্চিত করতে রাজ্য সরকার আমানতের যথাক্রমে ৪ (চার) এবং ২ (দুই) শতাংশ হারে অর্থদানে এক ঝুঁকি-নিবারণী অর্থভাণ্ডার বা 'রিস্ক ফান্ড' গড়ে তুলেছে। ২০০১-২০০২ সালে এই খাতে রাজ্য সরকার ২৮৫ লক্ষ টাকা বাজেট বরাদ্দের মধ্যে ২৭৯.৬৫ লক্ষ টাকা ব্যয় করেছিল। ২০০২-২০০৩ সালে ৩৬.৯২ লক্ষ টাকা বরাদ্দ আছে যা ব্যয় করা সম্ভব হবে বলে আশা করা যায়। আগামী আর্থিক বছরের (২০০৩-২০০৪) জন্য ৩০.৯০ লক্ষ টাকা বাজেট-বরাদ্দ রাখা হয়েছে।

অনুরূপভাবে, দীর্ঘমেয়াদী ঋণদান ক্ষেত্রে, রাজ্য সমবায় কৃষি উন্নয়ন ব্যাঙ্ক-কর্তৃক সমাজের দুর্বলতর শ্রেণীর মধ্যে লগ্নীকৃত মোট অর্থের ৩ শতাংশ অর্থ রাজ্য সরকার সাহায্য ক'রে ঝুঁকির দায়িত্ব বহন করে। ২০০১-২০০২ সালে বরাদ্দকৃত ১২০ লক্ষ টাকার সবটাই 'রিস্ক ফান্ড' হিসাবে উক্ত ব্যাঙ্ককে মঞ্জুর করা হয়েছিল। বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩) বরাদ্দকৃত ৪০.৪০ লক্ষ টাকার বেশ কিছু পরিমাণ ব্যয় করা যাবে বলে আশা করা যাচ্ছে। আগামী আর্থিক বছরের (২০০৩-২০০৪) বাজেটে এজন্য ২৬.৭০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে।

ঘ. বিপণন ও প্রক্রিয়াকরণ ক্ষেত্রে সমবায় সমিতিসমূহের কাজকর্মের খতিয়ান

কৃষি বিপণন সমিতিসমূহের মুখ্য কাজগুলির মধ্যে খাদ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, কৃষিজাত দ্রব্য গুদামজাত করা ও সেগুলির বিপণন, সার সরবরাহ করা, অন্যান্য কৃষি উপকরণ ও কৃষিকার্যের যন্ত্রাদি সরবরাহ করা, গ্রামীণ ও বিপণন গুদামঘর নির্মাণ, আলু এবং অন্যান্য দ্রব্য সংরক্ষণ করার জন্য হিমঘর স্থাপন, শাকসবজি ও ফল সংরক্ষণের জন্য অপেক্ষাকৃত ছোট হিমঘর স্থাপন, পুরনো হিমঘরগুলির শীতলীকরণ পদ্ধতির পরিবর্তন করে বিদ্যুৎ খরচ ন্যূনতম করা, পুরনো চালকলগুলির আধুনিকীকরণ, অপেক্ষাকৃত ছোট চালকল স্থাপন এবং জৈব সার উৎপাদন করা ইত্যাদি। প্রাথমিক কৃষি বিপণন সমিতিগুলি (প্যাম্‌স) তাদের রাজ্যস্তরীয় সমবায় 'বেনফেড'-এর তত্ত্বাবধানে কাজকর্ম চালায়। ২০০২-২০০৩ সালে (৩১.০৩.০৩ তারিখ পর্যন্ত) 'বেনফেড' ২৩০.০০ কোটি টাকার সার বিতরণ করতে পারবে বলে আশা করা যায়। ২০০৩-২০০৪ সালে এই সার বিক্রয়ের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে ২৮৫ কোটি টাকার।

বর্তমানে ৪৯টি সমবায় সমিতির অধীনস্থ ৫৯টি হিমঘর আছে যার মোট ধারণক্ষমতা ২,৬২,৯৪০ মেট্রিক টন। হিমঘরগুলির সংরক্ষণ ক্ষমতা ৫,০০০ মেট্রিক টন থেকে ১০,০০০ মেট্রিক টন করার জন্য, কিছু ছোট হিমঘর স্থাপন করার জন্য এবং শীতলীকরণ পদ্ধতির পরিবর্তন ইত্যাদির জন্য বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩) পরিকল্পনা খাতে বরাদ্দকৃত ৪০৭.২০ লক্ষ টাকা ও পরিকল্পনা বহির্ভূত খাতে বরাদ্দকৃত ৬১৪.১৮ লক্ষ টাকার মধ্যে যথাক্রমে ১৮৪.৭০ লক্ষ টাকা ও ৩৩১.৫৮ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। ২০০৩-২০০৪ সালের জন্য এই খাতে ২০০.০০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে। বিপণন গুদাম ঘরগুলির বর্তমানে মোট সংরক্ষণ ক্ষমতা ৫,৫১,১৪৫ মেট্রিক টন যা ক্রমবর্ধিত হয়ে বর্তমান আর্থিক বছরের (২০০২-০৩) শেষে দাঁড়াবে ৫,৫১,৫৪৫ মেট্রিক টনে। আগামী আর্থিক বছরে (২০০৩-২০০৪) ওই সংরক্ষণ ক্ষমতা ৫,৫২,৬৪৫ মেট্রিক টনে পৌঁছাবে বলে আশা করা যাচ্ছে। গুদামঘর নির্মাণ প্রকল্পে আগামী আর্থিক বছরের (২০০৩-২০০৪) জন্য ২০.০০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে।

ঙ. ভোগ্যপণ্য বিপণনে ক্রেতা সমবায়ের ভূমিকা

রাজ্যের শহরে এবং গ্রামে সর্বত্র ছড়িয়ে রয়েছে বহু সংখ্যক প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি। শীর্ষে রয়েছে 'কনফেড' নামক রাজ্যস্তরীয় ক্রেতা সমবায় মহাসংঘ। যার মধ্যে

রয়েছে ২৮টি পাইকারি ক্রেতা সমবায় সমিতি এবং ১৮৫৪টি প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি যারা সরকার নির্ধারিত মূল্যে ও ভরতুকি মূল্যে ভোগ্যপণ্য বিতরণের কাজে নিযুক্ত। এদের অধীনস্থ ২৯টি বিভাগীয় বিপণি, ৭৬টি বড় মাপের ও ১৫০০টি ছোট মাপের বিপণন কেন্দ্র বা দোকান আছে।

উপরন্তু, ১২০৬টি প্রাথমিক কৃষি সমবায় সমিতি ও প্রাথমিক কৃষি বিপণন সমিতি এই ভোগ্যপণ্যের বিতরণের কাজে নিযুক্ত। যেসব এলাকায় প্রাথমিক ক্রেতা সমবায় এবং প্রাথমিক কৃষি সমবায় সমিতির পরিষেবা পৌঁছায়নি, সেসব এলাকায় এই ভোগ্যপণ্য পাঠাতে ১০টি 'মোবাইল ভ্যান' গাড়ি ব্যবহার করা হয়। ২০০২-২০০৩ সালে ৫১৫.০০ কোটি টাকার ভোগ্যপণ্য বিতরণের লক্ষ্যমাত্রা রেখে, এ যাবৎ ৪৩০.০০ কোটি টাকার ভোগ্যপণ্য বিতরণ করা হয়েছে। আশা করা যাচ্ছে, বৎসরান্তে লক্ষ্যমাত্রা পূর্ণ করা সম্ভব হবে। আগামী আর্থিক বছরের (২০০৩-২০০৪) জন্য লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৫০০.০০ কোটি টাকার। রাজ্য সরকার ঋণ, অনুদান ও অংশীদারী মূলধনের সহায়তা দ্বারা এই সমস্ত সমিতিগুলির অংশীদারী মূলধন ভিত্তির শক্তিশালী করণের প্রচেষ্টায় নিযুক্ত। ২০০২-২০০৩ সালে এজন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৪১.৪৩ লক্ষ টাকা, যার বেশি অংশই ব্যয় করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে। এই খাতে আগামী আর্থিক বছরের (২০০৩-২০০৪) বাজেটে ৮.৪৬ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে।

চ. শহরাঞ্চলীয় ঋণদান ক্ষেত্রে সমবায় কার্যাবলী

(১) *শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি*

শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি ও ব্যাঙ্কগুলি এই ঋণদান পরিষেবা তাঁদের সদস্যগণকে দিয়ে থাকে। মহিলা সমবায় সমিতিসহ এই সব শহরাঞ্চলীয় ঋণদান সমিতি ও শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্কগুলি তাদের সদস্যদের কাছ থেকে সংগৃহীত আমানত থেকে ঋণগ্রহণে ইচ্ছুক সদস্যগণকে উৎপাদনমুখী ঋণ প্রদান করে থাকে। একাজে সম্প্রতি কিছু মহিলা সমবায় ঋণদান সমিতিও এগিয়ে এসেছে। তার সঙ্গে রয়েছে কর্মচারী ঋণদান সমবায় সমিতি। এই সব শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি ও ব্যাঙ্কগুলি অকৃষি ক্ষেত্রে স্বনিযুক্তি প্রকল্পে বা সাংসারিক, সামাজিক, সাধারণ ও বিশেষ খরচ-খরচা বাবদও ঋণদান করে থাকে। এই সমিতি ও সমবায় ব্যাঙ্কগুলির হাতে ১৩৮১.৪৫ কোটি টাকা আমানত রয়েছে এবং এ যাবৎ ঋণ বাবদ অনাদায়ী ৮৪৫.৮০ কোটি টাকার উপরেও ৬২৯.৪৯ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। গত বছরের তুলনায় এ বছরে ৩১ শতাংশ অধিক আমানত সংগৃহীত হয়েছে।

(২) *মহিলা সমবায় ঋণদান সমিতি*

দরিদ্র মহিলাদের আর্থিক অবস্থার উন্নতি সাধনের তথা স্বনির্ভরতা প্রদান করার লক্ষ্যে সমবায় আন্দোলনের ক্ষেত্রে রাজ্যের প্রতি জেলায় সম্পূর্ণ মহিলাদের দ্বারা পরিচালিত কমপক্ষে একটি করে মহিলা সমবায় ঋণদান সমিতি ও ব্যাঙ্ক খোলার উদ্যোগ গ্রহণ করা হয়। এ পর্যন্ত ৪০টি মহিলা সমবায় ঋণদান সমিতি এবং ২টি মহিলা সমবায়

ব্যাঙ্ক গড়ে তোলা সম্ভব হয়েছে। ওই সমবায় সমিতিগুলি ২০১৩২ জন সদস্যকে এ যাবৎ ৪৮৯.৫৬ লক্ষ টাকা অগ্রিম হিসাবে মঞ্জুর করেছে। এরা মহিলাদের স্বনির্ভর কর্মসূচি প্রশিক্ষণ দেয়, অর্থ সাহায্যও করে। এই সমিতিগুলির বেশির ভাগই লাভে চলছে। মহিলা সমবায় সমিতিগুলিকে রাজ্য সরকার ঋণ, অনুদান ও অংশীদারী মূলধন সহায়তা প্রদান করে থাকে। ২০০৩-২০০৪ সালে এই খাতে ১৫ লক্ষ টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

ছ. বিবিধ ক্ষেত্রে সমবায়ের ভূমিকা

(১) *ইঞ্জিনিয়ারিং সমবায়*

বেকার ইঞ্জিনিয়ারদের এবং ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাপ্রাপ্ত বেকারদের সমবায় সমিতি গড়ে তুলতে রাজ্য সরকার অংশীদারী মূলধন সহায়তা প্রদান করে থাকে এবং সরকারি কাজের বরাতের ক্ষেত্রে তাদের অগ্রাধিকার দিয়ে থাকে। এদের জন্য সরকারি কাজের ২০% কাজ সংরক্ষিত রাখা হয় এবং কাজের জন্য এদের আগ্রহী জামানত রাখতে হয় না। বর্তমানে এই সকল সমবায়ের সংখ্যা এক হাজারের বেশি। ২০০২-২০০৩ সালে এ জন্য ৩.৩০ লক্ষ টাকার বরাদ্দ আছে।

(২) *শ্রমিক শ্রেণীর সমবায়*

অসংগঠিত শ্রমিকশ্রেণীকে বেসরকারি ঠিকাদার থেকে শোষণমুক্ত করার এবং তাদের স্বার্থরক্ষা করার উদ্দেশ্যে এবং তাদের আর্থিক উন্নতির লক্ষ্যে সরকার শ্রমিক শ্রেণীর সমবায় গঠন করে থাকে। এসব সমিতি মাটি কাটার কাজে, রাস্তা সারাই/নির্মাণের কাজে, নলকূপ পোঁতা ইত্যাদি কাজের বরাত পেতে কিছু অগ্রাধিকার পেয়ে থাকে। বর্তমানে রাজ্যে এসব সমিতির সংখ্যা ১৫০০। বর্তমান বছরে এই খাতে ২ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রয়েছে। আগামী বছরে (২০০৩-২০০৪) এদের জন্য ০.৩১ লক্ষ টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

(৩) *গ্রামীণ বিদ্যুৎ পরিবাহ সমবায়*

রাজ্যের হুগলি জেলার সিঙ্গুর হরিপাল গ্রামীণ বিদ্যুৎ পরিষেবা সমবায় সমিতির সাফল্যে অনুপ্রাণিত হয়ে সরকার সব জেলাতে এরূপ সমবায় গড়ে তুলতে উৎসাহ প্রদান করে। এ পর্যন্ত হুগলি, বীরভূম, মেদিনীপুরে একটি করে এবং দক্ষিণ ২৪-পরগনায় ২টি সমিতি—মোট ৫টি এরূপ সমিতি গঠিত হয়েছে। আগামী আর্থিক বছরে (২০০৩-২০০৪) এই খাতে ৫.২৫ লক্ষ টাকার বাজেট-বরাদ্দ রাখা হয়েছে।

জ. সমবায় আন্দোলনে/বিকাশে সরকারের বিবিধ সহায়ক পরিষেবা

(১) *সমবায় সমিতির কর্মচারীদের জন্য অতিরিক্ত তদর্থক ভাতা*

নির্দিষ্ট কয়েক ধরনের সমবায় সমিতির কর্মচারীদের অতিরিক্ত তদর্থক ভাতা প্রদান প্রকল্পে রাজ্য সরকার কর্মীপ্রতি ১লা জুন, ১৯৯৮ সাল থেকে মাসিক ৬০০ টাকা করে

সহায়তা প্রদান করছে। ২০০০-২০০১ সালে এ জন্য মঞ্জুর করা হয়েছে ৭০০ লক্ষ টাকা। এ বছর (২০০২-২০০৩) এই খাতে বরাদ্দ করা হয়েছে ৭৫৬ লক্ষ ৬০ হাজার টাকা, যা সম্পূর্ণ ব্যয় হবে বলে আশা রাখছি। আগামী আর্থিক বছরের (২০০৩-২০০৪) জন্য এই পরিকল্পনা বহির্ভূত খাতে ১২০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ করা হয়েছে।

(২) *সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা*

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন তার উত্তরপাড়া, বরশুল, ঝাড়গ্রাম, কালিম্পং, ইলামবাজার এবং জলপাইগুড়িতে ৬টি ট্রেনিং সেন্টারের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে। এছাড়া, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের দ্বারা পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্র 'ইকমার্ড' যা উল্টোডাঙায় অবস্থিত এবং কল্যাণী শহরে অবস্থিত জাতীয় স্তরের এরূপ প্রশিক্ষণ কেন্দ্র, নেতাজি সুভাষ ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট প্রশিক্ষণ ব্যবস্থা করে থাকে। এই বছরে ২০০২-২০০৩ পরিকল্পনা এবং পরিকল্পনা বহির্ভূতখাতে যথাক্রমে ১০৯.২০ লক্ষ ও ৯৩.০৭ লক্ষ বরাদ্দকৃত অর্থের মধ্যে ৫৪.৩৯ লক্ষ টাকা এবং ৩৯.৩৩ লক্ষ টাকা এ যাবৎ ব্যয় করা হয়েছে। আগামী ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য উক্ত খাতে যথাক্রমে ৯৯.৩৩ লক্ষ টাকা এবং ১০০.০০ লক্ষ টাকা বাজেট-বরাদ্দ থাকছে।

(৩) *তথ্য ও সম্প্রচার*

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন প্রচার ও জনসংযোগের বিবিধ ব্যবস্থা করে থাকে। ওই ইউনিয়ন 'ভাণ্ডার' নামে একটি মাসিক পত্রিকা প্রকাশ করে আসছে। এছাড়া সভা সমিতির প্রচার পুস্তিকা ও হ্যান্ডবিলগুলি, সমবায়ের অপর বিভিন্ন পুস্তিকারও প্রকাশনার কাজ করে থাকে।

এই বছর ফেব্রুয়ারি মাস পর্যন্ত ১৭.৫০ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ৫০ হাজার টাকা ব্যয় করা হয়েছে। আগামী আর্থিক বছরের (২০০৩-২০০৪) জন্য ৫.১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

এ বছর সমবায় দপ্তর ও সমবায় অধিকার 'ওয়েবেল'-এর সহায়তায় কম্পিউটার পরিচালিত তথ্য সংরক্ষণ ও তথ্যসঞ্চার ব্যবস্থা চালু করতে উদ্যোগী হয়েছে। এ ব্যাপারে যথাযথ রূপায়ণের জন্য সবমিলে ২০০২-২০০৩ সালে ১৭.৫৩ লক্ষ টাকা বাজেট বরাদ্দ থেকে এ যাবৎ ১.২৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। আগামী আর্থিক বছরে (২০০৩-২০০৪) কম্পিউটার ব্যবস্থাপনার জন্য উক্ত খাতে ৫.১৫ লক্ষ টাকার বাজেট-বরাদ্দ রাখা হয়েছে।

(৪) *সমবায় নিরীক্ষা (অডিট) অধিকার*

বিভিন্ন প্রতিষ্ঠানকে সরকার যে অর্থ মঞ্জুর করে তার যথাযথ ব্যয় হয়েছে কিনা তা নিরীক্ষণ করার জন্য সমবায় নিরীক্ষা (অডিট) অধিকার বিশেষ ভূমিকা পালন করে। ২০০১-২০০২ সালে এই নিরীক্ষা (অডিট) অধিকার ১৭,৮৫০টি সমবায় সমিতির

মধ্যে ১৭,০০১টি সমিতির নিরীক্ষা (অডিট) সম্পন্ন করে ২.২৫ কোটি টাকা আয় করেছে। এ বছরে (২০০২-০৩) ১৭,৮৫০টি সমিতির মধ্যে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত ১৫,৫৯০টি সমিতির নিরীক্ষা (অডিট) কাজ সম্পন্ন ক'রে ১.৫ কোটি টাকা আয় করেছে। আশা করা যাচ্ছে, বৎসরান্তে হিসাবটা গত বছরের আয়কে ছাপিয়ে যাবে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বক্তৃতার শেষ ভাগে, এই সভার সকল মাননীয় সদস্যদের কাছে নিবেদন করতে চাই যে, ভারতীয় সংবিধানের ৭ম সিডিউলের রাজ্য তালিকার ৩২ ক্রমিক সংখ্যায় উল্লিখিত 'সমবায়' রাজ্য সরকারের কর্ম ও দায়িত্বের অন্তর্গত এবং সেইহেতু সমবায়ের রক্ষা, উন্নতি ও প্রসারের জন্য রাজ্য সরকার সাংবিধানিকভাবে দায়বদ্ধ। আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও সেই দায়দায়িত্ব পালনের লক্ষ্যে আমাদের সরকার সর্বতোভাবে সমবায়ের পক্ষে, সমবায়ের জন্যে এবং সমবায়ের স্বার্থে যা কিছু সম্ভব তা করতে অঙ্গীকারবদ্ধ। আমিও এই সদনে উপস্থিত মাননীয় সকল সদস্যদের এই মর্মে আহ্বান জানাচ্ছি যে, তাঁরা যেন নৈতিক ও প্রত্যক্ষভাবে সমবায়ের পক্ষে, সমবায় আন্দোলনের বিকাশ ও উন্নতির কাজে সক্রিয়ভাবে এগিয়ে আসেন এবং সমবায়ের সুস্থ ও সমৃদ্ধি বিকাশের কাজে আমাদের যথাযথ সাহায্য করেন।

আমি গভীরভাবে আশাবাদী যে—গ্রামীণ তথা শহুরে গরিবদের আর্থিক সক্ষমতা প্রদান করে, স্বনিযুক্তি ও যৌথনিযুক্তি কর্মসূচিতে যুক্ত করে, সকল মানুষের জীবিকার উন্নয়নের সঙ্গে সঙ্গে বিশেষভাবে পিছিয়ে পড়া জনগণের জন্য বেঁচে থাকার অবশ্যম্ভাবী অবলম্বন তৈরি করে, পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন এ প্রদেশের অর্থনীতিতে এক বিবর্তনের সূত্রপাত করতে পারে।

এইসব ঘোষিত লক্ষ্য উদ্দেশ্যকে সফল করতে, কথিত প্রকল্প ও কর্মসূচি রূপায়ণের উদ্দেশ্যে, আমি সদনে উপস্থিত সকল মাননীয় সদস্যের কাছে আরও আবেদন করব, সমবায়ের সমর্থনে এবং সমবায় আন্দোলনকে সঠিক লক্ষ্যে পৌঁছে দিতে, জনগণের সমবায় প্রয়াসকে স্বয়ম্ভর করে তুলতে তাঁরা যেন আমার প্রস্তাবিত ব্যয় বরাদ্দের সমর্থন করেন। এই আবেদনের সঙ্গে, এই সভার কাছে আমার বিভাগের প্রস্তাবিত ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য সুপারিশ করছি।

DEMAND No. 9

Major Heads : 2058—Stationery and Printing, 2551—Hill Areas, 2852—Industries, 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries, 3451—Secretariat—Economic Services, 3475—Other General Economic Services, 4407—Capital Outlay on Plantations, 4551—Capital Outlay on Hill Areas, 4856—Capital Outlay on Petrochemical Industries, 4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries, 4859—Capital Outlay on Tele-communication and Electronics Industries, 4860—

Capital Outlay on Consumer Industries, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 5054—Capital Outlay on Roads and Bridges, 6407—Loans for Plantations, 6551—Loans for Hill Areas, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries, 6859—Loans for Tele-communication and Electronics Industries, 6860—Loans for Consumer Industries, 6885—Loans for Other Industries and Minerals and 7465—Loans for General Financial and Trading Institutions

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 112,26,90,000 be granted for expenditure under Demand No. 9, Major Heads : "2058—Stationery and Printing, 2551—Hill Areas, 2852—Industries, 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries, 3451—Secretariat—Economic Services, 3475—Other General Economic Services, 4407—Capital Outlay on Plantations, 4551—Capital Outlay on Hill Areas, 4856—Capital Outlay on Petrochemical Industries, 4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries, 4859—Capital Outlay on Tele-communication and Electronics Industries, 4860—Capital Outlay on Consumer Industries, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 5054—Capital Outlay on Roads and Bridges, 6407—Loans for Plantations, 6551—Loans for Hill Areas, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries, 6859—Loans for Tele-communication and Electronics Industries, 6860—Loans for Consumer Industries, 6885—Loans for Other Industries and Minerals and 7465—Loans for General Financial and Trading Institutions" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 37,42,32,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতি সাপেক্ষে আমি অভিযাচন-৯-এর অধীন নিম্নোক্ত মুখ্যখাতগুলির বাজেট বরাদ্দ মঞ্জুরীর জন্য উপস্থাপন করছি।

মুখ্যখাত : ২০৫৮-লেখ সামগ্রী মুদ্রণ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '২০৫৮-লেখ সামগ্রী ও মুদ্রণ' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১৯,৪৬,৪২,০০০ (উনিশ কোটি ছেচল্লিশ লক্ষ বিয়াল্লিশ

হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(৬,৪৮,৮১,০০০ (ছয় কোটি আটচল্লিশ লক্ষ একাশি হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ২৫৫১—পার্বত্য এলাকা

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '২৫৫১-পার্বত্য এলাকা' উন্নতি বাবদ ব্যয় নির্বাহের জন্য ২৬,০২,২৮,০০০ (ছাব্বিশ কোটি দুই লক্ষ আঠাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(৮,৬৭,৪৩,০০০ (আট কোটি সাতষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ২৮৫২-শিল্প সমূহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '২৮৫২-শিল্প সমূহের' ব্যয় নির্বাহের জন্য ২৩,৬৭,৫০,০০০ (তেইশ কোটি সাতষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(৭,৮৯,১৭,০০০ (সাত কোটি উননব্বই লক্ষ সতেরো হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ২৮৫৩-অধাতব খনিজ এবং মৌলিক ধাতু দ্রাবক শিল্প সমূহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '২৮৫৩-অধাতব খনিজ এবং মৌলিক ধাতু দ্রাবক শিল্পের' উন্নতিকল্পে ব্যয় নির্বাহের জন্য ৩,০৭,০৯,০০০ (তিন কোটি সাত লক্ষ নয় হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(১,০২,৩৬,০০০ (এক কোটি দুই লক্ষ ছত্রিশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৩৪৫১-সচিবালয় অর্থনৈতিক কৃত্যক

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৩৪৫১-সচিবালয় অর্থনৈতিক কৃত্যক' ব্যয় নির্বাহের জন্য ২,৮৫,৬৯,০০০ (দুই কোটি পঁচাশি লক্ষ উনসত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(৯৫,২৩,০০০ (পঁচানব্বই লক্ষ তেইশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৩৪৭৫-অন্যান্য সাধারণ আর্থিক কৃত্যক

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৩৪৭৫-অন্যান্য সাধারণ আর্থিক কৃত্যক' ব্যয় নির্বাহের জন্য ৩০,৯২,০০০ (ত্রিশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(১০,৩১,০০০ (দশ লক্ষ একত্রিশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৪৪০৭-চাষ আবাদ নিয়োজিত মূলধন

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৪৪০৭-চাষ আবাদ বাবদ নিয়োজিত মূলধড়' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১,২০,০০,০০০ (এক কোটি কুড়ি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(৪০,০০,০০০ (চল্লিশ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৪৫৫১-পার্বত্য এলাকার ব্যয় নির্বাহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৪৫৫১-পার্বত্য এলাকার' ব্যয় নির্বাহের জন্য ৮০,০০,০০০ (আশি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(২৬,৬৭,০০০ (ছাব্বিশ লক্ষ সাতষট্টি হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৪৮৫৬-পেট্রো রাসায়নিক শিল্পের ব্যয় নির্বাহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৪৮৫৬-পেট্রো রাসায়নিক শিল্পের' ব্যয় নির্বাহের জন্য ১,০০,০০০ (এক লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(৩৩,০০০ (তেত্রিশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৪৮৫৭-রাসায়নিক ভেষজ শিল্পের ব্যয় নির্বাহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৪৮৫৭-রাসায়নিক ভেষজ শিল্পের' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৮০,০০,০০০ (আশি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(২৬,৬৭,০০০ (ছাব্বিশ লক্ষ সাতষট্টি হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৪৮৫৯-দূরসমযোজন ও বৈদ্যুতিন শিল্পের ব্যয় নির্বাহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৪৮৫৯-দূরসমযোজন ও বৈদ্যুতিন শিল্পের' ব্যয় নির্বাহের জন্য ৩,০০,০০,০০০ (তিন কোটি) টাকা মঞ্জুর করা হোক। [(১,০০,০০,০০০ (এক কোটি) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৪৮৬০-ভোগ্যশিল্পের ব্যয় নির্বাহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৪৮৬০-ভোগ্যশিল্পের' ব্যয় নির্বাহের জন্য ৪,৭৬,০০,০০০ (চার কোটি ছিয়াত্তর লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(১,৫৮,৬৭,০০০ (এক কোটি আটান্ন লক্ষ সাতষট্টি হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৪৮৮৫-অন্যান্য শিল্প ও খনিজ দ্রব্যের ব্যয় নির্বাহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৪৮৮৫-অন্যান্য শিল্প ও খনিজ দ্রব্যের' ব্যয় নির্বাহের জন্য ৩,০২,২০,০০০ (তিন কোটি দুই লক্ষ কুড়ি হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(১,০০,৭৩,০০০ (এক কোটি তিয়াত্তর হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৫০৫৪-সড়ক সেতু বাবদ ব্যয় নির্বাহ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৫০৫৪-সড়ক ও সেতু বাবদ' ব্যয় নির্বাহের জন্য ৮০,০০০ (আশি হাজার) টাকা মঞ্জুর করা হোক। [(২৭,০০০ (সাতাশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৬৪০৭-চাষ আবাদ বাবদ ঋণ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৬৪০৭-চাষ আবাদ ঋণ সম্পর্কে' ব্যয় নির্বাহের জন্য ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৬৫৫১-পার্বত্য এলাকার জন্য ঋণ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৬৫৫১ পার্বত্য এলাকার ব্যয় ও ঋণ' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২,৭০,০০,০০০ (দুই কোটি সত্তর লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(৯০,০০,০০০ (নব্বই লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৬৮৫৭-রাসায়নিক ও ভেষজজাত শিল্প বাবদ ঋণ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৬৮৫৭-রাসায়নিক ও ভেষজজাত শিল্প বাবদ ঋণ' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৩৫,০০,০০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(১১,৬৭,০০০ (এগার লক্ষ সাতষট্টি হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৬৮৫৯-দূরসমাযোজন ও বৈদ্যুতিন শিল্প বাবদ ঋণ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৬৮৫৯-সূরসমাযোজন ও বৈদ্যুতিন শিল্প বাবদ ঋণ' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৮৫,০০,০০০ (পঁচাশি লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(২৮,৩৩,০০০ (আঠাশ লক্ষ তেত্রিশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৬৮৬০-ভোগ্য শিল্প বাবদ ঋণ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৬৮৬০-ভোগ্য শিল্প বাবদ ঋণ' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১৩,৫২,০০,০০০ (তের কোটি বাহান্ন লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(৪,৫০,৬৭,০০০ (চার কোটি পঞ্চাশ লক্ষ সাতষট্টি হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৬৮৮৫-খনিজজাত ও অন্যান্য শিল্প খাতে ঋণ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৬৮৮৫-খনিজজাত ও অন্যান্য শিল্প বাবদ ঋণ' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২,৩৫,০০,০০০ (দুই কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [(৭৮,৩৩,০০০ (আটাত্তর লক্ষ তেত্রিশ হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

মুখ্যখাত : ৭৪৬৫-সাধারণ বৃত্তীয় ও ব্যবসায় প্রতিষ্ঠানের ঋণ বাবদ

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, মুখ্যখাত : '৭৪৬৫-সাধারণ বৃত্তীয় ও ব্যবসায় প্রতিষ্ঠানের ঋণ' সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২,০০,০০,০০০ (দুই কোটি) টাকা মঞ্জুর করা হোক। [(৬৬,৬৭,০০০ (ছেষট্টি লক্ষ সাতষট্টি হাজার) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত।]

১

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমাদের জাতীয় অর্থনীতি বর্তমানে এক গভীর সংকটের মধ্য দিয়ে চলেছে। শিল্পোৎপাদনের প্রচন্ড নিম্নমুখীনতা এবং অগ্রগতির বিভিন্ন ক্ষেত্রে তীব্র হ্রাসই প্রধানত এই সংকটের কারণ। আন্তর্জাতিক স্তরে অর্থনৈতিক অগ্রগতির মন্দাভাবের প্রভাবও এই সংকটকে তীব্রতর করেছে। ডব্লিউ.টি.ও-আই.এম.এফ নিয়ন্ত্রিত বিশ্ববাণিজ্য ব্যবস্থা উন্নয়নশীল দেশগুলির জনগণের মৌলিক স্বার্থ শুধু বিঘ্নিত করছে তাই নয়, তাদের অর্থনৈতিক সার্বভৌমত্বেও অনধিকার হস্তক্ষেপ করছে।

১.২ এই রকম একটি বিশ্ব পরিস্থিতিতে যেখানে কর্মসংকোচন একটি বাস্তব সমস্যা এবং বহুজাতিক সংস্থাগুলি নগ্নভাবে উন্নয়নশীল দেশগুলির অর্থনৈতিক অগ্রগতির ধারা স্থির করতে সদ্য উদ্যত যার কেন্দ্রীয় লক্ষ্য হল অধিকতর মুনাফা অর্জন করা, সেখানে জাতীয় অর্থনীতির সার্বিক বিকাশ এবং কেন্দ্রীয় সরকারের উল্লেখ্য দশম পরিকল্পনায় স্থিরিকৃত ৮ শতাংশ উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করা একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। মূল প্রশ্নটি হল আমাদের জাতীয় অর্থনীতিকে কিভাবে চাঙ্গা করা যায় এবং তা আমাদের মৌলিক স্বার্থ জলাঞ্জলি না দিয়ে বিশেষ করে অগণিত শ্রমজীবী মানুষ, কৃষক, গ্রামীণ শিল্পের সঙ্গে যুক্ত মানুষ ও অন্যান্য ক্ষেত্রে যুক্ত কর্মজীবী অসংখ্য সাধারণ মানুষের স্বার্থ। নতুন নতুন শিল্পক্ষেত্রে উন্নয়নের

বিষয়টিকে চিহ্নিত করে, কৃষি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যে সাফল্য অর্জন করা গেছে তা সন্নিবদ্ধ করে এবং ছোট ও মাঝারি শিল্পের ভিত্তিকে সুদৃঢ় করে জাতীয় স্তরে একটি স্বনির্ভর উন্নয়নের পথ প্রশস্ত করা অতি প্রয়োজন।

যতক্ষণ পর্যন্ত না বর্তমান কেন্দ্রীয় সরকার তাঁদের অনুসৃত নীতির পরিবর্তন করছেন ততক্ষণ পর্যন্ত রাজ্য সরকারগুলির পক্ষে নিজ নিজ রাজ্যের সীমিত সম্পদের উপর নির্ভর করে সার্বিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করা দুরূহ কাজ। আমাদের রাজ্যের ক্ষেত্রেও এই বাস্তবতা অনস্বীকার্য। তবে একথা সত্য যে, আমাদের সীমাবদ্ধতার মধ্যেও বিগত আড়াই দশক ধরে আমাদের রাজ্য সরকার অর্থনীতির সার্বিক বিকাশের লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে কাজ করে চলেছে এবং এই কর্মকাণ্ডের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হল শিল্পোন্নয়ন।

১.৩ পশ্চিমবঙ্গ গত ২৫ বছরে গ্রামীণ ক্ষেত্রে যথেষ্ট সাফল্য অর্জন করেছে। ভূমি সংস্কার ব্যবস্থার সার্থক রূপায়ণ এবং পঞ্চায়েতী রাজ ব্যবস্থার মাধ্যমে বিকেন্দ্রীকরণ প্রক্রিয়া রাজ্যের গ্রামীণ দৃশ্যপটে একটি ব্যাপক পরিবর্তন সূচিত করেছে। এই পরিবর্তন গ্রামীণ ক্ষমতার কাঠামোগত পূর্ণ বিন্যাসেও স্পষ্ট। এর ফলে সাধারণ মানুষের জীবনযাত্রার মানে গুণগত পরিবর্তন ঘটেছে। গ্রামাঞ্চলে বসবাসকারী মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাওয়ার ফলে শিল্পদ্রব্যের চাহিদাও বেড়ে গেছে। সাম্প্রতিক বছরগুলিতে পশ্চিমবঙ্গে শিল্পে বিনিয়োগের পরিমাণও বৃদ্ধি পেয়েছে। শিল্পোৎপাদনে বাৎসরিক বিকাশের হার ৪.৬ শতাংশ। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে সারাদেশের গড় অভ্যন্তরীণ উৎপাদনের বিকাশের হার ৫.৪ শতাংশ সেখানে এই রাজ্যে ওই বিকাশের হার ৭.২ শতাংশ।

১.৪ এমনকি ২০০২ সালে ফেব্রুয়ারি মাসে প্রকাশিত বিশ্বব্যাঙ্কের একটি রিপোর্টে ভারতের যে দুটি রাজ্যকে উন্নয়নের দিক থেকে সবচেয়ে বেশি সম্ভাবনাপূর্ণ বলা হয়েছে পশ্চিমবঙ্গ তাদের মধ্যে একটি। এবং এখানে শুধুমাত্র কৃষিক্ষেত্রে উন্নয়নের কথাই বলা হয়নি, প্রাকৃতিক এবং অবস্থানগত সুবিধার দিক থেকেও পশ্চিমবঙ্গের যে স্বতন্ত্র স্থান রয়েছে তাও উল্লেখিত রয়েছে। অধিকন্তু আগামী দশকই শুধু নয়, অনাগত ভবিষ্যতের জন্যও রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের একটি সুনির্দিষ্ট পরিকল্পনা রাজ্য সরকার প্রণয়ন করেছেন। ওই দৃশ্যপটকে বাস্তবায়িত করতে প্রয়োজনীয় যে পরিকাঠামো দরকার তা এই রাজ্যে বর্তমান। শিল্পে কাঙ্ক্ষিত উন্নয়নকে ত্বরান্বিত করতে এই রাজ্যে উপযুক্ত সামাজিক পরিকাঠামোও বিদ্যমান।

১.৫ পূর্বাঞ্চলের মধ্যমণি হয়ে থাকা পশ্চিমবঙ্গ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে সড়ক পথে ঢোকার তোরণদ্বার। এছাড়া এ রাজ্য দক্ষিণ পূর্ব এশিয়ার বাজারেরও সবচেয়ে কাছাকাছি, বিশেষ করে এটি জরুরি মনে হয় যখন কেউ আমদানী করা উপাদানের সাহায্যে আনুষঙ্গিক এবং দ্বিতীয় পর্যায়ের নির্মাণ কার্যের কথা চিন্তা করে।

১.৬ সমস্তরকম অর্থনৈতিক উন্নয়নের পিছনে জনসাধারণই হচ্ছে প্রকৃত চালিকাশক্তি। এই রাজ্যে মানব সম্পদ উন্নয়নের বিষয়টি একটি চিহ্নিত ক্ষেত্র কারণ আমরা এমন সময়ে বাস করছি যেখানে সমস্তরকম উন্নয়নমূলক কাজকর্মে মেধাসম্পদই মূল উপাদান হিসাবে কাজ করে। এই প্রেক্ষিতেই সম্ভাব্য সমস্ত পরিস্থিতির চাহিদাপূরণের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বৈশিষ্ট্যসূচক শিক্ষ্যব্যবস্থার ক্ষেত্রে পশ্চিমবঙ্গে বেশ কয়েকটি উৎকর্ষ কেন্দ্র

রয়েছে। যেমন-ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, কলকাতা, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি খড়্গপুর, ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট, দেশের ৫টি সেরা কলেজের মধ্যে এ রাজ্যে দুটি, ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুরিডিকাল সায়েন্সেস। মানব সম্পদের সাধারণ মান এই তথ্য থেকেই পরিমাপ করা যাবে যে, দেশের মোট জনসংখ্যার ৮ শতাংশেরও কম জনসংখ্যার এই রাজ্যে কুড়ি শতাংশ আই. আই. টি. স্নাতক আছেন।

১.৭ এছাড়া কোন শিল্প পরিচালনা করার খরচের বিষয়টি যদি ভাবা যায় তবে তুলনামূলকভাবে পশ্চিমবঙ্গ অনেক সুবিধাজনক অবস্থায় আছে। এ রাজ্যে ভূসম্পত্তির দাম তুলনামূলকভাবে যথেষ্ট কম এবং দেশের সমস্ত মেট্রোগুলির মধ্যে কলকাতার ভোগ্য মূল্যসূচক সবচেয়ে কম ৩৫৫ (যেখানে দ্বিতীয় স্থানে থাকা মুম্বাই-এর মূল্যসূচক ৩৯৪)।

১.৮ বিশ্ববাণিজ্য ব্যবস্থায় উদারীকরণ এবং পশ্চিমী দেশগুলির সুবৃহৎ ইস্পাত কারখানাগুলির অবাঞ্ছিত পন্থা অবলম্বনের ফলে ভারতের লৌহ ও ইস্পাত শিল্প এক সংকটের সম্মুখীন হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ, যেখানে ইস্‌কো, দুর্গাপুর ইস্পাত কেন্দ্র এবং অ্যালয় স্টিল প্ল্যান্টের পর লৌহ ও ইস্পাত শিল্পে কোন বড় ধরনের বিনিয়োগ হয়নি সেখানে সাম্প্রতিক কয়েক বছরে এই শিল্পে এক বলিষ্ঠ উন্নয়নের ধারা লক্ষ করা যাচ্ছে। ১৯৯১ থেকে ২০০১ সাল পর্যন্ত এই শিল্পে ৬৫২৭ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। এর মধ্যে অবশ্য এককভাবে দুর্গাপুর ইস্পাত কেন্দ্রের আধুনিকীকরণের জন্য যথেষ্ট পরিমাণ টাকা খরচ হয়েছে। কিন্তু যেটা উল্লেখযোগ্য সেটা হল যে এই সময়ের মধ্যে ১২৫টি লৌহ ও ইস্পাত শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে—এর মধ্যে রয়েছে মিনি স্টিল প্ল্যান্ট, ফেরো অ্যালয় স্টিল প্ল্যান্ট এবং স্টিল কাস্টিং ইউনিট। এই ইউনিটগুলির প্রত্যেকটিতে প্রায় ৪০ কোটি টাকা থেকে ৫০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে এবং এই ছোট কারখানাগুলিতে ইস্পাতের টিউব, পাইপ, বার, রড, ফ্ল্যাট, বিলেট এবং ইন্‌গট্ তৈরি হয়। ২০০২ সালটি পশ্চিমবঙ্গে মাঝারি ও বড় মাপের লৌহ ও ইস্পাত শিল্পে বিনিয়োগের উন্নয়নের ক্ষেত্রে একটি উৎসাহব্যঞ্জক বছর। ২০০২ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর মাসের মধ্যে ওইরূপ ১৬টি ইউনিট চালু হয়েছে। এই ইউনিটগুলিতে মোট প্রকল্প ব্যয়ের পরিমাণ ২৪১ কোটি টাকা। এছাড়া আরও ৭৭টি প্রকল্প—যেগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ২০০০ কোটি টাকা সেগুলি রূপায়ণের বিভিন্ন অবস্থায় রয়েছে। এই ৭৭টির মধ্যে ২২টি বৃহৎ প্রকল্প এবং ওই প্রকল্পগুলিতে মোট মূলধন বিনিয়োগের পরিমাণ ১৯২৪ কোটি টাকা। এই সমস্ত প্রকল্পগুলি রূপায়িত হলে এই রাজ্যে গত ১২ বছরে লৌহ ও ইস্পাত শিল্পে মোট বিনিয়োগের পরিমাণ গিয়ে দাঁড়াবে প্রায় ৯০০০ কোটি টাকা।

১.৯ রাজ্যের খনিজ সম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার ইতোমধ্যেই ২০০২ সালের জুন মাসে পশ্চিমবঙ্গ খনিজসম্পদ নীতি ও কর্মপন্থা রূপায়ণ করেছেন। এই কর্মপন্থায় খনিজ সম্পদ সম্বলিত ক্ষেত্রগুলিকে সংরক্ষিত না রাখার উপর জোর দেওয়া হয়েছে যাতে বেসরকারি উদ্যোগে স্বাধীনভাবে বা রাজ্য সরকারের সঙ্গে যৌথ উদ্যোগে খনিজ সম্পদের স্থান চিহ্নিতকরণ এবং তার উত্তোলনের কাজে বেশি বেশি করে অংশগ্রহণ করতে পারে। অপ্রধান খনিজ সম্পদের ক্ষেত্রে খনিজ দ্রব্য আহরণের জন্য যে কার্যপ্রণালী রয়েছে তাকে সহজতর এবং স্বচ্ছতর করা এবং তার আরও উন্নততর করার প্রচেষ্টা হিসাবে ১৯৭৩ সালের আইনটি রদ

করে ২০০২ সালে 'দি ওয়েস্ট বেঙ্গল মাইনর মিনারলস্ রুল্স, ২০০২'' শীর্ষক আইন প্রণয়ন করা হয়েছে। অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন প্রতিহত করতে 'দি ওয়েস্ট বেঙ্গল মিনারেল্স্ (প্রিভেনশন অব ইল্লিগাল মাইনিং, ট্রান্সপোর্টেশন অ্যান্ড স্টোরেজ) রুলস্ ২০০২'' শীর্ষক আরও একটি আইন প্রণয়ন করা হয়েছে। রাজ্যের খনিজ সম্পদ সমৃদ্ধ যে সমস্ত জায়গাগুলি থেকে খনিজ দ্রব্য আহরণের একচেটিয়া অধিকার ছিল পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন ও বাণিজ্য নিগম লিমিটেডের, সেগুলিকে অসংরক্ষিত ঘোষণা করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই সমস্ত খনিজ সম্পদ সমৃদ্ধ অঞ্চল এখন থেকে বেসরকারি বিনিয়োগের জন্য উন্মুক্ত করা হবে। রাজ্যে খনিজ সম্পদের ক্ষেত্রে বিনিয়োগকারী উদ্যোগীরা রাজ্যের কোথায় কোথায় কী ধরনের খনিজ সম্পদ রয়েছে এবং তার মানই বা কী তার বিস্তারিত তথ্য যাতে হাতের কাছে পান সেজন্য তথ্যসমৃদ্ধ একটি তথ্যপঞ্জিকা তৈরি করা হচ্ছে। এই ব্যবস্থার ফলে রাজ্যের আয় যেমন বাড়বে তেমনই খনিজসম্পদ আহরণের ফলে কর্মনিযুক্তিও বৃদ্ধি পাবে। আরও গুরুত্বপূর্ণ বিষয় হল বিজ্ঞানসম্মত উপায়ে খনি থেকে খনিজ দ্রব্য উত্তোলন হবার ফলে পার্শ্ববর্তী অঞ্চলের প্রাকৃতিক ভারসাম্য ও পরিবেশ সুরক্ষিত থাকবে।

১.১০ রাজ্য সরকার গ্রানাইট পাথর খুঁজে বার করা এবং তার উত্তোলনের ক্ষেত্রে বিশেষভাবে দৃষ্টি দিয়েছেন। যে সমস্ত অঞ্চলে গ্রানাইট পাথর পাওয়া যায় তার মধ্যে সামান্য কটি অঞ্চল পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন ও বাণিজ্য নিগমের জন্য সংরক্ষিত রেখে বাকি সবগুলিকে অসংরক্ষিত ঘোষণা করা হয়েছে। কার্যকরীভাবে এবং বিজ্ঞানসম্মত উপায়ে গ্রানাইট উত্তোলনের কাজে উৎসাহ জাগাতে গ্রানাইটসমৃদ্ধ অঞ্চলে উত্তোলনের স্বত্ব দানের বিষয়টি ডাকভিত্তিক করার কথা ভাবা হয়েছে। পুরুলিয়া জেলার গ্রানাইট সমৃদ্ধ পাঁচটি ব্লকের প্রথক ডাক ঘোষণা করা হয়েছে এবং সফল ডাককারীদের নির্বাচন শীঘ্রই সম্পূর্ণ হয়ে যাবে।

১.১১ উৎপাদক ব্যয়ের ক্রমবৃদ্ধি এবং বিক্রয়মূল্যের ক্রমাবনতির ফলে চা শিল্প এক সংকটের মধ্যে পড়েছে। সস্তায় চা জোগানের দ্বিতীয় উৎস হিসেবে চা পাতা কিনে চা উৎপাদন করে এমন চা কারখানা ও সেই সঙ্গে ছোট চা চাষীর আবির্ভাব, উৎপাদন ব্যয় কম এমন দেশ থেকে সস্তা দামের চায়ের আমদানির সংকেত এবং রপ্তানির হ্রাস, চা-এর দামের উপর নিম্নমুখী প্রভাব ফেলেছে। বিনিয়োগ না করায় এবং উৎপাদনশীলতা কমে যাওয়ার কারণে উৎপাদন ব্যয়ের বৃদ্ধিজনিত প্রতিযোগিতার অক্ষমতাও এই সংকটের একটি কারণ।

১.১২ চা বাগানের জমি হস্তান্তরের ক্ষেত্রে প্রদেয় সেলামি ৩১.৩.২০০৪ সাল পর্যন্ত শতকরা ৪০ ভাগ কমানো হয়েছে। শর্তসাপেক্ষে অলাভজনক চা বাগান হস্তান্তরের ক্ষেত্রে ওই সময় পর্যন্ত কমে যাওয়া সেলামিরও পঞ্চাশ শতাংশ ছাড় (এবং তাও তিন কিস্তিতে প্রদেয়) দেওয়া হয়েছে, যাতে বিনিয়োগকারী এই দুঃসময়ে ওই সমস্ত চা বাগানের অবস্থা ফেরানোর প্রচেষ্টায় কিছু সহায়তা পায়। ক্ষুদ্র চা চাষীরা যে সরকারি জমিতে চা চাষ করেছেন তার বন্দোবস্ত নেওয়ার জন্য তাদের বাজারদরের শতকরা ৪০ ভাগের পরিবর্তে এখন হেক্টর প্রতি পনের হাজার টাকা সেলামি দিতে হবে। এর ফলে ক্ষুদ্র চা চাষীরা সুবিধা পাবেন। ভারত সরকার চা-এর লেনদেন ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত করতে ''চা বিপণন নিয়ন্ত্রণ আদেশ ২০০৩'' নামে একটি আদেনশনামা জারি করেছেন।

১.১৩ জুট প্যাকেজিং মেটিরিয়াল (কমপালসারি ইউজ ইন প্যাকিং কমোডিটিজ) অ্যাক্ট, ১৯৮৭ অনুযায়ী খাদ্যশস্য প্রভৃতি ক্ষেত্রে পাটজাত দ্রব্যের ব্যবহারের বাধ্যবাধকতা ক্রমশ শিথিল করায় পাটশিল্প এক কঠিন সমস্যার মধ্যে পড়েছে। আগামী মরশুমে পাটজাত দ্রব্যের ব্যবহার খাদ্যশস্যের ক্ষেত্রে যাট শতাংশ ও চিনির ক্ষেত্রে পঞ্চাশ শতাংশ আবশ্যিক করা হয়েছে যদিও একদা উভয়ক্ষেত্রেই তা ছিল একশো শতাংশ। কয়েক বছর আগে সার এবং সিমেন্টের ক্ষেত্রে পাটজাত দ্রব্যের আবশ্যিক ব্যবহারের আদেশ তুলে দেওয়া হয়েছে। তাই এখন পাটশিল্পকে নতুন করে ঢেলে সাজানোর প্রয়োজন দেখা দিয়েছে যাতে পাটশিল্প উৎপাদনে বৈচিত্র আনতে পারে এবং বিশেষ করে রপ্তানিযোগ্য সামগ্রী উৎপাদনে জোর দেয়। আকর্ষণীয় উৎসাহ প্রকল্পের ফলে বিনিয়োগকারীগণ বহু বছর পর এই প্রথম নতুন পাটশিল্প স্থাপনে এগিয়ে আসছেন। কোচবিহার ও নাকাশিপাড়াতে দুটি কারখানা বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে। বেলুড়, ফলতা এবং মঙ্গলপুরে তিনটি কারখানা পরীক্ষামূলক উৎপাদনের স্তরে এবং মালদায় একটি কারখানা স্থাপনের মুখে রয়েছে।

১.১৪ ধান ও ধানের উপজাত দ্রব্যের শিল্পের ক্ষেত্রে ব্যবহার খতিয়ে দেখতে রাজ্য সরকার একটি কমিটি গঠন করেছেন। চালকলগুলির আধুনিকীকরণের ফলে পশ্চিমবঙ্গে বছরে ৪৫ লক্ষ টন তুষের উৎপাদন সম্ভব হবে। বর্তমানে বছরে মাত্র ৭ থেকে ৯ লক্ষ টন তুষ উৎপাদিত হয়। যেহেতু এই তুষে প্রচুর পরিমাণে উদ্‌বায়ী পদার্থ থাকে তাই ওই পরিমাণ তুষ থেকে বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে। রাজ্যের যেসব অঞ্চলে ধানচাষ বেশি হয় সেসব জায়গায় পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণ শক্তি উন্নয়ন সংস্থা ছোট ছোট বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে উদ্যোগী হয়েছে। বিদ্যুৎ উৎপাদনের পর যে পোড়া তুষ থাকবে তা দিয়ে ইট তৈরি করা যাবে।

১.১৫ পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের পরিচালনায় রাজ্য বিনিয়োগ সুবিধাকেন্দ্র যা 'শিল্পবন্ধু' নামেও পরিচিত তা রাজ্যে শিল্প স্থাপনে 'এক জানালা কেন্দ্র' হিসাবে কাজ করে চলেছে। এই কেন্দ্রটি নিম্নলিখিত সুবিধাগুলি দিয়ে থাকে, যেমন :

(১) জমি চিহ্নিতকরণ, তার পরিমাণ নির্ধারণ, জমির চরিত্র বদল/নামকরণ করা এবং অন্যান্য পরিকাঠামোগত সুবিধা দান।

(২) শিল্পোন্নয়ন নিগম দ্বারা প্রস্তুত ২০০টি নমুনা প্রকল্প দিয়ে শিল্পোদ্যোগীদের শিল্পস্থাপনে সহায়তা করা।

এছাড়া কেন্দ্রটি আরও নিম্নলিখিত সুবিধাগুলি দিয়ে থাকে :

(১) ভারত সরকারের বৈদেশিক লগ্নী উন্নয়ন পর্ষদ এবং শিল্প সহায়তা সচিবালয়ের অনুমোদনের ব্যবস্থা করা।

(২) রাজ্যস্তরে শিল্প অধিকারের নিবন্ধীকরণ

(৩) রাজ্যস্তরে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের ছাড়পত্র পেতে সহায়তা করা, এবং

(৪) বিদ্যুৎ সংক্রান্ত সমস্ত ছাড়পত্রের ব্যবস্থা করা।

১.১৬ জেলাগুলিতে বিভিন্ন শিল্প ইউনিটগুলির সমস্যা নজরে রাখা এবং সমাধান করার উদ্দেশ্যে জেলাস্তরের শিল্প কমিটিগুলিকে পুনরুজ্জীবিত করা হয়েছে। জেলায় শিল্প ইউনিটগুলির বিভিন্ন সমস্যা বিশেষ করে জমি ও বিদ্যুৎ সংক্রান্ত সমস্যাগুলির সমাধান করার লক্ষ্যে যাতে শিল্পকমিটিগুলি নিয়মিত বৈঠক করেন তার জন্য জেলাসভাধিপতিদের অনুরোধ জানানো হয়েছে।

১.১৭ শিল্পে সার্বিক মন্দা এবং অন্যান্য নঙর্থক প্রতিকূলতা সত্ত্বেও ১৯৯৯ সাল থেকে গত ৪ বছরে পশ্চিমবঙ্গে লগ্নীর একটা উর্ধ্বগতি লক্ষ করা গেছে। এমনকি হলদিয়া পেট্রোকেমিক্যাল্‌স্ এবং এম সি সি পি টি এ-র মতো বৃহদাকার শিল্পগুলিকে বাদ দিলেও বিগত ৪ বছরে রাজ্যে প্রতিবছর গড়ে ১৮১৭ কোটি টাকার মতন বিনিয়োগ হয়েছে (ওই দুই বৃহদাকার শিল্পের বিনিয়োগ বাদ দিয়ে)। যেখানে ১৯৯১-১৯৯৪ এই চার বছরে বাৎসরিক লগ্নীর গড় পরিমাণ ৩৬৬ কোটি টাকা (দুর্গাপুর ইস্পাত কেন্দ্র বাদে) এবং ১৯৯৫-১৯৯৮ এই চার বছরে বাৎসরিক লগ্নীর গড় পরিমাণ ৫০৩ কোটি টাকা সেখানে গত চার বছরের গড় লগ্নীর পরিমাণকে নিঃসন্দেহে যথেষ্ট উন্নতির লক্ষণ বলতে হবে। আমাদের দৃঢ় বিশ্বাস ২০০৩ সালে লগ্নীর পরিমাণ ২৫০০ কোটি টাকায় পৌঁছবে।

১.১৮ এটা খুবই গুরুত্বের সঙ্গে বলা যায় যে স্যামসুং এবং আই বি এম নামে দুটি বহুজাতিক সংস্থা পশ্চিমবঙ্গ শিল্প মানচিত্রে জায়গা করে নিয়েছে। স্যামসুং ইলেকট্রনিক্স ইন্ডিয়া ইনফরমেশন ও টেলিকম্যুনিকেশন লিঃ ওয়েবেল ও সেনটেক ইনফরমেটিক্স লিমিটেড-এর যৌথ সহযোগিতায় একটি যন্ত্রাংশ একত্রীকরণ প্রকল্প স্থাপন করবে। প্রাথমিকভাবে এই প্রকল্পে খুচরো বাজারের জন্য পার্সোনাল কম্পিউটার তৈরি করা হবে। এখানে প্রতিমাসে ১০০০টি কম্পিউটার তৈরি করার ব্যবস্থা রয়েছে। এই শিল্প স্থাপনের গুরুত্ব এখানেই যে এই প্রথম একটি বহুজাতিক সংস্থা এই রাজ্যে কম্পিউটার হার্ডওয়্যার শিল্পে প্রবেশ করল।

১.১৯ আই বি এম এই রাজ্যে দুটি পৃথক কাজের দায়িত্ব নিয়েছে। একটি হল এই রাজ্যের ২০০টি স্কুলে প্রাথমিক কম্পিউটার শিক্ষার জন্য ব্যবস্থা করা আর অপরটি হল প্রাইস ওয়াটার হাউস কুপার্স কনসালটেন্সি ডিভিশনের প্রতিনিধি হিসাবে এখানে কাজ করা। কলকাতার পরিকাঠামোর জন্য আনুমানিক ৩ কোটি টাকা মার্কিন ডলারের চুক্তি প্রস্তাব রয়েছে।

ভিডিওকন ইন্টারন্যাশনাল ভারতে বৃহৎ যেকটি ভোগ্যপণ্য উৎপাদনকারী সংস্থা আছে তার মধ্যে অন্যতম। ভিডিওকন সল্টলেকে অবস্থিত ফিলিপ্‌স ইন্ডিয়া লিমিটেডের বৈদ্যুতিন ভোগ্যপণ্য উৎপাদন কেন্দ্রটি গ্রহণ করেছে। এবং সেখানে বর্তমানে স্বল্পপরিমাণে রেফ্রিজারেটার, এ সি মেশিন এবং ওয়াশিং মেশিনের মতো ভোগ্যপণ্য উৎপাদন শুরু করেছে। অত্যন্ত আধুনিক প্রক্রিয়ায় রেফ্রিজারেটর তৈরি করার জন্য সংস্থাটি সল্টলেকের ইউনিটের সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করেছে। এই পরিকল্পনার মধ্যে রয়েছে, পরিবেশ অনুকূল নন্-সি-এফ-সি-রেফ্রিজারেটর তৈরি করা। এই সম্প্রসারণ প্রকল্পে প্রায় ৮০ কোটি টাকা লগ্নী করার প্রস্তাব রয়েছে।

১.২০ ১৯৯১ থেকে ডিসেম্বর ২০০২ পর্যন্ত সময়ে রাজ্যে ৩০৪৪টি মাঝারি ও বৃহদায়তন শিল্প অনুমোদন লাভ করেছে যাতে লগ্নীর মূল্যমান ৬০,৪৫৪.৫৫ কোটি টাকা। ওই সময়ের মধ্যে যে ৬৫৮টি প্রকল্প রূপায়িত হয়েছে তাতে প্রায় ৮৯,৮৯৫ জনের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। ২০০২ সালে ১১৩টি প্রকল্প রূপায়িত হয়েছে এবং মোট ১৯,৪৯১ জনের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। ১৯৯১ থেকে ডিসেম্বর ২০০২ পর্যন্ত যে ৬৫৮টি প্রকল্প রূপায়িত হয়েছে তাতে বিনিয়োগের মোট পরিমাণ ২২,১০১.১৫ কোটি টাকা। এবং ২০০২ সালে যে ১১৩টি প্রকল্প রূপায়িত হয়েছে তাতে লগ্নীর মোট মূল্যমান ২৩২৫.৯৫ কোটি টাকা।

১.২১ ২০০২-২০০৩ আর্থিক বছরে যে বড় বড় প্রকল্পগুলি রূপায়িত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হল পাঁচ তারকাযুক্ত দুটি হোটেল, হায়াত গোষ্ঠীর এশিয়ান হোটেল্‌স লিঃ এবং আই টি সি গোষ্ঠীর সোনার বাংলা, দুর্গাপুর ইস্পাত কেন্দ্রের ৩নং ফার্নেসটির উন্নতিসাধন, দুর্গাপুরে লারসেন অ্যান্ড টুব্রো কোম্পানির সিমেন্ট কারখানা, হলদিয়ায় ইন্ডিয়ান অয়েল কোম্পানির গ্যাস টারবাইন স্থাপন, হলদিয়ায় এম পি গ্লাইকেস নামক সংস্থার ভোজ্য তেলের কারখানা, রুইয়া কোটেক্স লিমিটেডের তুলা হইতে সুতো প্রস্তুত করার কারখানা ইত্যাদি। বিভিন্ন মাঝারি ও বড়মাপের শিল্পগুলি নানারকমের শিল্পস্থাপনের যে অনুমোদন লাভ করেছে তাতে বিনিয়োগের মূল্যমানও ২০০১ সালের ১৫৪১ কোটি টাকা থেকে বেড়ে ২০০২ সালে ৪৬৮৩ কোটি টাকা পৌঁছেছে। এটা থেকেই বোঝা যায় যে ২০০৩ সালেও শিল্পে বিনিয়োগের উর্ধ্বগতি থাকবে। ২০০৩ সালের মধ্যে যেকটি বড় প্রকল্প রূপায়িত হয়ে যাবে বলে মনে হয় তার মধ্যে রয়েছে হলদিয়ায় সাউথ এশিয়ান পেট্রোকেমের বট্‌ল্‌ গ্রেড পেটরেজিন উৎপাদন প্রকল্প, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের হলদিয়া তৈল শোধনাগারের বিনিয়োগ এবং অনেকগুলি মিনি লৌহ এবং ইস্পাত শিল্পের বিনিয়োগ।

১.২২ ২০০১ সালের সেপ্টেম্বর পর্যন্ত সরাসরি বিদেশি বিনিয়োগে প্রকল্প অনুমোদনের নিরিখে পশ্চিমবঙ্গের স্থান ছিল অষ্টম। এখন ২০০২ সালের অক্টোবর পর্যন্ত যে হিসাব তাতে পশ্চিমবঙ্গের স্থান সপ্তম। ১৯৯১ সালের আগস্ট থেকে ২০০২ সালের সেপ্টেম্বর পর্যন্ত সর্বসাকুল্যে ৩৯৮টি সরাসরি বিদেশি বিনিয়োগের অনুমোদন পাওয়া গেছে। এর মধ্যে ১৪১টি প্রকল্প ইতোমধ্যেই রূপায়িত হয়েছে।

১.২৩ ২০০২ সালে হলদিয়া পেট্রোকেমিক্যালস-এর অনুসারী শিল্প স্থাপনের ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি হয়েছে। ১৯৯৮ সালের জানুয়ারি থেকে এখন পর্যন্ত এই রাজ্যে ৫৩৭টি অনুসারী শিল্প গড়ে উঠেছে—এর মধ্যে ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে ৪৯৯টি, মাঝারি শিল্প ৩৪টি এবং ৪টি বড় শিল্প প্রতিষ্ঠিত হয়েছে। উপরোক্ত শিল্প প্রতিষ্ঠানগুলিতে বছরে এক লক্ষ পনেরো হাজার সাতশো ছিয়াত্তর মেট্রিক টন কাঁচামাল ব্যবহার করা হয়েছে। ওই শিল্পে প্রায় ৩৮২ কোটি টাকা বিনিয়োগ হয়েছে এবং তেরো হাজার একশো একষট্টি জনের সরাসরি নিয়োগ হয়েছে। অন্যান্য বছরগুলির তুলনায় যদিও ২০০২ সালে হলদিয়া পেট্রোকেমিক্যাল্‌সের অনুসারী শিল্প তুলনামূলকভাবে কম গড়ে উঠেছে তবুও আগের বছরগুলিতে গড়ে ওঠা অনেক শিল্প প্রতিষ্ঠান তাদের নিজ নিজ আয়তন বাড়িয়েছে, বিনিয়োগ বাড়িয়েছে এবং অনেক নতুন লোক নিয়োগ করেছে।

অন্যদিকে ২০০২ সালের শেষ পর্যন্ত পশ্চিমবঙ্গের বাইরে হলদিয়া পেট্রোকেমিক্যাল্‌সের ৩৮টি অনুসারী শিল্প গড়ে উঠেছে—এর মধ্যে ১৯টি ক্ষুদ্র শিল্প এবং মাঝারি মাপের শিল্প ১৯টি। এই শিল্প প্রতিষ্ঠানগুলি বছরে চৌত্রিশ হাজার দুইশত চৌত্রিশ মেট্রিক টন কাঁচামাল ব্যবহার করছে। এই সংস্থাগুলিতে বিনিয়োগের পরিমাণ ৫৯ কোটি টাকা এবং সরাসরি নিয়োগের সংখ্যা চার হাজার ছয়শো পঁচানব্বই জন।

এ প্রসঙ্গে এ কথা বলা যায় যে, সাম্প্রতিক মাসগুলিতে হলদিয়া পেট্রোকেমিক্যাল্‌সের উৎপাদন এবং আর্থিক অবস্থা দুই দিক দিয়েই উন্নতির চিহ্ন পরিলক্ষিত হচ্ছে। এই সংস্থাটির ঋণ পুনর্গঠন সংক্রান্ত প্রশ্নে আলোচনা চলছে।

১.২৪ ২০০২-০৩ আর্থিক বছরে কলকাতা লেদার কমপ্লেক্স প্রকল্পটির যথেষ্ট অগ্রগতি হয়েছে। রাজ্য সরকার ৩১.৩৩ কোটি টাকা ব্যয়ে কমপ্লেক্স-এর বাইরের পরিকাঠামোর কাজ যেমন—কলকাতা থেকে কমপ্লেক্সে যাওয়ার সংযোগকারী রাস্তা তৈরি, ১৩২/৩৩ কে ভি এ বৈদ্যুতিক সাবস্টেশন, এস. ডব্লিউ. এফ চ্যানেলের পলি তুলে তার গভীরতা বাড়ানো, কড়াইডাঙা খালকে নতুন দিক দিয়ে ঘুরিয়ে দেওয়া এবং বেদেরহাট গ্রামের পুনর্বাসন সম্পূর্ণ করেছেন। বি.ও.টি. পক্ষও কমপ্লেক্সের ১ থেকে ৮ নম্বর জোন অঞ্চলে ভেতরের বিভিন্নরকম পরিকাঠামো নির্মাণের কাজ যেমন—জমি জায়গার উন্নতিসাধন, ভেতরের রাস্তা তৈরি, নর্দমা ও পয়ঃপ্রণালী নির্মাণ, বৈদ্যুতিক পরিকাঠামো, জল সরবরাহ ব্যবস্থা, বর্জ্যপদার্থ পরিবহন ব্যবস্থা এবং নালা ও জলাশয় তৈরির কাজ শেষ করেছে। এই অঞ্চলেই বাস্তুচ্যুত ট্যানারিগুলিকে স্থান দেওয়া হয়েছে এবং জমির স্বত্বও দেওয়া হয়েছে।

১.২৫ কলকাতা লেদার কমপ্লেক্সে যে ৩২৯টি বাস্তুচ্যুত ট্যানারিকে জমি দেওয়া হয়েছিল তাদের মধ্যে ২৫০টি ইতোমধ্যেই তাদের নিজ নিজ নির্মাণ কাজ শুরু করেছে। এদের মধ্যে বেশ কিছু ট্যানারি নতুন কমপ্লেক্সে তাদের ট্যানারির কাজকর্ম শীঘ্রই শুরু করবে বলে আশা করা যায়। বাদবাকি ১৯৪টি ছোট বাস্তুচ্যুত ট্যানারিকে শীঘ্রই এই কমপ্লেক্সে মোট ২৬ একরের মতো জমি দেওয়া হবে।

১.২৬ এছাড়াও আরও প্রায় ১৫০টি ইউনিট সরাসরি বি. ও. টি. পক্ষের কাছ থেকে এই কমপ্লেক্সে মোট প্রায় ৩০ একর জমি ক্রয় করেছে। এদের মধ্যে বেশিরভাগই ট্যানারি, আর আছে কিছু চামড়ার জিনিস প্রস্তুতকারী এবং কিছু কেমিক্যাল ইউনিট। এদের মধ্যে প্রায় ৫৪টি ইউনিট তাদের নির্মাণকার্য শুরু করেছে এবং এর মধ্যে কয়েকটি ২০০৩-এর জুন মাসের মধ্যে এই কমপ্লেক্সে তাদের কাজকর্ম শুরু করে দেবেন বলে আশা করা যায়।

১.২৭ কলকাতা লেদার কমপ্লেক্সে কেবলমাত্র বাইরের ট্যানারিগুলিকে স্থান দেওয়ার জন্য 'কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট' নির্মাণের ব্যাপারে রাজ্য সরকার নিজেই তদারকি করছেন। প্রতিদিন প্রতিটি পঞ্চাশ লক্ষ লিটার জল শোধন করতে পারবে এরকম ক্ষমতাসম্পন্ন ৪টি মডিউল তৈরি করা হবে। ২০০২ সালের এপ্রিলে নির্মাণকাজ শুরু হওয়া প্রথম দুটি মডিউল এখন তৈরি হয়ে গেছে এবং যে বাস্তুচ্যুত ট্যানারিগুলি কমপ্লেক্সে এখন কাজ শুরু করবে তারা

ওই মডিউলগুলি থেকে সুবিধা পাবে। এই মডিউল দুটির নির্মাণকাজ পুরোপুরি সম্পূর্ণ হবে ২০০৩ সালের অক্টোবর মাসে। তৃতীয় এবং চতুর্থ মডিউল তৈরির কাজও খুব শীঘ্রই শুরু হবে। কমন ক্রোম রিকভারি প্ল্যান্টের তিনটি মডিউলের নির্মাণকাজও রাজ্য সরকারের নিজস্ব তত্ত্বাবধানে হবে। এই শোধন প্রক্রিয়ার পুরো ব্যবস্থাটি তৈরি করতে যদিও রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার সমানভাবে পুরো খরচ বহন করেছে, কিন্তু মহামান্য সুপ্রিম কোর্টের আদেশে ওই পরিকাঠামো পুরোপুরি তৈরি হয়ে গেলে পুরো খরচাটিই ট্যানারীগুলির কাছ থেকে আদায় করে নেওয়া হবে। এই পুরো কাজটিতে নিজেদের ভাগ বাড়ানোর উদ্দেশ্যে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগমের কাছ থেকে ঋণ গ্রহণ করেছে।

১.২৮ পরিবেশ পরিচ্ছন্ন রাখা, বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে আরও কার্যকরী ভূমিকা নেওয়া, সার তৈরি, শিল্পে ব্যবহারের পাশাপাশি যানবাহন এবং ঘরোয়া কাজে ব্যবহারের জন্য প্রাকৃতিক গ্যাসের অবদান অনস্বীকার্য। তাই রাজ্য সরকার ওই গ্যাস ব্যবহারের মাধ্যমে রাজ্যে শিল্পোন্নয়নের বিষয়ে এক সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ করেছেন। রাজ্য সরকারের মুখ্যসচিবের নেতৃত্বে গঠিত একটি কার্যকরী দল হিসাব করে দেখেছেন যে ২০০৫-০৬ সাল নাগাদ পশ্চিমবঙ্গে প্রতিদিন প্রায় ২৭৫ মিলিয়ন কিউবিক ফুট প্রাকৃতিক গ্যাসের প্রয়োজন হবে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন এবং গ্যাস অথরিটি অব ইন্ডিয়া যৌথভাবে যে একটি আলাদা হিসাব করেছে তাতেও দেখা যাচ্ছে ২০০৬ সাল নাগাদ প্রাকৃতিক গ্যাসের চাহিদা কমবেশি ওই উপরোক্ত পরিমাণের ধারেকাছেই থাকবে। মায়ানমার, বাংলাদেশ এবং ত্রিপুরা থেকে প্রাকৃতিক গ্যাস পাওয়ার যে উজ্জ্বল সম্ভাবনা দেখা দিয়েছে তারই প্রেক্ষাপটে উপরোক্ত হিসাব করা হয়েছে।

বেঙ্গল বেসিনে পেট্রোলিয়ম এবং প্রাকৃতিক গ্যাস খোঁজার জন্য অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন এবং গ্যাস অথরিটি অব ইন্ডিয়া নতুন করে খননকার্য শুরু করেছে। রাজ্যের মধ্যে দুটি অফ-শোর এবং দুটি অন-শোর ব্লকে খননকার্য এগিয়ে চলেছে।

এই রাজ্যে রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে কোল বেড মিথেন গ্যাসের একটি বিশাল মজুত ভান্ডার আছে। এই গ্যাস প্রাকৃতিক গ্যাসেরই শ্রেণীভুক্ত। ভারত সরকারের পেট্রোলিয়ম এবং ন্যাচারাল গ্যাস মন্ত্রক এই রাজ্যে চারটি কোল বেড মিথেন ব্লক চিহ্নিত করেছে এবং তা নিম্নরূপভাবে আবন্টন করা হয়েছে :

রাণীগঞ্জ (দক্ষিণ) ব্লক (২১০ বর্গ কি.মি.)—গ্রেট ইস্টার্ন এনার্জি কর্পোরেশন লিঃ

রাণীগঞ্জ (উত্তর) ব্লক (২৪০ বর্গ কি.মি.)—অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন লিঃ

রাণীগঞ্জ (মধ্য) ব্লক (১১৬ বর্গ কি.মি.)—অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন এবং কোল ইন্ডিয়া যৌথভাবে

রাণীগঞ্জ (পূর্ব) ব্লক (৫০০ বর্গ কি.মি.)—এসার অয়েল লিঃ

রাজ্য সরকার ইতোমধ্যেই রাণীগঞ্জ (দক্ষিণ) ব্লকের জন্য গ্রেট ইস্টার্ন এনার্জি কর্পোরেশনকে এবং রাণীগঞ্জ (উত্তর) ব্লকের জন্য অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশনকে পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন লাইসেন্স প্রদান করেছেন। আশা করা যায় যে গ্রেট ইস্টার্ন এনার্জি কর্পোরেশন ২০০৩ সালের শেষ থেকেই কোল বেড মিথেন গ্যাসের বাণিজ্যিক উৎপাদন শুরু করবে।

১.২৯ বর্তমান সময়ে জৈব প্রযুক্তি ক্ষেত্র একটি অতি উচ্চ সম্ভাবনাময় ক্ষেত্র হিসাবে দেখা দিয়েছে। এই ক্ষেত্রের সমূহ বিকাশের সম্ভাবনাগুলি বিবেচনা করে রাজ্য সরকার ২০০২ সালে জৈব প্রযুক্তি নীতি ঘোষণা করেছেন। জৈব প্রযুক্তি নীতির মধ্যে আছে রাজ্য সরকারের এই শাখার উন্নয়নের রূপরেখা। এবং যেসব ক্ষেত্রে জৈব প্রযুক্তি ব্যাপক অবদান রাখতে পারে সেইসব ক্ষেত্রগুলিতে যথেষ্ট উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তির সুবিধা পৌঁছে দেওয়া।

কৃষি বিষয়ক উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে উৎপাদিত দ্রব্য, উৎপাদনের পদ্ধতি এবং কারিগরী পদ্ধতির বিকাশের জন্য রাজ্য সরকার বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। এছাড়া পরিবেশ ও জৈব বৈচিত্র্য সংরক্ষণে, ভেষজ ও সুগন্ধি উদ্ভিদের উৎপাদনে এবং জৈব-শিল্পের উন্নয়নে জৈব প্রযুক্তিতে কাজে লাগানোর জন্য উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দি চ্যাটার্জী গ্রুপ-এর অধীনস্থ একটি কোম্পানি মেসার্স কেমবায়োটেক কলকাতার সল্টলেকে একটি ইউনিট স্থাপন করেছে। অন্যান্য বহু কোম্পানি যেমন আর. পি. জি. লাইফ সায়েন্সেস, দি চ্যাটার্জী গ্রুপ, আর্থ রেমেডিস, সান বায়োটেক, জে. এস. বায়োটেক এই রাজ্যে জৈব প্রযুক্তি ক্ষেত্রে শিল্প স্থাপনের জন্য পদক্ষেপ গ্রহণ করেছে।

১.৩০ ভারতীয় ধারার ঔষধ ব্যবস্থার তালিকাভুক্ত ঔষধ এবং সংশ্লিষ্ট দ্রব্যগুলির যেহেতু কোনো পার্শ্ব প্রতিক্রিয়া নেই তাই এগুলি দেশের অভ্যন্তরে এবং বিদেশের বাজারে বেশ জনপ্রিয়তা অর্জন করেছে। তাদের ব্যবহারও বেশ বেড়ে চলেছে। পশ্চিমবাংলায় বিভিন্ন ধরনের ঔষধি এবং ভেষজ উদ্ভিদের চাষ করা হয়। এই সব ঔষধ এবং সংশ্লিষ্ট দ্রব্যের গুরুত্ব বিবেচনা করে রাজ্য সরকার একটি রাজ্য মেডিসিনাল প্ল্যান্টস বোর্ড গঠন করেছেন। এই বোর্ড ভেষজ উদ্ভিদ এবং সংশ্লিষ্ট দ্রব্যের উৎপাদন ব্যবস্থায় উন্নয়নের জন্য পরিকল্পনা রচনা করবেন। উক্ত বোর্ডের তত্ত্বাবধানে, শিল্প ও বাণিজ্য দপ্তরের দ্বারা সমন্বয়িত একটি কমিটি ভেষজ উদ্ভিদের আমদানি, রপ্তানি এবং রাজ্যে ঔষধ ভিত্তিক শিল্প সম্পর্কিত বিষয়গুলির সম্ভাবনা খতিয়ে দেখছে। আয়ুর্বেদ ও ভেষজ ঔষধ, ওইসব ওষুধের প্রস্তুতকারক, মূল্য কাঠামো, বিভিন্ন ভেষজ দ্রব্যের দাম সম্বন্ধীয় একটি তথ্যপঞ্জিকা প্রস্তুত করা হয়েছে। ভেষজ উদ্ভিদ ভিত্তিক শিল্পগুলির নিয়ন্ত্রণ পদ্ধতি সম্পর্কিত সমস্যা এবং আমদানি রপ্তানি সংক্রান্ত সমস্যাগুলি চিহ্নিত করা হয়েছে এবং সেগুলি বিশেষভাবে পরীক্ষা করা হচ্ছে। দার্জিলিং জেলার সিঙ্কোনা বাগানগুলিতে ডাবর এবং আর্থ রেমেডিস-এর মতো কোম্পানিগুলি ভেষজ উদ্ভিদ ভিত্তিক শিল্প স্থাপনের ইচ্ছা প্রকাশ করেছে। জলপাইগুড়ি জেলার ডাব গ্রামে মেসার্স এস. ই. জেড নামে একটি কোম্পানি এই একই ক্ষেত্রে শিল্প স্থাপনের প্রাথমিক ইচ্ছা প্রকাশ করেছে।

রাজ্য সরকার সিঙ্কোনা ও অন্যান্য ভেষজ উদ্ভিদ অধিকারকে পুনর্গঠিত করার কথা চিন্তা-ভাবনা করছে। এই অধিকার প্রতিবছরই প্রচুর লোকসান করে চলেছে, আর তার চেয়েও বড় কথা এই অধিকারের এক্তিয়ারে দার্জিলিং জেলার পাহাড়ি অঞ্চলে যে সমস্ত জমি রয়েছে তার অধিকাংশই অব্যবহৃত অবস্থায় পড়ে থাকে। পুনর্গঠন প্রক্রিয়ায় সিঙ্কোনা চাষের আয়তন কমানোর কথা ভাবা হচ্ছে। এছাড়াও প্রয়োজনীয় কাঠামোগত পরিবর্তন সাধন করে আরও উন্নতজাতের ভেষজ উদ্ভিদ উৎপন্ন করে আভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক বাজারের প্রতিযোগিতায় স্থান করার বিষয়টিও অন্যতম কর্মসূচি। এছাড়া বাকি চাষযোগ্য জমি থেকে কর্মীরা নিজস্ব আয় বাড়ানোর জন্য কিছু কৃষি ভিত্তিক ফসল যেমন ছোট জাতের কমলালেবু, প্যাসন ফ্রুট, এলাচ, আদা, উদ্যানপালন, ফুল চাষ, পশু ও মুরগি পালন এবং গরু-মহিষ পালনের ব্যবস্থা করার কথা ভাবা হয়েছে। তাছাড়া এই অধিকার সামাজিক বনসৃজন এবং পর্যটন ব্যবস্থাকে অনুসরণ করবে। এই পুনর্গঠনের মূল উদ্দেশ্যই হল এই অধিকারকে লাভজনক করা এবং কর্মীদের স্বয়ম্ভর করে তোলা।

১.৩১ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের অধীনস্থ এবং যে সমস্ত সরকারি খাস জমি জল ও বিদ্যুৎ উৎসের কাছাকাছি রয়েছে এবং যে জমিগুলি বিভিন্ন জেলা সংযোগকারী সড়কপথের আশেপাশে অবস্থিত, সেইগুলির বিবরণাদি নিয়ে শিল্প ও বাণিজ্য বিভাগ একটি ডাটা ব্যাঙ্ক তৈরি করেছে। এই জমিগুলি শিল্পস্থাপনের পক্ষে উপযুক্ত। আনুমানিক একত্রিশ হাজার একর জমির তথ্যাবলী সংগ্রহ করা হয়েছে এবং আরো তথ্য সংগ্রহের কাজ এগিয়ে চলেছে। এর মধ্যে বেশিরভাগ জমিই অনগ্রসর অঞ্চল যেমন পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম এবং উত্তরবঙ্গের জেলাগুলিতে অবস্থিত। সম্ভাব্য শিল্পোদ্যোগপতিরা বেশি বেশি সংখ্যায় পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম এবং বিভাগের কাছে জমির প্রাপ্যতার বিষয় খোঁজখবর নিচ্ছেন এবং তাদের নিয়মিতভাবে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা হচ্ছে। এই বিষয়ে শিল্প ও বাণিজ্য দপ্তর অনেকটা উৎসেচকের কাজ করছে।

১.৩২ সম্ভবত পশ্চিমবঙ্গের সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ হল তার মানব সম্পদ। ভারতের সত্তর শতাংশ রত্ন ও স্বর্ণলঙ্কার কারিগরই বাঙালি। এই সম্পদকে পুরোপুরি কাজে লাগানোর জন্য মণিকাঞ্চন নামে সল্টলেকে যে রত্ন ও স্বর্ণলঙ্কার পার্ক তৈরি হচ্ছে সেটি হবে একটি স্পেশাল ইকনমিক জোন—পূর্বভারতে এরকম ক্ষেত্র নির্দিষ্ট জোন এই প্রথম। ২৫ কোটি টাকা ব্যয়ে ৫ একর জায়গার উপর এই পার্কের নির্মাণকাজ খুব শীঘ্রই শেষ হবে। এই পার্কের 'কমন ফেসিলিটিজ বিল্ডিং'-এ থাকবে একটি বহিঃশুল্ক বিভাগ যাতে তাৎক্ষণিক বহিঃশুল্ক ছাড়পত্র পাওয়া যাবে। আর থাকবে রপ্তানিকারক সংস্থাগুলির দপ্তর, একটি প্রদর্শন ও বৈঠকশালা, একটি ট্রেনিং ইনস্টিটিউট এবং একটি বিশেষ ক্যাড-ক্যাম ডিজাইন সেন্টার। রাজ্যে স্পেশ্যাল ইকনমিক জোন সংক্রান্ত নীতি নিরূপণের কাজ প্রায় শেষ পর্যায়ে এসে পৌঁছেছে।

১.৩৩ কলকাতার সল্টলেকে ২.৮ একর জমির উপর একটি টয় পার্ক নির্মাণ করা হচ্ছে। এর নির্মাণকাজের আশানুরূপ অগ্রগতি হয়েছে এবং আশা করা যায় চলতি বছরের শেষে এই

প্রকল্পের নির্মাণকাজ শেষ হয়ে যাবে। এর ফলে এই রাজ্যের খেলনা প্রস্তুতকারকেরা পরিমিত খরচে তাঁদের নিজস্ব ইউনিট স্থাপন করতে পারবেন। তাছাড়া কর্মে নিযুক্তির অনেক ক্ষেত্রও উন্মোচিত হবে।

১.৩৪ রাজ্য সরকার চলতি বছরের মধ্যে একটি রবার পার্ক এবং একটি ফাউন্ড্রি পার্ক স্থাপন করার জন্য বিশেষভাবে চিন্তাভাবনা করছেন। এই দুটি পার্ক স্থাপন করার জন্য উপযুক্ত জমি চিহ্নিত করা হচ্ছে। এই পার্কগুলি স্থাপিত হলে কলকাতা ও হাওড়া জেলার জনবহুল এলাকায় অবস্থিত ইউনিটগুলি স্থানান্তরিত করা সম্ভব হবে। শুধু তাই নয় কিছু নতুন ইউনিটও স্থাপন করা সম্ভব হবে। শিল্পোদ্যোগীদের প্রোৎসাহ দেবার চলতি ব্যবস্থা আরও গতিশীল ও বাস্তবধর্মী করার লক্ষ্যে পশ্চিমবঙ্গ প্রোৎসাহ প্রকল্প ২০০৩ পরিমার্জন করা হচ্ছে। উদ্দেশ্য, চলতি প্রক্রিয়া আরও গতিশীল করা।

১.৩৫ ১৯৯৪ সালের সেপ্টেম্বর মাসে রাজ্য সরকারের শিল্পনীতি ঘোষণার পর থেকে খুব অল্প সময়ের মধ্যেই পশ্চিমবঙ্গ বিনিয়োগকারীদের কাছে একটি অনুকূল রাজ্য হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের প্রতিবেদন থেকে এটা স্পষ্ট যে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়নের লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে অগ্রসর হচ্ছে। সেন্টার ফর মনিটরিং অব ইন্ডিয়ান ইকনমির রিপোর্ট অনুযায়ী গত বছর সারা দেশে যত প্রকল্প সম্পাদিত হয়েছে এবং যে পরিমাণ বিনিয়োগ হয়েছে তার নিরিখে পশ্চিমবঙ্গের স্থান ছিল দ্বিতীয়, সম্পদ সৃষ্টিতে এই রাজ্য অগ্রণী ভূমিকায়। রাজ্য সরকারের স্বচ্ছ ও সৃজনমুখী ভূমিকা এবং শিল্পোন্নয়নের লক্ষ্য অর্জনে কার্যকরী পদক্ষেপগুলির সুফল যথাযথভাবে প্রচারের আলোয় না আসায় এ রাজ্যের ইমেজ সম্পর্কে কোনো কোনো স্তরে ভুল ধারণা রয়েছে। এই দুর্বলতা আমরা কাটিয়ে ওঠার চেষ্টা করছি। এ রকম একটি পরিস্থিতিতেও বিনিয়োগের জন্য আমাদের রাজ্য পছন্দসই জায়গা হয়ে উঠেছে। আমাদের রাজ্যের সুস্থিত রাজনৈতিক ও সামাজিক পরিমণ্ডল বিনিয়োগের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলেছে। এছাড়া উপযুক্ত পরিকাঠামো, বিদ্যুতের স্বস্তিকর অবস্থা এবং রাজ্যের সার্বিক উন্নয়নের লক্ষ্যে অবিচল একটি রাজ্য সরকার এই রাজ্যে শিল্পপতিদের আরও বেশি বেশি করে বিনিয়োগ করতে উৎসাহিত ও চালিত করছে।

২

২.১ এখন আমি বিভিন্ন প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে শিল্প ও বাণিজ্য বিভাগের অধীন বিভিন্ন আয়োগ অধিকার ও দপ্তর সমূহের কাজকর্মের একটি সংক্ষিপ্ত বিবরণ মাননীয় সদস্যদের সামনে পেশ করছি। রাজ্যের শিল্প পরিস্থিতিতে যে গতির সঞ্চার হয়েছে, তারই প্রেক্ষিতে সৃষ্ট চাহিদাগুলির যথাযথ পূরণে বিভিন্ন সংস্থা, আয়োগ ও অধিকারগুলিকে আরো বেশি কর্মক্ষম করে তুলতে আমরা সদা সচেষ্ট।

২.২ পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম-এ রাজ্যে শিল্পের তথা শিল্পগত পরিকাঠামোর সুষ্ঠু বিকাশ ও উন্নয়ন বাস্তবায়িত করার ক্ষেত্রে রাজ্যস্তরের প্রধান সংস্থা। নিগমের পরিষেবাগুলির মধ্যে অন্যতম হল বিভিন্ন আর্থিক পরিষেবার মাধ্যমে রাজ্যে শিল্পে বিনিয়োগকারীদের আর্থিক

সহায়তার ব্যবস্থা করা। গত আর্থিক বছরে সুদের হার যথেষ্ট পড়ে যাওয়ায় এই নিগম বিভিন্ন ঋণপ্রকল্পে সুদের হার পুনর্নির্ধারণ করেছে। সুদের হার কমানো ছাড়াও যেসব সুশীল বিনিয়োগকারী কোনরকম বিচ্যুতি ছাড়াই তাদের দেয় অর্থ নিয়মিত পরিশোধ করে গেছেন নিগম তাদের জন্য গোল্ড কার্ড, সিলভার কার্ড, প্রিভিলেজ্‌ড কাস্টমার স্কিম ইত্যাদি নানারকম আকর্ষণীয় কর্মপরিকল্পনা চালু করেছে। এছাড়া লৌহ ও ইস্পাত শিল্পের ক্ষেত্রে নিগম বিশেষভাবে জোর দিয়েছে এবং এখানে তাই শিল্পপতিদের সুদের হারের ক্ষেত্রে বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে।

২.৩ বিগত ৫ বছরে নিগম যে ঋণ অনুমোদন করেছে তা বছরপ্রতি ৪০ থেকে ৫০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ থাকত। কিন্তু সুদের হার কমে যাওয়ার পরিপ্রেক্ষিতে নিগমের কাছে আর্থিক সহায়তা নেবার জন্য যেসব প্রস্তাব আসছে তা যথেষ্ট সংখ্যায় বৃদ্ধি পেয়েছে। ৩১.১.২০০৩ পর্যন্ত যে দশমাস শেষ হয়েছে তাতে দেখা যাচ্ছে নিগম ১০০ কোটি টাকা আর্থিক সহায়তা দিয়েছে এবং এই আর্থিক বছরের শেষে তা ১২০ কোটি টাকাও পেরিয়ে যাবে বলে মনে হয়। যেসব শিল্প প্রতিষ্ঠান ঋণ শোধ দিতে অপারগ হয়ে পড়েছে সেইসব নিষ্ফল ঋণ প্রকল্পগুলিকে পুনর্গঠনের উদ্দেশ্যে নিগম 'এককালীন নিষ্পত্তি পদ্ধতি' প্রয়োগে বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে। এছাড়াও অধিগৃহীত ইউনিটগুলির সম্পদ বিক্রয়ের মাধ্যমেও নিগম তার আর্থিক উন্নতি ঘটানোর চেষ্টা চালাচ্ছে। গত পাঁচবছরে বছরপ্রতি গড়ে ৩০ থেকে ৩৫ কোটি টাকা আদায় হত। কিন্তু বর্তমান আর্থিক বছরে আশা করা যায় আদায়ের পরিমাণ অন্তত ৫৫ কোটি টাকা হবে।

২.৪ নিগমের হিসাব রাখার পদ্ধতি যখন থেকে 'মার্কেন্টাইল' থেকে 'ক্যাশ' ভিত্তিক করা হয় তখন থেকেই নিগম লোকসান করতে শুরু করে এবং সেই লোকসানের পালা চলে ১৯৯৬-৯৭ পর্যন্ত। তারপর থেকেই নিগম খুব কম হলেও নগদ বা 'অপারেটিং' লাভ করতে থাকে। এবং 'নন্‌-পারফর্মিং অ্যাসেট'-এর জন্য বরাদ্দ বাদ দিয়ে এই নিগম ২০০১-২০০২ আর্থিক বছর পর্যন্ত প্রকৃত ক্ষতি দেখিয়ে আসছিল। আর্থিক কাজকর্মে ব্যাপক পরিবর্তনের ফলে সৃষ্টি হয়েছে গুণমানের ঋণপ্রকল্প এবং অপেক্ষাকৃত ভাল তহবিল ব্যবস্থার সঙ্গে যুক্ত হয়েছে সুষ্ঠু আদায় ব্যবস্থা। ২০০২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত হিসাব ধরলে নিগম ওই সময় পর্যন্ত সাত কোটি ঊনত্রিশ লক্ষ টাকা 'অপারেটিং' লাভ করেছে। আশা করা যায় যে নিগম ২০০২-২০০৩ সম্পূর্ণ আর্থিক বছরে আট কোটি সত্তর লক্ষ টাকা 'নগদ' বা 'অপারেটিং' লাভ করতে পারবে। এবং অলাভজনক সম্পত্তির হিসেব চুকিয়ে এবং অপ্রাপ্য ঋণগুলিকে বাদ দিয়ে নিগম পাঁচ কোটি টাকা নিট লাভ করবে। তাহলে দেখা যাচ্ছে ১৭ বছর পর নিগম এ বছরে নিট লাভ করবে।

২.৫ এই রাজ্যে শিল্পসৃষ্টির যে উন্নত বাতাবরণ তৈরি হয়েছে এবং রাজ্যের শিল্পনীতিতে তড়িৎ উন্নয়নের জন্য যেসব ক্ষেত্রগুলিতে জোর দেওয়ার কথা বলা হয়েছে সেইসব তথ্যাবলী আরও বেশি করে প্রকাশ করা ও ছড়িয়ে দেওয়ার উপর নিগম খুব জোর দিয়েছে। এই কথা মাথায় রেখেই নিগম ব্যাপক প্রচারের জন্য পত্রপত্রিকায় বিজ্ঞাপন মারফৎ এবং বিভিন্ন

অনুষ্ঠানে যেমন প্রদর্শনী, সেমিনার, আলোচনাসভা, 'রোড-শো' ইত্যাদিতে অংশগ্রহণ করে তা করার চেষ্টা করছে। এইবছর নিগম এইরকম যে যে অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে সেগুলি এইরকম—মেটাল, মিনারেলস্ অ্যান্ড মাইনস্-২০০২, ইন্ডিয়াকেম-২০০২, আই আই টি এফ-নিউ দিল্লি, আই টি এফ, কলকাতা, ইনফোকম ২০০২, হলদিয়া-উৎসব, ইন্ডাস্ট্রি মিট—শিলিগুড়ি, প্রবাসী ভারতীয় মিট, জেমস অ্যান্ড জুয়েলারী শো-মুম্বাই এবং ইন্ডিয়া ট্রেড একজিবিশন-মস্কো। 'বিল্ড অ্যান্ড ট্রান্সফার' এই ভিত্তিতে নিগম দুটি প্রকল্প নির্মাণ করছে। তার একটি হল 'মণিকাঞ্চন' বা 'জেমস্ ও জুয়েলারি পার্ক' এবং অপরটি 'টয় পার্ক'। প্রথমটিতে থাকবে রত্ন ও অলঙ্কার তৈরির সুযোগসুবিধা এবং দ্বিতীয়টিতে থাকবে খেলনা দ্রব্য, খেলাধূলার সামগ্রী, উপহার সামগ্রী এবং হস্তশিল্পের জিনিসপত্রের তৈরির ব্যবস্থা। দুটি প্রকল্প তৈরির কাজই শেষ হবার মুখে।

২.৬ পশ্চিমবঙ্গ বৈদ্যুতিন শিল্প উন্নয়ন নিগম বা ওয়েবেল রাজ্যে বৈদ্যুতিন শিল্পের উন্নয়নের ব্যাপারে মূল সংযোগকারী সংস্থা এবং তথ্যপ্রযুক্তি শিল্পের উন্নয়নের ক্ষেত্রে সহায়কসংস্থা হিসেবে কাজ করে। এই নিগম আগ্রহী শিল্পকে আভ্যন্তরীণ প্রকৌশল সরবরাহ করে এবং বিশ্বের খোলা বাজার থেকে ওইসব শিল্পে বিশেষজ্ঞের অভিজ্ঞতা সংগ্রহ করে।

২.৭ নির্ধারিত সময়ের আগেই ওয়েবেল তাদের দ্বিতীয় সফট্ওয়ার প্রযুক্তি পার্ক অত্যন্ত সাফল্যের সঙ্গে নির্মাণ করে ফেলেছে। এবং এই পার্কে বেশিরভাগই সিলিকন ভ্যালির কোম্পানিগুলি তাদের জায়গা করে নিয়েছে। গত দুই বছরে অনেকগুলি বড় তথ্যপ্রযুক্তি সংস্থা এই রাজ্যে এসেছে যেমন-উইপ্রো, সি.এম.সি., টি.সি.জি. স্কাইটেক সলিউসনস্ (ইউনাইটেড এয়ারলাইন্সের সঙ্গে যৌথ প্রচেষ্টা) প্রভৃতি। এদের মধ্যে অনেকেই তাদের কাজকর্ম শুরু করে দিয়েছেন এবং অনেকেই তাদের সংস্থা গড়ার কাজে অনেক দূর এগিয়ে গেছে। কগনাইজেন্ট টেকনোলজি সলিউসনস্ তাদের কাজের পরিধি বাড়িয়েছে। একইরকমভাবে ওয়েব ডেভেলপমেন্ট কোম্পানি এই রাজ্যে তাদের কাজকর্ম অনেক বাড়িয়েছে। প্রাইস ওয়াটার হাউস কুপার্স তাদের নিজেদের তৈরি বাড়িটি উদ্বোধন করেছে। এবং এই বাড়িটি একটি অত্যন্ত আধুনিক প্রযুক্তি ভবন বলে চিহ্নিত হয়েছে। ইনফিনিটি টাওয়ার-এক নম্বর বাড়িটি তৈরি হয়ে গেছে এবং সল্টলেকের ৫নং সেক্টারে এটি একটি অত্যন্ত উল্লেখযোগ্য বাড়ি। দূরবর্তী স্থান থেকে শিক্ষাব্যবস্থার প্রক্রিয়ার ক্ষেত্রে ওয়েবেল আই বি এমের সঙ্গে যৌথভাবে কাজ করছে। সিসকো কোম্পানির সঙ্গে যৌথভাবে ওয়েবেল বিশ্বশ্রেণির একটি রিজিওনাল নেটওয়ার্কিং অ্যাকাডেমি স্থাপন করেছে। এই নিগম পশ্চিমবঙ্গের ৩৪৫টি কলেজের যাবতীয় তথ্যাবলী নিয়ে উচ্চশিক্ষা দপ্তরের জন্য একটি ওয়েবসাইট তৈরি করে দিয়েছে। এই ওয়েবসাইটের মাধ্যমে ছাত্রেরা রাজ্যের সমস্ত গোল্ডেন জুবিলী কলেজের যাবতীয় তথ্য সংগ্রহ করতে পারবে।

২.৮ ওয়েবেলের অধীনস্থ কয়েকটি কোম্পানির আর্থিক অবস্থা ভালো নয়। ওই সংস্থাগুলিকে কিভাবে টিকিয়ে রাখা যায় সে ব্যাপারে রাজ্য সরকার চিন্তাভাবনা করছেন। এবং ওই কোম্পানিগুলি চালানোর জন্য যে খরচ সেটাকে কতটা স্বাভাবিক করা যায় তার

জন্য কার্যকরী ব্যবস্থা নেবেন। ই-গভর্নেন্স চালু করার ক্ষেত্রে রাজ্য সরকার সম্প্রতি কয়েকমাসে অনেকগুলি পদক্ষেপ গ্রহণ করেছেন। ই-গভর্নেন্স-এর অন্যতম একটি পদক্ষেপ হল যে প্রত্যেক বিভাগের কর্মচারীদের জন্য আলাদা আলাদা 'ডাটা বেস' প্রস্তুতির কাজে একটি সিস্টেমস্ রিকোয়ারমেন্ট স্পেসিফিকেশন তৈরি করার জন্য টাটা কন্সালটেন্সি সার্ভিসেসকে নিয়োগ করা হয়েছে। টাটা কনসালটেন্সি সার্ভিসেস উপরোক্ত এস. আর. এস. নথিপত্র জমা দিয়েছে এবং সেগুলি প্রয়োগের জন্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের বিচারাধীন রয়েছে। সরকারের কাজকর্মের সমস্ত তথ্যাবলী জানার জন্য প্রয়োজন অ্যাপ্লিকেশন সারভিস প্রোভাইডার। এবং এই প্রসঙ্গে স্বাস্থ্য, শিক্ষা, কর্মনিযুক্তি, ভূমি নথিভুক্তকরণ, কৃষি, বাণিজ্য এবং অন্যান্য প্রাপ্য সুবিধা সংক্রান্ত তথ্যাবলী উপরোক্ত অ্যাপ্লিকেশন সারভিস প্রোভাইডারের মাধ্যমে তৈরি করা হয়েছে এবং সেগুলি নির্দিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনও পেয়ে গেছে। এইচ পি কমপ্যাক-এর সঙ্গে যৌথ উদ্যোগে ওয়েবেল ভবনে একটি ই-গভর্নেন্স সেন্টার ফর এক্সেলেন্স স্থাপিত হয়েছে। কেন্দ্রীয় সরকারের তথ্যপ্রযুক্তি মন্ত্রকের সঙ্গে যৌথ উদ্যোগে কলকাতায় তৃতীয় 'আর্থ স্টেশন'টির নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে এবং এটি উদ্বোধনও হয়ে গেছে। কলকাতার ছয়টি হাসপাতালে সরকার থেকে জনসাধারণকে তথ্যাবলী জানানোর কর্মপ্রক্রিয়া শুরু হয়েছে। এর ফলে কলকাতার হাসপাতালগুলিতে বেড খালি থাকা সম্বন্ধে চটজলদি খবর জনসাধারণ জানতে পারবেন। রাজ্যের দশটি মিউনিসিপ্যালিটির মানচিত্রভিত্তিক সব খবরাখবর জনসাধারণ যাতে পেতে পারেন তার জন্য ওয়েবেল একটি বড় ধরনের 'জি. আই. এস' প্রকল্প চালু করেছে। এই 'জি. আই. এস'. প্রকল্পটি ব্যাপক তথ্যভিত্তিক এবং ভারতবর্ষের মধ্যে এক অনন্য বৈচিত্রবিশিষ্ট প্রকল্প। এই নিগম বিধাননগর মিউনিসিপ্যালিটির জন্য 'সিটিজেনস্ ওয়েবসাইট' স্থাপন করেছে। কলকাতা পুলিশের লালবাজার সদর দপ্তরে ব্যাপকভাবে নেট ওয়ার্কিং এবং কম্পিউটার বসানোর ব্যবস্থা করা হয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশের ক্ষেত্রে বিধাননগরের সমস্ত থানাগুলিকে এপ্রিল ২০০২ থেকে একটি নেট ওয়ার্কের মধ্যে আনা হয়েছে।

২.৯ ওয়েবেল এবং পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম একযোগে প্রত্যেকে ৫ কোটি টাকা বিনিয়োগ করে মোট ১০ কোটি টাকার একটি যৌথ মূলধনী তহবিল গঠন করেছেন। এ ব্যাপারে প্রায় ১০০টির মতো প্রস্তাবে মূল্যানুমান করা হয়েছে এবং ইতোমধ্যেই তিনটি সংস্থার বিনিয়োগ করা হয়েছে। ওয়েবেল একটি ইনকিউবেশন সেন্টার গড়ে তুলেছে যেখানে অপরিণত অভিপ্রায়গুলিকে পরিণত প্রকল্পে বাস্তবায়িত করা হয়। এদের মধ্যে টিকে থাকতে সক্ষম এরকম দুটি ধারণাকে প্রকল্পে রূপায়িত করা গেছে এবং সেখানে ওই যৌথ মূলধনী তহবিল থেকে লগ্নী করা হয়েছে।

২.১০ ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম রাজ্যে শিল্প পরিকাঠামো ব্যবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। এই নিগম রাজ্যের বিভিন্ন স্থানে শিল্প বিকাশ কেন্দ্র স্থাপনের মাধ্যমে শিল্পস্থাপনের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো গড়ে তুলেছে। বর্তমানের ১২টি বিকাশকেন্দ্র ছাড়াও আরও ছয়টি

শিল্প বিকাশ কেন্দ্র তৈরির কাজ জোড় গতিতে এগিয়ে চলেছে। শিল্পোপোযোগী জমির চাহিদা বৃদ্ধি পাওয়ার জন্য হলদিয়া, উলুবেড়িয়া এবং ফলতায় এখনকার শিল্পবিকাশ কেন্দ্রগুলির পরিসীমা বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। দফায় দফায় জমির স্বত্ত্বও পাওয়া গেছে। হলদিয়াতে একটি পলিপার্ক তৈরির কাজ শুরু হয়েছে এবং এ ব্যাপারে যথেষ্ট অগ্রগতিও হয়েছে। হলদিয়া পেট্রোকেমিকেলসের অনুসারী শিল্পের প্রয়োজনীয় জমির চাহিদা মেটানোর জন্যই এই পলিপার্কটি তৈরি করা হচ্ছে। ফলতায় এবং উলুবেড়িয়ায় প্রয়োজনীয় জমি উন্নয়নের কাজ এই বছরের শেষের দিকে শুরু করা যাবে বলে আশা করা যায়। এই তিনটি শিল্প বিকাশ কেন্দ্র ছাড়া নিগম জলপাইগুড়ি, মালদহ এবং বোলপুরে আরও তিনটি বৃহৎ শিল্প বিকাশ কেন্দ্র গড়ে তোলার কাজ শুরু করার পথে। মালদহে ১৬৪ একর জমির উন্নয়নের কাজ শেষ হয়েছে এবং যে ১৪০ একর জমি বণ্টন করা যাবে তার মধ্যে ইতোমধ্যেই ১২০ একর জমি ৪০টি ইউনিটের মধ্যে বণ্টন করা হয়েছে। রাজ্যে যে শিল্প বিকাশ কেন্দ্রগুলি রয়েছে সেখানে মোট বণ্টনযোগ্য জমির পরিমাণ ১৫১৬ একর। তার মধ্যে ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত ৩১৬টি ইউনিটের মধ্যে ১৩০২ একর জমি বণ্টন করা হয়েছে। বর্তমানে নিগম মেদিনীপুরে একটি মেডিক্যাল কলেজ, সাঁইথিয়াতে একটি কমিউনিটি হল এবং শিউড়িতে একটি ক্রীড়াকেন্দ্র, জলপাইগুড়ির ফালাকাটায় একটি পলিটেকনিক কলেজ, বাঁকুড়ায় এবং পুরুলিয়ায় বিদ্যালয় আবাসিক ভবন এবং মেদিনীপুরে একটি জেলা পরিকল্পনা কেন্দ্র ভবন নির্মাণের বরাত পেয়েছে। বিদ্যালয় আবাসিক ভবন ছাড়া আর সব ভবনের নির্মাণকার্যই প্রায় সমাপ্তির মুখে।

২.১১ বৃহত্তর কলকাতা গ্যাস সরবরাহ নিগম লিমিটেড একটি প্রাচীন সংস্থা। ভূতলস্থিত পাইপলাইনের মাধ্যমে পরিবেশ অনুকূল কোল গ্যাস সরবরাহ ব্যবসায়ে এই সংস্থাটি নিযুক্ত। এই নিগমের কাজই হল পাইপের মাধ্যমে গ্যাস পরিবহন করে তা গ্রাহকদের বিতরণ করা। যদিও এই নিগমের বর্তমান সরবরাহ পরিকাঠামোর মাধ্যমে প্রত্যহ ৩ কোটি ঘন ফুট গ্যাস সরবরাহ করা যায়, সেখানে ডানকুনি কোল কমপ্লেক্স থেকে প্রতিদিন মাত্র ৪০ থেকে ৫০ লক্ষ ঘনফুট গ্যাস পাওয়া যায় সরবরাহের জন্য এবং ডিপিএল থেকে কোনও গ্যাসই পাওয়া যায় না। সে যাই হোক ২০০২-২০০৩ আর্থিক বছরে নিগম গ্যাস বিক্রি করে ৪১৩.৭০৮ লক্ষ এবং অন্য কাজকর্মের মাধ্যমে ১৩৫.৭৫৬ লক্ষ টাকা রাজস্ব আয় করবে বলে আশা করা হচ্ছে। নিগম বেশকিছু উন্নয়নমূলক কাজ হাতে নিয়েছে যেমন :

(ক) জাতীয় মহাসড়ক নং ২ এবং পি.ডব্লিউ.ডি রাস্তায় ৩০০ মিলিমিটার ব্যাস বিশিষ্ট গ্যাস সরবরাহ করার জন্য পাইপ লাইন বসানোর কাজ—লক্ষ্যমাত্রা যদিও ছিল ৬.২ কি.মি. কিন্তু ৪.৫ কি.মি. পাইপ লাইন বসানো হয়েছে,

(খ) জাতীয় মহাসড়ক ২ এবং জাতীয় মহাসড়ক ৬-এর সংযোগস্থলে ১২ ইঞ্চি ব্যাসবিশিষ্ট পাইপ লাইন নতুন করে বসানোর কাজ চলছে,

(গ) রাজাবাজারে ২নং গ্যাস হোল্ডারের মেরামতির কাজ এগিয়ে চলেছে।

বিকল্প গ্যাস সরবরাহ সুনিশ্চিত করা এবং ক্রেতাসংখ্যা বৃদ্ধি করা—এই দুটি কাজই এখন নিগমের কাছে সবচেয়ে বড় হয়ে দেখা দিয়েছে। যদি নিম্নলিখিত উৎসগুলি থেকে গ্যাস পাওয়া যায় তবে নিগমের পুনরুজ্জীবন এবং ঘুরে দাঁড়ানোর পথ প্রশস্ত হবে :

১। আসানসোল রানিগঞ্জ অঞ্চলের কোল বেড মিথেন গ্যাস,

২। দেশের অভ্যন্তর থেকে পাওয়া প্রাকৃতিক গ্যাস,

৩। বাংলাদেশ থেকে আমদানী করা প্রাকৃতিক গ্যাস এবং

৪। এল.এন.জি টারমিনালের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস।

এই পরিপ্রেক্ষিতে আনন্দের সাথে উল্লেখ করা যেতে পারে যে, রাজ্যে গ্যাসের বাজারের বৃদ্ধির উদ্দেশ্যে গ্যাস অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড এই নিগমকে সাথে নিয়ে একসঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করেছে।

২.১২ পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন ও বাণিজ্য নিগম পুরুলিয়া, বীরভূম ও বাঁকুড়া জেলায় রক ফসফেট পাথুরে দ্রব্য, গ্রানাইট পাথর, চীনা মাটি এবং স্ফটিকের উপর নিগমের চালু প্রকল্পগুলির কাজ অব্যাহত রেখেছে। রক ফসফেট ক্ষেত্রে নিগম ৩১.১২.২০০২ পর্যন্ত ৬,০০০ মেট্রিক টন খনিজ ফসফেট উত্তোলন ও বিক্রয় করতে সমর্থ হয়েছে। মেসার্স ইন্ডিয়া পটাস লিঃ-এর মাধ্যমে বছরে ১২,০০০ মেট্রিক টন খনিজ ফসফেট সার বিক্রয়ের ব্যবস্থা হয়েছে। পাথুরে দ্রব্য বিক্রির ব্যাপারে নিগম নিজস্ব কার্যপরিধির বাইরে মালয়েশিয়ার একটি সংস্থার সাথে ৬ লক্ষ টন পাথুরে দ্রব্য উত্তোলন এবং তাদের জাতীয় সড়ক ৬ প্রশস্তকরণ প্রকল্পে ব্যবহারের জন্য বিক্রয়ের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মোট ৩৫,০০০ ঘন মিটার পাথরের চাঙ গঙ্গার ভাঙন রোধের কাজের জন্য সরবরাহ করা হয়েছে। নিগম তার গ্রানাইট ক্ষেত্রে অসমান গ্রানাইটের চাঙ উত্তোলন ও তার থেকে পালিশ করা টালির প্রক্রিয়াকরণের কাজে ব্যাপৃত আছে। নিগম নিজের বামনিশালা প্রক্রিয়াকরণ ইউনিটে আধা স্বয়ংক্রিয় পালিশ করার যন্ত্র বসাতে যাচ্ছে যার ফলে পালিশ করা গ্রানাইট টালির উৎপাদন ৪০ হাজার বর্গফুটে উন্নীত করা সম্ভব হবে। উপরন্তু অসমান গ্রানাইটের চাঙ বিদেশে রপ্তানীর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্ফটিক বিভাগে নিগম চুক্তিতে খনন প্রক্রিয়ার মাধ্যমে পরিষ্কৃত ও অপরিষ্কৃত বিভিন্ন ধরনের স্ফটিক উৎপাদনে নিজেদের নিয়োজিত রেখেছে। সমস্ত চালু প্রকল্পগুলো ছাড়াও নিগম রাজ্যে কয়লা উত্তোলনের ক্ষেত্রে প্রবেশ করার সিদ্ধান্ত নিয়েছে। ই.সি. এলের নিজস্ব এলাকার বাইরে নিগম পুরুলিয়া, বাঁকুড়া ও বীরভূম জেলার মাটির নীচে কয়লা আছে এমন দশটি অঞ্চল নির্দিষ্ট করেছে।

২.১৩ পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যাল ও ফাইটোকেমিক্যাল উন্নয়ন নিগম ভেষজ দ্রব্য প্রস্তুতকরণ এবং শুদ্ধ রাসায়নিক শিল্পের উন্নয়নের সুবিধাকল্পে ১৯৭৪ সালে স্থাপিত হয়। নিগম তার কার্যকলাপ প্রসারের জন্য ঔষধ ও ঔষধ উৎপাদনে ব্যবহৃত উপাদান, গৃহস্থালীর উপযুক্ত ভেষজ বস্তু, এবং উদ্ভিদের বৃদ্ধি সহায়ক দ্রব্যাদি ও আয়ুর্বেদিক ঔষধ তৈরি করার কাজ শুরু করেছে। একজন অভিজ্ঞ 'হু' বিশেষজ্ঞের অধীনে এই নিগম ঔষধ পরীক্ষাগার এবং

দূষণ পরীক্ষাগার গড়ে তুলেছে। নিগমের তিনটি উৎপাদনকেন্দ্র আছে, তার একটি জলপাইগুড়িতে, একটি কল্যাণীতে এবং তৃতীয়টি বেহালায় অবস্থিত। নিগম তার কার্যকলাপ প্রসারের জন্য কল্যাণীতে আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুত করার জন্য একটি উৎপাদন কেন্দ্র স্থাপন করার ব্যবস্থা নিচ্ছে। নিগমের বর্তমান দ্রব্যগুলি ইনস্টিটিউট অব পোস্ট গ্রাজুয়েট আয়ুর্বেদিক এডুকেশন অ্যান্ড রিসার্চ এবং বর্ধমান মেডিক্যাল কলেজে নিদানিক পরীক্ষা করে দেখা হচ্ছে। কৃষি বিভাগ কর্তৃক গাছের জন্য অনুমোদিত ভিন্নমানের দুইপ্রকার পুষ্টিকারক খাদ্য দানার আকারে বাজারে শীঘ্রই ছাড়া হবে। দুষ্প্রাপ্য ভেষজ উদ্ভিদ সংরক্ষণ ও বাণিজ্যিক উৎপাদনের জন্য কল্যাণী ও জলপাইগুড়িতে দুটি ভেষজ উদ্ভিদ খামার গড়ে তোলা হয়েছে।

২.১৪ বন্ধ ও পরিত্যক্ত চা বাগিচাগুলি পুনরুজ্জীবনের জন্য এবং সেই সঙ্গে স্থানীয় শ্রমিকদের জীবিকা রক্ষার উদ্দেশ্যে ১৯৭৬ সালে পশ্চিমবঙ্গ চা নিগম স্থাপিত হয়। বর্তমানে নিগমের পরিচালনাধীনে রয়েছে ছয়টি চা বাগান। এরমধ্যে তিনটি পাবর্ত্য এলাকায় নিজস্ব স্বত্বাধীনে বা ইজারা ভিত্তিক। ডুয়ার্সের দুটি ইজারা ভিত্তিক এবং আর একটি অধিগ্রাহক হিসেবে। নিগম সুসংহতভাবে তার বাৎসরিক উন্নয়ন অনুক্রম প্রস্তুত করছে। চায়ের উৎপাদনশীলতা ও প্রস্তুত চা-এর গুণগত মান উন্নত করে সকল বাগানের সার্বিক উন্নয়নের প্রচেষ্টা অক্ষুণ্ণ রেখেছে। যেসব সুসংহত পদক্ষেপ নেওয়া হয়েছে সেগুলিতে উৎসাহজনক ফল পাওয়া যাচ্ছে। বিগত বছরের তুলনায় এই বছরে সবকটি বাগানেই সবুজ পাতা এবং প্রস্তুত চা-এর উৎপাদন বৃদ্ধি পেয়েছে। ঘরোয়া বাজারে চাহিদার যদিও মন্দাভাব এবং দামও ভীষণভাবে কমে গেছে তবুও নিগম ডুয়ার্সের সোনালী চা বাগান থেকে কিছু লাভ করেছে।

৩

৩.১ শিল্পক্ষেত্রে অগ্রগতি সার্বিকভাবে পশ্চিমবঙ্গের শক্তি বৃদ্ধি করেছে। রাজ্যের ভৌগোলিক অবস্থানগত সুবিধা, শিল্পগঠনে সাহায্য করার জন্য উন্নত পরিকাঠামো তৈরিতে সরকারের বিশেষ দৃষ্টি এবং প্রাণবন্ত গতিময় সামাজিক কাঠামো এ রাজ্যকে শিল্পক্ষেত্রে এক অগ্রগণ্য স্থানে পৌঁছে দিয়েছে। সরকারের আন্তরিক প্রচেষ্টা বৃহৎ শিল্পপতি ও সেইসঙ্গে অন্যান্য আগ্রহী বিনিয়োগকারীদের পশ্চিমবঙ্গে বিনিয়োগের জন্য আকৃষ্ট করেছে। প্রকৃত অথবা উপলব্ধ যে কোনও প্রতিকূলতাই হোক না কেন, তা নিরসনে রাজ্য সরকার সদা সচেষ্ট। এবং রাজ্যের শিল্পবিকাশের ধারাকে অব্যাহত রাখতে রাজ্য সরকার কৃতসংকল্প।

৩.২ মহাশয়, শুধু বিভাগীয় কাজকর্ম পরিচালনাই নয়, কাজের গুণগত উৎকর্ষ বৃদ্ধি করার ক্ষেত্রেও বিধানসভার যে সব মাননীয় সদস্য এবং বিভিন্ন কমিটি প্রয়োজনীয় পথনির্দেশ, উপদেশ ও পরামর্শ দিয়েছেন তাদের গভীর কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। আমি নিশ্চিত যে আগামী দিনেও আপনাদের সকলের ঐকান্তিক সহযোগিতা পাব।

DEMAND No. 10

Major Heads : 2052—Secretariat—General Services, 3456—Civil Supplies and 3475—Other General Economic Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,40,62,000 be granted for expenditure under Demand No. 10, Major Heads : "2052—Secretariat—General Services, 3456—Civil Supplies and 3475—Other General Economic Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 5,80,21,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১০নং অভিযাচনের অধীন মুখ্যখাত ৩৪৭৫, ৩৪৫৬ এবং ২০৫২-তে উপভোক্তা বিষয়ক দপ্তরের পক্ষে ২০০৩-২০০৪ সালের ব্যয় নির্বাহের জন্য মোট ১৭,৪০,৬২,০০০.০০ (সতেরো কোটি চল্লিশ লক্ষ বাষট্টি হাজার) টাকা মঞ্জুর করা হোক।

২। উপভোক্তা বিষয়ক দপ্তরের প্রধান উদ্দেশ্য উপভোক্তাদের স্বার্থরক্ষা করা এবং তাঁদের অভাব-অভিযোগগুলি দূর করা। উপভোক্তাদের স্বার্থ এবং কল্যাণের প্রতি দৃষ্টি রাখার জন্য একটি পৃথক দপ্তর সৃষ্টি করে সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ পথ নির্দেশকের কাজ করেছে।

৩। উপভোক্তা সুরক্ষা আইন ১৯৮৬-র ব্যবস্থাদি অনুসারে উপভোক্তাদের অভিযোগ দূর করার ব্যবস্থা করাই এই বিভাগের প্রধান উদ্দেশ্য। সেই লক্ষ্যে সরকার ইতিমধ্যেই কলকাতায় একটি রাজ্য কমিশন এবং প্রত্যেক জেলায় জেলা-ফোরাম গঠন করেছেন। বর্তমানে কলকাতায় এবং দার্জিলিং জেলায় দুটি করে পূর্ণ সময়ের জেলা-ফোরাম চালু হয়েছে। জলপাইগুড়ি জেলা-ফোরাম-এর একটি সার্কিট বেঞ্চ আলিপুরদুয়ারে স্থাপিত হয়েছে।

বাঁকুড়া এবং দক্ষিণ দিনাজপুর জেলায় আংশিক সময়ের জন্য নিযুক্ত ফোরাম দুটি বর্তমানে পূর্ণ সময়ের ফোরাম হিসাবে কাজ করছে এবং শিলিগুড়ির সার্কিট বেঞ্চটিও পূর্ণ সময়ের ফোরামে পরিবর্তিত হয়েছে। এই দপ্তরের প্রস্তাব আছে আরও ২টি নতুন জেলা-ফোরাম গঠন করার—১টি নবগঠিত পূর্ব মেদিনীপুর জেলার জন্য এবং অপরটি কলকাতার জন্য একটি অতিরিক্ত ফোরাম। দুর্গাপুরে একটি সার্কিট বেঞ্চ স্থাপনের বিষয়টিও বিচার করে দেখা হচ্ছে।

রাজ্য কমিশনসহ সবকটি ফোরামে এ পর্যন্ত ৫৬,৭৯৭টি মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে ৫০,৭৩৮টি মামলার নিষ্পত্তি হয়েছে এবং ফেব্রুয়ারি ২০০৩ পর্যন্ত ৬,০৫৯টি অমীমাংসিত রয়েছে। নিষ্পত্তি হওয়া মামলাগুলির মধ্যে ১০,৭২২টির নিষ্পত্তি হয়েছে ৯০ দিনের মধ্যে এবং ১৪,৩৮৭টি মামলার নিষ্পত্তি হয়েছে ১৫০ দিনের মধ্যে। বাকি মামলাগুলির নিষ্পত্তি হয়েছে ১৫০ দিনের বেশি সময়ে।

৪। রাজ্য কমিশন এবং জেলা ফোরামগুলির কাজকর্ম সুসংবদ্ধ করার জন্য সবকটি ফোরামকে যুক্ত করে একটি কম্পিউটার নেটওয়ার্ক চালু করা হয়েছে।

৫। জুলাই ২০০১ থেকে এই দপ্তরের নিজস্ব ওয়েবসাইট (http : //Kolkata wb.nic.in/consumers, email address : cad wb @ vsnl. net) চালু হয়েছে। এর দ্বারা উপভোক্তাদের অভিযোগগুলির আরও দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হবে। এ বছরে আমরা যে ২১৮টি অভিযোগ সরাসরি পেয়েছিলাম তার মধ্যে ১০০টির বেশি নিষ্পত্তি করা হয়েছে এবং ১২টির নিষ্পত্তির জন্য উপভোক্তা ফোরামের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। এছাড়া আমরা সংবাদপত্রের মাধ্যমে ১১২টি অভিযোগ পেয়েছিলাম। প্রতিটি অভিযোগ তদন্ত করে দেখা হচ্ছে। তার মধ্যে ৫টির নিষ্পত্তি করা হয়েছে।

৬। উপভোক্তাদের একই জানালা থেকে সবরকমের সাহায্য দেওয়ার লক্ষ্যে প্রতিটি জেলায় এই দপ্তরের ৩টি শাখাকে যতদূর সম্ভব একই গৃহে স্থাপন করা হচ্ছে। তার ফলে উপভোক্তাগণ এই দপ্তরের অন্তর্গত সহ-নিয়ামক, বৈধ পরিমাপ সংস্থা, সহ-অধিকর্তা, কনজিউমার্স অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাকটিসে এবং জেলা-ফোরামের পরিষেবা একই জায়গায় পেতে সক্ষম হবেন এবং উপরোক্ত তিন আধিকারিক পরস্পরের মধ্যে সহযোগিতার মাধ্যমে উপভোক্তাদের আরও ভাল পরিষেবা দিতে পারবেন। এখনও পর্যন্ত এই সংযুক্তির কাজ ১৩টি জেলায় সম্পন্ন হয়েছে। বাকি জেলাগুলির কাজ এই বছরই সম্পন্ন হবে।

৭। এই দপ্তরের অন্তর্গত 'বৈধ পরিমাপ সংস্থাটি' বর্তমানে একটি পূর্ণ অধিকার হিসাবে কাজ করছে। এই অধিকারের প্রধান কাজ হল, সঠিক ওজন ও পরিমাপ নিশ্চিত করা এবং উপভোক্তারা যাতে প্রতারিত না হন তা দেখা। তাছাড়া বিশ্বব্যাপী মুক্ত অর্থনীতির ফলে মোড়কে আমদানি করা সমস্ত পণ্যের পরীক্ষা ও আইনসঙ্গত ঘোষণার যথার্থতা নিরূপণ করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে।

বৈধ পরিমাপ অধিকার ২০০২-২০০৩ আর্থিক বছরে ৩.৮৫ কোটি টাকার ট্যাক্স-বহির্ভূত রাজস্ব আদায় করেছে (২০০৩-এর ফেব্রুয়ারি মাস পর্যন্ত)। গত ২০০২-এর ফেব্রুয়ারি মাস পর্যন্ত আদায় করা রাজস্ব অপেক্ষা এ বছরে ৫২.০০ লক্ষ টাকা বেশি আদায় হয়েছে। ২০০২-২০০৩ বছরে ২,৯৫,৩১০ জন ব্যবসায়ীর ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছে, ৭৫৩টি কম্পাউন্ডিং সংক্রান্ত ব্যাপার থেকে ১৯.৯৬ লক্ষ টাকা 'ফি' বাবদ আদায় হয়েছে এবং ৩,৮২৭টি ক্ষেত্রে আটক আইন প্রয়োগ করা হয়েছে।

উপযুক্তভাবে রাজস্ব আদায় সংক্রান্ত হিসাব সংরক্ষণের জন্য ও দ্রুত তথ্য আদান-প্রদানের জন্য এই অধিকারে একটি অ্যাকাউন্টিং সফট্ওয়্যার তৈরি করেছে এন আই সি এবং এ ব্যাপারে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

এই অধিকারে শূন্য থাকা ২৫টি ইন্সপেক্টর ও ৩টি সহকারী নিয়ামক পদের মধ্যে এই বছরে ১২টি ইন্সপেক্টরের পদ পূর্ণ করা হয়েছে। বাকি পদগুলিও শীঘ্র পূর্ণ হওয়া প্রয়োজন।

বৈধ পরিমাপ অধিকার সংক্রান্ত একটি নির্দেশিকা প্রকাশ করা হবে শীঘ্রই, যার দ্বারা এই অধিকারের সমস্ত কর্মচারী তাঁদের দায়িত্ব সম্পর্কে সঠিক নির্দেশ পাবেন।

ট্যাক্স-বহির্ভূত রাজস্ব আদায় বৃদ্ধি করার লক্ষ্যে ওজন ও পরিমাপ যন্ত্রগুলির পরীক্ষা এবং ছাপ দেওয়ার ওপর নির্দিষ্ট মূল্যগুলি বাড়াবার প্রস্তাব নেওয়া হয়েছে। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে তাদের সম্মতি নেওয়া হবে। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে অন্যান্য রাজ্য সরকারগুলির মতামত জানতে চেয়েছেন।

উপভোক্তাদের মধ্যে সচেতনতা সৃষ্টি করার জন্য বিভিন্ন স্থানীয় সংস্থা, ব্যবসায়ী সংগঠন এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলির সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে। সেই উদ্দেশ্যে ২০০২-২০০৩ সালে বিভিন্ন পর্যায়ে ৪,৫১৩টি সভা করা হয়েছে। তার মধ্যে ১,৮২৭টি সভা হয়েছে পঞ্চায়েত সংস্থাগুলির সঙ্গে, ১৩৫টি হয়েছে ব্যবসায়ী সংগঠনগুলির সঙ্গে, ৯৮টি হয়েছে বাজার সমিতিও ১৬৬টি পুরসভাগুলির সঙ্গে এবং ২,৩৩৭টি সভা হয়েছে বিভিন্ন স্কুল-কলেজ প্রভৃতিতে।

আরও বেশি সংখ্যক ব্যবসায়ীদের কাছে পৌঁছানোর জন্য একটি ভৌগোলিক তথ্যপঞ্জী তৈরি করার প্রস্তাব নেওয়া হয়েছে। এর মাধ্যমে এই রাজ্যের সমস্ত বাজারগুলির অবস্থান, বিক্রীত দ্রব্যগুলির বর্ণনা, প্রতিটি বাজারের রাজস্ব আদায়ের পরিমাণ সবকিছুই জানা যাবে। এখনও পর্যন্ত ৪,২৫৩টি বাজারের নাম নথিভুক্ত করা হয়েছে। এই কাজ শীঘ্রই শেষ হবে। তারপর কাজের পরিমাণ এবং বাজারগুলির ভৌগোলিক অবস্থান বিচার করে ইন্সপেক্টরদের কাজের পরিধি পুনর্বিন্যাস করা হবে।

এই দপ্তর কলকাতার কাঁকুড়গাছিতে অবস্থিত কেন্দ্রীয় ল্যাবরেটরির আধুনিকীকরণ করছে। এই উদ্দেশ্যে ডিজিট্যাল ব্যালান্স প্রভৃতি আধুনিক যন্ত্রাদি কেনা হয়েছে। এই কেন্দ্রীয় ল্যাবরেটরি বর্তমানে যেসব কাজ করে থাকে সেগুলি হল :

(ক) বাটখারা ও দাঁড়িপাল্লার মান এবং ধারণক্ষমতা ও দৈর্ঘ্য সংক্রান্ত পরিমাপ যন্ত্রের সময়ভিত্তিক পরীক্ষা।

(খ) ওজন, মাপ এবং তৎসংক্রান্ত যন্ত্রাদির নমুনা পরীক্ষা ও অনুমোদন।

(গ) বিভিন্ন ওজন ও পরিমাপ সংক্রান্ত যন্ত্রাদির কার্যকারিতার পরীক্ষা।

(ঘ) নতুন ইন্সপেক্টরদের ৬ সপ্তাহের জন্য প্রশিক্ষণ ও ব্যবহারিক শিক্ষাদান।

৮। এই দপ্তর তার ওপর ন্যস্ত দায়িত্ব সম্পর্কে সম্পূর্ণ সচেতন, বিশেষ করে অসংগঠিত বহু লক্ষ গ্রামীণ উপভোক্তাদের ব্যাপারে, কারণ তারা আইনে বর্ণিত তাদের অধিকার সম্পর্কে প্রায় আদৌ অবহিত নয়। সেই সঙ্গে ব্যবসায়ী মহলকেও এই মূল্যবোধে উদ্বুদ্ধ করতে হবে যে উপভোক্তাদের অবস্থান বস্তুত সর্বশক্তিমানের। এই লক্ষ্যে পৌঁছানোর জন্য এই দপ্তরের অধীনে 'ডাইরেক্টরেট অফ কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাকটিসেস্' নামে একটি নতুন অধিকার গঠন করা হয়েছে। এই অধিকারের অধীনে ২৫টি আঞ্চলিক অফিস এবং ৩টি আঞ্চলিক কেন্দ্র স্থাপন করে প্রতিটি জেলা এবং প্রধান প্রধান মহকুমাগুলিতে উপভোক্তা সচেতনতার কাজ পরিচালনা করা হচ্ছে। এই কাজে জেলা ও পঞ্চায়েত স্তরের কর্মীরা, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী সংস্থা এবং ব্যবসায়ী সংগঠনগুলি সহযোগিতা করছেন।

উপভোক্তা-শিক্ষা এই দপ্তরের গুরুত্বপূর্ণ কার্যধারার মধ্যে অন্যতম। এর জন্য প্রয়োজন গণ আন্দোলনের। এ জন্যই উপভোক্তাদের অবশ্যই জানা প্রয়োজন কি তাদের অধিকার এবং কি তাদের দায়িত্ব। সেই সঙ্গে ব্যবসায়ীদেরও বোঝানো দরকার সঠিক ব্যবসায়িক পদ্ধতিটি কি, যাতে তারাও উপভোক্তাদের প্রতি তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন হয়। তাদেরও বোঝা প্রয়োজন যে ক্রেতা সন্তুষ্টিই যে কোনও ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাফল্যের চাবিকাঠি এবং প্রত্যেক বিক্রেতা নিজেও একজন ক্রেতাই।

উপভোক্তাদের শিক্ষাদান এবং তাদের মধ্যে সচেতনতা উদ্রেকের লক্ষ্যে এই দপ্তর প্রবন্ধ রচনা, নাটক, সংগীত, ছড়া, শ্লোগান ও অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেছিল। সেখানে স্কুল ও কলেজের ছেলেমেয়েরা এবং অন্যান্যরা অংশ নেয়। জেলাগুলির থেকে পাঁচ শতাধিক ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে এবং তাদের মধ্যে প্রভূত উৎসাহ লক্ষ্য করা গেছে। সেরা রচনাগুলির জন্য স্কুল ও কলেজ উভয় ছাত্রদেরই পুরস্কৃত করা হয়েছে। গত ২৪ ডিসেম্বর, ২০০২ তারিখে 'জাতীয় উপভোক্তা দিবসে' সেরা স্বেচ্ছাসেবী উপভোক্তা সংগঠনকে 'নেতাজী পুরস্কারে' সম্মানিত করা হয়েছে। গত ১৫ মার্চ, ২০০৩ তারিখে 'বিশ্ব উপভোক্তা দিবস' উপযুক্ত মর্যাদায় পালিত হয়েছে। ২০০৩-২০০৪ সালেও এই দপ্তর বিভিন্ন সচেতনতা-মূলক কার্যসূচি গ্রহণ করবে যাতে বিভিন্ন স্কুল-কলেজ, যুব সংগঠন, স্বয়ংসেবী সংস্থা, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, উপভোক্তা সংগঠন ও সাধারণ মানুষ যোগদান করবে।

'উপভোক্তা সুরক্ষা মেলা' সারা দেশের মধ্যে প্রথম এই দপ্তর সংগঠিত করেছিল কলকাতায় গত বছর ২ এপ্রিল থেকে ২০ এপ্রিল। এই বছর সমবায় দপ্তর ও উপভোক্তা বিষয়ক দপ্তরের যৌথ পরিচালনায় 'সমবায় ও উপভোক্তা সুরক্ষা মেলা, ২০০৩' অনুষ্ঠিত হয়েছে গত ৭ ফেব্রুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি। গত বছর ২০০২ সালের মেলায় উপস্থিতির সংখ্যা ছিল প্রায় ৫৪,০০০ এবং এ বছর প্রায় ৫২,০০০ জন মানুষ মেলায় উপস্থিত হয়েছিলেন। রাজ্য উপভোক্তা সুরক্ষা পর্ষদ 'উপভোক্তা সুরক্ষা আইন' ১৯৮৬ অনুসারে গঠিত হয়েছে। গত ডিসেম্বর ২০০২ এবং ফেব্রুয়ারি ২০০৩-এর সভায় পর্ষদের সভ্যগণ ২০০২-২০০৩ সালের জন্য দপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে এবং স্মরণীয় দিনগুলির উদ্‌যাপন বিষয়ে আলোচনা করেছেন।

এই দপ্তর উপভোক্তা বিষয়ে একটি সাময়িক সংবাদপত্র প্রকাশ করতে মনস্থ করেছে। এর দ্বারা উপভোক্তাদের কাছে তাদের অধিকার সুরক্ষার ব্যাপারে তথ্যাদি পৌঁছে দেওয়া যাবে এবং তাদের সচেতনতারও বিকাশ ঘটবে।

৯। কেন্দ্রীয় সরকারের উপভোক্তা উন্নয়ন তহবিল থেকে প্রাপ্ত আর্থিক সহায়তায় ৩টি জেলা উপভোক্তা তথ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে—কলকাতা, নদীয়া ও হুগলি জেলায়। এগুলির লক্ষ্য হবে উপভোক্তা ও ব্যবসায়ীদের মধ্যে শিক্ষা ও তথ্যাদি সরবরাহের উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলা। দুর্গাপুর, বহরমপুর এবং জলপাইগুড়িতে স্বেচ্ছাসেবী উপভোক্তা সংগঠনগুলিকে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণের জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে। অন্যান্য জেলাতেও অনুরূপ কেন্দ্র গড়ে তোলার জন্য প্রস্তাব পাঠানো হয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে। বিব্রত উপভোক্তাদের সাহায্যের জন্য ও আইনের স্বীকৃত অধিকার নিশ্চিত করার জন্য এই দপ্তর থেকে বিভিন্ন ব্যবস্থা নেওয়া হচ্ছে।

১০। এই দপ্তরের লক্ষ্য আছে একটি 'জাতীয় উপভোক্তা শিক্ষা প্রতিষ্ঠান' স্থাপন করার। এর উদ্দেশ্য হবে, সমস্ত স্বেচ্ছাসেবী উপভোক্তা সংগঠনগুলির কর্মীদের মধ্যে উপভোক্তা বিষয়ক শিক্ষার প্রসার ঘটানো। কেন্দ্রীয় সরকার এই প্রতিষ্ঠানের নামের সঙ্গে 'জাতীয়' শব্দটি ব্যবহার করার অনুমতি দিয়েছেন। এ ব্যাপারে প্রয়োজনীয় জমি নির্দিষ্ট করা হয়েছে এবং ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরে প্রস্তাব দেওয়া হয়েছে ওই জমিটি এই দপ্তরের অনুকূলে প্রদানের জন্য।

১১। কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় 'জাগৃতি শিবির যোজনা' কার্যক্রমটি পুরুলিয়া, কোচবিহার, দক্ষিণ ২৪-পরগনা ও হুগলি জেলায় চালু করা হয়েছে। এর লক্ষ্য হল, দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনসাধারণকে সরকার পরিচালিত দারিদ্র্য দূরীকরণ সংক্রান্ত কার্যাবলীর বিষয়ে অবহিত করা। আরও ৮টি জেলাকে এই কার্যক্রমে সামিল করার জন্য প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে।

১২। ১৯৯০-এর দশক থেকে ভারতীয় অর্থনীতিতে একটি গুরুতর পরিবর্তন এসেছে। ভারতীয় অর্থনীতির বিশ্বায়ন বিদেশি সংস্থার সরাসরি অর্থ বিনিয়োগের পথ প্রশস্ত করে দিয়েছে এবং এই সূত্রে ঢুকে পড়েছে বহুজাতিক সংস্থাগুলি। তাছাড়া, শিল্পের লাইসেন্স প্রথা বাতিল হওয়ায় এবং শিল্পনীতির উদারীকরণের ফলে সেইসব ক্ষেত্রেও শিল্পোদ্যোগীদের প্রবেশ ঘটেছে যা এতকাল সরকারি উদ্যোগের জন্য সংরক্ষিত ছিল।

উপভোক্তা স্বার্থের ওপর এই নতুন আর্থিক নীতির সুদূরপ্রসারী প্রভাব পড়েছে। যেহেতু ভারতীয় বাজারের-উপভোগ সামগ্রী ও সেবা উভয় ক্ষেত্রেই—চারিত্রিক বৈশিষ্ট্য হচ্ছে জোগানের অপর্যাপ্ততা। তাই এই বাজার বিক্রেতাদের স্বর্গ—যেখানে একদল ব্যবসায়ী গুণমান, পরিমাণ ও মূল্যের ক্ষেত্রে উপভোক্তাদের শোষণ করে চলেছে। আগের শিল্পনীতি সরকারি শিল্পক্ষেত্রকে একটা বিস্তৃত জায়গা ছেড়ে দিয়েছিল। তারাই ছিল, বলা যায়, সেবা ও ব্যবহার্য দ্রব্যের সবথেকে বড় জোগানদার। ফলে উপভোক্তাদের কল্যাণের জন্য বাজারের

ওপর প্রভাব সৃষ্টি করার ক্ষমতা সরকারের ছিল। যাতে মূল্য নির্ধারণ ও বিতরণ নীতির মধ্যে একটা সামঞ্জস্য আনা যায়। কিন্তু নতুন শিল্পনীতি সরকারি শিল্পক্ষেত্রকে পিছনের সারিতে নিয়ে বসিয়েছে। ফলে, উপভোক্তার অবস্থা কার্যত তথাকথিত বাজারি শক্তিগুলির উপর নির্ভরশীল হয়ে পড়েছে, যে শক্তিগুলি স্পষ্টতই বিক্রেতাদের সপক্ষে ঝুঁকে রয়েছে। এই নতুন অবস্থায় উপভোক্তা সুরক্ষার গুরুত্ব অনেক বেড়ে গেছে। এই অবস্থার মুখোমুখি হওয়ার জন্য প্রয়োজন একটা সার্বিক উদ্যোগ যাতে সরকারি উদ্যোগের সঙ্গে যুক্ত করতে হবে উপভোক্তা সংগঠনগুলিকে, ব্যবসায়ী সংগঠনগুলিকে এবং অন্যান্য গণ সংগঠনগুলিকে।

১৩। আমি এই সুযোগে মাননীয় সভ্যদের কাছে এবং তাঁদের মাধ্যমে জনসাধারণের কাছে রাজ্যজুড়ে উপভোক্তা আন্দোলন গড়ে তোলার সরকারি উদ্যোগকে সফল করার জন্য এগিয়ে আসতে আহ্বান জানাই। আমি এই কাজে সাহায্য করার জন্য এগিয়ে আসতে অনুরোধ করি বিভিন্ন বেসরকারি সংগঠনকে, উপভোক্তা বিষয়ক কর্মীদের, বিভিন্ন বাণিজ্য ও শিল্প চেম্বারগুলিকে, ব্যবসা ও বাণিজ্য সমিতিগুলিকে, এই ক্ষেত্রে জড়িত কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সংস্থাগুলিকে এবং উপভোক্তা স্বার্থের সঙ্গে জড়িত সমস্ত রকম সংস্থাকে। এই কথাগুলি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

DEMAND No. 11

Major Heads : 2401—Crop Husbandry, 2851—Village and Small Industries, 3451—Secretariat—Economic Services, 4851—Capital Outlay on Village and Small Industries, 6851—Loans for Village and Small Industries and 6860—Loans for Consumer Industries

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 113,22,52,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads : "2401—Crop Husbandry, 2851—Village and Small Industries, 3451—Secretariat—Economic Services, 4851—Capital Outlay on Village and Small Industries, 6851—Loans for Village and Small Industries and 6860—Loans for Consumer Industries" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 37,74,17,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব করছি যে ১১নং দাবির অধীন "২৪০১-ফসল প্রতিপালন", "২৫৫১-পার্বত্য এলাকা", "২৮৫১-গ্রামীণ ও ক্ষুদ্র শিল্প",

"৩৪৫১-সচিবালয়ের অর্থনৈতিক পরিষেবা", "৪৮৫১-গ্রামীণ ও ক্ষুদ্রশিল্পের উপর মূলধন বিনিয়োগ", "৬৮৫১-গ্রামীণ ও ক্ষুদ্র শিল্প সমূহের জন্য ঋণ", এবং "৬৮৬০-উপভোক্তা শিল্পের জন্য ঋণ" এই মুখ্যখাতগুলির ব্যয় নির্বাহের জন্য ১১৩,২২,৫২,০০০ (একশত তের কোটি বাইশ লক্ষ বাহান্ন হাজার) টাকা মঞ্জুর করা হোক [ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে ৩৭,৭৪,১৭,০০০ (সাঁইত্রিশ কোটি চুয়াত্তর লক্ষ সতেরো হাজার) টাকার যে দাবি পেশ করা হয়েছে, এই অর্থাঙ্কের মধ্যে তা ধরে নেওয়া হয়েছে]। বিভিন্ন প্রকল্প ও কর্মসূচী বাবদ বরাদ্দের বিস্তারিত বিবরণ ১৩নং বাজেট প্রকাশন "ডিটেল্ড ডিমান্ডস ফর গ্রান্টস ২০০৩-২০০৪" পুস্তিকার ৭৫ থেকে ১০৪ পৃষ্ঠায় পাওয়া যাবে।

১

১.১ মহাশয়, প্রচুর পরিমাণে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে কুটির ও ক্ষুদ্র শিল্পের গুরুত্ব অনস্বীকার্য। এই বিভাগের আওতাভুক্ত কুটির ও কারিগরি শিল্প, হস্ততাঁত, বয়ন এবং রেশম শিল্পে সর্বমোট প্রায় ত্রিশ লক্ষ কর্মী নিযুক্ত আছেন এবং রাজ্যের অর্থনৈতিক কর্মকাণ্ডে তাঁদের অবদান কৃষিকার্যের পরেই।

১.২ আমাদের প্রাথমিক লক্ষ্য হল, এই ক্রিয়াকলাপের সঙ্গে যুক্ত কর্মী ও কারিগরদের অর্থনৈতিক অবস্থা এবং জীবনযাত্রার মানের উন্নতিসাধন সুনিশ্চিত করা। এই উদ্দেশ্যে আমার বিভাগ ক্ষুদ্রায়তন শিল্পক্ষেত্রের বিকাশ ও উন্নয়নে গুরুত্ব আরোপ করে থাকে। এই শিল্পক্ষেত্রকে যে চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, মাননীয় সদস্যেরা সে বিষয়ে অবহিত আছেন। এই সমস্যার মোকাবিলায় উপযুক্ত প্রযুক্তির ব্যবহার ও উন্নতিসাধনে প্রাতিষ্ঠানিক সহায়তাদান প্রয়োজন। বিশেষতঃ হস্ততাঁত শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং নকশার আধুনিকীকরণ জাতীয় কয়েকটি ব্যবস্থা গ্রহণ আবশ্যিক। বর্তমান দুনিয়ার পরিবর্তনশীল চাহিদার সাথে সামঞ্জস্য রেখে উৎপাদনের বহুমুখিতাও জরুরি হয়ে পড়েছে। এজন্য প্রয়োজন পরিকাঠামোগত সুযোগ-সুবিধার সুব্যবস্থা, উপযুক্ত প্রশিক্ষণ এবং পরিচালন ও উদ্যোগকুশলতার উন্নয়ন। ক্ষুদ্রশিল্পে সবচেয়ে বড় বাধা হল বিপণন এবং ঋণ যোগানের সমস্যা। এক্ষেত্রে আমার বিভাগ সংশ্লিষ্ট কারিগর ও শিল্পীদের সহায়ক ভূমিকা পালনে প্রচেষ্ট থাকে যাতে ক্ষুদ্র শিল্পোদ্যোগীরা পর্যাপ্ত ঋণের জোগান পেতে এবং নিজেদের বিপণন ক্ষমতার উন্নতিসাধন করতে পারেন।

১.৩ এই লক্ষ্য সামনে রেখে আমার বিভাগ ক্ষুদ্রায়তন শিল্প, হস্ততাঁত শিল্প, বয়নশিল্প, বিদ্যুতচালিত তাঁত শিল্প, রেশমশিল্প, কারিগরি শিল্প, খাদি ও গ্রামীণ শিল্পের উন্নয়নে বেশ কয়েকটি প্রকল্প রূপায়ণ করে থাকে। এখন আমি কুটির ও ক্ষুদ্র শিল্পের উন্নয়নের মাধ্যমে অধিকতর কর্মসংস্থান সৃষ্টি এবং রাজ্যের অর্থনীতি সুসংহত করার লক্ষ্যে ২০০৩-২০০৪-এ রূপায়িত হবে এমন নতুন প্রকল্পসহ ইতিমধ্যে চালু কয়েকটি গুরুত্বপূর্ণ কর্মসূচির উল্লেখ করব।

২

কুটির ও ক্ষুদ্রশিল্প ক্ষেত্র

২.১ ২০০১-২০০২ আর্থিক বৎসরে ১,৬৬৭টি ক্ষুদ্রশিল্প সংস্থা স্থায়ী অথবা চূড়ান্তরূপে নিবন্ধীকৃত হয়েছে। এই সংস্থাগুলি থেকে আনুমানিক ১১,২৩১টি কর্মসংস্থান সম্ভব হয়েছে। অনুরূপভাবে ২০০২-২০০৩ সালে (জানুয়ারি পর্যন্ত) ১,২২৪টি সংস্থাকে স্থায়ী অথবা চূড়ান্ত নিবন্ধনের আওতায় আনা হয়েছে এবং ৭,০২৫টি সংস্থা সাময়িক অথবা শর্তাধীন নিবন্ধীকৃত হয়েছে। এই সংস্থাগুলি থেকে মোট প্রায় ৪৫,১৩৯ জনের কর্মসংস্থান হয়েছে বলে আশা করা যায়। ২০০৩-২০০৪ আর্থিক বৎসরে আমরা ৯,৫০০টি ক্ষুদ্র শিল্প সংস্থার নিবন্ধভুক্তির প্রস্তাব রাখছি। আরও প্রস্তাব রাখছি, ৫৫০টি নতুন ক্ষুদ্র শিল্প সংস্থা স্থাপনের, যেখানে আনুমানিক ২৭,৫০০ জনের কর্মনিযুক্তির সম্ভাবনা থাকছে।

২.২ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা জেনে খুশি হবেন যে, ২০০২-২০০৩ বৎসরে জাতীয় কর্মসূচির অঙ্গ হিসাবে এ রাজ্যের সর্বত্র ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির একটি সেন্সাস করা হয়েছে। এই কর্মসূচিতে কেবলমাত্র নিবন্ধীকৃত সংস্থাই নয়, রুগ্‌ণ এবং বন্ধ সংস্থাসহ নিবন্ধ-বহির্ভূত সংস্থাগুলিরও নমুনা সমীক্ষা করা হয়েছে। এটা একটা গর্বের বিষয় যে, গুরুত্বপূর্ণ এই কর্মসূচিটি নির্দিষ্ট সময়সীমার মধ্যেই সম্পন্ন করা হয়েছে এবং সমীক্ষায় প্রাপ্ত তথ্যাদি ভারত সরকারের কাছে প্রেরিত হয়েছে।

ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির উন্নয়ন প্রকল্প

২.৩ সংস্থাগুলির উন্নয়নে বহুবিধ যে প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে, সেগুলি হল—(ক) প্রচার ও আলোচনাসভা অনুষ্ঠানের মাধ্যমে বিজ্ঞপ্তিজারি, উৎসাহদান এবং প্রসার, (খ) বিশেষতঃ মহিলা শিল্পোদ্যোগীদের প্রশিক্ষণ, (গ) অভিন্ন পরিষেবা কেন্দ্র স্থাপন, (ঘ) শিল্পোদ্যোগ উন্নয়ন (ঙ) গবেষণা ও ক্ষুদ্রশিল্পজাত দ্রব্যাদির প্রযুক্তিগত গুণগত মান নিয়ন্ত্রণ এবং উৎকর্ষসাধন এবং (চ) ভবিষ্যৎ শিল্পোদ্যোগী প্রজন্মকে সচেতনতা ও উৎসাহদান।

২.৪ বিশেষতঃ সমধিক গুরুত্বপূর্ণ ক্ষেত্রে নতুন শিল্পস্থাপনে উৎসাহদানের জন্য প্রচারাভিযান চালানো হয়। একই উদ্দেশ্যে বিভিন্ন আধুনিকীকরণ প্রকল্পের সূচনা করা হয় এবং নতুন দিল্লি, কলকাতা ও অন্যত্র অনুষ্ঠিত জাতীয় শিল্প মেলা বা অনুরূপ প্রদর্শনীতে অংশগ্রহণের ব্যবস্থা করা হয়।

এই উদ্দেশ্যে ৮০.৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের একটি প্রস্তাব করা হয়েছে।

২.৫ কাঁচামালের সহজলভ্যতা এবং যথাযথ সংযোগের সুযোগ-সুবিধার কারণে রাজ্যের বহু এলাকায় ক্ষুদ্রশিল্পগুলি গুচ্ছাকারে আত্মপ্রকাশ করেছে। বস্তুতপক্ষে, এরকম ১৯টি গুচ্ছশিল্প চিহ্নিত করা হয়েছে এবং এই বিভাগ এগুলিকে ক্ষুদ্রশিল্প বিকাশে এবং কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে আরও বেশি প্রাণবন্ত করে তুলতে সচেষ্ট। প্রযুক্তির উন্নয়ন, সঠিক কাঁচামাল নির্বাচন, পরীক্ষা-নিরীক্ষার সুযোগ, অভিন্ন পরিষেবা কেন্দ্র স্থাপন, মূলধনের জোগান ইত্যাদির

মাধ্যমে গুচ্ছশিল্পগুলির শ্রীবৃদ্ধি সাধনের পরিকল্পনা তৈরি করা হয়েছে। হাওড়া জেলার কারিগরি শিল্প সংস্থাগুলির বিকাশে সহায়ক ভূমিকা পালনের লক্ষ্যে দাশনগরে সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং অর্গানাইজেশনের মানোন্নয়ন এবং আধুনিকীকরণের প্রকল্প তৈরি করার ক্ষেত্রে এই বিভাগ ইতিবাচক ভূমিকা পালন করেছে। ভারত সরকারের সংস্থা, কলকাতায় সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার প্রকল্পটির রূপরেখা তৈরি করেছে। ৭৯০ লক্ষ টাকা ব্যয়ে এই প্রকল্পটি রূপায়িত করার জন্য ভারত সরকার এবং রাজ্য সরকার ইতিমধ্যেই তাঁদের অনুমোদন দিয়েছেন। প্রাথমিক পর্যায়ের মানোন্নয়নের কাজ শীঘ্রই শুরু হবে। একই সঙ্গে বাঁকুড়া, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনার হস্তশিল্পের গুচ্ছগুলিকে উৎসাহদানের উদ্দেশ্যে তাদের উন্নয়ন পরিকল্পনা বিবেচনাধীন আছে।

শিল্পোদ্যোগ উন্নয়ন প্রকল্প

২.৬ যে কোনও শিল্পসংস্থার বৃদ্ধি এবং সাফল্যের জন্য সংশ্লিষ্ট মানবসম্পদ উন্নয়ন অত্যাবশ্যক। কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগ এ বিষয়ে নিরবচ্ছিন্নভাবে গুরুত্ব আরোপ করে আসছে। স্মল ইন্ডাস্ট্রিজ সার্ভিস ইনস্টিটিউট, ওয়েস্ট বেঙ্গল কনসালট্যানসি অর্গানাইজেশন, বেঙ্গল ন্যাশানাল চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, ফেডারেশন অফ স্মল অ্যান্ড মিডিয়াম ইন্ডাস্ট্রিজ জাতীয় সংস্থার সাথে মিলিতভাবে ক্ষুদ্র ও কুটির শিল্প অধিকার বিভিন্ন জেলার শিল্পোদ্যোগ উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করছে যেখানে সম্ভাবনাময় শিল্পোদ্যোগীদের কেবলমাত্র ক্ষুদ্রশিল্প সংস্থা পরিচালনাই নয়, সঠিক শিল্প ও উৎপাদিত দ্রব্য নির্বাচন এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান পরিচালন পদ্ধতির সাথেও বিশেষভাবে অবহিত করা হচ্ছে। ২০০২-২০০৩ আর্থিক বৎসরে (জানুয়ারি পর্যন্ত) ২৭৪ জন উৎসাহী শিল্পোদ্যোগীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং আরও ২১৫ জনকে শীঘ্রই এরকম প্রশিক্ষণ দেওয়া হবে বলে আশা করা যায়। অর্থনৈতিক নির্ভরতা অর্জনের লক্ষ্যে মহিলা, শারীরিক প্রতিবন্ধী এবং অনগ্রসর সম্প্রদায়ের মধ্যে সচেতনতা তৈরির উপর আমার বিভাগ সমধিক গুরুত্ব আরোপ করেছে। সচেতনতা প্রচারের অঙ্গ হিসাবে জেলা শিল্প কেন্দ্রগুলির তথ্যভাণ্ডারের সমৃদ্ধির প্রয়োজনে প্রত্যেক শিল্পকেন্দ্রে কম্পিউটার বসানো হয়েছে। আমার বিভাগ একটি ওয়েবসাইট চালু করেছে যার সুযোগ নিয়ে উৎসাহী শিল্পোদ্যোগী এই তথ্যভাণ্ডার কাজে লাগিয়ে উপকৃত হতে পারেন।

ইলেকট্রনিক টেস্ট অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার (ই টি ডি সি)

২.৭ এই সংস্থাটি কম্পিউটারের ও-লেভেল প্রশিক্ষণসহ সফট্ওয়্যার/হার্ডওয়্যার এবং কম্পিউটার মেরামতি বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি রূপায়ণ করে চলেছে। ক্ষুদ্র শিল্প ক্ষেত্রে বৈদ্যুতিক ও বৈদ্যুতিন যন্ত্রপাতির প্রয়োজনীয় পরীক্ষণ ও ক্রমাঙ্কন সংক্রান্ত কাজকর্মও করে এই সংস্থা। তাঁতশিল্পীরা যাতে সঠিক নকশা কাজে লাগিয়ে উপকৃত হতে পারে, সেজন্য সংস্থাটি একটি কম্পিউটার ভিত্তিক নকশা উন্নয়ন কেন্দ্র পরিচালনা করে। বিভিন্ন পর্যায়ে কম্পিউটার প্রশিক্ষণের জন্য ই টি ডি সি অনুমোদিত কেন্দ্রগুলি বিভিন্ন জেলায় ছড়িয়ে আছে।

২০০৩-২০০৪ সালের বাজেটে ই টি ডি সি'র অনুকূলে ১০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

লাক্ষা চাষ শিল্প/ব্রুডল্যাক ফার্ম ডেভেলপমেন্ট

২.৮ বিশেষত বাঁকুড়া ও পুরুলিয়া জেলা এবং কিছু পরিমাণে মেদিনীপুর, মুর্শিদাবাদ ও মালদহ জেলায় বসবাসকারী আদিবাসী ও অনগ্রসর সম্প্রদায়ের অর্থনৈতিক অবস্থায় উন্নয়নে রাজ্যের লাক্ষা চাষ উন্নয়ন প্রকল্পের অবদান আছে। রাজ্য সরকার লাক্ষা চাষ, উৎপাদন এবং প্রক্রিয়াকরণে গুরুত্ব আরোপ করেছে। গ্রামীণ চাষিদের প্রযুক্তিগত ব্যবহারিক জ্ঞান দেওয়ার জন্য বিভিন্ন প্রশিক্ষণ চালু করা হয়েছে। গ্রামীণ এলাকায় প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে যাতে লাক্ষা উৎপাদনকারীরা যথাযথভাবে আশ্রয়দাতা গাছের চাষ করতে পারেন। রাঁচির ইন্ডিয়ান ল্যাক রিসার্চ ইনস্টিটিউটের সহযোগিতায় পুরুলিয়াতে ৯৪ জন লাক্ষাচাষির জন্য একটি বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি রূপায়িত হয়েছে। নিষ্ফলা মাসগুলিতে লাক্ষা সমবায় সমিতিগুলি মারফত চাষিদের কাছ থেকে লাক্ষাকাঠি ক্রয়ের মাধ্যমে ন্যায্য বিক্রয়মূল্য সুনিশ্চিত করার একটি প্রকল্প চালু আছে। বিভিন্ন সম্ভাবনাময় এলাকায় এরকম ২৩টি ব্রুডল্যাক ফার্ম আছে। স্থানীয় চাষিদের বিনামূল্যে ব্রুডল্যাক বিতরণ করা হয়। দেওয়া হয় প্রয়োজনীয় যন্ত্রপাতিও, যাতে চাষিরা নিজেদের গাছেই লাক্ষা চাষে উৎসাহী হতে পারেন। চাঁচ গালা উৎপাদনে গুণগত ও পরিমাণগত উন্নয়নের লক্ষ্যে ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র লাক্ষা প্রক্রিয়াকরণ কেন্দ্রগুলির আধুনিকীকরণে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

হলদিয়া ডাউনস্ট্রিম প্রোজেক্ট

২.৯ হলদিয়া অনুসারী শিল্প প্রকল্পে অধিকতর উৎসাহদানের বিষয়টিতে আরও গুরুত্ব আরোপ করা হয়েছে এবং এ ধরনের শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকার স্বাভাবিক সহায়তার সঙ্গে অতিরিক্ত অনুদান মঞ্জুর করারও ব্যবস্থা গ্রহণ করেছে। প্লাস্টিক প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনে শিল্পোদ্যোগীদের আকৃষ্ট করতে বিশেষ উৎসাহমূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়েছে। ২০০৩ সালের জানুয়ারি পর্যন্ত ২৬০৭টি ক্ষুদ্রশিল্প সংস্থাকে শর্তসাপেক্ষ নিবন্ধনের আওতায় আনা হয়েছে। এগুলির মধ্যে ৫১৯টি তাদের কাজকর্ম শুরু করে দিয়েছে।

স্টেট এক্সপোর্ট প্রোমোশন সোসাইটি

২.১০ কুটির ও ক্ষুদ্র শিল্প সংস্থা এবং শিল্পোদ্যোগীদের উৎপাদিত পণ্য রপ্তানি সংক্রান্ত কাজে সহায়তাদান এবং অধিকসংখ্যক শিল্পোদ্যোগীকে রপ্তানিতে উৎসাহ দিতে ১৯৯৯ সালে ওয়েস্ট বেঙ্গল স্টেট এক্সপোর্ট প্রোমোশন সোসাইটি স্থাপন করা হয়। এই সংস্থার একটি তথ্য ভাণ্ডার আছে এবং সংস্থাটি প্রযুক্তিগত সমর্থন ও পরামর্শ দিয়ে থাকে। সংস্থাটি বিপণনক্ষেত্রে সমীক্ষার কাজ করে এবং শিল্পোদ্যোগীদের বিপণনে সহায়ক ভূমিকা পালন করে। এই সংস্থা ক্রেতা-বিক্রেতাদের পরস্পরের সঙ্গে পরিচয় করিয়ে দেয় এবং একটি বুলেটিন প্রকাশ করে। এযাবৎ সংশ্লিষ্ট ৩৩২ জনকে প্রশিক্ষণ এবং ৬০০ শিল্পোদ্যোগীকে প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়েছে। ২০০৩-২০০৪ আর্থিক বৎসরে ৫ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

শিল্পবার্তা প্রিন্টিং প্রেস

২.১১ এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন শিল্পবার্তা প্রিন্টিং প্রেস ১৯৮৫-র প্রতিষ্ঠা বৎসর থেকেই সার্থকতার সঙ্গে কাজকর্ম চালিয়ে আসছে। এই সংস্থা সরকারের একাধিক বিভাগ ও

বিভিন্ন সরকারি সংস্থার মুদ্রণ সংক্রান্ত চাহিদা পূরণ করে থাকে। বাজারে মন্দা এবং মুদ্রণ ব্যবসায়ে তীব্র প্রতিযোগিতা সত্ত্বেও, বিগত বৎসরগুলিতে শিল্পবার্তা প্রেস তাদের মোট ব্যবসার পরিমাণ ক্রমাগত বাড়িয়ে তুলতে সক্ষম হয়েছে। গত আর্থিক বৎসর ২০০২-২০০৩-এ এই প্রেস ২.৫০ কোটি টাকার ব্যবসা করেছে।

কারিগরি শিল্প

২.১২ এ রাজ্যে কারিগরি শিল্প একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র, যেখানে পাঁচ লক্ষাধিক কারিগর প্রায় ২০০ প্রকারের বিভিন্ন শিল্পদ্রব্য উৎপাদনে নিযুক্ত আছেন। এই শিল্পক্ষেত্রের গুরুত্ব বিবেচনা করে, কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগ উৎপাদিত দ্রব্যে বৈচিত্র্য আনয়ন, নকশা উন্নয়ন এবং বিপণন ক্ষেত্রে হস্তশিল্পের কারিগরদের প্রযুক্তিগত সহায়তা জোগানের প্রয়াসী, যাতে ওই কারিগরেরা বাজারের পরিবর্তনশীল চাহিদার সঙ্গে তাল মিলিয়ে প্রতিযোগিতায় টিকে থাকতে সমর্থন হন। কেবলমাত্র দেশের অন্যান্য রাজ্যেই নয়, বিদেশেও কারিগরি শিল্পকে জনপ্রিয় করার ক্ষেত্রে এই বিভাগ সহায়ক ভূমিকা পালন করছে। এর ফলে রপ্তানির সম্ভাবনাও বৃদ্ধি পাচ্ছে। এ বছর বিভিন্ন কারিগরি শিল্পে ইতিমধ্যে নিযুক্ত এবং শিক্ষানবিশ শিল্পীদের দক্ষতার উন্নয়নে সহায়ক প্রশিক্ষণ কর্মসূচি রূপায়িত হয়েছে। বিভিন্ন শিল্পকর্মের সঙ্গে যুক্ত প্রায় ২০০০ শিল্পীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

২.১৩ কারিগরি শিল্পীদের বিপণনে সহায়তা দানের উদ্দেশ্যে এই বিভাগ প্রতি বৎসর রাজ্য ও জেলা স্তরে বিভিন্ন মেলা ও প্রদর্শনী সংগঠিত করে থাকে। রাজ্য সরকার প্রত্যেক বৎসর কলকাতায় ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডিক্র্যাফট্স এক্সপো এবং ২০০১-২০০২ সাল থেকে শুরু করে শিলিগুড়িতে আর একটি হ্যান্ডিক্র্যাফ্টস এক্সপো পরিচালনা করছে। ২০০০-এর বেশি কারিগর এই এক্সপোগুলিতে অংশগ্রহণ করেছেন। এছাড়াও, রাজ্য জুড়ে জেলাস্তরেও মেলা ও প্রদর্শনীর আয়োজন করা হয়ে থাকে। অনুষ্ঠানগুলিতে কারিগরদের অংশগ্রহণ সুবিধাজনক করার উদ্দেশ্যে অংশগ্রহণকারী কারিগদরদের ভ্রমণ/মহার্ঘ ভাতা প্রদান ও উৎপাদিত শিল্পসামগ্রীর পরিবহন ব্যয় নির্বাহ করা হয়ে থাকে।

২.১৪ ৬০ বৎসর বয়স অতিক্রান্ত কারিগরি শিল্পীদের মাসিক ৪০০ টাকা হারে পেনশন মঞ্জুর করা হয়। এরকম প্রায় ১০০০ কারিগর রাজ্য সরকারের কাছ থেকে পেনশন পাচ্ছেন।

২.১৫ চিত্তাকর্ষক এবং নতুন কারিগরি শিল্পদ্রব্য প্রস্তুতিতে উৎসাহদানের লক্ষ্য নিয়ে জেলা ও রাজ্যস্তরে সফল কারিগরদের পুরস্কার প্রদান করা হয়। কারুশিল্পে তাঁদের শ্রেষ্ঠ শিল্পকর্মের জন্য এ যাবৎ প্রায় ১৫০০ শিল্পীকে জেলা ও রাজ্যস্তরে পুরষ্কৃত করা হয়েছে।

২.১৬ ২০০৩-২০০৪ আর্থিক বৎসরে কারিগরি শিল্প উন্নয়নে ১৮৩ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এ ধরনের শিল্পসমবায়গুলির জন্য প্রস্তাব করা হয়েছে আরও ৭.৫ লক্ষ টাকা বরাদ্দের। তদুপরি, ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডিক্র্যাফট্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড (বঙ্গশ্রী) এবং ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডিক্র্যাফ্টস ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (মঞ্জুষা)-র খাতে যথাক্রমে ৩ লক্ষ ও ৩২.৫০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

খাদি ও গ্রামীণ শিল্প

২.১৭ খাদি ও গ্রামীণ শিল্প কর্মসংস্থান সৃষ্টিকারী আর একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র। খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ মারফত সংশ্লিষ্ট কর্মসূচি ও প্রকল্পগুলি রূপায়িত হয়ে থাকে। পর্ষদ গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচির অন্তর্ভুক্ত প্রান্তিক মূলধন প্রকল্প রূপায়ণের দায়িত্বও পালন করে। কর্মসূচিটি যথেষ্ট পরিমাণে কর্মসংস্থান সৃষ্টিই করেনি, গ্রামীণ শিল্পোদ্যোগ প্রসারের হারকেও ত্বরান্বিত করেছে। ২০০১-২০০২ আর্থিক বৎসরে পর্ষদ ১০১০টি ক্ষুদ্র গ্রামীণ শিল্প সংস্থার অনুকূলে অনুমোদনের সুপারিশ করেছে। এগুলিতে ১৪.৪৫ কোটি টাকা লগ্নীর মাধ্যমে ৫,১২১ জনের কর্মসংস্থানের সুযোগ আছে। ২০০২-২০০৩ আর্থিক বৎসরে ৩১.১২.২০০২ তারিখ পর্যন্ত ৩,২২৩টি কর্মসংস্থানের সুযোগ বিশিষ্ট মোট ১১.৮২ কোটি টাকা মূল্যের ৯৪৮টি প্রকল্প মঞ্জুর করা হয়েছে।

প্রধানমন্ত্রীর রোজগার যোজনা

২.১৮ বেকার যুবকদের স্ব-নিযুক্ত হওয়ার উপযুক্ত সুযোগ দিতে প্রধানমন্ত্রীর রোজগার যোজনা (পি.এম.আর.ওয়াই) কর্মসূচী রূপায়ণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির বিষয়টিতে এই বিভাগ অগ্রাধিকার দিয়েছে। যদিও এই কর্মসূচিতে সাফল্য এখনও পর্যন্ত উৎসাহব্যঞ্জক নয়। এক্ষেত্রে ঋণ পুনরুদ্ধার আশানুরূপ না হওয়ায় ব্যাঙ্ক কর্তৃপক্ষ ঋণদানের অতিরিক্ত ঝুঁকি নিতে নারাজ। ফলত এই কর্মসূচির অধীন প্রকল্পগুলিতে ব্যাঙ্ক কর্তৃপক্ষের ঋণদানের অনীহাই প্রধান বাধা। ২০০২-২০০৩ আর্থিক বৎসরে জানুয়ারি ২০০৩ পর্যন্ত ১৩,৪৮১টি প্রস্তাব ব্যাঙ্কে প্রেরণ করা হয়, যার মধ্যে মোট ১১৭২.৭৫ লক্ষ টাকা মূল্যের ১৮৪৬টি ক্ষেত্রে অনুমোদন দেওয়া হয়েছে এবং ৭২৬টি ক্ষেত্রে মোট ৪৪৪.৮৩ লক্ষ টাকা বণ্টন করা হয়েছে।

১৯৩১ সালের রাজ্য শিল্প সহায়তা আইন (বি.এস.এ.আই. অ্যাক্ট)

২.১৯ এই বিভাগ বি.এস.এ.আই. অ্যাক্ট-এর অধীনে অতি ক্ষুদ্র শিল্প সংস্থা/কারিগরদের সর্বোচ্চ ১০,০০০ টাকা পর্যন্ত লঘু ঋণের মাধ্যমে আর্থিক সহায়তা দিয়ে থাকে। ২০০২-২০০৩ আর্থিক বৎসরে প্রায় ৯৫০টি শিল্প সংস্থাকে আর্থিক সহায়তা দেওয়া যাবে বলে আশা করা যায়।

নারকেল ছোবড়া শিল্প

২.২০ নারকেল উৎপাদনের দিক থেকে এদেশের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান বেশ উঁচুতে। এর ফলে নারকেল ছোবড়া শিল্পের উন্নয়নে সম্ভাবনাও প্রচুর। ২০০০-এর অধিক সংখ্যক কারিগর ছোবড়া উৎপাদনের সঙ্গে যুক্ত। আমার বিভাগ হাওড়া জেলার উলুবেড়িয়া এবং দক্ষিণ ২৪-পরগনার ধনচেবেড়িয়ার প্রশিক্ষণ তথা পরিষেবা কেন্দ্রগুলিকে সহায়ক সমর্থন দানের কাজ করছে। এছাড়াও সম্ভাবনাময় ছোবড়া উৎপাদনকারী জেলাগুলির গ্রামীণ এলাকায় ছোবড়া সমবায় সমিতি স্থাপনে উৎসাহদানের কাজ করা হয়। বাগনানে ১২.৫৭ লক্ষ টাকা প্রকল্প ব্যয়ে সি.এ.ডি.সি.-র মাধ্যমে একটি ছোবড়ার সুতা/দড়ি উৎপাদন কেন্দ্র স্থাপনের জন্য জাতীয় সমবায় উন্নয়ন নিগম এবং কয়ার বোর্ডের আর্থিক অনুমোদন পাওয়া গিয়েছে। মুর্শিদাবাদ জেলায় অপর একটি সমবায় সমিতি স্থাপনেরও উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ন্যাশানাল প্রোজেক্ট অব বায়োগ্যাস ডেভেলপমেন্ট

২.২১ এ রাজ্যে জৈব গ্যাস উন্নয়নের জাতীয় কর্মসূচি অত্যন্ত সফলভাবে রূপায়িত হচ্ছে। ২০০২-২০০৩ আর্থিক বৎসরে জানুয়ারি পর্যন্ত ৭০৩৯টি জৈব গ্যাস প্ল্যান্ট স্থাপিত হয়েছে।

পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম লিমিটেড

২.২২ ক্ষুদ্রায়তন শিল্পের অগ্রগতির উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম কয়েকটি শিল্প তালুক পরিচালনা করে। এগুলিতে শিল্পোদ্যোগীদের জন্য ছাউনি এবং জমিখণ্ড বরাদ্দ করা হয়। ২০০১-২০০২ আর্থিক বৎসরে যেখানে ৪৮টি শেড/প্লট এবং ৪টি বিল্ডিং স্পেস বরাদ্দ করা হয়েছিল, ২০০২-২০০৩ আর্থিক বৎসরে ফেব্রুয়ারি পর্যন্ত নিগম সেখানে বিভিন্ন তালুকে মোট ৯৭টি শেড/প্লট এবং ২৬টি স্টল ও বিল্ডিং স্পেস বরাদ্দ করেছে।

মৌমাছি পালন

২.২৩ গ্রামীণ জনগণের দরিদ্রতর অংশের অতিরিক্ত আয়ের সুযোগ করে দেওয়ার ক্ষেত্রে মৌমাছি পালন একটি উল্লেখযোগ্য কর্মসূচি। আমার বিভাগ বন জঙ্গলের লাগোয়া কিংবা কাছাকাছি এলাকাগুলিতে মৌমাছি পালনে উৎসাহ যোগায় এবং এইসব এলাকার গ্রামবাসীদের মৌমাছি পালনের প্রশিক্ষণ দিয়ে থাকে। ২০০২-২০০৩ আর্থিক বৎসরে প্রায় ২০০ জন উৎসাহী মৌমাছি-পালককে প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় সাজসরঞ্জাম দেওয়া সম্ভব হবে বলে আশা করা যায়।

৩

রেশমশিল্প ক্ষেত্র

৩.১ পশ্চিমবঙ্গ তার রেশম উৎপাদনের সুদীর্ঘ ঐতিহ্য নিয়ে গর্ব করতে পারে। চার প্রকার রেশমের সব প্রকার, যথা, তুঁতজাত, তসরজাত, এরিজাত এবং মুগাজাত রেশম পশ্চিমবঙ্গে উৎপাদিত হয়। এরি ও মুগা রাজ্যের উত্তরাঞ্চলে অর্থাৎ জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় উৎপাদিত হয় আর তসরের উৎপাদন রাজ্যের পশ্চিমাঞ্চলে অর্থাৎ বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, বর্ধমান এবং মেদিনীপুর জেলায় সীমাবদ্ধ। হাওড়া এবং হুগলি জেলা ছাড়া রাজ্যের প্রায় সমস্ত জেলাতেই তুঁতজাত রেশমের চাষ হয় এবং এর পরিমাণ রাজ্যের উৎপাদিত রেশমের ৯৮ শতাংশ।

৩.২ রেশমশিল্প একটি শ্রম-নির্ভর শিল্পক্ষেত্র এবং এর গ্রাম-নির্ভর প্রবণতা কর্মসংস্থান সৃষ্টির ব্যাপক সুযোগ এবং সম্ভাবনা তৈরি করে। ২০০২-২০০৩ আর্থিক বছরে অতিরিক্ত ২৩০০০ কর্মসংস্থান-এর লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছিল, যার মধ্যে ২০০২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত প্রায় ১১,০০০ কর্মসংস্থানের সৃষ্টি করা সম্ভব হয়েছে। ২০০৩-২০০৪ আর্থিক বছরে, আমরা অতিরিক্ত ১৪০০০ কর্মসংস্থান সৃষ্টির প্রস্তাব রেখেছি।

৩.৩ মহাশয়, রেশমশিল্প ক্ষেত্রে, আমার দপ্তর চার প্রকার রেশম চাষের জন্য আরও বেশি পরিমাণ জমিতে রেশমচাষের প্রবর্তন এবং এক বিশাল এলাকায় প্রচলিত বিভিন্ন প্রকার

ফলনের পরিবর্তে উচ্চফলনশীল প্রজাতির ফলনের উপর গুরুত্ব দিচ্ছে। এর মাধ্যমে এই রাজ্যে উৎপাদিত রেশম-এর গুণাগুণ এবং উৎপাদনশীলতা বৃদ্ধি এবং রেশমচাষিদের আর্থিক অবস্থার উন্নতির বিষয়ে জোর দেওয়া হয়েছে। সরকারের তরফে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যেমন (ক) ভর্তুকি মূল্যে রোগমুক্ত পলুপোকার বীজ চাষিদের সরবরাহ করা ; (খ) সমস্ত প্রকারের রেশম চাষিদের প্রযুক্তিগত নির্দেশনা এবং সহায়তা প্রদান ; (গ) মূল পলু বীজের রক্ষণাবেক্ষণ ; (ঘ) অ-তুঁত রেশম চাষের উন্নয়ন ; (ঙ) রেশমচাষি, রিলার ও বীজ উৎপাদকদের প্রশিক্ষণ দান ; (চ) রেশমচাষিদের বিপণন সহায়তা প্রদান ; (ছ) রেশম চাষিদের অবস্থার উন্নতিসাধনের লক্ষ্যে সমবায়, স্ব-নির্ভর গোষ্ঠী এবং 'কোয়ালিটি ক্লাব' গঠনের মাধ্যমে তাঁদের অধিকতর মজবুত একটি ভিত্তির উপর দাঁড় করানো।

৩.৪ ২০০২-২০০৩ আর্থিক বছরে (জানুয়ারি, ২০০৩ পর্যন্ত) নতুনভাবে ১১২৩ একর জমি তুঁতচাষ, ৫৩৫.৮৬ একর জমি তসর চাষ এবং ১০৫ একর জমি মুগা চাষের আওতায় আনা হয়েছে। আরও ২২৪ একর জমিতে পুনর্বার তুঁত চাষ করা হয়েছে এবং ৪০২ একর জমিতে প্রচলিত তুঁত বীজের পরিবর্তে উচ্চফলনশীল বীজ বপন করা হয়েছে। ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য আমার বিভাগ ১৮০০ একর জমি তুঁতচাষ, ১৩০০ একর জমি তসরচাষ, ১২০ একর জমি মুগা চাষ এবং ১৫০ একর জমি এরি চাষের আওতায় আনার প্রস্তাব রাখছে। এতদ্ব্যতীত, আমরা অতিরিক্ত ৩০০ একর জমি প্রচলিত স্থানীয় প্রকার তুঁত চাষের জমির পরিবর্তে উচ্চফলনশীল তুঁতচাষের জমিতে পরিবর্তন করার প্রস্তাব রেখেছি।

৩.৫ ২০০৩-২০০৪ আর্থিক বছরে 'তুঁত চাষের উন্নয়ন' প্রকল্পে অধীনে ১৭ লক্ষ টাকার তহবিল প্রস্তাব করা হয়েছে যার মাধ্যমে ৫০০০ জন রেশমচাষির কল্যাণার্থে বীজ বপনের সাজসরঞ্জাম এবং প্রয়োজনীয় যানবাহন ক্রয় করা হবে।

৩.৬ ২০০২-২০০৩ আর্থিক বছরের ধার্য লক্ষ্যমাত্রা ১৪০০ মেট্রিক টনের মধ্যে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত কাঁচা রেশমের মোট উৎপাদন হয়েছে ১১৮৮ মেট্রিক টন। ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য ১৫০০ মেট্রিক টন কাঁচা রেশম উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। অন্যদিকে ২০০২-২০০৩ আর্থিক বছরে তসর রেশমের ধার্য লক্ষ্যমাত্রা ২২ মেট্রিক টনের স্থলে এখন পর্যন্ত রাজ্যে মোট উৎপাদন হয়েছে ২৪.৬৭ মেট্রিক টন। ২০০৩-২০০৪ আর্থিক বছরে ২৪ মেট্রিক টন তসর রেশম উৎপাদনোর লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। মুগার উৎপাদন পশ্চিমবঙ্গে সাম্প্রতিককালে শুরু হয়েছে। ২০০২-২০০৩ আর্থিক বছরে উৎপাদন হয়েছে ০.১০৩ মেট্রিক টন যেখানে ধার্য লক্ষ্যমাত্রা ছিল ০.৪৮ মেট্রিক টন।

৩.৭ চালু পরিকল্পগুলি, যথা, তুঁত উৎপাদন উন্নয়ন প্রকল্প, দক্ষতা-বৃদ্ধিকারী প্রশিক্ষণ প্রকল্প, অ-তুঁত রেশম চাষের উন্নয়ন প্রকল্প ইত্যাদি ব্যতীত আমার দপ্তর ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্যের রেশম শিল্প ক্ষেত্রে উন্নয়ন দ্রুততর করার লক্ষ্যে আরো কয়েকটি পরিকল্প রূপায়ণ করবে।

৩.৮ গতবছর যেখানে রোগমুক্ত বীজের মোট উৎপাদন ছিল ৫৪৯ লাখ, ২০০২-২০০৩ আর্থিক বছরে জানুয়ারি পর্যন্ত রোগমুক্ত বীজের মোট উৎপাদন হয়েছে ৩৭৯ লাখ। চলতি আর্থিক বছরে রোগমুক্ত বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা হল ৫৬৫ লাখ।

ক্যাটালিটিক ডেভেলপমেন্ট প্রজেক্ট (সি.ডি.পি.)

৩.৯ 'ক্যাটালিটিক ডেভেলপমেন্ট প্রজেক্ট' কয়েকটি পরিকল্পের সমন্বয় যেগুলি কেন্দ্রীয় রেশম পর্ষদের সহায়তায় রূপায়িত হচ্ছে এবং এই প্রকল্পের ব্যয়ভার কেন্দ্রীয় রেশম পর্ষদ, রাজ্য সরকার এবং সুবিধা প্রাপকরা বহন করবেন। এই প্রকল্পের গুরুত্বপূর্ণ অংশগুলো হল উন্নতমানের তসর সূতা সরবরাহ, সূতা কাটাই বা পাকানোর যন্ত্রাদি মহিলাদের জন্য বিশেষ অগ্রাধিকার ভিত্তিতে বণ্টন, রেশমচাষিদের পলুপালনের সাজসরঞ্জাম সরবরাহ এবং গুটি শুকানোর প্রকোষ্ঠ গঠন ইত্যাদি। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে প্রাপ্ত সাফল্য বিবেচনা করে ভারত সরকার প্রকল্পটি পরবর্তী সময়েও চালু রাখতে সম্মত হয়েছেন। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে তুঁত এবং অ-তুঁত রেশম ক্ষেত্রে গুণগত এবং পরিমাণগত উন্নয়নের জন্য কিছু সংশোধনের প্রস্তাব বিবেচনা করা হয়েছে এবং ২০০৩-২০০৪ আর্থিক বছরে এই বাবদ ১৫০.৯৫ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

সেরি-২০০০

৩.১০ সেরি ২০০০ একটি বৈদেশিক সাহায্য প্রাপ্ত প্রকল্প যা ১৯৯৯-২০০০ সাল থেকে এই রাজ্যে রূপায়িত হচ্ছে। রেশম চাষের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এটি একটি সুসংহত প্রচেষ্টা যার মাধ্যমে প্রশিক্ষণদান, রেশম চাষের সাজসরঞ্জাম সরবরাহ, কাঁচামাল ও কীটনাশক সরবরাহ এবং পলুঘর স্থাপন করা হবে। সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেশন (এস.ডি.সি.)-এর আর্থিক সহায়তায় গৃহীত এই প্রকল্পে লক্ষ্যণীয় অগ্রগতি লাভ করা গিয়েছে। জুলাই, ২০০৩-এর শেষে এই প্রকল্পের কাজ শেষ হবে।

রাষ্ট্রীয় সম বিকাশ যোজনা

৩.১১ এরি ও তসর চাষের উন্নতিকল্পে ২০০৩-২০০৪ আর্থিক বছরে জলপাইগুড়ি এবং পুরুলিয়া জেলায় ''রাষ্ট্রীয় সম বিকাশ যোজনা'' নামে একটি নতুন প্রকল্পের কাজ শুরু হবে।

৩.১২ প্রতিষ্ঠানিক অর্থ সাহায্য প্রকল্পের আওতায় ৩০০ জন রেশম সূতা কাটাইকারীকে ভর্তুকি দেওয়া হবে। মানবসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায়, ২৫০০ জন নতুন রেশমচাষিকে প্রশিক্ষণ দেওয়া হবে এবং এই জন্য ১০ লাখ টাকা খরচ হবে।

৩.১৩ মহাশয়, সাম্প্রতিক বৎসরগুলিতে এই রাজ্যের ঘরোয়া বাজারে চীন দেশীয় রেশমের অবাধ প্রবেশ এবং অপেক্ষাকৃত সস্তা দরে বিপণনের কারণে রেশম শিল্প এক গুরুতর সমস্যার সম্মুখীন হয়েছে। ফলস্বরূপ, রাজ্যে গুটিপোকা এবং কাঁচা রেশমের মূল উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে এবং যদি এই ধারা অব্যাহত থাকে, তবে রাজ্যের রেশম শিল্পের উপর এর বিরূপ প্রভাব পড়বে।

৪

হস্ত ও তাঁত শিল্প ক্ষেত্র

৪.১ হস্তচালিত তাঁত শিল্প, বিদ্যুৎচালিত তাঁত শিল্প, হোসিয়ারী শিল্প এবং তৈরি পোশাক শিল্পসমূহের সমন্বয়ে এই রাজ্যের হস্ত ও তাঁত শিল্প ক্ষেত্র গঠিত। উক্ত শিল্প ক্ষেত্রগুলির মধ্যে একক বৃহত্তম ক্ষেত্র হওয়ার দরুন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সম্ভাবনায় গ্রামীণ অর্থনীতিতে কৃষির পরেই সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থানাধিকারী হওয়ার কারণে হস্তচালিত তাঁত শিল্পে অধিকতর গুরুত্ব আরোপ করা হয়েছে। প্রারম্ভিক অবস্থা থেকেই তাঁত শিল্পের উন্নতির জন্য সমবায়গুলিকে আদর্শ গঠনগত একক হিসাবে বিবেচনা করা হয়েছে এবং সমবায়গুলির কথা মাথায় রেখে সমস্ত পরিকল্পগুলি প্রস্তুতির প্রচেষ্টা করা হয়েছিল। এই বিষয়ে প্রাথমিক উদ্যোগ ছিল হস্ত ও তাঁত শিল্প ক্ষেত্রের তন্তবায়/কারিগরদের সমবায়ভুক্ত করা যাতে তাঁরা স্বাবলম্বী হতে পারেন এবং এই জন্য তাঁদের প্রযুক্তিগত সহায়তা, বিপণন সহায়তা, নিম্নতর সুদের হারে আর্থিক সহায়তা, কারিগরি দক্ষতা উন্নয়ন সহায়তা, উন্নততর যন্ত্রপাতি সরবরাহের সহায়তা প্রদান করা হয়েছে। তৎসত্ত্বেও, নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে দেখা গিয়েছিল যে হস্ত ও তাঁত শিল্প ক্ষেত্রে বিপুল সংখ্যক কর্মসূচি তখনও সমবায়-বহির্ভূত থেকে গিয়েছে এবং পূর্বে গঠিত সমবায় সমিতিগুলির মধ্যে অধিকাংশই নিষ্ক্রিয় অথবা অস্তিত্ব বজায় রাখার লড়াইয়ে ব্যস্ত। এই রাজ্যে হস্তচালিত তাঁত ক্ষেত্রে গঠিত তাঁত সমবায়ের মোট সংখ্যা ২২০৩, চালু সমবায় সমিতির সংখ্যা মাত্র ৬৪৯। হস্ত ও তাঁত শিল্প ক্ষেত্রে প্রায় ৭ লক্ষ লোক কর্মরত আছেন এবং হস্তচালিত তাঁত বস্ত্রের মোট উৎপাদন ১২,০৪৪ লক্ষ মিটার।

৪.২ **সমবায় সমিতিগুলির দুর্বলতার কয়েকটি প্রধান কারণ হল :**

(ক) সমবায় সমিতিগুলির সাংগঠনিক দুর্বলতা ;

(খ) বহু পুরাতন যন্ত্রপাতি এবং প্রযুক্তি ;

(গ) উৎপাদিত পণ্যের বৈচিত্র্যের অভাব ;

(ঘ) ফ্যাশনদুরস্ত নকশা, নতুন ধরনের বর্ণ-সমন্বয় এবং গঠনগত মানের উৎকর্ষের অনুপস্থিতি ;

(ঙ) অপ্রতুল এবং অ-সংগঠিত বিপণন পদ্ধতি এবং সেই সঙ্গে কেন্দ্রীয় বিপণন সংস্থাগুলির দুর্বলতা ;

(চ) সমবায় সংস্থাগুলিকে যথেষ্ট আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে ব্যাঙ্ক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান সমূহের ঔদাসীন্য ;

(ছ) অপ্রতুল এবং পুরাতন তাঁত-পূর্ব ও তাঁত-উত্তর সুযোগ-সুবিধা।

৪.৩ এই পরিপ্রেক্ষিতে বর্তমান সমবায় সমিতিগুলির অস্তিত্ব বজায় ও উন্নয়নের জন্য আমাদের কিছু কৌশলগত পরিবর্তন সাধন করতে হচ্ছে এবং সমবায় সমিতির আওতাভুক্ত এবং সমিতি-বহির্ভূত তাঁতশিল্পী/কারিগরদের প্রযুক্তিগত এবং অন্যান্য সহায়তা লাভের ক্ষেত্রে প্রবৃত্ত করানোর মঞ্চ হিসাবে বর্তমান সমিতিগুলিকে আমরা ব্যবহার করছি। সংক্ষেপে বলতে

গেলে, তাঁত ও বয়ন শিল্পক্ষেত্রে বর্তমানে সমধিক উল্লেখযোগ্য কর্মপ্রচেষ্টা হল হস্তচালিত তাঁতের উন্নয়ন, বিদ্যুৎচালিত তাঁত ও তৈরি পোশাক উৎপাদনের ক্ষেত্রের প্রসার ও উন্নয়ন, রপ্তানিযোগ্য বস্ত্র সামগ্রীর উন্নয়নে গুরুত্ব আরোপ ইত্যাদি।

উল্লেখ করা যেতে পারে যে, এই পদ্ধতির সুফল ধীরে ধীরে মিলছে। মাত্র কয়েক বছর আগেও হস্তশিল্প ক্ষেত্রে রপ্তানীযোগ্য বস্ত্রের উৎপাদন প্রকৃতপক্ষে ছিলই না। কিন্তু 'প্রজেক্ট প্যাকেজ স্কীম' এবং 'ডেভেলপমেন্ট অফ্ এক্সপোর্টেবল প্রডাক্টস'-এর ন্যায় পরিকল্পসমূহের সূচনা ও তাদের বিপণনের সঙ্গে সঙ্গে সমবায় ক্ষেত্রে প্রাথমিকভাবে রপ্তানীযোগ্য বস্ত্রের উৎপাদন শুরু হয় এবং সমবায় ক্ষেত্রের বাইরেও বর্তমানে এই উৎপাদন ছড়িয়ে পড়েছে। অধুনা, এই রপ্তানীযোগ্য বস্ত্রের মোট উৎপাদন মূল্য প্রায় ২০ কোটি টাকা।

৪.৪ ২০০০-২০০২ সালের গোড়ায় হস্তচালিত তাঁত শিল্পের ক্ষেত্রে বেশকিছু উন্নয়নমূলক পরিকল্প তুলে নেওয়ার পর ভারত সরকার এই ক্ষেত্রের উন্নতির জন্য একটি নতুন পরিকল্প রূপায়ণ করেছেন। হস্তচালিত তাঁত শিল্পের সার্বিক বিকাশের ক্ষেত্রে এটি একটি সুসংহত উদ্যোগ। এই পরিকল্পে দক্ষতা উৎকর্ষীকরণ, নকশা উন্নয়ন, প্রশিক্ষণ, প্রয়োজনীয় তাঁত ও অন্যান্য দ্রব্যাদির যোগান, কমন ফেসিলিটি সেন্টার স্থাপন এবং বিপণন সহায়তা প্রভৃতির ব্যবস্থা করা হয়েছে। মোট তাঁতশিল্পীর ৫০% সমবায় বহির্ভূত। এরা আগেকার সরকারি প্রকল্পগুলির সুযোগ-সুবিধা লাভে বঞ্চিত হচ্ছিলেন। দীন দয়াল হাত খড়গা প্রোৎসাহ পরিকল্পনা নামক এই নতুন প্রকল্পটিতে সমবায়ভুক্ত ও সমবায় বহির্ভূত এই উভয় শ্রেণির তাঁত শিল্পীরই উপকৃত হওয়ার সুযোগ আছে।

৪.৫ ২০০৩-২০০৪ সালে এই বিভাগ ২৫০ লক্ষ টাকা ব্যয়ে ৭৫টি প্রকল্প রূপায়ণের প্রস্তাব করছে যার আওতায় ২০০০ তাঁতী অন্তর্ভুক্ত হবেন। আশা করা যায় যে, এর ফলে বছরে আনুমানিক ১,২০,০০০ অতিরিক্ত মানবদিবস সৃষ্টি করা যাবে। বিপণন প্রোৎসাহে প্রায় ৩৩৩.৯০ লক্ষ টাকা ব্যয়ে একটি পরিকল্পনা রূপায়ণের প্রস্তাব করা হয়েছে যাতেও বছরে অতিরিক্ত ৯ লক্ষ মানবদিবস সৃষ্টি হবে যার আওতায় আসবেন আনুমানিক ১৫০০০ তাঁতশিল্পী।

কম্পিউটার এইডেড ডিজাইনিং/কম্পিউটার এইডেড ম্যাচিং (ক্যাড/কাম) সেন্টার স্থাপন

৪.৬ মানুষের পরিবর্তনশীল চাহিদার উপযোগী করার জন্য নকশার উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই লক্ষ্যে কলিকাতা এবং নদীয়ার শান্তিপুরে ইলেকট্রনিক টেস্ট অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টারে দুটি ক্যাড/ক্যাম কেন্দ্র স্থাপিত হয়েছে। আমার দপ্তর তাঁত শিল্পীদের সহায়তা দানের জন্য বর্ধমান, হুগলী এবং বাঁকুড়ায় আরও তিনটি ক্যাড/ক্যাম কেন্দ্র স্থাপনের প্রস্তাব করছে।

রপ্তানীযোগ্য দ্রব্যাদির উন্নয়ন এবং বিপণনের জন্য পরিকল্প

৪.৭ এটি একটি কেন্দ্রীয় প্রকল্প যা রাজ্য সরকার মারফত রপ্তানীযোগ্য দ্রব্যের উন্নয়ন এবং তাদের বিপণনের উদ্দেশ্যে রূপায়িত হয়। এই প্রকল্পের অধীনে রাজ্য থেকে হস্তচালিত

তাঁতজাত দ্রব্যের রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে উৎপাদিত সামগ্রীর উন্নয়ন, নকশার নতুনত্ব, দক্ষতার উৎকর্ষীকরণ, প্রচার, বৈদেশিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ এবং ক্রেতা-বিক্রেতা সম্মেলন সংগঠন প্রভৃতিতে আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে।

সুসংহত হস্তচালিত তাঁত প্রশিক্ষণ প্রকল্প

৪.৮ এই কেন্দ্রীয় প্রকল্পে হস্তচালিত তাঁতশিল্পীদের দেশীয় এবং আন্তর্জাতিক বাজারে বৈচিত্র্যপূর্ণ উন্নতমানের দ্রব্যাদি উৎপাদন এবং বিপণনের ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি, পরিচালন এবং বিপণন দক্ষতা প্রভৃতিতে বহুমুখী প্রশিক্ষণ এবং উন্নতমানের যন্ত্রাদি সরবরাহের ব্যবস্থা করা হয়। এটি ২০০৩-২০০৪ সালের জন্য একটি নতুন পরিকল্প যার আওতায় ১০০০ তাঁতী/নকশাকারক অন্তর্ভুক্ত হবেন। ২০০৩-২০০৪ সালে এই প্রকল্পে ৭৫ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

বস্ত্রশিল্প কেন্দ্রের পরিকাঠামোগত উন্নয়ন পরিকল্পনা (TCIDS)

৪.৯ প্রধানত বস্ত্রশিল্প রপ্তানীক্ষেত্রের পরিকাঠামোগত সুবিধাদানের লক্ষ্যে এটি একটি কেন্দ্র পোষিত পরিকল্প। এই পরিকল্পটির কিছু ব্যবস্থা নিম্নরূপ :

(ক) সাধারণ প্রবাহ পরিচালনা সংক্রান্ত সুবিধা
(খ) পরীক্ষণের সুবিধা সংক্রান্ত ব্যবস্থা
(গ) বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার সুদৃঢ়করণ
(ঘ) নকশা কেন্দ্র স্থাপন
(ঙ) সড়ক, নিকাশী ব্যবস্থা ইত্যাদির উন্নয়ন

৪.১০ দশহাজার বয়নশিল্পী/কারিগরের সুবিধাকল্পে ২০০৩-২০০৪ সালে কেন্দ্র পোষিত প্রকল্পে ৫০০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

কার্যকরী মূলধনের উপর সুদ মঞ্জুর

৪.১১ হস্ততাঁত শিল্পে যথেষ্ট পরিমাণ কার্যকরী মূলধন সংস্থানের জন্য হস্ততাঁত শিল্পের আর্থিক বিকাশ প্রকল্পের অন্তর্গত নাবার্ড দ্বারা মঞ্জুরীকৃত নগদ ঋণ সীমার সর্বোত্তম প্রয়োগের উপর জোর দেওয়া হচ্ছে। এই প্রকল্পে প্রাথমিক বয়নশিল্পী সমবায় সমিতি এবং রাজ্যভিত্তিক সংস্থাগুলিকে গৃহীত ঋণের উপর শতকরা ৩ ভাগ সুদ মঞ্জুর করা হয়েছে। ২০০৩-০৪ আর্থিক বছরে ৩৬৫টি প্রাথমিক বয়নশিল্পী সমবায় সমিতি এবং ২টি রাজ্যভিত্তিক সংস্থাকে আওতাভুক্ত করার জন্য ২৬.৯৩ লক্ষ টাকা প্রস্তাবিত হয়েছে।

তাঁতবিহীন কারিগরদের জন্য পরিকল্প

৪.১২ অনেক বয়নশিল্পী আছেন যাঁদের নিজস্ব কোনো তাঁত নেই। তাঁরা পারিশ্রমিকের বিনিময়ে অন্য তাঁতে খাটেন। এই তাঁতবিহীন কারিগরদের সহায়তার জন্য এই দপ্তর একটি সাধারণ ওয়ার্কসেড-কাম-ওয়্যার হাউস নির্মাণ প্রকল্প শুরু করেছে। এই খাতে ২০০৩-০৪ সালে ১০০ লক্ষ টাকা প্রস্তাবিত হয়েছে।

তাঁত হাট (গ্রামীণ) নির্মাণ

৪.১৩ এটি একটি কেন্দ্র-পোষিত পরিকল্প যার লক্ষ্য হল একটি তাঁত হাট তথা বিপণন কেন্দ্র নির্মাণ করে হস্তচালিত তাঁতজাত দ্রব্যাদি উক্ত বিপণন সরণির মাধ্যমে সঠিকভাবে বাজারে প্রেরণ করা। অনুমান করা হচ্ছে যে প্রায় ১০,০০০ তন্তুবায় তাঁদের উৎপাদন সামগ্রী বাজারজাত করার বিষয়ে এর মাধ্যমে উপকৃত হবেন।

সমবায়ভুক্ত বয়স্ক তাঁতশিল্পীদের অবসরকালীন ভাতা প্রদান

৪.১৪ ভারত সরকারের সহায়তায় আমার দপ্তর হস্তচালিত তাঁতশিল্পীদের জন্য বেশ কিছু কল্যাণমূলক এবং সামাজিক নিরাপত্তামূলক প্রকল্প রূপায়ণ করে চলেছে। যে সকল সমবায় সমিতিভুক্ত তাঁতশিল্পীদের বয়স ৬০ অতিক্রান্ত হয়েছে, তাঁদের মাসিক ৪০০ টাকা করে অবসরকালীনভাতা প্রদান করা হয়। এখন পর্যন্ত ১৫৯০ জন হস্তচালিত তাঁতশিল্পী এই প্রকল্পের আওতায় অবসরভাতা পেয়েছেন।

ভবিষ্যনিধি/মিতব্যয়ী তহবিল

৪.১৫ এটি একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র-পোষিত সমাজকল্যাণমূলক পরিকল্প। এই পরিকল্পে দেয় অর্থ যৌথভাবে এবং সমানভাবে রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, প্রাথমিক তন্তুবায় সমবায় সমিতি এবং সংশ্লিষ্ট তন্তুবায় সদস্য প্রদান করে থাকেন। যৌথভাবে প্রত্যেকে এই প্রকল্পে মজুরীর ৩ শতাংশ হারে বাৎসরিক সর্বোচ্চ ৯০ টাকা পর্যন্ত তাঁতশিল্পী পিছু অর্থ প্রদান করেন। ১৭,৪০৫ জন হস্তচালিত তন্তুবায় এ পর্যন্ত এই পরিকল্পের আওতায় এসেছেন। ২০০৩-২০০৪ আর্থিক বছরে ১৮,০০০ জন হস্তচালিত তন্তুবায়কে এই পরিকল্পের আওতায় আনার জন্য ২০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

গুচ্ছ সঞ্চয় যুক্ত বীমা প্রকল্প

৪.১৬ বয়োবৃদ্ধ তাঁতশিল্পীদের সুবিধার্থে এবং তাঁতশিল্পীদের দুর্ভাগ্যজনক মৃত্যুর পরিপ্রেক্ষিতে তাঁদের পরিবারকে রক্ষা করার জন্য রাজ্য কেন্দ্র-পোষিত এই পরিকল্পটি রূপায়িত হচ্চে। এই প্রকল্প মোতাবেক, বাৎসরিক ১২০ টাকা কিস্তির বিনিময়ে প্রত্যেক অংশগ্রহণকারী তন্তুবায় সদস্যকে এই বীমা প্রকল্পের আওতায় আনা হয় এবং উক্ত পরিমাণ অর্থ ভারত সরকার, রাজ্য সরকার এবং অংশীদার তন্তুবায় সদস্য সমান অংশে প্রদান করে থাকেন। এখন পর্যন্ত ৭,৫০০ জন তন্তুবায় এই প্রকল্পের আওতায় এসেছেন। ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৮,২২৫ জন তন্তুবায়কে এই প্রকল্পের সুবিধা দেওয়ার জন্য ৩.২৯ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৪.১৭ সমবায় সমিতিভুক্ত হস্তচালিত তন্তুবায়দের রোগব্যাধির চিকিৎসায় তাঁদের সাহায্য করার লক্ষ্যে এই কেন্দ্রীয় সরকার পরিচালিত পরিকল্পটি রূপায়িত হচ্ছে। যক্ষ্মা, হাঁপানি প্রভৃতি রোগের চিকিৎসায় প্রতি তন্তুবায় সদস্যকে বার্ষিক ১,৫০০ টাকা পর্যন্ত চিকিৎসা পুনর্ভরণ দেওয়া হয়ে থাকে।

এই পর্যন্ত মোট ১০,০৮৮ জন তন্তুবায় এই প্রকল্পের আওতায় এসেছেন। ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৬৮৫ জন তন্তুবায়কে এই প্রকল্পের সুবিধা প্রদানের লক্ষ্যে ৫ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

তৈরি পোশাক উৎপাদন ক্ষেত্র

৪.১৮ এই রাজ্যে বর্তমানে ৭১৩টি লাইসেন্সপ্রাপ্ত তৈরি পোশাক উৎপাদন সংস্থা রয়েছে যার মধ্যে ৬৭টি হল সমবায় সমিতি। এখানকার তৈরি পোশাক শিল্পের উৎপাদন দেশের মোট উৎপাদনের ৪০ শতাংশ এবং প্রায় ২ লাখ লোক এই শিল্পে কর্মরত আছেন। আমার দপ্তর এই ক্ষেত্রে সার্বিক উন্নতির প্রচেষ্টার সঙ্গে সঙ্গে এই ক্ষেত্রের আধুনিকীকরণের চেষ্টাও চালাচ্ছে। রাজ্যে একটি অ্যাপারেল পার্ক স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে যাতে তৈরি পোশাক উৎপাদনের ক্ষেত্রে একটি সুসংহত কর্মসূচি গ্রহণ করা যায়। এই প্রকার একটি শিল্পকেন্দ্র স্থাপনের প্রাথমিক ব্যয় হিসাবে ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৪০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

হোসিয়ারী শিল্প ক্ষেত্র

৪.১৯ এই রাজ্যে ২২৯১টি ক্ষুদ্র এবং মাঝারি হোসিয়ারী ইউনিট রয়েছে যেগুলি মূলত কলকাতা ও হাওড়া জেলা এবং তার পার্শ্ববর্তী এলাকাসমূহে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। হোসিয়ারী শিল্পের এইসব ইউনিটগুলি নীটিং (Knitting), কাটিং (Cutting), সেলাই ও প্রসেসিং পৃথকভাবে করে থাকে। হোসিয়ারী শিল্প—যার একসময় এই রাজ্যে খুবই উজ্জীবিত ভূমিকা ছিল, কার্যকরী মূলধন দিয়ে এবং হোসিয়ারী সমবায়গুলির শেয়ার ক্রয় করে আমার দপ্তর সেই শিল্পের পুনরুজ্জীবনের চেষ্টা করছে।

সূতাকল (স্পিনিং মিল)

৪.২০ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তরের নিয়ন্ত্রণাধীন ছয়টি সূতাকল আছে যেগুলির প্রত্যেকটিই প্রথমে এই রাজ্যের তন্তুবায় শিল্পীদের দিয়ে জনতা বস্ত্র নির্মাণের জন্য মাঝারিমানের কার্পাস তুলোর সুতো যোগান দেওয়ার উদ্দেশ্যে ব্যবহৃত হত। ভারত সরকার জনতা পরিকল্প বন্ধ করে দেওয়ার এই সূতাকলগুলির বিভিন্ন মানের সূতা নির্মাণেরদিকে নজর দেওয়া ছাড়া আর কোনো উপায় রইল না।

৪.২১ সূতা নির্মাণের ক্ষেত্রে বৈচিত্র্য আনয়ন এবং আর্থিক স্বয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে সূতাকলগুলির আধুনিকীকরণের প্রয়াস ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে।

অ্যাপেকস/কেন্দ্রীয় বিপণন সংস্থা

৪.২২ প্রাথমিক তন্তুবায় সমবায় সমিতিগুলির এবং সমবায় বহির্ভূত হস্তচালিত তাঁতশিল্পীদের বিপণনের ব্যাপারে সহায়তা প্রদানের জন্য প্রধানত দুটি কেন্দ্রীয় বিপণন সংস্থা আছে। যেগুলি হল পশ্চিমবঙ্গ রাজ্য হস্তচালিত তন্তুবায় সমিতি লিমিটেড (তন্তুজ) এবং পশ্চিমবঙ্গ হস্তচালিত তাঁত ও বিদ্যুৎচালিত তাঁত উন্নয়ন নিগম লিমিটেড (তন্তুশ্রী), এই সব

সংস্থাগুলি সমবায় সমিতি এবং কারিগরদের কাছ থেকে হস্তচালিত তাঁতজাত বস্ত্র সংগ্রহ করে খুচরো বিক্রয় কেন্দ্রগুলির মাধ্যমে বিক্রি করে। এই সব প্রতিষ্ঠানগুলির আর্থিক অবস্থা অবশ্য চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে, সরকার তাঁতশিল্পে ব্যয় হ্রাস, উপার্জনবৃদ্ধি ও উন্নত বিপণন সহায়তা প্রদানের উদ্দেশ্যে দীনদয়াল হাত খড়গা প্রোৎসাহন পরিকল্পনা নামক নতুন প্রকল্প স্থাপনের মাধ্যমে এই সব সংস্থাগুলির পরিচালন পদ্ধতিতে পরিবর্তন আনতে উদ্যোগী ভূমিকা নিয়েছে এবং ডি ডি এইচ পি পরিকল্পে ৪৭৩.৯০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

৪.২৩ এছাড়া রাজ্য সরকার এই প্রতিষ্ঠানগুলিকে ইক্যুইটি, ঋণ, সুদের উপর ভর্তুকি এবং পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক ইত্যাদি থেকে গৃহীত ঋণের ক্ষেত্রে নিশ্চয়তা (গ্যারান্টি) দিয়ে সহায়তা করে থাকে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি বলে আমি আমার বাজেট ভাষণ শেষ করছি এবং আমি সংশ্লিষ্ট দাবির অধীনে প্রস্তাবিত ব্যয় অনুমোদনের জন্য মাননীয় সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করছি।

DEMAND No. 12

Major Heads : 2402—Soil and Water Conservation, 2505—Rural Employment, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat—Economic Services, 3452—Tourism, 3454—Census, Surveys and Statistics and 4575—Capital Outlay on Other Special Areas Programme

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 143,91,18,000 be granted for expenditure under Demand No. 12, Major Heads : "2402—Soil and Water Conservation, 2505—Rural Employment, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat—Economic Services, 3452—Tourism, 3454—Census, Surveys and Statistics and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 47,97,06,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ২০০৩-২০০৪ আর্থিক বৎসরের ব্যয়নির্বাহের জন্য ১২নং অভিযাচনের নিম্নোক্ত মুখ্যখাতগুলিতে মোট ১৪৩,৯১,১৮,০০০.০০ (একশ তেতাল্লিশ কোটি একানব্বই লক্ষ আঠারো হাজার) টাকা

এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ৪৭,৯৭,০৬,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত) অনুমোদিত হোক—

(১) ২৪০২-সয়েল অ্যান্ড ওয়াটার কনজারভেশন—২,০৫,০০০.০০ টাকা (এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ৬৮,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত),

(২) ২৫০৫-রুরাল এমপ্লয়মেন্ট—৮,৭২,৯৩,০০০.০০ টাকা (এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ২,৯০,৯৮,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত,

(৩) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়া প্রোগ্রামস্—১১৬,৫৫,১৫,০০০.০০ টাকা (এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ৩৮,৮৫,০৫,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত),

(৪) ৩৪৫১-সেক্রেটারিয়েট-ইকনমিক সার্ভিসেস ৭,২৭,১২,০০০.০০ টাকা (এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ২,৪২,৩৭,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত),

(৫) ৩৪৫২-ট্যুরিজম—৮৩,৪৫,০০০.০০ টাকা (এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ২৭,৮২,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত),

(৬) ৩৪৫৪-সেন্সাস, সার্ভেজ অ্যান্ড স্ট্যাটিসটিক্স—১০,৪৯,২৫,০০০.০০ টাকা (এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ৩,৪৯,৭৫,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত),

(৭) ৪৫৭৫-ক্যাপিটাল আউটলে অন আদার স্পেশাল এরিয়া প্রোগ্রামস্—১,২৩,০০০.০০ টাকা (এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে পাশ করা ৪১,০০০.০০ টাকা অন্তর্ভুক্ত)।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর রাজ্যের সার্বিক উন্নয়ন ও পরিকল্পনা নীতি প্রণয়ন ও রূপায়ণে দায়িত্বপ্রাপ্ত। রাজ্য যোজনা পর্ষদের নির্দেশনায় ও রাজ্যের বিভিন্ন দপ্তরের সহযোগিতার মাধ্যমে রাজ্যের পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বার্ষিক যোজনা রূপায়ণের কাজে এই দপ্তর বিভিন্ন দপ্তরগুলির মধ্যে সমন্বয়সাধনও করে থাকে। ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান সংস্থা, মূল্যায়ন, জনশক্তি ও নজরদারি অধিকার, রাজ্য ভূমি ব্যবহার পর্ষদ, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, পশ্চিমবঙ্গ সামগ্রিক এলাকা উন্নয়ন নিগম (সি এ ডি সি) এবং দীঘা উন্নয়ন প্রকল্প প্রভৃতি এই দপ্তরের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন। তাছাড়া বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প, প্রাকৃতিক সম্পদ পরিসংখ্যান ব্যবস্থাপন প্রকল্প (এন আর ডি এম এস), রাষ্ট্রীয় সাম বিকাশ যোজনা প্রভৃতি প্রকল্পগুলির প্রশাসনিক দপ্তর হিসাবে এই দপ্তর কাজ করে। এছাড়াও জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্প যথা সাংসদ এলাকা উন্নয়ন প্রকল্পও প্রধানমন্ত্রী গ্রামোদয় যোজনা প্রভৃতি প্রকল্পের নিয়ামক (নোডাল) দপ্তর হিসাবে এই দপ্তর কাজ করে।

রাজ্য যোজনা পর্ষদের চেয়ারম্যান মুখ্যমন্ত্রীর অধীনে রাজ্য যোজনা পর্ষদ বিভিন্ন দপ্তরের সঙ্গে ক্রমান্বয়ে আলাপ-আলোচনায় দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০০২-২০০৩ থেকে ২০০৬-২০০৭) এবং বার্ষিক পরিকল্পনা (২০০৩-২০০৪) প্রস্তুত করেছে।

রাজ্য যোজনা পর্ষদ প্ল্যানিং কমিশনের সহযোগিতায় রাজ্য উন্নয়ন প্রতিবেদন তৈরির কাজ শুরু করেছে। এই প্রতিবেদন রাজ্য আর্থিক ব্যবস্থার বিভিন্ন ক্ষেত্রের একটি বিশ্লেষণমূলক চিত্র তুলে ধরবে।

ইউ এন ডি পি ও পরিকল্পনা আয়োগের সহযোগিতায় "পশ্চিমবঙ্গ মানব উন্নয়ন প্রতিবেদন"-এর কাজও যোজনা পর্ষদ হাতে নিয়েছে। রাজ্যের ও রাজ্যের বাইরের বিদগ্ধ ব্যক্তিরা এই কাজে নিয়োজিত হয়েছেন।

ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান সংস্থা (ব্যুরো) রাজ্যের বিভিন্ন পরিসংখ্যানগত তথ্য সংগ্রহ ও একত্রীকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত। সময়ে সময়ে অর্থনৈতিক গণনা সম্পাদনা করাও এই সংস্থার এক্তিয়ারে। ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান সংস্থা শিল্প উৎপাদনসূচক, পাইকারি মূল্যসূচক ও ভোগ্যপণ্য মূল্যসূচক তৈরি করে। কলকাতার জন্য মাসিক পাইকারি মূল্যসূচক, ডিসেম্বর ২০০২ এবং ভোগ্যপণ্য মূল্যসূচক, জানুয়ারি ২০০৩ প্রস্তুত করা হয়েছে। শিল্প উৎপাদনসূচক, সেপ্টেম্বর-২০০২ ও চূড়ান্ত করা হয়েছে।

২০০১-২০০২ সালের শিল্পের বার্ষিক সমীক্ষা সম্পর্কীয় ক্ষেত্রীয়কর্ম অগ্রগতির পথে। এই সমীক্ষা ভারত সরকারের জাতীয় নমুনা সমীক্ষার থেকে ভিন্ন।

এই সংস্থা ভারত সরকারের জাতীয় নমুনা সমীক্ষা সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে পশ্চিমবঙ্গে ভূমি ও প্রাণীসম্পদ সংরক্ষণ এবং ঋণ ও বিনিয়োগের উপর ৫৯তম সমীক্ষার কাজ করছে। এই সংস্থা রাজ্যের উৎপাদন (এস ডি পি)-এর হিসাব নিয়মিতভাবে নিয়মিত করে এবং এই কাজ ২০০২-২০০৩-এর জন্য প্রস্তুত করা হয়েছে।

এই সংস্থা রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন সমস্ত কার্যালয়ের কর্মচারী সংক্রান্ত সেন্সাসের কাজ পরিচালনা করে। এ বিষয়ে ১৯৯৬, ১৯৯৭ ও ১৯৯৯ সালের একটি যৌথ প্রতিবেদন প্রকাশিত হয়েছে। ২০০০-২০০১ সালের জন্য এই কাজ শুরু করা হয়েছে।

রাজ্য সরকার যে সমস্ত বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠনের খরচাদি বহন করে তার কর্মচারী সংক্রান্ত সমস্ত তথ্য সংগ্রহের কাজ ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান সংস্থা গ্রহণ করেছে।

এই সংস্থা রাজ্যের প্রতিটি ব্লকে জমি পরিদর্শন এবং ফসল কাটার সমীক্ষার ভিত্তিতে পশ্চিমবঙ্গে উৎপাদিত ১৯টি প্রধান শস্যের উৎপাদনহার এবং উৎপাদন সম্বন্ধে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত। ২০০২-২০০৩ সালের খরিফ ও রবি মরশুমের সমস্ত শস্যের উৎপাদন সংক্রান্ত তথ্যের কাজ চূড়ান্ত করা হয়েছে।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এই সংস্থা পরীক্ষামূলকভাবে নদিয়া জেলার গ্রাম পঞ্চায়েত এলাকায় বীমার আওতাভুক্ত ২০০০-২০০১ সালের গ্রীষ্মকালীন এবং মালদা ও পুরুলিয়া জেলার ২০০২-২০০৩ সালের শীতকালীন বোরো এবং আমন ধানের উৎপাদন হারের তথ্য প্রস্তুত করছে। চাল, গম, আলু, সরিষা ও মাসকলাইয়ের বিক্রয়যোগ্য উদ্বৃত্ত ২০০০-২০০১ সালের জন্য নিরূপণ করা হয়েছে এবং ২০০১-২০০২ সালের জন্য এই কাজের প্রস্তুতি চলছে।

এই সংস্থার বিভিন্ন পরিসংখ্যান সংক্রান্ত প্রকাশনা যথা—পশ্চিমবঙ্গের সংক্ষিপ্ত পরিসংখ্যান, জেলা পরিসংখ্যান সার পুস্তিকা, রাজ্য পরিসংখ্যান পুস্তিকা এবং পশ্চিমবঙ্গের আর্থিক বিষয়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রভৃতি নিয়মিত করা হয়েছে এবং সংস্থার (ব্যুরো) অফিস চত্বরে বিক্রয় কেন্দ্রে সেগুলি পাওয়া যাবে। জেলা পরিসংখ্যান কার্যালয়গুলির আধুনিকীকরণ ও সুদৃঢ়করণের নিমিত্ত এই সংস্থা কম্পিউটার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি সরবরাহের ব্যবস্থা করেছে। বর্তমান পরিকাঠামোর আধুনিকীকরণ ও উন্নয়নের আরও প্রয়োজন রয়েছে এবং সেজন্য ২০০৩-২০০৪ সালের বাজেটে ২৩ লক্ষ টাকার সংস্থান করার প্রস্তাব দেওয়া হয়েছে।

এই দপ্তরের অধীন মূল্যায়ন, জনশক্তি ও নজরদারি অধিকার রাজ্য সরকারি প্রকল্পগুলি সফলভাবে রূপায়ণের জন্য প্রয়োজনীয় নজরদারি, মূল্যায়ন এবং জনশক্তি ব্যবহারের চর্চায় নিযুক্ত আছে। এই অধিকার গঠিত হবার পর থেকে বিভিন্ন সরকারি কার্যসূচির উপর প্রায় ৬২টি মূল্যায়ন সম্পন্ন করেছে। উপরন্তু আরও ১৫টি প্রতিবেদন সম্পূর্ণ হয়েছে ও ৭টির কাজ চলছে। এছাড়া তফসিলি জাতি ও উপজাতির উন্নয়নের মূল্যায়ন করার লক্ষ্যে উত্তরবঙ্গে একটি সেমিনারের আয়োজন করা হয়েছিল।

জমি সদ্ব্যবহার, জমির মাটি ও জল সংরক্ষণ ও বন্যা নিয়ন্ত্রণ ইত্যাদি সম্পর্কিত উপযুক্ত পরীক্ষা-নিরীক্ষা এবং সংশ্লিষ্ট বিষয়ে রাজ্য সরকারকে পরামর্শ দেওয়া ও পরিকল্পনা প্রণয়নের কাজে নিয়োজনের জন্য 'স্টেট ল্যান্ড ইউজ বোর্ড' গঠিত হয়েছে। রাজ্য সরকার 'স্টেট ল্যান্ড ইউজ বোর্ড'-এর কাজকর্মের উন্নতিসাধনের চেষ্টা করছেন। সম্প্রতি রাজ্য যোজনা পর্ষদের সদস্য ডঃ ভি কে রামচন্দ্রন স্টেট ল্যান্ড ইউজ বোর্ডের সভাপতির দায়িত্বভার গ্রহণ করেছেন।

পশ্চিমবঙ্গ সামগ্রিক এলাকা উন্নয়ন নিগম কৃষকদের সাহায্য করার লক্ষ্যে কৃষি এবং আনুষঙ্গিক কার্যকলাপের উন্নয়ন, জলসম্পদের বিজ্ঞানসম্মত পরিচালন, পশুসম্পদ উন্নয়ন, ক্ষুদ্রশিল্প এবং মৎস্যচাষ উন্নয়নের কাজে যুক্ত আছে। বাঁকুড়ায় একটি কৃষিবিজ্ঞান কেন্দ্র সহ এই নিগমের বিভিন্ন জেলার গ্রামাঞ্চলে ২১টি প্রকল্প রয়েছে। ২০০৩-২০০৪ সালের বাজেটে এই নিগমের জন্য ৪৬৮.৪৭ লক্ষ টাকার বরাদ্দ আছে।

কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলার সামগ্রিক ও পরিপূর্ণ উন্নয়নের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ ২০০০ সালের মে মাসে

গঠিত হয়। মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের সভাপতি। এই পর্ষদ তার এলাকাধীন জেলাগুলির পরিকল্পনা প্রণয়ন ও রূপায়ণ করে। ২০০৩-২০০৪ আর্থিক বছরে পর্ষদের জন্য ৪৯২.৭৭ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

এ রাজ্যের অনুন্নত লাল কাঁকুড়ে মাটির অঞ্চলের দ্রুত ও সম্পূর্ণ বিকাশের জন্য পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম এবং বর্ধমান এই পাঁচটি জেলার ১৩টি মহকুমার ৭৩টি ব্লক নিয়ে ২০০০ সালের মে মাসে 'পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ' গঠিত হয়। ২০০৩-২০০৪ আর্থিক বছরে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের জন্য ২৮০.৩৩ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

প্রাকৃতিক সম্পদ পরিসংখ্যান ব্যবস্থাপন প্রকল্প (এন আর ডি এম এস) মূলত একটি কম্পিউটার নির্ভর পরিসংখ্যান ব্যবস্থাপনা প্রকল্প। এর মাধ্যমে বিভিন্ন প্রাকৃতিক সম্পদের তথ্যের পর্যবেক্ষণ, বিশ্লেষণ ইত্যাদি করা হয়। ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের প্রত্যক্ষ তত্ত্বাবধান ও নির্দেশনায় এই প্রকল্পটি ১৯৯০ সালে বাঁকুড়া, পুরুলিয়া ও মেদিনীপুর জেলায় প্রাথমিকভাবে চালু করা হয়। বাঁকুড়ার এন আর ডি এম এস কেন্দ্রটি পরে ১৯৯৩ সালে আঞ্চলিক কেন্দ্রে উন্নীত করা হয় ও এই আঞ্চলিক অফিসের অন্তর্গত মেদিনীপুর ও পুরুলিয়া জেলায় দুটি উপকেন্দ্র স্থাপন করা হয়েছে। সংশ্লিষ্ট কেন্দ্রগুলি জেলায় অবস্থিত বিভিন্ন দপ্তরের পক্ষে খুবই উপযোগী প্রমাণিত হয়েছে। এই কেন্দ্রগুলি ১.৪.২০০০ থেকে রাজ্য সরকার অধিগ্রহণ করে এবং জেলাশাসকদের অধীনে ও রাজ্যের বিভিন্ন বিশেষজ্ঞ দ্বারা গঠিত উচ্চ পর্যায়ের টেকনিক্যাল স্টিয়ারিং কমিটির তত্ত্বাবধানে সার্থকভাবে তাদের কার্য সম্পাদন করে চলেছে। গত আর্থিক বছরে জলপাইগুড়িতেও একটি এন আর ডি এম এস কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই প্রকল্পে ২০০৩-২০০৪ সালে ২.৬৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

২০০০-২০০১ সালে পশ্চিমবঙ্গ সরকার বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প (বি ই ইউ পি) চালু করেছে। বিধায়করা যাতে নিজ নিজ বিধানসভা কেন্দ্রে পঞ্চায়েত ও মিউনিসিপ্যালিটির সঙ্গে সমন্বয় রেখে উন্নয়নমূলক প্রকল্পের কাজ করাতে পারেন সেই উদ্দেশ্যেই এই প্রকল্প চালু হয়েছিল। ২০০২-২০০৩ সাল থেকে প্রত্যেক বিধায়কের জন্য এই টাকার পরিমাণ ২৫.০০ লক্ষ টাকা করা হয়েছে। ২০০৩-২০০৪ সালে ৭৩৭৫.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ করা হয়েছে।

মাননীয় সদস্যবৃন্দ, আমাদের সরকারের মূল লক্ষ্য হল মানুষের জীবনযাত্রার গুণগত উন্নতিসাধন করা এবং সামাজিক ন্যায়বিচার সুনিশ্চিত করা। বিকেন্দ্রীকৃত পরিকল্পনার মাধ্যমে আমরা চাই গোটা রাজ্যে সুষম উন্নয়ন সুনিশ্চিত করতে। আমরা বিশ্বাস করি সমগ্র পরিকল্পনা পদ্ধতি এবং তার রূপায়ণ সাফল্য লাভ করতে পারে কেবলমাত্র জনগণের সক্রিয় অংশগ্রহণের মধ্য দিয়ে। এবং আমাদের এই প্রচেষ্টায় আমি আপনাদের সহযোগিতা কামনা করি।

এই বলে আমি নিম্নে বর্ণিত ২০০৩-২০০৪ আর্থিক বছরের প্রস্তাবিত ব্যয় অনুমোদনের জন্য এই সভাকে অনুরোধ জানাই।

১২নং অভিযাচন

	মুখ্যখাত	মোট অর্থ বরাদ্দ (টাকায়)
১।	২৪০২-সয়েল অ্যান্ড ওয়াটার কনজারভেশন	২,০৫,০০০.০০
২।	২৫০৫-রুরাল এমপ্লয়মেন্ট	৮,৭২,৯৩,০০০.০০
৩।	২৫৭৫-আদার স্পেশ্যাল এরিয়া প্রোগ্রামস্	১১৬,৫৫,১৫,০০০.০০
৪।	৩৪৫১-সেক্রেটারিয়েট ইকনমিক সার্ভিসেস	৭,২৭,১২,০০০.০০
৫।	৩৪৫২-ট্যুরিজম	৮৩,৪৫,০০০.০০
৬।	৩৪৫৪-সেন্সাস, সার্ভেজ অ্যান্ড স্ট্যাটিসটিক্স	১০,৪৯,২৫,০০০.০০
৭।	৪৫৭৫-ক্যাপিটাল আউটলে অন আদার স্পেশাল এরিয়া প্রোগ্রামস্	১,২৩,০০০.০০
	মোট ১২নং অভিযাচন	১৪৩,৯১,১৮,০০০.০০

DEMAND No. 13

Major Heads : 2202—General Education, 2203—Technical Education, 2204—Sports and Youth Services, 2205—Art and Culture, 2251—Secretariat—Social Services, 3454—Census, Surveys and Statistics and 6202—Loans for Education, Sports, Art and Culture

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 668,86,99,000 be granted for expenditure under Demand No. 13, Major Heads : "2202—General Education, 2203—Technical Education, 2204—Sports and Youth Services, 2205—Art and Culture, 2251—Secretariat—Social Services, 3454—Census, Surveys and Statistics and 6202—Loans for Education, Sports, Art and Culture" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 222,95,67,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ১৩নং অভিযাচনের অন্তর্গত "২২০২-সাধারণ শিক্ষা", "২২০৩-কারিগরী শিক্ষা, "২২০৪-ক্রীড়া ও যুব পরিষেবা" "২২০৫-কলা ও

সংস্কৃতি", "৩৪৫৪-সেন্সাস, সার্ভে এবং স্ট্যাটিসটিক্স" "৬২০২-লোনস্ ফর এডুকেশন স্পোর্টস, আর্টস অ্যান্ড কালচার" এবং "২২৫১-সেক্রেটারিয়েট-সোস্যাল সার্ভিস" এই খাতে ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য মোট ৬৬৮,৮৬,৯৯,০০০ (ছ'শ আটষট্টি কোটি ছিয়াশি লক্ষ নিরানব্বই হাজার) টাকা ব্যয়বরাদ্দ প্রস্তাব পেশ করছি। ২০০৩-২০০৪ সালের শিক্ষাখাতে ব্যয়বরাদ্দের বৃহৎ অংশ ১৩নং অভিযাচনের অন্তর্গত উপরোক্ত সাতটি খাতে প্রস্তাবের অন্তর্ভুক্ত আছে।

২। অন্তর্বর্তীকালের ব্যয়ের জন্য প্রস্তাবিত ২২২,৯৫,৬৭,০০০ (দু'শ বাইশ কোটি পঁচানব্বই লক্ষ সাতষট্টি হাজার) টাকা উপরোক্ত প্রস্তাবটির অন্তর্ভুক্ত।

৩। এই রাজ্যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে উচ্চশিক্ষার জন্য আমরা ২৭তম বাজেট প্রস্তাব এই বিধানসভায় উত্থাপন করতে চলেছি। পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষার ক্ষেত্রে গত পঁচিশ বছরের অধিককাল সময়ে লব্ধ বহুবিধ ও বিভিন্ন প্রকারের সফলতা অর্জন করা গেছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে সম্পূর্ণ স্বাভাবিক পরিবেশ ফিরে আসার ফলে শিক্ষা, শিক্ষণ এবং পরীক্ষা ব্যবস্থা বিনা প্রতিবন্ধকতায় ও নিরবচ্ছিন্নভাবে এগিয়ে যেতে পেরেছে। সাধারণ ও পেশাগত বিষয়ে উচ্চশিক্ষার সুযোগ যথেষ্ট পরিমাণে প্রসারিত হয়েছে এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে পরিকাঠামোগত উন্নতির জন্য সাহায্য দেওয়া হয়েছে। অধিকন্তু, পে-প্যাকেট স্কীমের মাধ্যমে শিক্ষকদের বেতন প্রদান সুনিশ্চিত করা হয়েছে এবং নতুন ইউ.জি.সি. বেতনক্রম সময়মত প্রবর্তন করা হয়েছে। নূতন সংবিধি ও আইনের সাহায্যে উচ্চশিক্ষার প্রতিষ্ঠানগুলিতে গণতান্ত্রিক পরিচালনা নিশ্চিত করা হয়েছে। উচ্চমাধ্যমিকের ক্লাসগুলিকে বিদ্যালয়ে স্থানান্তরিত করা হয়েছে ফলে কলেজগুলিতে স্থান, সময় ও বিভিন্ন পদগুলি উচ্চশিক্ষা প্রদানের জন্য পাওয়া যাচ্ছে। পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা সংসদ রাজ্যে উচ্চশিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ ও সমন্বয়সাধনের জন্য স্থাপিত হয়েছে। একটি মুক্ত বিশ্ববিদ্যালয় এবং অনেকগুলি সাধারণ ও বিশেষ বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠিত হয়েছে। এছাড়া কলেজগুলিতে শিক্ষক নির্বাচন করার জন্য মহাবিদ্যালয় কৃত্যক আয়োগ প্রতিষ্ঠা করা হয়েছে। মাননীয় সদস্যরা জানেন যে উচ্চশিক্ষার জন্য পশ্চিমবঙ্গে দেশের মধ্যে অন্যতম বৃহৎ বাজেট বরাদ্দ করা হয়। যথেষ্ট সরকারি সাহায্য এবং বিবেচনা প্রসূত পরিকল্পনার ফলে উচ্চশিক্ষার ক্ষেত্রে সাফল্যের তালিকা যথেষ্ট উৎসাহব্যঞ্জক। তথাপি অনেক কিছু করার আছে। যত কিছু অর্জন করা গেছে তাকে এগিয়ে নিয়ে যাওয়া এবং টিকিয়ে রাখাই শুধু নয় আরও উচ্চ ও উন্নত লক্ষ্যের জন্য সংগ্রাম চালাতে হবে। লব্ধ সাফল্যের কোনো একটি জায়গায় আমরা এসে থেমে থাকতে পারি না।

৪। নীচের বর্ণিত সামাজিক পরিবর্তনগুলি পশ্চিমবঙ্গের জনগণকে আরও অধিক এবং উন্নততর উচ্চশিক্ষার জন্য দাবি করতে উদ্বুদ্ধ করছে এইগুলি হল :

(ক) গত দশকে সাক্ষরতার যথেষ্ট উন্নতি এবং মাধ্যমিক শিক্ষার প্রসার যা উচ্চশিক্ষার ক্ষেত্রে চাপ সৃষ্টি করেছে ;

(খ) গ্রামে ও শহরে আয়ের বৃদ্ধি ;

(গ) রাস্তাঘাট, পরিবহন ও যোগাযোগের অন্যান্য মাধ্যমের উন্নয়ন এবং যথেষ্ট ব্যাপক গণমাধ্যম (বৈদ্যুতিন ও মুদ্রণ) অনেক বেশি এলাকা জুড়ে গ্রামের জনগণের কাছে পৌঁছাচ্ছে ;

(ঘ) বিশ্বায়ন এবং তার সঙ্গে ভোগবাদী অর্থনৈতিক সংস্কৃতির সূত্রপাত ;

(ঙ) শিক্ষা ও অন্যান্য বিষয় তথ্যপ্রযুক্তির সর্বত্রগামী ভূমিকা ; এবং

(চ) নাগরিকদের তাদের অধিকার সম্পর্কে বর্ধিত গণতান্ত্রিক সচেতনতা।

৫। বিশাল বাজেট বরাদ্দ যা কিনা উচ্চশিক্ষার দাবি মেটাতে ক্রমশ অপ্রতুল হয়ে দেখা দিচ্ছে সরকার এই কূটা ভাসের মধ্যে পড়ে গিয়েছে। কোন সরকারই এই পরিস্থিতি থেকে চোখ ফিরিয়ে থাকতে পারে না এবং তাঁকে কিছু জরুরি এবং স্বল্পকালীন এবং তার সঙ্গে দীর্ঘকালীন এবং সুদূরপ্রসারী ব্যবস্থাগ্রহণের কথা ভাবতে হয় যাতে উচ্চশিক্ষা এবং অন্যান্য সেবার জন্য প্রতিনিয়ত যে দাবি দেখা দিচ্ছে তার সঙ্গে সঠিকভাবে মোকাবিলা করা যায়।

৬। এই পটভূমিকায় এই দপ্তরের বেছে নেওয়ার স্বাধীনতা দুটি সংস্থার দ্বারা আরও খর্বিত হয়েছে। এই দুটি সংস্থা পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষার প্রশাসন ও পরিকল্পনাকে যথেষ্ট পরিমাণে নিয়ন্ত্রণ করে। একটি হল বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন যারা সময় সময় নির্দেশ পাঠায়, উচ্চশিক্ষার প্রতিষ্ঠানগুলিতে বিভিন্ন উন্নয়নমূলক এবং শিক্ষণবিষয়ক প্রকল্পের জন্য ন্যাকের মূল্যায়ন এবং স্বীকৃতির মান-নির্দেশ, বি.এড. শিক্ষাপ্রতিষ্ঠানে এন.সি.টি.ই.-র কঠোর শর্তে স্বীকৃতিদান এবং পাঠ্যসূচির দ্রুত পরিবর্তনের জন্য নির্দেশ পাঠায়। এই ধরনের তাড়না ইউ.জি.সি. যে পরিকল্পনা বাবদ বরাদ্দ করে তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তথাপি, উচ্চশিক্ষা দপ্তর এই নির্দেশগুলিকে কখনও অবহেলা করতে পারে না, বড় জোর সময় চেয়ে আলাপ আলোচনা করতে পারে।

৭। দ্বিতীয়তঃ আগামী দিনে, ভারত সরকার ও বিশ্ব বাণিজ্য সংস্থার মধ্যে চুক্তি ৩১শে মার্চ, ২০০২-এর মধ্যে চূড়ান্ত হতে যাচ্ছে। যার ফলে উচ্চশিক্ষার উপর নিয়ন্ত্রণের চরিত্র পুরোপুরি বদল হয়ে যাচ্ছে। দেশে-বিদেশে যে সব সংস্থা উচ্চশিক্ষা প্রদান করে তাদের জন্য বিশ্ব বাণিজ্য সংস্থার চুক্তি দেশের সীমানা উন্মুক্ত করবে এবং শিক্ষাকে পণ্য হওয়ার দিকে চালিত করবে। দেশের নাগরিকগণ চারটি প্রধান পন্থায় উচ্চশিক্ষা পেতে পারে। এই উপায়গুলি হল :

(১) প্রতিনিধিদের বাণিজ্যিক উপস্থিতি যাতে দেশের ছাত্রেরা বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানের এই দেশে অবস্থিত প্রতিনিধিত্বমূলক সংস্থার কাছ থেকে উচ্চশিক্ষা ও শিক্ষণকে ক্রয় করবে। বিদেশি বিশ্ববিদ্যালয়ের এই ধরনের কিছু সংস্থা ইতিমধ্যে ভারতবর্ষে লাভজনক ব্যবসা করছে ;

(২) বিদেশে শিক্ষালাভের আয়োজন অর্থাৎ আমাদের অতি পরিচিত ও সনাতন ব্যবস্থা যাতে উচ্চশিক্ষা ও শিক্ষণের জন্য বিদেশ যাত্রা করা। যার সুযোগ ভারতীয় ছাত্রদের একটি ক্ষুদ্রাংশ কেবল নিতে পারে ;

(৩) কার্যকর শিক্ষা যাতে কম্পিউটার এবং ইন্টারনেটের সুযোগ-সুবিধা নিয়মিত গ্রহণ করা যায় ;

(৪) স্বাভাবিক যাতায়াত—যাতে যোগ্যতাসম্পন্ন শিক্ষকেরা যাঁরা বিদেশে শিক্ষাদান করতে চান তাঁরা আরও প্রতিবন্ধকতাহীনভাবে যাতায়াত করতে পারেন। অন্যান্য উপায় যেমন যমজ শিক্ষায়তনের সৃষ্টি (অর্থাৎ জাতীয় ও বিদেশি শিক্ষায়তনের কোনো নির্দিষ্ট কর্মসূচির জন্য সহযোগীরূপে কাজ করা) এই প্রসঙ্গে উল্লেখ করা যায়।

৮। উপরের চিত্র থেকে এটা পরিষ্কার যে এই সব পদ্ধতিগুলির মধ্যে ভারতের মতো উন্নয়নশীল দেশের একজন গরিব এবং সাধারণ মেধার ছাত্র যার উচ্চশিক্ষাসহ সকল শিক্ষালাভের সাংবিধানিক অধিকার রয়েছে তাকে কোনো স্থানেই খুঁজে পাওয়া যাবে না। এছাড়া একটি সাধারণ আশঙ্কা আছে যে শিক্ষার ব্যয় বিশ্ব বাণিজ্য সংস্থার অধীনে দ্রুত হারে বেড়ে যাবে। ভারতের মতো দেশের জাতীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলির মান, এই দেশের মাটিতে তথাকথিত 'বিদেশি' শিক্ষা প্রতিষ্ঠানের অস্তিত্বের ফলেই খর্ব হবে। এভিন্ন, ভালো ভালো শিক্ষক ও গবেষণাকর্মীরা চটকদার ও ব্যয়বহুল বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানগুলি ও তাদের প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠানের হাতছানিতে আকৃষ্ট হবে যার ফলে জাতীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে উচ্চ গুণসমৃদ্ধ শিক্ষালাভের সুযোগ কমতে থাকবে।

৯। আজ আমরা আরেকটি বিশেষ বিপদের সম্মুখীন হয়েছি। সেটি হলো শিক্ষার গৈরিকীকরণের ঝোঁক। ভারতবর্ষকে শত শত বর্ষ ধরে যে সমস্ত কুসংস্কার আচ্ছন্ন করে এবং পঙ্গু করে রেখেছিল সেগুলিকে প্রতিহত করতে রাজা রামমোহন রায়, পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং বিশ্বকবি রবীন্দ্রনাথের মতো যুক্তিবাদীরা কয়েক দশক ধরে সংগ্রাম করেছেন। আমাদের সংবিধান রচয়িতা এবং স্বাধীনতা সংগ্রামের নেতৃবৃন্দকেও সংস্কার বিরোধী শক্তিগুলির বিরুদ্ধে লড়াই করতে হয়েছে। যার উদ্দেশ্য ছিল শিক্ষাব্যবস্থাকে এমন একটি ভিত্তির উপর স্থাপন করা যার উপর দাঁড়িয়ে বৈজ্ঞানিক ভাবধারার সঙ্গে আধুনিক দৃষ্টিভঙ্গী যা অযৌক্তিকতার বিরুদ্ধে যুক্তির জয়যাত্রাকে প্রতিহত করার সমস্ত চেষ্টা পরিহার করে। দুর্ভাগ্যের বিষয় আজ আমরা যুগ যুগ ধরে চলা এই যুক্তিবাদী সংগ্রামের এই ফলগুলিকে নস্যাৎ করে দেওয়ার এক অপচেষ্টার সম্মুখীন হয়েছি। আমি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগের জ্যোতিষবিদ্যা, হস্তরেখাবিদ এবং পুরোহিত বৃত্তিকে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমের বিষয় হিসাবে প্রবর্তন করার সুপারিশকে বিশেষভাবে উল্লেখ করছি। আমি জেনেছি যে এমনকি দুর্জ্ঞেয় বিদ্যাকেও শিক্ষাচর্চার বিষয় হিসাবে গণ্য করার কথা বিবেচনা করা হচ্ছে।

১০। উচ্চশিক্ষা বিভাগ উচ্চশিক্ষা প্রসারের ক্ষেত্রে নেতৃত্ববাচক ভূমিকা পালন করছে। সর্বত্র যে সব পরিবর্তন হচ্ছে, তার সঙ্গে সামঞ্জস্য রেখে গবেষণামূলক ক্রিয়াকলাপের বিকাশ ঘটাচ্ছে। এই লক্ষ্য সামনে রেখে বিশেষভাবে উদীয়মান ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তির বিষয়ে শিক্ষা ও শিক্ষণের সুযোগ-সুবিধার উপর জোর দেওয়া হয়েছে। আগামী বছরগুলিতে ভারতের পরিকল্পনা কমিশনের সুপারিশ অনুযায়ী কারিগরি শিক্ষার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

১১। ছাত্রসমাজের বৃহৎ অংশের প্রয়োজনের প্রতি লক্ষ রেখে আধুনিক যুগের সঙ্গে সম্পর্কিত বিভিন্ন চাহিদাভিত্তিক এবং কর্মসংস্থানমুখী বিষয় ও পাঠক্রম প্রবর্তন করার দিকে অগ্রাধিকার দিতে রাজ্য সরকার দৃঢ়প্রতিজ্ঞ।

১২। রাজ্য সরকারের অনুদানপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষার গুণগত মান উন্নয়নের ব্যাপারে জোর দেওয়া হয়েছে। সেই কারণে বিশ্ববিদ্যালয়গুলি সাম্প্রতিককালে শিক্ষার অগ্রগতির সঙ্গে সামঞ্জস্য রেখে নতুন বিষয়ের প্রবর্তন এবং পুরানো পাঠক্রমের পরিবর্তনের চেষ্টা করছে। আমাদের শিক্ষাব্যবস্থাকে বহির্বিশ্বে অধিকতর গ্রহণযোগ্য করা এবং অন্যান্য দেশের শিক্ষাব্যবস্থার সঙ্গে সমমান অর্জনের উদ্দেশ্যে অর্থনীতি এবং প্রযুক্তিশিক্ষায় উৎকর্ষের জন্য খ্যাত ইতালির বলযানো বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ছাত্র বিনিময়ের ব্যাপারে যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্প্রতি একটি চুক্তি করেছে।

১৩। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে কলা, বিজ্ঞান ও বাণিজ্য শাখায় স্নাতক স্তরের পাঠক্রম চালু রয়েছে। আন্তর্জাতিক সম্পর্কের ওপর স্নাতকোত্তর পাঠক্রম চালু করার জন্য চেষ্টা চলছে। এখানে একটি ভাষাকেন্দ্র স্থাপন করা হবে এবং নেতাজি ইনস্টিটিউট অব এশিয়ান স্টাডিজ-এর বর্তমান পরিকাঠামোর সাহায্যে বিভিন্ন ভারতীয় ও বিদেশি ভাষা শিক্ষার পাঠক্রম শুরু করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে। দূরশিক্ষার কেন্দ্রের বৈদ্যুতিন প্রণালীর উন্নতি এবং বি.সি.এ. পাঠক্রম ও অন্যান্য পেশাভিত্তিক পাঠক্রমকে দূরশিক্ষার অন্তর্ভুক্ত করার বিষয়টিও সক্রিয়ভাবে বিবেচনাধীন রয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে জৈব তথ্য প্রযুক্তিতে এক বছরের ডিপ্লোমা পাঠক্রম চালু করা হয়েছে। এছাড়া এম.সি.এ. পাঠক্রমও চালু করা হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে মাইক্রোওয়েভে এম.ফিল. পাঠক্রম চালু করা হয়েছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে মানবাধিকার এবং কর্তব্য বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা পাঠক্রম এবং মাইক্রোবায়োলজিতে দু-বছরের স্নাতকোত্তর পাঠক্রম চালু করা হয়েছে।

১৪। দূরশিক্ষাকে পৃষ্ঠপোষকতার উদ্দেশ্যে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধীনে একটি দূরশিক্ষা দপ্তর (ডিরেক্টরেট) খোলার ব্যাপারে রাজ্য সরকার সম্মতি দিয়েছেন। বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান ও কলাবিভাগের ভবন নির্মাণের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমি কাউন্সিল ভবনের সংস্কার এবং বিটেক পাঠক্রমের জন্য শ্রেণীকক্ষ ও গবেষণাগার নির্মাণের জন্য ৪০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। রাজ্য সরকারের

সহায়তায় বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কলাভবন এবং অতিথিশালা নির্মাণের কাজটিও চলছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের জৈব প্রযুক্তি বিভাগে ডঃ বিসি গুহ কেন্দ্রের উন্নয়নের জন্য ৩৫.৫৮ লাখ টাকা মঞ্জুর করা হয়েছে। আগামী ২০০৩-২০০৪ আর্থিক বছরের মধ্যে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগ প্রতিষ্ঠা করার প্রচেষ্টা চালানো হচ্ছে। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্বয়ংক্রিয় প্রশাসন চালু করার জন্য এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ে মাইক্রোবায়োলজি বিভাগে যন্ত্রপাতি ক্রয় করবার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে।

১৫। যদিও বর্তমান আর্থিক বছরের কোনও বেসরকারি কলেজ প্রতিষ্ঠিত হয়নি, কিন্তু এই রাজ্যের ১২৪টি কলেজ ১৩৫টি সাম্মানিক পাঠক্রম এবং ১০৪টি সাধারণ পাঠক্রম প্রবর্তনের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। কলকাতা, বর্ধমান, কল্যাণী, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত দশটি কলেজে শারীরশিক্ষাকে ঐচ্ছিক বিষয় হিসাবে প্রবর্তনের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত মালদা কলেজ, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের শ্রীকৃষ্ণ কলেজ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের হিজলি কলেজ এবং যোগদা সংঘ, পালপাড়া মহাবিদ্যালয়ের ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের দীনবন্ধু অ্যান্ডরুজ কলেজকে বি.সি.এ. পাঠক্রম চালু করার জন্য অনুমোদন দেওয়া হয়েছে। মুগবেড়িয়া গঙ্গাধর মহাবিদ্যালয়ে সাধারণ পাঠক্রমে সংগীতের অন্তর্ভুক্তও অনুমোদিত হয়েছে। ২০০২-২০০৩ সালে পাঁচটি বেসরকারি কলেজে সেরিকালচার, শারীরবিদ্যা, পদার্থবিদ্যা, হিন্দি, পরিবেশ বিজ্ঞান এবং গণিতে স্নাতকোত্তর পাঠক্রম চালু করা হয়েছে। ২০০৩-২০০৪ সালে বিভিন্ন সাধারণ ডিগ্রি সরকারি কলেজে স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণিতে নতুন শাখা চালু করার বিষয়টি বিবেচনাধীন। মুর্শিদাবাদের পাঁচথুপি হরিপদ গৌরীবালা কলেজ, কলকাতার বিজয়গড় জ্যোতিষ রায় কলেজ, বাঁকুড়া পি.আর.এম.এস. মহাবিদ্যালয় এবং পশ্চিম মেদিনীপুরের ওয়াই.এস. পালপাড়া মহাবিদ্যালয় প্রভৃতি বেশ কিছু কলেজে ২০০৩-২০০৪ আর্থিক বছরে বিভিন্ন নির্মাণ এবং সংস্কারের জন্য যথেষ্ট অর্থ বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১৬। লেডি ব্রেবোর্ন কলেজ এবং বেথুন কলেজে যথাক্রমে মাইক্রোবায়োলজি ও কম্পিউটার-সায়েন্সের সাম্মানিক পাঠক্রম চালু হয়েছে। বাণীপুর বি.এড. কলেজে একটি হস্টেল ভবন নির্মাণ করা হয়েছে। লেডি ব্রেবোর্ন কলেজের মহিলা হস্টেলের সংস্কার সাধনের জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে। বাঁকুড়া পাঁচমুড়া মহাবিদ্যালয়, উত্তর ২৪-পরগনা পি.এন. দাস কলেজ এবং পুরুলিয়া এম.জি. কলেজের ভবন নির্মাণ প্রকল্পে ২০০২-২০০৩ সালে যথেষ্ট অর্থ মঞ্জুর করা হয়েছে। মহিষাদল মহিলা বিদ্যালয়ের ছাত্রী-আবাস নির্মাণের জন্য ২০০২-২০০৩ সালে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

১৭। উচ্চশিক্ষা বিভাগের অধীনে পরিচালন ব্যবস্থার বিকাশ সম্পর্কিত কর্মসূচির অঙ্গ হিসাবে "শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা" শীর্ষক একটি শিক্ষণ কর্মসূচি আই.আই.এস.ডব্লু. অ্যান্ড বি.ম. প্রতিষ্ঠানে বেসরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষদের জন্য এই আর্থিক বছরে অনুষ্ঠিত হয়েছে।

১৮। শারীরশিক্ষা ক্ষেত্রে ছাত্রছাত্রীদের আরও সুযোগ সুবিধা দেবার লক্ষ্যে সরকারি এবং বেসরকারি কলেজ সমূহকে নিয়মিতভাবে আর্থিক সহায়তা দিয়ে আসা হচ্ছে। প্রতি বৎসর উচ্চশিক্ষা বিভাগ আন্তঃসরকারি কলেজ ক্রীড়া প্রতিযোগিতা এবং 'ফুটবল প্রতিযোগিতার' আয়োজন করে থাকে। এছাড়াও বেসরকারি কলেজ শিক্ষার্থীদের জন্যও ক্রীড়া প্রতিযোগিতা এবং ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

১৯। ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে ডিগ্রিস্তরে ছয়টি নতুন স্বনির্ভর ইঞ্জিনিয়ারিং এবং প্রযুক্তি মহাবিদ্যালয় বেসরকারি ক্ষেত্রে স্থাপিত হয়েছে। এই ছয়টি কলেজের একটি উলুবেড়িয়াতে ফার্মাসিউটিক্যাল টেকনোলজি শিক্ষাদানের জন্য, আরেকটি দুর্গাপুরে পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের জন্য এবং বাকি চারটি বিষ্ণুপুর (বাঁকুড়া), পানাগড় (বর্ধমান), সোনারপুর (দঃ ২৪ পরগনা) এবং ডায়মন্ড হারবার রোডে (দঃ ২৪ পরগনা) স্থাপিত হয়েছে। এর ফলে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং এবং প্রযুক্তিবিদ্যা শিক্ষাদানের কেন্দ্র সমূহ এবং বিশ্ববিদ্যালয়ের তৎসংক্রান্ত বিভাগ সমূহের সম্মিলিত সংখ্যা বর্তমানে ৪৩ (তেতাল্লিশ)। এছাড়াও এই বর্ষে নতুন কিছু ডিগ্রি পাঠক্রম যেমন বায়ো-টেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেনটেশন ইঞ্জিনীয়ারিং ইত্যাদি বিষয়ে বর্তমান ডিগ্রি স্তরের ইঞ্জিনিয়ারিং এবং প্রযুক্তিবিদ্যা কলেজ সমূহে চালু করা হয়েছে। ২০০৩-২০০৪ আর্থিক বৎসরের জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই আরও আটটি ইঞ্জিনিয়ারিং এবং প্রযুক্তিবিদ্যার কলেজ স্থাপনের উদ্দেশ্যে 'নো অবজেকশন সার্টিফিকেট' জারি/ইস্যু করেছে। এই কলেজ সমূহের প্রতিটিতে চারটি পাঠক্রম থাকবে যার মধ্যে বেশিরভাগই নতুন ক্ষেত্রসমূহ সংক্রান্ত অর্থাৎ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, বায়োটেকনোলজি, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ইত্যাদি। এছাড়া রাজ্য সরকার আগামী ২০০৩-২০০৪ বর্ষের জন্য আরও ২টি ডিগ্রি স্তরের ফার্মেসি শিক্ষা প্রতিষ্ঠান এবং একটি ডিগ্রি স্তরের হোটেল ম্যানেজমেন্ট শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের উদ্দেশ্যে 'নো অবজেকশন সার্টিফিকেট' ইস্যু/জারি করেছে।

উপরউক্ত ছয়টি নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করার পর ২০০২-২০০৩ সালে বি.টেক./বি.ই. স্তরে সর্বমোট ছাত্রধারণ সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১০,২৯৭ (বি.এস.সি.-উত্তর বি.টেক. পাঠ্যক্রম-সমূহ সমেত)।

২০। ২০০২-২০০৩ সালে এই রাজ্যে চারটি (৪)টি নতুন স্নাতকোত্তর ম্যানেজমেন্ট শিক্ষা (এম.বি.এ.) প্রতিষ্ঠান গঠিত হয়েছে। যেগুলো প্রধানত আর্থিকভাবে স্বনির্ভর এবং প্রতিটির ছাত্রধারণ ক্ষমতা ৬০ (ষাট)। ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে আরও চারটি প্রতিষ্ঠানে (এম.সি.এ.) পাঠ্যক্রম চালু করা হয়েছে।

২১। ২০০২-২০০৩ বর্ষে রাজ্য সরকার ২ বৎসরের পূর্ণ সময়ের এম.বি.এ. পাঠক্রম চালু করার লক্ষ্যে ৯টি স্নাতকোত্তর স্তরের ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান এবং ৩ বৎসরের পূর্ণসময়ের এম.সি.এ. পাঠ্যক্রম চালু করার লক্ষ্যে ৮টি প্রতিষ্ঠান স্থাপনের জন্য 'নো অবজেকশন সার্টিফিকেট' জারি করেছে।

২২। জলপাইগুড়ি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ এবং কল্যাণী সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের সুযোগসুবিধার উন্নয়নের লক্ষ্যে অর্থের ব্যবস্থা করা হয়েছে। কল্যাণী সরকারি ইঞ্জিনীয়ারিং কলেজের গ্রন্থাগার ও কম্পিউটার সায়েন্স ভবন, সীমানা প্রাচীর এবং পুরুষ ছাত্রাবাসের নির্মাণকার্য চালু রয়েছে। জলপাইগুড়ি কলেজের মহিলা ছাত্রাবাসের সম্প্রসারণের কাজ সম্পূর্ণ হয়েছে। কলেজ অফ টেক্সটাইল টেকনোলজি, শ্রীরামপুর কলেজ অফ টেক্সটাইল টেকনোলজি, বহরমপুর কলেজ অব লেদার টেকনোলজি, কলকাতা এবং কলেজ অব সেরামিক টেকনোলজি, কলকাতা প্রভৃতিতে নতুন চালু হওয়া আই টি এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং পাঠক্রমের জন্য প্রয়োজনীয় ল্যাবরেটরি, ওয়ার্কশপ, গ্রন্থাগার এবং অন্যান্য সুযোগসুবিধা উন্নয়নের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

২৩। ২০০০ সালে প্রতিষ্ঠিত ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব টেকনোলজি অন্তর্ভুক্ত ইঞ্জিনিয়ারিং এবং প্রযুক্তিবিদ্যায় প্রতিষ্ঠানসমূহকে শিক্ষাসংক্রান্ত সহযোগিতা করে আসছে। ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব টেকনোলজি বায়ো টেকনোলজিতে স্নাতকোত্তর পাঠক্রম খুব সম্প্রতি চালু করেছে এবং সফ্‌টওয়্যার টেকনোলজির স্নাতকোত্তর পাঠক্রম চালু করতে চলেছে এবং হরিণঘাটাতে এই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস উন্নয়ন প্রকল্পের কাজ সীমানা প্রাচীর নির্মাণের মাধ্যমে শুরু হয়েছে। স্নাতকোত্তর স্তরে উন্নত প্রশিক্ষণ এবং উচ্চস্তরের গবেষণা চালু রাখার লক্ষ্যে ভারত সরকারের জৈবপ্রযুক্তি দপ্তরের আর্থিক সহায়তায় ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব টেকনোলজিতে একটি জৈবপ্রযুক্তির উৎকর্ষ প্রতিষ্ঠান গঠন করা হয়েছে।

২৪। বিভিন্ন উচ্চশিক্ষা এবং গবেষণামূলক প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণের জন্য নিয়মিতভাবে আর্থিক সহায়তা দিয়ে আসা হচ্ছে যাতে এই ধরনের প্রতিষ্ঠানসমূহ ভৌতবিজ্ঞান এবং সমাজবিজ্ঞানের বিভিন্ন শাখায় তাদের গবেষণা কার্যাদি চালিয়ে যেতে পারে। এই প্রতিষ্ঠান সমূহের মধ্যে ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর কাল্টিভেশন অফ সায়েন্স, যাদবপুর, অ্যাডভান্স সেন্টার ক্রায়োজেনিক রিসার্চ, সোশিও ইকনমিক রিসার্চ ইনস্টিটিউট, বঙ্গীয় বিজ্ঞান পরিষদ, ইনস্টিটিউট অব হিস্টরিক্যাল স্টাডিজ সমাজের বিভিন্ন ক্ষেত্রে শিক্ষামূলক কার্যাবলী চালিয়ে যাবার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে। রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, গোলপার্ক, কলকাতা, দি সেন্টার ফর স্টাডিজ ইন সোশাল সায়েন্স, কলকাতা, নেতাজি ইনস্টিটিউট ফর এশিয়ান স্টাডিজ, কলকাতা ইত্যাদি প্রখ্যাত প্রতিষ্ঠান সমূহ যাতে বিভিন্ন আর্থ-সামাজিক সমস্যা সংক্রান্ত গবেষণা ক্ষেত্রের কার্যাবলী চালু রাখতে পারে সেই লক্ষ্যেও রক্ষণাবেক্ষণের অনুদান দেওয়া হয়ে আসছে।

২৫। পশ্চিমবঙ্গ, ভারতবর্ষের অন্যান্য অংশ এবং বিদেশে আর্থ-সামাজিক উন্নয়নের ধারার উৎকৃষ্ট বোঝাপড়ার বিকাশের লক্ষ্যে ২০০২-২০০৩ সালে সমাজবিজ্ঞানের একটি উৎকর্ষ কেন্দ্র হিসাবে দি ইনস্টিটিউট অফ ডেভেলপমেন্ট স্টাডিজ, কলকাতা নামক একটি প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। এই প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণের খরচের জন্য যথেষ্ট অর্থ মঞ্জুর করা হয়েছে।

২৬। পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ ইতিমধ্যেই বিজ্ঞান, কলা, কম্পিউটার বিজ্ঞান, শিক্ষণ প্রভৃতি ক্ষেত্রে যথেষ্ট সংখ্যক উল্লেখযোগ্য মানের পুস্তক প্রকাশ করেছে। পর্ষদের বিধাননগরে প্রাপ্ত জমির উপর নিজস্ব ভবন নির্মাণের কাজ দ্রুততার সঙ্গে অগ্রসর হচ্ছে। নব প্রতিষ্ঠিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজিকে ওই ভবনে আপাত ব্যবস্থা হিসাবে কিছু স্থান বরাদ্দ করা হয়েছে। এর ফলে তারাও প্রাথমিক পর্যায়ের কাজগুলি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারছেন। বঙ্গীয় সাহিত্য পরিষদ, পশ্চিমবঙ্গ হিন্দি আকাদেমি প্রভৃতির মতো কিছু বেসরকারি এবং স্বশাসিত প্রতিষ্ঠানকে নিয়মিতভাবে অর্থ বরাদ্দ করা হচ্ছে যাতে উক্ত প্রতিষ্ঠানসমূহ ভাষা উন্নয়নের ক্ষেত্রে তাদের নিয়মিত কার্যাবলী চালিয়ে যেতে পারে।

২৭। নৈহাটিতে অবস্থিত বঙ্কিমচন্দ্রের পৈতৃক বাসভবনে বঙ্কিম ভবন গবেষণা কেন্দ্র নামে যে গবেষণা কেন্দ্রটি প্রতিষ্ঠিত হয়েছে, তার সর্বাঙ্গীন উন্নতির জন্য পর্যাপ্ত আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। এই কেন্দ্রের সংরক্ষণশালায় বঙ্কিমচন্দ্র ও তাঁর পরিবারের অমূল্য স্মারক সামগ্রীসমূহ ও গ্রন্থরাজি রক্ষিত আছে। সেখানে একটি স্বয়ংসম্পূর্ণ বৈদ্যুতিন ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছে। ঋষি বঙ্কিমচন্দ্রের সম্পাদিত বঙ্গদর্শন পত্রিকাটি আবার বঙ্কিম ভবন গবেষণা কেন্দ্রের ষাণ্মাসিক মুখপত্র হিসাবে নিয়মিত প্রকাশিত হচ্ছে। এই কেন্দ্রে ২০,০০০-এর অধিক দুষ্প্রাপ্য পাণ্ডুলিপি ও দুর্লভ ছাপানো বই বৈদ্যুতিন পদ্ধতিতে কম্প্যাক্ট ডিস্কে সংরক্ষিত করা হয়েছে।

২৮। বিভিন্ন জেলার মানচিত্র ও অন্যান্য তথ্যাদিসহ পুস্তক প্রকাশের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ জেলা গেজেটিয়ার এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। ভবিষ্যতে জেলা গেজেটিয়ার আরও মূল্যবান যে সমস্ত পদক্ষেপ নিতে চলেছে তা বিদ্বজন ও গবেষকদের কাছে বিশেষ সহায়ক হয়ে উঠবে।

২৯। নিজেদের নিয়মিত কাজ অর্থাৎ মূল্যবান পুরাতন দলিল-দস্তাবেজ সংরক্ষণের কাজ ছাড়াও রাজ্য লেখ্যাগার বিভিন্ন বহুমুখী প্রকল্প গ্রহণ করেছে। এই সমস্ত প্রকল্পের মধ্যে উল্লেখযোগ্য আমাদের স্বাধীনতা সংগ্রামের বিভিন্ন পর্যায়ের ছবি ও তথ্যাদিসহ পরিকল্পিত ফটো আর্কাইভ গ্যালারির উদ্বোধন, বিভিন্ন উল্লেখসূত্র মাধ্যম ও বাছাই দলিলের বৈদ্যুতিন সংরক্ষণ ও প্রদান রাজ্য লেখ্যাগারের দুইটি উল্লেখযোগ্য চালু প্রকল্প।

৩০। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়গুলিতে জাতীয় সমাজ সেবাপ্রকল্পের কাজ আরো গতিশীল হয়েছে। এই ব্যাপারে রাজ্য স্তরে সংযোগ রক্ষাকারী আধিকারিকের শূন্য পদটি পূরণ করা হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন ৮টি মহাবিদ্যালয়ে জাতীয় সমাজ সেবা প্রকল্পের কাজ চালু হয়েছে। বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ (ডিমড্ বিশ্ববিদ্যালয়) ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের অধীন মহাবিদ্যালগুলিতে জাতীয় সমাজসেবা প্রকল্পের কাজ শুরু করার উদ্যোগ নেওয়া হচ্ছে। বিশ্ব এইড্‌স দিবসে (১লা ডিসেম্বর, ২০০২) একটি শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। ওই শোভাযাত্রায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষকেরা অংশগ্রহণ করেছিলেন।

৩১। আমি, মাননীয় সদস্যবৃন্দের মূল্যবান উপস্থিতিতে সমৃদ্ধ গৌরবমণ্ডিত এই বিধানসভাগৃহে বাজেট প্রস্তাবনা পেশ করলাম। মাননীয় বিধায়কবৃন্দের নিকট আমার প্রত্যাশা এই যে, তারা এই রাজ্যে শিক্ষার মত গুরুত্বপূর্ণ জনস্বার্থের ক্ষেত্রে তাদের সুচিন্তিত মতামত দিয়ে আমাদের বাধিত করবেন। আমার প্রত্যয় এই যে তাদের অর্থবহ এবং সুফলকামী আলোচনার মাধ্যমে এমনই এক ভাবধারা প্রতিফলিত হবে যা, দায়িত্ব সম্পাদনের স্বার্থে অধিকতর অগ্রগতির পথে চালনা করার জন্য আকাঙ্খিত গতিশীলতার সঞ্চার করবে। বলা বাহুল্য, আমাদের সম্পদ সীমিত এবং এতদ্‌সত্ত্বেও লক্ষ্যে পৌঁছানোর জন্য আমাদের সম্মিলিত শক্তিতে এগিয়ে যেতেই হবে। এই আশা পোষণ করেই হার্দিক আবেদনসহ আশা করছি আপনাদের মূল্যবান আলোচনাসহ প্রস্তাবিত এই বাজেটটি আপনাদের সার্বিক অনুমোদন লাভ করবে।

DEMAND No. 14

Major Heads : 2202—General Education, 2205—Art and Culture, 2235—Social Security and Welfare, 2251—Secretariat—Social Services, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3454—Census, Surveys and Statistics and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 78,95,63,000 be granted for expenditure under Demand No. 14, Major Heads : "2202—General Education, 2205—Art and Culture, 2235—Social Security and Welfare, 2251—Secretariat—Social Services, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3454—Census, Surveys and Statistics and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 26,31,87,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ১৪নং অভিযাচনের অন্তর্গত "২২০২-সাধারণ শিক্ষা", "২২০৫-কলা ও সংস্কৃতি", "২২৩৫-সামাজিক নিরাপত্তা ও কল্যাণ", "২২৫১-সচিবালয়-সামাজিক পরিষেবা", "২৫১৫-অন্যান্য গ্রামীণ উন্নয়ন প্রকল্প", "২৫৫১-পার্বত্য অঞ্চল", "৩৪৫৪-জনগণনা, সমীক্ষা ও পরিসংখ্যান" এবং "৪২০২-শিক্ষা, খেলাধূলা, কলা ও সংস্কৃতিতে মূলধনী ব্যয়" এই খাতগুলিতে ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য মোট ৭৮,৯৫,৬৩,০০০ টাকা (আটাত্তর কোটি পঁচানব্বই লক্ষ তেষট্টি হাজার টাকা)

ব্যয়-বরাদ্দ প্রস্তাব পেশ করছি। ২০০৩-২০০৪ সালের জনশিক্ষা ও গ্রন্থাগার পরিষেবা খাতে ব্যয়-বরাদ্দে ১৪নং অভিযাচনের উপরোক্ত খাতগুলিতে প্রস্তাবের অন্তর্ভুক্ত আছে।

অন্তর্বর্তী কালের ব্যয়ের জন্য প্রস্তাবিত ২৬,৩১,৮৭,০০০ টাকা (ছাব্বিশ কোটি একত্রিশ লক্ষ সাতাশি হাজার টাকা) উপরোক্ত প্রস্তাবের অন্তর্গত।

পশ্চিমবঙ্গের ব্যাপক অংশের মানুষের সমর্থনপুষ্ট হয়ে ষষ্ঠবারের জন্য প্রতিষ্ঠিত হয়েছে বামফ্রন্ট সরকার। ষষ্ঠ বামফ্রন্ট সরকারের তরফে তৃতীয়বারের জন্য জনশিক্ষা প্রসার বিভাগের ব্যয়-বরাদ্দের দাবি অনুমোদনের জন্য পেশ করছি। সারা দেশব্যাপী চরম অর্থনৈতিক সংকটের মধ্যেও গত আর্থিক বছরে এই বিভাগে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে সদ্ব্যবহার হয়েছে। নিরক্ষরতা দূরীকরণের মধ্য দিয়ে সমাজের দুর্বলতর ও সুযোগ বঞ্চিতদের সার্বিক শিক্ষা ব্যবস্থার আওতায় নিয়ে আসার প্রচেষ্টা চালানো হচ্ছে। ১৯৯১-২০০১ সালের মধ্যে এই রাজ্যের সাক্ষরতার হারের বৃদ্ধি গত শতাব্দীর মধ্যে সর্বাধিক। এই বৃদ্ধির পরিমাণ ১১.৫২ শতাংশ। বিশেষ করে নারী সাক্ষরতায় অগ্রগতি সর্বাধিক—১৯৯১ থেকে ২০০১-এ এই হার বেড়েছে ১৪.০৬ শতাংশ। তাতেও আত্মতুষ্টির কোনও অবকাশ নেই।

গ্রন্থাগার আন্দোলনের চিরাচরিত ধারা বজায় রেখে জনসাধারণের জীবনযাত্রার গুণগত মানোন্নয়নের সূচিগুলিকে অগ্রাধিকারের তালিকায় রেখে আমাদের পরিষেবাগুলিকে যথাযোগ্য স্থানে ও উৎকর্ষে পৌঁছে দেওয়ার সর্বাঙ্গীণ চেষ্টা চলছে।

আমাদের পরিষেবাগুলি পাওয়ার জন্য মানুষের দাবী উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং সেই দাবীর সঙ্গে সঙ্গতি রেখে উঠে আসছে আরও ব্যাপক ব্যয়-বরাদ্দ বৃদ্ধির চাহিদা। আমাদের পরিষেবাগুলির সঙ্গে যুক্ত জনসাধারণের দুর্বলতর অংশের স্বার্থ ক্ষুণ্ণ না করেও অনেক ক্ষেত্রে আমাদের কিছু কঠোর অর্থনৈতিক সিদ্ধান্ত নিতে হয়েছে। কিন্তু জনশিক্ষা প্রসারের কাজেই হোক বা গ্রন্থাগার পরিষেবা বিস্তারের কর্মকাণ্ডেই হোক, আমাদের পরিষেবার সঙ্গে যুক্ত জনসাধারণের কাছে আমরা আমাদের নিষ্ঠা ও আন্তরিকতার প্রমাণ রাখতে সক্ষম হয়েছি।

১৯৮৮ সালে জনশিক্ষা প্রসার বিভাগ গঠিত হয় বয়স্ক শিক্ষা, সমাজ শিক্ষা, প্রতিবন্ধীদের শিক্ষা ইত্যাদি বিভাগের কাজকে সমন্বিত করে। উদ্দেশ্য ছিল দরিদ্র ও অনগ্রসর শ্রেণীর মানুষ যাঁরা নানাপ্রকার সামাজিক ও অর্থনৈতিক প্রতিবন্ধকতার জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার কোনওরকম সুযোগ নিতে পারেন না তাঁদের শিক্ষাদানের বিষয়টি বিশেষ গুরুত্বসহকারে বিবেচনা করা হবে। এই বিভাগের অধীনে শুধুমাত্র সাক্ষরতা বিভাগেই নয় আরো কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প ও শাখা যুক্ত আছে, যেমন প্রথা-বহির্ভূত শিক্ষা কর্মসূচি, বয়স্ক উচ্চ বিদ্যালয়, সমাজকল্যাণ শাখা, শ্রমিক বিদ্যাপীঠ কলকাতা, প্রতিবন্ধীদের শিক্ষা বিভাগ ও শ্রাব্য-দৃশ্য শাখা।

পশ্চিমবঙ্গে সার্বিক সাক্ষরতা কর্মসূচি

পশ্চিমবঙ্গে ১৯৯০ সালের ৮ই সেপ্টেম্বর মেদিনীপুরে শুরু হয় জাতীয় সাক্ষরতা মিশন নির্দেশিত সার্বিক সাক্ষরতা অভিযান, বিগত দশকে যা এক গণ আন্দোলনের রূপ নিয়ে

পশ্চিমবঙ্গকে সাফল্যের মূল্যায়নে সফল হতে সক্ষম করেছে এবং ক্রমে যা রাজ্যের সব জেলাতেও ছড়িয়ে পড়েছে। ১৯৯১ সালের জনগণনার ফলাফল অনুযায়ী পশ্চিমবঙ্গের সাক্ষরতার হার ছিল ৫৭.৭ শতাংশ যখন সারা দেশে সাক্ষরতার হার ছিল ৫২.২১ শতাংশ। এই বিষয়টি লক্ষ্য করেই রাজ্য সরকারের তরফে রাজ্যব্যাপী উদ্যোগ নেওয়া হয় যাতে সাক্ষরতার হার দ্রুতগতিতে বৃদ্ধিলাভ করে। সাক্ষরতা মিশন জাতীয় স্তরে সাক্ষরতা কর্মসূচিকে তিনটি পর্যায়ে বিভক্ত করেছে। প্রথমে বুনিয়াদি সাক্ষরতা (টি.এল.সি.) তারপর নবসাক্ষরদের নিয়ে সাক্ষরোত্তর কর্মসূচি (পি.এল.সি.) এবং তৃতীয় পর্যায়ে প্রাগ্রসর পড়ুয়াদের নিয়ে প্রবহমান কিংবা ধারাবাহিক শিক্ষা (সি.ই.পি.)। এই তিনটি কর্মসূচির মধ্যে প্রথম দুটি কর্মসূচি অর্থাৎ সাক্ষরতা অভিযান ও সাক্ষরোত্তর প্রকল্পের একটা শেষ আছে কিন্তু ধারাবাহিক শিক্ষার ক্ষেত্রে রূপায়ণের ব্যাপারে কোনও সময়সীমা বেঁধে দেওয়া হয়নি। এই কর্মসূচিতে জীবনব্যাপী শিক্ষা গ্রহণের কথা বলা হয়েছে, বলাবাহুল্য এই জীবন কোনও নির্দিষ্ট ব্যক্তি জীবন নয়। এটা হল মানব জীবনের ধারাবদ্ধ পরম্পরা, যার রূপান্তর থাকতে পারে কিন্তু শেষ নেই।

বর্তমানে পশ্চিমবঙ্গে কলকাতা জেলা বাদে বাকী আঠারোটি জেলাতেই সার্বিক সাক্ষরতা অভিযানের কাজ শেষ হয়েছে। দার্জিলিং পার্বত্য পরিষদ ও শিলিগুড়ি মহকুমা পরিষদ সাক্ষরোত্তর প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে। মালদহ ও উত্তর দিনাজপুর জেলাতে বর্তমানে সাক্ষরোত্তর পর্বের কাজ চলছে। নদীয়া, মুর্শিদাবাদ, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, হাওড়া ও পুরুলিয়া জেলা প্রবহমান শিক্ষা প্রকল্প প্রস্তাব পেশ করেছে জাতীয় সাক্ষরতা মিশনের অনুমোদনের জন্য। বর্ধমান, বীরভূম, মেদিনীপুর পশ্চিম ও পূর্ব, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, বাঁকুড়া, হুগলি এবং কোচবিহার এই ৯টি জেলায় প্রবহমান শিক্ষা কর্মসূচি রূপায়ণের কাজ চলছে।

কলকাতা পুরসভা ও বঙ্গীয় সাক্ষরতা প্রসার সমিতির যৌথ প্রয়াসে ও রাজ্য সরকারের সম্পূর্ণ আর্থিক সহায়তায় কলকাতা জেলাতে সাক্ষরতা কর্মসূচি গৃহীত হয়েছে। বর্তমানে কলকাতায় ব্যবহারিক শিক্ষা প্রকল্প মোট ৩০টি কেন্দ্রের মাধ্যমে ব্যবহারিক সাক্ষরতার কাজ মহিলাদের মধ্যে করে চলেছেন। কলকাতা জেলার সাক্ষরতার হার বর্তমানে ৮১.৩১ শতাংশ। বিগত দশকে এই রাজ্যে খুব কম কর্মসূচিই সাক্ষরতার কর্মসূচির মত গণ-উদ্দীপনা সৃষ্টি করতে বা এত বিপুল সংখ্যক মানুষকে সামিল করতে পেরেছে। এর ফলেই কাঙ্খিত ফল পাওয়া গেছে।

এ রাজ্যে ধারাবাহিক শিক্ষা কর্মসূচির প্রাণকেন্দ্র হল ধারাবাহিক শিক্ষাকেন্দ্রগুলি। রাজ্যে মোট মুখ্য ধারাবাহিক শিক্ষা কেন্দ্রের সংখ্যা হল ২,৪৫২টি ও ধারাবাহিক শিক্ষা কেন্দ্রের সংখ্যা ১৯,৮৯০টি। এই কেন্দ্রগুলির প্রতিটিতে গড়ে তোলা হচ্ছে স্বল্প/সদ্য সাক্ষরদের জন্য ক্ষুদ্র গ্রন্থাগার। পাশাপাশি সরকার পোষিত গ্রামীণ গ্রন্থাগারে নবসাক্ষরদের পৃথক বিভাগ খোলার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

আজ নিঃসন্দেহে বলা যায় যে, এ রাজ্যে জনশিক্ষার স্বপক্ষে এক অনুকূল আবহাওয়া গড়ে উঠেছে, এর ফলে পড়ুয়া ও সংশ্লিষ্ট জনগোষ্ঠীর মধ্যে চেতনার বিকাশ ঘটেছে অভাবিতভাবে। প্রাথমিক শিক্ষায় ভর্তির হার বেড়েছে অভূতপূর্বভাবে। বৃদ্ধি পেয়েছে নারী-পুরুষের সমানাধিকারবোধ। কুসংস্কার, ধর্মান্ধতা থেকে মুক্তি পাবার একটি লক্ষণ সর্বত্র ফুটে উঠেছে, বেড়েছে স্বাস্থ্য চেতনা, রোগ প্রতিষেধক গ্রহণের হার, জন্ম নিয়ন্ত্রণের পদ্ধতি গ্রহণের ক্ষেত্রেও তার প্রভাব পড়েছে।

নবসাক্ষরদের মধ্যে বিশেষ করে মহিলাদের মধ্যে Self-help Group গঠন করে আর্থিক স্বনির্ভরতা আনার বিশেষ প্রয়াস পরিলক্ষিত হচ্ছে, যা সাক্ষরতা আন্দোলনেরই একটি ফসল।

বর্তমানে আর্থিক বছরে সাক্ষরতা খাতে মোট ২,০৮,০০,০০০ (দুই কোটি আট লক্ষ) টাকা ব্যয়-বরাদ্দ ধরা হয়েছিল। সকল টাকা যাতে এই কর্মসূচি রূপায়ণের জন্য বর্তমান আর্থিক বছরের মধ্যেই খরচ করা সম্ভবপর হয়, সেজন্য যথাযথ উদ্যোগ নেওয়া হচ্ছে।

রাজ্য সরকারের উদ্দেশ্য, আগামী আর্থিক বছরের মধ্যে দার্জিলিং জেলা বাদে সব জেলাগুলিকেই ধারাবাহিক শিক্ষা প্রকল্পের আওতায় আনা হবে। ২০০৫ সালের মধ্যে পূর্ণ সাক্ষরতা অর্জনের উদ্দেশ্যে আরো বেশি করে উদ্যোগ নেওয়া হচ্ছে। সাক্ষরতা কর্মসূচির ধারা আজ অব্যাহত।

বিষয় : সমাজ কল্যাণ শাখা

জনশিক্ষা প্রসার বিভাগের অধীনে ১৮ অনূর্ধ্ব অথবা মাধ্যমিক অনুত্তীর্ণ বালক-বালিকাদের জন্য সমগ্র রাজ্যে ১০টি রাষ্ট্রীয় কল্যাণ আবাস, একটি পোষিত ও ৩৭টি বেসরকারি সমাজকল্যাণ আবাস আছে। আহার এবং বাসস্থান ব্যতীত আবাসিকদের প্রথাগত শিক্ষা দেওয়া হয়। কিছু কিছু কল্যাণ আবাসে বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা আছে। আবাসিক এবং আবাসনগুলির রক্ষণাবেক্ষণের জন্য ২০০১-২০০২ আর্থিক বর্ষে বরাদ্দ ছিল ৩১০ লক্ষ টাকা। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে এই খাতে বরাদ্দীকৃত অর্থের পরিমাণ ২১৫ লক্ষ টাকা। অর্থ ঘাটতির জন্য রক্ষণাবেক্ষণ ব্যতীত অন্য কোনও উন্নয়নমূলক কাজ বর্তমান আর্থিক বর্ষে করা সম্ভব হয়নি।

বর্তমান বর্ষে ডিসেম্বর মাস পর্যন্ত সমাজকল্যাণ আবাসগুলিতে মোট ৪২৫ জন আবাসিককে ভর্তি করা হয়েছে। আশা করা যায় আরও ৭৫ জনকে এই আর্থিক বর্ষে ভর্তি করা সম্ভব হবে।

২০০৩-২০০৪ আর্থিক বর্ষে প্রস্তাবিত কর্মসূচি

(১) পশ্চিম মেদিনীপুর জেলার দুধকুন্ডি গ্রামে একটি রাষ্ট্রীয় কল্যাণ আবাস স্থাপন।

(২) প্রতিটিতে ১০০ জন আবাসিক বিশিষ্ট ১০টি নূতন কল্যাণ আবাসের অনুমোদন এবং নিয়মিত সাহায্য প্রদান।

(৩) ১,৫০০ জন নূতন আবাসিককে কল্যাণ আবাসে ভর্তির ব্যবস্থা।

(৪) রাষ্ট্রীয় কল্যাণ আবাসগুলির রক্ষণাবেক্ষণ এবং প্রয়োজনবোধে নির্মাণের জন্য অর্থ প্রদান।

(৫) কল্যাণ আবাসগুলির বৃত্তিমূলক প্রশিক্ষণের আধুনিকীকরণ এবং নূতন পাঠক্রম চালু করা।

প্রথা-বহির্ভূত শিক্ষা প্রকল্প

সারা রাজ্যে ৯-১৪ বছর বয়স্ক ছেলেমেয়েদের একটি অংশ বিদ্যালয় শিক্ষার আওতার বাইরে রয়েছে। তাছাড়াও এই বয়সের একটা অংশ সামাজিক-আর্থিক কারণে বিদ্যালয়-ছুট হয়। এদের জন্য জনশিক্ষা প্রসার দপ্তর ২০০০-২০০১ সালে প্রথা-বহির্ভূত শিক্ষা প্রকল্প চালু করে। রাজ্যের বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে এই প্রকল্প রূপায়ণ করা হয়। ২০০২-২০০৩ আর্থিক বছরে ১৭টি প্রকল্প অনুমোদনসহ সর্বমোট ৮৩টি প্রকল্প সারা রাজ্যে রূপায়িত হয়েছে। এই প্রকল্পগুলির অধীনে মোট ৪,১৫০টি পড়ুয়া-কেন্দ্রে ১,০৩,৭৫০ জন পড়ুয়া পড়াশুনা করে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় এই চারটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, গবেষকদের মাধ্যমে সারা রাজ্যের ৪৫টি প্রকল্পের বহির্মূল্যায়ন করা হয়। এই মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৪০.৮১ শতাংশ পড়ুয়া কৃতকার্য হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলির মূল্যায়ন প্রক্রিয়ার ব্যবস্থাও ইতিমধ্যে গৃহীত হয়েছে। জনশিক্ষা প্রসার দপ্তর আরো ১,২৫০টি পড়ুয়া-কেন্দ্র চালু করার পরিকল্পনা নিলেও আর্থিক কারণে এখনই শুরু করা যাচ্ছে না। ২০০১-২০০২ সালে প্রথা-বহির্ভূত শিক্ষা প্রকল্পের জন্য মোট ২৫২.৬১ লক্ষ টাকা খরচ হয়। এর মধ্যে স্থানীয় উন্নয়ন (জি.এল.বি.) খাতের টাকা ছিল ২০৮.৪৬ লক্ষ টাকা।

২০০২-২০০৩ সালে এই খাতে ব্যয়-বরাদ্দের লক্ষ্যমাত্রা ছিল ৯৫ লক্ষ টাকা। খরচ হয়েছে ৫৭,৩৭,৫০০ টাকা এবং বর্তমান আর্থিক বছরের মধ্যে বাকী টাকাও খরচ করা যাবে বলে আশা করা যায়।

ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক প্রথা-বহির্ভূত শিক্ষা প্রকল্পের পরিবর্তে 'শিক্ষা সুনিশ্চিতকরণ প্রকল্প'/'পরিপূরক উদ্ভাবনী শিক্ষা প্রকল্প' চালু করেছে। জনশিক্ষা প্রসার দপ্তর ইতিমধ্যে ১২টি 'শিক্ষা সুনিশ্চিতকরণ প্রকল্প'-এর জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ২,৩৮,৭১,২৫০ টাকা বরাদ্দের সুপারিশ করেছে। এই প্রকল্পগুলি কেন্দ্রীয় সরকার অনুমোদন করলে ১,১৩০টি পড়ুয়া-কেন্দ্র খোলা যেতে পারে এবং ২৮,২৫০ জন পড়ুয়া পড়াশোনা করতে পারে।

বিষয় : শ্রাব্য-দৃশ্য শিক্ষা

জনশিক্ষা প্রসার বিভাগের অধীনে শ্রাব্য-দৃশ্য শিক্ষা শাখার আধুনিক যন্ত্রাদিসহ একটি ইউনিট আছে। এই ইউনিট ব্যতীত সমগ্র রাজ্যে তিনটি সরকারি এবং ১১টি বেসরকারি

সাহায্যপ্রাপ্ত ইউনিট আছে। এই ইউনিটগুলি সমগ্র রাজ্যে সাক্ষরতা প্রসারে এবং সমাজকল্যাণ আবাস ও প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্রগুলিতে নিয়মিত নানা অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষামূলক কাজ করে থাকে।

২০০১-২০০২ আর্থিক বর্ষে পরিকল্পনা অন্তর্ভুক্ত বরাদ্দ ছিল ৪০ লক্ষ টাকা। তার মধ্যে ৬.৫৫ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে। বর্তমান আর্থিক বর্ষ ২০০২-২০০৩-এ ২৭.৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে এ পর্যন্ত প্রায় ১.২০ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে।

২০০৩-২০০৪ আর্থিক বর্ষের প্রস্তাবিত কর্মসূচি

(১) উত্তরবঙ্গে সরকারি স্তরে তিনটি নূতন ইউনিট স্থাপন।

(২) উত্তরবঙ্গের ৬টি ইউনিটের গাড়ি ক্রয়।

(৩) উত্তরবঙ্গের জন্য একটি প্রদর্শনী ইউনিট স্থাপন।

বয়স্ক উচ্চ বিদ্যালয়

বয়স্ক শিক্ষার সম্প্রসারণে এবং বিভিন্ন প্রকল্প কর্মসূচির মাধ্যমে সাক্ষর পড়ুয়াদের মাধ্যমিক স্তর পর্যন্ত পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে রাজ্যের বিভিন্ন জেলায় বয়স্ক উচ্চ বিদ্যালয় স্থাপিত হয়েছে। বিভিন্ন কারণে যথা—আর্থ-সামাজিক, রুজি-রোজগারের জন্য নানা প্রতিষ্ঠানে নিযুক্ত থাকায় যে সমস্ত বয়স্ক পড়ুয়ারা বিধিবদ্ধ বিদ্যালয়ে লেখাপড়ায় ধারাবাহিকতা বজায় রাখতে পারেননি, তাঁরা এই বয়স্ক উচ্চ বিদ্যালয়ে পঠন-পাঠনের সুযোগ পাচ্ছেন। এই বিদ্যালয়গুলিতে প্রধান শিক্ষক সহ চারজন শিক্ষক ও একজন অশিক্ষক কর্মী দায়িত্বে থাকেন। অদ্যাবধি মোট ৩৯টি বয়স্ক উচ্চ বিদ্যালয় অনুমোদিত হয়েছে। ২০০৩-২০০৪ আর্থিক বছরে আরও ৮টি বয়স্ক উচ্চ বিদ্যালয় অনুমোদন করা যেতে পারে। সব বিদ্যালয়ের জন্য ২০০৩-২০০৪ আর্থিক বছরে মোট ৮ লক্ষ টাকার বরাদ্দ প্রয়োজন।

শ্রমিক বিদ্যাপীঠ (জনশিক্ষণ সংস্থান)

জনশিক্ষা প্রসার বিভাগ পরিচালিত কলকাতা শ্রমিক বিদ্যাপীঠ ১৯৭৯ সালে অনুমোদন প্রাপ্ত হয়, পরে ০৪.০৯.১৯৮১ থেকে ৫৬/এ, বি.টি. রোড, কলকাতা-৫০ মরকত কুঞ্জের টেগর হলে চালু হয়। এই প্রতিষ্ঠানটি শ্রমিক ও দরিদ্র পরিবারের সন্তান-সন্ততিদের ও স্বনিযুক্তি প্রকল্প গ্রহণে ইচ্ছুক নরনারীদের বৃত্তিমূলক শিক্ষা প্রদান করে আসছে। বর্তমানে ভারত সরকারের নির্দেশে 'শ্রমিক-বিদ্যাপীঠ' নামটির নামান্তর হয় "জনশিক্ষণ সংস্থান"।

পূর্বে শ্রমিক বিদ্যাপীঠের কাজ শুধুমাত্র শহরাঞ্চলে আবদ্ধ ছিল কিন্তু বর্তমানে তা গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়ছে। কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার উভয়েই স্থির করেছেন যে রাজ্যের নবসাক্ষর, অগ্রণী সাক্ষর নরনারীর দক্ষতা বৃদ্ধি ও বৃত্তি সহায়ক প্রশিক্ষণ দেওয়ার কাজে এই শ্রমিক বিদ্যাপীঠকে ব্যবহার করা হবে। যে সমস্ত জেলা প্রবহমান শিক্ষা কর্মসূচির পর্যায়ে এসেছে সেখানে এই শ্রমিক বিদ্যাপীঠ মুখ্য প্রবহমান শিক্ষা কেন্দ্র হিসাবে বৃত্তিমূলক প্রশিক্ষণ দিয়ে নবসাক্ষর ও অগ্রণী সাক্ষরদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবে।

পশ্চিমবঙ্গে কলকাতা শ্রমিক বিদ্যাপীঠ ছাড়াও আরও ৪টি জনশিক্ষণ সংস্থান সাফল্যের সঙ্গে প্রশিক্ষণ দান করে চলছে। এগুলি হল—

(১) জনশিক্ষণ সংস্থান, রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ, নরেন্দ্রপুর, দক্ষিণ ২৪-পরগনা।

(২) জনশিক্ষণ সংস্থান, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।

(৩) জনশিক্ষণ সংস্থান, জলপাইগুড়ি।

(৪) জনশিক্ষণ সংস্থান 'কল্যাণ', পুরুলিয়া।

কলকাতা শ্রমিক বিদ্যাপীঠে যে সমস্ত শিক্ষাক্রম চালু আছে সেগুলি হল—

সিল্ক স্ক্রিন প্রিন্টিং, এমব্রয়ডারী, মেসিন নিটিং, ইলেকট্রিসিয়ান, বাটিক প্রিন্টিং, কালার টি.ভি. রিপেয়ারিং, টেলিফোন রিপেয়ারিং, এয়ার কন্ডিশনিং, রেফ্রিজারেশন, কমার্শিয়াল আর্ট (প্রিলিমিনারি ও অ্যাডভান্স), ফল সংরক্ষণ, কাটিং ও টেলারিং, মাশরুম চাষ, ট্রানজিস্টর/টেপরেকর্ডার রিপেয়ারিং, ঘড়ি রিপেয়ারিং, বিউটিফিকেশন, ফ্যাশান ডিজাইনিং, বই-বাঁধানো, সফ্‌ট ডল তৈরি ইত্যাদি। আরও অনেক রকমের শিক্ষাক্রম চালানোর মাধ্যমে হাতেকলমে কাজ শেখার পাশাপাশি প্রতিটি শিক্ষার্থীকে বহুমুখী (এবং জনমুখী প্রশিক্ষণের) অঙ্গরূপে জনকল্যাণ বা স্বল্পসঞ্চয় স্বনিযুক্তি, সুনাগরিকের অধিকার ও কর্তব্য, প্রাথমিক চিকিৎসা ইত্যাদি বিষয়েও শিক্ষা গ্রহণ করতে হয়। উপরোক্ত প্রশিক্ষণ গ্রহণ করতে হলে সাধারণত নির্দিষ্ট শিক্ষাগত মানের প্রয়োজন না থাকলেও প্রার্থীর মোটামুটি লিখতে ও পড়তে সক্ষম হওয়া বাঞ্ছনীয়। সমস্ত প্রশিক্ষণ সম্পূর্ণ অবৈতনিক।

অধিকাংশ কার্যক্রম বিদ্যাপীঠ ভবনে অনুষ্ঠিত হলেও কলকাতার বস্তি অঞ্চলে ও নিষিদ্ধ পল্লীতেও প্রশিক্ষণের কাজ করে থাকে। প্রশিক্ষণপ্রাপ্ত বহু শিক্ষার্থী ভবিষ্যৎ জীবনে কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন/স্বনির্ভর হয়েছেন।

বর্তমান আর্থিক বছরে ১,৩২০ জনের মধ্যে ৫৮৮ জন পুরুষ এবং ৭৩২ জন মহিলা প্রশিক্ষণ লাভ করেছে এবং জনশিক্ষা প্রসার বিভাগ এই বিদ্যাপীঠটিকে পরিচালনার জন্য এখন পর্যন্ত ১৭,৯৮,০০০ টাকা মঞ্জুর করেছেন।

আশা করা যায় আগামী বছরগুলিতে শ্রমিক বিদ্যাপীঠ কলকাতা, রাজ্যের প্রবহমান কর্মসূচির মূলস্রোতে নিজেকে আরও জোরালোভাবে নিয়োগ করে এবং সদ্য সাক্ষর ও নবসাক্ষরদের উপযুক্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে জাতীয় উন্নয়নের মূল ধারায় নিয়ে আসতে পারবে।

প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বিশেষ শিক্ষা ও প্রশিক্ষণ

জনশিক্ষা দপ্তরের বিভিন্ন কর্মসূচির মধ্যে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বিশেষ শিক্ষা ও প্রশিক্ষণের বিষয়টি বিশেষ গুরুত্বপূর্ণ। এই রাজ্যে বর্তমানে বিভিন্ন ধরনের প্রতিবন্ধী যথা—শ্রবণ প্রতিবন্ধী, দৃষ্টিহীন, মানসিক প্রতিবন্ধী এবং বহুমুখী প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য এরূপ

১১৪টি প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ৩৯টি সরকার পোষিত (স্পনসর্ড), ৩৮টি সরকারি সাহায্যপ্রাপ্ত এবং বাকী ৩৭টি বিদ্যালয় প্রাতিষ্ঠানিক স্বীকৃতিপ্রাপ্ত। এই সব বিদ্যালয়গুলির জন্য জনশিক্ষা প্রসার দপ্তর কর্তৃক অনুমোদিত বিশেষ শিক্ষার পাঠক্রম রয়েছে। অধিকাংশ বিদ্যালয়ে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তিমূলক তথা কারিগরি কর্ম প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে। বর্তমানে এই ১১৪টি প্রতিষ্ঠানে আনুমানিক ৮,২০০ (আট হাজার দুই শত) জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী বিশেষ শিক্ষা তথা বৃত্তিমূলক শিক্ষা গ্রহণ করে থাকে। গত এপ্রিল মাস থেকে এ পর্যন্ত মোট ৪টি প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেওয়া হয়েছে। সেগুলি হল—

(১) 'সুচেতনা আবাসিক প্রতিবন্ধী বিদ্যাপীঠ' পরিচালনায় : নারী-মুক্তি মহিলা সমিতি .. দক্ষিণ দিনাজপুর

(২) আক্রাহাট প্রতিবন্ধী বিদ্যালয় .. কোচবিহার

(৩) বিশ্বনাথ মূক ও বধির বিদ্যালয় .. কোচবিহার

এবং

(৪) পুরুল সারদা মিশন প্রতিবন্ধী বিদ্যালয়, পাঁশকুড়া .. পূর্ব মেদিনীপুর

এ পর্যন্ত মোট ৫টি স্বীকৃত প্রতিষ্ঠানকে স্পনসর্ড প্রকল্পের আওতাভুক্ত করার প্রস্তাব রয়েছে। এই সকল প্রতিষ্ঠানগুলিতে আর্থিক সমস্যা চলছে এবং প্রতিষ্ঠানগুলিকে যদি সরকারি পরিপোষণের আওতাভুক্ত করা যায় তাহলে প্রায় ৫০০ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী বিনা ব্যয়ে বিশেষ শিক্ষা গ্রহণ করতে পারবে।

প্রতিকূল আর্থিক পরিস্থিতি থাকা সত্ত্বেও জনশিক্ষা প্রসার দপ্তর পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনীর সহায়তায় প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য ৩টি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। সেগুলি হল—

(১) প্রতিবন্ধী প্রতিভা অন্বেষণ (প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি প্রতিযোগিতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান),

(২) কৃতি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠান, এবং

(৩) প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বার্ষিক রাজ্য ক্রীড়া অনুষ্ঠান।

জনশিক্ষা প্রসার দপ্তর থেকে নবম শ্রেণী এবং তদূর্ধ্ব শ্রেণীতে পাঠরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য ছাত্রবৃত্তি দেওয়া হয়ে থাকে। যে সব প্রতিবন্ধী শিক্ষার্থী বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ করছেন তাঁদেরও ওই বৃত্তি দেওয়া হয়। এর জন্য মোট ১৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এতে প্রায় ১,৫০০ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী তথা শিক্ষার্থী উপকৃত হবেন।

গ্রন্থাগার পরিষেবা

জনগণের শিক্ষাক্ষেত্রে জনগ্রন্থাগার এক জীবন্ত শক্তি। আরও নির্দিষ্ট করে বলা যেতে পারে, জনগ্রন্থাগার হল আধুনিক গণতন্ত্রের ফসল এবং বিশ্বজনীন শিক্ষা যে সারা জীবন ধরে চলা এক প্রক্রিয়া, সেই দর্শনের প্রতি গণতন্ত্রের বিশ্বাসের একটি বাস্তব উদাহরণ।

অবিভক্ত বাংলায় অষ্টাদশ শতকের শেষার্ধে গ্রন্থাগার আন্দোলনের সূচনা হয়। বাংলায় এই আন্দোলন শুরু হয় ১৭৮৪ সালে এশিয়াটিক সোসাইটির পত্তনের মধ্য দিয়ে যে প্রতিষ্ঠানটি হল এশিয়া মহাদেশের বিভিন্ন শিক্ষামূলক বিষয়, যেমন—ইতিহাস, প্রত্নতত্ত্ব, বিজ্ঞান, শিল্প-সংস্কৃতি, ভাষা ও সাহিত্য ইত্যাদির উপর পঠনপাঠন ও গবেষণা চালানোর ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান। আধুনিক বাংলায় প্রথম জনগ্রন্থাগার প্রতিষ্ঠান চালু করার প্রয়াস নেওয়া হয় ১৮৩৫ সালে।

সুতরাং, এর ফলে অতীত থেকেই বাংলায় একটি সুগঠিত ও তাৎপর্যপূর্ণ গ্রন্থাগার আন্দোলন ছিল যেটি আজ ভারতের ক্ষেত্রে একটি অত্যন্ত কর্মময় ও জীবন্ত কার্যক্রমে পরিণত হয়েছে। ১৯৩০ সাল নাগাদ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের অধ্যক্ষ কুমার মণীন্দ্র দেব মহাশয়ের নেতৃত্বে প্রথম গ্রন্থাগার আইন প্রণয়নের প্রচেষ্টা চালানো হয়। গ্রন্থাগার আইনের উপর ভিত্তি করে একটি সুসংবদ্ধ জনগ্রন্থাগার ব্যবস্থার কথা প্রথম বলে ১৯৫৮ সালে ভারত সরকার কর্তৃক গঠিত একটি উপদেষ্টা কমিটি। ১৯৭৯ সালে পশ্চিমবঙ্গ জনগ্রন্থাগার আইন প্রণয়নের মধ্য দিয়ে আমাদের রাজ্য সরকার গ্রন্থাগার নীতিকে একটি পূর্ণাঙ্গ রূপ দিতে সক্ষম হয়েছেন। এদিক দিয়ে তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক ও মহারাষ্ট্রের পরেই পশ্চিমবঙ্গ হল গ্রন্থাগার আইন প্রণয়নের ক্ষেত্রে পঞ্চম রাজ্য।

রাজ্যে একটি সুগঠিত জনগ্রন্থাগারের ব্যবস্থা আছে যার শীর্ষে রয়েছে রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার নামক সরকারি গ্রন্থাগার। এই গ্রন্থাগারটিকে নিয়ে সরকারি গ্রন্থাগার ১১টি। এছাড়া ২,৪৫৭টি সরকার পোষিত গ্রন্থাগার আছে যার অন্তর্গত হল ১৯টি জেলা গ্রন্থাগার, ২২৯টি মহকুমা ও শহর গ্রন্থাগার ও ২,২০৯টি প্রাথমিক স্তরের গ্রন্থাগার অথবা গ্রামীণ গ্রন্থাগার। এছাড়াও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরিচালিত ৭টি সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগার আছে যেগুলি নিয়মিতভাবে রাজ্য সরকারের কাছ থেকে অর্থ সাহায্য পায়। রাজ্যের সরকারি ও সরকার পোষিত গ্রন্থাগারগুলিতে কর্মরত রয়েছেন প্রায় ৫,৫০০ জন গ্রন্থাগার কর্মী।

পশ্চিমবঙ্গ জনগ্রন্থাগার আইন, ১৯৭৯ প্রণয়নের পর থেকেই রাজ্য সরকার গ্রন্থাগার ব্যবস্থাকে নিরন্তর শক্তিশালী, বহুমুখী ও সুসংগঠিত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে এবং সেই কর্মসূচি সাফল্যের সঙ্গে এখনও পর্যন্ত রূপায়িত হয়ে চলেছে। জনগ্রন্থাগার প্রসার বিভাগ এই লক্ষ্যটি চরিতার্থ করার উদ্দেশ্যে নিম্নলিখিত কর্মসূচিগুলি গ্রহণ করেছে :

(ক) **গ্রন্থাগার পরিষেবার আধুনিকীকরণ :** গ্রন্থাগার পরিষেবার বিজ্ঞানসম্মত ও সুশৃঙ্খল পরিচালনার স্বার্থে জনশিক্ষা প্রসার দপ্তর গ্রন্থাগারগুলির আধুনিকীকরণের বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এর প্রধান লক্ষ্য হল আধুনিক যুগের অগ্রগতির ও প্রয়োজনের সঙ্গে তাল মিলিয়ে গ্রন্থাগারগুলি যাতে দ্রুত পরিষেবা দান করে চলতে পারে। আধুনিকীকরণের সূচনা হয় রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারে ১৯৯৯-২০০০ সালে কম্পিউটার স্থাপনের মধ্য দিয়ে। আগামী কয়েক বছরের মধ্যে সমস্ত জেলা গ্রন্থাগারগুলিকে কম্পিউটার সমৃদ্ধ করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে।

(খ) **জনগ্রন্থাগার ও তথ্যকেন্দ্র স্থাপন :** রাজ্যে প্রায় ৯,৫০০টি এমন গ্রাম পঞ্চায়েত আছে যেখানে কোন সরকার পোষিত গ্রন্থাগার নেই। এই সমস্ত গ্রাম পঞ্চায়েত এলাকায় সরকারি গ্রন্থাগার পরিষেবা দেবার জন্য জনশিক্ষা দপ্তর ১৯৯৯-২০০০ সালে একটি প্রকল্প গ্রহণ করেছে যার মাধ্যমে ওইসব এলাকায় জনগ্রন্থাগার ও তথ্যকেন্দ্র (কমিউনিটি লাইব্রেরি-কাম-ইনফরমেশন সেন্টার) স্থাপন করা হচ্ছে। ২০০০-২০০১ সালে রাজ্য প্রথমে প্রতিটি ব্লকে একটি করে মোট ৩৪১টি এই কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা অনুমোদিত হয়। এই কেন্দ্রগুলি স্থাপনের প্রাথমিক প্রক্রিয়া চলছে।

(গ) **বৃত্তিসহায়ক কেন্দ্র :** বৃত্তিসহায়ক কেন্দ্র স্থাপনের কাজটি দপ্তরের আরেকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের মধ্যে পড়ে। রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারের মতো সমস্ত জেলা গ্রন্থাগার, শহর ও মহকুমা গ্রন্থাগারে বৃত্তিসহায়ক কেন্দ্র খোলা হয়েছে। ফলে বৃত্তিসন্ধানী ও জীবিকা সম্পর্কে উৎসাহী যুবসমাজ সঠিক তথ্যসমূহ পেয়ে অত্যন্ত উপকৃত হচ্ছেন এবং পরিবর্তে তাঁদের উৎসাহ এই প্রকল্পটিকে সার্থক রূপদান করেছে। তাঁরা বিভিন্ন বই, পত্র-পত্রিকার মাধ্যমে এই প্রকল্প থেকে প্রভূত সহায়তা পেয়েছেন। প্রয়োজনমতো এখান থেকে সদস্যরা বিভিন্ন তথ্যও সংগ্রহ করে থাকেন।

(ঘ) **অপোষিত ও বেসরকারি গ্রন্থাগারগুলিকে আর্থিক সহায়তা দান :** আমাদের রাজ্যে ছোটবড় মিলিয়ে বিভিন্ন বেসরকারি প্রাতিষ্ঠানিক উদ্যোগ চালু রয়েছে, এমন গ্রন্থাগারের সংখ্যা তিন হাজারেরও বেশি। এর মধ্যে বেশ কিছু গ্রন্থাগার যেভাবে পরিষেবা দিয়ে চলেছে তা প্রশংসার দাবি রাখে। সামান্য কিছু শর্তসাপেক্ষে এই গ্রন্থাগারগুলিকে আবেদনের ভিত্তিতে নিয়মিতভাবে সরকারি অনুদান দেওয়া হয়ে থাকে। ২০০২-২০০৩ সালে এরকম ১১০টি বেসরকারি ও অপোষিত গ্রন্থাগারকে তাদের সামাজিক পরিষেবার স্বীকৃতি হিসাবে ৮.৪ লক্ষ টাকার অনুদান সরকার থেকে মঞ্জুর করা হয়েছে।

(ঙ) **জেলা গ্রন্থমেলা সংগঠন :** আগের বছরের মতো এই দপ্তর থেকে জেলা স্তরে গ্রন্থমেলার সংগঠন করে হচ্ছে। ২০০১-২০০২ সালে সরকার থেকে এই খাতে ৫.৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। আগামী আর্থিক বছরে এই অনুদান জেলা পিছু ৪০,০০০ টাকা পর্যন্ত বৃদ্ধি করার পরিকল্পনা আছে।

(চ) **কলকাতা নগর গ্রন্থাগারের স্থান পরিবর্তন :** এই গ্রন্থাগারের বর্তমান অবস্থানে স্থানাভাবের কারণে উন্নততর গ্রন্থাগার পরিষেবা দানে ব্যাঘাত ঘটেছে, সে কারণে গ্রন্থাগারটিকে দক্ষিণ কলকাতার একটি নতুন স্থানে নিয়ে যাবার পরিকল্পনা করা হয়েছে এবং এজন্য কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের থেকে জমির বন্দোবস্তও করা হয়েছে। জমি এবং বাড়ি তৈরির মূল্য বাবদ এই দপ্তর থেকে ইতিমধ্যেই ৬০ লক্ষ টাকা ওই সংস্থাকে প্রদান করা হয়েছে যাতে করে তারা এই জমিতে গ্রন্থাগার গৃহ নির্মাণ শুরু করতে পারে। আশা করা হচ্ছে ২০০৩-২০০৪ সালের মধ্যে গ্রন্থাগারের নির্মাণে কাজ শুরু হবে।

(ছ) **রাজ্য সরকার ও রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশন-এর যৌথ প্রকল্পে রাজ্য সরকারের দেয় টাকার পরিমাণ বৃদ্ধিকরণ :** রাজ্যের গ্রন্থাগার পরিষেবার উন্নয়নের জন্য

রাজ্য সরকার বার্ষিক ভিত্তিতে রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশনের সঙ্গে যৌথ প্রকল্পে একটি নির্দিষ্ট টাকার অঙ্ক দান করে থাকে। রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশন থেকেও ওই একই টাকার অঙ্ক দেওয়া হয়ে থাকে। আগামী দিনে রাজ্য সরকার রাজ্যের গ্রন্থাগারগুলির উন্নতি ও সহায়তার স্বার্থে পূর্বের ৫০ লক্ষ টাকার পরিমাণ ৭৫ লক্ষ টাকা পর্যন্ত বৃদ্ধি করার পরিকল্পনা করেছে।

(জ) **আর আই ডি এফ (রুরাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফান্ড)** : এই তহবিল থেকে বহু গ্রামীণ গ্রন্থাগারকে গৃহ নির্মাণ অনুদান দেওয়া হবে বলে আশা করা যায়। ইতিমধ্যেই ৪৩টি প্রকল্পের জন্য মোট ১,৪৭,৭০,১৭২ টাকা অনুমোদনের প্রস্তাব উপযুক্ত কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

উত্তর দিনাজপুর জেলা গ্রন্থাগারের নির্মাণকার্য প্রায় সমাপ্তির পথে।

২০০৩-২০০৪ সালের মধ্যে গ্রন্থাগারটি চালু করার পরিকল্পনা আছে।

DEMAND No. 15

Major Heads : 2202—General Education, 2204—Sports and Youth Services, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services, 2551—Hill Areas and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3978,39,85,000 be granted for expenditure under Demand No. 15, Major Heads : "2202—General Education, 2204—Sports and Youth Services, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services, 2551—Hill Areas and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 1326,13,28,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ১৫নং অভিযাচনের অন্তর্গত "২২০২—সাধারণ শিক্ষা", "২২০৪—ক্রীড়া ও যুবকল্যাণ", "২২৪৫—প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ত্রাণ", "২২৫১—সচিবালয়-সমাজসেবা", "২৫৫১—পার্বত্য অঞ্চল" এবং "৪২০২—শিক্ষা, ক্রীড়া, কলা, সংস্কৃতির ক্ষেত্রে মূলধনী ব্যয়"—এই ছয়টি মুখ্য খাতে ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য মোট ৩৯৭৮ কোটি ৩৯ লক্ষ ৮৫ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করছি।

অন্তর্বর্তীকালের ব্যয়ের জন্য প্রস্তাবিত যথাক্রমে ১৩২৬ কোটি ১৩ লক্ষ ২৮ হাজার টাকা উপরোক্ত প্রস্তাবের অন্তর্গত।

সারা দেশ আজ এক অভূতপূর্ব আর্থিক সংকটের বেড়াজালে আবদ্ধ। কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতিই এর জন্য সম্পূর্ণভাবে দায়ী। কোনো রাজ্যই এই আর্থিক সংকটের আবর্ত থেকে মুক্ত নয়। স্বীকার করতে এতটুকু কুণ্ঠা নেই গত আর্থিক বছরের জন্য ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করার সময় যে প্রত্যাশার কথা ব্যক্ত করেছিলাম, তা পূরণ করার ক্ষেত্রে কঠিন বাধার সম্মুখীন আমাদের হতে হয়েছে। ঘোষিত লক্ষ্যে পৌঁছতে অনেক প্রতিবন্ধকতার মুখে পড়তে হয়েছে। তথাপি সাধ্যানুসারে প্রতিশ্রুতি পালনে অবিচল থাকার চেষ্টা আমরা করেছি। বিশ্বের মোট জনসংখ্যার ১৭ শতাংশের বাস আমাসের দেশে। অথচ বিশ্বের মোট নিরক্ষর মানুষের ৩৪ শতাংশই আছে ভারতে। সমগ্র দুনিয়ার মোট প্রাথমিক শিক্ষকদের ৯.৫ শতাংশ এবং মাধ্যমিক শিক্ষকদের ৮.৮ শতাংশ আছেন আমাদের দেশে। এতদ্‌সত্ত্বেও দু-একটি ছোট রাজ্য ব্যতীত সকল রাজ্যেই আর্থিক অস্বচ্ছলতার কারণে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের শূন্য পদ পূরণ বন্ধ রাখা হয়েছে। আমাদের রাজ্যে আমরা শুধু শিক্ষকদের শূন্য পদই নিয়মিতভাবে পূরণ করে চলেছি তা-ই নয়, নতুন পদও সৃষ্টি করছি— যদিও প্রয়াজনের তুলনায় তা যথেষ্ট নয়। কেন্দ্রীয় সরকারের উদ্যোগে শিক্ষার পাঠক্রম, পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তকে উগ্র সাম্প্রদায়িক উপাদান আনার পরিকল্পিত প্রয়াস যেমন চলছে, সেই সাথে ভিত্তিহীন তথ্যাবলীও সেখানে সংযুক্ত করা হচ্ছে। আমরা তার বিরুদ্ধে ইতিবাচক অবস্থান গ্রহণ করেছি। শিক্ষা-সংস্কৃতির জগতে এই রাজ্যের যে ঐতিহ্য আছে তার প্রতি অবিচল থেকেই আমরা আমাদের ভূমিকা পালন করে চলেছি।

প্রারম্ভিক শিক্ষা

রাজ্যে 'সর্বশিক্ষা অভিযান' শুরু হওয়ার সাথে সাথে উচ্চতর প্রাথমিক শিক্ষা বা অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষা প্রয়োজনীয় গুরুত্বলাভ করেছে এবং এর আবশ্যিকতা বিশেষ মনোযোগ আকর্ষণ করেছে। কেন্দ্রানুমোদিত 'সর্বশিক্ষা অভিযান' এখন বিদ্যালয় শিক্ষা দপ্তরের সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রকল্প। এই 'সর্বশিক্ষা অভিযান' একটি জাতীয় কার্যক্রম হিসাবে আনুষ্ঠানিকভাবে ২০০২-২০০৩ সালে শুরু হয়। স্ত্রী-পুরুষ নির্বিশেষে সামাজিক শ্রেণিসমূহের মধ্যেকার বিভেদ অতিক্রম করে এবং সমাজের সকল স্তরের মানুষের অংশগ্রহণের মাধ্যমে ২০১০ সালের মধ্যে ৫ থেকে ১৪ বছর বয়স পর্যন্ত সবাইকে অষ্টম শ্রেণি পর্যন্ত সর্বজনীন প্রারম্ভিক শিক্ষার ঊর্ধ্বতর লক্ষ্যে পৌঁছে দেওয়াই এই কার্যক্রমের লক্ষ্য। কলকাতা ও জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের (ডি.পি.ই.পি.) জেলাসমূহ সহ রাজ্যের সমস্ত জেলাই এই প্রকল্পের আওতাভুক্ত। রাজ্যের দশটি জেলায় 'জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প' রূপায়িত হচ্ছে এবং 'সর্বশিক্ষা অভিযানের' সামগ্রিক আওতাভুক্ত হয়ে এই জেলাগুলিতে প্রকল্পটি চালু থাকবে। প্রারম্ভিক শিক্ষা প্রকল্প চালু করা ও এই প্রকল্প রূপায়ণে এক ব্যাপক মূল অভিসারী কাঠামো সৃষ্টি করা যাতে রাজ্য ও কেন্দ্রীয় পরিকল্পনা থেকে প্রারম্ভিক শিক্ষার জন্য বরাদ্দ সমস্ত অর্থের যথাযোগ্য বিনিয়োগের সম্ভাবনা তৈরি হয়, সর্বশিক্ষা অভিযানের এটি একটি প্রধান উদ্দেশ্য। এই

বিনিয়োগগুলি 'সর্বশিক্ষা অভিযান' প্রকল্প রূপায়ণের অংশ হিসেবে বিবেচিত হবে এবং প্রকল্পের অঙ্গীভূত হবে। সর্বজনীন প্রারম্ভিক শিক্ষা অভিযানকে ফলবতী করার লক্ষ্যে বিশেষ গুরুত্ববাহী ক্ষেত্রসমূহকে জোরদার করার উদ্দেশ্যে অতিরিক্ত অর্থের যোগানও সর্বশিক্ষা অভিযানের মাধ্যমেই হবে। ১০ম পরিকল্পনাকালে এই প্রকল্পের জন্য রাজ্যকে মোট ব্যয়ের ২৫ শতাংশ বহন করতে হবে। কলকাতা সহ ২০টি শিক্ষা জেলার 'সর্বশিক্ষা অভিযান' প্রকল্প রূপায়ণের জন্য ২০০১ থেকে ২০১০ সময়কালে এই খাতে রাজ্যের প্রদেয় অংশ সহ সর্বমোট ৪৮৯২.৭৩ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে। রাজ্যের প্রদেয় অংশ মেটানোর লক্ষ্যে পরবর্তী বছরের পরিকল্পনা বাজেটে আংশিক সংস্থানের ব্যবস্থা রাখা হয়েছে।

'সর্বশিক্ষা অভিযান' শুরু করার পূর্বে 'সর্বজনীন প্রাথমিক শিক্ষার' উপরেই সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছিল (যদিও এই বিষয়টি 'সর্বশিক্ষা অভিযান'-এর আওতাভুক্ত হয়ে এখনও সমান গুরুত্বপূর্ণই আছে) এবং সকলের অংশগ্রহণের মাধ্যমে ইতিমধ্যে জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের ১০টি জেলায় পরিকল্পিত ভূমিকা ও ডি.পি.ই.পি.-এর আওতাভুক্ত নয় এমন সাতটি জেলায় ডি.পি.ই.পি.-এর আদলে নিবিড় শিক্ষা প্রকল্প চালু করায় সর্বজনীন প্রারম্ভিক শিক্ষা প্রকল্পের উদ্দেশ্যসমূহকে যথেষ্ট পরিমাণে বাস্তবায়িত করা সম্ভব হয়েছে, যথা, শিক্ষার সুযোগের প্রসার, বিদ্যালয়ে ভর্তি ও পড়াশোনা বজায় রাখা, মাঝপথে পড়া ছেড়ে দেওয়ার সংখ্যা হ্রাস, বালিকাদের ভর্তি হওয়ার হার বৃদ্ধি ও তাদের পড়াশোনা বজায় রাখার হার বৃদ্ধি এবং তপশিলি জাতি/আদিবাসী সহ বিশেষ বিবেচনার মধ্যে পড়ে সমাজের অন্যান্য এমন অংশেও উল্লেখিত বিষয়গুলি আশানুরূপভাবে কার্যকরী হয়েছে। প্রাথমিক বিদ্যালয়সমূহে পানীয় জল ও শৌচাগারের সুবিধা সহ পরিকাঠামোর উন্নীতকরণে পর্যাপ্ত অর্থ সাহায্যের ব্যবস্থা করা হয়েছে। ১৯৯৯-২০০০ থেকে ২০০১-২০০২ পর্যন্ত অর্থবর্ষে প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়সমূহে যথোপযুক্ত সুবিধা সহ বিদ্যালয় ভবন মেরামতি, নতুন বিদ্যালয় ভবন নির্মাণ ও অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ এবং পানীয় জল, শৌচাগারের ব্যবস্থা সহ পরিকাঠামোগত উন্নয়নে ১৮৫ কোটি টাকার অধিক ব্যয়িত হয়েছে। ১৯৯৭-৯৮ থেকে ১৯৯৯-২০০০ সময়কালে অনুমোদন দেওয়া ২,৫০০ নতুন প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১,৮৪৭টি স্থাপিত হয়েছে। নতুন নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পাশাপাশি প্রাথমিক শিক্ষাকে সহজলভ্য করতে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ প্রাথমিক শিক্ষা প্রদানের অভিনব পদ্ধতি হিসাবে শিশু শিক্ষাকেন্দ্র খুলেছে এবং এ পর্যন্ত ১৪,৬৯৯টি এ রকম কেন্দ্র স্থাপন করে তাতে মোট ৭,৯৯,০০০ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হয়েছে। বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তায় চালু করা প্রাথমিক শিক্ষা প্রকল্পের মাধ্যমে কলকাতার পৌর এলাকার শহরের পশ্চাৎপদ ও বঞ্চিত পথশিশুদের প্রাথমিক শিক্ষাদানের একটি প্রকল্পও শুরু হয়েছে। সমস্ত জেলার প্রাথমিক বিদ্যালয়সমূহে শূন্য শিক্ষক পদ দ্রুত পূরণের জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে। প্রাথমিক শিক্ষকদের জন্য 'কৃত্যক আচরণবিধি' প্রণয়নের সঙ্গে সঙ্গে চালু করাও হয়েছে। সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাদান ব্যবস্থার পর্যবেক্ষণ/পরিদর্শনের জন্য সর্বাঙ্গীণ প্রয়াস নেওয়া হচ্ছে।

উৎসাহদান প্রকল্প

এই প্রকল্পের মাধ্যমে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত জাতি ও অর্থনৈতিক অবস্থা নির্বিশেষে, সমস্ত ছাত্রীদের বিদ্যালয় পোশাক সরবরাহ করা হয়েছে। গত বছর ওই বাবদে মোট ২২.৯৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে। ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের এ বছরেও বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। পাঁচটি ভাষায় ৮৬টি শিরোনামে মোট ৫.১৭ কোটি পাঠ্যপুস্তক প্রাথমিক ও শিশু শিক্ষাকেন্দ্রের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছে। অলচিকি অক্ষরে সাঁওতালী ভাষায় প্রাথমিক শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। এ বিষয়ে ড. পবিত্র সরকার কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

বিগত বছরগুলির ন্যায় এ বছরেও বিশেষ উৎসাহ উদ্দীপনা ও ব্যাপক অংশগ্রহণের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জেলা ও রাজ্যস্তরে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প (ডি.পি.ই.পি.)

এটি একটি বৈদেশিক সাহায্যপ্রাপ্ত কেন্দ্রীয় সহায়তালবদ্ধ প্রকল্প। প্রাথমিক শিক্ষার সর্বজনীন সহজলভ্য, সর্বজনীন বিদ্যালয় অন্তর্ভুক্তি ও বিদ্যালয় শিক্ষায় ধারাবাহিকতা বজায় ইত্যাদি প্রক্রিয়ার সাথে শিক্ষামানের যথাযথ উন্নয়ন ঘটিয়ে প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন করে তোলাই এই প্রকল্পের লক্ষ্য। দক্ষিণ ২৪-পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি ও কোচবিহার—এই দশটি জেলাকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ব্যাপারে মোট ব্যয়ের ১৫ শতাংশের দায়ভার রাজ্যের। সাত বর্ষব্যাপী এই প্রকল্পকালে জেলা প্রতি প্রকল্প ব্যয়সীমা ৪০ কোটি টাকা। রাজ্যস্তরে 'পশ্চিমবঙ্গ রাজ্য প্রারম্ভিক শিক্ষা উন্নয়ন সংস্থা' নামক নথিভুক্ত সংস্থার মাধ্যমে এই প্রকল্পের কাজ রূপায়িত হয়।

জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প, পর্যায়-১ জেলাসমূহের (৫টি) জন্য মোট ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে ৩০৬ কোটি টাকা। এর মধ্যে ৩০শে সেপ্টেম্বর, ২০০২ পর্যন্ত ওই প্রকল্পের মূল অর্থ প্রদানকারী সংস্থার তরফে ১১৭.৬৪ কোটি ও রাজ্য সরকারের তরফে ১৮.৫৬ কোটি অর্থাৎ সাকুল্যে ১৩৬.২০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে এবং এর মধ্যে এই অর্থের ৯২ শতাংশ অর্থাৎ ১২৫ কোটি টাকা ব্যয়িত হয়েছে।

এই সাথে জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প, পর্যায়-২ জেলাসমূহের (৫টি) জন্য ধরা মোট ব্যয় ২৫০ কোটি টাকার মধ্যে ৩০শে সেপ্টেম্বর, ২০০২ পর্যন্ত ওই অর্থ প্রদানকারী সংস্থার তরফে ৪৩ কোটি টাকা ও রাজ্য সরকারের তরফে ৫.৬৪ কোটি টাকা, সাকুল্যে ৪৮.৬৪ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। এর মধ্যে এই অর্থের ৭৩ শতাংশ অর্থাৎ ৩৫ কোটি টাকা ব্যয়িত হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের কর্মধারা পরিচালনার জন্য ২০০২-২০০৩ সালে ওই সংস্থার তরফে মোট ১৭২ কোটি টাকা ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে।

মুখ্যত নিম্নলিখিত দশটি বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের অংশগ্রহণ বিশেষ গুরুত্বপূর্ণ :

- ★ প্রকল্প পরিচালন
- ★ সর্বজন উদ্যোগ ও অংশগ্রহণ
- ★ নির্মাণ কাজ
- ★ শিক্ষাদান সম্পর্কিত বিষয়ে নবায়ন (পেডাগজিক্যাল রিনিউয়াল)
- ★ বিকল্প শিক্ষা
- ★ বালিকা শিক্ষা
- ★ শৈশবাবস্থায় যত্ন ও শিক্ষা
- ★ সামাজিক, আর্থিক বা পারিবারিক ইত্যাদি দিক থেকে অধিকার বঞ্চিত ও অসহায় শিশুদের শিক্ষা
- ★ পরিকল্পনা, গবেষণা, তদারকি ও মূল্যায়ন
- ★ উদ্ভাবন

সর্বশিক্ষা অভিযান

নিম্নলিখিত বিভিন্ন বিষয়গত লক্ষ্য সহ রাজ্যের সমস্ত জেলায় সর্বজনীন প্রারম্ভিক শিক্ষা (অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষা) প্রসারের উদ্দেশ্যে ২০০১-২০০২ সালে প্রাক্-প্রকল্প কার্যক্রম সহ সর্বশিক্ষা অভিযান শুরু করা হয় :

- ★ ২০০৩ সালের মধ্যে সমস্ত শিশুদের বিদ্যালয়মুখী করা
- ★ ২০০৬ সালের মধ্যে সমস্ত শিশুদের চতুর্বর্ষীয় প্রাথমিক শিক্ষা সম্পন্ন করা
- ★ ২০১০ সালের মধ্যে সমস্ত শিশুদের অষ্টমবর্ষীয় প্রারম্ভিক শিক্ষা (অষ্টম শ্রেণি পর্যন্ত) সম্পন্ন করা
- ★ প্রারম্ভিক শিক্ষার যথাযথ গুণগত মান বজায় রাখা
- ★ স্ত্রী-পুরুষ নির্বিশেষে ও সামাজিক ও আঞ্চলিক অসাম্য দূর করে প্রাথমিক স্তরে ২০০৬ সালের মধ্যে এবং প্রারম্ভিক স্তরে ২০১০ সালের মধ্যে যথাযথ সমন্বয় সাধন করা
- ★ ২০১০ সালের মধ্যে সার্বিক বিদ্যালয় পাঠ নিরবচ্ছিন্নভাবে বজায় রাখা

২০০১-২০০২ সালের কর্মপরিকল্পনা সহ 'সর্বশিক্ষা অভিযান'-এর বাজেট অনুসারে কেন্দ্রীয় সরকার ৩৫.৭৮ কোটি টাকা মঞ্জুর করেছে এবং তার মধ্যে ১৭.১৮ কোটি টাকা প্রদান করা হয়েছে। রাজ্যের ২০টি শিক্ষা জেলার সব কটির জন্যই ২০০২-২০০৩ সালের বাজেট, বার্ষিক কর্মপরিকল্পনা এবং পরিপ্রেক্ষিত জেলা প্রারম্ভিক শিক্ষা পরিকল্পনা (২০০১-২০১০) প্রণয়ন করা হয়েছে এবং এই পরিকল্পনা কেন্দ্রীয় সরকার কর্তৃক ইতিমধ্যেই অনুমোদিত হয়েছে। ২০১০ সাল পর্যন্ত প্রস্তাবিত মোট ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে

৪,৮৯২.৭৩ কোটি টাকা। নিম্নলিখিত প্রসঙ্গে ২০০২-২০০৩ সালে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকার ২২২ কোটি টাকা মঞ্জুর করেছে :

(১) জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত নয় এমন ১০টি জেলার প্রাথমিক ও প্রারম্ভিক শিক্ষার বিষয়সমূহ (কম্পোনেন্ট)।

(২) জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত ১০টি জেলার প্রারম্ভিক শিক্ষার বিষয়সমূহ (কম্পোনেন্ট)।

দশম পরিকল্পনাকালে প্রকল্পের জন্য পারস্পরিক ব্যয় নির্বাহের অংশের প্রচলিত ধরনের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারকে অনুমোদিত ব্যয়ের ২৫ শতাংশের দায়ভার বহন করতে হবে।

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ ও পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদে নির্বাচন

২০০১ সালের শেষ পর্বে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং ইতিমধ্যেই পর্ষদ গঠনও সম্পূর্ণ। শিক্ষক পর্যায়ের নির্বাচক ও অশিক্ষক পর্যায়ের নির্বাচকদের জন্য যথাক্রমে পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, পাবত্য অঞ্চল ও জলপাইগুড়ি বিভাগের অশিক্ষক পর্যায়ের নির্বাচকদের একজন প্রতিনিধি ব্যতীত অন্যত্র পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নির্বাচন ২০০২-এর ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হয়েছে। ইতিমধ্যে পর্ষদ গঠিত হয়েছে এবং মেদিনীপুর জেলা বিভাজনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় আইন সংশোধন করে বাকি অঞ্চলে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ শুরু হয়েছে। ২০০৩-২০০৪ সালের মধ্যে পুরো নির্বাচনী প্রক্রিয়াটি সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়।

পাঠ্য-পুস্তক

চলতি বছরেও অর্থাৎ ২০০২-২০০৩ সালে প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সমস্ত ছাত্র-ছাত্রীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা আছে। এই সময়ে বাংলা, হিন্দি, উর্দু, সাঁওতালি ও নেপালি—এই পাঁচটি ভাষায় প্রকাশিত ৮৪টি শীর্ষকের প্রায় ৫.১৭ কোটি পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। রাজ্যের ওড়িয়া মাধ্যম বিদ্যালয়সমূহে পাঠরত প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের উড়িষ্যা সরকারের কাছ থেকে প্রাপ্ত ওড়িয়া মাধ্যমের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের পরিচালনাধীন ও তৎসহ পৌর সংস্থার আয়ত্তাধীন শিশু-শিক্ষা কেন্দ্রগুলিকে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের আওতায় আনা হয়েছে। কতকগুলি জেলার শিশুশ্রম প্রকল্পের আওতাভুক্ত শিশুদের মধ্যেও বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ কর্তৃপক্ষের কাছেও ওই অঞ্চলস্থিত বাংলা মাধ্যমে পাঠরত ছাত্র-ছাত্রীদের জন্য বিনামূল্যে বাংলা পাঠ্য-পুস্তক সরবরাহ করা হয়েছে। শহরাঞ্চলের বঞ্চিত শিশুদের জন্য পশ্চিমবঙ্গে ডি.পি.ই.পি.-র অন্তর্গত শিক্ষালয় প্রকল্পেও ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হচ্ছে।

শিক্ষার গুণগত মানোন্নয়ন

শিশুদের শিক্ষার গুণগত মানোন্নয়ন সর্বজনীন প্রাথমিক শিক্ষার অন্যতম মুখ্য উদ্দেশ্য এবং জেলা প্রাথমিক শিক্ষা কার্যক্রম উদ্ভাবিত পদ্ধতির মাধ্যমে শিক্ষার বিভিন্ন বিষয়সমূহে যেমন, বিদ্যালয়ের কার্যকরী ভূমিকা বৃদ্ধি, পাঠ্যপুস্তকসমূহের পুনর্মূল্যায়ন, শিক্ষক শিক্ষণ এবং সাধারণ পঠন ও শিক্ষা গ্রহণ দক্ষতার মানোন্নয়নের লক্ষ্য স্থির করা হয়েছে। জেলাসমূহের কিছু নির্ধারিত বিদ্যালয়ে অন্যান্য বিষয়ের সঙ্গে সুযোগপ্রাপ্ত ও সুযোগপ্রাপ্ত নয় এই দুই পর্যায়ের শিক্ষা প্রাপ্তি সম্পর্কিত ফারাক দূরীকরণ এবং ভর্তি ও পড়াশোনা বজায় রাখার ব্যাপারে সামাজিক ও বালক-বালিকাগত ফারাক দূরীকরণ নিশ্চিত করতে জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে 'বিদ্যালয়ভিত্তিক শিক্ষোন্নয়ন' (এস.এল.আই.পি.) নামে একটি নূতন প্রকল্প চালু করা হয়েছে। শিক্ষার মানোন্নয়নের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ দ্বিতীয় শ্রেণির শেষভাগে প্রতি বছর প্রতিটি বিদ্যালয়ে বিজ্ঞানভিত্তিক মূল্যায়নের ব্যবস্থা করে থাকে।

ইংরাজী ভাষা ও বিজ্ঞান শিক্ষাদানের বিষয়ে প্রাথমিক শিক্ষা পর্ষদ প্রাথমিক স্তরে ব্যাপকভাবে শিক্ষক-শিক্ষণের পরিকল্পনা গ্রহণ করেছে। ২০০২ সাল থেকে বলবৎ হওয়া সংশোধিত প্রাথমিক শিক্ষক নিয়োগ সম্পর্কিত বিধি অনুসারে প্রাথমিক শিক্ষক হিসাবে নির্বাচন ও নিয়োগের জন্য প্রাথমিক শিক্ষণ বিষয়ে প্রশিক্ষণ আবশ্যিক করা হয়েছে।

শিক্ষক-শিক্ষণ

৩৫টি সরকারি, ১৬টি সরকার অনুমোদিত এবং ৭টি সাহায্যপ্রাপ্ত বেসরকারি শিক্ষায়তন নিয়ে পশ্চিমবঙ্গে মোট ৫৮টি প্রাথমিক শিক্ষক-শিক্ষণ শিক্ষায়তন আছে। এই শিক্ষায়তনগুলির মোট আসন সংখ্যা ৬,৫৯৬ ; এর মধ্যে ৫০ শতাংশ আসন প্রশিক্ষণবিহীন কর্মরত শিক্ষক এবং ৫০ শতাংশ আসন নতুন শিক্ষণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হয়।

প্রাথমিক শিক্ষক নিয়োগ সম্পর্কিত সংশোধিত বিধি অনুযায়ী অ-শিক্ষণপ্রাপ্ত প্রার্থী প্রাথমিক শিক্ষক হিসাবে নিযুক্ত হতে পারবেন না। যেখানে শিক্ষায়তনগুলির নতুন শিক্ষার্থী গ্রহণ ক্ষমতা কমবেশি ৩,৫০০ সেখানে প্রতিবছর ৩ শতাংশ শিক্ষকের অবসর গ্রহণের ভিত্তিতে প্রতিবছর ৫,৪৯০ জন প্রাথমিক শিক্ষক নিয়োগ করতে হবে। সেহেতু, শিক্ষণপ্রাপ্ত শিক্ষকের বর্ধিত চাহিদার পরিপ্রেক্ষিতে সমস্ত প্রাথমিক শিক্ষক-শিক্ষণ সংস্থাকে পরিকাঠামোগত সুযোগ-সুবিধার সঙ্গে সামঞ্জস্য রেখে পূর্ববর্তী গ্রহণ ক্ষমতা ৫,৪৯৭-এর উপরে আরও ২০ শতাংশ প্রার্থী ভর্তি করতে বলা হয়েছে। এই বর্ধিত আসনগুলি কেবলমাত্র নতুনদের দ্বারাই পূর্ণ হবে।

এই সমস্যার সুষ্ঠু সমাধানকল্পে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৭৩ সম্প্রতি সংশোধিত হয়েছে (প্রাথমিক শিক্ষা (সংশোধিত) আইন, ২০০২) যাতে পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য ব্যতিরেকে বেসরকারি সংস্থাগুলি প্রাথমিক শিক্ষক-শিক্ষণ শিক্ষালয় স্থাপন ও পরিচালনা করতে পারবে।

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদকে সংশোধিত আইন মোতাবেক এই ধরনের শিক্ষালয়কে অনুমোদন দানের ক্ষমতা প্রদান করা হয়েছে। এই অনুমোদন দেওয়া হবে পর্ষদ নির্ধারিত নীতি অনুযায়ী।

শিক্ষক-শিক্ষণ বিষয়টিকে ঢেলে সাজানো এবং পুনর্গঠনের লক্ষ্যে এ রাজ্যে কেন্দ্রীয় সরকার অনুমোদিত ও পোষিত 'জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান' (ডায়েট) প্রকল্প চালু করা হয়েছে। প্রতি জেলায় এ ধরনের একটি করে প্রতিষ্ঠান থাকবে। ১৬টি 'ডায়েট' (১৩টি স্তরোন্নতির মাধ্যমে এবং ৩টি নতুন নির্মাণ কাজের মাধ্যমে) স্থাপনের কাজ চলছে। ১৩টির নির্মাণ কাজ সমাপ্ত এবং অধিকাংশই অধিগৃহীত হয়েছে। বাকি ৩টির নির্মাণ কাজ শীঘ্রই সম্পূর্ণ হবে। সরকার প্রথম ৫টি ডায়েট-এর জন্য ৯০টি শিক্ষক ও অশিক্ষক পদ এবং বাকি ১১টির জন্য ৩২৫টি পদ সৃষ্টি অনুমোদন করেছে।

নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা

প্রাথমিক বিদ্যালয় ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যাগত অনুপাত জাতীয় স্তরে স্থিরীকৃত অনুপাতের সঙ্গে সামঞ্জস্য করণের লক্ষ্যে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় স্থাপন ও বর্তমান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলিকে উচ্চ বিদ্যালয়ে উন্নীত করা হচ্ছে। এর পাশাপাশি উচ্চ বিদ্যালয়সমূহকে উচ্চ মাধ্যমিকে উন্নীত করা এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে অধিক সংখ্যক বিভাগ খোলার ব্যবস্থা নেওয়া হয়েছে।

সরকারের গৃহীত নীতি অনুযায়ী সমস্ত মহাবিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পাঠক্রম পর্যায়ক্রমে তুলে নেওয়া হচ্ছে এবং পরিবর্তে সেইসব স্থানে প্রয়োজনীয় সংখ্যক উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংস্থান করা হচ্ছে।

২০০১-২০০২ সময়কালে আরও ২৪টি মহাবিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পাঠক্রম তুলে নেওয়া হয়েছে (১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১-এ এই তুলে নেওয়ার সংখ্যা যথাক্রমে ৩৩ ও ৫৩) এবং এই বছরে আরও ১০৫টি উচ্চ বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। ২০০২-২০০৩ সময়কালে ৪৬টি মহাবিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পাঠক্রম তুলে নেওয়া হয়েছে এবং সেইস্থানে আরও ৩৪২টি উচ্চ বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। সদ্য উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত বিদ্যালয়সমূহের জন্য নিয়মিত শিক্ষকের পদ ৬টি ও আংশিক সময়ের জন্য শিক্ষকের পদ ৪৭৬টি অনুমোদন করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষা

১৯৯৫-৯৬ সাল থেকে আধুনিকীকরণের লক্ষ্যে সমস্ত মাদ্রাসা শিক্ষায়তনসমূহে পর্যায়ক্রমে এই রাজ্যে কেন্দ্রানুমোদিত প্রকল্প কার্যকরী করা হচ্ছে। জাতীয় শিক্ষা পদ্ধতির সঙ্গে সামঞ্জস্য সাধনের লক্ষ্যে মাদ্রাসা ও মোক্তবগুলিকে আর্থিক সাহায্য প্রদানের ব্যবস্থা করা হয়েছে যাতে পাঠক্রমে বিজ্ঞান, অঙ্ক, সমাজবিদ্যা, হিন্দি ও ইংরাজি অন্তর্ভুক্ত করে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের এই বিষয়সমূহে শিক্ষালাভের সুযোগ দেওয়া যায়। শিক্ষক ও শিক্ষাকর্মীর প্রয়োজনানুগ সংস্থানের ব্যবস্থা করে নিম্ন মাদ্রাসাসমূহকে উচ্চ মাদ্রাসায় উন্নীতকরণের ব্যবস্থা

নেওয়া হয়েছে। বিগত দু'বছরে ১৬টি উচ্চ মাদ্রাসাকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে এবং সেই সঙ্গে প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত শিক্ষকের পদও মঞ্জুর করা হয়েছে। ইতিমধ্যে ৪৭৬টি অনুমোদিত মাদ্রাসাকে মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণের প্রকল্পে এনে বিজ্ঞান ও অঙ্ক সম্পর্কিত বই এবং প্রাসঙ্গিক শিক্ষোপকরণ সরবরাহ করা হয়েছে। প্রস্তাবিত কেন্দ্রীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে অবশিষ্ট অনুমোদিত মাদ্রাসাসমূহের ক্ষেত্রেও এই সুযোগ প্রসারিত হবে। সর্বস্তরে মাদ্রাসা শিক্ষার সুযোগ প্রসারের লক্ষ্যে ও পরিকাঠামোর গুণগত মানোন্নয়ন এবং নতুন মাদ্রাসাসমূহের স্বীকৃতিদান ও উন্নীতকরণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা পর্ষদ কর্তৃক গুণগত মানোন্নয়নের লক্ষ্যে গৃহীত কতকগুলি প্রয়োজনীয় প্রকল্পের বিষয়ে নীচে উল্লেখ করা হল :

- ★ বিজ্ঞান শিক্ষার গুরগত মানোন্নয়নের লক্ষ্যে নিম্ন মাদ্রাসায় কর্মরত বিজ্ঞান শিক্ষকদের বিষয় সম্পর্কিত শিক্ষণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে
- ★ উচ্চ মাদ্রাসার প্রাথমিক শিক্ষা বিভাগকে পশ্চিমবঙ্গ জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং উচ্চ মাদ্রাসার শিক্ষা-মানের সমীক্ষার কাজ শুরু হয়েছে
- ★ পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সহযোগিতায় মুখ্য সম্পন্ন ব্যক্তি (মাস্টার রিসোর্স পার্সন)-এর শিক্ষণের ব্যবস্থা নেওয়া হয়েছে
- ★ রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের সহযোগিতায় বিদ্যালয়ছুট ছাত্রদের মুক্ত শিক্ষা ব্যবস্থায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে
- ★ রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের সহযোগিতায় প্রধান শিক্ষক ও অধীক্ষকদের প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যে পরীক্ষামূলক প্রকল্প (পাইলট প্রজেক্ট) প্রস্তুত করা হচ্ছে

মাদ্রাসা শিক্ষার পূর্ণাঙ্গ পর্যালোচনা, তার আধুনিকীকরণ ও মাদ্রাসা শিক্ষার পরিচালন ব্যবস্থার মূল্যায়নের পর যথাযথ সুপারিশকরণের জন্য প্রথিতযশা শিক্ষাবিদ ও পশ্চিমবঙ্গের ভূতপূর্ব রাজ্যপাল অধ্যাপক এ. আর. কিদোয়াই মহাশয়ের নেতৃত্বে সাত সদস্যবিশিষ্ট এক উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি গঠিত হয়। কমিটি ইতিমধ্যে সুপারিশসমূহ পেশ করেছে এবং বর্তমানে এটি রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

বিদ্যালয় শিক্ষা কমিটি

বিদ্যালয় শিক্ষার কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয়ে নীতি নির্ধারণের লক্ষ্য অধ্যাপক রঞ্জুগোপাল মুখোপাধ্যায়ের সভাপতিত্বে বিজ্ঞপ্তি নং ১৬৯৩-এস.ই(এস) তাং ২০.৯.২০০১ মোতাবেক একটি ১৪ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। বিচার্য জরুরি বিষয়সমূহ ছিল নিম্নরূপ :

- ★ অন্যান্য রাজ্য ও কেন্দ্রীয় শিক্ষা পর্ষদসমূহে অনুসৃত পাঠক্রমের পরিপ্রেক্ষিতে এই রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও বৃত্তিগত পাঠক্রমের পর্যালোচনা

- ★ বিদ্যালয় শিক্ষার বিভিন্ন উপস্তরীয় অসংগতির (যদি থেকে থাকে) সুনির্দিষ্টকরণ
- ★ এই রাজ্যের ও অন্যান্য রাজ্যের ভাষা শিক্ষার প্রসঙ্গে বিদ্যালয় শিক্ষাক্রমের বর্তমান অবস্থার তুলনামূলক বিচার
- ★ বিদ্যালয় স্তরে কম্পিউটার শিক্ষা সংযোজনের প্রয়োজনীয়তা বিষয়ে পরীক্ষা করা
- ★ শিক্ষা সংক্রান্ত অন্যান্য বিষয়সমূহের প্রয়োজনীয়তা ও সম্ভাব্যতা বিচার করা
- ★ অষ্টম শ্রেণি ও দশম শ্রেণির পরে বিভিন্ন সময়সীমার বৃত্তিগত পাঠক্রম সম্পর্কে সুপারিশকরণ
- ★ বিদ্যালয় স্তরে মুক্ত শিক্ষার ভূমিকা ও সুযোগের বিষয়টি বিবেচনা করা ও এ সম্পর্কে মতামত দান

কমিটি ৩১.১২.২০০২-এ তার প্রতিবেদন পেশ করেছে। বর্তমানে প্রতিবেদনটি রাজ্য সরকারের বিবেচনাধীন।

বিদ্যালয় কৃত্যক আয়োগ

নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসায় নিযুক্তির জন্য এই আয়োগের মাধ্যমে শিক্ষক নির্বাচন করা হয়। দার্জিলিং পার্বত্য অঞ্চলের জন্য একটি পৃথক আঞ্চলিক কৃত্যক আয়োগ সহ মোট ৫টি আঞ্চলিক বিদ্যালয় কৃত্যক আয়োগ বর্তমানে চালু আছে। এই সমস্ত আয়োগের ব্যয় নির্বাহের জন্য ২০০৩-২০০৪-এর রাজ্য বাজেটে প্রয়োজনীয় অর্থ সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে।

বিদ্যালয় কৃত্যক আয়োগে এ পর্যন্ত ৩টি অবাধ নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হয়েছে এবং এই পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভিন্ন অঞ্চলে শিক্ষক নিয়োগের সুপারিশ করা হয়েছে। তিনটি নির্বাচনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এ পর্যন্ত ২৬,২১৬ জন শিক্ষকের নিযুক্তি সম্পন্ন হয়েছে। এছাড়া আরও ২,৭৭৬ জন প্রার্থীর নাম প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা পদের জন্য সুপারিশ করা হয়েছে। পরবর্তী পরীক্ষা (আর.এল.এস.টি.-২০০২) মার্চ, ২০০৩-এ অনুষ্ঠিত হতে চলেছে।

পশ্চিমবঙ্গ বিদ্যালয় কৃত্যক আয়োগ (দ্বিতীয় সংশোধন) বিধি ২০০১, ২৫.১.২০০২ তারিখে প্রকাশিত হয়েছে এবং বিধির ৯-এ ধারার মাধ্যমে বিদ্যালয় কৃত্যক আয়োগ দ্বারা নির্বাচিত শিক্ষকদের নিযুক্তির ব্যাপারে ইচ্ছাকৃত অবহেলাকারী বিদ্যালয়সমূহের জন্য আর্থিক অনুদান বন্ধ করা এবং বিদ্যালয়ের স্বীকৃতি প্রত্যাহার করার সুপারিশ করার ক্ষমতা রাজ্য সরকারকে দেওয়া হয়েছে।

বিভিন্ন অঞ্চলে প্রার্থী সংখ্যার দ্রুত বৃদ্ধি, বিভিন্ন জেলা ও আঞ্চলিক মুখ্যালয়ের মধ্যেকার দূরত্ব এবং বিরাট আকারে নির্বাচনী পরীক্ষা গ্রহণের প্রশাসনিক অসুবিধার কারণে উত্তর অঞ্চলকে দ্বিধা বিভক্ত করে এবং শিলিগুড়িতে মুখ্যালয় করে একটি, দক্ষিণ ও

পূর্বাঞ্চলকে পুনর্গঠন করে এবং বারাসাতে মুখ্যালয় করে একটি, মোট আরও দুটি আঞ্চলিক কৃত্যক আয়োগ তৈরি করার প্রস্তাব করা হয়েছে।

আরও নিপুণভাবে ক্রমবর্ধমান কাজের দায়িত্ব সম্পাদনের উপযোগীকরণ ও উন্নত পরিষেবা প্রদানের লক্ষ্যে বিদ্যালয় কৃত্যক আয়োগের পরিকাঠামোকে আরও উন্নত ও জোরালো করার জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে। কিন্তু পার্বত্য এলাকার আঞ্চলিক কৃত্যক আয়োগের কাজকর্ম বিষয়ক কিছু সমস্যার এখনও সুরাহা করা যায়নি।

বিদ্যালয়সমূহে কম্পিউটার শিক্ষাদান প্রকল্প

২০০১-২০০২ সাল থেকে বিদ্যালয় শিক্ষা বিভাগ বিদ্যালয়ে ও মাদ্রাসায় কম্পিউটার শিক্ষাদান প্রকল্প চালু করেছে। প্রাথমিকভাবে, অক্টোবর, ২০০১ থেকে 'ওয়েবেল-এন.আই. আই.টি.'-এর মাধ্যমে ১০০টি নির্বাচিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় এই প্রকল্প চালু হয়। বিদ্যালয় শিক্ষা বিভাগ মে, ২০০২ থেকে 'ওয়েবেল-আই.বি.এম.'-এর মাধ্যমে আরও ২০০টি নির্বাচিত বিদ্যালয় ও মাদ্রাসায় কম্পিউটার শিক্ষাদান প্রকল্প শুরু করেছে।

বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষাদান প্রকল্প চালু করা ছাড়াও একাদশ অর্থ আয়োগের শিক্ষার মানোন্নয়ন প্রকল্পের মাধ্যমে সমস্ত জেলায় (২০০০-২০০১-এ জেলা ছিল ১৭টি) জেলা কম্পিউটার শিক্ষাকেন্দ্র চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জেলা কম্পিউটার শিক্ষাকেন্দ্র স্থাপনের জন্য ২০০০-২০০১ ও ২০০১-২০০২ সময়কালে (জেলা প্রতি ১৭.১৫ লক্ষ টাকা হিসাবে) মোট প্রদেয় অর্থের ৪০ শতাংশ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৭টি জেলা কম্পিউটার শিক্ষাকেন্দ্র চালু হয়েছে। কম্পিউটার-এর সুবিধা অনুপলব্ধ বিদ্যালয়সমূহে সপ্তম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পাঠরত ছাত্ররা এই সমস্ত কেন্দ্রে শিক্ষা গ্রহণের সুবিধা পাবে। গ্রামাঞ্চলে অবস্থিত বিদ্যালয়সমূহের ছাত্রদের জন্য ওই সমস্ত কেন্দ্রে শিক্ষা গ্রহণের সুবিধা সাপ্তাহিক ও অন্যান্য ছুটির দিনে সংরক্ষিত থাকবে। ডঃ অশোকরঞ্জন ঠাকুর, সহ-উপাচার্য, যাদবপুর বিশ্ববিদ্যালয়-এর সভাপতিত্বে বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষার বিষয়টি পর্যালোচনার জন্য একটি ১২ সদস্যবিশিষ্ট বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে। আগামী শিক্ষাবর্ষে অন্তত আরও ২০০টি বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষার সুযোগ প্রসারিত হবে।

রাজ্য মুক্ত বিদ্যালয় (রবীন্দ্র মুক্ত বিদ্যালয়)

যারা প্রথানুগ শিক্ষালাভের সুযোগ পাননি, তাদের সমমানের শিক্ষাদানের উদ্দেশ্যে ১৯৯৭ সালে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় নামে পশ্চিমবঙ্গ রাজ্য মুক্ত বিদ্যালয় স্থাপন করা হয়। পল্লীবাসী, পশ্চাৎপদ শ্রেণি, শহরের দরিদ্র শ্রেণি এবং তফসিলি জাতি/উপজাতিভুক্ত ব্যক্তিসমূহ ও বিশেষ করে মহিলাগণ এই ব্যবস্থায় বিশেষ উপকৃত হয়েছেন। মুক্ত শিক্ষাদান ব্যবস্থা গ্রাম ও শহরাঞ্চলের মানুষের কাছে দ্রুত গ্রহণযোগ্য হয়ে উঠেছে ও তাঁদের মধ্যে বিশেষ উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি করেছে।

রবীন্দ্র মুক্ত বিদ্যালয় বিধি, ২০০১ প্রণয়নের মাধ্যমে ১লা আগস্ট, ২০০১ থেকে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় একটি বিধিবদ্ধ সংস্থায় রূপান্তরিত হয়। মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষাদানের

সুযোগ নিয়ে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের শুভারম্ভ হয়। ইতিমধ্যে ২০০১ সালের আগস্ট থেকে উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রমও চালু হয়েছে। বর্তমানে এই বিদ্যালয়ের তত্ত্বাবধানে মাধ্যমিক স্তরের ১০৭টি ও উচ্চ মাধ্যমিক স্তরের ৩২টি পাঠকেন্দ্র চালু আছে। মাধ্যমিক পাঠক্রমের সঙ্গে ১৬,৯৪২ জন এবং উচ্চ মাধ্যমিক পাঠক্রমের সঙ্গে ১,২৭৮ জন শিক্ষার্থী যুক্ত আছেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাঠক্রমে যথাক্রমে ১১টি ও ৮টি বিষয় অন্তর্ভুক্ত আছে।

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে নিম্নলিখিত আরও কিছু নতুন প্রকল্প গ্রহণের প্রস্তাব আছে :

(১) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক উভয় স্তরেই বৃত্তি শিক্ষার অন্তর্ভুক্তি
(২) সর্বশিক্ষা অভিযান প্রকল্পের সহায়তায় উচ্চতর প্রাথমিক পাঠক্রমের সূচনা
(৩) উচ্চ মাধ্যমিক স্তরে বিজ্ঞান বিষয়ের অন্তর্ভুক্তি
(৪) বিভিন্ন পাঠক্রমের চাহিদা সম্পর্কে তথ্যানুসন্ধান
(৫) সর্বশিক্ষা অভিযান প্রকল্পে গুরুত্বপূর্ণ অংশগ্রহণ
(৬) গবেষণা সংক্রান্ত কাজকর্ম শুরু করা এবং গ্রন্থাগার স্থাপন

এ পর্যন্ত মাধ্যমিক স্তরীয় পরীক্ষা ৭বার অনুষ্ঠিত হয়েছে। চলতি বছরের শেষভাগে উচ্চ মাধ্যমিক স্তরীয় পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে।

শারীর শিক্ষা ও রাজ্য ক্রীড়া বিদ্যালয়

খেলাধুলায় সামগ্রিক উন্নয়ন ও প্রসারের স্বার্থে ছাত্রদের জন্য খেলার সরঞ্জাম, সাঁতার মঞ্চ ও ব্যায়ামাগার নির্মাণ এবং প্রশিক্ষণ শিবিরের ব্যবস্থা করা এবং শারীর শিক্ষা শিক্ষকদের জন্য কেন্দ্রীয়ভাবে নবায়ণী প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত করার উদ্দেশ্যে অর্থ মঞ্জুর করা হয়। সারা বছর ধরে ছাত্র-ছাত্রীদের বিভিন্ন ক্রীড়ানুষ্ঠানের জন্যও অর্থ বরাদ্দ করা হয়। মূল ধারক সংস্থা হিসাবে পশ্চিমবঙ্গ বিদ্যালয় ক্রীড়া সংস্থার তদারকীতে বিভিন্ন জেলা ক্রীড়া সংস্থার মাধ্যমেই অধিকাংশ ক্রীড়ানুষ্ঠান ও প্রশিক্ষণ শিবির পরিচালিত হয়। বিদ্যালয় শিক্ষা বিভাগের হয়ে সমস্ত প্রয়াসের সিংহভাগ দায়দায়িত্ব পশ্চিমবঙ্গ বিদ্যালয় ক্রীড়া সংস্থাই পালন করে থাকে। সমস্ত জেলা থেকে অংশগ্রহণকারী ১০৫ জন শিক্ষককে নিয়ে কেন্দ্রীয় নবায়ণী শিক্ষাক্রম সাফল্যের সঙ্গে সমাপ্ত হয়েছে। এই শিক্ষাক্রমের বিষয়গুলি ছিল অ্যাথলেটিক্স, হ্যান্ডবল, দাবা ও যোগ।

স্কুল গেম্‌স ফেডারেশন অব ইন্ডিয়ার উদ্যোগে আয়োজিত জাতীয় বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় রাজ্য বিদ্যালয় দল মোট ১৮টি বিষয়ে অংশগ্রহণ করে, যার মধ্যে চারটি বিষয়ে যথা, জিম্‌ন্যাস্টিক্স, তীরন্দাজি, দাবা (সমস্ত বয়সগত শ্রেণির ছাত্র-ছাত্রী নির্বিশেষে) এবং খো খো (১৪ বছরের নীচে ছাত্র-ছাত্রীদের জন্য) এ রাজ্যে অনুষ্ঠিত হয়েছে। এ বছর ওয়াটার পোলোতে ছেলেদের ও ফুটবলে (১৪ বছরের নীচে) রাজ্য বিদ্যালয় দল চ্যাম্পিয়ন হয়েছে, এবং জুডো (১৪ বছরের নীচের ছেলেদের) এবং কবাডিতে (১৯ বছরের নীচে মেয়েদের) তৃতীয় স্থান অধিকার করেছে। সাফল্য প্রাপকদের উৎসাহদানের জন্য বৃত্তিদান সহ যথাযথ সম্বর্ধনার আয়োজন করা হয়।

উত্তর ২৪-পরগনার বাণীপুর শিক্ষা পরিক্ষেত্রে (কমপ্লেক্স) ২০০১-২০০২ সাল থেকে এই রাজ্যের একমাত্র ক্রীড়া বিদ্যালয় ডঃ বি. আর. আম্বেদকর ক্রীড়া বিদ্যালয় স্থাপিত হয় এবং এই বিদ্যালয় অস্থায়ীভাবে পঞ্চম শ্রেণির ৩০ জন ছাত্র নিয়ে ক্রীড়া প্রশিক্ষণ শুরু করে। এটি সম্পূর্ণভাবে আবাসিক। আপাতত অ্যাথলেটিক্স, জিম্ন্যাস্টিক্স এবং তীরন্দাজিতে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এমন ৬০ জন ছাত্র নিয়ে ২০০২-২০০৩ সাল থেকে এই ক্রীড়া বিদ্যালয়টিকে বাণীপুরে স্থায়ীভাবে স্থাপন করা হয়েছে।

প্রাথমিক স্তরে ক্রীড়া সরঞ্জাম ক্রয় ও শারীর শিক্ষার জন্য অর্থের যোগান দেওয়া হয়। প্রতি বছর রাজ্যস্তরীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে চলেছে। প্রাথমিক স্তরে ক্রীড়া প্রতিযোগিতায় এ বছর থেকে ফুটবল খেলাও অন্তর্ভুক্ত হয়েছে।

প্রশাসনিক ভবন

অনিয়মিত অর্থ সরবরাহ সত্ত্বেও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রশাসনিক ভবন নির্মাণের কাজে অগ্রগতি যথেষ্ট আশাব্যঞ্জক।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের প্রশাসনিক ভবনের (ডিরোজিও ভবন) প্রথম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। পর্ষদ কর্তৃক এটি অধিগৃহীত হয়েছে এবং সেখানে তাঁদের দপ্তরের কাজও চালু হয়েছে।

জেলাশিক্ষা ভবনের কাজ মালদা ও হাওড়ার ক্ষেত্রে সম্পূর্ণ হয়েছে এবং ভবনগুলি অধিগৃহীতও হয়েছে। উত্তর ২৪-পরগনা ও মেদিনীপুর জেলার ক্ষেত্রে এই ভবনের কাজ সম্পূর্ণ হওয়ার পথে। উত্তর দিনাজপুর ও হুগলি জেলার ক্ষেত্রে ভবন নির্মাণের কাজের অগ্রগতি যথাযথ। আগামী অর্থবর্ষে শিলিগুড়ি শিক্ষা ভবনের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর ও প্রদানের বিষয়টি বিবেচিত হবে।

প্রতিবন্ধী শিশুদের জন্য সুসংহত শিক্ষা প্রকল্প

প্রতিবন্ধীদের সমসুযোগ, অধিকার রক্ষা ও পূর্ণ অংশগ্রহণ সম্পর্কিত বিধি, ১৯৯৫ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের প্রতিবন্ধী শিশুদের জন্য সুসংহত শিক্ষা প্রকল্প রূপায়ণের কাজে বিদ্যালয় শিক্ষা বিভাগ নিয়োজিত আছে। এই প্রকল্পের সার্থক রূপায়ণের উদ্দেশ্য প্রতিবন্ধী শিশুদের সমন্বিত শিক্ষার জন্য সুসংহত বিদ্যালয় হিসাবে নির্দিষ্ট করে বিদ্যালয়সমূহকে চিহ্নিত করা হয়েছে। একমাত্র দার্জিলিং জেলা ব্যতীত ১৯৯৭-৯৮ থেকে শুরু করে ২০০১-২০০২ পর্যন্ত মোট ১৭টি জেলার ১২৭৩টি বিদ্যালয়কে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। দার্জিলিং জেলাতেও শীঘ্রই এই প্রকল্প রূপায়িত হবে।

প্রাসঙ্গিক বিষয়ে নির্বাচিত বিদ্যালয়ের শিক্ষক ও প্রধান শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করার দায়িত্ব নির্বাহ করে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (এস.সি.ই.আর.টি.)। এই প্রকল্পকে কার্যকরী করতে পশ্চিমবঙ্গ জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পতেও (ডি.পি.ই.পি.) বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে, যেমন, সম্পদ গৃহ নির্মাণ, স্থাপত্য সম্পর্কিত বাধা দূরীকরণ, শিক্ষোপকরণ ক্রয় প্রভৃতি।

প্রতিবন্ধী সম্পর্কিত বিধি, ১৯৯৫-এর অন্তর্গত ধারা ৩৯ অনুযায়ী স্বাভাবিক শিশুদের সঙ্গে প্রতিবন্ধী শিশুদের পড়াশোনার সমন্বিত সুযোগদানের লক্ষ্যে সমস্ত সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে ৩ শতাংশ আসন প্রতিবন্ধী শিশুদের জন্য সংরক্ষণ করে সরকারি আদেশনামা প্রকাশিত হয়েছে।

এই সুসংহত শিক্ষা প্রকল্পের যথাযথ প্রয়োগ, তদারকী ও মূল্যায়নের উদ্দেশ্যে রাজ্য সরকার একটি উপ-অধিকর্তার পদ, একটি যোগাযোগ রক্ষাকারী আধিকারিকের পদ এবং দশটি গবেষক শিক্ষক পদ সৃষ্টি করেছে। উপযুক্ত পদাধিকারীদের নিয়ে একটি প্রশাসনিক শাখা গঠন করা হবে। এই সমস্ত পদাধিকারীদের নিযুক্তির কাজ সম্পূর্ণ হয়েছে। শীঘ্রই নিয়োগপত্র প্রকাশ করা হবে।

শিক্ষাগত দিক থেকে পশ্চাৎপদ সংখ্যালঘুদের জন্য অঞ্চলভিত্তিক প্রকল্প

কেন্দ্রীয় সরকারের এই উন্নয়ন প্রকল্পের মাধ্যমে শিক্ষাগত দিক থেকে পশ্চাৎপদ সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চলে তাঁদের ন্যূনতম শিক্ষা পরিকাঠামো ও শিক্ষার সুযোগ প্রসারের ব্যবস্থা করা হয়। এই প্রকল্পের মাধ্যমে নতুন প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ ও বর্তমান প্রাথমিক ও উচ্চতর প্রাথমিক বিদ্যালয়ের জন্য অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

ভারত সরকার এই প্রকল্প রূপায়ণের লক্ষ্যে ১০৭টি সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চল (ব্লক) চিহ্নিত করেছে। ১৯৯৩-১৯৯৪ থেকে ২০০০-২০০১ পর্যন্ত বিদ্যালয় শিক্ষা বিভাগ এই প্রকল্পে ৫৬৯.৮৮৫ লক্ষ টাকা কাজে লাগিয়েছে। ১০৫টি সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চলের ৬৩০টি বিদ্যালয়ে আনুমানিক মোট ৯৪৫ লক্ষ টাকা ব্যয়ে একটি করে অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণের একটি নতুন প্রকল্প ভারত সরকারের অনুমোদনের জন্য পেশ করা হয়েছে।

সম্প্রসারিত অপারেশন ব্ল্যাকবোর্ড প্রকল্প

১৯৮৭ সালে শুরু হওয়া এই প্রকল্প সংশোধিত আকারে নবম পরিকল্পনাকালে কেন্দ্রীয় সরকার সম্প্রসারিত অপারেশন ব্ল্যাকবোর্ড নামে চালু করেছে। প্রাথমিক ও উচ্চতর প্রাথমিক বিদ্যালয়সমূহে ন্যূনতম সুযোগ-সুবিধার প্রসার, যেমন অন্তত দুটি বড় শ্রেণিকক্ষের ব্যবস্থা ও কমপক্ষে দুজন শিক্ষকের ব্যবস্থা সহ পঠন-পাঠনের জন্য অবশ্য প্রয়োজনীয় দ্রব্যাদির সংস্থান ইত্যাদির মাধ্যমে বিদ্যালয় শিক্ষার যথাযথ উন্নতি সাধনই এই প্রকল্পের লক্ষ্য। ১৯৮৭-৮৮ থেকে ২০০১-২০০২ পর্যন্ত শিক্ষাদান ও শিক্ষণের উপযোগী দ্রব্যাদি ক্রয় ও নবনিযুক্ত শিক্ষকদের বেতন বাবদ বিদ্যালয় শিক্ষা বিভাগ মোট ১১০৫৯.০৮ লক্ষ টাকা পেয়েছে এবং তার মধ্যে ১০৮০৯.৭৮ লক্ষ টাকা কাজে লাগিয়েছে। অব্যয়িত অর্থ সদ্ব্যবহারের প্রয়াস অব্যাহত আছে।

মধ্যাহ্ন আহার প্রকল্প

প্রাথমিক শিক্ষায় খাদ্য সহায়তা (এন.পি.এন.এস.পি.ই.) যা মধ্যাহ্ন আহার প্রকল্প নামে সমধিক পরিচিত, একটি জাতীয় প্রকল্প। প্রকল্পটি এই রাজ্যে ১৫ই আগস্ট, ১৯৯৫-

এ চালু হয়। প্রাথমিক শিক্ষার সর্বজনীনতার লক্ষ্যে পড়ুয়ার সংখ্যা বৃদ্ধি, পড়াশোনা বজায় রাখা এবং দৈনিক উপস্থিতি নিশ্চিত করা এবং সেই সঙ্গে প্রাথমিক স্তরের (১ম থেকে ৫ম শ্রেণি) ছাত্র-ছাত্রীদের পুষ্টির দিকে লক্ষ্য রাখাই এই প্রকল্পের মূল উদ্দেশ্য। এই প্রকল্পে শতকরা ৮০ ভাগ উপস্থিতির শর্তে বছরের দশটি শিক্ষামাসে মাথাপিছু প্রতিদিন ১০০ গ্রাম বা মাসে ৩ কিলোগ্রাম চাল বিনামূল্যে বিতরণের ব্যবস্থা আছে। কলকাতা সহ রাজ্যের সর্বত্র এই প্রকল্প চালু আছে। ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে এই প্রকল্পের সুযোগ প্রাপকের সংখ্যা ছিল ৯৭,৬৪,১৮১। বর্তমানে এই প্রকল্প সমস্ত জেলায় চালু আছে। খুব শীঘ্রই এই প্রকল্পের সুযোগ সমস্ত শিশু শিক্ষাকেন্দ্রের ক্ষেত্রেও প্রসারিত হবে। এ বছরের জানুয়ারি থেকে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি—এই পাঁচটি নির্বাচিত জেলার ১,১০০ প্রাথমিক বিদ্যালয়ে ১,৭৬,৫০০ জন ছাত্র-ছাত্রীকে রান্না করা মধ্যাহ্ন আহার দেওয়া হচ্ছে। এই ব্যবস্থা পরীক্ষামূলকভাবে শুরু করা হয়েছে। ৩১শে মার্চ পর্যন্ত এই ব্যবস্থার কার্যকারিতা বিচার করে ক্রমে ক্রমে আরও ব্যাপক সংখ্যক বিদ্যালয়ে রান্না করা খাবার সরবরাহ করা হবে।

শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসরকালীন সুযোগ-সুবিধা প্রদান

অধিকর্তা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড ও গ্রুপ ইন্সিওরেন্স (ডি.পি.পি.জি.), পশ্চিমবঙ্গ কর্তৃক সরবরাহকৃত তথ্যাদি অনুসারে ১.১.২০০৩ তারিখ পর্যন্ত সর্বমোট ১ লক্ষ ৩২ হাজার অবসরপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষাকর্মী অবসরকালীন ভাতা পেয়েছেন। ভারতবর্ষের অন্য কোথাও এত বৃহৎ সংখ্যক সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মী অবসরকালীন সুযোগ-সুবিধা পাননি। বর্তমানে ৫.৩ হাজার পেনশন কেস অধিকর্তার অফিসে নিষ্পত্তির অপেক্ষায় আছে। ১৯৯৮-এর বেতন সংশোধনী আদেশ অনুসারে অবসরকালীন সুযোগ-সুবিধা সংশোধিত হয়েছে। পেনশন দান ত্বরান্বিত করা এবং বকেয়া পেনশন কেস (শিক্ষক ও অশিক্ষকদের)সমূহের দ্রুত নিষ্পত্তির উদ্দেশ্যে গত বৎসর অর্থ দপ্তর বিশেষ উদ্যোগ গ্রহণ করে। ফলে বকেয়া পেনশন কেসের সংখ্যা দ্রুত হ্রাস পেয়েছে।

কম্পিউটারের ব্যাপক ব্যবহারের মাধ্যমে এখনও অমীমাংসিত পেনশন কেসসমূহের দ্রুত নিষ্পত্তির ঐকান্তিক প্রয়াস চলছে।

উপসংহার

বিগত দিনে বিশেষ করে গত এক বছরে আমাদের সিদ্ধান্ত ও প্রতিশ্রুতি পালনে যদি কোথাও দুর্বলতা, অসম্পূর্ণতা কিংবা ত্রুটি-বিচ্যুতি হয়ে থাকে, মাননীয় সদস্যদের গঠনমূলক আলোচনায় তার যথোচিত প্রতিফলন ঘটুক, তা একান্তভাবেই কাম্য। সেই সমালোচনা ও পরামর্শের আলোকে আমরা আগামী দিনে আমাদের কর্তব্য পালনে ব্রতী থাকতে চেষ্টা করব। আমাদের উত্থাপিত এই ব্যয়-বরাদ্দের দাবি মাননীয় সদস্যদের পূর্ণ সমর্থন লাভ করুক এই আশাই করছি।

DEMAND No. 16

Major Heads : 2215—Water Supply and Sanitation, 2251—Secretariat—Social Services, 3425—Other Scientific Research and 3435—Ecology & Environment

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,87,67,000 be granted for expenditure under Demand No. 16, Major Heads : "2215—Water Supply and Sanitation, 2251—Secretariat—Social Services, 3425—Other Scientific Research and 3435—Ecology & Environment" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 1,62,56,000 already voted on account.)

DEMAND No. 17

Major Heads : 2039—State Excise and 2052—Secretariat—General Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 43,70,80,000 be granted for expenditure under Demand No. 17, Major Heads : "2039—State Excise and 2052—Secretariat—General Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 14,56,94,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আর্থিক বর্ষ ২০০৩-০৪-এর বাজেটে দাবী নং ১৭-এর অধীন মুখ্যখাত "২০৩৯-স্টেট এক্সাইজ" এবং "২০৫২-সেক্রেটারিয়েট জেনারেল সার্ভিসেস"-এর জন্য যথাক্রমে ৪৩,২২,৭৫,০০০ টাকা এবং ৪৮,০৫,০০০ টাকা ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করছি। এই অর্থরাশির মধ্যে ২০০৩-০৪ সালের ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে প্রদর্শিত যথাক্রমে ১৪,৪০,৯২,০০০ টাকা এবং ১৬,০২,০০০ টাকা অন্তর্ভুক্ত করা হয়েছে।

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, আবগারি রাজস্ব-আদায়, অবৈধ চোলাই-মদ তৈরি ও চোরাচালান রোধ এবং এই ধরনের অপরাধমূলক কাজকর্ম প্রতিরোধ করার মধ্যেই রাজ্য আবগারি বিভাগের কর্মপরিধি সীমাবদ্ধ। এই বিভাগ বেঙ্গল এক্সাইজ অ্যাক্ট, ১৯০৯, নারকোটিক ড্রাগস্ অ্যান্ড সাইকোট্রপিক সাবস্ট্যান্সেস অ্যাক্ট, ১৯৮৫, দ্য মেডিসিন্যাল অ্যান্ড টয়লেট প্রিপারেশন (এক্সাইজ ডিউটিস্) অ্যাক্ট, ১৯৫৫, ওয়েস্ট বেঙ্গল মোলাসেস কন্ট্রোল অ্যাক্ট, ১৯৭৩ এবং এগুলির অধীন প্রণীত অন্য আইনসমূহ প্রয়োগ ও নিয়ন্ত্রণ করে।

আবগারি প্রশাসন সংক্রান্ত বিষয়ে রাজ্য সরকার অত্যন্ত সতর্ক দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছে। বৃহত্তর সামাজিক তাৎপর্যকে সর্বদা গুরুত্ব সহকারে বিবেচনা করেই রাজ্য সরকার আবগারি বিষয়ক যে কোনও সিদ্ধান্ত গ্রহণে ব্রতী হয়েছে। আমাদের মূল লক্ষ্য ছিল— উপভোক্তা জনসাধারণের কাছে বিধিবদ্ধ দোকান থেকে ভোগ্য পানীয়ের সরবরাহ অব্যাহত রাখা এবং স্বাস্থ্য বিষয়ক বিপর্যয় রোধ করা। একই সঙ্গে অবৈধ চোলাই-মদ প্রস্তুত ও তৎসংক্রান্ত অপরাধ দমনে রাজ্য সরকার সর্বদাই সচেষ্ট থেকেছে। নতুন মদের দোকানের জন্য লাইসেন্স প্রদানের সময় রাজ্য সরকার রাজস্ব বৃদ্ধির জরুরি চাহিদার থেকেও সমাজের বৃহত্তর স্বার্থরক্ষায় অধিকতর সতর্ক থেকেছে।

রাজ্যের উপজাতি অধ্যুষিত অঞ্চলগুলির জন্য একটি পৃথক আবগারি নীতি প্রণয়ন করা হয়েছে। উপজাতি প্রধান অঞ্চলগুলিতে কোনও নতুন মদের দোকানের অনুমোদন দেওয়া হয়নি। ওই সব অঞ্চলগুলিতে অবস্থিত দেশি মদের দোকানগুলিকে অনুপজাতি প্রধান অঞ্চলে স্থানান্তরিত করা হচ্ছে। উপজাতি প্রধান অঞ্চলে/মৌজায় শুধুমাত্র উপজাতি মালিকানাধীন পচাই-এর বর্তমান দোকানগুলিকে চালু রাখার বা নতুন দোকান স্থাপনের অনুমতি দেওয়া হচ্ছে। তা ছাড়া প্রয়োগ-কৌশলের ভিত্তিতে উপজাতিদের চিরাচরিত গৃহ উৎপাদন পদ্ধতিকে অনুমতি দেওয়া হয়ে থাকে।

বিলাতি মদ এবং দেশি মদের নতুন লাইসেন্স মঞ্জুরের সময় সরকার এ ব্যাপারে সতর্ক দৃষ্টি রেখেছে যাতে মঞ্জুরীকৃত নতুন লাইসেন্স কোনও অঞ্চলে বা ইতিমধ্যেই আবগারি লাইসেন্স-প্রাপ্ত কোনও পরিবারে কেন্দ্রীভূত হতে না পারে।

আবগারী লাইসেন্স প্রদানের পদ্ধতি খতিয়ে দেখতে ১৯৮৯ সালে রাজ্য সরকার অধ্যাপক পি. এন. রায়ের নেতৃত্বে একটি কমিটি গঠন করে। ১৯৯০ সালের মার্চ মাসে এই কমিটি তার প্রতিবেদন পেশ করে এবং প্রতি ৩ (তিন) বছর অন্তর ১০% হারে মদের দোকান বৃদ্ধি করার সুপারিশ করে।

পি. এন. রায় কমিটির সুপারিশ, বর্ধিত জনসংখ্যা, জনসাধারণের মধ্যে চাহিদা এবং কয়েকটি অঞ্চলে অবৈধ চোলাই মদের ব্যবসা বৃদ্ধির ঘটনা এবং চোরাচালান এই সবকিছু বিবেচনা করে রাজ্য সরকার ১৯৯৯-২০০০ সালে ১২১টি বিলাতি ও ১৩২টি দেশি অর্থাৎ মোট ২৫৩টি নতুন মদের দোকানের জন্য লাইসেন্স অনুমোদনের সিদ্ধান্ত নেয়। ব্যক্তিগত লাইসেন্স প্রদানের ক্ষেত্রে জনসাধারণের সামনে রাজ্য লটারি অধিকর্তার দ্বারা পরিচালিত

লটারির মাধ্যমে লাইসেন্স প্রাপকদের মনোনীত করে রাজ্য সরকার সমগ্র প্রক্রিয়ায় এক স্বচ্ছ নীতি অনুসরণ করেছে। উপরন্তু নতুন প্রদেয় লাইসেন্সের মোট ৫০% বেকার যুবকদের সমবায় সংস্থা ও পার্টনারশিপ ফার্মের জন্য সংরক্ষিত রাখা হয়েছে। লটারি করে লাইসেন্স বণ্টনের এই প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে এবং প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। লটারির ফলাফলের ভিত্তিতে কয়েকটি দোকান ছাড়া (আইনগত কারণে) সমস্ত নতুন দোকানের লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। ২০০১-২০০২ সালে দেশি মদের দোকানের সংখ্যা ছিল ৯৩২ এবং বিদেশি মদের দোকানের সংখ্যা ছিল ৩৬৬। ২০০২ সালের ডিসেম্বর মাসের শেষে এই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে যথাক্রমে ৯৫০ এবং ৩৮৪। জনগণের বর্ধিত চাহিদা, অবৈধ চোলাই-মদ এবং চোরাচালানের বিষয়টি মাথায় রেখে রাজ্য সরকার আবগারি নীতির আরও উদারীকরণের কথা বিবেচনা করছেন।

পশ্চিম মেদিনীপুর এবং বীরভূমে দেশি মদ বোতলজাত করবার জন্য দুটি নতুন কারখানা বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বীরভূমের কারখানাটি ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছে। দেশি মদের দোকানের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আরও কয়েকটি এই ধরনের কারখানা স্থাপনের প্রয়োজন দেখা দিয়েছে।

কোচবিহার জেলায় একটি বিদেশি মদ তৈরির কারখানা এবং হুগলি জেলার ডানকুনিতে একটি বিয়ার তৈরির কারখানা স্থাপনের সিদ্ধান্ত হয়েছে। এই সিদ্ধান্ত নিঃসন্দেহে রাজ্যে কর্মসংস্থানের সুযোগও বৃদ্ধি করবে।

ইতিমধ্যে রাজ্যের উপভোক্তা মানুষদের পানীয় পরিবর্তনের প্রবণতার সঙ্গে সামঞ্জস্য রেখে পচাই বিক্রেতাদের পুনর্বাসনের লক্ষ্যে উক্ত বিক্রেতাদের দেশি মদের খুচরো বিক্রির জন্য অতিরিক্ত আবগারি লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। একই সঙ্গে আফিং ডিপোর মালিকদের ৫০ ইউ.পি. রাম/বিয়ার বিক্রির অনুমতি দিয়ে তাদেরকেও পুনর্বাসন দেওয়া হচ্ছে, কেননা এন.ডি.পি.এস. আইন, ১৯৮৫ লাগু হওয়ার পর এইসব আফিং দোকানগুলি কার্যত অচল হয়ে পড়েছে এবং এইসব ডিপোর মালিকরা জীবিকা নির্বাহ করতে কঠিন বাধার সম্মুখীন হচ্ছিলেন।

মদ্য পানে জনগণকে নিরুৎসাহিত করার জন্য মদের উপর উচ্চ হারে 'কর' (ট্যাক্স) আরোপ করা হয়েছে। এন.ডি.পি.এস. ও চোলাই মদের বিরুদ্ধে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে হ্যান্ডবিল, পোস্টার ইত্যাদির সাহায্যে প্রচার অভিযানকে জোরদার করা হয়েছে। নীচের সারণিতে বিগত ৩ (তিন) বছরে আমাদের আবগারি রাজস্ব বৃদ্ধির একটি ছবি পাওয়া যায় :

আর্থিক বছর	আদায়ীকৃত রাজস্ব (কোটিতে)
১৯৯৯-২০০০	৪৪২.৬৯
২০০০-২০০১	৪৫৯.৫৩
২০০১-২০০২	৫১১.১৪

এই বিভাগের যোজনা কাজকর্ম কলকাতা এবং অন্যান্য জেলাগুলিতে অফিসবাড়ি ও ব্যারাক নির্মাণ ও উন্নয়ন-এর মধ্যে সীমাবদ্ধ।

বাঁকুড়া জেলার খাতরা, মেজিয়া এবং তালডাংরাতে আবগারি সার্কেল অফিসারদের জন্য কোয়ার্টার নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। ওই এলাকায় সার্কেল অফিস এবং ব্যারাক নির্মাণের কাজ শুরু হয়েছে। একই সঙ্গে জলপাইগুড়ি জেলার কিংসাহিব ঘাটে এবং উত্তর দিনাজপুর জেলার ডালখোলাতে আবগারি কমপ্লেক্সে-এর কাজ চলছে। এ ছাড়াও রাজ্য সরকার পশ্চিম মেদিনীপুর জেলা, উত্তর ২৪-পরগনা এবং কোচবিহার জেলাতেও আবগারি কমপ্লেক্স-এর কাজ শুরু করা হয়েছে।

পার্শ্ববর্তী রাজ্যগুলি থেকে মদের চোরাচালান এবং অবৈধ চোলাই-মদ আমদানী প্রতিহত করা এই দপ্তরের কাছে অন্যতম প্রধান সমস্যা। এই দুর্নীতিমূলক কাজগুলি স্বাস্থ্যক্ষেত্রে বিপর্যয়ের সৃষ্টি করে এবং সরকারকে বিরাট পরিমাণ আবগারি রাজস্ব থেকে বঞ্চিত করে। এই সমস্যাগুলির সঙ্গে কার্যকরভাবে লড়াই করার জন্য নিম্নলিখিত বিষয়গুলির উপর গুরুত্ব আরোপ করা হয়েছে :

(ক) পার্শ্ববর্তী রাজ্যগুলি থেকে এই রাজ্যে অবৈধ মদের চোরাচালন রুখতে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(খ) অবৈধ চোলাই-মদ প্রতিহত করতে পরিচিত প্রধান প্রধান কেন্দ্রগুলিতে সমবেতভাবে অভিযান চালানো হচ্ছে।

(গ) নকল দেশি মদ তৈরির কাজে ব্যবহৃত অবৈধ রেকটিফায়েড স্পিরিট-এর অনুপ্রবেশ ঠেকাতে আন্তঃরাজ্য সীমানা অঞ্চলে কড়া নজরদারি চালু করা হচ্ছে।

(ঘ) অ্যালকোহল ব্যবহারকারী শিল্প-সংস্থাগুলির উপর নিরন্তর নজরদারি রাখা যাতে শিল্পকার্যে ব্যবহারযোগ্য অ্যালকোহল পাচার হয়ে মদ তৈরির কাজে ব্যবহৃত হতে না পারে।

(ঙ) সরকারকে প্রদেয় সঠিক কর আদায়ের লক্ষ্যে এবং সম্ভাব্য কর ফাঁকি রোধে আবগারি লাইসেন্স ধারকদের দোকান/অফিস/ব্যবসাকেন্দ্র ঘনঘন পরিদর্শন করা।

উপরিল্লিখিত লক্ষ্যগুলি পূরণ করতে এই বিভাগ দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় ৩ (তিনটি) চেকপোস্ট বসানোর পরিকল্পনা অনুমোদন করেছে।

এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই যে, আমার দপ্তর ২০০১-২০০২ সালে ওয়েস্ট বেঙ্গল এক্সাইজ অ্যাক্ট, ১৯০৯-এর অধীনে ৪১,০৪৭টি চোলাই মদের অপরাধ চিহ্নিত করেছে এবং ফলস্বরূপ মোট ২৫৮৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ১৪.৫৫ লক্ষ লিটার চোলাই মদ বাজেয়াপ্ত করা হয়েছে। ৭৬.৭৪ লক্ষ লিটার ফারমেন্টেড্ ওয়াশ্ এবং ৬৯,৭০৯ লিটার বিদেশি মদ বাজেয়াপ্ত করা হয়েছে। এন.ডি.পি.এস. অ্যাক্ট ১৯৮৫-এর আওতায়

১৪৮টি অপরাধের ঘটনা চিহ্নিত করা হয় এবং ৪৭ জনকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে। এছাড়া বেশ কিছু জেলায় গাঁজা ও আফিং চাষের ক্ষেতে অভিযান চালিয়ে সেইগুলি ধ্বংস করা হয়েছে।

নকল দেশি মদের বিক্রি ঠেকাতে বোতলের গায়ে হলোগ্রাম, বোতলে উন্নতমানের ছিপি ব্যবহার প্রভৃতি নিরাপত্তামূলক ব্যবস্থা চালু করা হচ্ছে।

এই কথাগুলি বলে, আমি এই সভার কাছে দাবী নং ১৭-এর অধীন মুখ্যখাত "২০৩৯—স্টেট্ এক্সাইজ" এবং "২০৫২—সেক্রেটারিয়েট জেনারেল সার্ভিসেস্"-এর ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য অনুরোধ জানাচ্ছি।

DEMAND No. 18

Major Heads : 2014—Administration of Justice, 2020—Collection of Taxes on Income and Expenditure, 2029—Land Revenue, 2030—Stamps and Registration, 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions, 2040—Taxes on Sales, Trades etc., 2045—Other Taxes and Duties on Commodities and Services, 2047—Other Fiscal Services, 2052—Secretariat—General Services, 2054—Treasury and Accounts Administration, 2070—Other Administrative Services, 2071—Pension and Other Retirement Benefits, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 3475—Other General Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 5465—Investments in General Financial and Trading Institutions, 7610—Loans to Government Servants etc. and 7615—Miscellaneous Loans

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3153,57,49,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads : "2014—Administration of Justice, 2020—Collection of Taxes on Income and Expenditure, 2029—Land Revenue, 2030—Stamps and Registration, 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions, 2040—Taxes on Sales, Trades etc., 2045—Other Taxes and Duties on Commodities and Services, 2047—Other Fiscal Services, 2052—Secretariat—General Services, 2054—Treasury and Accounts

Administration, 2070—Other Administrative Services, 2071—Pensions and Other Retirement Benefits, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 3475—Other General Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 5465—Investments in General Financial and Trading Institutions, 7610—Loans to Government Servants etc. and 7615—Miscellaneous Loans" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 1051,19,16,000 already voted on account.)

DEMAND No. 19

Major Heads : 2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services and 4070—Capital Outlay on Other Administrative Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 89,31,00,000 be granted for expenditure under Demand No. 19, Major Heads : "2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services and 4070—Capital Outlay on Other Administrative Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 29,77,01,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব রাখছি যে, ২০০৩-২০০৪ সালে ১৯নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২০৫২—সেক্রেটারিয়েট-জেনারেল সার্ভিসেস", "২০৭০—অন্যান্য প্রশাসনিক কৃত্যক (অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ)" এবং "৪০৭০—অন্যান্য প্রশাসনিক খাতে মূলধনী ব্যয়" বাবদ ৮৯,৩১,০০,০০০ (ঊননব্বই কোটি একত্রিশ লক্ষ) টাকা অনুমোদন করা হোক। এই অর্থাঙ্কের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ২৯,৭৭,০১,০০০ (ঊনত্রিশ কোটি সাতাত্তর লক্ষ এক হাজার) টাকাও অন্তর্ভুক্ত। পশ্চিমবঙ্গ

সরকারের অগ্নি-নির্বাপণ পরিষেবা বিভাগ ও তার প্রশাসনিক আয়ত্তাধীন পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ কার্যালয়ের ব্যয় নির্বাহের জন্য এই অর্থ ধার্য করা হয়েছে। এই হিসাবের মধ্যে কিছু দমকল কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় মূলধনী ব্যয় যা এতদিন "৪০৫৯—পূর্ত খাতে মূলধনী ব্যয় (অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ)"-এর অন্তর্ভুক্ত ছিল এবং পূর্ত দপ্তর কর্তৃক উত্থাপিত হত, তা বর্তমানে ১৯নং দাবির অন্তর্ভুক্ত হয়েছে এবং বিভাগীয় মন্ত্রী হিসাবে উক্ত ব্যয়-বরাদ্দের দাবিও আমার বক্তব্যে উপস্থিত করেছি।

২। বর্তমানে সারা রাজ্যে ৯৬টি অগ্নি-নির্বাপণ কেন্দ্র আছে। এর মধ্যে ৫৬টি পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ পরিষেবা বিভাগের নিয়মিত শাখার অধীন এবং বাকি ৪০টি অসামরিক প্রতিরক্ষা শাখার অধীন। এই অগ্নি-নির্বাপণ কেন্দ্রগুলির মধ্যে কিছু অগ্নি-নির্বাপণ কেন্দ্র যা বর্তমানে এখনও ভাড়া বাড়িতে অবস্থিত সেইগুলিকে প্রয়োজনীয় জমি ও আর্থিক সংস্থানের ব্যবস্থা করা গেলেই সরকারের নিজস্ব ভবনে পর্যায়ক্রমে সরিয়ে আনার চেষ্টা নেওয়া হচ্ছে।

২.১। এই প্রকল্পের অন্তর্গত ইতিমধ্যেই বনগাঁ, দার্জিলিং, দিনহাটা, বারাসাত, কামারহাটি, শ্রীরামপুর, মাথাভাঙ্গা, বসিরহাট, বোলপুর, জলপাইগুড়ির হ্যামিলটনগঞ্জে, দমদম, হুগলি এবং হেডকোয়ার্টার দমকল কেন্দ্রের ভবন নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। এর মধ্যে বনগাঁ দমকল কেন্দ্রটি ইতিমধ্যেই নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়েছে এবং দার্জিলিং কেন্দ্র ভবনটিও শীঘ্রই চালু করা হবে। এছাড়া বসিরহাট, বোলপুর, দমদম এবং মাথাভাঙ্গা দমকল কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের কাজ শুরু করা হয়েছে। এই প্রকল্পের অন্তর্গত কামারহাটি এবং বারাসাত দমকল কেন্দ্র স্থাপনের কাজ একাদশ অর্থ কমিশনের বরাদ্দকৃত অর্থে সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে এবং দিনহাটা ও শ্রীরামপুরে দুটি দমকল কেন্দ্র স্থাপনের জন্য রাজ্য সরকারের পরিকল্পনা খাত থেকে প্রয়োজনীয় ব্যয়-বরাদ্দ করা হয়েছে।

২.২। রাজ্য সরকার দশম অর্থ কমিশনের বরাদ্দকৃত অর্থে এ পর্যন্ত ৬টি ২-পাম্প-বিশিষ্ট দমকল কেন্দ্র স্থাপনের কাজ গ্রহণ করেছিলেন। এইগুলি যথাক্রমে (১) রঘুনাথপুর, (২) ঝাড়গ্রাম, (৩) রায়গঞ্জ, (৪) ধুলিয়ান, (৫) ডায়মন্ডহারবার এবং (৬) যাদবপুর। এর মধ্যে রঘুনাথপুর, ঝাড়গ্রাম, রায়গঞ্জ এবং ধুলিয়ান-এ দমকল কেন্দ্র স্থাপনের কাজ শেষ করে সেইগুলিকে চালু করা হয়েছে। যাদবপুর কেন্দ্রের জন্য উপযুক্ত জমি পাওয়া যায়নি বলে প্রকল্পটি শুরু করা যায়নি। আর ডায়মন্ডহারবার দমকল কেন্দ্রের কাজ এগিয়ে চলেছে।

দশম অর্থ কমিশনের বরাদ্দকৃত অর্থে ঐ পাঁচটি দমকল কেন্দ্র স্থাপনের কাজ ছাড়াও রাজ্য সরকার ওই অর্থের সাহায্যে কিছু অত্যাধুনিক যন্ত্রপাতি যথা—১টি ৫৪ মিটার উচ্চতা সম্পন্ন এ্যারিয়েল ল্যাডার যার দাম ৩৬৯.৭৩ লক্ষ টাকা (প্রায়), চারটি ওয়াটার বাউসার, চারটি ওয়াটার টেন্ডার ইত্যাদি ক্রয় করেছেন। এছাড়া ওই অর্থে রাজ্য সরকার কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকায় অগ্নি-নির্বাপণের জন্য প্রয়োজনীয় জলের জোগানকে নিশ্চিত করার উদ্দেশ্যে বর্তমানে যে হাইড্রেন্ট পয়েন্ট ও ভূগর্ভস্থ জলাধারগুলি কলকাতা তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান, তার যথাযথ ব্যবহারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

২.৩। রাজ্য সরকার একাদশ অর্থ কমিশনের মোট বরাদ্দ ছয় কোটি টাকার মধ্যে এ পর্যন্ত মোট ৩৬২ লক্ষ টাকা পেয়েছেন। এই বরাদ্দকৃত অর্থে রাজ্যভিত্তিক ক্ষমতাপ্রাপ্ত কমিটির সাথে আলোচনাক্রমে, বারাসাত ও কামারহাটিতে ভাড়াবাড়ির পরিবর্তে সরকারের নিজস্ব স্থায়ী ভবন এবং চাঁচলে একটি নতুন দমকল কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। এই সমস্ত দমকল কেন্দ্রগুলি স্থাপনের কাজ পশ্চিমবঙ্গ সরকারের পৌরবিষয়ক দপ্তরের অধীন মিউনিসিপ্যাল ইঞ্জিনীয়ারিং ডাইরেক্টরেটের হস্তে ন্যস্ত হয়েছে। এগুলির মধ্যে চাঁচল অগ্নি-নির্বাপণ কেন্দ্রের কাজ সমাপ্ত হয়েছে এবং এটি চালু করা হয়েছে। এই নতুন দমকল কেন্দ্র স্থাপনের পাশাপাশি ওই অর্থে পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা ব্যবস্থার উন্নতি করার লক্ষ্যে কিছু উচ্চ প্রযুক্তিসম্পন্ন অগ্নি নির্বাপক প্রয়োজনীয় যন্ত্রপাতি ২০০৪ সালের মধ্যে ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এইগুলির মধ্যে ১২টি ওয়াটার টেন্ডার, ৪টি ওয়াটার কেরিয়ার, ১৫টি পোর্টেবল পাম্প, ৩টি ট্রেলার পাম্প, ৮টি টোয়িং ভেহিকেল, ১টি ব্রেকডাউন ভ্যান, ৪০টি ব্রিদিং অ্যাপারেটাস সেট ও ফেস মাস্ক এবং ৫ লক্ষ টাকার মূল্যের কারখানায় ব্যবহৃত কিছু যন্ত্রপাতি ও ৩ লক্ষ টাকার কিছু অগ্নি নির্বাপক যন্ত্রপাতি উল্লেখযোগ্য। এই বাবদ বরাদ্দকৃত ৩৬২ লক্ষ টাকার মধ্যে এ যাবৎ উক্ত তিনটি দমকল কেন্দ্র নির্মাণ ও ৭টি পোর্টেবল পাম্প ক্রয় করার দরুন আনুমানিক ১৭৬.০৯ লক্ষ টাকা খরচ হয়েছে। এই প্রকল্পের অন্তর্ভুক্ত অন্যান্য যন্ত্রপাতি কেনার প্রস্তাবগুলি বাস্তবায়নের জন্য ইতিমধ্যেই পদক্ষেপ নেওয়া হয়েছে।

২.৪। রাজ্য সরকারের "৪০৫৯—ক্যাপিট্যাল আউটলে" ইত্যাদি পরিকল্পনা খাতে বিগত আর্থিক বর্ষে ২ কোটি টাকা পাওয়া গিয়েছিল। এই অর্থে পূর্ব থেকে গৃহীত দমকল কেন্দ্র স্থাপনের প্রকল্প যথা বর্ধমান, শিলিগুড়ি, উত্তর ব্যারাকপুর, দিনহাটা, শ্রীরামপুর, খড়গপুর, বিধাননগর এবং দার্জিলিং এই পরিকল্পনা খাতের আর্থিক সহায়তায় রূপায়িত হচ্ছে। এই আর্থিক বছরে এখনও পর্যন্ত এই প্রকল্পগুলির জন্য ৭৮ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এই বাবদ পরিকল্পনা খাতে প্রাপ্ত অর্থের ৭ লক্ষ টাকা রানাঘাট দমকল কেন্দ্রের ভূমি অধিগ্রহণের জন্য বরাদ্দ করা হয়েছে। এই খাতের অর্থে মূলধনী ব্যয় হিসাবে কিছু নতুন দমকল কেন্দ্র স্থাপনের কাজ হাতে নেবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এইগুলি যথাক্রমে শ্রীরামপুর, দমদম, উলুবেড়িয়া, ডালখোলা, খাতড়া, ডোমকল (মুর্শিদাবাদ), জাঙ্গীপুর, ঘাটাল, লালবাগ, কান্দি, এগরা, ক্যানিং, কাকদ্বীপ, নবদ্বীপ, শান্তিপুর, তমলুক, বিষ্ণুপুর, কালিয়াগঞ্জ, জলপাইগুড়ির হ্যামিলটনগঞ্জে হাসিমারা প্রভৃতি। প্রয়োজনীয় জমি এবং অর্থের জোগান সুনিশ্চিত হলেই এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৫। রাজ্য সরকারের অপর পরিকল্পনা খাত নম্বর "০০২—ট্রেনিং সেন্টার স্থাপন এবং দমকল পরিষেবা উন্নতি"-এর বরাদ্দকৃত অর্থে পশ্চিমবঙ্গ সরকার কলকাতার বেহালায় অবস্থিত দমকল বিভাগে ইনস্টিটিউট অব ফায়ার সার্ভিস নামক প্রশিক্ষণ কেন্দ্রে যে ৬ মাসের সার্টিফিকেট কোর্স চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন তার প্রয়োজনীয় খরচ এই বাবদ প্রাপ্ত অর্থ থেকে করা হবে। পরিকল্পনাটি ইতিমধ্যেই কারিগরি শিক্ষা দপ্তরের সম্মতি এবং অর্থ

দপ্তরের প্রশাসনিক অনুমোদন লাভ করেছে। ইতিমধ্যেই ওই প্রকল্প বাবদ কিছু প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সামগ্রী ক্রয় করার জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে। এই প্রকল্পটি দ্রুত রূপায়ণ করার লক্ষ্যে কন্ট্রাক্ট পদ্ধতিতে কিছু প্রয়োজনীয় কর্মচারী নিযুক্ত করার পরিকল্পনাটি সরকারের বিবেচনাধীন। এই ব্যাপারে কিছু অতিথি শিক্ষাবিদদেরও আনয়ন করার প্রচেষ্টা চালানো হচ্ছে। এই পরিকল্পনা খাতের অর্থে তারকেশ্বর দমকল কেন্দ্র স্থাপনের কাজ, কুচবিহার দমকল কেন্দ্রের কর্মচারী আবাসনের মেরামতি ও হেডকোয়ার্টার দমকল ভবনের কিছু সংস্কারের কাজ করা হয়েছে। এই অর্থে ইতিমধ্যেই তারকেশ্বর দমকল ভবনের কাজ সমাপ্ত করা হয়েছে এবং তা চালু করা হয়েছে।

এই পরিকল্পনা খাতে প্রাপ্ত অর্থ দমকল বিভাগের সদর কার্যালয় এবং নিয়ন্ত্রণ কক্ষকে কম্পিউটার ব্যবস্থায় আনার আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করার কাজে লাগাবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত করার কাজ চলছে। প্রয়োজনীয় জমি ও আর্থিক সংস্থান হলে কিছু দমকল কেন্দ্র যথা তমলুক, বিষ্ণুপুর, পানিহাটি, বরানগর, রানাঘাট, কৃষ্ণনগর, রামপুরহাট, টালিগঞ্জ ক্যানেল ইস্ট রোড এই পরিকল্পনা খাতের বরাদ্দকৃত অর্থে করা হবে। বানতলা চর্ম নগরীর দমকল কেন্দ্রের জন্য জমি ইতিমধ্যেই পাওয়া গিয়েছে এবং এটির বাস্তবায়নের প্রস্তাব বিবেচনাধীন।

২.৬। রাজ্য সরকারের দমকল কেন্দ্রগুলির খুচরা মেরামতির প্রকল্পগুলির কাজ সরকারের নন-প্ল্যান বাজেট বরাদ্দ "১৯—মেইন্টেনেন্স" খাত থেকে করা হচ্ছে।

২.৭। রাজ্য সরকার সীমান্ত অঞ্চল উন্নয়নপ্রকল্পে কেন্দ্রীয় অনুদানের অর্থে সীমান্ত অঞ্চলের করিমপুর এবং তেহট্টে দুটি নতুন দমকল কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন। এই ব্যাপারে উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে ইতিমধ্যেই যোগাযোগ করা হয়েছে। প্রয়োজনীয় আর্থিক সংস্থান এবং উপযুক্ত জমির ব্যবস্থা হলেই প্রকল্পগুলি শুরু করা যাবে।

পশ্চিমবঙ্গে শিল্পাঞ্চলে অগ্নি পরিষেবা ব্যবস্থা আরও সম্প্রসারণের চেষ্টাও অব্যাহত আছে। ভারত সরকারের আর্থিক অনুদানে এই প্রকল্পের অধীন ফলতা মুক্ত বাণিজ্য কেন্দ্রে ইতিমধ্যেই দমকল কেন্দ্রটি চালু করা হয়েছে।

২.৮। রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার জেনারেল ইন্সিওরেন্স কর্পোরেশনের কাছ থেকে এ পর্যন্ত মোট চৌত্রিশ কোটি ষোল লক্ষ টাকা ঋণ বাবদ সংগ্রহ করেছেন। এর মধ্যে কুড়ি কোটি চুরাশি লক্ষ টাকায় উচ্চ প্রযুক্তিসম্পন্ন অগ্নি নির্বাপক যন্ত্রাদি ক্রয় করে পশ্চিমবঙ্গের অগ্নি নির্বাপণ পরিষেবা ব্যবস্থার আরও উন্নতি ঘটানো হয়েছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে সারা দেশে যেভাবে অন্তর্ঘাতমূলক ও সন্ত্রাসবাদী কাজকর্ম মাথাচাড়া দিচ্ছে তার পরিপ্রেক্ষিতে আমাদের রাজ্যে তথা দেশের সামগ্রিক নিরাপত্তার স্বার্থে পশ্চিমবঙ্গ দমকল বাহিনীতে আরও উন্নত প্রযুক্তিসম্পন্ন যন্ত্রপাতি ওপ্রয়োজনীয় লোকবল প্রয়োজন। এটা অনস্বীকার্য যে রাজ্যের দমকল বিভাগে অনেক অগ্নি-নির্বাপণ কেন্দ্রে এখনও যথেষ্ট পরিমাণ প্রয়োজনীয় যন্ত্রপাতি ও লোকবলের অভাব রয়েছে।

এই ব্যাপারে প্রয়োজনীয় কর্মচারীর শূন্যস্থান পূরণ করার জন্য ইতিমধ্যেই উপযুক্ত কর্তৃপক্ষের কাছে সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করা হয়েছে ও দমকল পরিষেবা ব্যবস্থার সময়োপযোগী উন্নতিবিধানের জন্য জি.আই.সি. লোনের অর্থের অব্যবহৃত অংশ থেকে ৫ কোটি টাকা মূল্যের বিভিন্ন উচ্চপ্রযুক্তি যন্ত্রপাতি কেনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনাধীন।

২.৯। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে আজ সারা পৃথিবীতে যেভাবে সন্ত্রাসবাদী উগ্রপন্থী কাজকর্ম বেড়ে চলেছে তার প্রতিরোধ ব্যবস্থার চিন্তায় প্রত্যেকটি কল্যাণকামী রাষ্ট্রই উদ্বিগ্ন। তাই সার্বিক মানবকল্যাণে সন্ত্রাসমূলক ঘটনা নিবারণে দমকল পরিষেবার গুরুত্ব বহুগুণ বৃদ্ধি পেয়েছে। দমকল পরিষেবার কাজকর্ম আজকাল শুধু অগ্নি-নির্বাপণ বা তাৎক্ষণিক দুর্ঘটনা মোকাবিলার কাজেই সীমাবদ্ধ নেই। যে কোনো ধরনের বিপর্যয় রোধে দমকলের ভূমিকাকে এখন যথেষ্ট গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে। এ বিষয়ে বর্তমানে ভারত সরকারের কাছ থেকে আমরা যে নির্দেশ পেয়েছি তা থেকে দেখা যায় যে বর্তমানে সারা দেশে যে কোনো বিপর্যয় রোধে আপৎকালীন জরুরি অবস্থা মোকাবিলা করার জন্য ভারত সরকার প্রতিটি রাজ্যের রাজধানী, সমস্ত মেট্রোপলিটান শহর, জেলা সদর শহর এবং মহকুমা সদর শহরে দমকল পরিষেবা ব্যবস্থা আরও কর্মপোযোগী ও শক্তিশালী করে গড়ে তোলার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করছেন। এই পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা বিভাগের কাছ থেকে ভারত সরকার সুনির্দিষ্ট প্রস্তাব চেয়েছেন এবং তা পাঠিয়ে দেওয়া হয়েছে।

৩। কলকাতা এবং পার্শ্ববর্তী হাওড়া শহরের ভৌগোলিক তথ্যাদির বিশেষ খুঁটিনাটি কম্পিউটার ব্যবস্থায় ধরে রাখার এক সুনির্দিষ্ট পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হয়েছে। এই কম্পিউটার নেটওয়ার্ক কে.এম.ডি.এ.-এর দক্ষ বিশেষজ্ঞ দ্বারা তৈরি করা হচ্ছে। এই ভৌগোলিক ইনফরমেশন সিস্টেমে কলকাতা এবং হাওড়া অঞ্চলের যাবতীয় রাস্তা, গলি, জলের বিভিন্ন উৎস, রাস্তার দৈর্ঘ্য ও প্রস্থাদি এবং তার ফুটপাথ, বহুতল বাড়ির অবস্থান, পুলিশ স্টেশন ইত্যাদির যাবতীয় খুঁটিনাটির তথ্য থাকবে। এই তথ্যাদি খুব শীঘ্রই দমকলের সদর কার্যালয়ে এসে যাবে। এর ফলে দমকল বাহিনীর কাজকর্মের ক্ষমতা আরও বাড়বে।

৩.১। ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গ অগ্নি পরিষেবা আইন, ১৯৫০-এর ব্যাপক রদবদল ঘটিয়ে পশ্চিমবঙ্গ ফায়ার সার্ভিস (সংশোধনী) আইন, ১৯৯৬ বলবৎ করা হয়েছিল। এর উদ্দেশ্য ছিল যে এই আইনের অগ্নি প্রতিরোধ ব্যবস্থার ওপর জোর দিয়ে অগ্নিজনিত দুর্ঘটনা কমিয়ে আনা। কিন্তু এই আইনে উপভোক্তাদের দায়দায়িত্ব বাধ্যতামূলক করার ক্ষেত্রে কিছু অসঙ্গতি ছিল বলে অগ্নিজনিত দুর্ঘটনার প্রতিরোধ সংক্রান্ত আইন কার্যকর করার বিষয়টি অসম্পূর্ণ থেকে গিয়েছিল।

বর্তমানে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ অগ্নি পরিষেবা আইন, ১৯৫০ সংশোধন করে পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা (সংশোধনী) আইন, ২০০২ বলবৎ করেছেন। বিগত বছরগুলির প্রাপ্ত অভিজ্ঞতা থেকে দেখা গেছে যে সংশ্লিষ্ট উপভোক্তাগণ অগ্নি পরিষেবা আইনের

দায়দায়িত্ব সংক্রান্ত বিধিনিষেধ মেনে চলার ক্ষেত্রে প্রায় অনিচ্ছুক। তাই নতুন আইনে উপভোক্তাদের বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ফায়ার লাইসেন্স/ফায়ার সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে একটি ইউসার চার্জ বা ব্যবহার্য ফি দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে এবং সাথে সাথে অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিরাপত্তা বিষয়ে তাঁদের নিজ নিজ ক্ষেত্রে দায়িত্ব বাধ্যতামূলক করা হয়েছে। এই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গী হল যে এই আইন কঠোরভাবে প্রয়োগের ফলে উপভোক্তাগণ/প্রতিষ্ঠানগুলি তাঁদের সম্পত্তি অগ্নিজনিত দুর্ঘটনার ক্ষয়ক্ষতি থেকে বাঁচানোর তাগিদে বীমা করবার সিদ্ধান্ত নেবে এবং সরকারকে প্রদেয় অগ্নি-নির্বাপণজনিত খরচাদি ওই বীমাকৃত অর্থের থেকেই পূরণ করতে পারবে। যার অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর কোনো অতিরিক্ত চাপ পড়বে না। মাননীয় সদস্যগণ স্মরণ রাখবেন যে অগ্নি পরিষেবা বিভাগ সাধারণ ক্ষেত্রে তার পরিষেবার বিনিময়ে কোনো সাধারণ আমজনতার কাছ থেকে কোনো চার্জ আদায় করছে না। এই বিধিনিষেধ যেগুলি আনা হয়েছে তার উদ্দেশ্য রাজস্ব বৃদ্ধি নয়, বরং এর উদ্দেশ্য হল সরকার এবং উপভোক্তাদের যৌথ প্রচেষ্টার মাধ্যমে অগ্নি পরিষেবার দক্ষতা সৃষ্টি করা। প্রসঙ্গ ক্রমে জানাই যে এইবার এই আইনে বিভিন্ন কলকারখানা, মালগুদাম, অস্থায়ী কাঠামো বা মেলার ক্ষেত্রে (অস্থায়ী কাঠামো বা প্যান্ডেল) এবং বড় বড় প্রতিষ্ঠান/ অফিসের অগ্নিকাণ্ডের ক্ষেত্রে দমকল পরিষেবার চার্জে কিছু পরিবর্তন করা হয়েছে। পাশাপাশি আইনের বিধিনিষেধ ভঙ্গকারীদের জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা এবং কিছু ক্ষেত্রে জরিমানা হিসাবে অর্থদণ্ডের বিধান রাখা হয়েছে। সামগ্রিকভাবে এই সমস্ত বিধিনিষেধগুলি বলবৎ করার ক্ষেত্রে সরকারের দৃঢ় ধারণা হল এই যে এর ফলে অগ্নি প্রতিরোধ এবং অগ্নি নিরাপত্তা ব্যবস্থায় জনসাধারণ আগের চাইতে অনেক বেশি সচেতন হবেন।

৩.২। পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা (অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিরাপত্তা) আইন, ১৯৯৬ অনুসারে বহুতল এবং ঝুঁকিপ্রবণ বাড়ির ক্ষেত্রে ফায়ার সেফ্‌টি সার্টিফিকেট এবং ফায়ার লাইসেন্স প্রদান পদ্ধতির ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার যে লাইসেন্সড এজেন্সি প্রবর্তন করার সিদ্ধান্ত করেছেন তা বাস্তবায়িত করার কাজ এখন বন্ধ রাখা হয়েছে। পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা (সংশোধনী) আইন, ২০০২-এর সাথে সঙ্গতি রেখে এই সংক্রান্ত আইনের কিছু পরিবর্তন প্রয়োজন। বিভিন্ন শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানে প্রদেয় এই লাইসেন্স ফি বৃদ্ধি করার ব্যাপারে প্রয়োজনীয় নতুন বিধি গঠন করা হচ্ছে।

৩.৩। দমকল বাহিনীর দক্ষতা ও কর্মনিপুণতা বিকাশের উদ্দেশ্যে এই বাহিনীর কয়েকটি স্তরের কর্মীদের চাকুরি সংক্রান্ত আইন-কানুনের কিছু পরিবর্তনের ও পরিবর্ধনের প্রয়োজন জরুরি হয়ে দাঁড়িয়েছে। আজকাল যে ধরনের অগ্নিকাণ্ড ঘটছে তার বেশিরভাগই অত্যন্ত জটিল। তাই এই ধরনের অগ্নিকাণ্ডের মোকাবিলার জন্য একধারে যেমন উচ্চপ্রযুক্তি সম্পন্ন অগ্নি-নির্বাপক যন্ত্রপাতি ব্যবহার জরুরি অন্য দিকে সেগুলির যথাযথ প্রয়োগ পদ্ধতির ব্যাপারে দমকল কর্মীদের যথেষ্ট কুশলতা প্রয়োজন। এই সার্বিক দৃষ্টিভঙ্গীর কথা মাথায় রেখে প্রয়োজনীয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে শীঘ্রই এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৩.৪। বর্তমানে পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ কার্যালয়ে বিভিন্ন ধরনের পদ মিলিয়ে মোট ১,১৫৬টি শূন্য পদ রয়েছে। তাই স্বাভাবিকভাবে দমকল কেন্দ্রগুলিতে কর্মীদের সংখ্যায় যথেষ্ট অপ্রতুলতা রয়েছে। এর ফলে দমকল পরিষেবা ব্যবস্থার স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হচ্ছে এবং কোনো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে প্রয়োজনীয় দমকল কর্মীর অভাবে পরিষেবা ব্যবস্থার ত্রুটিতে প্রায়শই জনসাধারণের মধ্যে অসন্তোষের সৃষ্টি হচ্ছে। দমকল কর্মীদের সাথে বিনা কারণে দুর্ব্যবহার করা হয়ে থাকে। তাই এই বিষয়ে আমি উপযুক্ত কর্তৃপক্ষকে অনুরোধ করেছি যাতে এই পরিষেবা ব্যবস্থা তার পূর্ণ শক্তি নিয়ে কাজ করতে পারে তার জন্য শূন্য পদগুলি যেন অবিলম্বে পূরণ করার অনুমতি দেওয়া হয়।

৩.৫। প্রসঙ্গত বলি যে এখন দমকল কৃত্যকে বেশ কিছু গাড়ি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে আছে। এইগুলিকে বিধিবদ্ধভাবে অযোগ্য বলে ঘোষণা করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির কাজ চলছে।

৩.৬। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে দমকল পরিষেবায় প্রশাসনিক কাজকর্ম যা এত দিন পশ্চিমবঙ্গ সরকারের পৌরবিষয়ক দপ্তরে ন্যস্ত ছিল, এখন দমকল পরিষেবা সংক্রান্ত কাজকর্মের গুরুত্ব বহুগুণ বৃদ্ধি পাওয়ায় তার প্রশাসনিক দায়িত্ব যাতে সঠিকভাবে পালিত হয়, তার জন্য এই স্বয়ংসম্পূর্ণ অগ্নি-নির্বাপণ পরিষেবা বিভাগের সৃষ্টি হয়েছে। এই বিভাগের অনুকূলে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী ও আনুষঙ্গিক জিনিসপত্র এখনও স্থানান্তরিত হয়নি। এই বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

৪। পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রবর্তিত রিভিসন অফ পে অ্যান্ড অ্যালাউন্স রুল মোতাবেক পশ্চিমবঙ্গ দমকল কর্মীদের স্পেশাল ডিউটি ও ওভারটাইম অ্যালাউন্স দেবার ক্ষেত্রে বেশ কিছু অসঙ্গতি দেখা গেছে। সমস্ত ব্যাপারটি পর্যালোচনা করে আমরা এই সম্বন্ধে ল অব অ্যাভারেজ নীতি অনুযায়ী একটা সহজ গ্রাহ্য নিয়ম নীতির খসড়া প্রস্তাব উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পাঠিয়েছি। এই প্রস্তাবটি রূপায়িত করতে গেলে বিশেষ কোনো বাড়তি অর্থের প্রয়োজন হবে না।

৫। পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ কৃত্যকের বিভিন্ন পরিষেবা ব্যবস্থা আরও সুসংহত ও কার্যকরী করার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা আইন, ১৯৫০-এর ধারা সারা পশ্চিমবঙ্গে বলবৎ করা হয়েছে।

৬। পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ বিভাগের প্রশিক্ষণ কেন্দ্র ইনস্টিটিউট অব ফায়ার সার্ভিসে দমকল কর্মীদের দক্ষতা ও নিপুণতা বাড়িয়ে তোলার উদ্দেশ্যে গত জানুয়ারি, ২০০২ থেকে অক্টোবর, ২০০২ পর্যন্ত সময়সীমায় এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণের মাধ্যমে অগ্নি-নির্বাপণের বিভিন্ন আধুনিক কলাকৌশল শিক্ষা দেওয়া হয়। এই সময়ের মধ্যে ১১৮ জন দমকল কর্মীকে, বিভিন্ন সংস্থা থেকে প্রেরিত ৭৭ জন শিক্ষার্থীকে এবং নাবিক গৃহ সমিতির ৩৩৬ জন শিক্ষার্থীকে অগ্নি-নির্বাপণের বিভিন্ন কলাকৌশলের প্রশিক্ষণ দেওয়া হয়।

৭। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে জনগণের সাহায্য ও সহযোগিতা ছাড়া অগ্নিজনিত দুর্ঘটনা কমানো বা অগ্নি-নিরাপত্তা ব্যবস্থা কার্যকর করা সম্ভব নয়। এর জন্য সর্বাগ্রে যা প্রয়োজন তা হল জনমানসে অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনার সম্ভাব্য কারণগুলি সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি করা। পৃথিবীর বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা উন্নত দেশগুলিতে ঘটে যাওয়া সাম্প্রতিক অগ্নিকাণ্ডগুলি পর্যালোচনা করলে এটা প্রতীয়মান হবে যে কোনো দেশের অগ্নিকাণ্ডের ঘটনা ও তার ক্ষয়ক্ষতি জনগণের সচেতনতা ছাড়া শুধু উন্নত যন্ত্রপাতি আর কলাকৌশলের ভিত্তিতে কোনভাবে কমিয়ে আনা সম্ভব নয়। তাই আমরা জোর দিয়েছি জনমানসে আগুনের সম্ভাব্য কারণগুলির সম্বন্ধে সচেতনতা সৃষ্টি করা। সাথে সাথে পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা (সংশোধনী) বিধি, ২০০২-এর ইচ্ছাকৃত নিয়ম ভঙ্গকারীদের ক্ষেত্রে শাস্তির বিধানগুলির আরও কঠোর করা হয়েছে যাতে এই বিষয়ে জনগণের দায়িত্ববোধ বাড়ে।

প্রসঙ্গত বলি রাজ্য দমকল বাহিনীর কার্যক্রম বর্তমানে শুধু আগুন নেভানোর ব্যাপারেই সীমাবদ্ধ নেই। তার কর্মের পরিধি এখন যথেষ্ট বিস্তার লাভ করেছে। যে কোনো বিপর্যয়, দুর্যোগ ও দুর্ঘটনার মোকাবিলাতেও তাকে নিরলসভাবে এগিয়ে যেতে হয়। রাজ্য সরকারের অগ্নি নির্বাপণ পরিষেবা ব্যবস্থার সীমাবদ্ধতা সত্ত্বেও বিগত বছরের অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনা এবং তার ক্ষয়ক্ষতির পরিসংখ্যান রাজ্য দমকল বাহিনীর নিষ্ঠা, কর্তব্যপরায়ণতা এবং সাহসের উৎকর্ষতার প্রমাণ দেয়। প্রাপ্ত পরিসংখ্যান থেকে দেখা যায় যে বিগত ২০০২ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর মাস পর্যন্ত মোট ৭,৫০০টি আগুন নেভানোর সাধারণ ডাকে দমকল সাড়া দেয়। এর মধ্যে ৬৭টি বড় অগ্নিকাণ্ড, ৩৮৪টি মাঝারি অগ্নিকাণ্ড, ৩,৬১৪টি ছোট অগ্নিকাণ্ড এবং ১,৪৯৩টি ভুয়া আগুন লাগার খবর ছিল। অগ্নিকাণ্ডজনিত ও দুর্ঘটনাকবলিত সম্পত্তির আনুমানিক মূল্য ২৭১.৯৬ কোটি টাকা। এর মধ্যে ৪৯.৯০ কোটি টাকার সম্পত্তি আগুনের কবলে ও দুর্ঘটনাজনিত কারণে বিনষ্ট হয়েছে। দমকল বাহিনীর অদম্য প্রচেষ্টায় ৮৩৫টি অমূল্য প্রাণ রক্ষা সম্ভবপর হয়েছে। কিন্তু দুর্ভাগ্যক্রমে আগুনের বিধ্বংসী কবলে ২৭ জনের মৃত্যু ঘটেছে।

এই প্রসঙ্গে পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ কৃত্যকের অগ্নি নিরোধ শাখার কাজকর্মের উল্লেখযোগ্য অবদানের কথা তুলে ধরি। আগুনের করাল গ্রাস থেকে জীবন ও সম্পত্তি রক্ষাই এই শাখার মূল উদ্দেশ্য নয়। পশ্চিমবঙ্গ দমকল পরিষেবা আইনের বিধি অনুসারে এদের ঝুঁকিপ্রবণ বাড়ির ক্ষেত্রে বিধিবদ্ধ সুপারিশ প্রদান, নতুন গৃহ নির্মাণের ক্ষেত্রে নক্শা পরীক্ষা এবং অস্থায়ী কাঠামো/প্যান্ডেল স্থাপনের ক্ষেত্রে তাদের যথাবিহিত পরীক্ষা করে সুপারিশ প্রদান করতে হয়। প্রসঙ্গত এই ব্যাপারে যে পরিসংখ্যান পাওয়া গেছে তা থেকে দেখা যায় যে গত জানুয়ারি, ২০০২ থেকে অক্টোবর, ২০০২ পর্যন্ত এই শাখা ১২৭টি গৃহ নির্মাণ নক্শা পরীক্ষা করেছে ও নিরাপত্তা বিষয়ে সুপারিশ প্রদান করেছে।

৮। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, যে সব দমকল কর্মী তাঁদের জীবনের ঝুঁকি নিয়ে আগুনের মোকাবিলা করেন তাদের প্রায়শই জনরোষের শিকার হতে দেখা যায় যদিও এই ব্যাপারে তাঁদের কোনই ত্রুটি থাকে না। এটা অত্যন্ত দুঃখের ব্যাপার। এটা অবশ্য বলাই

বাহুল্য যে সুষ্ঠ দমকল পরিষেবা দেওয়ার ক্ষেত্রে আমাদের দমকল বিভাগের বেশ কিছু অগ্নি-নির্বাপণ কেন্দ্রগুলিতে এখনও যথেষ্ট পরিমাণে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও লোকবলের অভাব রয়েছে। এতৎসত্ত্বেও তাঁদের প্রশংসনীয় অদম্য সাহস ও কর্তব্যবুদ্ধির মাধ্যমে বহু দুর্মূল্য জীবন ও সম্পত্তি আগুনের এবং অন্যান্য দুর্ঘটনার হাত থেকে রক্ষা করতে সক্ষম হয়েছেন। তাই আমি মাননীয় সদস্যবৃন্দের কাছে আবেদন করি যে আসুন আমরা এই বিষয়ে দমকল কর্মীদের পাশে থেকে জনসাধারণের সহযোগিতা কামনা করি।

৯। বর্তমান আর্থিক বছরে পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ কৃত্যকের বেশ কিছু শূন্য পদ অগ্রাধিকার ভিত্তিতে পূরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এই সমস্ত কর্মচারীদের চাকুরিগত দাবিদাওয়ার বিষয়গুলি সহানুভূতির সাথে বিবেচনা করা হচ্ছে। পাশাপাশি দমকল পরিষেবা বিভাগ দমকল বাহিনীর সুশৃঙ্খলতা এবং তাদের কার্যক্ষমতা মজবুত করে তোলার উদ্দেশ্যে ড্রিল এবং প্যারেডের উপর যথেষ্ট গুরুত্ব দিয়েছেন।

১০। প্রসঙ্গত বলি যে আমাদের রাজ্য সরকার প্রাথমিক স্কুল স্তরের পাঠক্রমে অগ্নি প্রতিরোধ ও অগ্নি প্রতিরক্ষা সম্বন্ধে সচেতনতার বিষয়টি অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে চিন্তাভাবনা করছেন। এ সম্বন্ধে রাজ্য সরকার পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম পর্যায়ে অগ্নি প্রতিরোধ কমিটি গঠন করার প্রস্তাব করছেন। পাশাপাশি নিয়ম অনুযায়ী অগ্নি প্রতিরোধ ব্যবস্থায় জনগণকে সচেতন করার উদ্দেশ্যে প্রতি বছর সারা রাজ্যব্যাপী একবার অগ্নি নিরাপত্তা সপ্তাহ পালন করা হয়ে থাকে।

১১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে দমকল পরিষেবা বর্তমান সমাজ জীবনে এক অতি প্রয়োজনীয় অপরিহার্য অংশ। দমকল পরিষেবার উন্নতির লক্ষ্যে তাই আমরা বর্তমান আইনের ধারাগুলিকে এমনভাবে প্রয়োগ করতে চাই যাতে দমকল পরিষেবার কর্মক্ষমতা বহুগুণ বৃদ্ধি পায় এবং সাথে সাথে দমকল পরিষেবা আইন ভঙ্গকারী অপরাধী ব্যক্তিদের সাজা হয়। প্রসঙ্গক্রমে বলি আমরা এই আইনের সেকশন ১১(ই)-এর সাব-সেকশন ৩ ধারার বিলোপের প্রস্তাব রেখেছি যার মাধ্যমে ১৯৯৬ সাল থেকে ঝুঁকিপ্রবণ বাড়ির ক্ষেত্রে বকেয়া বিশেষ ফি সংগ্রহ করা যেতে পারত। এই ক্ষেত্রে আমাদের মনে হয়েছে যে এই ধরনের ফি আদায় করতে গেলে বিগত ৬ বছর কাল যারা বাড়ি বানিয়েছেন তাঁদের উপর অযথা আর্থিক চাপ পড়বে। এই ধরনের মানসিকতা সরকারের সদিচ্ছাই প্রমাণ করে যা থেকে প্রতীয়মান হয় যে সরকার কেবল রাজস্ব বাড়াবার উদ্দেশ্যেই আইন প্রণয়ন করেন না সাথে সাথে জনগণের সার্বিক কল্যাণের চিন্তাও করেন।

১২। অগ্নি প্রতিরোধ ও নিরাপত্তা বিষয়ে সরকারের এই প্রচেষ্টা সমাজের সকল শ্রেণির সহযোগিতা-লাভ করবে এই আশা রাখি।

মহাশয়, এই বক্তব্য রেখে আমি সভার অনুমোদনের জন্য ২০০৩-২০০৪ অর্থ বছরের ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য আমার এই দাবি উপস্থিত করছি।

DEMAND No. 20

Major Heads : 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2405—Fisheries, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 55,20,05,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads : "2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2405—Fisheries, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 18,40,02,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০নং দাবির অন্তর্গত :

(ক) '২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ',

(খ) '২২৪৫—প্রাকৃতিক বিপর্যয়হেতু ত্রাণ',

(গ) '২৪০৫—মৎস্য চাষ',

(ঘ) '২৪১৫—কৃষি গবেষণা ও শিক্ষা',

(ঙ) '২৫১৫—অন্যান্য গ্রাম-উন্নয়ন কর্মসূচি',

(চ) '২৫১৫—পাবর্ত্য এলাকা',

(ছ) '৩৪৫১—সচিবালয় সংক্রান্ত আর্থিক সেবা',

(জ) '৪৪০৫—মৎস্যচাষে মূলধনী ব্যয়',

(ঝ) '৬৪০৫—মৎস্য ঋণ খাতে ৫৫,২০,০৫,০০০ (পঞ্চান্ন কোটি কুড়ি লক্ষ পাঁচ হাজার) টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুরির প্রস্তাব উত্থাপন করছি। এর মধ্যে ১৮,৪০,০২,০০০ (আঠার কোটি চল্লিশ লক্ষ দুই হাজার) টাকা ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরিকৃত।

২। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে :

আমরা এমন একটা সময়ে বাজেট পেশ করছি, যখন দশম পঞ্চবার্ষিক পরিকল্পনার দ্বিতীয় বর্ষে পা দিয়েছি। দশম পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম বর্ষেই কেন্দ্রীয় সরকারের অনুসৃত আর্থিক নীতির জন্য দেশজুড়ে যে আর্থিক অনটন সৃষ্ট হয়েছে সেই আর্থিক অনটনের আঘাত এই রাজ্যের উপরেও পড়েছে। ফলে যে চরম অর্থ সংকটের মধ্যে রাজ্য সরকারকে পড়তে হয়েছে তার পরিণতিতে দপ্তরের অর্থ বরাদ্দের উপর পড়েছে চরম আঘাত। ফলশ্রুতিস্বরূপ বৎসরের প্রথমে যে আর্থিক বরাদ্দ স্থির করা হয় বৎসরের শেষে সেই বরাদ্দের স্থিরতা থাকে না। ২০০২-২০০৩ সালে বাজেট রূপায়ণের ক্ষেত্রে আমাদের এই অভিজ্ঞতার সম্মুখীন হতে হয়েছে। ফলে কর্মসূচি রূপায়ণে যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল তা পুরোপুরি বাস্তবায়িত করা সম্ভব হয়নি। যেহেতু পরিকল্পনাভুক্ত অর্থ বরাদ্দের উপরেই সকল উন্নয়নমূলক কর্মসূচি তৈরি হয়, সেহেতু কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে অনেক বাধার সম্মুখীন হতে হচ্ছে।

৩। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সাফল্য আমরা পেয়েছি দশম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সেই সাফল্য ধরে রাখতে পারব কি না জানি না।

৪। দেশের মৎস্য উৎপাদনে আমাদের রাজ্যের স্থান শুধু প্রথম নয় প্রতি হেক্টরে উৎপাদনশীলতাতেও আমরা অনেক এগিয়ে। সেজন্য পর পর দশবার জাতীয় স্তরে উৎপাদনের প্রথম পুরস্কার এই রাজ্য লাভ করেছে। সারা দেশের মৎস্যবীজের প্রয়োজনের ৬০ থেকে ৭০ শতাংশ এই রাজ্য পূরণ করে। আমাদের দপ্তরের উদ্দেশ্য উৎপাদনই নয়, উৎপাদনের সঙ্গে সাধারণ মানুষকে যুক্ত করা এবং তার মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটানো। যার ফলশ্রুতিস্বরূপ রাজ্যে অভ্যন্তরীণ উৎপাদন (State domestic production) এর ভিত্তিতে মৎস্য সংক্রান্ত কর্মকাণ্ড একটি উল্লেখযোগ্য স্থান গ্রহণ করে আসছে।

৫। আমাদের উদ্দেশ্য যেখানে যেখানে যে সুযোগগুলো আছে সেই সুযোগগুলিকে এই পরিকাঠামোর মধ্যে যতদূর সম্ভব সদ্ব্যবহার করা। দিনের পর দিন মৎস্যচাষের ক্ষেত্রগুলো যেভাবে সংকুচিত হচ্ছে তার মধ্য থেকে যে জলসম্পদ এখনও আমাদের হাতে আছে বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগিয়ে তার যতদূর সম্ভব উৎপাদনশীলতা বৃদ্ধি করাই আমাদের লক্ষ্য। শুধুমাত্র মৎস্য উৎপাদনই নয়, জলজ সম্পদেরও বিকাশ ঘটানো এবং তার সঙ্গে সঙ্গে জলাভূমি রক্ষা এবং তার সদ্ব্যবহার আমাদের অন্যতম কর্মসূচি। অন্তর্দেশীয় জলাশয়, নদী, সমুদ্র প্রভৃতি ক্ষেত্রগুলোতে মৎস্যচাষি মৎস্যজীবীদের যুক্ত করে যাতে করে উৎপাদন বাড়ানো যায় নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত সেই বিষয়ে আমরা সর্বাধিক গুরুত্ব দিয়েছিলাম এবং তার সুফলও পেয়েছি।

একদিকে উৎপাদন ও তার মাধ্যমে কর্মসংস্থান, সামাজিক অর্থনীতির বিকাশ ও পরিবেশ সুরক্ষার যে যে কর্মসূচি নিয়ে আমরা এতদিন এগিয়েছি, চেষ্টা করব তা বজায়

রাখতে। তার সঙ্গে সঙ্গে মৎস্যজীবীদের কল্যাণমূলক কর্মসূচিগুলির মাধ্যমে তাদের প্রতি আমাদের দায়বদ্ধতা পালনে যে কর্মসূচি গ্রহণ করেছিলাম চেষ্টা করব তা যথাসাধ্য পূরণে।

যে সমস্ত কর্মসূচিগুলি হাতে নিয়ে দশম পঞ্চবার্ষিক পরিকল্পনা রূপায়িত করার উদ্যোগ নেব ভেবেছিলাম জানি না এই আর্থিক অনটনের মধ্যে তা কতটা সম্ভব হবে।

৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আমি এই সভার মাননীয় সদস্যদের সামনে ২০০৩-২০০৪ সালের ব্যয়-বরাদ্দের প্রস্তাব অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 21

Major Heads : 2052—Secretariat—General Services, 2235—Social Security and Welfare, 2408—Food, Storage and Warehousing, 3456—Civil Supplies and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 577,90,78,000 be granted for expenditure under Demand No. 21, Major Heads : "2052—Secretariat—General Services, 2235—Social Security and Welfare, 2408—Food, Storage and Warehousing, 3456—Civil Supplies and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 192,63,60,000 already voted on account.)

খাদ্য ও সরবরাহ বিভাগের কাজকর্ম সম্পর্কে একটি প্রতিবেদন
(পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী কলিমুদ্দিন শামস্-এর ২০০৩-২০০৪ সালের বাজেট ভাষণের অনুবন্ধ)

খাদ্য ও সরবরাহ বিভাগের মূল কাজগুলি হল দর নিয়ন্ত্রণ করা, দরের ওঠা-নামা লাঘব করা এবং দরিদ্র মানুষের প্রতি বিশেষ দৃষ্টি রেখে সাধারণ মানুষের খাদ্য-নিরাপত্তা বিধান করার উদ্দেশ্যে অত্যাবশ্যকীয় সামগ্রীর সম-বণ্টন নিশ্চিত করা। এই কাজগুলির পাশাপাশিই রয়েছে অত্যাবশ্যকীয় পণ্য-সামগ্রীর দরের প্রতি নজর রাখা তথা শস্য সংগ্রহ অভিযানের দায়িত্ব পালন। এতদিন ভারতীয় খাদ্য নিগম লেভি চিনি সংগ্রহ ও বণ্টনের যে দায়িত্ব পালন করে এসেছে, সেই দায়িত্বও এই বিভাগকে নিতে হয়েছে। সাধারণ মানুষের মধ্যে অত্যাবশ্যকীয় সামগ্রীর বণ্টন নিশ্চিত করার উদ্দেশ্যে এই বিভাগ রাজ্যব্যাপী যথেষ্ট

সংখ্যক ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে এক ব্যাপক রেশন ব্যবস্থা বজায় রেখেছে। কেন্দ্রীয় সরকার নির্ধারিত বরাদ্দের ভিত্তিতে দ্রব্যাদির সরবরাহ পাওয়া সাপেক্ষে এই বিভাগ গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে চাল, গম, চিনি ও কেরোসিন তেল সরবরাহ করে থাকে। পশ্চিমবঙ্গ প্রায় সব অত্যাবশ্যকীয় সামগ্রীর ক্ষেত্রে একটি ঘাটতি রাজ্য এবং এগুলির জন্য কেন্দ্রীয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বরাদ্দ ও রাজ্যের বাইরে থেকে প্রাপ্ত সরবরাহের ওপর এই রাজ্যকে নির্ভর করতে হয়। কেন্দ্রীয় সরকার কর্তৃক চাল, গম, চিনি, কেরোসিন তেল ও তরলীকৃত পেট্রোলিয়ম গ্যাসের সাম্প্রতিক মূল্যবৃদ্ধি এবং লেভি চিনির বরাদ্দ হ্রাস বস্তুতপক্ষে গণবণ্টন ব্যবস্থার উদ্দেশ্যই ব্যর্থ করে দিয়েছে। জনসাধারণের এক ব্যাপক অংশ গণবণ্টন ব্যবস্থা সম্পর্কে উদাসীন হয়ে পড়তে বাধ্য হয়েছেন। গণবণ্টন ব্যবস্থার দোকানগুলির মাধ্যমে সরবরাহকৃত দ্রব্যাদির প্রতি তাঁদের আগ্রহ বজায় রাখার উদ্দেশ্যে এই বিভাগ রেশন বহির্ভূত প্রাত্যহিক অত্যাবশ্যকীয় কতিপয় সামগ্রী যেমন লেভিমুক্ত চিনি, ভোজ্য তেল, আয়োডিনযুক্ত লবণ, ডাল, দেশলাই, মশলা, কাপড়কাচা বার সাবান, কাপড়কাচা গুঁড়ো সাবান, গায়েমাখা সাবান, বিস্কুট, জ্যাম-জেলি ও আচার, সোয়াবিনের বড়ি, পাঁপড়, নারকেল তেল, ঘি, ধুতি-শাড়ি-লুঙ্গি প্রভৃতি খোলা বাজারদর অপেক্ষা কম দামে বিলি করার প্রয়াস গ্রহণ করেছে।

একথা সত্য যে, ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী দরিদ্রতম পরিবারগুলিকে বিশেষ ভরতুকি-দত্ত দরে খাদ্যসামগ্রী সরবরাহ করার উদ্দেশ্যে অন্ত্যোদয় অন্ন যোজনা এবং জাতীয় বয়স্ক পেনশন প্রকল্পের যোগ্য অথচ আওতাভুক্ত নন এরকম ৬৫ বৎসর বয়স্ক বা তদোর্ধ্ব চিহ্নিত দরিদ্র অসহায় ব্যক্তিদের প্রতি মাসে মাথাপিছু ১০ কিলো খাদ্যশস্য বিনামূল্যে বিতরণ করার উদ্দেশ্যে অন্নপূর্ণা প্রকল্প রাজ্যে প্রবর্তিত হয়েছে। কিন্তু মুষ্টিমেয় মানুষের মধ্যেই এই সুযোগ সীমায়িত। জনসাধারণের ব্যাপক অংশের দুঃখ ও দুর্দশার কথা এই সরকারের মাথায় আছে এবং রেশন বহির্ভূত নিত্য ব্যবহার্য বেশ কিছু অত্যাবশ্যকীয় সামগ্রী সরবরাহ করার প্রয়াস চালানো হচ্ছে। এই বিভাগের অধীনস্থ একমাত্র সংস্থা পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমের এক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

চাল ও গম

বিধিবদ্ধ রেশন এলাকায় ২,৪১০টি এবং সংশোধিত রেশন এলাকায় ১৮,০৬৫টি ন্যায্যমূল্যের রেশন দোকানের মাধ্যমে প্রায় ৮.০০ কোটি রেশন কার্ডধারী ব্যক্তিদের মধ্যে রেশন দ্রব্যাদি বিলিবণ্টনের ব্যবস্থা প্রচলিত। ১৯৯৭ সাল থেকে কার্যকর কেন্দ্রীয় সরকারের অভীষ্ট গণবণ্টন ব্যবস্থার নির্দেশিকা অনুযায়ী বার্ষিক ১৫,০০০ টাকা বা তার কম আয় বিশিষ্ট ব্যক্তিদের দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী (বি.পি.এল.) এবং তদোর্ধ্ব উপার্জনকারী ব্যক্তিদের দারিদ্র্যসীমারেখার ঊর্ধ্বে বসবাসকারী (এ.পি.এল.) বলে চিহ্নিত করা হয়েছে। রাজ্যে বর্তমানে এ.পি.এল. রেশন কার্ডের সংখ্যা হল ৫.৬২ কোটি এবং বি.পি.এল.-এর সংখ্যা ২.৩৮ কোটি। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী ব্যক্তিরা কার্ড পিছু মাসে ৭ কিলো খাদ্যশস্য (শিশুরা এর অর্ধেক)—ভরতুকি-দত্ত দরে কিলো প্রতি ৬.১৫ টাকার চাল ও ৪.৬৫ টাকায় গম

লাভের অধিকারী, আয়ের ভিত্তিতে পূর্বেই চিহ্নিত দারিদ্র্যসীমার নীচে বসবাসকারীদের মধ্যে ৫ জন সদস্য বিশিষ্ট (গড়ে) দরিদ্রতম পরিবারগুলি কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা অনুযায়ী অন্ত্যোদয় অন্ন যোজনা প্রকল্পের অন্তর্ভুক্ত হয়ে প্রতিমাসে বিশেষ ভরতুকিতে ৩ টাকা কিলো দরে চাল ও ২ টাকা কিলো দরে গম—একত্রে ৩৫ কিলো খাদ্যশস্য লাভের সুযোগ পেয়েছেন। রাজ্যে অন্ত্যোদয় অন্ন যোজনায় অন্তর্ভুক্ত পরিবারের সংখ্যা ৭,০০,১৬৪টি। এ.পি.এল.-এর গ্রাহকদের জন্য চালের দাম কিলোপ্রতি ৯ টাকা ও গমের দাম কিলোপ্রতি ৬.৭৫ টাকা। বরাদ্দ পাওয়া সাপেক্ষে এ.পি.এল.-ভুক্ত গ্রাহকরা খাদ্যশস্যের সরবরাহ পেতে পারেন। বর্তমানে খোলা বাজারে চাল ও গমের দাম গণবণ্টন ব্যবস্থায় প্রচলিত দরের প্রায় সমতুল। গণবণ্টন ব্যবস্থায় বণ্টিতব্য খাদ্যশস্যের দাম ও গুণমান আশানুরূপ না হওয়ায় এ.পি.এল.-ভুক্ত গ্রাহকগণ বর্তমানে গণবণ্টন ব্যবস্থা থেকে দ্রব্যাদি সংগ্রহে অনিচ্ছুক হয়ে উঠছেন, ফলে তাদের খাদ্যশস্য সংগ্রহের আগ্রহে দিনের পর দিন ভাঁটা পড়ে যাচ্ছে।

অন্ত্যোদয় অন্ন যোজনা ও অন্নপূর্ণা প্রকল্প

ভারত সরকারের নির্দেশিকা অনুযায়ী বি.পি.এল.-ভুক্ত পরিবারগুলির মধ্য থেকে দরিদ্রতম পরিবারকে চিহ্নিত করে ৩ টাকা কিলো দরে চাল ও ২ টাকা কিলো দরে গম—একত্রে মাসে ৩৫ কিলো খাদ্যশস্য সরবরাহ করার উদ্দেশ্যে অন্ত্যোদয় অন্ন যোজনা প্রকল্প প্রচলিত হয়। ৭.৯৩৯ লক্ষ পরিবারকে চিহ্নিত করার লক্ষ্যমাত্রা সামনে রেখে ইতোমধ্যেই ৭,০০,১৬৪টি পরিবারকে চিহ্নিত করা সম্ভব হয়েছে।

দরিদ্র অসহায় মানুষকে চিহ্নিত করে মাসে বিনামূল্যে ১০ কিলো খাদ্যশস্য সরবরাহ করার উদ্দেশ্যে অন্নপূর্ণা প্রকল্পে ৮০,০২০ জনকে চিহ্নিত করার লক্ষ্যমাত্রার জায়গায় ৬০,৮৬০ জনকে পঞ্চায়েত ও পৌর কর্তৃপক্ষের মাধ্যমে ইতোমধ্যেই চিহ্নিত করা হয়েছে। দুটি প্রকল্পই ২০০১ সালের অক্টোবর মাস থেকে শুরু হয়।

লেভি চিনি

গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে লেভি চিনি বণ্টনের চিত্রটি হতাশাব্যঞ্জক। ভারতীয় খাদ্য নিগম এই রাজ্যকে লেভি চিনি সরবরাহ বন্ধ করে দিয়েছে। গণবণ্টন ব্যবস্থায় লেভি চিনির সরবরাহ বজায় রাখার উদ্দেশ্যে রাজ্য সরকার ১৯৯৯ সালের ডিসেম্বর মাসে ভারতীয় খাদ্য নিগমের কাছ থেকে লেভি চিনি বণ্টনের দায়িত্ব গ্রহণ করেন এবং অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমকে এই দ্রব্যটি সংগ্রহ, পরিবহণ, মজুত ও বিলি-বণ্টনের দায়িত্ব প্রদান করেন। কেন্দ্রীয় সরকার কিন্তু কেবলমাত্র লেভি চিনির দাম বাড়িয়ে কিলোপ্রতি ১৩.২৫ টাকা করেই ক্ষ্যান্ত হননি, মাসিক বরাদ্দের পরিমাণও ২৮,৯৩৪ মেট্রিক টন (এ.পি.এল. ও বি.পি.এল.-ভুক্ত গ্রাহকদের মিলিত চাহিদা) থেকে একধাপে কমিয়ে ১৪,০৮৭ মেট্রিক টন করেন এবং এ.পি.এল.-ভুক্ত বহু সংখ্যক গ্রাহকদের চিনি সরবরাহ বন্ধ করে দিয়ে শুধুমাত্র বি.পি.এল.-ভুক্ত ব্যক্তিদের মাসে মাথাপিছু ৫০০ গ্রাম করে সরবরাহের ব্যবস্থা করেন। ১.৩.২০০২ তারিখ থেকে কেন্দ্রীয় সরকার চিনির দাম বাড়িয়ে কিলোপ্রতি ১৩.৫০ টাকা করেছেন।

লেভি চিনির দামবৃদ্ধি ও এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদের সরবরাহ বন্ধ করে দিয়ে দারুণভাবে বরাদ্দ হ্রাস গণবণ্টন ব্যবস্থাকে সামগ্রিকভাবে সঙ্কটাপন্ন করে তুলেছে। আশঙ্কা হয়, অত্যাবশ্যক পণ্য সামগ্রীর তালিকা থেকে চিনি বাদ দেবার ভারত সরকারের প্রস্তাবের ফলে চিনি সরবরাহের ক্ষেত্রে সাধারণ মানুষের বঞ্চনা একটি স্থায়ী রূপ পাবে। বরাদ্দ হ্রাসের ফলে ন্যায্য মূল্যের দোকানগুলির ক্ষেত্রে পরিবহণ সংক্রান্ত অসুবিধার সৃষ্টি হয়েছে। অধিকন্তু দাক্ষিণাত্যের কিছু চিনিকল থেকে চিনি সংগ্রহের ব্যাপারে অসুবিধা দেখা দিয়েছে। বিষয়টি নিয়ে ভারত সরকারের সঙ্গে আলোচনাও করা হয়েছে। রাজ্য সরকার এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদেরও লেভি চিনি সরবরাহ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানিয়ে আসছেন। এই অনুরোধ বিবেচিত না হওয়ায় এই বিভাগ পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমকে মহারাষ্ট্র থেকে লেভিমুক্ত চিনি সংগ্রহ করে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে খোলা বাজার অপেক্ষা কম দামে এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদের সরবরাহ করার দায়িত্ব দিয়েছে।

চালের অভ্যন্তরীণ সংগ্রহ

বিকেন্দ্রীকৃত খাদ্যশস্য সংগ্রহের নীতি অনুযায়ী রাজ্য সরকার ১৯৯৭-৯৮-এর খরিফ মরশুম থেকে ভারতীয় খাদ্য নিগমের কাছ থেকে অভ্যন্তরীণ চাল সংগ্রহের দায়িত্ব গ্রহণ করেন। এর ফলে উপভোক্তাদের স্থানীয় ক্ষেত্রে উৎপাদিত সিদ্ধ চালের জন্য দীর্ঘ প্রতীক্ষিত চাহিদা পূরণ করা সম্ভব হয়েছে। প্রথম বছর ২.০৪ লক্ষ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছিল। ১৯৯৮-৯৯ সালে এই পরিমাণ ছিল প্রায় ১.২৩ লক্ষ মেট্রিক টন। ১৯৯৯-২০০০ সালে ৪ লক্ষ মেট্রিক টন লক্ষ্যমাত্রার জায়গায় প্রায় ৯৩ শতাংশ সংগ্রহ করা সম্ভব হয়েছে। ২০০০-২০০১ খরিফ মরশুমে চালকল, ছোট চালকল থেকে লেভি মারফত এবং অনুজ্ঞাপ্রাপ্ত ব্যবসায়ী ও হাস্কিং মিলগুলি থেকে আলোচনা সাপেক্ষে ক্রয়ের দ্বারা চাল সংগ্রহের মোট লক্ষ্যমাত্রা ৮ লক্ষ মেট্রিক টন ধার্য করা হয়। প্রথমে চাল সংগ্রহের কাজ সন্তোষজনকভাবে শুরু হলেও পরবর্তীকালে রিজার্ভ ব্যাঙ্ক থেকে ক্যাশ ক্রেডিটের সুযোগ না পাওয়ার এই সংগ্রহ অভিযান ভীষণভাবে ব্যাহত হয়। ২০০০-০১-এর খরিফ মরশুমে রাজ্যে চাল সংগ্রহের ক্ষেত্রে সাফল্যের পরিমাণ ছিল ৫২ শতাংশের ওপর। ২০০১-০২ খরিফ মরশুমে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৬.০০ লক্ষ মেট্রিক টনের মধ্যে প্রায় ২.০৫ লক্ষ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়। বর্তমান খরিফ মরশুমে (২০০২-০৩) সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৬.৫০ লক্ষ মেট্রিক টন। এখনও পর্যন্ত ৫২,০০০ মেট্রিক টন সংগ্রহ করা সম্ভব হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক থেকে প্রয়োজনীয় মাত্রায় ক্যাশ ক্রেডিট না পাওয়াজনিত আর্থিক সমস্যা কিন্তু এখনও রয়েছে, অবশ্য বিষয়টি নিয়ে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ ও কেন্দ্রীয় সরকারের সঙ্গে ক্রমাগত আলোচনা চালানো হচ্ছে। সেজন্য বর্তমানে চাল সংগ্রহ অভিযান সবিশেষ ব্যাহত হচ্ছে। যাই হোক, রাজ্যে চাল সংগ্রহের মাধ্যমে বরাদ্দ অটুট রাখার উদ্দেশ্যে এই বিভাগ সর্বতোভাবে সচেষ্ট।

আয়োডিনযুক্ত লবণ

আয়োডিনযুক্ত লবণের প্রয়োজনে এই রাজ্যকে গুজরাট, তামিলনাড়ু, রাজস্থান প্রভৃতি রাজ্যের ওপর নির্ভর করতে হয়। তালিকাভুক্ত আমদানিকারীদের মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে রাজ্য সরকার আয়োডিনযুক্ত লবণ রেকের সাহায্যে পরিবহণ করার ব্যবস্থা করেন।

কেরোসিন তেল

বর্তমানে পশ্চিমবঙ্গে কেরোসিন তেলের ৪৬৪ জন এজেন্ট ও ৩১,৫৭৯ জন ডিলার রয়েছেন। এখন মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুযায়ী কলকাতা ও সল্টলেকে বসবাসকারী গ্রাহকদের কার্ড পিছু মাসে ২ লিটার কেরোসিন তেল দেওয়া হয়। অন্যত্র প্রতি মাসে কার্ড পিছু ৯৫০ মিলি লিটার বিলি করা হয়। এই বছর ভারত সরকারের কাছ থেকে ভরতুকি-দত্ত দরে প্রাপ্ত কেরোসিন তেলের ঘাটতির পরিমাণ হল গড়ে প্রতিমাসে ৩,৮০০ কিলো লিটার। ভারত সরকার কর্তৃক প্রচলিত সমান্তরাল বিপণন ব্যবস্থায় সরবরাহকৃত কেরোসিন তেলের দাম অত্যধিক হওয়ায় এটি গ্রাহকদের পক্ষে উপযোগী হয়ে ওঠেনি।

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস

গৃহস্থালির জ্বালানি হিসাবে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস সর্বাপেক্ষা দূষণমুক্ত ও সময়সাশ্রয়ী। এই গ্যাস অত্যন্ত জনপ্রিয় ও এর চাহিদা ক্রম-বর্ধমান। বণ্টনকারী নিয়োগ ও উপভোক্তা-সংযোগ বা পুনঃ-সংযোগের ক্ষেত্রে তেল কোম্পানিগুলিই চূড়ান্ত ক্ষমতা ভোগ করে থাকে। গ্যাসের দাম সাধারণ মানুষের সাধ্যের বাইরে। ভারত সরকারের তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের সমান্তরাল বাজার ব্যবস্থায় রাজ্যে কতিপয় ব্যবসায়ী রয়েছেন। তাদের ওপর রাজ্য সরকারের কোনো নিয়ন্ত্রণ নেই। তারা অত্যন্ত চড়া মূল্য ধার্য করে থাকেন।

ডাল

মানুষের প্রয়োজনের তুলনায় রাজ্যে ডালের উৎপাদনের পরিমাণ অপ্রতুল। বাইরে থেকে বাণিজ্যিক ভিত্তিতে সরবরাহের ওপর রাজ্যকে নির্ভর করতে হয়।

ভোজ্য তেল

রাজ্যে চাহিদামত ভোজ্য তেলের উৎপাদন হয় না। ২০০১-০২ সালে রাজ্যে তৈলবীজ উৎপাদনের পরিমাণ ছিল ৪.৮৪ লক্ষ মেট্রিক টন। অন্যান্য রাজ্য বিশেষত উত্তরপ্রদেশ, রাজস্থান ও হরিয়ানা থেকে সরবরাহ এবং খোলা সাধারণ অনুজ্ঞা প্রকল্পের মাধ্যমে আমদানিকৃত ভোজ্য তেলের ওপর এই রাজ্যকে নির্ভর করতে হয়। ন্যায্যমূল্যে ভোজ্য তেলের যথাযথ সরবরাহ যাতে ব্যাহত না হয়, সে ব্যাপারে এই দপ্তর সদা সতর্ক দৃষ্টি রেখে চলেছে।

অন্যান্য অত্যাবশ্যকীয় সামগ্রী

চাল, গম, চিনি ও কেরোসিন তেল ছাড়াও নিত্য প্রয়োজনীয় আরও কিছু সামগ্রী যেমন—ভোজ্য তেল, আয়োডিনযুক্ত লবণ, ডাল, দেশলাই, মশলা, কাপড়কাচা বার সাবান, কাপড়কাচা গুঁড়ো সাবান, গায়েমাখা সাবান, বিস্কুট, জ্যাম-জেলি ও আচার, সোয়াবিন বড়ি, পাঁপড়, নারকেল তেল, ঘি এবং ধুতি-শাড়ি ও লুঙ্গি প্রভৃতি খোলা বাজার অপেক্ষা কম দামে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে সরবরাহ করা হয়। এই বিভাগ নিকট ভবিষ্যতে আরো কিছু জিনিস এই ব্যবস্থার আওতায় আনতে আগ্রহী।

ভুয়ো রেশন কার্ড বাতিলকরণ

ভুয়ো রেশন কার্ড বাতিল করার কাজ নিরবচ্ছিন্নভাবে চালিয়ে যাওয়া হচ্ছে। এই বিভাগ ইতোমধ্যেই এ.পি.এল., বি.পি.এল., অন্ত্যোদয় অন্ন যোজনা ও অন্নপূর্ণা প্রকল্পের অন্তর্ভুক্ত গ্রাহকদের জন্য বর্তমান কার্ডগুলির পরিবর্তে ভিন্ন ভিন্ন রঙ-বিশিষ্ট রেশন কার্ড দেওয়ার কর্মসূচি গ্রহণ করেছে। কাজও শুরু হয়েছে। এইরূপ নতুন কার্ড দেওয়ার সময় বহু ভুয়ো রেশন কার্ড ধরা সম্ভব হবে।

তদারকি ও দুর্নীতি দমন ব্যবস্থা

এই বিভাগ এই বিষয়ে সর্বতোভাবে সচেতন যে, সুবিধাজনক দরে দরিদ্র মানুষদের অত্যাবশ্যক দ্রব্যাদির সরবরাহ বজায় রাখার স্বার্থে গণবণ্টনের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য একটি সক্রিয় নির্বহন ব্যবস্থার প্রয়োজন। কতিপয় বিবেকহীন ও অসাধু ব্যবসায়ী মুনাফাবাজী মজুতদারী, গুদামজাতকরণ, ভেজাল ও অন্যান্য দুর্নীতিমূলক কাজ চালিয়ে যাওয়ার ফলে সাধারণ মানুষের ভীষণ ক্ষতি হয়। ১৯৫৫ সালের অত্যাবশ্যক পণ্য আইন লঙ্ঘন করার জন্য ২০০২ সালে ৯১৩ বার অভিযান করা হয়, ৫৪১ জনকে গ্রেপ্তার করা হয়, পুলিশ প্রায় ৩.২৫ কোটি টাকার সামগ্রী আটক করে এবং ২৬৭ জনের বিরুদ্ধে মামলা রুজু করা হয়। সমগ্র বিষয় পর্যালোচনা করার উদ্দেশ্যে নিয়মিতভাবে নির্বহন শাখা ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনায় বসা হয়। সীমান্তবর্তী জেলাগুলির জেলাশাসকগণ সীমান্তের ওপারে চোরাচালানের বিষয়ে পর্যালোচনা ও চোরাচালন রোধ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা সভায় মিলিত হন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২১ সংখ্যক দাবির অন্তর্ভুক্ত মুখ্যখাত (১) "২০৫২-সচিবালয়-সংক্রান্ত সাধারণ পরিষেবা", (২) "২২৩৫-সামাজিক নিরাপত্তা তথা কল্যাণ-বিধান", (৩) "২৪০৮-খাদ্য, গুদামজাতকরণ ও পণ্য সঞ্চয়করণ", (৪) "৩৪৫৬-অসামরিক সরবরাহ এবং (৫) "৪৪০৮-খাদ্য, গুদামজাতকরণ ও পণ্য সঞ্চয়করণ-এর ক্ষেত্রে মূলধন বিনিয়োগ" খাতে ২০০৩-২০০৪ আর্থিক বছরের ব্যয় নির্বাহের জন্য মোট ৫৭৭,৯০,৭৮,০০০ (পাঁচশত সাতাত্তর কোটি নব্বই লক্ষ আটাত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। [ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এর মাধ্যমে উত্থাপিত ১৯২,৬৩,৬০,০০০ (একশত বিরানব্বই কোটি তেষট্টি লক্ষ ষাট হাজার) টাকা উপরি উক্ত পরিমাণ অর্থের অন্তর্ভুক্ত।]

২। মহাশয়, আমি আমার বাজেট বিবৃতির মুখবন্ধ হিসেবে একই সঙ্গে খাদ্য ও সরবরাহ বিভাগের কাজকর্ম এবং বিগত ও বর্তমান বছরে এই বিভাগ কি কি সাফল্য অর্জন করেছে, কর্মসূচিই বা কি কি গ্রহণ করা হয়েছে এবং যে-সব অসুবিধার মধ্য দিয়ে বিভাগকে চলতে হয়েছে, সে-সব তথ্য সম্বলিত একটি প্রতিবেদন পৃথকভাবে মাননীয় সদস্যদের নিকট

পেশ করছি। মাননীয় সদস্যদের নিকট আমার সনির্বন্ধ অনুরোধ, এই বিভাগের কাজকর্মের সামগ্রিক মূল্যায়ন করার সময় অনুগ্রহ করে এই প্রতিবেদনটি বিবেচনার জন্য গ্রহণ করবেন।

৩। খাদ্য ও সরবরাহ বিভাগের বিভিন্ন কাজকর্ম সম্পাদনের ক্ষেত্রে যে-সব বিষয় গুরুত্ব অর্জন করেছে, আমার বিবৃতিতে সেই বিষয়গুলির প্রতি আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

৪। সাধারণ মানুষের খাদ্যের নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে মূল্য নিয়ন্ত্রণ, মূল্যের হ্রাস-বৃদ্ধি লাঘব ও অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রীর ন্যায্য বণ্টনের স্থায়ী পদ্ধতি হিসেবে গণবণ্টন ব্যবস্থা ভারত সরকার কর্তৃক স্বীকৃত। দারিদ্র্য দূরীকরণের পদ্ধতিগুলির মধ্যে এটি একটি অন্যতম উপাদান। এরূপ স্বীকৃতি সত্ত্বেও সাম্প্রতিক বছরগুলিতে খাদ্যশস্য, চিনি ও কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি এবং গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে বণ্টিতব্য দ্রব্যাদির বরাদ্দ হ্রাসের যে নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন, তাতে যে কেবল এই ব্যবস্থার মূল উদ্দেশ্য ব্যর্থ হয়েছে তা-ই নয়, বহু সংখ্যক মানুষের কাছে এই ব্যবস্থা মূল্যহীন হয়ে পড়েছে। ২০০১ সালের ফেব্রুয়ারি মাস থেকে কেন্দ্রীয় সরকার দারিদ্র্যসীমারেখার ঊর্ধ্বে বসবাসকারী একটা বিপুল সংখ্যক মানুষকে লেভি চিনি সরবরাহ করা সম্পূর্ণরূপে বন্ধ করে দিয়ে কেবলমাত্র দারিদ্র্যসীমারেখার নীচে অবস্থিত মানুষের ক্ষেত্রে এই সরবরাহ সীমাবদ্ধ রেখেছেন।

৫। চাল, গম, চিনি, তৈলবীজ, ভোজ্য তেল, লবণ, ডাল, পেট্রোলজাত সামগ্রী প্রভৃতি প্রায় সব রকম অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রীর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি ঘাটতি রাজ্য। অন্যান্য রাজ্যগুলি থেকে আমাদের রাজ্যকে এগুলি আমদানি করতে হয়। ১৯৯৭ সাল থেকে এই বিভাগ দারিদ্র্যসীমারেখার নীচে বসবাসকারী জনসাধারণের মধ্যে বিতরণের উদ্দেশ্যে রাজ্যের অভ্যন্তরে সিদ্ধ চাল সংগ্রহের দায়িত্ব গ্রহণ করে এবং এর ফলে সাধারণ মানুষের সিদ্ধ চালের চাহিদা পূরণ করা বহুলাংশে সম্ভব হয়েছে।

৬। এ-কথা সত্যি যে, সাম্প্রতিক বছরগুলিতে রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ২০০১-২০০২ সালে খাদ্যশস্য উৎপাদনের মোট পরিমাণ ছিল ১৬২.১৯ লক্ষ মেট্রিক টন (চাল ১৫২.৫৭ লক্ষ মেট্রিক টন ও গম ৯.৬২ লক্ষ মেট্রিক টন)। ঘাটতি তবুও রয়েছে। ২০০২ সালের ১লা মার্চ পশ্চিমবঙ্গের জনসংখ্যা ছিল ৮১৫.৪৪ লক্ষ। দৈনিক মাথাপিছু ৪৫৩.৬ গ্রাম খাদ্যশস্য গ্রহণ বলতে বোঝায় দুগ্ধ, দুগ্ধজাত দ্রব্য, ডিম, মাছ, মাংস ও সব্জি খাওয়ার মাধ্যমে প্রোটিন, কার্বোহাইড্রেট ও ভিটামিন গ্রহণ করা। কিন্তু অধিকাংশ মানুষের পক্ষে এ ধরনের খাদ্য যোগাড় করা সম্ভব হয় না। মাথাপিছু দৈনিক খাদ্য গ্রহণের পরিমাণ ৫০০ গ্রাম ধরাই যুক্তিযুক্ত। খাদ্যশস্যের বার্ষিক মোট চাহিদার পরিমাণ তাহলে দাঁড়াবে ১৪৮.৮২ লক্ষ মেট্রিক টনে। বীজ, পশুখাদ্য, অপচয় ইত্যাদি বাবদ ১০ শতাংশ এবং প্রতিবেশী রাজ্যগুলিতে চালান বাবদ আরও ১০ শতাংশ বাদ দিয়ে ১৬২.১৯ লক্ষ মেট্রিক টন উৎপাদিত খাদ্যশস্য বস্তুত গৃহস্থালির উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে কমে দাঁড়ায় ১৩১.৩৯ লক্ষ মেট্রিক টনে। এই ভাবে হিসেব ধরে রাজ্য খাদ্যশস্য ঘাটতির মোট পরিমাণ দাঁড়াবে ১৭.৪৩ লক্ষ মেট্রিক টনে। এই ঘাটতি গত বছরের ৩৯.৭৭ লক্ষ মেট্রিক টন ঘাটতির তুলনায় বেশ

কম। ভূমি সংস্কার কর্মসূচির সার্থক রূপায়ণ এবং কৃষিক্ষেত্রে উন্নত প্রযুক্তির ব্যবহার ও বিশেষত কৃষকদের পূর্ণ সহযোগিতা আর পরিশ্রমকে পাথেয় করে অদূর ভবিষ্যতে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে বলে আশা করা যায়।

৭। হিমালয়ের দুর্গম পার্বত্য অঞ্চল থেকে শুরু করে দক্ষিণে নদী বিধৌত সুদূর সুন্দরবন পর্যন্ত সমগ্র জনসাধারণকে কেন্দ্র করে সংশোধিত ও বিধিবদ্ধ রেশন পরিষেবার মাধ্যমে গণবণ্টন ব্যবস্থার এক ব্যাপক কার্যক্রম প্রচলিত আছে। বিধিবদ্ধ রেশন এলাকার মধ্যে পড়ছে বৃহত্তর কলকাতা এবং হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনা ও বর্ধমানের শিল্পাঞ্চল। অবিশিষ্টাংশে সংশোধিত রেশন ব্যবস্থা চালু আছে। বিধিবদ্ধ রেশন এলাকায় ন্যায্যমূল্যের দোকানের সংখ্যা হল ২,৪১০টি ও সংশোধিত রেশন এলাকায় ১৮,০৬৫টি, মোট ২০,৪৭৫টি।

দারিদ্র্যের সঙ্গে সংগ্রামের লক্ষ্যে গণবণ্টন ব্যবস্থাকে সুদৃঢ় করে তোলার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা অনুযায়ী ১৯৯৭ সালের জুন মাস থেকে পশ্চিমবঙ্গে অভীষ্ট গণবণ্টন ব্যবস্থার প্রচলন ঘটে। এই নির্দেশিকা অনুযায়ী রেশন কার্ডধারীদের দুটি পর্যায়ে ভাগ করা হয়। বার্ষিক ১৫,০০০ টাকা ও তার কম আয়-বিশিষ্ট পরিবারগুলিকে দারিদ্র্যসীমারেখার নীচে অবস্থানকারী (বি.পি.এল.) বলে গণ্য করা হয় এবং উক্ত আয়সীমার বেশি উপার্জনকারী ব্যক্তিদের চিহ্নিত করা হয় দারিদ্র্যসীমারেখার ঊর্ধ্বে অবস্থানকারী (এ.পি.এল.) হিসেবে। বর্তমানে রাজ্যে দারিদ্র্যসীমারেখার ঊর্ধ্বে বসবাসকারী রেশন কার্ডধারীর সংখ্যা হল ৫.৬২ কোটি ও দারিদ্র্যসীমারেখার নীচে বসবাসকারী রেশন কার্ডধারীর সংখ্যা ২.৩৮ কোটি। দারিদ্র্যসীমারেখার নীচে বসবাসকারীদের মধ্যে দরিদ্রতম পরিবারগুলিকে অন্ত্যোদয় অন্ন যোজনায় বিশেষ ভরতুকি দিয়ে কিলোপ্রতি ৩ টাকা দরে চাল এবং ২ টাকা কিলো দরে গম হিসেবে পরিবার পিছু মাসে ৩৫ কিলোগ্রাম খাদ্যশস্য সরবরাহ এবং অন্নপূর্ণা প্রকল্পে ৬৫ বছর বা তার অধিক বয়স্ক দরিদ্র অসহায় ব্যক্তি যাঁরা জাতীয় বার্ধক্য পেনশনের (এন.ও.এ.পি.এস.) আওতাভুক্ত নন তাঁদের মাথাপিছু ১০ কিলোগ্রাম হিসেবে খাদ্যশস্য বিনামূল্যে সরবরাহের জন্য দারিদ্র্যসীমারেখার নীচে বসবাসকারীদের মধ্য থেকে চিহ্নিত করা হয়েছে। এইভাবে রাজ্যে চার ধরনের রেশন কার্ডধারী আছেন—দারিদ্র্যসীমারেখার ঊর্ধ্বে অবস্থানকারী, দারিদ্র্যসীমারেখার নীচে অবস্থানকারী, অন্ত্যোদয় অন্ন যোজনাভুক্ত ও অন্নপূর্ণা আওতাধীন। অন্ত্যোদয় অন্ন যোজনায় এখনো পর্যন্ত চিহ্নিত গ্রাহক সংখ্যা ২৮,৮৫,৫১২ জন এবং অন্নপূর্ণা প্রকল্পে ওই সংখ্যা হল ৬০,৮৬০ জন।

এই বিভাগ অতঃপর প্রচলিত রেশন কার্ডগুলির পরিবর্তে বিভিন্ন পর্যায়ে জনসাধারণের জন্য বিশিষ্ট বর্ণের রেশন কার্ড যেমন—অন্ত্যোদয় অন্ন যোজনা-ভুক্ত ব্যক্তিদের জন্য গোলাপি, অন্নপূর্ণা আওতাধীন গ্রাহকদের জন্য হলুদ ও দারিদ্র্যসীমারেখার নীচে অবস্থানকারীদের জন্য সবুজ রেশন কার্ড প্রচলনের উদ্যোগ গ্রহণ করে। মাননীয় মুখ্যমন্ত্রী ২০০২ সালের ২৮শে নভেম্বর এই প্রকল্পের উদ্বোধন করেন এবং ২৮.০২.২০০৩ তারিখের মধ্যে এটি সম্পূর্ণ করার নির্দেশ দেন। এক্ষেত্রে ২,৩৮,৩৮,৪১৭টি অনুমিত রোন কার্ডের মধ্যে ১৭,০৩,৪২০টি কার্ড বণ্টন করা হয়েছে যা অনুমিত কার্ড সংখ্যার ৮ শতাংশ। এর কারণ

এই যে, পঞ্চায়েত ও পৌর কর্তৃপক্ষের মাধ্যমে দারিদ্র্যসীমারেখার নীচে বসবাসকারীদের তালিকা প্রস্তুত করার কাজটি সম্পূর্ণ হয়নি এবং এই তালিকা-ভুক্ত পরিবারগুলির সদস্যদের সম্পর্কে প্রদত্ত তথ্যাদিও অসম্পূর্ণ থেকে গেছে। এই কার্ডগুলি হবে বিভিন্ন উদ্দেশ্যসাধক এবং দারিদ্র্যসীমারেখার নীচে অবস্থানকারীদের যাবতীয় প্রাপ্য সুযোগ-সুবিধা এই কার্ডধারীরা লাভ করবেন। এরূপ দারিদ্র্যসীমারেখার নীচে বসবাসকারী কার্ডধারী ব্যক্তিরা সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা, নির্দিষ্ট স্তর পর্যন্ত বিনামূল্যে শিক্ষা এবং কিছু কিছু ক্ষেত্রে বিনামূল্যে আইনি সহায়তা লাভ করবেন।

এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদের ক্ষেত্রে চালের দাম কিলোপ্রতি ৯ টাকা ও গম ৬.৭৫ টাকা। পূর্ণবয়স্ক বি.পি.এল.-ভুক্ত ব্যক্তি মাথাপিছু মাসে ৭ কিলো খাদ্যশস্য (শিশুদের ক্ষেত্রে বরাদ্দের পরিমাণ এর অর্ধেক), কিলোপ্রতি ৬.১৫ টাকা দরে চাল ও ৪.৬৫ টাকা কিলো দরে গম পেয়ে থাকেন। অন্ত্যোদয় অন্ন যোজনায় গ্রাহকগণ বিশেষ ভরতুকি-দত্ত দরে কিলোপ্রতি ৩ টাকা দামে চাল ও ২ টাকা দামে গমের হিসেবে পরিবার পিছু মাসে ৩৫ কিলো খাদ্যশাস্য পেয়ে থাকেন। অন্নপূর্ণা প্রকল্পের সুবিধাভোগী প্রত্যেক গ্রাহক মাসে ১০ কিলো খাদ্যশস্য বিনামূল্যে পেয়ে থাকেন।

অন্ত্যোদয় অন্ন যোজনা ও অন্নপূর্ণা কেন্দ্রীয় সরকারের প্রকল্প হওয়া সত্ত্বেও এগুলি রূপায়িত করার জন্য রাজ্য সরকারকে ভাল পরিমাণ অতিরিক্ত আর্থিক ব্যয়ভার বহন করতে হয়।

এ.পি.এল.-ভুক্ত রেশন গ্রহীতাদের জন্য চাল ও গমের দাম খোলা বাজারের দরের প্রায় সমান হওয়ায় ও খোলা বাজারে গম বিক্রি করার জন্য ভারতীয় খাদ্য নিগমকে অনুমতি প্রদান এবং এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদের লেভি চিনি সরবরাহ না করার কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের ফলে গণবণ্টন ব্যবস্থা বস্তুত নিরর্থক হয়ে পড়েছে। জনসংখ্যার এক বৃহদংশ এই ব্যবস্থার প্রতি আর আগ্রহ দেখান না। কেন্দ্রীয় সংস্থাগুলির কাছ থেকে প্রাপ্য খাদ্যশস্যের যোগান কখনো কখনো অনিয়মিত তথা নিম্নমানের হয়ে পড়ে। এই সব কারণে চাহিদাও কমে গেছে।

খাদ্যশস্যের দামে ছাড়ের পরিমাণ হ্রাস, এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদের লেভি চিনি সরবরাহ বন্ধ করা এবং কেন্দ্রীয় কর্তৃপক্ষ কর্তৃক অনিয়মিত তথা নিম্নমানের সরবরাহ প্রভৃতি অসুবিধা থাকা সত্ত্বেও সাধারণ মানুষ যাতে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে সুলভ দরে অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রী পেতে পারেন, তার জন্য রাজ্য সরকার গণবণ্টন ব্যবস্থাকে সুসংহত ও শক্তিশালী করতে সর্বতোভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

প্রাত্যহিক ব্যবহার্য অত্যাবশ্যকীয় সামগ্রী লাভের ক্ষেত্রে সাধারণ মানুষকে সাহায্য করার উদ্দেশ্যে এই বিভাগ ধুতি-শাড়ী ও লুঙ্গি, ভোজ্য তেল, আয়োডিনযুক্ত লবণ, বিস্কুট, গুঁড়ো মশলা, গুঁড়ো কাপড় কাচা সাবান, কাপড় কাচা বার সাবান, লন্ড্রি সাবান, গায়েমাখা সাবান, খাতা, দেশলাই, ধূপ, চালের তুঁষ-নিষিক্ত তেল, নারকেল তেল, সোয়াবিন বড়ি,

জ্যাম-জেলি ও আচার, ঘি, সরষের তেল ইত্যাদি বাজার দর অপেক্ষা কম দামে ন্যায্যমূল্যের দোকানগুলির মাধ্যমে বণ্টন করার ব্যবস্থা করেছে। পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগম লেভিমুক্ত চিনি সহ অন্যান্য অত্যাবশ্যকীয় পণ্য সস্তা দরে সরবরাহের জন্য সদর দপ্তরে একটি বিভাগীয় বিপণি খুলেছে এবং অন্যত্রও এই ধরনের কেন্দ্র খোলার ব্যবস্থা করেছে।

৮। গণবণ্টন ব্যবস্থায় রাজ্যের চাহিদা পূরণ ও স্থানীয় ক্ষেত্রে উৎপাদিত সিদ্ধ চাল ব্যবহারের জন্য উপভোক্তাদের দীর্ঘদিনের চাহিদা পূরণ করার উদ্দেশ্যে রাজ্য সরকার রাজ্যের অভ্যন্তরে চাল সংগ্রহের দায়িত্ব ১৯৯৭-৯৮-এর খরিফ মরশুম থেকে ভারতীয় খাদ্য নিগমের কাছ থেকে গ্রহণ করেন। খরিফ মরশুম-ভিত্তিক চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পুরোপুরি পূরণ না হলেও ভাল পরিমাণই সংগ্রহ করা সম্ভব হয়েছে এবং এর অধিকাংশই গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে রাজ্যের বি.পি.এল.-ভুক্ত মানুষের মধ্যে সরবরাহ করা হয়েছে। ২০০১-২০০২ সালের খরিফ মরশুমে কৃষকের স্বার্থ সুরক্ষা উদ্যোগের অঙ্গ হিসেবে ভারত সরকার কর্তৃক নির্ধারিত ন্যূনতম মূল্যে বেনফেড বিভিন্ন জেলায় কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করে এবং এই ধান থেকে চাল তৈরি করার পর খাদ্য ও সরবরাহ দপ্তরকে দেওয়া হয়। ২০০১-২০০২ খরিফ মরশুমে এরকম প্রায় ৮.৫ হাজার মেট্রিক টন চাল সংগ্রহ করা সম্ভব হয়েছিল।

এতদিন যাবৎ ভারতের রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত ক্যাশ-ক্রেডিটের মাধ্যমে এই বিভাগ রাজ্যে গণবণ্টন ব্যবস্থা কার্যকর এবং বিকেন্দ্রীকৃত খাদ্যশস্য সংগ্রহও সম্ভব করে তুলেছিল—এই দুটি কাজের জন্য রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ পেতে অসুবিধেও হয়নি। কিন্তু ২০০০-২০০১ খরিফ মরশুমের দ্বিতীয়ার্ধ থেকে রিজার্ভ ব্যাঙ্ক পদ্ধতিগত কারণে প্রয়োজনমতো অর্থ জোগানের ক্ষেত্রে অত্যন্ত কঠোর হয়ে ওঠে। গণবণ্টন ব্যবস্থা চালু রাখতে ও সংগ্রহ অভিযান অব্যাহত রাখতে রাজ্য সরকার ব্যাঙ্ক কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেন ; কিন্তু রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ মজুত খাদ্যশস্যের মূল্য অনুযায়ী ঋণ প্রদান করার ব্যাপারে জোর দিতে থাকেন। সেজন্য অর্থাভাবে গত খরিফ মরশুমে সংগ্রহ অভিযান অত্যন্ত ব্যাহত হয়। উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করা হলেও সমস্যাটি এখনো রয়েছে। এইভাবে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে পর্যাপ্ত ক্যাশ-ক্রেডিট না পাওয়ায় উদ্ভূত আর্থিক সমস্যাজনিত কারণে সংগহ পরিকল্পনা ব্যাহত হচ্ছে। রাজ্যে গণবণ্টন ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এই বছর পশ্চিমবঙ্গ সরকারের অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারের নেতৃত্বে ক্যাশ-ক্রেডিটের ক্ষেত্রে গভীরভাবে পর্যালোচনা সাপেক্ষে অনিয়মগুলির ওপর আলোকপাত করা এবং রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে সমস্যা নিরসনের জন্য পথ ও উপায় নির্ধারণের উদ্দেশ্যে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। কমিটি সম্প্রতি রাজ্য সরকারের কাছে রিপোর্ট পেশ করেছে এবং সেটি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন।

২০০২-২০০৩ সালের খরিফ মরশুমে সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৬.৫ লক্ষ মেট্রিক টন। ২০০৩ সালের জানুয়ারি মাসের শেষ সপ্তাহ থেকে প্রকৃত কাজ শুরু হয়।

১০.০৩.২০০৩ তারিখ পর্যন্ত খাদ্য ও সরবরাহ বিভাগ, বেনফেড ও ভারতীয় খাদ্য নিগম কর্তৃক সংগ্রহের পরিমাণ ৫২ হাজার মেট্রিক টন।

এই বিভাগ বিভিন্ন সংগ্রহ কেন্দ্রে চাল ও ধানের গুণমান পরীক্ষার কর্মসূচিকে জোরদার করেছে এবং গণবণ্টন বিপণি থেকে গ্রাহকদের যাতে নিম্নমানের খাদ্যশস্য সরবরাহ করা না হয়, সে ব্যাপারে সতর্ক আছে। এই বিভাগ বণ্টনের পূর্বে দ্রব্যাদির গুণমান নিয়মিতভাবে যাচাই করে থাকে।

৯। ভারত সরকার কর্তৃক ভারতীয় খাদ্য নিগমের মাধ্যমে লেভি চিনি সরবরাহ বন্ধ করার সিদ্ধান্তের ফলে রাজ্য সরকার খাদ্য নিগমের কাছ থেকে লেভি চিনি সংগ্রহ, মজুত ও বণ্টনের দায়িত্ব গ্রহণ করতে বাধ্য হন এবং এই বিভাগের অধীন একটি সংস্থা পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমকে ১৯৯৯ সালের ডিসেম্বর মাস থেকে লেভি চিনি সংগ্রহ ইত্যাদির ভার দেওয়া হয়। রেশন গ্রহীতাদের লেভি চিনি সরবরাহের ব্যাপারে বলতে গেলে দুর্ভাগ্যক্রমে উল্লেখ করতে হয় যে, কেন্দ্রীয় সরকার কর্তৃক ২০০১ সালের ফেব্রুয়ারি মাস থেকে লেভি চিনির বরাদ্দ প্রায় ২৯,০০০ মেট্রিক টন থেকে এক ধাপে কমিয়ে ১৪,০৮৭ মেট্রিক টন করায় এবং শুধুমাত্র বি.পি.এল.-ভুক্ত রেশন গ্রাহকদের জন্য মাথাপিছু মাসে ৫০০ গ্রাম বরাদ্দ করায় লেভি চিনির সামগ্রিক সরবরাহ প্রচণ্ড ব্যাহত হয়। এ.পি.এল.-ভুক্ত রেশন গ্রহীতাদের লেভি চিনি বন্ধ করে দেবার জন্য ভারত সরকারের একতরফা সিদ্ধান্তের ফলে জনসাধারণের এক বৃহৎ অংশ বস্তুত গণবণ্টন ব্যবস্থার সুবিধা থেকে বঞ্চিত হয়ে পড়েছেন। বরাদ্দ হ্রাস করার ফলে অনেক গণবণ্টন বিপণির ক্ষেত্রে এই দ্রব্যের পরিবহন জনিত সমস্যা দেখা দিয়েছে। রাজ্য সরকার এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদের ক্ষেত্রেও এই সুবিধার প্রসার ঘটানোর জন্য আবেদন জানিয়েছেন। এ.পি.এল.-ভুক্ত গ্রাহকদের অসুবিধার কথা বিবেচনা করে খাদ্য ও সরবরাহ বিভাগ পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমকে দিয়ে লেভিমুক্ত চিনি সংগ্রহ করে খোলা বাজার অপেক্ষা কম দামে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে বণ্টন করার ব্যবস্থা করেছে।

১০। ভোজ্য তেলের চাহিদার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি ঘাটতি রাজ্য। ভোজ্য তেলের জন্য এই রাজ্যকে বাইরের রাজ্যগুলি, বিশেষত উত্তরপ্রদেশ, রাজস্থান ও হরিয়ানা এবং অন্যান্য দেশ থেকে আমদানির ওপর নির্ভর করতে হয়। ভারত সরকার স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে ভোজ্য তেল আমদানির ক্ষেত্রে বরাদ্দ ও ভরতুকি লোপ করে দিয়েছেন।

১১। গৃহস্থালি জ্বালানির প্রয়োজনে সাধারণ মানুষকে, বিশেষত গ্রামীণ এলাকার মানুষকে জ্বালানি কাঠের ওপর নির্ভর করতে হয়। জ্বালানি কাঠের ব্যবহারের ফলে বনভূমি ক্ষয় হয় ও প্রাকৃতিক ভারসাম্য বিঘ্নিত হয়। বেশি দামের জন্য জ্বালানি কয়লা দরিদ্র জনসাধারণের নাগালের বাইরে। কেরোসিন জ্বালানি হিসেবে ব্যবহার করা গেলেও অপ্রতুল সরবরাহ ও বেশি দামের জন্য সাধারণ মানুষের পক্ষে তা ব্যবহারে করা সম্ভব হয় না।

রাজ্যে বর্তমানে ৪৬৪টি কার্যকরী এজেন্ট ও ৩১,৫৭৯ জন ডিলার কেরোসিন তেলের কারবারে নিয়োজিত আছেন। ১৯৮৩ সালে শেষ বারের জন্য লাইসেন্স ফি সংশোধন করা হয়। প্রায় ২০ বছর পর এই বছর লাইসেন্স ফি বাড়ানো হয়। এর ফলে এই বছর অতিরিক্ত ১ কোটি টাকা রাজস্ব আদায় করা সম্ভব হবে। মহামান্য হাইকোর্টের নির্দেশমত কলকাতা ও বিধাননগর এলাকার মাসে কার্ড পিছু ২ লিটার কেরোসিন তেল দেওয়া হয়। অন্যত্র মাসে এই বরাদ্দের পরিমাণ কার্ড পিছু ৯৫০ মিলিলিটার।

কেরোসিন তেলের মাসিক চাহিদার পরিমাণ প্রায় ৮৭,১৯৫ কিলোলিটার। ভারত সরকার কর্তৃক বরাদ্দের পরিমাণ কিন্তু মাসে গড়ে ৮৩,৩৯৫ কিলোলিটার। এইভাবে প্রতি মাসে কেরোসিনের ঘাটতির পরিমাণ প্রায় ৩,৮০০ কিলোলিটার।

ভারত সরকার প্রবর্তিত সমান্তরাল বিপণন ব্যবস্থায় কেরোসিন তেলের দাম অত্যধিক হওয়ায় সাধারণ ক্রেতাদের কাছে এই ব্যবস্থা সুবিধাজনক হয়ে ওঠেনি।

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস দূষণমুক্ত ও সময় সাশ্রয়ী জ্বালানি। এই গ্যাসের বিবিধ উপযোগিতার ফলে এর চাহিদা দ্রুত বেড়ে চলেছে। কিন্তু বেশি দামের জন্য দরিদ্র জনসাধারণ এই গ্যাস ব্যবহার করতে পারেন না। পশ্চিমবঙ্গে তেল কোম্পানিগুলি কর্তৃক নিয়োজিত ৩৬৫ জন এল.পি.জি. ডিস্ট্রিবিউটর রয়েছেন। কলকাতায় তাঁদের বিপণনের জন্য অনুজ্ঞাপত্র দেন ভোগ্যপণ্য অধিকর্তা এবং স্ব-স্ব জেলায় জেলাশাসক। ডিস্ট্রিবিউটর নিয়োগ এবং উপভোক্তাদের সংযোগ ও বিচ্ছিন্ন করার ক্ষেত্রে তেল কোম্পানিগুলি একচ্ছত্র ক্ষমতার অধিকারী।

ভারত সরকার কর্তৃক প্রবর্তিত সমান্তরাল বিপণন ব্যবস্থায় কতিপয় ব্যবসায়ী কারবার করে চলেছেন। কিন্তু এই ব্যবস্থায় গ্যাসের দাম অত্যন্ত বেশি। এই গ্যাসের পাইকারী ও খুচরা দামের ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই।

১২। রাজ্যে খাদ্যশস্য সংগ্রহ অভিযান প্রবর্তিত হওয়ায় সংগৃহীত শস্য মজুত করার জন্য জেলাগুলিতে পর্যাপ্ত গুদামের প্রয়োজনীয়তা দেখা দেয়। নতুন গুদাম নির্মাণ করে বা পুরনো ও বর্তমান গুদামগুলি মেরামত ও সংস্কার করে গুদামের চাহিদা পূরণ করার জন্য এই বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।

১৩। ধান থেকে আরো বেশি চাল সংগ্রহ, চালের গুণমান উন্নতকরণ, অপচয়রোধ এবং সহ-উৎপাদিত সামগ্রী যেমন চালের তুঁষ ও তুঁষ নিষিক্ত তেলের ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে এই বিভাগ আধুনিক প্রযুক্তি গ্রহণের ওপর গুরুত্ব আরোপ করেছে।

১৪। ন্যায্যমূল্যে রাজ্যের মানুষদের অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রী সরবরাহের মাধ্যমে বাজার ক্ষেত্রে হস্তক্ষেপ করার উদ্দেশ্য নিয়ে ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত এই বিভাগের অধীনস্থ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগম বর্তমানে সিমেন্ট, ভোজ্য তেল, গম, চাল, চিনি, আয়োডিনযুক্ত লবণ ও আরো কিছু ভোগ্যপণ্যের কারবার করছে। পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয়

সরকার কর্তৃক বরাদ্দকৃত লেভি চিনি সংগ্রহ, পরিবহন, মজুত, রক্ষণাবেক্ষণ ও বণ্টনের দায়িত্ব ওই নিগমকে দেওয়া হয়েছে। লেভিমুক্ত চিনি খোলা বাজার অপেক্ষা কম দামে বিক্রি করার দায়িত্বও নিগমের ওপর ন্যস্ত করা হয়েছে। স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে আমদানি বন্ধ হয়ে যাওয়ায় নিগম ভোজ্য তেল বিক্রির ক্ষেত্রে অসুবিধায় পড়েছে। এই বছর, অর্থাৎ ২০০২-২০০৩ সাল থেকে নিগম গম ও চালের রপ্তানি শুরু করেছে। সরকারি দরে ভারতীয় খাদ্য নিগমের কাছ থেকে গম ও চাল তুলে রপ্তানি করার জন্য ভারত সরকার পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ নিগমের নামে কোটা বরাদ্দ করেন। ২০০২-২০০৩ সালে এই রপ্তানি বাবদ ব্যবসার পরিমাণ ৩০ কোটি টাকায় গিয়ে দাঁড়াবে বলে আশা করা হচ্ছে। ২০০১-২০০২ সালে নিগমের কারবারের মোট পরিমাণ ছিল ২৮৮ কোটি টাকা এবং বর্তমান আর্থিক বছর ২০০২-২০০৩-এ এই পরিমাণ ৩৩০ কোটিতে গিয়ে দাঁড়াবে বলে নিগম আশা করে।

১৫। অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রীর দাম এই বিভাগ নিয়মিতভাবে নজরে রেখেছে। এ সম্পর্কে ভারত সরকারের নিকট তথ্য প্রেরণ করার জন্য প্রাত্যহিক তথ্য সংগ্রহ করার উদ্দেশ্যে একটি পৃথক অধিকারকে দায়িত্ব দেওয়া হয়েছে।

১৬। বিবেকহীন ও অসাধু ব্যবসায়ীদের ওপর এই বিভাগ সদা-সতর্ক দৃষ্টি রেখে চলেছে এবং ১৯৫৫ সালের অত্যাবশ্যক পণ্য আইনের বিভিন্ন ধারা ও অন্যান্য নিয়ম লঙ্ঘন করার জন্য ২০০২ সালে পুলিশের নির্বহন শাখা ৯১৩ বার অভিযান চালায়। অভিযানকালে ৫৪১ জনকে গ্রেপ্তার করা হয় এবং পুলিশ প্রায় ৩.২৫ কোটি টাকার দ্রব্যাদি আটক করে। ওই সময়ে ২৬৭ জনের বিরুদ্ধে মামলা রুজু করা হয়। এই বিভাগ স্পষ্টই জানিয়ে দিতে চায় যে, অত্যাবশ্যকীয় সামগ্রীর কৃত্রিম ঘাটতি সৃষ্টি করে যে-সব ব্যক্তি মানুষের দুর্দশার সৃষ্টি করবেন, তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

১৭। রাজ্যের নির্বহন শাখা ও সীমান্তরক্ষী বাহিনী অন্যান্য দেশে খাদ্যশস্য ও অত্যাবশ্যকীয় সামগ্রীর চোরাচালান রোধে সক্রিয় রয়েছে। সীমান্তবর্তী জেলাগুলিতে জেলাশাসকগণ সীমান্তবর্তী অঞ্চলে চোরাচালান ও অত্যাবশ্যকীয় সামগ্রীর দর নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রেখে চলেছেন। সীমান্ত অতিক্রম করে চোরাচালান যাতে সংগঠিত হতে না পারে তার জন্য অসামরিক কর্তৃপক্ষকে নিয়ম-কানুন প্রয়োগের ব্যাপারে সবিশেষ মনোযোগী হতে নির্দেশ দেওয়া হয়েছে।

১৮। রাজ্যে সাধারণ মানুষের চাহিদার কথা মনে রেখে যে গণবণ্টন ব্যবস্থার জন্ম, তার মাধ্যমে সাধারণ মানুষ তাঁদের ক্ষমতা অনুসারে ক্রয়যোগ্য দরে নিয়মিতভাবে অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রীর সরবরাহ পাচ্ছেন। কিন্তু বিভিন্ন অত্যাবশ্যকীয় সামগ্রীর দাম বৃদ্ধি ও বরাদ্দ হ্রাসের ফলে এই ব্যবস্থা এখন এক কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন। সীমিত আর্থিক অবস্থা ও ক্ষমতা সত্ত্বেও রাজ্য সরকার অধিকতর স্বল্পমূল্যে অত্যাবশ্যকীয় সামগ্রী জনসাধারণের কাছে পৌঁছে দিয়ে এই চ্যালেঞ্জের মোকাবিলায় বদ্ধপরিকর। সেই সঙ্গে গণবণ্টন ব্যবস্থাকে শুধুমাত্র শক্তিশালীই নয়, ব্যাপকতর করে তুলতেও সচেষ্ট রাজ্য সরকার।

১৯। দরবৃদ্ধি ও বরাদ্দ হ্রাস—এই দ্বিমুখী চ্যালেঞ্জের সামনে দাঁড়িয়ে মাননীয় সদস্যগণ ও তাঁদের মাধ্যমে রাজ্যের জনগণকে খাদ্যশস্যসহ সমস্ত অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রী গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে সুষ্ঠু বণ্টনের জন্য আমাদের ঐকান্তিক প্রয়াসে রাজ্য সরকারের হাতকে শক্ত করার জন্য আহ্বান জানাচ্ছি।

পরিশেষে, কেন্দ্রীয় সরকার, কেন্দ্র ও রাজ্য সরকার কর্তৃক অধিগৃহীত বিভিন্ন সংস্থা, শ্রমিক সংগঠন এবং খাদ্য ব্যবস্থার সঙ্গে জড়িত অন্যান্য সংস্থার সহযোগিতা ও সমর্থনও আমি কামনা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলেই আমার নিবেদন শেষ করছি।

DEMAND No. 22

Major Heads : 2401—Crop Husbandry, 2852—Industries, 3451—Secretariat—Economic Services, 4401—Capital Outlay on Crop Husbandry, 4860—Capital Outlay on Consumer Industries and 6860—Loans for Consumer Industries

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,64,86,000 be granted for expenditure under Demand No. 22, Major Heads : "2401—Crop Husbandry, 2852—Industries, 3451—Secretariat—Economic Services, 4401—Capital Outlay on Crop Husbandry, 4860—Capital Outlay on Consumer Industries and 6860—Loans for Consumer Industries" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 5,54,95,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি দাবি নং ২২-এর অন্তর্গত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগ সম্পর্কিত বরাদ্দের সমর্থনে প্রস্তাব পেশ করার জন্য অনুমতি প্রার্থনা করছি।

দাবি নং ২২

মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২২নং দাবিতে সম্বলিত "২৪০১-ক্রপ হ্যাজব্যান্ড্রি (হর্টিকালচার অ্যান্ড ভেজিটেবল ক্রপ্স)", "৪৪০১-ক্যাপিটাল আউটলে অন ক্রপ হ্যাজব্যান্ড্রী (হর্টিকালচার অ্যান্ড ভেজিটেবল ক্রপ্স)", "২৮৫২-ইন্ডাষ্ট্রিজ (ফুড অ্যান্ড বিভারেজেস)", "৩৪৫১-সেক্রেটারিয়েট ইকনমিক সার্ভিসেস", "৪৮৬০-ক্যাপিটাল আউটলে অন্ কনজিউমার ইন্ডাষ্ট্রিজ (ফুড অ্যান্ড বিভারেজেস)" এবং "৬৮৬০-লোন্স ফর কনজিউমার ইন্ডাস্ট্রিজ (ফুড অ্যান্ড বিভারেজেস)" মুখ্য খাতসমূহে মোট ১৬,৬৪,৮৬,০০০ টাকা

(ষোলো কোটি চৌষট্টি লক্ষ ছিয়াশি হাজার টাকা) মাত্র ব্যয় মঞ্জুরীর উদ্দেশ্যে প্রস্তাব পেশ করছি।

আমাদের রাজ্যে বেশিরভাগ কৃষকই ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীভুক্ত এবং তারাই রাজ্যের বাগিচাফসল উৎপাদনের ক্ষেত্রে বিরাট ভূমিকা পালন করে।

এই রাজ্যে আনুমানিক নয় লক্ষ হেক্টর জমিতে বাগিচাফসলের চাষ হয়, যা রাজ্যের মোট কৃষিক্ষেত্রের শতকরা প্রায় দশ ভাগ।

পশ্চিমবঙ্গ সরকারের গৃহীত নীতি হল, রাজ্যে বাগিচাফসলের উৎপাদন, উৎপাদনশীলতা বাড়ানো, বাগিচাফসলের বাণিজ্যিকীকরণ ও কৃষিভিত্তিক শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানের উৎস সৃষ্টি করা।

যেহেতু রাজ্যে বাগিচাফসলের কর্মসংস্থান সৃষ্টির এক বিপুল সম্ভাবনা রয়েছে এবং ফসল ইত্যাদি থেকে প্রক্রিয়াকরণজাত দ্রব্যাদির দ্বারা দেশীয় ও বিদেশি লগ্নীকরণের নতুন সুযোগ সৃষ্টি করা সম্ভব এবং এই সমস্ত ফসলের উৎপাদন বাড়িয়ে রাজ্যের সাধারণ মানুষের পুষ্টির মান বাড়ানো সম্ভব, যা খুবই প্রয়োজন, সেই জন্যে এই রাজ্যে বাগিচাফসলের সার্বিক উন্নতিসাধনের জন্য সর্বাত্মক গুরুত্ব দেওয়া উচিত বলে মনে হয়। রাজ্যে বাগিচাফসলের যা উৎপাদন তার প্রায় চল্লিশ শতাংশই অপচয় হয় (যথাযথ সংরক্ষণ ইত্যাদির অভাবে), সেজন্য এই অপচয় বাঁচিয়ে বাগিচাফসল চাষকে লাভজনক করে তুলতে রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রকে শক্তিশালী করে গড়ে তোলা অত্যন্ত প্রয়োজন।

বাগিচাফসল চাষের উন্নতি হলে তা বহুমুখী প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে, যেমন নার্শারির তত্ত্বাবধান, জমির উন্নতিসাধন, অর্চার্ড-এর রক্ষণাবেক্ষণ ও উন্নতিসাধন, ফসল তোলা, সংরক্ষণ, এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া, প্যাকিং করে গুদামজাত করা, প্রক্রিয়াকরণ ও বিক্রি করা ইত্যাদি কাজ।

রাজ্যে বাগিচাফসলের উন্নতি বিধানের জন্য রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলি নিয়েছেন—

(ক) সমস্ত প্রকার বাগিচাফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বাড়ানো।

(খ) বাগিচাফসলের বাণিজ্যিকীকরণের জন্য উৎপাদনোত্তর কলাকৌশলের উন্নতি, বর্তমান বাজারগুলির উন্নতি ও আধুনিকীকরণ, বাজারিকরণের বিভিন্ন সুযোগের অনুসন্ধান করা।

(গ) কৃষকদের ও উদ্যোগীদের প্রশিক্ষণ দেওয়া।

(ঘ) উন্নত ধরনের বীজ উৎপাদন, সংগ্রহ, চারাগাছ রোপণ, আধুনিক যন্ত্রপাতি ও প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ করা।

(ঙ) চাষীভাইদের বিভিন্ন সমস্যার সমাধানের জন্য গবেষণা করা, তথ্যাদি সংগ্রহ ও বিভিন্ন প্রকার বিশেষ কর্মসূচি রূপায়ণ করা।

(চ) সরকারি খামারে শংকর জাতীয় শাক্-সবজি, মশলা ইত্যাদি উৎপাদন করা।

(ছ) বছরের অন্য সময়ে কৃষকদের আয় বাড়ানোর চেষ্টা করা।

(জ) বছরের যে সময় কোনও প্রধান ফসল হয় না তখন অন্য কোনও ফসল চাষ করে কৃষকদের আয়ের ব্যবস্থা করা।

(ঝ) খরাপ্রবণ এলাকা, ধ্বসপ্রবণ পাহাড়ি এলাকার জমির সংরক্ষণ ও উন্নতি করা।

(ঞ) বাগিচাফসল উৎপাদনের জন্য জমির পরিমাণ বাড়ানো।

(ট) উন্নতমানের শাক্-সবজির বীজ চারাগাছ বিতরণ করা, চাষীদের জমিতে উন্নত প্রণালীতে বৈজ্ঞানিক প্রক্রিয়ায় চাষ করার পদ্ধতি হাতে-কলমে করে দেখানোর ব্যবস্থা করা।

(ঠ) চাষীদের জমিতে উন্নতমানের ও উচ্চফলনশীল প্রজাতির বেশি চাহিদার প্রধান ফল ও শাক-সবজির চাষের প্রবর্তন করা।

রাজ্যে ভালো বীজের অত্যধিক চাহিদা পূরণের জন্য গ্রীষ্ম, বর্ষা ও শীত ঋতুতে উন্নতমানের ও উচ্চফলনশীল বিভিন্ন ধরনের বীজ চাষীদের বিতরণ করা হয় যাতে গতানুগতিক প্রজাতির ফসলের চাষের বদলে তাঁরা অধিক পরিমাণে ও ভালো বাগিচাফসল উৎপাদন করে বেশি উপার্জন করতে সক্ষম হন।

২০০২-২০০৩ আর্থিক বছরে, এই দপ্তর ২ লক্ষ ১৫ হাজার সবজি বীজের মিনিকিট, যার আর্থিক মূল্য ২ কোটি ৪৭ লক্ষ ৮৮ হাজার ৭৫০ টাকা, ১ লক্ষ ৮০ হাজার নারিকেল চারা যার আর্থিক মূল্য ৩৬ লক্ষ ২১ হাজার ৬০০ টাকা, ১ লক্ষ ৫০ হাজার নারিকেল বীজ যার আর্থিক মূল্য ১৮ লক্ষ ২৮ হাজার ৫০০ টাকা বিভিন্ন জেলায় চাষীদের মধ্যে বন্টন করেছেন বাগিচাফসল উৎপাদন বিস্তারকর্মে।

এ ছাড়া এই আর্থিক বছরে এই দপ্তরে অব্যবহৃত পতিত, বাস্তু জমিতে বা বাড়ির পাশের জমিতে ফলের উৎপাদন বাড়ানোর জন্য ১ লক্ষ ১৯ হাজার ৭৬টি আমের চারা, ২ লক্ষ পেয়ারা, ৬০ হাজার লিচু, ৬০ হাজার সফেদা, ৮০ হাজার মুসাম্বী লেবু, ৬০ হাজার কলা ও ৪০ হাজার পাতিলেবুর চারা রাজ্যের জেলাগুলিতে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে বিলি করা হয়েছে।

মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়ার মতো এরিড ও সেমি এরিড এলাকার জেলাগুলোতে মুসাম্বী ও অন্যান্য সাইট্রাস জাতীয় ফলের চাষ বাড়ানোর জন্য যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে।

এই রাজ্যের কৃষি বিভাগ এই দপ্তরকে কয়েক বছর পূর্বে ১১টি সরকারি ফার্ম হস্তান্তর করেছিলেন।

এই খামারগুলি আধুনিকীকরণ ও ফুল, ভেষজগুণসম্পন্ন চারাগাছ সমেত বিভিন্ন প্রকার বাগিচাফসলের উৎপাদন ও উৎপাদিকাশক্তি বৃদ্ধির জন্য এই বছর নিম্নলিখিত বহুবিধ কর্মসূচি নেওয়া হয়েছে।

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর বাগিচাফসলের খামারে প্রায় ৬৬.০৩ হেক্টর জমি নিয়ে বিভিন্ন রকমের ফল, ফুল, শাক্-সবজি, সুগন্ধ ও ভেষজগুণসম্পন্ন চারাগাছ রোপণ, তাদের

গুটি ও গ্রাফট তৈরি করা ইত্যাদি কাজ হয়েছে। এই খামারে টিস্যু কালচার গবেষণাগারে বিভিন্ন ধরনের ফল, ফুল, ভেষজ উদ্ভিদ ইত্যাদির জার্মপ্লাজম সংগ্রহ করা হয়েছে। উন্নতমানের ও উচ্চফলনশীল নানাপ্রকার সবজি ফসলের চাষের জন্য যৌথ উদ্যোগ নেওয়া হয়েছে। এই সমস্ত কাজের জন্য আনুমানিক খরচ প্রায় ৯ লক্ষ ৭৫ হাজার টাকা।

(খ) কলা, পেয়ারা ইত্যাদির জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ ; কলা, আম, পেয়ারা ও অন্যান্য চারাগাছের অর্চার্ড রক্ষণাবেক্ষণ এবং পিঁয়াজ, রসুন, ওল ইত্যাদির বীজ উৎপাদন করা হয়েছে হুগলি জেলার চিনসুরা (চুঁচুড়া) ফার্মে দশ হেক্টর জায়গা নিয়ে। এইসব কাজের জন্য আনুমানিক খরচ পড়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা।

(গ) হুগলি জেলার চন্দননগর ফার্মে ২.৭৭ হেক্টর পরিমাণ জমিতে প্রায় ১০ হাজার টাকা খরচ করে নারিকেল, সুপারি, গোলমরিচ ইত্যাদির উন্নতমানের চারাগাছ এলাকার চাষীদের কাছে বিতরণ তাদের সংরক্ষণ ও অন্যান্য বাগিচাফসলের লালনপালন করা হচ্ছে।

(ঘ) দক্ষিণ ২৪-পরগনার বারুইপুর ফার্মে ০.৫৬ হেক্টর জমিতে ও কাজলাগড় ফার্মে ১.৭৫ হেক্টর জমিতে নারিকেল ও সুপারি চারা তৈরি করে চাষীদের মধ্যে বিলি করা হয়েছে।

(ঙ) মেদিনীপুর (পূর্ব) জেলার দীঘায় কাজুবাদাম খামারে ২.৭২ হেক্টর জমিতে আনুমানিক ২৫,০০০ টাকা ব্যয়ে উন্নতমানের কাজুবাদামের জার্মপ্লাজম, গ্রাফ্‌ট ও চারা ইত্যাদি সংগ্রহ ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

(চ) বাঁকুড়া জেলার তালডাংরা খামারে পেয়ারা, মুসাম্বী, সফেদা, কাজুবাদাম, কুল, রোজ আপেল, উড আপেল ইত্যাদির চারা, জার্মপ্লাজম সংগ্রহ, উৎপাদন ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। এতে প্রায় ৩ লক্ষ ৬৭ হাজার টাকা খরচ হয়েছে।

(ছ) জলপাইগুড়ি জেলার মোহিতনগর ফার্মে ১৬ হেক্টর জমিতে প্রায় ৭ লক্ষ টাকা খরচা করে আম, লিচু, পেয়ারা, আনারস, কাঁঠাল, আমলকি, কুল, সিনামন, গোলমরিচ ইত্যাদির চারা উৎপাদন করা হয়েছে। এই ফার্মকে 'এগ্রি এক্সপোর্ট জোনের' অন্তর্গত করে আনারস চাষীদের বিভিন্ন সমস্যা ও আনারস চাষের জমির পরিমাণ বাড়ানোর ব্যাপারে নানারকম কাজের পরীক্ষামূলক প্রদর্শনী করা চলছে।

(জ) মালদা জেলার আমের ফার্মে প্রায় ১ লক্ষ টাকা ব্যয় করে ১১.২০ হেক্টর জমিতে উন্নতমানের আমের জার্মপ্লাজম ও চারা সংগ্রহ, উৎপাদন ও সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল ফর এগ্রিকালচার রিসার্চ (আই.সি.এ.আর.) এই ফার্মে আম ও লিচুর জন্য একটি আঞ্চলিক সাব-ট্রপিকাল গবেষণাগার স্থাপন করতে চলেছে।

(ঝ) কোচবিহার জেলার ফার্মে ০.৮৭ হেক্টর জমিতে নারিকেল ও সুপারি চারা চাষীদের মধ্যে বিলি করা হচ্ছে।

(ঞ) বাঁকুড়া জেলার বড়জোড়া ফার্মে ২০.৯৩ হেক্টর জমি নিয়ে ১ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে সবজি বীজ উৎপাদন, আর্চার্ড সংরক্ষণ ও বিভিন্ন প্রকার বাগিচাফসল চাষের পরীক্ষামূলক প্রদর্শনী করা হয়েছে।

এই সকল খামারগুলিতে যে সমস্ত বাগিচাফসলের বীজ ও চারা উৎপন্ন হয় সেগুলি এই রাজ্যের স্থানীয় ও অন্যান্য জায়গার চাহিদা মেটানোর কাজে এবং রাজ্যের বিভিন্ন জেলার চাষীদের মধ্যে মিনিকিট বিলির জন্য ব্যবহৃত হয়।

প্রতি বছরের মতো ২০০২-২০০৩ সালেও রাজ্যে ফল চাষের উন্নতির জন্য 'অর্চার্ড সাবসিডি' নামক একটি পরিকল্পনা এই বিভাগ গ্রহণ করেছে এবং ১১.৯৯৯৮৫ লক্ষ টাকার ৩২৭টি সাধারণ শ্রেণীভুক্ত, ৫.৪৪৭৩৭ লক্ষ টাকার ৮৪টি তপশিলি জাতি, ৮৭.২৫ লক্ষ টাকার ৯টি তপশিলি উপজাতি শ্রেণীভুক্ত আবেদনকারীর দরখাস্ত অনুদানের জন্য বিবেচনাধীন আছে।

পশ্চিমবঙ্গে আমের বার্ষিক উৎপাদন ৩.৫ লক্ষ মেট্রিক টন থেকে ৫.৮ লক্ষ মেট্রিক টন পর্যন্ত হয়ে থাকে। বেশিরভাগ আমই বরাবর যেমন প্রজাতির চাষ হয় তেমনই, কিন্তু এখন মালদা, মুর্শিদাবাদ, নদীয়া ও উত্তর ২৪-পরগনা জেলায় কিছু বিরল ও অসাধারণ প্রজাতির আমের উৎপাদন হচ্ছে। আজকাল 'আম্রপালি' ও 'মল্লিকা'-র মতো উচ্চফলনশীল আমের চাষ হচ্ছে। এই সব আমগুলি বছরে একবার হয় এবং চাষ করতে কম জমি লাগে।

এই দপ্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে যাতে গতানুগতিক প্রজাতির আমের বদলে উন্নতমানের, উচ্চফলনশীল রপ্তানীযোগ্য আমের চাষের প্রবর্তন করা যায়। এজন্য আই.আই. এইচ.আর. থেকে আমের কলম এনে সরকারি বাগিচাফসল খামারগুলিতে তা রোপণ করা হয়েছে। এবং চাষীদের মধ্যে তা থেকে উৎপন্ন চারা বিলি করা হচ্ছে যাতে ভবিষ্যতে চাষীদের জমিতে এগুলি মাতৃজনিত গাছ হিসাবে উচ্চফলনশীল ও উন্নতমানের আমের জন্ম দেয়।

পশ্চিমবঙ্গে 'পান' অত্যন্ত লাভজনক বাগিচাফসলের অন্যতম। রাজ্যে প্রায় ২০,০০০ হেক্টর জমিতে পানের চাষ হয়। গত ২০০২ সালের নভেম্বর মাসে হঠাৎ সাইক্লোন ও প্রচণ্ড বৃষ্টিতে প্রায় ২,৪৮৪ হেক্টর পরিমাণ পান বরোজ ধ্বংস হয়ে যায় এবং প্রায় ১৩.৪৮ লক্ষ মোট (১ মোট = ১০,০০০ পান পাতা) উৎপন্ন নষ্ট হয়।

২০০৩ সালের ফেব্রুয়ারি মাসে হঠাৎ তীব্র শৈত্যপ্রবাহ ও অত্যধিক আর্দ্রতার দরুন আবাররাজ্যে পানচাষ সাংঘাতিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়। অসংখ্য পানের পাতা রোগাক্রান্ত হয় এবং নষ্ট হয়। প্রায় ১১.৯৮ লক্ষ মোট পান (১ মোট = ১০,০০০ পাতা) নষ্ট হয়ে যায়। পানচাষীদের সহায়তার জন্য রাজ্য সরকারের ত্রাণ বিভাগ ১ কোটি টাকা মঞ্জুর করেছেন।

ফুল এই রাজ্যে অত্যন্ত লাভজনক একটি বাগিচাফসল এবং এ রাজ্যে উৎপন্ন ফুলের বিদেশে রপ্তানী বিরাট সম্ভাবনা রয়েছে। পশ্চিমবঙ্গে ১৩.৫০ হাজার হেক্টর জমিতে ৩১.২০ হাজার টন ফুল ও ৬৭.৭০ কোটি স্পাইক উৎপন্ন হয়। রাজ্যে প্রায় ১.৭৩ লক্ষ মানুষ ফুলচাষ ও তার বাজারিকরণের কাজে নিযুক্ত আছেন। এই দপ্তর কলকাতা পোর্ট ট্রাস্টের থেকে কলকাতার মল্লিকঘাট ফুলের বাজারটিকে অধিগ্রহণ করেছেন এটিকে একটি আধুনিক বাজারে রূপান্তরিত করার জন্য। এই বাজারটির দৈনন্দিন কাজকর্ম দেখাশোনা করার জন্য একটি কমিটি গঠিত হয়েছে। আশা করা যায় এই ফুলের বাজার থেকে অদূর ভবিষ্যতে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ, ফুলচাষীদের আর্থিক সমৃদ্ধি ও ফুলের রপ্তানী করে বিদেশি মুদ্রা অর্জন সম্ভব হবে।

দার্জিলিং জেলার কার্সিয়াঙে সাইট্রাস জাতীয় ফলের জন্য একটি ডাই-ব্যাক গবেষণাকেন্দ্র গড়ে তোলার জন্য এই বিভাগ দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলকে ২৫ লক্ষ টাকা মঞ্জুর করেছে।

পশ্চিমবঙ্গে মৌমাছি লালনপালনের জন্য সরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগকে এ বছরে ১০ লক্ষ টাকা দেওয়া হচ্ছে মৌমাছি পালকদের প্রশিক্ষণ ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করার জন্য।

মাশরুম চাষের উন্নতির জন্য ৩,৭০০ জন উদ্যোগীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং ৩০,০০০ 'স্পন' প্যাকেট বিতরণ করা হচ্ছে।

বিগত বছরগুলির মতো এ বছরও এই বিভাগ আই.আই.টি.এফ. দিল্লি, কলকাতা ময়দান, বিদ্যাসাগর মেলা, বিধাননগর মেলা ও আরও বহু সংখ্যক গ্রামীণ মেলায় অংশগ্রহণ করেছে এবং এ বাবদ খরচ হয়েছে প্রায় ১১ লক্ষ টাকা। বাগিচাফসল, ফুল ইত্যাদি বাণিজ্যিকীকরণের ও চাষী, শিল্পোদ্যোগী, লগ্নিকারীর আকর্ষণ ও রপ্তানি বাড়ানোর কাজে এগুলি বিশেষ সহায়ক হবে বলে আশা করা যায়।

এই বিভাগ ইতিমধ্যেই নদীয়া জেলার রাণাঘাটে ও পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়ায় ফুলের বাজার স্থাপন করেছে।

রাজ্যের বিভিন্ন পঞ্চায়েত সমিতিগুলিতে আধুনিক কৃষিকার্যের কলাকৌশল চাষীদের শেখানোর জন্য ও তাদের সম্যক জ্ঞানবৃদ্ধির জন্য প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

আমাদের রাজ্য আনারস ও শাক-সবজি উৎপাদনে প্রথম স্থান এবং আলু ও লিচু উৎপাদনে দ্বিতীয় স্থানাধিকারী। আপনারা জানেন যে, আমাদের রাজ্যে মালদা, মুর্শিদাবাদ ও অন্যান্য জেলায় প্রচুর পরিমাণে আম উৎপন্ন হয়। রাজ্যের মানুষদের চাহিদা মিটিয়েও এই সবজি ও ফলগুলির প্রক্রিয়াকরণ করে রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের থেকে ন্যায্যমূল্য দিয়ে কিনে বাজারিকরণ করে ও রপ্তানি করে আর্থিক লাভের বিপুল সম্ভাবনা রয়েছে। এই লক্ষ্য পূরণের উদ্দেশ্যে এই বিভাগের অন্তর্গত ওয়েস্ট বেঙ্গল স্টেট ফুড প্রসেসিং ও হর্টিকালচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড এই বিভাগের প্রতিনিধি হয়ে ভারত সরকারের বাণিজ্য মন্ত্রকের সঙ্গে একটি 'মৌ' চুক্তি স্বাক্ষর করেছে। ভারত সরকারের প্রতিনিধি হিসাবে 'এপিডা' (এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেস্‌ড ফুড প্রডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি) এই চুক্তিতে স্বাক্ষর করেছে। এদের যৌথ উদ্যোগে এ রাজ্যে পাঁচটি এ.ই.জেড. অর্থাৎ এগ্রি এক্সপোর্ট জোন তৈরি অনুমোদিত হয়েছে।

দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর দিনাজপুর জেলা নিয়ে আনারস-এর জন্য একটি এ.ই.জেড., মালদা, মুর্শিদাবাদ, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলা নিয়ে লিচুর জন্য একটি এ.ই.জেড., হাওড়া, হুগলি, বর্ধমান ও পশ্চিম মেদিনীপুর জেলা নিয়ে আলুর জন্য একটি এ.ই.জেড., মালদা, মুর্শিদাবাদ জেলা নিয়ে আমের জন্য একটি এ.ই.জেড. এবং মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলা নিয়ে শাক-সবজির জন্য একটি এ.ই.জেড.—মোট পাঁচটি এ.ই.জেড. প্রকল্পের কাজ এগিয়ে চলেছে।

এই 'এ.ই.জেড.' প্রকল্পগুলি গড়ে তুলতে প্রতিটি স্তরে সযত্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। এইগুলির মধ্যে উল্লেখযোগ্য হল উৎপন্ন ফসল চিহ্নিতকরণ, স্থান নির্বাচন, গবেষণা ও বিকাশসাধনের জন্য প্রয়োজনীয় কাজের দ্বারা উৎপাদন ব্যবস্থা উন্নত ও শক্তিশালী করা, উৎপাদনের পূর্বে ও পরে যথাযথ ব্যবস্থা গ্রহণ, গাছপালা ফসলের রক্ষণ, জিনিসপত্র নিয়ে যাওয়া, নিয়ে আসা, সরবরাহ ব্যবস্থা, প্যাকিং ইত্যাদি বাজারের উন্নতিসাধন, উৎপাদিত ফসলের বিক্রয় সুনিশ্চিত করা, বেসরকারি শিল্পদ্যোগীদের বিনিয়োগে উৎসাহিত করা, যথাযথ পরিকাঠামো সৃষ্টি করা ও প্রয়োজনীয় বহুমুখী হিমঘর স্থাপন এবং প্রক্রিয়াজাত খাদ্য সংরক্ষণের সুষ্ঠু ব্যবস্থা নেওয়া ইত্যাদি।

প্রতিটি এ.ই.জেড-এ কিছু সংখ্যক বিশিষ্ট রপ্তানিকারকদের বেছে নেওয়া হবে যারা চাষীদের কাছে প্রয়োজনীয় কাঁচামাল, রসদ জোগাবে, তার বিনিময়ে তাদের কাছ থেকে ন্যায্যমূল্যে উৎপন্ন ফসল কাঁচামাল কিনে নেবে। এই সমস্ত কাজের জন্য প্রয়োজনীয় অর্থ এ.পি.ডা., এম.ও.এফ.পি.আই. (ভারত সরকার), এন.এইচ.বি. ও রাজ্য সরকারের বিভিন্ন বিভাগের স্ব-স্ব পরিকল্পনা বাজেট বরাদ্দ এবং এই বিভাগের প্রাপ্ত বাজেট থেকে সরবরাহ করা যাবে বলে আশা করা হচ্ছে।

২০০২-২০০৩ সালে বার্ষিক ম্যাক্রোমোড ওয়ার্ক প্ল্যানের জন্য ভারত সরকারের মঞ্জুরীকৃত ৪.৪০ কোটি টাকা রাজ্যের কৃষি দপ্তরের মাধ্যমে এই বিভাগ পাবার অপেক্ষা করছে।

ম্যাক্রোমোড ওয়ার্ক প্ল্যানের যথাযথ রূপায়ণের জন্য এই বিভাগ নিম্নলিখিত কর্মসূচিগুলি গ্রহণ করেছে—

(ক) ফলচাষের উন্নতিসাধন ;
(খ) শাক-সবজি উৎপাদনের উন্নতিসাধন ;
(গ) কাজুবাদাম উৎপাদনের উন্নতিসাধন ;
(ঘ) ফুলের চাষের উন্নতিসাধন ;
(ঙ) মশলা চাষের উৎপাদন বৃদ্ধি ;
(চ) ভেষজগুণসম্পন্ন গাছের উৎপাদনের উন্নতিসাধন ;
(ছ) মাশরুম চাষের উন্নতিসাধন ;
(জ) খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন বিভাগকে কম্পিউটার প্রণালীর আওতায় আনা ;
(ঝ) মৌমাছি পালনের উন্নতিসাধন ;
(ঞ) চাষের কাজে প্লাস্টিকের ব্যবহার ;
(ট) রাজ্যের নার্শারীগুলির উন্নতিসাধন।

পশ্চিমবঙ্গ সরকার অর্থনৈতিক উন্নতি এবং কর্মসংস্থানের জন্য খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন। উদ্যোগীদের সাহায্য এবং উৎসাহিত করার জন্য সল্টলেকের ময়ূখ ভবনে একটি 'উদ্যোগ সহায়ক' কেন্দ্র তৈরি করা হয়েছে।

রাজ্যে এই বিভাগের কাজকর্মের গতি, সমন্বয় ও উন্নতিসাধনের জন্য সল্টলেকের ময়ূখ ভবনে এই বিভাগের অফিসের সঙ্গে ভারত সরকারের বাণিজ্য মন্ত্রকের পশ্চিমবঙ্গ শাখা, এ.পি.ডা. (এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেস্‌ড ফুড প্রডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি), ভারত সরকারের অন্তর্গত ন্যাশনাল হর্টিকালচার বোর্ডের পশ্চিমবঙ্গ শাখার অফিসকে একই সঙ্গে রাখা হয়েছে।

পশ্চিমবঙ্গে প্রায় ৯ (নয়) হাজারটিরও বেশি ক্ষুদ্র, মাঝারি ও বড় ধরনের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প আছে। এদের বেশিরভাগই শস্যদানা, দুগ্ধজাত দ্রব্য, পাউরুটি, কেক, মাংস, মাছ, ফল, শাক-সবজি, মশলা, নানারকম তৈলবীজ ইত্যাদি নিয়ে কাজ করে। এই বিভাগ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে উদ্যোগীদের আকর্ষণ করার জন্য বিভিন্ন পরিকল্পনা করেছে। ২০০২-২০০৩ আর্থিক বছরে ১২১টি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের প্রতিষ্ঠার জন্য প্রস্তাব এই বিভাগে জমা পড়েছে। এর মধ্যে ২১২.২২ কোটি টাকার ১১৮টি প্রস্তাব অনুমোদিত হয়েছে। বিভিন্ন জেলায় জেলা শিল্পকেন্দ্রগুলিতেও বিভিন্ন প্রকল্প জমা পড়েছে ও অনুমোদিত হয়েছে।

যাতে কৃষিজ উৎপাদন ও তৎসংক্রান্ত কাঁচামাল অপচয় রোধ করা যায় এবং রাজ্যের চাষীদের ন্যায্য দাম পাওয়া সুনিশ্চিত করা যায়, তার জন্য এই বিভাগ 'কোল্ড চেন' নামক সুবিন্যস্ত পরিকাঠামো রাজ্যের বিভিন্ন মিউনিসিপ্যালিটি বাজারগুলিতে গড়ে তুলতে চেষ্টা করছে। এই কোল্ড চেন পরিকাঠামোয় থাকবে গ্রেডিং, সর্টিং, প্রি-কুলিং, প্যাকেজিং ও বহুমুখী হিমঘরের সুযোগ-সুবিধা।

এই রাজ্যের বিভিন্ন জেলায় ১১টি মিউনিসিপ্যালিটি বাজারে উপরোক্ত 'কোল্ড চেন' পরিকাঠামো গড়ে তোলার জন্য এই বিভাগ আর্থিক সাহায্য প্রদান করেছে।

এই বিভাগ বাগিচাফসল উৎপাদন থেকে প্রক্রিয়াজাত করা পর্যন্ত সমস্ত কাজ সুষ্ঠুভাবে করার জন্য উদ্যোগীদের বিশেষ প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে বিশেষ গুরুত্ব দিয়েছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়ার জন্য ওই বিশ্ববিদ্যালয়কে ২ লক্ষ ৪০ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে। দক্ষিণ ২৪-পরগনা জেলায় বামনঘাটায় সাড়ে চার কোটি টাকা ব্যয়ে প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র গড়ে তোলা হচ্ছে। প্রথম পর্যায়ে এই বিভাগ এই কাজে ৫০ লক্ষ টাকা ইতিমধ্যে মঞ্জুর করেছে।

গ্রামের উদ্যোগীদের প্রশিক্ষণ ও খাদ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র গড়ে তোলার জন্য এই বিভাগ রামকৃষ্ণ মিশন বেলুড়মঠকে সাড়ে নয় লক্ষ টাকা মঞ্জুর করেছে।

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের বিকাশসাধন ও বাজারীকরণ আরো বাড়াবার জন্য এই বিভাগ বিশেষ ধরনের প্রদর্শনীর ব্যবস্থা করেছে ও তার জন্য ১ লক্ষ টাকা মঞ্জুর করেছে। মালদায় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের উদ্যোগীদের সাহায্যার্থে এই বিভাগ মালদা জিলা পরিষদকে খাদ্য প্রক্রিয়াকরণ ও সংরক্ষণের জন্য উদ্যোগীদের বিকাশসাধন প্রকল্পের (ই.ডি.পি.) কাজে ৩ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান দিয়েছে।

মাছ, মাংস, আলুর প্রক্রিয়াকরণ করার কাজে এই বিভাগ বিশেষ গুরুত্ব আরোপ করেছে। রাজ্যে মিষ্টান্ন শিল্পের আধুনিকীকরণের জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়কে গবেষণামূলক কাজের জন্য এই বিভাগ থেকে অনুদান দেওয়া হয়েছে।

কলকাতা ও সল্টলেকে আধুনিক কসাইখানা প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার কথা ভেবে এই বিভাগ এই ব্যাপারে বিশদ সমীক্ষা করে আর্থ-প্রাযুক্তিক সম্ভাবনা পেশ করার জন্য ওয়েবকন লিমিটেড নামক কোম্পানিকে ৪.০৩৫ লক্ষ টাকা মঞ্জুর করেছে।

এই বিভাগ রাজ্যের বিভিন্ন জায়গায় 'ফুড পার্ক' (খাদ্য প্রক্রিয়াকরণের জন্য বিশাল জায়গা জুড়ে বহুমুখী প্রকল্প) তৈরির জন্য প্রাইভেট সেক্টর, জয়েন্ট সেক্টর, পাবলিক সেক্টর আন্ডারটেকিং ইত্যাদিদের বহুরকম সুযোগ-সুবিধা ও উৎসাহ দিচ্ছে যাতে উদ্যোগীরা এ রাজ্যে শিল্পস্থাপনে আগ্রহী ও সক্ষম হয়।

এই বিভাগ পূর্ব মেদিনীপুরের হলদিয়ায়, মালদা, শিলিগুড়ি, হাওড়া ও কলকাতার সন্নিকটে সন্তোষপুরে 'ফুড পার্ক' তৈরির প্রচেষ্টায় ব্রতী হয়েছে। ভারত সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রক ইতিমধ্যে হলদিয়া ফুড পার্কের জন্য চার কোটি টাকা মঞ্জুর করেছেন এবং এই অর্থ ক্রমে ক্রমে সাধারণ সুযোগ-সুবিধা প্রদানের উৎস যেমন, বিদ্যুৎ সরবরাহ, জল পরিশোধন প্ল্যান্ট, এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট, হিমঘর, প্যাকিং ইত্যাদি কাজগুলির জন্য প্রদান করা হবে।

মালদায় উপযুক্ত 'ফুড পার্ক' স্থাপন ও শিলিগুড়িতে 'ফুড পার্ক' স্থাপনের সবরকম সম্ভাবনা সমীক্ষা করে যথাক্রমে 'মেকন লিমিটেড' ও 'ওয়েবকন লিমিটেড' নামক দুটি সংস্থা তাদের রিপোর্ট ইতিমধ্যেই এই বিভাগকে পেশ করেছে। এই বিভাগ মালদায় ফুড পার্ক তৈরির জন্য প্রয়োজনীয় পরিকাঠামো নির্মাণ বাবদ ৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব পেশ করেছে।

আনমোল প্রজেক্ট প্রাইভেট লিমিটেডের উদ্যোগে হাওড়াতে একটি ফুড পার্ক করার জন্য ভারত সরকারের কাছে আর্থিক সহায়তা চাওয়া হয়েছে। কলকাতায় সন্তোষপুর ফুড পার্কের জন্য জমি পাওয়া গেছে। অন্যান্য কাজ এগিয়ে চলেছে।

পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি ধান উৎপাদনকারী রাজ্য। এই উৎপন্ন ধান থেকে 'রাইস ব্র্যান অয়েল' বা ধানের তুষ থেকে তেল তৈরি করার বিপুল সম্ভাবনা রয়েছে। এই বিভাগ সেইজন্য রাজ্যের ধানকলগুলিকে (হলার রাইস মিল) আধুনিকীকরণ করার জন্য বিশেষভাবে সচেষ্ট হয়েছে যাতে ধানের তুষ থেকে উন্নতমানের 'রাইস ব্র্যান অয়েল' পাওয়া যায়। বর্ধমান জেলায় ইতিমধ্যেই ধানকলগুলি আধুনিকীকরণ করার কাজ শুরু হয়েছে।

মালদা জেলায় 'প্যাক হাউস' এবং কলকাতা বিমানবন্দরে 'পেরিশেবল কারগো কমপ্লেক্স' তৈরি করার কথা বিবেচনা করছে এই বিভাগ, যাতে টাটকা ও প্রক্রিয়াজাত

বাগিচাফসল রপ্তানি করা যায় তার জন্য 'এ.পি.ডা.'-র সঙ্গে আলোচনা করে এই বিভাগ বিভিন্ন ব্যবস্থা নিচ্ছে।

মহাশয়, আমার বক্তব্য শেষ করার আগে আমি এই বিভাগের প্রশাসনিক অন্তর্ভুক্ত 'ওয়েস্ট বেঙ্গল স্টেট ফুড প্রসেসিং অ্যান্ড হর্টিকালচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড'-এর এই আর্থিক বছরে কাজকর্মের ব্যাপারে কিছু বলতে চাই।

বিগত কয়েক বছর ধরে এই কর্পোরেশন এই বিভাগের তরফে বহু প্রকার কাজ সাফল্যের সঙ্গে করে আসছে। এই বিভাগের প্রতিনিধি হয়ে কর্পোরেশন 'বেজো শীতল সিড্‌স প্রাইভেট লিমিটেড' নামক একটি কোম্পানির সঙ্গে 'মৌ' চুক্তি স্বাক্ষর করে নদীয়া জেলার কৃষ্ণনগর ফার্মে একটি উন্নতমানের ও উচ্চ ফলনশীল সবজি উৎপাদন কেন্দ্র গড়ে তুলেছে। সেখানে ইতিমধ্যেই উচ্চফলনশীল সবজি বীজ নিয়ে বিস্তৃত গবেষণা শুরু হয়েছে।

এই কর্পোরেশন মধ্যপ্রাচ্যের দেশগুলিতে, লন্ডন ও হল্যান্ডে ফুল রপ্তানি করার প্রয়াস চালাচ্ছে ও উন্নত ধরনের শাক-সবজি ও ফল বিদেশে রপ্তানি করার জন্যও বিশেষ প্রচেষ্টায় রত।

সি.এ.জি.-র বার্ষিক রিপোর্টে প্রকাশ যে উক্ত কর্পোরেশন গত ২০০১-২০০২ সালে নীট মুনাফা অর্জন করেছে ২৪.৫০ লক্ষ টাকা ও ২০০২-২০০৩ সালে মোট মুনাফা অনুমান করা হচ্ছে ২৬ লক্ষ টাকা হবে। কর্পোরেশন বাগিচাফসলের বাণিজ্যিকীকরণ ও তার দ্বারা রাজ্য ও রাজ্যের বাইরের বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্যে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির চেষ্টা চালিয়ে যাচ্ছে।

এই বিভাগের আদেশে এই কর্পোরেশন ফল, সবজি, বীজ, চারাগাছ ইত্যাদি রাজ্যের বিভিন্ন জেলায় বিতরণের কাজ করেন। রাজ্যের ফার্মগুলি আধুনিকীকরণের কাজ, ফুল, ফল, সবজি ইত্যাদি রপ্তানি করার কাজসমূহও সাফল্যের সঙ্গে করে চলেছে।

আশা করা যায় যে, সকলের থেকে ঠিকমত সহায়তা পেলে অদূর ভবিষ্যতে কর্পোরেশন সরকারের একটি আয়ের উৎস হয়ে উঠবে।

এই বিভাগ ২০০৩-২০০৪ সালের বাজেট বরাদ্দ খরচ করার ব্যাপারে গত আর্থিক বছরের গৃহীত নীতি, পদ্ধতি ও আর্থিক অনুশাসন প্রভৃতি যথাসম্ভব অপরিবর্তিত রাখছে।

মহাশয়, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগ বাগিচাফসলের বাণিজ্যিকীকরণ ও সর্বাঙ্গীণ উন্নতি ও কৃষিনির্ভর শিল্পের মাধ্যমে কর্মসংস্থান ও আয়ের উৎস সৃষ্টির জন্য নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আশা করা যায় যে, এই বিভাগ এই রাজ্যের অর্থনীতির উন্নয়ন ও বিকাশে মুখ্য ভূমিকা নিতে চলেছে।

এই সভার মাননীয় সদস্যগণের অবিরত যৌথ প্রচেষ্টা ও আন্তরিক সহযোগিতার সাহায্যেই একমাত্র আমাদের স্বপ্ন বাস্তবে রূপায়িত হতে পারে।

এইজন্য আমি এই সভার মাননীয় সদস্যবৃন্দের নিকট থেকে তাঁদের সহৃদয় সাহায্য ও মূল্যবান উপদেশ প্রার্থনা করছি আমাদের বহু ঈপ্সিত লক্ষ্য পূরণের জন্য। যদি কোনো গঠনমূলক পরামর্শ থাকে তবে তা আমি তাঁদের কাছ থেকে সানন্দে আহ্বান করছি।

আমি আন্তরিকভাবে আশা করি যে, মাননীয় সদস্যবৃন্দ এই বিভাগের পেশ করা ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য পরিকল্পিত বাজেট অনুগ্রহ করে বিবেচনা করবেন ও অনুমোদন করবেন যাতে করে আমরা এই রাজ্যে বাগিচাফসল ও খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের বহুমুখী বিকাশের পথে এগিয়ে যেতে পারি।

DEMAND No. 23

Major Heads : 2245—Relief on account of Natural Calamities, 2402—Soil and Water Conservation, 2406—Forestry and Wild Life, 2415—Agricultural Research and Education, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services and 4406—Capital Outlay on Forestry and Wild Life

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 175,72,96,000 be granted for expenditure under Demand No. 23, Major Heads : "2245—Relief on account of Natural Calamities, 2402—Soil and Water Conservation, 2406—Forestry and Wild Life, 2415—Agricultural Research and Education, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services and 4406—Capital Outlay on Forestry and Wild Life" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 58,57,65,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ২৩নং দাবির অধীনে ব্যয় নির্বাহের জন্য মুখ্যখাত ২৪০৬-বন ও বন্যপ্রাণী, ৪৪০৬-বন ও বন্যপ্রাণীর জন্য মূলধন বিনিয়োগ, ২০৪৯-সুদ পরিশোধ, ২২৪৫-প্রাকৃতিক বিপর্যয়ের জন্য ত্রাণ, ২৪০২-মৃত্তিকা ও জল সংরক্ষণ, ২৪১৫-কৃষি-গবেষণা ও শিক্ষা, ২৫৫১-পার্বত্য অঞ্চল এবং ৩৪৫১-সচিবালয়ে আর্থিক পরিষেবা বাবদ ১৭৫,৭২,৯৬,০০০ (একশত পঁচাত্তর কোটি বাহাত্তর লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ৫৮,৫৭,৬৫,০০০ (আটান্ন কোটি সাতান্ন লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা এর অন্তর্ভুক্ত।

মহাশয়,

বন ও বন্যপ্রাণী মানুষের জীবনধারণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ। আমাদের বর্তমান ও আগামী প্রজন্মের মঙ্গলের জন্য এই সম্পদকে দীর্ঘস্থায়ীভাবে রক্ষা ও পরিচালনা করা আমাদের সামনে সবথেকে বড় লক্ষ্য। আমি খুশী, কারণ গত কয়েক বছরে আমাদের রাজ্যে বন ও সবুজের আচ্ছাদন বৃদ্ধি পেয়েছে। নানা ধরনের বৃক্ষরোপণ কর্মসূচি এবং অংশগ্রহণমূলক বন পরিচালন ব্যবস্থা সার্থক রূপায়ণের ফলে এই বৃদ্ধি সম্ভব হয়েছে।

৮০-র দশকে রাজ্যে সামাজিক বনসৃজন প্রকল্প রূপায়িত হয়েছিল। এই প্রকল্পের সাফল্য এমন একটি নীতি নির্ধারণ করতে সাহায্য করেছিল যার ফলে মানুষকে সামিল করে বন রক্ষা ও পরিচালনা করা যায়। পঞ্চায়েতী ব্যবস্থায় বনবাসীদের প্রতিনিধিত্ব এই নীতিকে কার্যকরী করতে আরও সাহায্য করেছে। এর ফলে রাজ্যের আর্থ-সামাজিক বিকাশে যৌথ বন পরিচালন ব্যবস্থা একটি প্রধান চালিকাশক্তি হিসাবে আত্মপ্রকাশ করে। দক্ষিণ-পশ্চিম বাংলায় এর ভিত্তি সুদৃঢ়, বিশেষতঃ পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম এবং বর্ধমানে। রাজ্যের অন্যান্য অংশেও এর ভিত্তি আরও গভীর হচ্ছে। এখনও পর্যন্ত ৩৬৫০টি বন সুরক্ষা সমিতি নিবন্ধন করা হয়েছে। প্রায় ৪.০৭ লক্ষ সদস্য ৫৭৩৫ বর্গ কি.মি. বনভূমি রক্ষায় অংশগ্রহণ করেছেন। বন বিভাগের কর্মচারীরা বনবাসীদের স্বনির্ভর করে তোলার এই প্রচেষ্টায় সাহায্য করছেন। ইতিমধ্যে ৭৫০টি এই ধরনের স্বনির্ভর গোষ্ঠী তৈরি হয়েছে।

যৌথ বন পরিচালন ব্যবস্থাকে আরও শক্তিশালী করার জন্য রাজ্য পরিকল্পনায় বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এছাড়াও কেন্দ্রীয় সরকারের পরিবেশ উন্নয়ন কর্মসূচির মাধ্যমে জাতীয় উদ্যান ও অভয়ারণ্যের সংলগ্ন এলাকায় বাস করা মানুষদের গোষ্ঠী হিসাবে আয়বৃদ্ধির কাজও চলছে। এই কাজে পশ্চিমবঙ্গের বন উন্নয়ন নিগমও সহায়তা করছেন। এই সমস্ত কর্মসূচির উদ্দেশ্য হল বনের ওপর জৈব চাপ কমানো এবং বন সংলগ্ন অধিবাসীদের বিকল্প জীবিকার ব্যবস্থা করা। সরকারি নির্দেশ অনুযায়ী বন সুরক্ষা সমিতির সদস্যদের বনজ দ্রব্য বিক্রীর টাকার ২৫% দেওয়া হয়ে থাকে। এখনও পর্যন্ত, ১৯৩৫টি বন সুরক্ষা সমিতির ২,৩৪,৭১৩ জন সুবিধাভোগীকে মোট ১৬৬৭.০১ লাখ টাকা দেওয়া হয়েছে। এছাড়াও, বন সুরক্ষা সমিতির সদস্যরা 'টিম্বার' (কাঠ) ছাড়া অন্যান্য বনজ দ্রব্য সংগ্রহ করে অতিরিক্ত আয় করে থাকেন।

সংবিধানের ৭৩তম সংশোধনী অনুযায়ী জিলা পরিষদগুলি সামাজিক বনসৃজন ও সংশ্লিষ্ট কর্মসূচি রূপায়িত করতে দায়িত্ব পায়। এই বাবদ অর্থ অনুদান মঞ্জুর করেন বন দপ্তর। রাজ্যের বিভিন্ন জেলাগুলিতে বিভাগীয় বনাধিকারিকদের পদাধিকার বলে জিলা পরিষদ বনাধিকারিক হিসাবে ঘোষণা করা হয়েছে, যাতে পরিষদগুলির গৃহীত কর্মসূচি রূপায়ণ করতে তাঁরা সাহায্য করতে পারেন। ১৯৯৯-২০০০ থেকে বনবিভাগ বিভিন্ন স্বায়ত্তশাসিত সংস্থাগুলিকে মোট ৬৬.৭২ কোটি টাকা অনুদান মঞ্জুর করেছেন। এই টাকা ব্যবহৃত হচ্ছে বন খামার ও সারি বন সৃষ্টির মাধ্যমে গ্রামাঞ্চলকে আরও সবুজ করার উদ্দেশ্যে। অধিকন্তু শহর ও আধাশহর অঞ্চলের পরিবেশ উন্নয়নের জন্য গড়ে তোলা হচ্ছে উদ্যান ও কানন,

বৃক্ষরোপণ করা হচ্ছে রাস্তার দুই পাশে। বন ও বন সংলগ্ন এলাকায় গড়ে তোলা হচ্ছে প্রকৃতি পর্যটন কেন্দ্র। উদ্দেশ্য এই ধরনের নানা কর্মকাণ্ডের মাধ্যমে জৈব বৈচিত্র্য রক্ষায় গণচেতনা বৃদ্ধি এবং তা রূপায়িত হচ্ছে বরাদ্দ অর্থের অংশ দিয়েই। বন ও বন্যপ্রাণীর বৈজ্ঞানিক পরিচালনায় জোর দেওয়া হয়েছে। প্রয়োজন ভিত্তিক গবেষণালব্ধ ফল কাজে লাগিয়ে বীজ উৎপাদন ক্ষেত্র তৈরি করা হয়েছে। উন্নতমানের 'ক্লোনাল' চারা ও আরও উন্নত পরিচালনার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। পরিবেশের উপযোগী উপাদান হিসাবে জৈব ও মিশ্র সার ব্যবহারে উৎসাহিত করা হচ্ছে।

সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গেই কতকগুলি খুব ভালোভাবে পরিচালিত সংরক্ষিত বনাঞ্চল আছে। আমাদের বন্যপ্রাণী পরিচালনা সারাদেশে এমনকি আন্তর্জাতিক স্তরে স্বীকৃতি পেয়েছে। পাহাড় অঞ্চলের বন্যপ্রাণীর অবস্থা ও সংখ্যা নিরূপণে পরিগণনা করা হয়েছিল। গত কয়েক বছরে সুষ্ঠু পরিচালনা ও কার্যকরী সংরক্ষণ ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্যের বন্যপ্রাণীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে যেমন বাঘ, হাতি, একশৃঙ্গী গণ্ডার ইত্যাদি। বিশেষ পরিচালন পদ্ধতি দক্ষিণ-পশ্চিমবঙ্গে সার্থকভাবে প্রয়োগ করা হয়েছে নতুন করে গড়ে ওঠা এখানকার শাল বনে হরিণ ছাড়ার মাধ্যমে। বাঁকুড়া ও মেদিনীপুরের জঙ্গলে এই হরিণের দল ভালোভাবেই বেঁচে আছে। মানুষের সাথে হাতির সংঘাত এই সমস্যা মোকাবিলায় স্থানীয় সংস্থাগুলিকে সামিল করা হচ্ছে। সমস্যাটির সমাধানে আগাম ব্যবস্থা কিছুটা সফল। এখনও কিছু করা প্রয়োজন। উত্তরবাংলায় দুটি হাতির গলায় রেডিও কলার পরানো হয়েছে তাদের গতিবিধি পর্যবেক্ষণ করার জন্য, যাতে হাতির উপদ্রব কমানো যায়। হাতির পরিচালনা ও সংরক্ষণের জন্য রাজ্যে দুটি সংরক্ষিত অঞ্চল ঘোষণা করা হয়েছে : জলপাইগুড়ি জেলাতে ইস্টার্ন ডুয়ার্স এলিফেন্ট রিজার্ভ ও বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরে ময়ূরঝর্না এলিফেন্ট রিজার্ভ। এর ফলে হাতির সংরক্ষণ ও পরিচালনায় হস্তী প্রকল্পের মাধ্যমে অর্থ পাওয়া যাবে।

বন ও বন্যপ্রাণীর সংরক্ষণই এই দপ্তরের প্রধান উদ্দেশ্য। তাই রেঞ্জ অফিসগুলিকে ওয়্যারলেস সেট, টহলদারী গাড়ি ও আধুনিক অস্ত্রশস্ত্রে সাজানোর প্রচেষ্টা অব্যাহত। বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ যেমন গণ্ডারের শিং, বাঘের ছাল, হাতির দাঁত, জীবন্ত পাখি, সরীসৃপ এবং কচ্ছপ ইত্যাদির চোরাচালান সংক্রান্ত অপরাধ শনাক্ত করা হচ্ছে এবং উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

যৌথ বন পরিচালন ব্যবস্থার ধারণাকে জাতীয় উদ্যান ও অভয়ারণ্যেও প্রসারিত করা হয়েছে। উত্তর বাংলা ও সুন্দরবন অঞ্চলে পরিবেশ উন্নয়ন কর্মসূচি রূপায়িত হচ্ছে। উদ্দেশ্য এই অঞ্চলের মানুষের সহযোগিতা ও অংশগ্রহণ যাতে এখানকার গাছপালা জীবজন্তু, এক কথায় জৈববৈচিত্র্য রক্ষা করা যায়। এই রাজ্যের বনাঞ্চলের মোট ৩৪% বন্যপ্রাণীর আবাস হিসাবে সংরক্ষিত। এর মধ্যে ১৫টি অভয়ারণ্য, ২টি ব্যাঘ্র প্রকল্প, ৫টি জাতীয় উদ্যান ও একটি জীব পরিমণ্ডল। পরিচালন পরিকল্পনা অনুযায়ী এখানে বিভিন্ন কর্মকাণ্ড রূপায়িত হচ্ছে। ২৫টি বনসুরক্ষা ও ৮৮টি পরিবেশ উন্নয়ন সমিতি এর সাথে যুক্ত।

মহাশয়, এখন আমি ২০০২-০৩ সালে যে সমস্ত কর্মসূচি রূপায়িত করা হয়েছে এবং আগামী ২০০৩-০৪ সালে যা করা হবে সে সম্বন্ধে সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

২০০২-০৩ সালে বৃক্ষরোপণের কর্মসূচি অব্যাহত আছে। রাজ্য পরিকল্পনার বিভিন্ন কর্মকাণ্ডে বনাঞ্চলের ৬৫৬৮ হেঃ এলাকায় গাছ লাগানো হয়েছে। ২০০৩-০৪ সালে আমাদের লক্ষ্যমাত্রা আরও ৩২৫০ হেঃ এলাকা নতুন করে সবুজ করা। ২০০২-০৩ সালে জেলা পরিষদগুলিকে দেওয়া অনুদানের টাকায় ও পঞ্চায়েতের অংশগ্রহণের মাধ্যমে আরো ৫৪৪০ হেঃ জমিতে গাছ লাগানো হয়েছে। এই এলাকা সংরক্ষিত বনাঞ্চলের বাইরে। এছাড়াও ১ কোটি চারা গাছ তৈরি করা হয়েছিল রাজ্যের সবুজের আচ্ছাদন বৃদ্ধির উদ্দেশ্যে। সঙ্গতি সীমিত হলেও আমাদের এই কর্মসূচি অব্যাহত থাকবে।

পরিকাঠামো শক্তিশালী করা, কার্যকরী পরিকল্পনা আধুনিক করা এবং বনাঞ্চলে দাবানল প্রতিরোধ করার জন্য 'ইনটিগ্রেটেড ফরেস্ট প্রোটেকশন'-নামে একটি নতুন কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত কর্মসূচি রূপায়িত হচ্ছে। এছাড়া ভৌগোলিক তথ্য ব্যবস্থা বা 'জিওগ্রাফিকাল ইনফরমেশন সিস্টেম'-এর মাধ্যমে কম্পিউটারে তথ্যাবলী সংগৃহীত করে রাখার কর্মসূচি চালু আছে। এর ফলে বনাঞ্চলের আধুনিক মানচিত্র প্রস্তুত করে সঠিক নীতি নির্ধারণ ও তদারকি করতে সুবিধা হয়।

পঞ্চায়েত ও বনসুরক্ষা সমিতিগুলির সহায়তা নিয়ে আমাদের রাজ্যে জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি রূপায়িত করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের জাতীয় বৃক্ষরোপণ ও পরিবেশ উন্নয়ন পর্ষদের এটি একটি প্রধান সবুজায়ন প্রকল্প। এটি কার্যকরী করার জন্য ১২টি বন উন্নয়ন সংস্থা (এফ.ডি.এ.) গঠন করা হয়েছে, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর ও জলপাইগুড়ি জেলাতে। কেন্দ্রীয় সরকারের কাছে অর্থ বরাদ্দের জন্য প্রকল্প পেশ করা হয়েছে। ২০০৩-০৪ সালে আরও কয়েকটি জেলায় এই পরিকল্পনা রূপায়িত হবে।

বন ও গ্রামাঞ্চলে বাঁশ জাতীয় গাছের চাষ আরও বৃদ্ধি করার জন্য পদক্ষেপ গৃহীত হয়েছে। এর ফলে বন সন্নিহিত এলাকার জনগণের আয় বৃদ্ধি হবে। উপকূলবর্তী এলাকার তীরভূমি সুস্থিত করতে মেদিনীপুর ও দক্ষিণ চব্বিশ পরগনার প্রান্ত এলাকায় 'কোষ্টাল শেল্টার বেল্ট প্ল্যানটেশন' পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর ফলে ২০০২-০৩ সালে তীরবর্তী এলাকায় ১৩০ হেঃ জমিতে বৃক্ষরোপণ করা হয়েছে। আগামী আর্থিক বছরেও এই কর্মকাণ্ড অব্যাহত থাকবে। সুন্দরবনের ১২০০ হেঃ এলাকায় নতুন করে বাদাবন সৃষ্টি হয়েছে। এই কর্মসূচিও আগামী দিনে চালু থাকবে। ভারত-বাংলাদেশ যৌথ উদ্যোগে সুন্দরবন অঞ্চলের জৈব বৈচিত্র্য রক্ষায় একটি পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং তা ইউ.এন.ডি. পি.-র কাছে পেশ করা হয়েছে। মূল প্রকল্পটিতে অর্থ সাহায্যের জন্য বিভিন্ন সংস্থার সাথে আলোচনা চলছে। আশা করছি তাড়াতাড়ি এর সুরাহা করা সম্ভব হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে সুন্দরবনের বাদা অঞ্চলের জৈব ব্যবস্থা সংরক্ষণ ও পরিচালনায় বিশেষ সুবিধে হবে। এছাড়া মেদিনীপুর, বাঁকুড়া ও জলপাইগুড়ি জেলার জন্য আর.আই.ডি.এফ. কর্মসূচি অনুযায়ী তিনটি প্রকল্প প্রস্তুত করে নাবার্ডের কাছে অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এর উদ্দেশ্য বন

ও সন্নিহিত এলাকায় গ্রামীণ পরিকাঠামোর উন্নয়ন। আগামী আর্থিক বছরেও এই ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে।

বক্সা ব্যাঘ্র প্রকল্পে ওয়ার্ল্ড ব্যাঙ্ক ও গ্লোবাল এনভায়রনমেন্ট ফান্ডের সহযোগিতায় পরিবেশ উন্নয়ন প্রকল্প রূপায়িত হচ্ছে। সাধারণ মানুষের অংশগ্রহণের মাধ্যমে ৬১-র মধ্যে ৫৮টি পরিবেশ উন্নয়ন সমিতি উন্নয়নের অনু-পরিকল্পনা রচনা করেছেন। এই ধরনের পরিকল্পনা কার্যকরী করার ফলে একদিকে যেমন সামাজিক সম্পদ গড়ে উঠবে তেমনই আর্থিকভাবে দুর্বল মানুষ কর্মসংস্থানেরও সুযোগ পাবেন। এই প্রকল্পে এখনও পর্যন্ত ২৫ কোটি টাকা খরচ হয়েছে এবং বেশকিছু নতুন কর্মসংস্থানের সুযোগ হয়েছে। কিন্তু ২০০৩-এর জুন মাসে এই প্রকল্পের কাজ শেষ হয়ে যাবে।

বাঘ ও গণ্ডারের মতো দুষ্প্রাপ্য ও বিপন্ন প্রাণীদের রক্ষা করাকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে চোরাশিকার বন্ধ ও আবাস স্থলের উন্নতির মাধ্যমে। বিপদসংকুল এলাকাগুলিতে এই সংক্রান্ত খবর সংগ্রহের জন্য জাল বিস্তার করা হয়েছে এবং এর সুফল পাওয়া শুরু হয়েছে। সংরক্ষিত এলাকার বাইরে বন্যপ্রাণীদের রক্ষা করার জন্য একটি নতুন কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তা আগামী ২০০৩-০৪ সাল থেকে শুরু হবে। প্রধান কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত পরিকল্পনাগুলি অব্যাহত আছে, যেমন অভয়ারাণ্য ও জাতীয় উদ্যানের উন্নতি, ব্যাঘ্র প্রকল্পে পরিবেশ উন্নয়ন কর্মসূচি ও হস্তী প্রকল্প ইত্যাদি।

ভূমি সংরক্ষণ কর্মসূচি অনুযায়ী ২০০২-০৩ সালে ৩৫০ হেঃ ভঙ্গুর এলাকায় বৃক্ষরোপণ করা হয়েছে। অধিকন্তু পাহাড় অঞ্চলে ভূমি সংরক্ষণ কর্মসূচিও নেওয়া হয়েছে। আগামী আর্থিক বছর অর্থাৎ ২০০৩-০৪ সালে আরও ৩৫০ হেঃ এলাকায় বৃক্ষরোপণ করা হবে। তার সঙ্গে ভঙ্গুর পাহাড় অঞ্চলেও প্রয়োজনীয় সংরক্ষণের কাজ চালু থাকবে।

পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগম পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থা। নানা কর্মকাণ্ডের সঙ্গে এই সংস্থা জড়িত, যেমন বনজ সম্পদ আহরণ, বৃক্ষরোপণ, ক্ষুদ্র শিল্প পরিচালনা, যৌথ বন পরিচালন ব্যবস্থায় সহায়তা, বনজ সম্পদের বিপণন, জৈব সার উৎপাদন ও বিক্রি এবং প্রকৃতি-পর্যটনের আরও উন্নয়ন। এই সংস্থা পরিচালিত ভৌগোলিক বনবিভাগ হল কালিম্পং জেনারেল ও স্পেশাল ডিভিসন। উত্তরবাংলায় বনাধিকরণের কাঠ লগিং ও বিক্রির ব্যবস্থা করা এই সংস্থার একটি গুরুত্বপূর্ণ কাজ। দক্ষিণ-পশ্চিম বাংলায় এই নিগম বনাধিকরণের সাথে যৌথ বন পরিচালন ব্যবস্থাকে আরও সংহত ও বনজ সম্পদের বৃদ্ধির কাজে নিয়োজিত। ১৯৯৮-৯৯ সাল থেকে পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন ও বিত্ত নিগমে দেওয়া ঋণ নিয়ে এই প্রকল্প রূপায়িত হচ্ছে। ২০০২-০৩ সালে দক্ষিণ-পশ্চিমবঙ্গের ১১৮০ হেঃ অবক্ষয়িত অঞ্চলে বৃক্ষরোপণ করা হয়েছে। আগামী বছরে লক্ষ্যমাত্রা ১৪০০ হেঃ। নিগম বেশ কিছু শিল্প কেন্দ্র পরিচালনা করে। যেমন করাতকল, আসবাবপত্র নির্মাণ এবং কাঠের খুঁটি তৈরি ইত্যাদি। চেরাই কাঠ বিক্রির জন্য নিগমের কতকগুলি খুচরা বিক্রয় কেন্দ্র আছে। সুন্দরবনের মধু সংগ্রহ করেও বিক্রির ব্যবস্থা আছে। 'নাইট্রোফিক্স ল্যাবোরেটোরিজ'-এর সহযোগিতায় 'অ্যাজোফস' ও 'রাইজোফস' নামে জৈবসার উৎপাদন করে বিক্রি করা হয়।

প্রকৃতি পর্যটনের ক্ষেত্রেও নিগমের সাফল্য উল্লেখযোগ্য পশ্চিম মেদিনীপুরের কাঁকড়াঝোড়, পুরুলিয়ার দুয়ারসিনি এবং পুরুলিয়ার গড় পঞ্চকোটে তিনটি প্রকৃতি পর্যটন কেন্দ্র গড়ে তোলা হয়েছে। জলপাইগুড়ি জেলার বড়দাবড়িতে একটি পর্যটন কেন্দ্র গড়ে উঠেছে। মেসার্স 'কনভয়ের অ্যান্ড রোপওয়ে সার্ভিসেস'-এর সহযোগিতায় দার্জিলিংয়ের রঙ্গিত উপত্যকায় নতুন করে যাত্রী বহনের জন্য রোপওয়ের ব্যবস্থা হয়েছে। এটা পর্যটকদের কাছে একটি অন্যতম আকর্ষণ।

পশ্চিমবঙ্গ প্লাইউড উন্নয়ন নিগম ও টিটাগড় পেপার মিলের সব অংশীদারীতে যৌথভাবে গঠিত রাজ্যের কাগজ কলগুলির জন্য কাঁচামাল প্রস্তুত করা এই নিগমের উদ্দেশ্য ছিল। মোট ৬৫০০ হেঃ জমিতে সেই অনুযায়ী বৃক্ষরোপণ করা হয়েছে।

পরিশেষে, এই মহতী সভাকে অনুরোধ করছি, পরিবেশ উন্নয়নের স্বার্থে আমাদের দপ্তর যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে তা স্মরণ করে ২০০৩-০৪ সালে প্রস্তাবিত ব্যয় বরাদ্দ সর্বসম্মতভাবে অনুমোদনের জন্য।

[7.20–7.30 p.m.]

DEMAND No. 24

Major Heads : 2210—Medical and Public Health, 2211—Family Welfare, 2236—Nutrition, 2245—Relief on a account of Natural Calamities, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas and 4210—Capital Outlay on Medical and Public Health

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1352,51,58,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : "2210—Medical and Public Health, 2211—Family Welfare, 2236—Nutrition, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas and 4210—Capital Outlay on Medical and Public Health" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 450,83,87,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২৪নং দাবীর অন্তর্গত মুখ্যখাত "২২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১২২৬,৩৬,২৭,০০০

(এক হাজার দুই শত ছাব্বিশ কোটি ছত্রিশ লক্ষ সাতাশ হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ৪০৮,৭৮,৭৬,০০০ (চারশত আট কোটি আটাত্তর লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "৪২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য সম্পর্কে মূলধন বিনিয়োগ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৮,০৫,৮৩,০০০ (আট কোটি পাঁচ লক্ষ তিরাশি হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ২,৬৮,৬১,০০০ (দুই কোটি আটষট্টি লক্ষ একষট্টি হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবীর অন্তর্গত মুখ্যখাত "২২১১-পরিবার কল্যাণ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১১০,৭৬,৪২,০০০ (এক শত দশ কোটি ছিয়াত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ৩৬,৯২,১৪,০০০ (ছত্রিশ কোটি বিরানব্বই লক্ষ চোদ্দ হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২৩৬-পুষ্টি" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১১,০০,০০০ (এগারো লক্ষ) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ৩,৬৭,০০০ (তিন লক্ষ সাতষট্টি হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২৪৫-প্রাকৃতিক দুর্যোগজনিত ত্রাণ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৩,২০,০০,০০০ (তিন কোটি কুড়ি লক্ষ) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ১,০৬,৬৭,০০০ (এক কোটি ছয় লক্ষ সাতষট্টি হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২৫০-অন্যান্য সমাজসেবা" বাবদ ব্যয় নির্বাহের জন্য ২৮,০৮,০০০ (আঠাশ লক্ষ আট হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ৯,৩৬,০০০ (নয় লক্ষ ছত্রিশ হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবীর অন্তর্গত মুখ্যখাত "২২৫১-সচিবালয়-সমাজসেবা" বাবদ ব্যয় নির্বাহের জন্য ২,৪২,৭০,০০০ (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ৮০,৯০,০০০ (আশি লক্ষ নব্বই হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৫১৫-অন্যান্য গ্রামীণ উন্নয়ন প্রকল্প" বাবদ ব্যয় নির্বাহের জন্য

৭০,২৮,০০০ (সত্তর লক্ষ আঠাশ হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ২৩,৪৩,০০০ (তেইশ লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ২৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২৫৫১-পার্বত্য এলাকা" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৬১,০০,০০০ (একষট্টি লক্ষ) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত বরাদ্দ ২০,৩৩,০০০ (কুড়ি লক্ষ তেত্রিশ হাজার) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মহাশয়,

এই সরকারের উদ্যোগে স্বাস্থ্য পরিষেবার মান ও কার্যকারিতার উন্নতির জন্য স্বাস্থ্যক্ষেত্রে বেশ কিছু সংস্কারের কাজ শুরু করা হয়েছে। আনন্দের কথা, তার সুফল ইতিমধ্যেই দেখা দিতে শুরু করেছে। আপনি নিশ্চয়ই মানবেন এটি একটি চলমান প্রক্রিয়া এবং পরিকল্পনামাফিক সেই প্রক্রিয়া চালিয়ে যেতে হয়। রাজ্য সরকার রোগ প্রতিষেধক এবং স্বাস্থ্য পরিষেবার উন্নতিকে অগ্রাধিকার দিয়েছেন। রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির মৌলিক সূচকগুলি, অর্থাৎ শিশু মৃত্যুর হার (আই এম আর), প্রসূতি মৃত্যুর হার (এম এম আর), জন্মহার, মৃত্যুহার কমে যাওয়া প্রভৃতি ইঙ্গিত দেয় যে এই সব ক্ষেত্রে আমাদের অগ্রগতি যথেষ্ট ভালো। সেই সঙ্গে প্রচলিত অন্যান্য রোগসমূহ যেমন কুষ্ঠ এবং কালাজ্বর নিবারণে আমাদের রাজ্য অন্যান্য রাজ্যের থেকে অনেক ওপরের স্থান দখল করে আছে। আমাদের সতত লক্ষ্য হলো প্রাইমারি, সেকেন্ডারি এবং সর্বোচ্চ স্তরের স্বাস্থ্য পরিকাঠামোর সার্বিক উন্নতি। শুধুমাত্র পরিষেবার মান উন্নত করলেই চলবে না, তার সঙ্গে স্বাস্থ্যকর্মীদের দক্ষতাও বাড়াতে হবে। এই কাজকে সুষ্ঠুভাবে করাবার জন্য আমরা এন.জি.ও., সি.বি.ও. এবং বেসরকারি সংস্থাকেও অংশীদার হিসেবে পেতে চাই। এই সমন্বয়ের ফলে স্বাস্থ্য-পরিষেবার মানের উন্নতি ঘটবে যা সমস্ত মানুষের কাছে পৌঁছতে পারবে এবং সাম্য বজায় থাকবে।

আমরা স্বাস্থ্য পরিচালন ব্যবস্থায় স্বচ্ছতা এবং দায়বদ্ধতা চালু করার জন্য আপ্রাণ চেষ্টা করছি। ইতিমধ্যেই স্বাস্থ্য পরিচালন ব্যবস্থার বিকেন্দ্রীকরণের কাজ শুরু হয়ে গেছে। এই কাজে বিভিন্ন ক্ষেত্রে স্বাস্থ্য পরিচালকদের হাতে প্রয়োজনীয় নীতি নির্ধারণ ও ব্যয় নির্বাহের ক্ষমতা দেওয়া হয়েছে। আশার কথা, তার সুফলও আমরা পেতে শুরু করেছি। স্বাস্থ্য পরিষেবার দায়িত্বে যাঁরা আছেন তাঁদের কার্যকারিতা বৃদ্ধির জন্য সরকার পেশাদারি ব্যবস্থা নিতে চলেছেন। বিকেন্দ্রীকরণ ব্যবস্থা আরও প্রসারিত করবার জন্য জেলাস্তরে গঠন করা হয়েছে জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। স্ব-শাসিত এই সমিতি জেলাস্তরের স্বাস্থ্য সংক্রান্ত পরিকল্পনা ও পরিচালন ব্যবস্থার দায়িত্ব নেবে। এই ব্যবস্থায় স্বকীয়তা ও দায়িত্ববোধ বাড়বে বলে আশা করা যায়। সমিতির হাতে প্রয়োজনভিত্তিক পরিকল্পনা করার ও রূপায়ণের দায়িত্ব ও ক্ষমতা থাকবে। জেলা সমিতি তাদের কাজ সুষ্ঠুভাবে রূপায়ণের জন্য পঞ্চায়েতকেও অন্তর্ভুক্ত করবে। পঞ্চায়েত, এন.জি.ও. এবং অন্যান্যদের নিয়ে ব্লকস্তরে গঠন করা হবে ব্লক

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। সময়মত সমিতির সদস্যদের প্রশিক্ষণ দেওয়ারও বন্দোবস্ত করা হবে। একটি সামগ্রিক স্ট্র্যাটেজিক পরিকাঠামো গঠন করার জন্য এবং রাজ্যস্তরে যে সব সংস্থা কাজ করছেন তাদের মধ্যে সমন্বয়ের উন্নতিসাধন করার জন্য রাজ্যস্তরে গঠন করা হয়েছে রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চিকিৎসার উন্নতি ও সংশ্লিষ্ট মানুষের সন্তুষ্টির জন্য গুণগত নিশ্চয়তার ব্যবস্থা করা হবে। প্রাইমারি ও সেকেন্ডারি স্তরে স্বাস্থ্য পরিষেবার উন্নতি করাই এই কর্মসূচির লক্ষ্য। গ্রামীণ হাসপাতালগুলিকে উন্নত করাও এই কর্মসূচির অত্যন্ত এক গুরুত্বপূর্ণ অংশ। সমাজের প্রতিটি মানুষের স্বাস্থ্য সংক্রান্ত চাহিদা মেটানোর জন্য কে এফ ডব্লু-জিটিডেভ, ডি এফ আই ডি, ইউরোপিয়ান কমিশন এবং নাবার্ডের সহায়তা আমরা প্রাইমারি স্তরের জন্য পেয়েছি। বিশ্বব্যাঙ্ক সহায়তা করেছে সেকেন্ডারি স্তরে পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের জন্য।

আমাদের নীতির মূল লক্ষ্য হল মানব এবং অন্যান্য স্বল্প প্রাপ্তব্য সম্পদের সর্বোত্তম ব্যবহার। স্বাস্থ্য পরিষেবা অধিকারকে ঢেলে সাজানো হয়েছে যাতে স্বাস্থ্য সংক্রান্ত ক্রমবর্ধমান চাহিদার কাঙ্খিত মানে পৌঁছানো যায়। স্বাস্থ্য পরিষেবা খাতে অর্থ বিনিয়োগ এখন অন্যতম বিষয় হয়ে দাঁড়িয়েছে। এই বিনিয়োগের কিছুটা পূরণ হবে স্বাস্থ্য পরিষেবা ব্যবহারের চার্জ থেকে—যেমন পেয়িং বেড এবং দ্বি-প্রাহরিক পে ক্লিনিক থেকে প্রাপ্ত অর্থের মাধ্যমে। এইভাবে যে সম্পদ সংগ্রহ হবে তা আবার স্বাস্থ্য খাতেই নিয়োজিত হয়ে যাবে এবং এই ব্যবস্থা অনতিবিলম্বেই আমাদের আর্থিক নীতির অন্তর্ভুক্ত হয়ে যাবে। পঞ্চায়েত, পুরসভা, এনজিও এবং সিবিওদের স্বাস্থ্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার জন্য উৎসাহ দেওয়া হবে।

প্রতিষেধক ও উন্নত স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা যেমন চলবে তার সঙ্গে সমান্তরালভাবে চলবে জাতীয় রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি। উন্নত স্বাস্থ্য পরিষেবার নজরদারি ও তথ্যসংগ্রহের ব্যবস্থাও নেওয়া হচ্ছে। মাননীয় সদস্যরা জেনে আনন্দিত হবেন অর্থের অভাব থাকলেও দুটি নতুন জনস্বাস্থ্য কর্মসূচি রূপায়ণের পদক্ষেপ নেওয়া হয়েছে। থ্যালাসেমিয়া ও আর্সেনিক নিয়ন্ত্রণের এই নতুন পরিকল্পনা দুটি ইউনিসেফের সহায়তায় রূপায়িত হবে। আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, ইউনানি চিকিৎসার উন্নতির দিকেও গুরুত্ব দেওয়া হচ্ছে এবং হবে।

প্রাথমিক স্কুলে স্কুল-স্বাস্থ্য কর্মসূচির প্রতি যে গুরুত্ব দেওয়া হয়েছে তা আর নতুন করে বলার প্রয়োজন নেই। ইউরোপিয়ান কমিশনের আর্থিক সাহায্য মালদা, মেদিনীপুর (পূর্ব) এবং হাওড়া জেলায় স্বাস্থ্য সচেতনতা, স্বাস্থ্য পরীক্ষা ও রেফারেল সার্ভিস শীঘ্রই প্রবর্তন করা হবে। এই কাজের জন্য শিক্ষক প্রশিক্ষণ সম্পূর্ণ করা হয়ে গেছে, এবার পরিকল্পনা রূপায়ণের কাজে হাত দেওয়া হবে। স্কুল শৌচাগার প্রকল্প রূপায়ণের জন্য স্কুল শিক্ষা, পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের মাধ্যমে প্রায় ৫১ লক্ষ টাকা ব্যয় করা হবে। এই পরিকল্পনা ক্রমশ প্রতিটি জেলা শিশু-শিক্ষা কেন্দ্রে ছড়িয়ে দেওয়া হবে। বয়ঃসন্ধি কালের ছেলেমেয়েদের স্বাস্থ্য পরীক্ষা ও পরামর্শ দেওয়ার জন্য প্রতিটি মাধ্যমিক স্তরের স্কুলে বিশেষ কর্মসূচি নেওয়া হবে। এই কর্মসূচি রূপায়ণের সবরকম সহযোগিতা করবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। মোট খরচ হবে ৫১ লক্ষ টাকার বেশি। ইতিমধ্যে কলকাতা মেডিকেল কলেজে শিশু বিশেষজ্ঞ এবং স্ত্রী রোগ

বিশেষজ্ঞদের নিয়ে বয়ঃসন্ধিদের জন্য ক্লিনিক চালু করা হয়েছে। ভারত সরকারের কাছ থেকে আর্থিক সহায়তা পেলে আমরা এইরকম আরও তিনটি কেন্দ্র খুলতে পারি। পশ্চিমবঙ্গ রাজ্য এড্‌স প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংস্থা বয়ঃসন্ধির ছেলেমেয়েদের জীবনধারণের মানের উন্নয়ন ঘটাতে 'ক্লাস' নামে একটি বিশেষ উদ্যোগ হাতে নিয়েছেন। এই উদ্যোগে সামিল হবে ৪০০ থেকে ৪০০০ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়। এই উদ্যোগে বয়ঃসন্ধি ও তরুণদের আত্মনিয়ন্ত্রণ ও বিভিন্ন সামাজিক চাপ প্রতিরোধ করার পদ্ধতি শেখানো হবে। মেয়েদের অ্যানিমিয়া দূর করার জন্য সরকার স্কুল শিক্ষা বিভাগকে বিশেষ নজর দিতে বলেছে। ইউনিসেফের সহায়তায় মালদা এবং মুর্শিদাবাদ জেলায় এই প্রকল্প রূপায়ণে বিশেষ ব্যবস্থাও নেওয়া হয়েছে। সরকার পোলিও দূরীকরণের ব্যাপারেও খুবই সজাগ। তার জন্য ষোলোটি জেলায় (অর্থাৎ দার্জিলিং, জলপাইগুড়ি এবং কোচবিহার বাদে সমস্ত জেলায়) ৬ এপ্রিল এবং ১ জুন ২০০৩ তারিখ পাল্‌স পোলিও টিকাকরণের দিন স্থির করা হয়েছে। অনুরূপ অনুষ্ঠান সেপ্টেম্বর এবং নভেম্বর মাসেও করা হবে। জাতীয় টিকাকরণ দিবস হিসাবে ২০০৪ সালের জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসের নির্দিষ্ট দিন ধার্য করা আছে। প্রতিবন্ধী কল্যাণ বিষয়ও সরকারের বিশেষ অগ্রাধিকারের অন্তর্গত। প্রতিবন্ধী চিহ্নিত করা, সার্টিফিকেট দেওয়া, পুনর্বাসনের ব্যবস্থা করা এবং গুণগত মানের বিকাশ, শল্য চিকিৎসার ব্যবস্থা ইত্যাদি সরকারের বিশেষ দায়িত্ব। আমাদের সমাজ কখনোই একজনও প্রতিবন্ধীর জীবন নষ্ট হওয়া মেনে নেবে না। তাদের জীবনের মূল স্রোতে ফিরিয়ে আনার জন্য ব্যবস্থা নেওয়া আমাদের অন্যতম কর্তব্য। তাঁদের চিহ্নিত করার জন্য মহিলা ও শিশু কল্যাণ বিভাগ বিশেষ শিবিরের আয়োজন করেছে। চিহ্নিত প্রতিবন্ধীদের যাতে শল্য চিকিৎসায় আবার স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা যায় তার জন্য মেডিকেল কলেজগুলি বিশেষ সহযোগিতা করবে।

আমরা চাই এই রাজ্যের রোগীদের চিকিৎসার জন্য যেন অন্য রাজ্যে যেতে না হয়। আমরা তাই বিভিন্ন ক্ষেত্রে 'উৎকর্ষ কেন্দ্র' গড়ে তোলার প্রয়াস করছি : যেমন, হেমাটোলজি, নিওন্যাটোলজি, স্পেশাল ডায়াগনস্টিক সার্ভিসেস, অঙ্কোলজি, কার্ডিওলজি, নিউরো সার্জারি, নিউরো মেডিসিন, রেনাল ডিজিজ এবং কার্ডিও ভাসকুলার সার্জারি।

মেডিকেল শিক্ষার বিষয়ে আমাদের বেশ কিছুটা অগ্রগতি হলেও এখনও আরো অনেক পথ যেতে হবে। ১ জানুয়ারি ২০০৩ থেকে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় তাদের কার্যক্রম শুরু করেছে। বিশ্ববিদ্যালয়টির প্রাথমিক কাজ হল রাজ্যে আধুনিক চিকিৎসা বিজ্ঞানের পঠন-পাঠন ও গবেষণার ব্যবস্থা করা। তার সঙ্গে ভারতীয় চিকিৎসাবিদ্যা, দন্ত চিকিৎসা বিজ্ঞান, নার্সিং, ফার্মেসি এবং প্যারামেডিকেল শিক্ষা বিষয়েরও পঠন-পাঠনের ব্যবস্থা প্রসার করতে এই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য হল এই রাজ্যে চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন শাখার পঠন-পাঠনের একটি নির্দিষ্ট মান নির্ধারণ করা ও পাঠ্যসূচি প্রণয়ন করা। আগামী শিক্ষাবর্ষ থেকে এস এস কে এম এবং মেদিনীপুর কলেজে যথাক্রমে ১৫০ ও ১০০ আসনের দুটি নতুন আন্ডার গ্র্যাজুয়েট মেডিকেল কোর্স চালু হচ্ছে। আশা করি অদূর ভবিষ্যতে মালদাতেও একটি আন্ডার গ্র্যাজুয়েট মেডিকেল কলেজ চালু করা যাবে। বর্ধমান, বাঁকুড়া এবং

উত্তরবঙ্গের মেডিকেল কলেজের চাহিদা পূরণের জন্য পোষ্ট গ্র্যাজুয়েট মেডিকেল কোর্সও তাড়াতাড়ি চালু করা যাবে বলে আশা করা যায়। বিভিন্ন মেডিকেল কলেজে প্যারা-মেডিকেল পঠন-পাঠনের ব্যবস্থাও করা হবে।

বিশেষ বিশেষ স্পেশালিটি এবং সুপার স্পেশালিটি বিভাগে প্রয়োজনীয় ঘাটতি পূরণের লক্ষ্যে অ্যাডভান্সড মেডিকেল সেন্টার বা সুপার স্পেশালিটি মেডিকেল সেন্টার স্থাপন করার ব্যবস্থা নেওয়া হচ্ছে। উল্লেখ করা যেতে পারে যে, 'আই পি জি এম আর'এ দ্বিতীয় স্তরের (লেভেল-টু) নিওন্যাটাল কেয়ার সেন্টারের ব্যবস্থা করা হয়েছে। এটি পূর্বাঞ্চলের মধ্যে অনন্য। রিজিওনাল ইনস্টিটিউট অফ অপথলমলাজিবে আরো উন্নত করা হয়েছে, যা এখন ভারতের উৎকর্ষ চক্ষু চিকিৎসা কেন্দ্রের মধ্যে একটি বলে গণ্য করা হয়। রক্ত সংক্রান্ত বিভিন্ন অসুখের রোগ নির্ণয় ও চিকিৎসার জন্য কলকাতা মেডিকেল কলেজ ইনস্টিটিউট অফ হেমাটোলজি অ্যান্ড ট্রান্সফিউশনকে উপযুক্তভাবে উন্নীত করা হয়েছে। রাজ্যের প্রতিটি মেডিকেল হাসপাতালে কোবাল্ট ট্রিটমেন্ট সহ অঙ্কোলজি সেন্টার স্থাপন করা হয়েছে। নীলরতন সরকার মেডিকেল কলেজের হাসপাতাল এবং মেডিকেল কলেজে ব্র্যাকিথেরাপির ব্যবস্থাও খুব তাড়াতাড়ি করা হবে। আগামী আর্থিক বছরে মেদিনীপুর ও মালদায় দুটি নতুন অঙ্কোলজি সেন্টার স্থাপন করার প্রস্তাব নেওয়া হয়েছে। কলকাতার আই পি জি এম ই আর-এ একটি সাইক্রিয়াট্রি এবং নিউরোমেডিসিনের যৌথ সুপার স্পেশালিটি সেন্টার স্থাপন করা হবে।

রাজ্য সরকারের সীমিত সামর্থে যেসব ক্ষেত্রে আমরা উন্নত চিকিৎসার ব্যবস্থা করতে পারব না কিম্বা বিপুল সংখ্যক সাধারণ মানুষকে বঞ্চিত করে অল্প কয়েকজনের জন্য বিশেষ ব্যবস্থা বাঞ্ছনীয় নয়, সেইসব ক্ষেত্রে আমরা সানন্দে বেসরকারি উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। সরকারি এবং বেসরকারি যৌথ উদ্যোগে গড়ে তোলা কম খরচে উন্নত স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা বর্তমান সময়ের সেরা উপায় বলেই মনে হয়। মনে রাখা দরকার আজকের পরিস্থিতিতে বেসরকারি উদ্যোগ সরকারি ব্যবস্থাপনার পরিপূরক হতে পারে, কিন্তু বিকল্প নয়। অবশ্যই বেসরকারি চিকিৎসার উৎকর্ষতার নিশ্চয়তা থাকতে হবে ক্লিনিকাল এস্টাবলিশমেন্ট আইন অনুসারে। তবে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগ সম্পর্কে আমাদের অভিজ্ঞতা যথেষ্ট আশাব্যঞ্জক। কারণ এতে উভয় পক্ষই লাভান্বিত হবে। মাননীয় সদস্যরা জেনে খুশি হবেন, এই ব্যবস্থার ফলে যে প্রতিযোগিতার সৃষ্টি হয়েছে তার ফলে ইতিমধ্যেই বেসরকারি চিকিৎসা পরিষেবার মূল্য কমেছে। উল্লেখযোগ্যভাবে যৌথ উদ্যোগের ব্যবস্থা নেওয়া হয়েছে মূলত সুপার স্পেশালিটি ক্ষেত্রে। এন আর এস, সি এন এম সি, বি এস এম সি এবং কলকাতা মেডিকেল কলেজ ও হাসপাতালে সিটি স্ক্যানের ব্যবস্থা করা হয়েছে। একইভাবে আর জি কর মেডিকেল কলেজেও সিটি স্ক্যানের ব্যবস্থা করা হবে।

কলকাতা মেডিকেল কলেজে এরকম যৌথ উদ্যোগে একটি এম আর আই বসানোর ব্যবস্থা করা হচ্ছে—ইহা বিশেষ উল্লেখের দাবি রাখে। খুব শীঘ্রই কলকাতার একটি মেডিকেল কলেজ হাসপাতালে অনুরূপ ব্যবস্থায় একটি অত্যাধুনিক প্যাথোলজিকাল ও ডায়গোনস্টিক

সেন্টার তৈরি হতে চলেছে। সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে কার্ডিওভাস্কুলার সার্জারি, গামা নাইফ সার্জারি, ডায়ালিসিস, নিউরো সায়েন্স, মানসিক স্বাস্থ্য এবং লিথোট্রিপাসির বিভিন্ন কেন্দ্র গড়ে তোলা হবে। চেষ্টা করা হচ্ছে গ্রাম বাংলাতে এইরকম যৌথ উদ্যোগে প্যাথোলজিকাল ও ডায়গোনিস্টিক কেন্দ্র গড়ে তুলতে। আমরা অত্যন্ত উৎফুল্ল যে এই উদ্যোগে সাড়া দিয়ে ইতিমধ্যে ৮০০ চিঠি এসেছে। আপাতত ওই প্রস্তাবগুলি বিবেচনাধীন রয়েছে। সরকারি হাসপাতালে পথ্য সরবরাহ বিভাগটি বেসরকারি হাতে তুলে দেওয়ার ফলে একদিকে যেমন অর্থ সাশ্রয় হচ্ছে অন্যদিকে তেমনি মানব-সম্পদের অপ-ব্যবহারও পরিমিত হচ্ছে। হাসপাতাল পরিষ্কার করা, পাহাড়া দেওয়া এবং বিছানার চাদর বদলানোর দায়িত্বও বেসরকারি হাতে দেওয়ার জন্য ভাবনা চিন্তা চলছে।

প্রায় এক দশক পরে আবার ১৭টি এ এন এম প্রশিক্ষণ স্কুল চালু হয়েছে। প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য প্রায় ৪০০০ বিভিন্ন ধরনের হেলথ্ অফিসিয়াল নিযুক্ত করা হয়েছে। এদের মধ্যে রয়েছেন মেডিকেল অফিসার, নার্স এবং অন্যান্য স্বাস্থ্যকর্মী।

স্বাস্থ্য পরিষেবাকে আরও দায়বদ্ধ করে তুলতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের কর্মীদের জন্য অনেক বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। শেষ করা যায়, একথা বলে যে কর্মীদের বিশেষ প্রশিক্ষণ, সেবা করার মানসিকতার প্রবর্তনের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে যাতে স্বাস্থ্য পরিষেবা রোগীদের সন্তুষ্টির কাঙ্খিত মানে পৌঁছানো যায়। প্রয়োজনে কাজে গাফিলতির ক্ষেত্রে কর্মীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থাও নেওয়া হতে পারে, কারণ স্বাস্থ্য অবহেলা করা যায় না।

পরিকাঠামো উন্নয়ন :

রাজ্য স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন প্রকল্প-২

১৪৭ মিলিয়ন মার্কিন ডলার বা ৭৬৮ কোটি টাকা ব্যয়ের রাজ্য স্বাস্থ্য উন্নয়ন প্রকল্প-২, ১৯৯৬ সালে শুরু হয়ে বর্তমানে শেষের মুখে। এ পর্যন্ত খরচ হয়েছে ৫৪৩.৯২ কোটি টাকা। এই প্রকল্পের আওতায় থাকা ২১৪টি হাসপাতালের মধ্যে ২০২টি হাসপাতালের উন্নয়ন প্রকল্প শেষ হয়েছে। বাকি ১১টি আশা করা যাচ্ছে ৩১শে মার্চের মধ্যে শেষ হয়ে যাবে। তমলুক এবং শিলিগুড়ি হাসপাতাল দুটিকে এস ডি এইচে রূপান্তরিত করা হয়েছে। আশা করা যাচ্ছে সেই কাজও ৩১শে জুলাইয়ের মধ্যে শেষ হয়ে যাবে। ১১৭ কোটি টাকার যন্ত্রপাতি কেনা হয়েছে, আশা করা যাচ্ছে ৩১শে মার্চের মধ্যে সেগুলি বিভিন্ন হাসপাতালে পৌঁছে যাবে। কয়েকটি যন্ত্রপাতি এখনও কেনা হয়নি, সেগুলি জেলা পর্যায়ে কেনা হবে। জেলার হাসপাতালগুলিতে প্রয়োজনীয় টাকা পয়সা দেওয়া হয়েছে তাদের ওষুধপত্র, ছোটখাট চিকিৎসার যন্ত্রপাতি, জেনারেটর, অ্যাম্বুলেন্স এবং অন্যান্য টুকিটাকি জিনিসপত্র কেনার জন্য। যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে এবং প্রয়োজনীয় মেরামতির জন্য বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি করা হয়েছে। হাসপাতাল সুপারিনটেনডেন্টের কাছে প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা হয়েছে যাতে তারা বর্তমান যন্ত্রপাতি এবং নতুন কেনা যন্ত্রপাতির উপযুক্ত রক্ষণাবেক্ষণ করতে পারেন।

হাসপাতালগুলির উৎকর্ষতা নিশ্চয়তার বন্দোবস্ত করা হয়েছে এবং গুণমানের দিকে সবসময় নজরও রাখা হচ্ছে। প্রকল্পের অন্তর্গত হাসপাতালের ওষুধপত্রের সঠিক ব্যবহারে নিশ্চিত করার জন্য একটি পরামর্শদাতা সংস্থাকেও নিযুক্ত করা হয়েছে। প্রকল্পের অধীন ১৭৮টি হাসপাতালের মধ্যে ১৪০টিতে কম খরচে স্বাস্থ্যসম্মত বর্জ্য পদার্থের নিষ্কাশনের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। বাকি ১৮টিতে সম্প্রতি অনুরূপ ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৯৯৮ সালের বায়োকেমিকাল ওয়েস্ট (হ্যান্ডেলিং এবং ম্যানেজমেন্ট) অনুসারে একটি অ্যাকশন প্ল্যান নেওয়া হয়েছে। আই ই সি-র জন্য জেলাস্তরে পরিকল্পনা নেওয়া হয়েছে। অবশ্য তার আগে সংশ্লিষ্ট সবাইকে নিয়ে ওয়ার্কশপও করা হয়েছিল। সম্প্রতি এ এস ই সি আই হায়দ্রাবাদে একদল প্রশিক্ষককে আই ই সি-র জন্য বিশেষ প্রশিক্ষণও দেওয়া হয়েছে। জেলাস্তরে সি এম ও এইচদের নিয়ে গঠিত রোগ নজরদারী কমিটি পরিপূর্ণভাবে সক্রিয়। রোগ নজরদারীর জন্য জেলাস্তরে বিজ্ঞানসম্মত ব্যবস্থা জোরদার করা হয়েছে। পুরুষ ও মহিলাদের রোগ ও মৃত্যুহার অনুসারে তথ্য প্রস্তুত করা হচ্ছে। এই বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। রোগের নজরদারী আরও জোরদার করার জন্য বাংলাতে মডিউল তৈরি করে পঞ্চায়েত, এন জি ও, স্থানীয় সরকারি অফিসারদের কাছে পাঠানো হয়েছে। সুন্দরবন এলাকার ৮টি বি.পি.এইচ.সি. এবং ২৮টি পি.এইচ.সি.-র নির্মাণ কাজ শেষ হয়েছে। এর উদ্দেশ্য হলো এন.জি.ও.-দের মাধ্যমে ভ্রাম্যমাণ স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা করা। বর্তমানে ৩৮২টি প্রত্যন্ত গ্রামে এম.সি.এইচ.-এর ব্যবস্থা করা হয়েছে। এস.এইচ.আই.এস., এস.আর.কে.এ., টি.এস.আর.ডি., বি.এস.এস এবং এস.ভি.জি.এস.এস'র মতো নাম করা এন.জি.ও.রা এই কাজে নিযুক্ত রয়েছে। ক্লিনিক্যাল, প্যারাক্লিনিক্যাল এবং ম্যানেজমেন্ট স্বাস্থ্যকর্মীদের দক্ষতা ও উপযুক্ত অত্যাধুনিক বিজ্ঞানসম্মত জ্ঞানের জন্য বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছেন বিশেষজ্ঞ, জি.ডি.এম.ও., হেল্‌থ অ্যাডমিনস্ট্রেটর, নার্স এবং প্যারা মেডিক্যাল স্টাফ যাদের জন্য ইনস্টিটিউট অফ সাইক্রিয়াট্রিতে প্রশিক্ষণের বন্দোবস্ত করা হয়েছে। এই লক্ষ্যে পৌঁছানোর জন্য বিভিন্ন স্পেশালিটিতে ডিসট্যান্স লার্নিং-এর ব্যবস্থা এবং বিভিন্ন হাসপাতালে রেফারেল প্রশিক্ষণের ব্যবস্থা সংগঠিত করা হয়েছে। প্রকল্পের অধীন হাসপাতাল, পি এইচ সি/বি পি এইচ সি-তে রেফারেল এবং ফিডব্যাক কার্ডের বন্দোবস্ত করা হয়েছে। গুরুতর অসুস্থদের নিয়ে যাওয়ার জন্য অ্যাম্বুলেন্সের সুযোগ বাড়ানো হয়েছে।

স্ট্র্যাটেজিক প্ল্যানিং সেল (SPC) :

মাননীয় সদস্যরা অবহিত আছেন যে সরকার রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রে পরিবর্তন আনতে বদ্ধ পরিকর। মূল লক্ষ্যগুলি হল—

—দরিদ্রদের জন্য নিরাময়, প্রতিষেধক এবং উন্নত স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা করা।

—স্বাস্থ্য ও চিকিৎসা সংক্রান্ত প্রতিটি স্তরে গুণগত উৎকর্ষতার নিশ্চয়তার ব্যবস্থা করা।

—চিকিৎসা সংক্রান্ত পড়াশোনা, গবেষণা ও উচ্চতর পঠন-পাঠনের উৎকর্ষতা বজায় রাখা।

এই উদ্দেশ্য সামনে রেখে সরকার 'রাজ্য স্তরের অ্যাপেক্স কমিটি' গঠন করেছে, যাদের কাজ হবে স্ট্র্যাটেজিক ফ্রেমওয়ার্ক তৈরি করা, কর্মসূচি রূপায়ণে নজরদারী করা এবং আর্থিক সহায়তায় অংশীদারদের মধ্যে সমন্বয় সাধন করা। এই কমিটির চেয়ারম্যান মুখ্য সচিব। এই এস পি সি-এর আরও কাজ হলো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সংস্কার বা নূতন প্রস্তাবের মূল্যায়ন করা এবং টেকনিক্যাল এক্সপার্টাইজের মাধ্যমে অতিরিক্ত সুযোগ ও দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা করা। ফ্রেমওয়ার্ক তৈরি করার জন্য এস পি সি ওয়ার্কিং গ্রুপ সব রকম টেকনিক্যাল সহায়তা দেবে। রাজ্যের দরিদ্র শ্রেণির মানুষের বিশেষ করে উচ্চপ্রবণশীল সাধারণ মানুষের স্বাস্থ্য উন্নতির জন্য ডি এফ আই ডি বিশেষ আগ্রহ প্রকাশ করেছে। এর জন্য নির্দিষ্ট কিছু কর্মসূচিও স্থির করা হয়েছে। যেমন—অত্যাবশ্যক সেবা প্রকল্পের (ESP) পরিকল্পনা, ম্যানেজমেন্ট ইনফর্মেশন ব্যবস্থার রি-ডিজাইনিং। এছাড়া স্টেট ইনস্টিটিউট অফ হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারকে ঢেলে সাজানোও এই কর্মসূচির অন্তর্গত। এর মাধ্যমে মেডিক্যাল, প্যারা-মেডিক্যাল এবং অন্যান্য কর্মচারীদের জনস্বাস্থ্য, পরিচালনা ও গবেষণার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। বিকেন্দ্রীকরণ পদ্ধতির ফলাফল দেখা হবে এবং জেলাস্তরে স্বাস্থ্যকর্মী এবং পঞ্চায়েত আধিকারিকদের স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে রূপায়ণ যোগ্য পরিকল্পনা ও পরিচালনায় দক্ষতা বৃদ্ধির উপায়গুলি পরীক্ষা করে দেখা হবে। ইউরোপিয়ান কমিশন ক্ষেত্র বিনিয়োগ প্রকল্পে (SIP) আর্থিক সহায়তা প্রদান করবেন যাতে স্বাস্থ্য ক্ষেত্রে বিনিয়োগের সফল প্রয়োগ হয়। বিশেষ করে এই প্রকল্পে রাজ্যস্তরে প্রযুক্তিগত দক্ষতা বাড়ানোর জন্য আর্থিক ও পরিচালনা সংক্রান্ত বিকেন্দ্রীকরণের সিদ্ধান্ত আধিকারিকগণের পরিকল্পনা ও পরিচালনার ক্ষেত্রে দক্ষতা বাড়াতে সাহায্য করবে। এই প্রকল্পের যে কাজ এখন চলছে তার মধ্যে আছে বিদ্যালয় স্বাস্থ্য পরীক্ষা, ট্রাইবাল প্রজেক্ট, স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কিম, শহর এলাকায় স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি, এ এন এম নার্সদের ট্রেনিং, রাজ্য থ্যালাসেমিয়া প্রকল্পের সহায়তা, এম আই এম-এর অগ্রগতি, আই.এম.আর এবং এন এম আর সার্ভে এবং গ্রামীণ হাসপাতালের পরিকাঠামো জোরদার করা।

মৌলিক স্বাস্থ্য প্রকল্প (BHP) :

কে এফ ডব্লুর সহযোগিতায় ১৭২.৫ কোটি টাকার একটি মৌলিক স্বাস্থ্য প্রকল্প শুরু করা হয়েছে। ২০০১ সালের ১লা মে থেকে প্রকল্পটির মেয়াদ ৩০শে এপ্রিল ২০০৬ পর্যন্ত। বর্তমান পরিকাঠামোর পুনর্নির্মাণের এবং নতুন একটি নির্মাণকার্যের জন্য একটি পরিকল্পনা তৈরি করা হয়েছে। প্রস্তাব করা হয়েছে যে ৩৭ লক্ষ টাকা হিসাবে ১১৩টি বি পি এইচ সি এবং ১০ লক্ষ টাকা হিসাবে ৯২টি পি এইচ সি-র পুনর্নির্মাণের ব্যবস্থা করা হবে। তাছাড়াও প্রতিটি ২.৫ লক্ষ টাকা হিসাবে ৩০৮টি এস এইচ সি নির্মাণ করা হবে। প্রকল্পের প্রথম পর্যায় শেষ হবে এপ্রিল ২০০৪ সালে। এই সময় ৩৮টি বি পি এইচ সি এবং ৯২টি পি এইচ সি-র পুনর্নির্মাণ শেষ হবে এবং ৯৫টি এস এইচ সি-র নির্মাণ শেষ হবে। দ্বিতীয় পর্যায়ে কাজ শেষ হওয়ার কথা মার্চ ২০০৬ সালে। যার মধ্যে ১১৩টি বি পি এইচ সি-র পুনর্নির্মাণ এবং ২১৩টি এস এইচ সি-র নির্মাণ কাজ শেষ হবে।

ভারত-জার্মান সহযোগিতায় কে এফ ডব্লুর আর্থিক অনুদানে রূপায়িত মৌলিক স্বাস্থ্য প্রকল্পের কাজের অগ্রগতি বেশ সন্তোষজনক। আশা করা যাচ্ছে আগামী আর্থিক বছরের মধ্যে প্রথম পর্যায়ের ৩৮টি বি পি এইচ সি, ৯২টি পি এইচ সি এবং ৯৫টি নতুন সাব সেন্টারের কাজ সম্পূর্ণ হয়ে যাবে। কাজের মধ্যে রয়েছে বাড়ি তৈরি, প্রয়োজনীয় ওষুধপত্রের জোগান, যন্ত্রপাতি এবং আসবাবপত্র। প্রকল্পের অন্তর্গত ৮টি জেলায় ১৩২টি অ্যাম্বুলেন্স দেওয়ার জন্যও প্রস্তাব করা হয়েছে। এই নতুন পরিকল্পনা অনুসারে এই অ্যাম্বুলেন্সগুলির দেখভাল করবেন এন.জি.ও., সি.বি.ও., ট্রাস্ট এবং বিভিন্ন পেশাদার সংস্থা।

রাজ্যের ১০টি জেলায় ২৩.৫১ কোটি টাকার নাবার্ডের আর আই ডি এফ ৮ প্রকল্প অনুসারে ৪৬টি বি পি এইচ সি নির্মাণ করা হবে।

সম্পদের বৃদ্ধি :

সম্পদের বৃদ্ধি এবং হাসপাতালে ব্যয় কমানোর জন্য স্বাস্থ্য বিভাগ যথেষ্ট গুরুত্ব দিয়েছে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবহিত আছেন যে এই উদ্দেশ্যে দুটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে, যেমন—হাসপাতাল পরিষেবার চার্জ এবং পেয়িং বেড ও দ্বি-প্রাহরিক পলিক্লিনিকের প্রবর্তন। হাসপাতাল পরিষেবার চার্জ এমনভাবে রাখা হবে যাতে গরিব মানুষেরা সরকারি হাসপাতালে চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত না হন। এক্ষেত্রে আমাদের সুচিন্তিত অভিমত হল যাদের সামর্থ্য রয়েছে তারা পরিষেবার খরচ বহন করুক। আমাদের মনে হয়েছে এমন বহু মানুষ রয়েছেন যাঁরা বেসরকারি পরিষেবার মতো গোপনীয়তা এবং পরিচর্যা পেলে চার্জ দিয়েও সরকারি হাসপাতালের পরিষেবা পেতে আগ্রহী। এই লক্ষ্যে আমরা সামগ্রিকভাবে হাসপাতালের পেয়িং বেডের উন্নয়ন ঘটাতে চাইছি। আশা করি এই ব্যবস্থায় সম্পদ সংগ্রহের পরিমাণ বৃদ্ধি পাবে। সান্ধ্য পে ক্লিনিকের জনপ্রিয়তা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে দেখে আমরা সিদ্ধান্ত নিয়েছি এর পরিকাঠামো আরও উন্নত করতে হবে এবং সেই পথের সমস্ত বাধা দূর করতে হবে।

মেডিকেল শিক্ষা :

২০০১-২০০২ সালে কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছিল।

(১) মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে জরুরি নির্মাণকার্য, প্রয়োজনীয় যন্ত্রপাতি কেনা, যেমন বি আই এন এ, এম আর আই যন্ত্র বসানো। সি এন এম সি এবং বি এম সি বর্ধমানে ইমেজ ইনটেনসিফায়ার মেশিন, এম সি এইচ এবং এন আর এস এম সি কলকাতায় সেমি অটো অ্যানালাইজার মেশিন, এম সি এইচ কলকাতায় থ্রি ডাইমেনশনাল ট্রিটমেন্ট প্ল্যানিং সিস্টেম, বিভিন্ন মেডিকেল কলেজে, অপারেটিং মাইক্রোস্কোপ, অ্যানেস্থেটিক ভেন্টিলেটর, পাল্‌স অক্সিমিটার কেনা হয়েছে। মেডিকেল কলেজগুলির বিভিন্ন বিভাগে কম্পিউটার বসানো হয়েছে। বি এম সি বর্ধমান এবং বি এস এম সি বাঁকুড়ায় বিশাল প্রেক্ষাগৃহ এবং ছাত্রদের হস্টেল তৈরির কাজ শুরু হয়েছে। বাঁকুড়ার ইনস্টিটিউট অফ নিউরোলজি, বর্ধমান মেডিকেল কলেজ, নর্থবেঙ্গল মেডিকেল কলেজ এবং এম আর বাঙ্গুর

মেডিকেল কলেজে সরকারি উদ্যোগে সিটি স্ক্যান যন্ত্র বসানো হয়েছে। এস এস কে এম হাসপাতালকে ব্যাপকভাবে ঢেলে সাজানোর কাজ চলছে।

(২) বি এস এম সি এবং এন বি এম সি-তে এম বি বি এস কোর্সে আসন সংখ্যা ৫০ থেকে বাড়িয়ে ১০০ করা হয়েছে। কলকাতার ৪টি মেডিকেল কলেজে বার্ষিক ভর্তির সংখ্যা প্রত্যেকটিতে ১৫০ জন করে এম সি আই থেকে প্রয়োজনীয় অনুমোদন পাওয়া গেলে ফিজিওলজি, ফার্মাকোলজি, মাইক্রোবায়োলজি, প্যাথোলজি, গাইনোকলজি অ্যান্ড অবস্ট্রেটিক্স, অ্যানেস্থেওলজি বর্ধমান মেডিকেল কলেজে, এন আর এস মেডিকেল কলেজে অ্যানাটমি, মাইক্রোবায়োলজি, ফরেন্সিক মেডিসিন, অ্যানেস্থেওলজি, রেডিও ডায়াগনোসিস, বায়োকেমিস্ট্রি, প্যাথোলজি এবং পেডিয়াট্রিক সার্জারিতে। গাইনোকলজি অ্যান্ড অবস্ট্রেটিক্স, জেনারেল সার্জারি, জেনারেল মেডিসিন এবং অপথালমলজি, বি এস এম এস বাঁকুড়াতে, অ্যানাটমি, ফিজিওলজি, মাইক্রোবায়োলজি, ফার্মাকোলজি এবং ফিজিক্যাল মেডিসিন সি এন এম সি কলকাতায়, অ্যানাটমি, ফিজিওলজি, প্যাথোলজি, কমিউনিটি মেডিসিন, পেডিয়াট্রিক মেডিসিন, গাইনোকলজি অ্যান্ড অবস্ট্রাকটিস, অ্যানেস্থেওলজি এবং রেডিওলজি এন বি এম সি শিলিগুড়িতে, অ্যানাটমি, ফিজিওলজি, প্যাথোলজি, বায়োকেমিস্ট্রি, ফার্মাকোলজি, মাইক্রোবায়োলজি, কমিউনিটি মেডিসিন এবং রেডিওলজি, মেডিকেল কলেজ কলকাতায়, অ্যানাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি, গাইনোকলজি অ্যান্ড অবস্ট্রাকটিস, অ্যানেসথেওলজি, জেনারেল সার্জারি, জেনারেল মেডিসিন এবং পেডিয়াট্রিক মেডিসিন, আর জি কর মেডিকেল কলেজ কলকাতায়, পোস্ট গ্র্যাজুয়েট পাঠক্রম চালু করা হবে।

(৩) মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে এখন যে দ্বৈত প্রশাসন ব্যবস্থা চালু রয়েছে, তার বদলে শুধুমাত্র প্রিন্সিপালের দায়িত্বে সম্পূর্ণ প্রশাসনিক ব্যবস্থা প্রচলনের এক-জানালা নীতি গ্রহণ করা হবে।

(৪) মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠানের স্থানীয় প্রশাসক অর্থাৎ প্রিন্সিপালের হাতে আরো আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা দেওয়া হবে। ফলে, বিভিন্ন মেরামতি, ৩ লক্ষ টাকা পর্যন্ত জিনিসপত্র কেনাকাটার ক্ষমতা তার হাতে থাকবে। তেমনি স্থানীয়ভাবেই ৬০ দিন পর্যন্ত ছুটির আবেদন, সেমিনারে বা কনফারেন্সে যোগ দেওয়ার অনুমতি মঞ্জুর করা সেই ক্ষমতাও থাকবে। বিভিন্ন ক্যারিয়ার অ্যাডভান্সমেন্ট স্কিমের সিদ্ধান্তও স্থানীয়ভাবেই নেওয়া হবে।

(৫) নর্থবেঙ্গল ডেন্টাল কলেজে দুটি আর এম ও পদ এবং ডি সি আই-এর সুপারিশ অনুসারে সমস্ত পদের রদবদল ঘটানো হবে।

(৬) মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেআইনি দখল, নির্মাণ বা অন্যান্য নির্মাণ সংক্রান্ত কাজকর্ম বন্ধ করা হবে এবং ভেঙে ফেলা হবে।

(৭) মেডিকেল শিক্ষার উন্নতিকল্পে যে সব পদক্ষেপ নেওয়া হবে তার বিবরণ নিম্নরূপ :

(ক) বর্তমান মেডিকেল শিক্ষা ব্যবস্থায় ত্রুটি খুঁজে বার করার জন্য একটি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়েছে।

(খ) পেরিফেরিয়াল মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠান এবং ডেন্টাল শিক্ষা প্রতিষ্ঠানে সুপারস্পেসালিটি চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়া যায় কিনা দেখার জন্য একটি একসদস্য বিশিষ্ট কমিটি গংন করা হবে।

(গ) ক্লাসের সময়সূচির অদলবদল করা হয়েছে যাতে লেকচার এবং প্র্যাক্টিকাল ক্লাসের সময় বাড়ানো যায়।

(৮) বর্তমান হাসপাতাল-ম্যানেজমেন্ট কমিটি বাতিল করা হয়েছে। বিভিন্ন বিশেষজ্ঞদের দ্বারা ওই কমিটি আবার নতুন করে গঠন করা হবে।

(৯) মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিকেলে পে-ক্লিনিক চালু করা হয়েছে।

(১০) মেডিকেল কলেজগুলির কিছু কিছু অংশ পরিষ্কার-পরিচ্ছন্ন ও আবর্জনামুক্ত করার জন্য বেসরকারি সংস্থাকে চুক্তির ভিত্তিতে দায়িত্ব দেওয়া হয়েছে।

(১১) মেডিকেল কলেজগুলির কিছু কিছু অংশের নিরাপত্তার দায়িত্ব বেসরকারি সংস্থার হাতে দেওয়া হয়েছে।

(১২) মেডিকেল কলেজে ইলেকট্রনিক ডিসপ্লে বোর্ড বসানো হয়েছে। ওই বোর্ডে বিভিন্ন ওয়ার্ডে খালি এবং ভর্তি বিছানার সংখ্যা কত লেখা থাকবে। আশা করা যাচ্ছে এই ব্যবস্থা নেওয়ার ফলে অসাধু ব্যক্তিরা আর রোগীদের হয়রানি করতে পারবে না।

(১৩) এই রাজ্যের সমগ্র মেডিকেল, প্যারামেডিকেল, ডেন্টাল সাইন্সকে একটি বৃত্তের মধ্যে নিয়ে আসার জন্য ওয়েস্টবেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সাইন্সেস আইন প্রণয়নও চালু করা হয়েছে।

(১৪) রাজ্য সরকার মেদিনীপুরে একটি মেডিকেল কলেজ খোলার পরিকল্পনা নিয়েছে। কলেজের আসন সংখ্যা হবে ১০০টি। আশা করা যাচ্ছে আগামী শিক্ষাবর্ষ থেকে কলেজ দুটি চালু হয়ে যাবে। ওই কলেজের প্রিন্সিপাল নিয়োগ করা হয়েছে এবং তিনি কার্যভারও বুঝে নিয়েছেন। ওই কলেজটি চালু করার অনুমতি প্রদানের জন্য ভারত সরকারের কাছে আবেদন জানানো হয়েছে। উক্ত মেডিকেল কলেজে শিক্ষক ও অশিক্ষক মিলিয়ে ১৩০ জন কর্মীর পদ সৃষ্টি করা হয়েছে।

(১৫) মেডিকেল কলেজ কলকাতা এবং বি এস এম সি বাঁকুড়াতে যৌথ উদ্যোগে হাই রিজলিউশন সিটি স্ক্যান বসানো হয়েছে। একইভাবে ওই যন্ত্র এন আর এস, এম সি এইচ, আর জি কর এম সি এইচ, সি এন এম সি এইচ এবং এস এস কে এম হাসপাতালে বসানো হবে।

(১৬) নিউরো সাইন্সেস সেন্টার বেঙ্গলের সঙ্গে কারিগরি সহযোগিতার যৌথ উদ্যোগে কলকাতা মেডিকেল কলেজে একটি নিউরো সাইন্সেস সেন্টার খোলা হয়েছে। ওই সংস্থার সঙ্গেই যৌথ উদ্যোগে একটি পরিপূর্ণ নিউরো সাইন্সেস হাসপাতাল গড়ে তোলা হবে।

(১৭) রাজ্যের তিনটি পেরিফেরিয়াল মেডিকেল কলেজে কার্ডিওলজি, নেফ্রোলজি, নিউরো মেডিসিন এবং নিউরো সার্জারিতে সুপার স্পেশালিটি বিভাগ চালু হচ্ছে। ওই বিভাগগুলির জন্য শিক্ষক এবং অশিক্ষক কর্মীর বেশ কয়েকটি পদও মঞ্জুর করা হয়েছে।

(১৮) পশ্চিমবঙ্গ সরকার আই পি জি এম ই আর কলকাতার প্লাস্টিক সার্জারি বিভাগকে উন্নত করতে বদ্ধপরিকর। এই উদ্দেশ্যে অত্যাধুনিক অ্যাডভান্সড রিকনস্ট্রাকটিভ মাইক্রো ভাসকুলার সার্জারি টেকনোলজি চালু করতে উদ্যোগ নিতে আগ্রহী ; এর ফলে স্ট্রমা এবং ক্যানসারের চিকিৎসায় নতুন বিপ্লব আসবে। রোগীরা কম খরচে তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠবেন। অন্যদিক থেকে চিকিৎসকসহ বিভিন্ন ধরনের মানবসম্পদের উন্নয়নও এক্ষেত্রে হবে।

(১৯) আরো কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে। আই বি জি হাসপাতাল কলকাতা এবং বি সি রায় মেমোরিয়াল চিলড্রেনস হাসপাতালে নতুন প্রিন্সিপাল নিয়োগ করা হয়েছে। বি.সি. রায় মেমোরিয়াল হাসপাতালে একটি নিওন্যাটাল পেডিয়াট্রিক সার্ভিস সেন্টার (লেভেল-১) খোলা হয়েছে। পশ্চিমবঙ্গ হেলথ সার্ভিস ডাক্তার—যাদের উপযুক্ত শিক্ষাগত মান আছে, তাদের জন্যও পশ্চিমবঙ্গ মেডিকেল এডুকেশন ক্যাডারে যোগদানের পথ সুগম করা হয়েছে। আর্থিক অসুবিধা সত্ত্বেও চিকিৎসা মহাবিদ্যালয়গুলিতে গুণগত মান উন্নতিকল্পে নতুন চিকিৎসক-শিক্ষক নিয়োগ করা হয়েছে।

পরিবার কল্যাণ :

পরিবার কল্যাণের মুখ্য উদ্দেশ্য হল মা ও শিশুর স্বাস্থ্য, জন্ম নিয়ন্ত্রণ, সুরক্ষিত মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য পরিষেবা, জনসাধারণের মধ্যে তৃণমূলস্তরে পৌঁছে দেওয়া, এ ব্যাপারটা ইতিপূর্বেই বলা হয়েছে। আমাদের রাজ্য উল্লেখযোগ্য উন্নতিসাধন করেছে এবং NFHS-II এর সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী বর্তমানে প্রায় ৪৭ শতাংশ গর্ভধারণক্ষম মহিলা আধুনিক জন্ম-নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করছেন। কোচবিহার, পূর্ব মেদিনীপুর ও বীরভূম—এই তিন জেলায় মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য পরিষেবা শিবির খোলা হয়েছে। প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার অন্তর্ভুক্ত নয় এমন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ব্লক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে অপারেশন থিয়েটার, লেবার রুম, বিদ্যুৎ সংযোগ এবং জলসরবরাহ ব্যবস্থার উন্নতিসাধন করা হচ্ছে। পুনর্নির্মাণ কার্যের প্রয়োজনে ৯টি জেলায় বিভিন্ন সংস্থাকে প্রায় ৭.৬৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। রুটিন মাফিক টিকাদানের ক্ষেত্রেও সফলতার হার ৬৬.৭৩ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৭২.৬ শতাংশ হয়েছে। ৮টি জেলা যেখানে সফলতার হার কম যেমন—পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মুর্শিদাবাদ, হাওড়া এবং উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা, সেক্ষেত্রে একটি বিশেষ কর্মসূচির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। একটি বিশেষ পালস্ পোলিও টিকাদান প্রচার কর্মসূচি এই বছরেও চালু আছে। আগামী বছরে আরও কয়েকটি পরিবার কল্যাণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিশেষ কর্মসূচি যেমন ভ্রাম্যমাণ চিকিৎসা এবং মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য পরিষেবার জন্য দাই শিক্ষণ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রায় সকল ৩৪৭টি গ্রাম

পঞ্চায়েতেই এই ভ্রাম্যমান চিকিৎসার সুবিধা পাওয়া যাবে এবং এজন্য প্রতিটি গ্রাম পঞ্চায়েতকে গর্ভবতী মায়েদের হাসপাতালে পৌঁছে দেওয়ার জন্য ৫০০০ টাকা করে অনুদান দেওয়া হবে। এই অনুদান প্রতি বছরে বৃদ্ধি পাবে। প্রথমে তিনটি জেলা—উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা এবং পরে ধীরে ধীরে ৫টি জেলা যথা—কোচবিহার, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, বীরভূম এবং পূর্ব মেদিনীপুরে দাই শিক্ষণ কর্মসূচি রূপায়িত করা হবে। পুনর্নির্মাণকার্য এবং অন্যান্য সহায়তাদানের মাধ্যমে মুর্শিদাবাদ ও আসানসোল কর্পোরেশন এলাকায় নতুন সাব-প্রজেক্ট গ্রহণ করা হয়েছে। একটি স্টেট পপুলেশন কমিশন গঠন করা হয়েছে যার প্রথম সভা হয়েছে ৫ই সেপ্টেম্বর, ২০০২।

ডাক্তারি পরিষেবা :

পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ অনুযায়ী প্রায় ৬৭৩ জন মেডিকেল অফিসার নিয়োগ করা হয়েছে যার মধ্যে ৬০ শতাংশ স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র এবং গ্রামীণ হাসপাতালে যোগদান করেছে। এছাড়াও আরও ৩৪ জন মেডিকেল অফিসার নিয়োগ করা হয়েছে। এদের মধ্যে প্রায় ১২৫ জন অফিসার বর্ধিত সময়সীমার মধ্যে যোগদান করেছেন এবং বাকীদের জন্য আরও সময়সীমা বাড়ানো হবে। উন্নততর মাতৃত্ব এবং শিশু স্বাস্থ্য পরিষেবার জন্য এবং মহকুমা হাসপাতালের চাপ হ্রাস করার জন্য ৩ (তিন) জন করে বিশেষজ্ঞ গায়নোকোলজিস্ট পেডিয়াট্রিক্স ও অ্যানাসথেসিয়োলজিস্ট নিয়োগ করা হয়েছে। ৪৫৮ জন চুক্তিভিত্তিক মেডিকেল অফিসারের নিয়োগ আরও এক বছরের জন্য বাড়ানো হয়েছে। পশ্চিমবঙ্গ স্বাস্থ্য পরিষেবায় বিশেষজ্ঞদের ৫২৪টি পদ, মেডিকেল অফিসারদের ২৮৯টি পদ এবং পশ্চিমবঙ্গ দন্ত পরিষেবায় ৪৪টি পদ সৃষ্টি করা হয়েছে। এছাড়াও ২৮৯টি মেডিকেল অফিসারদের পদে SHSD-II প্রকল্পের মাধ্যমে চুক্তি ভিত্তিতে বিশেষজ্ঞ ডাক্তার নিয়োগের সুপারিশ করা হয়েছে। রাজ্যের নতুন ১২টি সাব ডিভিশনের জন্য ১২টি ACMOH-এর পদ এবং আরও অনেক পদ তৈরি হয়েছে। যেগুলি খুব শীঘ্রই চালু হবে।

নার্সিং প্রশিক্ষণ এবং শিক্ষা :

এই বছরে প্রায় ৫০০ নার্সকে কন্ট্রাক্ট ভিত্তিতে নিয়োগ করা হবে। ৮০৪ জনকে সাধারণ নার্সিং মিডওয়াইফেরি কোর্স এবং ৫২০ জনকে সহায়ক নার্সিং মিডওয়াইফেরি কোর্স থেকে নির্বাচন করা হয়েছে। বেসিক নার্সিং কোর্স, কমিউনিটি হেলথ্ নার্সিং এডুকেশন এবং এম এস সি নার্সিং কোর্সে নার্সদের ট্রেনিং এখনও চলছে। মেডিকেল কলেগুলিতে বিশেষ গুরুত্বপূর্ণ বিভাগ যেমন কার্ডিওলজি, নিওরোলজি এবং নেফ্রোলজি বিভাগে ৮০টি সমপর্যায়ের পদের পরিবর্তে নার্সদের নতুন ৮০টি পদ তৈরি করা হয়েছে।

জনস্বাস্থ্য কর্মসূচি :

নবপর্যায় জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প (আর এন টি সি পি) :

দার্জিলিং বাদ দিয়ে সমস্ত জেলাতেই এই প্রকল্প চালু হয়েছিল ১৯৯৪ সালে। দার্জিলিং-এ নির্মাণকার্যে কিছু সমস্যা থাকলেও ২০০৩ সালের দ্বিতীয় ভাগে এই কর্মসূচি শুরু

হয়ে যাবে। ৮১৯টি বিশেষ মাইক্রোস্কোপি সেন্টারের মধ্যে ৭৮০টি সেন্টারে প্রশিক্ষণপ্রাপ্ত মাইক্রোস্কোপিস্টের সাহায্যে রোগীদের কফ পরীক্ষার কাজ চলছে।

প্রতিনিয়ত স্বাস্থ্যকর্মী, সমাজসেবী সংস্থা, স্থানীয় সংগঠন এবং বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা এদের সহায়তায় ৮১২৬টি সরকারি কেন্দ্রে সরাসরি নিরীক্ষণ চিকিৎসা পরিষেবা প্রদান করা হচ্ছে। এ বিষয়ে ১৩৮১টি সরকারি এবং মিউনিসিপাল সাহায্য কেন্দ্র রোগ নির্ণয় এবং নিরাময় পরিষেবা প্রদান করছে। এছাড়াও ৫০টি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা সহযোগী হিসাবে কাজ করছে। তাছাড়া বেসরকারি চিকিৎসকদেরও যুক্ত করার জন্য প্রচেষ্টা নেওয়া হয়েছে। যক্ষ্মা কেন্দ্রে ঔষধালয় গঠন করে প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্রেও এই পরিষেবা দেওয়া নিশ্চিত করা হয়েছে।

কফ পরীক্ষা অনুবীক্ষণ যন্ত্রের সহজলভ্যতার জন্য স্বাস্থ্য উপ-কেন্দ্রগুলিতে রোগ নির্ণয়ের গুণগত ক্ষমতা ও উৎকর্ষতা উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে। কফ পরীক্ষায় রোগীর পজিটিভ ও নেগেটিভ হার রাজ্যে বর্তমানে ০.৭, এই সাধারণ হার হল শতকরা ০.৪-১.২। উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে প্রশিক্ষণপ্রাপ্ত এম পি এইচ ডবলু দ্বারা সরাসরি নিরীক্ষণ চিকিৎসা চালানোর জন্য ডিফন্টারের হার শতকরা ৫০-৬০ থেকে বর্তমানে শতকরা ৫-১০-এ নামিয়ে আনা সম্ভব হয়েছে। STS এবং STLS-দের দ্বি-চক্রযান পরিষেবার মাধ্যমে চিকিৎসার গুণগত মান বৃদ্ধি পেয়েছে। কফ পরীক্ষায় পজিটিভ রোগীর সংখ্যা বর্তমানে প্রতি লাখে ৫০ জন থেকে প্রতি লাখে ৪৫ জনে পর্যায়ক্রমে নামিয়ে আনা সম্ভব হয়েছে। ২০০২ সালের চতুর্থ ত্রৈমাসিক পর্যন্ত ৭০৯১৩টি নতুন কেস সহ ১,৬৭,৮৫৫ জন যক্ষ্মা রোগাক্রান্ত রোগীর চিকিৎসা করা হয়েছে, তার মধ্যে তিন মাস চিকিৎসা করার পরে শতকরা ৮৭ ভাগ ক্ষেত্রে কফ পরীক্ষায় নেগেটিভ রিপোর্ট পাওয়া গিয়েছে। ৪১,৪১৪টি নতুন কফ পরীক্ষায় পজিটিভ হওয়ার ক্ষেত্রে রোগ নিরাময়ের হার শতকরা ৮৪ এবং পুনর্চিকিৎসার ক্ষেত্রে এই হার শতকরা ৭০-এর উপরে। এই প্রকল্পের শুরু থেকে কেন্দ্রীয় সরকার ২০.২৯ কোটি টাকা প্রদান করেছেন যার মধ্যে আজ পর্যন্ত ১৮.৬৮ কোটি টাকা খরচ করা হয়েছে।

বহির্বিভাগে রোগীদের পরিষেবার ক্ষেত্রে কলকাতা, হাওড়া, হুগলি, নদিয়া, বর্ধমান, জলপাইগুড়ি, বাঁকুড়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনায় লক্ষ্যমাত্রা, যা স্বাভাবিকভাবে শতকরা হার ২-৩ হওয়া উচিত, সেই লক্ষ্যমাত্রা পূরণ করতে সক্ষম হয়েছে। কলকাতা, মুর্শিদাবাদ, বর্ধমান, জলপাইগুড়ি, বাঁকুড়া, পুরুলিয়া এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার ক্ষেত্রে কফ কনভারসানের হার, যা শতকরা ৯০ ভাগের উপর হওয়া উচিত, সেই লক্ষ্যমাত্রা অতিক্রম করা গেছে। অনুরূপভাবে, নতুন স্মিয়ারস্পুটাম পজিটিভ কেসের ক্ষেত্রে নিরাময়ের হার, যা কমপক্ষে শতকরা ৮৫ হওয়া উচিত, সেই লক্ষ্যমাত্রাও পূরণ করা গেছে। ৮টি কর্মচারী রাজ্যবীমা কেন্দ্রে, মেডিকেল কলেজ এবং অন্যান্য এন জি ও-দের মধ্যে সমন্বয় সাধনের প্রস্তাবনা করা হয়েছে। এই প্রচেষ্টায় আমরা বেসরকারি চিকিৎসকদেরও যুক্ত করার প্রচেষ্টা করছি।

জাতীয় এড্‌স নিয়ন্ত্রণ কর্মসূচি এবং রক্ত সংরক্ষণ :

এ রাজ্যে এড্‌সের প্রকোপ কম। বর্তমান সেন্টিনেল সমীক্ষায় দেখা যায় যে কলকাতা, হলদিয়া, রায়গঞ্জ এবং মালদার কিছু কিছু অঞ্চলে এড্‌সের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। সেই কারণেই পেশাদার যৌনকর্মী, ড্রাগ সেবনকারী এবং সমকামীদের মধ্যে এড্‌স সম্পর্কে সচেতনতা বাড়ানো উচিত। উচ্চপ্রবণশীল লোকজন যাদের মধ্যে অন্যস্থান থেকে আগত শ্রমিক, লরিচালক এবং ভ্রাম্যমাণ লোকজন ইত্যাদি আছেন তাদের জন্য ৩৫টি প্রকল্পের মাধ্যমে এ পর্যন্ত ৬.৫ কোটি টাকা খরচ করা হচ্ছে। সাধারণ মানুষের বিশেষ করে মহিলাদের মধ্যে এড্‌স সম্পর্কে সচেতনতা খুবই কম এবং বিশেষ ধরনের আই ই সি প্রচারের মাধ্যমে তা বাড়ানোর জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া দরকার। পঞ্চায়েত এবং মিউনিসিপাল কর্মীদের মধ্যে সচেতনতা অভিযান চালু হয়েছে। বিভিন্ন মেডিকেল কলেজে ১৮টি ভলান্টারি কাউন্সেলিং এবং টেস্টিং সেন্টার চালু করা হয়েছে। যারা এই ব্যাপারে টেস্ট করতে ইচ্ছুক তাদের ক্ষেত্রে ইহা খুবই গ্রহণযোগ্য হয়েছে। জলপাইগুড়ি, উত্তর ও দক্ষিণ দিনাজপুর বাদ দিয়ে সকল জেলাতেই 'জিজ্ঞাসা' নামক টেলিকাউন্সেলিং ব্যবস্থা চালু করা হয়েছে। এই পরিকল্পনাটি বিশেষ করে বয়ঃসন্ধি যুবক-যুবতীদের মানসিক ও শারীরিক পরিবর্তনজনিত বিভিন্ন ভুল ধারণা ও অলীক কল্পনা নিরসনে তথ্যাদি বিতরণ করে সাহায্য করছে। যৌন সংক্রমণজনিত রোগ প্রতিরোধও (এস টি ডি) এই কর্মসূচির একটি বিশেষ ভাগ। সারা রাজ্যে মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে এই জন্য ৩০টি এস টি ডি ক্লিনিক চালু করা হয়েছে। বাড়ির মহিলারা যাঁরা এই ব্যাপারে অত্যন্ত কুণ্ঠিত বোধ করেন, তাঁদের জন্য প্রতি বছর দু-সপ্তাহব্যাপী বাড়ি বাড়ি গিয়ে প্রচারের উদ্দেশ্যে "পরিবার স্বাস্থ্য সচেতনতা অভিযান" করা হচ্ছে। এই কর্মসূচির মধ্যে বিভিন্ন জেলাগুলিকেও অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রোগের প্রকোপ কমানোর জন্য উচ্চপ্রবণশীল সাধারণ মানুষদের মধ্যে আরও সচেতনতা বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। প্রাথমিকভাবে এই কারণে একটি সংক্ষিপ্ত আই ই সি প্রচার কর্মসূচী গ্রহণ করা হয়েছে, যাতে তাঁরা এড্‌সের প্রকোপ সম্পর্কে জানতে পারে। স্বাস্থ্য সহায়ক ও স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ দেবার কর্মসূচী নেওয়া হয়েছে, গ্রামীণ বেসরকারি চিকিৎসকদেরও এস টি ডি সম্পর্কে প্রশিক্ষিত করা হবে। এড্‌স পজিটিভ রোগীদের জন্য নিরীক্ষণ ব্যবস্থা সিডি-৪ টেস্টিং এবং ভাইরাল-লোড টেস্টিং এর ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন স্বাস্থ্য সংস্থা পদাধিকারীদের অসতর্ক সংক্রমণ সংক্রান্ত ব্যাপারে চিকিৎসা করার জন্য সংবেদনশীল ও সচেতন করা হচ্ছে।

নিরাপদ রক্ত সঞ্চালন ও এড্‌স নিয়ন্ত্রণ কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ অংশ। গত বছর ৩.৮৩ লক্ষ ইউনিট রক্ত সংগ্রহের অনুপাতে বর্তমান বছরে ৪.২১ লক্ষ ইউনিট রক্ত সংগ্রহ হয়েছে। বর্তমানে ভলান্টারি রক্ত সংগ্রহের হার ৭৮.৯৬ শতাংশ যা সারা ভারতে সর্বাধিক। এই পরিমাণও ২০০১ সালের ৭৬.৯২ শতাংশের তুলনায় বেশি। ইনস্টিটিউট অফ ব্লাড ট্রান্সফিউসন এবং হিমাটোলজির রক্ত সংগ্রহ প্রায় ১.০৩ লাখ, যার মধ্যে ভলান্টারি সংগ্রহ

প্রায় ৯৮ শতাংশ। রক্ত সংগ্রহ এবং রক্ত সংরক্ষণের গুণগত মান বৃদ্ধি করার জন্য সরকারি ব্লাড ব্যাঙ্কের সাথে বেসরকারি ব্লাড-ব্যাঙ্কগুলিকেও সামিল করা হয়েছে। সকল ব্লাড-ব্যাঙ্কগুলিকে একই ধরনের নিয়ন্ত্রণ পদ্ধতির আওতায় আনার জন্য স্ট্যান্ডার্ড অপারেটিভ প্রসিডিওর (এস ও পি) রূপায়িত হতে চলেছে।

আর জি কর, বর্ধমান, বাঁকুড়া এবং উত্তরবঙ্গ মেডিকেল কলেজে ব্লাড কমপোনেন্ট সেপারেশন চালু করা হবে, যাতে রক্তের চাহিদা কমে যায়। সরকারি হাসপাতালগুলির মেডিকেল অফিসারদেরও রক্তের উপযুক্ত ব্যবহার করার জন্য সচেতন করতে একটি বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি নেওয়া হচ্ছে। এমারজেন্সি রক্তের প্রয়োজনে সাধারণ মানুষের চাহিদা মেটানোর লক্ষ্যে আই বি টি এম আই অ্যান্ড এইচ্ সহ ১০টি ব্লাড ব্যাঙ্ককে অটোমেশনের আওতায় আনা হচ্ছে, যাতে টেলিফোন অথবা ইন্টারনেটের মাধ্যমে এই ব্লাড ব্যাঙ্কগুলিতে রক্ত সংগ্রহ ও সংরক্ষণের পরিমাণ খুব সহজেই জানা যাবে। এতে করে জরুরি রক্ত সংগ্রহে অনিশ্চয়তা এবং হয়রানি দূর হবে।

জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মসূচি :

বর্তমানে ৫টি মানসিক রোগীদের হাসপাতাল আছে। কলকাতার পাভলভ ও লুম্বিনী পার্ক নামে দুটি, বহরমপুরে বহরমপুর মানসিক হাসপাতাল একটি, পুরুলিয়ায় মানসিক স্বাস্থ্য সেবা কেন্দ্র এবং আই পি জি এম ই আর-এর অধীনে ইনস্টিটিউট অফ্ সাইক্রিয়াট্রি। ১৫টি জেলা হাসপাতালে ২০টি বেড সম্পন্ন সাইক্রিয়াট্রি ওয়ার্ড এবং ৭টি মেডিকেল কলেজে সাধারণ মানসিক রোগীদের ভর্তির ব্যবস্থা চালু হয়েছে। এই সমস্ত হাসপাতালের বহির্বিভাগে অ্যান্টি-সাইক্রিয়াট্রি ঔষধের বন্দোবস্ত আছে এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র/গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র/স্টেট জেনারেল হাসপাতালে যে সমস্ত মানসিক রোগীদের ছেড়ে দেওয়া হয় তাদের জন্য ৬টি সস্তায় অ্যান্টি-সাইক্রি ঔষধ পাওয়া যায়। সাব ডিভিসন হাসপাতালগুলিতে স্বেচ্ছাসেবী বেসরকারি সংস্থাগুলিকে বহির্বিভাগ খোলার অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়াও তাদেরকে স্কুল ছাত্রদের সাইকো-নিউরোটিক সমস্যা সম্পর্কে কাউন্সেলিং করার অনুমোদন দেওয়া হয়েছে। বাঁকুড়া, বর্ধমান এবং উত্তরবঙ্গ মেডিকেল কলেজে ড্রাগ ডি-অ্যাডিক্সন সেন্টারগুলি চালু আছে। ভারত সরকারের সহায়তায় বাঁকুড়া জেলায় একটি মানসিক স্বাস্থ্য কর্মসূচি রূপায়িত করা হচ্ছে। ৩৩৭ জন দীর্ঘদিনের মানসিক রোগীদের মধ্যে ১১০ জনকে সম্পূর্ণভাবে সুস্থ করে স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে তাদের ঠিকানা বের করে বাড়িতে পাঠানোর বন্দোবস্ত করা হয়েছে। বর্তমানে বহরমপুর মানসিক হাসপাতালে চিকিৎসার স্থানাভাবের জন্য ওরই সংলগ্ন আরও একটি নতুন হাসপাতাল বিল্ডিং নির্মাণ করা হচ্ছে যাতে সকল মানসিক রোগীদের আলাদাভাবে সেখানে রাখা যায়। ২০০ শয্যাবিশিষ্ট লুম্বিনী পার্ক হাসপাতালকে কলকাতা প্যাভলভ হাসপাতালের সঙ্গে সংযুক্ত করে একটি অত্যাধুনিক বড় মানসিক হাসপাতাল স্থাপনের প্রচেষ্টা নেওয়া হয়েছে। উগ্র মানসিক রোগীদের জন্য বাড়িতে থেকেই চিকিৎসার সুবিধা প্রদানের জন্য আমরা প্রচেষ্টা করছি।

জাতীয় ক্যান্সার নিয়ন্ত্রণ কর্মসূচি :

পশ্চিমবঙ্গে ৮.২০ কোটি জনসংখ্যার মধ্যে (২০০১ সালের জনগণনা অনুযায়ী) প্রতিবছর ৬৩,২০০টি করে নতুন ক্যান্সার রোগের উৎপত্তি হচ্ছে (প্রতিবছর প্রতি মিলিয়নে ৮০০ করে নতুন কেস হিসাবে ধরে)। ২০০১ সালে কলকাতা, উত্তরবঙ্গ, বর্ধমান এবং বাঁকুড়ার হাসপাতালে ২২,৫১৩টি ক্যান্সার রোগ ধরা পড়েছে। জাতীয় ক্যান্সার নিয়ন্ত্রণ কর্মসূচি এবং তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির মাধ্যমে এই রোগ সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধি করার চেষ্টা চলছে। বিশেষ করে সেই সব জনসাধারণের মধ্যে যাঁরা যথেষ্ট সচেতন নন বা যাঁরা চিকিৎসা করার পর্যাপ্ত সুযোগ-সুবিধা পাচ্ছেন না।

এই কর্মসূচিগুলি হল :—

(১) এন.জি.ও/পি.এম.এ/পঞ্চায়েত/নারী শিক্ষা সমিতি/মহিলা স্বাস্থ্যকর্মী/হাতুড়ে ডাক্তার, এদের সাহায্যে রোগ নিবারণের জন্য প্রতিরোধ গড়ে তোলা।

(২) দ্বিতীয় স্তরে রোগ নিবারণ ব্যবস্থা কর্মসূচিতে সাব-সেন্টার/পি.এইচ.সি./ বি.পি.এইচ.সি./সি.এইচ.সি. থেকে প্রেরিত রোগীদের মধ্যে থেকে সন্দেহজনক রোগীদের চিহ্নিত করা ও রোগ নির্ণয় করা।

(৩) ত্রিস্তরে রোগীদের রোগ নিয়ন্ত্রণ ও যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা, রোগ নিবারণের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে সাব-সেন্টার/প্রাইমারি হেলথ্ সেন্টার/ব্লক হেলথ্ সেন্টার/ গ্রামীণ হাসপাতালগুলি, সচেতনতা বৃদ্ধির সঙ্গে যুক্ত এন.জি.ও. বা বিভিন্ন আই.ই.সি. লিফলেট/বই এবং ক্যান্সারের ফটোর মাধ্যমে ক্যান্সার সম্পর্কে সচেতনতা বাড়ানোর প্রচেষ্টা হচ্ছে। এই সচেতনতার উদ্দেশ্য হল ৩৫ থেকে ৬০ বছর বয়সের জনসংখ্যার মধ্যে প্রাথমিকভাবে ক্যান্সার রোধে স্বাস্থ্য সম্পর্কে সচেতন করা। গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে স্বাস্থ্যকর্মীদের সাহায্যে বয়স্ক মহিলাদের মধ্যে সারভাইকাল ক্যান্সারের প্রাথমিক রোগ লক্ষণগুলি সম্বন্ধে সচেতন করা হচ্ছে। সমস্ত স্বাস্থ্যকর্মী/হোমিওপ্যাথ/আয়ুর্বেদ ডাক্তার এবং প্রাইমারি স্বাস্থ্যের সঙ্গে যুক্ত সকল স্বাস্থ্যকর্মীকে পি.এইচ.সি., বি.পি.এইচ.সি., আর.এইচ-এর মেডিকেল অফিসারদের সাহায্যে প্রশিক্ষণ দেওয়া হবে। এইভাবে ভি.আর.সি. এবং সন্দেহজনক সারভাইকাল ক্যান্সার রোগীদের দ্রুত চিহ্নিতকরণের জন্য দ্বিস্তরীয় স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে। স্বাস্থ্য পরিষেবার দ্বিতীয় স্তরে সি.এইচ.সি./ বি.পি.এইচ.সি./পি.এইচ.সি./সাব সেন্টার থেকে রোগীকে হাসপাতালে ভর্তি করা হয়। পরিবার কল্যাণ বিভাগের পি.পি. ইউনিটে প্যাপ স্মিয়ার পরীক্ষার ব্যবস্থা করা হবে। প্যাপ স্মিয়ার (পজিটিভ) কেসগুলোকে জেলা হাসপাতালগুলোতে পাঠানো হবে। জেলাগুলোতে একটি করে ক্যান্সার নির্ণয় কেন্দ্র খোলা হবে এবং এই কর্মসূচিতে জেলা ক্যান্সার বিশেষজ্ঞ সংযোগকারী অফিসার হিসাবে কাজ করবেন। জেলা ক্যান্সার বিশেষজ্ঞকে সাহায্য করার জন্য (ক) প্যাথলজিস্ট, (খ) গায়নোকলজিস্ট, (গ) সার্জেন, (ঘ) মেডিকেল অফিসার, (ঙ) জনস্বাস্থ্য (পি.এইচ) নার্স, পি.পি. ইউনিট, (চ) অ্যানেস্থিস্ট—এদের নিয়ে একটি দল গঠন করা হবে।

জেলা ক্যান্সার বিশেষজ্ঞ জেলা থেকে প্রেরিত রোগাক্রান্ত বা নতুন রোগী এবং মেডিকেল কলেজগুলি থেকে ফেরত রোগীদের ক্ষেত্রে সমস্ত রোগীদের চিকিৎসা করবেন। প্রয়োজনে কেমোথেরাপিও দেবেন। প্রতিটি হাসপাতালে ১০টি করে শয্যা সংরক্ষিত থাকবে মেডিকেল ইনস্টিটিউট থেকে প্রেরিত রোগীদের কেমোথেরাপির জন্য যাদেরকে ক্যান্সার বিশেষজ্ঞের অনুমোদনে ভর্তি করে নেওয়া হবে। এই শয্যাগুলি শেষ পর্যায়ের রোগীদের জন্যও ব্যবহার করা যাবে। জেলা ক্যান্সার বিশেষজ্ঞ একটি ক্যান্সার রোগ নির্ণয় কেন্দ্র গঠন করবেন, যেখানে প্যাপ স্মিয়ার পরীক্ষা করা যাবে। রাজ্য সরকার ১৬টি জেলা হাসপাতালে ১৬টি নতুন ক্যান্সার রোগ নির্ণয় কেন্দ্র খুলবেন। বাঁকুড়া, বর্ধমান এবং দার্জিলিং-এর মেডিকেল কলেজ ও হাসপাতালগুলি, জেলা হাসপাতালগুলির মতো রেফারেল, রোগ নির্ণয় ও চিকিৎসা কেন্দ্র হিসাবে কাজ করবে। এই তিনটি মেডিকেল কলেজ ও হাসপাতাল একই সঙ্গে প্রথম ও দ্বিতীয় স্তরের রোগ নিবারণ ও চিকিৎসা কেন্দ্রের ভূমিকা পালন করবে।

স্বাস্থ্য পরিষেবার ত্রিস্তরে রাজ্য সরকার সমস্ত বর্তমান ক্যান্সার হাসপাতালগুলিতে চিকিৎসার বর্তমান সুযোগকে আরও উন্নত ও প্রসারিত করার জন্য উদ্যোগ নিচ্ছে এবং সমস্ত এন.জি.ও.দের ও নিজস্ব কেন্দ্র খোলার জন্য উৎসাহ দিচ্ছে। ভারত সরকারের অনুদানের সাহায্যে এন.জি.ও.-দেরকে উৎসাহিত করা হবে তাদের রেফারেল সেন্টারগুলির উন্নতিসাধন করতে আমরা আশা করছি যে, নীলরতন সরকার অথবা মেডিকেল কলেজে একটি অত্যাধুনিক ক্যান্সার হাসপাতাল চালু করতে পারব। ভারত সরকারের সাহায্যে পশ্চিম মেদিনীপুর, মালদা এবং কোচবিহারের তিনটি হাসপাতালে নতুন রেডিয়েশন থেরাপি চালু করার জন্য সরকার ব্যবস্থা নিচ্ছেন। খুব শীঘ্রই ১৮টি জেলা ক্যান্সার নিয়ন্ত্রণ ও চিকিৎসা কেন্দ্রে ১৮ জন ক্যান্সার বিশেষজ্ঞ নিয়োগ করা হবে। সি.এন.সি.আই.কে নোডাল হাসপাতাল হিসাবে কাজ করার জন্য অনুরোধ করা হয়েছে এবং সি.এন.সি.আই রাজ্য সরকারের পরামর্শদাতা হিসাবে কাজ করবেন বলে স্থিরীকৃত হয়েছে।

জাতীয় অন্ধ নিবারণ কর্মসূচি :

অন্ধত্ব নিবারণে এই রাজ্য উল্লেখযোগ্যভাবে এগিয়ে চলেছে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, অন্ধত্বের হার পূর্বের তুলনায় ১.৪ শতাংশ থেকে ০.৯৪ শতাংশ হ্রাস করা হয়েছে। এছাড়াও আমরা ৫০ হাজার ছানি অপারেশনের মধ্যে প্রায় ৭০ শতাংশ বিনামূল্যে আই.ও.এল কেস করতে পেরেছি। ভ্রাম্যমাণ শিবিরে চক্ষু-ছানি অপারেশন বন্ধ করে দেওয়ার জন্য এই রাজ্য সবার ওপরে অবস্থান করছে। গ্রাম অনুযায়ী অন্ধত্বের সংখ্যার রেজিস্টার সম্পূর্ণ করা হয়েছে।

মেডিকেল কলেজ হাসপাতাল এবং জেলা হাসপাতালগুলিতে উন্নতমানের যন্ত্রপাতি বসিয়ে চক্ষু চিকিৎসার উন্নতি ঘটানো হয়েছে। ১০০ জন সার্জেনকে আই.ও.এল শিক্ষণ, ফ্যাকো, ছোটো যন্ত্র এবং গ্লুকোমা ইত্যাদি ক্ষেত্রে ট্রেনিং সম্পূর্ণ করা হয়েছে। ৪৬৪ জন প্যারামেডিকেল স্বাস্থ্যকর্মীকে চক্ষু চিকিৎসার সঙ্গে যুক্ত করা হয়েছে। ১০টি শয্যাবিশিষ্ট চক্ষু

বিভাগ এবং নতুন অপারেশন থিয়েটার নির্মাণের জন্য অর্থপ্রদান করা হয়েছে এবং নির্মাণের কাজ শীঘ্রই শুরু করার ব্যবস্থা হয়েছে। রিজিওনাল ইনস্টিটিউট অফ্ অপথ্যালোলজি কলকাতায় একটি কেন্দ্রীয় চক্ষু ব্যাঙ্ক চালু করেছে।

বিদ্যালয়গুলিতে চক্ষু চিকিৎসা ও এই নিয়ন্ত্রণ কর্মসূচির একটি অঙ্গ। সেই জন্য রাজ্যের ৩৯,৯০৭টি প্রাথমিক বিদ্যালয়ের ৬০.৩৮ লক্ষ ছাত্রছাত্রীর মধ্যে ২২.৫২ লক্ষ ছাত্রছাত্রীকে ভিটামিন ডোজ এবং ১৩৯৯ ছাত্রছাত্রীকে বিন্যামূল্যে চশমাদান করা হয়েছে। হাসপাতালগুলিতে ১৫৮ জন চিকিৎসককে চক্ষু চিকিৎসার সার্জেন হিসাবে চিহ্নিত করা হয়েছে। এটা আমাদের গর্ব যে আমরা রিজিওনাল ইনস্টিটিউট অফ্ অপথালমোলজি-কে "উৎকর্ষ চিকিৎসাকেন্দ্র" হিসাবে গড়ে তোলা এবং এর আরও উন্নতিসাধন করা, কমিউনিটি চক্ষু চিকিৎসা, ট্রেনিং সেন্টার হিসাবে উন্নীত করার আন্তরিক প্রয়াস আমরা চালিয়ে যাচ্ছি। আমাদের অন্যতম লক্ষ্য হচ্ছে শতকরা ১০০ ভাগ আই.ও.এল অপারেশনের মাধ্যমে সকল ছানি অপারেশন করা এবং চক্ষু অপারেশনের প্রচলিত সাধারণ প্রক্রিয়াকে ব্যবহার না করা।

জাতীয় কুষ্ঠ নিবারণ কর্মসূচি (এন.এল.ই.পি.) :

জাতীয় কুষ্ঠ নিবারণ কর্মসূচির মূল লক্ষ্য হচ্ছে কুষ্ঠ রোগের বৃদ্ধির হার এক শতাংশের নীচে নামানো অর্থাৎ ২০০৪-০৫ এর মধ্যে প্রতি ১০,০০০ জনে ১ জন। ১৯৮২ সালে মাল্টি-ড্রাগ থেরাপি (এম.ডি.টি.) শুরু হয় এবং ১৯৯৬ সালে কোচবিহার জেলায় এই মাল্টি-ড্রাগ থেরাপি সর্বশেষ জেলা হিসাবে প্রবর্তন করা হয় এবং তার ফলেই কুষ্ঠ বৃদ্ধির হারকে কমিয়ে আনা সম্ভব হয়। এই আর্থিক বছরে ২০০৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত ২৮,৯০৯টি রোগ নির্ণয় হয়েছে। দারিদ্র্য, শহরাঞ্চলের ঝুপড়ি, বস্তি, প্রতিবেশী উচ্চ রোগ-প্রবণ বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা থেকে আগত লোকজন, স্বাস্থ্য সচেতনতার অভাব—এইসব প্রতিকূলতা সত্ত্বেও কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণ কর্মসূচির মাধ্যমে রোগের প্রকোপ হ্রাস করানো হয়েছে এবং তার প্রমাণ স্বরূপ বলা যায় যে, দক্ষিণ ২৪ পরগনা, দার্জিলিং এবং পূর্ব মেদিনীপুর এই রোগ প্রবণতার হার এক শতাংশের নীচে এবং উত্তর ২৪ পরগনা, নদিয়া এবং হাওড়ায় ইহা এক শতাংশের কাছাকাছি। উচ্চরোগপ্রবণ জেলা যাদের হার ৫-এর বেশি—সেগুলি হল মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর এবং বাঁকুড়া। এই জেলাগুলিতে স্বাস্থ্য সচেতনতা বাড়ানোর লক্ষ্যে বিশিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা যথা রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘকে আই.ই.সি. কার্যক্রমের ভার দেওয়া হয়েছে। এই রোগ প্রবণতার হার মারাত্মকভাবে হ্রাস হয়ে যাওয়ায় বর্তমানে চিকিৎসা ব্যবস্থায় আর মাল্টি-ড্রাগ থেরাপি ব্যবহারের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে না এবং সেইজন্য এই কর্মসূচিকে সাধারণ চিকিৎসা ব্যবস্থার সঙ্গে যুক্ত করা হয়েছে।

অঙ্গ-বিকৃতি সারিয়ে তোলার জন্য পুনর্গঠন সার্জারির ব্যবস্থা চালু করা হয়েছে। একটি বিশিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা "লেপ্রসি মিশন" এই পরিষেবার ব্যবস্থা করেছে।

আরও একটি সুপরিচিত স্বেচ্ছাসেবী সংস্থা "জার্মান লেপ্রসি রিলিফ অ্যাসোসিয়েশন" কুষ্ঠ রোগীদের জন্য মাইক্রো সেলুলার রাবার জুতোর ব্যবস্থা করেছেন যাতে পা থেকে আলসার সৃষ্টি না হয়। ওই দুটি ব্যবস্থাই এই সংস্থাগুলির দ্বারা বিনামূল্যে রোগীদের দেওয়া হচ্ছে।

জাতীয় অ্যান্টি-ম্যালেরিয়া কর্মসূচি :

ম্যালেরিয়া রোগ নির্ণয় এবং মৃত্যুরোধ করা—এই কর্মসূচির মূল উদ্দেশ্য বার্ষিক রক্ত পরীক্ষার হার ৪.৫ শতাংশ, যা স্বাভাবিক হার ১০ শতাংশের চেয়ে কম, তাহা আরও হ্রাস করা। কিন্তু গতবছরের (৪.০৯-এর) তুলনায় এই হার বেশি। নিরীক্ষণ সংখ্যাতত্ত্ব থেকে জানা যায় যে, ২৭.৩৮ শতাংশ ম্যালেরিয়া এবং ৩৫.১১ শতাংশ ম্যালিগনান্ট ম্যালেরিয়া বেশি ছড়ালেও গতবছরের তুলনায় এই রোগে মৃত্যুর হার ১৯১ থেকে কমে ১৫২ হয়েছে। ম্যালেরিয়া নিয়ন্ত্রণ কর্মসূচিতে প্রায় ১,৪৬,৩৫,৬৪০ টাকা খরচ করা হচ্ছে—স্প্রে করতে, বায়ো-লার্ভিসিডস্-এর ব্যবহারে এবং প্রতিরোধ কর্মসূচিতে। এই প্রতিরোধ কর্মসূচিতে ৫০ শতাংশ ডি.ডি.টি-র সঙ্গে রেসিডুয়াল ইনসেকটিসিডাল স্প্রে ব্যবহার করা হচ্ছে। এ ব্যাপারে জলপাইগুড়ি জেলাতে বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সরকারও আই. ই. সি. প্রচারের মাধ্যমে মশাদমন প্রক্রিয়ার ওপর বিশেষ কর্মসূচী গ্রহণ করেছে। এত কিছু সত্ত্বেও ম্যালেরিয়া রোধে সাধারণ মানুষ, তার সাথে এন. জি. ও এবং স্বাস্থ্য কর্মীদের একান্ত সহযোগিতা প্রয়োজন। আই.সি.ডি.এস কর্মী এবং পঞ্চায়েত কর্মীদের ম্যালেরিয়া রোধে প্রশিক্ষণ দেওয়া হবে।

ডায়েরিয়া এবং আন্ত্রিক রোগ :

জেলায় উন্নতমানের সার্ভিল্যান্স-এর সাহায্যে এই রোগ বৃদ্ধির হার একপ্রকার স্থিতাবস্থায় এসে পৌঁছেছে। রাজ্য স্তরে এবং আঞ্চলিক স্তরে বিশেষজ্ঞ ডাক্তারের সহায়তায় গঠিত পর্যবেক্ষণ কমিটির তদারকিতে এই রোগ বৃদ্ধির প্রকোপ নিয়ন্ত্রিত আছে। সরকার এ ব্যাপারে প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করছেন, যাতে রোগীরা প্রাথমিকভাবে ও.আর.এস ব্যবহার করেন এবং কাছাকাছি স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করেন।

নতুন জনস্বাস্থ্য কর্মসূচি :

রাজ্য সরকার আর্সেনিক রোগগ্রস্ত রোগীদের চিকিৎসার প্রয়োজনে আর্সেনিকোসিস নিয়ন্ত্রণ কর্মসূচি রূপায়ণের প্রস্তাব দিয়েছে—যা একযোগে সরকার এবং ইউনিসেফ-এর সহযোগিতায় উত্তর ২৪ পরগনা, নদিয়া এবং মুর্শিদাবাদ জেলায় রূপায়িত হবে। এই কর্মসূচি রূপায়ণে ৩ বছর সময় লাগবে এবং এই খাতে সরকার দেবে ৬৪.০৫ লক্ষ এবং ইউনিসেফ দেবে ১,১৯০,০০০ ডলার। স্বাস্থ্যকর্মীদের সাহায্যে এই রোগের ভয়াবহতা নিরূপণ করা হবে। আই.ই.সি প্রচারের মাধ্যমে জনসাধারণকে সচেতন করে তোলা হবে যাতে তারা নিকটবর্তী

স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করেন। ওই তিনটি জেলার সকল পি.এইচ.সি/বি.পি.এইচ.সি/এস.ডি.এই-গুলোতে এই রোগের চিকিৎসার সুবিধা থাকবে।

প্রায় ২০ লক্ষ টাকা বরাদ্দ করে এই বছরে রাজ্য থ্যালাসেমিয়া নিয়ন্ত্রণ কর্মসূচী রূপায়িত হচ্ছে। দেশের অনেকগুলি মারাত্মক রোগের মধ্যে এটি একটি বলে একে পাইলট প্রজেক্ট বলে নির্দিষ্ট করা হয়েছে। এই প্রেজেক্টে কলকাতা, পশ্চিম মেদিনীপুর এবং বর্ধমান ছাড়াও পুরুলিয়া, বীরভূম এবং উত্তর ২৪ পরগনাকেও চিহ্নিত করা হয়েছে। একটি জনসমীক্ষা গড়ে তোলা হবে যার থেকে জনসচেতনতার কর্মসূচি নির্ণয় করা যায়। এটি বিশেষভাবে কার্যকর করা হবে বিবাহযোগ্য তরুণ-তরুণীদের সাথে ইলেকট্রনিক মিডিয়ার সাহায্যে সংযোগ তৈরি করে। যারা পরীক্ষিত হতে চান তার খুব কম খরচায় পরীক্ষা করাতে পারবেন। থ্যালাসেমিয়া বাহকদের চিহ্নিত করে তাদের আত্মীয়-স্বজনদের সাথেও আলোচনা করতে হবে। এই কর্মসূচিতে পঞ্চায়েত, স্কুল-শিক্ষক, ধর্মীয় নেতা এবং এন.জি.ও-দের অন্তর্ভুক্ত করা হবে।

ভারতীয় ঔষধ পদ্ধতি :

আয়ুর্বেদ :

(১) এই রাজ্যে সর্বপ্রথম ভারত সরকারের সহযোগিতায় কল্যাণীতে গড়ে উঠেছে আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথিক ঔষধ তৈরির কেন্দ্র-রাজ্য আয়ুর্বেদ ঔষধ পরীক্ষণ ল্যাবরেটরি। এছাড়াও কেন্দ্রটিতে ভারত সরকারের সহযোগিতায় আয়ুর্বেদ ঔষধের জন্য ফার্মাসি বিভাগের সম্প্রসারণ ঘটানো হবে। গত বছর রাজ্যের ২৯৫টি আয়ুর্বেদ চিকিৎসালয়ের জন্য এই কেন্দ্রটিতে ১৫ টন ঔষধ তৈরি করা হয়েছে। এই বছরে সেটি ২০ টন। আগামী বছরে এই উৎপাদনক্ষমতা ২৪ টন গিয়ে দাঁড়াবে। এই ঔষধগুলি আয়ুর্বেদ চিকিৎসাকেন্দ্রগুলিতে বিনামূল্যে দান করা হয়।

(২) আয়ুর্বেদ বিভাগকে দুটি ভাগে ভাগ করা হয়েছে :

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য আয়ুর্বেদিক শিক্ষা সার্ভিস এবং

(খ) পশ্চিমবঙ্গ রাজ্য আয়ুর্বেদিক স্বাস্থ্য সার্ভিস

পশ্চিমবঙ্গ রাজ্য আয়ুর্বেদিক স্বাস্থ্য সার্ভিস আইন ২০০২, আইন অনুযায়ী উপরোক্ত দুইটি সার্ভিস ১লা আগস্ট ২০০২ সাল থেকে চালু হয়েছে।

(৩) বর্তমান স্থানীয় বিধায়কের সহায়তায় এই বৎসরে শ্যামাদাস বৈদ্য শাস্ত্রপীঠে ইনস্টিটিউট অফ্ পোস্ট গ্রাজুয়েট আয়ুর্বেদিক শিক্ষা ও গবেষণা কেন্দ্র এবং জে.বি. রায় রাজ্য আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালে দুটি আলট্রাসোনোগ্রাফি মেশিন বসানো হয়েছে।

(৪) অক্টোবর, ২০০২ থেকে জে.বি. রায় রাজ্য আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং হাসপাতালে "পঞ্চকর্ম থেরাপি কোর্স" চালু করা হয়েছে। এই বছরে প্রায় ১০০ জন ডাক্তার/গবেষণাকারী শিক্ষকদের পঞ্চকর্ম/কায়া চিকিৎসা, ডিজেনারেটিভ এবং ক্রনিক ব্যাধির জন্য প্রশিক্ষণ দেওয়া হবে।

(৫) সমগ্র রাজ্য জুড়ে "স্টেট মেডিসিনাল প্লান্ট বোর্ড" হার্বাল এবং মেডিসিনাল বৃক্ষরোপণ পূর্নোদ্যমে করে চলেছে। এই বোর্ডের নিয়ন্ত্রণে বিভিন্ন কমিটি গঠন করে এই গাছগুলির বিক্রয়ব্যবস্থা, সংরক্ষণ এবং বিদেশে রপ্তানি ব্যবস্থা নিয়ন্ত্রণ করা হচ্ছে। ঔষধি-বৃক্ষরোপণের ২৯টি প্রকল্প অনুমোদনের জন্য জাতীয় মেডিসিনাল প্লান্ট বোর্ডের কাছে পাঠানো হয়েছে। প্রথম ধাপে ২০০২-২০০৩ সালের জন্য ৬টি প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে।

হোমিওপ্যাথি :

(১) ১লা আগস্ট, ২০০২ থেকে পশ্চিমবঙ্গ রাজ্য হোমিওপ্যাথিক স্বাস্থ্য আইন অনুসারে দুই ধরনের কর্মী নিয়োগের ব্যবস্থার নিয়ন্ত্রণ ও উন্নতিসাধনের জন্য—(ক) পশ্চিমবঙ্গ হোমিওপ্যাথিক শিক্ষা সার্ভিস ক্যাডার এবং (খ) পশ্চিমবঙ্গ হোমিওপ্যাথিক স্বাস্থ্য সার্ভিস ক্যাডার, ২০০২ সালের ১লা আগস্ট থেকে হোমিওপ্যাথিক হেলথ্ অ্যাক্ট অনুযায়ী সৃষ্টি করা হয়েছে। কেন্দ্রীয় কাউন্সিল অফ্ হোমিওপ্যাথির সুপারিশ অনুযায়ী রাজ্য হোমিওপ্যাথিক মেডিকেল কলেজগুলিতে 'ডেমনেস্ট্রেদের' লেকচারার পদে উন্নীত করা হয়েছে।

(২) কল্যাণীর আই.এ.এইচ.ডি.পি.সি-তে একটি নতুন ডিস্পেনসারি উদ্বোধন করা হয়েছে যেখানে হোমিওপ্যাথিক ঔষধের কেন্দ্রীয় সংরক্ষণ বিভাগ অবস্থান করছে। এই কেন্দ্রের স্টোর অফিসার যিনি একজন হোমিওপ্যাথি মেডিকেল অফিসার, তিনি বিনা পারিশ্রমিকে স্বতঃস্ফূর্তভাবে এই কাজ করতে রাজি হয়েছেন।

ইউনানী :

আসানসোলে আরও একটি নতুন ইউনানী দাতব্য চিকিৎসালয় খোলা হয়েছে। এই নতুন বছরে বর্তমানে ৩টির সাথে আরও একটি নতুন দাতব্য চিকিৎসালয় খোলা হবে। জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে ১০টি সিট ভর্তি করার জন্য কলিকাতা ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতালকে ৫ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে।

আকুপাংচার :

রাজ্য সরকারের পরিচালনায় ডা: বি. কে. বসু মেমোরিয়াল রিসার্চ ও আকুপাংচার প্রশিক্ষণ কেন্দ্র, কলকাতায় ৩টি দাতব্য চিকিৎসালয় নিয়ন্ত্রণ করছে। জেলাগুলির মধ্যে পুরুলিয়া, বাঁকুড়া, বর্ধমান, সিউড়ী, চুঁচুড়া এবং মেদিনীপুর সদরে সরকারি আকুপাংচার চিকিৎসাকেন্দ্র এবং বাঁকুড়া জেলার অন্ডাতে জেলা পরিষদের নিয়ন্ত্রণে একটি চিকিৎসাকেন্দ্র চালু আছে। ডাক্তারদের জন্য রাজ্য সরকার সরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য সংস্থায় একটি প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করছেন। কলকাতায় একটি বেসরকারি পরিচালিত আকুপাংচার মেডিকেল কলেজে ৩ বছরের ডিপ্লোমা কোর্স শুরু করা হয়েছে এবং যেখানে বর্তমানে ২৭ জন ছাত্রছাত্রী পড়াশোনা করছেন। রাজ্য সরকারের

পরিচালনাধীন একটি কাউন্সিল অফ্ থেরাপী, যা ভারতের মধ্যে প্রথম স্থাপনা করা হয়েছে। সেই কাউন্সিল ১৩৮ জন আকুপাংচারিস্টকে 'এ' বিভাগে ও ৩৫ জনকে 'বি' বিভাগে রেজিস্ট্রেশন প্রদান করেছেন। এই বছরে জেলা ও মহকুমা স্তরে কোনও আকুপাংচার চিকিৎসাকেন্দ্র স্থাপন করা সম্ভব হয়নি। এটা আশা করা হচ্ছে বর্তমান বছরে প্রত্যেকটি বাকি জেলা সদরে ১৩টি সাব-ডিভিশনাল হাসপাতাল এবং নতুন জেলা পূর্ব মেদিনীপুরের ২৫টি বি.পি.এইচ.সি.-তে এই চিকিৎসাকেন্দ্র চালু করা সম্ভব হবে।

হাসপাতালের খাদ্য :

সীমিত ক্ষমতার মধ্যেও সরকার হাসপাতালের অন্তর্বিভাগের রোগীদের গুণগতভাবে ভাল খাবার সরবরাহের চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এক্ষেত্রে অনেক অভিযোগ আছে যে খাবারের গুণগতমান ঠিক নয় এবং সেক্ষেত্রে তদারকি প্রয়োজন। এটাও ঠিক যে ঠিকাদার সংস্থা যে খাবার সরবরাহ করছে তার মানও শেষ পর্যন্ত সঠিক থাকছে না। অনেকক্ষেত্রে এটাও দেখা যায় যে, রোগীরা সমস্ত খাবার না নিয়ে শুধুমাত্র দুধ এবং ফল নিতে আগ্রহী বেশি। রোগীদের একটি বৃহৎ অংশ হাসপাতালের তুলনায় বাড়ির তৈরি খাবার খেতেই বেশি পছন্দ করেন। এ সমস্ত কারণে খাবারেরও একটি বিরাট অংশ নষ্ট হচ্ছে এবং সেক্ষেত্রে অপচয় বন্ধ করতে যাদের হাসপাতালের খাবার প্রয়োজন শুধুমাত্র তাদেরকেই খাবার সরবরাহ করা দরকার। এ কারণেই আর্থিক নিয়ন্ত্রণ এবং খরচ বাঁচানোর স্বার্থে খাবার সরবরাহের পদ্ধতি পরিবর্তন করে একমাত্র তাদেরকেই সরবরাহ করা যাবে যারা হাসপাতালের খাবার নিতে আগ্রহী হবেন। সেক্ষেত্রে দারিদ্র্যসীমার নীচের লোকদের বিনামূল্যে খাবার সরবরাহ করা হবে এবং পেয়িং বেড-এর রোগীদের জন্য প্রকৃতমূল্যের মাত্র শতকরা ৫০ ভাগ নেওয়া হবে, বাকি ৫০ ভাগ রাজ্য সরকার ভর্তুকি দেবেন। পর্যালোচনা করে দেখা গেছে যে ৬ প্রকার খাদ্য তালিকার দাম ১৮.৭০ টাকা থেকে ২৮.১৯ টাকার মধ্যে সীমাবদ্ধ রাখা হবে। বিভিন্ন হাসপাতালের খাদ্য সরবরাহের টেন্ডার-বিজ্ঞপ্তিতে খাদ্য তালিকা নির্দিষ্ট করা হয়েছে। কয়েকটি হাসপাতাল ব্যতীত অধিকাংশ হাসপাতালগুলিকে এই নতুন নিয়মের আওতায় আনা সম্ভব হয়েছে। এই নিয়ম চালু হওয়ার ফলে অনেক কর্মীকে রান্নাঘরের কাজ থেকে অব্যাহতি দিয়ে অন্যত্র কাজে লাগানো হচ্ছে।

ঔষধ নিয়ন্ত্রণ (ড্রাগ কন্ট্রোল) :

হাসপাতালের অন্যান্য যন্ত্রপাতির ক্রয় ও সরবরাহের একই পদ্ধতির সঙ্গে সঙ্গে ঔষধ ও কেমিক্যাল ক্রয় করার পদ্ধতিও ১৯৯২ সাল থেকে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। সরকার ১৯৯৯ সালে একটি সংশোধিত ২৬৮টি ঔষধ সম্বলিত তালিকা প্রকাশ করেছেন, যা রাজ্যের বিভিন্ন হাসপাতালে সরবরাহ করা যাবে। রাজ্য সরকার এসেন্সিয়াল সার্ভিস প্যাকেজের সাহায্যে বি.পি.এইচ.সি/পি.এইচ.সি. স্তরে ঔষধ সরবরাহের গুণমান উন্নতির কথা চিন্তা ভাবনা করছেন। এই লক্ষ্যপূরণের উদ্দেশ্যেই অত্যাবশ্যক যন্ত্রপাতি ও ঔষধের তালিকা সরকার স্থির করে ফেলেছেন যাতে জি.টি.জেড, ইউরোপীয়ান কমিশন, বিশ্ব ব্যাঙ্ক প্রভৃতির সাহায্যে পর্যায়ক্রমে ই.এস.পি. সফলভাবে রূপায়ণ করা যায়।

স্টেট ড্রাগস্ কন্ট্রোল অ্যান্ড রিসার্চ ল্যাবরেটরিকে উন্নতমানের অ্যানালিটিকাল এবং আর অ্যান্ড ডি ক্ষমতাসম্পন্ন যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে। এই ল্যাবরেটরিতে সারা বছরে ডি.আর.এস., সি.আর.এস. এবং ঔষধের খুচরা ও পাইকারী বিক্রেতাদের প্রায় ৩২০০ নারকোটিক নমুনা পরীক্ষা করা হয়েছে। এছাড়াও বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় রাজ্যের ল্যাবরেটরিগুলিতে খাদ্য ও ঔষধের গুণগতমান সুরক্ষিত করতে ক্যাপাসিটি বিল্ডিং প্রোজেক্ট খুব শীঘ্রই চালু করা হবে। এই প্রকল্প পাঁচ বছর ধরে বিভিন্ন ধাপে রূপায়ণ করা হবে যার দ্বারা খাদ্য ও ঔষধের গুণগতমানের উন্নতিসাধন করা সম্ভব হবে। কলকাতায় পাস্তুর ল্যাবরেটরিতে পরীক্ষামূলকভাবে এ.আর.ভি ইনজেক্সান প্রস্তুত শুরু করা হয়েছে যা সি.আর.আই., ??? থেকে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। সি.আর.আই থেকে অনুমোদন লাভের পর বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করা হবে।

রাজ্য সরকার জেলাগুলিতে স্বাস্থ্য পরিষেবার সংরক্ষণশালা এবং দাতব্য কেন্দ্রগুলিকে উন্নততর করার জন্য হু (ডব্লু.এইচ.ও)-এর নির্দেশিত নিয়মাবলী অনুসারে পুনর্গঠন করছেন।

প্রয়োজনীয় কর্মব্যবস্থা :

আর্থিক অস্বচ্ছলতার সঙ্গে ক্রমবর্ধমান স্বাস্থ্য পরিষেবার চাহিদার সমন্বয় ঘটানোর জন্য সীমিত আর্থিক ক্ষমতার সদ্ব্যবহার করা জরুরি। আবহাওয়া এবং পারিপার্শ্বিক অবস্থার দ্রুত পরিবর্তনের সাথে সাথে বিভিন্ন ক্রনিক রোগের হাত থেকে যুবক ও বয়স্ক জনসাধারণকে বাঁচাতে উন্নত স্বাস্থ্য ব্যবস্থার আরও বেশি করে আবশ্যক। সেই কারণেই এই সকল সমস্যার হাত থেকে রেহাই পেতে সরকারের সাংগঠনিক ও প্রশাসনিক পুনর্গঠন প্রয়োজন। সরকার সাধারণত দরিদ্র জনগণের প্রতি বেশি করে স্বাস্থ্য পরিষেবা প্রদান করার ব্যবস্থা করেন। এজন্য এইসব মানুষের আরও সুযোগ-সুবিধা বৃদ্ধি করার জন্য সরকারি প্রয়াস আবশ্যক। স্বাভাবিকভাবেই প্রয়োজন অনুযায়ী জনস্বাস্থ্য পরিষেবার বিভিন্ন স্তরে স্বাস্থ্য পরিষেবার গুণগত উন্নতিসাধনের জন্য বিভিন্ন অর্থনৈতিক ও সাংগঠনিক কাঠামোর পরিবর্তন করা প্রয়োজন। কাজেই অত্যাবশ্যক স্বাস্থ্য পরিষেবার উন্নতির প্রয়োজনে একটি নতুন ও সামগ্রিক ই.এস.পি. তালিকা ''অত্যাবশ্যক ঔষধ তালিকা'' ও অত্যাবশ্যক যন্ত্রপাতি তালিকা সহ প্রস্তুত করা হয়েছে।

ই.এস.পি. একটি প্রাথমিক বা স্বাস্থ্য পরিষেবা যা সকল স্তরের জনগণের স্বার্থে ব্যবহৃত হয়। এই পরিষেবা সরকারের নীতি ও ক্ষমতা অনুযায়ী বিভিন্ন মাত্রায় ব্যবহৃত হয়। মূল পরিষেবার ই.এস.পি.-কে স্বাস্থ্য পরিষেবার বিকেন্দ্রীকরণ এবং সরকারি ও বেসরকারি উৎসগুলির সহায়তায় রূপায়িত করা হচ্ছে। এটি তৈরি করা হয়েছে সরকারের নিজস্ব প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার প্রয়োজন অনুযায়ী এবং ইহা স্বাস্থ্য পরিকল্পনার একটি অংশ। এটি সংক্ষিপ্তভাবে সরকারের বর্তমান স্বাস্থ্যনীতির মুখপত্র। ইন্দো-জার্মান স্বাস্থ্য পরিষেবার সহায়তায় প্রয়োজনীয় কর্ম-ব্যবস্থা, প্রয়োজনীয় ঔষধ ও যন্ত্রপাতির তালিকা, শয্যাবিহীন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, আউটডোর এবং শয্যাযুক্ত প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং বি.পি.

এইচ.সি.-গুলির আধুনিকীকরণ ছাড়াও এই পরিষেবা এস.এইচ.সি. পর্যন্ত বিস্তৃত করা হবে। প্রয়োজনীয় ঔষধ তালিকা প্রস্তুত করার সময় জেনেরিক ফর্মুলেশনকে গুরুত্ব দেওয়া হবে। যাতে ঔষধের যথাযথ ব্যবহার করা যায়।

স্বাস্থ্য পরিষেবার তথ্য প্রযুক্তি :

রাজ্যের সকল মেডিকেল কলেজ এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে কম্পিউটার ও ইন্টারনেট পরিষেবার সাহায্যে তথ্য প্রযুক্তির উন্নতির সুযোগ বৃদ্ধি করা হচ্ছে। আমাদের রাজ্যে খুবই উন্নতমানের টেলিমেডিসিন প্রকল্পের একটি পাইলট স্কিম রূপায়ণ করা হচ্ছে। এই কর্মসূচির সাহায্যেই কোচবিহার জেলা হাসপাতাল এবং হাবড়া স্টেট জেনারেল হাসপাতালকে অন-লাইনে স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনের সঙ্গে সম্প্রতি যুক্ত করা সম্ভব হচ্ছে। রাজ্য সরকার ও একটি বেসরকারি সংস্থা রবীন্দ্রনাথ ঠাকুর ইনস্টিটিউট অফ কার্ডিয়াক সাইন্সেস যৌথভাবে টেলিকার্ডিওলজি সি সি ইউ স্থাপন করেছে। প্রথম প্রকল্পে প্রায় ৬০০ এবং দ্বিতীয় প্রকল্পে প্রায় ২৫০ জন রোগী টেলিমেডিসিন কর্মসূচির মাধ্যমে উপকৃত হয়েছেন। এই প্রকল্পের আরও একটি উদ্যোগের মাধ্যমে পুরুলিয়া ও সিউড়ি হাসপাতালকে বর্ধমান মেডিকেল কলেজের সাথে এবং বহরমপুর ও মেদিনীপুর জেলা হাসপাতালকে নীলরতন সরকার মেডিকেল কলেজের সাথে যুক্ত করার প্রচেষ্টা হচ্ছে। একটি জন্ম-মৃত্যু নথিকরণ, ডিসচার্জ সার্টিফিকেট প্রদান এবং হাসপাতালের প্রাথমিক তথ্যাদি সংরক্ষণের জন্য ''হাসপাতাল ইনফরমেশন সিস্টেম'' সমস্ত জেলাগুলিতে তৈরি করা হয়েছে এবং তার জন্য হাসপাতাল কর্মীদের প্রশিক্ষিত করে তোলা হয়েছে। একটি বি.পি.এইচ.সি., একটি এস.ডি.এইচ এবং পশ্চিম মেদিনীপুর জেলা হাসপাতালে একটি পাইলট প্রজেক্ট তথ্য প্রযুক্তি মাধ্যমে এই হাসপাতাল ম্যানেজমেন্ট সিস্টেম রূপায়ণের জন্য প্রচেষ্টা নেওয়া হয়েছে যাতে এই পরিষেবার সাহায্যে দৈনন্দিন কাজকর্মে দক্ষতা বৃদ্ধি ও অগ্রগতি সম্ভব হয়। এই ব্যবস্থার মাধ্যমে যে তথ্যগুলি সংগৃহীত হবে কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে কলকাতার ''স্বাস্থ্যভবনে'' বসেই তাহা সহজলভ্য হবে। স্বাস্থ্যভবনের কর্মীদেরকেও তথ্য প্রযুক্তিতে শিক্ষা দেওয়ার ব্যবস্থা করতে হবে যাতে করে যেসব কর্মী স্বাস্থ্যভবনে কাজ করছেন তারাও কম্পিউটারের মাধ্যমে সহজেই তাদের কাজ করতে পারেন।

এই কথাগুলি বলে আমি ২৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত ২২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য, মুখ্যখাত ৪২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য সম্পর্কে মূলধন বিনিয়োগ, মুখ্যখাত ২২১১-পরিবার কল্যাণ, ২২৩৬-পুষ্টি, মুখ্যখাত-২২৪৫-প্রাকৃতিক দুর্যোগজনিত ত্রাণ, মুখ্যখাত-২২৫০-অন্যান্য সমাজসেবা, মুখ্যখাত ২২৫১-সচিবালয়-সমাজসেবা, মুখ্যখাত ২৫১৫-অন্যান্য গ্রামীণ উন্নয়ন প্রকল্প, মুখ্যখাত ২৫৫১-পার্বত্য এলাকা-এর ব্যয় বরাদ্দের প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

DEMAND No. 25

Major Heads : 2052—Secretariat—General Services, 2059—Public Works, 2205—Art and Culture, 2216—Housing, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2551—Hill Areas, 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries, 3054—Roads and Bridges, 3451—Secretariat—Economic Services, 4059—Capital Outlay on Public Works, 4070—Capital Outlay on Other Administrative Services, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4210—Capital Outlay on Medical and Pbulic Health, 4216—Capital Outlay on housing, 4220—Capital Outlay on Information and Publicity, 4250—Capital Outlay on Other Social Services, 4403—Capital Outlay on Animal Husbandry, 4404—Capital Outlay on Dairy Development, 4408—Capital Outlay on Food, Storage and Warehousing, 4425—Capital Outlay on Co-operation and 5054—Capital Outlay on Roads and Bridges

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1258,17,87,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2052—Secretariat—General Services, 2059—Public Works, 2205—Art and Culture, 2216—Housing, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2551—Hill Areas, 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries, 3054—Roads and Bridges, 3451—Secretariat—Economic Services, 4059—Capital Outlay on Public Works, 4070—Capital Outlay on Other Administrative Services, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4210—Capital Outlay on Medical and Pbulic Health, 4216—Capital Outlay on housing, 4220—Capital Outlay on Information and Publicity, 4250—Capital Outlay on Other Social Services, 4403—Capital Outlay on Animal Husbandry, 4404—Capital Outlay on Dairy Development, 4408—Capital Outlay on Food, Storage and Warehousing, 4425—Capital Outlay on Co-operation and 5054—Capital Outlay on Roads and Bridges" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 419,39,30,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

১. রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০৩-২০০৪ সালের জন্য ২৫ নং দাবি খাতে ১২৫৮,১৭,৮৭,০০০ (এক হাজার দুই শত আটান্ন কোটি সতের লক্ষ সাতাশি হাজার) টাকা মাত্র ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন করছি। এই দাবি পরিমাণের মধ্যে ভোট অন অ্যাকাউন্ট খাতে অনুমোদিত ব্যয় বরাদ্দ ধরা আছে।

২. মাননীয় সদস্যগণ অবগত আছেন যে পূর্ত, পূর্ত (সড়ক) এবং পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগসমূহ সরকারি ভবন, সড়ক, সেতু ও অন্যান্য কার্যাবলীর পরিকল্পনা রচনা, নির্মাণকার্য সম্পদন এবং রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। এতদ্ব্যতীত পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ বিভাগীয় বরাদ্দের অর্থে পুরাতন সড়কগুলি উন্নত ও দৃঢ় করে এবং যথাসম্ভব নতুন সড়ক ও সেতু নির্মাণ করে থাকে। সিভিল, মেকানিক্যাল ও ইলেকট্রিক্যাল প্রভৃতি সকল শাখার কুশলী প্রযুক্তিবিদদের সমন্বয়ে গঠিত একটি স্বয়ংসম্পূর্ণ বিভাগ হিসাবে কাজ করে থাকে। পূর্ত অধিকারের অধীনে একটি স্থাপত্য শাখাও রয়েছে। রাজ্যের পরিকাঠামো উন্নয়নকল্পে যে কোনো কাজ এই বিভাগ গ্রহণ করতে পারে।

৩. উল্লেখযোগ্য অর্থনৈতিক শ্রীবৃদ্ধি দারিদ্র দূরীকরণ এবং দারিদ্রসীমার নীচে বসবাসকারী জনগণের, বিশেষত দলিত সম্প্রদায়ের জন্য যথেষ্ট পরিমাণে কর্মসংস্থানের যে লক্ষ্য নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল, দশম পরিকল্পনাকালে তাই অনুসরণ করা হবে।

৩.১ এ কাজে সম্পদের যথাযথ ব্যবস্থাপনা এবং মানের নিশ্চয়তার কথাও মনে রাখতে হয়। এই উদ্দেশ্যপূরণে সড়ক যোগাযোগ ব্যবস্থায় উন্নতিসাধনে প্রাথমিক প্রয়োজন হল নিরাপদ ও আরামদায়ক যাত্রা—সে লক্ষ্য আমাদের অর্জন করতে হবে।

৪. দশম পঞ্চবার্ষিক পরিকল্পনার নির্দেশিকা মতো গ্রামীণ সড়ক, বিশেষত সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে পশ্চাদপদ এলাকায় সড়ক নির্মাণে অধিক অর্থ বরাদ্দ করা হয়েছে। এই উদ্দেশ্যে প্রধানত তপশিলী জাতি ও উপজাতি অধ্যুষিত এলাকা-ই সড়ক যোগাযোগ গড়ে তোলার জন্য বেছে নেওয়া হয়েছে। ২০০৩-২০০৪ সালে পূর্ত (সড়ক) বিভাগের বাজেট বরাদ্দের ১৮% তপশিলী জাতি ও ৮% উপজাতি অধ্যুষিত এলাকার উন্নতিসাধনে ব্যয় করা হবে এবং পূর্ত বিভাগের মোট বরাদ্দের ২০% তপশিলী জাতি এলাকায় এবং ৬% উপজাতি এলাকায় ব্যয় করা হবে। সেতু নির্মাণের ফলে যেখানে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ হয়, আমরা সেখানে বিশেষভাবে নজর দিয়ে থাকি। তাছাড়া যোগাযোগ ব্যবস্থা চালু রেখে বর্তমানের দুর্বল সেতুগুলি পর্যায়ক্রমে কংক্রিট সেতুতে রূপান্তরিত করা হচ্ছে। সীমিত সামর্থ্যের মধ্যে সাধ্যমত সড়ক ও সেতু নির্মাণ করে সুন্দরবনের দুর্গম অঞ্চলের সঙ্গে যোগাযোগ গড়ে তোলা হচ্ছে। এই অঞ্চলের আর্থ-সামাজিক উন্নতির কথা মাথায় রেখে পূর্ত বিভাগ একগুচ্ছ প্রকল্প হাতে নিয়েছে। এগুলির রূপায়ণ সম্পূর্ণ হলে সেখানকার সড়ক যোগাযোগের ক্ষেত্রে সবিশেষ উন্নতি পরিলক্ষিত হবে।

৫. দুর্গম প্রত্যন্ত অঞ্চলের সার্বিক উন্নয়নের জন্য উন্নত যোগাযোগ ব্যবস্থা দরকার। সে উদ্দেশ্যে একগুচ্ছ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। যার পরিণতিতে ওই অঞ্চলের যোগাযোগের ক্ষেত্রে লক্ষণীয় উন্নতি দেখা যাবে। গৌড়েশ্বর সেতু, বসিরহাটে-ইচ্ছামতী নদীর উপর সেতু, পেটকুলচাঁদের সেতু নির্মাণের ফলে সুন্দরবনের মানুষ বিশেষভাবে উপকৃত হয়েছে। প্রত্যন্ত অঞ্চলে যোগাযোগ গড়ে তুলে এবং হাড়োয়ায় বিদ্যাধরী সেতু, সোনাখালিতে হোগল এবং চৈতলঘাটে বিদ্যাধরী নদীর ওপর সেতু নির্মাণের কাজ শেষ হলে সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলের

সঙ্গে কলকাতার দূরত্ব কমে যাবে। দার্জিলিং জেলার মংপু-রম্বীবাজার সড়কের ভালুকোপ ধ্বসপ্রবণ এলাকা এড়িয়ে ভালুকোপ বাইপাসের (৪.৫০ কি.মি.) উন্নতিসাধন করা হচ্ছে এবং মেদিনীপুর জেলায় শিলাবতী নদী ও কেটিয়া খালের উপর সেতুসহ পলাশচাপড়ি-শ্রীনগর রোড (৫.৫০ কি.মি.)-এরও উন্নতিসাধনের কাজ চলছে। দার্জিলিং জেলার মিরিক বাইপাসের (৩.৫০ কি.মি.) কাজ ইতিমধ্যে শেষ হয়েছে এবং তা যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে।

৬. কেন্দ্রীয় সরকারও দেশের পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে সড়ক ব্যবস্থাকে অগ্রাধিকারের ক্ষেত্র হিসাবে চিহ্নিত করেছেন। স্বর্ণ-চতুর্ভুজ ও পূর্ব-পশ্চিম করিডর নির্মাণের মাধ্যমে প্রাথমিক পরিবহন ব্যবস্থার উন্নতি ঘটবে। এর পাশাপাশি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকার একটি সময় বাঁধা কর্মসূচি শুরু করেছেন। প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় সড়ক নির্মাণ করে গ্রামাঞ্চলে যোগাযোগ অনেক বাড়িয়ে তুলে স্থানীয়ভাবে পরিবহন ব্যবস্থা উন্নত করা হবে।

৬.১ তবে একথাও মনে হচ্ছে যে যদি এর পাশাপাশি রাজ্য সড়ক ও জেলা সড়কগুলির যথাযথ উন্নতি ঘটানো না যায় তাহলে গ্রামীণ সড়ক নির্মাণের বিপুল অর্থব্যয়ের পরিপূর্ণ সুবিধা পাওয়া যাবে না। রাজ্য সড়কের ক্ষেত্রে অন্তত ২০% রাজ্য সড়ককে পর্যায়ক্রমে দু সারিতে পরিবর্তিত করা আমাদের লক্ষ্য। পথের নিরাপত্তা অবশ্যই আরেকটি বিবেচ্য বিষয়। একথা ঠিক যে সড়ক পথে আমাদের যাত্রা যাতে নির্বিঘ্ন, অবাধ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ হয় সেদিকে লক্ষ্য রাখাও প্রয়োজন। সড়ক পথে যাত্রা নির্বিঘ্ন করার লক্ষ্যে সড়ক ব্যবস্থাপনা, সড়কসজ্জা, উন্নত সড়ক প্রতিচ্ছেদ নির্মাণ ও যথাযথ আলোকসজ্জার ব্যবস্থা করা হচ্ছে—জেলা সড়কেও যা পর্যায়ক্রমে করা হবে। যে অঞ্চলে প্রচুর পরিমাণে যান চলাচল করে সেখানে পথের দু-ধারে শক্ত আস্তরণ থাকবে এবং যানের নিরাপত্তা বাড়াতে হবে এবং শ্লথগতির যানের জন্য ভিন্ন পথের ব্যবস্থা রাখতে হবে।

৭. সড়ক পথের পৃষ্ঠদেশ উন্নতমানের হলে এবং যান চলাচল অবাধ হলে যান চালাবার খরচ অনেক কমে যায় এবং যাত্রা সময়েরও সাশ্রয় হয়। ফলে দেশ ও সমাজ উপকৃত হয়। বাণিজ্যিক কাজকর্মের বৃদ্ধি এবং বিপণন কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি রাজ্যের সার্বিক উন্নতির লক্ষণ। তাই উন্নত সড়ক যোগাযোগের সুযোগ যদি গ্রামের পশ্চাৎপদ শ্রেণির মানুষের কাছে পৌঁছে দেওয়া না যায় তাহলে আমাদের জাতি গঠনের লক্ষ্য প্রকৃতপক্ষে অপূর্ণ থেকে যায়। একথা মনে রেখে আমার প্রস্তাবে এই বাবদ ২০০৩-২০০৪ আর্থিক বছরে যতটা সম্ভব বরাদ্দ রেখেছি। অর্থে সঙ্কুলান হলে এ ধরনের চালু প্রকল্পগুলির কাজ শেষ করার চেষ্টা করা হবে।

৮. আমাদের প্রয়োজন এবং প্রাপ্তব্য অর্থের পরিমাণের মধ্যে যে ফারাক রয়েছে তা দূর করার সবচেয়ে যোগ্য বিকল্প হল প্রাতিষ্ঠানিক অর্থ গ্রহণ করা। তাই নাবার্ড, হাডকো প্রভৃতি প্রতিষ্ঠানের ঋণ সহায়তায় পর্যায়ক্রমে অনেক সড়কের রক্ষণাবেক্ষণ, দৃঢ়করণ, প্রশস্তকরণ এবং নতুন সেতু নির্মাণ করা হচ্ছে। এই ক্ষেত্রে যে লক্ষণীয় উন্নতি ঘটেছে তা নিশ্চয় মাননীয়

সদস্যদের নজরে এসেছে। তবে আমাদের আত্মতুষ্টির কোনও অবকাশ নেই। পশ্চিমবঙ্গের মানুষের কাছে উন্নতমানের সড়ক ব্যবস্থা তুলে দিতে আমাদের দীর্ঘপথ পাড়ি দিতে হবে।

৯. উন্নতমানের সড়ক নির্মাণের জন্য কঠোর মান নিয়ন্ত্রণ পদ্ধতি অনুসরণ করতে হয়। প্রধান প্রকল্পগুলি যথা বহির্দেশীয় সাহায্যে নির্মিত প্রকল্প, হাডকো সহায়তায় নির্মিত প্রকল্পগুলির ক্ষেত্রে শর্তাবলীর মধ্যেই থাকে যে, ঠিকাদারকে নির্মাণক্ষেত্রে পরীক্ষাকেন্দ্র রাখতে হবে যাতে করে প্রয়োজনে বিভাগীয় প্রযুক্তিবিদদের উপস্থিতিতে পরীক্ষাকার্য চালানো যেতে পারে। তবে শুধুমাত্র ল্যাবরেটরির পরীক্ষাই নির্মাণক্ষেত্রে নতুন উপাদান এবং প্রকৌশলের প্রভূত ব্যবহারের পক্ষে যথেষ্ট নয়। তাই প্রয়োজন হল সুনির্দিষ্ট কর্মসূচি অনুযায়ী কিছু নির্বাচিত অঞ্চলে বিস্তারিতভাবে পর্যবেক্ষণ ও পরীক্ষা করে দেখা যে, সে সব ক্ষেত্রে এই উপাদান ও প্রকৌশলের প্রয়োগ কি ধরনের আচরণ করছে। কাজের মান নিশ্চিত করার জন্য এই পদ্ধতিতে নিয়মিত পরীক্ষাকার্য চালানো হয়ে থাকে। এই পদ্ধতিকে শক্তিশালী করার জন্য হাডকো সহায়তায় নির্মিত প্রকল্পগুলির চুক্তিতে এমন শর্ত আরোপিত থাকছে যাতে নির্মাণ কাজ শেষ হওয়ার পর তিন বছর ওই সড়কের রক্ষণাবেক্ষণের দায় ঠিকাদারি সংস্থাকেই বহন করতে হয়। রাজ্য সরকার এ বাবদ কোনো অর্থ ব্যয় করবে না। নাবার্ড ঋণ সহায়তায় গৃহীত প্রকল্পগুলিতে একই শর্ত আরোপ করা হচ্ছে। বড় মাপের কাজের ক্ষেত্রে নির্মাণের মান নিশ্চিত করার জন্য হট মিক্স প্ল্যান্ট, পেভার, ডামপার, ভাইব্রেটরি রোলার ইত্যাদি আধুনিক যন্ত্রের ব্যবহার আবশ্যিক করা হয়েছে। পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে জাতীয় দায়িত্ব পালনের লক্ষ্যে সড়ক নির্মাণে মানুষের শ্রম ও যন্ত্রের সুষম মিশ্রণ আমাদের কাজে অনেক সুফল এনে দেবে।

১০. স্বাধীনতালাভের পূর্ববর্তী এবং পরবর্তীকালে যে বিপুল সড়ক পথ পূর্ত এবং পূর্ত (সড়ক) বিভাগ নির্মাণ করেছে তার রক্ষণাবেক্ষণের দায় এই বিভাগ দুটির ওপরেই বর্তেছে। বর্তমানে এদের ১৮,০০০ কি.মি. বেশি দৈর্ঘ্যের পথ দেখভাল করতে হয়। তাছাড়া তাদের স্কন্ধে এ রাজ্যের সকল সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্বও রয়েছে। তদুপরি ২নং জাতীয় সড়কের হস্তান্তরিত অংশ (ডানকুনি-পালশিট), এশিয় উন্নয়ন ব্যাঙ্কের সহায়তায় নির্মিত পানাগড়-মোরগ্রাম সড়ক সহ নতুন প্রশস্তকৃত সড়ক দৈর্ঘ্য ও নবনির্মিত সেতুসমূহের দেখভালের বাড়তি দায়িত্বভারও এই বিভাগগুলির ওপর বর্তেছে।

১১. নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ মোট ১০৫টি সেতুর নির্মাণ কাজ হাতে নেয়, যার ভেতর ৬৮টি সেতু চালু করে দেওয়া হয়েছে এবং বাকিগুলির কাজে সন্তোষজনক অগ্রগতি ঘটেছে। আমি এখানে উল্লেখ করতে চাই যে, উত্তর ২৪ পরগনায় চৈতলঘাটে বিদ্যাধরী এবং সিন্দ্রানি সেতু, মালদহের সাহাপুরে মহানন্দা নদীতে, মেদিয়াঘাটে কালিন্দ্রী নদীতে, দক্ষিণ ২৪ পরগনার রায়পুরে সুটেরভাগে, বাঁকুড়ায় গন্ধেশ্বরী নদীর উপর এবং কোতুলপুরে দ্বারকা নদের উপর সেতু, পশ্চিম মেদিনীপুরের ঝাড়গ্রামে শিলাবতী নদীর উপর সেতু, উত্তর দিনাজপুরের ইটাহারে সুই নদীর উপর সেতু, পশ্চিম মেদিনীপুরে তুরিয়া ঘাটে কংসাবতী নদী, বংশী সেতু এবং লোধা সেতু, পূর্ব মেদিনীপুরে জেসুর

সেতু, দার্জিলিং-এর নক্সালবাড়িতে চাঙ্গা-মাঞ্জায় সেতু নির্মাণের কাজ পর্যায়ক্রমে শুরু হয়েছে। উত্তরবঙ্গে ফালাকাটার কাছে শীলতোর্সা নদীর ওপর সেতুটির কাজ শেষ করে জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে। এই সেতুটি শুধুমাত্র স্থানীয় জনগণের দীর্ঘদিনের প্রত্যাশাপূরণই করবে না, এর ফলে আসাম এবং উত্তর পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থায় প্রভূত উন্নতি ঘটবে। দামোদর নদের ওপর করলাঘাট ও দিশেরগড় সেতু এবং অজয় নদের ওপর ভেদিয়া ও পান্ডবেশ্বর সেতু এবং আসানসোলের সিঙ্গারণ সেতুরও উদ্বোধন হয়েছে। যে সমস্ত সেতুর কাজ শুরু হয়েছে ও সন্তোষজনক অগ্রগতি হচ্ছে সেই সেতু সমূহের তালিকা পরিশিষ্ট-ক-এ দেওয়া হল।

১২. ২০০০ সালের সেপ্টেম্বর মাসে পলাশি-বেতাই সড়কে এবং কৃষ্ণনগর-করিমপুর সড়কে যে তিনটি সেতু ভেঙে পড়েছিল, সে তিনটি ক্ষেত্রে নতুন সেতু গড়ার কাজ পূর্ত বিভাগ হাতে নিয়েছে। পলাশি-বেতাই সড়কে ১৩ কি.মি.তে একটি ইস্পাত নির্মিত সেতু এবং কৃষ্ণনগর-করিমপুর সড়কে ৩২ কি.মি.তে একটি বক্স ব্রিজ নির্মাণের কাজ প্রায় শেষ হয়ে এসেছে এবং অনতিবিলম্বে তা জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে। পলাশি-বেতাই সড়কের ৬ কি.মি.তে আরেকটি ইস্পাত সেতুর কাজ চলছে। আশা করা যায় ২০০৩ সালের জুন মাসে এই সেতুর নির্মাণ কাজ শেষ হবে। জলপাইগুড়ি জেলার গয়েরকাটা-রামসাই সড়কে রাঙ্গাটি সেতুর (একটি স্টিল গার্ডার ব্রিজ) নির্মাণ কাজও ২০০৩-এর মার্চে শেষ হবে বলে আশা করা যায়। এই সেতুটি আমাদের পরিকল্পনা খাতে বরাদ্দ অর্থ থেকে তৈরি হচ্ছে। পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি-দীঘা সড়কে ১১ কি.মি.তে পিছাবনি খালের ওপর সেতু নির্মাণে যে বাধা ছিল তা দূরীভূত হওয়ায় আশা করা যায়, আগামী বর্ষার আগেই সে কাজ শেষ হবে। এটিও আমাদের পরিকল্পনা বরাদ্দ থেকে সম্পন্ন করা হচ্ছে।

শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন পরিষদ সংশোধিত প্রশাসনিক অনুমোদন দেওয়ার পর মহানন্দা ও বালাসন নদীর সঙ্গমস্থলে তৃতীয় মহানন্দা সেতুর কাজ পুনরায় শুরু হয়েছে এবং বর্ষার আগেই ডেকের ঢালাই শেষ করার লক্ষ্যে কাজ চলছে।

১৩. নাবার্ডের আর্থিক ঋণ সহায়তায় পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের বিভিন্ন সড়কে লক্ষণীয় উন্নতি ঘটিয়েছে। বিগত বছরগুলিতে এই দুটি বিভাগ সাফল্যের সঙ্গে পশ্চিমবাংলার ১৪২০ কি.মি. গ্রামীণ সড়ক উন্নত করেছে। নাবার্ডের ঋণ সহায়তায় এই দুটি বিভাগই সেতু নির্মাণের কাজও করছে।

১৩.১ উপরিবর্ণিত কাজ ছাড়াও পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ নাবার্ডের আর্থিক ঋণ সহায়তায় ২৬টি সড়কে ২৭০ কি.মি. পথের উন্নয়ন এবং ১২টি সেতুর নির্মাণের প্রস্তাব দিয়েছে। আমি আশা করি এ কাজগুলিও বর্তমান আর্থিক বছরে করা সম্ভব হবে। একটি তালিকা দেওয়া হল পরিশিষ্ট-খ দ্রষ্টব্য।

১৪. আমি পুনরায় যোগ করতে চাই যে, হাডকোর ঋণ সহায়তায় রাজ্যের কিছু গুরুত্বপূর্ণ সড়ক দৃঢ় ও প্রশস্ত করে দীর্ঘকাল সেই পথ চলাচলের উপযোগী রাখার জন্য এক নতুন পন্থা

গ্রহণ করা হয়েছে। সেভাবে দ্বিতীয় পর্যায়ে হাডকোর ঋণ সহায়তায় গত বছরে পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ ২৬টি সড়কে ৬৯৭ কি.মি. পথের কাজ শেষ করেছে। এই পরিকল্পনা সমূহে কাজ শেষ হবার ফলে যান চলাচল পরিষেবায় প্রভূত উন্নতি লক্ষ করা গেছে। হাডকো প্রকল্পের অবশিষ্ট কাজও দ্রুত শেষ করা হবে।

হাডকোর ঋণ সহায়তায় ৮ কি.মি. দীর্ঘ বীরেন রায় রোড (পশ্চিম) উন্নয়নের কাজ শুরু করা হয়েছে। এ পর্যন্ত ৮০% কাজ শেষ হয়েছে। হাডকো প্রকল্পে বর্তমান কাজের অবস্থার তালিকা পরিশিষ্ট-গ-এ দেওয়া হয়েছে।

তারাতলায় উড়ালপুল নির্মাণের পথে যে সকল বাধা ছিল তা অপসারিত হয়েছে। সংশ্লিষ্ট সকল পক্ষ তাঁদের 'আপত্তি নাই' মতটি জানিয়ে দিয়েছেন। পরিবেশ দপ্তর থেকে শীঘ্রই সম্মতিসূচক মতামতটি পাওয়া যাবে। অতঃপর দরপত্র আহ্বানের জন্য কাজ শুরু হয়ে যাবে। প্রয়োজনীয় অন্যান্য কাজসহ এই উড়ালপুল প্রকল্পের মোট খরচ ধরা হয়েছে ৬৩.৩৭ কোটি টাকা।

হাডকো ঋণের অর্থে পশ্চিমবঙ্গের ধমনী স্বরূপ আরও কিছু সড়ক পথ উন্নতকরণের অভিপ্রায় পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের রয়েছে। হাডকো পর্যায়-৩-এ ১৭টি সড়ক চিহ্নিত করে উন্নয়নের পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। সড়কগুলির একটি তালিকা পরিশিষ্ট-ঘ-এ দেওয়া হল।

১৫. রেলপথ নিরাপত্তা কর্ম তহবিল প্রকল্পে পূর্ত (সড়ক) বিভাগ রেলপথ কর্তৃপক্ষের সঙ্গে ৫০ : ৫০ হারে নির্মাণ ব্যয় নির্বাহের ভিত্তিতে রেলপথের লেভেল ক্রশিং-এ উড়ালপুল/ পাতাল পথ নির্মাণ করে থাকে। অবশ্য এসব ক্ষেত্রে জমি ও কাঠামো অধিগ্রহণজনিত সম্পূর্ণ দায় রাজ্য সরকারকে তার নিজস্ব সম্পদ থেকেই মেটাতে হয়। বর্তমানে রেলপথ নিরাপত্তা কর্ম তহবিল প্রকল্পে রাজ্য সরকার ছয়টি গুরুত্বপূর্ণ উড়ালপুল নির্মাণ করছে। এই ছয়টির মধ্যে লেক গার্ডেন্স, বন্ডেল গেট এবং মৌড়িগ্রামে উড়ালপুলের কাজ শেষের মুখে এবং আশা করা যায় এ বছরের শেষ ভাগে এগুলি যান চলাচলের জন্য উন্মুক্ত করা যাবে। অবশ্য লিলুয়া উড়ালপুলের ক্ষেত্রে প্রধানত জমি অধিগ্রহণ সংক্রান্ত কিছু সমস্যা দেখা দিয়েছে। স্থানীয় জনপ্রতিনিধিদের সহায়তায় সে বাধা দূর করার জন্য আমার বিভাগ সচেষ্ট রয়েছে।

১৫.১ বিরাটি উড়ালপুলের কাজ শুরুর নির্দেশনামা দেওয়া হয়েছে। মধ্যমগ্রাম উড়ালপুলের জন্য নির্দেশনামা তৈরির কাজ চলছে। উডালপুলগুলির কাজ আর্থিক সংকটের দরুন পূর্ত (সড়ক) বিভাগ শুরু করতে পারেনি এবং এখনই অধিক সংখ্যক রেল-উড়ালপুল নির্মাণের কাজ হাতে নেওয়ার অবস্থা নেই।

অবশ্য মাননীয় সদস্যদের একথা জানাতে পারি যে আমার দপ্তর এ রাজ্যে আরও অনেক লেভেল ক্রশিং-এ উড়ালপুল নির্মাণের প্রয়োজনীয়তার বিষয়ে অবহিত আছে। যখনি কিছু অর্থের সংস্থান হবে তখনি অগ্রাধিকারের ভিত্তিতে কয়েকটি উড়ালপুল প্রকল্প হাতে নেওয়া হবে। এ প্রসঙ্গে আমি এখানে উল্লেখ করতে চাই যে গত কয়েক বছরে রাজ্য সরকার

উড়ালপুল খাতে যে ব্যয় করেছে সে বাবদ প্রাপ্য ২১ কোটি টাকা রেলপথ নিরাপত্তা কর্ম তহবিল থেকে পুনর্ভবনের দাবি পশ্চিমবঙ্গের মহাগাণনিকের মাধ্যমে রেলপথ কর্তৃপক্ষের নিকট পেশ করা হয়েছে।

১৫.২ পূর্ত বিভাগের উল্লিখিত সমস্ত প্রকল্প সমূহের রূপায়ণের ফলে ২০০৩-২০০৪ সালে বিপুল সংখ্যক শ্রম-মাসের কর্মসংস্থান সৃষ্টি হবে।

১৬. রাজারহাট উপনগরী থেকে কাজি নজরুল ইসলাম অ্যাভিনিউ হয়ে নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দরে দ্রুত পৌঁছবার জন্য হাডকো থেকে প্রাপ্ত ১৪ কোটি টাকা ব্যয়ে একটি গ্রেড সেপারেটেড ইন্টারসেকশান নির্মাণ করা হচ্ছে। এ কাজটি, আশা করা যায়, এ বছরেই সম্পূর্ণ হবে।

১৭. শান্তিপুর এবং কালনার মধ্যে অর্থাৎ ৩৪ নং জাতীয় সড়ক ও সপ্তগ্রাম-ত্রিবেনী-কালনা-কাটোয়া রোডের মধ্যে সংযোগ স্থাপনের উদ্দেশ্যে ভাগীরথীর ওপর সেতু নির্মাণ প্রকল্পটিতে গত বছরে বিশেষ কিছু অগ্রগতি হয়নি। তবে এ বিষয়ে বেসরকারি প্রস্তাব পাওয়া গেছে। তার বিস্তারিত তথ্য পাওয়া গেলে সে বিষয়ে বিবেচনা করে দেখা হবে।

১৮. নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দর থেকে উল্টোডাঙা মোড় পর্যন্ত অবাধ যান চলাচল ও যাত্রী সাধারণের অস্বাচ্ছন্দ্য লাঘবের জন্য কাজি নজরুল ইসলাম অ্যাভিনিউ-এর দুধারে বিভিন্ন অংশে সার্ভিস রোড নির্মাণের কাজ চলছে। এটি পর্যায়ক্রমে চলবে। ইতিমধ্যে উত্তরদিক ধরে উল্টোডাঙা মোড় থেকে বাঙুর অ্যাভিনিউ পর্যন্ত সার্ভিস রোড নির্মাণের কাজ শেষ হয়েছে। যাত্রী ভিড় ও যানজটের সমস্যা,—বিশেষত বাগুইহাটি ও কেষ্টপুর অঞ্চলের সমস্যা নিরসনের জন্য কে.এম.ডি.এ.-র সঙ্গে পূর্ত বিভাগ যৌথভাবে এক সুষ্ঠু পরিকল্পনা রচনা করে কাজ করবে।

১৯. পেট্রোলজাত দ্রব্যাদির থেকে আদায়ীকৃত সেস-এর অংশ নিয়ে গঠিত তহবিলের সাহায্যে নির্মাণের জন্য কেন্দ্রীয় পথ পরিবহন ও সড়ক মন্ত্রক ৭টি সড়ক পরিকল্পনা অনুমোদন করেছে। কেন্দ্রীয় সড়ক তহবিলের সহায়তায় নির্মীয়মাণ সড়কের তালিকা পরিশিষ্ট ঙ-তে দেওয়া হল। এই তহবিল থেকে পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ গত আর্থিক বছরে ২৩.৮২ কোটি টাকা পেয়েছে এবং গৃহীত প্রকল্পগুলির কাজ সন্তোষজনক হারে এগোচ্ছে।

১৯.১ আরেকটি গুরুত্বপূর্ণ প্রকল্প (নামখানা-অমরাবতী সড়ক যা বকখালিকে যুক্ত করেছে) কেন্দ্রীয় সড়ক তহবিল প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য ভারত সরকারের কাছে পেশ করা হয়েছে। এই তহবিল প্রকল্পে গ্রহণের জন্যে আরও কিছু সড়কের তালিকা তাদের কাছে বিবেচনার জন্য পাঠানো হয়েছে।

২০. পশ্চিমবঙ্গের অর্থনীতিতে কয়লাখনিগুলির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কয়লাখনি অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা মসৃণ করার উদ্দেশ্যে পূর্ত (সড়ক) বিভাগ পূর্বে যে একগুচ্ছ প্রকল্প হাতে নিয়েছিল, আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে তার মধ্যে চারটি উল্লেখযোগ্য সেতুর

নির্মাণ শেষ করে যান চলাচলের জন্য উন্মুক্ত করা হয়েছে। সেতুগুলি হল—পান্ডবেশ্বরে অজয় নদের ওপর, এবং কারলাঘাট, দিশেরগড় ও আসানসোলের কাছে সিঙ্গারণে দামোদর নদের ওপর সেতু। নবনির্মিত এই সেতুগুলি পশ্চিমবঙ্গের কয়লাখনি অঞ্চলে নতুন দিগন্ত উন্মোচিত করেছে।

২১. ভারত সরকারের পক্ষে এই রাজ্যের জাতীয় সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ রাজ্য পূর্ত (সড়ক) বিভাগ করে থাকে। এ রাজ্যে জাতীয় সড়কের মোট দৈর্ঘ্য ১৯২২ কি.মি. ; তার ভেতর ১০৮৩৪ কি.মি.র দেখভাল করে রাজ্য পূর্ত (সড়ক) বিভাগ, ৫৫ কি.মি. সীমান্ত সড়ক সংস্থার আর বাকি ৭৮৩ কি.মি.র দায়িত্ব এখন ভারতের জাতীয় সড়ক প্রাধিকারের।

২২. ২নং জাতীয় সড়ক (দিল্লি রোড) ও ৬নং জাতীয় সড়ক (বম্বে রোড)-এর সঙ্গে দ্বিতীয় বিবেকানন্দ সেতু হয়ে ৩৪নং জাতীয় সড়ক (কৃষ্ণনগর রোড)-এর সংযোগকারী বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে নির্মাণের দায়িত্ব পূর্ত (সড়ক) বিভাগ পেয়েছে ২০০১-২০০২ আর্থিক বছরের শেষ ভাগে। এ কাজের নির্মাণ ব্যয় ধরা হয়েছে ১২৯ কোটি টাকা। ৭.৩ কি.মি. দীর্ঘ ৪-সারি সড়ক পথে নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দরের ৩নং গেটের কাছে ৩৪নং জাতীয় সড়কের মোড়ে গ্রেড সেপারেটেড ইন্টারসেকশন থাকবে, থাকবে পূর্ব রেলপথের সি. সি. আর (ডানকুনি লাইন)-এ একটি পাতাল পথ। তাছাড়া থাকবে কয়েকটি আন্ডার-পাস, ক্রস রোড এবং বর্তমান নিকাশি ব্যবস্থা বজায় রাখতে কয়েকটি কালভার্টও। পুরো কাজটিকে তিনটি প্যাকেজে ভাগ করা হয়েছে এবং নির্ধারিত সময়ে কাজ শেষ করার লক্ষ্যে তিনটি পৃথক ঠিকাদারি সংস্থাকে কাজের দায়িত্ব দেওয়া হয়েছে। প্রকল্পের সমাপ্তি সময় ধার্য হয়েছে ২০০৪ সালের জুন মাস। এ পর্যন্ত কাজের ৩৩% শেষ হয়েছে। রেল ও বিমান কর্তৃপক্ষের জমিতে কাজ করার জন্য অনুমতি পাওয়ার ক্ষেত্রে প্রারম্ভিক অবস্থায় কিছু বিপত্তি দেখা দিয়েছিল। তাছাড়া সড়কটির পথরেখায় যে জলাজমি ও বিল রয়েছে সেখানে বাঁধ দেওয়া ও মাটির কাজ করার জন্য বিশেষ ব্যবস্থা নিতে হয়েছে। যাহোক, নিরবচ্ছিন্ন প্রচেষ্টার ফলে প্রারম্ভিক বাধাগুলি দূর করা গেছে এবং নির্ধারিত সময়ে কাজটি শেষ করার জন্য এ বছরে আরও ৫৫% কাজ শেষ করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। আশা করা যায় তা পূরণ করা যাবে। এই প্রকল্পটি রূপায়ণের জন্য স্থানীয় জনসাধারণ ও জনপ্রতিনিধিরা ধন্যবাদার্হ। প্রতিটি ক্ষেত্রে আমরা তাদের সহযোগিতা ও সমর্থন পেয়েছি।

২৩. ৬০০ কোটি টাকা ব্যয়ে দ্বিতীয় বিবেকানন্দ সেতু বি.ও.টি কর্মসূচিতে নির্মিত হবে। এর জন্য প্রয়োজনীয় ভূমি গ্রহণ, কাঠামো ও পরিষেবার বস্তুগুলি অপসারণ করে রাজ্য সরকার এখন নির্মাণকারী সংস্থার হাতে কাজটি তুলে দেবার জন্য প্রস্তুত। জমি অধিগ্রহণ ও কাঠামো ইত্যাদি অপসারণের কাজে জনসাধারণ ও জনপ্রতিনিধিদের সাহায্য ও সহযোগিতা ভুলবার নয়।

২৪. ৩৪নং জাতীয় সড়কে শান্তিপুর উড়ালপুল, ৩৫নং জাতীয় সড়কে নৌভাসান ও হাঙ্কর নদীতে সেতু নির্মাণের কাজ শেষ হয়েছে। উত্তরবঙ্গের ৩১নং জাতীয় সড়কে দলদলি এবং

মলঙ্গীঝোরা, ৩১সি জাতীয় সড়কে নিউ কাটাজানি নদীতে সেতু নির্মাণ শেষ করে জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে।

২৪.১ ৫৫নং জাতীয় সড়কে দুটি পাহাড়ি অঞ্চল বসে যাচ্ছে—একটি হল গিদ্দা পাহাড় আরেকটি হল পাগলাঝোরা। এর ফরে বিস্তীর্ণ অঞ্চলে সড়কপথ ঘন ঘন ভাঙছে। এই সমস্যার সুষ্ঠু সমাধানের জন্য রাজ্য সরকার বিষয়টি কেন্দ্রীয় সরকারের গোচরীভূত করেছে।

২৪.২ ৩১নং জাতীয় সড়কে ফালাকাটা-পুন্ডিবাড়ি অংশে তোর্ষা নদীর ওপর সেতু নির্মাণের কাজ ঠিকাদার সংস্থা শেষ করেনি এবং প্রকৃত ঘটনা হল এখন ওখানে কোনও কাজ হচ্ছে না। ইতিমধ্যে আমার দফতর থেকে অনুমোদনের জন্য সংশোধিত প্রাক্কলন কেন্দ্রীয় মন্ত্রকের কাছে পাঠানো হয়েছে। দিল্লি কর্তৃপক্ষের সঙ্গে আমাদের আধিকারিকদের আলোচনা হয়েছে। আমরা একটি সদর্থক পরিণতি আশা করছি।

২৫. ৩৪নং জাতীয় সড়কে ডালখোলা লেভেল ক্রসিং একটি চিরন্তন সমস্যা। এর হাত থেকে উদ্ধার পাবার জন্য একটি উড়ালপুল সহ বাইপাস নির্মাণের প্রস্তাব পথ পরিবহন ও সড়ক মন্ত্রকে পাঠানো হয়েছে। প্রকল্পটি মন্ত্রকের ২০০৩-২০০৪ সালের বার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছে। প্রকল্পটির গুরুত্বের কথা বিবেচনা করে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ তার সহযোগিতার হাত প্রসারিত করে এর জন্য এক কোটি টাকা বরাদ্দ করেছে, যার ভেতর জমি অধিগ্রহণের জন্য ৯০ লক্ষ টাকা ইতিমধ্যে খরচও হয়ে গেছে।

২৬. পশ্চিমবঙ্গে ২নং জাতীয় সড়কের কলকাতা থেকে ঝাড়খন্ড সীমান্ত, ৬নং জাতীয় সড়কের কলকাতা থেকে খড়্গপুর পর্যন্ত ও ৬০ নং জাতীয় সড়কের খড়্গপুর থেকে উড়িষ্যা সীমান্ত পর্যন্ত পথরেখা ভারত সরকারের জাতীয় সড়ক উন্নয়ন প্রকল্পের অধীন স্বর্ণ চতুর্ভুজের অংশ হিসাবে গৃহীত হয়েছে। এই প্রকল্পটি রূপায়িত করছে ভারতের জাতীয় সড়ক প্রাধিকার। জাতীয় সড়ক উন্নয়ন প্রকল্পের অধীন বন্দর সংযোগকারী সড়ক হিসাবে ৪১নং জাতীয় সড়কে হলদিয়া থেকে মেচেদা পর্যন্ত (৬নং জাতীয় সড়কের মোড়) পথটি গৃহীত হয়েছে। ভারতের জাতীয় সড়ক প্রাধিকার এ কাজটিও করছে। দুটি কাজই এখন পূর্ণোদ্যমে চলছে।

২৬.১ ৩১নং জাতীয় সড়কের ডালখোলা থেকে চালসা অংশ এবং ৩১সি জাতীয় সড়কের চালসা থেকে আসাম সীমান্ত পর্যন্ত অংশ জাতীয় সড়ক উন্নয়ন প্রকল্পের পূর্ব-পশ্চিম করিডর-এর চৌহদ্দির মধ্যে পড়ছে। এ কাজটিও ভারতের জাতীয় সড়ক প্রাধিকার করবে। তবে নির্মাণ কাজ ঠিকাদারি সংস্থার হাতে তুলে না দেওয়া পর্যন্ত এ সড়কের দেখভাল রাজ্যের পূর্ত (সড়ক) বিভাগই করবে। এ জন্য অর্থ জোগাবে সড়ক প্রাধিকার।

২৭. মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে একথা বলা যেতে পারে যে কেন্দ্রীয় পথ পরিবহন ও সড়ক মন্ত্রকের পক্ষে তাদের অনুমোদিত যে কাজ রাজ্য সরকার নিষ্পন্ন করেছে, সে বাবদ কৃত ব্যয় নানা অছিলায় কেন্দ্রীয় মন্ত্রক পুনর্ভরণ করতে হয় অস্বীকার করছে নয় স্থগিত রাখছে। উচ্চতর পর্যায়ে ক্রমাগত চেষ্টা চালানোয় সমস্যার কিছু সুরাহা হয়েছে, তবে এখনো অনেক টাকা পাওনা রয়ে গেছে।

২৮. পশ্চিমবঙ্গের জেলার বৃহৎ সংখ্যক বাণিজ্যিক বিপণন কেন্দ্রের মধ্যে যোগাযোগ গড়ে তোলার জন্য হলদিয়া বন্দর থেকে উত্তরবঙ্গ পর্যন্ত সরাসরি যোগাযোগ গড়ে তোলার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। বীরভূম জেলার নতুনহাট থেকে ৪ কি.মি. একটি পথ গড়ে বাদশাহী সড়কের সঙ্গে সংযোগ গড়ে তোলার প্রস্তাবটি বিবেচনাধীন রয়েছে। জমির অধিগ্রহণ পর্ব মিটলে এই বিচ্ছিন্ন অংশটি অত্যল্প সময়ের মধ্যেই যুক্ত করা সম্ভব হবে। এই সড়কটি নির্মিত হলে পশ্চিমবঙ্গের বন্দরগুলির সঙ্গে উত্তর পূর্ব ভারতের রাজ্যগুলির শুধুমাত্র একটি বিকল্প পথই হবে না পরন্তু প্রতিবেশী দেশ নেপাল, ভুটান ও বাংলাদেশের মধ্যেও যোগাযোগের পথ খুলে যাবে। এই পথে যান চলাচল বৃদ্ধির বিপুল সম্ভাবনা থাকায় এই সড়কটি পর্যায়ক্রমে উন্নত করতে হবে।

২৯. ২০০০-০১, ২০০১-০২ সালে প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা কর্মসূচি রূপায়ণ বিভিন্ন জেলা পরিষদই করছিল। অতঃপর সরকার স্থির করে যে পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগও ২০০২-০৩ সালে অতিরিক্ত কর্মসূচি রূপায়ণ ইউনিট হিসাবে কাজ করবে এবং জেলা পরিষদগুলি আগের মতোই কর্মসূচি রূপায়ণের দায়িত্বে থাকবে। ১৮টি জেলার মধ্যে পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ ১০টি জেলায় পরিপূর্ণ বা আংশিক দায়িত্বে থাকবে। জেলাগুলি হল মুর্শিদাবাদ, বীরভূম, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, হাওড়া, নদিয়া, কুচবিহার, দক্ষিণ দিনাজপুর, মালদহ ও দার্জিলিং। এই সব জেলায় ২০০৩-০৪ সালের জন্য প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় যে প্রকল্পগুলি তালিকাভুক্ত হয়েছে তার রূপায়ণ করবে। পরবর্তীকালে দার্জিলিং জেলায় প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার কাজের দায়িত্ব দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল নিজেই নিতে চেয়েছে। আমরা আশা করি প্রকল্প অনুমোদনের সকল আনুষ্ঠানিকতা শেষ করার অত্যল্প কালের মধ্যে নির্মাণ কাজ শুরু করা যাবে।

২৯.১ কেন্দ্রীয় পথ পরিবহন ও সড়ক মন্ত্রকের প্রযুক্তিগত বিনির্দেশ ও মান অনুযায়ী যাতে সারা রাজ্যে গ্রামীণ সড়কগুলি নির্মিত হতে পারে সে উদ্দেশ্যে আমাদের জেলাস্তরের আধিকারিকেরা জেলা পরিষদ ও পুরসভা সমূহের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখছেন এবং তাদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে যাচ্ছেন।

৩০. পশ্চিমবঙ্গের উত্তর দক্ষিণে একটি উন্নত করিডর পথ গড়বার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ করিডর উন্নয়ন প্রকল্পটিতে উদ্দীষ্ট লক্ষ্যের প্রথম ধাপ হিসাবে গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পে রয়েছে :

(ক) ৩৪নং জাতীয় সড়কের বারাসাত থেকে রায়গঞ্জ পর্যন্ত ৩৭০ কি.মি. পথের উন্নয়ন।

(খ) ৩৪নং জাতীয় সড়কের গাজোল থেকে ১০নং রাজ্য সড়কে হিলি পর্যন্ত পথের উন্নয়ন; সঙ্গে বালুরঘাট থেকে পতিরাম পর্যন্ত একটি সংযোগকারী রাস্তার উন্নয়ন।

(গ) ১নং রাজ্য সড়কের চাকদহ (৩৪নং জাতীয় সড়কে) থেকে বনগ্রাম পর্যন্ত সড়ক পথের উন্নয়ন এবং বড় জাগুলিয়া (৩৪নং জাতীয় সড়কে) থেকে কল্যাণী এক্সপ্রেস সড়কের সংযোগ বিন্দু পর্যন্ত পথের উন্নয়ন।

(ঘ) ৩৪নং জাতীয় সড়কে পড়া ১০টি গ্রামীণ সড়কের নির্বাচিত অংশের উন্নয়ন। এই সড়ক পথের মোট দৈর্ঘ্য হল ১০২ কি.মি.।

৩০.১ ২০০১ সালের ডিসেম্বর মাসে এশিয়া উন্নয়ন ব্যাঙ্ক ২১০০ লক্ষ্য মার্কিন ডলারের সমমূল্যের ঋণ অনুমোদন করে, যা প্রকল্পের মোট অনুমিত ব্যয় এর ৬৫%। ২০০২ সালে ১০ই ডিসেম্বর ঋণ বিষয়ক চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ২০০৩ সালের ৭ই জানুয়ারি থেকে ওই ঋণ কার্যকরী হয়েছে।

৩০.২ রাজ্য সড়ক ও জাতীয় সড়ক উভয়ক্ষেত্রেই প্রাক্-নির্মাণ কার্যাবলী রাজ্য সরকারে নিজস্ব তহবিল থেকে সম্পন্ন করতে হবে।

৩০.৩ আশা করা যায় ১০নং ও ১নং রাজ্য সড়কের এবং গ্রামীণ সংযোগকারী সড়ক সমূহের নির্মাণের আদেশনামা ২০০৩-এর শেষের দিকে দিতে হবে।

বিভিন্ন প্রকারের প্রাক্-নির্মাণ কার্যাবলী গ্রহণ করা হয়েছে। রাজ্য সড়কের কাজ ২০০৬ সালের মধ্যে শেষ করতে হবে এবং জাতীয় সড়কের কাজ ২০০৭ সালের প্রথম ভাগের মধ্যে সমাপ্ত করতে হবে।

৩১. স্বরাষ্ট্র, তথ্য ও সংস্কৃতি, শিক্ষা, বিচার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পরিবহন, শিল্প ও বাণিজ্য, অর্থ প্রভৃতি প্রশাসনিক বিভাগের পক্ষে পূর্ত বিভাগ ভবন নির্মাণ ও বিদ্যুৎ সংযোগের দায়িত্বভার নিয়ে থাকে। এই বিভাগের উপর বিদ্যুৎ সংযোগসহ সরকারি ভবনের, সড়ক ও সেতুসমূহের পরিকল্পনা রচনা, নির্মাণ কাজ ও রক্ষণাবেক্ষণের ভারও ন্যস্ত রয়েছে।

৩২. আমি এখানে উল্লেখ করতে চাই যে মহাকরণের সামনে ভূ-গর্ভস্থ পার্কিং প্লাজা নির্মাণের কাজ শীঘ্র শুরু হবে। বেশ কয়েকটি প্রতিষ্ঠানের কাছ থেকে এ বিষয়ে আগ্রহের কথা জানা গেছে। বি.ও.টি রীতিতে অথবা অন্যভাবে এই প্লাজা নির্মাণের বিষয়ে তাদের কাছ থেকে প্রতিযোগিতামূলক প্রস্তাব পাবার পর শীঘ্রই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। এই স্বপ্ন-প্রকল্প দ্রুত শুরু করার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে।

৩২.১ বর্তমান ময়দান মার্কেটের স্থলে ভূগর্ভে বাজার নির্মাণ করে ওপরে উদ্যান রচনার একটি পরিকল্পনা প্রতিরক্ষা কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

৩২.২ কার্জন পার্ক (সুরেন্দ্রনাথ উদ্যান) সৌন্দর্যায়ণের আরো একটি পরিকল্পনা করা হয়েছে। এখানে ভূগর্ভে পার্কিং প্লাজা ও বাজার নির্মাণ করে উপরে উদ্যান রচনা করা হবে। এই প্রকল্প দুটি রূপায়িত হলে পুরো এসপ্লানেড এলাকা নতুন চেহারা পাবে। এই অঞ্চলে নাট্য একাডেমি ভবনের প্রথম পর্যায়ের কাজ শীঘ্র শুরু হবে।

৩২.৩ বাবুঘাট থেকে বাস গুমটি পর্যন্ত গঙ্গার পূর্ব তীর শ্রীমণ্ডিত করার একটি পরিকল্পনা ছকে ফেলা হয়েছে। প্রতিরক্ষা কর্তৃপক্ষের অনুমোদন পেলে এ বছরেই সেই কাজ শুরু হতে পারে। দূর পাল্লার যাত্রীদের সুযোগ-সুবিধাসহ একটি খোলামেলা বাসগুমটি গড়বার প্রস্তাবও রয়েছে।

৩২.৪ গঙ্গার পূর্বতীরে প্রিন্সেপ ঘাট রেল স্টেশনের পিছনে প্রিন্সেপ ঘাট স্মারক স্তম্ভের সংলগ্ন উন্মুক্ত অঞ্চলে একটি স্ট্যাচু পার্ক গড়বার ভাবনা পূর্ত বিভাগের আছে।

৩২.৫ বীরভূম জেলা পরিষদের সহযোগিতায় তারাপীঠে অসংখ্য ভ্রমণার্থী ও তীর্থযাত্রীদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সহ একটি বাসগুমটির নির্মাণকার্য শুরু করা হয়েছে। বক্রেশ্বর উষ্ণ প্রস্রবণের সার্বিক উন্নয়ন ও ব্যবহারযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে এবং পারিপার্শ্বিক এলাকার সৌন্দর্যায়নের জন্য একটি প্রকল্পের কথা বিবেচনা করা হচ্ছে।

৩৩. পশ্চিমবঙ্গ জুড়ে অসংখ্য ঐতিহ্যবাহী ভবন ও সৌধ রয়েছে। এই ভবন ও সৌধগুলির পুনর্গঠন ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পূর্ত বিভাগের ওপর ন্যস্ত রয়েছে। বিভাগীয় বাস্তুকার ও স্থপতিগণ আধুনিক প্রকৌশলের সাহায্যে হেরিটেজ বিধি মেনে ঐতিহ্যবাহী ভবনগুলির মূল নান্দনিক রূপ অক্ষুণ্ণ রেখে তাদের রক্ষণাবেক্ষণের কাজে মুখ্য ভূমিকা পালন করছেন। এ প্রসঙ্গে আমি এখানে কলকাতার কয়েকটি ভবন ও সৌধের কথা উল্লেখ করতে চাই—ইডেন উদ্যানের ব্রহ্মদেশীয় প্যাগোডা, গোয়ালিয়র মনুমেন্ট, প্রিন্সেপ স্মারক সৌধ, গান্ধী ভবন, রাজা রামমোহন রায়ের বাসগৃহ (পুলিশ যাদুঘর), শহীদ মিনার, জেসপ বিল্ডিংস, হাইকোর্টের সামনের বিস্মৃত ফোয়ারা, দার্জিলিং জেলার মংপুতে রবীন্দ্র সংগ্রহশালা, কার্সিয়াং-এর নেতাজি ভবন। তাছাড়া পূর্ত বিভাগ অনেক পুরাতন সরকারি অফিস ভবনেরও রক্ষণাবেক্ষণ সুচারু রূপ করে থাকে—যেমন, মহাকরণ, রাজভবন, বিধানসভা ভবন, হাইকোর্ট, প্রেসিডেন্সি কলেজ ভবন ইত্যাদি। শহীদ মিনারের সংস্কার এবং তৎসংলগ্ন এলাকা শ্রীমণ্ডিত করারও একটি পরিকল্প পূর্ত বিভাগ গ্রহণ করেছে।

৩৩.১ পশ্চিমবঙ্গের ফুটবলের বিষয়টি মাননীয় সদস্যদের কাছে বিশদরূপে বিদিত। এ যাবৎ কলকাতার তিনটি পুরাতন ক্লাব যথা মোহনবাগান অ্যাথলেটিক ক্লাব, ইস্টবেঙ্গল ক্লাব ও মহামেডান স্পোর্টিং ক্লাবের তিনটি ঘেরা মাঠে কাঠের গ্যালারিতে বসে দর্শকেরা খেলা উপভোগ করতেন। সেই কাঠের গ্যালারির পরিবর্তে ইস্পাতের ফ্রেমে গড়া কংক্রিটের গ্যালারি নির্মাণের কাজ চলছে। এ পর্যন্ত মোহনবাগান মাঠে ৩০৯৬, ইস্টবেঙ্গল মাঠে ৩০৯৬ এবং মহামেডান স্পোর্টিং মাঠে ২২০০ আসন পাকা করার কাজ শেষ হয়েছে।

৩৩.২ পুরাতন কাঠের গ্যালারি খুলে ফেলা এবং সেগুলি সরিয়ে ফেলার কাজে বিলম্ব ঘটায় পরবর্তী কাজে গতিবেগ সৃষ্টি করতেও বিলম্ব হয়েছে। কংক্রিটের গ্যালারিতে আমাদের লক্ষ্যমাত্রা মোহনবাগান মাঠে ৯০১৬, ইস্টবেঙ্গল মাঠে ১২০৫৪ এবং মহামেডান স্পোর্টিং মাঠে ৬৭৩৯টি স্থায়ী আসন নির্মাণ করা। এই কাজ শেষ হলে ভবিষ্যতে দর্শকেরা নির্ভাবনায় খেলা উপভোগ করতে পারবেন।

৩৪. পূর্ত বিভাগে প্রশাসনিক কর্মপদ্ধতি আন্তর্জাতিক মানের সমকক্ষ করার লক্ষ্যে সক্রিয় প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে এই দপ্তরের জরিপ ও নক্শা মণ্ডলে ISO 9001 আন্তর্জাতিক মানের আনুষ্ঠানিক স্বীকৃতি লাভের চেষ্টা চলছে।

৩৪.১ আধুনিকীকরণের লক্ষ্যে পূর্ত বিভাগ ওয়েবসাইট খুলেছে যেখানে পূর্ত বিভাগের সড়ক, ভবন, সেতু এমনকি সকল চালু প্রকল্পের বর্তমান অবস্থা গুরুত্বপূর্ণ স্থানের যোগাযোগ ব্যবস্থা, এক নজরে পূর্ত বিভাগের কর্মীবর্গ বিষয়ক তথ্য, ভ্রমণার্থীদের জন্য পূর্ত বিভাগের বাংলো বিষয়ক খবর হাতে হাতে জানা যাবে।

৩৪.২ পূর্ত বিভাগ একটি অভিন্ন মূল্য তালিকা প্রকাশ করেছে তাতে অঞ্চল-নিরপেক্ষ সমগ্র রাজ্যের জন্য একটি পুস্তিকা ও একটি মাত্র মূল্য তালিকা হল, এতে বিশৃঙ্খলা দূর করে শর্তাবলী ও বিনির্দেশগুলিও সঙ্গতিপূর্ণ হল।

৩৪.৩ পূর্ত বিভাগ স্থির করেছে যে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে প্রতিটি মণ্ডল ও ভুক্তির মধ্যে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হবে যা নানা কাজে লাগবে, যেমন—স্বল্প সময়ে প্রাক্কলন প্রস্তুত, হিসাব তৈরি, কর্মীবর্গের ব্যবস্থাপনা, কাজের ব্যবস্থাপনা ইত্যাদি।

৩৫. তথ্য প্রযুক্তি বর্তমানের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমি এখানে উল্লেখ করতে চাই যে আমাদের তড়িৎ শাখা ডব্লু.বি.এস.ডব্লু.এ.এন (W.B.S.W.A.N), ই-গভর্নেন্স, জি ২ জি (আন্ত সরকারি যোগাযোগের জন্য) এবং জি ২ সি (সরকার ও নাগরিকদের যোগাযোগের জন্য)-এর সঙ্গে যুক্ত হয়ে এই আধুনিক প্রযুক্তি বিদ্যায় যথেষ্ট সহায়তা দিতে পারছে। গত বছরে আমি জানিয়েছিলাম যে মহাকরণে ল্যান (LAN) যোগাযোগ সকল মন্ত্রী এবং সচিব সহ ১২০টি টার্মিনাল সংযোগ স্থাপন করে চালু করে দেওয়া হয়েছে। ভারতবর্ষের কোনও একটিমাত্র ভবনে এতগুলি টার্মিনাল সংযোগ নেই যেখানে একটি কেন্দ্রীয় সুইচিং সেন্টার থেকে একসঙ্গে ডাটা/ভয়েস/ইমেজ/ভিডিও কনফারেন্স/ইন্টারনেট/ই-মেল ইত্যাদি নানাবিধ পরিষেবা পাওয়া যায়। চারটি জেলা সদরের সঙ্গে ভিডিও কনফারেন্সের যে সুবিধা ছিল বর্তমানে তা মুখ্যমন্ত্রীর অ্যান্টি চেম্বার, মুখ্যমন্ত্রীর কনফারেন্স কক্ষ এবং তথ্য প্রযুক্তি মন্ত্রীর মহাকরণের দপ্তর সঙ্গে ১৭টি জেলা সদরের জন্য সম্প্রসারিত করা হয়েছে। ইজারা ভিত্তিতে নেওয়া লাইন সংযোগ বলে মহাকরণের কেন্দ্রীয় স্যুইচিং সেন্টার মারফৎ নবমহাকরণ, বিকাশ ভবন, জলসম্পদ ভবন, ময়ূখ ভবন, জেসপ বিল্ডিং-এর সঙ্গে যুক্ত হয়েছে এবং এই পরিষেবা অবিলম্বে সম্প্রসারিত করা হবে। মহাকরণের কেন্দ্রীয় স্যুইচিং সেন্টারের সঙ্গে নতুন দিল্লিতে বাবা খড়্গ সিং মার্গে অবস্থিত রেসিডেন্ট কমিশনারের অফিস, বঙ্গভবনে সংযোগ স্থাপিত হয়েছে। ফলে ডাটা/ভয়েস/ইন্টারনেট/ই-মেল ইত্যাদি সুবিধা পাওয়া যাবে। এর ফলে যোজনা বহির্ভূত ব্যয় প্রভূত পরিমাণে কমে যাবে।

৩৬. আমার বিভাগের সকল শাখার সকল অধীক্ষক বাস্তুকারই রাইটার্স বিল্ডিংস সার্ভার এবং তথ্য প্রযুক্তি বিভাগ উদ্ভাসিত জেলা স্যুইচিং সেন্টারের মাধ্যমে ডাটা/ভয়েস/ইন্টারনেট/ই-মেল-এর সাহায্যে তাঁদের প্রকল্পগুলি কম খরচে দেখভাল করতে পারবেন, প্রশাসনিক

স্বচ্ছতা বাড়াতে পারবেন। তবে এই সুযোগ এ বছরে দেওয়া সম্ভব হল না। আর্থিক অবস্থার উন্নতি ঘটলে আগামী বছরে তা দেওয়া হবে।

৩৭. জাতীয় নেতা, বিপ্লবী, শহীদ, সমাজ সংস্কারক, সাহিত্যসেবী, মানবজীবনের বিভিন্ন ক্ষেত্রে যাঁদের অসামান্য অবদান আছে এমন বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাবার উদ্দেশ্যে পূর্ত বিভাগ তাঁদের মূর্তি স্থাপন করে থাকে। এই সভাকে জানাতে আমি বিশেষ গৌরববোধ করছি যে ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত ইন্দিরা গান্ধীর একটি ১২ ফুট উচ্চতা বিশিষ্ট ব্রোঞ্জ মূর্তি কলকাতা পুরসভার সহযোগিতায় এসপ্লানেড এলাকায় আমরা স্থাপন করেছি। রানী রাসমণির মূর্তিও স্থাপিত হয়েছে। প্রথম এয়ার মার্শাল প্রয়াত সুব্রত মুখোপাধ্যায়ের পূর্ণাবয়ব ব্রোঞ্জ মূর্তি তৈরি করে জাতীয় প্রতিরক্ষা এডাডেমির হাতে তুলে দেওয়া হয়েছে, সেটি পুণেতে বসানো হবে। পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত অজয়কুমার মুখোপাধ্যায়ের একটি ১২ ফুট উচ্চতার ব্রোঞ্জ মূর্তি নির্মিত হয়েছে, স্থান নির্বাচন না হওয়ায় বসানো যায়নি। কলকাতার কেন্দ্রস্থলে উপযুক্ত স্থান প্রায় দুর্লভ। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্থাপনের জন্য ৯ ফুট উচ্চতা বিশিষ্ট ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ব্রোঞ্জ মূর্তি এবং কলকাতায় স্থাপনের জন্য তরুণ শহীদ বীরসা মুন্ডার ১৬ ফুট উচ্চ ব্রোঞ্জ মূর্তি নির্মাণের কাজ চলছে।

৩৭.১ বীরসা মুন্ডার মূর্তি স্থাপনের জন্য মূর্তি কমিটি উপযুক্ত স্থানের অবিরত সন্ধান করে চলেছেন এবং আমার দফতরের সঙ্গেও যোগাযোগ রাখছেন। তাছাড়া আমাদের দেশের মহান সন্তান ঋষি বঙ্কিমচন্দ্র, ত্রৈলোক্য মহারাজ, ত্রিদিব চৌধুরী, জেমস লঙ, মহেন্দ্রনাথ দত্ত, ভূপেন্দ্রনাথ দত্ত, সর্বপল্লী রাধাকৃষ্ণণ, কবিগুরু রবীন্দ্রনাথ এবং স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতীর প্রতি শ্রদ্ধাঞ্জলির নিদর্শন হিসাবে তাঁদের মূর্তি স্থাপনের সিদ্ধান্ত পূর্ত বিভাগ গ্রহণ করেছে।

৩৮. আমি এই সভাকে আরও জানাতে চাই যে পূর্ত বিভাগের আর্থিক শৃঙ্খলা একটি কঠোর ও পরীক্ষিত হিসাব রক্ষণ পদ্ধতি ভিত্তিক। প্রতিটি ভুক্তি ও উপভুক্তিতে যে হিসাবপত্র রাখা হয় ভারত সরকারের মহাগাণনিক নিযুক্ত কর্মচারীরা সেই কাজ করে থাকেন। এই কর্মচারীদের মধ্যে থাকেন প্রথম ও দ্বিতীয় স্তরের গণনা-আধিকারিক, ডিভিশনাল গাণনিক, সিনিয়র গণনা করণিক। নগদ টাকা পয়সার লেনদেন ও মহাগাণনিক নিযুক্ত কর্মীদের দ্বারাই নিষ্পন্ন হয়। পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের পূর্ণ হিসাব মহাগাণনিকের কাছে পাঠানো এখন বাধ্যতামূলক। ভুক্তি-অফিসের হিসাব প্রতি ছয় মাসে পশ্চিমবঙ্গ মহাগাণনিক দ্বারা পরীক্ষিত হতে হয়।

৩৯. পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ বিভিন্ন সরকারি বিভাগ যথা—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, কারিগরি, শিক্ষা ও প্রশিক্ষণ, বিদ্যালয় শিক্ষা, উচ্চশিক্ষা, প্রাণীসম্পদ বিকাশ, তথ্য ও সংস্কৃতি বিভাগ সমূহের ভবনগুলি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। ২০০৩-০৪ সালে এই বিভাগ যে কাজ সম্পূর্ণ করছে এবং ২০০৩-০৪-এ যে কাজগুলি শেষ হবে বলে আশা করা যায় তার তালিকা পরিশিষ্ট চ-তে দেওয়া হল।

৪০. এই কথাও উল্লেখ করা যেতে পারে যে, রাজ্য স্বাস্থ্য বিধি উন্নয়ন প্রকল্প ২-এর অধীনে যে উন্নয়নের কাজ চলছে তার মধ্যে রয়েছে বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র, গ্রামীণ হাসপাতাল, মহকুমা

হাসপাতাল, জেলা হাসপাতাল ইত্যাদি। এ কাজ শীঘ্রই শেষ হবে। যে হাসপাতালের কাজ ২০০২-০৩-এ শেষ হয়েছে এবং যে হাসপাতালে উন্নয়নের কাজ চলছে তার তালিকা পরিশিষ্ট ছ-তে দেওয়া হল।

৪০.১ আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে, শেঠ সুখলাল কার্নানি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের মেন ব্লকের সংস্কারের কাজ পূর্ত বিভাগ হাতে নিয়েছে। এ কাজের জন্য ৫.৩৭ কোটি টাকা অনুমিত ব্যয় স্থির হয়েছে। সংস্কারের ফলে রোগীদের জন্য শয্যার সংখ্যা আরও কিছু বাড়বে।

৪১. রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে বা সরকার অধিগৃহীত সংস্থার অনুরোধে পূর্ত বিভাগের অনেক প্রযুক্তিবিদকে ডেপুটেশনে ওই সকল সংস্থায় যেতে হয়েছে। তাঁরা সেসব স্থানে সন্তোষজনকভাবে কাজ করছেন।

৪২. আমি মাননীয় সদস্যদের একথা মনে রাখতে অনুরোধ করছি যে, সড়কের ভাল অবস্থা শুধুমাত্র সুচিন্তিত পরিকল্পনা, নির্ভুল নির্মাণ, উন্নত উপাদানের উপরই নির্ভর করে না, প্রয়োজন সড়ক ব্যবহারকারীদের প্রযত্নও। রাস্তার দুধারে গজিয়ে ওঠা ঝুপড়ি নিকাশি ব্যবস্থাকে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত করে, যা পরিণতিতে রাস্তারই ক্ষতি সাধন করে। মাননীয় সদস্যদের কাছে আবেদন জনসাধারণের প্রকৃত হিতের কথা ভেবে এই ধরনের বে-আইনি কাজকর্মের বিরুদ্ধে গণ চেতনা গড়ে তুলতে সহায়তা করুন।

এই ক'টি কথা বলে ২০০৩-০৪ সালের জন্য যে দাবি পেশ করেছি তা অনুমোদন করার জন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাচ্ছি।

পরিশিষ্ট-ক

পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের অধীন নির্মীয়মান সেতুর তালিকা

ক্রমিক	জেলা এবং প্রকল্পের নাম	কাজের বর্তমান অবস্থা
	বর্ধমান	
১.	অগ্রদ্বীপ দিয়াসিন সড়কে বৈখালের উপর বক্স ব্রিজ	কাজ চলছে
	মেদিনীপুর	
২.	তমলুক-ময়না সড়কের ১৬ কি.মি.তে কাঁসাই নদীর ওপর সেতু	কাজ চলছে
৩.	নন্দীগ্রাম-মালদা সড়কে তালপট্টি খালের ওপর সেতু	ঐ
৪.	কেটিয়ার ওপর সেতু	ঐ
৫.	শিলাবতী নদীর ওপর সেতু	ঐ
৬.	কাঁথি-দীঘা সড়কে পিছাবনী খালের ওপর কংক্রিটের পাকা সেতু	ঐ

ক্রমিক	জেলা এবং প্রকল্পের নাম	কাজের বর্তমান অবস্থা
	নদিয়া	
৭.	চোপড়া-হৃদয়পুর সড়কে বেতবেড়িয়া বিলের ওপর সেতু	কাজ চলছে
৮.	পলাশি-বেতাই সড়কের ৬ কি.মি.-তে সেতু	ঐ
৯.	পলাশি-বেতাই সড়কের ১৩ কি.মি.-তে সেতু	ঐ
১০.	কৃষ্ণনগর-করিমপুর সড়কে সেতু	ঐ
	দার্জিলিং	
১১.	খড়িবাড়ি-দেবীগঞ্জ সড়কে বন নদীর ওপর সেতু	কাজ চলছে
	উত্তর ২৪ পরগনা	
১২.	হাড়োয়ায় বিদ্যাধরী নদীর ওপর সেতু	কাজ চলছে
১৩.	চৈতলঘাট বিদ্যাধরী নদীর ওপর সেতু	ঐ
১৪.	বিরাটি উড়ালপুল	কাজ শুরু হওয়ার মুখে
১৫.	চাঁদপুর-নাহাট্টা সড়কে চৈতা খালের ওপর সেতু	কাজ চলছে
১৬.	মধ্যমগ্রাম উড়ালপুল	ঐ
	দক্ষিণ ২৪ পরগনা	
১৭.	কলকাতা-বাসন্তী সড়কে হোগল নদীর ওপর সেতু	কাজ চলছে
১৮.	লেক গার্ডেন্স উড়ালপুল	সমাপ্তির পথে
১৯.	বন্ডেল গেট উড়ালপুল	ঐ
২০.	কাকদ্বীপে কালনাগিনী খালের ওপর সেতু	কাজ চলছে
২১.	পঞ্চানন গ্রাম খালের ওপর সেতু	ঐ
	হাওড়া	
২২.	বাকশিতে গাইঘাটা খালের ওপর সেতু	কাজ চলছে
২৩.	লিলুয়া উড়ালপুল	ঐ
২৪.	মৌড়িগ্রাম উড়ালপুল	সমাপ্তির পথে
	মালদহ	
২৫.	মালদহ বালুরঘাট ভিকাহার-নালাগোলা অংশে নুরুপের ওপর সেতু	কাজ চলছে
২৬.	মালদহ-বালুরঘাট সড়কের ভিকাহার-নালাগোলা অংশে ইশোনীর ওপর সেতু	ঐ
২৭.	গাজোল-বামনগোলা সড়কের ১৬ কি.মি.-তে ট্যাঙ্গন নদীর ওপর সেতু	ঐ
২৮.	সাহাপুর-মালদহে মহানন্দা নদীর ওপর সেতু	ঐ
	বীরভূম	
২৯.	বোলপুর-রাজগ্রাম সড়কে মণিকর্ণিকার ওপর সেতু	কাজ চলছে

ক্রমিক	জেলা এবং প্রকল্পের নাম	কাজের বর্তমান অবস্থা
৩০.	বোলপুর-রাজগ্রাম সড়কের ৩৩.৭৪ কি.মি.-তে কালীয়াদহ নদীতে সেতু	কাজ চলছে
৩১.	রাণীগঞ্জ-সিউড়ি সড়কে সেতু	ঐ
৩২.	নেড়াদেউল-মটশোল সড়কে সেতু	ঐ
	জলপাইগুড়ি	
৩৩.	জলপাইগুড়ি-চাউলহাট সড়কে যমুনা নদীর ওপর সেতু	কাজ চলছে
৩৪.	কালচিনি-জয়গাঁও সড়কে বসরা নদীর ওপর বেইলি ব্রিজ	ঐ
৩৫.	গয়েরকাটা-রামসাই সড়কে রঙ্গতি নদীর ওপর সেতু	ঐ
	কোচবিহার	
৩৬.	বক্সিরহাট-জোড়াই সড়কের ২য় কি.মি.-তে বুড়া রাইডাক নদীর ওপর সেতু	কাজ চলছে
৩৭.	কালজানি স্বাস্থ্যকেন্দ্র সংযোগকারী সড়কে ঘরঘরিয়া নদীর ওপর সেতু	ঐ
৩৮.	চ্যাংড়া বান্ধা সড়কে ধরলা নদীর ওপর সেতু	ঐ
	দক্ষিণ দিনাজপুর	
৩৯.	মালদহ-বালুরঘাট সড়কে পুনর্ভবা নদীর ওপর সেতু	কাজ চলছে
৪০.	চকভৃগু-তপন সড়কে কেশিয়াখাড়ির উপর কংক্রিটের পাকা সেতু	ঐ
৪১.	শিবপুর-মহীপালদীঘি-উদয়পুর সড়কে তুলাই নদীর ওপর সেতু	ঐ
	উত্তর দিনাজপুর	
৪২.	ইটাহার-চুড়ামন-খড়বা সড়কে মহানন্দার ওপর সেতু	কাজ চলছে
৪৩.	কঙ্ক-গোয়াগাঁও সড়কের চাপড়ায় পিটানি নদীর ওপর সেতু	ঐ
৪৪.	কিষাণগঞ্জ-দিনাজপুর সড়কে সেতু	ঐ
	হুগলি	
৪৫.	কাবুলিয়া-তিলকচক সড়কে কানাদামোদরের উপর সেতু	কাজ চলছে
৪৬.	পুনঃ হস্তান্তরিত ২নং জাতীয় সড়কে ৬৩০ কি.মি.তে সেতু	ঐ
	মুর্শিদাবাদ	
৪৭.	কানুপুর বহুতলী সড়কে ৫ কি.মি.তে পাগলা নদ (১)-এর ওপর সেতু	কাজ চলছে
৪৮.	শেরপুর-বিষ্ণুপুর সড়কে ৮ কি.মিতে দ্বারকা নদের ওপর সেতু	ঐ
৪৯.	কানুপুর বহুতলী সড়কে পাগলা নদ (২)-এর ওপর সেতু	ঐ
৫০.	কালীতলা-ঘোড়ামারা সড়কে ভান্ডারদহ খালের ওপর সেতু	ঐ
৫১.	কানুপুর-বহুতলী সড়কে বাঁসলই নদীর ওপর সেতু	ঐ

পরিশিষ্ট-খ

পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের প্রস্তাবিত সড়ক ও সেতু প্রকল্পসমূহ

আর.আই.ডি.এফ—৭ ও ৮ :

ক্রম	জেলা	প্রকল্পের নাম	অনুমিত ব্যয় লক্ষ টাকায়	কাজের অগ্রগতি
১.	উত্তর ২৪ পরগনা	তেঁতুলিয়া-মসলন্দপুর সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-৮ কি.মি.)	৭৬১.২০	১২.৫%
২.	,,	গাইঘাটা-গোবরডাঙা সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-১০ কি.মি.)	৪৬৫.৯৯	২০%
৩.	,,	নীলগঞ্জ-সন্তোষপুর-দত্তপুকুর-আমিনপুর সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-২৮.৮৫ কি.মি.)	১৫৯০.৩৪	প্রাথমিক পর্যায়ের কাজ চলছে
৪.	দক্ষিণ ২৪ পরগনা	সরবেড়িয়া-ধামুয়া সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-৬.৪ কি.মি.)	৩৪৫.৩৯	প্রাথমিক পর্যায়ের কাজ চলছে
৫.	,,	জীবন মন্ডল হাট-সোনাটিকারী হাট সড়ক প্রশস্তকরণ ও দৃঢ়করণ (৫.৩৫-১১ কি.মি.)	১৯৭.৪৮	ঐ
৬.	মেদিনীপুর	কাটিয়াশোল-চন্দ্রকোণা টাউন সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-১০ কি.মি.)	৬৭.৭৪	আদেশনামা জারি হয়েছে
৭.	,,	খড়্গপুর-কেশিয়ারি সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (১১-১৪ কি.মি.)	৯১.৭৪	২০%
৮.	,,	অযোধ্যানগর-বিশ্বনাথপুর-পাটনা সড়কের উন্নয়ন (০-৩ কি.মি.)	৭৯.৫৫	ঐ
৯.	,,	বাউশদা (কল্যাণচক) থেকে তেঁতুলমারি (হুগলি সীমান্ত) সড়কের উন্নতকরণ	১৭৮.৩০	ঐ
১০.	,,	আশুই থেকে শুলিয়াপাতা পর্যন্ত সড়ক পথের উন্নতকরণ	১৭৮.৬১	ঐ
১১.	জলপাইগুড়ি	পি সি এ গোমতু ভুটান সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (৪.৫০-১৪.৫০ কি.মি.)	৩০৫.০১	দরপত্র আহ্বান করা হয়েছে
১২.	,,	গয়েরকাটা-রামসাই সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (৪.৫০-১৪.৫০ কি.মি.)	৫২১.৪০	ঐ
১৩.	,,	জলপাইগুড়ি-হলদিবাড়ি সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (৪/৯.৫-১০/১৬.২৬ কি.মি.)	৩০৩.৭৪	দরপত্র আহ্বান করা হয়েছে

ক্রম	জেলা	প্রকল্পের নাম	অনুমিত ব্যয় লক্ষ টাকায়	কাজের অগ্রগতি
১৪.	জলপাইগুড়ি	নিউ জলপাইগুড়ি-ভুক্তি সড়ক প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-৯.৫০ কি.মি.)	১৭০.১৮	দরপত্র আহ্বান করা হয়েছে
১৫.	দার্জিলিং	পানিঘাটা-কদমা-বাগডোগরা প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-৫ কি.মি.)	১৪৬.৩৩	ঐ
১৬.	নদিয়া	হাঁসখালি-বগুলা-দত্তফুলিয়া-আড়ংঘাটা সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (২৭-৪০ কি.মি.)	৪৯৪.০০	ঐ
১৭.	,,	শান্তিপুর-কালনাঘাট সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (৪.৫০-১৪.৫০ কি.মি.)	১৮৭.৮১	ঐ
১৮.	,,	ফুলিয়া-আরবান্দি সড়কের (০-৮ কি.মি.) প্রশস্তকরণ দৃঢ়করণ	২২১.০০	ঐ
১৯.	,,	হাবড়া-উখড়া সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (৭-১১.২ কি.মি.)	১৯৬.০০	ঐ
২০.	,,	গোপালনগর-চৌবেড়িয়া-উখড়া সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (১৫-২৩ কি.মি.)	৪২০.০০	ঐ
২১.	,,	বগুলা-নোনাগঞ্জ সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-১৩.২৭ কি.মি.)	৫৫১.০০	ঐ
২২.	,,	মহিষবাথান-নাতিডাঙা-নাজিরপুর সড়কের উন্নয়ন ও দৃঢ়করণ (০-১১.০২৩ কি.মি.)	৪১৬.০৮	ঐ
২৩.	,,	দয়ের বাজার থেকে কলিঙ্গ খাল সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-৭.৭৬ কি.মি.)	৩৫২.০০	ঐ
২৪.	মালদহ	গাজোল-বামনগোলা সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (০-১৬ কি.মি.)	৬২২.৪০	দরপত্র আহ্বান করা হয়নি
২৫.	বর্ধমান	মেমারি-মন্তেশ্বর সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (১২.৫০-২৭ কি.মি.)	৭৮৬.০০	ঐ
২৬.	,,	কাশেমনগর-নতুনহাট-শ্রীখন্ড সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ (১০-২৮.৫০ কি.মি.)	৫৫৫.৬১	প্রাথমিক পর্যায়ের কাজ চলছে

ক্রম	জেলা	প্রকল্পের নাম	অনুমিত ব্যয় লক্ষ টাকায়	কাজের অগ্রগতি
সেতু				
১.	জলপাইগুড়ি	আলিপুরদুয়ার-ভোলকা সড়কে গদাধর সেতু	৩২০.৪১	৫০% সেতুর মূল অংশের নির্মাণ শেষ হয়েছে
২.	বাঁকুড়া	কোতুলপুর ইন্দাস সড়কে ১০.৬৯৫ কি.মি.তে দ্বারকেশ্বর নদের ওপর সেতু	১৬৫.০০	প্রাথমিক পর্যায়ের কাজ চলছে
৩.	দার্জিলিং	খড়িবাড়ি-ফাঁসিদেওয়া সড়কে ১০ কি.মি. চেঙ্গা ও মাঞ্জায় পাকা কংক্রিট সেতু	৭২৩.৮০	ঐ
৪.	মালদহ	মদিয়াঘাট-বাহারাল-শোভানগর সড়কে কালিন্দী নদীর ওপর সেতু	৮৭৯.২২	ঐ
৫.	মেদিনীপুর	মেদিনীপুর-ধেরুঘাট সড়কে ধেরুঘাটে কংসাবতী নদীর উপর সেতু	১০৪৬.৯৬	ঐ
৬.	মেদিনীপুর	বিষ্ণুপুর-চক্রীপান সড়কে ৬ কি.মি.তে কংসাবতী নদীর ওপর সেতু	৬৮৬.৫১	ঐ
৭.	মেদিনীপুর	গোবর্ধনপুর-ইটাবেড়িয়া সড়কে ১৬ কি.মিতে ইটাবেড়িয়া খালের ওপর সেতু	১৭৯.০০	ঐ
৮.	মেদিনীপুর	রোহিণী-রগড়া সড়কে ৪ কি.মি.তে বংশী নদীর ওপর সেতু	২৮৭.৪৯	ঐ
৯.	উত্তর দিনাজপুর	চূড়ামন-ইটাহার-কুশমুন্ডি সড়কে ২৯ কি.মিতে সুই নদীর ওপর সেতু	৪৭৯.১৭	ঐ
১০.	উত্তর দিনাজপুর	বিন্দোল-বিষ্ণুপুর সড়কের ২ কি.মি. কুলিক নদীর ওপর পাকা কংক্রিট সেতু	৩১১.২৭	ঐ
১১.	উত্তর ২৪-পরগনা	শ্রীপল্লী-বাজিতপুর সড়কে ১৯ কিমিতে ইছামতী নদীর ওপর সেতু	২৮৯.১০	ঐ
১২.	দক্ষিণ ২৪-পরগনা	কাশীনগর-রায়পুর ফেরিঘাট সড়কে রায়পুর ফেরিঘাটে সুতারবাগ নদীর ওপর সেতু	৫২৩.৫৮	ঐ

পরিশিষ্ট-গ

হাডকো ঋণ সহায়তায় গৃহীত প্রকল্প সমূহ পর্যায়-২

ক্রম	জেলা	সড়কের নাম	বর্তমান অবস্থা
১.	উত্তর ২৪-পরগনা	লাউহাটি-হাড়োয়া সড়ক ১৮.০০ কি.মি.	কাজ সমাপ্ত
২.	ঐ	বি. টি রোড ১২.০৩ কি.মি.	ঐ
৩.	দক্ষিণ ২৪-পরগনা	কলকাতা-বাসন্তী সড়ক (ভোজেরহাট থেকে কানমারি পর্যন্ত) ৩৭.০০ কি.মি.	সমাপ্তির মুখে
৪.	ঐ	কলকাতা-ডায়মন্ডহারবার-কুলপি সড়ক ৫৪.৫০ কি.মি.	কাজ সমাপ্ত
৫.	মেদিনীপুর	মেদিনীপুর-কেশপুর সড়ক ৩২ কি.মি.	কাজ সমাপ্ত
৬.	ঐ	লোধাসুলি-ঝাড়গ্রাম সড়ক ১৫ কি.মি.	কাজ সমাপ্ত
৭.	ঐ	তমলুক-কাঁথি-দীঘা সড়ক ৮৩.৮৭ কি.মি.	৯০% কাজ শেষ
৮.	ঐ	রামজীবনপুর-ক্ষীরপাই সড়ক ২১.৫০ কি.মি.	সমাপ্তির মুখে
৯.	ঐ	বেলদা-কেশিয়াড়ি-নয়াগ্রাম সড়ক ১৮.০০ কি.মি.	ঐ
১০.	বাঁকুড়া	বিষ্ণুপুর-কোতুলপুর সড়ক ৩৬ কি.মি.	কাজ সমাপ্ত
১১.	ঐ	রাজগ্রাম-বিষপুরিয়া সড়ক ২৯.৪৮ কি.মি.	ঐ
১২.	মুর্শিদাবাদ	আলিনগর-কুলি-কান্দি-ভরতপুর সড়ক ৪২ কি.মি.	কাজ সমাপ্ত
১৩.	ঐ	গ্রামশালিকা-মজলিশপুর সড়ক ১২ কি.মি.	ঐ
১৪.	বর্ধমান	বর্ধমান-কালনা সড়ক ৪৩.৫০ কি.মি.	কাজ সমাপ্ত
১৫.	ঐ	কালনা-কাটোয়া সড়ক ২০.০০	ঐ
১৬.	হুগলি	বৈদ্যবাটি-তারকেশ্বর সড়ক ৪০.০০ কি.মি.	কাজ সমাপ্ত
১৭.	ঐ	আরামবাগ-গোঘাট-রামজীবনপুর সড়ক ২১.১০ কি.মি.	ঐ
১৮.	বীরভূম	সিউড়ি-সাঁইথিয়া-সুলতানপুর সড়ক ৩৩.০০ কি.মি.	কাজ সমাপ্ত
১৯.	ঐ	মজলিশপুর-রামজীবনপুর সড়ক ৮.০০ কি.মি.	ঐ
২০.	হাওড়া	হাওড়া-আন্দুল সড়ক ১১.০০ কি.মি.	কাজ সমাপ্ত
২১.	ঐ	রাণীহাটি-হরিদাসপুর সড়ক ১৬.৭০ কি.মি.	ঐ
২২.	পুরুলিয়া	পুরুলিয়া-হুড়া-বাঁকুড়া সীমান্ত সড়ক ৪৬.৩৪ কি.মি.	সমাপ্তির পথে
২৩.	জলপাইগুড়ি	ময়নাগুড়ি-চ্যাংড়াবান্ধা সড়ক ১৮.৫০ কি.মি.	কাজ সমাপ্ত

ক্রম	জেলা	সড়কের নাম	বর্তমান অবস্থা
২৪.	কোচবিহার	চ্যাংড়াবান্ধা-মাথাভাঙা কোচবিহার সড়ক ৭৪.০০ কি.মি.	কাজ সমাপ্ত
২৫.	নদিয়া	রানাঘাট-কৃষ্ণনগর সড়ক ১৬.৭১ কি.মি.	কাজ সমাপ্ত
২৬.	দার্জিলিং	খড়িবাড়ি-ফাঁসিদেওয়া সড়ক ৮.০০ কি.মি.	কাজ সমাপ্ত

১.	দক্ষিণ ২৪-পরগনা	বীরেন রায় রোডের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ৮.০০ কি.মি.	সমাপ্তির মুখে

পরিশিষ্ট-ঘ

হাডকো ঋণ সহায়তায় গৃহীত প্রকল্প সমূহ পর্যায়-৩

ক্রম	জেলা	সড়কের নাম	বর্তমান অবস্থা
১.	দক্ষিণ ২৪-পরগনা	তারাতলা রোড (নূতন ও পুরাতন)	প্রাথমিক পর্যায়ের কাজ চলছে
২.	উত্তর ২৪-পরগনা	তরুণ সেনগুপ্ত সরণি	ঐ
৩.	ঐ	পাতিপুকুর-রাজারহাট-লাউহাটি সড়ক	ঐ
৪.	ঐ	বি. টি. রোড (হেমন্ত সেতু থেকে ডানলপ ব্রিজ পর্যন্ত)	ঐ
৫.	ঐ	খড়দহ রেল স্টেশন থেকে ওল্ড ক্যালকাটা রোড	ঐ
৬.	হাওড়া	হাওড়া-আমতা সড়ক	ঐ
৭.	ঐ	বাগনান-আমতা সড়ক	ঐ
৮.	হুগলি	চন্ডীতলা-চাঁপাডাঙা সড়ক	ঐ
৯.	বর্ধমান	বর্ধমান-কাটোয়া সড়ক	ঐ
১০.	ঐ	বর্ধমান শহরে জি. টি. রোড	ঐ
১১.	বাঁকুড়া	বিষ্ণুপুর বাইপাস	ঐ
১২.	মুর্শিদাবাদ	বহরমপুর-কান্দি সুলতানপুর সড়ক	ঐ
১৩.	জলপাইগুড়ি	ধূপগুড়ি-ফালাকাটা সড়ক	ঐ
১৪.	মেদিনীপুর	চন্দ্রকোনা-ঘাটাল সড়ক	ঐ
১৫.	মালদহ	মালদহ-হাবিবপুর সড়ক	ঐ
১৬.	বীরভূম	সাঁইথিয়া-মহম্মদবাজার সড়ক	ঐ
১৭.	নদিয়া	বিরহী-মদনপুর-কল্যাণী সড়ক	ঐ

পরিশিষ্ট-ঙ

কেন্দ্রীয় সড়ক তহবিল প্রকল্পে গৃহীত সড়কের তালিকা

ক্রম	জেলা	সড়কের নাম	বর্তমান অবস্থা
১.	বর্ধমান	মির্জাপুর-কুসুমগ্রাম সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ১৫-৩২ কি.মি.	কাজ চলছে
২.	ঐ	কুসুমগ্রাম-সমুদ্রগড় সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ৩২-৫২ কি.মি.	ঐ
৩.	কোচবিহার	ফালাকাটা-শিলডাঙা সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ০-২২.১ কি.মি.	ঐ
৪.	জলপাইগুড়ি	কালচিনি-রায়কতপাড়া সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ০-১০ কি.মি.	ঐ
৫.	মেদিনীপুর	কাঁথি-তাজপুর সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ২-২০ কি.মি.	ঐ
৬.	ঐ	কুসুমুলি-বেলদা সড়কের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ৩৮-৫৬ কি.মি.	ঐ
৭.	উত্তর ২৪-পরগনা	যশোর রোডের প্রশস্তকরণ ও দৃঢ়করণ ৮.৪০-১৪.৪০ কি.মি.	ঐ

পরিশিষ্ট-চ

পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগের যে সকল প্রকল্প ২০০২-০৩ সালে শেষ হয়েছে এবং ২০০৩-০৪ সালে শেষ হবে বলে আশা করা হচ্ছে তার তালিকা

নির্মাণ কাজ শেষ হয়ে গেছে :

১। বিশ্ব ব্যাঙ্কের প্রকল্পের S.H.S.D.P. II কর্মসূচিতে উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, হাওড়া, হুগলি, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদ, মেদিনীপুর ও নদিয়া জেলায় ৬৯টি গ্রামীণ হাসপাতাল উন্নত করা হয়েছে।

২। দার্জিলিং জেলার শুশ্রুতনগরে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের বিভিন্ন ভবনের নির্মাণ ও সংস্কার।

৩। মুর্শিদাবাদ জেলার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে অপারেশন থিয়েটার ও পর্যবেক্ষণ কক্ষের নির্মাণ।

৪। মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের পুন্ডিতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং কর্মচারীদের আবাস নির্মাণ।

৫। দক্ষিণ ২৪-পরগনা শিরাকোলে ও আমগাছিতে ৬-শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ।

৬। মেদিনীপুর জেলার এগরা-২ ব্লকে ১০ শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ।

৭। মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, কোচবিহার, হাওড়া, দক্ষিণ ২৪-পরগনা, হুগলি, বীরভূমে সরকারি প্রাথমিক শিক্ষক শিক্ষণ কেন্দ্রের উন্নতিসাধন।

৮। দার্জিলিং জেলার শিলিগুড়িতে উত্তরবঙ্গ শ্রবণ প্রতিবন্ধী ইনস্টিটিউটের বালক ও বালিকাদের জন্য হোস্টেল ভবন নির্মাণ।

৯। দার্জিলিং জেলার বি.সি.কে.ভি.-র অধীন পেডং-এ পরিকাঠামো উন্নয়ন।

১০। মেদিনীপুরে শিক্ষাভবন নির্মাণ।

যে সব ক্ষেত্রে নির্মাণ কাজে যথেষ্ট অগ্রগতি হয়েছে এবং ২০০৩-০৪-এ শেষ হবে বলে আশা করা যায়

১। বর্ধমানের বর্ধমান মেডিক্যাল কলেজে একতল বিশিষ্ট পি.এস.এম সম্প্রসারণ ভবন নির্মাণ।

২। বর্ধমান মেডিক্যাল কলেজে ৭৫ আসনের ছাত্রী হোস্টেল ও ১১৪ আসনের ছাত্র হোস্টেল নির্মাণ।

৩। বর্ধমান মেডিক্যাল কলেজে ৪৫০ আসন বিশিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম নির্মাণ।

৪। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের বর্তমান প্রশাসনিক ব্লকের ওপর প্রস্তাবিত পরীক্ষার জন্য হল নির্মাণের উদ্দেশ্যে শীর্ষমুখী সম্প্রসারণ।

৫। দার্জিলিং জেলার শুশ্রুতনগরে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ, হাসপাতালের ছাত্রদের জন্য ১৫০ আসনের হোস্টেল নির্মাণ।

৬। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে নিউরো-সার্জারি, কার্ডিওলজি, নেফ্রোলজি বিভাগে চিকিৎসার পরিষেবা গড়ে তোলার জন্য ত্রিতল ভবন নির্মাণ।

৭। দার্জিলিং-এর সুশ্রুতনগরে উত্তরবঙ্গ ডেন্টাল কলেজের ছাত্রদের জন্য ১৫০ আসন বিশিষ্ট হোস্টেল ও সুপারিনটেনডেন্ট-এর কোয়ার্টার্স নির্মাণ।

৮। দক্ষিণ ২৪-পরগনা, মুর্শিদাবাদ, হুগলি, বাঁকুড়া, বর্ধমান জেলায় সরকার স্পন্‌স্‌রড প্রাথমিক শিক্ষক শিক্ষণ ইনস্টিটিউট ভবনগুলির সংস্কার।

৯। দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে শিবায়ন ক্যাম্পাসে হোম নির্মাণ।

১০। বিশ্ব ব্যাঙ্ক প্রকল্পের S.H.S.D.P.II কর্মসূচিতে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ১৪টি গ্রামীণ হাসপাতালের উন্নতকরণ।

১১। দার্জিলিং-এর কালিম্পংয়ে C.T.T. কেন্দ্র চিত্রভানু শ্রেণীকক্ষ ও পাকশালা ও ভোজনগৃহ নির্মাণ।

পরিশিষ্ট-ছ

বিশ্বব্যাঙ্কের ঋণ সহায়তায় S.H.S.D.P. II কর্মসূচির অধীন প্রকল্প পরিবার ও স্বাস্থ্যকল্যাণ বিভাগের জেলা স্বাস্থ্য কমিটি এবং প্রজেক্ট সেলের পথ নির্দেশ অনুযায়ী পূর্ত বিভাগের বিভিন্ন ভূমি জেলা হাসপাতাল মহকুমা হাসপাতাল, গ্রামীণ হাসপাতাল সমূহের উন্নতকরণের কাজ করছে।

২০৬টি হাসপাতালের মধ্যে ১৯৬টি হাসপাতালের কাজ ১৯৯৯-এর এপ্রিল থেকে ২০০৩-এর মার্চের মধ্যে শেষ হয়েছে।

১০টি হাসপাতালে উন্নতকরণের কাজ চলছে, আশা করা যায় ২০০৪ সালের মার্চের মধ্যে তা শেষ হয়ে যাবে।

২০০২-০৩-এ যে কাজ শেষ হয়েছে এবং যে কাজ চলছে তার তালিকা

পূর্ত (নির্মাণ পর্ষদ) সহ পূর্ত বিভাগ যে সকল হাসপাতালের সিভিল অংশের কাজ শেষ করেছে—

ক্রম	হাসপাতালের নাম	কাজের বর্তমান অবস্থা
১.	বহরমপুর জেলা হাসপাতাল	সমাপ্ত
২.	দিনহাটা মহকুমা হাসপাতাল	ঐ
৩.	নামখানা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র	ঐ
৪.	সিউড়ি জেলা হাসপাতাল	ঐ
৫.	পুরুলিয়া জেলা হাসপাতাল	ঐ
৬.	শ্রীরামপুর মহকুমা হাসপাতাল	ঐ
৭.	হরিপাল গ্রামীণ হাসপাতাল	ঐ
৮.	লিলুয়া খড়গ্রাম গ্রামীণ হাসপাতাল	ঐ
৯.	খাতড়া মহকুমা হাসপাতাল	ঐ
১০.	খানাকুল গ্রামীণ হাসপাতাল	ঐ
১১.	অমরকানন গ্রামীণ হাসপাতাল	ঐ
১২.	কৃষ্ণপুর গ্রামীণ হাসপাতাল	ঐ
১৩.	চুঁচুড়া জেলা হাসপাতাল	ঐ
১৪.	রায়গঞ্জ জেলা হাসপাতাল	ঐ
১৫.	রাণাঘাট মহকুমা হাসপাতাল	ঐ
১৬.	বারাসাত জেলা হাসপাতাল	কাজ চলছে
১৭.	ব্যারাকপুর মহকুমা হাসপাতাল	ঐ
১৮.	চন্দননগর মহকুমা হাসপাতাল	ঐ
১৯.	কৃষ্ণনগর জেলা হাসপাতাল	ঐ
২০.	বর্ধমান জেলা হাসপাতাল	ঐ
২১.	বাঁকুড়া জেলা হাসপাতাল	ঐ
২২.	ডোমকল মহকুমা হাসপাতাল	ঐ
২৩.	তেহট্ট মহকুমা হাসপাতাল	ঐ
২৪.	বিনপুর গ্রামীণ হাসপাতাল	ঐ
২৫.	হুড়া গ্রামীণ হাসপাতাল	ঐ

DEMAND No. 26

Major Heads : 2551—Hill Areas and 3451—Secretariat—Economic Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 156,60,00,000 be granted for expenditure under Demand No. 26, Major Heads : "2551—Hill Areas and 3451—Secretariat—Economic Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 52,20,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০৩-২০০৪ সালের জন্য ২৬নং দাবির অধীনে মুখ্যখাত, "২৫৫১—পার্বত্য অঞ্চল" এবং "৩৪৫১—সচিবালয় অর্থনৈতিক পরিষেবা" বাবদ ব্যয় নির্বাহের উদ্দেশ্যে ১৫৬,৬০,০০,০০০ (একশত ছাপ্পান্ন কোটি ষাট লক্ষ) টাকা মঞ্জুর করার প্রস্তাব করছি। ইতিমধ্যে ভোট-অন্-অ্যাকাউন্টের মাধ্যমে গৃহীত ৫২,২০,০০,০০০ (বাহান্ন কোটি কুড়ি লক্ষ) টাকাও এই দাবির অন্তর্ভুক্ত।

২। দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদের কেন্দ্রবর্তী বিভাগ হিসাবে পার্বত্য বিষয়ক বিভাগকে দার্জিলিং জেলার পাহাড়ি জনসাধারণের সার্বিক অগ্রগতি ত্বরান্বিত করার দায়িত্ব দেওয়া হয়েছে। পরিষদের স্বশাসিত চরিত্রের সঙ্গে সঙ্গতি রেখে এতদুদ্দেশ্যে গঠিত দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদ বিভিন্ন যোজনা ও কর্মপ্রকল্প রূপায়িত করছে। অবশ্য পার্বত্য বিষয়ক বিভাগ নিরবচ্ছিন্নভাবে অর্থের জোগান দিয়ে যাচ্ছে।

৩। ২০০২-২০০৩ সালে যোজনা-বহির্ভূত ব্যয় নির্বাহের জন্য দার্জিলিং গোর্খা স্বশাসিত পাবর্ত্য পরিষদকে ২০০৩ সালের মার্চ মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত ১১৮৪৮.৩৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এছাড়া ওই একই কালপর্বে রাজ্য যোজনার অধীনে ১৮৯৪.০০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এর মধ্যে ভারত সরকারের কাছ থেকে পাওয়া বিশেষ কেন্দ্রীয় সহায়তাও রয়েছে। পূর্বোক্ত অর্থ-বরাদ্দ ছাড়াও, হস্তান্তরিত বিভাগগুলি ও রাজ্য যোজনার অধীনে অর্থ মঞ্জুর করে থাকে।

৪। ২০০২-২০০৩ সালে দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদ যেসব ক্ষেত্রকে গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসাবে চিহ্নিত করেছে সেগুলি হল যোগাযোগ, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পর্যটন, জনস্বাস্থ্য কারিগরি, কৃষি, ক্ষুদ্র সেচ, প্রাণিসম্পদ বিকাশ ও বনপালন ক্ষেত্র।

৫। কৃষি ক্ষেত্রে, সংকর-জাতের ডাল ও সব্জি বীজ সংগ্রহ ও বণ্টন, রংবুল ও সোনাদায় আলুবীজের গুদাম নির্মাণ, শেল্পু বস্তির চন্দ্র ঝোরায় এস আই কর্মপ্রকল্প,

সুনারবস্তি, আলুবাড়ি ও দার্জিলিঙে ঝোরা সুরক্ষামূলক পূর্তকর্ম এবং কয়েকটি সংযোগকারী সড়ক নির্মাণের মতো বেশ কয়েকটি কাজ হাতে নেওয়া হয়েছে। ২০০৩-২০০৪ সালে প্রধান যেসব কর্মপ্রকল্প হাতে নেওয়া হবে, সেগুলির মধ্যে রয়েছে ১২০০ একর জমিতে মাটির অম্লতা প্রশমন, ৬টি বিপণন সংযোগকারী সড়ক নির্মাণ, মৃত্তিকা সংরক্ষণমূলক ১০টি পূর্তকর্মের রূপায়ণ এবং মশলা, শাকসব্জি ও কমলালেবু চাষের জন্য বিভিন্ন বিকাশমুখী কর্মপ্রকল্প।

৬। যোগাযোগ ও পূর্ত বিভাগীয় ক্ষেত্রে, ২০০২-২০০৩ সালে পলা নদীর উপর ইস্পাতের সেতু এবং মালখোলা ইস্পাত-কাঠামো সেতু নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। বালাসন নদীর উপর দুধিয়া সেতু সহ কয়েকটি সেতু নির্মাণ এবং ১২৮টি সড়ক ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত ওইসব পূর্তকর্ম ছাড়াও গত বছর ৪৮টি সড়ক ও কালভার্ট উন্নত ও প্রশস্ত করা এবং ৬৪টি সড়ক ও কালভার্টের মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ হাতে নেওয়া হয়েছিল। হাডকো থেকে আর্থিক সহায়তা নিয়ে ১০.৩০ কোটি টাকা ব্যয়ে পাঙ্খাবাড়ি রোডের বিকল্প ১৮ কিমি লম্বা একটি রাস্তা নির্মাণের কাজ পুরোদমে চলছে।

৭। শিক্ষা ক্ষেত্রে ২০০২-২০০৩ সালে তিনটি নতুন প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণের কাজ, ফুগুরি উচ্চ বিদ্যালয় ভবনের দ্বিতল নির্মাণের কাজ, সুখিয়া পোখরি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের চারদিকে পাঁচিল নির্মাণের কাজ, ১১টি প্রাথমিক বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণের কাজ এবং হাতিধুরা, থোরবু, পুডুং বস্তি, তামসাঙ ও বরবোটিতে ৫টি বিদ্যালয় নির্মাণের কাজ, কালিম্পঙের লিংসে উচ্চ বিদ্যালয় নির্মাণ এবং কালিম্পঙের মহকুমা গ্রন্থাগার সম্প্রসারণ ও সংস্কার সাধনের কাজ হাতে নেওয়া হয়েছিল। এছাড়াও পানীয় জল ও শৌচাগারের ব্যবস্থা এবং প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রীদের স্কুল ইউনিফর্ম সরবরাহ করা হয়েছিল।

২০০৩-২০০৪ সালে পরিষদ ৬টি নতুন বিদ্যালয় ভবন নির্মাণের কাজ, ২৮টি বিদ্যালয় ভবন মেরামতির কাজ, ৭০টি অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণের কাজ, ৮টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীতকরণ, ২টি প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের জন্য পরিকাঠামোগত সুযোগ-সুবিধা দেওয়া, ৩টি সার্কেল রিসোর্সেস সেন্টার নির্মাণের কাজ হাতে নেওয়ার প্রস্তাব করছে।

৮। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ক্ষেত্রে ২০০২-২০০৩ সালে ৩৯.৬৭ লক্ষ টাকা গয়াবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসকদের কোয়ার্টার নির্মাণ, দার্জিলিঙের টি বি হাসপাতালের মেরামতি, সংস্কারসাধন ও বিদ্যুৎ ব্যবস্থার পূর্তকর্ম, পোখরিয়াবঙ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিবর্ধনের কাজ, দার্জিলিঙের জেলা হাসপাতালে পরিদর্শকের কোয়ার্টার মেরামতি ও সংস্কারসাধনের কাজ এবং দার্জিলিং জেলা হাসপাতালের জন্য অ্যাম্বুল্যান্স ক্রয়ের মতো কর্মপ্রকল্পগুলি নির্বাহের কাজে ব্যয় হয়েছে। এছাড়াও রাজ্য স্বাস্থ্যক্ষেত্র উন্নয়ন প্রকল্পাধীন বিশ্ব ব্যাঙ্ক কর্মসূচির অধীনে দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াঙের প্রকল্প হাসপাতালগুলিতে চিকিৎসা

সংক্রান্ত পরিষেবার মানোন্নয়ন সহ মেরামতি, সংস্কার ও বিদ্যুৎ ব্যবস্থার পূর্তকর্মের মতো কর্মপ্রকল্পগুলিতে ১৫২.২৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরে হাসপাতাল মেরামতি, সংস্কারসাধন, এইডস ও পোলিও-র পরিকাঠামো নির্মাণ এবং চিকিৎসা-আধিকারিক ও নার্সদের জন্য কোয়ার্টার নির্মাণের মতো কর্মপ্রকল্প হাতে নেওয়ার প্রস্তাব করা হয়েছে।

৯। দার্জিলিঙের অর্থনৈতিক কর্মকাণ্ডে পর্যটনের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পর্যটন ক্ষেত্রের অধীন কর্মপ্রকল্পগুলি কার্যকরী ও সুসংহত উপায়ে রূপায়িত করার বিষয়ে দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদ খুবই আগ্রহী। ২০০২-২০০৩ সালে জোরপোখরির ট্যুরিস্ট লজের সম্প্রসারিত শাখার নির্মাণকার্য ছাড়াও রোহিণী ট্যুরিস্ট রিসর্টে হাওয়াঘর, শ্রাবেরি নাইটিংগেল পার্ক ও রোহিণী বোটিং কমপ্লেক্সে ২টি জেটি নির্মাণ, বিভিন্ন ট্যুরিস্ট লজের মেরামতি, সংস্কার সাধন ও রক্ষণাবেক্ষণের কাজ এবং পর্যটক আকর্ষণের জন্য বিভিন্ন স্থানে বনসৃজন ও ফুলগাছ লাগানোর কাজ ২৩৩.৩২ লক্ষ টাকার তহবিল থেকে হাতে নেওয়া হয়েছিল।

এ বছরেও পরিষদ রঙভঙ-এ ট্যুরিস্ট রিসর্ট নির্মাণ, লাভাতে কাঠের কুটির, রেল্লিতে গোর্খা গ্রাম ও দার্জিলিং-এ পর্যটক অনুসন্ধান কেন্দ্র স্থাপনের প্রস্তাব করছে। এছাড়াও বর্তমান ট্যুরিস্ট লজ রিসর্টগুলির পরিমার্জন, উন্নীতকরণ ও উন্নয়নের প্রস্তাব করছে এবং অগ্রাধিকারের দিকে নজর রেখে বিভিন্ন স্থানে পথিপার্শ্বস্থ সুযোগ-সুবিধা দেওয়ার বিষয়টিও বিবেচনাধীন রয়েছে।

১০। ২০০২-২০০৩ সালে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের অধীনে মূল কর্মকাণ্ডগুলির মধ্যে রয়েছে পাইপ লাইন সংযোগ বসানো, রক্ষণাবেক্ষণ এবং বিভিন্ন স্থানে জরুরি ভাল্‌ভ্ চেম্বার মেরামতি, যার দ্বারা পরিষদের ক্ষেত্রাধীন গ্রামীণ ও শহরাঞ্চলে অবিরত জল সরবরাহ চালু রাখা যায়। এর মধ্যে খঙখোলাতে সেন্টিফিউগাল পাম্পিং মেশিন স্থাপনও রয়েছে। এছাড়াও এ আর ডব্লিউ এম কর্মসূচির অধীনে ২৩৭.০০ লক্ষ টাকা ব্যয়ে ২৪টি গ্রামীণ বিদ্যালয়ে পানীয় জল কর্মপ্রকল্প, ৩৪টি পাইপবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প এবং বর্ষার সঞ্চিত জলে চাষের কর্মপ্রকল্প হাতে নেওয়া হয়েছিল। এছাড়াও পরিষদ পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থার সঙ্গে একযোগে দারাগাঁও, রিম্বিক, দার্জিলিং-এ ক্ষুদ্র জলবিদ্যুৎ প্রকল্প নির্মাণের কাজ শেষ করেছে। ২০০৩-২০০৪ সালে গ্রামীণ ও শহর এলাকায় এবং গ্রামীণ বিদ্যালয়গুলিতেও জল সরবরাহের মোট ৮৩টি কর্মপ্রকল্প হাতে নেওয়া হবে।

১১। ২০০২-২০০৩ সালে প্রাণিসম্পদ বিকাশ ক্ষেত্রের মূল কাজ যদিও প্রধানত পশুখাদ্য সংগ্রহ ও সরবরাহ করার মধ্যেই সীমাবদ্ধ ছিল, এ বছর দুটি অতিরিক্ত রোগগ্রস্ত পশু পৃথকীকরণ কেন্দ্রের স্থাপনা ও নির্মাণ, অ্যানিম্যাল মোবাইল হেল্‌থ্ ক্লিনিক সেন্টারের উন্নয়ন, হাঁস-মুরগি খামার পরিবর্ধনের জন্য হাঁস-মুরগি সংগ্রহ সমেত বেশ কিছু কর্মপ্রকল্পে হাত দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

১২। বন ক্ষেত্রের অধীনে গত বছর বেশ কিছু কাজ হাতে নেওয়া হয়েছিল। বিজনবাড়ির গোকে বাজার, ব্যারাক ও ফরেষ্ট বিট অফিস নির্মাণ, কার্সিয়াঙ-এ কেন্দ্রীয় নার্সারিতে বেড়া দেওয়া, কালিম্পং-এর বিট অফিসে প্ররক্ষণমূলক পাঁচিল দেওয়া এর মধ্যে উল্লেখযোগ্য। এছাড়া রোহিণী, বঙ্গভঙ্গ, মঞ্জুতে উদ্যান (পার্ক) ও কুঞ্জ নির্মিত হয়েছে এবং বহু পার্ককে সুশোভিত করার কাজও গৃহীত হয়েছে।

২০০৩-২০০৪ সালে জল/মাটি সংরক্ষণ, পার্বত্য অঞ্চলে প্ররক্ষণমূলক বনসৃজন, ৪ হেক্টর জায়গা জুড়ে পার্ক ও উদ্যানগুলির মানোন্নয়ন, বিকেন্দ্রীকৃত পিপল্‌স্ নার্সারি তৈরি প্রভৃতির জন্য ১০৭০ হেক্টর পরিমাণ জমিতে আনুমানিক ২৭১.১০ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

১৩। ধস ও বন্যা নিয়ন্ত্রণের বিশেষ কাজের জন্য এই পরিষদ সেচ ও জলপথ ক্ষেত্রের অধীন কর্মপ্রকল্পগুলি রূপায়ণের ক্ষেত্রে গভীর উৎসাহ দেখিয়ে চলেছে। গত বছর দার্জিলিং-এর সোনাদায় রামিতয় বস্তিতে সেচ খাল নির্মাণ সমেত কালিম্পং-এর রঙপু বাজার ও বিজনবাড়ির কাইজালয় বাজারে প্ররক্ষণমূলক পূর্তকর্মের একটি প্রকল্প গৃহীত হয়েছে।

১৪। বিদ্যুৎ ক্ষেত্রে ২০০২-২০০৩ সালে ২২টি গ্রামে বৈদ্যুতিকরণ সম্পন্ন হয়েছে এবং অন্য ১৪টি গ্রাম এই কাজ আরম্ভের জন্য তৈরি, ২৮টি গ্রামে এই কাজ এগিয়ে চলেছে। পরিষদ ২০০৩-২০০৪ সালে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য ২০.০০ কোটি টাকা এবং বিদ্যুৎ প্রেরণ ও বণ্টন পদ্ধতির উন্নয়নের জন্য ১১.৫৪ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব করছে।

১৫। পরিষদের কাজকর্ম ছাড়াও, ২০০২-২০০৩ সালে পার্বত্য অঞ্চল উন্নয়ন কর্মসূচির অধীনে বিশেষ কেন্দ্রীয় সহায়তার অধীনে মঞ্জুরিকৃত তহবিলের সাহায্যে জেলা প্রশাসন কিছু উন্নয়নমূলক কর্মসূচি হাতে নিয়েছে। ধস ও অন্যান্য পরিবেশগত সমস্যার মতো বিভিন্ন সমস্যা মোকাবিলা করার ক্ষেত্রে জেলা প্রশাসন স্থানীয় মানুষকে সামিল করার উদ্যোগ নিয়েছে। এছাড়াও দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদের মাননীয় বিধায়কগণ যে সব বিভিন্ন কর্মপ্রকল্পের সুপারিশ করেছেন সেগুলির রূপায়ণের জন্য যথারীতি বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প-এর অধীনে তহবিলের টাকা দেওয়া হচ্ছে।

১৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমি সভায় ২০০৩-২০০৪ সালের জন্য ২৬নং দাবির অধীনে "২৫৫১—পার্বত্য অঞ্চল" এবং "৩৪৫১—সচিবালয় অর্থনৈতিক পরিষেবা" ইত্যাদি মুখ্যখাতে ১৫৬,৬০,০০,০০০ (একশ ছাপ্পান্ন কোটি ষাট লক্ষ) টাকা ব্যয় মঞ্জুরির প্রস্তাব রাখছি।

DEMAND No. 27

Major Heads : 2015—Elections, 2052—Secretariat—General Services, 2055—Police, 2070—Other Administrative Services, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat—Economic Services, 3454—Census, Surveys and Statistics, 4070—Capital Outlay on Other Administrative Services and 4575—Capital Outlay on Other Special Areas Programmes

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1428,98,53,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads : "2015—Elections, 2052—Secretariat—General Services, 2055—Police, 2070—Other Administrative Services, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat—Economic Services, 3454—Census, Surveys and Statistics, 4070—Capital Outlay on Other Administrative Services and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 476,32,84,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য ২৭ নম্বর দাবির অধীনে "২০১৫—নির্বাচন" খাতে ব্যয় নির্বাহের জন্য ৪০,২০,০০,০০০ (চল্লিশ কোটি কুড়ি লক্ষ) টাকার মঞ্জুরিকরণের প্রস্তাব পেশ করছি। উল্লিখিত অর্থাঙ্কের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে পেশ করা ১৩,৪০,০০,০০০ (তেরো কোটি চল্লিশ লক্ষ টাকা) ধরা হয়েছে।

১। ৩১ মে ২০০২ এবং ২ জুলাই ২০০২-এ যথাক্রমে ২৫২-ওন্দা এবং ১৬৪-হাওড়া দক্ষিণ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। শান্তিপূর্ণ উপায়ে উক্ত উপ-নির্বাচনগুলোর অনুষ্ঠানের জন্য রাজ্য সরকার সর্বতোভাবে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছিল এবং বৈদ্যুতিন ভোটযন্ত্রের মাধ্যমে সুষ্ঠুভাবে ভোট গ্রহণ করা হয়েছিল।

২। ২০০১-এ অনুষ্ঠিত পশ্চিমবঙ্গ বিধানসভা সাধারণ নির্বাচন উপলক্ষে ভারতের নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসরণ করে নির্বাচক তালিকার বিশেষ সংশোধন,

২০০২-এর কাজ শেষ না হওয়া পর্যন্ত সচিত্র পরিচয়পত্র কর্মসূচি, ২০০১-২০০২ স্থগিত রাখা হয়েছিল। উক্ত সাধারণ নির্বাচন মিটে যাওয়ার পরে 'সচিত্র পরিচয়পত্র-প্রদান কর্মসূচি, ২০০২'-এই নামে সচিত্র পরিচয়পত্র প্রদানের কাজ পুনরায় এ রাজ্যে শুরু করা হয়েছিল : জেলাভিত্তিক প্রথম পর্যায়ে, জুলাই-আগস্ট ২০০২-এ পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান (আসানসোল আর দুর্গাপুর মহকুমা), উত্তর চব্বিশ পরগনা (বারাসাত, ব্যারাকপুর আর বিধাননগর মহকুমা) এবং দক্ষিণ চব্বিশ পরগনা (সদর মহকুমা), সেপ্টেম্বর ২০০২-এ কলকাতায় এই কাজ করা হয়। সচিত্র পরিচয়পত্র প্রদানের এই পর্বে ভারতের নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুযায়ী নতুন এক ব্যবস্থা চালু করা হয় (১) সচিত্র পরিচয়পত্র খোয়া যাওয়া, এবং (২) পরিচয়পত্রে গ্রথিত সংশ্লিষ্ট নির্বাচকের ছবি তাঁর দ্বারা অস্পষ্ট মনে হওয়া বা পরিচয়পত্র প্রদানের পর তা কোনওভাবে বিনষ্ট করা, উভয় ক্ষেত্রেই পঁচিশ টাকার বিনিময়ে বিকল্প পরিচয়পত্র তৈরি করে দেওয়া হয়েছে। ২০০২-এ উপরোক্ত জেলাগুলোতে, ৫,৩১,৩১৭টি নতুন পরিচয়পত্র তৈরি করা হয়েছিল এবং সেগুলো সংশ্লিষ্ট নির্বাচকদেরকে প্রদান করা হয়েছে। তাছাড়া, উক্ত সময়ে বিনা-ব্যয়ে এবং অর্থের বিনিময়ে যথাক্রমে ৬১,২১৭টি এবং ২৫,৫৩৭টি বিকল্প পরিচয়পত্র তৈরি করা হয়েছিল।

৩। ২০০২-২০০৩ আর্থিক বছরে এ রাজ্যে ১ জানুয়ারি ২০০৩-কে ভিত্তি করে নির্বাচক তালিকার বিশেষ সংশোধনের কাজ পরিচালনা করা হয়েছিল এবং এই কাজের জন্য ১৪ নভেম্বর ২০০২ থেকে ৭ ডিসেম্বর পর্যন্ত ভোটগ্রহণ কেন্দ্রগুলোতে উপযুক্ত সরকারি কর্মীদেরকে ডেজিগনেটেড অফিসার পদে নিয়োগ করা হয়েছিল। ১৩ জানুয়ারি ২০০৩ চূড়ান্ত তালিকা প্রকাশিত হয়। এ ক্ষেত্রে নির্বাচকের সংখ্যা বৃদ্ধির হার হল ১.৪৩ শতাংশ। চূড়ান্ত তালিকা প্রকাশের পরে ১৩ জানুয়ারি ২০০৩ থেকে ২০ জানুয়ারি ২০০৩ পর্যন্ত প্রত্যেক ভোটগ্রহণ কেন্দ্রে সংশ্লিষ্ট চূড়ান্ত তালিকার পর্যবেক্ষণের জন্য নির্বাচকদেরকে সুযোগ দেওয়া হয়েছিল। পর্যবেক্ষণের জন্য নির্ধারিত সময়কালে প্রত্যেক ভোটগ্রহণ কেন্দ্রের জন্য তালিকা-রক্ষক নিয়োগ করা হয়েছিল। সংশোধন, ২০০৩ শেষে এ রাজ্যে মোট নির্বাচকের সংখ্যা আনুমানিক ৪.৬৫ কোটিতে দাঁড়িয়েছে।

৪। কলকাতা শহরের জন্য ৬৩ নেতাজি সুভাষ রোড, কলকাতা ৭০০ ০০১-স্থিত জেসপ বিল্ডিং-এ কলকাতা নির্বাচন অফিসের উদ্‌বোধন করা হয়েছে। এই স্থান থেকে কলকাতার তিনটি সংসদীয় কেন্দ্র অর্থাৎ ২১-কলকাতা উত্তর-পশ্চিম, ২২-কলকাতা উত্তর-পূর্ব এবং ২৩-কলকাতা দক্ষিণ সংসদীয় কেন্দ্রের অধীনে ১৪০-কাশীপুর থেকে ১৬০-বেলগাছিয়া পশ্চিম পর্যন্ত সকল বিধানসভা ক্ষেত্রের নির্বাচক তালিকা সংশোধন, উল্লেখিত তিনটি লোকসভা কেন্দ্র এবং তার অন্তর্গত ২১টি বিধানসভা ক্ষেত্রের নির্বাচন এবং নির্বাচকদের সচিত্র পরিচয়পত্র তৈরি ও প্রদানের কাজ পরিচালনা করতেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, এর আগে এই কাজ পঞ্চায়েত অধিকার, প্রথম ভূমিগ্রহ সমাহর্তা, কলকাতা এবং ভূমিলেখ্য-জরিপ অধিকারের অধীনে পরিচালিত হত। কলকাতা নির্বাচন অফিসের জন্য কলকাতা জেলা নির্বাচন আধিকারিকের পদ, নির্বাচন আধিকারিকের তিনটি পদ এবং

গণনাধিকারিকের একটি পদ—মোট পাঁচটি নতুন পদ সৃষ্টি করা হয়েছে। অন্যদিকে, তখনকার সময়ে পূর্বোক্ত অধিকারগুলিতে কর্মরত বি. সি. ও ডি. ক্যাটেগরির যে সকল কর্মচারী নির্বাচনী কার্যে যুক্ত ছিলেন এবং "২০১৫-নির্বাচন" খাত থেকে মাস মাইনে পান তাঁদের সকলকে নতুন এই অফিসের সঙ্গে যুক্ত করা হয়েছে।

আলোচ্য হিসাব-খাতে নিম্নোক্ত উদ্দেশ্যে অর্থ-বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে—

(ক) রাজ্যের নির্বাচন সংস্থায় কর্মরত আধিকারিকগণ ও কর্মচারীগণকে বেতন প্রদান, নির্বাচন সংস্থার অধীন কম্পিউটার বিভাগের কর্মীবর্গকে পারিশ্রমিক প্রদান এবং এ রাজ্যে নির্বাচন বিভাগসমূহ পরিচালনা বাবদ ব্যয়;

(খ) নির্বাচক তালিকার বিশেষ সংশোধন ২০০২, নির্বাচক তালিকা সংশোধন ২০০৩ কার্যক্রম পরিচালনাজনিত বকেয়া প্রদান এবং বর্তমান বছরে নির্বাচক তালিকার সংক্ষিপ্ত সংশোধন কার্যক্রম, যদি হয়, পরিচালনা বাবদ ধার্য ব্যয়;

(গ) বৈদ্যুতিন ভোটযন্ত্রগুলি পরীক্ষা ও সংরক্ষণ করা, এবং গুদাম ভাড়া মেটানো, ইত্যাদি বাবদ নিয়মিত ব্যয়;

(ঘ) ২০০১-এ অনুষ্ঠিত ৩২-মেদিনীপুর লোকসভাকেন্দ্রে উপ-নির্বাচন পরিচালনাজনিত বকেয়া মেটানো বাবদ ব্যয় এবং ১২-নবদ্বীপ লোকসভা কেন্দ্রে উপ-নির্বাচন করার জন্য ধার্য ব্যয়;

(ঙ) ২০০১-এ অনুষ্ঠিত রাজ্য বিধানসভা নির্বাচন পরিচালনাজনিত দায়ভার মেটানো বাবদ ব্যয় এবং জরুরি প্রয়োজনে ২/৩টি বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচন অনুষ্ঠিত হলে, তা বাবদ ধার্য ব্যয়;

(চ) সচিত্র পরিচয়পত্র প্রস্তুতকরণ ও প্রদান বাবদ ব্যয়;

(ছ) পঞ্চায়েত ও পুরসভা নির্বাচন পরিচালনা এবং রাজ্য নির্বাচন কমিশনে কর্মরত আধিকারিকগণ ও কর্মচারীগণকে বেতন প্রদান বাবদ ব্যয়; এবং

(জ) নির্বাচনক্ষেত্রের সীমানা নির্ধারণের কাজের জন্য ব্যয়।

৫। পূর্বোক্ত দাবি অনুযায়ী রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের দফতর থেকে ব্লক-স্তর পর্যন্ত বিস্তৃত স্থায়ী নির্বাচন-সংস্থায় নিযুক্ত আধিকারিকগণ ও কর্মচারীগণের বেতন, মহার্ঘভাতা, বাড়িভাড়াভাতা, তদর্থক বোনাস, ভ্রমণভাতা এবং কম্পিউটার কর্মীবর্গের পারিশ্রমিক প্রদান সহ দফতর সংক্রান্ত বিবিধ খরচ মেটানোর জন্য বাজেটে "১০২" গৌণ খাতে ১০,৫০,০০,০০০ (দশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৬। ২০০২ সালের নির্বাচক তালিকার বিশেষ সংশোধন সংক্রান্ত বকেয়া, ২০০৩ সালের নির্বাচক তালিকা সংশোধন কাজের বকেয়া, রাজ্য দফতর ও প্রত্যেক জেলা দফতরে

কম্পিউটার ব্যবহার করে কার্য সম্পাদন ও হার্ডওয়্যার রক্ষণাবেক্ষণের খরচ, সি ডি রম ও সফ্‌টওয়্যার বানানোর খরচ এবং বর্তমান আর্থিক বছরে নির্বাচক তালিকার সংক্ষিপ্ত সংশোধন পরিচালনার খরচ মেটানোর জন্য বাজেটে "১০৩" গৌণ খাতে ১৭,০০,০০,০০০ (সতেরো কোটি) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৭। কিছু নিয়মিত খরচ, যেমন বৈদ্যুতিন ভোটযন্ত্র পরীক্ষা ও সংরক্ষণ করার জন্য খরচ, গুদাম ভাড়া, ইত্যাদি এবং ৩২-মেদিনীপুর লোকসভা কেন্দ্রের উপ-নির্বাচনের বকেয়া খরচ মেটানোর জন্য এই বাজেটে "১০৪" গৌণ খাতে ৪৫,০০,০০০ (পঁয়তাল্লিশ লক্ষ) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৮। ১২-নবদ্বীপ লোকসভাকেন্দ্রে সম্ভাব্য উপ-নির্বাচনের খরচ মেটানোর জন্য এই বাজেটে "১০৫" গৌণ খাতে ১,২৫,০০,০০০ (এক কোটি পঁচিশ লক্ষ) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

৯। ২০০১-এ অনুষ্ঠিত পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভা নির্বাচন পরিচালনা সংক্রান্ত বকেয়া এবং জরুরি প্রয়োজনে ২/৩টি বিধানসভাকেন্দ্রে উপ-নির্বাচন অনুষ্ঠিত হলে, তার খরচ মেটানোর জন্য এই বাজেটে "১০৬" গৌণ খাতে ২,৫০,০০,০০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

১০। এ রাজ্যে নির্বাচকদের সচিত্র পরিচয়পত্র প্রস্তুতকরণ ও প্রদানের জন্য এই বাজেটে "১০৮" গৌণ খাতে ৮,০০,০০,০০০ (আট কোটি) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

১১। এছাড়া রাজ্য নির্বাচন কমিশনের খরচ নির্বাহের জন্য ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকার বরাদ্দ রাখা হয়েছে।

১২। সর্বশেষে, আমি ২০০৩-২০০৪ আর্থিক বছরে ২৭ নম্বর দাবির অধীনে সর্বমোট ৪০,২০,০০,০০০ (চল্লিশ কোটি কুড়ি লক্ষ) টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুরিকরণের প্রস্তাব পেশ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২০০৩-২০০৪ সালের ব্যয়-নির্বাহের জন্য ২০১৫, ৩৪৫৪, ২০৭০ (কেবলমাত্র ১০৬ ও ১০৭ উপ-খাত) নং হিসাব-খাত বহির্ভূত ২৭ নং দাবির অধীনে ১২৮৬,১১,৭৪,০০০ (বারোশ ছিয়াশি কোটি এগারো লক্ষ চুয়াত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত টাকাও এর মধ্যে ধরা হয়েছে। এই পরিমাণ অর্থের বিশদ বিবরণ সংবলিত একটি বিবরণী এর সঙ্গে সংযোজিত হল।

২। মাননীয় সদস্যরা অবগত আছেন যে বর্তমানে সারা পৃথিবীতেই ইতিহাসের এমন এক সন্ধিক্ষণ চলছে, যখন ধর্মীয় মৌলবাদী ও সন্ত্রাসবাদী শক্তিগুলি নির্বিচার হিংসাত্মক

কার্যকলাপের মাধ্যমে সভ্য সমাজের অস্তিত্বের মূলে কুঠারাঘাত করছে। পৃথিবীর কয়েকটি দেশে নিরীহ জনসাধারণের জীবনহানি ঘটার সাম্প্রতিক ঘটনাবলী, সন্ত্রাসবাদী বিভিন্ন গোষ্ঠীর ব্যাপক জটিল ও ভয়ঙ্কর উপস্থিতি এবং জীবন ও সম্পত্তি হানি ঘটানোর ক্ষেত্রে এদের বেপরোয়া মনোভাবের জানান দিচ্ছে। প্রায় সীমাহীন অর্থ-সম্পদ ও অত্যাধুনিক অস্ত্রশস্ত্রে বলীয়ান হয়ে তারা অভ্যন্তরীণ নিরাপত্তার প্রশ্নে পৃথিবীর প্রায় সমস্ত সরকারকে ভয়ঙ্কর চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড় করিয়ে দিয়েছে। এখানে এটাও উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না যে, মার্কিন যুক্তরাষ্ট্র ইরাকের বিরুদ্ধে বৈরিতার সূত্রপাত ঘটানোর ফলে বিশ্ব নিরাপত্তার পটভূমিতে অতিরিক্ত আতঙ্কের মাত্রা যুক্ত হয়েছে।

৩। বিগত দু-দশক ধরে ভারতেও অন্য দেশের মদতপুষ্ট সন্ত্রাসবাদী ও ধর্মীয় উগ্রপন্থার শক্তিগুলির দ্বারা সংগঠিত ক্রমবর্ধমান হিংসাত্মক ক্রিয়াকলাপ অভ্যন্তরীণ নিরাপত্তার বিষয়টিকে সঙ্কটজনক করে তুলেছে। সীমান্তের ওপারে সক্রিয় আই এস আই এবং অন্যান্য শত্রুভাবাপন্ন গোষ্ঠীর সাহায্য ও প্রশ্রয়প্রাপ্ত এই সমস্ত ধ্বংসকামী শক্তির মূল লক্ষ্য যত্রতত্র হিংসাত্মক ঘটনা ঘটিয়ে ও ধর্মীয় স্থানগুলিকে কলুষিত করে আমাদের গণতান্ত্রিক ব্যবস্থাকে অস্থির করে তোলা এবং দেশের ধর্মনিরপেক্ষ ঐতিহ্যকে ধ্বংস করা। তারা বিভিন্ন সম্প্রদায় এবং জনগোষ্ঠীর মধ্যে অনৈক্য ঘটানোর প্রয়াসও চালাচ্ছে।

৪। পশ্চিমবঙ্গে এইসব দেশবিরোধী শক্তিকে একই উদ্দেশ্য এবং একই পদ্ধতি অবলম্বন করে রাজ্যের নির্দিষ্ট কয়েকটি জায়গায় কাজ চালাতে দেখা যাচ্ছে। রাজ্য সরকার এ বিষয়ে সম্পূর্ণ সচেতন এবং এই চ্যালেঞ্জের মোকাবিলা করার জন্য ধারাবাহিকভাবে আমাদের পুলিশ কর্মীদের পেশাগত দক্ষতা বাড়ানো হচ্ছে এবং প্রশিক্ষণ ও আধুনিক অস্ত্রশস্ত্রের জোগান দিয়ে তাদের কর্মকুশলতা ও আগ্নেয়াস্ত্র ব্যবহারের ক্ষমতা বাড়ানো হচ্ছে। কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাগুলির সঙ্গে নিয়মিত তথ্য বিনিময়ের মাধ্যমে রাজ্যের গোয়েন্দা ব্যবস্থাকে কার্যকর এবং যথেষ্ট সক্রিয় করে তোলা হচ্ছে।

৫। রাজ্যে আই এস আই-এর কার্যকলাপ রাজ্যের নিরাপত্তার পক্ষে গভীর আশঙ্কার কারণ হয়ে উঠেছে। ১৯৯৬ সালের নভেম্বর মাস থেকে ২০০২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কালপর্বে গুপ্তচর বৃত্তি, অস্ত্রশস্ত্র ও বিস্ফোরক দ্রব্য বহন এবং রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ চালানোর ২০টি ঘটনায় ১২৫ জনকে গ্রেপ্তার করে আদালতে অভিযুক্ত করা হয়েছে। এর মধ্যে একটি মামলায় দণ্ডাদেশ দেওয়া হয়েছে, দশটি মামলায় চার্জশিট দাখিল করা হয়েছে এবং বাকি ঘটনাগুলির তদন্ত চলছে। প্রাপ্ত সাক্ষ্য-প্রমাণ থেকে এটা স্পষ্ট যে, গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের অনেকেই সীমান্তের ওপার থেকে কার্যকলাপ চালাচ্ছিল। আমি এখানে আবার বলতে চাই যে, বাংলাদেশ, নেপাল ও ভুটানের সঙ্গে আমাদের যে আন্তর্জাতিক সীমান্ত রয়েছে সেখানে আরও অনেক বেশি নজরদারির প্রয়োজন আছে। ভারত-নেপাল সীমান্ত প্রহরার কাজে এস এস বি-র বিভিন্ন ইউনিট মোতায়েন থাকলেও ভারত-ভুটান সীমান্তে এরকম কোনো বন্দোবস্ত নেই। ভারত-বাংলাদেশ সীমান্তে মোতায়েন বি এস এফ ব্যাটালিয়ানের সংখ্যা মঞ্জুরিকৃত সংখ্যার থেকে কম। সীমান্ত পারাপার, নিরাপত্তা ও অনুপ্রবেশের দৃষ্টিকোণ

থেকে খুবই সুগম ও উত্তেজনাপূর্ণ এই সীমান্ত পাহারা দেওয়ার কাজ বি এস এফ-এর পক্ষে অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। বারে বারেই এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়টিতে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং অবিলম্বে এই সমস্যা সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

৬। আমি মাননীয় সদস্যদের একথা জানাতে পেরে আনন্দিত বোধ করছি যে, পশ্চিমবঙ্গ সর্বদাই সাম্প্রদায়িক ও জাতিগত হিংসা থেকে মুক্ত রয়েছে এবং এ রাজ্যের মানুষ তাঁদের বিবেকবোধ ও ধর্মনিরপেক্ষ মূল্যবোধের প্রতি আস্থার কারণে সামাজিক ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার ঐতিহ্য বজায় রাখতে সক্ষম হয়েছেন। আমরা অবশ্য গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ করছি যে, কয়েকটি দক্ষিণপন্থী মৌলবাদী গোষ্ঠী কখনো খোলাখুলি, কখনো বা গোপনে সংখ্যালঘু সম্প্রদায়ের বিরুদ্ধে ঘৃণা ছড়ানোর মধ্য দিয়ে রাজ্যের শান্তি ও সম্প্রীতির বাতাবরণ বিষিয়ে দেওয়ার চেষ্টা করছে। প্রশাসনও এ ব্যাপারে অত্যন্ত সজাগ এবং যথেষ্ট সংবেদনশীল। তারা এ ব্যাপারে সর্বনিম্ন স্তরে সজাগ নজরদারি চালু রেখেছে এবং সাম্প্রদায়িক ইন্ধন রয়েছে এমন ঘটনাগুলি তৎপরতার সঙ্গে মোকাবিলা করার ব্যবস্থা নিয়ে চলেছে।

৭। অবশ্য, অভ্যন্তরীণ নিরাপত্তার ক্ষেত্রে উদ্বেগজনক এমন কিছু ঘটনা ঘটছে যেগুলো সরকারের কাছে গভীর চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। এরকমই একটি উদ্বেগজনক ঘটনা হল, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার কিছু স্থানে বাম চরমপন্থার উত্থান। এই রাজ্যে বাম চরমপন্থার পুনরুত্থান এবং সি পি আই (এম এল) (জনযুদ্ধ) ও এম সি সি-র মতো বিভিন্ন গোষ্ঠীর উপদ্রব আসলে বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা ও অন্ধ্রপ্রদেশের মতো প্রতিবেশী রাজ্যে এই আন্দোলন প্রবলভাবে মাথা চাড়া দেওয়া এবং শক্তি সঞ্চয় করারই ফলশ্রুতি। এই আন্দোলনের কবলে পড়া প্রত্যন্ত অঞ্চলগুলিতে উন্নয়নের কাজে গতি সঞ্চার করে ও ধারাবাহিক পুলিশি তৎপরতার মাধ্যমে উগ্রপন্থীগোষ্ঠীগুলির উপর অবিরাম চাপ সৃষ্টি করে পশ্চিমবঙ্গ সরকার এই সমস্যার মোকাবিলা করেছে। এর ফলে এই আন্দোলন অনেকাংশে নিয়ন্ত্রণ করা গেছে। অবশ্য, আমাদের প্রতিবেশী বিভিন্ন রাজ্যের সরকার সক্রিয় ও সুবিবেচনাপ্রসূত কর্মপন্থা গ্রহণ করলে তবেই এই সমস্যার মূলোৎপাটন করে কার্যকরী সমাধান সম্ভব হবে।

৮। বিগত এক বছরে উত্তরবঙ্গের কিছু অঞ্চলে, বিশেষ করে জলপাইগুড়ি জেলায় বিক্ষিপ্ত ও আকস্মিকভাবে খুন জখম, জোর করে টাকা পয়সা আদায় ও অপহরণের ঘটনা ঘটেছে এবং একটি বিশেষ জনগোষ্ঠীভুক্ত শ'খানেক জঙ্গিকে সামনে রেখে কামতাপুর লিবারেশন অর্গানাইজেশন বা কে এল ও এইসব ঘটনা ঘটাচ্ছে। এই জঙ্গিদের প্রশিক্ষণ ও মদত দিচ্ছে আলফা ও এন ডি এফ বি। অধিকাংশ ক্ষেত্রেই আমাদের প্রতিবেশী দেশগুলি থেকে আই এস আই এদের সাহায্য করছে। গোয়েন্দা তথ্য সংগ্রহের ব্যাপক ও জোরদার ব্যবস্থা, নিয়মিত ব্যাপক তল্লাশি অভিযান এবং সংশ্লিষ্ট জনগোষ্ঠীর মানুষজন বিপুল সংখ্যায় বসবাস করেন এমন সব অঞ্চলে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের রূপায়ণ সহ বেশ কয়েকটি ব্যবস্থা

গ্রহণের মাধ্যমে এই জঙ্গি সংগঠনটির কার্যকলাপ রাজ্য সরকার অনেকটাই মোকাবিলা করতে সক্ষম হয়েছে।

৯। ভুটানের অভ্যন্তরে প্রায় ১৫টি আলফা শিবিরে কে এল ও জঙ্গিদের প্রশিক্ষণ ও আশ্রয় দেওয়া হয় এবং এখান থেকেই এই জঙ্গিরা উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও কোচবিহার জেলার বিভিন্ন অঞ্চলে চোরাগোপ্তা আক্রমণ চালাচ্ছে। এই শিবিরগুলি ভেঙে দেওয়া অত্যন্ত জরুরি। এই সব শিবির অবিলম্বে বন্ধ করতে ও ভেঙে দিতে ভুটান রাজ সরকারকে রাজি করানোর জন্য আমরা ভারত সরকারকে অনুরোধ করেছি।

১০। বাংলাদেশ থেকে ভারতে অবৈধ অনুপ্রবেশকারীদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কড়া মনোভাব নেওয়ার নীতিতে ও এই অনুপ্রবেশকারীদের বিভিন্ন সময়ে বাংলাদেশে ফেরত পাঠানোর ক্ষেত্রে বি এস এফ-এর ভূমিকায় রাজ্য সরকারের সমর্থন আছে। অথচ, অদ্ভুতরকমের একটি ঘটনায় সম্প্রতি, বাংলাদেশ সরকার প্রায় ২০০ জন বাংলাদেশি সাপুড়েকে, তারা ভারতীয়—এই যুক্তি দেখিয়ে ভারতে ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করেছিল। বি এস এফ-এর দৃঢ় মোকাবিলায় এই অপপ্রয়াস ব্যর্থ করে দেওয়া হয়। কিন্তু এই ঘটনার ফলে বোঝা গেল, বাংলাদেশে বিপুল সংখ্যায় ভারতীয় নাগরিকের অনুপ্রবেশ ঘটেছে—এটা প্রমাণ করার জন্য বাংলাদেশ প্রথমে একটা চেষ্টা করছিল এবং তা ব্যর্থ হয়েছিল। পরে বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী অন্য কয়েকটি এলাকায় বাংলাদেশ রাইফেল একই রকম প্রচেষ্টা চালিয়েছিল, কিন্তু বি এস এফ এই সব অপপ্রয়াস ব্যর্থ করে দেয়। তাই, দেশের অখণ্ডতা যে কোনো মূল্যে রক্ষা করার প্রয়োজনে আমাদের আরও বেশি সতর্ক থাকতে হবে।

১১। গোটা বিশ্বে অপরাধমূলক কার্যকলাপের চিত্রটি ভীতিপ্রদ ও হতাশাব্যঞ্জক হয়ে আছে। সর্বত্র, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলিতে দারিদ্র্য ও বেকারি বেড়ে চলেছে। অপ্রতিহত ভোগবাদ বিশ্ব জুড়ে বিপুল সংখ্যক মানুষকে গ্রাস করছে। বৈদ্যুতিন মাধ্যমে অপরিমিত যৌনতা ও হিংসার প্রদর্শনী প্রতিনিয়ত জনমানসে, বিশেষ করে যুব সমাজের মনে সর্বনাশা প্রভাব ফেলছে। এই সবের পরিণামে এদের মধ্যে অপরাধমূলক কার্যকলাপের প্রতি প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এই অসুস্থ পরিবেশ থেকে, যেভাবেই হোক, ভারত আপেক্ষিকভাবে মুক্ত। এটা উল্লেখযোগ্য, পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে এবং গত এক বছরে এ রাজ্যে অপরাধের ঘটনা দেশের অন্যান্য বড় রাজ্যগুলির তুলনায় কমই হয়েছে। বিতর্কিত বিষয়গুলি যাতে পারস্পরিক আলাপ-আলোচনার মাধ্যমে মিটিয়ে ফেলা যায় সেই উদ্দেশ্যে রাজ্য সরকার সমস্ত রাজনৈতিক দলের সঙ্গে প্রতিনিয়ত আলোচনা চালিয়ে যাওয়ার নীতি অনুসরণ করছে।

১২। অবশ্য, আমাকে একথা অকপটে স্বীকার করতে হবে, মহিলাদের উপর সংঘটিত অপরাধের মাত্রা উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। গত এক বছরে কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশ উভয়েরই আওতাভুক্ত অঞ্চলে ধর্ষণ, নির্যাতন ও নৃশংসতার মতো অপরাধের ঘটনা বেশি ঘটেছে। এই দুর্ভাগ্যজনক প্রবণতার প্রতি রাজ্য সরকারের দৃষ্টি রয়েছে

এবং সরকার এ ধরনের অপরাধ কঠোরভাবে দমন করার জন্য পুলিশ কর্তৃপক্ষকে কড়া নির্দেশ দিয়েছে।

১৩। আমি মাননীয় সদস্যদের অবহিত করতে চাই যে ভীতি প্রদর্শনের ঘটনা বেড়ে যাওয়া এবং উগ্রপন্থী ও জঙ্গি কার্যকলাপজনিত পরিস্থিতি কার্যকরীভাবে মোকাবিলা করার প্রয়োজনীয়তার প্রেক্ষিতে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশ উভয়ক্ষেত্রেই পরিকাঠামোর শক্তি বৃদ্ধি করার উপর অধিকতর গুরুত্ব দিচ্ছে। পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীবল এবং আধুনিক অস্ত্রশস্ত্র ব্যবহারে আরও বেশি দক্ষতাসম্পন্ন পুলিশ কর্মী নিয়ে ইন্ডিয়া রিজার্ভ ব্যাটেলিয়ান নামে একটি বাহিনীর সৃষ্টি করা হয়েছে। এছাড়াও, পুলিশবাহিনীকে আরও শক্তিশালী করার উদ্দেশ্যে আমরা বেশ কয়েকটি পদ সৃষ্টি করেছি এবং পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশ উভয় বাহিনীতেই বেশ কিছু শূন্যপদ পূরণ করার ক্ষেত্রে ব্যবস্থা নিয়েছি। আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নত ব্যবস্থাপনার জন্য ময়দান, নিউ মার্কেট ও গিরিশ পার্ক নামে কলকাতা পুলিশের আওতায় ৩টি থানা এবং পশ্চিমবঙ্গ পুলিশের আওতাধীন অঞ্চলে কলকাতা লেদার কমপ্লেক্স ও কাশিপুর নামে দুটি নতুন থানা এবং নারায়ণপুর পুলিশ ফাঁড়ি চালু করা হয়েছে।

১৪। বিচার সহায়ক (ফরেনসিক) বিজ্ঞানের অভ্রান্ততা, পন্থা পদ্ধতি এবং অপরাধ নিয়ন্ত্রণ ও উদ্‌ঘাটনের ক্ষেত্রে এর উপযোগিতা সম্পর্কে পুলিশ কর্মীদের সচেতন করার জন্য রাজ্য ফরেনসিক ল্যাবরেটরি বর্তমানে যে উদ্যোগ গ্রহণ করেছে তার অঙ্গ হিসাবে গত বছর ওই ল্যাবরেটরি পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের আধিকারিকদের নিয়ে পারস্পরিক আলোচনামূলক অধিবেশনের ব্যবস্থা করে। বিচার সহায়ক (ফরেনসিক) ব্যবস্থাপনার কাজে সরঞ্জাম ও যানবাহন ক্রয়ের জন্য দু-কোটিরও বেশি টাকা মঞ্জুর করা হয়েছে। ফরেনসিক ল্যাবরেটরির সম্প্রসারণের বিষয়ে সরকার চিন্তাভাবনা করছে।

১৫। এই মহিমান্বিত সভার মাননীয় সদস্যগণ আমাদের দেশের অর্থনীতির বর্তমান পরিস্থিতি এবং রাজ্যের সম্পদ-সংক্রান্ত সাম্প্রতিক সংকটের বিষয়ে অবহিত আছেন। সম্ভাব্য সব রকম উপায়ে সম্পদ সংগ্রহ অপরিহার্য হয়ে পড়েছে। এই কারণে, কর-বহির্ভূত রাজস্বের বর্তমান কাঠামো পর্যালোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই রাজস্বের মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের ফি ও জরিমানা। আইন-শৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে খরচের ঊর্ধ্বগতি মোকাবিলা করার লক্ষ্যে তহবিল বৃদ্ধির উদ্দেশ্যে কলকাতার ক্ষেত্রে পুলিশ কর্তৃপক্ষ এবং জেলাগুলির ক্ষেত্রে জেলাশাসকেরা নিয়মিতভাবে এই সব ফি ও জরিমানা সংগ্রহ করে থাকেন। এ বিষয়ে সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। খুব শীঘ্রই ফি এবং কর-বহির্ভূত রাজস্বের অন্যান্য বিষয়ের জন্য সংশোধিত কাঠামো ঘোষণা করা হবে।

১৬। রাজ্য সরকার মানবাধিকার রক্ষার বিষয়টিকে চূড়ান্ত প্রাধান্য দিয়ে থাকে। জঙ্গি ও চরমপন্থী কার্যকলাপের মোকাবিলা করতে গিয়ে মানবাধিকার অক্ষুণ্ণ রাখার জটিল বিষয়টির ক্ষেত্রে সরকার, ব্যক্তি মর্যাদা ও জাতীয় সংহতি—ভারতীয় সংবিধানে সযত্নলালিত

এই দুটি মূল ভাবধারাকে অনুসরণ করতে চেয়েছে। চলতি বছরে ২০০৩ সালের জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশনের কাছ থেকে ৪৮টি সুপারিশ পাওয়া গেছে। এর মধ্যে রাজ্য সরকার এ পর্যন্ত ৪০টি সুপারিশ গ্রহণ করেছে। একটি সুপারিশ গৃহীত হয়নি এবং বাকিগুলি বিবেচনাধীন রয়েছে। এই কালপর্বে জাতীয় মানবাধিকার কমিশনের কাছ থেকে আমরা কোনো সুপারিশ পাইনি।

১৭। আমি মাননীয় সদস্যগণকে অবহিত করতে চাই যে, রাজ্য পুলিশ বাহিনীর আধুনিকীকরণের ক্ষেত্রে অগ্রগতি অব্যাহত রয়েছে। চলতি আর্থিক বছরে, বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়ণের জন্য ইতিমধ্যেই ৪০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশ বিভিন্ন রিজার্ভ অফিস ও স্টেট ক্রাইম রেকর্ড ব্যুরোর অধীনস্থ থানাগুলিতে কম্পিউটার চালু করার জন্য ব্যবস্থা গ্রহণ ছাড়াও পুলিশ কর্মীদেরে আরও শক্তিশালী আগ্নেয়াস্ত্র দেওয়া এবং তাঁদের গতিশীলতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়িত হয়েছে। এক হাজারেরও বেশি বিভিন্ন ধরনের মোটরগাড়ি এবং ইনসাস রাইফেল, এ কে ৪৭ রাইফেলের মতো আধুনিক অস্ত্রশস্ত্র ও গোলাগুলি সংগ্রহ করা হয়েছে। চলতি বছরের কর্মপ্রকল্পের মধ্যে রয়েছে অত্যাধুনিক ওয়ারলেস সরঞ্জাম ক্রয় ও যোগাযোগ টাওয়ার স্থাপন। এছাড়া, র‍্যাফ ও কমান্ডো বাহিনীসহ কলকাতা পুলিশের কর্মীদের প্রশিক্ষণের উদ্দেশ্যে ভবন নির্মাণের জন্য ব্যয়-বরাদ্দ মঞ্জুর করা হয়েছে।

১৮। ২০০২-২০০৩ সালের বার্ষিক যোজনার অধীনে পুলিশ আবাসন ও ভবনগুলিতে জল সরবরাহ ব্যবস্থা, এই সব আবাসন ও ভবনের বিশেষ মেরামতি ও সংস্কার, বিস্ফোরক দ্রব্য সংক্রান্ত পরীক্ষাগার ভবন নির্মাণ, জমি অধিগ্রহণ, পুলিশ লক-আপের সংস্কার, মহিলা পুলিশ কর্মচারীদের জন্য বিশ্রাম-কক্ষ নির্মাণ ইত্যাদি বিভিন্ন যোজনাধীন কর্মপ্রকল্পের জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে এবং এগুলির জন্য মোট প্রায় ৪৫.৯ কোটি টাকা ব্যয় হবে।

১৯। দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে রাজ্যের পুলিশ বাহিনীর যে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে সে বিষয়ে তাদের নিরন্তর সজাগ রাখা হচ্ছে। শব্দ ও মোটরযান সংক্রান্ত দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে পুলিশ কর্মীরা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করছেন। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও পুলিশ কর্তৃপক্ষের মধ্যে আরও বেশি ও ঘনিষ্ঠ যোগাযোগ সুনিশ্চিত করার উদ্দেশ্যে সুপরিকল্পিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২০। পরিশেষে, আমি একথা উল্লেখ করতে চাই যে, বিভিন্ন ধরনের সীমাবদ্ধতা ও বাধ্যবাধকতা সত্ত্বেও এ রাজ্যের পুলিশ কর্মীরা জঙ্গি ও চরমপন্থী আক্রমণের মোকাবিলা করা ও সাধারণ অপরাধ দমন উভয়ক্ষেত্রেই প্রশংসনীয় কাজ করেছে। এই কাজ আরও বেশি কৃতিত্বপূর্ণ এই জন্য যে, দেশের গুরুত্বপূর্ণ রাজ্যগুলির সঙ্গে তুলনায় পশ্চিমবঙ্গে এক লক্ষ মানুষ পিছু থানা ও পুলিশ কর্মীর সংখ্যা অনেক কম। অতি-বাম চরমপন্থী গোষ্ঠী ও কে এল ও জঙ্গিগোষ্ঠীর অতর্কিত আক্রমণের মোকাবিলায় যেভাবে রাজ্যের পুলিশকর্মীরা তৎপরতা

দেখিয়েছেন তা উল্লেখের দাবি রাখে। শিলিগুড়ি, উত্তর ২৪-পরগনা, মুর্শিদাবাদ ও বর্ধমানে আই এস আই চক্রের বেশি কিছু গভীর ষড়যন্ত্র উদ্‌ঘাটিত হয়েছে। এইসব চক্র আমাদের রাজ্যের বনিয়াদ দুর্বল করা ও সুস্থিতি নষ্ট করার গোপন অপচেষ্টার সঙ্গে সক্রিয়ভাবে জড়িত। কয়েকটি জাল পাসপোর্ট চক্র চিহ্নিত হয়েছে ও সেগুলি নিষ্ক্রিয় করা হয়েছে।

২১। এই বলে, আমি আমার বিভাগের ব্যয়-মঞ্জুরির প্রস্তাব অনুমোদন করার জন্য মাননীয় সদস্যদের কাছে পেশ করছি।

সংযোজনী

২৭নং দাবি

মুখ্যখাত (১)	বাজেট প্রাক্‌কলন ২০০৩-২০০৪ (২) টাকা	ভোট-অন-অ্যাকাউন্ট (৩) টাকা
২০৫২-সচিবালায় সাধারণ কৃত্যকসমূহ	১৩,৩৪,৫০,০০০	৪,৪৪,৮৩,০০০
২০৫৫-পুলিশ	১২০৪,৪৮,৬৬,০০০	৪০১,৪৯,৫৫,০০০
২০৭০-অন্যান্য প্রশাসনিক কৃত্যক (১০৬ ও ১০৭ উপ-খাত বাদে)	২৫,১০,৬৮,০০০	১০,৪৫,৯২,০০০
২০৭৫-বিবিধ সাধারণ কৃত্যকসমূহ	১,০২,২৮,০০০	৩৪,০৯,০০০
২২৩৫-সামাজিক নিরাপত্তা ও কল্যাণ	৫৫,৬২,০০০	১৮,৫৪,০০০
২২৪৫-জাতীয় বিপর্যয়ে ত্রাণ	২০,০০,০০০	৬,৬৭,০০০
২২৫০-অন্যান্য সামাজিক কৃত্যকসমূহ	৬৫,৯০,০০০	২১,৯৭,০০০
২৫৭৫-অন্যান্য বিশেষ ক্ষেত্র কর্মসূচি	১৩,০৮,৫০,০০০	৪,৩৬,১৭,০০০
৩৪৫১-সচিবালয় অর্থনৈতিক পরিষেবা	১৮,১০,০০০	৬,০৩,০০০
৪০৭০-অন্যান্য প্রশাসনিক কৃত্যকের জন্য মূলধনী বরাদ্দ	১,০০,০০,০০০	৩৩,৩৩,০০০
৪৫৭৫-অন্যান্য বিশেষ ক্ষেত্র কর্মসূচির জন্য মূলধনী বরাদ্দ	২৬,৪৭,৫০,০০০	৮,৮২,৫০,০০০
মোট (২৭নং দাবি)	**১২৮৬,১১,৭৪,০০০**	**৪৩০,৭৯,৬০,০০০**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২৭নং দাবির অধীনে "২০৭০—অন্যান্য প্রশাসনিক কৃত্যকসমূহ (অগ্নি সংক্রান্ত সুরক্ষা ও নিয়ন্ত্রণ ব্যতীত) মুখ্যখাতের অন্তর্গত

"১০৬—অসামরিক প্রতিরক্ষা (যোজনা-বহির্ভূত) ও ১০৭—গৃহরক্ষী গৌণখাতে ২০০৩-২০০৪ আর্থিক বর্ষের প্রয়োজনীয় ব্যয় বাবদ ১০০,৪০,৩৬,০০০ (একশ কোটি চল্লিশ লক্ষ ছত্রিশ হাজার) টাকার ব্যয় মঞ্জুরীর প্রস্তাব পেশ করার অনুমতি প্রার্থনা করছি। ইতোমধ্যে গৃহীত আপাত ব্যয় মঞ্জুরীর ৩১,৩৭,৭৬,০০০ (একত্রিশ কোটি সাঁইত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকাও এর অন্তর্ভুক্ত।

২। মোট মঞ্জুরীকৃত অর্থ রাজ্যের অসামরিক প্রতিরক্ষা সংক্রান্ত ব্যবস্থাবলি ও গৃহরক্ষী সংস্থার কার্যকলাপ বজায় রাখার জন্য নির্ধারিত।

৩। এই দাবি পেশ করার সুযোগে আমি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের প্রধান প্রধান কার্যকলাপগুলি সভার সম্মুখে উপস্থিত করছি।

৪। **সংগঠন**

৪.১। ষাটের দশকের সূচনাকালে চীন-ভারত সীমান্ত বিরোধের ফলে জনজীবনে যখন ব্যাপক দুর্যোগ উপস্থিত হয়, সেই সময়টাতেই অসামরিক প্রতিরক্ষা সংস্থার সূত্রপাত। প্রাথমিক উদ্দেশ্য ছিল যুদ্ধের ধ্বংসকাণ্ডে ক্ষতিগ্রস্ত ও বিপন্ন মানুষদের কষ্ট লাঘব করা। কালক্রমে অসামরিক প্রতিরক্ষা সংস্থায় ভূমিকার অনেক পরিবর্তন ঘটেছে এবং আকস্মিক দুর্বিপাক, প্রাকৃতিক বিপর্যয় ও সামাজিক বিশৃঙ্খলাজনিত যে কোনও ধরনের বিপর্যয় পরিত্রাণের ব্যবস্থা করাও এই সংস্থার অন্যতম লক্ষ হিসাবে গণ্য করা হচ্ছে। বিপর্যয় ঘটার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার প্রচেষ্টার থেকেও সরকার অতীতের অভিজ্ঞতার নিরিখে সর্বাত্মক প্রস্তুতি সূচক ব্যবস্থাদি গ্রহণের উপর অধিকতর গুরুত্ব দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে। প্রকৃতপক্ষে অসামরিক প্রতিরক্ষার বর্তমান কাঠামোটিকে বিপর্যয় পরিত্রাণমূলক ব্যবস্থাপনার একটি ব্যাপকতর ধারণায় রূপান্তরিত করার জন্য সরকার সবিশেষ পরিকল্পনা করে চলেছেন। ওয়ার্ডেন পরিষেবার সদস্যদের স্বেচ্ছাসেবা অত্যন্ত প্রশংসনীয় এবং বিপর্যয় পরিত্রাণের ব্যাপক পরিকল্পনা রচনার ক্ষেত্রে এই পরিষেবাকে যথাযথভাবে ব্যবহার করা হবে। 'ইউনিসেফ' এবং 'কেয়ার'-এর মতো অ-সরকারি সংস্থার সহায়তায় রাজ্যের সমস্ত জেলায় বিপর্যয় পরিত্রাণমূলক/বিপর্যয় প্রতিরোধের প্রস্তুতিমূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ২০০২-২০০৩ সালে দার্জিলিং হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউটে ৪০ জন অসামরিক প্রতিরক্ষা সংস্থার স্বেচ্ছাসেবীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। 'কেয়ার'-এর সহায়তাতেও ২০০ জন স্বেচ্ছাসেবীদের বিপর্যয় প্রতিরোধের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৪.২। অসামরিক প্রতিরক্ষা বিভাগ দু'টি স্পষ্ট পৃথক সংস্থাপনায় বিভক্ত। একটি হল (ক) অসামরিক প্রতিরক্ষা সংস্থা এবং অপরটি (খ) গৃহরক্ষী সংস্থা।

৫। **অসামরিক প্রতিরক্ষা সংস্থা**

কলকাতা ও অন্যান্য জেলায় অসামরিক প্রতিরক্ষা সংস্থার স্থায়ী শাখা সংস্থা বিদ্যমান। বিভাগীয় আধিকারিকরা বিভিন্ন স্তরে সক্রিয় অসামরিক প্রতিরক্ষা কেন্দ্র গড়ে তুলতে আগ্রহী জনসাধারণকে প্রশিক্ষণ দিয়ে থাকেন। অসামরিক প্রতিরক্ষা জলবাহিনী এবং পশ্চিমবঙ্গ অসামরিক জরুরি বাহিনীর সদস্যদের প্রতিবছর বর্ষাকালে রাজ্যের বন্যাপ্রবণ জেলাগুলিতে

ত্রাণ ও উদ্ধারকার্যের জন্য মোতায়েন করা হয়ে থাকে। অসামরিক প্রতিরক্ষা সংস্থার অধীনস্থ আপতিক পরিষেবা শাখা অসামরিক প্রতিরক্ষা সংস্থার স্বেচ্ছাসেবীদের প্রশিক্ষণ দিয়ে থাকে এবং আপৎকালীন পরিস্থিতিতে যথাযথ কাজ করে। রাজ্যের ১৬৫টি বিপর্যয় প্রবণ ব্লক আমরা ইতোমধ্যে চিহ্নিত করেছি যা মূলত ভূমিধস, আকস্মিক বন্যা, জল জমা, ঘূর্ণিঝড় এবং শিল্প দুর্ঘটনার মতো পাঁচ রকম প্রধান বিপর্যয়ের সম্মুখীন হয়ে থাকে। সংশ্লিষ্ট ব্লকের বিশেষ ধরনের বিপর্যয় প্রতিরোধ করার জন্য প্রতি ব্লকের ১০ জন স্বেচ্ছাসেবী নিয়ে ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে।

অসামরিক প্রতিরক্ষা সংস্থার স্বেচ্ছাসেবী ও গৃহরক্ষীদের নিয়মিত প্রশিক্ষণ দেওয়ার জন্য আমরা ইটাহার-এ একটি কেন্দ্রীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন করেছি। পশ্চিমবঙ্গেই সর্বপ্রথম একটানা ৫০ দিনের প্রশিক্ষণ শেষ করার পর জেলাগুলিতে গৃহরক্ষীদের মোতায়েন করা হচ্ছে। এই প্রতিষ্ঠানটি বিপর্যয় পরিত্রাণমূলক ব্যবস্থাদির প্রশিক্ষণের কেন্দ্র হিসাবেও কাজ করে থাকে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ মূলত প্রতিষ্ঠান ভবনের নির্মাণকার্য, নৌকা ক্রয় এবং নৌকা রাখার 'শেড' নির্মাণের জন্য এযাবৎ ১.২৫ কোটি টাকা বরাদ্দ করেছে।

৬। **গৃহরক্ষী সংস্থা**

৬.১। এই সংস্থাটি তিনটি অংশে বিভক্ত :

(ক) কলকাতা গৃহরক্ষী সংস্থা,

(খ) জেলা গৃহরক্ষী সংস্থা,

(গ) সীমান্ত শাখা গৃহরক্ষী সংস্থা।

৬.২। আইন-শৃঙ্খলা রক্ষা, যানবাহন নিয়ন্ত্রণ এবং সরকারি ও আধা-সরকারি সংস্থার সম্পত্তি প্রহরার কাজে বর্তমানে ২৩,০০০ গৃহরক্ষী স্বেচ্ছাসেবক নিয়মিত মোতায়েন করা হচ্ছে। নির্বাচন, গঙ্গাসাগর মেলা এবং অন্যান্য উৎসব অনুষ্ঠানেও গৃহরক্ষী স্বেচ্ছাসেবকদের মোতায়েন করা হয়। সীমান্ত শাখা গৃহরক্ষী বাহিনীর সদস্যরা আমাদের আন্তর্জাতিক সীমান্ত রক্ষার কাজে সহায়তা করে এবং এই ধরনের কাজের সঙ্গে সংশ্লিষ্ট ঝুঁকি ও বিপদ সাহসিকতার সঙ্গে মোকাবিলা করে।

৭। সংক্ষেপে বলা যায় যে, অসামরিক প্রতিরক্ষার ব্যবস্থাবলি স্বাভাবিক জনজীবনের একটি অঙ্গ হয়ে দাঁড়িয়েছে। অসামরিক প্রতিরক্ষা হচ্ছে নাগরিকদের স্বীয় তৎপরতায় সংগঠিত নাগরিক প্রতিরক্ষা।

৮। বিভিন্ন খাতে দাবির বিস্তারিত বিবরণ নিচে দেওয়া হল :

(১) ১০৬-অসামরিক প্রতিরক্ষা (যোজনা-বহির্ভূত)	২৬,১৫,২৫,০০০ টাকা
(২) ১০৭-গৃহরক্ষী (যোজনা-বহির্ভূত)	৭৪,২৫,১১,০০০ টাকা
মোট	১০০,৪০,৩৬,০০০ টাকা

৯। মহাশয়, এই বিষয়গুলি উল্লেখ করে আমি ২০০৩-২০০৪ সালের বাজেট প্রস্তাবটি সভায় গ্রহণ ও অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 28

Major Heads : 2216—Housing, 2251—Secretariat—Social Services, 2852—Industries, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 74,71,54,000 be granted for expenditure under Demand No. 28, Major Heads : "2216—Housing, 2251—Secretariat—Social Services, 2852—Industries, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 24,90,51,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব করছি যে ২৮ নং দাবির অধীন মুখ্যখাতে "২২১৬ - হাউসিং", "২২৫১ - সেক্রেটারিয়েট-সোশ্যাল সার্ভিসেস", "২৮৫২ - ইন্ডাস্ট্রিস", "৪২১৬ - ক্যাপিটাল আউটলে অন্ হাউসিং" এবং "৬২১৬ - লোন্স ফর হাউসিং" বাবদ ব্যয় নির্বাহের জন্য ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৭৪,৭১,৫৪,০০০ টাকা (চুয়াত্তর কোটি একাত্তর লক্ষ চুয়ান্ন হাজার টাকা) মঞ্জুর করা হোক। এর মধ্যে ভোট অন অ্যাকাউন্টে ২৪,৯০,৫১,০০০ টাকা (চব্বিশ কোটি নব্বই লক্ষ একান্ন হাজার টাকা) ধার্য করা হয়েছে।

বিভিন্ন খাতে বিশদ বিবরণ নিম্নরূপ :

১।	"২২১৬ - হাউসিং"	৪২,৪৭,৬৫,০০০ টাকা
২।	"২২৫১ - সেক্রেটারিয়েট-সোশ্যাল সার্ভিসেস"	১,৬২,৫৫,০০০ টাকা
৩।	"২৮৫২ - ইন্ডাস্ট্রিস"	১৪,৯১,১১,০০০ টাকা
৪।	"৪২১৬ - ক্যাপিটাল আউটলে অন হাউসিং"	৪,৫৭,৫৩,০০০ টাকা
৫।	"৬২১৬ - লোন্স ফর হাউসিং"	১১,১২,৭০,০০০ টাকা
	মোট	৭৪,৭১,৫৪,০০০ টাকা

(২) সভার মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে বিগত তিন দশকে ভারতবর্ষে জনসংখ্যা অত্যন্ত দ্রুতহারে বৃদ্ধি পাওয়ায় সারা দেশে আবাসন সমস্যা অত্যন্ত কঠিন আকার ধারণ করেছে। বিগত কয়েক বছরে দ্রুত নগরায়ণহেতু শহর এবং আধা শহর অঞ্চলে এই

সমস্যা তীব্রতর হয়েছে। জনসংখ্যার ঘনত্ব অধিক হওয়ার কারণে এবং বহিরাগতের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পশ্চিমবঙ্গে এই সমস্যা আরও প্রকট হয়ে উঠেছে।

অর্থনৈতিক সীমাবদ্ধতা, সঠিক জমি পাওয়ার সমস্যা ইত্যাদি সত্ত্বেও আবাসনের এই বিপুল ঘাটতি মেটানোর উদ্দেশ্যে নানা শ্রেণির মানুষের জন্য পশ্চিমবঙ্গ সরকারের আবাসন দপ্তর এবং পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ বিগত বছরগুলিতে বিশেষত শহরাঞ্চলে বিভিন্ন সামাজিক আবাসন প্রকল্প রূপায়ণের মাধ্যমে তাদের কর্মপ্রচেষ্টা বৃদ্ধি করেছে। এই নানা শ্রেণির মানুষের মধ্যে আছেন অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির মানুষ, নিম্ন আয়ভুক্ত মানুষ, মধ্য আয়ভুক্ত মানুষ, উচ্চ আয়ভুক্ত মানুষ এবং রাজ্য সরকারি কর্মচারীরা। এছাড়া নগরোন্নয়ন দপ্তর, কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট, বিভিন্ন কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি এবং অন্যান্য আরও কিছু সরকারি প্রতিষ্ঠান শহরাঞ্চলে আবাসন নির্মাণের প্রকল্প রূপায়িত করেছে। গ্রামাঞ্চলের গরিব মানুষদের জন্য ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর আমাদের রাজ্যে আবাসন প্রকল্প রূপায়ণ করছে। পশ্চিমবঙ্গ সরকারের আবাসন দপ্তর এ পর্যন্ত প্রায় ৩৩,৪০০টি বাসগৃহ নির্মাণ করেছে বিভিন্ন স্তরের মানুষের জন্য। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ এ পর্যন্ত প্রায় ৩১,৭১২টি নির্মাণ করেছে বিভিন্ন স্তরের মানুষের জন্য।

(৩) রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টা সত্ত্বেও পশ্চিমবঙ্গের শহরাঞ্চলে বর্তমান বাসগৃহ সংখ্যা চাহিদার তুলনায় অপ্রতুল। তাই শহরাঞ্চলে আবাসনের সংখ্যা বৃদ্ধির প্রয়োজনে রাজ্য সরকার সরকারি এবং বেসরকারি যৌথ উদ্যোগে গৃহ নির্মাণের ক্ষেত্রকে উৎসাহদানে ব্রতী হয়েছে এবং এই উদ্দেশ্যে কিছু বেসরকারি সংস্থা ও পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের যৌথ প্রয়াসে কয়েকটি যৌথ উদ্যোগ সংস্থা গঠন করা হয়েছে। যৌথ উদ্যোগ সংস্থার অভিজ্ঞতায় উৎসাহিত হয়ে বিশেষত নিম্ন আয়ভুক্ত শ্রেণির জন্য এবং মধ্য আয়ভুক্ত শ্রেণির জন্য আরও গৃহ নির্মাণেণ প্রয়োজনে রাজ্য সরকার নতুন করে আরও কয়েকটি যৌথ উদ্যোগ সংস্থা গঠন করছে বলে স্থির করেছে। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকারের প্রাক্তন মুখ্য সচিব তরুণ দত্তের নেতৃত্বে দুটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে যাতে করে আরও কিছু যৌথ উদ্যোগ সংস্থা গঠন করা যায়। কমিটি দুটো তাদের প্রতিবেদন শীঘ্রই পেশ করবে বলে আশা করা যায়। এই সমস্ত "সহায়তায় ক্ষেত্রে" (অ্যাসিস্টেড সেক্টরে) রাজ্য সরকার খুব কম পরিমাণে অংশগ্রহণ করবে এবং বেসরকারি অংশগ্রহণকে আরও বেশি সংখ্যায় গৃহনির্মাণে উৎসাহিত করবে, বিশেষত নিম্নবিত্তদের জন্য এবং মধ্যবিত্তদের জন্য গৃহনির্মাণ।

(৪) মাননীয় সদস্যরা জানেন যে বেসরকারি ক্ষেত্রে ক্রেতাদের স্বার্থরক্ষার উদ্দেশ্যে এবং কিছু সংখ্যক প্রমোটারের বেআইনী এবং পরিকল্পনাবিহীন কার্যকলাপের হাত থেকে ক্রেতাদের সুরক্ষার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অব প্রমোশন অব কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রমোটারস) অ্যাক্ট, ১৯৯৩ আইনটি বলবৎ করেছে। কে. এম. সি. এলাকায় এবং অন্যান্য কিছু নির্দিষ্ট এলাকায় এই আইনটি প্রয়োগ করে বেসরকারি সংস্থাগুলির গৃহনির্মাণের কাজ যেমন সুসংহতভাবে নিয়ন্ত্রণ করা এবং পরিচালনা

করা সম্ভবপর হয়েছে তেমনই বেসরকারি সংস্থাগুলির প্রকৃত সমস্যাগুলির সমাধানের প্রতিও সরকার যত্নবান হয়েছেন।

এই আইনের মূল উদ্দেশ্য বেসরকারি নির্মাণ সংস্থাগুলির কর্মপ্রয়াসকে খর্ব করা নয়। বেসরকারি বাসগৃহ কেনার ক্ষেত্রে ক্রেতা যাতে প্রতারিত না হন এবং গৃহনির্মাণ সংক্রান্ত প্রয়োজনীয় মূল নিয়মগুলি যাতে কোনভাবেই লঙ্ঘিত না হয় তা দেখা। নানা পর্যায়ে আবাসন দপ্তরের অধীনস্থ আবাসন অধিকারের কারিগরি এবং প্রশাসনিক দক্ষতা কাজে লাগিয়ে প্রমোটাররা বে-আইনী কাজ করলে সেগুলো নিয়ন্ত্রণ করার উদ্যোগ নেওয়া হবে।

ক্রেতাদের অধিকারকে আরও সুরক্ষিত করার উদ্দেশ্যে এই অ্যাক্টটির কিছু সংশোধনী প্রস্তাব নিয়ে একটি বিল পশ্চিমবঙ্গ বিধানসভার ২০০২-২০০৩ সালের শীতকালীন অধিবেসনে গৃহীত হয়েছে।

(৫) মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে আবাসন দপ্তরের ২০০৩-২০০৪ সালের পরিকল্পনাভুক্ত খাতে মোট ৩৫৯.২৩ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়া পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের মোট বাজেট বরাদ্দ ১১,২৬২.৬৯ লক্ষ টাকা।

(৬) কলকাতা ও জেলাগুলিকে কর্মরত রাজ্য সরকারি কর্মচারীদের বাসস্থানের ব্যবস্থা করার জন্য মাসিক ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প রূপায়ণ করা হয়।

বজবজ গুমোর মঠে ১৫২টি ফ্ল্যাটের মধ্যে ৮০টি ফ্ল্যাট নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে এবং বাকি ৭২টি ফ্ল্যাটের নির্মাণ কাজও হাতে নেওয়া হয়েছে। বাঁকুড়ার আইলাকান্দি সাইট এতে জল সরবরাহ সহ ৬০টি ফ্ল্যাট নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। এই ফ্ল্যাটগুলি বণ্টনের কাজেও অগ্রগতি হচ্ছে। বেহালার বেচারাম চ্যাটার্জি স্ট্রীটে ১৬০টি ফ্ল্যাটের নির্মাণ কাজের প্রায় শতকরা ৭০ ভাগ সম্পূর্ণ হয়েছে। মালদার মহেশমাটিতে ৬০টি ফ্ল্যাটের মধ্যে ৪৬টি ফ্ল্যাটর নির্মাণ কাজ সম্পন্ন করে জেলাশাসকের কাছে হস্তান্তর করা হয়েছে এবং বাকী ফ্ল্যাটগুলির নির্মাণ কাজও গ্রহণ করা হয়েছে। শিলিগুড়ি হনুমান জুটি মিলে ১৮০টি ফ্ল্যাট নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। শম্পামির্জা নগরে ২০৮টি ফ্ল্যাটের মধ্যে ১২৮টি ফ্ল্যাটের কাজ নির্মাণ সম্পন্ন হয়েছে এবং এর মধ্যে ৩২টি ফ্ল্যাটের বণ্টনও সমাধা হয়েছে। বাকী ৮০টি ফ্ল্যাটের নির্মাণ কাজও হাতে নেওয়া হয়েছে। ঝাড়গ্রামের বাছুরডোবায় ৬০টি ফ্ল্যাটের প্রায় শতকরা ৫০ ভাগ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং বাকী কাজও হাতে নেওয়া হয়েছে। কুচবিহারের তুফানগঞ্জে ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প (আর. এইচ. ই.) নির্মাণের একটি অংশ অনুমোদিত হয়েছে এবং যথা সময়ে নির্মাণ কাজ শুরু করা হবে। এ ছাড়া কলকাতার অনাথ দেব লেনে, আসানসোলে, ডায়মণ্ডহারবারের মাধবপুরে এবং কুচবিহারের পুরনো রাইস মিল কম্পাউণ্ডে ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প নির্মাণের প্রস্তাব বিবেচনাধীন। হলদিয়ার বাসুদেবপুরেও ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প নির্মাণের কাজও বিবেচনাধীন।

নিম্নবিত্তদের জন্য আবাসন প্রকল্পে গুমোর মঠে ১৬টি ফ্ল্যাট, কুচবিহারে ১৮টি ফ্ল্যাট এবং শিলিগুড়িতে ১৬টি ফ্ল্যাট নির্মাণের প্রস্তাব করা হয়েছে।

রাজ্য সরকার নিউটাউন কলকাতাতেও নিম্নবিত্তদের জন্য আবাসন প্রকল্প নির্মাণের পরিকল্পনা নিয়েছে। নিউটাউন প্রকল্পে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের জন্য ৫৬টি একতল বিশিষ্ট বাড়ির কাজ সম্পূর্ণ হয়েছে এবং শীঘ্রই বাড়িগুলি বণ্টন করা যাবে।

মধ্যবিত্তদের জন্য আবাসন প্রকল্পে শিলিগুড়ি সেবক রোডে ১৬টি ফ্ল্যাট নির্মাণের প্রস্তাব আছে। নিউটাউন, কলকাতাতে ভাড়াভিত্তিক বহুতল আবাস নির্মাণের একটি প্রস্তাবও বিবেচনাধীন।

লেক গার্ডেন্স-এ ১২টি মালিকানাভিত্তিক ফ্ল্যাট নির্মিত হয়েছে এবং ডায়মণ্ডহারবার রোডের জোকাতে মালিকানাভিত্তিক ফ্ল্যাট নির্মাণের প্রস্তাব আছে।

২০০৩-২০০৪ সালে ৫০ লাখ টাকা (পঞ্চাশ লাখ টাকা) ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প রূপায়ণের জন্য বরাদ্দ করা হয়েছে।

৭) কর্মরতা একক মহিলাদের কলকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে নিরাপদ আশ্রয়ের ব্যবস্থার জন্য আবাসন দপ্তর (১) সাহাপুর (২) গড়িয়াহাট (৩) বিধাননগর এবং (৪) শিলিগুড়িতে মোট ৪৬২টি শয্যা বিশিষ্ট হস্টেল নির্মাণ করেছে। বিশেষত কলকাতা ও তার আশেপাশে এই ধরনের হস্টেলের আরও চাহিদা থাকায় পশ্চিমবঙ্গ সরকার কর্মরতা মহিলাদের জন্য সল্টলেকে দ্বিতীয় পর্যায়ে আরও একটি হস্টেল নির্মাণের কাজ গ্রহণ করার পরিকল্পনা গ্রহণ করেছে এবং এই আর্থিক বছরে (২০০৩-২০০৪) কাজটি গ্রহণ করা যাবে বলে আশা করা যায়। ২০০৩-২০০৪ সালে ৫০ লাখ (পঞ্চাশ লাখ টাকা) এই উদ্দেশ্যে বরাদ্দ করা হয়েছে।

(৮) মাননীয় সদস্যগণ জানেন যে স্বল্প মূল্যে উপযুক্ত জমির অভাব অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির মানুষদের জন্য আবাসন প্রকল্প রূপায়ণের পথে বিগত বছরগুলিতে বাধা হয়ে দাঁড়িয়েছে। নিউটাউন কলকাতায় ৪.৪৬ হেক্টর জমি চিহ্নিত করা গেছে এবং এই জমিতে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির জন্য বলাকা আবাসনের ৯২৮টি ফ্ল্যাট নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে এবং ফ্ল্যাটগুলির চাবি অনেক মালিকদের কাছেই হস্তান্তর করা হয়েছে।

অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির জন্য নিউটাউন রাজারহাটে আরও ৮০০টি গৃহ, পুরুলিয়ায় ৯৬টি গৃহ এবং নৈহাটির কাছে সুন্দিয়াতে ৬০টি গৃহ নির্মাণের প্রকল্প গ্রহণ করার প্রস্তাব সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছে।

২০০৩-২০০৪ সালের বাজেটে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির গৃহ নির্মাণের জন্য ৩৯.২৩ লাখ টাকা (উনচল্লিখ লাখ তেইশ হাজার টাকা) বরাদ্দ করা হয়েছে।

এখানে উল্লেখযোগ্য যে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের দ্বারা রূপায়িত জেলা আবাসন প্রকল্পে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির ১০৫০৭ জন লোককে হাডকো থেকে আর্থিক সাহায্য নিয়ে গৃহনির্মাণে সহায়তা করা হয়েছে।

(৯) টাকী মিউনিসিপ্যালিটির নিকটবর্তী হাসনাবাদ বাসস্ট্যান্ডে ডর্মিটারি-কাম-রাত্রি নিবাসের কাজ সম্পন্ন হবার সেটি সাফল্যের সঙ্গে পরিচালিত হচ্ছে।

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে একটি রাত্রি নিবাস নির্মাণের কাজ শেষ হয়েছে এবং এটি খুব শীঘ্রই বালুরঘাট মিউনিসিপ্যালিটিকে হস্তান্তর করা হবে।

রাজ্য সরকার ডায়মণ্ডহারবার রোড এবং কালিম্পঙে রাত্রি নিবাস নির্মাণের প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনা করছে।

রাত্রি নিবাস নির্মাণের জন্য ২০০৩-২০০৪ সালের বাজেটে ২০.০০ লাখ টাকা (কুড়ি লাখ টাকা) বরাদ্দ করা হয়েছে।

(১০) বর্তমানে আবাসন দপ্তরকে পশ্চিমবঙ্গ ব্যাপী প্রায় ৩৩,৪০০টি বিভিন্ন ধরনের ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণ করতে হয়।

এই ফ্ল্যাটগুলির মেরামত, পরিবর্তন এবং নবীকরণের জন্য প্রতি বছর প্রচুর অর্থের প্রয়োজন হয়। মেরামত ও নবীকরণের কাজ পর্যায়ক্রমে করা হয়।

২০০৩-২০০৪ সালে এই বাবদ ৪৯,০০ লাখ টাকা (উনপঞ্চাশ লাখ টাকা) রাখা হয়েছে।

(১১) মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে কম দামে ভাল মানের ইট তৈরির উদ্দেশ্যে এই দপ্তরের অধীনে ব্রিক প্রোডাকশন ডাইরেক্টরেট বিগত ৩৭ বছর ধরে হস্তচালিত ও যান্ত্রিক পদ্ধতিতে উৎকৃষ্টমানের ইট তৈরি করে চলেছে।

অনেকগুলি ইট ভাঁটার কাজকর্ম এই ডাইরেক্টরেট দ্বারা নিয়ন্ত্রিত হয়। এদের মধ্যে পলতার যন্ত্রচালিত ইটভাঁটা এবং আক্রার হস্তচালিত ইটভাঁটা উল্লেখযোগ্য। এছাড়া কল্যাণীর মাঝেরচর, রায়গঞ্জের আবদুলঘাটায়, হুগলির জলাঘাটা বর্ধমানের আমিরপুরে এবং পূর্ব মেদিনীপুরের হলদিয়াতেও হস্তচালিত ইট কারখানা আছে।

হস্তচালিত ইট কারখানাগুলিতে নতুন ইট তৈরির ব্যাপারে নতুন একটি পরিকল্পনা চালু করার চেষ্টা করা হচ্ছে। এই পরিকল্পনায় ঠিকাদাররা এই দপ্তরের পরিকাঠামো ব্যবহার করে নিজেরা ইট উৎপাদন করবে এবং নিজেরাই সেগুলো বিক্রি করবে। পরিবর্তে তারা সরকারি পরিকাঠামো ব্যবহারের জন্য ফি হিসাবে থোক টাকা রাজ্য সরকারকে জমা দেবে।

(১২) মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ নামক একটি বৃহৎ সরকারি সংস্থা বাসস্থানের ক্রমবর্ধমান চাহিদা মেটানোর প্রয়োজনে নানা স্তরের মানুষের জন্য তিন দশকের বেশি সময় ধরে এই রাজ্যে বাসগৃহ নির্মাণের কাজে নিযুক্ত আছে। এই সংস্থাটি মার্চ, ২০০২ পর্যন্ত ৩১৭১২টি বাসগৃহ নির্মাণ করেছে। এর মধ্যে আছে অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণির জন্য ১১৫১টি বাসগৃহ, নিম্নবিত্তদের জন্য ৪৫৫৮টি, মধ্যবিত্তদের জন্য ১১৮৮৫টি এবং উচ্চবিত্তদের জন্য ১৪১১৮টি বাসগৃহ।

২০০৩-২০০৪ সালে ২০০২-২০০৩ সালের অসম্পূর্ণ কাজ সহ আরও ১৮২৯টি বাসগৃহ নির্মাণের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

উল্লেখযোগ্য যে ই. এম. বাইপাস কসবা কানেকটারের নিকট "রুচিরা রেসিডেন্সিতে", হাওড়ায় "লেকভিউ হাউসিং" এ এবং কলকাতা নিউটাউনে "মিলেনিয়াম টাওয়ার" তৈরির মাধ্যমে হাউসিং বোর্ড বহুতলসৌধ নির্মাণের কতগুলি বৃহৎ আবাসন প্রকল্প গ্রহণ করেছে। আবাসন সেক্টরে কঠিন প্রতিযোগিতার বাজারেও হাউসিং বোর্ড চেষ্টা চালিয়েছে পেশাদারী দক্ষতার মাধ্যমে উল্লেখযোগ্য ভূমিকা পালনের এবং এই ভূমিকায় তারা সফলও হয়েছে। আশা করা যায় আগামী বছরগুলিতেও এই ভূমিকা পালন সর্বক্ষেত্রে অব্যাহত থাকবে। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের ২০০৩-২০০৪ সালের বার্ষিক বাজেট ১১২৬২.৬৯ লক্ষ টাকা (এগারো হাজার দুইশত বাষট্টি লক্ষ উনসত্তর হাজার টাকা)।

(১৩) মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে কলকাতার সন্নিকটে একটি নতুন নগর (নিউ টাউন) তৈরির কাজ পূর্ণ গতিতে এগিয়ে চলেছে। ওয়েস্ট বেঙ্গল হাউসিং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লু বি হিডকো) নিউ টাউনকে একটি গাছপালা, উদ্যান, জলাশয়পূর্ণ সবুজ শহর রূপে কলকাতার পূর্ব প্রান্তে ৩০৭৫ হেক্টর জমি নিয়ে গড়ে তুলছে যেখানে ৭.৫ লক্ষ জনসংখ্যা স্থায়ীভাবে এবং আরও অতিরিক্ত দৈনিক যাতায়াতকারী ২.৫ লক্ষ লোক সাময়িকভাবে বাস করতে পারবে। বাসগৃহগুলির অধিকাংশই হবে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির মানুষ, নিম্নবিত্ত মানুষ ও মধ্যবিত্ত মানুষের জন্য। বাসগৃহগুলির প্রায় শতকরা ৫০ ভাগ থাকবে সমবায় আবাসন সমিতিগুলির জন্য।

একশান এরিয়া ১ নং-এ ৬৬০ হেক্টর জমি জুড়ে পূর্ণ গতিতে কাজ হচ্ছে। নিউ টাউনের একশান এরিয়া ১ নং-এ সরাসরি প্রকল্প খরচ প্রায় ৬৭৬ কোটি টাকা। একশান এরিয়া ১ নং (প্রথম পর্যায়), একশান এরিয়া ২ নং (দ্বিতীয় পর্যায়) এবং আরও অন্যান্য নানা পর্যায়ে ৩০.১.২০০৩ পর্যন্ত প্রায় ৩৮৯৭.৪২ একর জমি কেনা অথবা অধিগ্রহণ করা হয়েছে। একশান এরিয়া ১ নং-এ ১০০০ হেক্টর জমি ভরাট করার কাজ গ্রহণ করা হয়েছে।

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ একশান এরিয়া ১ নং-এ ২২৪টি বাসগৃহ নির্মাণ করেছে। নিউ টাউনকে সল্টলেক সিটির সঙ্গে যুক্ত করার জন্য কৃষ্ণপুর খালের উপর একটি ছয় রাস্তা বিশিষ্ট ডাবল ক্যারেজ সেতু বানানোর কাজ সম্পূর্ণ হয়েছে। বাগজোলা খালের উপর একটি সেতু বানানোর কাজ প্রায় সম্পূর্ণ এবং কাজী নজরুল ইসলাম সরণি পর্যন্ত সংযোগ স্থাপন করার জন্য একটি ছয় রাস্তা বিশিষ্ট ১০.৫ কি.মি. দীর্ঘ বৃহৎ যোগাযোগকারী রাস্তা বানানোর কাজের অগ্রগতি হচ্ছে। নিউ টাউনে একশান এরিয়া ১ নং-এ জল সরবরাহ, নর্দমা এবং জলনিকাশী প্রকল্পগুলির কাজ শুরু হয়েছে।

একশান এরিয়া ১ এবং ২-এ নানা ধরনের ৫৬৭৩টি প্লট লটারির মাধ্যমে বন্টন করা হয়েছে। অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির জন্য ১৮.২০ কোটি টাকার প্রকল্পে নির্মিত ৯২৮টি ফ্ল্যাট সম্পূর্ণ হয়েছে এবং এগুলোকে হস্তান্তরের জন্যও প্রস্তুতি নেওয়া হয়েছে। এই ফ্ল্যাটগুলির প্রাপকদের অনেককে চাবিও' দিয়ে দেওয়া হয়েছে। অর্থনৈতিকভাবে দুর্বলতর

শ্রেণীর মানুষদের জন্য আরও একটি আবাসন কমপ্লেক্স নির্মাণের কাজ শীঘ্র শুরু হবে। পরিকল্পনা, ডিজাইনিং প্রভৃতি প্রাথমিক কাজ শুরু হয়েছে। এই প্রকল্পটিতে যে সমস্ত পরিবার তাদের বর্তমান বাসস্থান থেকে বাস্তুচ্যুত হচ্ছেন তাদের পুনর্বাসনের সুযোগ করে দেওয়া হবে। এরকম ৫৬টি বাসস্থান নির্মাণের কাজ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। অন্যান্য বাস্তুচ্যুত লোকরা চাইলে তাদের কম দামে পরিকাঠামোগত সুবিধা যুক্ত প্লট দেওয়া হবে। বিভিন্ন আয়ের লোকদের জন্য আবাসন নির্মাণের কাজ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের যৌথ উদ্যোগ সংস্থাগুলি গ্রহণ করেছে। হিডকোর অধীনস্থ প্রকল্পগুলি দ্রুত রূপায়ণের জন্য আবাসন অধিকারের কারিগরি দক্ষতাকে কাজে লাগানো হচ্ছে এবং ভবিষ্যতে নিউ টাউন নির্মাণে আবাসন অধিকারের কারিগরি দক্ষতাকে আরও বেশি কাজে লাগানো হবে।

একশান এরিয়া ১ নং-এ নিউ টাউন গড়ে তোলার জন্য প্রয়োজনীয় জমির শতকরা ৯৬ ভাগ জমি অধিগ্রহণ হয়েছে এবং একশান এরিয়া-২ নং-এ প্রস্তাবিত এলাকার শতকরা ৫৫ ভাগ জমি অধিগ্রহণ হয়েছে। এর ফলে ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত নিউ টাউনে মোট ৩৮৯৭.৪২ একর জমি পাওয়া গেছে।

আশা করা যায় ২০০৪ সালের মার্চ মাসের মধ্যে ফেজ্-১এ-তে রাস্তা নির্মাণের কাজ শেষ হবে এবং পর্যায়ক্রমে ফেজ্-১বি, ১সি এবং ১ডি-র রাস্তা নির্মাণের কাজ শুরু করা যাবে।

আবাসন অধিকারের তত্ত্বাবধানে মোট ১৩.২০ কোটি টাকায় কৃষ্ণপুর খালের উপর আর. সি. ব্রিজটি (ছয় লেনে বিভক্ত ক্যারেজ ওয়ে) সম্পূর্ণ হয়েছে। বাগজোলা খালের উপর ৩.১২ কোটি টাকা ব্যয় ছয় লেন বিশিষ্ট ক্যারেজ ওয়েটির নির্মাণ কার্যও আবাসন অধিকার তদারক করছে এবং এই কাজটিও শীঘ্রই শেষ হবে বলে আশা করা যায়।

আবাসন অধিকার কাজী নজরুল ইসলাম সরণি থেকে কৃষ্ণপুর খালের উপরের ব্রিজ পর্যন্ত ১০.৫৭ কি.মি. লম্বা বৃহৎ যোগাযোগকারী রাস্তাটির নির্মাণ কাজও তত্ত্বাবধান করছে। মোট ৬১.৭৫ কোটি টাকা প্রকল্পের এই কাজটিও ডিসেম্বর, ২০০৩-এ শেষ হবে আশা করা যায়।

রাজ্য সরকারের পূর্ত (সড়ক) দপ্তরের তত্ত্বাবধানে কাজী নজরুল ইসলাম সরণির উপর ২০.৫১ কোটি টাকা ব্যয়ে আর. সি. সি. উড়ালপুলের কাজেরও অগ্রগতি হচ্ছে। একশান এরিয়া ১এ-তে (১৫০ হেক্টর) জল সরবরাহের জন্য পাইপ লাইন পাতার নেট-ওয়ার্ক মার্চ ২০০৩ নাগাদ শেষ হবে।

একশান এরিয়া-১এ-তে নিকাশি নালার কাজ জুন ২০০৩ নাগাদ শেষ হবে। একশান এরিয়া-১বি, ১সি এবং ১ডি-তে নিকাশি নালার কাজ একই সঙ্গে ২০০৩-এর প্রথম দিকে ধরা হবে। স্টর্ম ওয়াটার ড্রেন নির্মাণের কাজ একশান এরিয়া-১এ শুরু হয়েছে। অন্যান্য এলাকায় এই কাজ এপ্রিল ২০০৩ থেকে শুরু করা হবে এবং কাজ শেষ হতে ২ বছর লাগতে পারে। বর্তমানে জল সরবরাহের জন্য ৪টি গভীর নলকূপ বসানো হয়েছে। তিনটি উত্তোলিত জলাশয় (এলিভেটেড রিজারভয়ার) বসানোর কাজ এগিয়েছে। এই কাজগুলি পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি দপ্তর তত্ত্বাবধান করছে।

জমি এবং পরিকাঠামো উন্নয়নের সঙ্গে হিডকো ২৮৯৯টি ব্যক্তিগত গৃহ নির্মাণের প্লট, ২৭৯৪টি সমবায় আবাসন সোসাইটির জন্য প্লট, ৯২৮টি অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ফ্ল্যাট, ৫৭২টি নিম্নবিত্ত আয়ের মানুষ-এর জন্য সমবায় প্লট, ১৩৪৫টি মধ্যবিত্তদের জন্য সমবায় প্লট, ১১৮৯টি মধ্যবিত্তদের জন্য ব্যক্তিগত প্লট, ১৭১০টি উচ্চবিত্তদের জন্য ব্যক্তিগত প্লট, ৭৫৭টি উচ্চবিত্তদের জন্য সমবায় প্লট, ১২০টি বৃহৎ সমবায় প্লট এবং পুনর্বাসন প্রকল্পে ৫৬টি বাসগৃহ প্রদান করা হয়েছে।

বৃহত্তর স্বার্থে নিউ টাউনের উন্নতিকল্পে মূল জমির মালিকেরা তাদের জমি ছেড়ে দিয়েছেন। তাদের সহযোগিতা ছাড়া নিউ টাউনের উন্নতি বিকাশের কাজ সম্ভবপর হত না। এই সমস্ত জমিহারা মানুষদের সাহায্য করার পর্যাপ্ত প্রচেষ্টা হিসাবে হিডকো এদের পরিবারদের জন্য একটি বিস্তৃত প্যাকেজ গ্রহণ করেছে যাতে করে এদের অর্থনৈতিক কর্মকাণ্ডের মূলস্রোতে ফিরিয়ে আনা যায়। এ পর্যন্ত জমি হারাদের নিয়ে বা তাদের পরিবারের সদস্যদের নিয়ে ৩৩টি লেবার কনস্ট্রাকশান সমবায় সমিতি পশ্চিমবঙ্গ সমবায় আইন, ১৯৮৩ অনুযায়ী নথিভুক্ত হয়েছে। এদের মধ্যে ২৭টি সমিতিকে শ্রম নির্ভর নির্মাণ কাজ দেওয়া হয়েছে। বাকি সমিতিগুলিতে কাজ দেওয়া হচ্ছে।

জমিহারা পরিবারবর্গের সদস্যদের স্বনিযুক্তির জন্য দক্ষতা অর্জনের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এরকম প্রায় ৩০০ লোককে নানা বৃত্তিতে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(১৪) আমি ইতিমধ্যেই উল্লেখ করেছি যে পশ্চিমবঙ্গের শহরাঞ্চলে বসবাসের বাড়ির সংখ্যা বৃদ্ধির প্রয়োজন প্রবল হওয়ায়, রাজ্য সরকার আবাসনের ক্ষেত্রে সরকারি-বেসরকারি যৌথ প্রয়াসকে উৎসাহ দিতে কয়েকটি যৌথ উদ্যোগ সংস্থা গঠন করেছে।

এ পর্যন্ত নিম্নলিখিত পাঁচটি যৌথ উদ্যোগ সংস্থা রেজিস্টার্ড হয়েছে।

(ক) বেঙ্গল পিয়ারেলস হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড।

(খ) বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড।

(গ) বেঙ্গল শ্রাচী হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড।

(ঘ) বেঙ্গল আই. এফ. বি. হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড।

(ঙ) বেঙ্গল ডি. সি. এল. হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড।

এদের মধ্যে বেঙ্গল পিয়ারসে হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড নানা আয়ের লোকদের জন্য সুভাষচন্দ্র বোস আন্তর্জাতিক বিমানবন্দরের কাছে ভি. আই. পি. রোডের ধারে এ পর্যন্ত ১২৭২টি বাসগৃহ নির্মাণ করেছে। এই সংস্থাটি আরও ১১২টি বাসগৃহ নির্মাণের কাজ গ্রহণ করেছে। এছাড়া এই সংস্থাটি শান্তিনিকেতন-শ্রীনিকেতন ডেভেলপমেন্ট অথরিটির সঙ্গে প্রান্তিক রেলস্টেশনের কাছে ৫.০০ একর (প্রায়) জমির উপর একটি যৌথ আবাসন প্রকল্প সম্পন্ন করেছে। এতে আছে ৮৪টি এল. আই. জি. ফ্ল্যাট, ১১২টি এম. আই. জি. ফ্ল্যাট। এই প্রকল্পে খরচ হয়েছে ৭.৫৮ কোটি টাকা এবং বাসগৃহগুলির চাবি ডিসেম্বর, ২০০২-এ ক্রেতাদের হাতে দিয়ে দেওয়া হয়েছে।

বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট এ পর্যন্ত ১৫৬৯টি বাসগৃহ নির্মাণ করেছে এর মধ্যে আছে ২৬৪টি নিম্নবিত্তদের বাসগৃহ, ৬২৬টি মধ্যবিত্তদের বাসগৃহ এবং ৬৭৯টি বাসগৃহ উচ্চবিত্তদের জন্য। ই. এম. বাইপাসের ধারে সন্তোষপুরের কাছে "উদয়ন প্রকল্পের' আওতায় এই বাসগৃহগুলি নির্মিত হয়েছে।

বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড দুর্গাপুরে শহর কেন্দ্রের উত্তরে ৯৪ একর জমির উপর উর্বশী প্রকল্পটি রূপায়িত করছে যাতে নির্মিত হচ্ছে ১২৬টি বাসগৃহ এবং এ ছাড়াও মল্লার ১ নং পর্যায়ক্রমে ২৬৬টি বসবাসের প্লট তৈরি করা হচ্ছে। জি. টি. রোড এবং বাইপাসের সংযোগস্থলে বর্ধমান শহরের পূর্বে মিনি টাউনশিপে ৯৪ একর জমির উপর উল্লাস নামে আর একটি প্রকল্পও বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড বর্ধমান জেলা পরিষদের সঙ্গে শুরু করেছে। এই প্রকল্পটিতে নিম্নবিত্তদের জন্য ১.৫ কাঠা করে ১০০টি প্লট, ২.৪ কাঠা এবং তদূর্ধ্বে আর ৪৫৭টি প্লট অন্যান্য শ্রেণির লোকদের বণ্টনের জন্য প্রস্তুত করা হচ্ছে। পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী নিউ টাউনের অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থানে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের তিনটি যৌথ সংস্থার উদ্যোগে নতুন আবাসন প্রকল্পগুলি উদ্বোধন করেছেন। এই প্রকল্পগুলি নিউ টাউনের দশ-লেন বিশিষ্ট বৃহৎ যোগাযোগকারী রাস্তার পাশে চারটি সেক্টরে ৮.০৩ হেক্টর জমির উপর রূপায়িত হবে। বেঙ্গল পিয়ারলেসের উদ্যোগে অনিমিখা প্রকল্পে থাকবে ৩৮৮টি বাসগৃহ। বেঙ্গল শ্রাচী হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড গ্রীনউড পার্ক প্রকল্পটি রূপায়ণ করছে যাতে থাকছে ৩৯০টি বাসগৃহ।

২০০২-২০০৩ সালে ই. এম. বাইপাস-এর রাসবিহারী কানেকটারের কাছে বেঙ্গল পিয়ারলেস এবং বেঙ্গল শ্রাচী হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি অভিষিক্তা এবং গ্রীনউড নুক নামের দুটি প্রকল্প শুরু করেছে যাতে থাকছে যথাক্রমে ৩৩৬টি এবং ৩১৮টি বাসগৃহ।

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদও নিজে রুচিরা আবাসগৃহ নামে একটি প্রকল্প শুরু করবে।

(১৫) আমি আগেই বলেছি যে বেসরকারি আবাসনের ক্ষেত্রে প্রোমোটারদের বেআইনি এবং অপরিকল্পিত কার্যকলাপ বন্ধ করে উপযুক্ত ক্রেতাদের স্বার্থ রক্ষার জন্য রাজ্য সরকার সচেষ্ট। এই উদ্দেশ্যে ওয়েস্ট বেঙ্গল (রেগুলেশন অফ প্রোমোশন অফ কনস্ট্রাকশান অ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটারস) অ্যাক্ট, ১৯৯৩ কলকাতা পৌরসভা এলাকায় ৯.৮.১৯৯৫ থেকে এবং উত্তর ২৪ পরগনা জেলার উত্তর বিধাননগর থানা, দক্ষিণ বিধাননগর থানা, পূর্ব বিধাননগর থানা, রাজারহাট থানা এবং লেকটাউন থানা এলাকায় ১.৬.১৯৯৮ তারিখ থেকে বলবৎ হয়। উক্ত অ্যাক্টটির ১.১.২০০৩ তারিখ থেকে হাওড়া পুরসভা এলাকায় চালু করা হয়েছে।

৩১.০১.২০০৩ পর্যন্ত ৩২৪ জন প্রোমোটারের নাম নথিভুক্ত হয়। নানা ধরনের ফ্ল্যাট তৈরির জন্য ৩৭৯টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। এই প্রকল্পগুলিতে আছে ৬৬৬১টি ফ্ল্যাট যাদের প্রকল্প ব্যয় ৫৩৯৮১ লক্ষ টাকা (প্রায়) এদের মধ্যে ২২২৮টি ফ্ল্যাট উচ্চবিত্তদের জন্য, ৪১৯২টি ফ্ল্যাট মধ্যবিত্তদের জন্য এবং ২৪১টি ফ্ল্যাট নিম্নবিত্তদের জন্য।

(১৬) কোনো একটি অ্যাপার্টমেন্টের পূর্ণ মালিকানা প্রদানের জন্য এবং এই মালিকানাকে উত্তরাধিকার যোগ্য এবং হস্তান্তর যোগ্য করার উদ্দেশ্যে ওয়েস্ট বেঙ্গল অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট ১৯৭২ বলবৎ করা হয় ১৯৭৩ সালে।

এই আইনটি বলবৎ হওয়ার পর থেকে অ্যাপার্টমেন্টের মালিকরা সঠিক ফর্মে ঘোষণাপত্র স্বাক্ষর করে তাদের সম্পত্তি দাখিল করতে পারেন এবং নিজেদের মধ্যে সমিতি গঠন করতে পারেন। এই অ্যাক্টের ১৪ নং ধারায় তাঁরা আলাদা কর নির্ধারণের সুবিধা গ্রহণ করতে পারেন। এ যাবৎ ১৮০০০-এরও বেশি অ্যাপার্টমেন্টের জন্য ৭০২টি ঘোষণাপত্র গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত অ্যাপার্টমেন্ট মালিকেরা প্রায় ৪১৫টি অ্যাপার্টমেন্ট ওনার্স অ্যাসোসিয়েশন গঠন করেছেন।

পশ্চিমবঙ্গ বিধানসভায় একটি সংশোধনী বিল গৃহীত হয়েছিল যার দ্বারা যদি কোনো আবাসনে অধিকাংশ অ্যাপার্টমেন্ট মালিকরা এই আইন মোতাবেক তাদের সম্পত্তি দাখিল করেন, তবে কম সংখ্যক মালিকেরা যাঁরা এই আইনের আওতায় আসতে চাইবেন না তাঁদের ক্ষেত্রেও এই আইনের ধারাগুলি প্রযোজ্য হবে। সম্প্রতি মাননীয় রাষ্ট্রপতি এই সংশোধনী বিলে সম্মতি জ্ঞাপন করেছেন।

মহাশয়, আমি উপস্থাপিত দাবি মঞ্জুরের জন্য সভাকে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

DEMAND No. 29

Major Heads : 2852—Industries, 3451—Secretariat—Economic Services, 4860—Capital Outlay on Consumer Industries, 4875—Capital Outlay on Other Industries, 6858—Loans for Engineering Industries and 6860—Loans for Consumer Industries

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,04,49,000 be granted for expenditure under Demand No. 29, Major Heads : "2852—Industries, 3451—Secretariat—Economic Services, 4860—Capital Outlay on Consumer Industries, 4875—Capital Outlay on Other Industries, 6858—Loans for Engineering Industries and 6860—Loans for Consumer Industries" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 5,34,83,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের পরামর্শক্রমে আমি প্রস্তাব করছি যে, ২৯ নং দাবির অধীনে মুখ্যখাত : "২৮৫২—শিল্পসমূহ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৩৪৫১—সচিবালয় সংক্রান্ত আর্থিক পরিষেবা", "৪৮৬০—ভোগ্যপণ্য শিল্পসমূহে মূলধন বিনিয়োগ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৪৮৭৫—অন্যান্য শিল্পসমূহে মূলধন বিনিয়োগ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৬৮৫৮—ইঞ্জিনিয়ারিং শিল্পসমূহকে ঋণ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৬৮৬০—ভোগ্যপণ্য শিল্পসমূহকে ঋণ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)"—এই মুখ্যখাতগুলির ব্যয় নির্বাহের জন্য ১৬,০৪,৪৯,০০০ (ষোল কোটি চার লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা মাত্র মঞ্জুর করা হউক। ইতিমধ্যে ভোট অন্ অ্যাকাউন্ট-এ ৫,৩৪,৮৪,০০০ (পাঁচ কোটি চৌত্রিশ লক্ষ তিরাশি হাজার) টাকা মাত্র উক্ত অর্থাঙ্কের মধ্যে ধরা হয়েছে।

২। মহাশয়, আমি এই প্রস্তাব উত্থাপন করে পুনরাবৃত্তি করতে চাই যে, শিল্প পুনর্গঠন দপ্তর ন্যস্ত কর্তব্য হিসাবে এই রাজ্যের সরকারি ও বেসরকারি বন্ধ ও রুগ্ন শিল্প পুনর্গঠনে সমন্বয়সাধন করার কাজে নিয়োজিত। এই দপ্তর বড় ও মাঝারি শিল্পসংস্থা ছাড়াও, পশ্চিমবঙ্গ সরকারের কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তরের সঙ্গে পরামর্শক্রমে কিছু রুগ্ন কুটির ও ক্ষুদ্রশিল্প সংস্থার পুনরুজ্জীবনের কাজ হাত নিয়েছে।

৩। শিল্পরুগ্নতা আমাদের দেশে বর্তমানে একটি বড় সমস্যা। কেন্দ্রীয় সরকার অনুসৃত নীতির ফলে এই সমস্যা আরও প্রকট হয়েছে। অর্থনীতির উদারীকরণ, দেশিয় শিল্পের উপর থেকে ন্যূনতম সুরক্ষা প্রত্যাহার, নির্বিচারে বেসরকারিকরণ এবং বৃহৎ রাষ্ট্রায়ত্ত শিল্পসংস্থাগুলি বন্ধ হওয়ার ফলে শিল্পরুগ্নতার সমস্যা আরও গভীরতর হয়েছে, বিশেষ করে সেইসব রাজ্যে যেগুলো আগে শিল্পোন্নত ছিল। পরিবর্তনশীল চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে উৎপাদিত পণ্যের বহুমুখীকরণ এবং পুরাতন শ্রমভিত্তিক শিল্পের প্রযুক্তির আধুনিকীকরণের অভাব শিল্পরুগ্নতাকে আরও তীব্রতর করেছে।

৪। রাজ্য সরকারের পক্ষ থেকে শিল্পরুগ্নতা মোকাবিলার লক্ষ্যে যে নীতি গ্রহণ করা হয়েছে তা হল—পুনরুজ্জীবন প্রকল্পসমূহের বাস্তবায়নে কিছু সুযোগ-সুবিধার সাহায্যে সক্রিয় পথনির্দেশ ও সমন্বয়সাধন, পরিচালন কাঠামোর পুনর্বিন্যাস ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থার পুনরুজ্জীবনের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের উদ্দেশ্যে ওই সকল সংস্থার উদ্বৃত্ত অব্যবহৃত জমি বিক্রয়ের কাজে সমন্বয়সাধন। শিল্প-সম্পদের অবিরাম সৃজনশীল ব্যবহার সুনিশ্চিত করতে আমরা মালিক-শ্রমিক সম্পর্কের উন্নতি সাধনে সচেষ্ট।

৫। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, 'শিল্প' বিষয়টি কেন্দ্রীয় তালিকাভুক্ত হওয়ায় যে আইনি পরিকাঠামোয় রাজ্য সরকারের পদক্ষেপ গ্রহণের অধিকার তা মূলত 'কোম্পানি আইন' ১৯৫৬ এবং 'সিকা' ১৯৮৫। উভয়ই সংসদে পাস করা আইন। এই সীমাবদ্ধতা সত্ত্বেও এই বিষয়ে রাজ্য সরকারের উদ্যোগে সমস্ত সংস্থার জন্য একটি ক্রমবর্ধমান সুসংগত নীতি যথেষ্ট সাড়া জাগিয়েছে।

৬। মাননীয় সদস্যগণ আরো অবগত আছেন যে, এই দপ্তর বি. আই. এফ. আর.-এর আওতাধীন এবং বোর্ডের নির্দেশমতো এই রাজ্যের রুগ্ন শিল্পসংস্থাসমূহের

পুনরুজ্জীবনকল্পে মূল সংযোগকারীর ভূমিকা পালন করে আসছে। এই প্রসঙ্গে মাননীয় সদস্যগণের জ্ঞাতার্থে আমি উল্লেখ করতে চাই যে, এই দপ্তর এ পর্যন্ত বি. আই. এফ. আর.-এর আওতাধীন প্রায় ৩০০টি রুগ্ন শিল্পের ক্ষেত্রে ওই বোর্ডের সঙ্গে, সংশ্লিষ্ট উদ্যোগপতি এবং শ্রমিক-কর্মচারীদের সঙ্গে এবং লগ্নকারী আর্থিক সংস্থা বা ব্যাঙ্কের সঙ্গে পারস্পরিক ক্রিয় প্রতিক্রিয়া চালিয়েছে যার মধ্যে ২৪টি কেন্দ্রীয় সরকারি সংস্থা এবং বাকিগুলি বেসরকারি সংস্থা। ২০০২-০৩ আর্থিক বছরে ৫টি রুগ্ন শিল্পসংস্থার পুনরুজ্জীবন প্রকল্প বি. আই. এফ. আর. কর্তৃক অনুমোদিত হয়েছে এবং আরও ২০টি ক্ষেত্রে পুনরুজ্জীবন প্রকল্প অনুমোদনের অপেক্ষায় আছে যেগুলিকে এই দপ্তর ''পশ্চিমবঙ্গ শিল্প পুনরুজ্জীবন প্রকল্প, ২০০১'' শীর্ষক সহায়তা প্রকল্পের মাধ্যমে বিভিন্ন প্রকার আর্থিক সুযোগ-সুবিধা প্রদান করেছে অথবা প্রদানের আশ্বাস দিয়েছে। আমি মাননীয় সদস্যগণের কাছে আরও উল্লেখ করতে চাই যে, বি. আই. এফ. আর-এর আওতাভুক্ত এ রাজ্যের বন্ধ ও রুগ্ন পাটকলগুলি, যেগুলি পূর্বে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীন ছিল, সেগুলি বর্তমানে শিল্প পুনর্গঠন দপ্তরের আওতায় এসেছে। বি. আই. এফ. আর.-এর আওতাভুক্ত এ রাজ্যের ৩৩টি পাটকলের মধ্যে ১৬টির ক্ষেত্রে পুনরুজ্জীবন প্রকল্প বি. আই. এফ. আর. কর্তৃক অনুমোদিত হয়েছে এবং সংশ্লিষ্ট পুনরুজ্জীবন প্রকল্পগুলির সুষ্ঠু রূপায়ণে রাজ্য সরকার সম্ভাব্য সহায়তা প্রদান করেছে।

৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবগত আছেন যে, আমরা এই রাজ্যের বন্ধ, রুগ্ন এবং দুর্বল শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবন এবং পুনর্গঠনকল্পে ''পশ্চিমবঙ্গ শিল্প পুনরুজ্জীবন প্রকল্প, ২০০১'' নামে উৎসাহ সহায়তা প্রকল্প চালু করেছিলাম। যদিও এই প্রকল্পের বিজ্ঞপ্তির উৎসাহজনক সাড়া পাওয়া গেছে এবং এ পর্যন্ত ১৭৫টি প্রস্তাব জমা পড়েছে কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে যে, এই প্রকল্পের আওতায় কোনো রুগ্ন শিল্পের পুনরুজ্জীবন প্রকল্পে সরকারের সহযোগিতা থাকা সত্ত্বেও আর্থিক প্রতিষ্ঠানগুলি ওই পুনরুজ্জীবন প্রকল্পে তাদের প্রতিশ্রুত প্রয়োজনীয় কার্যকরী মূলধন প্রদানের ক্ষেত্রে নানা ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। উপরন্তু এও দেখা যাচ্ছে যে এ পর্যন্ত প্রাপ্ত বেশিরভাগ প্রস্তাবেই সংস্থাগুলি স্বল্প সুদে ঋণ নিয়ে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে বেশি সুদে ঋণ শোধ করার প্রস্তাব করেছে। ২০০২-২০০১ সালে এই সহায়তা প্রকল্পটি চালু হওয়া থেকে এ পর্যন্ত এই রাজ্যে অবস্থিত ১০টি শিল্পসংস্থাকে মোট ১৫.৪৮ কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে যার মধ্যে ৩টি সংস্থাকে পুনরুজ্জীবন প্রকল্পে দেয় দ্বিতীয় কিস্তির টাকাও ধরা হয়েছে। এই সহায়তা প্রকল্পে ইতিবাচক সাড়া পাওয়া গেলেও এই প্রকল্প রূপায়ণের বাস্তব অভিজ্ঞতা এবং রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতার কারণে এই প্রকল্পটি পুনর্বিন্যাস করার কথা ভাবা হচ্ছে।

৮। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, শিল্পরুগ্নতা প্রতিরোধ করার অন্যতম পদক্ষেপ হিসাবে সরকার ২৯৭২ সালের পশ্চিমবঙ্গ শিল্প উপশম (বিশেষ সংস্থান বিধি) আইন অনুসারে রুগ্ন শিল্পসংস্থাগুলিকে সচল রাখার প্রয়াস গ্রহণ করেন। বিগত বৎসরে এরকম ৩০টি সংস্থাকে ''রিলিফ আন্ডারটেকিং'' ঘোষণা করে তাদের পুনর্বাসনের প্রচেষ্টাকে সাহায্য করা হয়েছে। শিল্প পুনর্গঠন দপ্তর সংস্থাগুলির বিক্রয়কর পরিশোধ করার জন্য সহজ ঋণ প্রদানের ব্যবস্থাও করেছে। ২০০২-০৩ আর্থিক বছরে ৬টি শিল্পসংস্থাকে তাদের বিক্রয়কর পরিশোধ করার জন্য এই দপ্তর ১১.৫৮ কোটি টাকা ঋণ দিয়েছে।

৯। মাননীয় সদস্যগণ জানেন যে, বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবনের জন্য এবং তাদের বিধিবদ্ধ ঋণ পরিশোধের জন্য অব্যবহৃত ও উদ্বৃত্ত জমি বিক্রয় সংক্রান্ত বিষয়টিও এই দপ্তরের আওতাভুক্ত। শিল্প পনুর্গঠন দপ্তর এ পর্যন্ত জমি বিক্রয় করে পুনরুজ্জীবন প্রকল্প রূপায়ণে অর্থ সংগ্রহের জন্য মেসার্স এন. টি. সি. (ডব্লু. বি. এ. বি. ও.) মিলস্, মেসার্স জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, মেসার্স হাওড়া মিলস্, মেসার্স কুসুম প্রোডাক্টস্, মেসার্স ক্যালকাটা সিল্ক এবং মেসার্স স্ট্যান্ডার্ড ফারমাসিউটিক্যালস্ লিমিটেডকে উদ্বৃত্ত জমি বিক্রয়ের প্রাথমিক অনুমোদন দিয়েছে।

১০। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, রাজ্যে শিল্পগুলির রুগ্ন হওয়ার প্রকৃত কারণ ও প্রবণতা বিশ্লেষণ করে প্রাথমিক স্তরেই তা চিহ্নিত করার ক্ষেত্রে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য শিল্প পুনর্গঠন দপ্তর একটি তথ্যপঞ্জী প্রস্তুত করার কাজ করছে। প্রখ্যাত পরামর্শদাতা সংস্থা ওয়েবকনকে এই তথ্যপঞ্জী প্রস্তুত করার দায়িত্ব দেওয়া হয়েছে। আশা করা যায় আগামী জুন (২০০৩) মাসের মধ্যে 'ওয়েবকন' এই তথ্যপঞ্জী প্রস্তুত সংক্রান্ত প্রতিবেদন পেশ করতে পারবেন।

১১। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই উপলব্ধি করবেন যে, শিল্প পুনরুজ্জীবনের কাজটি শিল্প উন্নয়নের চেয়ে কোনো অংশেই কম কঠিন নয়, বরং কঠিনতর। আমরা এই কাজটিকে অগ্রাধিকার দিয়েছি কারণ এই প্রক্রিয়ার সফলতা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্যাপক কর্মসংস্থান সুনিশ্চিতকরণ ব্যতিরেকেও সরকারি কোষাগারে রাজস্ব আদায় বৃদ্ধি করবে। অধিকন্তু, শিল্প উন্নয়ন প্রক্রিয়ার অনুকূল বাতাবরণ সৃষ্টি হলে শিল্পোদ্যোগীরা এখানে নূতন শিল্প স্থাপনে আরও উৎসাহী হবেন।

১২। মাননীয় মহাশয়, এই কথাগুলি বলে আমি ২০০৩-০৪ সালে এই রাজ্যের বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবন ও পুনর্বাসনের জন্য উক্ত ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপন করছি এবং তা মঞ্জুর করার আবেদন করছি।

DEMAND No. 30

Major Heads : 2205—Art and Culture, 2220—Information and Publicity, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 2551—Hill Areas, 4220—Capital Outlay on Information and Publicity, 6220—Loans for Information and Publicity and 6875—Loans for Other Industries

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,03,84,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2205—Art and Culture, 2220—Information and Publicity,

2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 2551—Hill Areas, 4220—Capital Outlay on Information and Publicity, 6220—Loans for Information and Publicity and 6875—Loans for Other Industries" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 17,01,29,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে প্রস্তাব করছি যে, ২০০৩-২০০৪ সালের আর্থিক বছরে ৩০ নং দাবির অধীন '২২০৫)—কলা ও সংস্কৃতি", "২২২০—তথ্য ও প্রচার", "২২৫০—অন্যান্য সামাজিক পরিষেবা", "২২৫১—সচিবালয়—সামাজিক পরিষেবা", "২৫৫১—পার্বত্য অঞ্চল", "৪২২০—তথ্য ও প্রচারের মূলধনী বিনিয়োগ", "৬২২০—তথ্য ও প্রচারের জন্য ঋণ", "৬৮৭৫—অন্যান্য শিল্পের জন্য ঋণ" মুখ্যখাতসমূহে সর্বমোট ৫১,০৩,৮৪,০০০ (একান্ত কোটি তিন লক্ষ চুরাশি হাজার) টাকা মঞ্জুর করা হোক।

ইতিপূর্বে ভোট অন অ্যাকাউন্ট-এ প্রস্তাবিত ১৭,০১,২৯,০০০ (সতেরো কোটি এক লক্ষ উনত্রিশ হাজার) টাকা এর মধ্যে ধরা আছে।

জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে ক্রমবর্ধমান অস্থিরতার প্রেক্ষাপটে দাঁড়িয়ে রাজ্যে শান্তি ও সম্প্রীতি রক্ষায় তথ্য ও সংস্কৃতি বিভাগ এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। সাধারণ মানুষের মধ্যে সঠিক ও পক্ষপাতহীন তথ্যের প্রচার এবং সুস্থ শিল্পসংস্কৃতির প্রসারই বিভাগের প্রধান দায়িত্ব যা সন্তোষজনকভাবেই পালিত হয়ে চলেছে।

মানুষের কাছে সরকারের বার্তা পৌঁছে দেওয়ার মধ্যে দিয়ে এই বিভাগ সরকার ও জনগণের মধ্যে সংযোগ রক্ষা করে এবং সেই সঙ্গে তাদের মতামতও গ্রহণ করে সরকারের কাছে তা পৌঁছে দেয়। তথ্য দপ্তর তার লক্ষ্যপূরণে তথ্য, সংস্কৃতি, চলচ্চিত্র ও প্রত্নতত্ত্ব—এই চারটি অধিকারের মাধ্যমে কাজ করে থাকে।

সমাজের একটি অংশ, বিশেষ করে তরুণ প্রজন্মের যৌনতা, হিংসা ও ভোগবাদের দিকে ঝুঁকে পড়ার ক্রমবর্ধমান প্রবণতায় আমরা আশঙ্কিত। আমরা মনে করি যে সংবাদপত্রের একাংশ এবং বেসরকারি ও বিদেশি টেলিভিশন চ্যানেলগুলির মদতেই এটা প্রশ্রয় পাচ্ছে। আমরা একথা আবার বলছি যে, এই ধরনের সংবাদ ও বৈদ্যুতিন গণমাধ্যমকে সংযত করার জন্য কেন্দ্রীয় সরকারকে কিছু নিয়ন্ত্রক পদ্ধতি গ্রহণ করতেই হবে।

তথ্য অধিকার

গ্রামীণ তথ্য শাখা রাজ্যের মানুষের মধ্যে সরকারের নীতি, কর্মসূচি ও প্রকল্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার ক্ষেত্রে এক অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে রাজনৈতিক বিশ্বাস

নির্বিশেষে বৃহত্তর অংশের জনগণকে সঙ্গে নিয়ে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক রেখে কাজ করে চলেছে।

সামাজিক দৃষ্টিকোণ থেকে প্রাসঙ্গিক চলচ্চিত্র ও বিভিন্ন ভিডিও ক্যাসেট, উপগ্রহ, কেব্‌ল ও ভিডিও চ্যানেলে প্রদর্শনের পাশাপাশি গ্রামীণ তথ্য শাখা এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বিভিন্ন আকাদেমির সহযোগিতায় নাটক, সংগীত, চিত্র, লোকসংস্কৃতির মতো প্রয়োগশিল্পের উন্নয়ন ও প্রসারের জন্য কর্মশালা এবং নানা কর্মসূচির আয়োজন করেছে। জেলা ও মহকুমার তথ্যকেন্দ্রগুলির আধুনিকীকরণ করা হচ্ছে। এই উদ্দেশ্যে জেলা পরিকল্পনা সমিতিগুলিতে মঞ্জুরীকৃত তহবিলের অর্থ ব্যবহার করা হচ্ছে। এর পাশাপাশি, সমস্ত জেলা ও মহকুমার তথ্য ও সংস্কৃতি অফিসগুলি যথাযোগ্য মর্যাদায় প্রজাতন্ত্র দিবস, স্বাধীনতা দিবস, গান্ধী জয়ন্তী, রবীন্দ্র জয়ন্তী, শহিদ দিবস এবং অন্যান্য জাতীয় ও রাজ্যস্তরের রাষ্ট্রীয় অনুষ্ঠানগুলি পালন করে চলেছে।

সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে একটি কর্মপরিকল্পনা চূড়ান্ত করার জন্য ৪-৫ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকদের নিয়ে একটি দুইদিনব্যাপী অভিমুখী কর্মসূচির আয়োজন করা হয়। তথ্য-প্রযুক্তি, পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, নারী ও শিশু উন্নয়ন এবং সমাজকল্যাণ, পুরবিষয়ক এবং শিক্ষা (ডি পি ই পি) বিভাগের আধিকারিকরা এই পরিকল্পনাটিকে সফল করে তোলার যৌথ উদ্যোগকে সুনিশ্চিত করতে কর্মসূচিটিতে অংশগ্রহণ করেছিলেন।

উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জে তথ্য ও সংস্কৃতি ভবনের নির্মাণকার্য প্রায় শেষ পর্যায়ে। চন্দননগর পুর নিগমের সহযোগিতায় তথ্য ও সংস্কৃতি ভবনের নির্মাণ সম্পন্ন হয়েছে।

এই বিভাগের প্রকাশনা শাখা বাংলা, ইংরেজি, হিন্দি, উর্দু, সাঁওতালি ও নেপালি ভাষায় মোট ছয়টি মাসিক ও পাক্ষিক পত্রিকা (পশ্চিমবঙ্গ) প্রকাশ করে থাকে। নিয়মিত সংখ্যাগুলির পাশাপাশি বিভিন্ন ভাষায় রবীন্দ্রনাথ, বামফ্রন্ট সরকারের ২৫ বছর ও বাঁকুড়া জেলার উপর বিশেষ তথ্যভিত্তিক সংখ্যাও প্রকাশিত হয়েছে। আন্তর্জাতিক নারীবর্ষ, রাজ্য বাজেট, সমবায়, কাজী নজরুল ইসলাম, অরণ্য প্রভৃতি বিষয়ে ক্রোড়পত্রও প্রকাশ করা হয়েছে।

এই বিভাগ শিক্ষাদর্পণ নামে একটি ত্রৈমাসিক পত্রিকাও নিয়মিত প্রকাশ করে। এই পত্রিকাটিতে ভাষা, সাক্ষরতা, সাহিত্য, তথ্য ও বিজ্ঞান-এর উপর বিশেষ গুরুত্ব দিয়ে শিক্ষার বিভিন্ন দিক নিয়ে লেখা প্রকাশিত হয়।

পুস্তিকা, প্রচারপুস্তিকা ও পোস্টারসহ অন্যান্য প্রচারসামগ্রী বিতরণ করা হয়।

প্রদর্শনী শাখা তার কাজের মাধ্যমে জনসংযোগের জনপ্রিয় এবং কার্যকরী মাধ্যম হিসাবে নিজেকে প্রমাণিত করেছে। বিগত বছরে এই শাখা বিভিন্ন জেলায় ৩৫টি প্রদর্শনী ও ৩০টি পোস্টার প্রদর্শনীর আয়োজন করে। এই শাখা যে তিনটি গুরুত্বপূর্ণ বিষয়ের

উপর প্রদর্শনী সেট নির্মাণ করে সেগুলি হল : (১) বামফ্রন্ট সরকারের ২৫ বছর (২) মুক্তিসংগ্রামে ভারত এবং (৩) রবীন্দ্রনাথ ঠাকুর ও বিশ্ব সৌভ্রাত্র। এছাড়া জাতীয় সংহতি ও সাম্প্রদায়িক সম্প্রীতি, কর্মসংস্থান প্রকল্প, তথ্যপ্রযুক্তির সম্ভাবনা, জনশিক্ষা, জনস্বাস্থ্য, পরিবেশ এবং ঐতিহ্য ইত্যাদি বিভিন্ন বিষয়ের উপর পোস্টার তৈরির কাজ চলছে।

গত আর্থিক বছরে এই বিভাগ কলকাতা থেকে বিভিন্ন ভাষায় প্রকাশিত ৩৮টি দৈনিক সংবাদপত্রে সরকারি বিজ্ঞাপন প্রকাশ করেছে। প্রায় ১৫৫টি নথিভুক্ত লিটল ম্যাগাজিনে এই বিভাগ নিয়মিতভাবে বিজ্ঞাপন দিয়েছে। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্য থেকে বিভিন্ন ভাষায় প্রকাশিত ৫৮টি সংবাদপত্রকে সরকারি বিজ্ঞাপনের জন্য প্যানেলভুক্ত করা হয়েছে। ৫০১টি সাপ্তাহিক, ত্রৈমাসিক, মাসিক, ষাণ্মাসিক ও বার্ষিক সাময়িক পত্রিকাতেও বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। এছাড়া কল্যাণমূলক ও সমাজ-সচেতনতা সংক্রান্ত প্রকল্প এবং কর্মসূচি বিষয়ে সরকারি বিজ্ঞাপন বিভিন্ন টেলিভিশন চ্যানেল ও বেতারে নিয়মিতভাবে সম্প্রচার করা হয়।

সাধারণ মানুষ যাতে রাজ্য সরকারের বিভিন্ন বিভাগের কার্যকলাপ সম্বন্ধে অবহিত হতে পারেন এবং তাদের মতামত জানাতে পরেন সেই উদ্দেশ্যে ১ জানুয়ারি থেকে 'জি টু সি' (সরকার-নাগরিক) পোর্টাল চালু করা হয়েছে। এই পোর্টাল পরিচালনার দায়িত্বে আছে তথ্য ও সংস্কৃতি বিভাগ। 'বাংলার মুখ' নামক এই দ্বিভাষিক পোর্টালে টেন্ডার সম্পর্কিত বিজ্ঞপ্তি ও অন্যান্য বিজ্ঞাপনও দেখানো হয়।

রাজ্য আতিথেয়তা শাখা দেশের বিভিন্ন প্রান্ত এবং বিদেশ থেকে আগত রাষ্ট্রীয় অতিথিদের স্বাগত জানানো এবং তাদের আতিথেয়তা প্রদানের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে চলেছে। এ বছর রাজ্যে আগত অতিথিদের মধ্যে ছিলেন ভারতের রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, উপপ্রধানমন্ত্রী এবং বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রী প্রমুখ। এছাড়া অন্যান্য কয়েকটি রাজ্যের মুখ্যমন্ত্রী, অন্যান্য মন্ত্রী এবং বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গও পশ্চিমবঙ্গ সফরে এসেছিলেন। রাজ্যের আতিথেয়তা শাখা মায়ানমার, ভুটান, জাপান, কানাডা, ভিয়েতনাম, চীন, মার্কিন যুক্তরাষ্ট্র এবং চেক গণতন্ত্র থেকে এ রাজ্যে আগত প্রতিনিধিদলকেও আতিথেয়তা প্রদান করেছে। ব্যবস্থার প্রায়োগিক সহায়তার মাধ্যমে সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন মাল্টিমিডিয়া কর্মসূচি পালন করেছে। এই কেন্দ্র থেকে w.w.w.tathya bangla. org. নামক ওয়েবসাইটটি পরিচালিত হয়। পরীক্ষার্থীদের সুবিধার্থে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল এই ওয়েবসাইটে প্রকাশিত হয়। উল্লেখ করা যেতে পারে যে গত আর্থিক বছরে অন্যান্য ওয়েবসাইটের তুলনায় এই ওয়েবসাইটটি বেশি বার দেখা হয়েছে। কলকাতার আঞ্চলিক কমপিউটার কেন্দ্রের (আর সি সি) সহযোগিতায় যে তথ্যভাণ্ডারটি এখানে স্থাপন করা হয়েছে সেখান থেকে সাধারণ মানুষ নামমাত্র খরচে ই-মেল বা ইন্টারনেট পরিষেবা লাভ করতে পারছেন।

বর্তমানে হোর্ডিং-এর মাধ্যমে বিজ্ঞাপন প্রচার বিশেষ গুরুত্ব পেয়েছে। সাম্প্রদায়িক সম্প্রীতি, জাতীয় সংহতি ইত্যাদি বিষয়সহ রাজ্য সরকারের প্রধান কর্মসূচিগুলি হোর্ডিং-এর সাহায্যে বিজ্ঞাপিত করার ব্যাপারে জোর দেওয়া হয়েছে। বঙ্গ সংস্কৃতি উৎসব, কলকাতা

বইমেলা, বিদ্যাসাগর মেলা, হস্তশিল্প মেলা, কলকাতা চলচ্চিত্র উৎসব ও নাট্য উৎসব ইত্যাদির আয়োজনে এই শাখা সহায়তা করেছে।

কলকাতা তথ্যকেন্দ্রে অবস্থিত গণমাধ্যম কেন্দ্র সাংবাদিকতা ও জনসংযোগের ছাত্রদের নিয়ে মাধ্যম সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর ২৭টি ওয়ার্কশপের আয়োজন করেছে। মোহিত মৈত্র, চপলাকান্ত ভট্টাচার্য এবং ডঃ ধীরেন্দ্রনাথ সেন প্রমুখ প্রথিতযশা সাংবাদিকদের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনসূত্রে তিনটি আলোচনাসভার আয়োজনও এই কেন্দ্র করেছে। এছাড়া (১) বাংলা টিভি চ্যানেল—সাংবাদিকতা চর্চার ক্ষেত্রে একটি চ্যালেঞ্জ এবং (২) ভারতীয় গণমাধ্যমে বিদেশি পুঁজির প্রবেশ বিষয়ে দুটি আলোচনাসভার আয়োজন এই কেন্দ্র করেছে। ১১তম বার্ষিক হরিশ মুখার্জি বক্তৃতার আয়োজন, জাতীয় সংবাদমাধ্যম দিবস ও সংবাদপত্র দিবস উদ্‌যাপন প্রভৃতিও এই কেন্দ্রের কর্মসূচিগুলির অন্তর্ভুক্ত। বর্তমান বছরে ১০০টি নতুন বই এই কেন্দ্র তার গ্রন্থাগারের জন্য কিনেছে।

গত নভেম্বর মাসে ৮ম কলকাতা চলচ্চিত্র উৎসব উপলক্ষে জাতীয় ও আন্তর্জাতিক সংবাদমাধ্যমে পরিবেশনের জন্য বিভিন্ন প্রেসনোট ও বিজ্ঞপ্তি প্রকাশ, সাংবাদিক সম্মেলনের আয়োজন ইত্যাদির পাশাপাশি বার্তা শাখা একটি গণমাধ্যম নিবন্ধীকরণ কেন্দ্র ও একটি গণমাধ্যম কেন্দ্র স্থাপন করে। সাংবাদিকদের পরিচিতিপত্র প্রদানের উদ্দেশ্যে গঠিত কমিটির সুপারিশক্রমে সাংবাদিক ও চিত্রসাংবাদিকদের পরিচিতিপত্র এই শাখা প্রদান করে। এছাড়া এই শাখার বিভিন্ন আধিকারিক রাজ্য।

ভাষা

প্রশাসনে ও সরকারি কাজকর্মে বাংলা ভাষার ব্যবহার বৃদ্ধির জন্য ভাষা শাখা নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। গত আর্থিক বছরে ৯২ জন মুদ্রলেখক ও ৫৭ জন লঘুলিপিকরকে বাংলা মুদ্রলিখন ও লঘুলিপিতে প্রশিক্ষণ দেওয়া হয়। বেশির ভাগ সরকারি হোর্ডিং এখন বাংলায় লেখা হয়। সরকারি, আধা-সরকারি ও স্বশাসিত সংস্থাগুলির বেশির ভাগ সাইনবোর্ড, নামের ফলক, লেটারহেড, চিঠির প্যাড প্রভৃতি বাংলায় লেখা হচ্ছে। রেশন কার্ড, হাসপাতালের টিকিট, জন্ম ও মৃত্যুর প্রমাণপত্রের ৭০ শতাংশ বাংলায় লেখা হচ্ছে। বিভিন্ন সরকারি দপ্তরে যেসব কমপিউটার বসানো হয়েছে সেগুলিতে বাংলা সফট্‌ওয়্যার (শ্রীলিপি) ব্যবহৃত হচ্ছে। সরকারি কাজকর্ম বিশেষ করে জনসাধারণের সঙ্গে যোগাযোগ রক্ষার ক্ষেত্রে যাতে পর্যাপ্ত পরিমাণে বাংলা ভাষার ব্যবহার হয় তা সুনিশ্চিত করতে বিভাগীয় প্রধান ও জেলাশাসকদের উদ্যোগ নিতে অনুরোধ করা হয়েছে।

সংস্কৃতি শাখা

বামফ্রন্ট সরকার এই রাজ্য পরিচালনার দায়িত্বভার জনগণের কাছ থেকে পাওয়ার পর সুস্থ সংস্কৃতির বিকাশ এবং প্রসারে সচেষ্ট হয়েছে।

বিগত বছরের মতো এ বছরেও রবীন্দ্র ও নজরুল জন্মোৎসব, নাট্যমেলা, কথাসাহিত্য উৎসব, লোকসংস্কৃতি উৎসব, শিশুসাহিত্য উৎসব, লিটল ম্যাগাজিন মেলা, যাত্রা উৎসব, চারুকলা উৎসব উদ্দীপনার সঙ্গে পালিত হয়েছে। এছাড়া বাগবাজারে যাত্রামঞ্চ, রডন স্কোয়ারে আন্তর্জাতিক মানের প্রেক্ষাগৃহ, ছিটকালিকাপুরে লোকসংস্কৃতি গ্রাম, নন্দন চত্বরে নাট্য আকাদেমির ভবন নির্মাণের কাজ চলছে।

বিগত বছরগুলির মতো সংস্কৃতির বিভিন্ন দিকে প্রতিভাবান যোগ্য শিল্পীদের আলাউদ্দিন, উদয়শঙ্কর, দীনবন্ধু, অবনীন্দ্র, লালন এবং নজরুল পুরস্কার দিয়ে রাজ্য সরকার সম্মানিত করেছে। লোকরঞ্জন শাখা তাদের নাটক, নৃত্যনাট্য ও সংগীতের মাধ্যমে সাধারণ মানুষের নিকট সুস্থ সংস্কৃতি পরিবেশন ও তাদের মনোরঞ্জনের কাজ করে চলেছে।

নাট্য আকাদেমি

পশ্চিমবঙ্গে নাট্যচর্চার ক্ষেত্রে নাট্য আকাদেমি এক বিশেষ স্থান করে নিতে পেরেছে। নাট্য আকাদেমি তার বহুমুখী কর্মসূচির মধ্য দিয়ে নাট্যচর্চার ক্ষেত্রে এনেছে এক জোয়ার। এ বছর ২য় নাট্যমেলায় ৩৩টি পূর্ণাঙ্গ নাটক, ৩০টি একাঙ্ক নাটক (এর) জেলার শিল্পীরা ছিলেন। নাট্য প্রযোজনা ছাড়াও এই নাট্যমেলায় আলোচনাসভা, নাটকের আড্ডা, নাটকের গান, নাট্যচলচ্চিত্র ইত্যাদিও ছিল। নাট্যমেলাকে নাট্যকর্মীদের এক মিলনমেলায় পরিণত করতে পেরেছে নাট্য আকাদেমি।

নাটকের সঙ্গে মূকাভিনয়ের যোগসূত্র রয়েছে। এ বছর মূকাভিনয় নিয়ে একটি ৭ দিনের কর্মশালার ব্যবস্থা করা হয়েছে।

সতু সেন বাংলার নাট্য প্রযোজনার জগতে চিরস্মরণীয় এক ব্যক্তিত্ব। তাঁর জন্মশতবর্ষ উদ্‌যাপন করা হয়েছে।

নাটক ও যাত্রার প্রযোজনা, পাণ্ডুলিপি, পরিচালনা, অভিনয় ইত্যাদির বিভিন্ন দিকের উৎকর্ষ বিচারে বিশিষ্টজনকে প্রতি বছর নাট্য আকাদেমি নগদ অর্থসহ এক বিশেষ পুরস্কারে সম্মানিত করে থাকে। এবছরেও তার ব্যতিক্রম হয়নি।

নাট্যবিষয়ক গ্রন্থ প্রকাশে নাট্য আকাদেমি সচেষ্ট। এ পর্যন্ত ২৮টি পুস্তক নাট্য আকাদেমি প্রকাশ করেছে।

লোকসংস্কৃতি

লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র প্রত্যন্ত গ্রামাঞ্চলে তাদের কর্মকাণ্ড বিস্তার করতে পেরেছে। এই কেন্দ্র লোকশিল্পীদের নতুন সৃষ্টির প্রেরণা যেমন জাগাতে পেরেছে তেমন স্বাধিকারবোধ ও আত্মমর্যাদা সম্পর্কে তাদের করে তুলছে সচেতন।

এই বছরে এই কেন্দ্র থেকে প্রকাশিত হয়েছে মোট ৭টি গ্রন্থ। লোকসংস্কৃতি বিষয়ক প্রকাশনার ক্ষেত্রে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র এক ব্যতিক্রমী উজ্জ্বল ভূমিকা

নিতে পেরেছে। শুধুমাত্র লোকসংস্কৃতি বিষয়ক প্রকাশনার সংখ্যা গত কয়েক বছরে ৫২টিরও বেশি হয়েছে। এছাড়া লোকসংস্কৃতি বিষয়ক একমাত্র গবেষণামূলক পত্রিকা লোকশ্রুতি প্রতি বছরে ২টি করে প্রকাশিত হচ্ছে। লোকবার্তা বুলেটিনটি নিয়মিত দুই মাস অন্তর প্রকাশিত হয়, যাতে থাকে পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তের লোকসংস্কৃতি চর্চার সংবাদ। এই সঙ্গে আছে লোকশিল্পীদের গাওয়া গানের ক্যাসেট ও সিডি।

দুঃস্থ বয়স্ক লোকশিল্পীদের এবং দরিদ্র লোকসংস্কৃতি সংস্থাগুলিকে অনুদান দেওয়া হয়ে থাকে। বর্তমান বছরে ৮৩ জন লোকশিল্পী এবং ২৬টি সংস্থাকে অনুদান দেওয়া হয়েছে।

কেন্দ্র সমীক্ষার কাজ শুরু করেছে। প্রাচীন ৩৬টি মেলার সমীক্ষার কাজ এ পর্যন্ত করা গিয়েছে।

এই বছরের শুরুতে পশ্চিমবাংলায় ৪টি জেলাতে ১৬টি স্পর্শকাতর অঞ্চলে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র লোকশিল্পীদের জাঠা ও লোকসংস্কৃতির অনুষ্ঠান করেছেন সম্প্রীতির সপক্ষে।

নবীন প্রতিভাসম্পন্ন শিল্পীদের লোকসংস্কৃতি চর্চায় তাদের সৃজনশীলতা ও নিরলস প্রচেষ্টাকে উৎসাহিত ও অনুপ্রাণিত করার জন্য অনূর্ধ্ব ৪০ বছর বয়স্ক শিল্পীকে 'সুধী প্রধান লোকসংস্কৃতি পুরস্কার' দেওয়া হয়। এই নিয়ে তৃতীয়বার এই পুরস্কার প্রদান করা হল।

এ সবের পাশাপাশি লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র লোকশিল্পীদের ১৭৩টি অনুষ্ঠানের ব্যবস্থাপনা করতে পেরেছে। সেখানে ১৪১৫ জন লোকশিল্পী অংশ নিয়েছেন। একই সঙ্গে মেয়েদের বিয়ের গান বা বোলান আঙ্গিকের উপর কর্মশালা, ঝুমুর ও নাটুয়া আঙ্গিকের প্রশিক্ষণের ব্যবস্থাও করা হয়েছে। লালন উৎসব, লোকনাট্য উৎসব, রণনৃত্য উৎসব, গুমানী দেওয়ান কবিয়াল মেলার মাধ্যমে বাংলার সারস্বত সংস্কৃতির প্রসারে উদ্যোগ নেওয়া হয়েছে।

কলকাতার সন্নিকটে ছিটকালিকাপুরে লোকসংস্কৃতি গ্রাম নির্মাণের কাজ শুরু হয়েছে। এখানে লোকসংস্কৃতি-আদিবাসী সংস্কৃতি বিষয়ক সংগ্রহশালা, মুক্তমঞ্চ, শিল্পীদের জন্য ডরমেটারি, প্রদর্শনী প্রাঙ্গণ ইত্যাদি থাকবে।

মঞ্চ

তথ্য ও সংস্কৃতি বিভাগের প্রত্যক্ষ পরিচালনায় ৫টি মঞ্চ নাটক, সংগীত ও নৃত্য চর্চার ক্ষেত্রে এক বিশেষ ভূমিকা নিয়েছে। বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন ও নাট্যদল এই মঞ্চগুলিতে স্বল্প ভাড়ায় তাদের অনুষ্ঠান করার সুযোগ পাচ্ছেন। এরই পাশাপাশি দক্ষিণ কলকাতায় অবস্থিত মধুসূদন মঞ্চ ১৫ আগস্ট স্বাধীনতা দিবস ও ২২ শ্রাবণ রবীন্দ্রনাথের তিরোধান দিবস পালন করেছে বিদ্যালয়ের শতাধিক ছাত্রছাত্রীদের নিয়ে। মাইকেল মধুসূদনের জন্মদিন এই মঞ্চে পালন করা হয়েছে নাট্যাভিনয় ও আলোচনাসভার মাধ্যমে। উত্তর কলকাতার

W B Legislative Library

গিরিশ মঞ্চে গীতিআলেখ্য ও নাট্যাভিনয়ের মাধ্যমে নাট্যাচার্য গিরিশ ঘোষের জন্মদিন পালিত হয়েছে।

লোকরঞ্জন শাখা

আজকের জীবন-বিচ্ছিন্ন সংস্কৃতির আগ্রাসী আক্রমণের বিরুদ্ধে সুস্থ সংস্কৃতির প্রচারে লোকরঞ্জন শাখা এক বলিষ্ঠ ভূমিকা পালন করে চলেছে। লোকরঞ্জন শাখা তাদের প্রযোজনাগুলি পরিবেশন করেছে কয়েক-লক্ষ উৎসাহী দর্শকের সামনে।

বর্তমানে লোকরঞ্জন শাখা নিয়মিত মঞ্চস্থ করছে মোট ৭টি নাটক ও ২টি নৃত্যনাট্য যার মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুরের ১টি নাটকসহ নতুন ২টি নাট্য প্রযোজনা রয়েছে।

রাজ্য চারুকলা পর্ষদ

রাজ্য চারুকলা পর্ষদ চিত্রকলা ও ভাস্কর্য চর্চার জগতে আজ এক বিশেষ স্থান অধিকার করেছে।

চারুকলা পর্ষদ স্বল্পমেয়াদী পাঠক্রম নিয়ে জেলায় জেলায় প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে চলেছে। এ বছরে উত্তরবঙ্গে ৩টি জেলার বাছাই করা শিক্ষার্থীদের নিয়ে একটি প্রশিক্ষণ শিবির হয়েছে। অন্য আর একটি প্রশিক্ষণ শিবির চারটি জেলার শিক্ষার্থী নিয়ে উত্তর ২৪-পরগনা জেলায় অনুষ্ঠিত হয়েছে।

চারুকলা পর্ষদের "চারুকলা পরিচয় শিক্ষাক্রম" এখন শিক্ষার্থীদের কাছে এক জনপ্রিয় কর্মসূচি। এই শিক্ষাক্রম দু-মাস ধরে হয়। বিশিষ্ট প্রাজ্ঞ শিল্পী-শিক্ষকরা এই শিক্ষাক্রমে নবীনদের চিত্রকলা ও ভাস্কর্যের নানা দিক নিয়ে খুঁটিনাটি আলোচনা করেন ও প্রশিক্ষণ দেন। এ বছরে এই শিক্ষাক্রমে শিক্ষার্থী ছিলেন ৪০ জন।

এ বছর প্রখ্যাত ডাচ শিল্পী রেমব্রান্টের ছবির ফটোকপির এক প্রদর্শনীর ব্যবস্থা চারুকলা পর্ষদ যেমন করেছে তেমনই প্রয়াত প্রথিতযশা শিল্পী সুধীররঞ্জন খাস্তগীরের শিল্পকর্ম নিয়েও প্রদর্শনী হয়েছে গগনেন্দ্র প্রদর্শশালায়।

বিখ্যাত ভাস্কর বিপিন গোস্বামীর অবিস্মরণীয় ভাস্কর্য 'কলের বাঁশি'র একটি অবিকল মূর্তি বসানো হয়েছে কলকাতার নন্দন চত্বরে এবং প্রখ্যাত ভাস্কর চিন্তামণি কর নির্মিত রানী রাসমণির একটি আবক্ষ ব্রোঞ্জ মূর্তি মিলেনিয়াম পার্কে প্রতিস্থাপিত হয়েছে চারুকলা পর্ষদের উদ্যোগে।

বার্ষিক "চারুকলা উৎসব ও প্রদর্শনী" এখন চিত্রামোদী মানুষের কাছে প্রত্যাশা পূরণের উৎসব। দশ দিনের চারুকলা উৎসব ও প্রদর্শনীটি এবারও অনুষ্ঠিত হয়েছে নন্দন চত্বরে। এই প্রদর্শনীতে এবার প্রবীণ প্রথিতযশা শিল্পীদের শিল্পকর্মের পাশাপাশি ৩০০ জন নবীন শিল্পীর কাজ স্থান পেয়েছে।

রাজ্য চারুকলা পর্ষদ ১৮ জন নবীন শিল্পী ও ৩টি সংস্থাকে তাদের শিল্পকর্ম চালিয়ে যাবার জন্য এককালীন অনুদানও প্রদান করেছে অন্যান্য বছরের মতো।

পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমি

এ রাজ্যে সংগীত চর্চার ক্ষেত্রে গবেষণা, প্রকাশনা, সংরক্ষণ ইত্যাদির মতো গুরুত্বপূর্ণ কাজগুলির পাশাপাশি কর্মশালা, অনুষ্ঠান, উৎসব ইত্যাদি সংগঠিত করতে সংগীত আকাদেমি এক দায়িত্বশীল ভূমিকা পালন করে চলেছে। সংগীত আকাদেমির গ্রন্থাগার গবেষক ও জ্ঞানচর্চায় উৎসাহী মানুষের কাছে এক আকরবিশেষ।

সংগীত আকাদেমি এই বছরে ৭টি কর্মশালার আয়োজন করেছে। এই কর্মশালাগুলিতে নবীন শিল্পীরা প্রাজ্ঞ-প্রবীণ শিল্পী বা শিক্ষকদের নিকট প্রশিক্ষণের সুযোগ পেয়ে থাকে। কর্মশালায় যে উৎসাহ নবীন শিক্ষার্থীদের মধ্যে দেখা গিয়েছে ঠিক তেমনই উৎসাহ-উদ্দীপনার সঙ্গে অনুষ্ঠিত হয়েছে সৃজনশীল নৃত্য, ধামার, ধ্রুপদ বা অতুলপ্রসাদ-দ্বিজেন্দ্রলালের গানের কর্মশালা।

সংগীত ও নৃত্যের উপর এ বছর সংগীত আকাদেমি ২টি স্বতন্ত্র অ্যাপ্রিসিয়েশন কোর্সের ব্যবস্থা করেছে। এ দুটির সময়সীমা ছিল ১ মাস।

এই সব প্রশিক্ষণের পাশাপাশি ৬২জন নবীন প্রতিভাসম্পন্ন শিল্পীদের নিয়ে অনুষ্ঠান সংস্কৃতিপ্রেমী মানুষদের তৃপ্ত করতে পেরেছে। এই প্রতিভা-অন্বেষণের অনুষ্ঠান নবীন শিল্পীদের পাদপ্রদীপের আলোয় আনতে এক বিশেষ ভূমিকা নিয়ে থাকে।

পুরাতনী সংগীত এবং রজনীকান্ত সেনের গানের উপস্থাপনাসহ দুটি আলোচনাসভা তৃপ্ত করতে পেরছে অনুসন্ধিৎসু গবেষক-শিক্ষার্থী ও সাধারণ শ্রোতাদের।

সংগীত আকাদেমি অন্যান্য বছরের মতো এবারেও দুস্থ প্রবীণ শিল্পীদের ও সংস্থাগুলিকে এককালীন অনুদান দিয়েছে। এ বছরে ৭৯ জন শিল্পী ও ১৯টি সংস্থাকে অনুদান দেওয়া হয়েছে।

উদয়শংকর নৃত্য উৎসব অনুষ্ঠিত হয়েছে ৭ দিন ধরে এবং ৪ দিন ধরে আয়োজিত হয়েছে উচ্চাঙ্গ সংগীত সম্মেলন।

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অধীনে গঠিত একটি স্বশাসিত সংস্থা। স্বশাসিত সংস্থা হিসাবে বাংলা আকাদেমি ঘনিষ্ঠ সম্পর্ক রক্ষা করে চলেছে। ফলে আকাদেমিকে ঘিরে গবেষক ও সাহিত্যসেবীদের আগ্রহ সমভাবে উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। আকাদেমির দুটি সভাগৃহ এখন নিরন্তর সাহিত্য-সংস্কৃতি চর্চার কেন্দ্র হয়ে উঠেছে। ইতিমধ্যে আকাদেমিতে ১১টি পুরস্কার এবং ১১টি স্মারক বক্তৃতা প্রবর্তিত

হয়েছে। এর মধ্যে বিগত বছরেই ২টি পুরস্কার সংযোজিত হয়েছে। বিভিন্ন সহৃদয় সাহিত্যানুরাগী ব্যক্তির আর্থিক দানে প্রবর্তিত এই সব পুরস্কার ও বক্তৃতা আকাদেমির প্রতি মানুষের ক্রমবর্ধমান আস্থার দৃষ্টান্ত।

গবেষণা, অভিধান, কোষগ্রন্থ রচনা ও প্রকাশ ইত্যাদি বিষয়ে আকাদেমির কর্মকাণ্ড উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। আকাদেমি প্রকাশিত বিদ্যার্থী বাংলা অভিধানটির দ্বিতীয় সংস্করণ নিঃশেষ হতে চলেছে। বানান অভিধানের চতুর্থ সংস্করণ পরিমার্জনা ও মুদ্রণের কাজ চলছে। আকাদেমি প্রবর্তিত বানানবিধি গত সাত বছরে বিভিন্ন স্তরে ক্রমশ গ্রহণীয় হয়ে উঠছে। প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত এই বানানবিধি যাতে মেনে চলা হয় তার জন্য সার্বিক উদ্যোগ নেওয়া হয়েছে। এ ক্ষেত্রে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্ষদগুলির ভূমিকা উল্লেখযোগ্য। বিভিন্ন প্রকাশনালয় এবং পত্র-পত্রিকাসমূহ এবং বানানবিধি সম্পর্কে আগ্রহ দেখাচ্ছেন। দূরদর্শন, রাস্তার পাশে হোর্ডিং ইত্যাদিতে দৃষ্টিকটুভাবে ভুল বানান পরিলক্ষিত হয়। কার্যত বাংলা আকাদেমি শুদ্ধ বাংলা যাতে সর্বত্র লেখা হয় সেই লক্ষ্য নিয়ে একটা আন্দোলন গড়ে তুলতে চায়। ইতিমধ্যে বিভিন্ন জেলায় বিদ্যালয় ও মহাবিদ্যালয় স্তরে বিদ্যাপ্রতিষ্ঠানগুলির ছাত্র, শিক্ষক এবং পত্রপত্রিকার প্রতিনিধিদের নিয়ে আলোচনাসভা, ওয়ার্কশপ সংগঠিত করা হয়েছে। বাংলা-ইংরেজি-হিন্দি-উর্দু চার ভাষার অভিধান মুদ্রণের কাজ চলছে। এক খণ্ডে বাংলা ভাষায় একটি বিশ্বকোষ রচনার কাজ সমাপ্ত হয়েছে। বাংলায় প্রয়াত ও জীবিত লেখকদের চরিতাভিধান দুটি খণ্ডে বর্তমান বছরের মধ্যেই প্রকাশিত হবে। এ যাবৎ বাংলা ভাষায় প্রকাশিত গ্রন্থের পঞ্জি রচনার প্রকল্পটির কাজ অব্যাহত রয়েছে। ইতিহাস ও অর্থনীতি বিষয়ক গ্রন্থপঞ্জি দুটি প্রকাশিত হয়েছে।

বাংলা আকাদেমির প্রকাশনার সংখ্যা আরও বেড়েছে। উল্লেখযোগ্য প্রকাশনার মধ্যে রয়েছে কাজী নজরুল ইসলাম রচনাসমগ্রর তৃতীয় খণ্ড। এই বাংলায় ইতিপূর্বে নজরুলের সমগ্র রচনাবলি প্রকাশিত হয়নি। বাংলা আকাদেমি প্রথম এই উদ্যোগ নিয়েছে। পাঁচ খণ্ডে নজরুলের যাবতীয় প্রাপ্ত রচনা প্রকাশ করা হবে। এর ফলে বাঙালি পাঠকের দীর্ঘদিনের একটি আকাঙ্ক্ষা পূরণ করা সম্ভব হবে। মানিক বন্দ্যোপাধ্যায় রচনাসমগ্রর ১০টি খণ্ড, ৩টি খণ্ডের ২য় সংস্করণ এবং ১টি খণ্ডের ৪র্থ সংস্করণ প্রকাশ করা সম্ভব হয়েছে। মানিকের অগ্রন্থিত রচনাসমূহ নিয়ে আরও ২টি খণ্ড প্রকাশিত হবে। সংবাদ ও সাময়িকপত্রে প্রকাশিত উনিশ শতকের বাংলার সমাজচিত্র নিয়ে ৬ খণ্ডের পরিকল্পিত গ্রন্থমালার ২য় খণ্ডটি প্রকাশিত হতে চলেছে। 'পরিভাষা সংকলন : প্রশাসন' গ্রন্থটির ৩য় সংস্করণ প্রকাশিত হয়েছে। রাজ্য সরকার এই পরিভাষা গ্রন্থটি বিভিন্ন সরকারি দপ্তরে বিনামূল্যে বিতরণ করছে কর্মীদের ব্যবহারের জন্য। আকাদেমি জীবনীগ্রন্থমালায় এ পর্যন্ত ৪১টি জীবনী প্রকাশিত হয়েছে। এ বছরে প্রকাশিত হয়েছে ৭টি জীবনীগ্রন্থ। বিবিধ বিদ্যাসংগ্রহ গ্রন্থমালায়ও প্রায় সমসংখ্যক গ্রন্থ প্রকাশিত হয়েছে। আকাদেমি প্রকাশিত গ্রন্থগুলির জনপ্রিয়তা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বিক্রিও বেশ বেড়েছে। রবীন্দ্রনাথ, আচার্য অক্ষয়কুমার দত্ত, আচার্য হরপ্রসাদ শাস্ত্রী প্রমুখের নির্বাচিত রচনাবলী প্রকাশের পরিকল্পনা নেওয়া হয়েছে।

এই বছরের জানুয়ারি মাসে পঞ্চম লিটল ম্যাগাজিন মেলা অনুষ্ঠিত হয়েছে। এ বছরে মেলার পরিসর ছিল আরও ব্যাপক ও বিস্তৃত। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা, অন্যান্য প্রদেশ এমনকি বহির্ভারত থেকেও বাংলা ভাষায় প্রকাশিত প্রায় ৫০০টি লিটল ম্যাগাজিন এই মেলায় অংশ নিয়েছিল। অন্যান্য বছরের মতো চারজন প্রবীণ সম্পাদককে এই উপলক্ষে সংবর্ধনা জানানো হয়। এই মেলার উত্তরোত্তর সাফল্য বাংলা ভাষা ও সাহিত্যচর্চার উৎকর্ষ সাধনে অবশ্যই উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। শিশুসাহিত্য উৎসব মহাসমারোহে অনুষ্ঠিত হয়েছে। দ্বিতীয় বার্ষিক কথাসাহিত্য উৎসব মার্চ মাসের শেষে আয়োজিত হয়েছে।

এই বছরের জানুয়ারি মাসে পঞ্চম লিটল ম্যাগাজিন মেলা অনুষ্ঠিত হয়েছে। এ বছরে মেলার পরিসর ছিল আরও ব্যাপক ও বিস্তৃত। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা, অন্যান্য প্রদেশ এমনকি বহির্ভারত থেকেও বাংলা ভাষায় প্রকাশিত প্রায় ৫০০টি লিটল ম্যাগাজিন এই মেলায় অংশ নিয়েছিল। অন্যান্য বছরের মতো চারজন প্রবীণ সম্পাদককে এই উপলক্ষে সংবর্ধনা জানানো হয়। এই মেলার উত্তরোত্তর সাফল্য বাংলা ভাষা ও সাহিত্য চর্চার উৎকর্ষ সাধনে অবশ্যই উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। দ্বিতীয় শিশুসাহিত্য উৎসব মহাসমারোহে অনুষ্ঠিত হয়েছে। দ্বিতীয় বার্ষিক কথাসাহিত্য উৎসব মার্চ মাসের শেষে আয়োজিত হয়েছে।

বাংলা আকাদেমির গ্রন্থাগারটি ক্রমশ মূল্যবান গ্রন্থে যেমন সমৃদ্ধ হচ্ছে পাশাপাশি তার পাঠকসংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। ইতিমধ্যে বেশ কয়েকজন বিশিষ্ট ব্যক্তির ব্যক্তিগত সংগ্রহ থেকে সহস্রাধিক দুষ্প্রাপ্য গ্রন্থ ও পত্রিকা গ্রন্থাগারের জন্য পাওয়া গেছে।

প্রশাসনের সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার প্রসঙ্গে সরকারের নীতি রূপায়ণে বাংলা আকাদেমির ভূমিকা উল্লেখযোগ্য। আকাদেমি থেকে ইতিমধ্যে বিভিন্ন সংস্থার সঙ্গে যৌথভাবে কয়েকটি আলোচনাসভা সংগঠিত করা হয়েছে। সরকার থেকে প্রশাসনের বিভিন্ন স্তরে বাংলা কাজে কমপিউটার ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়েছে। এ ক্ষেত্রেও কাজের উপযোগী বাংলা সফ্‌টওয়্যার প্যাকেজ তৈরি করতে বাংলা আকাদেমি সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। বাংলা আকাদেমির গ্রন্থাগার, মহাফেজখানা, দপ্তর, গবেষণা ইত্যাদি কাজে কমপিউটারের ব্যবহার ইতিপূর্বেই শুরু হয়েছে। এই কাজে প্রয়োজনীয় সফ্‌টওয়্যার আকাদেমি উদ্ভাবন করেছে।

চলচ্চিত্র অধিকারের উপর সামাজিক মূল্যবোধসম্পন্ন চলচ্চিত্র প্রদর্শনের প্রসার এবং রাজ্যের আর্থিক ও সাংস্কৃতিক বিষয়গুলিকে সেলুলয়েড ও ভিডিওর মাধ্যমে তুলে ধরার দায়িত্ব রয়েছে।

পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম লিমিটেড রাজ্য সরকার প্রযোজিত কাহিনিচিত্রগুলির পরিবেশকের দায়িত্ব পালন করে চলেছে। এই নিগম শিশু চলচ্চিত্র উৎসবও সংগঠিত করেছে।

পূর্ব এবং উত্তর-পূর্ব ভারতের চলচ্চিত্র নির্মাতাদের পরিকাঠামোগত সুযোগ-সুবিধাও এই নিগম দিয়ে থাকে। রাজ্য সরকার 'রূপায়ণ'-এ ফিল্ম পরিস্ফুটনের ক্ষেত্রে চলচ্চিত্র

নির্মাতাদের ভর্তুকি দিয়ে থাকে। গত আর্থিক বর্ষে ২২টি বাংলা ছবি এবং ১১টি অন্যান্য ভাষার ছবি এখানে পরিস্ফুটিত হয়েছে।

এবারই প্রথম এখানে ছত্তিশগড়ী ও নাগপুরী ভাষার চলচ্চিত্রও পরিস্ফুটিত হয়েছে। বর্তমান আর্থিক বর্ষে চলচ্চিত্র পরিস্ফুটন এবং বর্ণবিন্যাসের জন্য ১.২৯ কোটি টাকা মূল্যে অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন দুটি যন্ত্র কেনা হয়েছে।

কাহিনিচিত্রের প্রযোজকদের যে ভর্তুকি দেওয়া হয়েছে ৩১ জানুয়ারি, ২০০৩ পর্যন্ত তার পরিমাণ ৬৭,৩২,০০০ টাকা।

'রূপকলাকেন্দ্র' একটি সামাজিক সংযোগ প্রতিষ্ঠান, যা ভারত-ইতালি নিগমের একটি প্রকল্প হিসাবে গড়ে উঠেছে। ভিডিও-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সামাজিক সংযোগ চলচ্চিত্র নির্মাণ ও তার প্রশিক্ষণের ক্ষেত্রে এই কেন্দ্রের ভূমিকা অনন্য। একটি পূর্ণাঙ্গ প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠানটি ইতিমধ্যেই কাজ শুরু করেছে। এখানে উন্নয়ন সংযোগ, নির্দেশনা, সম্পাদনা, চলচ্চিত্র ফোটোগ্রাফি এবং অ্যানিমেশন সৃজন—এই পাঁচটি শাখায় ২ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা পাঠক্রম চালু হয়েছে।

সল্টলেকে ৫ একর জমির উপর ৬ কোটি টাকা ব্যয়ে 'রূপকলা কেন্দ্র' নির্মিত হয়েছে। এই কেন্দ্রটি সমস্ত ধরনের দৃশ্য এবং শ্রাব্য যন্ত্রপাতি, ক্যামেরা সেট-আপ, সম্পাদনা-ব্যবস্থাপনা, শব্দ-ব্যবস্থাপনা ইত্যাদিতে সুসজ্জিত। দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক অ্যানিমেশন ছবি তৈরির পূর্ণাঙ্গ পরিকাঠামোগত সুবিধা এখানে রয়েছে।

'রূপকলা কেন্দ্র' সুন্দরবন বাঁধ সংক্রান্ত সমস্যা ও আইসিডিএস প্রকল্পের উপর পাঁচটি তথ্যচিত্র, স্বয়ম্ভর গোষ্ঠী ও বাংলা-হরফ নির্মাতাদের উপর তথ্যাশ্রয়ী কাহিনিচিত্র এবং ১৫ মিনিটের একটি অ্যানিমেশন চলচ্চিত্র তৈরি করেছে। রূপকলাকেন্দ্রের উদ্যোগে ১৭ ফেব্রুয়ারি—২১ ফেব্রুয়ারি, ২০০৩ ব্যাপী দ্বিতীয় আন্তর্জাতিক সামাজিক সংযোগ চলচ্চিত্র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এই সম্মেলনের জনপ্রিয়তা ক্রমশ বাড়ছে।

পশ্চিমবঙ্গ চলচ্চিত্র কেন্দ্র 'নন্দন' চলচ্চিত্রপ্রেমীদের উন্নতমানের চলচ্চিত্র দেখিয়ে থাকে। চলচ্চিত্র নিয়ে যাঁরা গবেষণা করেন তাঁদের জন্য নন্দনে গ্রন্থাগার এবং লেখ্যাগারের সুযোগ-সুবিধা রয়েছে।

নন্দনে ১০ নভেম্বর থেকে ১৭ নভেম্বর, ২০০২ অষ্টম কলকাতা চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়েছে। উৎসবে প্রায় ১২৭টি চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে যার মধ্যে ৮৭টি বিদেশি এবং ৪০টি দেশীয় ছবি।

দুস্থ চলচ্চিত্র-কলাকুশলী এবং চলচ্চিত্র নির্মাতাদের সন্তানদের চিকিৎসা ব্যয়, বৈবাহিক খরচ এবং শিক্ষাব্যয় নির্বাহের জন্য একটি কল্যাণ তহবিল গঠন করা হয়েছে। ৭২, দেশপ্রাণ শাসমল রোড, কলকাতা-স্থিত রাধা ফিল্ম স্টুডিও চত্বরে একটি ডিসপেনসারি চালু হয়েছে। সরকার প্রযোজিত চলচ্চিত্র এবং তার নেগেটিভগুলি এই স্টুডিওর ভল্টে সংরক্ষিত আছে।

চলচ্চিত্র শতবার্ষিকী ভবনের নির্মাণকাজ শুরু হয়েছে। তৈরি হয়ে গেলে এই ভবন থেকে লেখ্যাগার, চলচ্চিত্র গ্রন্থাগার, প্রশিক্ষণ, প্রদর্শনী এবং নির্মাণের সুযোগ-সুবিধা পাওয়া যাবে।

টেকনিশিয়ান্স স্টুডিওর কাজকর্মে অগ্রগতি ঘটছে। সমস্ত ফ্লোরগুলিই সারাবছর ভাড়া থাকে। ২৫টি কাহিনিচিত্র, ৮টি সিরিয়াল, ৮টি ভিডিও বিজ্ঞাপন, ৪টি টেলিফিল্ম এবং ৩টি মেগা সিরিয়াল তৈরি কাজ ২০০২-২০০৩ আর্থিক বর্ষে শেষ হয়েছে। স্টুডিও চত্বরের আধুনিকীকরণের কাজ শুরু হয়েছে। একটি নতুন পাঁচতলা ভবন, গভীর নলকূপ, ৫০ হাজার লিটার ক্ষমতাসম্পন্ন জলাধার, অগ্নিনির্বাপণ ব্যবস্থা, অভ্যন্তরীণ নিকাশিব্যবস্থার কাজ সম্পূর্ণ হয়েছে। আশা করা যায়, স্টুডিওটি অদূরভবিষ্যতে চালু হবে।

প্রত্নতত্ত্ব ও সংগ্রহালয় অধিকার

অন্বেষণ ও উৎখনন : মালদহ জেলার জগজ্জীবনপুরে প্রত্নতত্ত্বীয় উৎখননের কাজ চলছে। এর ফলে পালবংশের রাজা শ্রীমহেন্দ্র পালদেবের আমলে অর্থাৎ খ্রিস্টীয় নবম শতাব্দীতে নির্মিত বৌদ্ধবিহারের উল্লেখযোগ্য অংশ উন্মোচিত হয়েছে। এই উৎখনন চলাকালীন প্রচুর সংখ্যক পুরাবস্তু যেমন, সিলমোহর, টেরাকোটা ফলক গেছে। এই বিহারের ক্ষতিগ্রস্ত ইটের দেওয়ালটি সংরক্ষণ করার কাজেও হাত দেওয়া হয়েছে। এই কাজগুলি আগামি বছরেও চলবে।

কাটোয়া মহকুমার অধীনস্থ ব্রাহ্মণী নদীর ধারে একটি অন্বেষণধর্মী জরিপের কাজ করা হয়েছে এবং চারুল-এ একটি কৃষ্ণ-লোহিত কৌলালের প্রত্নস্থল চিহ্নিত করা গেছে। এই গ্রামের কিছু কিছু স্থানে পরীক্ষামূলক খনন করা হয়েছে এবং এর ফলে কৃষ্ণ-লোহিত কৌলাল, ছিদ্রযুক্ত পাত্র, জীবাশ্মে পরিণত হাড়ের টুকরো প্রভৃতি পাওয়া গেছে।

কাটোয়ারই দাঁইহাটের নিকটস্থ বিকিহাটে পরীক্ষামূলক খনন করা হয়েছে এবং এর ফলে বহু পুরাবস্তু পাওয়া গেছে যেগুলির সময়সীমা পাল-সেন যুগ থেকে শুরু করে ব্রিটিশ আমল পর্যন্ত বিস্তৃত। এই কাজটিও আগামি আর্থিক বছরে চলবে।

এইগুলি ব্যতীত দক্ষিণ ২৪-পরগনা জেলার তিলপি এবং দেউলপোতাতেও অন্বেষণের কাজ করা হয়েছে এবং এর ফলে ঐতিহাসিক যুগের সূচনা-পর্বের বেশ কিছু পুরাবস্তু পাওয়া গেছে। এই কাজটিও আগামী বছরে চলবে।

সংরক্ষণ : পশ্চিমবঙ্গের রাজ্য সংরক্ষিত পুরাকীর্তিগুলির সংরক্ষণের কাজ পূর্ত বিভাগ, ভারতীয় প্রত্নতত্ত্ব সর্বেক্ষণ এবং জেলা পরিষদের সঙ্গে যৌথভাবে করা হচ্ছে।

পারুল ও হালিশহরের মন্দিরগুলি সংরক্ষণের জন্য পূর্ত বিভাগের সঙ্গে যৌথভাবে প্রাথমিক উদ্যোগ নেওয়া হয়েছে। পূর্ত বিভাগ এবং জেলা কর্তৃপক্ষের সহযোগিতায় জগদানন্দপুরের রাধাগোবিন্দ মন্দিরের সংরক্ষণের কাজ শুরু হয়েছে। দক্ষিণ ২৪-পরগনার

গোসাবাতে হ্যামিলটন বাংলোর সংরক্ষণের কাজ শুরু হতে চলেছে। এই কাজে জেলা কর্তৃপক্ষ আংশিক আর্থিক ব্যয়ভার বহন করবে। ভারতীয় প্রত্নতত্ত্ব সর্বেক্ষণের সঙ্গে যৌথভাবে পুরুলিয়ার বোড়ামে অবস্থিত ইটের দেউল এবং ব্যারাকপুর রাজভবনের লাটবাগানের ভাস্কর্যগুলির সংরক্ষণের কাজ শীঘ্রই শুরু করা হবে। খড়দহ পুরসভার অধীনে অবস্থিত সৌধগুলির সংরক্ষণের জন্য ইতিমধ্যেই অর্থ মঞ্জুর করা হয়েছে, এই কাজটি পৌর প্রযুক্তি অধিকারের সহযোগিতায় করা হবে।

রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালা : রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালার প্রস্তাবিত নতুন বাড়ির একতলার নির্মাণকার্য সম্পূর্ণ হয়ে গেছে। একতলার বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। আগামি বছরে জগজ্জীবনপুরের বৌদ্ধ বিহারের সম্পূর্ণ হয়ে যাবে। এই নতুন বাড়িটিতে আরও দুটি গ্যালারি 'বাংলার ভাস্কর্য এই 'দৈনন্দিন জীবনে ব্যবহৃত পুরাবস্তু' নির্মাণ করা হবে। এই সংগ্রহশালায় বাংলা প্রত্নতত্ত্বের উপর প্রতিমাসে একটি করে পাঠচক্র অনুষ্ঠিত হয়। এই সংগ্রহশালা হুগলি নদীর পশ্চিমপাড়ে অবস্থিত ইউরোপীয় স্থাপত্যের পর একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে। আগামী বছরে গৌড় ও পাণ্ডুয়ার মধ্যযুগীয় শহর এবং বাংলার দারুভাস্কর্যের উপর অনুরূপ প্রদর্শনীর আয়োজন করা হবে।

জেলা ও গ্রামীণ সংগ্রহালয় : রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালার কাজকর্মের পাশাপাশি এই অধিকার বিভিন্ন জেলা ও গ্রামীণ সংগ্রহালয়গুলিকে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে থাকে। বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে অবস্থিত আচার্য যোগেশচন্দ্র পুরাকীর্তি ভবন সংগ্রহালয়টিকে বাঁকুড়া জেলা সংগ্রহালয় হিসেবে ঘোষণা করে এর পরিচালনভার অধিগ্রহণের প্রস্তাবটি ইতিমধ্যে সরকার অনুমোদন করেছে। রায়গঞ্জ জেলা সংগ্রহালয়টিকে নবনির্মিত বাড়িতে স্থানান্তরিত করে সর্বসাধারণের জন্য খুলে দেওয়া হবে। বাগনানে অবস্থিত আনন্দনিকেতন কীর্তিশালা সংগ্রহালয়টিকে হাওড়া জেলা সংগ্রহালয় হিসেবে ঘোষণা করা হয়েছে এবং এই সংগ্রহালয়টির পরিচালনভার সরকার কর্তৃক অধিগৃহীত হয়েছে। উপরন্তু এই সংগ্রহালয়টিকে আর্থিক এবং কারিগরি সহায়তাও প্রদান করা হচ্ছে। জিয়াগঞ্জ সংগ্রহালয়টির পুনর্গঠনের জন্য প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের ক্ষেত্রে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এইগুলি ছাড়াও সরকার বহু গ্রামীণ সংগ্রহালয়কে রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নের জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্য দিয়ে থাকে।

প্রদর্শনী : ছাত্রছাত্রী ও সাধারণ মানুষের মধ্যে সচেতনতা আনার উদ্দেশ্যে বিভিন্ন বিদ্যালয়ে এবং বিশেষভাবে 'দামোদর মেলা' ও 'রাজ্য বিজ্ঞানমেলা' উপলক্ষে গ্রামাঞ্চলে ধারাবাহিকভাবে প্রত্নতাত্ত্বিক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। আগামী বছরেও অনুরূপ প্রদর্শনীর আয়োজন করা হবে।

প্রকাশনা : ইংরেজি ভাষায় প্রকাশিত এই অধিকারের সরকারি মুখপত্র 'প্রত্ন সমীক্ষা' নিয়মিত প্রকাশিত হচ্ছে। এই পত্রিকাটিতে পশ্চিমবঙ্গের প্রত্নতত্ত্বের বিভিন্ন দিক তুলে ধরা হয়ে থাকে।

DEMAND No. 31

Major Heads : 2251—Secretariat—Social Services and 4070—Capital Outlay on Other Administrative Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,60,00,000 be granted for expenditure under Demand No. 31, Major Heads : "2251—Secretariat—Social Services and 4070—Capital Outlay on Other Administrative Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 5,53,34,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আপনার অনুমতি নিয়ে আমি ২০০৩-২০০৪ অর্থ বর্ষের জন্য নিম্নলিখিত দাবি পেশ করতে চাই।

দাবি নং - ৩১

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৩১ নম্বর দাবির অধীনে মুখ্যখাত : '২২৫১-সচিবালয়-সামাজিক পরিষেবা ০০-০৯০" (৩,১৭,১৫,০০০ টাকার কোর রাজ্য যোজনা) এবং মুখ্যখাত : "৪০৭০-অন্যান্য প্রশাসনিক পরিষেবা সমূহের জন্য মূলধন সংস্থান-৮০০-অন্যান্য ব্যয়-০০২-আর আই ডি এফ-এর অধীনে গ্রামীণ এলাকায় পরিকাঠামোগত প্রকল্প সমূহ-৫৩-মুখ্য নির্মাণ কাজ সমূহ/জমি এবং ভবনসমূহ" (১৩,৪২,৮৫,০০০ টাকার আর আই ডি এফ) বাবদ মোট ১৬,৬০,০০,০০০ টাকা (ষোল কোটি ষাট লক্ষ টাকা) মঞ্জুর করার দাবি পেশ করছি। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এর মাধ্যমে মঞ্জুর হওয়া ৫,৫৩,৩৪,০০০ টাকাও (পাঁচ কোটি তিপ্পান্ন লক্ষ চৌত্রিশ হাজার টাকা) এর অন্তর্ভুক্ত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় সদস্যগণ জানেন, রাজ্য সরকার অর্থনৈতিক বিকাশের অন্যতম প্রধান দৃষ্টি আকর্ষণী ক্ষেত্র হিসাবে তথ্য প্রযুক্তিকে চিহ্নিত করেছে। মেধা শক্তির প্রাচুর্য, উচ্চ মানের যোগাযোগ পরিকাঠামো, জমির ন্যায়সাধ্যতা এবং কর্মচারীদের মধ্যে কর্মক্ষমতা হ্রাসের হার কম হওয়ার কারণে এই রাজ্য সারা দেশের মধ্যে তথ্য প্রযুক্তি সংক্রান্ত নতুন নতুন বিনিয়োগের সম্ভাব্য ক্ষেত্র হিসাবে প্রতিযোগিতা করার আরো বেশি ক্ষমতা অর্জন করেছে।

এই ক্ষেত্রে ব্যবসার বিকাশ ঘটাতে এবং তথ্য ভিত্তিক শিল্পে আরো বেশি সুযোগ সৃষ্টি করতে রাজ্য সরকার বেশ কয়েকটি উদ্যোগ নিয়েছে এবং এর মধ্যে বেশ কয়েকটি ইতিমধ্যেই ফলপ্রসূ হয়েছে। তথ্যপ্রযুক্তি এবং তথ্যপ্রযুক্তি নির্ভর পরিষেবা ক্ষেত্রে নতুন নতুন বিনিয়োগ আকর্ষণ করার সংকল্পের পাশাপাশি সরকার ই-গভর্নান্সের প্রয়োগ আরো বাড়ানো এবং বিভিন্ন স্তরে কমপিউটার শিক্ষার প্রসারের উপর যথোপযুক্ত গুরুত্ব আরোপ করেছে।

২। পশ্চিমবঙ্গে তথ্যপ্রযুক্তির প্রয়াস হল এ রাজ্যকে ২০১০ সালের মধ্যে দেশের সর্বোচ্চ তিনটি তথ্যপ্রযুক্তি ব্যবহারকারী রাজ্যের অন্তর্ভুক্ত করা এবং সারা দেশের তথ্যপ্রযুক্তি থেকে প্রাপ্ত মোট রাজস্বের ১৫ থেকে ২০ শতাংশ এ রাজ্যের অবদান হিসাবে তুলে ধরা। তথ্যপ্রযুক্তি সমর্থ পরিষেবায় এই রাজ্য বিজনেস প্রসেস আউটসোর্সিং (ব্যবসায় প্রক্রিয়া এবং কল সেন্টার সমেত ক্রেতার সঙ্গে যোগাযোগ পরিষেবা) খাতে ১৫ শতাংশ রাজস্ব আদায়ের লক্ষ্য ধার্য করেছে, আর অন্যান্য রাজস্বের ১০ শতাংশ সংগ্রহ করে জনপরিষেবা ও উদ্দীপন ক্ষেত্রে নেতৃত্বের ভূমিকা নিচ্ছে। তথ্যপ্রযুক্তি পরিষেবার ক্ষেত্রে এর লক্ষ্য হল সফট্ওয়্যার পরিষেবার ১০ থেকে ১৫ শতাংশ রপ্তানি করা এবং সমগ্র উৎপন্নের উন্নয়ন-গবেষণা ও উন্নয়ন আউটসোর্সিং-এর ২৫ শতাংশ এবং অভ্যন্তরীণ পরিষেবা ও উৎপন্নের ৫ থেকে ১০ শতাংশ অর্জন করা।

৩। আমরা বিশ্বাস করি, সাধারণ নাগরিকদের কাছে কার্যকরী পদ্ধতিতে তথ্য পৌঁছে দেওয়ার জন্য একটি আধুনিক পন্থা হিসাবে তথ্যপ্রযুক্তিকে ব্যবহার করতে হবে। অর্থনৈতিক দিক থেকে সাধ্যাতীত হওয়ার কারণে 'নতুন প্রযুক্তি' সাধারণ মানুষের আয়ত্বের বাইরে থাকায় তারা এর সুফল পান না। ন্যূনতম ব্যয়ে সরকার-নাগরিক যোগাযোগ সহজতর করার জন্য আমরা ই-গভর্ন্যান্স পরিকাঠামোর উপর গুরুত্ব আরোপ করছি। সমাজের অল্প সুবিধাপ্রাপ্ত মানুষ যাতে নতুন প্রযুক্তির নাগাল পান সেজন্য বিদ্যালয়ে বিদ্যালয়ে আমরা কমপিউটার সাক্ষরতা প্রকল্পে বিনিয়োগ করছি। নাগরিকরা যাতে ই-গভর্ন্যান্সের সুবিধা গ্রহণ করতে পারেন সে ব্যাপারে পঞ্চায়েত ও পৌরসভার অনেক কিছু করণীয় আছে।

৪। উপরোক্ত পরিস্থিতিতে তথ্যপ্রযুক্তি বিভাগ 'সাধারণ মানুষের মধ্যে তথ্যপ্রযুক্তি'র প্রচার করতে একটি সক্রিয় 'প্রকল্প অভিযান' চালু করেছে। এটা স্পষ্ট যে, 'ডিজিটাল ডিভাইড'-এর সমস্যা অতিক্রম করতে একটি প্রয়াস নেওয়া হয়েছে। শুধুমাত্র সরকারি উদ্যোগের মাধ্যমেই এই লক্ষ্য অর্জন করা সম্ভব। এই দায়বদ্ধতা পালন করতে আমাদের সরকার তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে নিম্নলিখিত লক্ষ্যগুলি হাতে নিয়েছে :

(ক) সাধারণ মানুষ যাতে সরকারি পরিষেবা গ্রহণ করতে পারে এবং সাধারণ মানুষ যাতে প্রশাসনকে কাজে লাগাতে পারে সেই উদ্দেশ্যে ই-গভর্ন্যান্স কর্মসূচি চালু করা।

(খ) তথ্যপ্রযুক্তি এবং তথ্যপ্রযুক্তি সাহায্যপ্রাপ্ত শিল্পের উন্নয়নের জন্য বাস্তব পরিকাঠামো গড়ে তোলা এবং অনুকূল পরিবেশ সৃষ্টি করা।

(গ) মানব সম্পদ উন্নয়নকে ত্বরান্বিত করা এবং বিদ্যালয়ে কমপিউটার সাক্ষরতা বৃদ্ধি করা। সঙ্গে সঙ্গে শিক্ষা জগতের উপরের স্তরে কমপিউটার শিক্ষার সুযোগ আরো প্রসারিত করা।

৫। মাননীয় সদস্যদের মনে আছে, রাজ্য সরকার ২০০০ সালের জানুয়ারি মাসে তাদের তথ্যপ্রযুক্তি প্রকল্পের কথা ঘোষণা করেছিল এবং এর মাধ্যমে এই রাজ্য সৃজনমূলক মেধাসম্পদ গড়ে তোলার লক্ষ্যে বিস্তৃত অঞ্চল জুড়ে একটি নেট্ওয়ার্ক তৈরির উপর জোর দিয়েছিল। সরকারি প্রশাসনে তথ্যপ্রযুক্তির ব্যবহার ও তথ্যপ্রযুক্তি শিক্ষার জন্য দায়বদ্ধতার অঙ্গীকার করা হয়েছিল।

তারপর থেকে এসব ক্ষেত্রে অনেক কিছুই করা সম্ভব হয়েছে। এই উদ্দেশ্যে সৃষ্ট ওয়াইড এরিয়া নেট্ওয়ার্ক (ডবু-এ-এন) কার্যকরীভাবে কলকাতার সঙ্গে ১৮টি জেলা সদরকে যুক্ত করেছে। তিন বছর আগে একটি পৃথক তথ্যপ্রযুক্তি বিভাগ গঠন করা হয়েছিল এবং ২০০১ সালের নভেম্বর মাসে একটি উৎসাহদানমূলক কর্মপ্রকল্প চালু করা হয়েছিল। ২০০২ সালের আগস্ট মাসে তথ্যপ্রযুক্তির সহায়তাপ্রাপ্ত পরিষেবা (আই-টি-ই-এস) সংক্রান্ত একটি সার্বিক প্রকল্প ঘোষণা করা হয়, যাতে আই-টি-ই-এস ক্ষেত্রে প্রযোজিত বাস্তব বৃদ্ধির বেশ খানিকটা অংশকে এই উন্নতিতে ধরা যায় এবং বিনিয়োগকারীদের পূর্ণ সমর্থন দেওয়া যায়।

৬। সরকার এ ব্যাপারে অবগত যে সরকারি কাজে তথ্যপ্রযুক্তির প্রয়োগ বাড়ালে এ ব্যাপারে অভ্যন্তরীণ চাহিদা বাড়বে এবং বিকাশমান তথ্যপ্রযুক্তি শিল্পের আরো উন্নতি ঘটাবে। সাধারণ মানুষের জন্য সরকারের পরিষেবার উন্নতি করার লক্ষ্যে তথ্যপ্রযুক্তিকে ব্যবহার করার সরকারি উদ্দেশ্যের সঙ্গে ওই ধরনের প্রয়াসের যোগ রয়েছে। এ কারণে সরকার এই প্রয়োগগুলির রূপায়ণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। সূচনাপর্ব থেকেই এই বিভাগ ২০০০ সালের তথ্যপ্রযুক্তি নীতিতে বিধৃত উদ্দেশ্য পূরণের লক্ষ্যে কাজ করে চলেছে। এই উদ্দেশ্যগুলির কয়েকটি নীচে বর্ণিত হল :

- দক্ষ ও শিক্ষাগত মানব সম্পদের উপর ভিত্তি করে রাজ্যের মেধা সম্পদ বাড়ানো এবং মাল্টিমিডিয়া ও ওয়েব সহায়তাপ্রাপ্ত প্রযুক্তি ইত্যাদির মতো দুটি উৎকর্ষ ক্ষেত্রের দ্রুত বিকাশের জন্য গুরুত্ব আরোপ করা।
- তথ্যপ্রযুক্তি পরিষেবার বৃদ্ধি ঘটানো এবং অফিস চালানোর কাজে একে ব্যবহার করা।
- সঠিকভাবে ই-গভর্ন্যান্স প্রয়োগ করে তথ্যপ্রযুক্তি-সজাগ সরকারের থেকে তথ্যপ্রযুক্তি-নির্ভর সরকারে রূপান্তরিত করা।
- তথ্যপ্রযুক্তি খাতে সহজলভ্য পরিকাঠামোর ব্যবস্থা এবং তথ্যপ্রযুক্তি খাতে প্রোৎসাহ প্রদান।
- ডেটা, শব্দগ্রহণ ও ভিডিও যোগাযোগ ত্বরান্বিত করতে এবং ই-গভর্ন্যান্স ও ই-কমার্স সহজতর করতে একটি ডবু-এ-এন্ (ওয়াইড এরিয়া নেটওয়ার্ক) ব্যবস্থা সমেত একটি সুসংহত রাজ্যব্যাপী কার্যধারার ভিত্তিভূমি স্থাপন।

- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে তথ্যপ্রযুক্তি সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য 'শিল্পমুখী' তথ্যপ্রযুক্তি পেশাদার তৈরি করা।
- তথ্যপ্রযুক্তি সাক্ষরতা প্রকল্পের মাধ্যমে তথ্যপ্রযুক্তি সংস্কৃতি গড়ে তোলা।
- তথ্যপ্রযুক্তি 'ভেঞ্চার ফান্ড' স্থাপন করা।

৭। উপরোক্ত পরিপ্রেক্ষিতে আমরা কয়েকটি বিশেষ পদক্ষেপ নিয়েছি। সেগুলিকে চার ভাগে ভাগ করা যায় :

- যোগাযোগ ও পরিকাঠামোয় তথ্যপ্রযুক্তি।
- শিক্ষায় তথ্যপ্রযুক্তি।
- ই-গভর্ন্যান্সের জন্য তথ্যপ্রযুক্তি এবং
- শিল্পে তথ্যপ্রযুক্তি।

৮.০ যোগাযোগ এবং পরিকাঠামোয় তথ্যপ্রযুক্তি :

৮.১ যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির সবচেয়ে নজরকাড়া কৃতিত্ব হল ওয়েবসোয়ান (ডব্লু. বি. এস. ডব্লু. এ. এন. দ্বারা সৃষ্ট আধুনিক পরিকাঠামো যা কিনা পর্যাপ্ত ব্যান্ডউইড্থ সহ 'স্টেট অব দি আর্ট' যোগাযোগ স্থাপন করে ভিডিও কনফারেন্স ডেটা ও ভয়েস কম্যুনিকেশনের কাজগুলিকে সহায়তা করে। এর ১ম পর্যায় মহাকরণের রাজ্য কেন্দ্রের সঙ্গে ১৮টি জেলা সদরের যোগাযোগ রক্ষা করে। যোগাযোগ প্রযুক্তির দ্রুত পরিবর্তন এবং কম খরচের বিকল্পগুলির প্রাপ্তি সাপেক্ষে গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত উৎসর্গীকৃত একটি নেট্ওয়ার্ক সম্প্রসারিত করার জন্য একটি সংশোধিত প্রস্তাব দেওয়া হয়েছে।

৮.২ পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে টেলিকমের সুবিধার প্রচুর উন্নতি হয়েছে। এই রাজ্যে এখন ভি. এস. এন. এল.-এর তিনটি আন্তর্জাতিক স্যাটেলাইট আর্থ স্টেশন আছে যেগুলি ৫৮০টি এম. বি. পি. এস. ব্যান্ডউইড্থ-এর ব্যবস্থা করেছে এবং পৃথিবীর সমস্ত স্থানে পৌঁছানোর জন্য দুটি গেটওয়ে সুইচ আছে। কলকাতা এবং হালিশহরে অবস্থিত এই আর্থ স্টেশনগুলি সমস্ত পূর্বাঞ্চলকে পরিষেবা দেয়। সমগ্র পূর্বাঞ্চলে এই সুবিধার জন্য হালিশহরের কেন্দ্রটিই মুখ্য এবং সেটি এক পরিবর্তিত স্ট্যান্ডার্ড-এ আর্থ স্টেশনের ব্যবস্থাযুক্ত (সি অ্যান্ড কে্ ইউ ব্যান্ড)। এটি কলকাতার খুব কাছেই অবস্থিত এবং এর ক্ষমতা হচ্ছে ১৩৫০ পি. এস. টি. এন. সি. সি. টি. এস. এবং দুটি কমপ্রেস ও ডিজিটাল টি.ভি. চ্যানেল এবং ভি. এস. বি.-২৪০ পি. এস. টি. এস. সি. সি. টি-এস। কলকাতায় অবস্থিত আন্তর্জাতিক গেটওয়ে সুইচের মোট ক্ষমতা হল ১১,০০০ সার্কিট যার মধ্যে ৪,৫০০টি সার্কিট এখনই কাজ করছে। কলকাতার একটি আর্থ স্টেশন (এফ-২) সল্টলেকের এস-ডি-এফ ভবনটির ওপর অবস্থিত আইৰ ডি. আর. ডি. সি. এম. ই. ক্যারিয়ার চালাতে এই আর্থ স্টেশনটি কাজে লাগানো হয়। দ্য সফট্ওয়্যার টেকনোলজি পার্ক অব ইন্ডিয়া (এস. টি. পি. আই.) রাজ্য সরকারের সঙ্গে একযোগে সল্টলেক ইলেকট্রনিক কমপ্লেক্সে তৃতীয় আর্থ স্টেশন স্থাপন করেছে এবং এর ক্ষমতা হল ১৫৫ এম-বি-পি-এস।

৮.৩ এছাড়াও রাজ্যে অতিরিক্ত সুবিধাজনক পদ্ধতির ব্যবস্থা করে কয়েকটি বেসরকারি ব্যান্ড উইড্থ প্রভাইডার জ্ঞানভিত্তিক শিল্পগুলিতে আরো ব্যাপকভাবে ব্যান্ড উইড্থ কাজে লাগাচ্ছে। ন্যাশনাল ইনফরমেটিকস সেন্টারের ভি স্যাট পরিকাঠামো তথ্য প্রেরণের জন্য অতিরিক্ত ব্যান্ড উইড্থ সুবিধা সৃষ্টি করছে। ৩৪১টি ব্লকের মধ্যে ৩২৬টি ব্লকে দুই এম. বি. পি. এস. ব্যান্ড উইড্থ-এর মাধ্যমে বি. এস. এন. এল. অপটিক ফাইবার কেব্‌ল (ও. এফ. সি.) বা বাইক্রোওয়েভ নেটওয়ার্ক দ্বারা যোগাযোগের ব্যবস্থা করেছে যা এর টেলিফোন টেলিকমিউনিকেশন পরিকাঠমোকেই প্রাথমিকভাবে সমর্থন দান করবে। এর ফলে রাজ্যের বিভিন্ন জায়গায় এমনকি প্রত্যন্ত অঞ্চলেও আন্তর্জাতিক যোগাযোগের নেটওয়ার্কটির ভিত্তি আরো সুদৃঢ় হয়েছে।

৮.৪ সাম্প্রতিক কয়েক বছরে কলকাতা টেলিফোনস এক্সচেঞ্জের ক্ষমতা অনেকটাই বাড়িয়েছে। ব্যবহারযোগ্য ক্ষমতা ১.৩০ মিলিয়ন ছাড়িয়ে গেছে এবং মোট চালু সংযোগ ১.২ মিলিয়ন ছাড়িয়ে গেছে। নেটওয়ার্কটি খুবই নির্ভরযোগ্য এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন এম. টি. এম. ১৬ ও. এফ. সি. রিং দ্বারা গঠিত ৩১টি ডিজিটাল এক্সচেঞ্জের এক শক্তিশালী ভিত্তি ভূমির ওপর দাঁড়িয়ে আছে। পশ্চিমবঙ্গ টেলিকম তার এক্সচেঞ্জের ক্ষমতাও যথেষ্ট বাড়িয়েছে। ব্যবহারযোগ্য প্রাপ্ত ক্ষমতা বেড়ে হয়েছে ১.১ মিলিয়ন এবং চালু সংযোগের সংখ্যা হয়ে দাঁড়িয়েছে ৮.৭৫ মিলিয়নেরও অধিক। ব্রডব্যান্ড নির্ভরযোগ্য অপটিক্যাল ফাইবার লিংকসহ ১৩টি উচ্চ ক্ষমতাসম্পন্ন ডিজিটাল ট্রাঙ্ক অটোমেটিক এক্সচেঞ্জ (ট্যাক্স) এই নেটওয়ার্কের মধ্যে রয়েছে।

৮.৫ বেসরকারি উদ্যোগের অংশ হিসাবে রিলায়েন্স ইনফোকম প্রাইভেট লিমিটেডের কাছ থেকে খুব শীঘ্রই ও. এফ. সি. ব্যান্ডউইড্থ পাওয়া যাবে এবং ১,২০০ কোটি টাকায় এবং তাদের জাতীয় ব্রড ব্যান্ড অ্যাক্সেস প্রকল্পের অংশ হিসাবে এরা একটি অপটিক্যাল ফাইবার কেব্‌ল নেটওয়ার্ক স্থাপন করেছে। শুধু কলকাতাতেই কোম্পানি ১,৫৬০ কিলোমিটার ব্যাপী অপটিক্যাল ফাইবার কেব্‌ল পাতার কাজ করেছে যার জন্য প্রায় ৬৪০ কিলোমিটার ব্যাপী সর্বশেষ মাইলের সংযোগ সাধনের মাধ্যমে ৪৫০ কিলোমিটার অপটিক ফাইবার মেইন অ্যাক্সেস রিং তৈরি করেছে যা গ্রাহক কেন্দ্র স্থানগুলির সঙ্গে যুক্ত হয়েছে। রূপায়ণ ক্ষেত্রে কাজের অধিকাংশই ২০০২-এর ডিসেম্বরের মধ্যে শেষ করা গিয়েছে এবং জাতীয় নেটওয়ার্কের সঙ্গে পরিকাঠামোটি চালু হওয়ার জন্য প্রস্তুত।

৮.৬ তথ্যপ্রযুক্তি পরিকাঠামোয় একটি বৃহৎ বেসরকারি প্রস্তুতকারক ভারতী টেলিসনিক ও. এফ. সি. কেব্‌লের মাধ্যমে কলকাতার সঙ্গে চেন্নাই-এর যোগাযোগ করার এক কর্মপ্রকল্প হাতে নিয়েছে। সিঙ্গাপুরের একটি সাবমেরিন কেব্‌ল দ্বারা যোগাযোগের মাধ্যমে সৃষ্ট তাদের ইন্টারন্যাশনাল গেটওয়ে থেকে তারা গ্রাহকদের জন্য ওয়ার্ল্ড নেটওয়ার্কের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা করেছে। প্রকল্পের প্রথম পর্যায়ে তারা কলকাতা থেকে রাঁচিতে যোগাযোগ ব্যবস্থা স্থাপনের কাজ শুরু করেছে।

৮.৭ পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন, সংবহন এবং বিতরণ ভারতে সবচেয়ে ভালো। এখন এই রাজ্যে বর্তমানে বিদ্যুৎ শক্তির যোগান পর্যাপ্ত। আই. টি. সংস্থাগুলিতে শক্তির প্রাপ্তি ও গুণগত মান সাম্প্রতিক ব্যবহারকারীদের মতে রাজ্যের পক্ষে প্রশংসনীয়।

৮.৮ এই ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ প্রয়োজন হল—ব্যবসায়ের স্থান এবং স্টেট অব্ দি আর্ট সমর্থিত পরিকাঠামো। পশ্চিমবঙ্গ ইলেকট্রনিক্স উন্নয়ন নিগম (ওয়েবেল) একটি পশ্চিমবঙ্গ সরকার অধিগৃহীত সংস্থা। এটি ইলেকট্রনিক্স শিল্পের এবং রাজ্যের তথ্যপ্রযুক্তি উন্নয়নে প্রসার ঘটানোর জন্য একটি মূল কেন্দ্রিক সংস্থা। সম্ভাব্য উদ্যোক্তারা যাতে চটজলদি জায়গা পান সেই জন্য ওয়েবেল নিরন্তর প্রয়াস চালাচ্ছে। এই লক্ষ্যে তারা সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্স (সল্টলেক) স্থাপন করেছেন যেটি হল ভারতের সর্বপ্রথম সম্পূর্ণ সুসংহত ইলেকট্রনিক্স কমপ্লেক্স। এই 'হাইটেক' শিল্প এলাকাটি ১৫০ একর জমিতে বিস্তৃত দূষণমুক্ত এক অঞ্চল। বিবিধ কোম্পানিগুলিকে যাতে বিশ্বমানের 'সূচনাকালীন' পরিষেবা ও পরিকাঠামোগত সুযোগ-সুবিধা দেওয়া যায় সেরকম ভাবেই এটির পরিকল্পনা করা হয়েছে। আন্তর্জাতিক বিমান বন্দর থেকে মাত্র ৮ কিলোমিটার দূরে অবস্থিত এই অঞ্চলে এক বিশাল পশ্চাৎ ভূমি রয়েছে সল্টলেকে যেখানে বসবাসের সর্ববিধ সুবিধা আছে এবং যা খুবই প্রতিযোগিতামূলক হারে আধুনিক আবাসনের ব্যবস্থা করেছে। এখানে রয়েছে ১৭৫টির বেশি কোম্পানি যাদের কর্মী সংখ্যা ১৫ হাজারেরও বেশি। কয়কটি বিশ্বমানের সংস্থা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র এবং ভারতের ও বিদেশের অনেকগুলি বৃহৎ সংস্থা এখানে অবস্থিত।

৮.৯ এখনই ব্যবহারযোগ্য যে পরিমাণ জমি সৃষ্টি করা হয়েছে তার মধ্যে সফট্ওয়্যার টেকনোলজি পার্ক (এস. টি. পি.) কর্মপরিকল্পনা অনুসারে স্ট্যান্ডার্ড ডিজাইন ফ্যাক্টরির (এস. ডি. এফ.) জন্য ২,৫০,০০০ বর্গফুট জায়গার ব্যবস্থা করা হয়েছে। সম্প্রতি চালু হওয়া এস. টি. পি.-২-এর ৭০,০০০ বর্গফুটের তৈরি জমি ইতিমধ্যেই সফট্ওয়্যার কোম্পানিগুলিকে এবং ইনফিনিটিকে বণ্টন করে দেওয়া হয়েছে এবং এর আওতায় থাকা ২,৬০,০০০ বর্গফুট জমিকে উৎকৃষ্ট কৃতকৌশলের কর্মকেন্দ্র বানিয়ে এস. টি. পি.-২-এর বড় তথ্যপ্রযুক্তি কোম্পানিগুলিকে ব্যাপকভাবে আকর্ষণ করেছে। বেঙ্গল ইনটেলিজেন্ট পার্কের প্রথম পর্যায়ের ৫০,০০০ বর্গফুট মোট জমি, যেখানে তথ্যপ্রযুক্তি ও সফট্ওয়্যার সংক্রান্ত বৃহৎ কোম্পানিগুলির জন্য বিশ্বমানের সুসমন্বিত সুযোগ-সুবিধা রয়েছে, সেগুলি এখন বিভিন্ন কোম্পানি সম্পূর্ণ দখলে নিয়েছে। এই পরিকল্পনার ২য় ও ৩য় পর্যায়ের কাজ চলছে। সল্টলেক অঞ্চলে ওয়েবেলও সহজ শর্তে জমি দিতে চাইছে। এই অঞ্চলে খালি জায়গা দ্রুত নিঃশেষিত হতে চলেছে। সেজন্য সল্টলেক অঞ্চলের খুবই কাছে দুটি এলাকাকে পশ্চিমবঙ্গ সরকার ভবিষ্যতে সম্প্রসারণের জন্য চিহ্নিত করেছেন। প্রথমটি রাজারহাট কলকাতার নিউ টাউনশিপ সংলগ্ন অঞ্চল এবং অপরটি ই. এম. বাইপাসের ধারে নোনা ডাঙ্গা।

৮.১০ খড়গপুর ও দুর্গাপুরে দুটি নতুন আই. টি. পার্ক স্থাপিত হয়েছে এবং ওয়েবেলের সহযোগিতায় এস. টি. পি. আই. কমিউনিকেশন তার সেক্টর সমূহ স্থাপন করে চলেছে। রাজ্য সরকার ৩ একর জমি বিনামূল্যে দিয়েছে। এবং যোগাযোগের যন্ত্রপাতিগুলিকে

রাখবার জন্য ৩,০০০ বর্গফুট এলাকায় দুটি অঞ্চলে নিজ ব্যয়ে ভবন নির্মাণ করছে। রাজ্য সরকার বিনিয়োগ সচল রাখতে প্রত্যেকটি কেন্দ্রকে অতিরিক্ত ১০০ কোটি টাকা করে দিয়েছে।

৯.০ শিক্ষায় তথ্যপ্রযুক্তি

৯.১ কমপিউটার সংস্কৃতিকে লালন ও পরিপুষ্ট করার জন্য রাজ্য সরকারের ১০০টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে সপ্তম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত এন. আই. আই. টি. ও ওয়েবেলের সহায়তায় প্রাথমিক কমপিউটার শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। আরো ১০০টি বিদ্যালয়কে উইপ্রো ও ওয়েবেলের সহায়তায় কমপিউটার ব্যবস্থায় আনার জন্য কাজ হাতে নেওয়া হয়েছে। তৃতীয় পর্যায় আরো ১০০টি বিদ্যালয়ের কাজ ওয়েবেল ও আই. বি. এম.-এর যৌথ উদ্যোগে রূপায়িত হয়েছিল; এই প্রকল্পটি আই. বি. এম.-এর সঙ্গে রাজ্য সরকারের মউ চুক্তি স্বাক্ষরিত হওয়ার ফলশ্রুতি। এই সব উদ্যোগ সাফল্য পাবার সঙ্গে সঙ্গে ভাবা হচ্ছে যে, রাজ্যের উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে যেখানে বিদ্যুৎ, প্রয়োজনীয় স্থান ইত্যাদি প্রয়োজনীয় পরিকাঠামোগত সুযোগসুবিধা পাওয়া যাবে, সেখানে বিভিন্ন পর্যায়ে কমপিউটার শিক্ষা চালু করার ব্যবস্থা হবে। কমপিউটার সাক্ষরতা চালু রাখার জন্য আই. বি. এম. এন. আই. আই. টি., উইপ্রো, এইচ. সি. এল. এবং আই. আই. আই. এম.-এর মতো সুপরিচিত কোম্পানিগুলি সরকারের সাহায্যে এগিয়ে এসেছে।

৯.২ একাদশ অর্থ কমিশনের অনুদানে বিদ্যালয় শিক্ষা বিভাগ জেলায় জেলায় কমপিউটার কেন্দ্র স্থাপন করছে। কাছাকাছি অবস্থিত যে সমস্ত বিদ্যালয়ে নিজস্ব কমপিউটার শিক্ষার ব্যবস্থা নেই সেইসব বিদ্যালয়ে সপ্তম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীদের এই ব্যবস্থায় কমপিউটার শিক্ষার ব্যবস্থা করা হবে।

৯.৩ জেনারেল ডিগ্রি কলেজগুলিতে টাটা ইনফোটেক এবং এন. আই. আই. টি.-র মতো কোম্পানিগুলির মাধ্যমে কমপিউটার শিক্ষা চালু করার প্রস্তাব আছে। দি ইনস্টিটিউট অব কমপিউটার ইঞ্জিনিয়ার সংস্থা ৬৯টি কলেজে ডি. ও. ই. এ. সি. সি. 'ও' এবং 'এ' স্তরের পাঠক্রম অনুযায়ী পাঠদান করছে। পরবর্তী পাঁচ বছরে এই সংখ্যাটি ২০০ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব আছে। বেশ কিছু পলিটেকনিকে কমপিউটার সায়েন্স পাঠক্রম চালু হতে চলেছে। ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটগুলিতে হার্ডওয়্যার মেরামতি পাঠক্রম চালু করা হচ্ছে।

৯.৪ ওয়েবেল একটি আঞ্চলিক সিসকো নেটওয়ার্কিং অ্যাকাডেমি স্থাপন করেছে এবং এ রাজ্যে এটি কাজ করতে শুরু করেছে। এই অ্যাকাডেমি সিসকোর মর্যাদা সম্পন্ন শংসাপত্র প্রাপ্ত নেটওয়ার্কে বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ার সরবরাহ করছে এবং এই শংসাপত্র সারা বিশ্বেই স্বীকৃত।

৯.৫ যুব পরিষেবা বিভাগ পোষিত ৫০টিরও বেশি কমপিউটার কেন্দ্র রাজ্যে চালু হয়েছে। এরা যে পাঠক্রমগুলি চালাচ্ছে তার মধ্যে আছে তথ্যপ্রযুক্তিতে হায়ার ডিপ্লোমা,

তথ্য প্রযুক্তিতে বেসিক ডিপ্লোমা, ই-গভর্ন্যান্স-এ ডিপ্লোমা ইত্যাদি। তথ্যপ্রযুক্তির প্রসার ঘটাতে ওয়েবেল রাজ্যে ৯০টি তথ্য প্রযুক্তি শিক্ষাকেন্দ্রও স্থাপন করেছে।

৯.৬ উচ্চ শিক্ষা বিভাগের অধীনে এ রাজ্যের ৪২৮টি কলেজ রয়েছে। এগুলির মধ্যে রয়েছে ৩৫০টি জেনারেল ডিগ্রি কলেজ, ২৫টি ইঞ্জিনিয়ারিং কলেজ এবং টেকনিক্যাল কলেজ, ১২টি বিজনেস ম্যানেজমেন্ট / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কলেজ এবং ২টি আর্ট কলেজ। প্রকারগত বিদ্যার শক্তিবৃদ্ধি করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে, যা 'জ্ঞান ভিত্তিক' উদ্যোগগুলিতে মানব সম্পদের প্রয়োজনীয়তা পূরণ করবে।

৯.৭ রাজ্য সরকার রাজ্য সরকারি সাহায্যপুষ্ট বিশ্ববিদ্যালয়গুলির আধুনিকীকরণ ও উন্নয়নের জন্য সর্বাধিক গুরুত্ব দিচ্ছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাইক্রো বায়োলজি বিভাগে স্নাতকোত্তর পাঠক্রমের পরিকাঠামোগত উন্নয়নের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। বিশ্ববিদ্যালয় শীঘ্রই তথ্যপ্রযুক্তিতে বি. টেক. এবং এম. টেক. পাঠক্রম চালু করবে। এজন্য রাজ্য সরকার আর্থিক সহায়তা দান করবে।

৯.৮ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের দৃশ্য কলা বিভাগে 'কমপিউটার পোষিত শিক্ষা' কর্মসূচি হাতে নেওয়ার জন্য ওই বিশ্ববিদ্যালয়কে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে ইলেকট্রনিক্স এবং মাইক্রো বায়োলজি পাঠক্রম চালু হয়েছে। জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজে কমপিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং-এ বি. টেক. পাঠক্রম এবং কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজে ও আরো তিনটি টেকনোলজি কলেজে, যেমন—কলেজ অব লেদার টেকনোলজি, কলেজ অব সেরামিক টেকনোলজি ও কলেজ অব টেক্সটাইল টেকনোলজিতে তথ্য প্রযুক্তিতে বি. টেক. পাঠক্রম চালু হয়েছে। ২০০০ সালের ওয়েস্ট বেঙ্গল ইউনিভারসিটি অব টেকনোলজি আইন পাশ হওয়ার ফলে একটি টেকনোলজি ইউনিভারসিটি প্রতিষ্ঠা করা যাবে যার ফলে 'উৎকর্ষ কেন্দ্র' স্থাপন করে বিজ্ঞান শিক্ষা ও গবেষণা, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং এবং ম্যানেজমেন্ট সংক্রান্ত বিষয়ে কাজ করা যাবে।

৯.৯ মজবুত শিক্ষাগত পরিকাঠামোর মাধ্যমে বৃহৎ একটি প্রশিক্ষিত কর্মীগোষ্ঠী রয়েছে যারা ইউনিটগুলির উন্নততর পরিকল্পনা দক্ষতা, ব্যাপক পরীক্ষার জন্য কর্মী এমনকি প্রশিক্ষিত লোকবলের চাহিদা মেটাতে পারবে। কৃতবিদ্য মানবসম্পদ, গবেষণা ও উন্নয়ন, সংস্কৃতি/শিল্পকলাগত ঐতিহ্য এবং মেধাশক্তির জন্য সুপরিচিত এই রাজ্য তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে উদ্যোগগুলির জন্য একটি বৈচিত্র্যপূর্ণ সম্ভার হাজির করছে।

১০.০ সরকারি ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি :

১০.১ ওয়েবেল এবং টাটা ইনফোটেক রূপায়িত ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়াইড এরিয়া নেটওয়ার্ক (ডব্লু. বি. এস. ডব্লু. এ. এন.) কলকাতার সঙ্গে ১৮টি জেলা সদর দফতর এবং ৮টি অন্যান্য গুরুত্বপূর্ণ শহরের সংযোগ স্থাপন করেছে। ওয়েবসোয়ান (ডব্লু. বি. এস. ডব্লু. এ. এন.) ২টি এম. বি. পি. এস. লিজড লাইনের উপর ভিত্তি করে চলছে এবং বি. এস. এন. এল.-কে অর্থ প্রদানের মাধ্যমে এই ব্যবস্থা করা হয়েছে।

১০.২ অ্যাপিকেশন সার্ভিস প্রোভাইডার এবং গভর্নমেন্ট-টু-সিটিজেন পোর্টাল :

২০০৩ সালের ৮ জানুয়ারি তারিখে জি. টু. সি. দ্বিভাষিক পোর্টাল "বাংলার মুখ" চালু করা হল। এই কর্ম পরিকল্পনার প্রধান বৈশিষ্ট্যগুলি হল—

(ক) টি. সি. এস. এবং ওয়েবেল প্রতিষ্ঠিত অ্যাপ্লিকেশন সার্ভিস প্রোভাইডার ৭০:৩০ অনুপাতে ব্যয় ও রাজস্ব নিয়ামক মডেলের অনুরূপে এই পোর্টাল গড়ে তুলেছে এবং এতে অনেকটাই জি. টু. সি. পরিষেবা পাওয়া যাবে। দেশের অন্যান্য স্থানেও বিভিন্ন রাজ্য সরকার এই ধরনের উদ্যোগ সমূহের বিষয়ে যথাযথভাবে অর্থ প্রদান করে চলেছে। অতএব, এটিকে একটি প্রকৃষ্ট নমুনা বলা যেতে পারে। এক্ষেত্রে প্রধান ব্যয়ভার এ. এস. পি. বহন করে চলেছে এবং এতে উল্লেখযোগ্যভাবে সরকারি তরফে আর্থিক ব্যয়ভার কমে যাচ্ছে। পশ্চিমবঙ্গে ই-গভর্ন্যান্স ও ই-এডুকেশন ক্ষেত্রগুলিতে এরূপ সরকারি বেসরকারি অংশীদারিত্বকে আমরা স্বাগত জানাই।

(খ) পোর্টালটি দ্বিভাষিক, অর্থাৎ বাংলা ও ইংরাজিতে। রাজ্য সরকারের ৫৪টি বিভাগের প্রয়োজনীয় সুলভ তথ্য সৃজন এবং সরকারি কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করার সুবিধা ছাড়াও যুক্ত-মূল্য পরিষেবা অ-বিক্রয়যোগ্য সরকারি নিদর্শ, টেন্ডার নোটিশ ইত্যাদির ডাউন লোড অন্তর্ভুক্ত করে। রাজ্যব্যাপী ইনফো-কিয়স্ক ফ্র্যানচাইজ করার মাধ্যমে এই পরিষেবাগুলি নাগালের মধ্যে পাওয়া যাবে। নাগরিকরা সাধারণ তথ্যাদির হদিশ পাবেন এবং ইন্টারনেটের মাধ্যমে সরকারের সঙ্গে সংযোগ রাখতে পারবেন। কিন্তু যুক্ত-মূল্য পরিষেবা পেতে গেলে তাদের ইনফো-কিয়স্ক-এর মাধ্যমে যেতে হবে।

(গ) ইনফো-কিয়স্ক স্থাপন করার জন্য তাদের বিজ্ঞাপনের উত্তরে এ. এস. পি. ১০০০-এরও বেশি আবেদন পত্র পেয়েছে। রাজ্য জুড়ে ৬০ জনেরও বেশি উদ্যোগী ব্যক্তি এ. এস. পি.-র কাছে তাদের লাইসেন্স ফি জমা দিয়েছে। প্রাথমিক ভাবে সরকার দুটি ইনফো-কিয়স্ক স্থাপন করেছেন যাতে প্রাথমিকভাবে সুনিশ্চিত করা যায় ঠিক কী ধরনের পরিষেবা নাগরিকদের দেওয়া হবে এবং নিরূপণ করে নেওয়া যায় যে সরকারি বিভাগগুলিতে নাগরিকদের পরিষেবা দেবার জন্য পূর্ব প্রস্তুতি কিরূপ রয়েছে। পোটেনশিয়াল ইনফো-কিয়স্ক অপারেটর হিসাবে এই কর্ম পরিকল্পনাটির বাণিজ্যিকভাবে টিকে থাকার সম্ভাবনা প্রতিষ্ঠা করার ক্ষেত্রে এটি একটি নমুনা হবে। বেকার এবং স্ব-নিযুক্ত যুবক-যুবতীদের মাধ্যমে নিয়মিত মূল্যের কম লাইসেন্স ফি-তে এই ইনফো-কিয়স্ক স্থাপন করানোর ক্ষেত্রে একটি বিশেষ কর্ম পরিকল্পনা আলোচনাধীন রয়েছে।

(ঘ) ভবিষ্যতে ইনফো-কিয়স্ক শুধুমাত্র সংখ্যায় বৃদ্ধি পাবে না, ভৌগোলিক ব্যাপ্তিতেও ছড়িয়ে পড়বে বলে আশা করা যায়। চলতি আর্থিক বছরে ২৩টি

গুরুত্বপূর্ণ শহরকে এর আওতায় আনা হবে এবং ইনফো-কিয়স্ক নেটওয়ার্ক গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত ছড়িয়ে দেওয়া হবে। পঞ্চায়েত, ক্লাব অথবা অন্যান্য গোষ্ঠী সংস্থা এগুলি নিয়ন্ত্রণ করতে পারবে। এই পোর্টালে একদিকে সরকারি তথ্যাদি এবং পরিষেবা নাগরিকদের আয়ত্বের মধ্যে আনা যাবে এবং অন্যদিকে রাজ্য সরকারের সঙ্গে সরাসরি বজায় রাখা যাবে।

(ঙ) কিয়স্ক স্বত্ত্বাধিকারী, সরকারি বিজ্ঞাপন, টেন্ডার, কর্পোরেট ক্যাম্পেন/ স্পনসরসিপ/ বিজ্ঞাপন ইত্যাদির কাছ থেকে কাজ চালু রাখার লাইসেন্স ফি দাবি করে টি. সি. এস, ওয়েবেল, এ. এস. পি. রাজস্ব আদায় করবেন। ইনফো-কিয়স্ক স্বত্ত্বাধিকারীরা সাধারণ নাগরিকদের কাছ থেকে নেট সময় ও যুক্ত মূল্য পরিষেবা ব্যবহার করার জন্য ফি নেবেন। এ. এস. পি. কারিগরি সহযোগিতা করবে এবং এ. এস. পি. প্রোজেক্ট নিয়ে ব্যবসা করবে।

১০.৩ বাজেট শাখা সহ অর্থ বিভাগ, কোষাগার, বাণিজ্যকর, স্বরাষ্ট্র (আরক্ষা), ভূমি সংস্কার, পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের বাণিজ্য প্রক্রিয়াকরণ অটোমেশনের কাজ এগিয়ে চলেছে। উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ, পুর বিষয়ক বিভাগ, সেচ ও জলপথ পরিবেশ ইত্যাদি বিভাগে জি. আই. এস. ভিত্তিক উপাত্ত ব্যবহারযোগ্য করে তোলা হচ্ছে। কার্যকারিতাকে আরো কুশল ও স্বচ্ছ করে তোলবার লক্ষ্যে অটোমেশন প্রয়োজনগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য টি. সি. এস. রাজ্য সরকার ৭টি বিভাগের একটি সিস্টেম স্ট্যাডি চালু করেছে।

১০.৪ রাজ্যের বিভিন্ন পুরসভায় জিওগ্রাফিকাল ইনফরমেশন সিস্টেম-সংক্রান্ত বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়িত হয়ে চলেছে। যেখানে ওয়েবেল ইতিমধ্যেই ২০টি পুরসভায় জি. আই. এস. চালু করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি দেখাতে পেরেছে, পুরবিষয়ক বিভাগ বিশ্ব ব্যাঙ্ক ও ইউনিসেফ-এর সহায়তায় ৫১টি পৌরসভায় জি. আই. এস. রূপায়িত করেছে।

১০.৫ সচিবালয়ের বিভিন্ন বিভাগ, অধিকারসমূহ এবং জেলা অফিসগুলিতে কর্মচারীবৃন্দ ও আধিকারিক উভয়ের জন্যই তথ্যপ্রযুক্তিতে প্রশিক্ষণ দানের কাজ চলছে এবং আগামি বছরে এই কাজ আরো নিবিড়ভাবে অনুসরণ করা হবে। ওয়েবেল কী-বোর্ড সহ একটি বাংলা সফট্ওয়্যার প্যাকেজ তৈরি করেছে এবং অফিসের কাজে অতিরিক্ত হিসাবে বাংলাকে ব্যবহার করার জন্য ১০০০টি কপি বিভিন্ন বিভাগ, অধিকারসমূহ এবং জেলা প্রশাসকের অফিসগুলিতে বণ্টন করা হয়েছে।

১০.৬ একটি টেলিমেডিসিন প্রোজেক্ট ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছে। কলকাতার স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনকে হাবড়া ও কুচবিহারের দুটি সুদূরবর্তী সরকারি হাসপাতালের সঙ্গে সংযোগ করা হয়েছে। এর মাধ্যমে রোগী বিভিন্ন ত্বক ও রক্ত ঘটিত রোগের ক্ষেত্রে রোগ নির্ণয় ও আলোচনার সুযোগ পাবেন। ইতিমধ্যেই ৫০০ রোগী এই পরিষেবা পেয়েছে। এই কর্মপ্রকল্পটিতে ভারত সরকার পুরোপুরি অর্থ সহায়তা দিয়েছে। আরো একটি কর্মপ্রকল্প

শীঘ্রই কাজ শুরু করবে বলে আশা করা যায়। দুটি উল্লেখযোগ্য হাসপাতাল—নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতাল এবং বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতাল, দুটি নোডাল ডিস্ট্রিক্ট হাসপাতাল যথাক্রমে পশ্চিম মেদিনীপুর এবং বহরমপুর হাসপাতালকে নীলরতন সরকার হাসপাতালের সঙ্গে এবং সিউড়ি ও পুরুলিয়া হাসপাতালকে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালের সঙ্গে যুক্ত করা হবে। এই কর্মপ্রকল্পে রোগীদের টেলিকার্ডিওলজি, টেলিরেডিওলজি এবং টেলিপ্যাথোলজি পরিষেবা দেওয়া যাবে। ভারত সরকার যন্ত্রপাতি এবং স্থানগত প্রস্তুতি ও সংযোগ স্থাপনের জন্য অর্থ সরবরাহ করছে এবং অন্যান্য নিয়মিত ব্যয়গুলি রাজ্য সরকার বহন করছে।

১০.৭ শারীরিক প্রতিবন্ধীদের জন্য ডি. আই. টি. পোষিত কর্মপ্রকল্প :

রাজ্য সরকারের অধীন একটি ওয়েবেল গ্রুপ কোম্পানি, ওয়েবেল মিডিয়াট্রনিক্স পশ্চিমবঙ্গে তথ্যপ্রযুক্তি বিভাগের সহায়তায় একটি কমপিউটারকরণযুক্ত ব্রেল ট্রান্সক্রিপশন পদ্ধতি তৈরি করেছে। এই ব্যবস্থার প্রধান উদ্দেশ্য হল দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য তথ্যপ্রযুক্তি কারিগরির মাধ্যমে শিক্ষার প্রসার ঘটানো এবং ইংরেজি ও অন্যান্য ভারতীয় ভাষায় লিখিত পাঠ্যপুস্তকের কমপিউটারলিখিত লিপি থেকে ব্রেল লিপিতে পরিবর্তন ও তদ্বিপরীত করা এবং ব্রেল বইগুলির স্থানীয় মুদ্রণের ব্যবস্থা করা। বহিঃপৃথিবীর সঙ্গে সংযোগ রক্ষা করতে ইন্টারনেট ব্যবহারে এদের অনেক সুবিধা হয়েছে। একজন দৃষ্টিহীন ব্যক্তিকে পুনর্বাসন করতে ও তাঁর (স্ত্রী/পুরুষ) কেরিয়ার সংক্রান্ত কর্মপন্থা আরো সুদূরপ্রসারী করতে এই ব্যবস্থায় অভূতপূর্ব সম্ভাবনা দেখতে পাওয়া গেছে। দৃষ্টিহীন জনসমষ্টিকে নাগরিক কেন্দ্রিক পরিষেবা দেওয়ার ক্ষেত্রে এই ব্যবস্থাও ব্যবহার করা যেতে পারে।

বর্তমানে সারা দেশে ২২টি রাজ্যে ৭০টি দৃষ্টিহীনদের জন্য বিদ্যালয়ে ব্রেল ব্যবস্থা চালু করা হয়েছে। পশ্চিমবঙ্গে ৩০টি সরকার পরিপোষিত দৃষ্টিহীনদের জন্য বিদ্যালয় সহ একটি জাতীয় গ্রন্থাগারকে ডি. আই. টি., ভারত সরকারের তরফ থেকে আংশিক অর্থ সরবরাহ করা হচ্ছে। সমাজের প্রতিবন্ধী অংশের জন্য এটি অন্যতম সফল তথ্যপ্রযুক্তি প্রয়োগ হিসাবে বিবেচিত হতে পারে।

মস্তিষ্কের পক্ষাঘাতে আক্রান্ত ব্যক্তিদের জন্য ওয়েবেল মিডিয়াট্রনিক্স লিমিটেড একটি শিক্ষা ও সংযোগ সফট্ওয়্যার তৈরি করেছেন। এই কর্মপ্রকল্প ভারত সরকারের তথ্যপ্রযুক্তি বিভাগের পোষকতা প্রাপ্ত হয়েছে। এদের তৈরি সফট্ওয়্যার বিকল্প ও পরিবর্ধনশীল যোগাযোগ (এ. এ. সি.) শিক্ষাদান ও শিক্ষাসহায়ক রূপে এক চিত্রভিত্তিক যোগাযোগ পদ্ধতির ব্যবস্থা করছে। সংস্কৃতিগত উপযুক্ত যেসব চিত্রকল্প (ছবি) সৃষ্টি করা হয়েছে যার অনেকগুলি এখন মস্তিষ্কের পক্ষাঘাতাক্রান্ত শিশুরা তাদের বার্তা বোঝানোর জন্য ব্যবহার করতে পারে। এই সফট্ওয়্যারে ইংরেজি, বাংলা, হিন্দী ও মিজো ভাষায় কাজ হয়। বর্তমানে এই পদ্ধতির পরীক্ষা-নিরীক্ষা চলছে কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সেরিব্র্যাল প্যালসি এবং আইজলের সোসাইটি ফর রিহ্যাবিলিটেশন অব স্প্যাস্টিক চিলড্রেন-এ। যেহেতু এই সব

পদ্ধতির দ্বারা প্রধান প্রধান সমস্ত ভারতীয় ভাষায় রূপদান করা সম্ভব হয়েছে, সেহেতু ওই ধরনের সুবিধাকে সারা দেশে মূর্ত করে তোলার কাজে পশ্চিমবঙ্গ এক গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার স্থানে পৌঁছেছে।

১১.০ শিল্পে তথ্যপ্রযুক্তির প্রয়োগ

১১.১ অর্থনৈতিক উন্নয়নের একটি অবশ্য পালনীয় শর্ত হিসাবে তথ্যপ্রযুক্তি সেক্টরের বিশেষ গুরুত্বের পরিপ্রেক্ষিতে এবং তৎসহ সরকারি প্রতিষ্ঠানগুলির কর্মদক্ষতার গুণগত উন্নতি বিধানের ক্ষেত্রে এর প্রাসঙ্গিকতার দিকে লক্ষ্য রেখে এই ক্ষেত্রে বিকাশের ওপর যথেষ্ট জোর দেওয়া হয়েছে। তথ্যভিত্তিক শিল্পক্ষেত্রে বাণিজ্যের প্রসার এই রাজ্যের ক্ষেত্রে বিশেষ তাৎপর্য বহন করে, যেহেতু তা রাজ্যের অনবদ্য সাংস্কৃতিক ও শিক্ষাগত ঐতিহ্যের সহযোগে আরো সক্রিয়তা দেখিয়ে থাকে। এখানে দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য কর্ম নিয়োগের সুযোগ ক্রমবর্ধমান যে বিষয়টি সরকারকে এই উদীয়মান ক্ষেত্রের বিকাশের জন্য কর্মদ্যোগ নিতে প্রয়াসী করেছে।

১১.২ এটা লক্ষ্য করা অত্যন্ত আশাব্যঞ্জক যে কলকাতা ভারতের মধ্যে দ্রুততম বৃদ্ধিশীল তথ্যপ্রযুক্তির কেন্দ্রগুলির অন্যতম হিসাবে চিহ্নিত হয়েছে। বিপুল সংখ্যক দক্ষ ও মেধাসম্পন্ন কর্মীসমষ্টি অপেক্ষাকৃতভাবে হয়রানিমুক্ত পরিবেশ, আধুনিক যোগাযোগ পরিকাঠামোর সহজলভ্যতা ও তুলনামূলক সুলভ ভূসম্পত্তি মূল্য এই শহরকে তথ্যপ্রযুক্তির গন্তব্যস্থল হিসাবে প্রতিযোগিতামূলক অবস্থানে নিয়ে গিয়েছে। যেসব কোম্পানি সাফল্যের সঙ্গে এই শহর থেকে কাজ করে চলেছে তাদের মধ্যে কয়েকটি হল—টাটা কনসানটেন্সি সার্ভিসেস, কগ্‌নিজেন্ট টেকনোলজি সলিউসনস, আই. বি. এস., কমপিউটার অ্যাসোসিয়েটস, টি. সি. জি. সফট্‌ওয়্যার সার্ভিসেস, সি. এ. টি. সি. জি. সফট্‌ওয়্যার (ক্যাট্‌স), স্কাইটেক, এজিলেন্ট টেকনোলজিস, সিমেন্স, এইচ. সি. এল. ইনফোসিস্টেমস লিমিটেড, আর. এস. সফট্‌ওয়্যার, আই. টি. সি. ইনফোটেক শ্রামবার্জার সেমা, প্রাইস ওয়াটার হাউস কুপার্স ইত্যাদি।

১১.৩ তথ্যপ্রযুক্তি পরিষেবা ক্ষেত্রে পশ্চিমবঙ্গে এস. টি. পি. আই. (সফট্‌ওয়্যার টেকনোলজি পার্কস অব ইন্ডিয়া) প্রকল্পের অধীনে নিবন্ধীকৃত ইউনিটের সংখ্যা ৩১.১২.২০০১ তারিখে ছিল ১৩২টি এবং ৩১.১২.২০০২ তারিখে তা বেড়ে ১৪৫টিতে দাঁড়িয়েছে। ৩১.১২.২০০১ তারিখে আই. টি. ই. এস. ইউনিটের সংখ্যা ছিল ১৩ এবং বেড়ে ৩১.১২.২০০২ তারিখে ৩০টি হয়েছে। অর্থাৎ নিবন্ধীকৃত সফট্যওয়্যার টেকনোলজি পার্ক ইউনিটের (আই. টি. এবং আই. টি. ই. এস. উভয় ধরনের) মোট সংখ্যা ৩১.১২.২০০১ তারিখে ১৪৫ থেকে বেড়ে ৩১.১২.২০০২ তারিখে ১৭৫টি হয়েছে। তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে ১৭৫টি এস. টি. পি. আই. নিবন্ধীকৃত ইউনিটের মধ্যে প্রায় ৮০ শতাংশ ক্ষুদ্র শিল্পক্ষেত্রের অন্তর্গত। ২০০২ পঞ্জিকা বর্ষের নিবন্ধীকৃত ৩০টি নতুন আই. টি. পরিষেবা ও আই. টি. ই. এস. ইউনিটে আনুমানিক প্রায় ২০০০টি অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এইসব

আই. টি. এবং আই. টি. ই. এস. ইউনিটের অতিরিক্ত বিনিয়োগের পরিমাণ আনুমানিক প্রায় ২০০ কোটি টাকা।

১১.৪ এস. টি. পি. আই. কলকাতার অধীন সফট্ওয়্যার ইউনিটগুলি থেকে বিগত ৭ বছরের রপ্তানির পরিমাণ যথেষ্ট পরিমাণে বেড়েছে। ১৯৯৬-৯৭ সালে সফট্ওয়্যার রপ্তানির মূল্য ছিল ১৮ কোটি টাকা এবং ২০০২-২০০৩ সালে তা ৮০০ কোটি টাকা ছাড়িয়ে গেছে। এ থেকে দেখা যাচ্ছে যে ক্রমপুঞ্জিত বার্ষিক বিকাশের হার প্রায় ৮৮ শতাংশ। এই হার জাতীয় গড়ের তুলনায় বেশি।

১১.৫ দূর সঞ্চার (টেলিকম) ক্ষেত্রেও এই রাজ্য উল্লেখযোগ্য বৃদ্ধির পরিচয় দিয়েছে। ২০০২-২০০৩ সালে দূর সঞ্চার ক্ষেত্রে বিভিন্ন কোম্পানির আনুমানিক বিনিয়োগের পরিমাণ হল প্রায় ১৯০০ কোটি টাকা। সর্বাধুনিক যোগাযোগ পরিকাঠামো সৃষ্টির লক্ষ্যে রিলায়েন্স গোষ্ঠী ১০০০ কোটিরও বেশি টাকা বিনিয়োগ করেছে, আলোচ্য বছরে বি. এস. এন. এল. ৪০০ কোটি টাকা বিনিয়োগ করেছে, ভারতীয় টেলিসোনিক ২০০ কোটি টাকা ব্যয় করেছে এবং ভি. এস. এন. এল. ৩৩০ কোটি টাকা ঢেলেছে।

১১.৬ ২০০১ সালের নভেম্বর মাসে 'পশ্চিমবঙ্গ তথ্যপ্রযুক্তি উৎসাহদান কর্মপ্রকল্প' ঘোষিত হয়েছে। 'ক' 'খ' ও 'গ' শ্রেণিভুক্ত এলাকাসমূহে অবস্থিত তথ্যপ্রযুক্তি শিল্পগুলিকে নথিপত্র নিবন্ধীকরণের জন্য প্রদেয় স্ট্যাম্প ডিউটি ও নিবন্ধীকরণের মাসুল দেওয়া থেকে পুরোপুরি ছাড় দেওয়া হয়েছে। 'ক' ও 'খ' শ্রেণিভুক্ত এলাকায় অবস্থিত শিল্পগুলি রাজ্য মূলধনী বিনিয়োগের আওতায় আসবে। ১৫০ লক্ষ টাকার ঊর্ধ্বসীমা সাপেক্ষে স্থায়ী মূলধন বিনিয়োগের ১৫ শতাংশ ভর্তুকী দেওয়া হবে। 'গ' শ্রেণিভুক্ত এলাকাগুলিতে তথ্যপ্রযুক্তি শিল্প স্থাপনের জন্য ২৫০ লক্ষ টাকার ঊর্ধ্বসীমা সাপেক্ষে স্থায়ী মূলধনী বিনিয়োগের ২৫ শতাংশ ভর্তুকি দেওয়া হবে। এছাড়াও 'ক' শ্রেণিভুক্ত এলাকাগুলির ক্ষেত্রে ৫ বছরের জন্য বার্ষিক ১ কোটি টাকা ঊর্ধ্বসীমা পর্যন্ত গৃহীত ঋণের জন্য প্রদেয় বার্ষিক সুদের উপরে ৫০ শতাংশ সুদ ভর্তুকি 'খ' শ্রেণিভুক্ত এলাকাগুলিতে ১২ কোটি টাকার ঊর্ধ্বসীমা সাপেক্ষে গৃহীত ঋণের জন্য প্রদেয় বার্ষিক সুদের উপরে ৭ বছরের জন্য তথা 'গ' শ্রেণিভুক্ত এলাকাগুলিতে ৯ বছরের জন্য ৬০ শতাংশ ভর্তুকি দেওয়া হবে। চালু হওয়ার তারিখ থেকে ৫ বছরের জন্য বিদ্যুতের মাসুল দিতে হবে না।

১১.৭ ঝুঁকিপূর্ণ উদ্যোগের জন্য মূলধনী তহবিল :

এর লক্ষ্য হল নবীন শিল্পোদ্যোগীদের সাহায্য ও সহায়তা দান। রাজ্য সরকার ওয়েবেল ও ডব্লু. বি. আই. ডি. সি.-র মাধ্যমে ১০ কোটি টাকার প্রারম্ভিক কোর্স সহ একটি ঝুঁকিপূর্ণ উদ্যোগের জন্য মূলধনী তহবিল গঠন করেছে। সমগ্র পূর্ব ভারতে এটি একমাত্র কার্যকর ঝুঁকিপূর্ণ উদ্যোগের জন্য মূলধনী তহবিল। এই তহবিলটি সম্পূর্ণ ভাবে কার্যকরী এবং প্রথম প্রয়াসী শিল্পোদ্যোগীদের তহবিল যোগানের কাজও শুরু করেছে। সম্প্রতি ভারতের ক্ষুদ্র শিল্প উন্নয়ন ব্যাঙ্ক (এস. আই. ডি. বি. আই.) এই ঝুঁকিপূর্ণ উদ্যোগের জন্য মূলধনী তহবিলে অংশগ্রহণ করতে সম্মত হয়েছে।

১১.৮ উন্মেষ কেন্দ্র :

ওয়েবেলে অবস্থিত উন্মেষ কেন্দ্রটি হল 'প্রযুক্তিগত শিল্পোদ্যোগ'কে উৎসাহদানের কয়েকটি অনন্য বৈশিষ্ট্যযুক্ত প্রোৎসাহন মঞ্চ। কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট নবীন শিল্পোদ্যোগীদের সঙ্গে ঘনিষ্টভাবে কাজ করে চলেছে, তাঁদের অভিভাবকত্ব করছে এবং তাদের প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা করে একটি বাস্তবোপযোগী ব্যবসায়িক পরিকল্পনা গড়ে তুলতে সহায়তা করছে। সফল 'উন্মেষী'রা তাঁদের ব্যবসায়িক পরিকল্পনা বাস্তবায়িত করার উদ্দেশ্যে ঝুঁকিপূর্ণ উদ্যোগের জন্য মূলধনী তহবিলের সুযোগ পেতে পারেন।

১২.০ বিনিয়োগ প্রোৎসাহন প্রয়াস সমূহ (ম্যাকিনসে অ্যান্ড কোম্পানির কর্মভার) :

১২.১ এখানে স্মরণ করা যেতে পারে যে ২০০১ সালের নভেম্বর মাসে ম্যাকিনসে অ্যান্ড কোম্পানি এক বর্ষব্যাপী বিনিয়োগ প্রোৎসাহন কর্মভার গ্রহণ করেছিল। ওই দায়িত্ব পালনকালে তথ্যপ্রযুক্তি বিভাগের সহযোগিতা ক্রমে নিম্নোক্ত কর্মকাণ্ড সমূহের সূচনা করা হয় :

(১) বর্তমান বিনিয়োগ চিত্রটি বিশ্লেষণ করা ;

(২) তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে বিকাশের সুনির্দিষ্ট ক্ষেত্রগুলি চিহ্নিত করা;

(৩) তথ্যপ্রযুক্তির জন্য "ভিশন ২০১০" প্রস্তুত করা;

(৪) তথ্যপ্রযুক্তি নির্ভর পরিষেবাগুলির জন্য একটি অভিমুখী নীতি প্রণয়ন করা;

(৫) দেশীয় ও বৈদেশিক কোম্পানিগুলির সঙ্গে বিনিয়োগ নির্দিষ্ট আলাপ-আলোচনা শুরু করা;

(৬) একটি পথনির্দেশিকা প্রস্তুত করা যেখানে শিক্ষা ও ভৌত পরিকাঠামো তথ্যপ্রযুক্তি ভিত্তিক বাণিজ্য এবং বিনিয়োগ প্রোৎসাহনের নির্দিষ্ট প্রয়াস সমূহ চিহ্নিত করা হবে;

(৭) ২০০২ সালের জানুয়ারি মাসে সম্পাদিত তথ্যপ্রযুক্তি নীতির একটি পরিমার্জিত ও নতুন তথ্যপ্রযুক্তি নীতির খসড়া প্রস্তুত করা।

২০০০ সালের নভেম্বর মাসে ম্যাকিনসে গোষ্ঠী রাজ্য বিনিয়োগ প্রোৎসাহন পর্ষদের (এস. আই. পি. বি.) কাছে একটি প্রস্তাবনা উপস্থাপিত করে এবং নীতি সম্বন্ধীয় অবশ্য পালনীয় কর্তব্যগুলির বিষয়ে মতামত সহ 'ভিশন ২০১০' এর লক্ষ্যপূরণের জন্য যে কর্মযোজনা রূপায়ণ করা প্রয়োজন তৎসম্বন্ধীয় একটি বিস্তারিত প্রতিবেদন পেশ করে।

এখানে এও স্মরণযোগ্য যে কর্মভার চলাকালীন প্রথম বর্ষে ম্যাকিনসেকে প্রদত্ত দায়িত্বের মধ্যে মুখ্য বিষয় ছিল বিনিয়োগের বৃদ্ধি। ম্যাকিনসে গোষ্ঠী প্রাথমিকভাবে ১০০টি

দেশিয় ও বৈদেশিক তথ্যপ্রযুক্তি কোম্পানির একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করেছিল, যাদের হয়তো নতুন তথ্যপ্রযুক্তি প্রকল্পে বিনিয়োগের পরিকল্পনা থাকতে পারে। প্রাথমিক স্তরে ম্যাকিনসে গোষ্ঠীর তহবিল সংক্রান্ত কর্মীরা ব্যক্তিগতভাবে ওইসব কোম্পানির সঙ্গে সাক্ষাৎ করে আলোচনা করেন। এরপর ওইসব কোম্পানির সঙ্গে যে আলোচনা হয় তার ভিত্তিতে ওই তালিকা সংক্ষিপ্ততর করে ৩৬টি কোম্পানিতে নামিয়ে আনা হয়। এরপর ২০০২ সালের সেপ্টেম্বর মাসে তথ্যপ্রযুক্তি বিভাগ ম্যাকিনসে গোষ্ঠী বিনিয়োগকারীদের সঙ্গে সাক্ষাৎ করেন এবং নয়াদিল্লি, মুম্বাই, ব্যাঙ্গালোর ও চেন্নাইয়ে সুনির্দিষ্ট ''রোড শো' সংগঠিত করেন। প্রত্যেকটি কোম্পানির সঙ্গে আলোচনার নথি রক্ষিত হয়েছে এবং সেগুলি নিয়ে এখনও তদ্বির চালানো হচ্ছে যাতে ওই কোম্পানিগুলি অবশেষে কলকাতায় বিনিয়োগের পক্ষে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে।

২০০২ সালের মার্চ থেকে সেপ্টেম্বর মাসের মধ্যে ধারাবাহিক ও নিরলস প্রয়াসের ফলশ্রুতিতে কলকাতায় বিনিয়োগের সম্ভাব্যতা সম্পর্কে বহু দেশিয় ও বিদেশি তথ্যপ্রযুক্তি কোম্পানির মূল সিদ্ধান্তকারীদের মানসিকতায় একটি সদর্থক প্রভাব সৃষ্টি করা সম্ভব হয়েছে। যেসব কোম্পানি প্রকাশ্যেই কলকাতায় বিনিয়োগ করার জন্য আগ্রহী, তাদের মধ্যে আছে জি. ই ক্যাপিট্যাল, আই. সি. আই. সি. আই, ওয়ান-সোর্স, আই. টি. সি. ইনফোটেক, এ. আই. জি., রিলায়েন্স ইনফোকম, আই. বি. এম., টি. সি. এস. (বি. পি. ও.), কগ্‌নিজেন্ট টেকনোলজি সলিউশনস্ (বি. পি. ও.) প্রভৃতি।

১৩.০ আই. টি. ই. এস. নীতি :

১৩.১ বিনিয়োগ আকর্ষণ করার উদ্দেশ্যে রাজ্য সরকার ২০০২ সালের আগস্ট মাসে একটি মহতী আই. টি. ই. এস. নীতি ঘোষণা করেছে, যেটি সারা ভারতের মধ্যে সর্বোত্তম বলে স্বীকৃত হয়েছে।

(১) আই. টি. ই. এস. নীতির রূপরেখাসমূহ :

- পশ্চিমবঙ্গের তথ্যপ্রযুক্তি দৃষ্টিভঙ্গি
- এই ক্ষেত্রে সাফল্য লাভ করার জন্য প্রয়োজনীয় ও অবশ্য পালনীয় শর্তগুলি পূরণ করার পক্ষে এ রাজ্যের উজ্জ্বল সম্ভাবনাময় পরিস্থিতি এবং
- রাজ্য বিনিয়োগকারীদের দেওয়া নিয়ন্ত্রণ সংক্রান্ত ও অর্থ সংক্রান্ত সমর্থন।

(২) নতুন আই. টি. ই. এস. নীতির বিষয়সমূহ :

রাজ্য সরকার একটি আই. টি. ই. এস. কেন্দ্রের কাজকর্ম সুষ্ঠু ও বিঘ্নহীনভাবে চালানোর জন্য প্রয়োজনীয় সুনির্দিষ্ট নীতি সম্বন্ধীয় পন্থাগুলির

বিষয়ে সম্যক সচেতন। তদনুসারে এই সরকার একটি নিয়ন্ত্রিত প্রশাসনিক কাঠামো থেকে আই. টি. ই. এস. কোম্পানিগুলির সুষ্ঠুভাবে কাজকর্ম পরিচালনায় সহায়ক ভূমিকা পালনের উদ্দেশ্যে একটি উৎসাহদানমূলক কাঠামোয় রূপান্তরিত হতে প্রতিশ্রুতিবদ্ধ।

- **জন উপযোগী পরিষেবার মর্যাদা :** ১৯৪৭ সালের শ্রম বিবাদ আইন অনুসারে আই. টি. ই. এস. কোম্পানিগুলিকে তাদের ২৪ x ৭ x ৩৬৫ ধরনের কাজের পরিপ্রেক্ষিতে " জন উপযোগী পরিষেবা"-র মর্যাদা দেওয়া হয়েছে।
- বিপণি ও প্রতিষ্ঠান আইনের অধীনে প্রাতিষ্ঠানিক মর্যাদা দান।
- যেসব আইন থেকে অব্যাহতি পাওয়া যাবে সেগুলি হল (১) নির্দিষ্টভাবে খোলা ও বন্ধ হওয়ার সময় জানানো, (২) মহিলাদের রাত্রে কাজ করা নিষিদ্ধ থাকা, (৩) যদি কোনো কর্মচারীকে সপ্তাহে ৪৮ ঘণ্টার বেশি কাজ করতে হয় তাহলে ওই কর্মচারীকে ক্ষতিপূরণমূলক ছুটি দেওয়ার ব্যাপারে আই. টি. ই. এস. কোম্পানিগুলিকে নতুন বিকল্প ব্যবস্থার অধিকার প্রদান, (৪) জাতীয় ছুটির দিন কাজ করা নিষিদ্ধ (কোম্পানিকে ক্ষতিপূরণমূলক ছুটি দিতে হবে), (৫) সপ্তাহে দৈনিক ২৪ ঘণ্টা ও বছরে ৩৬৫ দিনের ভিত্তিতে কাজ করা নিষিদ্ধ থাকা।
- আই. টি. ই. এস. কোম্পানিগুলি মহিলা কর্মচারীদের দিয়ে রাত ৮টার পরেও কাজ করাতে পারবে, যদি কোম্পানিগুলি বিশেষ কয়েকটি নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করে।
- নিম্নোক্ত বিধিবদ্ধকরণগুলির অধীনে সহজে ছাড়পত্র প্রদান ও বিশেষ কয়েকটি শর্ত সাপেক্ষে স্ব-শংসিতকরণের অনুমতি দান : (১) বিপণি ও প্রতিষ্ঠান আইন, (২) চুক্তিভিত্তিক শ্রম (নিয়ন্ত্রণ ও বিলোপ আইন) , (৩) ই. এস. আই. আইন, (৪) ই. পি. এফ. এবং বিবিধ সংস্থান আইন, (৫) মাতৃত্ব সুযোগ-সুবিধা আইন, (৬) বেতন প্রদান আইন, (৭) শ্রমিকদের ক্ষতিপূরণ আইন, (৮) জল ও বায়ুদূষণ আইন (একমাত্র ডিজেল চালিত জেনারেটর, সেটগুলির ক্ষেত্র ছাড়া)।

১৩.২ তথ্য প্রযুক্তি বিভাগ সম্প্রতি ২০০০ সালের পূর্বতন তথ্যপ্রযুক্তি নীতিটি সময়োপযোগী করে তোলার একটি প্রকল্প হাতে নিয়েছে। আই. টি. ই. এস.-এর কর্মকাণ্ড সুষ্ঠুভাবে চালানোর উপযোগী নিয়ন্ত্রক কাঠামো সৃষ্টি করা ছাড়াও এর মধ্যে বিশেষ কয়েকটি অতিরিক্ত সমর্থনসূচক পন্থা অন্তর্ভুক্ত হবে। যেসব সমর্থনমূলক পন্থা এর মধ্যে অন্তর্ভুক্ত হবে তার মধ্যে রয়েছে "বাণিজ্যিক ধারাবাহিকতা পরিকল্পনাকে" সাহায্যদান, দস্যুনিরোধ ব্যবস্থা জোরদার করা, তথ্য সুরক্ষা প্রনিয়ম চালু করা, পশ্চিমবঙ্গ তথ্যপ্রযুক্তি উন্নয়ন কেন্দ্র সৃষ্টি

করা—যা তথ্যপ্রযুক্তি বিনিয়োগের ক্ষেত্রে একক জানালা সাহায্য সংস্থা হিসেবে কাজ করবে। সংশোধিত তথ্যপ্রযুক্তি নীতি শীঘ্রই প্রকাশিত হবে বলে আশা করা হচ্ছে।

১৪.০ তথ্যপ্রযুক্তি বিনিয়োগ সংক্রান্ত তথ্যাবলী :

১৪.১ এই রাজ্য টাটা কনসালটেন্সি সার্ভিসেস, কগ্‌নিজ্যান্ট টেকনোলজি সলিউশন্‌স, আই. টি. সি. ইনফোটেক, কমপিউটার অ্যাসোসিয়েটস্, ব্রামবার্জার সেমা, প্রাইস ওয়াটার হাউস কুপার্স, সিমেন্স, ইউনাইটেড এয়ারলাইনস্ এবং এজিলেন্ট টেকনোলজিস প্রভৃতির মতো বড় বড় তথ্যপ্রযুক্তি কোম্পানিগুলিকে আকৃষ্ট করতে পেরেছে।

১৪.২ সর্বমোট ১৭৫টি কোম্পানি রাজ্যের সফট্‌ওয়্যার ক্ষেত্রে ক্রিয়াশীল রয়েছে এবং এগুলি প্রধানত কলকাতা কেন্দ্রিক। কলকাতার পরিকল্পিত স্যাটেলাইট উপনগরী সল্টলেক তথ্যপ্রযুক্তি শিল্পের 'স্নায়ু কেন্দ্র' হিসাবে চিহ্নিত হয়েছে। এই কমপ্লেক্সে প্রায় ১৫,০০০ তথ্যপ্রযুক্তির পেশাদার কর্মী কাজ করছেন।

১৪.৩ সম্প্রতি কলকাতায় আই. টি. ই. এস. কর্মকাণ্ডের নিরবচ্ছিন্ন অগ্রগতি হয়েছে। শহরে বিষ্ণু সলিউশনস্, বি. এন. কে., বে.-ভিউ, ইমপেক্স ও ওয়েব ডেভেলপমেন্ট কোম্পানির মতো কয়েকটি কল সেন্টার ইতিমধ্যেই কাজ শুরু করেছে। আই. সি. আই. সি. আই. ব্যাঙ্কও নিজেদের প্রয়োজন মেটানোর জন্য শহরে একটি কল সেন্টার চালু করেছে।

১৪.৪ নেক্সজেনিক্স (একটি মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক কোম্পানি), জয়শ্রী ইনফোটেক্ (একটি বি কে বিড়লা গোষ্ঠীর কোম্পানি), ইন্ডিকন ম্যানেজমেন্ট প্রাইভেট লিমিটেড ও মঞ্জুশ্রী ইনফোটেক্ (একটি বি কে বিড়লা গোষ্ঠীভুক্ত কোম্পানি) আগামি মাসগুলিতে কল সেন্টার ও বি. পি. ও. কর্মকাণ্ড চালু করার পরিকল্পনা চূড়ান্ত করেছে।

১৪.৫ ইতিমধ্যেই যারা বিনিয়োগ করেছে, যেমন টি. সি. এস., কগ্‌নিজ্যান্ট ও আই. বি. এম. শীঘ্রই শহরে বি. পি. ও. কর্মকাণ্ডের মাধ্যমে বিভিন্ন ধরনের কাজ শুরু করবার সুনির্দিষ্ট পরিকল্পনা করেছে। অন্য যেমন কোম্পানির সঙ্গে আমরা কলকাতায় কাজ শুরু করার জন্য আলাপ আলোচনা চালাচ্ছি সেগুলি হল—আই. সি. আই. সি. আই. ব্যাঙ্ক লিমিটেড, ইউনিলিভার, এল. অ্যান্ড. টি. ইনফোটেক্, এ. আই. জি., রিলায়েন্স ইনফোকম্ লিমিটেড ও আই. টি. সি. ইনফোটেক্ লিমিটেড।

১৪.৬ জি. ই. ক্যাপিট্যাল জানিয়েছে যে দেশে তাদের পরবর্তী কল সেন্টার স্থাপনের ক্ষেত্রে কলকাতার সম্ভাবনাই সর্বাগ্রে।

১৪.৭ কলকাতার সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্সে ২০০২ সালের ১৩ই ডিসেম্বর তারিখে 'ভূমি পূজা' করে উইপ্রো তাদের নতুন ডেভেলপমেন্ট সেন্টার নির্মাণ শুরু করেছে। এই ৫০ কোটি টাকার প্রকল্পটি ১২ মাসের মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা হচ্ছে এবং এখানে তথ্যপ্রযুক্তি পরিষেবা এবং আই. টি. ই. এস. কর্মকাণ্ড উভয়েরই সংস্থান থাকবে।

উইপ্রোর নতুন বি. পি. ও. শাখা উইপ্রো স্পেকট্রামাইন্ড আই. টি. ই. এস.-এর কর্মকাণ্ড শুরু করবে বলে আশা করা হচ্ছে।

১৪.৮ আই. বি. এম. গ্লোবাল সার্ভিসেস জানিয়েছে যে তারা কলকাতায় রপ্তানির উদ্দেশ্যে একটি ২০০ আসন বিশিষ্ট সফটওয়্যার ডেভেলপমেন্ট সেন্টার স্থাপন করবে। এখানে উল্লেখ করা যেতে পারে যে আই. বি. এম. সম্প্রতি প্রাইস ওয়াটার হাউস কুপার্সের কর্মকাণ্ডের কিয়দংশ অধিগ্রহণ করেছে, যেটি পি. ডব্লু. সি.-র তথ্যপ্রযুক্তি বিষয়ক পরামর্শ দানকারী শাখার আই. বি. এম. কর্তৃক বিশ্বব্যাপী অধিগ্রহণের ফলশ্রুতি। শহরে পি. ডব্লু. সি.-র যে পরিকাঠামো রয়েছে, আই. বি. এম. সেখানে তাদের সাগরপারের গ্রাহকদের জন্য বি. পি. ও. ব্যবস্থা চালু করবে বলে আশা করা হচ্ছে।

১৪.৯ রিলায়েন্স গোষ্ঠী কলকাতায় "ধীরুভাই আম্বানি ইনস্টিটিউট অব্ ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি" নামে একটি উৎকর্ষ কেন্দ্র স্থাপন করতে সম্মত হয়েছে। তারা ইতিমধ্যে রাজ্যে একটি সুবিস্তীর্ণ অপটিক্যাল ফাইবার কেব্‌ল নেট ওয়ার্ক স্থাপন করেছে, যেটি তাদের ন্যাশনাল ব্রডব্যান্ড অ্যাকসেস প্রজেক্টের অংশবিশেষ। এছাড়াও রাজ্য সরকার ওই গোষ্ঠীর সঙ্গে একটি ৫০০ আসন বিশিষ্ট কল সেন্টার, গবেষণা ও উন্নয়নের সুবিধা সমন্বিত একটি টেলি কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং সেন্টার এবং ১০০ একরের বেশি জায়গা জুড়ে 'নলেজ সিটি' নামে একটি তথ্যপ্রযুক্তি কেন্দ্রিক পরিকাঠামো প্রকল্প স্থাপনের জন্য আলাপ-আলোচনা চালাচ্ছে।

১৪.১০ স্যামসাঙ ইন্ডিয়া লিমিটেড তাদের "বিল্ড ইয়োর পিসি" উদ্যোগাধীনে সল্টলেকে ওয়েবেল ও সিনটেক-এর সহযোগিতায় এক হার্ডওয়্যার ইন্টিগ্রেশান ইউনিট স্থাপন করছে।

১৪.১১ আই. টি. চালিত পরিষেবা ক্ষেত্রে গন্তব্য হিসাবে ভারতের নয়টি নগরের প্রতিযোগিতামূলক অবস্থান সম্পর্কে ন্যাসকোম-এর এক সাম্প্রতিক সমীক্ষায় কলকাতা চতুর্থ স্থান অধিকার করেছে।

১৫.০ সাফল্যের মূল চাবিকাঠি সমূহ বিচারে পশ্চিমবঙ্গের অবস্থান :

সাফল্যের মূল চাবিকাঠিগুলি হলো—উন্নতমানের দক্ষতাসম্পন্ন কর্মী, স্বল্প পরিচালন ব্যয়, উন্নতমানের পরিকাঠামো, সরকারি পৃষ্ঠপোষকতা ও বিনিয়োগকারীদের বিভিন্ন সুবিধাদান। খুঁটিনাটি বিশ্লেষণ করে দেখা যাচ্ছে যে এগুলির প্রতিটি ক্ষেত্রেই পশ্চিমবঙ্গের অবস্থান যথেষ্ট প্রতিযোগিতামূলক।

(১) **বিপুল সংখ্যক প্রযুক্তিবিদ (ইঞ্জিনিয়ার) এবং বিশ্লেষণী ক্ষমতাসম্পন্ন স্নাতক (অ্যানালিটিক গ্র্যাজুয়েটস) :** ভারতের বৃহৎ রাজ্যগুলির মধ্যে শিক্ষাখাতে পশ্চিমবঙ্গে মাথা-পিছু ব্যয় সর্বাধিক। প্রতি বছর স্নাতক স্তরে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর বিশাল সংখ্যায় (ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমগুলিতে ৮০০০ জন ও

বিজ্ঞান স্নাতক শিক্ষাক্রমগুলিতে ১,০৫,০০০ জন) এর প্রতিফলন ঘটেছে। পশ্চিমবঙ্গে প্রায় ৪০টি ইঞ্জিনিয়ারিং কালেজ রয়েছে এবং প্রতি বছর এর সঙ্গে আরো প্রায় ১০টি যুক্ত হচ্ছে। রাজ্যে প্রায় ১০,০০০ অভিজ্ঞ তথ্যপ্রযুক্তি পেশাদার কর্মী আছেন এবং প্রতি বছর আরো বেশ কিছু পেশাদার তৈরি হচ্ছে। এখানে এন. আই. আই. টি.-র হায়দ্রাবাদ, ব্যাঙ্গালোর ও চেন্নাই-এর চেয়ে বেশি সংখ্যক শিক্ষাকেন্দ্র রয়েছে।

(২) **উন্নতমানের দক্ষ কর্মীসমষ্টি :** আই. আই. টি. গুলির ছাত্র সংখ্যার ২০ শতাংশেরও বেশি এই অঞ্চল থেকে আগত, এই তথ্যটিই এখানে লভ্য দক্ষ কর্মীদের গুণমানের পরিচায়ক। সিলিকন ভ্যালির অনাবাসী উদ্যোগপতিদের উল্লেখযোগ্য অংশই এই অঞ্চল থেকে এসেছেন। এছাড়া ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, খড়গপুর (আই. আই. টি., কে. জি. পি.), ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, কলকাতা (আই. আই. এম. সি.) ও ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট (আই. এস. আই.)-এর মতো অনন্য মানের শিক্ষাপ্রতিষ্ঠানগুলি এই রাজ্যে অবস্থিত। এখানকার দুটি স্নাতকস্তরীয় কলেজ প্রেসিডেন্সি এবং সেন্ট জেভিয়ার্স দেশের সেরা ১০টি ডিগ্রি কলেজের তালিকায় স্থান পেয়েছে।

(৩) **আর্থিক পরিষেবা, ভ্রমণ/লজিস্টিকস-এ বিষয়গত জ্ঞান :** স্থানীয় শিল্পসমূহের উপস্থিতির কারণে স্থানীয় কর্মীদের ফিনান্সিয়াল সার্ভিসেস এবং ট্রাভেল/ লজিস্টিকস-এর মতো শীর্ষমুখী ক্ষেত্রগুলিতে বিষয়গত জ্ঞান রয়েছে।

- ফিনান্সিয়াল সার্ভিসেস : কলকাতায় তিনটি ব্যাঙ্কের মুখ্য কার্যালয় অবস্থিত এবং এই নগরে ১৫টি বিদেশি ও বেসরকারি ব্যাঙ্ক রয়েছে। এই রাজ্যে ব্যাঙ্ক শাখাগুলির মোট সংখ্যা ৪,৪০০টির বেশি।
- ট্রাভেল অ্যান্ড লজিস্টিকস : পশ্চিমবঙ্গে দেশের বৃহত্তম বন্দরগুলির একটি অবস্থিত এবং এটি পূর্ব ভারতের ১১টি রাজ্যের জোগান কেন্দ্র হিসাবে কাজ করে থাকে।

(৪) **কাজ ছেড়ে যাওয়ার হার :** এই রাজ্যে কাজ ছেড়ে যাওয়ার হার এই শিল্পক্ষেত্রে গড়পড়তা হারের তুলনায় বরাবরই কম (শিল্পক্ষেত্রে ভিত্তিহার প্রায় ২০ শতাংশ এবং এই রাজ্যের ক্ষেত্রে এই হার আনুমানিক প্রায় ১০ শতাংশ)।

(৫) **লক্ষ্যণীয়ভাবে কম পরিচালন ব্যয় :** কলকাতা তথ্যপ্রযুক্তি উদ্যোগীদের দেশের মধ্যে অন্যতম ন্যূনতম পরিচালন ব্যয়ের সুবিধা দিতে পারে। এটি দেশের অন্যান্য প্রধান তথ্যপ্রযুক্তি গন্তব্য স্থলগুলির তুলনায় নিম্নতর সি. এম. আই. ই. ভোক্তা মূল্য সূচকে প্রতিফলিত (কলকাতার ক্ষেত্রে এই সূচক হল

৩৫৫, যেখানে চেন্নাই, ব্যাঙ্গালোর, হায়দ্রাবাদ ও দিল্লির ক্ষেত্রে এগুলি যথাক্রমে ৪৫৪, ৪১৩, ৪১০ এবং ৪০১)। কলকাতায় সদ্য স্নাতকদের বেতন অন্য মহানগরগুলির তুলনায় ১০ থেকে ১৫ শতাংশ কম।

(৬) **উচ্চ মানের পরিকাঠামো :** প্রধান প্রধান ক্ষেত্রগুলিতে এই রাজ্যের ভৌত পরিকাঠামো যথেষ্ট উন্নত ও শক্তিধর। আন্তর্জাতিক টেলিকম সংযোজ্যতা, ভৌত ও সামাজিক পরিকাঠামো ও বিদ্যুৎ লভ্যতার মতো বিষয়গুলি এর অন্তর্ভুক্ত। এশিয়া, ইউরোপ ও মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত আন্তর্জাতিক গন্তব্য সমূহের সঙ্গে কলকাতার সংযোগ ব্যবস্থাও যথেষ্ট ভালো।

(৭) **টেলিকম সংযোজ্যতা :** কলকাতায় ভি. এস. এন.এল. ও এস. টি. পি. আই.-এর মাধ্যমে প্রায় ৫৮০ এম. বি. পি. এস. আন্তর্জাতিক উপগ্রহ সংযোজ্যতার সুযোগ লভ্য। এই ব্যান্ডউইড্থের প্রায় ৭০ শতাংশই নবীন উদ্যোগীদের জন্য উদ্দিষ্ট। কেব্‌ল সংযোজ্যতার সুযোগ দেওয়া হয়ে থাকে মুম্বাই অবধি বি. এস. এন. এল.-এর ইজারা নেওয়া লাইনের মাধ্যমে এবং সেখান থেকে সাবমেরিন কেব্‌ল-এর মাধ্যমে। বি. এস. এন. এল. ছাড়াও রিলায়েন্স, ইনফোকম্ এবং ভারতী টেলিসনিক্সের মতো বেসরকারি কোম্পানিগুলিও শীঘ্রই কলকাতার সঙ্গে সংযোগ স্থাপন করতে চলেছে।

(৮) **বাড়ি ও জমির লভ্যতা :** কলকাতায় সহজেই ব্যবহারের জন্য প্রস্তুত বাড়ি ঘরের মতো ভৌত পরিকাঠামো লভ্য। সল্টলেক তথ্যপ্রযুক্তি কেন্দ্রে (আই. টি. হাবে) অবস্থিত এস. টি. পি. টু। এছাড়া বি. আই. পি ও ইনফিনিটির মতো বেসরকারি পার্কগুলিও এর অন্তর্ভুক্ত। এছাড়াও সরকার নতুন তথ্যপ্রযুক্তি প্রকল্পের জন্য প্রচুর ভর্তুকি দিয়ে বাজার দরের ১৫ থেকে ২০ শতাংশ মূল্যে একর পিছু মাত্র ৪০ লক্ষ টাকায় জমির ব্যবস্থা করে থাকে। তাছাড়া সরকার কলকাতায় সল্টলেকের কাছে নোনাডাঙ্গায় ৪০ একর জমির উপর একটি আই. টি. / আই. টি. ই. এস. পার্ক গড়ে তোলার জন্য চিন্তাভাবনা করছে।

(৯) **কম দামে উচ্চ মানের নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ :** গত এক দশক ধরে বিদ্যুৎ উৎপাদনে বিপুল বিনিয়োগের ফলশ্রুতিতে পশ্চিমবঙ্গ ভারতের বিরল সংখ্যক উদ্বৃত্ত বিদ্যুৎ উৎপাদক রাজ্যগুলির একটি হয়েছে। বস্তুত তাদের সাম্প্রতিক সমীক্ষাগুলিতে ন্যাসকম ও গার্টনার উভয়েই কলকাতাকে বিদ্যুৎ পরিকাঠামোর নিরিখে দেশের মধ্যে শ্রেষ্ঠ স্থান বলে জানিয়েছে।

(১০) **সামাজিক পরিকাঠামোর লভ্যতা :** সরকার বরিষ্ঠ ও মধ্যম স্তরীয় পরিচালন কর্মীদের কলকাতায় টেনে আনার জন্য সামাজিক পরিকাঠামোর গুরুত্ব স্বীকার করে থাকে। এই নগরে সর্বোৎকৃষ্ট সামাজিক পরিকাঠামোর সুবিধা রয়েছে। সামাজিক মেলামেশা, খেলাধুলা, নৌ-চালনা, সাঁতার ও গল্ফ খেলার জন্য

কয়েকটি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্লাব, সাংস্কৃতিক কেন্দ্র সমূহ, বিনোদন কেন্দ্র সমূহ, উৎকৃষ্ট হোটেল সমূহ, ভারতের সেরা বিদ্যালয়গুলির মধ্যে কয়েকটি বেসরকারি পরিচালনাধীন হাসপাতাল ও একাধিক কাছাকাছি অবস্থিত বেশ কিছু পর্যটন কেন্দ্রও এর অন্তর্ভুক্ত।

(১১) **বিদেশে অবস্থিত স্থানগুলির সঙ্গে উত্তম সংযোজ্যতা :** কলকাতার সঙ্গে দেশ ও বিদেশের বিভিন্ন স্থানের সংযোগ বেশ ভালো। এগুলির মধ্যে রয়েছে এশিয়ার অন্যতম প্রধান বাণিজ্য কেন্দ্র ব্যাঙ্কক ও সিঙ্গাপুর এবং পশ্চিমের লন্ডন, আমস্টার্ডাম, সানফ্রানসিসকো ও নিউইয়র্কের মতো গুরুত্বপূর্ণ স্থানসমূহ।

কয়েকটি সাফল্যের কাহিনী

টাটা কনসালটেন্সি সারভিসেস

১৯৬৯ সালে প্রতিষ্ঠিত টাটা কনসালটেন্সি সার্ভিসেস তথ্য প্রযুক্তি ক্ষেত্রে ভারতের বৃহত্তম কোম্পানি। গ্লোবাল সফটওয়্যার অ্যান্ড সার্ভিসেস ক্ষেত্রে এশিয়ার বৃহত্তম পরামর্শদাতা প্রতিষ্ঠানগুলির মধ্যে বিশ্বের ষষ্ঠ দ্রুততম বৃদ্ধিশীল কোম্পানি। ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত টি. সি. এস. কলকাতা পূর্ব ভারতের বৃহত্তম আই. এস. ও. শংসিত সফটওয়্যার প্রতিষ্ঠান। এখানে বিভিন্ন ব্যবসার ক্ষেত্র সম্পর্কে সুগভীর জ্ঞানের সঙ্গে বিভিন্ন ধরনের প্রযুক্তিগত দক্ষতার মেল বন্ধন ঘটিয়ে বিশ্বের কিছু জটিলতম প্রয়োগক্ষেত্রে তথা পরবর্তী প্রজন্মে তথ্য প্রযুক্তি গড়ে তোলা হয়ে থাকে। কলকাতা শাখায় ই-বিজনেস স্ট্রাটেজি অ্যান্ড ই-আর্কিটেকচার, ই. আর. পি. ইমপিমেন্টেশান, অ্যাপ্লিকেশান ডেভেলপমেন্ট, পোর্টিং অ্যান্ড মাইগ্রেশান্স্, রি-ইঞ্জিনিয়ারিং, নিউ সফটওয়্যার ডেভেলপমেন্ট এবং চালু সিস্টেম সমূহের মেইন্টেনান্স সমেত ব্যাপকভাবে তথ্য প্রযুক্তির প্রায় প্রতিটি ক্ষেত্রে নানান কর্মভার হাতে নিয়ে থাকে। কলকাতায় অবস্থিত টি. সি. এস.-এর ৬টি পুরোপুরি বিদেশি কর্মক্ষেত্র বিকাশ কেন্দ্র (অফসোর ডেভেলপমেন্ট সেন্টার) রয়েছে।

২০০০ সালের গোড়ার দিকে টি. সি. এস. কলকাতা আই. টি. কনসালটেন্সি পেশাক্ষেত্রে সারা বিশ্বে সর্বোচ্চ অর্জনযোগ্য মান এস. ই. আই. সি. এম. এম. লেভেল ৫ স্তর ভুক্ত বলে বিবেচিত হয়। ২০০১ সালের আগস্ট মাসে এই কোম্পানির কলকাতা সমেত চারটি কেন্দ্রের মূল্যায়ন করার পর টি. সি. এস. বিশ্বের প্রথম পি. সি. এম. এম. লেভেল ৪ কোম্পানি হিসাবে চিহ্নিত হয়।

টি. সি. এস.-এর বিশ্বের সর্বোচ্চ সংখ্যক সি. কিউ. এ.-র সংখ্যা ১৩০০-র বেশি। যাদের মধ্যে ১৫০ জনই কলকাতা শাখায় আছেন। এছাড়াও কলকাতা শাখায় ২ জন সি. এম. এম. লেড, ৩৫ জন এসেসর, ৩ জন পি. সি. এম. এম. প্রসেসর, একজন সিক্স সিগমাগ্রিন বেল্ট এবং ৫ জন টি. বি. ই. এম. একজামিনার রয়েছেন।

বর্তমান কোম্পানির কলকাতা শাখায় প্রায় ১৮০০ জন কর্মী কাজ করছেন। তাদের সল্টলেকে অবস্থিত টি. সি. এস.-এর ১,৩০,০০০ বর্গফুট পরিমিত নতুন অফিস ভবনে, এস. ডি. এফ সল্টলেকে এর ২৮,০০০ বর্গফুট পরিমিত আই. টি. সি. সেন্টারে জায়গার ব্যবস্থা করা হয়েছে। টি. সি. এস. তাদের নতুন ভবনের পাশে ১,৭৪৮৫ একর পরিমিত একখণ্ড জমি নিয়েছে।

২০০২-২০০৩ সালের প্রথম দশ মাসে (জানুয়ারি অবধি) এস. টি. পি. নিবন্ধানুসারে তাদের মোট লেনদেনের অর্থমূল্য ছিল ২,৫৭২ মিলিয়ন টাকা। এই রাশিটি ২০০১-২০০২ সালে এস. টি. পি. নিবন্ধিত মোট রপ্তানি লেনদেন ১,৮৬৮ মিলিয়ন টাকার চেয়ে অনেকটা বেশি।

কগনিজেন্ট টেকনোলজি সলিউশন্‌স্

কগনিজেন্ট টেকনোলজি সার্ভিসেস কাষ্টম ইনফরমেশন টেকনোলজি ডিজাইন, ডেভেলপমেন্ট, ইন্টিগ্রেশান অ্যান্ড মেন্টেন্যান্স সার্ভিসেস এর অন্যতম অগ্রণী সরবরাহকারী। ক্রেতাদের জটিল ব্যবসায়িক চাহিদাগুলি মেটানোর লক্ষ্যে কগনিজেন্ট স্ট্রাটেজিক ইনফরমেশান টেকনোলজি সলিউশানস পৌঁছে দেওয়ার ওপর জোর দিয়ে থাকে। কগনিজেন্ট কর্মস্থানে/ বিদেশে অবস্থিত তাদের আউটসোর্সিং মডেলগুলির সাহায্যে অ্যাপ্লিকেশনস্ ম্যানেজমেন্ট, ডেভেলপমেন্ট, সিস্টেমস্ ইন্টিগ্রেশান এবং বিজনেস প্রোসেস আউটসোর্সিং পরিষেবাসমূহ দিয়ে থাকে।

নিউ জার্সির টিনেকে কগনিজেন্টের সদর দপ্তর এবং ভারতের পাঁচটি শহর ব্যাঙ্গালোর, চেন্নাই, হায়দ্রাবাদ, কলকাতা ও পুনেতে এই সংস্থার উন্নয়নমূলক সুবিধাদি বিস্তৃত রয়েছে এবং শিকাগো ডালাস, মিনিয়াপোলিস, লস এঞ্জেলেস, সানফ্রান্সিসকো, টরেন্টো, লন্ডন ও ফ্রাঙ্কফুর্টে এর বিক্রয় ও ব্যবসা উন্নয়নের অফিস রয়েছে। ১৯৯৬ সালের নভেম্বর মাসে এস. ডি. এফ. ভবনে অফিসের জন্য ২০০০ বর্গফুট জায়গা নিয়ে এই কোম্পানি কলকাতায় কাজ শুরু করে। নতুন নতুন প্রকল্পে সহযোগীর সংখ্যা দ্রুত বাড়তে থাকায় এস. ডি. এফ. ওয়েবেল ভবন, পিকন এবং জি. পি. ট্রনিকস্ এই চারটি ভবন জুড়ে অফিসের জন্য জায়গা বাড়াতে হয়েছে।

কগনিজেন্ট ২০০৩ সালে সল্টলেকে এক লক্ষ বর্গফুট আয়তনের অফিস করে সরে গেছে এবং দেশের বাইরে এর ৯০০ সহযোগী এবং যুক্তরাষ্ট্র ও ইউরোপে এর গ্রাহক রয়েছে। তিন একর জায়গা জুড়ে এর যে সর্বাধুনিক উন্নয়নের সুবিধা রয়েছে যেখানে জিম, কাফেটেরিয়া এবং বিনোদনের সুবিধা রয়েছে এবং এখানে বিশ্বমানের সফটওয়্যার উন্নয়নের জন্য অনুকূল ও নিরাপদ পরিবেশ বিরাজ করছে। সমস্ত কগনিজেন্ট উন্নয়ন কেন্দ্রের এস. ই. আই. সি. এম. এম. স্তর ৫-এ মূল্যায়ন করা হয়েছে এবং এগুলি আই. এস. ও. ৯০০২ ও বি. এস. ৭৭৯৯ শংসিত।

কলকাতার কগনিজেন্টের বিশ্ববাজারে ব্যাঙ্কিং, রেস্তোরাঁ, স্বাস্থ্য-সুরক্ষা, আর্থিক, বিমান এবং তথ্য-চালিত সেক্টরে প্রচুর গ্রাহক রয়েছে। এই ইউনিটের প্রধানত যে সমস্ত বিষয়ে দক্ষতা রয়েছে তার মধ্যে আছে মেইন ফ্রেম ও ক্লায়েন্ট সার্ভার সিস্টেম, ওয়েবসেন্ট্রিক অ্যাপ্লিকেশনস্, সি. আর. এম., ডেটা ওয়েরহাউসিং এবং কমপোনেন্ট ভিত্তিক উন্নয়ন।

চেন্নাই-এর পর কলকাতা (আয়ের নিরিখে) কোম্পানির দ্বিতীয় বৃহত্তম সংস্থা। ২০০২-২০০৩ আর্থিক বছরে (এপ্রিল, ২০০২ - জানুয়ারি, ২০০৩) কলকাতা ইউনিটের রপ্তানি বাবদ আয়ের পরিমাণ ছিল ৫৫০৭ মিলিয়ন টাকা।

আই. টি. সি. ইনফোটেক

আই. টি. সারভিসেস অ্যান্ড সলিউশনস্ কোম্পানি—আই. টি. সি. ইনফোটেক ইন্ডিয়া লিমিটেড (আই. ও. এল.)-এর সদর দপ্তর কলকাতায় এবং এটি আই. টি. সি. লিঃ-এর ১০০ শতাংশ মালিকানাধীন অনুজ কোম্পানি যেটা নাকি (আই. টি. সি. লিঃ) ভারতের বেসরকারি মালিকানাধীন বৃহত্তম কোম্পানিগুলির মধ্যে একটি যার আয় হল ১.৮ বিলিয়ান মার্কিন ডলার। আই. ও. এল.-এর সফটওয়্যার রপ্তানি প্রক্রিয়া এস. ই. আই. সি. এম. এম. স্তর ৫ বিশিষ্ট এবং আই. এস. ও. শংসিত। ক্ষুরধান প্রযুক্তিতে সমৃদ্ধ, ব্যবসা এবং দক্ষতার সমন্বয়ের উপর ভিত্তি করে আই. ও. এল.-চিহ্নিত ক্ষেত্রগুলিতে উৎকৃষ্ট জ্ঞানের মাধ্যমে অনুকূল ব্যবসায়িক সমাধানের উপর আলোকপাত করে বিশ্বমানের ব্যবসায়িক সমাধান ব্যবস্থাপক হিসাবে আত্মপ্রকাশ করতে আগ্রহী।

আই. ও. এল. তার বিশ্বজোড়া গ্রাহক শ্রেণির কাছে তথ্য প্রযুক্তির সর্বাধুনিক প্রযুক্তি পৌঁছে দিতে মাইক্রোসফট, সান, আই. বি. এম.-লোটাস, ইন্টারওভেন, পিপলসফট এবং প্যারামেট্রিক টেকনোলজি করপোরেশন (পি. টি. সি.)-র মতো অগ্রণী প্রযুক্তি-সংস্থার সঙ্গে কর্মকৌশলগত সমঝোতা গড়ে তুলেছে। আই. ও. এল. পরিষেবার মধ্যে রয়েছে রিকয়্যারমেন্ট স্টাডিজ, সিস্টেম কনসালটেন্সি, ডেটা অ্যানালিসিস ও মডেলিং, নতুন প্রযুক্তির ব্যবহার, প্রশিক্ষণ ও রূপায়ণ, অ্যাপিকেশন মেইনটেন্যান্স ও সাপোর্ট, বিস্পোক সফটওয়্যার ডেভেলপমেন্ট এবং বি. পি. ও অপারেশন সহ গ্রাহক সম্পর্ক পরিচালনা।

আই. ও. এল. হল প্রথম ভারতীয় সংস্থা, মাইক্রোসফট যাদের ই-কমার্স প্রযুক্তিতে সি. ও. ই. (উৎকর্ষ কেন্দ্র) হিসাবে শংসিত করেছে। সারা দেশে যে সমস্ত বৃহত্তম সিয়েবিল কনসালটেন্সি রয়েছে আই. ও. এল. সেগুলির অন্যতম।

সান মাইক্রোসিস্টেম এবং পিপলসফট-এর একটা শাখার সঙ্গে অংশীদারিত্বে আই. ও. এল. একটা সম্পূর্ণ নতুন যান জাভা কমপিটেন্সি সেন্টার গড়ে তুলেছে। আই. ও. এল সম্প্রতি তার কলকাতাস্থিত সংস্থায় প্রায় ২০০ সফটওয়্যার ইঞ্জিনিয়ার নিয়োগ করেছে। কলকাতায় একটি সর্বাধুনিক ডেটা সেন্টার স্থাপনের জন্য আই-৩-এল কাজ করছে। এই ডেটা সেন্টার কলকাতায় একটি জায়গার মধ্যে আই. টি. সি.-র সমুদয় অবস্থান, বিভাগ এবং ব্যবসা সংক্রান্ত তথ্যাদি কেন্দ্রীভূত করবে। এই ইউনিটটি এস. টি. পি.-র আওতায় রেজেস্ট্রিকৃত নয়।

টি. সি. জি. সফটওয়্যার সার্ভিসেস

মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক ২.০ বিলিয়ান মার্কিন ডলার টি. সি. জি. ফান্ড ম্যানেজমেন্ট গ্রুপের অংশ সি. সি. জি. সফটওয়্যার সার্ভিসেস (টি. সি. জি. এস. এস.) হল তথ্যপ্রযুক্তি পরিষেবার নেতৃস্থানীয় পরিবেশক এবং মার্কিন যুক্তরাষ্ট্র, মধ্যপ্রাচ্য, ভারত এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বাজারে বাণিজ্য করছে। একটি সফটওয়্যার পরিষেবা সংস্থা হিসাবে এই কোম্পানির লক্ষ্য হল বিশ্বের গ্রাহকদের কাছে তথ্য প্রযুক্তি সলিউশান ব্যাপকভাবে সরবরাহ করার ক্ষমতা গড়ে তোলা। ১৯৯৫ সালে স্থাপিত হয়ে টি. সি. জি. এস. এস. বর্তমানে ৮০০ পেশাদার কর্মী নিয়ে এবং বিশ্বের ১২টি জায়গায় অফিস স্থাপন করে কাজ করছে।

টি. সি. জি. এস. এস. ১৯৯৫ সাল থেকে কলকাতায় কাজ করছে এবং এর সল্টলেক সেন্টারটি ২৭,০০০ বর্গফুট জায়গা নিয়ে ২০০১ সাল থেকে কাজ করছে। এই সংস্থায় বর্তমানে ৩০০ কর্মী কাজ করেন। সাম্প্রতিকতম যন্ত্রপাতি এবং প্রশিক্ষণ ব্যবহার করে সফটওয়্যার উন্নয়নের মাধ্যমে সর্বাধুনিক প্রযুক্তি সরবরাহ করার উদ্দেশ্য নিয়ে এই কেন্দ্রটি স্থাপিত হয়েছিল। কলকাতাস্থ টি. সি. জি. এস. এস. বড় বড় বহুজাতিক কর্পোরেশনের জন্য ওয়েব অ্যাপ্লিকেশন, অ্যাপ্লিকেশন ইঞ্জিনিয়ারিং, এনেবিং বিজনেস প্রসেসেস, পোর্টাল/ সাইট ডিজাইনিং ও হোস্টিং, কমপ্লেক্স ক্লিনিক্যাল অ্যাপ্লিকেশনর উন্নয়ন এবং ইন্ট্রিগ্রেটেড অ্যাপ্লিকেশন সিস্টেমের উন্নয়ন কাজ করে।

এই কেন্দ্রটি দুটি সমান্তরাল ই-১ (১এম বি পি এস) লাইন বিশিষ্ট যেটা সরাসরি একটা আপস্ট্রিম-ইন্টারনেট সার্ভিস প্রভাইডারের স্যাটেলাইট আপলিঙ্ক-এর সঙ্গে যুক্ত। এই কেন্দ্রে এরা উচ্চক্ষমতাসম্পন্ন ইন্টারনেট অ্যাকসেস প্রদান করে থাকে এবং এই ইউনিটের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্র ও ভারতের অন্যান্য নগরীর সংযোগশীলতার মেরুদণ্ড হিসাবে কাজ করে। লোটাস নোটস আন্তঃ অফিস যোগাযোগ ও কর্মধারার প্রধান চালিকা শক্তি। এইভাবে অন্যান্য স্থানের সঙ্গে নিরবচ্ছিন্ন যোগাযোগ বজায় রেখে সল্টলেক থেকেই সফটওয়্যার উন্নয়নের কর্মকাণ্ড মসৃণভাবে চালানো সম্ভবপর হচ্ছে।

তথ্য প্রযুক্তির জ্ঞান-সমৃদ্ধ ক্ষেত্রে একটি আন্তর্জাতিক কোম্পানি হওয়ার সুবাদে টি. সি. জি. এস. এস. অর্থ, দূরসংযোগ, ঔষধ/স্বাস্থ্য সুরক্ষা ও লজিসটিক্স-এর মতো বাছাই করা কয়েকটি শীর্ষস্থানীয় ক্ষেত্রের জন্য প্রযুক্তিবিদ্যা ও বিশেষ কুশলতা সৃষ্টি করেছে। ২০০২-২০০৩ সালের (জানুয়ারি মাস পর্যন্ত) প্রথম ১০ মাস কালপর্বে এই কোম্পানির রপ্তানি লেনদেনের পরিমাণ ১৩০ মিলিয়ন টাকা। ২০০১-২০০২ সালের রপ্তানি লেনদেনের পরিমাণ ছিল ১৮০.৪ মিলিয়ন টাকা। কোম্পানি এ বিষয়ে অত্যন্ত গর্বিত যে বিগত তিন বছরে অ্যাট্রিশন রেট যথাক্রমে ৬%, ৮%,, এবং ৮%, ছিল। বিগত তিন বছরে ভারতীয় সফটওয়্যার শিল্পের ২২%, ২৫%, গড় হিসাবের সঙ্গে তুলনা করলে এটি খুবই উৎসাহব্যাঞ্জক হার।

এছাড়া টি. সি. জি. গোষ্ঠী আর তিনটি প্রধান সফটওয়্যার কোম্পানিতে বিনিয়োগ করেছে। সেগুলি হল কমপিউটার অ্যাসোসিয়েট্সের সঙ্গে সি. এ. টি. সি. জি., ইউনাইটেড এয়ারলাইন্সের ও ল্যাবভ্যান্টেজের সঙ্গে স্কাই টেক।

সি. এ.-টি. সি. জি. সফটওয়্যার (ক্যাটস)

ক্যাটস্ হল কমপিউটার অ্যাসোসিয়েট্স ও চ্যাটার্জি গোষ্ঠীর সঙ্গে ৫১। ৪৯ ভিত্তিতে একটি যৌথ উদ্যোগ। এটি একটি অগ্রণী পরামর্শদাতা কোম্পানি যার প্রধান লক্ষ্য হল ব্যয়-সংকোচ পদ্ধতিতে কার্যকরী সর্বব্যাপী ব্যবস্থার সংস্থান। মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে কমপিউটার অ্যাসোসিয়েট্সের এটিই সর্ববৃহৎ বৈদেশিক উন্নয়ন কেন্দ্র। মার্কিন যুক্তরাষ্ট্র ও সিঙ্গাপুরে অফিস সহ ক্যাটসের একটি আন্তর্জাতিক উপস্থিতি রয়েছে।

ক্যাটস একটি আই. এস. ও. ৯০০১ সি. এম. এস. লেভেল-৪ কোম্পানি। স্থাপিত হওয়ার ৬ বছরের মধ্যে আন্তর্জাতিক স্তরে ৮০টির বেশি প্রকল্প রূপায়ণ করেছে। পরিকাঠামো পরিচালন, নিরাপত্তা ব্যবস্থা, সি. এ. রূপায়ণ পরিষেবা, প্রোডাক্ট অ্যান্ড অ্যাপ্লিকেশন আউটসোর্সিং সার্ভিসেস ও হেল্প ডেস্ক সার্ভিসেসের মতো ক্ষেত্রগুলিতে ক্যাটসের কর্মকুশলতা রয়েছে।

সংস্থায় বিভিন্ন ধরনের দক্ষতা গোষ্ঠীকে লালন করার ঐতিহ্য বজায় রেখে ক্যাটস্ সাফল্যের সঙ্গে একটি ২০০ জনেরও বেশি কর্মী-সমন্বিত শক্তিশালী কারিগরি ও পেশাদারী দল গঠন করেছে। ক্যাটসের কলকাতায় ৩০,০০০ স্কোয়ার ফিট এলাকা জুড়ে সর্বাধুনিক পরিকাঠামো সমন্বিত কর্পোরেট অফিস রয়েছে যাতে আছে বিভিন্ন হাই অ্যান্ড ওয়ার্ক স্টেশন, সংযোগ নিয়ন্ত্রক, মোডেম ও অন্যান্য যোগাযোগ সামগ্রী। ওয়ার্ক স্টেশন ও কর্মিবর্গের মধ্যে অনুপাত একের অনুপাতে একেরও বেশি। কর্মিবর্গের জন্য অবসর বিনোদন ব্যবস্থার মধ্যে রয়েছে আধুনিক যন্ত্রপাতি সমন্বিত সর্বাধুনিক জিম ও অবসর বিনোদন কক্ষ।

২০০২-২০০৩ (জানুয়ারি মাস পর্যন্ত) সালের প্রথম ১০ মাস কালপর্বে কোম্পানির রপ্তানি লেনদেনের পরিমাণ ১৪৮.২ মিলিয়ন টাকা। এই পরিমাণ ২০০১-২০০২-এর সম্পূর্ণ বছরের ৯৫.৩ মিলিয়ন টাকার থেকে যথেষ্টই বেশি।

স্কাইটেক সলিউশনস্

চ্যাটার্জি গোষ্ঠী বিশ্বের সর্ববৃহৎ বিমানযাত্রা পরিষেবা কোম্পানি ইউনাইটেড এয়ারলাইন্সের সঙ্গে মিলিত হয়ে কলকাতায় স্কাইটেক সলিউশনস্ স্থাপন করেছে। স্কাইটেক ইউনাইটেড এয়ারলাইনসের তথ্যপ্রযুক্তি সংক্রান্ত প্রয়োজনগুলি মিটিয়ে থাকে। স্কাইটেকের কলকাতা উন্নয়ন কেন্দ্রটি হল মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে এবং শিকাগো, লস অ্যাঞ্জেলেস, ডেনভার ও সানফ্রান্সিসকোর পরে পঞ্চম ও একমাত্র তথ্যপ্রযুক্তি কেন্দ্র।

স্কাইটেকের মূল শক্তি হল এয়ারলাইন, পরিবহন ক্ষমতা ও লজিসটিক্স শিল্প সম্বন্ধে বিশাল জ্ঞান ভাণ্ডার। স্কাইটেক তথ্যপ্রযুক্তি পরিষেবা ও বৈদ্যুতিন-বাণিজ্য সংক্রান্ত সমাধান প্রদানের জন্য অন্যান্য এয়ারলাইনসের দিকেই আগ্রাসী লক্ষ্য বজায় রেখেছে।

কোম্পানি কলকাতা উন্নয়ন কেন্দ্রে ৪০ মিলিয়ন টাকা বিনিয়োগ করেছে, যেটি ২০০১ সালে কাজ শুরু করে। এই কোম্পানিতে বর্তমানে ১৫০ জন ব্যক্তি কর্মরত আছেন। স্কাইটেক এখন আয়তন বৃদ্ধির দিকে নজর দিয়েছে। আগামী তিন মাসে আরও তিন মিলিয়ন টাকার অতিরিক্ত বিনিয়োগ এবং আরও ৫০ জন ব্যক্তিকে নিয়োগের পরিকল্পনা রয়েছে। কোম্পানি ইতিমধ্যেই চীনে একটি অফিস খুলেছে এবং শীঘ্রই দক্ষিণ আফ্রিকাতেও একটি অফিস খুলবে।

২০০২-২০০৩ (জানুয়ারি মাস পর্যন্ত) সালের রপ্তানি লেনদেনের পরিমাণ ছিল ১১৭.৬ মিলিয়ন টাকা। বিগত ২০০১-২০০২ আর্থিক বছরে রপ্তানির মোট মূল্য ছিল ১৬২.৭ মিলিয়ন টাকা।

উইপ্রো লিমিটেড

উইপ্রো একটি অগ্রণী ভারতীয় তথ্যপ্রযুক্তি কোম্পানি। এই কোম্পানি সারা পৃথিবী ব্যাপী ফরচুন ৫০০-এর অন্তর্ভুক্ত কোম্পানিগুলির সমাধানের সংস্থান করে থাকে। এই সংস্থা আনুমানিক ৪০০ মিলিয়ন টাকা ব্যয়ে সল্টলেকে একটি সফটওয়্যার উন্নয়ন কেন্দ্র স্থাপন করেছে। রাজ্য সরকার ইতিমধ্যেই সল্টলেকে ১২ একর জমি মঞ্জুর করেছে। কোম্পানি কলকাতা ইউনিটে ২৫০০ সফটওয়্যার পেশাদার নিয়োগের পরিকল্পনা করেছে।

এছাড়া আর যারা রয়েছে

ঊষাকম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড

ঊষা মার্টিন গোষ্ঠীর দূরসংযোগ বিলিং ব্যবস্থার সফটওয়্যার ব্যবসার পুনর্গঠনের ফলে গঠিত ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডের ঊষা কমিউনিকেশনস্ টেকনোলজি লিমিটেড (ইউ. সি. টি.) কোম্পানির বাণিজ্যে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়েছে। বিশ্বব্যাপী লক্ষ্য সমন্বিত এবং মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক আন্তর্জাতিক পরিচালন গোষ্ঠীর উদ্যোগসমৃদ্ধ ইউ. সি. টি. ইউরোপ ও মার্কিন যুক্তরাষ্ট্রের উচ্চতর বাজারে এবং সেই সঙ্গে এশিয়ার বর্তমান বাজারগুলিতেও নিজের উপস্থিতি প্রতিষ্ঠা করতে সফল হয়েছে। ১০০% মালিকানা বিশিষ্ট ইউ. সি. টি.-র ভারতীয় শাখা হল কলকাতা-ভিত্তিক ঊষাকম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (ইউ. আই. এল.) যারা নিম্নোক্ত কাজগুলি করে থাকে :

- পৃথিবীব্যাপী দূর সংযোগ ব্যবস্থা চালকদের জন্য বিলিং ও গ্রাহক পরিষেবা সংক্রান্ত সফটওয়্যার সমাধান স্থাপন, নিয়মিতকরণ ও উন্নয়ন।
- দূর সংযোগ চালকদের জন্য পেশাদারী / পরামর্শ সংক্রান্ত পরিষেবা প্রদান।
- উৎপাদিত পণ্য সংক্রান্ত গবেষণা, প্রতিযোগী সংক্রান্ত পর্যালোচনা ও বিপনন প্রশিক্ষণ।
- ইতিমধ্যেই ক্রিয়াশীল ব্যবস্থাগুলির সমর্থনসূচক ২৪ x ৭ সহায়তা কেন্দ্র।

এখানে স্মরণ করা যেতে পারে যে মার্কিন যুক্তরাষ্ট্র-ভিত্তিক পরিচালনা ও বিশ্বব্যাপী লক্ষ্যের পরিপ্রেক্ষিতে বাণিজ্য পুনর্গঠিত হলেও ভারতীয় শাখার কাজকর্ম ইউ. সি. টি.-র বিশ্বব্যাপী কর্মকাণ্ডের সিংহভাগ জুড়ে রয়েছে। পদ্ধতি, ব্যবসা উন্নয়ন ও বিপণনের দায়িত্বপ্রাপ্ত মার্কিন পরিচালনার কার্যকরী তত্ত্বাবধানে ইউ. টি. এল. কর্তৃক উৎপাদিত পণ্যের উন্নয়ন, গ্রাহক-নির্দিষ্ট নিয়মিতকরণ ও স্থাপন সংক্রান্ত কর্মকাণ্ড ভারতেই চালানো হচ্ছে।

ইউ. সি. টি. সফটওয়্যার পেশাদারদের প্রশিক্ষণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে এবং কলকাতায় ঊষাকম লার্নিং সেন্টার (ইউ. এল. সি.) নামে তাদের একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে, যেখানে কর্মীদের সর্বোচ্চ শ্রেণির সর্বাধুনিক প্রযুক্তিবিদ্যা বিশারদ পেশাদার হিসাবে প্রশিক্ষিত করা হয়।

২০০২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ৯ মাসে কোম্পানি ৪১১.৫ মিলিয়ন টাকার রপ্তানি লেনদেন করেছে। ২০০১-২০০২ সালের বিগত আর্থিক বছরে রপ্তানির মোট মূল্য ছিল ৫৬৭.৩ মিলিয়ন টাকা।

সেমা সফটওয়্যার ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড

সেমা সফটওয়্যার ইন্ডিয়া হল স্রামবার্জার নামে একটি ফরচুন-৫০০ অন্তর্ভুক্ত বিশ্বব্যাপী প্রযুক্তিবিদ্যা পরিষেবা প্রদানকারী কোম্পানির অংশ-বিশেষ স্রামবার্জার সেমা ও ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি ডেভলপমেন্ট করপোরেশন লিমিটেডের (ওয়েবেল) মধ্যে ৮৫:১৫ অংশীদারী ভিত্তিক একটি যৌথ উদ্যোগ। স্রামবার্জার সেমা একটি অগ্রণী তথ্যপ্রযুক্তি পরিষেবা কোম্পানি, যাদের ৬৫টি দেশে উপস্থিতি রয়েছে এবং পৃথিবী জুড়ে ৩০,০০০-এরও বেশি কর্মী এই সংস্থায় কর্মরত। এই কোম্পানি তথ্য প্রযুক্তি সংক্রান্ত পরামর্শ, সিস্টেমস ইন্টিগ্রেশন পরিচালিত পরিষেবা ও ওই সংক্রান্ত পণ্য তেল ও গ্যাস, দূর সংযোগ, শক্তি ও উপযোগিতা, অর্থ পরিবহন ও রাষ্ট্রীয় সংস্থার বাজারে সরবরাহ করে থাকে। স্রামবার্জারের শেয়ার নিউ ইয়র্ক শেয়ার বাজারের এবং প্যারিস, লন্ডন, আমস্টাডার্ম ও বি. ই. এস. (বোর্স ইলেকট্রনিক সুইস) শেয়ার বাজারেও তালিকাভুক্ত আছে।

সেমা ১৯৯৭ সালে ভারতে কাজকর্ম শুরু করে কলকাতা উন্নয়ন কেন্দ্র স্থাপনের মাধ্যমে। এর বাণিজ্যের সিংহভাগ হল দূর সংযোগ, অর্থ পরিবহন শক্তি ক্ষেত্রগুলিতে পরামর্শ দান এবং সিস্টেম ইন্টিগ্রেশন। কোম্পানি গড়ে ২৮ বৎসরে প্রায় ১০০ জন সফটওয়্যার পেশাদারকে নিয়োগ করেছে। দ্বিতীয় সফটওয়্যার টেকনোলজি পার্কের ৮৫০০ স্কোয়ার ফিটের অফিস থেকে কোম্পানি তার কর্মকাণ্ড চালনা করে থাকে।

বিগত ২০০১-২০০২ সালের আর্থিক বছরে কোম্পানির রপ্তানি সংক্রান্ত আয় ছিল ১৪৪.৯ মিলিয়ন টাকা।

ল্যাব্‌ভেন্টেজ সলিউশনস প্রাইভেট লিমিটেড

চ্যাটার্জি গ্রুপ কোম্পানির ল্যাবভেন্টেজ সলিউশনস বিশ্বে ল্যাবরেটরি ইনফরমেশন সলিউশনস, ইমপি-মেন্টেশন সার্ভিসেস ও সিষ্টেম কনসালটিং-এর একটি অগ্রণী জোগানদার।

১৯৮১ সাল থেকে ল্যাব্‌ভেন্টেজ প্রায় ১০০০টি কোম্পানিকে ল্যাবরেটরি ইনফরমেশন সলিউশনস সরবরাহ করছে। সিটি অফিসটি সল্টলেকের বেঙ্গল ইনটেলিজেন্ট পার্কে অবস্থিত। ল্যাব্‌ভেন্টেজ সলিউশনস হাই থ্রুপুট স্ক্রিনিং, জেনোমিক্স প্রোটেওমিক্স ও এল. আই. এম. এস.-এর জন্য এক প্রস্থ স্বয়ংসম্পূর্ণ সফটওয়্যার গড়ে তোলা ও বাজারজাত করার কাজ করে থাকে। এছাড়া ল্যাব্‌ভেন্টেজ ভেষজ গবেষণা ও বিকাশ, চুক্তিভিত্তিক ভেষজ গবেষণা সংস্থা সমূহ, খাদ্য ও পানীয়, তেল ও গ্যাস প্রসেস কেমিক্যালস, ফরেন্সিক ও এনভায়রনমেন্টাল ক্ষেত্র সমূহের বাছাই করা বাজারগুলির জন্য নির্দিষ্ট শিল্পভিত্তিক গ্লোবাল সলিউশনস সরবরাহ করে থাকে। এই কোম্পানি ক্রেতার সাফল্য সুনিশ্চিত করার জন্য শিল্প ও প্রযুক্তিগত পরামর্শ, রূপায়ণ পরিষেবা সমূহ প্রয়োগ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান ও ব্যাপক ক্রেতা সহায়ক পরিষেবা প্রদানের মতো নানাবিধ পরিষেবা দিয়ে থাকি।

এন আই আই টি

অগ্রণী আইটি সলিউশনস কর্পোরেশন এন. আই. আই. টি. বিশ্ব ক্রেতাদের কাছে বিশ্বমানের সফটওয়্যার ও লার্নিং সলিউশনস পৌঁছে দেওয়ার জন্য তার অনন্য ব্যবসায়িক মডেল ও প্রযুক্তি সৃষ্টি ক্ষমতাকে কাজে লাগিয়ে থাকে। এস. ই. আই. সি. এম. এম. লেভেল ৫ কোয়ালিটি বেঞ্চমার্ক অনুযায়ী এন. আই. আই. টি. বিশ্বে দ্বাদশতম কোম্পানি হিসাবে চিহ্নিত হয়েছে। এন. আই. আই. টি.-র সফটওয়্যার প্রস্তুতি প্রক্রিয়া সমূহের বিশ্বমান যুক্তরাজ্যের বি. ভি. কিউ. আই. প্রদত্ত আই. এস. ও. ৯০০১ দ্বারা প্রমাণিত। সফটওয়্যারের ক্ষেত্রে এই কোম্পানি বিশেষ করে আর্থিক লেনদেন, পরিবহন ও খুচরো বিক্রয়ে জোর দিচ্ছে। কাষ্টম সফটওয়্যার ডেভলপমেন্ট ও মেইনটেন্যান্স লিগাসি মর্ডানাইজেশন এবং মেইনটেন্যান্স এন্টারপ্রাইজ ইন্টিগ্রেশন নলেজ ম্যানেজমেন্ট ও ই-লার্ণি সহ নানা ধরনের কাজ এর অন্তর্ভুক্ত। ১৯৮১ সালে এন. আই. আই. টি. ভারতে সর্বপ্রথম তথ্য প্রযুক্তি শিক্ষা ও প্রশিক্ষণ চালু করে। এন. আই. আই. টি. প্রায় ৩০০০টি কেন্দ্রের মাধ্যমে সর্বাধুনিক তথ্য প্রযুক্তিগত শিক্ষা প্রদান করে থাকে। এই কোম্পানি ভারতে প্রথম একসঙ্গে মাল্টিমিডিয়া প্রযুক্তি ও শিক্ষার ব্যাবস্থা চালু করে। পশ্চিমবঙ্গ সরকার প্রাথমিক ভাবে এন. আই. আই. টি.-কে ১০০টি বিদ্যালয়ে কমপিউটার শিক্ষণ চালু করার দায়িত্ব অর্পণ করেছে। ২০০২-২০০৩ সালে কর্মকাণ্ডের প্রারম্ভিক দশ মাসে এটি ২২২.১ মিলিয়ন টাকা রপ্তানি করেছে। ২০০১-২০০২ সালে ১২ মাসে রপ্তানির মোট মূল্য ছিল ২৯৩.৫ মিলিয়ন টাকা।

আর এস সফটওয়্যার

আর. এস সফটওয়্যার (ইন্ডিয়া) লিমিটেড একটি কলকাতা কেন্দ্রিক সফটওয়্যার ডেভেলপমেন্ট কোম্পানি। এটি কলকাতায় ১৯৮৭ সাল থেকে কাজ করছে ও ১৯৯৩ সাল থেকে পাবলিক লিমিটেড কোম্পানি হয়েছে। এই কোম্পানি প্রথমে ক্রেতার কাজের জায়গায় কর্মী প্রেরণ করে সফটওয়্যারের অনসাইট ডেভলপমেন্ট শুরু করে। ঠিকাচুক্তি ভিত্তিতে সফটওয়্যার ডেভেলপমেন্ট কাজ হাতে নেওয়ার উদ্দেশ্যে এই কোম্পানি কয়েক বছর ধরে

তাদের হার্ডওয়্যার ও সফটওয়্যার সংক্রান্ত সুবিধা বাড়িয়েছে। কলকাতায় এখনকার কর্মকেন্দ্রের সঙ্গে দ্রুতগতির যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলছে এবং ইউ. এস. এ. এবং ইউ. কে.-র বিভিন্ন বিক্রয়াঞ্চলে বিক্রয় ও সঞ্চালক সমন্বয়কারী অফিস স্থাপন করেছে।

এই এস. ই. আই. সি. এম. এম. লেভেল-৪ কোম্পানি অফ্‌সোর ও অনসাইড সফটওয়্যার ডেভলপমেন্টের ক্রমবর্ধমান কাজের সামাল দিতে নিয়মিতভাবে সফটওয়্যার ডেভলপমেন্ট কেন্দ্রগুলির সুবিধা সমূহের বৃদ্ধি ও মানোন্নয়ন করে চলেছে। ক্রেতাদের ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে তাল মিলিয়ে এই কোম্পানি সফটওয়্যার ডেভলপমেন্টের ক্ষেত্রে বৈচিত্র্য এনেছে এবং এটিকে লিগাসি কোড মেইনটেন্যান্স ও মাইগ্রেশন থেকে ই-কমার্সে এবং উপাত্ত সংরক্ষণ ব্যবস্থায় উন্নীত করেছে।

আর. এস. এস. এল. গত কয়েক বছরে ইউ. এস. সফটওয়্যার মার্কেটে নিজেকে প্রতিষ্ঠিত করেছে এবং অ্যামেরিকান এক্সপ্রেস ব্যাঙ্ক লিমিটেড, চেজ ম্যানহাট্টন ব্যাঙ্ক, আই. বি. এম., ভিসা, মরগান স্ট্যানলি ও টেক্সাস ইনস্ট্রুমেন্ট সহ বৃহৎ কর্পোরেশনগুলির সঙ্গে ধারাবাহিক সম্পর্ক স্থাপন করেছে। এই কোম্পানি মেন ফ্রেমে কোড কনভারশনস্ রক্ষণাবেক্ষণ, মাইগ্রেশন ও মূল কাঠামোয় বি-ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রগুলিতে দক্ষতা অর্জন করেছে।

এই কোম্পানি ২০০২-২০০৩ সালের প্রথম নয় মাসে মোট ৪৭ কোটি টাকা ব্যবসা করেছে। আর্থিক বছরের শেষ নাগাদ এই রাশি ৬০ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

এজিলেন্ট টেকনোলজি

এজিলেন্ট টেকনোলজি একটি এইচ. পি. স্পিন-অফ ও বিশ্বব্যাপী, বহুমুখিন টেকনোলজি কোম্পানি যা যোগাযোগ ব্যবস্থা, বৈদ্যুতিন ও জীববিজ্ঞান শিল্পের ক্ষেত্রে ক্রমবর্ধমান বাজারের উপর জোর দিচ্ছে এবং যোগাযোগ ব্যবস্থা, বৈদ্যুতিক, জীববিজ্ঞান ও রাসায়নিক বিশেষণের ক্ষেত্রে ব্যাপক পরিমাণ ক্রেতাকে পরিবর্তনশীল প্রযুক্তি, সলিউশনস্ ও পরিষেবা সরবরাহ করছে।

৪০টিরও বেশি দেশে এজিলেন্ট প্রদত্ত সুবিধাদি ও তাদের ৪১,০০০ কর্মচারী ১২০টি দেশে বাজার নিয়ন্ত্রণকারী ক্রেতাবর্গকে পরিষেবা দেয়। বেশিরভাগ উৎপাদনের মানোন্নয়ন কেন্দ্র ও নির্মাণকেন্দ্রগুলি আমেরিকা, চীন, জার্মানি, জাপান, মালয়েশিয়া, সিঙ্গাপুর, অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডে অবস্থিত কোম্পানির নিট আয়ের অর্ধেকেরও বেশি এসেছে আমেরিকার বাইরে থেকে ২০০২ আর্থিক বছরে। এজিলেন্টের নিট আয় হয়েছে ৬ বিলিয়ন আমেরিকান ডলার।

এজিলেন্ট ইন্ডিয়া বৃহদংশে বিক্রয় ও পোষক সংস্থা। এজিলেন্ট সম্প্রসারণের পরিকল্পনা নিয়ে ভারতের পাঁচটি শহরে (ব্যঙ্গালোর, হায়দ্রাবাদ, দিল্লি, কলকাতা ও মুম্বাই)

কাজ করে চলেছে। ভারতের ব্যবসায়িক ইউনিটগুলি জীববিজ্ঞান ও রাসায়নিক বিশ্লেষণ, কমিউনিকেশন, বৈদ্যুতিন উৎপাদন ও সলিউশনস্ এরিয়ার প্রয়োজনগুলি মেটায়। কলকাতায় সংস্থাটি সল্টলেকের অফিস থেকে কাজকর্ম চালায়। এখানে এদের ৭৫টি ডেভলপার ক্ষমতাসম্পন্ন নিজস্ব সুবিধাদি রয়েছে।

নেটগুরু ইন্ডিয়া (আরলিয়ার রিসার্চ ইঞ্জিনিয়ারস্ প্রাইভেট লিমিটেড)

নেটগুরু ইন্ডিয়া একটি আন্তর্জাতিক কোম্পানি। ৮৫টি দেশে এদের অফিস, পরিকাঠামো ও প্রতিনিধিত্ব রয়েছে। এই সংস্থার ৪৭,০০০ সংযোগ কেন্দ্র সহ বিশ্বব্যাপী ১৯,০০০ বি-২-বি ক্রেতা ও ১,৬০,০০০ ব্যবহারকারী রয়েছে। এটি ক্যালিফোর্নিয়া ভিত্তিক কোম্পানি। নেটগুরু ১৫৫ মিলিয়ন টাকা ব্যয়ে কলকাতার সল্টলেকে ডিজিটাল সাউন্ড রেকর্ডিং স্টুডিও সহ আদর্শ ডিজিটাল অ্যানিমেশন স্টুডিও তৈরি করছে। এটি একটি সম্পূর্ণ মাল্টিবিডিয়া প্রোডাকশন কেন্দ্র যা কলকাতায় স্পেশাল এফেক্টস এবং অডিও ও ভিডিও সার্ভিসের সুবিধা দিচ্ছে। এটি উচ্চক্ষমতাসম্পন্ন উপগ্রহ সংযোগ মারফত আমেরিকার ক্যালিফোর্নিয়ার সদর দপ্তরের সঙ্গে যুক্ত। এখানে সর্বাধুনিক হার্ডওয়্যার ও সফ্টওয়্যার ব্যবস্থা ও উচ্চ প্রশিক্ষিত মেধাবী শিল্পগোষ্ঠীর সুবিধা রয়েছে।

নেটগুরু ইন্ডিয়া ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়েছে এবং বর্তমানে এই কোম্পানি ইঞ্জিনিয়ারিং, গ্রাফিক্স ও মাল্টি-মিডিয়া সফটওয়্যার উৎপাদন, নির্মাণ ও বিক্রয় করছে।

২০০২-২০০৩ সালে (জানুয়ারি পর্যন্ত) এই কোম্পানির রপ্তানি মূল্যমান ছিল ৩.৫ মিলিয়ন টাকা। আগের ২০০১-২০০২ আর্থিক বছরে ১১.৫ মিলিয়ন টাকা মূল্যের রপ্তানি হয়েছিল।

ওয়েব ডেভলপমেন্ট কোম্পানি

ওয়েব ডেভলপমেন্ট কোম্পানি (ডব্লিউ. ডি. সি.) একটি অগ্রণী ই-বিজনেস সলিউশন সরবরাহকারী ও অখণ্ড ইন্টারনেট পরিষেবা দাতা কোম্পানি। এটি ১৯৯৮ সালের জুন মাসে নিগমবদ্ধ হয়। ডব্লিউ. ডি. সি. ভারত, এশিয়া / প্যাসিফিক অঞ্চলে এবং ইউরোপের বেশির ভাগ অঞ্চলে একটি ব্যাপক সম্প্রসারিত ইন্টারনেট ও ওয়েব সম্পর্কিত টেকনোলজি সলিউশনস দেওয়ার প্রস্তাব রেখেছে। এই কোম্পানিটি শ্রাচী গোষ্ঠীর অংশ। ডব্লিউ. ডি. সি. ১৯৯৮ সালে তার সূচনাকাল থেকেই আই. বি. এম.-এর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে চলেছে।

আই. টি. সি., হলদিয়া পেট্রোকেমিক্যালস, সিএ-টিসিজি, এলাহাবার ব্যাঙ্ক, আই. বি. এম. গ্লোবাল সার্ভিসেস, অ্যান্ডারসন কনসালটিং, ডাকব্যাক, টাটা স্টিল, লাফার্জ, ইন্ডিয়ান

এয়ারলাইন্স ইত্যাদির মতো নামকরা কোম্পানিগুলি এদের ক্রেতা তালিকায় রয়েছে। ডব্লিউ. ডি. সি. ওয়েব সংঘটিত মেটাল স্ক্র্যাপ ট্রেডিং কর্পোরেশনের (এম. এস. টি. সি.) নিলাম প্রক্রিয়ার দ্বারা দেশের নিলাম ব্যবস্থায় বিপ্লব এনেছে। এই কোম্পানি ইতিমধ্যেই ৯.০০ কোটি টাকারও বেশি মূল্যের ই-অকশন নির্বাহ করেছে এবং বর্তমান আর্থিক বছরের শেষে ১৫.০০ কোটিরও বেশি টাকা মূল্যমানের ওয়েব সংঘটিত নিলামের পরিকল্পনা করেছে।

ডব্লিউ. ডি. সি. সবেমাত্র আই. টি. ই. এস.-এর অংশীদার হয়েছে এবং টেলি-বিপণন থেকে প্রযুক্তি সহায়তায় ব্যাপকভাবে তথ্যপ্রযুক্তি সম্পর্কিত পরিষেবায় অংশগ্রহণের জন্য একটি নতুন কোম্পানি তৈরি করেছে। এস. আই. ডি. বি. আই. ভেনচার ক্যাপিটাল ফান্ড ও ওয়েস্ট বেঙ্গল ভেনচার ক্যাপিটাল ফান্ড ফর ইনফরমেশন টেকনোলজি, টেলিকমিউনিকেশনস্ অ্যান্ড ইলেকট্রনিকস্-এর আংশিক সহায়তায় ক্রিসটেন্ড কনভারজেন্স কনট্যাক্ট সেন্টার প্রাইভেট লিমিটেড (সি. সি. সি. পি. এল.) নামক নতুন কোম্পানিটি গড়ে উঠেছে।

এই কোম্পানির কর্মকাণ্ড সল্টলেক ভিত্তিক। এখানে ডব্লিউ. ডি. সি.-র ১৩০ জনেরও বেশি কর্মী রয়েছে এবং ২০০৩ সালে আরও ৪০০ জনকে যুক্ত করে এই সংখ্যা বৃদ্ধির যোজনা রয়েছে। ২০০২-২০০৩ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) কোম্পানির রপ্তানি মূল্যমান ছিল ৪.৬ মিলিয়ন টাকা। গত আর্থিক বছর ২০০১-২০০২ সালে রপ্তানি মূল্য ছিল ৬.৩ মিলিয়ন টাকা।

ক্যালটাইগার ডট কম

ক্যালটাইগার মেসার্স প্যাট্রিয়ট অটোমেশন প্রোজেক্টস্ লিমিটেডের কলকাতা ভিত্তিক অবাধ ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এবং অবাধ ইন্টারনেট অ্যাকসেস প্রদানকারী হিসেবে সর্বাধিক পরিচিত ছিল। এই মডেল বন্ধ হয়ে গেছে এবং এই কোম্পানি বর্তমানে অর্থের বিনিময়ে পরিষেবা দিয়ে থাকে। ক্যালটাইগার ডট কম ১৯৯৯ সালের ১০ই অক্টোবর চালু হয় এবং ভারতের সর্ববৃহৎ বেসরকারি আই. এস. পি.-তে পরিণত হয়েছে। ১০০টি শহরে এদের ৭,৫৭,৫৫৬ জন গ্রাহক রয়েছে। বর্তমানে ৩৮৫ মিলিয়ন টাকার (৮ মিলিয়ন আমেরিকান ডলার) ইকুয়িটি মূলধন রয়েছে। অন্যান্য শেয়ার হোল্ডারদের মধ্যে রয়েছে এস. এম. আই. এফ, স্ ক্যাপিটাল মার্কেট লিমিটেড, ট্রান্সাটলান্টিক কর্পোরেশন ইনকর্পোরেটেড (স্পেন), ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট ব্যাঙ্ক অব ইন্ডিয়া লিমিটেড এবং দ্য ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক অব ইন্ডিয়া লিমিটেড। ১,০০,০০০ বর্গফুট বাণিজ্যকেন্দ্রে ক্যালটাইগারের ২৫০ জন কর্মী রয়েছে।

ক্যালটাইগার ডেটা সেন্টারস, রিটেল অ্যান্ড কর্পোরেট অ্যাকসেস, ইন্টারন্যাশনাল গেটওয়েস, ইউনিফায়েড মেসেজিং সার্ভিস, ইন্টারনেট ফ্যাক্স ও কল সেন্টারস্ সহ বিস্তৃত ইন্টারনেট সার্ভিস পরিচালনা করে। এই কোম্পানির অফিসগুলি ৪০টি ভারতীয় শহরে ৭,৫০,০০০ একক ও নিগমবদ্ধ ক্রেতাদের পরিষেবা দেয়।

পরবর্তীকালে ক্যালটাইগার আরও অনেক যুক্তমূল্য পরিষেবা দিয়ে নিজেকে একটি নিগমবদ্ধ ইন্টারনেট পরিষেবা দাতায় (আই. এস. পি.) রূপান্তরিত করেছে। এরা ইন্ডিয়ান অয়েলস্, ডব্লিউ. বি. এস. ই. বি. ও সাহা ইন্সটিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্স-এর মতো সংস্থাগুলিকে ব্যান্ডউইডথ্ বিক্রি করছে। ভারতের কাফে ও কোম্পানিগুলিতে ভয়েস অব ইন্টারনেট প্রোটোকল (ভি. ও. আই. পি.) দেওয়ার জন্য ইন্টারনেট টেলিফোনি সলিউশনস্ দিতে ক্যালটাইগার আমেরিকার নেট-২-ফোন-ইনকর্পোরেটেড এর সঙ্গে জোটবদ্ধ হয়েছে এবং ভারত থেকে আমেরিকায় মিনিট পিছু সর্বনিম্ন ৩ টাকা হারে চার্জ ধার্য করেছে। এদের পরিষেবা গ্রহীতাগণ যাতে ক্যালটাইগার নেট-২-ফোন ব্রান্ডের অধীনে সারা দেশে ৭০ জন ডিস্ট্রিবিউটরের নেটওয়ার্কের মাধ্যমে নেট টেলিফোনি কলিং কার্ডস্ কিনতে পরে সেজন্য ক্যালটাইগার, 'ক্যালটাইগার এন ২পি ডট কম.' নামে একটি ওয়েবসাইট চালু করেছে।

এপিজে সুরেন্দ্র গ্রুপ

এপিজে সুরেন্দ্র গ্রুপ চা, আতিথেয়তা, সম্পত্তি, জাহাজ, অর্থ ও প্রযুক্তি বিষয়ে আগ্রহী একটি বহুমুখী শিল্পগোষ্ঠী। এই গোষ্ঠী তিনটি কোম্পানি চালু করেছেন যেগুলি টি স্টল ডট কম., অক্সফোর্ড বুকস্ স্টোর ডট কম এবং স্টক মার্কেট ডট কম এই তিনটি পোর্টালের কাজ চালাচ্ছে।

টী স্টল ডট কম নামক অনলাইন টি বুটিকটি ২০০২ সালে প্রতিষ্ঠিত এই গোষ্ঠীর একমাত্র অনলাইন উদ্যোগ এবং দেশের প্রথম বি২সি চা-বুটিক। এই গোষ্ঠী চা উৎপাদন ও রপ্তানির ক্ষেত্রে বহু বছরের অভিজ্ঞতা নিয়ে টি স্টল ডট কমের মাধ্যমে তার ব্যবসার বর্তমান পরিকাঠামোর একটি যুক্তিসঙ্গত সম্প্রসারণ ঘটিয়েছে। কলকাতার বিখ্যাত অক্সফোর্ড বুক সেন্টার এই গোষ্ঠীর রিটেল ডেভলপমেন্ট কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত হয়েছে। উচ্চমানের সুবিধা ও প্রযুক্তির ক্ষেত্রে এই গোষ্ঠী যে বিশ্বমানের প্রতিযোগিতায় নামতে পারে তা সুনিশ্চিত করতে এই গোষ্ঠী অক্সফোর্ড বুক সেন্টার ডট কম চালু করেছে। নেট ব্যবস্থায় অক্সফোর্ড বুক স্টোর ডট কম একটি সম্পূর্ণ ও দুর্লভ কার্যকরী বইয়ের দোকান, যাতে আধা মিনিয়ন ভাল বই রয়েছে। এই ক্ষেত্রে বই কেনার পুরো ধারণাটাই পাল্টে দিয়েছে। এখানে বইপ্রেমীরা সুবিধামতো বাড়িতে বসেই তাদের পছন্দের বই পাবেন।

নিজস্ব রিটেল ফোকাসকে শাণিত করার উদ্দেশ্যে এই গোষ্ঠী স্টক মার্কেট ডট কম নামক দেশের প্রথম ইন্টারনেট শেয়ার ট্রেডিং পোর্টাল চালু করেছে। এই গোষ্ঠীর অংশ এ. পি. জে. সিকিউরিটির একটি অনলাইন উদ্যোগ হল স্টক মার্কেট ডট কম। এটি একটি অর্থনৈতিক ক্ষেত্র যা ন্যাশনাল স্টক এক্সচেঞ্জে বৈদ্যুতিন বাণিজ্য সুনিশ্চিত করতে সম্পূর্ণ সারিবদ্ধ সমন্বয় সাধন করে। এশিয়ায় রয়সার্ট ইলেকট্রনিক অনলাইন ট্রেডিং সলিউশন প্রয়োগ করার ব্যাপারে স্টক মার্কেট ডট কম হল প্রথম নিয়ন্ত্রণকারী অনলাইন ট্রেডিং সাইট।

রয়টার্সের সঙ্গে গাঁটবন্ধনের ফলে অনলাইন বাণিজ্যের ক্ষেত্রে স্টক মার্কেট তার ক্রেতাদের কাছে বিশ্বমানের পরিষেবা পৌঁছে দেওয়ার কথা বলছে।

টী অক্‌শন ডট কম

কলকাতার টী অকশন ডট্ কম হল চায়ের একটি রিভার্স বি২বি অকশন যা ক্রেতা ও বিক্রেতার মধ্যে কিছু উপায় নির্দেশ করে, যেখানে ক্রেতাগণ তাদের চাহিদামতো উৎপাদন বা পরিষেবা তালিকা করতে পারবে এবং বিক্রেতারাও তাদের প্রস্তাব রাখতে পারবে। অংশগ্রহণকারীদের জন্য উন্নত মার্কেট অ্যাকসেস ও লিকুইডিটির ব্যবস্থা করতে ২০০০ সালে কাজ শুরু করে টী অক্‌শন ডট কম সার্থকভাবে লেনদেন সংক্রান্ত সময় ও সহায়ক মূল্য হ্রাস করতে সক্ষম হয়েছে। এই অক্‌শন বাণিজ্য ও শিল্পমন্ত্রকের টী বোর্ড প্রদত্ত সর্বভারতীয় লাইসেন্সের অধীনে কাজ করে।

আই. বি. এম. প্রযুক্তি এবং ডি. বি. ২ টুলসের উপর এই কোম্পানির শক্তপোক্ত ভিত্তি রয়েছে এবং অনুমোদিত পরিষেবা লাভের জন্য উত্তরে ১৩০ বছরের পুরোনো ব্রোকারেজ হাউজ এ. ডব্লিউ. ফিজিস অ্যান্ড কোম্পানি লিমিটেড ও দক্ষিণে টি. টি. বি. এল. টী অ্যান্ড টেকনোলজিস লিমিটেডের সঙ্গে কৌশলগত চুক্তি করেছে। উন্নততর ফোকসেস ও মূল্যবান দক্ষ ক্রেতা পরিষেবার জন্য তিনটি অন্য ব্রোকারেজ হাউসের সঙ্গে যৌথ উদ্যোগ চুক্তি করেছে। টী অক্‌শন ডট কম শ্রীলঙ্কার মেসার্স ফোরব্‌স অ্যান্ড ওয়াকারের সঙ্গে কৌশলগত যৌথ উদ্যোগে জোটবদ্ধ হয়েছে এবং প্রতি সপ্তাহে অনলাইন বিক্রয়ের ব্যবস্থা করেছে। দেশের বিশিষ্ট অক্‌শন্ ফ্লোরগুলিতে অভ্যর্থনার জন্য বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার আগ্রহী অংশগ্রহণকারীদের সঙ্গে কথা হয়েছে।

এক্স-পি-এস অনলাইন

এক্সপ্রেস কমিউনিকেশন প্রাইভেট লিমিটেড হল কয়েকজন উচ্চাভিলাষী শিল্পপতি ও প্রযুক্তিবিদের মানস সন্তান। এই কোম্পানি ১৯৯৯ সালের মে মাসে এক্স-পি-এস অনলাইনের কৌশলগত ব্যবসায়িক ইউনিটের ফ্ল্যাগশিপ কোম্পানি রূপে নিগমবদ্ধ ও রেজিষ্ট্রিকৃত ছিল। যাইহোক, ২০০০ সালে জুলাই মাস থেকে এর বাণিজ্যিক পরিষেবা ক্রিয়াশীল হয়েছে। বর্তমানে এক্স. পি. এস. অনলাইন একটি সামগ্রিক সলিউশনস্ দাতা হওয়ার চেষ্টা করছে। এই কোম্পানি প্রযুক্তিগত অংশীদাররূপে আই. বি. এম.-এর সঙ্গে জোটবদ্ধ হয়েছে এবং আই. বি. এম.-এর উদ্যোগী নেতৃত্বের নির্দেশনার যার অধীনে থেকে এক্সপ্রেস কমিউনিকেশন প্রাইভেট লিমিটেড এগিয়ে চলেছে।

এই কোম্পানি সেরা সুলভ হার্ডওয়্যার নিয়ে এই সুপারফাস্ট ইনফোওয়ের চাহিদাগুলি পূরণ করার মোকাবিলা করার জন্য সর্বশক্তি নিযুক্ত করেছে। এই কোম্পানির মূল

চালিকাশক্তি হালের সর্বাধুনিক সার্ভারসমূহ ও থ্রি-কম ও সিস্‌কোর মতো অগ্রণী শিল্পগোষ্ঠীর থেকে পাওয়া নানাবিধ প্রকরণসমূহে নিহিত, যার মাধ্যমে ইন্টারনেট অ্যাকসেস সার্ভিসেস, ই-কমার্স, অ্যাপ্লিকেশন সার্ভিসেস এবং ইন্টারন্যাশনাল গেটওয়ের মতো একগুচ্ছ ইন্টারনেট নির্ভর পরিষেবা প্রদান করে থাকে। বর্তমানে এই কোম্পানি থ্রু ডায়াল-আপস্‌ ডোডিকেটেড লিজ্‌ড লাইনস্‌, কেবল ও রেডিও-র মাধ্যমে সমস্ত ধরনের ইন্টারনেট অ্যাকসেস দিয়ে আসছে। সম্প্রতি এই কোম্পানি আই পি সার্ভিসেসের মাধ্যমে ভয়েস পরিষেবা সরবরাহ করতে এশিয়া টেলিকমের একশো শতাংশ মালিকানাধীন ভেব্‌টেলের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে। এক্সপ্রেস কমিউনিকেশান ইন্টারনেট পরিষেবা ছাড়াও, ইন্টারনেট সিকিউরিটি, সিস্টেম ইন্টেগ্রেশন এবং ম্যানেজড সার্ভিসেসের ক্ষেত্রেও এক্সপ্রেস লক্ষণীয় ভাবে উপস্থিত রয়েছে। এক্সপ্রেস কমিউনিকেশান উদ্যোগ প্রক্রিয়ার সঙ্গে শ্রেষ্ঠ কর্মীশক্তিকে অবিচ্ছেদ্যভাবে জড়িত করার মাধ্যমে এর সাফল্য সুনিশ্চিত করতে যত্নবান হয়ে থাকে। বর্তমানে কোম্পানিতে ৮০ জন কর্মচারী রয়েছেন। অ্যাকসেস সার্ভিসসহ এক্সপ্রেস কমিউনিকেশন তাদের এক্স. পি. এস. অনলাইন ডট কম নামে পরিচিত অ্যাক্সেস সার্ভিসের মাধ্যমে মূল্যবান দ্রব্যাদির দ্রুত এবং অবাধ প্রবাহ সুনিশ্চিত করে থাকে। আই. বি. এম. এক্স. পি. এস. অনলাইনের জন্য সম্পূর্ণ সলিউশান প্যাকেজ সরবরাহ করেছে। কোম্পানি শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত এক্সপ্রেস টাওয়ার ভবনে তাদের ৬০০০ বর্গফুট বিস্তৃত দপ্তর থেকে কাজকর্ম পরিচালনা করে থাকে। সমস্ত ওয়েবসাইট যাতে সংরক্ষিত হয় তা সর্বাধুনিক যন্ত্রপাতির সাহায্যে সুনিশ্চিত করতে কোম্পানি পরিকাঠামো খাতে ৭০ মিলিয়ন টাকা বিনিয়োগ করেছে।

কেমবায়োটেক

আন্তর্জাতিক কোম্পানিগুলির গবেষণা ও উন্নয়ন প্রয়াসের পরিপূরক হয়ে ওঠার লক্ষ্য নিয়েই কেমবায়োটেক প্রতিষ্ঠিত হয়েছিল। কোম্পানিটি তার সবিস্তৃত দক্ষতা এবং একদল নিবেদিত প্রাণ বিজ্ঞানীর সাহায্যে আমেরিকার বহু সংখ্যক বৃহৎ কোম্পানির সঙ্গে গবেষণাগত সম্পর্ক স্থাপন করেছে। কোম্পানি তার সহযোগী সংস্থা ইনস্টিটিউট অফ মলিকিউলার বায়োলজির মাধ্যমে নতুন ঔষধ আবিষ্কার, মলিকিউলার বায়োলজি, ফাইটোমেডিসিন ও জিন থেরাপির মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে মৌলিক গবেষণায় উৎসাহ দিয়ে চলেছে। কোম্পানি জিন থেরাপি, ন্যাচারাল প্রোডাক্টস কেমিষ্ট্রি (প্রকৃতিজাত দ্রব্যসমূহের রসায়ন), ড্রাগ ডিসকভারি রিসার্চ সিন্থেটিক / প্রসেস রিসার্চ-এর মতো ক্ষেত্রগুলিতে বিশেষ সাফল্যের পরিচয় রেখেছে। কোম্পানি প্রসেস ইমপ্রুভমেন্ট ও উৎপাদন মাত্রাবৃদ্ধি, নতুন কেমিক্যাল এনটেটিস, কম্পিউটেশনল বায়োলজি, কম্বিনেটোরিয়াল কেমিষ্ট্রি ও স্ট্রাকচার অ্যাকটিভিটি রিলেশানশিপ স্টাডিজ-এর সাহায্যে লিড অপটিমাইজেশন ইত্যাদির মতো নতুন কর্মক্ষেত্র-গুলিতে কাজ করে থাকে।

কেমবায়োটেক নোভার্টিস, ফাইজার, রোশ, বেয়ার, পি. অ্যান্ড জি., বায়োজেন-এর মতো ব্যাপক সংখ্যক আন্তর্জাতিক ক্রেতাদের পরিষেবা দিয়ে থাকে। বর্তমানে কলকাতাতে

কোম্পানিটির প্রায় ১০০ জন কর্মী রয়েছেন। অফিস করার জন্য কোম্পানিটির ৫ একর জমির ওপর ৩০,০০০ বর্গফুট বিস্তৃত অফিস রয়েছে। ১০ মিলিয়ন টাকা প্রারম্ভিক বিনিয়োগের পর কোম্পানিটি বর্তমান অর্থ বর্ষের শেষে আরও ১০ মিলিয়ন টাকা বিনিয়োগ করার চিন্তা-ভাবনা করছে।

আই টি নির্ভরশীল পরিষেবা

সফটওয়্যার পরিষেবার পরেই ব্যাক-অফিস বাণিজ্যই ভারতের সবচেয়ে সম্ভাবনাময় বাণিজ্যক্ষেত্র। ক্রমহ্রাসমান টেলিকম শুল্কের সুবিধা, সুশিক্ষিত পেশাদার কর্মী, হাজার হাজার ইংরেজিতে অনর্গল কথা বলতে এবং প্রয়োজনে বাগভঙ্গি পরিবর্তনে সক্ষম ব্যক্তি এবং টাইম জোনের সুবিধা ভারতকে দূরস্থিত কল-সেন্টার স্থাপনের অনুকূল গন্তব্যস্থল করেছে। যেটি আরও বেশি উৎসাহজনক তা হল ভারতে এই কল-সেন্টারের চাকুরিকে যথার্থ পেশা-সুযোগ বলে ভাবা হচ্ছে, যা কিনা ইউরোপ এবং আমেরিকায় মনে করা হয় না। মেডিক্যাল ট্রানস্ক্রিপশনও আর এক দ্রুত বিকাশশীল ক্ষেত্র। বিজনেস প্রসেস আউটসোর্সিং-এর জন্য একাধিক সংস্থা স্থাপিত হচ্ছে। এই বৃদ্ধিশীল ক্ষেত্রে এক বিশাল রপ্তানি বাজারের সম্ভাবনা রয়েছে।

এস. টি. পি.-র অধীনে কলকাতাতে ১২টি আই. টি নির্ভর পরিষেবা ইউনিট রয়েছে। কনভারজেন্স কন্ট্যাক্ট সেন্টার, বিষ্ণু সলিউশনস্, বেলভিউ টেকনোলজি সিস্টেমস্, বি. এন. কে.-ই সলিউশনস্ ইত্যাদি এই কল সেন্টারগুলির মধ্যে উল্লেখযোগ্য। মেডিক্যাল ট্রান্সক্রিপশনের ক্ষেত্রে শহরের অপটিক্যাল কমপিউটিং স্পেশালিস্ট ইনফোটেক, ক্রিপটন ইনফোটেক এবং লাস্ট পিক সলিউশনস্ উল্লেখযোগ্য।

মঞ্জুশ্রী ইনফোটেক

মঞ্জুশ্রীর বাণিজ্য সংস্থাগত সংস্কৃতি জটিল বাণিজ্যিক সমস্যা সমূহের সহজ সমাধান সরবরাহ করা কাজে সাম্প্রতিকতম তথ্য প্রযুক্তিকে কাজে লাগানোর ব্যাপারে গুরুত্ব আরোপ করে থাকে। মঞ্জুশ্রী ইনফোটেক ১.২ বিলিয়ন মার্কিন ডলার অর্থমূল্য বিশিষ্ট বি. কে. বিড়লা গ্রুপ কোম্পানি সমূহের অন্যতম, যা মুখ্যত রপ্তানি সহায়ক সফটওয়্যার সলিউশন এবং পরিষেবা প্রদান করে থাকে। একদল সফটওয়্যার বিশেষজ্ঞ এর চালিকাশক্তি। কলকাতা ও ব্যাঙ্গালোরে এর স্ট্র্যাটেজিক কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে এবং শীঘ্রই মুম্বাই এবং নিউ দিল্লিতে ওই রকম কেন্দ্র প্রতিষ্ঠিত হবে। এর প্রত্যেকটি প্রযুক্তি কেন্দ্র সর্বাধুনিক সফটওয়্যার টুলস এবং শক্তিশালী সংযোগ বিস্তারিকার দ্বারা সুসজ্জিত।

২০০২-২০০৩ বর্ষের প্রথম দশমাসে রপ্তানি ক্ষেত্রে কোম্পানির মোট ব্যবসার অর্থমূল্য ৩.৩ মিলিয়ন টাকা। ২০০১-২০০২ আর্থিক বছরে রপ্তানির মোট অর্থমূল্য ছিল ৩৪.২ মিলিয়ন টাকা।

বে-ভিউ টেকনোলজি সিস্টেমস্

বে-ভিউ টেকনোলজি সিস্টেমস্ প্রাইভেট লিমিটেড ২০০০ সালের মার্চ মাসে প্রতিষ্ঠিত হয়। কোম্পানিটি মার্কিন আবাসিক ও বাণিজ্যিক বন্ধকী ব্যাঙ্কিং শিল্পকে এক ব্যাপক তথ্য প্রযুক্তি পরিষেবা ও বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) পরিষেবা দিয়ে থাকে। ভারতে এটি সফ্টওয়্যার টেকনোলজি পার্কের নিবন্ধভুক্ত এবং তাদের সল্টলেকে অবস্থিত অফিস থেকে এটি একশো শতাংশ রপ্তানি অভিমুখী ইউনিট হিসাবে কাজ করে চলেছে।

বে-ভিউ টেকনোলজি সিস্টেমস্ আমেরিকায় এক অগ্রণী মর্টগেজ ফাইন্যান্স কোম্পানি বে-ভিউ ফাইন্যান্সিয়াল ট্রেডিং গ্রুপকে আর্থিক লেনদেনের প্রক্রিয়াকরণ ও ব্যাঙ্ক অফিস পরিষেবা সমূহ সমেত নানান পরিষেবা প্রদান করে থাকে। বে-ভিউই হল প্রথম কোম্পানি যারা কলকাতাতে ভয়েস-বেসড্ পরিষেবা (কল সেন্টার) চালু করেছিল। বর্তমানে বে-ভিউ তার পৃষ্টপোষকদের জন্য অভিমুখী ও বহির্মুখী ইন-বাউন্ড এবং আউট-বাউন্ড ভয়েস-বেসড প্রসেসেস পরিষেবা চালু করার কাজ হাতে নিয়েছে। ২০০২ সালে বে-ভিউ তার পৃষ্টপোষকদের আগে থেকেই দিতে থাকা বিপিও পরিষেবার সঙ্গে ফরোয়ার্ড এবং ব্যাকওয়ার্ড লিঙ্কেজেস-এর সদ্ব্যবহার করার জন্য তাদের সফ্টওয়্যার কনসাল্টিং ডিভিশন চালু করে।

২০০২ সালে বে-ভিউ এর প্রবর্তকগণ আমেরিকায় লভ্য অপরাপর আউটসোর্সিংয়ের সুযোগ-সুবিধার সদ্ব্যবহার করার জন্য ইনুভা ইনফো ম্যানেজমেন্ট প্রাইভেট লিমিটেডের প্রতিষ্ঠা করে। ইনুভা, যার উৎপাদন কেন্দ্র রয়েছে সল্টলেকের এস. ডি. এফ. বিল্ডিং-এ। সম্প্রতি আমেরিকায় বিশিষ্ট বীমা কোম্পানির সঙ্গে একযোগে কাজ করছে। বে-ভিউ এবং ইনুভায় একত্রে ৭৫ জন কলারস প্রসেসরস এবং প্রোগ্রামার কর্মরত।

২০০২-২০০৩ আর্থিক বছরের প্রথম দশ মাসে বে-ভিউ-এর রপ্তানি থেকে আয় ছিল ২৫.৪ মিলিয়ন টাকা। ২০০১-২০০২ সালে রপ্তানির অর্থমূল্য ছিল ২৮.৩ মিলিয়ন টাকা।

বিষ্ণু সলিউশনস প্রাইভেট লিমিটেড

বিষ্ণু সলিউশনস প্রাইভেট লিমিটেড ফাইন্যান্স এবং ইনফরমেশন টেকনোলজি, অয়্যারহাউজিং, অ্যাগ্রো-বেসড ইন্ডাস্ট্রিজ ইত্যাদি নানা ক্ষেত্রের সঙ্গে জড়িত থাকা বাজোরিয়া গ্রুপ কর্তৃক স্থাপিত হয়েছে। আই. টি. ই. এস. ক্ষেত্রে তাদের প্রথম বিনিয়োগ প্রসারণ ঘটে ২০০১ সালে কলকাতায় ১৪বি, ক্যাকাক স্ট্রিটের কন্ট্যাক্ট সেন্টার স্থাপনের মাধ্যমে তবে এখানে পুরোমাত্রা কাজকর্ম শুরু হয়েছে ২০০২ সালের মার্চ মাসের পর থেকে। এটি হ্যানিওয়েল, প্লান্ট্রোনিকস্, সিসকো, লুসেন্ট, কম্প্যাক, নর্টেল ইত্যাদি সংস্থা কর্তৃক সরবরাহ করা হালের প্রযুক্তি এবং যন্ত্রপাতি দ্বারা সুসজ্জিত সুসংহত, আন্তর্জাতিক কন্ট্যাক্ট সেন্টার বিশেষ। এর প্রেডিক্টিভ ডায়লার মার্কিন যুক্তরাষ্ট্রের মায়ামিতে স্থাপিত হয়েছে এবং এটি ভি. এস. এন. এল. ও এম. সি. আই. ওয়ার্ল্ড কম এর মাধ্যমে লিজড লাইন কানেকটিভিটির সুযোগ দিয়ে থাকে। কোম্পানিটি আমেরিকার ট্র-ডায়াল ইনকর্পোরেটেড এর সঙ্গে প্রযুক্তিগত

গাঁটছাড়া বেঁধেছে। বর্তমানে কোম্পানিটি ১২০ x ৩ এজেন্টস পজিশান থেকে কাজকর্ম পরিচালনা করছে। সল্টলেকের ইলেকট্রনিক কমপ্লেক্সের নিজেদের প্রায় ৫০,০০০ বর্গফুট পরিমিত জায়গায় আরো ৩০০ x ৩ যোগ করে সম্প্রসারণ ঘটেছে। কোম্পানির প্রারম্ভিক বিনিয়োগ ছিল ১০ কোটি টাকা এবং কোম্পানিটি তার এই সম্প্রসারণের জন্য আরও ১২ কোটি টাকা বিনিয়োগের জন্য চিন্তা-ভাবনা করছে। কোম্পানিটি আমেরিকায় তাদের বিদেশে অফিস খুলতে চলেছে এবং তাদের ব্যবসায়িক কাজকর্ম দেশে এবং বিদেশে সম্প্রসারণের পরিকল্পনাও বিবেচনাধীন রয়েছে।

২০০২-২০০৩ সালের প্রথম দশ মাসে রপ্তানি থেকে তাদের আয়ের পরিমাণ ছিল ৮৯.৯ মিলিয়ন টাকা, যা ২০০১-২০০২ আর্থিক বছরের ৭.৮ মিলিয়ন টাকার সম মূল্যের রপ্তানির চেয়ে যথেষ্ট বেশি।

বি এন কে ই সলিউশনস

বি. এন. কে. ই. সলিউশনস প্রাইভেট লিমিটেড সল্টলেকের ইনফিনিটি ভবনে একটি আন্তর্জাতিক আউটসোর্সড কল সেন্টার স্থাপন করেছে। ১২,০০০ বর্গফুট জায়গার ওপর গড়ে ওঠা কেন্দ্রটির আসন ক্ষমতা ১২০টি। সমস্ত প্রকার অভিমুখী (ইনবাউন্ড) এবং বহির্মুখী ট্রাফিক নিয়ন্ত্রণে সক্ষম হালের প্রযুক্তি দ্বারা সজ্জিত এই কোম্পানি তাদের আমেরিকা এবং যুক্তরাজ্যস্থ পৃষ্ঠপোষকদের পরিবেো দিয়ে থাকে। বি. এন. কে. কনট্যাক্ট সেন্টার বিভিন্ন ব্যবসাক্ষেত্র, যেমন ব্যাঙ্কিং ও ফাইন্যান্স, টেলিকম, ইন্সুরেন্স, হেলথকেয়ার ইত্যাদিকে আউটসোর্সড পরিষেবা সমূহ দিয়ে থাকে।

সম্প্রসারণের প্রথম পর্যায়ে কোম্পানিটি ওয়েবেল ভবনে প্রায় ১০,০০০ বর্গফুট জায়গা নিয়ে তাতে মূল ধারণক্ষমতার সঙ্গে আরও ২৫০টি আসন যোগ করেছে। কোম্পানি তার বর্তমান অফিসের খুব কাছে আরও ১.১২ একর জমি নিয়েছে ও সেখানে আর ১০০০টি আসনের ব্যবস্থা করার লক্ষ্য নিয়ে ১,৫০,০০০ বর্গফুট পরিমিত নির্মাণের পরিকল্পনা করেছে।

২০০২-২০০৩ সালের প্রথম দশ মাসে কোম্পানির রপ্তানি আয়ের পরিমাণ ছিল ৩০.৬ মিলিয়ন টাকা, যা সমগ্র ২০০১-২০০২ আর্থিক বছরের মোট বাণিজ্যমূল্য ৪.২ মিলিয়ন টাকার চেয়ে অনেকটাই বেশি।

কনভারজেন্স কন্ট্যাক্ট সেন্টার

কনভারজেন্স কন্ট্যাক্ট সেন্টার ই-বিজনেস সলিউশন প্রোভাইডারের একটি অগ্রণী সংস্থা ওয়েব ডেভলপমেন্ট লিমিটেড (ডবলিউ ডি সি) কর্তৃক প্রবর্তিত হয়েছিল। টেলি-মার্কেটিং থেকে টেকনোলজি সাপোর্টের মতো আই টি নির্ভর পরিষেবা সমূহের এক বিশাল ক্ষেত্রে কাজ শুরু করার জন্য কোম্পানিটি এক নতুন কোম্পানি স্থাপনের মধ্য দিয়ে ডব্লিউ. ডি. সি. সম্প্রতি আই. টি. ই. এস. ক্ষেত্রে সদ্য প্রবেশ করেছে। কনভারজেন্স কন্ট্যাক্ট সেন্টার

প্রাইভেট লিমিটেড (সি. সি. সি. পি. এল.) নামে পরিচিত এই নতুন কোম্পানিটি আংশিকভাবে সিডবি ভেঞ্চার ক্যাপিটাল লিমিটেড এবং ওয়েষ্ট বেঙ্গল ভেঞ্চার ক্যাপিট্যাল ফান্ড ফর ইনফরমেশন টেকনোলজি, টেলিকমিউনিকেশনস্ এবং ইলেকট্রনিক্সের সহায়তা ক্রমে স্থাপিত হয়েছে।

এই কোম্পানির ৯.৫ কোটি টাকার মোট প্রকল্প ব্যয়ের মধ্যে প্রারম্ভিক আদায়কৃত মূলধন ৩.৫ কোটি টাকার সবটাই প্রবর্তক গণের দ্বারা প্রদত্ত হয়েছে। সি. সি. সি. পি. এল. ইতিমধ্যেই সল্টলেকের ডব্লিউ. ডি. সি.-এর নতুন ৪২,০০০ বর্গফুট জায়গায় ২০০ আসন বিশিষ্ট একটি কল সেন্টার চালু করেছে।

সি. সি. সি. পি. এল.-এর কল সেন্টারটি বর্তমানে এক ক্রেতা অনুকূল পরিবেশে ১২০টি আসন থেকে এক শিফটে কাজ করে চলেছে। এখানে কমপিউটার টেলিফোনি ইন্টিগ্রেটেড (সি. টি. আই.) ও ইউনিফায়েড মেসেজিং-এর সুবিধা থাকায় আমরা ভয়েস, ফ্যাক্স, ই-মেল, চ্যাট ইত্যাদি সব ধরনের কল নিয়ে কাজ করতে পারছি।

পরবর্তী বছরের প্রথম তিন মাসের মধ্যেই আরও ১০০ জন কর্মী নিয়ে কোম্পানি তাদের দ্বিতীয় শিফট্টি চালু করবে। এখন কোম্পানি শুধু আমেরিকার বাজারে আউটবাউন্ড টেলিমার্কেটিং পরিষেবা চালু রেখেছে। এখানে তিন শিফটে অধিকপক্ষে ৩৬০ জন কাজ করতে পারেন। ২০০২-২০০৩ সালের প্রথম দশ মাসে কোম্পানির রপ্তানি বাবদ আয়ের পরিমাণ ছিল ১.৪ মিলিয়ন টাকা।

ইমপেক্স ইনফোটেক লিমিটেড (আই. আই. এল)

আই. আই. এল. ভয়েস কলিং এবং ব্যাক অফিস প্রসেসিং-এর সহায়তায় ক্রেতা সম্পর্ক ব্যবস্থাপনায় নিয়োজিত তথ্য প্রযুক্তি-নির্ভর পরিষেবা প্রদানকারী কোম্পানি। ভারতের কলকাতায় আই. আই. এল.-এর একটি ৫০ আসন বিশিষ্ট কল সেন্টার রয়েছে, যেটি ব্যাপক ধরনের কাস্টোমার কেয়র সার্ভিসের সুযোগ দিয়ে থাকে। আই. আই. এল. এক ইনটিগ্রেটেড কাস্টোমার কেয়ার সলিউশনের সাহায্যে ই. সি. আর. এম., নলেজ ম্যানেজমেন্ট, রিয়েল-টাইম চ্যাট, ই-মেইল রেসপন্স, ভয়েস ইত্যাদির মতো যুক্তমূল্য পরিষেবাসমূহ প্রদান করে থাকে। আই. আই. এল.-এর কল সেন্টারটি একক সংযোগ কেন্দ্র যেখানে অর্ডার দেওয়া, অনুসন্ধান অথবা সেলস সাপোর্ট সমেত সমস্ত ধরনের কল কলসেন্টার সহযোগী কর্তৃক পরিচালনা ও প্রক্রিয়াকরণ করা হয়। আই.আই. এল.-এর কল সেন্টারটি আমেরিকায় কে. এস. এন্টারপ্রাইজ দ্বারা প্রশিক্ষিত তথা বিপুল অভিজ্ঞতাসম্পন্ন টেলিমার্কেটিং এজেন্টদের দ্বারা পরিচালিত হয়। আই. আই. এল. এজেন্ট সুপারভিশন, শিফট ম্যানেজমেন্ট এবং অ্যাকাউন্ট হোল্ডিংয়ের মতো ক্লায়েন্ট রিলেশনশিপ ব্যবস্থাপনায় সুদক্ষ একদল অভিজ্ঞ ও বহুমুখী/ব্যবস্থাপক দল দ্বারা পরিচালিত হয়। আই. আই. এল.-এর কল সেন্টারটি ৪,৪০০ বর্গফুট জায়গা জুড়ে রয়েছে এবং এতে প্রারম্ভিক বিনিয়োগের অর্থাঙ্ক হল ৩ কোটি টাকা। ২০০২-২০০৩ সালের প্রথম দশ মাসে কোম্পানির রপ্তানি বাবদ আয় ছিল ১ মিলিয়ন টাকা।

DEMAND No. 32

Major Heads : 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2551—Hill Areas, 2701—Major and Medium Irrigation, 2711—Flood Control, 3451—Secretariat—Economic Services, 4701—Capital Outlay on Major and Medium Irrigation and 4711—Capital Outlay on Flood Control Projects

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 409,37,30,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads : "2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2551—Hill Areas, 2701—Major and Medium Irrigation, 2711—Flood Control, 3451—Secretariat—Economic Services, 4701—Capital Outlay on Major and Medium Irrigation and 4711—Capital Outlay on Flood Control Projects" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 136,45,77,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি সানন্দে প্রস্তাব করছি যে ৩২নং দাবির অন্তর্গত নিম্নলিখিত মুখ্যখাতসমূহে ২০০৩-২০০৪ সালের গ্রহণযোগ্য ব্যয়-নির্বাহের জন্য মোট ৪০৯,৩৭,৩০,০০০ (চারশত নয় কোটি সাঁইত্রিশ লক্ষ তিরিশ হাজার) কোটি টাকা মঞ্জুর করা হোক :

৩২নং দাবি : ২০৪৯—সুদ প্রদান
২২৪৫—প্রাকৃতিক দুর্যোগবশত ত্রাণ
২২৫০—অন্যান্য সামাজিক পরিষেবাসমূহ
২৫৫১—পার্বত্য অঞ্চল
২৭০১—বৃহৎ ও মাঝারি সেচ
২৭১১—বন্যা নিয়ন্ত্রণ
৩৪৫১—সচিবালয় ও অর্থনৈতিক পরিষেবাসমূহ
৪৭০১—বৃহৎ ও মাঝারি সেচে মূলধনি বিনিয়োগ
৪৭১১—বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পসমূহে মূলধনি বিনিয়োগ
৬০০৪—কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া ঋণ ও অগ্রিমসমূহ

উক্ত দাবিগুলির মধ্যে রয়েছে :

ক. মূল ক্ষেত্রের কার্যসমূহ বাবদ = ৪২.৯৮৩৩ (বিয়াল্লিশ দশমিক নয় আট তিন তিন) কোটি টাকা

খ. কেন্দ্রীয় সরকারের পোষকতা-

প্রাপ্ত প্রকল্প বাবদ (মূল ক্ষেত্রের মধ্যে ধরা আছে) = ৩.২৮৮০ (তিন দশমিক দুই আট আট শূন্য) কোটি টাকা

১. রাজ্যের গঙ্গা অববাহিকায় চরম সঙ্কটাপন্ন অঞ্চলে ভাঙন নিরোধক কাজ :
২.৯২৮০ (দুই দশমিক নয় দুই আট শূন্য)
কোটি টাকা

২. রাজ্যের সমুদ্রোপকূলে চরম সঙ্কটাপন্ন অঞ্চলে ভাঙন নিরোধক কাজ :
০.২৪ (শূন্য দশমিক দুই চার)
কোটি টাকা

৩. ব্রহ্মপুত্র-বরাক অববাহিকায় বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প :
০.১২ (শূন্য দশমিক এক দুই)
কোটি টাকা

গ. নবম পরিকল্পনাকালের প্রতিশ্রুত ব্যয় বরাদ্দ (মূল ক্ষেত্রের মধ্যে ধরা আছে) = ১০.৩৬১০ (দশ দশমিক তিন ছয় এক শূন্য কোটি টাকা

ঘ. সেচসুবিধা দ্রুতায়ন কর্মসূচি (AIBP) থেকে বৃহৎ ও মাঝারি সেচপ্রকল্পগুলির জন্য কেন্দ্রীয় সরকারের ঋণ সহায়তা [CLA এবং রাজ্যের দেয় অংশ সমেত] = ৪৫.০০ (পঁয়তাল্লিশ দশমিক শূন্য শূন্য) কোটি টাকা

ঙ. একাদশ অর্থ কমিশনের মঞ্জুরিকৃত গঙ্গা-পদ্মা নদীর মূল অংশে ভাঙন নিরোধক কাজ বাবদ = ১১.৯২২৩ (এগারো দশমিক নয় দুই দুই তিন) কোটি টাকা

চ. গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল (RIDF)-এর অধীনস্থ জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক (NABARD) থেকে প্রাপ্ত অর্থসাহায্য বাবদ = ৩১.৮৯১২ (একত্রিশ দশমিক আট নয় এক দুই) কোটি টাকা

১. সেচ ক্ষেত্রে :
১২.৫০০০ (বার দশমিক পাঁচ শূন্য শূন্য শূন্য) কোটি টাকা

২. বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্রে :
১৯.৩৯১২ (উনিশ দশমিক তিন নয় এক দুই) কোটি টাকা

ছ. গৃহ ও নগর উন্নয়ন নিগম (HUDCO) থেকে পাওয়া ঋণ = ৩৬.৭৪ (ছত্রিশ দশমিক সাত চার) কোটি টাকা

১. জেলা পরিষদ/পৌরসভাগুলিকে সাহায্য বাবদ : ১৮.০০ (আঠার দশমিক শূন্য শূন্য) কোটি টাকা

২. বিভাগীয় কার্যক্রম বাবদ :
১৮.৭৪ (আঠার দশমিক সাত চার) কোটি টাকা

জ. যোজনা বহির্ভূত ব্যয় = ২৪৩.১১৫২ (দুইশত তেতাল্লিশ দশমিক এক এক পাঁচ দুই) কোটি টাকা

১. ধ্বনি ভোটে গৃহীত :
২৪০.৮৩৬২ (দুইশত চল্লিশ দশমিক আট তিন ছয় দুই) কোটি টাকা

২. প্রভারিত :
২.২৭৯০ (দুই দশমিক দুই সাত নয় শূন্য) কোটি টাকা

যোজনা বহির্ভূত খাতে ধ্বনি ভোটে গৃহীত ব্যয়ের (উপরে ক্রমিক নং) (জ) ১-এ বর্ণিত) ভাগ :

ক. মূলধনী বিনিয়োগের প্রদেয় সুদ :
৫০.৬১৮৮ (পঞ্চাশ দশমিক ছয় এক আট আট) কোটি টাকা

খ. তোলা হিসেব (Suspense Account)-এর
খরচ :
১০.১২১৭ (দশ দশমিক এক দুই এক সাত)
কোটি টাকা

গ. রক্ষণাবেক্ষণ ও নিয়মিত সংস্থাগত
ব্যয়নির্বাহ :
১৭৫.০৯৫৭ (একশো পঁচাত্তর দশমিক
শূন্য নয় পাঁচ সাত) কোটি টাকা

ঘ. প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার সংস্থান :
৫.০০ (পাঁচ দশমিক শূন্য শূন্য)

যোজনা বহির্ভূত খাতে প্রভারিত ব্যয়ের
(উপরে ক্রমিক নং) (জ) ২-এ বর্ণিত) ভাগ :

ক. কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত
ঋণ ও অগ্রিম বাবদ সুদ প্রদান :
১.৫১৫৪ (এক দশমিক পাঁচ এক
পাঁচ চার) কোটি টাকা

খ. বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে রক্ষণাবেক্ষণের
জন্য সংস্থান :
০.০৫০০ (শূন্য দশমিক শূন্য
পাঁচ শূন্য শূন্য) কোটি টাকা

গ. কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত
ঋণ ও অগ্রিম পরিশোধ বাবদ :
০.৭১৩৬ (শূন্য দশমিক সাত
এক তিন ছয়) কোটি টাকা

উক্ত দাবির মধ্যে ৭৫,৯৭,০০০ (পঁচাত্তর লক্ষ সাতানব্বই হাজার) টাকার প্রভারিত ব্যয় ব্যতিরেকে ভোট অন অ্যাকাউন্টে ইতিমধ্যেই ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত ১৩৬,৪৫,৭৭,০০০ (একশত ছত্রিশ কোটি পঁয়তাল্লিশ লক্ষ সাতাত্তর হাজার) টাকা ধরা আছে।

১.২ এই বিভাগের কার্যাবলী মূলত সেচ ও বন্যা নিয়ন্ত্রণকেন্দ্রিক। বৃহৎ ও মাঝারি সেচপ্রকল্পের মাধ্যমেই সেচকার্য পরিচালনার ব্যবস্থাপনা এই বিভাগের কাজ। প্রকৃতপক্ষে রাজ্যে বন্যা প্রতিরোধে অতি সীমিত উপায় থাকার কারণে, বন্যার ক্ষেত্রে বিভিন্ন বন্যা নিয়ন্ত্রণ কর্মপ্রকল্প গ্রহণের উপর অধিকতর প্রাধান্য দেওয়া হচ্ছে।

১.২.১ মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দেওয়া যেতে পারে যে দুটি প্রধান সেচপ্রকল্প, কংসাবতী জলাধার প্রকল্প এবং দামোদর উপত্যকা প্রকল্পের ব্যারেজ ও সেচব্যবস্থাদির কাজ সুসম্পন্ন হয়েছে। ২০০২-২০০৩ সালের শেষে আমাদের রাজ্যে বৃহৎ ও মাঝারি সেচপ্রকল্পের মাধ্যমে সর্বমোট ১৫,৯৭,৯৫০ হেক্টর জমিতে পুঞ্জিভূত সেচসামর্থ্য তৈরি করা যাবে বলে আশা করা যায়। আমাদের আরও আশা যে ২০০৩-২০০৪ সালের মধ্যে বিভিন্ন বৃহৎ ও মাঝারি প্রকল্পের মাধ্যমে অতিরিক্ত আরও ৩০,০০০ হেক্টর জমিকে সেচসামর্থ্যের আওতায় নিয়ে আসা যাবে।

১.২.২ বড় ও মাঝারি সেচপ্রকল্পের মাধ্যমে সেচসামর্থ্যযুক্ত এলাকার পরিমাণ নীচের সারণিতে দেখানো হল :

বছর	সেচসামর্থ্য (হাজার হেক্টর হিসেবে)		
	এই বছরে	পুঞ্জিভূত পরিমাণ	
	সৃষ্ট	সৃষ্ট	ব্যবহৃত
২০০১-২০০২	৫৫.০০	১৫৩২.৯৫	১০৩৩.৮৭
২০০২-২০০৩ (আনুমানিক)	৬৫.০০	১৫৯৭.৯৫	১০৪০.০০
২০০৩-২০০৪ (লক্ষ্যমাত্রা)	৩০.০০ (আনুমানিক)		

১.২.৩ গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল (আর আই ডি এফ)-১-এর অধীনে জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক (Nabard)-এর অর্থবরাদ্দের মাধ্যমে ১৯৯৫-৯৬ সাল থেকে আমার বিভাগের বিভিন্ন প্রকল্পের জন্য কাজ শুরু হয়েছে। সেই থেকে এ ধরনের আর্থিক সহায়তায় আমার বিভাগ নাবার্ডের আয়ত্তাধীন আর আই ডি এফ-৩, আর আই ডি এফ-৪, আর আই ডি এফ-৫, আর আই ডি এফ-৬ এবং আর আই ডি এফ-৭-এর অধীনে কিছু সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলনিকাশি ব্যবস্থাপনা ও গ্রামীণ সেতু নির্মাণের কাজ করে আসছে। আর আই ডি এফ-২-এর অধীনে সেচ ও জলপথ বিভাগের জন্য কোনও প্রকল্প অনুমোদিত হয়নি। বর্তমানে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল-৮-এর অধীনে নাবার্ডের আর্থিক সহায়তায় রূপায়ণের লক্ষ্যে ২২টি প্রকল্প অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। ইতিমধ্যে ১৩টির অনুমোদন পাওয়া গেছে।

১.২.৪ আর আই ডি এফ-১ ও আর আই ডি এফ-৩-এর অধীনে আমার বিভাগে বিভিন্ন প্রকল্প রূপায়ণের কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে এবং আর আই ডি এফ-৪-এর অধীনে গৃহীত প্রকল্পসমূহের রূপায়ণ ২০০৩ সালের ৩১ মার্চের মধ্যে শেষ করার জন্য দ্রুত পদক্ষেপ নেওয়া হয়েছে। আর আই ডি এফ-৫, আর আই ডি এফ-৬ ও আর আই ডি এফ-৭-এর অধীনে বেশ কিছু প্রকল্পের কাজ এখনও বাস্তবায়িত হচ্ছে।

১.২.৫ পর্যায়ক্রমে নাবার্ডের কাছ থেকে প্রাপ্ত অর্থানুকূল্যে সেচ, বন্যা নিয়ন্ত্রণ ও নিকাশি ক্ষেত্রে উন্নয়নের কাজ সুগম করা গেছে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে এভাবেই সেচ, বন্যা নিয়ন্ত্রণ ও পশ্চিমবঙ্গের গ্রামীণ এলাকায় জলনিকাশি ব্যবস্থার বাস্তবায়নে নাবার্ড-এর আর্থিক সাহায্য একটি বিশেষ ভূমিকা পালন করেছে।

১.২.৬ ২০০৩-২০০৪ আর্থিক বছরের বাজেট যোজনায় গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলের (RIDF) অধীনে গৃহীত কর্মসূচির রূপায়ণে ৩১.৮৯১২ (একত্রিশ দশমিক আট নয় এক দুই) কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। সেচ ক্ষেত্রে ও বন্যা ক্ষেত্রে অর্থ সংস্থানের পরিমাণ যথাক্রমে ১২.৫০ কোটি ও ১৯.৩৯১২ কোটি টাকা।

১.২.৭ আমার বিভাগের পরিকল্পনা খাতের বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্র থেকে সহায়ক অনুদান হিসেবে ১২.২০ (বার দশমিক দুই শূন্য) লক্ষ টাকা দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদ (DGAHC)-এর জন্য নির্ধারিত করার প্রস্তাব রাখা হয়েছে।

১.২.৮ কাজেই ৩২নং দাবির খাতে ২০০২-২০০৩ এবং ২০০৩-২০০৪ সালের রাজ্য যোজনার ক্ষেত্রভিত্তিক বরাদ্দ অর্থের পরিমাণ নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্ষেত্র	২০০২-২০০৩ (প্রাথমিক)	২০০৩-২০০৪ (প্রস্তাবিত)
১। সেচ	২০৭.৩৫	৮৩.৬৩৭০
২। বন্যা নিয়ন্ত্রণ	১৯০.৪৭	৮৪.৮৯৯৮
মোট	৩৯৭.৮২	১৬৮.৫৩৬৮

উপরোক্ত প্রেক্ষাপটে আমি আমার বিভাগের কাজকর্মের একটি সংক্ষিপ্ত বিবরণ এই সভায় পেশ করছি।

২. **সেচক্ষেত্র :**

২.১ দশম পরিকল্পনার শেষে (৩১.০৩.২০০৭) রাজ্য সরকার রাজ্যের মোট চাষযোগ্য জমির ৭৫% শতাংশ পর্যন্ত বর্ধিত সেচসামর্থ্য সৃষ্টি করার নীতি নিয়েছে। বর্তমানে এই বিভাগ ৫টি (পাঁচ) বৃহৎ এবং ৩৫টি (পঁয়ত্রিশ) মাঝারি সেচপ্রকল্পের কাজ হাতে নিয়েছে যার বেশিরভাগই সুসম্পন্ন হয়েছে। ২০০১-২০০২ সালের শেষে ১৫,৩২,৯৫০ হেক্টর জমিতে পুঞ্জিভূত সেচসামর্থ্য তৈরি করা গেছে।

২.১.২ অধিকন্তু এ-বছরে যে বৃহৎ সেচপ্রকল্পগুলির কাজ শেষ করা গেছে সেগুলির সেচসেবিত এলাকার মধ্যে আরো ৩০,০০০ হেক্টর চাষযোগ্য জমিকে সেচের আওতায় আনার প্রস্তাব রাখা হয়েছে।

সম্পূর্ণ হওয়া বৃহৎ সেচপ্রকল্পগুলির প্রকল্পভিত্তিক সেচের বিস্তারিত বিবরণ নীচে দেওয়া হল :

হাজার হেক্টর হিসেবে

ক্রমিক নং	প্রকল্পের নাম	২০০২-২০০৩ সেচ সেবিত এলাকা	২০০২-২০০৩ সালের প্রস্তাবিত সেচ এলাকা	
		খরিফ	রবি	বোরো
১.	ময়ূরাক্ষী জলাধার প্রকল্প	২১৮.৫৩	১.৯৮	২২.২৬
২.	কংসাবতী জলাধার প্রকল্প	২৪৪.০৪	২৫.১৪	১৬.২০
৩.	দামোদর উপত্যকা প্রকল্পের ব্যারেজ ও সেচব্যবস্থা	৩৩১.৫৬	১৮.৩৫	৬০.৭০
	মোট :	৭৯৪.১৩	৪৫.৪৭	৯৯.১৬

২.২ বৃহৎ সেচ প্রকল্প

২.২.১ ময়ূরাক্ষী জলাধার প্রকল্প

এই প্রকল্পে মশানজোড়ে একটি জলাধার-সহ ময়ূরাক্ষী, দ্বারকা, ব্রাহ্মণী, বক্রেশ্বর এবং কোপাই নদীগুলির উপরে যথাক্রমে তিলপাড়া, দেওচা, বৈদাড়া, বাদিশালা এবং কুলতোড়ে পাঁচটি পিক-আপ ব্যারেজ নির্মাণ করে নিকাশি খালের সাহায্যে ব্যারেজের জল ভিন্নমুখী করে চাষের কাজে লাগানো হয়েছে। অনুরূপভাবে, বীরভূম জেলায় দুবরাজপুর, ইলামবাজার ও খয়রাশোল এলাকায় সেচ সুবিধার্থে হিঙলো নদীর ওপর হিঙলো ড্যাম তৈরি করা হয়েছে। নবম পরিকল্পনার সময়সীমার (১৯৯৭-২০০২) মধ্যে মোট ২৫০.৮৬ হাজার হেক্টর সেচসামর্থ্য তৈরি করা গেছে। ভারত সরকারের বাঁধ সুরক্ষা সংস্থার পরামর্শ অনুসারে মশানজোড় ড্যামের স্থাপত্য অংশের ব্যাপক মেরামতির প্রয়োজন হয়ে পড়েছিল এবং সেই অনুযায়ী অত্যন্ত উচ্চমানের কারিগরি পুনর্গঠনের এই কাজটি হাতে নেওয়া হয়।

২.২.২ দামোদর উপত্যকা প্রকল্পের ব্যারেজ ও সেচব্যবস্থা

দামোদর উপত্যকা নিগমের প্রতিনিধি হিসেবে কার্যনির্বাহের জন্য ১৯৬৪ সালে এই প্রকল্পের বাঁধ ও সেচব্যবস্থা প্রণালীর কর্মভার রাজ্য সরকারের হাতে তুলে দেওয়া হয়। সেই থেকে ৫১৫.৩৮ হাজার হেক্টর লক্ষ্যমাত্রার মধ্যে নবম পরিকল্পনার শেষে এখন পর্যন্ত (৩১.০৩.০৩) ৪৮৫.০০ হাজার হেক্টর সেচসামর্থ্য তৈরি করা সম্ভব হয়েছে। এই প্রকল্পে তদারকি ও কাজকর্মের উন্নয়নের আরও অনেক সুযোগ আছে। বন্যাকালীন জলধারণ ক্ষমতা আরও সেচসামর্থ্য বাড়াবার লক্ষ্যে বরাকর নদীর উপর বলপাহাড়িতে একটি বাঁধ নির্মাণ করার ডি ভি সি-র একটি প্রস্তাব বর্তমানে আমার বিভাগে পরীক্ষাধীন অবস্থায় আছে। ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গ ও বিহারের (বর্তমানে ঝাড়খণ্ড) মধ্যে দামোদর-বরাকর অববাহিকা দুটি রাজ্যের ওপর দিয়ে প্রবাহিত বিভিন্ন নদীর জলসম্পদ ভাগাভাগির যে দ্বিপাক্ষিক

আন্তঃরাজ্য চুক্তি প্রস্তাবিত হয়, কিন্তু ভারত সরকারের বিভিন্ন কারণে তার সম্পূর্ণ বাস্তবায়ন করা যায়নি এবং ফলস্বরূপ পশ্চিমবঙ্গ ও বিহার (বর্তমানে ঝাড়খণ্ড) ওই চুক্তি সম্পর্কিত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয়েছে।

২.২.৩ কংসাবতী জলাধার প্রকল্প

সম্পূর্ণ হয়ে যাওয়া এ সেচ প্রকল্পে সেচসামর্থ্য সৃষ্টির সর্বোচ্চ লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ৪০১.৬৬ হাজার হেক্টর। এর মধ্যে বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও হুগলি জেলার ৩৯৮.১০ হাজার হেক্টর জমিতে সৃষ্ট সেচসামর্থ্যের সদ্ব্যবহার ঘটানো হয়েছে। এছাড়া কংসাবতী জলাধারে ২৫,০০০ হেক্টর মিটার পরিমাণ বন্যার জল সংরক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে।

২.২.৪ তিস্তা বাঁধ প্রকল্প

উত্তরবঙ্গের ছয়টি জেলায় সেচসামর্থ্য তৈরির লক্ষ্যে তিন পর্ব সম্বলিত তিস্তা ব্যারেজ প্রকল্পের ১ম পর্বের পরিকল্পনা করা হয়েছিল। ১ম পর্বের আবার দুটি উপ-পর্যায় যেমন, উপ-পর্যায়/১ ও উপ-পর্যায়/২-এর মধ্যে ১৯৭৫ সালে যোজনা আয়োগ উপ-পর্যায়/১-এর অনুমোদন দিয়েছিল এবং ১৯৭৬ সাল থেকে নির্মাণের কাজ চলছে। তবে অরণ্যের সুরক্ষা এবং জলের অধিকতর ফলপ্রসূ ব্যবহারের জন্য প্রকল্প রূপায়ণের কাজে বারবার পরিবর্তন আনতে হয়েছে। ১৯৯৬ সালের মূল্যস্তর অনুযায়ী ১ম উপ-পর্যায়ের সংশোধিত ব্যয় দাঁড়ায় ১১৭৭ কোটি টাকা, যার অনুমোদন এখনও যোজনা আয়োগের কাছ থেকে পাওয়া যায়নি। ১ম উপ-পর্যায়ের ৫৩৩.৫২ হাজার হেক্টর সেচসামর্থ্যের লক্ষ্যমাত্রার মধ্যে ২০০১-২০০২ সালের শেষে ১১৯.১১ হাজার হেক্টর সেচসামর্থ্য তৈরি করা গেছে। ২০০২-২০০৩ সালের মধ্যে এই সেচসামর্থ্য আরও ১৫,০০০ হাজার হেক্টর বাড়ানো যাবে বলে আশা করা যায়। তিস্তা ব্যারেজ ও মহানন্দা ব্যারেজ-এর মতো প্রধান ডাইভারশন স্ট্রাকচারগুলি অনেক আগেই শেষ হয়েছে। প্রধান খালগুলি তৈরির অগ্রগতি নিম্নরূপ :

খালের নাম	মোট দৈর্ঘ্য (কিমি)	কার্যনির্বাহের শতাংশ
তিস্তা-মহানন্দা সংযোগকারী খাল	২৫.৭৫	১০০%
তিস্তা-জলঢাকা প্রধান খাল	৩০.৪৮	৭২%
মহানন্দা প্রধান খাল	৩২.২২	১০০%
ডাউক-নাগর প্রধান খাল	৭৯.৮০	৭৩%
নাগর-ট্যাঙন প্রধান খাল	৪২.২০	এখনও কাজ শুরু হয়নি

বর্তমানে প্রকল্পের মাধ্যমে চাষের জমিতে জলসেচ করার জন্য প্রয়োজনীয় সরবরাহ ব্যবস্থা নির্মাণের কাজের অগ্রগতিতে প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে জমি অধিগ্রহণের সমস্যা। তবে সমস্ত স্তরের সহযোগিতায় জমি অধিগ্রহণের সমস্যার ক্ষেত্রে যে সবিশেষ উন্নতি লক্ষ

করা যাচ্ছে তা প্রশংসনীয়। অধিকৃত জমিতে বেআইনি দখলদারি অপসারণে জেলা প্রশাসন ও জেলা পরিষদ উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে। উপরন্তু জমি অধিগ্রহণ সমস্যা ও সে সংক্রান্ত অন্যান্য বিষয়ের মোকাবিলা ও তত্ত্বাবধানের উদ্দেশ্যে সম্প্রতি জলপাইগুড়ি ভুক্তির কমিশনারের সভাপতিত্বে একটি তদারকি কমিটি গঠিত হয়েছে। ক্রমবর্ধমান মামলা ও সালিশির কারণেও প্রকল্পের কাজের অগ্রগতি বিঘ্নিত ও ক্ষতিগ্রস্ত হচ্ছে। বর্তমানে প্রকল্পটি এমন এক জায়গায় এসে দাঁড়িয়েছে যেখানে রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ ও পঞ্চায়েতের সম্মিলিত প্রয়াসেই উত্তরবঙ্গের ৬টি জেলার সেচভিত্তিক কৃষি উন্নয়নের গতি নির্ধারণ করতে পারবে। এ কাজে AIBP-র অধীনে কেন্দ্রীয় সহায়তা বাবদ ৩০.০০ কোটি টাকা এবং মূল খাত থেকে চলতি বছরে ৯.৩৮ কোটি টাকা সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে।

শিলিগুড়ি শহরে পানীয় জল সরবরাহ-সহ তিস্তা ব্যারেজ প্রকল্প একটি বহুমুখী নদী পরিকল্পনা। মূল খালের পাড়ের উপরিভাগে জাতীয় সড়কের মান অনুযায়ী রাস্তা নির্মাণও এই প্রকল্প থেকে পাওয়া আর একটি বাড়তি সুযোগ। এছাড়া এ প্রকল্পের তিনটি ক্যানাল ফল থেকে রাজ্যের বিদ্যুৎ বিভাগ জলবিদ্যুৎ উৎপাদন করে চলেছে।

২.২.৫ সুবর্ণরেখা বাঁধ প্রকল্প

সুবর্ণরেখা বাঁধ প্রকল্প ঝাড়খণ্ড (পূর্বতন বিহার) ও ওড়িশা সরকারের সঙ্গে ত্রিপাক্ষিক চুক্তির ভিত্তিতে সুবর্ণরেখা নদীর জলসম্পদের সদ্ব্যবহার করে পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে ১,১৪,১৯৮ হেক্টর জমিতে সেচসামর্থ্য সৃষ্টির কর্মসূচি গ্রহণ করেছে। পরিকাঠামো উন্নয়ন ও অন্যান্য প্রাথমিক কাজ যেমন জলগ্রহ অঞ্চলের সংরক্ষণ, জমি অধিগ্রহণ এবং মাইক্রো সার্ভের কাজ রাজ্যের আর্থিক সংস্থানের মাধ্যমে সমাপ্ত হয়েছে। ২০০১-২০০২ সাল থেকে ভারত সরকারের জলসম্পদ মন্ত্রক AIBP-র অধীনে এই প্রকল্পের জন্য আর্থিক সাহায্যের হাত প্রসারিত করেছে। চলতি বছরে এই অর্থ সাহায্যের পরিমাণ ১৩.৫০ কোটি টাকা এবং মূল খাত থেকে ১.০৩ কোটি টাকা ধার্য করা হয়েছে।

২.৩ মাঝারি সেচপ্রকল্প

আমার বিভাগ, পুরুলিয়া, বাঁকুড়া এবং বীরভূম জেলায় বিভিন্ন মাঝারি সেচ প্রকল্পের কাজ অধিগ্রহণ করেছে যদিও তার ভেতরে কয়েকটি প্রকৃত অর্থে ক্ষুদ্রসেচ প্রকল্পের তালিকাভুক্ত। জমি অধিগ্রহণ ও সংশ্লিষ্ট অন্যান্য সমস্যার কারণে এ সব প্রকল্পের কাজ সময়মতো শেষ করা যায়নি। এ সমস্ত প্রকল্পের মধ্যে বাঁকুড়া জেলার শালি জলাধার প্রকল্প ও শালি ডাইভারশন খাল প্রকল্প, বীরভূম জেলার হিংলো প্রকল্প এবং পুরুলিয়া জেলার সাহারাজোড় প্রকল্প বিশেষভাবে উল্লেখযোগ্য। বর্তমানে পুরুলিয়া জেলায় ২৩টি প্রকল্পের কাজ শেষ হয়েছে এবং ওই জেলায় ৯টি প্রকল্পের কাজ চালু আছে যার মধ্যে পাতলোই, হনুমাতা ও টাটকো এই তিনটি সেচপ্রকল্প AIBP-র আর্থিক সহায়তাপ্রাপ্ত। AIBP থেকে মোট ১.৫০ কোটি টাকা এবং AIBP বহির্ভূত খাত থেকে ০.১৫৬ টাকা অর্থ বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

পুরুলিয়া জেলায় খরিফ মরশুমে ২০০২ সালে সেচসেবিত জমির পরিমাণ এবং ২০০২-২০০৩ সালে রবি মরশুমে সেচসেবিত জমির পরিমাণের বিবরণ পরিশিষ্ট-১ অংশে সংযোজিত হল।

২.৪ জলবিভাজন ব্যবস্থাপনায় সেচ

শুখা মরশুমে ফরাক্কা ব্যারেজ দিয়ে ছাড়া কিছু পরিমাণ মিষ্টি জল হুগলি নদীতে এসে পড়ে এবং হুগলি নদীর জলের নোনা ভাব হ্রাস পায়। এর ফলে বিভিন্ন নিকাশি খালের মুখে অবস্থিত স্লুইসগুলির মাধ্যমে ঢুকে পড়া জোয়ারের জল বিশেষ বিবেচনার সঙ্গে ক্ষেত্রবিশেষে কাজে লাগিয়ে হাওড়া, হুগলি, উত্তর-চব্বিশ পরগনা, দক্ষিণ চব্বিশ পরগনা ও পূর্ব মেদিনীপুর জেলার বিরাট এলাকার জমিকে সেচের আওতায় এনে রবি ও বোরো চাষ করা হচ্ছে।

২.৫ অন্যান্য বৃহৎ সেচপ্রকল্প

সংলগ্ন অঞ্চলের চাষযোগ্য জমিতে সেচসামর্থ্য সৃষ্টির সম্ভাবনা খতিয়ে দেখে যে কয়েকটি বৃহৎ সেচপ্রকল্প চিহ্নিত করা হয়েছে সেগুলি হল :

(১) বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী জলাধার প্রকল্প
(২) কংসাবতী জলাধার প্রকল্পের আধুনিকীকরণ
(৩) সিদ্ধেশ্বরী নুনবিল জলাধার প্রকল্প

উপরোক্ত প্রকল্পগুলি বর্তমানে জরিপ, অনুসন্ধান ও পরিকল্পনার স্তরে এবং ভারত সরকারের কেন্দ্রীয় জলসম্পদ আয়োগের বিভিন্ন বিভাগে বিবেচনাধীন অবস্থায় আছে। সিদ্ধেশ্বরী-নুনবিল জলাধার প্রকল্পটি একটি অন্তর্দেশীয় প্রকল্প, কেননা ওই প্রকল্পটির প্রস্তাবিত জলাধার ঝাড়খণ্ডে অবস্থিত হবে।

২.৬ জল উদ্‌বৃত্ত নদী অববাহিকা থেকে জলঘাটতি নদী অববাহিকায় জল স্থানান্তরণের জন্য দেশের সর্বোচ্চ আদালত (Supreme Court)-এর রায়ে এবং এই উদ্দেশ্যে ভারত সরকারের গঠিত টাস্ক ফোর্স অনুযায়ী নদী সংযুক্তিকরণের ধারণাটি এক নতুন মাত্রা নিয়েছে। এই উদ্দেশ্যে এ সভায় আমি সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে চাই যে অন্য কোনও রাজ্যের কোনও ঘাটতি নদী অববাহিকায় জল স্থানান্তরণের জন্য আমার রাজ্যে কোনও উদ্‌বৃত্ত জলসম্পদ নেই।

২.৭ জাতীয় জলসম্পদ পরিষদ (NWRC) ভারতের প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১ এপ্রিল ২০০২-এ অনুষ্ঠিত তাঁদের পঞ্চম সভায় জাতীয় জলনীতি (NWP), ২০০২ গ্রহণ করেন। বিভিন্ন পরিকল্পনাগুলির জলবিভাজনের অগ্রাধিকার মোটামুটি নিম্নলিখিতভাবে হবে।

- পানীয় জল
- সেচ
- জলবিদ্যুৎ
- পরিবেশ

- কৃষিভিত্তিক শিল্প ও অ-কৃষিভিত্তিক শিল্প
- নৌ-পরিবহন ও অন্যান্য ব্যবহার

২.৭.১ যাই হোক, আঞ্চলিক বিশেষ বিবেচনার উপর নির্ভর করে এই অগ্রাধিকারগুলি পরিবর্তিত ও সংবর্ধিত করা যাবে।

২.৭.২ অভীষ্ট লক্ষ্যে পৌঁছবার স্বার্থে একটি উপযুক্ত কার্যক্রমসম্বলিত রাজ্য জলনীতি নির্দিষ্ট সময়সীমা যেমন দু'বছরের মধ্যে নির্ধারণ করা প্রয়োজন। ইতিমধ্যেই একবছর সময় পার হয়ে গেছে। রাজ্য জলনীতিটি অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে স্থির করা প্রয়োজন।

২.৮ নিম্নলিখিত উদ্দেশ্যগুলি পূরণের লক্ষ্যে ২০০৩ সালটি সকলের জন্য 'বিশুদ্ধ জলের বছর' হিসাবে চিহ্নিত করা হয়েছে।

- সংশ্লিষ্ট জনসাধারণের মধ্যে বিশুদ্ধ জলের দুষ্প্রাপ্যতা মূল্য সম্পর্কে সচেতনতা বাড়ানো
- বিশুদ্ধ জলের সংরক্ষণ ও যথোপযুক্ত ব্যবহার
- বিশুদ্ধ জলের সংরক্ষণ—গুণগতমান ও পরিবেশগত দিক
- বিশুদ্ধ জলসম্পদের উপযুক্ত নীতি নির্ধারণ বিষয়ে সমষ্টিগত অংশীদারির বৃদ্ধিকরণ

২.৮.১ বিশুদ্ধ জল রক্ষণ করার মাধ্যমে আমরা আমাদের ভবিষ্যৎ তথা সমগ্র পৃথিবীর সুদূরপ্রসারী উন্নয়ন সুনিশ্চিত করতে পারি। ব্যক্তি, প্রতিষ্ঠান এবং সরকার প্রত্যেকেরই বিশুদ্ধ জল রক্ষা, করার উপযুক্ত ভূমিকার প্রয়োজন আছে।

৩. **বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্র**

৩.১ গাঙ্গেয় উপত্যকার রাজ্যগুলির মধ্যে শেষতম প্রান্তে পশ্চিমবঙ্গের অবস্থানের কারণে এ রাজ্য বন্যাজনিত সমস্যার কিছু মৌলিক ভৌগোলিক কারণ আছে। রাজ্যের বেশিরভাগ নদীই রাজ্যের বাইরে থেকে আসায় ও তারা আন্তর্জাতিক ও আন্তঃরাজ্য হওয়ায় এ রাজ্যের ভৌগোলিক এলাকায় বৃষ্টিপাত সেভাবে না হলেও রাজ্য প্রায়ই বিধ্বংসী বন্যার মুখোমুখি হয়। বন্যার সঙ্গে সঙ্গে তীরভূমি ক্ষয়, নিকাশি অবরোধ, বন্যাজনিত বিপর্যয় ইত্যাদি সংশ্লিষ্ট সমস্যা বন্যা পরিস্থিতিকে আরও ভয়াবহ করে তোলে। ৪৩ শতাংশ বন্যাপ্রবণ ভৌগোলিক অঞ্চলবিশিষ্ট এ রাজ্য সমস্ত দেশের মধ্যে প্রধান বন্যাপ্রবণ রাজ্য হিসেবে চিহ্নিত। রাজ্যে ২৮০ কিলোমিটার বিস্তৃত সুদীর্ঘ উপকূলভাগে ঘূর্ণিঝড়ের দাপটে প্রবল ঢেউয়ের আঘাতে বাঁধে ফাটল দেখা দেয় ও নোনা জলে প্লাবিত হয়। এ কথা বোধহয় সুনিশ্চিত করে বলা যায় যে, রাজ্যের উত্তরাংশে বন্যার কারণ ভারী বর্ষণ ও বর্ষণহেতু তীরভূমি ক্ষয়, পাহাড়ে ধস নামা এবং সে কারণে নদীর তলদেশ উচ্চতর হয়ে যাওয়া, তীরভূমি উপচে পড়া ও নদীর গতিপথ পরিবর্তন ইত্যাদি। অন্যদিকে মধ্যাঞ্চলের বন্যা সমস্যা প্রকট হয়ে ওঠে অপ্রতুল নিকাশি

ব্যবস্থা, নদীতীর উপচে পড়া ও গঙ্গা-পদ্মা ও ভাগীরথী-হুগলি নদীর ভয়ঙ্কর তীরভূমি ক্ষয়ের কারণে। আবার দক্ষিণবঙ্গে এ সমস্যার কারণ ভূখণ্ড সমতল হওয়ায় নিচু অঞ্চলে প্রচণ্ড নিকাশি অবরোধ, জোয়ারের অনুপ্রবেশ এবং বিস্তীর্ণ কৃষিজমিতে জোয়ারের জল ঢুকে তা বেরোতে না পারার কারণে। কলকাতা ও আশেপাশের সমস্ত রকম জলনির্গম ও নিকাশি ব্যবস্থা বিভিন্ন শাখা খাল ও জলপথের মাধ্যমে নিষ্কাশিত হয়। কিন্তু এ সমস্ত খালগুলি ভীষণভাবে নোংরা আবর্জনায় পরিপূর্ণ। উপরন্তু বিভিন্ন জায়গায় বেআইনি দখলদারিও স্বাভাবিকভাবেই খালগুলি বর্জ্য আবর্জনায় পরিপূর্ণ হয়ে শহর ও শহরতলির নিষ্কাশনের কাজ ব্যাহত করছে।

৩.২ নবম পরিকল্পনার শেষে (১৯৯৭-০২) বিভিন্নরকম বাঁধ সুরক্ষা ও নিকাশি প্রকল্পের মাধ্যমে বন্যা ও নিকাশি অবরোধের বিরুদ্ধে যথাযথ প্রতিরোধ গড়ে তোলা সম্ভব হয়েছে। বন্যাক্ষেত্রে ২০০১-২০০২-এর মধ্যে অর্জিত মাত্রাসহ ২০০৩-২০০৪-এর সময়সীমায় অর্জনের লক্ষ্যমাত্রার তালিকা নিম্নরূপ :

ক্রমিক নং	বছর	বন্যা ও নিকাশি ব্যবস্থায় সুরক্ষিত অঞ্চল (বর্গ কিমি)	বাঁধের দৈর্ঘ্য (কিমি)	নিকাশি খালের দৈর্ঘ্য (কিমি)
১.	২০০১-২০০২ শেষ পর্যন্ত	২৫,১৮০	১০৩৯৮.০০ ৬৩৩৬.৯৯*	৭১৩৭.৭৬ ৫৬৬.১০**
২.	২০০২-২০০৩ (আনুমানিক)	৫০০	৮.০০ ৯৬.০৫*	২.০০ ১৮৪.৩৫**
৩.	২০০৩-২০০৪ (লক্ষ্যমাত্রা)	৫০০	৫.০০ ১০০.০০*	২.০০ ১৫০.০০**

* বর্তমান বন্যা নিয়ন্ত্রণ বাঁধের মজবুতিকরণ ও উন্নতিকরণ

** বর্তমান নিকাশি খালগুলির পুনঃখনন ও পলি সরানোর মাধ্যমে উন্নতিকরণ

৩.৩ বিহারের রাজমহল থেকে গঙ্গা নদী পশ্চিমবঙ্গের মালদা জেলায় প্রবেশ করে মুর্শিদাবাদে জলঙ্গী বাজারের কাছ দিয়ে বাংলাদেশ অভিমুখে প্রবাহিত হয়েছে। গঙ্গা-পদ্মার এই ১৬৯ কিমি দৈর্ঘ্যবিশিষ্ট গতিপথকে বাঁধ রাজ্যসীমার মধ্যে দুভাগে ভাগ করেছে। ঊর্ধ্ব অববাহিকায় ৫৫ কিমি এবং নিম্ন-অববাহিকায় ১১৪ কিমি। বিগত তিন দশক ধরে ফরাক্কার ঊর্ধ্ব ও নিম্ন-অববাহিকায় বহুসংখ্যক গ্রাম ও হাজার হাজার হেক্টর চাষের জমি ভয়াবহ এই ভাঙনে বিনষ্ট হয়েছে। মালদা শহর এবং গঙ্গার বামতীর সংলগ্ন অন্যান্য গ্রামগুলির সুরক্ষার জন্য এ পর্যন্ত ৮টি রিটায়ার্ড বাঁধ নির্মিত হয়েছে। ভাঙনপ্রবণ এলাকায় বিভিন্ন প্রতিরোধমূলক কাজ গৃহীত হলেও কার্যকরীভাবে ভাঙনরোধ করা সম্ভবপর হয়ে ওঠেনি। পাগলা-কালিন্দীর মধ্য দিয়ে গঙ্গার গতিপথ পরিবর্তনের সম্ভাবনা দূর করতে কালিয়াচক থানার পাগলা নদীপ্রবাহ অবরোধের যে কাজ গ্রহণ করা হয়েছিল গত বছর তা সম্পন্ন হয়েছে। মালদা শহর ও তার সংলগ্ন গ্রামগুলির সুরক্ষা সুনিশ্চিত করতে এ পর্যন্ত সম্পাদিত ভাঙনরোধক ব্যবস্থা যে যথেষ্ট

বা পর্যাপ্ত নয় তা এখন অনুভব করা যাচ্ছে। বাঁধ সুরক্ষামূলক অন্যান্য কাজের সঙ্গে সঙ্গে অতিরিক্ত সুরক্ষা হিসেবে ব্যয়বহুল নবম রিটায়ার্ড বাঁধ তৈরির বিষয়টি অত্যাবশ্যক হয়ে উঠেছে। বিগত ৬ বছরে মোট ১৭৪১ হেক্টর কৃষিজমি ও ভিটেমাটি নদীগর্ভে নিশ্চিহ্ন হয়েছে।

৩.৪ মুর্শিদাবাদ জেলার ফরাক্কার নিম্ন-অববাহিকায় গঙ্গা তার প্রায় সমস্ত ডান পাড় ধরে ভয়াবহ ভাঙন ঘটাচ্ছে। বিগত তিন দশক ধরে চাষজমি ছাড়াও আমবাগান সংবলিত গ্রাম, বাণিজ্যকেন্দ্র এবং ব্রাহ্মণগ্রাম, ধুলিয়ান, নিমতিতা, আওরঙ্গাবাদ, লালগোলা, আখেরিগঞ্জ ও জলঙ্গীর মতো শহরাঞ্চলও ভাঙন সমস্যার দ্বারা আক্রান্ত। রিটায়ার্ড বাঁধ গঠন, বোল্ডারের মাধ্যমে রক্ষণব্যবস্থা ইত্যাদি প্রতিরক্ষামূলক কর্মসূচি গৃহীত হলেও তা সম্পূর্ণভাবে ফলপ্রসূ হয়নি। কলকাতা বন্দরের সুরক্ষার সুনির্দিষ্ট উদ্দেশ্যে ভারত সরকার ফরাক্কা ব্যারেজ তৈরি করেছিল। যার সুফল ভারতের রেলওয়ে মন্ত্রক ও ভূতল পরিবহন মন্ত্রকও ভোগ করে চলেছে। কিন্তু নদী ও ভূমিক্ষয়ের প্রকোপে মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, বর্ধমান, হুগলি, পূর্ব-মেদিনীপুর, উত্তর চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনা বর্তমানে চরম দুর্দশার কবলে। বিষয়টি গভীর উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে কেননা এ রাজ্যের অন্তর্গত মালদা, মুর্শিদাবাদ ও নদিয়া জেলাগুলিতে এ ধরনের ভূমিক্ষয়ে ভারতীয় ভূখণ্ডের আয়তন ক্রমশ হ্রাস পাচ্ছে। ভূমিক্ষয়ের হাত থেকে রক্ষার জন্য রাজ্য সরকার তার সীমিত আর্থিক ক্ষমতায় বিপুল খরচ জোগাতে অসমর্থ। এ অবস্থার পরিপ্রেক্ষিতে ভারত সরকারের অগ্রণী ভূমিকা নেওয়া একান্ত প্রয়োজন। সমস্যার মোকাবিলার জন্য জলসম্পদ মন্ত্রক, জাহাজ মন্ত্রক, রেলওয়ে মন্ত্রক ও ভূতল পরিবহন মন্ত্রকসহ রাজ্য সরকারকে নিয়ে এ ব্যাপারে ভারত সরকারের এগিয়ে আসা উচিত। ভারত সরকারকে ইতিমধ্যেই এ ব্যাপারে একটি তদারকি শাখা গঠনের জন্য রাজ্য সরকারের তরফে অনুরোধ করা হয়েছে। মুর্শিদাবাদ জেলার ফাজিলপুরে গঙ্গা-পদ্মা নদী ময়া অঞ্চলে ভাগীরথী নদীর কাছাকাছি বিপজ্জনকভাবে চলে এসেছে। মাত্র ১.৩০ কিলোমিটার লম্বা ভূখণ্ড এই নদীদ্বয়কে আলাদা করে রেখেছে। আশঙ্কা করা হচ্ছে যে ভূমিক্ষয় এমন বিপজ্জনকভাবে হতে থাকলে যে কোনও সময় দুটি নদী এক হয়ে গেলে জঙ্গীপুর ব্যারেজের কার্যকারিতা অস্তিত্বই অপ্রয়োজনীয় হয়ে পড়বে। এ ধরনের দুটি নদী একত্রিত হয়ে গেলে বর্ষাকালে ভয়ঙ্কর সর্বনাশা পরিস্থিতির উদ্ভব হবে। বিপদের সম্ভাবনা বাড়বে। যাই হোক, রাজ্য সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও মালদা এবং মুর্শিদাবাদ উভয় জেলার গঙ্গা-পদ্মা নদীর ভাঙনরোধের জন্য সরকারি অর্থভাণ্ডার থেকে ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত প্রায় ৫৬ কোটি টাকা খরচ করেছে।

৩.৫ ১৯৯৬ সালে গঠিত বিশেষজ্ঞ (কেশকার) কমিটি গঙ্গা-পদ্মার ভূমিক্ষয়ের গতিপ্রকৃতি পর্যবেক্ষণ ও তা থেকে উদ্ভূত সমস্যার মোকাবিলায় বিভিন্ন দীর্ঘমেয়াদি ও স্বল্পমেয়াদি কর্মসূচির প্রস্তাব রাখে। ১৯৯৬ সালের মূল্যস্তরের নিরিখে স্বল্পমেয়াদি কাজের জন্য ব্যয়মূল্য দাঁড়ায় ৩১৫ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদি কাজের জন্য ৬১২ কোটি টাকা।

অর্থের জোগান অনুযায়ী কিছু স্বল্পমেয়াদি কাজ করা হয়েছে। ১৯৯৭-৯৮ থেকে ২০০১-২০০২ পর্যন্ত মালদা ও মুর্শিদাবাদ জেলার জন্য খরচ হওয়া অর্থের পরিমাণ ৭৮.৫৭ কোটি টাকা। এর মধ্যে ৩০.০০ কোটি টাকা বিশেষ অনুদান হিসেবে ১৯৯৮-৯৯ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গিয়েছে।

৩.৬ এই সমস্যার গভীরতা অনুভব করে ১৯৯৯ সালের ডিসেম্বর মাসে ভারত সরকারের জলসম্পদ মন্ত্রক (MOWR) শ্রী জি এন মূর্তির নেতৃত্বে ও রাজ্য সরকারের পরামর্শক্রমে গঙ্গা নদীর অববাহিকার সমস্যা নিরূপণ করার লক্ষ্যে একটি কেন্দ্রীয় সমীক্ষক দল গঠন করেন। ২০০০ সালের জানুয়ারি মাসে ওই সমীক্ষক দল তাদের প্রতিবেদন পেশ করেন। ওই কমিটির সুপারিশক্রমে মালদা জেলায় একটি ও মুর্শিদাবাদ জেলায় তিনটি, মোট চারটি প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়। এই পরিকল্পনার মূল্য ৪০.৩৫ কোটি টাকা এবং এর ভেতরে ভারত সরকারের দেয় অংশ ৩০.০০ কোটি টাকা। ভারত সরকার এখন পর্যন্ত এই কাজের জন্য ২২.১৫ কোটি টাকা মঞ্জুর করেছেন। বাকি ৭.৮৫ কোটি টাকা কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত প্রকল্পের (CSS) ৭৫ : ২৫ হারে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের আর্থিক খরচের চুক্তি অনুযায়ী রাজ্য সরকারের স্বপক্ষে এখনও মঞ্জুর করা হয়নি।

৩.৭ বিশেষজ্ঞ (কেশকার) কমিটির সুপারিশের পর পাঁচ বছর পার হয়ে গেছে। কিন্তু বর্তমানে নদীর অঙ্গসংস্থানগত পরিবর্তনের প্রেক্ষিতে সেই সুপারিশের পুনর্মূল্যায়ন প্রয়োজন। সম্প্রতি কেন্দ্রীয় সরকার গঙ্গা অববাহিকাবর্তী রাজ্যগুলির বিধ্বংসী ক্ষয়ের প্রকৃতি ও পরিমাণ খতিয়ে দেখে প্রতিরোধমূলক কর্মসূচি গ্রহণের জন্য এবং ওইসব অঞ্চলকে কেন্দ্রীয় অনুদানপ্রাপ্ত প্রকল্পের অন্তর্ভুক্ত করার জন্য MOWR, GOI, CWC, CWPRS-এর সদস্যসহ গঙ্গা অববাহিকার রাজ্যগুলির (উত্তরাঞ্চল, উত্তরপ্রদেশ, বিহার, ঝাড়খণ্ড এবং পশ্চিমবঙ্গ) প্রতিনিধিদের নিয়ে গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগের সভাপতির নেতৃত্বে একটি কমিটি গঠন করেছে। কেন্দ্রীয় সরকার গঙ্গা অববাহিকা সংলগ্ন রাজ্যগুলির জন্য দশম পরিকল্পনার সময়সীমায় (২০০২-২০০৭) ইতিমধ্যেই ১৩৩.৮৫ কোটি টাকা অনুমোদন করেছে। গঙ্গার শাখা ও উপনদীসমূহ, যেমন কুলিক, মহানন্দা, ভাগীরথী, হুগলি ইত্যাদিকেও এই কমিটি বিশেষ গুরুত্বপূর্ণ নদীক্ষয়রোধক স্পর্শকাতর ভূমিক্ষয়রোধ কাজের জন্য কেন্দ্রীয় সরকারের পোষকতাপ্রাপ্ত প্রকল্পের (CSS) আওতাভুক্ত করার বিষয়ে কমিটি সম্মতি প্রদান করেছে।

৩.৮ গঙ্গা-পদ্মার বিধ্বংসী ভাঙন সমস্যার মোকাবিলায় আমার বিভাগ সীমিত আর্থিক ক্ষমতাতেও বিভিন্ন ভাঙন প্রতিরোধক কর্মসূচি গ্রহণ করেছে। এছাড়া গৃহ ও নগর উন্নয়ন (HUDCO) থেকে পাওয়া ঋণ, দশম (TFC) ও একাদশ (EFC) অর্থ কমিশনের সুবাদে কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত অনুদান, অভিন্ন নদী সীমা নদীগুলির কারণে প্রাপ্ত বিশেষ ঋণ এবং গঙ্গা অববাহিকাবর্তী রাজ্যের জন্য কেন্দ্র ও রাজ্যের মধ্যে ৭৫ : ২৫ অনুপাতে কেন্দ্রীয় সরকারের পোষকতাপ্রাপ্ত প্রকল্পের (CSS) সিদ্ধান্ত অনুযায়ী প্রাপ্ত অর্থও প্রতিরোধমূলক কাজেই খরচ করা হচ্ছে। ১৯৭৭-৭৮ সাল থেকে ২০০১-২০০২ পর্যন্ত গঙ্গা-পদ্মা

অববাহিকার বিভিন্ন খাতে যে ২০৭ কোটি টাকা খরচ করা হয়েছে তার বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-২এ দেওয়া হল।

৩.৯ বিগত দুবছরে পশ্চিমবঙ্গ রাজ্য সে রকম উল্লেখযোগ্য কোনও বন্যা পরিস্থিতির সম্মুখীন হয়নি। সংশ্লিষ্ট জেলা পরিষদগুলির সক্রিয় সহযোগিতায় ২০০০ সালের বন্যাজনিত ক্ষয়ক্ষতির মেরামতি সম্পূর্ণ হয়েছে। বেশিরভাগ নদীতেই স্বাভাবিক গতি অব্যাহত রয়েছে। ফলে পূর্ত নির্মিতির বিশেষ ক্ষতিসাধন হয়নি অথবা রাজ্যে তেমন কোনও ব্যাপক জলমগ্নতার ঘটনা ঘটেনি।

৩.১০ মাননীয় সদস্যদের নিশ্চয়ই স্মরণে আছে যে, সমগ্র গঙ্গা অববাহিকায় বন্যা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে মাস্টার প্ল্যান তৈরি করার জন্যই গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগ-এর সৃষ্টি করা হয়েছিল। ১৯৮৭ সালে ময়ূরাক্ষী নদী প্রণালীর ব্যাপক বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনাটি তারা সম্পূর্ণ করে। ইতিমধ্যে গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগ (GFCC) উপরোক্ত মাস্টার প্ল্যানটি ১৯৯৯ সালে প্রয়োজনমতো আরও পরিবর্তন ও পরিবর্ধন করে। গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগ যতটা সম্ভব নিকাশি অবরোধ কমাবার লক্ষ্যে অতিরিক্ত আরও জলপথ তৈরির উপর গুরুত্ব দেয়। ১৯৮৮ সালে এই কাজ ময়ূরাক্ষী জলপথের ক্ষেত্রে সম্পূর্ণ হয়। গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগ-এর নির্দেশক্রমে গাণিতিক অনুকৃতি (Mathematical model) পরীক্ষার কাজও সম্পন্ন করা হয়। বহু বছর আগে বন্যা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে 'কান্দি মাস্টার প্ল্যান'-এর কথা চিন্তা করা হয় এবং সেটি অনুমোদনের জন্য গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগের কাছে পেশ করা হয়। এবং অবশেষে ওই নমুনা পরীক্ষার আদলে প্রকল্পের একটি ক্ষুদ্র অংশ 'কান্দি অঞ্চল সুসংহত বন্যা সুরক্ষা ও নিকাশি প্রকল্প' নামে প্রস্তুত করে তার ব্যয়মূল্য বাবদ ১৪.১৪ কোটি টাকা গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগে জমা করা হয়। যেহেতু প্রকল্পাধীন অঞ্চলের মধ্যে রেললাইন, জাতীয় ও রাজ্য সড়ক থাকছে সে জন্য গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগের তরফে রেল, পূর্ত ও জাতীয় সড়ক কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন চাওয়া হয়েছে। এ বিষয়ে আরও অগ্রগতি করার ব্যাপারটি নির্ভর করবে প্রকল্পাধীন অঞ্চলে উপযুক্ত পরিকাঠামোগত উন্নতিসাধনে সরকারি প্রচেষ্টার সাফল্যের উপর।

৩.১১ মাননীয় সদস্যগণের স্মরণে আছে যে ১৯৯৯ সালের বন্যার পর রাজ্য সরকার প্রফেসর পি এন রায় কমিটি গঠন করে। ওই কমিটি স্বল্পমেয়াদি কিছু কর্মসূচি সুপারিশ করে। ওই কমিটির সুপারিশ অনুযায়ী হুগলি নদীর পূর্ব পাড়ে কলকাতা ও শহরতলির বিভিন্ন খালের পুনঃখনন ও খালগুলির বহমানতা বজায় রাখার ব্যাপারে পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়ন অর্থ নিগমের মাধ্যমে গৃহ ও নগর উন্নয়ন (HUDCO)-এর কাছ থেকে ঋণ সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির লক্ষ্যই হল নিকাশি ব্যবস্থাকে পুনরায় মূল নকশার আদলে পরিকল্পনা অনুযায়ী সক্রিয় করে তোলার কর্মসূচি এবং সেই সঙ্গে আভ্যন্তরীণ প্রতিবন্ধকতাগুলিরও যথাসম্ভব অপসারণ। প্রকল্প অন্তর্ভুক্ত নিকাশি প্রণালীগুলি হল : (১) বাগের খাল (২) ইচ্ছাপুর অববাহিকা (৩) নোয়াই অববাহিকা (৪) খড়দা খাল

অববাহিকা (৫) বাগজোলা অববাহিকা (৬) সার্কুলার বেলেঘাটা নিউ কাট কেষ্টপুর ভাঙরকাটা খাল প্রণালী (৭) এস. ডবলু. এফ (SWF) এবং ডি ডবলু এফ (DWF) খাল প্রণালী (৮) টালিগঞ্জ পঞ্চান্নগ্রাম অববাহিকা (৯) বেগোর খাল সহ মণিখালি নিকাশি অববাহিকা (১০) চড়িয়াল নিকাশি অববাহিকা। সমস্ত প্রকল্পটির ব্যয়মূল্য ১৪০ কোটি টাকা। প্রকল্পটি শুরু হয়েছিল ২০০০ সালের মার্চ মাসে এবং ২০০৪ সালের ৩১ মার্চের মধ্যে তা সমাপ্ত হবে বলে আশা করা যায়। ইতিমধ্যে ৬০ কোটি টাকার কাজ সমাপ্ত হয়েছে এবং ২৫ কোটি টাকা ব্যয়মূল্যের প্রধান কিছু কাজ এ বছরের মে মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

৩.১২ বিভিন্ন জেলা পরিষদ এবং পৌরসভাসমূহ যেমন খড়দা, পানিহাটি, উত্তর দমদম, নিউ ব্যারাকপুর, দমদম, দক্ষিণ দমদম, রাজারহাট, গোপালপুর পৌরসভা এবং ব্যারাকপুর-২ পঞ্চায়েত সমিতি এই প্রকল্পের রূপায়ণ প্রক্রিয়ার সঙ্গে জড়িত। এর জন্য ২৭০ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে এবং নিকাশি ব্যবস্থার কোনও কোনও অংশের রক্ষণাবেক্ষণ যা আমার বিভাগ এ যাবৎ করে এসেছে তার দায়ভার তাদের ওপর বিশেষভাবে ন্যস্ত করা হয়েছে। এ ছাড়া কলকাতা পুরসভাকেও ৬৬০ লক্ষ টাকা এই প্রকল্পের কাজের জন্য বরাদ্দ করা হয়েছে।

৩.১৩ উপরোক্ত কাজগুলি ছাড়াও কলকাতা শহরের নিকাশি অবরোধ দূরীকরণের লক্ষ্যে এশিয়ান উন্নয়ন ব্যাঙ্কের (ADB) ঋণ সহায়তায় 'কলকাতা পরিবেশ উন্নয়ন প্রকল্প (KEIP) নামে একটি কর্মসূচি শুরু হতে চলেছে। চড়িয়াল খাল প্রণালী, মণিখালি খাল এবং কেওড়াপুকুর খাল প্রণালীর কিছু নির্বাচিত অংশে লাইনিং-এর কাজসহ তাদের ব্যাপক পুনঃখননের উদ্দেশ্যে প্রকল্পটি নির্মিত। চড়িয়াল ও মণিখালির খালের প্রবাহ পতন মুখে দুটি পাম্পহাউস নির্মাণ এবং চৌভাগা ও কেওড়াপুকুর (কুঁদঘাটা) দুটি অতিরিক্ত পাম্পহাউস বসানোও এই প্রকল্পের অঙ্গ।

৩.১৪ মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, টালির নালার পলি সরানো একটি প্রধান কাজ যেহেতু মেট্রো রেলের নির্মাণকার্য ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। এ কাজের সাফল্য বহুলাংশেই এলাকার সকলের সহযোগিতায় খালপাড়ের জবরদখল সমস্যা ও সমাধানের উপর নির্ভরশীল। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে ইতিমধ্যেই টালি নালার তীরবর্তী বেআইনি বসতি উচ্ছেদের কাজ সম্পন্ন হয়েছে। মেট্রো রেল কর্তৃপক্ষও তাদের নির্মাণকার্য শুরু করতে সক্ষম হয়েছে।

৩.১৫ মাথাভাঙা নদী বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে নদিয়া জেলার মাজদিয়ার কাছে ভারতে প্রবেশ করেছে। এবং পরবর্তীতে ইছামতী ও চূর্ণী এই দুই অববাহিকায় প্রবাহিত হয়েছে। চূর্ণী নদী মিশেছে রানাঘাটের কাছে ভাগীরথীর মোহনায় আর ইছামতী নদী মিলিত হয়েছে সুন্দরবনের রায়মঙ্গলের জোয়ারপুষ্ট কালিন্দীতে। উত্তর চব্বিশ পরগনার জেলার

বিস্তৃত অংশ জুড়ে ইছামতী ভারত বাংলাদেশের মধ্যে আন্তর্জাতিক সীমানা গড়ে তুলেছে। ২০০০ সালের বিধ্বংসী বন্যার পর ইছামতীর বন্যা নিয়ন্ত্রণের উদ্দেশ্য ইন্দো-বাংলাদেশ যুগ্ম নদী কমিশনের প্রচেষ্টায় ভারত-বাংলাদেশ যুগ্ম টাস্কফোর্স গঠিত হয়। দুদেশের সদস্যবৃন্দ ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। এই টাস্কফোর্সের প্রধান কাজ হল দু-দেশের এলাকাভুক্ত অঞ্চলে ইছামতী অববাহিকায় বন্যা এবং নিকাশি অবরোধ দূরীকরণে একটি অ্যাকশান প্ল্যান তৈরি করা।

৩.১৬ পার্বত্য হিমালয়ে নদীগুলির বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে ভারত-ভুটান যৌথ নদী কমিশন গঠনের রাজ্য সরকারের প্রস্তাবটি বর্তমানে ভারত সরকারের বিদেশ মন্ত্রকের পর্যবেক্ষণের স্তরে রয়েছে। ভুটানে ভারতীয় দুতাবাসের সঙ্গে যোগাযোগ রেখে বিদেশ মন্ত্রক বন্যার পূর্বাভাস প্রদান, বন্যা প্রতিরোধ ও ব্যবস্থাপনার জন্য যুগ্ম বিশেষজ্ঞ দল গঠনের সম্ভাবনা খতিয়ে দেখছেন।

৩.১৭ ব্রহ্মপুত্র অববাহিকা এ রাজ্যের কোচবিহার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় বিস্তৃত। কিন্তু পশ্চিমবঙ্গ ব্রহ্মপুত্র পর্ষদের অন্তর্ভুক্ত নয়। রাজ্য সরকার সম্প্রতি ওই পর্ষদের সদস্য হবার জন্য প্রস্তাব রেখেছেন। ভারত সরকারকে এ ব্যাপারে যথাযথ ভূমিকা নিতে অনুরোধ করা হয়েছে যাতে ব্রহ্মপুত্র পর্ষদ পশ্চিমবঙ্গ সরকারকে সদস্য করে অন্তর্ভুক্ত করেন।

৩.১৮ মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, তথ্যপ্রযুক্তির সাম্প্রতিক অগ্রগতিকে কাজে লাগিয়ে বন্যার পূর্বাভাস ঘোষণার আধুনিকীকরণের জরুরি প্রয়োজন রয়েছে। আমার বিভাগ এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে।

৩.১৯ মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, কৃষিজমিতে জোয়ারের নোনা জলের অনুপ্রবেশ রুখতে সুন্দরবন অঞ্চলের পূর্বতন ভূস্বামীদের তৈরি ঘেরবাঁধগুলোর পুনর্বিন্যাস ও মজবুতিকরণ প্রয়োজন। সুন্দরবনের বিভিন্ন দ্বীপগুলিতে জোয়ারের জলের অনুপ্রবেশ রুখতে এবং তীরভূমির ক্ষয় প্রতিরোধে ভারত সরকারের আর্থিক সহায়তা প্রার্থনা করে যে সুসংহত প্রকল্পের খসড়া পেশ করা হয়েছে, পর্যায়ক্রমে রূপায়ণের মধ্য দিয়ে তা সম্পন্ন হবে।

৩.২০ নাবার্ড (RIDF)-এর কর্মসূচির অধীনে সেচ ও বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে রাজ্য জুড়ে একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ গ্রহণ করা হয়েছে। বর্তমানে আর আই ডি এফ-৫, আর আই ডি এফ-৬, আর আই ডি এফ-৭ ও আর আই ডি এফ-৮-এর অন্তর্গত কর্মসূচি রূপায়ণের কাজ চলছে।

৪. জল উন্নয়ন পরিষেবা

৪.১ যোজনা খাতে বিভিন্ন পরিকল্পনার যথাযথ রূপায়ণ করার জন্য জরিপ, অনুসন্ধান, প্রকল্প রচনা, নকশা, গবেষণা, প্রশিক্ষণ ইত্যাদির প্রয়োজনে এ বছরে ৩.০৫১০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে।

৪.২ আমার বিভাগের অন্তর্গত একটি মর্যাদাপূর্ণ সংস্থা নদীবিজ্ঞান মন্দির, পশ্চিমবঙ্গ (River Research Institute, West Bengal)। বিভিন্ন গবেষণাকর্ম পরিচালনা, নমুনা পরীক্ষা, তথ্য সংগ্রহ, নির্মাণাদি কর্মকে সহায়তার লক্ষ্যে এই সংস্থা গঠিত। এরা নদী ব্যবহার ও নিয়ন্ত্রণের নামে একটি গুরুত্বপূর্ণ জার্নাল প্রকাশ করে থাকে। বর্তমানে সংস্থাটি সুবর্ণরেখা বাঁধ প্রকল্পের নমুনা পরীক্ষা এবং কুমারী জলাধারের ধারণক্ষমতা ইত্যাদির উপরে সমীক্ষা চালাচ্ছে।

৫. সেচপত্র প্রকাশনা

৫.১ আমার বিভাগ বাংলা ভাষায় সেচ বিষয়ক একটি পত্রিকা প্রকাশ করে থাকে। চলতি বছরে অনিবার্য কারণবশত পত্রিকাটির কোনও সংখ্যা প্রকাশ করা সম্ভব হয়নি। যদিও ২০০২ সালের জুন মাসে বিগত দিনের প্রকাশিত পত্রিকার সংখ্যাগুলি থেকে নির্বাচিত বিশেষ নিবন্ধের একটি সংকলন প্রকাশিত হয়েছে। আশা করি, সমস্ত মাননীয় সদস্যবৃন্দের কাছে উক্ত সংকলনের প্রতিলিপি পৌঁছে গেছে। আমি পত্রিকাটিকে জনসাধারণের মুখপত্র হিসেবে তুলে ধরার জন্য মাননীয় সদস্যগণের মূল্যবান পরামর্শের সঙ্গে তাঁদের ঐকান্তিক সক্রিয় অংশগ্রহণে এগিয়ে আসার জন্য অনুরোধ রাখছি।

৬. সেচ জলকর খাতে রাজস্ব

৬.১ রাজস্ব সংগ্রহ ব্যবস্থার উন্নতিকল্পে আমার বিভাগ ধারাবাহিকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তৎসত্ত্বেও নির্ধারিত জলকর বাবদ সংগৃহীত রাজস্ব আশানুরূপ নয়। বর্তমানে পঞ্চায়েতের মাধ্যমে সেচ বাবদ রাজস্ব সংগ্রহের প্রচেষ্টা চালানো হচ্ছে। আশা রাখি ভবিষ্যতে রাজস্ব সংগ্রহের উন্নতি হবে।

৭. উপসংহার

৭.১. আমি পুনরায় এ কথা উল্লেখ করতে চাই যে আমার বিভাগের যোজনা বরাদ্দের পরিমাণ এ বছর উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ফলে সেচ ও বন্যা নিয়ন্ত্রণ উভয় ক্ষেত্রেই সরকারি কর্মসূচি রূপায়ণের জন্য আর্থিক বরাদ্দ ও চাহিদার মধ্যে ঘাটতি আরও বৃদ্ধি পেয়েছে।

৭.২ এতৎসত্ত্বেও চলতি বছরে বিভাগের কর্মসূচির সফল রূপায়ণের জন্য বিভিন্ন পর্যায়ে আমি জনগণের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি। মাননীয় সদস্যগণের কাছেও সবিনয় অনুরোধ, তাঁরা যেন সহযোগিতার হাত বাড়িয়ে দেন এবং সাধারণ মানুষকে এ কাজে প্রণোদিত করেন।

মহাশয়, এই কথা বলে আমি আমার বিভাগের ২০০৩-২০০৪ সালের ব্যয় বরাদ্দ সভায় পেশ করছি।

পরিশিষ্ট/১

পুরুলিয়া জেলায় ২৩টি সম্পূর্ণ এবং ৯টি নির্মাণরত সেচপ্রকল্পের দ্বারা ২০০২-২০০৩ বর্ষে খরিফ চাষে সেচসেবিত এবং রবিচাষের জন্য প্রস্তাবিত সেচসেবার বিবরণ।

(ক) সম্পূর্ণ হওয়া প্রকল্পসমূহ :

ক্রমিক সংখ্যা	সেচ প্রকল্পের নাম	খরিফ চাষে সেচসেবিত এলাকা ২০০২-২০০৩ (হেক্টরে)	রবি চাষে প্রস্তাবিত সেচ সেবার এলাকা ২০০২-২০০৩ (হেক্টরে)
১।	সাহারাজোড় সেচ প্রকল্প	৩৭৫২	৩১০
২।	রূপাই সেচ প্রকল্প	১৬২১	১১০
৩।	কুমারী সেচ প্রকল্প	৩২৬৫	৩২০
৪।	কেষ্টবাজার সেচ প্রকল্প	৩১১	৫৬
৫।	কুলবেরা সেচ প্রকল্প	২৯৭	৫০
৬।	তারা সেচ প্রকল্প	৩০০	১০
৭।	শঙ্খ সেচ প্রকল্প	২৯০	২০
৮।	ফকিড়ি সেচ প্রকল্প	২২২	—
৯।	কাঁসাই সেচ প্রকল্প	৫২	—
১০।	বুড়িডুমুর সেচ প্রকল্প	৫৫	১০
১১।	তুরগা সেচ প্রকল্প	৩০৫	১২৯
১২।	ডাংরা সেচ প্রকল্প	৮০৫	১২৫
১৩।	মাজরা সেচ প্রকল্প	২৭৪	৩২
১৪।	বান্দাজোড় সেচ প্রকল্প	১২৫	২০
১৫।	ফুলজোড় সেচ প্রকল্প	১৯০	১৫
১৬।	তারাগোনিয়া সেচ প্রকল্প	৬৯০	১৮৫
১৭।	বান্দু সেচ প্রকল্প	২০০০	৫৩৪.৫
১৮।	ডিমু সেচ প্রকল্প	৪৪২	২৫
১৯।	কারিয়র সেচ প্রকল্প	২৬০	১৫
২০।	লিপানিয়াজোড় সেচ প্রকল্প	১১২৫	৩৬৫
২১।	রামচন্দ্রপুর সেচ প্রকল্প	১২৮০	৮৭৪.৫
২২।	বরাভূম সেচ প্রকল্প	১৮০০	১৪৮৮
২৩।	পারগা সেচ প্রকল্প	৫৮০	৩৫
	মোট	২০০৪১	৪৭২৯

(খ) নির্মাণরত প্রকল্পসমূহ :

ক্রমিক সংখ্যা	সেচ প্রকল্পের নাম	খরিফ চাষে সেচসেবিত এলাকা ২০০২-২০০৩ (হেক্টরে)	রবি চাষে প্রস্তাবিত সেচ সেবার এলাকা ২০০২-২০০৩ (হেক্টরে)
২৪।	গোলামারাজোড় সেচ প্রকল্প	৩৫০	৪০
২৫।	পাতলোই সেচ প্রকল্প	৪০	১০
২৬।	কয়রাবেড়া সেচ প্রকল্প	৪২৫	১৩০
২৭।	মৌতোড়জোড় সেচ প্রকল্প	২৮৫	১০০
২৮।	টাটকো সেচ প্রকল্প	১২৮০	৩৯০
২৯।	ফুটিয়ারি সেচ প্রকল্প	৪৪	২০
৩০।	বেকো সেচ প্রকল্প	৪৮২	৪৫৩.৫
৩১।	হনুমাতা সেচ প্রকল্প	৮০৯	১৪৪১
৩২।	ঊর্ধ্বঅববাহিকা বান্দু প্রসারিত সেচ প্রকল্প	—	—
	মোট	৩৭১৫	২৫৮৪.৫
	সর্বমোট	২৩৭৫৬	৭৩১৩.৫
			= ৭৩১৪

পশ্চিমবঙ্গ সরকার, সেচ ও জলপথ বিভাগ

গঙ্গা-পদ্মা ভাঙনরোধ কাজের জন্য বিভিন্ন হিসেবের খাতে ১৯৭৭-৭৮ সাল থেকে ২০০১-২০০২ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় রাজ্য সরকারের ব্যয়ের বিবৃতি

ক্রমিক নং	উন্নয়নের খাত	সম্পাদিত কাজের মূল্যমান				ভারত সরকারের অর্থ বরাদ্দ			ভারত সরকারের কাছে দাবিকৃত অর্থ	মন্তব্য
		জেলা	প্রদত্ত অর্থ	বকেয়া দায়	মোট	সহায়তা	অনুদান	মোট		
		(কোটি টাকায়)				(কোটি টাকায়)				
১.	রাজ্য পরিকল্পনার অধীনে (১৯৭৭-৭৮) থেকে (১৯৯৬-৯৭)	মালদা	১৭.৬৮	০.০০	১৭.৬৮	০.০০	০.০০	০.০০	০.০০	
		মুর্শিদাবাদ	৩৮.১১	০.০০	৩৮.১১	০.০০	০.০০	০.০০		
		মোট	৫৫.৭৯	০.০০	৫৫.৭৯	০.০	০.০০	০.০০		
২.	বিশেষ অনুদান-বিশেষ সমস্যা, কেশকার কমিটির সুপারিশক্রমে (১৯৯৭-৯৮ থেকে ২০০১-২০০২)	মালদা	৩৬.৫২	০.১৫	৩৬.৬৭	০.০০	৩০.০০	৩০.০০	২৮.৯৩	সহায়ক অনুদান হিসেবে কেন্দ্রীয় অর্থবরাদ্দ/রাজ্য সরকারের দাবিকৃত কেন্দ্র ও রাজ্য ৭৫ : ২৫ হারে (এখনও অমীমাংসিত)
		মুর্শিদাবাদ	৪০.৯৭	০.৯৩	৪১.৯					
		মোট	৭৭.৪৯	১.০৮	৭৮.৫৭					
৩.	দশম অর্থ কমিশনের (TFC) মঞ্জুরিকৃত বরাদ্দ (১৯৯৭-৯৮ থেকে ২০০০-২০০১)	মুর্শিদাবাদ	১৫.৫২	০.২৫	১৫.৭৭	০.০০	২০.০০	২০.০০	০.০০	সহায়ক অনুদান হিসেবে সম্পূর্ণ কেন্দ্রীয় অর্থবরাদ্দ ৩১.০৩.০২ থেকে বন্ধ আছে। বাকি বরাদ্দ ক্রমিক নং ২-এ উল্লেখিত বকেয়া দায় মেটানোর জন্য ব্যবহৃত হয়েছে।

ক্রমিক নং	উন্নয়নের খাত	সম্পাদিত কাজের মূল্যমান				ভারত সরকারের অর্থ বরাদ্দ			ভারত সরকারের কাছে দাবিকৃত অর্থ	মন্তব্য
		জেলা	প্রদত্ত অর্থ	বকেয়া দায়	মোট	সহায়তা	অনুদান	মোট		
		(কোটি টাকায়)				(কোটি টাকায়)				
৪.	একাদশ অর্থ কমিশনের (EFC) মঞ্জুরিকৃত বরাদ্দ (২০০০-২০০১)	মালদা মুর্শিদাবাদ	০.০০ ২.৫৫	০.০০ ১.১৬	০.০০ ৩.৭১	০.০০	৩৬.১৩	৩৬.১৩	২৩.৮৭	সম্পূর্ণ কেন্দ্রীয় সহায়তায় সহায়ক অনুদান
		মোট	২.৫৫	১.১৬	৩.৭১					
৫.	৭৫ : ২৫ হারে কেন্দ্রীয় সরকারের পোষকতাপ্রাপ্ত প্রকল্প (CSS) বাবদ গঙ্গা অববাহিকায় চরম সঙ্কটাপন্ন অঞ্চলে ভাঙন নিরোধক কাজ (২০০০-০১ থেকে)	মালদা মুর্শিদাবাদ	৫.১৩ ১৩.৯৫	০.৩৮ ৫.৯৮	৫.৫১ ১৯.৯৩	০.০০	২২.১৫	২২.১৫	৭.৮৫	কেন্দ্রীয় সহায়তায় সহায়ক অনুদান
		মোট	১৯.০৮	৬.৩৬	২৫.৪৪					
৬.	সীমান্তের উভয়দেশীয় নদীর কাজ	মুর্শিদাবাদ	১.৫৭	১.০৪	২.৬১	২.৬৬	০.০০	২.৬৬	০.০০	ঋণ সহায়তা হিসেবে কেন্দ্রীয় অর্থবরাদ্দ
৭.	গৃহ ও নগর উন্নয়ন নিগম প্রাপ্ত ঋণ সহায়তার কাজ (রাজ্যের অংশ)	মালদা	২৩.১৪	১.৮০	২৪.৯৪	০.০০	০.০০	০.০০	৬৯.৪২	৭৫ : ২৫ হারে দাবি স্থিরিকৃত হয়েছে
		মোট	১৯৫.১৪	১১.৬৯	২০৬.৮৩	২.৬৬	১০৮.২৮	১১০.৯৪	১৩০.০৭	

DEMAND No. 33

Major Heads : 2052—Secretariat—General Services and 2056 Jails

Dr. ASIM KUMAR DASGUPTA to move that a sum of Rs. 74,18,98,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads : "2052 Secretariat—General Services and 2056—Jails" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 24,72,99,000 already voted on account)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশ অনুসারে আমি ৩৩নং দাবি, প্রধান খাত—'২০৫২-সচিবালয়-সাধারণ পরিষেবা' এবং প্রধান খাত—'২০৫৬-কারা'-এর অধীনে ভোট অন অ্যাকাউন্টে বরাদ্দ হওয়া যথাক্রমে ২৫,৮৮,০০০ (পঁচিশ লক্ষ অষ্টআশি হাজার) টাকা এবং ২৪,৪৭,১১,০০০ (চব্বিশ কোটি সাতচল্লিশ লক্ষ এগারো হাজার) টাকা সহ ২০০৩-২০০৪ সনের ব্যয় বহনের জন্য এই দুই খাতে যথাক্রমে মোট ৭৭,৬৫,০০ (সাতাত্তর লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা এবং ৭৩,৪১,৩৩,০০০ (তিয়াত্তর কোটি একচল্লিশ লক্ষ তেত্রিশ হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য পেশ করছি।

মহান এই সভার অনুমতি নিয়ে জানাচ্ছি যে, ২০০০ সনের ১৪ই এপ্রিল ওয়েস্ট বেঙ্গল কারেকশনাল সার্ভিসেস অ্যাক্ট ১৯৯২ কার্যকরী হওয়ার থেকেই কারাগারগুলিকে প্রকৃত সংশোধনাগারে পরিণত করার অনলস চেষ্টা চলছে যেহেতু শাস্তিবিধানের উদ্দেশ্যই সংস্কারমূলক। সংস্কারমূলক ব্যবস্থাগুলির মাধ্যমে বন্দীদের চরিত্র সংশোধন এবং তাদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনা—এ দুটিই হল সংশোধনী পরিষেবার প্রধান দুটি দিক। সংশোধনাগার আর এখন বিভীষিকা নয়। বন্দীদের চরিত্র সংশোধন এবং মুক্তির পরে তাদের পুনর্বাসন বা সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনার কাজ সহজতর করতে কারাভ্যন্তরে পীড়নমুক্ত সহানুভূতিশীল পরিবেশ গড়ে তোলা প্রয়োজন। বন্দীদের মনে আত্মবিশ্বাস ফিরিয়ে আনা ও তাদের স্বাবলম্বী করার জন্য প্রতিকূল অবস্থার মধ্যেও কঠোর চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে বিদ্যাশিক্ষা, নানারকম বৃত্তিশিক্ষণের মাধ্যমে, এমনকি তাদের মানসিক ও নৈতিক উন্নতির জন্য 'যোগ' সাধনার ব্যবস্থাও করা হয়েছে। সুপ্রতিষ্ঠিত বেসরকারি সংগঠনগুলি একাজে সহায়তা করে। এ জাতীয় কর্মসূচিগুলি শুধু বন্দীদের অন্তরের শুকিয়ে যাওয়া সুকোমল অনুভূতিগুলিকেই পুনরুজ্জীবিত করে তা নয়, সকল স্তরের কারাবাসীদের মধ্যে বন্ধুপ্রীতি ও সমষ্টিগতভাবে থাকার ও কাজ করার মানসিকতা তৈরি করে। তাদের মানসিক উৎকণ্ঠা বা অবসাদ ভোলানোর জন্য মাঝে মাঝে সংশোধনাগারগুলিতে সাংস্কৃতিক অনুষ্ঠানও করা হয়। তাদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ

করে দেওয়ার জন্য বন্দীদের নিজস্ব রচনাসম্বলিত পত্র-পত্রিকা প্রকাশ করা হয়। তাদের কিছু কিছু রচনা সংবাদ মাধ্যমের দৃষ্টি আকর্ষণ করেছে এবং জনসাধারণের প্রশংসা কুড়িয়েছে। মহিলা বন্দী এবং মায়ের সঙ্গে থাকা শিশুদের প্রতি বিশেষ যত্ন নেওয়া হয়। কিছু সংশোধনাগারে কম্প্যুটার প্রশিক্ষণও দেওয়া হয়। তারা যাতে সংশোধনাগার থেকে মুক্তি পাওয়ার পর নিজেরা উপার্জনক্ষম হয় সেজন্য তাদের এমব্রয়ডারি বা সূচের কাজ, দরজির কাজ, মোমবাতি তৈরি এবং আরও নানারকম হাতের কাজ শেখানো হয়। শাস্তির মেয়াদ শেষে মুক্ত বন্দীদের পুনর্বাসন একটি বিশাল কাজ যে কাজে সফল হতে হলে সমাজের সকলকে এগিয়ে আসতে হবে উদার মন ও সহানুভূতি নিয়ে। আমরা পাপকে ঘৃণা করব পাপীকে নয়। পূর্বের 'প্রবেশন অফিসার' পদগুলির নতুন নামকরণ হয়েছে, প্রবেশন-কাম-আফটার কেয়ার অফিসার—এই পদে কর্মরত আধিকারিকদের কাজ হল মুক্ত বন্দীদের পুনর্বাসনের বিষয়টি দেখাশুনা করা।

এ সমস্ত চেষ্টা বা উদ্যোগ অপূর্ণই থেকে যাবে যদি সংশোধনাগার কর্মীদের যথাযথ প্রশিক্ষণ না দেওয়া যায় এবং মানসিক গঠন সেভাবে পরিবর্তন না করা যায়। সেই লক্ষ্যকে সামনে রেখে সরকার সংশোধনাগারের বিভিন্ন স্তরের কর্মী এবং সংশোধনী পরিষেবায় যুক্ত অন্যান্য কর্মীদের জন্যও নানারকম প্রশিক্ষণের ব্যবস্থা করেছেন বিভিন্ন প্রতিষ্ঠানে। সকল স্তরের কর্মীদের রাজ্যের ভিতরে ও বাইরে বিভিন্ন প্রতিষ্ঠানে পাঠানো ছাড়াও উচ্চপদস্থ আধিকারিকদের রাজ্য ও জাতীয় স্তরে বিভিন্ন সেমিনারে অংশগ্রহণের ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থার ফলে তাদের দৃষ্টিভঙ্গিরও পরিবর্তন হয়েছে এবং তাঁরা এ বিষয়ে নতুনভাবে চিন্তা-ভাবনা করছেন।

।। প্রধান প্রধান কার্যাবলী যা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে ।।

সংশোধনাগারের অভ্যন্তরে বন্দীদের জীবনযাত্রার আধুনিকীকরণ ঃ—

সংশোধনাগারের বন্দীদের জীবনযাত্রার আধুনিকীকরণের উদ্দেশ্যে ঃ—

১। বহুবর্ষজীর্ণ কারাগৃহগুলি মেরামতি ও নবীকরণের ও সেই সংক্রান্ত কিছু পরিকাঠামোগত পরিবর্তনের জন্য ২০০২-২০০৩ আর্থিক বছরে ২.০৯ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। সর্বাধিক গুরুত্ব সহকারে বন্দীদের জীবনযাত্রার মান উন্নয়নের চেষ্টা চলছেই এবং আগামী বছরে এর জন্য আরও অর্থ বরাদ্দ করার পরিকল্পনা আমাদের আছে। বন্দীদের সুস্বাস্থ্য ও স্বচ্ছন্দ জীবন আমাদের অন্যতম লক্ষ্য।

২। অনেক সংশোধনাগারেই ময়লা জল নিষ্কাশন ব্যবস্থা বহু বছরের পুরানো এবং সে কারণে কিছু গুরুত্বপূর্ণ সংশোধনাগারে নিকাশী ব্যবস্থা আধুনিকীকরণের কাজ হাতে নেওয়া হয়েছে।

৩। পানীয় জল ও অন্যান্য কাজে ব্যবহারের জন্য জলের অভাব পূরণ করতে বিভিন্ন সংশোধনাগারে বেশ কিছু প্রকল্প চালু করা হয়েছে।

৪। সংশোধনাগার চত্বরে এবং বন্দীদের ওয়ার্ডগুলিতে যথেষ্ট আলোর ব্যবস্থা করার জন্য আমরা বিভিন্ন পরিকল্পনা নিয়েছি।

৫। কয়েকটি সংশোধনাগারে আধুনিক রন্ধনশালা ও ২ বা ৩টি স্থানে ভোজনকক্ষ চালু হয়েছে যেখানে বন্দীরা একত্রে বাস আহার করে, পুরুলিয়া মহিলা সংশোধনাগারেও আধুনিক রন্ধনশালা ও ভোজনকক্ষ রয়েছে। প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে অন্যান্য সংশোধনাগারগুলিতেও পর্যায়ক্রমে এই ব্যবস্থা চালু করা হবে।

৬। বর্তমানে সকালে ও বিকালে একবার করে বন্দীদের চা দেওয়া হয়। মহিলা বন্দীদের প্রয়োজনমতো স্যানিটারী ন্যাপকিন সরবরাহ করা হয়।

—ঃ সংশোধনাগারে চিকিৎসার সুযোগ-সুবিধা বৃদ্ধি ঃ—

১। সংশোধনাগারগুলিতে বন্দীদের চিকিৎসা ব্যবস্থা নিয়ে প্রায়শই সমালোচনার ঝড় ওঠে। চিকিৎসা ব্যবস্থার মান উন্নয়নকল্পে ইতিমধ্যেই বিভিন্ন সংশোধনাগারে ৩৫টি অ্যাম্বুলেন্স দেওয়া হয়েছে। বাকী সংশোধনাগারগুলিতে একাদশ অর্থ কমিশনের মঞ্জুরীকৃত অর্থে পর্যায়ক্রমে অ্যাম্বুলেন্স দেওয়ার পরিকল্পনা আছে। যার ফলে পশ্চিমবঙ্গের ৫৩টি সংশোধনাগারেই অসুস্থ বন্দীদের হাসপাতালে নিয়ে যাওয়া বা সেখান থেকে নিয়ে আসার কাজ ত্বরান্বিত হবে।

২। আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগার হাসপাতালটির অনেকটাই সংস্কার ও আধুনিকীকরণ করা হয়েছে যেখানে আছে শীততাপ নিয়ন্ত্রিত রোগ নির্ণায়ক কেন্দ্র (ডায়াগনস্টিক সেন্টার) যাতে পশ্চিমবঙ্গের সমস্ত সংশোধনাগার থেকে আগত অসুস্থ বন্দীরা প্রয়োজনমতো উপযুক্ত চিকিৎসার সুযোগ পায়। এই হাসপাতালকে রেফারেল হাসপাতাল রূপে গণ্য করা হয়। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, ইন্ডিয়ান ল্যুনাসি অ্যাক্ট ১৯১২ বাতিল করে মেন্টাল হেল্‌থ অ্যাক্ট ১৯৮৭ চালু হওয়ার পর থেকে মানসিক ভারসাম্যহীন বন্দীদের আলিপুর বিশেষ কারায় রাখা হয় যেটি বর্তমানে ইনস্টিটিউট অব মেন্টাল হেল্‌থ নামে পরিচিত। এখানে অবস্থানরত মানসিক ভারসাম্যহীন নিরপরাধ ব্যক্তিদের জন্য সাধারণ চিকিৎসা ছাড়াও বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা মনোরোগের চিকিৎসার ব্যবস্থা আছে। আরোগ্যপ্রাপ্ত বা সুস্থ বন্দীদের তাদের পরিবারের বা আত্মীয়-পরিজনের কাছে হস্তান্তর করা একটি নিয়মিত প্রক্রিয়া এবং একাজে সহায়তা করে বিভিন্ন বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা।

—ঃ শিক্ষা, বিনোদন ও সাংস্কৃতিক কর্মসূচি ঃ—

১। সকল কেন্দ্রীয় সংশোধনাগার ও অধিকাংশ জেলা সংশোধনাগারগুলিতে বন্দীদের জন্য গ্রন্থাগার আছে। বন্দীরা গ্রন্থাগার থেকে বিভিন্ন ধর্মগুরুর জীবনী,

বিজ্ঞান বিষয়ক রচনা, উপন্যাস, ও অন্যান্য নীতিশিক্ষামূলক বই নিয়ে পড়তে পারেন। বিভিন্ন কেন্দ্রীয় সংশোধনাগারে ও কিছু জেলা সংশোধনাগারে ইচ্ছুক বন্দীদের প্রাথমিকস্তরে শিক্ষাদানের ব্যবস্থা আছে। মাঝে মাঝে স্বেচ্ছাসেবী সংগঠনগুলির সহায়তায় স্বাক্ষরতা কর্মসূচিও পালন করা হয়। ২০০২ সালে প্রেসিডেন্সী সংশোধনাগার থেকে দুই জন বন্দী উচ্চমাধ্যমিক পাশ করেছে। প্রেসিডেন্সী সংশোধনাগারে বন্দিনী মায়েদের সাথে থাকা শিশুদের শিক্ষা গ্রহণের সুযোগ দেওয়া ছাড়া ক্রেশ-এর ব্যবস্থা আছে।

২। বন্দীদের বিনোদনের জন্য টি.ভি., রেডিও ও ক্রিকেট সহ বিভিন্ন রকম খেলাধুলার (আউটডোর, ইনডোর) ব্যবস্থাও আছে। কেন্দ্রীয় ও জেলা সংশোধনাগারগুলিতে বার্ষিক ক্রীড়ানুষ্ঠান নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়। দক্ষতার বিচারে সফল অংশগ্রহণকারীদের পুরস্কৃতও করা হয়।

৩। স্মরণীয় দিনগুলি সব কেন্দ্রীয় সংশোধনাগারে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালন করা হয়। গত বছর রবীন্দ্রনাথ ঠাকুরের ১৪১তম জন্মবার্ষিকী উপলক্ষে দমদম কেন্দ্রীয় সংশোধনাগারে একটি মনোজ্ঞ অনুষ্ঠান হয় যেখানে প্রখ্যাত লোকসংগীত ও রবীন্দ্রসংগীত শিল্পীরা বন্দীদের গান শোনান। কয়েকজন বিচারাধীন ও সাজাপ্রাপ্ত বন্দী তাদের নিজেদের লেখা কবিতা আবৃত্তি ও রচনা পাঠ করেন। এই অনুষ্ঠান সাময়িকভাবে হলেও বন্দীদের মনোকষ্ট থেকে মুক্তি পাওয়ার সুযোগ দেয়।

বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং পুনর্বাসন কর্মসূচি :—উল্লেখ করা দরকার মনে করি যে, প্রেসিডেন্সী সংশোধনাগারস্থিত এক সাজাপ্রাপ্ত বন্দীর ঘাস কেটে তৈরি করা তাজমহলের একটি প্রতিরূপ জনসাধারণ ও সংবাদ মাধ্যমের ভূয়সী প্রশংসা লাভ করেছে। আরও উল্লেখ্য যে, সম্প্রতি রাজ্য সরকারের ক্ষুদ্র ও কুটীর শিল্প দপ্তর পরিচালিত হস্তশিল্প মেলায় বন্দীদের তৈরি শিল্পদ্রব্যের একটি প্রদর্শনীও করা হয়। বন্দীদের হাতের তৈরি জিনিসপত্র সেখানে বিক্রয়ও করা হয় বিশেষ করে ফিনাইল, মোমবাতি, গামছা ইত্যাদি প্রচুর পরিমাণে বিক্রি হয়।

—ঃ বন্দীদের উন্নয়ন পরিকল্পনা ঃ—

১। বন্দীদের সাক্ষাৎকার ও তৎসংক্রান্ত কাজ সহজ ও ত্বরান্বিত করার জন্য ৬টি কেন্দ্রীয় সংশোধনাগারেই 'জন সম্বোধন' পদ্ধতি (পাবলিক এ্যাড্রেস সিস্টেম) চালু করা হয়েছে। এর ফলে বন্দীদের সাথে সাক্ষাৎকার সংক্রান্ত বিষয়গুলি ত্বরান্বিত করা সম্ভব হয়েছে।

২। সম্প্রতি মালদা জেলা সংশোধনাগারে দুটি স্বেচ্ছাসেবী সংস্থা যথা রামকৃষ্ণ মিশন ও সত্য সাঁই সেবা সমিতির সহায়তায় কয়েদীদের শিক্ষাদান কার্যক্রম শুরু করা হয়েছে। এর ফলে কয়েদীদের মধ্যে যথেষ্ট উৎসাহের সৃষ্টি হয়েছে।

—ঃ কারা আধিকারিক ও সাধারণ কারা কর্মী প্রশিক্ষণ ঃ—

যুগের দাবি অনুসারে উদ্ভূত সমস্যার মোকাবিলা করতে কারা আধিকারিকগণকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। সেই কথা মাথায় রেখে উচ্চপদস্থ আধিকারিক ও নিরাপত্তা কর্মীদের বিশেষ প্রশিক্ষণের উপর জোর দেওয়া হয়েছে। আধুনিক অস্ত্রশস্ত্র চালনা ও অন্যান্য বিষয়ে (প্রাথমিক পর্যায়ে) কারাকর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে পি.টি.এস. কলকাতা ও পি.টি.এস. ব্যারাকপুরে। এছাড়াও রাজ্য ও আন্তঃরাজ্য সেমিনারে তাদের পাঠানো হয়।

কারা সমাচার প্রকাশন : 'প্রিজন নিউজ' বা 'কারা সমাচার' নামে একটি ত্রৈমাসিক পত্রিকা যথাক্রমে ইংরেজি ও বাংলা ভাষায় কারা দপ্তর কর্তৃক প্রকাশিত হয়, যার মাধ্যমে সংশোধনাগারের চার দেওয়ালের মধ্যে দিন কাটানো কারাবাসীদের জীবনযাত্রার প্রকৃত চিত্র জনসমক্ষে তুলে ধরা হয়। এই পত্রিকা বন্দীদের জীবন সম্পর্কিত ভ্রান্ত ধারণা দূরীকরণে সহায়তা করে। এটি ভারতের অন্যান্য রাজ্যের কারাগার বা সংশোধনাগারগুলির সাথে সংবাদ আদান-প্রদানেও সহায়তা করে।

—ঃ কেন্দ্রীয় সংশোধনাগারে নিরাপত্তা ব্যবস্থার আধুনিকীকরণ ঃ—

একথা অনস্বীকার্য যে, বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির সাথে সাথে অপরাধ ও অপরাধীরাও নবরূপ ধারণ করেছে, অপরাধমূলক কাজকর্মের বর্তমান ধারা এবং অপরাধীদের নতুন নতুন কার্যকলাপের মোকাবিলা করার জন্য সংশোধনাগারগুলির নিরাপত্তা ব্যবস্থার আধুনিকীকরণ অত্যন্ত জরুরী এবং সেই লক্ষ্যেই একাদশ অর্থ কমিশন কর্তৃক মঞ্জুরীকৃত অর্থে আধুনিক অস্ত্রশস্ত্র ক্রয় করা হয়েছে। আলিপুর ও প্রেসেডিন্সী সংশোধনাগারে যে ক্লোজ সার্কিট টি.ভি. বসানো হয়েছিল সেগুলির সাথে আরও ক্যামেরা বসানো হয়েছে। এবং দমদম কেন্দ্রীয় সংশোধনাগারেও এই ব্যবস্থা চালু হয়েছে।

—ঃ দুটি কেন্দ্রীয় সংশোধনাগারে ভিডিও কনফারেন্সের ব্যবস্থা ঃ—

কলকাতা সিটি সিভিল কোর্ট-এর কাজকর্ম পুরোপুরি কম্প্যুটারচালিত করার জন্য যে প্রকল্প নেওয়া হয়েছে সেই প্রকল্পের আওতায় আলিপুর ও প্রেসিডেন্সী সংশোধনাগারে ভিডিও কনফারেন্স চালু করার চেষ্টা চলছে। ভারতীয় দণ্ডবিধি ১৯৭৩-এর ১৬৭ নং ধারা সংশোধনে ভারত সরকারের অনুমতি পাওয়া গেলে ২০০৩-২০০৪ সালের মধ্যেই ওই ব্যবস্থা চালু করা যাবে আশা করা যায়।

—ঃ সংশোধনাগারের মধ্যেই বিচারাধীন বন্দীর বিচারসভা (কোর্ট) বসানোর প্রস্তাব ঃ—

কলকাতা উচ্চ ন্যায়ালয়ের রেজিস্ট্রার জেনারেলকে অনুরোধ করা হয়েছে যে, প্রধান মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট ও চিফ জুডিসিয়াল ম্যাজিস্টেটরা যেন মাসে একবার বা দুইবার অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ মামলায় বিচারাধীন বন্দীদের মামলাগুলির নিষ্পত্তির জন্য

সংশোধনাগারের মধ্যেই কোর্ট বা বিচারসভা বসানোর ব্যবস্থা করেন যদি সংশ্লিষ্ট বন্দীরা তাদের অপরাধ স্বীকার করে। বিচার বিভাগকে অনুরোধ করা হয়েছে বিচারাধীন বন্দীদের জন্য লিগ্যাল এইড কাউন্সেল-এর ব্যবস্থা করার জন্য। এই প্রচেষ্টায় দরিদ্র বিচারাধীন বন্দীদের ন্যায় বিচারের ব্যবস্থা যেমন হবে তেমন সংশোধনাগারে বন্দীদের ভিড়ও কমানো যাবে যা বর্তমানে একটি চিন্তার বিষয়। এতে বিচারাধীন বন্দীদের ভরণপোষণের ব্যয়ভারও কমবে।

—ঃ ভারত সরকারের কাছে প্রদত্ত প্রস্তাব ঃ—

ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রক ২০০২-২০০৭ সালের জন্য 'কারা সংস্কার' নামে (প্রিজন্‌স রিফর্ম) একটি নতুন প্রকল্প চালু করেছেন, যার খরচ ধার্য হয়েছে ৭১.৯ কোটি টাকা। তদনুসারে, পশ্চিমবঙ্গ সরকার নির্ধারিত ব্যয়ের ২৫ শতাংশ দেবে। ২০০২-২০০৩ সালের জন্য ১৪.৩৮ কোটি টাকার পরিকল্পনা জমা দেওয়া হয়েছে।

পরিশেষে ২০০৩-২০০৪ সালের ব্যয় বহনের জন্য ৩৩নং দাবির প্রস্তাবমতো সম্পূর্ণ অর্থ বরাদ্দ অনুমোদনের জন্য মাননীয় সদস্যগণকে অনুরোধ জানাচ্ছি।

DEMAND No. 34

Major Heads : 2014—Administration of Justice, 2029—Land Revenue, 2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare and 3454—Census, Surveys and Statistics

Dr. ASIM KUMAR DASGUPTA Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs, 122,57,13,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014 Administration of Justice, 2029—Land Revenue, 2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare and 3454—Census, Surveys and Statistics" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 40,85,70,000 already voted on account)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৩৪নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২০১৪ বিচার সংক্রান্ত প্রশাসন" বাবদ ২০০৩-২০০৪ আর্থিক বছরের ব্যয়

মেটাবার জন্য ১২২,৫৭,১৩,০০০ টাকা মঞ্জুর করা হোক। ২০০৩-২০০৪ আর্থিক বছরে ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ৪০,৮৫,৭০,০০০ টাকা পূর্বোক্ত টাকার মধ্যে ধরা আছে।

১। রাজ্যের বিচার বিভাগের ২০০২-২০০৩ সালের পরিকল্পনা খাতে ৮৬১.৪৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। যার মধ্যে একাদশ অর্থ কমিশনের খাতে আদালত গৃহ নির্মাণ, জুডিসিয়াল অফিসারদের আবাস গৃহ নির্মাণ এবং ফাস্ট-ট্র্যাক কোর্ট স্থাপন এবং পরিচালনার জন্য ৩৪৯.৪৮ লক্ষ টাকা ধরা হয়েছিল। উক্ত আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার রাজ্যের বিচার ব্যবস্থার পরিকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য ৭৭৬.২০ লক্ষ টাকা ইতিমধ্যে মঞ্জুর করেছেন। তদনুযায়ী রাজ্য সরকারকে রাজ্যের প্রদেয় সম পরিমাণ টাকা মঞ্জুর করতে হবে।

২। এই প্রাপ্ত অর্থের অধিকাংশই কেন্দ্রীয় সরকার প্রথিত চালু পরিকল্পগুলি রূপায়ণের জন্য রাজ্যের প্রদেয় সমপরিমাণ অর্থ হিসেবে কন্টাই, হলদিয়া, নবদ্বীপ, কল্যাণী, রামপুরহাট, আরামবাগ, রায়গঞ্জ, মালদা, কাটোয়া, খাতড়া, বসিরহাট, রঘুনাথপুর, কালনা (২য় পর্যায়), শ্রীরামপুর, বর্ধমান ও কলকাতায় বিচার ভবন এবং কলকাতা হাইকোর্টের বিচারপতিদের গ্রন্থাগার পরিবর্ধন এবং বালুরঘাট, শ্রীরামপুরে জুডিসিয়াল অফিসারদের আবাসন গৃহ ও বিজন ভবনে হাইকোর্টের বিচারপতিদের আবাস গৃহ রক্ষণাবেক্ষণের জন্য বরাদ্দ করা হয়েছে এবং উক্ত কাজগুলি যথারীতি সম্পন্ন হয়েছে।

৩। উপরিউক্ত কাজগুলি ছাড়াও নিম্নলিখিত নতুন পরিকল্পগুলি প্রশাসনিক মঞ্জুরী লাভ করেছে :—

ক) বাঁকুড়ায় জেলা জজের গ্রন্থাগার নির্মাণ।

খ) জলপাইগুড়িতে জুডিসিয়াল অফিসারদের আবাসন গৃহ নির্মাণ।

৪। বিচার বিভাগের আর্থিক সহায়তায় কলকাতার সল্ট লেকে ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুড়িডিক্যাল সায়েন্সেস-এর ক্যাম্পাস নির্মাণ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

৫। বিধাননগরের 'ময়ূখ' ভবনে এস.ডি.জে.এম. এবং জে.এম. কোর্ট চালু করার জন্য কোর্টগুলিতে এজলাস প্রভৃতি নির্মাণ খাতে প্রয়োজনীয় অর্থ ইতিমধ্যেই বরাদ্দ করা হয়েছে। আশা করা হচ্ছে উক্ত আদালতগুলি অচিরেই কাজ আরম্ভ করবে।

৬। হলদিয়ায় আদালত গৃহ নির্মাণ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে এবং তা বিচার বিভাগকে হস্তান্তর করা হয়েছে। আদালতগুলিতে কাজও আরম্ভ হয়েছে।

৭। কল্যাণী এবং নবদ্বীপে আদালত গৃহ নির্মাণ সম্পূর্ণ হওয়ার পথে।

৮। একাদশ অর্থ কমিশনের সুপারিশক্রমে দুই বৎসর কিংবা ততোধিককালের বকেয়া দায়রা ও অন্যান্য গুরুত্বপূর্ণ দেওয়ানি ও ফৌজদারি মামলার নিষ্পত্তির জন্য জেলাগুলিতে ফাস্ট ট্র্যাক কোর্ট চালু হয়েছে। ২০০১-২০০২ আর্থিক বর্ষে ১৩টি ফাস্ট ট্র্যাক এই উদ্দেশ্যে কাজ আরম্ভ করে। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে আরও ১৬টি ফাস্ট ট্র্যাক কোর্ট সৃষ্টি

হয়েছে, তার মধ্যে ১৫টি কোর্ট কাজ আরম্ভ করেছে। তৃতীয় পর্যায়ে আরও ১৬টি ফাস্ট ট্র্যাক কোর্ট রাজ্যের বিভিন্ন জেলা ও মহকুমায় ১৫.৩.২০০৩ থেকে কাজ আরম্ভ করেছে।

৯। ভারত সরকারের প্রস্তাব অনুযায়ী কলকাতা হাইকোর্টে অনুসন্ধান কাউন্টার তৈরি হয়েছে এবং সেগুলির যথারীতি কাজ চলছে।

১০। ২০০৩-২০০৪ বার্ষিক পরিকল্পনা খাতে এই বিভাগের জন্য ৪৫২.৮২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, যার মধ্যে একাদশ অর্থ কমিশনের অন্তর্ভুক্ত পরিকল্প খাতে ৩২৭.৮৬ লক্ষ টাকা ধরা হয়েছে।

উপরোক্ত অর্থের দ্বারা চালু প্রকল্পগুলির সম্পূর্ণকরণ এবং নিম্নলিখিত প্রকল্পগুলির কাজ ২০০৩-২০০৪ অর্থ বর্ষে করা হবে:—

ক) কাঁথি, আরামবাগ, শ্রীরামপুর, কলকাতায় বিচারভবন, রায়গঞ্জ, মালদা, রামপুরহাট, ডায়মণ্ডহারবার এবং রঘুনাথগঞ্জ-এ আদালত গৃহ নির্মাণের কাজ শেষ করা।

খ) শ্রীরামপুর, বর্ধমান, জলপাইগুড়ি ও বসিরহাটে জুডিসিয়াল অফিসারদের আবাস গৃহ নির্মাণের কাজ শেষ করা।

গ) কলকাতা হাইকোর্টের নতুন সংলগ্ন ভবন নির্মাণের কাজ স্টেট প্ল্যানিং বোর্ডের অনুমোদন পেয়েছে এবং এই খাতে অর্থ বরাদ্দের বিষয়টি অর্থ দপ্তরের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। এছাড়াও ব্যারাকপুর, বারাসাত (২য় পর্যায়), পুরুলিয়া, লালবাগ (২য় পর্যায়), বিধাননগর, তুফানগঞ্জ, বহরমপুর, বোলপুর, খড়গপুর এবং কোচবিহারে আদালত গৃহ নির্মাণ।

ঘ) কৃষ্ণনগর, কল্যাণী, বাঁকুড়া, সিউড়ি, দার্জিলিং, কোচবিহার এবং বোলপুরে জুডিসিয়াল অফিসারদের জন্য নতুন আবাস গৃহ নির্মাণ।

ঙ) কাকদ্বীপ, বুনিয়াদপুর, মালদা এবং তেহট্টে আদালত গৃহ এবং জুডিসিয়াল অফিসারদের আবাসগৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি বাছাই করা হয়েছে।

চ) যেসব লক্-আপে যথাযোগ্য স্থানের অভাব আছে সেক্ষেত্রে কিছু নতুন লক্-আপ নির্মাণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

ছ) সমস্ত জেলা আদালতগুলিতে কম্পিউটার স্থাপনের প্রকল্পটির সম্পূর্ণকরণ।

১১। ভারত সরকারের আর্থিক সাহায্যে আনুমানিক ৩.১৪ কোটি টাকা ব্যয়ে কলকাতায় সিটি সিভিল কোর্ট এবং আলিপুর ও শিয়ালদহের জেলা আদালতে (মোট ১২৮টি আদালত) নেট-ওয়ার্ক সুবিধাযুক্ত কম্পিউটার স্থাপনের একটি কার্যক্রম রূপায়িত হচ্ছে। আশা করা যাচ্ছে প্রকল্পটি ২০০৩-২০০৪ আর্থিক বর্ষেই সমাপ্ত হবে।

১২। দুর্নীতি রোধ করার এবং বিবাহ-নিবন্ধনের ফি বাড়িয়ে কর-বহির্ভূত রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে দ্য ওয়েস্ট বেঙ্গল স্পেশাল ম্যারেজ রুল, ১৯৬৮ এবং হিন্দু ম্যারেজ রেজিস্ট্রেশন রুল ১৯৫৮-এর সংশোধন করা হয়েছে। অবশ্য এক্ষেত্রে দারিদ্র্যসীমায় অবস্থান করছেন এরূপ ব্যক্তিদের ক্ষেত্রে বর্ধিত ফি-র ৫০ শতাংশ ধার্য করার ব্যবস্থা রয়েছে।

১৩। এই রাজ্যে বর্তমানে ১০৪৪ জন নন-অফিসিয়াল ম্যারেজ অফিসার এবং ২৫০ জন এক্স-অফিসিও ম্যারেজ অফিসার কাজ করছেন। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে মুর্শিদাবাদ, নদিয়া এবং দার্জিলিং জেলায় সবশুদ্ধ অতিরিক্ত আরও ১০৫ জন নন-অফিসিয়াল ম্যারেজ অফিসার নিয়োগ করা হয়েছে।

১৪। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে বিবাহ নিবন্ধীকরণ ফি-এর অংশ বাবদ সরকারি কোষাগারে ৫০,৮৬,০০০ টাকা জমা পড়েছে।

১৫। ওই আর্থিক বর্ষে বিভিন্ন জায়গায় অনেকগুলি প্রশিক্ষণ কার্যক্রম এবং সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

১৬। বিবাহ নিবন্ধনের ফি স্পেশাল ম্যারেজ অ্যাক্ট ও হিন্দু ম্যারেজ অ্যাক্ট-এর ক্ষেত্রে যথাক্রমে ৮ টাকা ও ৩০ টাকা থেকে বেড়ে ২৬০ টাকা ও ৪৬০ টাকা হয়েছে। বিবাহ নিবন্ধন সম্পর্কিত অন্যান্য ক্ষেত্রেও ফি বৃদ্ধি পেয়েছে।

১৭। নতুন সৃষ্ট পূর্ব মেদিনীপুর জেলায় একটি জেলা ও দায়রা জজের আদালত এবং নতুন এগরা মহকুমায় এস.ডি.জে.এম. এবং সিভিল-জজ (জুনিয়র ডিভিশন)-এর আদালত যথাক্রমে সৃষ্টি করা হয়েছে এবং স্থাপন করার চেষ্টা হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে ৬৩টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে।

১৮। কলকাতায় সি.বি.আই. কর্তৃক অনুসন্ধিকৃত আই.পি.পি. মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য টুয়েলভথ্ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট ছাড়াও ফরটিন্থ্ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টটি ইতিমধ্যেই কাজ শুরু করেছে।

১৯। দার্জিলিং জেলার মিরিক, মংপু এবং গরুবাথান এই তিনটি জায়গার প্রত্যেকটিতে একটি করে সিভিল জজ (জুনিয়র ডিভিশন) ও একটি করে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর আদালত সৃষ্টি করা হয়েছে।

২০। উত্তর চব্বিশ পরগনার বারাসাতে নারকোটিক ড্রাগস অ্যান্ড সাইকোট্রপিক সাবস্ট্যান্সেস অ্যাক্ট-এর অধীন একটি বিশেষ আদালত স্থাপন করা হয়েছে।

২১। ল-ক্লার্কদের প্রশিক্ষণ ও প্র্যাকটিস এবং তাদের রেজিস্ট্রেশন ও লাইসেন্স দেওয়ার পদ্ধতির উপর নিয়ন্ত্রণ রাখতে ওয়েস্ট বেঙ্গল ল-ক্লার্কস রুলস, ২০০২ তৈরি করা হয়েছে।

২২। প্রায় ৩২ বছর পর কোর্ট ফির সংশোধনকল্পে ওয়েস্ট বেঙ্গল কোর্ট ফিস (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট চালু করা হয়েছে।

ওয়েস্ট বেঙ্গল কোর্ট-ফিস অ্যাক্ট-এর ৪৭ ধারার অন্তর্গত (১) উপধারায় বর্ণিত কোর্ট ফিস অ্যাপি-কেশন বা পিটিশনের ক্ষেত্রে মুকুব করা হয়েছে। ১৯৭৩-এর কোড্ অব ক্রিমিন্যাল প্রসিডিওর-এর অন্তর্গত ১২৫ ও ১২৮ নং ধারা অনুযায়ী হাজিরার ক্ষেত্রেও কোর্ট ফি মুকুব করা হয়েছে।

২৩। জুভেনাইল জাস্টিস (কেয়ার অ্যান্ড প্রোটেকশন অব চিলড্রেন) অ্যাক্ট ২০০০ অনুযায়ী জুভেনাইল অফেন্ডারদের কেসগুলির বিচারের জন্য কুচবিহার এবং সল্ট লেকে জুভেনাইল জাস্টিস বোর্ড গঠন করা হয়েছে।

২৪। অ্যাডভোকেটদের কল্যাণের জন্য অ্যাডভোকেটস ওয়েলফেয়ার ফান্ড (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট ২০০২ বিধিবদ্ধ করা হয়েছে।

কোড অব ক্রিমিনাল প্রসিডিওর, ১৯৭৩-এর অন্তর্গত ১৬৭, ৪৪৪ ও ৪৪৫ নং ধারাগুলির সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

২৫। প্রশাসনকে শক্তিশালী করার এবং জনসাধারণের স্বার্থ রক্ষার জন্য পূর্ববর্তী অ্যাডভোকেট জেনারেল, গভর্নমেন্ট প্রসিকিউটর এবং স্ট্যান্ডিং কাউন্সেল-এর স্থলে নতুন নিয়োগ কার্যকর হয়েছে।

কিছু সিনিয়র এবং জুনিয়র গভঃ অ্যাডভোকেটও নিয়োগ করা হয়েছে।

হাইকোর্টের প্যানেল সংশোধনের কাজ অব্যাহত।

দার্জিলিং জেলায় জি.পি.ও পি.পি.-এর যুগ্ম পদটির বিভাজনের দ্বারা জি.পি. এবং পি.পি.-এর আলাদা আলাদা পদ সৃষ্টি করা হয়েছে। মন্ত্রিসভার অনুমোদন সাপেক্ষে অর্থ দপ্তর দার্জিলিং জেলায় জি.পি.-র পদ সৃষ্টি অনুমোদন করেছে।

অর্থ দপ্তর দার্জিলিং জেলার কালিম্পং ও কার্সিয়াং-এর অতিরিক্ত জেলা ও দায়রা আদালতের জন্য একটি করে অতিরিক্ত পি.পি.-এর পদ মন্ত্রিসভার অনুমোদন সাপেক্ষে মঞ্জুর করেছে।

২৬। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের স্বার্থরক্ষার নিমিত্ত সুপ্রিম কোর্ট অব ইন্ডিয়া, ক্যালকাটা হাইকোর্ট এবং স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনালে যে সব মামলা আছে সেগুলি সম্বন্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে।

স্টেট অ্যাডভোকেট এবং বিভিন্ন রাজ্য সরকারি দপ্তরের মধ্যে ফলপ্রসূ সমন্বয় সাধনের মাধ্যমে রাজ্য সরকারের পক্ষে এবং বিপক্ষে কোনও মামলা যাতে অহেতুক পড়ে না থাকে তার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে।

সরকারি উকিলদের ফিস সত্বর মেটাবার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। সরকারি উকিলদের ফিস বৃদ্ধির বিষয়টিও বিবেচনা করা হচ্ছে।

২৭। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে ২১১টি লোক আদালত অনুষ্ঠিত হয়েছে, যেখানে ৪৬৯৭টি মামলার নিষ্পত্তি এবং ২৪,২৬,৭৪,৪৫৭.৬০ টাকার ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

এছাড়াও ৫১টি আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়েছে।

৯.১১.২০০২ তারিখে ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস ডে-তে এই রাজ্যে ২৫টি লোক আদালত ও ২৪টি আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়।

কলকাতায় দুটি এন.জি.ও এবং একটি মহিলা কলেজকে লিগ্যাল এইড ক্লিনিক চালানোর অনুমতি দেওয়া হয়েছে এবং তারা বিনা খরচায় গরিব ব্যক্তিদের আইনি সহায়তা দিয়ে চলেছে।

রাজ্যের সমস্ত জেলায় স্থায়ী লোক আদালত গঠনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

২৮। উত্তরবঙ্গে মাননীয় কলকাতা হাইকোর্টের প্রস্তাবিত বিচারাসন স্থাপনের জন্য জলপাইগুড়ি জেলার খাতারিয়া মৌজার অন্তর্গত আসাম মোড়-এ রাজ্য সরকার মাননীয় কলকাতা হাইকোর্টের সঙ্গে আলোচনাক্রমে জায়গা নির্দিষ্ট করেছেন।

রাজ্য সরকার মাননীয় কলকাতা হাইকোর্টের সঙ্গে আলোচনাক্রমে সিদ্ধান্ত নিয়েছেন যে যতদিন না নির্দিষ্ট জায়গায় স্থায়ী গৃহ নির্মাণ সম্পূর্ণ হয় ততদিন বিচারাসনটি অস্থায়ীভাবে জলপাইগুড়ি জেলা পরিষদ ডাকবাংলোতেই কাজ চালাবে। বিষয়টি কেন্দ্রীয় সরকারের আইন ও বিচার মন্ত্রালয় কর্তৃক প্রয়োজনীয় আইন প্রণয়নের অপেক্ষায় রয়েছে।

২৯। ১৯৯১ সালের মে মাসের আগে এ রাজ্যে ৩০০টি নোটারির পদ ছিল। ১৯৯১ সালের মে মাসে ভারত সরকার এ রাজ্যের জন্য আরও ১৫০টি নোটারির পদ বরাদ্দ করায় সর্বমোট পদের সংখ্যা ৪৫০টি দাঁড়ায়। এর মধ্যে ২০০২-২০০৩ আর্থিক বর্ষে ৩২৫টি পদ পূরণ করা হয়। অবশিষ্ট ১২৫টি শূন্য পদ শীঘ্রই পূরণ করা হবে।

৩০। ১৯৯৯ এবং ২০০০ সালের এ.পি.পি, নিয়োগ সংক্রান্ত পরীক্ষার ভিত্তিতে ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশক্রমে ২২ এবং ৭ জন প্রার্থী যথাক্রমে তাদের নির্দিষ্ট জায়গায় নিযুক্ত হয়েছেন।

বিচার বিভাগের তত্ত্বাবধানে প্রসিকিউটিং এবং ইনভেস্টিগেটিং এজেন্সীর মধ্যে আরও উন্নত সমন্বয় সাধনের জন্য ডাইরেক্টরেট অব পাবলিক প্রসিকিউশন, ওয়েস্ট বেঙ্গল স্থাপন করা হয়েছে।

৩১। জুডিসিয়াল অফিসার নিয়োগের জন্য ডব্লিউ-বি.সি.এস. (জুডিসিয়াল) ক্যাটিগরিতে পি.এস.সি. পরীক্ষায় (বিশেষ ২০০০) ৫৭ জন প্রার্থী নিয়োগের জন্য নির্বাচিত হয়েছেন। এর মধ্যে ৫৪ জন প্রার্থী ইতিমধ্যেই কাজে যোগদান করেছেন। অবশিষ্ট ৩ জন প্রার্থীর নিয়োগ সংক্রান্ত পদ্ধতিগত কাজ চলছে।

৩২। মুর্শিদাবাদ একটি ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থান এবং স্বভাবতই স্থানটিকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার জন্য সবরকম ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এখানকার কিছু পুরাতন ইমারতকে হেরিটেজ বিল্ডিং হিসাবে ঘোষণা করা হয়েছে যাতে এই সব ইমারতগুলির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ হয়।

মুর্শিদাবাদের ইমামবাড়ার একাংশ এবং মুর্শিদাবাদ এস্টেটের অন্তর্গত আরও কিছু ঐতিহাসিক ইমারতের রক্ষণাবেক্ষণ এবং সৌন্দর্যসাধনের জন্য ভারতের পুরাতত্ত্ব সমীক্ষা বিভাগের কাছে হস্তান্তরের প্রস্তাবটি রূপায়িত হওয়ার পথে।

৩৩। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে ১৪ বৎসর এবং ২০ বৎসরের রিলিজ রুল অনুযায়ী যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত কয়েদীদের প্রি-ম্যাচিওর রিলিজ-এর অনেকগুলি ক্ষেত্র বিবেচনা করা হয়েছে এবং ৪০ জন এমন কয়েদী যারা ১৪ বৎসরের বেশি বন্দীদশায় কাটিয়েছেন তাদের মুক্তি দেওয়া হয়েছে।

মহাশয়, এই কথা বলে আমি আমার ব্যয়-বরাদ্দর প্রস্তাব সভায় অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 35

Major Heads : 2014—Administration of Justice, 2210—Medical and Public Health, 2216—Housing, 2230—Labour and Employment, 2235—Social Security and Welfare, 2251—Secretariat—Social Services and 4250—Capital Outlay on Other Social Services

Dr. ASIM KUMAR DASGUPTA Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 157,64,52,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads : "2014—Administration of Justice, 2210—Medical and Public Health, 2216—Housing, 2230—Labour and Employment, 2235—Social Security and Welfare, 2251—Secretariat—Social Services and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 52,54,84,000 already voted on account)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৩৫ নং দাবির অধীনে মুখ্যখাতঃ '২২৩০—শ্রম ও কর্মনিয়োগ" "২০১৪—ন্যায় প্রশাসন", "২২১০—চিকিৎসা

ও জনস্বাস্থ্য", "২২১৬—আবাসন", "২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ", "২২৫১—সচিবালয় সমাজসেবা", ও "৪২৫০—মূলধন বিনিয়োগ ও অন্যান্য সমাজসেবা"-এর ব্যয় নির্বাহের জন্য ১৫৭,৬৪,৫২,০০০ টাকা (একশত সাতান্ন কোটি চৌষট্টি লক্ষ বাহান্ন হাজার) মঞ্জুর করা হোক। ইতিপূর্বে "ভোট অন অ্যাকাউন্ট"-এর মঞ্জুর করা ৫২,৫৪,৮৪,০০০ টাকা (বাহান্ন কোটি চুয়ান্ন লক্ষ চুরাশি হাজার) উক্ত পরিমাণ টাকার মধ্যে ধরা হয়েছে।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থনৈতিক সংস্কার নীতি যথা উদারীকরণ, বেসরকারিকরণ এবং খোলা বাজার অর্থনীতির শ্রমিক অসন্তোষ ও হতাশার সৃষ্টি করেছে। শ্রম আইন লংঘন, শিল্প সংস্থা বন্ধ করে দেওয়া এবং বেসরকারিকরণ সমস্যাকে তীব্র করেছে। বৎসরে ১০ লক্ষ লোককে চাকরি দেওয়ার প্রতিজ্ঞা যন্ত্রণাকাতর মানুষের কাছে ভয়ানক তামাসা ছাড়া আর কিছুই নয়।

৩। উদারীকরণের ফলে প্রবৃদ্ধির সঙ্গে কর্মহীনতার কালো ছায়া আমাদের দেশের প্রতি স্তরে গভীরভাবে বিস্তৃত হয়েছে। অর্থনৈতিক সমীক্ষায় এ কথা স্বীকার করা হয়েছে যে কর্মহীনতার হার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।

৪। মহাশয়, গভীর উদ্বেগের বিষয়, সাম্প্রদায়িক ও বিভেদকামী শক্তিগুলি তাদের নোংরা হাত ক্রমাগত প্রসারিত করছে এবং উগ্রপন্থী কার্যকলাপ বৃদ্ধি পাওয়ার ফলে মানুষের মধ্যে ভীতি, অনিশ্চয়তা ও আশঙ্কা বাড়ছে। দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষার স্বার্থে অশুভ শক্তিগুলির বিরুদ্ধে আমাদের সমবেত সংগ্রামের প্রয়োজন।

৫। মহাশয়, এখন আমরা এই দপ্তরের কাজকর্ম ও কর্মসূচি সম্পর্কে কয়েকটি কথা বলব।

শিল্প সম্পর্ক

৬। কেন্দ্রীয় সরকার অনুসৃত উদারনীতি, বেসরকারিকরণ, বিশ্বায়ন, খোলা বাজার, অর্থনীতি এবং কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির বন্ধ করা সিদ্ধান্ত পশ্চিমবঙ্গের শিল্পক্ষেত্রে বিরূপ প্রভাব সৃষ্টি করেছে। কেন্দ্রীয় সরকারের অনুসৃত এই সব নীতির প্রতিকূল প্রভাব সত্ত্বেও রাজ্যের শ্রমিকরা প্রশংসনীয় পরিণত মনোভাব ও সংযমের পরিচয় দিয়েছেন, ফলে ২০০২ সালে রাজ্যে শিল্প সম্পর্ক মোটামুটি শান্তিপূর্ণ, সহৃদয় ও সহজ ছিল।

৭। ২০০২ সালে ২৯টি ধর্মঘট এবং ৩৪২টি লক-আউটের ঘটনা ঘটেছে যার ফলে যথাক্রমে ০.৮২ লক্ষ শ্রমিক ও ১.৪৯ লক্ষ শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ২০০১ সালে ৩২৫টি ধর্মঘট ও লক-আউটের ঘটনা ঘটেছে, যার ফলে ১.৪৮ লক্ষ শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ২০০২ সালে ধর্মঘটের ফলে ১১.৮০ লক্ষ কর্মদিবস নষ্ট হয়েছে এবং লক-আউটের ফলে ২১২.৯৩ লক্ষ কর্মদিবস নষ্ট হয়েছে। উল্লেখিত পরিসংখ্যান পূর্ববর্তী বৎসরগুলিতে জের সহ বলা হয়েছে। ২০০১ সালে মোট কর্মদিবস নষ্টের পরিমাণ ছিল ২১১.৭০ লক্ষ। শ্রম দপ্তরের হস্তক্ষেপের ফলে ১৪টি ধর্মঘটের নিষ্পত্তি হয়েছে এবং এর

ফলে ০.৬৯ লক্ষ শ্রমিক উপকৃত হয়েছে, এর মধ্যে লক-আউটের ফলে ৪টি ধর্মঘট হয় যেখানে শ্রমিক সংখ্যা ০.১২ লক্ষ। ৪১টি প্রতিষ্ঠানের লক-আউট প্রত্যাহৃত হয় যার ফলে ০.৭০ লক্ষ শ্রমিক উপকৃত হয়। অতএব ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত ১১টি ধর্মঘট (শ্রমিক সংখ্যা ০.০১ লক্ষ) এবং ৩০১টি লক-আউট (শ্রমিক সংখ্যা ০.৭৯ লক্ষ) শ্রম আধিকারিকের দপ্তরে নিষ্পত্তির অপেক্ষায় আছে।

লেবার আধিকারিকের দপ্তরে (পূর্ববর্তী বৎসরের জের সহ) ৪,৩৫৬ বিরোধ, (২০০২-র ডিসেম্বর পর্যন্ত) বিবেচনার জন্য এসেছিল, যার মধ্যে ১,৬৫০টির নিষ্পত্তি হয়েছে এবং ৫০০টি সালিসির মাধ্যমে ফয়সালা করা হয়েছে।

৮। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এখন রাজ্যের গুরুত্বপূর্ণ কতকগুলি শিল্পের বিশেষ দিকগুলি সম্পর্কে উল্লেখ করতে চাই।

পাট

৯। পাট শিল্প হল এ- রাজ্যের কৃষিভিত্তিক শিল্প। এ শিল্পের ২ লক্ষেরও বেশি শ্রমিক ও লক্ষ লক্ষ উৎপাদক যুক্ত রয়েছেন। দেশের ৭৩টি পাটকলের মধ্যে ৫৯টি পাটকল রয়েছে পশ্চিমবঙ্গে। ৫টি পাটকল মেসার্স এন.জে.এম.সি. দ্বারা ও ১টি পাটকল পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক পরিচালিত।

১০। ক্রমাগত চেষ্টা ও সালিসির মাধ্যমে ২০০২ সালে এ-রাজ্যে শিল্প সম্পর্ক মোটামুটি সন্তোষজনক ছিল। আলোচ্য বর্ষে ১৪টি পাটকল কর্মবিরতির আওতায় এবং ৭টি ধর্মঘটের আওতায় ছিল। সালিসির মাধ্যমে ওইসব মিলগুলির বিরোধ মেটানো হয়েছে। ১/৩/২০০৩ পর্যন্ত তিনটি জুটমিল যথাক্রমে গৌরীপুর, নিউ-সেন্ট্রাল জুটমিল ও জগদ্দল জুটমিল কর্মবিরতির আওতায় রয়েছে। এগুলির সাথে ১২,৬৬০ শ্রমিক যুক্ত রয়েছেন। ওই মিলগুলি পুনরায় খোলার ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে।

১১। শিল্পগতভাবে ৫.১.০২ তারিখে এক ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে পাটশিল্প শ্রমিক বিশেষ করে শূন্য সংখ্যার শ্রমিকদের সমস্যাগুলো সমাধান করা গেছে, যদিও শূন্য সংখ্যার শ্রমিকদের যারা প্রতিদিন ১০০ টাকার উপর মজুরি পান তাদের মজুরি নির্ধারণ বিষয়ে কতকগুলি বিতর্ক রয়েছে। শূন্য সংখ্যার শ্রমিকদের নতুন পদ নাম করা হয়েছে নবাগত শ্রমিক এবং তাদের ই.এস.আই., প্রভিডেন্ট ফান্ডের আওতায় আনা হয়েছে।

১২। জুটমিলগুলির স্থায়ী ও বিশেষ বদলী শ্রমিকদের কর্মসংখ্যা সংক্রান্ত বিষয়টি ত্রিপাক্ষিক মজুরি বিষয়ক কমিটির কাছে নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে জুটমিল মালিকগণ শ্রমিকদের ১.২.২০০২ থেকে সি.পি.আই. নম্বরের ২,৪২৭ পয়েন্ট বা ঊর্ধ্বে বর্ধিত (ডি.ডি.এ.) মহার্ঘভাতা দেওয়া বন্ধ করেছেন এবং এই যুক্তিতে যে এ ব্যাপারে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে একটা মামলা নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে। বেশ কিছু সংখ্যক জুটমিল মালিকগণ তাদের অবসরপ্রাপ্ত শ্রমিকদের প্রাপ্ত গ্র্যাচুইটি প্রদান করে নাই। ওইসব জুট মালিকগণ ভবিষ্যনিধি এবং ই.এস.আই. খাতে তাদের প্রদেয়

অংশ জমা না দেওয়ার ব্যাপারে সর্বাধিক খেলাপকারী। ৩১.১২.২০০২ পর্যন্ত ই.এস.আই. খাতে জমা না দেওয়া টাকার পরিমাণ ১২৪.০১ কোটি।

১৩। ভারত সরকার কর্তৃক আবশ্যকীয় জুট প্যাকেজিং আইন, ১৯৮৭-র সংরক্ষণের আদেশনামার পুনরায় গুরুত্ব হ্রাসের ফলে এ-রাজ্যের মিলগুলির পাটজাত সমস্ত পণ্যের বাজারে বরাত পাওয়ার ক্ষেত্রেও বিশৃঙ্খলা দেখা দিয়েছে। এ ব্যাপারে রাজ্য সরকার ভারত সরকারের কাছে অবিরত অনুরোধ করছেন যাতে সংরক্ষণ অদেশনামার পুনর্বার হ্রাস না পায়।

১৪। কাঁচাপাটের ক্ষেত্রে জুটমিলগুলিতে কাঁচাপাটের জোগান দেওয়ার ব্যাপারে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া বাজার হস্তক্ষেপের মাধ্যমে যে গুরুত্বপূর্ণ ভূমিকা আছে মনে করা হয় দেখা যাচ্ছে ওই কর্তৃপক্ষ প্রকৃত ভূমিকা পালনে ব্যর্থ। অপরদিকে খবর পাওয়া গেছে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া এ রাজ্যে পাট ক্রয়ের ৩টি আঞ্চলিক ও ১৪টি উপ-আঞ্চলিক কেন্দ্র সহ বেশ কিছু ক্রয়কেন্দ্র বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। বিষয়টি রাজ্য সরকার ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের সাথে বোঝাপড়া করছেন।

১৫। কেন্দ্রীয় সরকার বাজেট হ্রাস করার ফলে এ-রাজ্যে ৫টি চটকল পরিচালনকারী সংস্থা মেসার্স এন.জে.এম.সি. লিমিটেডের কাজকর্ম সঠিকভাবে পরিচালনা হচ্ছে না যার ফলে মিলগুলিতে কাঁচামাল ও অন্যান্য উপাদানের সরবরাহ ব্যাহত হচ্ছে, এর ফলে শেষ পর্যন্ত ওই সংস্থার ক্ষতি হচ্ছে। কর্মীবর্গ, আধিকারিকগণ সময়মতো তাদের বেতন ও মজুরি পাচ্ছে না। তাছাড়া প্রভিডেন্ট ফান্ড, ই.এস.আই. প্রফেশন ট্যাক্স এবং গ্র্যাচুইটির দরুন বিশাল আর্থিক বোঝা তো আছেই।

চা

১৬। গত বছর থেকে ভারতীয় চা শিল্পের অবস্থা ভয়াবহ। এ বছর চায়ের ব্যাপক উৎপাদনের সাথে গত বছরের ব্যাপক মজুত চা এই দুই যোগ হয়ে চা-এর বাজারে চাহিদা ও জোগানের ভারসাম্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। পরবর্তী কয়েক বৎসর চা-এর দাম কমার ফলে আশঙ্কা করা হচ্ছে যে, অন্তত কিছুকাল ধরে চা-এর মূল্যের অধোগতি চলতে থাকবে। ছোট ছোট চা উৎপাদকের সংখ্যা বাড়ছে এবং তার সাথে পাল্লা দিয়ে চা পাতা কিনে কারখানার উৎপাদনকারীর সংখ্যাও বাড়ছে। চা শিল্পকে অন্যান্য দেশের সাথে তীব্র প্রতিদ্বন্দ্বিতার মুখে পড়তে হয়েছে। অন্য সমস্যা হল অর্থের সমস্যা। ব্যাঙ্কগুলি বহু চা বাগানের মালিককে ঋণ পরিশোধ না করার জন্য ঋণ দেওয়া বন্ধ করে দিয়েছে। উত্তরবঙ্গের ১২টি চা বাগান ৩০.১১.২০০২ তারিখ পর্যন্ত কর্মবিরতির আওতায় ছিল এবং মোটামুটি ১০,০০০ কর্মী যুক্ত ছিল। চা বাগান পরিচালন কর্তৃপক্ষের দ্বারা পরিত্যক্ত ঘোষণা করা হয়। লক-আউট ঘোষিত চা বাগান কর্তৃপক্ষ কয়েকটি পূর্বশর্ত যেমন সুবিধাসমূহ প্রত্যাহার, কর্মপদ্ধতির বিস্তৃতিকরণ, ৫০ শতাংশ মজুরি প্রদান করে পুরো দিনের কাজ, অমরসুমে সপ্তাহে তিনদিন কর্মী নিয়োগ ইত্যাদি দাবি করছেন। পরিচালন কর্তৃপক্ষ কর্মীদের প্রভিডেন্ট ফান্ড, জীবনবীমা প্রিমিয়াম এবং গ্র্যাচুইটি প্রদানের ক্ষেত্রে কথার খেলাপ করছেন। এ রকম ভয়াবহ পরিস্থিতিতেও

কর্মীগণ পরিচালন কর্তৃপক্ষের কাছে সংযমের পরিচয় দিচ্ছেন ও তাদের সাথে সহযোগিতা করে চলেছেন।

১৭। ইঞ্জিনীয়ারিং শিল্প এ রাজ্যের একটি বৃহত্তম শিল্প এবং এ-শিল্প প্রধানত ওয়াগান তৈরির উপর নির্ভরশীল যা এখন রেল বোর্ডের দ্বারা যথেষ্ট ওয়াগান তৈরির বরাত না পাওয়ার জন্য সংকটজনক অবস্থার মধ্যে চলছে। নিয়োগকারীদের কাছে বিকেন্দ্রীকরণ নীতি সুবিধাজনক হাতিয়ার হয়ে উঠেছে। রাজ্য সরকার আর্থিক সীমাবদ্ধতার জন্য কিছু বন্ধ হওয়া শিল্প পুনরায় খুলতে সমর্থ হচ্ছে না।

বস্ত্রশিল্প

১৮। এ-রাজ্যে অবস্থিত ৩৭টি বস্ত্রশিল্পের মিলগুলির মধ্যে ১৯টি ব্যক্তিমালিকানা পরিচালিত ও ১৮টি সরকারি মালিকানা পরিচালিত। ব্যক্তিমালিকানা পরিচালিত ১৯টি মিলের মধ্যে ৫টি কর্মরত।

১৯। সরকারি পরিচালিত ১৮টি মিলের মধ্যে ১২টি ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন-এর অন্তর্ভুক্ত ও ৬টি রাজ্য সরকারি। ভারত সরকার ৯টি মিল বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছেন। যদিও রাজ্য সরকারের মিলগুলি চলছে।

২০। বয়নশিল্পের সুবিধার্থে কেন্দ্রীয় সরকার কর্তৃক ফেব্রিক আমদানীর নীতি পুনর্বিবেচনা করা উচিত।

শ্রম আইনের প্রয়োগ

২১। মহাশয়, বিভিন্ন শ্রম আইনগুলি যথা মিনিমাম ওয়েজ অ্যাক্ট ১৯৪৮, পেমেন্ট অব ওয়েজ অ্যাক্ট ১৯৩৬, কন্ট্রাক্ট লেবার অ্যাক্ট ১৯৭০, বিড়ি-সিগার ওয়ার্কার্স অ্যাক্ট ১৯৬৬, ব্লক, মহকুমা, জেলা ও কলিকাতায় নিযুক্ত অফিসারগণ সময় ও প্রয়োজনমতো প্রয়োগ করেন। ১৯৪৮ মিনিমাম ওয়েজ অ্যাক্ট-এর মাধ্যমে অকৃষি কর্মস্থানগুলিতে ১৭৪২১ বার অনুসন্ধান কার্য চালিয়ে ৩৩৯টি ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা নেওয়ার ফলে জরিমানা বাবদ ১২,৫৮২ টাকা সংগৃহীত হয়েছে। এই আইনের মাধ্যমে কৃষি কর্মস্থানুগুলিতে ১০,৯০২ বার অনুসন্ধান কার্য চালিয়ে ৭৬টি ক্ষেত্রে আইনি ব্যবস্থা নেওয়ার জরিমানা বাবদ ১১,৪০৫ টাকা সংগৃহীত হয়েছে। ২০০২ ডিসেম্বর পর্যন্ত পেমেন্ট অব ওয়েজ অ্যাক্ট ১৯৩৬ বলে মজুরি না দেওয়া, অল্প মজুরি দেওয়া, বা দেরিতে দেওয়ার কারণে বিভিন্ন ক্ষেত্রে ৫১টি মামলা দায়ের করা হয়েছে। কারখানা বাদে অন্য সব প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে এই মামলাগুলি থেকে জরিমানা বাবদ (৩৫,৭৫০) টাকা আদায় করা গেছে। এই আইনে পড়ে থাকা ৮টি মামলার মধ্যে একটিতে নিষ্পত্তি হওয়ার মজুরি বাবদ ১৫,০০০ টাকা আদায় করা সম্ভব হয়েছে। আমাদের অফিসারদের হস্তক্ষেপে ১০টি দাবি পত্রের নিষ্পত্তি হয়েছে এবং শ্রমিকদের মজুরি বাবদ ৮৪,৬৫০ টাকা আদায় হয়েছে। ১৯৬১ মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কার্স অ্যাক্ট বলে ৮৭টি নতুন পরিবহন সংস্থাকে নথিভুক্ত করা হয়েছে। এর ফলে ও নবীকরণের জন্য ফি বাবদ

১৯,১৯৬ টাকা আদায় হয়েছে। এই একই আইনের আওতায় ২৩১৬টি ক্ষেত্রে পরিদর্শন করা হয়েছে এবং মামলার মাধ্যমে অনিচ্ছুক মালিকগণের কাছ থেকে জরিমানাস্বরূপ ১০,৪২০ টাকা আদায় করা সম্ভব হয়েছে। ১৯৭০ কন্ট্রাক্ট লেবার আইনের বলে ১৪৬টি নতুন প্রতিষ্ঠান নথিভুক্ত করা হয়েছে যেখানে ঠিকাদারী শ্রমিকের সংখ্যা ১৫,০৩২। ফি বাবদ ৪২,৬৭৭ টাকা ও সিকিউরিটি ডিপোজিট বাবদ ৯,৪৫,৭১৮ টাকা ঠিকাদারদের কাছ থেকে আদায় হয়েছে। এই আইনের বলে ২,৭৯৯টি পরিদর্শন কার্য সম্ভব হয়েছে এবং ৮৪৯টি ক্ষেত্রে আসন লংঘনের ঘটনা ঘটেছে। ১১১টি পড়ে থাকা মামলাগুলির ক্ষেত্রে দোষী প্রমাণিত হওয়ার জন্য জরিমানা বাবদ ৪৭,০৫০ টাকা আদায় হয়েছে। ১৯৬৬ বিড়ি ও সিগার আইনের বলে ২,৯৪৮টি পরিদর্শন কার্য সমাপ্ত হয়েছে যার মধ্যে ৫৯১ ক্ষেত্রে আইন লংঘিত হয়েছে। আদালতের রায়ে পড়ে থাকা ২৪টি মামলায় অপরাধী দোষী প্রমাণিত হওয়ায় মোট ৪,৭৭৫ টাকা জরিমানা করা হয়েছে। লাইসেন্স ও নবীকরণ ফি বাবদ ১৫,২৬৭ টাকা আদায় হয়েছে। শ্রম অফিসারগণ এই সময়ের মধ্যে ৬১,০৫২টি পরিচয়পত্র শ্রমিকদের মধ্যে বিলি করেছেন এবং এর ফলে মোট পরিচয়পত্রের সংখ্যা দাঁড়ায় ৫,৩৭,০৩২। ১৯৭৯ ইন্টার স্টেট মাই গ্রান্ট ওয়ার্কমেন অ্যাক্টের মাধ্যমে ৪৩০টি অনুসন্ধান কার্য সমাপ্ত হয়েছে এবং ৫৬টি ক্ষেত্রে আইন লংঘনের ঘটনা ঘটেছে। কন্ট্রাক্টরগণ আদেশ অনুযায়ী নিজেদেরকে সংশোধন করায় ব্যাপারটা সেখানেই নিষ্পত্তি হয়। ১৯৭২ পেমেন্ট অব গ্র্যাচুইটি অ্যাক্ট বলে ৬,৫৪৯টি পরিদর্শন কার্য সমাপ্ত হয়েছে এবং ৬১০টি ক্ষেত্রে আইন লংঘনের ঘটনা ঘটেছে। ৪০টি ক্ষেত্রে নিজেদেরকে সংশোধন না করায় তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৯৫১ প্লানটেশন অব লেবার অ্যাক্ট-এর মাধ্যমে চা বাগানগুলিতে ১৩৯ বার পরিবর্তন কার্য করা হয়। জমে থাকা ৪২৬ মামলাগুলির মধ্যে ৮২টি দোষী সাব্যস্ত হওয়ায় তাদের বিরুদ্ধে ৪৯,৭০০ টাকা জরিমানা করা হয়। ১৯৫৫ সংবাদপত্র ও অন্যান্য বিষয় সংক্রান্ত আইনের বলে এটা জানা গেছে যে, ১১টি সংবাদপত্র প্রতিষ্ঠান যথা—(১) দি বিজনেস স্ট্যান্ডার্ড, (২) দি টাইমস অব ইন্ডিয়া, (৩) দি আনন্দবাজার পত্রিকা, (৪) সংবাদ প্রতিদিন, (৫) দি উত্তরবঙ্গ সংবাদ, (৬) দি বিশ্বামিত্র, (৭) দি বর্তমান, (৮) দি সন্মার্গ, (৯) দি হিন্দুস্থান টাইমস, (১০) দি প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়া এবং (১১) দি ইউনাইটেড নিউজ অব ইন্ডিয়া মনিসানা ওয়েজ বোর্ড অ্যাওয়ার্ড সংক্রান্ত বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা নিয়েছে। বাকি সংবাদপত্র প্রতিষ্ঠানগুলি, যথা—(১) দি স্টেটসম্যান, (২) দি আজকাল, (৩) দি বসুমতী, (৪) দি এশিয়ান এজ এখনও এ বিষয়ে তাদের সিদ্ধান্তের কথা জানায়নি। এ সময়ের মধ্যে সরকার নিম্নোক্ত ৪টি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ন্যূনতম মজুরি ধার্য করেছেন—(১) পেন্টস অ্যান্ড কেমিকালস, (২) প্লাইউড, (৩) সেলস্ প্রমোশন অব মেডিসিন, (৪) গোডাউন। আদালতের রায়ের ফলে সরকার ইটভাটার ক্ষেত্রে ন্যূনতম মজুরি নতুন করে ধার্য করেছেন। শ্রম আধিকারিকের আইন শাখা ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট আইনে ১৮৪ ক্ষেত্রে অনুসন্ধান চালিয়ে এবং ২৪টি ক্ষেত্রে বিধিসংগত ব্যবস্থা নিয়ে সার্টিফিকেট বিধির মাধ্যমে শ্রমিকদের বকেয়া বাবদ ২৯,৩৫,১৪১ টাকা আদায় করতে সমর্থ হয়েছে। পশ্চিমবঙ্গ পেমেন্ট অব সাবসিসটেন্স অ্যালাউন্স আইনবলে ওই আধিকারিকের ই.এল. শাখা ৫০টি অভিযোগ পত্র পর্যালোচনা করে ৯০,২৩৭ টাকা আদায় করে শ্রমিকদের প্রদান করতে সমর্থ হয়েছে।

শিশু শ্রমিক

২২। শিশু শ্রমিক আইন ১৯৮৬ সালে চালু করা হয়। সংগঠিত শিল্পে কোনো শিশু শ্রমিক নেই। চা-শিল্পে ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী শিশু শ্রম তুলে দেওয়া হয়েছে। সাহিত্য পত্র-পত্রিকা, পোস্টার, দূরদর্শনের মাধ্যমে শিশু শ্রমের বিরুদ্ধে প্রচার করা হয়েছে। জাতীয় শিশু শ্রমিক প্রকল্পের মাধ্যমে ৮টি জেলায় জনসচেতনতা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিছু বেসরকারি সংস্থাও এই পরিকল্পনা গ্রহণ করেছে। জেলাশাসকের পরিচালনাধীন নিম্নলিখিত যে সকল জেলাগুলিতে শিশু শ্রমিক পুনর্বাসন ও মঙ্গলকারী সংস্থা গঠিত হয়েছে সেগুলি হল—(১) উত্তর ২৪-পরগনা, (২) দক্ষিণ ২৪-পরগনা, (৩) উত্তর দিনাজপুর, (৪) দক্ষিণ দিনাজপুর, (৫) বর্ধমান, (৬) মেদিনীপুর, (৭) মুর্শিদাবাদ ও (৮) জলপাইগুড়ি। কলকাতায় ওই সংস্থার প্রধান নিয়ামক হলেন শ্রমমহাধ্যক্ষ। ৭টি জেলাতে ওই প্রকল্প অনুযায়ী ৫০টি ছাত্রসংখ্যাবিশিষ্ট ৪০টি স্কুল খোলা হয়েছে। কলকাতা শিশু শ্রমিক পুনর্বাসন ও মঙ্গল সংস্থার .ধীনে ৪০টি বিশেষ স্কুল খোলা হয়েছে। নভেম্বর ২০০২-এর মধ্যে শিশু শ্রম আইন ১৯৮৬-র অধীন ৭,২০৫টি পরিদর্শন করা হয়েছে তার মধ্যে আইনভঙ্গকারী ৩২১টি কেস ধরা হয়েছে। ৫টি অভিযোগ দায়ের করা হয়েছে তার মধ্যে কোনোটাই আদালত এখনও ফয়সালা করে নাই।

লক-আউট ঘোষিত শিল্পগুলিতে শ্রমিকদের আর্থিক সহায়তা

২৩। পশ্চিমবঙ্গ সরকার ১.০৪.১৯৯৮ তারিখ থেকে লক-আউট ঘোষিত শিল্পসমূহের শ্রমিকদের এক বছরের জন্য এবং আগামী মার্চ ২০০৩ পর্যন্ত আর্থিক সহায়তার প্রকল্প গ্রহণ করে। ২০০২-২০০৩ আর্থিক বছরের প্রথম তিন মাসে ২৪২টি শিল্প কারখানার ৩৩,২৪৬ জন শ্রমিক ৫.১৫ কোটি টাকা সহায়তা পেয়ে উপকৃত হয়েছেন। দ্বিতীয় তিন মাসের জন্য ৫.৭৫ কোটি টাকা খরচের জন্য সরকারি অনুমোদন পাওয়া গেছে।

অসংগঠিত শ্রমিকদের জন্য রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত ভবিষ্যনিধি প্রকল্প

২৪। এই প্রকল্পে ১৮ থেকে ৫৫ বৎসর বয়স্ক শ্রমিকদের যাদের মাসিক পারিবারিক আয় ৩,৫০০ টাকার বেশি নয় তারাই আওতাভুক্ত হতে পারবেন। এই প্রকল্পের অধীনে উপযুক্ত কর্মী মাসে ২০ টাকা জমা দেয়, সরকারও সমপরিমাণ টাকা এবং মোট জমা টাকার উপর বছর বছর ঘোষিত হারে সুদ প্রদান করে। এই কাজটা সমস্ত রাজ্যের সব ব্লক অফিসগুলিতে এবং আঞ্চলিক শ্রম অফিসে সম্পন্ন করা হয়। ডিসেম্বর ২০০২ পর্যন্ত অসংগঠিত ক্ষেত্রে বা স্ব-নিযুক্তি ক্ষেত্রে ৩.৬৪ লক্ষ উপকৃত শ্রমিককে এই প্রকল্পের অধীনে আনা হয়েছে এবং প্রায় ৩.৪৯ কোটি টাকা উপকৃত শ্রমিকদের কাছ থেকে চাঁদা বাবদ আদায় করা হয়েছে। সরকারও সমপরিমাণ টাকা আগস্ট ২০০২ পর্যন্ত প্রদান করেছে।

২৫। ওই সময়ে (নভেম্বর ২০০২) কর্মচারী বীমা আদালতে ২৮৪ মামলা দায়ের করা হয়েছিল তার মধ্যে ১৫২টি মামলার নিষ্পত্তি হয়েছে। শিল্প বিরোধ সংক্রান্ত ৩৩৯ মামলা দায়ের করা হয়। বকেয়া মামলা সহ মোট মামলার ২৭১টি ওই সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়। ওই সময়ের মধ্যে শ্রমিক ক্ষতিপূরণ মহাধ্যক্ষ ৪৫৩টি দাবি সংক্রান্ত কেস

পেয়েছিল তার মধ্যে পূর্ব বৎসরের বকেয়ার কেস সহ মোট ৬৫১টি কেসের নিষ্পত্তি করেছেন। ডিসেম্বর ২০০২-এর মধ্যে মোট ৭১৬,১৭,৬১৫.৩৮ টাকা রিজার্ভ ব্যাঙ্কে ক্ষতিপূরণ বাবদ জমা দেওয়া হয় এবং ৬,১১,৯৪,৬৫৪.৭৯ টাকা ব্যাঙ্ক থেকে তুলে ক্ষতিগ্রস্ত শ্রমিক এবং মৃত শ্রমিকদের উপর নির্ভরশীল সদস্যকে প্রদান করা হয়। মজুরি প্রদান আইন অনুসারে মোট ১২,০৯৫.৩১ টাকা জমা দেওয়া হয় এবং ২,১৯,৯৪১.৫২ টাকা শ্রমিকদের প্রদান করা হয়।

২৬। মহাশয় কেন্দ্রীয় সরকারের অধীন কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা তার আঞ্চলিক দপ্তরগুলির মাধ্যমে নথিভুক্ত শিল্পে নিযুক্ত শিল্প শ্রমিক এবং শিল্পের সাথে যুক্ত নয় এমন শ্রমিকদের পরিষেবায় রত। বর্তমানে কম-বেশি ১৯,২১১টি সংস্থার কর্মচারী ভবিষ্যনিধি আইনের আওতাভুক্ত এবং এর সদস্যসংখ্যা ২৩.৪৭ লক্ষ। মহাশয় নিয়োগকর্তাদের ভবিষ্যনিধিতে প্রদেয় টাকা ক্রমাগত বকেয়া রেখে দেওয়ায় পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। অব্যাহতি পাওয়া সংস্থার ভবিষ্যনিধিতে বকেয়া অর্থের পরিমাণ হল ২৫০.৫২ কোটি টাকা এবং অব্যাহতি না পাওয়া সংস্থার বকেয়া অর্থের পরিমাণ হল ৮১.৫৯ কোটি। অনাদায় প্রধান প্রধান শিল্পগুলি হল পাট, বস্ত্র, চা এবং ইঞ্জিনিয়ারিং শিল্প। সরকারি সংস্থাগুলির অনাদায়ও প্রচুর। ই.পি.এফ. ও এম.পি. অ্যাক্ট ১৯৫২ অনুসারে বকেয়া ও চলতি দেনা আদায় করার জন্য সমস্ত ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।

কারখানা অধিকার

২৭। কারখানা পরিদর্শন অধিকার কারখানায় নিযুক্ত শ্রমিকদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণমূলক কাজের উন্নতি সাধনের জন্য ফ্যাক্টরী অ্যাক্ট ও সংশ্লিষ্ট বাধাগুলি বলবৎ করে। আলোচ্য সময়ে ৩৭২টি নতুন নথিভুক্ত হওয়ার ফলে রাজ্যে নথিভুক্ত কারখানার সংখ্যা বেড়ে ১২,৬৯৬ দাঁড়িয়েছে। এই অধিকারের অধীনস্থ পরিদর্শকগণ ৩,৯৩২টি কারখানায় ৩,৯৯৫ বার পরিদর্শন করেন। ফ্যাক্টরি অ্যাক্ট ও বিভিন্ন ধারাগুলি অবমাননার জন্য ২২২টি মামলা দায়ের হয় ও জরিমানা বাবদ ৪,৬১,৪০০ টাকা আদায় করা হয়। লাইসেন্স ফি বাবদ ৩৯,০০,৬৫০ টাকা আদায় হয়।

২৮। শিল্প শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষার জন্য ২০০৩-২০০৪ সালে ৫ লক্ষ টাকার একটি পরিকল্পনা নেওয়া হয়েছে। কারখানা সম্পর্কিত তথ্যাদি সংরক্ষণের ব্যবস্থা উন্নত করার জন্য ৭ লক্ষ টাকার আরও একটি পরিকল্পনা আছে। কারখানা লাইসেন্স সংক্রান্ত তথ্যভিত্তিকে পুনরুন্নয়নের জন্য ১৭ লক্ষ টাকা ব্যয় হবে। বিপজ্জনক শিল্পে ব্যবহৃত বিষাক্ত রাসায়নিক প্রভাব নিয়ন্ত্রণের উদ্দেশ্যে আরও একটি পরিকল্পনা গ্রহণ করা হবে।

বয়লার পরিদর্শন অধিকার

২৯। এই অধিকারের প্রধান কাজগুলি হল বয়লার এবং তার সাথে যুক্ত বাষ্পীয় জলের পাইপ ও অন্যান্য অবলম্বন ও সাজসরঞ্জাম তৈরির পর্যায়ে পরিদর্শন করা ও বয়লার স্থাপন ও ব্যবহারের সময় পরিদর্শন করা। আলোচ্য সময় ৫৪টি বয়লার তৈরির সময়

পরিদর্শন করা হয় তার মধ্যে ৪৯টি বয়লার তৈরির শেষে ছাড়পত্র প্রদান করা হয়। ৩টি ইকনোমাইজার তৈরির সময় পরিদর্শন করা হয় এবং তৈরির শেষে সবকটিকে ছাড়পত্র প্রদান করা হয়। উপরোক্ত তথ্যাবলী ডিসেম্বর ২০০২ পর্যন্ত।

৩০। শিল্পের প্রয়োজনে এই অধিকারের ওয়েল্ডার ট্রেনিং সেন্টার আধুনিক উচ্চচাপবিশিষ্ট ঝালাই সম্বন্ধে হস্তচালিত ও যান্ত্রিক দুই ভাবেই ওয়েল্ডার প্রশিক্ষণ দেয়। এই বছরের মধ্যে ৪৮ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং ৩৩ জনকে শংসাপত্র দেওয়া হয়েছে। ওয়েল্ডার প্রশিক্ষণ কেন্দ্র সম্প্রসারণ করা হচ্ছে যাতে আরও বেশি সংখ্যক প্রার্থী এই প্রশিক্ষণ পেতে পারে। এই সময়ের মধ্যে এই অধিকার পরিচালিত বয়লার অ্যাটেন্ডান্ট পরীক্ষার ২১১ জন শিক্ষার্থী ও বয়লার অপারেশন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় ২১ জন শিক্ষার্থী উত্তীর্ণ হন।

বিড়ি ও সিনেমা শ্রমিকদের কল্যাণ

৩১। মহাশয়, বর্তমান কেন্দ্রীয় সরকারের অধীন শ্রমিক কল্যাণ সংস্থার তত্ত্বাবধানে বিড়ি শ্রমিক ও সিনেমা কর্মীদের শিশুদের জন্য শিক্ষা, চিকিৎসার সুযোগ-সুবিধা, বীমা প্রকল্প ও বিনোদন প্রভৃতি সামাজিক সুরক্ষা প্রকল্প চালু আছে। স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে ৩,৮৯,৩১৭ বিড়ি শ্রমিক ১৫টি স্থায়ী তথা ভ্রাম্য চিকিৎসালয়ের মাধ্যমে চিকিৎসার সুযোগ পেয়েছে। পশ্চিমবঙ্গের ৩,৮৭,৩৪৮ শনাক্তকৃত বিড়ি শ্রমিকদের জন্য জনপ্রতি ৯ টাকা হিসাবে ৩৪,৮৫,৭৫৪ টাকা প্রিমিয়াম বাবদ জীবনবীমা নিগমের কাছে জমা দেওয়া হয়েছে। সুসংহত গৃহ নির্মাণ প্রকল্পের অধীনে ১৯৪ বিড়ি শ্রমিককে তাদের গৃহ নির্মাণের জন্য ৩৬,৯৯,০৭১ টাকা ব্যয় করা হয়েছে এবং ১৬২ গৃহ নির্মাণ সম্পূর্ণ হবার পর প্রতিক্ষেত্রে ২০,০০০ টাকা করে ভর্তুকি দেওয়া হয়েছে।

৩২। মহাশয়, ১১০০ সিনেমা কর্মীর জন্য উচ্চ বীমা প্রকল্পে প্রদেয় প্রিমিয়াম হিসাবে মোট ৩৩,০০০ টাকা জীবন বীমা নিগমকে দেওয়া হয়েছে এবং মৃত সিনেমা কর্মীর নিকটজনকে ১৫,০০০ টাকা প্রদান করা হয়েছে। ৯২৮ জন সিনেমাকর্মী চিকিৎসালয়ের মাধ্যমে চিকিৎসা পেয়েছেন এবং এ বাবদ ৪৫,০০০ টাকা ব্যয় করা হয়েছে। গত ২৭/৩/০২ থেকে একটি স্থায়ী ডিসপেনসারী কলকাতা টালিগঞ্জে চালু অবস্থায় রয়েছে।

শ্রমিক কল্যাণ পর্ষদ

৩৩। পশ্চিমবঙ্গে শ্রমিক গোষ্ঠীর মধ্যে কল্যাণমুখী কাজকর্মে প্রেরণা দানের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ শ্রম কল্যাণ তহবিল অ্যাক্ট ১৯৭৪ অনুসারে ১৯৭৬ সালের ১লা জুলাই শ্রম কল্যাণ পর্ষদ গঠন করা হয়। এই আইনের ১১ ধারার পর্ষদ কর্তৃক গৃহীত সাধারণ কল্যাণমূলক কাজকর্মের বিধান আছে। পর্ষদ রাজ্যের বিভিন্ন শিল্পাঞ্চল ও উৎপাদন এলাকায় অবস্থিত ৫৩টি শ্রম কল্যাণ কেন্দ্র ও ৪টি হলিডে হোমের মাধ্যমে কল্যাণমূলক কাজকর্ম করে থাকে।

৩৪। পর্ষদ এ রাজ্যের শ্রমিকদের মেধাবী সন্তানদের জন্য ভাতা/বৃত্তি প্রদানের কথা বিবেচনা করেছেন। এ জাতীয় ৮৬৫টি আবেদন বিবেচিত হয়েছে ও ৬,০১,০০০ টাকা

প্রদানের জন্য মঞ্জুর করা হয়েছে। উপরোক্ত অংকটি কেবলমাত্র পূর্ববর্তী বছরের পড়াশুনা চালিয়ে যাওয়ার দরুণ বৃত্তি/ভাতা প্রদানের জন্য খরচ করা হয়েছে। এই পরিকল্পনায় মোট খরচ প্রায় ৯.৫ লক্ষ টাকা।

৩৫। শ্রম কল্যাণ তহবিল আইনের ১৯৭৪ ৯নং ধারা অনুযায়ী পর্ষদের আয়ের মূল উৎস হল শ্রমিকদের এবং নিয়োগকর্তাদের নিকট গৃহীত চাঁদা। পর্ষদ মোট ১৫,৭০,৮২৭ টাকা শ্রমিকদের অংশ হিসাবে এবং ৩১,৪০,৫৩০ টাকা নিয়োগকর্তার অংশ বাবদ এবং সব পরিমাণ অনুদান হিসাবে রাজ্য সরকারের নিকট থেকে ২৭,২০,২৫০ টাকা ২০০২ সাল পর্যন্ত আদায় করেছে (জানুয়ারি ২০০৩ থেকে পরিশোধিত চাঁদার পরিমাণ কর্মীদের ও নিয়োগকর্তাদের যথাক্রমে ৩ টাকা ও ৬ টাকা)।

উন্নয়নমূলক পরিকল্পনা

৩৬। পর্ষদ বর্ধমান জেলার আসানসোলে কন্যাপুর আদর্শ শ্রম কল্যাণ কেন্দ্রের জন্য সীমানা দেওয়াল নির্মাণের প্রস্তাবটি রাজ্য সরকারের পরিকল্পনা খাতের অনুমোদন পেয়েছে। সংশ্লিষ্ট কাজটি দেওয়া হয়েছে পূর্ত বিভাগের অধীন নির্মাণ পর্ষদ অধিকারকে এবং তা রূপায়িত করার জন্য নির্মাণ পর্ষদ অধিকারের মুখ্য বাস্তুকার ৮,৪৯,৬০১ টাকার লেটার অব ক্রেডিট প্রদান করা হয়েছে।

পর্ষদ-এর আগামী কার্যাবলী

৩৭। (ক) দার্জিলিং-এর পোখরিয়াবন্দ আদর্শ শ্রম কল্যাণকেন্দ্রের সংস্কার সাধন।

(খ) পুরী, মুকুটমণিপুর ও শান্তিনিকেতনে তিনটি নতুন হলিডে হোম স্থাপন।

(গ) বিভিন্ন কর্মসংস্থানমূলক পরিকল্পনা যেমন, সেলাই ও বয়নশিল্প, কম্পিউটার শিক্ষা, খাদ্য-প্রক্রিয়াকরণ ইত্যাদি বাস্তবায়িতকরণ।

(ঘ) বিভিন্ন ট্রেনিংপ্রাপ্তদের উপার্জনশীল করে তোলার জন্য সহায়তা প্রদান।

স্টেট লেবার ইনস্টিটিউট

৩৮। সংগঠিত ও অসংগঠিত শ্রমিকদের সুবিধার্থে ট্রেনিং দেওয়া ছাড়াও শ্রমকল্যাণ ও মানব সম্পদ উন্নয়ন-এর ক্ষেত্রে এই সংস্থাটি বিশেষ ট্রেনিং দেওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। এখানে শ্রম অধিকারের আধিকারিকদের কর্মকালীন প্রশিক্ষণ দেওয়া হয়। সংস্থাটি কর্মচারী পরিচালন, শিল্প-সম্পর্ক এবং শ্রমিক কল্যাণের বিষয়ে একটি উন্নত সার্টিফিকেট কোর্স পরিচালনা করে, বর্তমানে এই প্রতিষ্ঠানটির কলকাতায় আসন সংখ্যা ৪৫ এবং শিলিগুড়িতে ৩০।

কর্মসংস্থান অধিকার

৩৯। রাজ্যে বেকার সমস্যা এক ভয়াবহ অবস্থায় উপনীত হয়েছে। স্কুল সার্ভিস কমিশন, কো-অপারেটিভ সার্ভিস কমিশন এবং বিভিন্ন রিক্রুটমেন্ট বোর্ডের মতো বিভিন্ন

সংস্থা গঠিত হওয়ার ফলে কর্মবিনিয়োগ কেন্দ্রে ভূমিকা হ্রাস পেয়েছে। ৩১-১২-২০০২-এর হিসেব মোতাবেক রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে কর্মপ্রার্থীদের সংখ্যা ৬৪,৩৩,১৩৭ জনে পৌঁছেছে। এই সময়ে ৪,৬৪,৯৯৩ জন নতুন কর্মপ্রার্থী রাজ্যের বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম নথিভুক্ত করেন এবং ৭,৭৯৫ জন কর্মপ্রার্থীর নিয়োগের ব্যবস্থা করা গেছে। তাঁদের মধ্যে তঃ জাতি, তঃ উপজাতি, শারীরিক প্রতিবন্ধী অনগ্রসর শ্রেণি এবং মহিলার সংখ্যা যথাক্রমে ২০০৩, ৬৭৬, ৭২, ৭৭৬ ও ১,৪৪২ জন। ৩১-১২-২০০২ তারিখ পর্যন্ত এগজেমটেড ক্যাটাগরি সেল এবং এক্স সার্ভিস ম্যান-এর মোট প্রার্থী সংখ্যা যথাক্রমে ১৫,৪৭০ ও ২১,৯৬৬ জন। যাঁদের মধ্যে প্রথমটির ক্ষেত্রে ৩৮৪ জন এবং দ্বিতীয়টির ক্ষেত্রে ১৩৭ জন ২০০২ সালে চাকরি পেয়েছেন।

বৃত্তিমূলক সহায়তা প্রকল্প

৪০। এই প্রকল্পের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানে জীবিকাবৃত্তি সংক্রান্ত বিষয়ে পরামর্শ দেওয়া হয়। এছাড়াও এই প্রকল্পের মাধ্যমে কর্মবিনিয়োগ কেন্দ্রগুলি থেকে যৌথ সহায়তা এবং বৃত্তিমূলক সংবাদ দেওয়া হয়, ২০০২ সালে কলকাতা ও হাওড়ার মোট ৭টি বিদ্যালয়ে জীবিকাবৃত্তি বিষয়ে আলোচনা করা হয়েছে।

স্ব-নিযুক্তি প্রকল্প

৪১। 'সেসরু প্রকল্প প্রবর্তন থেকে মোট ১,৩৫,৯১১ জন নথিভুক্ত বেকারদের জন্য ২৭৯.৪৭ কোটি টাকার আর্থিক সহায়তা মঞ্জুর করা হয়েছে। সর্বমোট ১,১৩,০৪৩ জন নিবন্ধীকৃত বেকারকে ২০৩.৭৪ কোটি টাকার আর্থিক সহায়তা দেওয়া হয়েছে যার মধ্যে ৭৫ শতাংশ ব্যাংক ঋণ এবং ২৫ শতাংশ পশ্চিমবঙ্গ সরকারের দেওয়া অনুদান।

কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার প্রবর্তন

৪২। রাজ্যের ৭১টি কর্মবিনিয়োগ কেন্দ্রের মধ্যে ৪১টি কর্মসংস্থান অধিকারকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। ২০-টি কেন্দ্রে অন-লাইন অপারেশন শুরু হয়েছে এবং আরো ১৩টি কেন্দ্র চালু হওয়ার পথে।

কর্মচারী রাজ্য বীমা (চিকিৎসা সংক্রান্ত সুবিধা) প্রকল্প

৪৩। বর্তমান পরিকাঠামোর মাধ্যমেই কলকাতা, উঃ ২৪-পরগনা, দঃ ২৪-পরগনা, হাওড়া, হুগলি, নদিয়া, (কল্যাণী, হরিণঘাটা, কাঁটাগঞ্জ, মৌজা-কুলিয়া, সাগুনা ও রাণাঘাট এবং চাকদা) বর্ধমানের আসানসোল, রানীগঞ্জ এবং দুর্গাপুরে বীমাকারী কর্মচারীদের চিকিৎসা সংক্রান্ত সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে, গত বছর এই প্রকল্পটিকে বার্নপুর, রানীগঞ্জ (জে.এল. নং-২৪) পর্যন্ত প্রসারিত করা হয়েছে। কুলটিও অন্তর্ভুক্ত হওয়ার কথা, প্রকল্পটি হুগলির পোলবা এবং সিঙ্গুর পর্যন্ত প্রসারিত হয়েছে। মেদিনীপুরে শুধুমাত্র হলদিয়া অঞ্চলেই প্রকল্পটির বাস্তবায়ন হয়েছে। উত্তরবঙ্গের শিলিগুড়িতে ইতঃমধ্যে সার্ভিস ডিস্পেনসারি মাধ্যমে প্রকল্পটিকে রূপায়িত করা হয়েছে।

৪৪। যক্ষ্মা রোগীর শয্যাসমেত ৩,৪৩০টি শয্যাবিশিষ্ট ১৩টি কর্মচারী রাজ্য বীমা প্রকল্প হাসপাতালের মাধ্যমে বীমাকারী কর্মচারীদের অন্তর্বিভাগীয় চিকিৎসার সুবিধা রয়েছে। ব্যান্ডেল কর্মচারী রাজ্য বীমা প্রকল্প হাসপাতালে ২৫টি শয্যা ছাড়াও সম্প্রতি, গর্ভবতী মায়েদের জন্য ১১টি শয্যা চালু করা হয়েছে। এই হাসপাতালগুলি রাজ্য সরকার কর্তৃক পরিচালিত হয়। তাছাড়া পূর্বাঞ্চলের জন্য জোকায় একটি ই.এস.আই হাসপাতাল এবং একটি পেশাগত রোগের চিকিৎসাকেন্দ্র ই.এস.আই. কর্পোরেশন কর্তৃক পরিচালিত হয়। কর্মচারী রাজ্য বীমা প্রকল্পের অধীন বেলুড় হাসপাতালটি আধুনিক পরীক্ষা-নিরীক্ষা এবং চিকিৎসা সম্বলিত একমাত্র যক্ষ্মা হাসপাতাল। আসানসোল ও ব্যান্ডেলে ই.এস.আই হাসপাতালে যক্ষ্মা রোগীদের অন্তর্বিভাগীয় চিকিৎসার জন্য পৃথক শয্যার ব্যবস্থা রয়েছে। বেলুড় হাসপাতালে অন্যান্য চিকিৎসা ছাড়াও ৫৯টি ব্রংকোস্কপি, ২০২টি ফুসফুস-সংক্রান্ত রোগের পরীক্ষা এবং ৩২টি পেশাগত রোগের চিকিৎসা সম্পন্ন হয়েছে। বালটিকুরি ই.এস.আই. হাসপাতালে ল্যাপারোস্কোপিক কোলেসিসটেকটমি অপারেশন ছাড়াও অপারেটিং মাইক্রোস্কোপের ব্যবহার শুরু হয়েছে।

৪৫। মানিকতলা ই.এস.আই. হাসপাতালে একটি নার্স প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। এখানে এ বছরের জি.এন.এম. কোর্সের জন্য বিজ্ঞাপনের মাধ্যমে ১৮ জনকে ট্রেনি নার্স হিসেবে নির্বাচিত করা হয়েছে এবং তাঁদের নিয়োগ সংক্রান্ত কাজকর্ম শুরু হয়েছে। সরকারি অনুমোদনের পর সংশ্লিষ্ট নার্সরা কাজে নিযুক্ত হবেন।

ই.এস.আই. হাসপাতালগুলিতে মূল্যবান যন্ত্রাংশের দ্বারা আধুনিকীকরণের জন্য ই.এস.আই. কর্পোরেশন সম্মত হয়েছে বিভিন্ন ই.এস.আই. হাসপাতালগুলির জন্য। সেইরূপে পর্যায়ক্রমে ই.এস.আই. হাসপাতালগুলিতে মূল্যবান যন্ত্রাংশ আমদানির জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৪৬। কর্মচারী রাজ্য বীমা (চিকিৎসা-সংক্রান্ত সুবিধা) প্রকল্পটিকে এ রাজ্যে বাস্তবায়িত করার জন্য ই.এস.আই. স্ট্যান্ডিং কমিটির সদস্যরা অমূল্য পরামর্শ দিয়ে সহায়তা করেছেন আমি তাঁদের সবাইকে হার্দিক ধন্যবাদ জানাচ্ছি।

৪৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিল্পক্ষেত্রে ভয়াবহ প্রতিযোগিতা এবং বহুজাতিক কোম্পানির প্রবেশাধিকারের জন্য দেশের শিল্প-সংক্রান্ত অবস্থাটি সঙ্গীন। ভারত সরকারের কিছু ভ্রান্ত নীতির ফলে চিত্রটি আরও ভয়াবহ আকার ধারণা করেছে। অভ্যন্তরীণ সম্পদের প্রতি বিন্দুমাত্র তোয়াক্কা না করেই যাঁরা ভুবনীকরণের পিছনে দৌড়াচ্ছেন আমরা আশা রাখি, তাঁদের মধ্যে একদিন শুভবুদ্ধির উদয় হবে। এ ধরনের অশুভ শক্তি ও ভ্রান্ত নীতির বিরুদ্ধে আমাদের একজোট হয়ে দাঁড়াতে হবে। অস্তিত্ব রক্ষার লড়াই-এ বামফ্রন্ট সরকার সর্বদা শ্রমিক শ্রেণির পাশে আছে। এ রাজ্যে মৌলবাদী ও বিভেদকামীদের কোনো স্থান নেই।

মহাশয়, এই বক্তব্য রেখে আমার প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

DEMAND No. 36

Major Heads : 2029—Land Revenue, 2049—Interest Payments, 2052—Secretariat—General Services, 2053—District Administration, 2070—Other Administratve Services, 2216—Housing, 2250—Other Social Services, 2506—Land Reforms, 3604—Compensation and Assignments to Local Bosied and Panchayati Raj Institutions and 5475—Capital Ouylay and Other General Economic Services

Dr. ASIM KUMAR DASGUPTA Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 366,39,11,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "2029—Land Revenue, 2049—Interest Payments, 2052—Secretariat—General Services, 2053—District Administration, 2070—Other Administrative, Services, 2216—Housing, 2250—Other Social Services, 2506—Land Reforms, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 5475—Capital Outlay on Other General Economic Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 122,13,04,000 already voted on account)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশ অনুসারে আমি প্রস্তাব করছি যে, ৩৬ নং দাবি সংক্রান্ত মুখ্য খাত ২০২৯-ভূমি রাজস্ব, ২০৪৯-সুদ বাবদ খরচা, ২০৫২-মহাকরণ-সাধারণ কৃত্যক, ২০৫৩-জেলা প্রশাসন, ২২১৬-গৃহ নির্মাণ, ২২৫০-অন্যান্য সামাজিক কৃত্য, ২৫০৬-ভূমি সংস্কার, ৩৬০৪-স্থানীয় স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান ও পঞ্চায়েতী রাজ সংস্থাগুলির প্রতি ক্ষতিপূরণ বাবদ বরাদ্দ এবং ৫৪৭৫-অন্যান্য অর্থনৈতিক কৃত্যক বাবাদ ব্যয় নির্বাহের জন্য ২০০৩-০৪ আর্থিক বছরে ৩৬৬,৩৯,১১,০০০ টাকা (তিনশত ছেষট্টি কোটি উনচল্লিশ লক্ষ এগারো হাজার টাকা) মাত্র মঞ্জুর করা হোক। ভোট-অন-অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ১২২,১৩,০৪,০০০ টাকা (একশত বাইশ কোটি তের লক্ষ চার হাজার টাকা) মাত্রও এর অন্তর্ভুক্ত।

২। সভার অনুমতিক্রমে আমি ভূমি ও ভূমি সংস্কার বিভাগের বিভিন্ন ক্ষেত্রে কাজকর্মের এক সংক্ষিপ্ত বিবরণী পেশ করছি।

৩। প্রথমেই আমি বলতে চাই যে পৃথিবীতে, বিশেষ করে তৃতীয় বিশ্বের জনগণের কাছে, দারিদ্রের মোকাবিলা করা আজকের বৃহত্তম চ্যালেঞ্জ। গ্রামীণ এলাকার মানুষের জন্য উৎপাদন বৃদ্ধি এবং কর্মসংস্থান এই দারিদ্রের মাত্রা নিরসনের একমাত্র উপায়। ভূমি সংস্কারের প্রকৃত অর্থ ভূমিভিত্তিক সামন্ততান্ত্রিক বা আধা সামন্ত্রতান্ত্রিক সম্পর্কের অবসান এবং চাষী ও জমির মধ্যে সরাসরি সম্পর্ক স্থাপন। আমরা এই রাজ্যে সিলিং আইন প্রয়োগ করে,

ঊর্ধ্বসীমা বহির্ভূত জমি চিহ্নিত করেও তা সরকারে ন্যস্ত করে এবং সেই ন্যস্ত জমি গ্রামের ভূমিহীন বা প্রায় ভূমিহীন মানুষজনের মধ্যে বিলি করে পুনর্বণ্টন-ভিত্তিক ভূমি সংস্কার পদ্ধতি গ্রহণ করেছি। এই পদ্ধতির সাফল্য প্রতিফলিত হয়েছে গ্রামীণ অথনীতির বিকাশের বিভিন্ন ক্ষেত্রে। সর্বশেষ তথ্য অনুসারে দেখা যাচ্ছে যে, ১৯৯৩-৯৪ থেকে ১৯৯৯-২০০০ অর্থ বর্ষ পর্যন্ত রাজ্যভিত্তিক খাদ্যশস্যের বার্ষিক গড় উৎপাদন বৃদ্ধিতে পশ্চিমবঙ্গের স্থান শীর্ষে। হেক্টর প্রতি খাদ্যশস্যের উৎপাদনে যথেষ্ট অগ্রগতি হয়েছে এবং তার সঙ্গে ভূমি সংস্কারের সাফল্যের সম্পর্কের প্রতি উল্লেখ করেছেন বিশেষজ্ঞরা। মাথাপিছু খাদ্যশস্য ব্যবহারে পশ্চিমবঙ্গ সর্বোচ্চ স্থানে রয়েছে এবং জাতীয় নমুনা সমীক্ষার বিভিন্ন রাউন্ডের ফল থেকে তা স্পষ্ট বোঝা যাচ্ছে।

৪। এই রাজ্যে ভূমি সংস্কারের বিভিন্ন পর্যায় যেমন ১৯৫৩ সালের জমিদারি অধিগ্রহণ আইনের সার্থক রূপায়ণ, ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংকার আইনে পারিবারিক জমির ঊর্ধ্বসীমা নির্ধারণ করা, সংশোধনীর মাধ্যমে জমির সংজ্ঞা পরিবর্তন করে সকল শ্রেণীর জমিকেই ঊর্ধ্বসীমার আওতায় আনা, গ্রামে গ্রামে আলোচনা সভার মাধ্যমে বর্গাদারদের চেতনা বৃদ্ধি এবং 'অপারেশন বর্গা'-র মাধ্যমে বর্গাদারদের নাম নথিভুক্ত করে তাদের চাষের অধিকার সুরক্ষিত করা সার্থকভাবে রূপায়িত হয়েছে।

৫। ঊর্ধ্বসীমা বহির্ভূত জমি সরকারে ন্যস্তকরণ এবং তা ভূমিহীন ও প্রায় ভূমিহীন মানুষের মধ্যে বিতরণ ছাড়াও এই বিভাগের অন্যান্য কর্মসূচিগুলিকে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে আছে নির্দিষ্ট শ্রেণীর গরিব মানুষের জন্য বাস্তুজমি বিলি, সরকারের বিভিন্ন বিভাগের মাধ্যমে পাট্টা প্রাপক কৃষকদের ও বর্গাদারদের কৃষির উপকরণ সরবরাহ, বর্গা নথিভুক্তিকরণ; জমিরা স্বত্বলিপি সংশোধন, কম্পিউটারের মাধ্যমে স্বত্বলিপি সংরক্ষণের ব্যবস্থা, কাজের গুণগত উন্নয়ন ইত্যাদি। পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ও টেনান্সি ট্রাইব্যুনালের মাধ্যমে জমি সংক্রান্ত বিরোধের দ্রুত নিষ্পত্তি করা যাচ্ছে।

৬। ২০০২ সালের ৩১ মার্চ পর্যন্ত সারা দেশের ৭৩.৭৩ লক্ষ একর ন্যস্ত কৃষি জমির মধ্যে পশ্চিমবঙ্গে সরকারের ন্যস্ত কৃষি জমির পরিমাণ ১৩.৮৪ লক্ষ একর। ন্যস্ত জমির বিলির ক্ষেত্রে সারা দেশে বিলিকৃত মোট ৫৩.৯৩ লক্ষ একর কৃষি জমির মধ্যে পশ্চিমবঙ্গের বিলিকৃত জমির পরিমাণ ১০.৬৪ লক্ষ একর। সারা দেশে মোট পাট্টা প্রাপকের সংখ্যা ৫৬.৪৭ লক্ষ, এর মধ্যে পশ্চিমবঙ্গে পাট্টা প্রাপকের সংখ্যা ২৬.৫১ লক্ষ। এর অর্থ সারা দেশের মোট ন্যস্ত জমির ১৮.৭৭ শতাংশ, মোট পুনর্বণ্টিত কৃষি জমির ১৯.৭৩ শতাংশ এবং ভূমি সংস্কার দ্বারা উপকৃত মানুষের ৪৬.৫৮ শতাংশ আমাদের রাজ্যেই অবস্থিত।

৭। বর্গা চাষ ব্যবস্থা সারা দেশেই বিদ্যমান থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গ ছাড়া আর কোথাও এই ব্যবস্থার আইনি স্বীকৃতি নেই। কেবলমাত্র পশ্চিমবঙ্গেই ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের মাধ্যমে ভাগচাষীদের জমিতে চাষের অধিকার সুরক্ষিত করা হয়েছে এবং সেই অধিকার উত্তরাধিকার সূত্রে সন্তানে বর্তানোরও সুযোগ করা হয়েছে। বর্গাদার নথিভুক্তিকরণের কাজ এখনও সুষ্ঠুভাবে চলছে। ২০০৩ সালের জানুয়ারি মাস

পর্যন্ত মোট ১৫.০২ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে এবং বর্গাদারদের অধীন মোট জমির পরিমাণ ১১.০৮ লক্ষ একর।

৮। বিভিন্ন মামলাজনিত বাধা সত্ত্বেও ২০০২-০৩ অর্থ বর্ষে জানুয়ারি মাস পর্যন্ত প্রায় ৮০০০ একর উদ্বৃত্ত জমি চিহ্নিত ও সরকারে ন্যস্ত করা সম্ভব হয়েছে। এর ফলে এ রাজ্যে সরকারে ন্যস্ত মোট জমির পরিমাণ দাঁড়িয়েছে ২৯.৬৮ লক্ষ একর, যার মধ্যে ১৩.৮৯ লক্ষ একর কৃষি জমি। ২০০২ সালের এপ্রিল মাস থেকে ২০০৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত ১১,৫০০ একর জমি পুনর্বণ্টন করা হয়েছে। এর ফলে এ পর্যন্ত মোট পুনর্বণ্টিত জমির পরিমাণ দাঁড়িয়েছে ১০.৭৫ লক্ষ একর। পুনর্বণ্টনের দ্বারা উপকৃত মানুষের সংখ্যা বর্তমানে (২০০৩ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত) ২৬.৮৭ লক্ষ। এদের মধ্যে ৯.৯৬ লক্ষ উপকৃত মানুষ তফশিলি জাতিভুক্ত এবং ৫.১৮ লক্ষ উপকৃত মানুষ তফশিলি উপজাতিভুক্ত। এরা একত্রে মোট পাট্টা প্রাপকদের ৫৬ শতাংশ। তবে সরকারের চেষ্টা সত্ত্বেও রাজ্যে প্রায় ১.৮৯ লক্ষ একর জমি বিভিন্ন আদালতে মামলায় আবদ্ধ আছে।

৯। মাননীয় সদস্যরা অবগত আছেন যে গত কয়েক বছর ধরে স্ত্রী ও স্বামীর নামে যৌথ পাট্টা দেওয়া হচ্ছে। এখনও পর্যন্ত ৪.৮১ লক্ষ যৌথ পাট্টা দেওয়া হয়েছে। এছাড়াও বিশেষ ক্ষেত্রে কেবলমাত্র মহিলাদেরই পাট্টা দেওয়া হচ্ছে এবং এ পর্যন্ত মোট ১,৩১,৩৯৫ জন অবিবাহিতা, বিধবা ও স্বামী-পরিত্যক্তা নারীদের মধ্যে পাট্টা বিলি করা হয়েছে। এই নিরিখে জমি মালিকানার ক্ষেত্রে নারী-পুরুষের সমান অধিকার প্রতিষ্ঠার ব্যাপারে আমাদের রাজ্য সরকার গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে।

১০। ১৯৭৫ সালের পশ্চিমবঙ্গ বাস্তু জমি অধিগ্রহণ (কৃষিশ্রমিক, মৎস্যজীবী ও কারিগর) আইন অনুসারে বাস্তু জমি বিলি করার কাজ চলছে। ২০০৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত এই আইনের সুযোগে ৩.০৮ লক্ষ পরিবারকে বাস্তু জমি দেওয়া হয়েছে। এছাড়াও আরও ২.৩৯ লক্ষ পরিবার বাস্তু জমি পেয়েছেন ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ৪৯ ধারা অনুসারে। সর্বমোট বাস্তু জমি প্রাপকের সংখ্যা এখনো পর্যন্ত ৫.৪৭ লক্ষ।

১১। ভূমি ও ভূমি সংস্কার বিভাগের একটি গুরুত্বপূর্ণ কাজ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ করা। ২০০২ সালের ১ এপ্রিল থেকে ওই বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়কালে মোট ৩,৫৫৭.৮১ একর জমি অধিগ্রহণ করে বিভিন্ন সংস্থাকে হস্তান্তর করা হয়েছে এবং ১৪৬.৬২ কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ প্রদান করা হয়েছে। এর মধ্যে আছে জাতীয় সড়ক প্রকল্পের জন্য অধিগৃহীত ৪২২.৮৯ একর জমি, বিভিন্ন রেল প্রকল্পের জন্য অধিগৃহীত ১৫০.৮৪ একর জমি এবং তিস্তা বাঁধ প্রকল্পের জন্য অধিগৃহীত ৭৮৮.৯৬ একর জমি।

১২। জরিপ ও মৌজা মানচিত্র তৈরিতে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে একটি প্রকল্প নেওয়া হয়েছে। প্রকল্পটিতে আকাশ থেকে নেওয়া ফোটোগ্রাফের সাহায্যে সর্বশেষ মৌজা মানচিত্র নির্মাণে এ রাজ্যে প্রথমবার পরীক্ষামূলকভাবে পুরুলিয়া জেলাকে বেছে নেওয়া

হয়েছে। প্রকল্পটি কেন্দ্রের আর্থিক পৃষ্ঠপোষকতায় রূপায়িত হচ্ছে। ভারতীয় সর্বেক্ষণ বিভাগের কাছ থেকে পাওয়া আকাশ থেকে তোলা ছবিগুলি নিয়ে দ্বিতীয় দফায় 'থিওডোলাইট' সমীক্ষার সাহায্যে মানচিত্রগুলির স্থির বিন্দু ঠিক করা এবং প্রায়োজনীয় সংশোধন করা হয়েছে। তারপর সেগুলির ভিত্তিতে ভারতীয় সর্বেক্ষণ বিভাগ ১৬" = ১ মাইল মাপে 'ফোটো-মানচিত্র' নিয়ে পুরুলিয়া জেলার দুটি ব্লকে স্বত্বলিপি তৈরির কাজ চলছে। এই আধুনিক প্রযুক্তির প্রয়োগের ফলে জরিপের মতো শ্রমসাধ্য ও সময়সাপেক্ষ কাজ অনেক সহজ হয়ে এসেছে এবং আগামী দিনে এই পদ্ধতি আরও ব্যাপক হারে প্রয়োগ করা যাবে।

১৩। হুগলি জেলার জরিপ মানচিত্র কম্পিউটারের মাধ্যমে সংখ্যায়নের জন্য একটি প্রকল্প পশ্চিমবঙ্গের ভূমিলেখ্য ও জরিপ অধিকর্তা রূপায়ণ করছেন। প্রকল্পের কারিগরি তত্ত্বাবধান করছেন ভারত সরকারের 'ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার'। এই প্রকল্পের আওতায় সর্বাধুনিক হার্ডওয়ার ও সফটওয়ার প্রযুক্তিসংবলিত একটি 'মানচিত্র সাংখ্যায়ন কেন্দ্র' ভূমিলেখ্য ও জরিপ অধিকারে স্থাপন করা হয়েছে। এ পর্যন্ত ৮৫২টি মৌজা মানচিত্র বিবেচনান্তে অনুমোদন করা হয়েছে এবং তা সাজিয়ে কম্পিউটার ও সি.ডি.-র মধ্যে সংরক্ষণ করা হয়েছে। এই সাংখ্যায়িত মানচিত্রের উপর ভিত্তি করে ভূমি সংক্রান্ত তথ্যাবলীকে কম্পিউটারে নথিভুক্তিকরণের একটি পদ্ধতি প্রণয়ন করার কাজ বর্তমানে চলছে।

১৪। প্রথাগত জরিপ পদ্ধতি অনুসারে শহর এলাকার মৌজা মানচিত্র তৈরি করার কাজ খুবই সময়সাপেক্ষ ও কঠিন প্রমাণিত হয়েছে। ভারত সরকারের আর্থিক পৃষ্ঠপোষকতায় আধুনিক জরিপ পদ্ধতি ও যন্ত্রপাতি কাজে লাগিয়ে বিধাননগর এলাকায় জরিপের কাজ চলছে। আধুনিক জরিপ প্রযুক্তির এই অভিজ্ঞতা কাজে লাগিয়ে কলকাতা পৌর কর্পোরেশনের সংযোজিত এলাকায় বেহলা থানার একটি মৌজাতে জরিপের কাজ আরম্ভ করা হয়েছে। অন্যান্য নগরাঞ্চলে এই ধরনের কাজ শীঘ্রই শুরু করা হবে।

১৫। পশ্চিমবঙ্গ ভূমিলেখ্য ও জরিপ অধিকর্তার অফিসের মানচিত্র মহাফেজখানা একটি অমূল্য সম্পদ। এখানে ২০০ বছরের পুরোনো 'রেনেল মানচিত্র' থেকে শুরু করে রাজস্ব জরিপ মানচিত্র, 'স্মার্ট মানচিত্র' সহ পুরোনো কলকাতার মানচিত্র, জেলা সেটেলমেন্টের জরিপ মানচিত্র, সংশোধিত পর্চা মানচিত্র এবং সমস্ত জেলার সাম্প্রতিককালের ভূমিলেখ্য মানচিত্র সংরক্ষিত আছে। এই মানচিত্রগুলি বারংবার ব্যবহারের ফলে এবং তাপমাত্রা, আর্দ্রতা ও পোকার আক্রমণে প্রায় নষ্ট হয়ে যেতে বসেছিল। মানচিত্র সংরক্ষণের জন্য এগুলিকে বায়ু নিরোধক উপায়ে দুইদিক থেকে পরতবন্দী বা 'ল্যামিনেশন' করা হচ্ছে। এ পর্যন্ত প্রায় ৫৪,৫০০টি মানচিত্র 'ল্যামিনেশন' করে সংরক্ষণ করা সম্ভব হয়েছে।

১৬। স্বত্বলিপি কম্পিউটারে সংরক্ষিত রাখার কাজ প্রায় শেষ পর্যায়ে। ২০০৩ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত ৩৯,৫৯৮ মৌজার স্বত্বলিপি কম্পিউটারে সংরক্ষিত হয়েছে। রাজ্যের ৩৪১টি ব্লক থেকেই কম্পিউটারের সাহায্যে জনসাধারণকে স্বত্বলিপি প্রত্যয়িত নকল দেওয়া হচ্ছে।

১৭। ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন অনুসারে জরিপ ও স্বত্বলিপি সংশোধনের কাজ প্রায় শেষ পর্যায়ে। ২০০৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত রাজ্যের ৪২,০৬৭টি মৌজার মধ্যে ৩৯,৪৮১টি মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশিত হয়েছে।

১৮। ১৯৭৮ সালে রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে রায়তদের খাজনা মকুবের কাজ যথারীতি চলছে। ২০০৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট ৪২.৬৮ লক্ষ রায়ত খাজনা মকুবের জন্য আবেদন করেছেন। এর মধ্যে ৪১.০১ লক্ষ রায়তদের আবেদন মঞ্জুর করা হয়েছে এবং ৭৫,৬৫১ জনের আবেদন এখনও বিবেচনাধীন।

১৯। মাননীয় সদস্যদের অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে ভারতের রাষ্ট্রপতি মহাশয় ২০০১ সালে পশ্চিমবঙ্গ ঠিকা প্রজাস্বত্ব (অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ) আইনটিতে তাঁর সম্মতি প্রদান করেছেন এবং ২০০৩ সালের ১ মার্চ থেকে আইনটিকে কার্যকর করা হয়েছে। ১৯৯৭ সালে পশ্চিমবঙ্গ বাড়ি ভাড়া আইন ২০০১ সালের ১০ জুলাই থেকে বলবৎ হয়েছে। আইনটির কয়েকটি ধারা সংশোধনের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় কিছু সংশোধনী ইতিমধ্যেই কার্যকর করা হয়েছে। এছাড়াও এ রাজ্যে ৬টি দেওয়ানি আদালতকে অতিরিক্ত বাড়ি ভাড়া নিয়ন্ত্রকের ক্ষমতা দেওয়া হয়েছে ২০০৩ সালের ১ মার্চ থেকে।

২০। ১৯৯৭ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ও প্রজাস্বত্ব ট্রাইব্যুনাল আইন অনুসারে একটি ট্রাইব্যুনাল গঠিত হয়েছে এবং তা সুষ্ঠুভাবে কাজ করছে। ১৯৯৯ সাল থেকে এ পর্যন্ত এই ট্রাইব্যুনালে জমি সরকারে ন্যস্তকরণের বিরুদ্ধে ৫,৮৫৫টি মামলা সরাসরি রুজু হয়েছে এবং হাইকোর্ট থেকে এরূপ ২,৭৬৫টি মামলা স্থানান্তরিত হয়েছে। এইসব মামলায় মোট ৪১,৪০৯.৪৪ একর জমি আবদ্ধ আছে। ২০০২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ট্রাইব্যুনালে এরকম ৪.২১৬টি মামলার নিষ্পত্তি হয়েছে যাতে মোট ৩২,৯৭৪.৪৭ একর জমি আবদ্ধ ছিল। এর বিরুদ্ধে অবশ্য হাইকোর্টের ডিভিশন বেঞ্চে ১,০৪০টি মামলা দায়ের করা হয়েছে, যাতে ৯,৬৭৪.৪৩ একর জমি আবদ্ধ আছে। এছাড়াও ট্রাইব্যুনাল বর্গা নথিভুক্তিকরণ, স্বত্বলিপি সংশোধন এবং অন্যান্য জমি সংক্রান্ত অনেক মামলার নিষ্পত্তি করেছে। প্রারম্ভিক অসুবিধা সত্ত্বেও ট্রাইব্যুনাল কাজ শুরু করার পর মামলাগুলির দ্রুত নিষ্পত্তি সম্ভব হয়েছে।

২১। স্বত্বলিপির সংশোধন ও সংরক্ষণ এবং রাজস্ব প্রশাসনের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সহায়তায় একটি প্রকল্পের মাধ্যমে সারা রাজ্যে গ্রামাঞ্চলে অফিস বাড়ি, লেখ্যাগার প্রভৃতি তৈরি হচ্ছে। ২০০২-০৩ অর্থ বর্ষের ৩১ জানুয়ারি, ২০০৩ তারিখ পর্যন্ত এ বাবদ মোট ৩৯২ লক্ষ টাকা খরচ হয়েছে, যার মধ্যে রাজ্যের অংশ ১৯৬ লক্ষ টাকা। ১৯৮৯-৯০ সালে প্রকল্পটির শুরু থেকে এ পর্যন্ত রাজ্যের তহবিল থেকে মোট ১৭১৪.৩৭ লক্ষ টাকা এবং কেন্দ্রীয় তহবিল থেকে মোট ১৭২৫.৮১ লক্ষ টাকা খরচ হয়েছে।

২২। ২০০২-০৩ অর্থ বর্ষের ৩১ জানুয়ারি, ২০০৩ তারিখটি পর্যন্ত ভূমি রাজস্ব এবং সেস বাবদ মোট ২৪৪৩ লক্ষ টাকা এবং প্রধান ও অপ্রধান খনিজের উপর ধার্য রয়ালটি ও সেস বাবদ মোট ২৯৬৪ লক্ষ টাকা আদায় হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কটি কথা বলে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণকে ২০০৩-০৪ অর্থ বর্ষের ৩৬নং দাবির অধীনে ব্যয়বরাদ্দের জন্য আমার বাজেট প্রস্তাব অনুমোদন করতে অনুরোধ করছি।

DEMAND No. 38

Major Heads : 2052—Secretariat—General Serivces, 2202—General Education, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services and 4235—Capital Outlay on Social Security and Welfare.

Dr. ASIM KUMAR DASGUPTA Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,03,72,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "2052—Secretariat—General Services, 2202—General Eduation, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Servies and 4235—Capital Outlay and Social Security and Welfare" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 2,34,58,000 already voted on account)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আপনার অনুমতি নিয়ে ও রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩৮নং দাবির অধীনে ব্যয় নির্বাহের জন্য মুখ্যখাতসমূহ "২০৫২-সচিবালয়-সাধারণ কৃত্যকসমূহ", "২২০২-সাধারণ শিক্ষা" "২২৩৫-সামাজিক নিরাপত্তা ও কল্যাণ", "২২৫০-অন্যান্য সামাজিক পরিষেবাদি", ২২৫১-সচিবালয়-সামাজিক পরিষেবাদি" এবং "৪২৩৫-সামাজিক নিরাপত্তা ও কল্যাণে খাতে মূলধনী বরাদ্দ"গুলিতে (যোজনা খাতে ৫,৯৯,৩৩,০০০ টাকা ও যোজনা-বহির্ভূত খাতে ১,০৪,৩৯,০০০ টাকা) সর্বমোট ৭,০৩,৭২,০০০ টাকা (সাত কোটি তিন লক্ষ বাহাত্তর হাজার টাকা) মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ২,৩৪,৫৮,০০০ (দুই কোটি চৌত্রিশ লক্ষ আটান্ন হাজার) টাকাও এর মধ্যে ধরা হয়েছে।

২। পশ্চিমবঙ্গ বিভিন্ন জাতিগোষ্ঠী ও ধর্ম সম্প্রদায়ের বাসভূমি এবং সামাজিক সম্প্রীতি, জাতিগত ও ভাষাগত সহনশীলতা এবং ধর্মীয় সৌহার্দ্য এ রাজ্যের চারিত্রিক বৈশিষ্ট্য। ভাষাগত ও ধর্মীয় সংখ্যালঘু এবং অন্যান্য অনগ্রসর সম্প্রদায়সহ সমাজের সব শ্রেণির মানুষ এখানে সম্মান ও মর্যাদার সঙ্গে বাস করে থাকেন। রাজ্য সরকার পশ্চিমবঙ্গের ধর্মনিরপেক্ষ ঐতিহ্য অক্ষুণ্ণ রাখতে এবং সংবিধান তথা কেন্দ্রীয় ও রাজ্য

আইনসমূহে ভাষাগত ও ধর্মীয় সংখ্যালঘুদের জন্য যেসব রক্ষাকবচের বিধান রয়েছে সেগুলি কার্যকরভাবে রূপায়ণ এবং বলবৎ করার মাধ্যমে জাতীয় সংহতি সুদৃঢ় করতে প্রতিশ্রুতিবদ্ধ।

৩। এই লক্ষ্য সামনে রেখে রাজ্য সরকার ধর্মীয় ও ভাষাগত, উভয় প্রকার সংখ্যালঘুদেরই উন্নয়ন ও কল্যাণ সংক্রান্ত বিষয়গুলি দেখাশোনা করার উদ্দেশ্যে ১৯৯৬ সালের মে মাসে সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ নামে একটি পৃথক বিভাগ গঠন করে। এই বিভাগের মূল কর্মপ্রয়াস হল ধর্মীয় ও ভাষাগত, উভয় প্রকার সংখ্যালঘুদের জন্য বিভিন্ন উন্নয়নমূলক ও কল্যার সাধক কর্মসূচি প্রণয়ন ও রূপায়ণ এবং নিচের অনুচ্ছেদগুলিতে আমি মাননীয় সদস্যবর্গের সমীপে এই বিভাগ গঠিত হওয়ার দিন থেকে শুরু করে বিশেষত বিগত আর্থিক বছরে গৃহীত কর্মকাণ্ডগুলির বিবরণ সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করার প্রস্তাব করছি।

৪। ২০০২-২০০৩ সালে সংখ্যালঘুদের জন্য বিশেষত সংখ্যালঘু সম্প্রদায়গুলির মধ্যে দুর্বলতর অংশের মানুষজনের জন্য মোট ১৪৪৩.৭৭ লক্ষ টাকার বাজেট সংস্থানের মধ্য থেকে ৫৪০ লক্ষ টাকা বিভিন্ন প্রকার অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও শিক্ষাগত উন্নয়মূলক কর্মসূচি রূপায়ণের জন্য মঞ্জুর করা হয়েছিল। এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে আনীত বিভিন্ন সংবিধিবদ্ধ, অ-বিধিবদ্ধ সংস্থা এবং নবগঠিত বিভাগের প্রশাসনিক ব্যয়নির্বাহের জন্য বিভিন্ন খাতের অধীনে যোজনা বহির্ভূত খাতে ৮১.১৬ লক্ষ টাকা, গ্রামীণ পরিকাঠামো ও উন্নয়ন তহবিলের জন্য ৭২৮ লক্ষ টাকা ও কোর প্ল্যানের জন্য ৬৩৬.৬১ লক্ষ টাকাও উপরোক্ত সংস্থানের অন্তর্ভুক্ত। ২০০৩-২০০৪ সালের বাজেটে ৭০৩.৭২ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এর মধ্যে কোর প্লানের অধীনে ১৭০.১৫ লক্ষ টাকা, ৪২৯.১৮ লক্ষ টাকা এবং গ্রামীণ পরিকাঠামো ও উন্নয়ন তহবিলের জন্য এবং যোজনা-বহির্ভূত-ব্যয় নির্বাহের জন্য ১০৪.৩৯ লক্ষ টাকা রাখা হয়েছে।

৫। রাজ্য সরকারের উদ্দেশ্যগুলির সঙ্গে সঙ্গতি রেখে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশন গঠন করা হয়েছে। ১৯৯৭ সালে সংশোধিত ১৯৯৬ সালের পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশন আইন প্রণয়নের পর ৩০-৮-৯৬ তারিখ থেকে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে কাজ শুরু করেছে। অন্যান্য বিষয়ের মধ্যে সংবিধান এবং কেন্দ্রীয় ও রাজ্য আইনগুলিতে ভাষাগত ও ধর্মীয় সংখ্যালঘুদের জন্য যেসব রক্ষাকবচের বিধান রয়েছে সেগুলির কার্যকর রূপায়ণ ও বলবৎকরণের জন্য সুপারিশ করা, সংখ্যালঘু সম্পর্কিত সরকারি নীতি ও কর্মসূচির রূপায়ণ পর্যালোচনা করা এবং সংখ্যালঘুদের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষাগত ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য আরও কিছু পদক্ষেপের প্রস্তাব দেওয়াই হল এই সংস্থাটির কাজ।

মাননীয় সদস্যরা অনুগ্রহ করে এটা লক্ষ করবেন যে কমিশনের কাছ থেকে পাওয়া সুপারিশগুলি গ্রহণ করা সরকারের পক্ষে সাধারণত বাধ্যতামূলক। এইসব সুপারিশগুলি পাওয়ার পর দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সেগুলি সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগে পাঠানো হয়।

২০০২-২০০৩ সালে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশনের জন্য বরাদ্দকৃত ১৮.৫০ লক্ষ টাকার বাজেট সংস্থানের তুলনায় ২০০৩-২০০৪ সালের বাজেট প্রধানত কমিশনের প্রশাসনিক ব্যয়নির্বাহের জন্য ২৯.৬০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

৬। মহাশয়, শিল্পসংক্রান্ত, বাণিজ্যিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে সংখ্যালঘুদের অর্থনৈতিক কল্যাণের কাজ হাতে নেওয়ার লক্ষ্যে জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগমের রাজ্য মাধ্যমে সংস্থা হিসাবে কাজ করার জন্য ১৯৯৫ সালের পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগম আইনের ৩(১) ধারার শর্তানুসারে ১৯৯৬ সালে এই বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগম (ডব্লিউ বি এম ডি এফ সি) নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা গড়ে তোলা হয়। বিশেষ করে বার্ষিক পারিবারিক আয় গ্রামাঞ্চলে ৩১.৯৫২ টাকা এবং শহরাঞ্চলে ৪২,৪১২ টাকার বেশি নয় এমন সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মানুজনদের স্বনিযুক্তি ইউনিট স্থাপন করার জন্য সহজ ও ছাড়যুক্ত শর্তে ঋণের আকারে আর্থিক সহায়তা দিয়ে সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মানুষদের অর্থনৈতিক উন্নতি সাধনই এই নিগমের মূল লক্ষ্য। উক্ত কর্মসূচিতে জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগম, পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগম এবং উপকারভোগীদের বহন করা প্রকল্প ব্যয়ের যথা ক্রমিক অনুপাত হল ৮৫ : ১০ : ৫। আলোচ্য আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগম স্বনিযুক্তি ইউনিট গড়ে তোলার জন্য ৫৬৮৭ জন উপকারভোগীদের মোট ১৮৮১.১১ লক্ষ টাকা ঋণ সহায়তা দিয়েছে। গঠিত হওয়ার দিন থেকে ৩১-০৩-২০০৩ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগম ২০,২২৯ জন উপকারভোগীকে মোট ৬৯৮৯.৯৮ লক্ষ টাকার ঋণ সহায়তা প্রদান করেছে। এছাড়াও সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষজন যাতে তাদের এখনকার কর্মদক্ষতা আরো বাড়াতে পারেন, নতুন দক্ষতা অর্জন করতে পারেন এবং বিভিন্ন স্বনিযুক্তি প্রকল্প দক্ষতার সঙ্গে চালাতে পারেন সেই উদ্দেশ্যে নিগম সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য বর্তমান আর্থিক বছরে ব্যাপক আকারে বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি সংগঠিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করেছে।

রাজ্য সরকার ডব্লিউ বি এম ডি এফ সি-র শেয়ার মূলধন খাতে রাজ্যের দেয় হিসেবে এখনো পর্যন্ত ২৬৯৪.২০ লক্ষ টাকা মঞ্জুর করেছে এবং নিগমের সংস্থাগত ও অন্যান আনুষঙ্গিক ব্যয় মেটাতে তথা তাদের বিভিন্ন জনকল্যাণকর কর্মপ্রকল্প রূপায়ণ করতে রাজস্ব খাতে ২৭০.০৪ লক্ষ টাকা মঞ্জুর করেছে। ২০০২-২০০৩ সালে ডব্লিউ বি এম ডি এফ সিকে শেয়ার মূলধন খাতে ২৬০.০০ লক্ষ টাকা এবং রাজস্ব খাতে ৩২.০০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। ২০০৩-০৪-এর বাজেটে ডব্লিউ বি এম ডি এফ সি-র শেয়ার মূলধন খাতে ৬০.০০ লক্ষ টাকা এবং রাজস্ব খাতে ৭.১৮ লক্ষ টাকা সংস্থানে প্রস্তাব করা হয়েছে।

৭। ১৯৯৯-২০০০ সাল থেকেই সরকার 'ওয়াকফ বোর্ড পশ্চিমবঙ্গ'-এর মাধ্যমে দারিদ্র ও মেধাবী মুসলিম ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা লাভ সুগম করতে স্টাইপেন্ড মঞ্জুর করে আসছে। ২০০৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত প্রায় ৮০০০ জন ছাত্রছাত্রীকে মঞ্জুর করা স্টাইপেন্ডের অর্থমূল্য হল ৭৮.০০ লক্ষ টাকা। ২০০৩-০৪ সালে, বেশ কিছু ছাত্রছাত্রীকে এই

কর্মপ্রকল্পের আওতায় আনা যাবে বলে আশা করা হচ্ছে। মেধাবী সংখ্যালঘু ছাত্রছাত্রীরা যাতে ইঞ্জিনিয়ারিং, ডাক্তারি ইত্যাদি শাখায় উচ্চশিক্ষা চালিয়ে যেতে পারে, তার জন্য এক ঋণ-মঞ্জুরি কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

উপকারভোগী ও প্রদত্ত অর্থাংকের বছরওয়ারি হিসাব নিচে দেওয়া হল :

১৯৯৯-২০০০	৮৯৫ জন।	অর্থাংক	১০ লক্ষ টাকা।
২০০০-২০০১	২৯৯৫ জন।	অর্থাংক	২৫ লক্ষ টাকা।
২০০১-২০০২	২৫০০ জন।	অর্থাংক	২৭ লক্ষ টাকা।
২০০২-২০০৩	১৬১০ জন।	অনুমিত অর্থাংক	১৬ লক্ষ টাকা।

৮। পশ্চিমবঙ্গের ওয়াকফ বোর্ডের প্রশাসনিক খরচপাতি মেটানোর জন্য ২০০২-২০০৩ আর্থিক বছরে ৫৩.৯৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে। অনুরূপভাবে ২০০৩-২০০৪ বছরে ঐ একই খাতে বাজেটে ৫৭.৪৩ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব রাখা হয়েছে।

রাজ্য সরকার অনুভব করেছে যে সরকার যাতে আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে পারে তার জন্য ১৯৯৫ সালের ওয়াকফ আইনের ওয়াকফ সম্পত্তি জবরদখল ও দখলকারীদের অপসারণ সংক্রান্ত ৫৪ ও ৫৫নং ধারাদ্বয় সংশোধন করা প্রয়োজন। এদিকে লক্ষ্য রেখে ১৯৯৫-এর ওয়াকফ আইনের ৫৫ ধারার পরে ৫৫ক নামে এক নতুন সংযোজিত ধারা অনুসারে ওয়াকফ সম্পত্তির জবরদখলকে আদালত গ্রাহ্য অপরাধ হিসাবে ঘোষণা করা হয়েছে এবং এতে অন্যান্য বিষয়ের মধ্যে ২ বছর অবধি সশ্রম কারাবাসের সংস্থান রাখা হয়েছে। দণ্ডমূলক বিধানসমূহকে আরও কঠোর করতে এই সংশোধিত বিধানটি ১৯৯৮ সালের ওয়াকফ (পশ্চিমবঙ্গ সংশোধনী) আইন-এর মাধ্যমে আরও একবার সংশোধিত হয়েছে।

এই রাজ্যে ১৯৯৬ সালের ১লা জানুয়ারি তারিখে ওয়াকফ আইন বলবৎ হওয়ার ফলশ্রুতিতে পশ্চিমবঙ্গে বোর্ড অব ওয়াকফস্ পুনর্গঠিত হয়।

২০০১ সালের ৯ই অক্টোবর পশ্চিমবঙ্গে ওয়াকফ বোর্ডের মনোনীত সদস্যদের কার্যকালের মেয়াদ শেষ হওয়ার পর ২০০১ সালের ডিসেম্বর মাসে আমার বিভাগ কর্তৃক পশ্চিমবঙ্গের ওয়াকফ বোর্ড পুনর্গঠিত হয়েছে। বর্তমানে ওয়াকফ বোর্ড চেয়ারম্যানসমেত ১১ জন নির্বাচিত সদস্যদের নিয়ে গঠিত।

বোর্ডের বর্তমান সদস্যদের কাজের মেয়াদ শেষ হবে ২০০৬ সালে। বোর্ড এখন নবনির্বাচিত কর্মসমিতির অধীনে সুষ্ঠুভাবে কাজ করে চলেছে।

৯। মহাশয়, ওয়াকফ আইন, ১৯৯৫-এর বিধান অনুসারে ইতিমধ্যেই ওয়াকফ ট্রাইব্যুনাল গঠিত হয়েছে এবং সেটি কলকাতার হেমচন্দ্র নস্কর রোডে অবস্থিত সুকান্ত মঞ্চে

কাজ শুরু করেছে। এই ট্রাইব্যুনাল ১৯৯৫ সালের ওয়াকফ আইন অধীনে ওয়াকফ সম্পত্তিঘটিত সম্পর্কিত যে কোনো বিতর্ক, প্রশ্ন বা অন্যান্য বিষয়সমূহের নিষ্পত্তি করে থাকে। ওয়াকফ ট্রাইব্যুনালের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনেকগুলি অবর পদ সৃষ্টি করা হয়েছে। ওয়াকফ সম্পত্তিঘটিত বিবাদসমূহের আরও দ্রুত নিষ্পত্তির জন্য আগামী বছরে একাধিক ট্রাইব্যুনাল গঠনের প্রয়োজন হতে পারে। বিগত তিন আর্থিক বছরে ৪০ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে। ২০০৩-২০০৪ বছরে বাজেটে ১৩ লক্ষ টাকার ব্যয় সংস্থানের প্রস্তাব রাখা হয়েছে।

১০। উর্দু ভাষা ও সাহিত্যের প্রসার ও বিকাশের লক্ষ্য নিয়ে ০১/০৪/৭৮ তারিখে পশ্চিমবঙ্গ উর্দু আকাডেমি নামক একটি স্বাশাসিত সংস্থা স্থাপিত হয়। জনসাধারণের জন্য বই ও পত্রিকা এবং প্রাথমিক থেকে উচ্চ-মাধ্যমিক স্তর পর্যন্ত ছাত্রছাত্রীদের জন্য পাঠ্যপুস্তক প্রকাশনা ও মুদ্রণ, প্রকাশিত বই ও সাময়িকীগুলির বিক্রয় একটি বৃহৎ গ্রন্থাগার পরিচালনা, উর্দু ও বাংলা ভাষা শিক্ষা, হস্তলিপি বিদ্যা প্রশিক্ষণ শিক্ষাক্রমের ব্যবস্থা করা এবং উর্দু মাধ্যম বিদ্যালয়গুলির শিক্ষার্থীদের জন্য প্রশ্নপত্র মুদ্রণ এই আকাডেমির গুরুত্বপূর্ণ কাজগুলির অন্যতম।

পশ্চিমবঙ্গ উর্দু আকাডেমির নতুন ভবন নির্মাণের জন্য এ যাবৎ ৭৪.৪০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। উক্ত আকাডেমির অফিসটি বর্তমানে ৭৫/২এ, রফি আহমেদ কিদোয়াই রোড, কলকাতা-৭০০ ০১৬ ঠিকানায় নবনির্মিত ভবন থেকে কাজকর্ম চালাচ্ছে। এই তহবিল ছাড়াও, রাজ্য সরকার আকাডেমির প্রাতিষ্ঠানিক ব্যয় মেটানোর জন্যও অর্থ মঞ্জুর করে থাকে। ২০০২-২০০৩ আর্থিক বছরে আকাডেমিকে ৩০.২০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ২০০৩-২০০৪ সালে ২৪.০০ লক্ষ টাকা দেবার প্রস্তাব করা হয়েছে।

১১। পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি উপদেষ্টা ও পরামর্শদাতা সংস্থা-বিশেষ হিসেবে কাজ করে এবং এটি ভারত থেকে সৌদি আরবে বার্ষিক হজ যাত্রায় আগ্রহী হজযাত্রীদের জন্য সমস্ত ব্যবস্থাপনার দায়িত্বে থাকা বম্বের কেন্দ্রীয় হজ কমিটি ও আগ্রহী হজযাত্রীদের মধ্যে সংযোগ সাধনের জন্য কাজ করে থাকে। রাজ্য হজ কমিটি পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, অসম, মণিপুর ও ত্রিপুরায় হজযাত্রীদের জন্য ব্যবস্থাপনা করে। এই কমিটি হজযাত্রীদের ও কেন্দ্রীয় হজ কমিটির প্রদত্ত ৩০ লক্ষ টাকা ব্যয়ক্রমে নির্মিত এক ত্রিতল 'হজ-ভবন'-এর কাজকর্ম পরিচালনা করে। এই হজভবনটি মূলত হজযাত্রীদের যাত্রাকালীন বিশ্রামাগার হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। ২০০২-২০০৩ সালে হজ সংক্রান্ত নানাবিধ ব্যয় নির্বাহের জন্য রাজ্য সরকারকে এই কমিটিতে ৫.৪৬ লক্ষ টাকার আর্থিক সহায়তা দিয়েছে। চলতি আর্থিক বছর অর্থাৎ ২০০৩-২০০৪ সালে এই উদ্দেশ্যে ৭.০৫ লক্ষ টাকার বাজেট সংস্থানে প্রস্তাব করা হয়েছে।

১২। মাননীয় সদস্যগণ হয়তো অবগত আছেন যে এই বিভাগ জেলাগুলিতে মুসলিম ছাত্রী নিবাস নির্মাণের একটি কর্মপ্রকল্প হাতে নিয়েছে। লক্ষ্য করা গেছে যে

মুসলিমদের মধ্যে বিশেষত এই সম্প্রদায়ের মহিলাদের মধ্যেকার অশিক্ষাই হল তাদের সম্প্রদায়ের সামাজিক ও অর্থনৈতিক অনগ্রসরতার এক প্রধান কারণ। মুসলিম ছাত্রীদের উচ্চশিক্ষা গ্রহণের সুবিধা রয়েছে এমন গুরুত্বপূর্ণ জেলা শহর ও আশপাশে জেলাগুলির প্রত্যন্ত এলাকা থেকে আসা যে সমস্ত ছাত্রী বাসস্থানের অপ্রতুলতা হেতু উচ্চশিক্ষা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে চূড়ান্ত অসুবিধা ভোগ করছে তাদের ছাত্রাবাসের সুবিধা দেওয়াই এই কর্মপ্রকল্পের লক্ষ্য। বর্ধমান, মেদিনীপুর, মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর, কলকাতা ও বীরভূম—এই সাতটি জেলায় একটি করে, সাতটি মুসলিম ছাত্রীনিবাস নির্মিত হয়েছে এবং এগুলিতে মোট ৭০০ জন ছাত্রী থাকতে পারবেন। আরও চারটি ছাত্রী নিবাস নির্মাণের কাজ চলছে। এই উদ্দেশ্যে এ যাবৎ মোট ২.৪১ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। মুসলিম সম্প্রদায়ের আর্থিকভাবে দুর্বলতর অংশের ছাত্রীদের মধ্যে শিক্ষার বিস্তারের জন্য সারা রাজ্যের গুরুত্বপূর্ণ শহরগুলিতে আরও ছাত্রী নিবাস নির্মাণ করা হবে।

১৩। মুসলিম ও খিস্টান কবরস্থানগুলির যথাযথ রক্ষণাবেক্ষণ করতে এবং সেগুলির সম্ভাব্য জবরদখল বা অপব্যবহার ঠেকাতে এই বিভাগ সেগুলি ঘিরে পাঁচিল তৈরির জন্য ১৯৯৭-৯৮ আর্থিক বছরে একটি কর্মপ্রকল্প হাতে নিয়েছে। ২০০৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত কবরখানা ঘিরে পাঁচিল তৈরির জন্য ২.১৪ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

১৪। কোর যোজনার জন্য সাধারণ যোজনা বরাদ্দ ছাড়াও ২০০৩-২০০৪ সালে এই বিভাগের যোজনা কর্মসূচিসমূহের জন্য গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলের অধীনে ৪২৯.১৫ লক্ষ টাকা আবদ্ধ তহবিল হিসেবে চিহ্নিত করা হয়েছে।

১৫। আমার বিভাগ নতুন হওয়ায় আগামী দিনে আবার বিভাগটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আমি এই সুমহিম সভার সকল মাননীয় সদস্যের মূল্যবান পথনির্দেশ, মতামত ও পরামর্শের দিকে আগ্রহভাবে তাকিয়ে আছি।

১৬। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বলে আমি চলতি ২০০৩-২০০৪ সালের জন্য ৩৮নং দাবির অধীন নিম্নলিখিত মুখ্যখাতগুলিতে ৭,০৩,৭২,০০০ টাকা (সাত কোটি তিন লক্ষ বাহাত্তর হাজার টাকা) মঞ্জুরির জন্য এই মহতী সভায় প্রস্তাব পেশ করছি, যথা :

(অ) ২০৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ,

(আ) ২২০২—সাধারণ শিক্ষা,

(ই) ২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণসাধন,

(ঈ) ২২৫০—অন্যান্য সামাজিক পরিষেবাদি,

(উ) ২২৫১—সচিবালয়—সামাজিক পরিষেবাদি এবং

(ঊ) ৪২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণসাধনের ক্ষেত্রে মূলধন বিনিয়োগ।

DEMAND No. 39

Major Heads : 2052—Secretariat—General Services, 2211—Family Welfare, 2215—Water Supply and Sanitation, 2217—Urban Development, 2245—Relief on account of Natural Calamities, 3604—Compensation and Assignments to Local Bodies and panchayati Raj Institutions, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development

Dr. ASIM KUMAR DASGUPTA Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 909,60,48,000 be granted for expenditure under Demand No. 39, Major Heads : "2052—Secretariat—General Services, 2211—Family Welfare, 2215—Water Supply and Sanitation, 2217—Urban Development, 2245—Relief on account of Natural Calamities, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 303,20,15,000 already voted on account)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, দাবি নং ৩৯-র অধীনে ২০০৩-২০০৪ সালের "২০৪৯-ইনটারেস্ট পেমেন্ট, ২০৫২-সেক্রেটারিয়েট-জেনারেল সার্ভিসেস, ২২১১-ফ্যামিলি ওয়েলফেয়ার, ২২১৫-ওয়াটার সাপ্লাই অ্যান্ড সেনিটেশান, ২২১৭-আরবান ডেভেলপমেন্ট, ২২৪৫-রিলিফ অন অ্যাকাউন্ট অফ ন্যাচারাল ক্যালামিটিজ, ৩৬০৪-স্থানীয় সংস্থা এবং পঞ্চায়েতীরাজক্ষতিপূরণ ও দায়িত্ব, ৪২১৭-ক্যাপিটাল আউটলে অন আরবান ডেভেলপমেন্ট" ৬০০৪ লোনস অ্যান্ড অ্যাডভান্সেস ফ্রম সেন্ট্রাল গভঃ ও ৬২১৭ লোনস ফর আরবান ডেভেলপমেন্ট" মুখ্যখাতে ব্যয়ের জন্য মোট ৯০৯,৬০,৪৮,০০০ (নয়শত নয় কোটি ষাট লক্ষ আটচল্লিশ হাজার) টাকা অনুমোদন করা হোক। এই অঙ্কের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ৩০৩,২০,২৫,০০০ (তিনশত তিন কোটি কুড়ি লক্ষ পনের হাজার) টাকা অর্ন্তভুক্ত।

২। একবিংশ শতাব্দী নগরায়নের শতাব্দী হিসাবে চিহ্নিত। বিশ্বের উন্নত দেশগুলিতে নগরায়নের প্রসার ইতিমধ্যে অনেকাংশে হয়ে গিয়ে থাকলেও উন্নয়নশীল দেশগুলিতে নগরায়নের হার ক্রমবর্ধমান, ভারত তথা পশ্চিমবঙ্গ এর ব্যতিক্রম নয়। এই দ্রুত নগরায়ন এবং জাতীয় আর্থ-সামাজিক উন্নয়নের স্বার্থে পশ্চিমবঙ্গের পৌর প্রশাসনের ধারণায় প্রগতিশীলতা একান্ত জরুরী। নগরায়নের এই বিশেষ প্রসারে যে সমস্ত চ্যালেঞ্জ

আমাদের সামনে এসেছে সেগুলিকে সুষ্ঠুভাবে মোকাবিলা করা এবং উন্নততর পৌর প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে রাজ্যের সমস্ত পৌরসভা ও পৌরনিগমগুলির দক্ষতা বৃদ্ধি, দায়বদ্ধতা বাড়ানো ও পৌরপ্রশাসনকে আরও বেশি সুসংগঠিত করার প্রয়োজন অনুভূত হচ্ছে। নাগরিক পরিষেবা প্রদানের ক্ষেত্রে পৌরসভাগুলিকে আরও বেশি দক্ষতা বৃদ্ধি ও পেশাদারি মনোভাব গ্রহণ করতে হবে। বিশ্বজুড়ে জনসংখ্যার যা বৃদ্ধি ঘটছে তার অধিকাংশই শহর কেন্দ্রীক। ফলে বিশ্বের তাবৎ শহর পরিকল্পনাকারদের কাছে এই বিপুল জনসংখ্যার জীবনযাত্রার সামগ্রিক মানোন্নয়ন আজ এক বিশাল চ্যালেঞ্জ। রাজ্য সরকারও এই চ্যালেঞ্জের সম্মুখীন।

৩। পৌর প্রশাসন পরিচালনার সার্থক রূপায়ণের ক্ষেত্রে এবং পৌর পরিষেবার গুণগত মনোন্নয়ন ও শহরাঞ্চলের মানুষদের জীবনধারণের জন্য প্রয়োজনীয় পরিবেশ সৃষ্টি করতে হলে শুধুমাত্র উন্নততর প্রযুক্তির প্রয়োগ ও তথ্যগত ধারণার ব্যবহারই যথেষ্ট নয়। এর জন্য মূল যে বিষয়টি দরকার তা হল পৌর পরিচালনায় এলাকার জনসাধারণের প্রত্যক্ষ অংশগ্রহণ। পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ যে সাফল্য অর্জন করতে পেরেছে তার মূল কারণ হল উন্নয়ন পরিকল্পনা রচনা থেকে কার্যকর করার প্রতিটি স্তরে জনগণের, বিশেষত সামাজিক ও আর্থিক দিক দিয়ে দুর্বলতর শ্রেণির মানুষের অংশগ্রহণ। পরিকল্পনা রচনায় ওয়ার্ড কমিটির অংশগ্রহণ এর আরো একটি উজ্জ্বল দৃষ্টান্ত। ওয়ার্ড কমিটিকে আরো বেশি সক্রিয় করার জন্য বিগত আর্থিক বছরে পশ্চিমবঙ্গ পৌর (ওয়ার্ড কমিটি) বিধি, ২০০১-এর কিছু সংশোধন করা হয়েছে সেখানে সমষ্টি উন্নয়ন সমিতির প্রতিনিধিদের ওয়ার্ড কমিটির সদস্য হিসাবে উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে।

এখনও পর্যন্ত রাজ্যের ২৭৯৫টি ওয়ার্ডের মধ্যে ২৫৪৪টি ওয়ার্ডে ওয়ার্ড কমিটি গঠিত হয়েছে। আমরা চাইছি পৌর ও নগরোন্নয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজে জনগণের আরও বেশি প্রত্যক্ষ অংশগ্রহণ।

৪। বিগত আর্থিক বছরে এবং আগামী আর্থিক বছরে পৌর বিষয়ক বিভাগ কি করেছে এবং কি করতে চলেছে তারই একটি সংক্ষিপ্ত রূপরেখা এবারে আমি মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য আপনার কাছে পেশ করছি।

(ক) পৌর নির্বাচন—

বিগত আর্থিক বছরে দুর্গাপুর পৌর নিগম, হলদিয়া, নলহাটি, পাঁশকুড়া, ধূপগুড়ি ও কুপার্স ক্যাম্প পৌরসভায় নির্বাচন হয়ে গেছে। এই আর্থিক বছরে নিম্নলিখিত ১৭টি পৌরসভায় নির্বাচন হয়—

(১) বর্ধমান, (২) গুসকরা, (৩) দুবরাজপুর, (৪) মেদিনীপুর, (৫) পানিহাটি, (৬) হাবরা, (৭) ডায়মন্ডহারবার, (৮) চাকদহ, (৯) আলিপুরদুয়ার, (১০) বালুঘাট, (১১) মেখলিগঞ্জ, (১২) হলদিবাড়ি, (১৩) হাওড়া, (১৪) বহরমপুর, (১৫) কৃষ্ণনগর, (১৬) ঝাড়গ্রাম, (১৭) ডালখোলা।

(খ) নতুন পৌরসভা গঠন—

বিগত ১লা জানুয়ারি, ২০০৩ তারিখ থেকে উত্তর দিনাজপুর জেলায় ডালখোলা পৌরসভা গঠিত হয়েছে।

(গ) পৌর আইন ও বিধি সংশোধন/প্রণয়ন—

বিগত আর্থিক বছরে নিম্নলিখিত আইন ও বিধিগুলি সংশোধন করা হয়েছে :

(১) পশ্চিমবঙ্গ পৌর (সংশোধন) আইন, ২০০২।

(২) পশ্চিমবঙ্গ পৌর (জল সরবরাহ মাশুল ধার্য) বিধি, ২০০২।

(৩) পশ্চিমবঙ্গ পৌর (ওয়ার্ড কমিটি) বিধি ২০০১ সংশোধনী।

(৪) পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ (সংশোধনী) আইন, ২০০২।

(৫) কলকাতা পৌর নিগম (নির্মাণ) বিধি ১৯৯০-এর সংশোধনী।

(৬) পশ্চিমবঙ্গ পৌর (অভ্যন্তরীণ নিরীক্ষা) বিধি ১৯৯৭-এর সংশোধনী।

(৭) এছাড়া কলকাতা ও হাওড়া পৌর নিগম ব্যতিরেখে রাজ্যের অন্যান্য পৌর নিগমগুলির প্রশাসনে আইনগত সমতাবিধান এবং নতুন পৌরনিগম গঠনের জন্য পশ্চিমবঙ্গ পৌরনিগম বিধেয়ক, ২০০২ প্রস্তুত করা হয়েছে। বর্তমানে এটি বিধানসভায় সিলেক্ট কমিটির বিবেচনাধীন।

(ঘ) ভৌগোলিক তথ্য প্রযুক্তি—

সংবিধানের ৭৪তম সংশোধনের মাধ্যমে পৌরসভাগুলির উপরে জমির ব্যবহার, পরিকাঠামো, স্বাস্থ্য ও আর্থ-সামাজিক উন্নয়নের পরিকল্পনা রচনার দায়িত্ব অর্পণ করা হয়েছে। এর জন্য প্রচুর তথ্য সংগ্রহের প্রয়োজন। এই তথ্য ভাণ্ডার তৈরির একটি আধুনিক পদ্ধতি হল ভৌগোলিক তথ্যপ্রযুক্তি। এর সাহায্যে সঠিক পরিকাঠামো, স্বাস্থ্য, শিক্ষা, বাসস্থান ও অর্থনৈতিক অবস্থার পরিমাণগত ও অবস্থানগত ত্রুটি নির্ণয়ে।

এবং বাস্তবসম্মত প্রকল্প রচনায় পৌরসভাগুলি সক্ষম হবে। যেহেতু এর মাধ্যমে বকেয়া করের হিসাব এবং কর বহির্ভূত এলাকার খরব সহজে জানা যাবে তাই পৌরসভাগুলি অধিকতর কর আদায়ের মাধ্যমে তাদের আয় বাড়াতে পারবে। এখনো পর্যন্ত বিশ্বব্যাংক, ইউনিসেফ ও রাজ্য সরকারের আর্থিক সহায়তায় যে পর্যায়ের কাজ চলেছে তাতে হোল্ডিং অনুযায়ী কর সংক্রান্ত তথ্য, ওয়ার্ডভিত্তিক রাস্তা, নিকাশী ইত্যাদি তথ্য ওয়ার্ড মানচিত্রে রাখা হচ্ছে। এর ফলে কর আদায়ের বৃদ্ধি ছাড়াও ওয়ার্ডভিত্তিক পরিকল্পনা তৈরির কাজেও সুবিধা হচ্ছে।

এখন পর্যন্ত ৮৮টি পৌরসভায় এই কাজ শুরু হয়েছে এবং এই কাজগুলি কে.এম.ডি.এ. এবং রাজ্য নগর উন্নয়ন সংস্থার মাধ্যমে রূপায়িত হচ্ছে। এখন পর্যন্ত অল্প কয়েকটি পৌরসভায় এই প্রযুক্তির কাজ প্রায় সমাপ্তির পথে এবং সংশ্লিষ্ট এলাকার নাগরিকরা এই প্রযুক্তির সুবিধা পেতে শুরু করেছেন।

(ঙ) ক্ষুদ্র ও মাঝারি শহর উন্নয়ন প্রকল্প (IDSMT)

রাজ্যের কে.এম.ডি.এ. এলাকা বহির্ভূত ক্ষুদ্র ও মাঝারি শহরগুলির নিবিড় উন্নয়ন ঘটিয়ে কলকাতা মহানগরীর উপর থেকে জনসংখ্যার চাপ কমিয়ে আনা ও সেই সঙ্গে সেইসব শহরগুলিকে উন্নয়নের কেন্দ্র হিসাবে গড়ে তুলে অতিরিক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করা—এই দুটি উদ্দেশ্য নিয়ে আই.ডি.এস.এম.টি. প্রকল্প শুরু হয়েছিল।

বৃহত্তর কলকাতার বাইরের ৮৫টি পৌরসভার মধ্যে এখনও পর্যন্ত ৮২টি পৌরসভাকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে যার মধ্যে ৪৭টি প্রকল্পের কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। এই প্রকল্পগুলির জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এ পর্যন্ত ৩৬ কোটি ৩৯ লক্ষ টাকা পাওয়া গেছে। এছাড়া রাজ্য সরকারের ২৫ কোটি ৫৮ লক্ষ টাকা সহ মোট ৮৫ কোটি ২২ লক্ষ টাকা উক্ত পৌরসভাগুলিকে দেওয়া হয়েছে যার মধ্যে খরচের পরিমাণ প্রায় ৫৬ কোটি ৩ লক্ষ টাকা। ওই প্রকল্পগুলিতে এখনও পর্যন্ত ৯১টি বাজার/বাণিজ্য কেন্দ্র, ৮৬টি রাস্তা, ৩টি সেতু, ১৫টি বাস/ট্রাক টার্মিনাল, ৩৭টি অতিথিশালা, ৩টি গবাদি পশুর জন্য সেড, ৩৭টি কালভার্ট, ৯টি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ১১টি লাইট ও সার্ভিসেস প্রকল্প, ৭০টি কমুনিটি ল্যাট্রিন ও ২২,০০০ খাটা পায়খানাকে স্যানিটারি পায়খানাতে রূপান্তরিত করা হয়েছে। এই প্রকল্পগুলি রূপায়ণের ফলে পৌরসভাগুলির নিজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টি হয়েছে।

এছাড়া যেসব শহরে এই প্রকল্পের কাজ ইতিমধ্যেই শেষ করা হয়েছে সেই সব কিছু কিছু শহরে নতুনভাবে (২য় পর্যায়) অনুরূপ প্রকল্প চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। বিগত আর্থিক বছরে ১০টি শহরের জন্য (দার্জিলিং, জলপাইগুড়ি, রায়গঞ্জ, বালুরঘাট, কাল্না, কাটোয়া, পুরুলিয়া, হলদিয়া, বহরমপুর ও শিলিগুড়ি) মোট ৬৩ কোটি ১২ লক্ষ টাকার প্রকল্প রাজ্যস্তরের মঞ্জুর কমিটি ও কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। কেন্দ্রীয় সরকার এই ১০টি শহরের জন্য এখনও পর্যন্ত মোট ৬ কোটি ৭৮ লক্ষ টাকা প্রদান করেছে। এর মধ্যে রাজ্যে সরকারের নিজস্ব অংশ সহ মোট ৯ কোটি ৭১ লক্ষ টাকা ৮টি পৌরসভাকে দেওয়া হয়েছে এবং প্রকল্প রূপায়ণের কাজও শুরু হয়ে গেছে।

(চ) হাডকো ঋণের সহায়তায় পৌর এলাকার বিশেষ উন্নয়ন—

হাডকোর কাছ থেকে ঋণ নিয়ে রাজ্যের পৌরাঞ্চলের নতুন রাস্তা, রাস্তার মেরামত ও পানীয় জলের যে সব প্রকল্প রূপায়ণের কাজ ১৯৯৯-২০০০ সাল থেকে চলছে সেগুলি হল :

(১) ১৯৯৯-২০০০

বৃহত্তর কলকাতার বাইরের ৮১টি পৌরাঞ্চলে ৬০ কোটি টাকার প্রকল্পের কাজ চলছে যার মধ্যে হাডকোর সাহায্য ৪২ কোটি টাকা। হাডকোর কাছ থেকে ইতিমধ্যে মোট ৪০.০২ কোটি টাকা পাওয়া গেছে এবং তার থেকে প্রায় ৩৬ কোটি টাকা খরচ হয়েছে।

(২) কলকাতা পৌরনিগমের জন্যও ৬ কোটি টাকা ব্যয়র একটি প্রকল্প হাডকো অনুমোদন করে ৬ কোটি টাকা প্রদান করেছে এবং এই প্রকল্পের কাজ প্রায় শেষ।

(৩) হাওড়া পৌরনিগমের জন্যও ২ কোটি টাকার অপর একটি প্রকল্প অনুমোদন করে ২ কোটি টাকা ইতিমধ্যে প্রদান করেছে যার কাজ প্রায় শেষ।

(৪) ২০০০-২০০১

বন্যাবিধ্বস্ত ৫২টি পৌরসভার জন্য ১৮.৫০ কোটি টাকার একটি প্রকল্প হাডকো অনুমোদন করে এখনও পর্যন্ত ১৩ কোটি টাকা দিয়েছে। এই টাকা দিয়ে বন্যাবিধ্বস্ত পৌরাঞ্চলের রাস্তা মেরামত, নতুন রাস্তা ইত্যাদির কাজ অনেকাংশে অগ্রসর হয়েছে।

(ছ) শিশু শিক্ষা কেন্দ্র—

শহরাঞ্চলের ৫-৯ বছরের সমস্ত শিশুকে প্রাথমিক শিক্ষার আওতায় নিয়ে আসার উদ্দেশ্যে প্রথম ও দ্বিতীয় পর্যায়ে ৬৩টি পৌরাঞ্চলে মোট ১১৪৩টি শিশু শিক্ষা কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে। এই জন্য প্রায় ৫.৩৫ কোটি টাকা ইতিমধ্যেই উক্ত পৌরসভাগুলিকে নেওয়া হয়েছে এই কেন্দ্রগুলির কাজ চলছে। বর্তমানে এই কেন্দ্রগুলিকে "সর্বশিক্ষা অভিযান" প্রকল্পের অন্তর্ভুক্ত করার জন্য শিক্ষা দপ্তরের সঙ্গে আলোচনা চলছে।

(জ) পৌর এলাকার খেলার মাঠ উন্নয়ন

৭৪তম সংবিধান সংশোধন আইনের ১২নং তপশিলে পৌরসভাগুলির যে দায়িত্ব ও কর্তব্যের কথা উল্লেখ করা হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে নাগরিকদের ক্রীড়ামনস্ক করে তোলার উপযুক্ত ক্রীড়া পরিকাঠামো তৈরি করা ও প্রতিভাবানসম্পন্ন খেলোয়াড় চিহ্নিত করার উদ্দেশ্যে পৌর এলাকাতে খেলার মাঠ উন্নয়নের কর্মসূচি নেওয়া হয়েছে। বিভিন্ন ধরনের খেলার জন্য মাঠের প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করার উদ্দেশ্যে প্রথম পর্যায়ে কে.এম.ডি.এ. এবং কে.এম.ডি.এ. এলাক বহির্ভূত মোট ২৯টি পৌরসভাকে এই প্রকল্পের আওতায় এনে প্রয়োজনীয় টাকা ইতিমধ্যেই আবন্টন করা হয়েছে। এদের কাজ প্রায় সম্পূর্ণ। এই খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৫০.১৭ লক্ষ মঞ্জুর হয়েছে। বেশ কয়েকটি পৌরসভায় ক্রীড়ার বিভিন্ন বিভাগে প্রশিক্ষণ শিবিরও চলেছে।

(ঝ) মৌল ন্যূনতম পরিষেবা—

এই প্রকল্পে জল সরবরাহ, সর্বজনীন প্রাথমিক শিক্ষা, গৃহনির্মাণ, রাস্তা নির্মাণ প্রভৃতি কর্মসূচি গৃহীত হয়েছে। বিগত ১৯৯৯-২০০০ সাল থেকে কেন্দ্রীয় সরকার এই প্রকল্প বন্ধ করে দিয়েছে। কিন্তু এই প্রকল্পের আওতাভুক্ত কর্মসূচিগুলির গুরুত্ব বিবেচনা করে রাজ্য সরকার নিজস্ব বাজেটখাত থেকে এই কর্মসূচিগুলির রূপায়ণের জন্য টাকা বরাদ্দ করে যাচ্ছে। এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছে মোট ৪৮.৬ কোটি টাকা পাওয়া গিয়েছিল। রাজ্য সরকারের কাছে বিগত বছরে ৪.৪০ কোটি টাকা পাওয়া গেছে। প্রায় ৮৫ কোটি টাকা এ পর্যন্ত এই কর্মসূচিতে ব্যয়িত হয়েছে।

(ঞ) একাদশ অর্থ কমিশন—

একাদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বিগত বছরের প্রাপ্য টাকার শতকরা ৫০ ভাগ অর্থ শীঘ্র পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। এই প্রকল্পে পৌর এলাকাগুলিতে রাস্তা, পানীয় জলের ব্যবস্থা, স্নানাগার, শৌচাগার, নর্দমা, রাস্তার আলো, ভ্যাট, কমিউনিটি কেন্দ্র, বাসগৃহ ইত্যাদি নির্মিত হয়েছে।

(ট) শহরে বসবাসকারী দরিদ্র মানুষদের জন্য গৃহীত প্রকল্পসমূহ—

(১) বাল্মীকি আম্বেদকর মলিন বস্তি আবাসন প্রকল্প (VAMBAY)—

শহরের বস্তিবাসী ও দারিদ্রসীমার নিচে অবস্থানকারী মানুষের নতুন গৃহ নির্মাণ অথবা পুরাতন গৃহের উন্নীতকরণের এবং বস্তি এলাকায় যৌথ শৌচাগার নির্মাণের জন্য এই প্রকল্প চালু হয়েছে ২০০১-২০০২ আর্থিক বছরের শেষ দিকে। প্রকল্পটির দ্বিতীয় পর্যায়ে পৌর ও নগরোন্নয়ন দপ্তরের অন্তর্ভুক্ত পৌরসভা ও উন্নয়ন কর্তৃপক্ষগুলির জন্য বিগত আর্থিক বছরে মোট ২৭ কোটি ৩২ লক্ষ টাকা কেন্দ্রীয় অনুদান হিসাবে বরাদ্দ করা হয়েছে। এখন পর্যন্ত বিভিন্ন পৌরসভা এবং উন্নয়ন কর্তৃপক্ষের কাছ থেকে প্রাপ্ত প্রস্তাবগুলি কেন্দ্রীয় সরকারের অনুদানের জন্য হাডকোর কাছে প্রেরণ করা হয়েছে যার মধ্যে কেন্দ্রীয় অনুদানের পরিমাণ ১৯ কোটি ২৪ লক্ষ টাকা। এ পর্যন্ত ১৪ কোটি ১৮ লক্ষ টাকার অনুমোদন পাওয়া গেছে এবং তার মধ্যে ১০ কোটি ৩৬ লক্ষ টাকা পাওয়া গেছে।

(২) স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনা—

সমাজে আর্থিক ক্ষেত্রে দুর্বলতর মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন বামফ্রন্ট সরকারের পৌরনীতিতে বরাবরই অগ্রাধিকার পেয়ে এসেছে। পরবর্তী সময়ে ৭৪জন সংবিধান সংশোধন আইনের দ্বাদশ তপশীলে দারিদ্র দূরীকরণ ও সমাজের দুর্বল শ্রেণির স্বার্থরক্ষার বিষয়গুলি পৌরসভার দায়িত্ব হিসাবে চিহ্নিত হওয়ায় দারিদ্র প্রশমনের ব্যাপারটি সর্বভারতীয় গুরুত্ব অর্জন করে। এই উদ্দেশ্যে শহরাঞ্চলে দারিদ্রসীমার নিচে অবস্থানকারী পরিবারগুলির সকল সদস্য বিশেষ করে শিশু ও মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে গৃহীত হয়েছে স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনা কর্মসূচি। এই কর্মসূচির সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল, উন্নয়ন পরিকল্পনা রচনা, রূপায়ণ ও নজরদারিতে প্রতিটি দরিদ্র পরিবারের মহিলাদের সক্রিয় অংশগ্রহণ, এর জন্য পৌরসভার নিচে ত্রিস্তরীয় একটি সাংগঠনিক পরিকাঠামো গঠিত হয়েছে। এখনও পর্যন্ত পৌরসভাগুলিতে গঠিত হয়েছে ৩৩,৯৪৮টি পাড়া গোষ্ঠী, ৩,২০৬টি পাড়া গোষ্ঠী সমিতি এবং ২৮৯টি সমষ্টি উন্নয়ন সমিতি। স্বনিযুক্তি কর্মসূচিতে ব্যাংকের কাছে পাঠানো হয়েছে ৩০,৮৭২টি ঋণের আবেদনপত্র, যার মধ্যে মঞ্জুর হয়েছে মাত্র ৫,৭৭৩টি। এই প্রকল্পের আর একটি উল্লেখযোগ্য অংশ হল অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে মহিলাদের ক্ষুদ্র সঞ্চয় ও ঋণদান গোষ্ঠী এবং ডাকুয়া গোষ্ঠী গঠন। এখনও পর্যন্ত বিভিন্ন পৌর এলাকায় এই ধরনের ৬,৫৩৮টি ক্ষুদ্র সঞ্চয় ও ঋণদান গোষ্ঠী গঠিত হয়েছে। বিভিন্ন পৌর এলাকায় এই ধরনের গোষ্ঠীর মহিলারা ঋণ নিয়ে যেসব সামগ্রী তৈরি করছেন, রাজ্যস্তরেও তার প্রদর্শনী হয়েছে এবং প্রশংসা অর্জন

করেছে। এই কর্মসূচি যেভাবে এই রাজ্যে রূপায়িত হয়েছে তা কেন্দ্রীয় সরকারের তরফে কৃত মূল্যায়নে উচ্চ প্রসংশা অর্জন করেছে। এই কর্মসূচিতে পৌরসভাগুলিকে এখনও পর্যন্ত দেওয়া হয়েছে ৪৮.২৪ কোটি টাকা। বিগত বছরে এই প্রকল্পে কেন্দ্রীয় সরকার থেকে ১ কোটি ৮৪ লক্ষ টাকা পাওয়া গেছে ও বছর শেষ হওয়ার আগে আরও ৩ কোটি ১৮ লক্ষ টাকা পাওয়া যাবে। বিভিন্ন পৌরসভাকে বিগত বছরে এ যাবৎ রাজ্য সরকারের দেয় অংশ সহ ৪ কোটি ৫৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

রাজ্য সরকার মহিলাদের আর্থিক দিক দিয়ে আরও স্বনির্ভর করে তোলার উদ্দেশ্যে রাজ্যস্তরে দুটি আলোচনাচক্রের আয়োজন করেন, যাতে পৌরসভার সমষ্টি উন্নয়ন সমিতি, ক্ষুদ্র সঞ্চয় ও ঋণদান গোষ্ঠী এবং ডাকুয়া গোষ্ঠীর সদস্যরা সক্রিয় অংশগ্রহণ করে নিজেদের বক্তব্য পেশ করেন। এছাড়া বিভিন্ন পৌর পরিষেবা প্রদানে যেমন জঞ্জাল সংগ্রহ, নলকূপ সংরক্ষণ, রাস্তার আলো রক্ষণাবেক্ষণ, পৌর অতিথিশালা, প্রেক্ষাগৃহ রক্ষণাবেক্ষণ, পৌর কর, চার্জ, ফি আদায় ইত্যাদিতে এই সব গোষ্ঠীকে যুক্ত করার জন্য পৌরসভাগুলিকে নির্দেশিকা পাঠানো হয়েছে।

(৩) স্বল্প মূল্যে স্বাস্থ্যসম্মত শৌচাগার প্রকল্প

এই প্রকল্পে ১৯৯১ সালে গৃহীত কাজগুলির অনেকটাই শেষ হয়ে গেছে। এই প্রকল্পের বর্তমান ব্যয় দাঁড়িয়েছে ৭৭ কোটি ৩ লক্ষ টাকা। এই প্রকল্প অনুযায়ী মোট ২,১৭,৪৫২টি শৌচাগার নির্মিত হবে। এই পর্যন্ত মোট ৬৮ কোটি ৬৭ লক্ষ টাকা সংশ্লিষ্ট পৌরসভাগুলিকে দেওয়া হয়েছে এবং খরচ হয়েছে মোট ৬১ কোটি ১০ লক্ষ টাকা। এ পর্যন্ত ১,৬২,৩৪৬টি শৌচাগার নির্মিত হয়েছে।

বিগত আর্থিক বছর থেকে প্রকল্পটির একটি সংশোধিত পর্যায়ের কাজ শুরু হয়ে গেছে। এই সংশোধিত প্রকল্পে প্রতিটি শৌচাগার নির্মাণের জন্য ব্যয়িত প্রকল্প মূল্যের শতকরা ৪৫ ভাগ কেন্দ্রীয় সরকারের সাহায্য হিসাবে পাওয়া যাবে এবং বাকি ৫৫ শতাংশ সংশ্লিষ্ট উপভোক্তা অথবা সংশ্লিষ্ট পৌরসভা বহন করবে। নতুন নিয়মানুসারে বাকি থেকে যাওয়া নতুন শৌচাগার নির্মাণের ব্যাপারে পৌরসভাগুলি থেকে প্রাপ্ত বেশ কিছু প্রকল্প হাডকোর কাছে প্রেরণ করা হয়েছে।

এছাড়া ইতিমধ্যেই পশ্চিমবঙ্গে অধিকাংশ শহরে মাথায় করে মলবহনের অমানবিক প্রথার বিলুপ্তি ঘটেছে এবং ২৬টি শহরে এ সম্পর্কে সরকারি প্রজ্ঞাপন প্রকাশিত হয়েছে। আমরা বিগত ১লা এপ্রিল, ২০০৩ থেকে রাজ্যের সমস্ত পৌর এলাকায় এই প্রথার বিলুপ্তির বিষয়ে আইনানুগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করেছি। কোনও পৌরসভায় এর পরেও যদি এই প্রথা চালু থাকে তা হলে সংশ্লিষ্ট পৌরসভার বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ নেওয়া হবে।

(৪) ভারতীয় জনসংখ্যা প্রকল্প—আই.পি.পি.-৮ ও আই.পি.পি.-৮ (সম্প্রসারণ) ও আর.সি.এইচ. প্রকল্প—

বিশ্ব ব্যাংকের আর্থিক সাহায্যপুষ্ট এই কর্মসূচিটি বৃহত্তর কলকাতা এলাকার অন্তর্গত ৪১টি পৌরসভা ও বৃহত্তর কলকাতার বাইরে ১১টি পৌরসভা—মোট ৫২টি পৌরসভায়

গৃহীত হয়েছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল শহরের বস্তিবাসীদের জন্য প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা, মহিলাদের প্রজননজনিত স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার, দরিদ্র বস্তিবাসীর বিশেষত নিজেদের স্বাস্থ্যের উন্নতি এবং স্বাস্থ্য পরিষেবাকে দরিদ্র মানুষদের ঘরে ঘরে পৌঁছে দেওয়া। বিশ্ব ব্যাংকের সহায়তা শেষ হয়েছে বিগত আর্থিক বছরে। তাই রাজ্য সরকারের নিজস্ব পরিকল্পনা খাত থেকে এই প্রকল্পের কাজগুলি চালু রাখা হয়েছে। এতে ৫২টি পৌরসভার প্রায় ৪৫ লক্ষ মহিলা ও শিশু বিশেষভাবে উপকৃত হচ্ছেন। এই প্রকল্পে স্বেচ্ছাসেবী মহিলা স্বাস্থ্য কর্মীরা অত্যন্ত দক্ষতার সঙ্গে স্বাস্থ্য পরিষেবা প্রদানের কাজ করে যাচ্ছেন। এই প্রকল্পের অধীন বহির্বিভাগগুলিতে দরিদ্র ও সাধারণ মানুষেরা অল্প খরচে বিভিন্ন বিভাগের উন্নততর স্বাস্থ্য পরিষেবা পাচ্ছেন। অতি অল্প সময়ের মধ্যেই এ ব্যাপারে সাফল্য অভাবনীয়। এছাড়া পৌর এলাকাগুলিতে স্বাস্থ্য প্রকল্পগুলির সুষ্ঠু পরিচালনার জন্য রাজ্যস্তরে একটি এপেক্স বডি করা হয়েছে।

(৫) জাতীয় বস্তি উন্নয়ন কর্মসূচি

পৌর এলাকার বস্তি অঞ্চলে পানীয় জল, রাস্তা, নিকাশী নর্দমা, কম্যুনিটি শৌচাগার ও কম্যুনিটি স্নানাগার ইত্যাদি পরিষেবা পরিকাঠামো উন্নয়ন, সামাজিক উন্নয়ন ও বাসগৃহ সংস্কার, সম্প্রসারণ ও নির্মাণের উদ্দেশ্যে এই কর্মসূচি নেওয়া হয়েছে। এটি স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার পরিপূরক প্রকল্প। এই কর্মসূচিতে এখনও পর্যন্ত পৌর এলাকায় মোট ৫২,৭৫,৮৭৯ বর্গমিটার রাস্তা, ৩,৫৫,৮৫২ মিটার পানীয় জলের পাইপ লাইন, ৬,১০,৫২৪ মিটার নর্দমা, ৫৫,৫৪৫ মিটার ভূ-গর্ভস্থ নিকাশী নালা, ২৩,৭৩৩টি রাস্তার আলোক স্তম্ভ, ২,১৬৬টি জলের ট্যাপ, ৪,২৬৭টি অগভীর নলকূপ, ১৪১টি গভীর নলকূপ, ৫৬৭টি কম্যুনিটি স্নানাগার, ৫,০৩৬টি কম্যুনিটি শৌচাগার, ১,০৫৬টি ডাস্টবিন, ১৪৪টি কম্যুনিটি কেন্দ্র ১৬১টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, ৪,৬২৩টি আবাস এবং ৮১টি প্রাথমিক বিদ্যালয় গৃহ তৈরি হয়েছে।

এই কর্মসূচিতে এখনও পর্যন্ত তৈরি হয়েছে মোট ১৬৬.৪০ লক্ষ শ্রমদিবস ও পৌরসভাগুলিকে দেওয়া হয়েছে ১,২৯৪.৩২ কোটি টাকা।

(ঠ) পরিকল্পনা বহির্ভূত অনুদান—

স্থানীয় সরকার হিসাবে পৌরসভাগুলি যাতে সুষ্ঠুভাবে নিজেদের দায়িত্ব ও কর্তব্য পালন করতে পারে সেই জন্য তাদের অর্থের প্রয়োজন অনস্বীকার্য। পৌরসভার আভ্যন্তরীণ রাজস্ব আদায়ে সীমাবদ্ধতা আছে। সেই কারণে রাজ্য অর্থভাণ্ডার থেকে বিভিন্ন পরিকল্পনা-বহির্ভূত খাতে পৌরসভাগুলিকে অনুদান দেওয়া হয়ে থাকে। এই খাতগুলি প্রধানত পৌরকর্মীদের বেতন/মহার্ঘ্যভাতা/অবসরভাতা বাবদ নির্দিষ্ট অনুদান, প্রমোদকর বাবদ অনুদান ইত্যাদি। বিগত আর্থিক বছরে এই খাতগুলিতে মোট প্রায় ৫০২ কোটি টাকা অবন্টিত হয়েছে।

(ড) বিদেশি অর্থ ও কারিগরি সহায়তায় উন্নয়ন—

(১) ইতালি সরকারের আর্থিক সহায়তায় গৃহীত প্রকল্পসমূহ—

পৌর এলাকায় জল সরবরাহ ও বর্জ্য পদার্থ ব্যবস্থাপনার উন্নতির জন্য রাজ্যের ১৪টি পৌরসভা যথা পুরুলিয়া, ঝালদা, বাঁকুড়া, সোনামুখী, বিষ্ণুপুর, ঝাড়গ্রাম, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, মাল, কুচবিহার, দিনহাটা, মাথাভাঙ্গা, মেখলিগঞ্জ ও হলদিবাড়ির জন্য ১২৫ কোটি টাকা মূল্যের একটি প্রকল্পে গত ৫ই ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে কেন্দ্রীয় সরকারের অর্থ মন্ত্রকের অধীন অর্থনৈতিক বিভাগের অনুমোদন মিলেছে। এই প্রকল্পে প্রাপ্ত ইতালীয় সাহায্যের পরিমাণ ১০০ কোটি টাকা যা অত্যন্ত স্বল্প সূদে কেন্দ্রীয় সরকার গ্রহণ করছেন। কিন্তু প্রচলিত নিয়ম অনুযায়ী—যা অত্যন্ত অযৌক্তিক—উক্ত টাকার ৭০ শতাংশ অনেক বেশি সুদে ঋণ হিসাবে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দেবেন। এই প্রকল্পে রাজ্য সরকারকে বহন করতে হবে ২৫ কোট টাকা। আশা করা যায় ২০০৩-২০০৪ সালের প্রথম দিকে এই প্রকল্পের কাজ শুরু হবে। এর জন্য বর্তমান আর্থিক বছরে কিছু টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

এশিয়া আর্বস প্রকল্প—

রাজ্যের চারটি পৌর নিগম—হাওড়া, দুর্গাপুর, আসানসোল ও শিলিগুড়ি পৌর নিগম এলাকায় পানীয় জল প্রকল্প এবং বর্জ্য জল ব্যবস্থাপনার জন্য ইতালি এবং স্পেনের দুটি শহরকে যুক্ত করে কেন্দ্রীয় সরকার ও ইউরোপীয়ান কমিশন ইতিমধ্যেই একটি প্রয়োজনীয় কারিগরি প্রশিক্ষণের প্রস্তাব অনুমোদন করেছে। বর্তমানে প্রকল্পটির রূপরেখা তৈরির কাজ শুরু হয়েছে।

(২) কলকাতা আরবান সার্ভিসেস ফর দি পুওর (কে.ইউ.এস.পি.)—

কলকাতা পৌরসভা ব্যতীত বৃহত্তর কলকাতা এলাকায় অবস্থিত চল্লিশটি পৌর এলাকার দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী প্রায় ২৪ লক্ষ শহরবাসীর জীবনযাত্রার মান উন্নয়নকল্পে এই কর্মসূচি গৃহীত হয়েছে। ব্রিটিশ সরকারের ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ডি.এফ.আই.ডি.)-এর মাধ্যমে ব্রিটিশ অর্থ সাহায্যে এই কর্মসূচি শীঘ্রই রূপায়িত হতে চলেছে। এই প্রকল্পের মোট অর্থ মূল্য আনুমানিক ৭১৪ কোটি টাকা। এই অর্থ অনুদান হিসাবে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আমাদের রাজ্যে আসবে এবং রাজ্যের রাজ্য সরকারের পৌর বিষয়ক বিভাগের পরিকল্পনায় সংশ্লিষ্ট পৌরসভাগুলি এবং কে.এম.ডি.এ. প্রকল্পটি রূপায়িত করবে। পৌরসভাগুলির দক্ষতা বৃদ্ধি, পৌর এলাকায় অর্থনৈতিক উন্নয়ন এবং রাস্তা, নর্দমা, পানীয় জল সরবরাহ, স্বাস্থ্য, জঞ্জাল অপসারণ ইত্যাদি পরিষেবা/পরিকাঠামো উন্নয়নের জন্য টাকা ব্যয় হবে। এই প্রকল্প নিয়ে আলোচনা চূড়ান্ত পর্যায়ে আছে এবং আশা করা যাচ্ছে বর্তমান আর্থিক বছরের জুন মাসের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হবে। প্রকল্পটির কার্যকাল ৮ বছর।

(৩) ফরাসি সরকারের সহযোগিতায় বিধাননগর পৌরসভা এলাকার অন্তর্গত দুটি ওয়ার্ডে সমস্ত গ্রাহকদের জন্য ওয়াটার মিটার স্থাপনের একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। প্রকল্পটির রূপরেখা তৈরির কাজ চলছে।

(৫) কলকাতা পৌর নিগম

(ক) কলকাতা পরিবেশ উন্নয়ন প্রকল্প :

কলকাতা পৌর নিগমে সদ্য অন্তর্ভুক্ত এলাকার জল-নিকাশি ব্যবস্থা এবং পয়ঃপ্রণালীর উন্নয়নের জন্য এবং সমগ্র পৌরনিগম এলাকায় বস্তি উন্নয়নের জন্য এশীয় উন্নয়ন ব্যাংক-এর আর্থিক ঋণের সাহায্যে কলকাতা পরিবেশ উন্নয়ন প্রকল্প নামে একটি কর্মসূচি ২০০০ সালের মার্চ মাস থেকে চালু হয়েছে। ১৮৫০ কোটি টাকার মোট প্রকল্প মূল্যের মধ্যে এশীয় উন্নয়ন ব্যাংক দেবে ১১০০ কোটি টাকা, ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ডি.এফ.ডি.আই.) দেবে ২০০ কোটি টাকা, রাজ্য সরকার দেবে ২৭৩ কোটি ও কলকাতা পৌর নিগমের দেয় ২৭৭ কোটি টাকা। এই প্রকল্পে কলকাতা পৌর নিগম এলাকায় প্রায় ৫৩ কি.মি. খাল সংস্কার এবং বিস্তীর্ণ এলাকায় নিকাশি ব্যবস্থার উন্নতি ও বিভিন্ন বস্তি উন্নয়নের কাজ করা হবে। ডি.এফ.আই.ডি.-র প্রদেয় অর্থ কলকাতা পৌর নিগমের আভ্যন্তরীণ ক্ষমতা বৃদ্ধির কাজে এবং বিভিন্ন বিভাগের আধুনিকীকরণে ব্যয়িত হবে। ইতিমধ্যে টালি নালা সংস্কারের কাজ শুরু হয়েছে। এ বাবদ ১.৬০ কোটি টাকা রাজ্য সরকারের শেয়ার হিসাবে মঞ্জুর করা হয়েছে। শীঘ্রই অন্যান্য খাল সংস্কারের কাজ শুরু হবে। বস্তি উন্নয়নের কাজও শুরু হয়েছে। এই প্রকল্পের কার্যকাল ২০০৭ সাল পর্যন্ত। প্রকল্পটি সুষ্ঠুভাবে রূপায়ণের জন্য রাজ্য সরকার এবং পৌর নিগমকে যুক্ত করে একটি উচ্চ পর্যায়ের স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে। প্রকল্পটি সঠিক সময়ে রূপায়ণের জন্য রাজ্য সরকার ও পৌর নিগমের পক্ষ থেকে বিশেষ নজর রাখা হচ্ছে।

(খ) ইন্দো-ফ্রেঞ্চ প্রোটোকল :

ফরাসি সরকারের আর্থিক সহযোগিতায় কলকাতা পৌর নিগম এলাকায় ১ থেকে ১০০ নং ওয়ার্ডে পানীয় জলের পাইপলাইন মানচিত্র তৈরি, বিভিন্ন শিল্প, বাণিজ্যিক ও প্রাতিষ্ঠানিক সংস্থাগুলিতে ওয়াটার মিটার স্থাপন এবং ফ্লো ও পানীয় জলের চাপ পরিমাপের জন্য মনিটারিং ইউনিট স্থাপনের জন্য ৪৩ কোটি টাকা মূল্যের একটি প্রকল্প ২০০০ সালে গ্রহণ করা হয়েছিল। এর মধ্য কলকাতা পৌর নিগমের দেয় ১১ কোটি টাকা। প্রকল্পটির প্রাথমিকভাবে ৩০ মাসের জন্য গ্রহণ করা হয়েছিল কিন্তু বর্তমানে এটি শেষ হবার কথা ২০০৩ সালের মে মাসে। এখন পর্যন্ত পূর্বে স্থিরিকৃত সমস্ত ওয়ার্ডে প্রাথমিক পাইপলাইন-এর মানচিত্র তৈরির কাজ প্রায় শেষ। এছাড়া ৬৩নং ওয়ার্ডে সমস্ত পাইপলাইনের মানচিত্র তৈরির কাজ প্রায় শেষ। এখনো পর্যন্ত শহরের বিভিন্ন এলাকায় ৭৭টি মনিটরিং ইউনিট বসানো হয়েছে এবং ৪৭টি মিটারের মধ্যে ১৫টি বসানোর কাজ হয়েছে।

(গ) এছাড়া বিগত আর্থিক বছরে বকেয়া পৌর কর আদায়ের জন্য পৌর নিগমের একটি বিশেষ ছাড় প্রকল্প রাজ্য সরকার অনুমোদন দিয়েছেন। এই প্রকল্পে বকেয়া

পৌরকর বাবদ প্রাপ্ত সুদ ছাড় দেবার ফলে পৌর নিগমের আদায় হয়েছে প্রায় ১২০ কোটি টাকা। এছাড়া বিভিন্ন পানীয় জল প্রকল্প রূপায়ণের জন্য রাজ্য সরকারের অনুমোদন সাপেক্ষে বন্ড বিক্রয়ের মাধ্যমে পৌর নিগমের আয় হয়েছে ৫০ কোটি টাকা।

৬। পৌরসভার দক্ষতা বৃদ্ধি

পৌরসভাগুলি তাদের উপর ন্যস্ত ক্রমবর্ধমান দায়-দায়িত্ব যাতে সুষ্ঠুভাবে পালন করতে পারে সেইজন্য স্থানীয় সংস্থার অধিকার, পৌরকারিগরি অধিকার, ইলগাস, রাজ্য নগর উন্নয়ন সংস্থা ও পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদের মতো প্রতিষ্ঠানগুলি, নিয়মিত পৌরসভাগুলির সঙ্গে যোগাযোগ রক্ষা করে তাদের প্রয়োজনীয় ও সময়োপযোগী প্রশাসনিক ও কারিগরি সহায়তা দিচ্ছে। পৌরসভাগুলিতে আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা রক্ষা, নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়ন কর্মসূচিগুলি সঠিকভাবে রূপায়ণ, দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি রূপায়ণ, পৌরসভার রাজস্ব বৃদ্ধি, নির্বাচিত পৌরসদস্য ও পৌরকর্মীদের দক্ষতা বৃদ্ধিতে এই প্রতিষ্ঠানগুলির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পৌরপ্রধান ও অন্যান্য নির্বাচিত সদস্যদের দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে ইলগাস বহুবিধ কর্মসূচি গ্রহণ করেছে। পৌরসভার নির্বাহী আধিকারিক হিসাবে বিভিন্ন বিভাগে চাকুরিরত ব্যক্তিকে নিয়োগ করার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা নেওয়া হয়েছে। সরকার অনুমোদিত বিভিন্ন পদে চুক্তির ভিত্তিতে কর্মী নিয়োগের কথা বলা হয়েছে। পৌরসভায় আর্থিক শৃঙ্খলা সুনিশ্চিত করার জন্য আভ্যন্তরীণ হিসাব রক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এজন্য বিভিন্ন চার্টার্ড একাউন্টেন্সী ফার্মকে এবং পশ্চিমবঙ্গ নিরীক্ষণ অধিকারের নিরীক্ষকদের মাধ্যমে হিসেব তৈরি করা এবং হিসাব পরীক্ষা করার দায়িত্ব দেওয়া হয়েছে। এজন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন ও তার সংশোধনও করা হয়েছে।

৭। পৌরসভাগুলির আভ্যন্তরীণ ক্ষমতা বৃদ্ধি করতে হলে এবং প্রদেয় পরিষেবার গুণগত মানের উন্নতি সাধন করতে হলে যেটি প্রয়োজন তা হল এদের নিজস্ব আয় বৃদ্ধি করা। বিগত তিনটি আর্থিক বছরের পরিসংখ্যানে দেখা যায় যে যেখানে রাজ্যের মোট ১২৫টি পৌরসভাকে পরিকল্পনা বহির্ভূত খাতে প্রদেয় অর্থের পরিমাণ ছিল যথাক্রমে ৪৮৬.৩৭, ৫০২.৭৬ এবং ৫০২.০২ কোটি টাকা সেখানে ঐ আর্থিক বছরগুলিতে পৌরসভাগুলি রাজস্ব কর এবং রাজস্ব বহির্ভূত কর বাবদ আদায় করেছে যথাক্রমে ৩৫৯.৮৫, ৩৭৯.৫৫ এবং ৪১৩.৩৮ কোটি টাকা মাত্র। সুতরাং দেখা যাচ্ছে যে, রাজ্যের পৌরসভা ও পৌরনিগমগুলি তাদের মোট আয়ের ক্ষেত্রে রাজ্য সরকারের দেয় অনুদানের ওপর গড়ে শতকরা প্রায় ৫৭ ভাগ নির্ভরশীল হয়ে আছে। নিজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্রে কর বাবদ রাজস্ব আদায়ে সামান্য ঊর্ধ্বগামীতা লক্ষ্য করা গেলেও রাজস্ব বহির্ভূত খাতে আদায়ের ক্ষেত্রে পরিমাণগত বৃদ্ধি হয়ে থাকলেও মোট আয়ের ক্ষেত্রে এই আদায়ের শতকরা অনুপাত সন্তোষজনক নয়। ১৯৯৯-২০০০ সালে যেখানে রাজস্ব কর বাবদ ও রাজস্ব বহির্ভূত কর বাবদ আদায়ের শতকরা অনুপাত ছিল ৫৮ : ৪২, সেখানে ২০০০-২০০১ সালে ও ২০০১-২০০২ সালের হিসাবে এই শতকরা অনুপাতের পরিমাণ দাঁড়িয়েছে ৫৭ : ৪৩ ও ৫৮ : ৪২।

৮। রাজস্ব বাবদ কর আদায়ের ক্ষেত্রে সামান্য কিছু উন্নতি লক্ষ্য করা গেলেও পৌর এলাকায় মোট ধার্য চাহিদার এক বিপুল পরিমাণ রাজস্ব অনাদায়ী থেকে যাচ্ছে। বিগত তিনটি আর্থিক বছরের প্রাপ্ত হিসাব থেকে দেখা যাচ্ছে রাজস্ব করের মোট ধার্য চাহিদার তুলনায় গড়ে শতকরা ৭০-৭৩ ভাগ রাজস্ব অনাদায়ী থাকছে। রাজ্যের শহর এলাকাগুলিই দেশের আর্থিক সম্পদ সৃষ্টির মূল ক্ষেত্র (Generator of Economic Momentum-GEM) হিসাবে চিহ্নিত। তাছাড়া কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বহু অফিস ও কার্যালয় এই সমস্ত শহরগুলিতে ছড়িয়ে আছে। তাছাড়া বহু বাণিজ্যিক প্রতিষ্ঠান, উন্নত ও আধুনিক প্রযুক্তিসম্পন্ন সংস্থার কার্যালয়গুলিও রাজ্যের বিভিন্ন শহরাঞ্চলেই অবস্থিত। আরও বিভিন্ন ক্ষেত্রে রাজ্যের শহরাঞ্চলে আর্থিক সম্পদ বৃদ্ধির জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা আছেই ফলত এই এলাকাগুলিতে রাজস্ব আদায় বৃদ্ধি করার ক্ষেত্রে অনেক সুযোগ আছে। তা সত্ত্বেও আদায়ীকৃত রাজস্বের পরিমাণ মোট চাহিদার ২৭-৩০ শতাংশ মাত্র। আমাদের রাজ্যে জনপ্রতি ধার্য করের পরিমাণ দেশের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক কম। অনেক কম হওয়া সত্ত্বেও রাজস্ব বৃদ্ধির ক্ষেত্রে তেমন কোনো উল্লেখযোগ্য উন্নতি পরিলক্ষিত হচ্ছে না।

৯। পৌরসভাগুলির সার্বিক এই পরিস্থিতিতে আমরা রাজস্ব আদায়ের বিষয়টির উপর বিশেষ গুরুত্ব আরোপ করছি। পাশাপাশি জিনিসপত্রের মূল্যবৃদ্ধি, কর্মচারীদের বেতন বৃদ্ধি ইত্যাদির ফলে বিভিন্ন পরিষেবা বিশেষত পানীয় জলের প্রকল্পগুলির পরিচালন এবং রক্ষণাবেক্ষণের খরচ বিগত কয়েক বছরে বহুগুণ বৃদ্ধি পেয়েছে। রাজ্যের শহরাঞ্চলে বসবাসকারী ৮৫-৯০ শতাংশ নাগরিকের কাছে বর্তমানে পরিশ্রুত পানীয় জল সরবরাহ করা হয়ে থাকে। বৃহত্তর কলকাতা এলাকায় কে.এম.ডব্লু.এস.এ., কে.এম.ডি.এ. ও কলকাতা পৌর নিগম এই পানীয় জলের প্রকল্পগুলি নির্মাণ করে থাকে এবং সেইগুলি থেকে জল সরবরাহ ও প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণ ও পরিচালনার দায়িত্বে আছে। কলকাতার বাইরের শহরাঞ্চলের এই দায়িত্ব পালন করে জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তর। প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করতে বর্তমানে কর্মচারীদের বেতন বাদে খরচ হয় প্রায় ১১০ থেকে ১১৫ কোটি টাকা, এর সিংহভাগই বিদ্যুতের চার্জ। পাশাপাশি কে.এম.ডব্লু.এস.এ. এবং কে.এম.ডি.এ. বিভিন্ন পৌরসভাকে যে পানীয় জল সরবরাহ করে তা বাবদ পৌরসভাগুলির কাছে তাদের প্রাপ্য অর্থের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ২৮০ কোটি ও ১৯ কোটি টাকা। এর মধ্যে শুধু কলকাতা পৌর নিগমের বকেয়া অর্থের পরিমাণ প্রায় ২৩১ কোটি টাকা। পৌরসভাগুলিকে এই বকেয়া অর্থ কিস্তিতে প্রদানের জন্য সরকারি নির্দেশ দেওয়া হয়েছে। তাছাড়া আগামী ১লা এপ্রিল, ২০০৩ থেকে রাজ্যের কে.এম.ডি.এ. এলাকা বহির্ভূত পৌরাঞ্চলে জল সরবরাহ প্রকল্পগুলি জনস্বাস্থ্য কারিগরি দপ্তর থেকে সংশ্লিষ্ট পৌরসভাগুলিতে প্রকল্পগুলি হস্তান্তর করে দেবার ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে এই সমস্ত প্রকল্পগুলির জন্য বকেয়া যে সমস্ত পাওনা তা জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তর বহন করবে কিন্তু ১লা এপ্রিল, ২০০৩ তারিখ থেকে প্রকল্পগুলি পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং জল সরবরাহজনিত খরচ সংশ্লিষ্ট পৌরসভাগুলিকেই বহন করতে হবে।

এই অবস্থায় রাজ্যের শহর এলাকায় যাতে ভবিষ্যতে স্বাভাবিক জল সরবরাহ অব্যাহত রাখা যায় সেই উদ্দেশ্যে পানীয় জল সংযোগ নিয়েছেন এমন প্রতিটি গ্রাহকদের থেকে একটি চার্জ বা ফি আদায়ের প্রয়োজন আবশ্যক হয়ে পড়েছে। কিছু পৌরসভা, বিভিন্ন সংস্থা এই বাবদ গ্রাহকদের কাছ থেকে বিভিন্ন ধরনের এবং বিভিন্ন হারে চার্জ আদায় করে আসছিল। বিভিন্নভাবে ধার্য এই চার্জগুলিকে এক সূত্রে আবদ্ধ করার লক্ষ্যে রাজ্যের সকল পৌরসভা এবং সংশ্লিষ্ট সংস্থাগুলির জন্য পশ্চিমবঙ্গ পৌর (জল সরবরাহ মাশুল ধার্য) বিধি, ২০০২ প্রণয়ন করা হয়েছে এবং তা বিগত ১লা ফেব্রুয়ারি, ২০০৩ তারিখ থেকে কার্যকরী হয়েছে। মূলত পৌর এলাকায় ধার্য বার্ষিক পৌর করের বিভিন্ন সীমা অনুযায়ী এই চার্জ ধার্য করা হয়েছে। ব্যবসায়িক ও শিল্প ক্ষেত্রে জল সরবরাহের জন্য ফেরুল সাইজের উপর বিভিন্ন হারে চার্জ ধার্য করা হয়েছে। মিটার সরবরাহের ক্ষেত্রে উক্ত উভয় ক্ষেত্রেই কিলোলিটার ভিত্তিক চার্জের হার স্বতন্ত্র। মূলত গরীব শহরবাসীদেরকে চার্জের আওতার বাইরে রাখা হয়েছে। বর্তমানে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে জল পরিষেবা আদায়ীকৃত চার্জের পরিমাণ অনেক বেশি। রাজ্যের শহরাঞ্চলের বাসবাসকারী নাগরিকদের অপেক্ষাকৃত অনেক কম দামে জল সরবরাহ করার সুযোগ আমাদের সরকার দিয়ে চলেছে।

১০। রাজ্যের বিভিন্ন পৌরসভাগুলির সঙ্গে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সম্পর্ক অত্যন্ত নিবিড়। ৭৪তম সংবিধান সংশোধন আইনকে আমাদের সরকার অত্যন্ত মর্যাদা দিয়েছে। পশ্চিমবঙ্গ এমনই একটি রাজ্য যেখানে ৭৪তম সংবিধান সংশোধনীর যাবতীয় বিষয়গুলি শুধু অত্যন্ত গুরুত্বের সঙ্গে গ্রহণ করাই হয়নি তার প্রতিটি বিষয়কে প্রয়োগ করা হয়েছে। পৌরসভাগুলির সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে কোনো বিশেষ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি বিচার করা হয়নি। কলকাতা পৌর নিগম বর্তমানে বিরোধী রাজনৈতিক দল দ্বারা পরিচালিত হয়ে থাকলেও তারা বিভিন্ন সময়ে যে যে প্রস্তাব রাজ্য সরকারের কাছে পাঠিয়েছেন সেই সমস্ত প্রস্তাবগুলিকেই আমরা সহানুভূতির সঙ্গে বিচার করেছি এবং অধিকাংশ প্রস্তাবই রাজ্য সরকার অনুমোদন দিয়েছে। কলকাতা পৌর এলাকায় বকেয়া কর আদায় করার জন্য, বিশেষ সুদ মকুব প্রকল্প, পৌর এলাকায় পানীয় জল প্রকল্পের জন্য অর্থ আদায়ের জন্য বন্ডের প্রস্তাব ইত্যাদি উল্লেখযোগ্য। এছাড়া কলকাতা শহরাঞ্চলের পরিবেশ উন্নয়ন ও বিভিন্ন ওয়ার্ডে নিকাশি ব্যবহার দ্রুত উন্নতি ও বস্তি উন্নয়নের লক্ষ্যে কলকাতা পৌর নিগম যে ''কলকাতা পরিবেশ উন্নয়ন প্রকল্প'' গ্রহণ করেছে তার মধ্যে রাজ্য সরকারকে বহন করতে হবে প্রায় ২৭৩ কোটি টাকা। আগামী ২০০৭ সালে প্রকল্পটি সম্পূর্ণ করার লক্ষ্যে রাজ্য সরকারের তরফ থেকে আমরা প্রয়োজনীয় সমস্ত সহযোগিতা প্রদান করেছি।

১১। রাজ্যের কিছু কিছু পৌরসভা কর্তৃক কোনো কোনো সময়ে কিছু কিছু বেআইনি কাজ যেমন অতিরিক্ত কর্মচারী নিয়োগ, আর্থিক নিময় লংঘন, অপ্রয়োজনীয় খরচ ইত্যাদি বিষয়ের প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষিত হয়েছে। এই বিষয়গুলি শীঘ্র বন্ধ করার উদ্দেশ্যে পৌর বিষয়ক দপ্তরের পক্ষ থেকে বাংলায় একটি বিশেষ নির্দেশিকা জারি করা হয়েছে। সরকার এই সমস্ত পৌরসভাগুলির কাজকর্মের দিকে তীক্ষ্ণ নজর রেখে চলেছে এবং তাদের উন্নয়ন খাতে টাকা দেওয়া বেশ কিছুদিন বন্ধ ছিল। পাশাপাশি যারা ভালো কাজ

করেছে, আর্থিক নিয়ম-শৃঙ্খলা মেনে চলছে, পৌরকর আদায়ে উল্লেখযোগ্য উন্নতি করছে তাদের উৎসাহ দানের জন্য কিছু শর্ত সাপেক্ষে বিশেষ অনুদান দেওয়া হয়েছে। এখন পর্যন্ত ১৩টি পৌরসভা এই "প্রোৎসাহ অনুদান" বাবদ রাজ্য সরকারের কাছ থেকে মোট ২ কোটি ১২ লক্ষ টাকা পেয়েছে। পাশাপাশি যে সমস্ত পৌরসভা মহিলাদের আর্থিক স্বনির্ভরতার লক্ষ্যে সম্পূর্ণ দারিদ্র্য মহিলাদের দ্বারা পরিচালিত ক্ষুদ্র সঞ্চয় ও ঋণদান গোষ্ঠী তৈরি করেছে, সেই সংখ্যার ভিত্তিতে আরও ৮৫ লক্ষ টাকা এই খাতে পৌরসভাগুলিকে দেওয়া হয়েছে। ছোট পৌরসভাগুলিকে এই প্রোৎসাহ অনুদান খাতে আমরা কিছু কিছু অর্থ দিয়েছি যাতে তারা আরও ভালোভাবে পরিষেবাজনিত কাজগুলি চালিয়ে যেতে পারে।

১২। পৌর এলাকায় বসবাসকারী নাগরিকদের জীবনযাত্রার সার্বিক মানোন্নয়ন শুধুমাত্র পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে সীমাবদ্ধ রাখলেই চলবে না, পৌরসভাগুলিকে সামাজিক পরিকাঠামো সৃষ্টি এবং পরিষেবা প্রদানের উপর অনেক বেশি গুরুত্ব দিতে হবে। মৌল সামাজিক সূচকগুলি, যেমন স্বাস্থ্য, কর্মসংস্থান ইত্যাদি বিষয়গুলির সঙ্গে সাযুজ্য রেখে উন্নয়ন পরিকল্পনা রূপায়ণের মাধ্যমেই কেবলমাত্র এলাকার সার্বিক উন্নয়ন সম্ভব। পৌরসভার বিভিন্ন কাজের সঙ্গে জনগণের অংশগ্রহণকে আরও বাড়িয়ে তোলার জন্য প্রয়োজন আরো বেশি সমষ্টি উন্নয়ন সমিতি, পাড়া সমিতি, ইত্যাদি গড়ে তোলা এবং সেগুলিকে বিভিন্ন সামাজিক কর্মসূচিতে যথোপযুক্ত ব্যবহার করা। শহর এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষদের উন্নতির জন্য প্রয়োজন ওই এলাকার মহিলাদের আরো বেশি ক্ষমতায়ন ও উন্নয়নের কাজে প্রত্যক্ষ অংশগ্রহণকে আরও বৃদ্ধি করা।

১৩। কোনো প্রতিষ্ঠানের সুনাম অনেকাংশে নির্ভর করে সেখানে কর্মরত আধিকারিক এবং অন্যান্য কর্মচারীর দক্ষতা, ঐকান্তিকতা, দায়বদ্ধতা এবং পরিষেবা প্রদানের গুণগত মানের উপর। রাজ্যের পৌরসভাগুলিও এর ব্যতিক্রম নয়। এই পৌরসভাগুলিতে কর্মরত সমস্ত কর্মচারীদের এবং পৌর প্রশাসন পরিচালনার দায়িত্বে যাঁরা আছেন তাঁদের এ বিষয়টি সর্বাগ্রে মাথায় রাখা দরকার। পরিষেবা প্রদানের ক্ষেত্রে বর্তমানে যে সমস্ত প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে সেগুলির প্রকৃত ব্যবহারের মাধ্যমেই এই সমস্ত বিষয়ে উন্নতি করা সম্ভব।

১৪। রাজ্যের পৌরসভা ও পৌর নিগমগুলিকে তাদের সমস্ত সম্পদকে প্রকৃত ব্যবহারের মাধ্যমে আরও বেশি স্বয়ংসম্পূর্ণ এবং স্বনির্ভর হতে হবে। রাজ্য সরকারের উপর নির্ভরশীলতা কমানোর সময় এসেছে। পৌর এলাকায় বসবাসকারী নাগরিকদের মধ্যে ও বিষয়ে আরও সচেতনতা বাড়ানো দরকার। এর জন্য আরও প্রয়োজন রাজনৈতিক সদিচ্ছা ও সচেতনতা। উন্নয়নের ক্ষেত্রে সংকীর্ণ রাজনীতির ঊর্ধ্বে উঠে নাগরিকদের, বিশেষত শহর এলাকার দারিদ্র্য মানুষদের জীবনযাত্রার মানের গুণগত উত্তরণই আজ মূল লক্ষ্য হওয়া উচিত।

এই আশা রেখে, সকলকে অভিনন্দন জানিয়ে, আমি আমার দাবিগুলি সভার অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 40

Major Heads : 2217—Urban Development, 2235—Social Security and Welfare—2245—Relief on account of Natural Calamities, 2501—Special Programme for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes, 3451—Secretariat—Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4515—Capital Outlay on Other Rural Development Programmes and 6515—Loans for Other Rural Development Programmes

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 646,52,44,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads: "2217—Urban Development, 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2501—Special Programme for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes, 3451—Secretariat—Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4515—Capital Outlay on Other Rural Development Programmes and 6515—Loans for Other Rural Development Programmes" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 240,12,00,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০৩-২০০৪ আর্থিক বৎসরের ব্যয় নির্বাহের জন্য "২৫০১—স্পেশাল প্রোগ্রামস ফর রুরাল ডেভেলপমেন্ট" মুখ্যখাত অধীনে ৪,৯০,৫০,০০০ টাকা (চার কোটি নব্বই লক্ষ পঞ্চাশ হাজার টাকা), "২৫০৫-রুরাল এমপ্লয়মেন্ট" মুখ্যখাত অধীনে ৩৫,৫৫,৭০,০০০ টাকা (পঁয়ত্রিশ কোটি পঞ্চান্ন লক্ষ সত্তর হাজার টাকা) "২২৩৫-৬০-১০২" মুখ্যখাত অধীনে জাতীয় বার্ধক্যভাতা প্রকল্প ও জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পের জন্য ৩৬,০৬,০০,০০০ টাকা (ছত্রিশ কোটি ছয় লক্ষ টাকা) এবং "২৫১৫-আদার রুরাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস", "৩৬০৪-কম্পেন্সেসান অ্যান্ড এসাইনমেন্টস টু লোকাল বডিজ অ্যান্ড পঞ্চায়েতী রাজ ইনস্টিটিউসনস (পঞ্চায়েতী রাজ)", "৪৫১৫-ক্যাপিট্যাল আউটলে অন আদার রুরাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিটি ডেভেলপমেন্ট)", "৬৫১৫-লোনস ফর আদার রুরাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস (কমিউনিটি

ডেভেলপমেন্ট)'' এবং ''৩৪৫১-০৯০-সেক্রেটারিয়েট ইকনমিক সার্ভিসেস'' ''২২১৭-আরবান ডেভেলপমেন্ট'' এবং ''২২৪৫-রিলিফ অন অ্যাকাউন্ট অব ন্যাচারাল ক্যালামিটিজ'' মুখ্যখাত সমূহের অধীনে মোট ৫৭০,০০,২৪,০০০ টাকা (পাঁচশত সত্তর কোটি চব্বিশ হাজার টাকা) মঞ্জুর করার প্রস্তাব পেশ করছি।

২। এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের অবগতির জন্য এই দপ্তরের কাজকর্ম সম্পর্কে কিছু বক্তব্য পেশ করতে চাই।

২.১। এই রাজ্যের গ্রামাঞ্চলের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে রাজ্যের পঞ্চায়েতগুলি ইতিমধ্যে সার্বিক উন্নয়নের ক্ষেত্রে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। বিকেন্দ্রীকরণ প্রক্রিয়াকে আরও শক্তিশালী করার জন্য রাজ্য সরকার পঞ্চায়েত সংস্থাগুলিকে আরও ক্ষমতাশালী করতে প্রতিজ্ঞাবদ্ধ। এই প্রক্রিয়ার একটি বিশেষ অনুষঙ্গ হচ্ছে আর্থ-সামাজিক উন্নতির জন্য সিদ্ধান্তগ্রহণ ও তার রূপায়ণে মানুষের প্রত্যক্ষ অংশগ্রহণ। এই প্রত্যক্ষ অংশগ্রহণ প্রকৃত অর্থে ঘটে থাকে গ্রাম-সংসদ স্তরে। গ্রাম-সংসদ সভাগুলি গ্রাম পঞ্চায়েতের দায়বদ্ধতা ও স্বায়ত্তশাসনকে আরও সুদৃঢ় করে। এই গ্রাম-সংসদ ব্যবস্থা সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাপন সম্পর্কিত বিভিন্ন বিষয়ে মতামত ও আকাঙ্ক্ষা প্রকাশের গুরুত্বপূর্ণ মঞ্চ হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে।

২.২। পরিকল্পনা প্রণয়ন ও উন্নয়ন যদি গ্রামস্তর থেকে শুরু হয় তাহলে উন্নয়নের ক্ষেত্রে সাধারণ মানুষের প্রত্যক্ষ অংশগ্রহণে উন্নয়ন প্রক্রিয়ার আরও বিকাশ ঘটে। গত কয়েক বছরে রাজ্যের কয়েকটি ব্লকে এই পদ্ধতি পরীক্ষামূলক ও দিকনির্দেশক হিসাবে বাস্তবায়িত করার প্রচেষ্টা হয়েছে। লক্ষ করা গেছে যে সাধারণ মানুষ তাদের স্থানীয় সম্পদ ব্যবহার করে উন্নয়নের ধারাকে গতিশীল করতে এবং নতুন নতুন পরিকল্পনা রচনা ও রূপায়ণ করতে অসীম উৎসাহে এগিয়ে এসেছেন। এই অভিজ্ঞতার ভিত্তিতে আগামী বৎসর থেকে সমস্ত ব্লকে গ্রামভিত্তিক পরিকল্পনা উন্নয়নের একটি কার্যকরী নীতি হিসাবে গৃহীত হতে চলেছে। রাজ্য পরিকল্পনা পর্ষদ, পঞ্চায়েত সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর, বিদগ্ধজন এবং গ্রামোন্নয়নের ক্ষেত্রে নিযুক্ত বিভিন্ন সংস্থার কুশলী ব্যক্তিদের সঙ্গে পরামর্শ করে গ্রামভিত্তিক পরিকল্পনা পদ্ধতির একটি রূপরেখা তৈরি করা হচ্ছে। পরিকল্পনা প্রণয়ন এবং কিছু কিছু প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে গ্রাম-সংসদ আগামী দিনে আরও গুরুত্বপূর্ণ মঞ্চ হয়ে উঠবে। এই পরিকল্পনা প্রণয়ন ও রূপায়ণ সামাজিক ও রাজনৈতিক ভেদাভেদ নির্বিশেষে সকল মানুষের অংশগ্রহণের উপর একান্ত নির্ভরশীল। গ্রামীণ জীবনধারার দ্রুত উন্নয়নের স্বার্থে জনসাধারণ পরিচালিত গ্রামভিত্তিক পরিকল্পনার এই আন্দোলনকে সমর্থন করার জন্য আমি সকল রাজনৈতিক দলগুলিকে অনুরোধ জানাই।

২.৩। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে আগামী পঞ্চায়েত নির্বাচন চলতি বছরের মে মাসে অনুষ্ঠিত হবে। আমরা প্রতি বছরের মতো এবারেও নির্বাচিত সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করেছি যাতে তাঁরা তাঁদের দায়িত্ব আরও সক্রিয়ভাবে পালন

করতে পারেন। গ্রামভিত্তিক পরিকল্পনা ও স্বায়ত্তশাসন আরও সুদৃঢ় করতে এই ধরনের প্রশিক্ষণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

২.৪। স্বচ্ছতা ও স্বায়ত্তশাসনের গুণগত উন্নতির জন্য নিয়মানুগ হিসাব-রক্ষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের জানাই যে জিলা পরিষদ থেকে পঞ্চায়েত সমিতি স্তর পর্যন্ত সকল আয়-ব্যয় পরীক্ষা মহা-হিসাবনিয়ামক ও নিরীক্ষক দ্বারা পরিচালিত হয়। খুব শীঘ্রই আমরা গ্রাম পঞ্চায়েত স্তরেও আয়-ব্যয়ের হিসাব পরীক্ষার দায়িত্ব মহা-হিসাবনিয়ামক ও নিরীক্ষকের উপর ন্যস্ত করতে চলেছি।

২.৫। বছরের পর বছর পঞ্চায়েতের উপর দায়িত্ব যেভাবে ক্রমাগত বেড়ে চলেছে তার তুলনায় পঞ্চায়েত স্তরের সম্পদ যথেষ্ট নয়। পঞ্চায়েত সংস্থাগুলি নিজস্ব সম্পদ বৃদ্ধির স্বার্থে সম্ভাব্য কর আদায় করা উচিত। এবছর পঞ্চায়েত নির্বাচনের পর পঞ্চায়েত সংস্থাগুলি যাতে আরও সম্পদ সংগ্রহ করতে পারে তার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে। এই প্রচেষ্টা বাস্তবায়নের ক্ষেত্রে সকল রাজনৈতিক দলের সক্রিয় সমর্থন প্রয়োজন। আমি নিশ্চিত, রাজ্যের উন্নয়নের বৃহত্তর স্বার্থে সকলেই এই ব্যাপারে সাহায্যের হাত বাড়িয়ে দেবেন।

২.৬। মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে জেলাস্তরে একটি ভিজিলেন্স ও মনিটরিং কমিটি আছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার একটি আদেশনামায় মাননীয় লোকসভার সদস্যকে চেয়ারম্যান নিযুক্ত করে উক্ত কমিটির কিছু পরিবর্তন করেছেন। এ যাবৎ জিলা পরিষদের সভাধিপতি মহাশয়েরা, যাঁরা চেয়ারম্যান হিসাবে নিযুক্ত ছিলেন, তাঁরা বর্তমানে কমিটির সাধারণ সদস্য হিসাবে গণ্য হবেন। এই পরিবর্তনের প্রস্তাব গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তাই কেন্দ্রীয় সরকারকে এই পরিবর্তনের পুনর্বিবেচনার জন্য অনুরোধ জানানো হয়েছে। আমি আবারও জানাই যে বর্তমান কমিটির কাজকর্ম উপযুক্ত মানের এবং লোকসভার মাননীয় সদস্যসহ জিলা পরিষদের সকল সদস্য যে কোনো বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য এই কমিটির গোচরে আনতে পারেন।

২.৭। মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে সম্প্রতি দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের তালিকা সংশোধিত হয়েছে। এই প্রসঙ্গে জানাই যে ১৯৯২ সালে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সূচনায় কেন্দ্রীয় সরকার প্রতিটি পরিবারের আয়কে দারিদ্র্যসীমার সূচক হিসাবে নির্দেশ জারি করেছিলেন। পরবর্তীকালে নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরুতে ১৯৯৭ সালে আগের নির্দেশের পরিবর্তন করে মাসিক মাথাপিছু ভোগের ভিত্তিতে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারগুলিকে চিহ্নিত করতে নির্দেশ দেন। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে কেন্দ্রীয় সরকার দারিদ্র্যসীমা সংক্রান্ত নির্দেশিকা জারি করতে দেরি করার ফলে আমাদের রাজ্যের দারিদ্র্য তালিকা সংশোধন করার কাজ নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার নির্দেশাবলীর ভিত্তিতেই শুরু করা হয়। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার দশম পরিকল্পনার জন্য দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের তালিকা তৈরি করতে একটি স্কোর বেসড্ র‍্যাঙ্কিং পদ্ধতি চালু করতে নির্দেশ দেন ও ১৯৯৯-২০০০ সালে জাতীয় নমুনা সমীক্ষার ভিত্তিতে আমাদের রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের সংখ্যা

সর্বাধিক ৩৪ শতাংশের কাছাকাছি রাখতে বলেন। যেহেতু দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের সংখ্যা কেন্দ্রীয় সরকারের নির্দেশে নির্দিষ্ট করে দেওয়া হয়, তাই নতুন করে গরিব পরিবারগুলিকে তালিকাভুক্ত করার সঙ্গে সঙ্গে তুলনায় ভালো অবস্থার পরিবারকে তালিকা থেকে বাদ দিতে হয়। এই প্রসঙ্গে আরও জানাই যে, কিছু কিছু ক্ষেত্রে অনুপযুক্ত পরিবারের নাম দরিদ্র-তালিকাভুক্ত হওয়ার খবর পাওয়া গেছে। সেই সব পরিবারের নাম দারিদ্র্য তালিকা থেকে বাদ দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। যে সকল পরিবারের নাম দারিদ্র্য তালিকায় আছে তাদের তুলনায় আরও গরিব পরিবার যদি তালিকার বাইরে থাকে তাদের নাম তালিকাভুক্ত করানোর ব্যবস্থা থাকবে। তবে সেই ক্ষেত্রে সমসংখ্যক অপেক্ষাকৃত কম গরিব পরিবারের নাম তালিকা থেকে বাদ দেওয়া হবে। এই প্রক্রিয়া বছরে একবার করে করার চেষ্টা করা হবে।

৩। মাননীয় সদস্যগণ, আমি আপনাদের আনন্দের সঙ্গে জানাচ্ছি যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক বিভিন্ন কর্মসূচিগুলির রূপায়ণ বর্তমান আর্থিক বৎসরে যথেষ্ট অগ্রগতি হয়েছে।

৩.১। বর্তমান আর্থিক বছরে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত সময়ে সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনাতে (এস. জি. আর. ওয়াই.) ৩১৯.৩৮ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে এবং ১৮১.৫৬৬ হাজার মেট্রিক টন খাদ্যশস্যের সদ্ব্যবহার হয়েছে ও প্রায় ২৩৭৪১.৪২ লক্ষ টাকা ওই প্রকল্পে ব্যয়িত হয়েছে। ২০০৩-২০০৪ আর্থিক বৎসরের জন্য সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনাতে মোট ১০০০.০০ লক্ষ টাকা নগদ খাতে ও ৫০.০০ লক্ষ টাকা আনুষঙ্গিক ব্যয়-পূরণ করতে বাজেটে সংস্থান রাখার জন্য আমি প্রস্তাব করছি।

৩.২। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জ্ঞাত আছেন যে ইন্দিরা আবাস যোজনাতে দরিদ্র মানুষের জন্য গৃহ নির্মাণ করা হয়ে থাকে। বর্তমান আর্থিক বৎসরে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত ৪১৩১১টি নতুন গৃহ নির্মাণ করতে এবং ২১০২৬টি বাড়ির মান উন্নয়ন করতে মোট ১০৭৮১.৪৮ লক্ষ টাকার সদ্ব্যবহার করা হয়েছে। এই খাতে আমি ২০০৩-২০০৪ আর্থিক বৎসরে মোট ৬৫০.০০ লক্ষ টাকার সংস্থান রাখার জন্য প্রস্তাব করছি।

৩.৩। স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা প্রকল্পে স্বনির্ভর-গোষ্ঠী গড়ার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। জানুয়ারি, ২০০৩ পর্যন্ত ৫ লক্ষ-এর অধিক সভ্যকে অন্তর্ভুক্ত করে ৫৪৪৮৪ সংখ্যক গোষ্ঠী এই প্রকল্পে গঠিত হয়েছে। ওই সংখ্যক গোষ্ঠীর মধ্যে ৩৭২৬৩টি গোষ্ঠী গঠিত হয়েছে শুধুমাত্র মহিলাদের দ্বারা। মাননীয় সদস্যগণ জ্ঞাত আছেন যে এই ধরনের স্বনির্ভর গোষ্ঠী অন্য বিভাগগুলির বিভিন্ন প্রকল্পেও গঠিত হয়ে থাকে। এখন আমরা চেষ্টা করছি যাতে বিভিন্ন সরকারি দপ্তর এমনকি বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা কর্তৃক গঠিত এই ধরনের গোষ্ঠীগুলির কার্যাবলীর সমন্বয় নিশ্চিত করা যায়। স্বনির্ভর গোষ্ঠীগুলির কর্মধারা সুসংগঠিত করার লক্ষ্যে সমস্ত স্বনির্ভর গোষ্ঠীকে যুক্ত করে ব্লকস্তরে একটি ফেডারেশন গঠনের প্রস্তাব করছি। শুরুতে কিছু নির্দিষ্ট ব্লকে এবং ক্রমশ সমস্ত ব্লকেই এটা করার চেষ্টা করা হবে যাতে স্বনির্ভর গোষ্ঠী তৈরির উদ্যোগকে আর ত্বরান্বিত করা যায়। সাথে সাথে

দরিদ্রদের প্রতি বিশেষত দরিদ্র মহিলাদের বিভিন্ন প্রয়োজন মেটানোর ক্ষেত্রে এই ফেডারেশনগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মাননীয় সদস্যগণ রাজ্যে স্বনির্ভর গোষ্ঠীগুলি যাতে আরও ভালভাবে কাজ করতে পারে সেজন্য আমি আপনাদের সহযোগিতা চাইছি।

স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা প্রকল্পে চলতি আর্থিক বছরে গত জানুয়ারি, ২০০৩ পর্যন্ত ৩৯৫৬.৩৮ লক্ষ টাকা (উনচল্লিশ কোটি ছাপ্পান্ন লক্ষ আটত্রিশ হাজার টাকা) খরচ করা হয়েছে। ১৬১৪.১৪ লক্ষ টাকা (ষোলো কোটি চৌদ্দ লক্ষ চৌদ্দ হাজার টাকা) ভরতুকি হিসাবে এবং ৩১৩৮.০৮ লক্ষ টাকা (একত্রিশ কোটি আটত্রিশ লক্ষ আট হাজার টাকা) ঋণদান হিসাবে এই সময়ে এই প্রকল্পে ব্যয়িত হয়েছে। আগামী ২০০৩-২০০৪ আর্থিক বছরের বরাদ্দে আমি ২,০০.০০ লক্ষ টাকা (দুই শত লক্ষ টাকা) রাখার প্রস্তাব করছি।

৩.৪। রাজ্যে গ্রামীণ স্বাস্থ্যবিধান প্রকল্প রূপায়ণের সাফল্য সম্পর্কে মাননীয় সদস্যগণ অবহিত আছেন। বিগত বৎসরে ঘরে ঘরে শৌচাগার স্থাপনের কাজে পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম-২ নং ব্লক ১০০ শতাংশ সাফল্য অর্জন করে দেশের মধ্যে এই ধরনের প্রথম ব্লক হিসাবে একটি বিশেষ স্বীকৃতি পেয়েছে। অন্য নয়টি ব্লক যথা পূর্ব মেদিনীপুরের হলদিয়া এবং নন্দকুমার, বর্ধমানের রায়না-১ ও রায়না-২, উত্তর ২৪-পরগনার ব্যারাকপুর-২ এবং হাসনাবাদ, পশ্চিম মেদিনীপুরের দাঁতন-২, মোহনপুর ও সাঁকরাইল ব্লকগুলির ক্ষেত্রে একই ধরনের সাফল্য দাবি করা হয়েছে। হলদিয়া ব্লকের দাবি খতিয়ে দেখা হয়েছে এবং নিশ্চিন্ত হওয়া গেছে। অন্য ব্লকগুলির সাফল্য খতিয়ে দেখা হচ্ছে। মাননীয় সদস্যগণ এই জেনে খুশি হবেন যে এই প্রকল্পে ২০০১-২০০২ আর্থিক বছরে যেখানে ৩,৫১,০০০টি (তিন লক্ষ একান্ন হাজারটি) গৃহস্থালী-শৌচাগার তৈরি করা গিয়েছিল সেখানে বর্তমান আর্থিক বছরে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত ৫,৫২,১৮৪টি (পাঁচ লক্ষ বাহান্ন হাজার একশত চুরাশি)টি ইতিমধ্যেই তৈরি করা হয়েছে। মনে করা হচ্ছে বর্তমান আর্থিক বছরের শেষ পর্যন্ত সাত লক্ষের কাছাকাছি এই ধরনের শৌচাগার তৈরি করা সম্ভব হবে। এই প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে ব্যক্তি-স্বাস্থ্য এবং পরিবেশের পরিচ্ছন্নতা সম্পর্কে শিক্ষা। বিদ্যালয় স্বাস্থ্য প্রকল্পের মাধ্যমে সঠিক ধ্যান-ধারণা গড়ে তোলার উদ্দেশ্যে শিশুদের বেছে নেওয়া হচ্ছে। পরবর্তী আর্থিক বছরের জন্য এই প্রকল্পে আমি ১০০ লক্ষ টাকার সংস্থান রাখার প্রস্তাব করছি।

৩.৫। মাননীয় সদস্যগণ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পের অন্তর্গত জাতীয় বয়স্কভাতা প্রকল্প এবং জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্প রূপায়ণ করছে। প্রকল্পটি রূপায়ণে তহবিল প্রদানের পদ্ধতি পরিবর্তিত হয়েছে এবং এখন কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে টাকা প্রদান করছে বিশেষ কেন্দ্রীয় সাহায্য হিসাবে। সুতরাং জাতীয় বয়স্কভাতা প্রকল্প এবং জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্প ২০০২-২০০৩ আর্থিক বছর থেকে রাজ্য বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে বয়স্ক-ভাতা প্রকল্পে ৫,৯৪,৩৬,০০০ টাকা। (পাঁচ কোটি চুরানব্বই লক্ষ ছত্রিশ হাজার টাকা) মঞ্জুর করেছি। ২০০২-২০০৩ আর্থিক বছরে ডিসেম্বর মাস পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে

জাতীয় বয়স্ক ভাতা প্রকল্পে ১৬,৬৩,১২,০০০ টাকা (যোল কোটি তেষট্টি লক্ষ বারো হাজার টাকা) এবং জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্পে ৫,৯০,৫০,০০০ টাকা (পাঁচ কোটি নব্বই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) পাওয়া গেছে। এই প্রকল্পে এই বছরের ডিসেম্বর মাস পর্যন্ত যথাক্রমে ৩,৩৮,৮৪৩ জন এবং ২৬৮৪ জন উপকৃত হয়েছেন। আমি ২০০৩-২০০৪ আর্থিক বছরে জাতীয় বয়স্কভাতা প্রকল্পে ২৮.০০ কোটি টাকা এবং জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্পে ৮.০৬ কোটি টাকা অর্থাৎ জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পে মোট ৩৬.০৬ কোটি টাকা (ছত্রিশ কোটি ছয় লক্ষ টাকা) রাখার প্রস্তাব করছি।

৩.৬। আমাদের রাজ্যে শিশুশিক্ষা কর্মসূচি—তার অভিনবত্ব এবং বিশেষ করে সাধারণ মানুষের অংশগ্রহণের জন্য সারা দেশে যথেষ্ট সাড়া জাগিয়েছে। বর্তমান শিক্ষাবর্ষে ১৪,৬৯৯টি শিশু-শিক্ষাকেন্দ্র এই রাজ্যে কাজ করে চলেছে। সেখানে আট লক্ষেরও বেশি শিক্ষার্থী প্রাথমিক শিক্ষাগ্রহণ করছে। রাজ্য সরকার প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করার লক্ষ্যে সংকল্পবদ্ধ এবং এই লক্ষ্য অর্জন করার উদ্দেশ্যে যে সমস্ত গ্রামে এখনও প্রাথমিক শিক্ষার যথেষ্ট সুযোগ নেই সেই সব গ্রামেই শিশু শিক্ষাকেন্দ্র খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী জনগণের কাছে আবেদন করেছেন যাতে তাঁরা শিশুশিক্ষা কেন্দ্র খোলার জন্য এগিয়ে আসেন। এই রাজ্যে প্রতিটি শিশুকে প্রাথমিক শিক্ষার সুযোগ দেওয়ার জন্য যতগুলি শিশুশিক্ষাকেন্দ্র খোলার দরকার তা আগামী শিক্ষাবর্ষে খোলার ব্যবস্থা নেওয়া হবে যদি অভিভাবকেরা এই ধরনের কেন্দ্র গড়ে তোলার জন্য এগিয়ে আসেন। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ভারত সরকারের সহায়তায় ২০০৩ সালের জানুয়ারি মাস থেকে শিশু শিক্ষা কর্মসূচি কেন্দ্রে অধ্যয়নরত শিশুদের "মধ্যাহ্ন আহার" প্রকল্পের আওতায় আনা হয়েছে। আমাদের রাজ্যে সমস্ত শিশুশিক্ষাকেন্দ্রগুলিকে স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধান প্রকল্পের আওতায় আনার প্রস্তাব নেওয়া হয়েছে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, বিদ্যালয় শিক্ষা দপ্তরের সঙ্গে আলোচনাক্রমে মাধ্যমিক শিক্ষাকেন্দ্র চালু করার জন্য সংশোধিত নির্দেশ জারি করেছে। আশা করছি আগামী বছর থেকে মাধ্যমিক শিক্ষাকেন্দ্রগুলির মাধ্যমে শিশুদের উচ্চ প্রাথমিক পাঠ দেওয়া সম্ভব হবে। আমি এ কথা আপনাদের জানাতে পেরে আনন্দিত যে ভারত সরকার "সর্বশিক্ষা অভিযানের" খাত থেকে শিশুশিক্ষা কেন্দ্র চালানোর খরচের একটা অংশ দিতে রাজি হয়েছেন যা আমাদের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে এই কেন্দ্রগুলি চালাতে যথেষ্ট সাহায্য করবে। এমতাবস্থায়, আমি শিশুশিক্ষা কর্মসূচি ও মাধ্যমিক শিক্ষা কর্মসূচি কেন্দ্রগুলি চালানোর জন্য আগামী আর্থিক বছরে ৪০২.০৪ লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব রাখছি।

৩.৭। অত্যন্ত গরিব ভূমিহীন কৃষি শ্রমিকদের জন্য এই দপ্তর একটি ভবিষ্যনিধি প্রকল্প চালু করে। ৪.৯০ লক্ষ ভূমিহীন কৃষি-শ্রমিকের নাম ৩১ মার্চ, ২০০২ পর্যন্ত নথিভুক্ত হয় এবং ডিসেম্বর, ২০০২-এর মধ্যে আরও ২.১৩ লক্ষ ভূমিহীন কৃষি-শ্রমিক এই প্রকল্পের আওতাভুক্ত হন। আমরা আশা রাখি এই আর্থিক বছরে এই প্রকল্প আরও ফলপ্রসূ হবে এবং এই প্রকল্প রূপায়ণের জন্য ২০০৩-২০০৪ আর্থিক বছরে ১০.০০ লক্ষ টাকার সংস্থান রাখার প্রস্তাব রাখছি। ইতিমধ্যে কৃষি-শ্রমিকদের দেয় জমা টাকা ফেরত দেওয়াও শুরু হয়েছে। এ

পর্যন্ত পাঁচজন ভূমিহীন কৃষি-শ্রমিকের আবেদন যথার্থভাবে নিরূপিত হয়েছে এবং এজন্য ২০৩৪ টাকা ফেরত দেওয়া হয়েছে।

৩.৮। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে আমাদের রাজ্যে অন্যান্য রাজ্যের মতো প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার (PMGSY) কাজ চলছে। এই প্রকল্পের মাধ্যমে ১০০০-এর অধিক জনসংখ্যা বিশিষ্ট জনপদগুলি এবং ৫০০-এর অধিক জনসংখ্যা বিশিষ্ট জনপদগুলি যথাক্রমে ২০০৩ এবং ২০০৭ সালের মধ্যে সড়ক যোগাযোগের মাধ্যমে যুক্ত করার প্রস্তাব রয়েছে। এই প্রকল্প ২০০০-২০০১ সালের একেবারে শেষের দিকে চালু হয়। ওই বৎসর ১৭৪টি সড়ক নির্মাণের মাধ্যমে ১৬৬৬টি জনপদের মধ্যে যোগাযোগ স্থাপন করার জন্য ১৩৫ কোটি টাকা ব্যয় করার অনুমোদন দেওয়া হয়। ২০০১-২০০২ বৎসরে ২১২টি সড়ক এই প্রকল্পের আওতাভুক্ত হয় এবং ৩০৫.৪৯ কোটি টাকা খরচের মাধ্যমে ১০৬৫টি জনপদের যোগাযোগ স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়। ২০০১-২০০২ বৎসরে বর্ষাকালের পর এই প্রকল্পের কাজ গতি অর্জন করে। ২০০৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ভারত সরকার ৪৪৪.১৭ কোটি টাকা এই প্রকল্প রূপায়ণের জন্য মঞ্জুর করেছেন যার মধ্যে ১৪৩ কোটি টাকা ইতিমধ্যেই খরচ হয়ে গেছে। ১২৩টি সড়ক নির্মাণের কাজ শেষ হয়েছে যার মোট দৈর্ঘ্য ৫৯৫.৭৫ কিলোমিটার এবং যার মাধ্যমে ১২০০ জনপদের মধ্যে যোগাযোগ স্থাপন করা গেছে। আশা করা যায় আগামী বৎসরে সড়ক নির্মাণের কাজের আরও অগ্রগতি হবে। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই যে আমরা ভারত সরকারকে এই প্রকল্পের জন্য জেলাভিত্তিক অর্থ মঞ্জুর করতে অনুরোধ করেছি যাতে এই প্রকল্প রূপায়ণে যে সব জেলার কাজের দ্রুত অগ্রগতি হয়েছে তাদের যেন রাজ্যের প্রস্তাবের জন্য অপেক্ষা না করেই টাকা ছাড়া হয়।

৩.৯। (পি. এম. জি. ওয়াই.) গ্রামীণ আবাস যোজনাটি পুরোপুরি ভারত সরকারের মঞ্জুরীকৃত টাকায় পরিচালিত হয়। এই প্রকল্পের আরম্ভের সময় থেকে ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত ৪৪৫৫টি নতুন গৃহ এবং ২৪১৬টি আবাসের মানোন্নয়ন করা হয়েছে। ২০০২-২০০৩ আর্থিক বছরের ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত ৯৪০ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে। আমি এই যোজনায় ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য ১৮৫০ লক্ষ টাকা মঞ্জুর করার প্রস্তাব রাখছি।

৩.১০। গ্রামীণ আবাসনের জন্য ক্রেডিট-কাম-সাবসিডি· প্রকল্পটি মূলত গ্রামে বসবাসকারী মানুষদের জন্য যাদের বার্ষিক আয় ৩২,০০০ টাকা পর্যন্ত। এই প্রকল্পে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষেরাই অগ্রাধিকার পেয়ে থাকেন। হাডকো সংস্থার উচ্চ সুদের হারের জন্য এই প্রকল্পটি এই মানুষদের মধ্যে বিশেষ সাড়া জাগাতে পারেনি। এই কারণে রাজ্য সরকার পরবর্তী আর্থিক বছর থেকে এই প্রকল্পটি বন্ধ করে দেবার সিদ্ধান্ত নিয়েছে।

৩.১১। একাদশ অর্থ কমিশনের সুপারিশক্রমে রাজ্য সরকার লোকাল বডিজ-এর মাধ্যমে অর্থ খরচের জন্য ২০০০-০১ বছর থেকে ভারত সরকারের কাছ থেকে তহবিল

পাচ্ছে। ভারত সরকারের কাছ থেকে পাওয়া এই অর্থের মধ্যে এই খাতে ১১২,১৫.৭৯ লক্ষ টাকা খরচ করা হয়েছে। পরবর্তী আর্থিক বছর অর্থাৎ ২০০৩-০৪ আর্থিক বছরের জন্য এই খাতে একাদশ অর্থ কমিশন অনুদান হিসাবে ১১৭,৩১.২৬ লক্ষ টাকার বরাদ্দ-প্রস্তাব পেশ করা হয়েছে।

৩.১২। আর. আই. ডি. এফ. খাতে ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত এই দপ্তর জেলাগুলিকে তাদের বিভিন্ন পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ২৪৬১.৯৯ লক্ষ টাকা মঞ্জুর করেছে। ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য আমি এই প্রকল্পে ৪২৩৬.৬৩ লক্ষ টাকা সংস্থান রাখার প্রস্তাব রাখছি।

৪। আমি সভাকে জানাতে চাই যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অন্তর্ভুক্ত ৫৯,৬০,৬২,৬৩,৪২-নং অভিযাচন ও অভিযাচনের অংশগুলিকে ৪০ নং অভিযাচনের মধ্যে একীকরণ করা হচ্ছে যা ২০০৩-০৪ আর্থিক বছর থেকে কার্যকরী হবে। এইভাবে ৪০ নং অভিযাচনের অধীনে মোট ৬৪৬,৫২,৪৪,০০০ টাকা (ছয়শত ছেচল্লিশ কোটি বাহান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা) প্রস্তাবিত হল এবং সভার মাননীয় সদস্যদের কাছে তা অনুমোদনের জন্য পেশ করা হল। এই প্রস্তাবিত অর্থের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট হিসাবে বরাদ্দকৃত অর্থ ২৪০,১২,০০,০০০ টাকা ধরা আছে।

DEMAND No. 42

Major Heads : 2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services and 4216—Capital Outlay on Housing

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,25,60,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads : "2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services and 4216—Capital Outlay on Housing" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 3,75,20,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ২০০৩-২০০৪ বর্ষে ৪২ নং দাবির অধীনে ব্যয় নির্বাহের জন্য মুখ্যখাত "২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ-০২১-

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার (এইচ. আর.)''-এর অধীনে ৩,৭৫,১৫,০০০/- (তিন কোটি পঁচাত্তর লক্ষ পনেরো হাজার) টাকা, মুখ্যখাত ''২০৭০-প্রশিক্ষণ''-এর অধীনে ৭,৪৫,০৫,০০০/- (সাত কোটি পঁয়তাল্লিশ লক্ষ পাঁচ হাজার) টাকা এবং মুখ্যখাত ''৪২১৬-আবাসন-১০৬-০১১-প্রশাসনিক সংস্কার-সমাহর্তালয়-মহকুমা কার্যালয় ইত্যাদি এবং আধিকারিক ও কর্মী আবাস ইত্যাদির (আরক্ষা-আবাসন ব্যতীত) সম্প্রসারণ''-এর অধীনে ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টের মাধ্যমে গৃহীত, মুখ্যখাত ''২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ-০২১ কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ [এইচ. আর.] বাবদ ১,২৫,০৫,০০০/- (এক কোটি পঁচিশ লক্ষ পাঁচ হাজার) টাকা মাত্র, মুখ্যখাত ''২০৭০-প্রশিক্ষণ'' বাবদ ২,৪৮,৩৫,০০০/- (দুই কোটি আটচল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র এবং ''৪২১৬-আবাসন-১০৬-০১১-প্রশাসনিক সংস্কার-সমাহর্তালয়-মহকুমা কার্যালয় ইত্যাদি, কর্মী ও আধিকারিকদের আবাস ইত্যাদির সম্প্রসারণ'' বাবদ ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা মাত্র এই অর্থাঙ্কের মধ্যে ধরা হয়েছে।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মান্যবর সদস্যদের এটি অবহিত করতে পেরে আনন্দিত যে অতীতে সভাকক্ষে প্রদত্ত প্রতিশ্রুতিমত, এ বছর আমার সরকার এক বিভাগ-এক দাবি নীতির ভিত্তিতে সভায় দাবি পেশের সিদ্ধান্ত নিয়েছেন। তদনুযায়ী, আমি ৪২ নং দাবি পেশ করছি যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কেবলমাত্র কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ সংক্রান্ত যাবতীয় আয়ব্যয়ক সংস্থান সমূহ।

৩। ২০০২-২০০৩ বর্ষে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ এবং আরও কয়েকটি সচিবালয় বিভাগের জন্য মুখ্যখাত '২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ'' বাবদ বাজেট বরাদ্দ ছিল ৮০,১১,৩৫,০০০ টাকা (আশি কোটি এগারো লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা)।

৪। একটি সুদক্ষ, দায়িত্বশীল এবং একনিষ্ঠ প্রশাসন সরকারি নীতি এবং কর্মসূচির সফল রূপায়ণের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ মাধ্যম। প্রশাসনকে সর্বস্তরে, দরিদ্রতর অংশের স্বার্থের প্রতি বিশেষ মনোযোগসহ জনসাধারণের প্রয়োজন ও সমস্যাগুলির বিষয়ে সদা সতর্ক এবং সংবেদনশীল থাকতে হবে। আমার সরকার এই রাজ্যকে একটি তৎপর, আন্তরিক এবং দক্ষ প্রশাসন দেওয়ার উদ্দেশ্যে নিরবচ্ছিন্ন প্রয়াস চালিয়ে যাচ্ছে। কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কার বিভাগ, যার জন্য ৪২ নং দাবি পেশ করা হচ্ছে, প্রশাসন যন্ত্রের সমন্বয়সাধকের ভূমিকায় রয়েছে যা ভারতীয় প্রশাসনিক কৃত্যক (আই. এ. এস.), পশ্চিমবঙ্গ প্রশাসনিক কৃত্যক (নির্বাহী) (ডব্লু. বি. সি. এস. এগসিকিউটিভ) এবং সচিবালয় সহায়ক ও সাধারণ পদালি (কমন ক্যাডার)-সহ পশ্চিমবঙ্গ সচিবালয় কৃত্যক আধিকারিকদের নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য দায়বদ্ধ।

৫। বলা নিষ্প্রয়োজন যে সরকারি পদাধিকারীদের দক্ষতা ও যোগ্যতা বাড়ানোর ক্ষেত্রে প্রশিক্ষণের একটি তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে। বিধাননগরে অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং

ইনস্টিটিউট (প্রশাসনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান-এ. টি. আই.) বিভিন্ন সরকারি অফিসের সঙ্গে সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মীদের কাজকর্মের ফলপ্রদ ও গুণগত উন্নতির উদ্দেশ্যে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রেখেছে। এই প্রতিষ্ঠান (এ. টি. আই.) পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত বিভাগের আধিকারিক ও কর্মীদের জন্য নিয়মিত কর্মকালীন ও চাকুরিগত প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে চলেছে। সর্বভারতীয় কৃত্যক আধিকারিক এবং বিভিন্ন রাজ্য কৃত্যক আধিকারিক ও সচিবালয়ের নবনিযুক্ত সহায়কদের জন্য নিয়মিতভাবে নিয়োগ-উত্তর প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করা হয়। এই পরিপ্রেক্ষিতে আমি আনন্দের সঙ্গে এই সভাকে জানাচ্ছি যে তিনটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র যথাক্রমে বর্ধমান, মেদিনীপুর ও জলপাইগুড়িতে গত বছর থেকে চালু হয়েছে। ১১২টি প্রশিক্ষণ কর্মসূচিতে ২৩০০ জনের বেশি প্রশিক্ষণপ্রার্থী অংশগ্রহণ করেছেন। সরকারের নীতিসমূহ / অগ্রাধিকার ক্ষেত্রসমূহ এবং আইন / বিধিগুলির পরিবর্তন সম্বন্ধে সমস্ত বিভাগের আধিকারিক ও কর্মীবর্গকে ওয়াকিবহাল করার উদ্দেশ্যে নবায়নী শিক্ষাক্রম নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়। সরকারি দপ্তরে কমপিউটার ব্যবহার চালু হওয়ার পরিপ্রেক্ষিতে এই প্রতিষ্ঠান (এ. টি. আই.) কর্মীদের জন্য কমপিউটারের উপর বিভিন্ন শিক্ষাক্রমের ব্যবস্থা করে আসছে। ২০০২ থেকে কারিগরি কৃত্যকের আধিকারিকদের জন্য প্রশাসনিক প্রশিক্ষণ চালু করা হয়েছে। এটি একটি নতুন প্রয়াস।

৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দায়িত্বশীল সরকার হিসেবে জনসাধারণের অভিযোগের দ্রুত ও কার্যকরী প্রতিকারের জন্য আমরা দায়বদ্ধ। বিভিন্ন পর্যায়ে জন-অভিযোগ সহায়তা কার্যালয় (পি. জি. এ. ও.) খোলা হয়েছে। বিভিন্ন পর্যায়ে জন-অভিযোগের দ্রুত নিষ্পত্তির বিষয় তদারকির ক্ষেত্রে এই বিভাগ সমন্বয়কারী বিভাগ হিসেবে কাজ করে। ১.১.১৯৯৯ থেকে কলকাতার যথাক্রমে মহাকরণ, ১১-এ মির্জা গালিব স্ট্রিটে খাদ্য দপ্তরের চত্বর, নব মহাকরণ এবং বিধাননগরের বিকাশ ভবনে একটি করে মোট চারটি জন-অভিযোগ সহায়তা কার্যালয় কাজ করছে। জেলাশাসক ও মহকুমা শাসকের কার্যালয়গুলিতে অনুরূপ কার্যালয় চালু আছে। জনসাধারণের অভিযোগের দ্রুত নিষ্পত্তির জন্য প্রতিটি বিভাগের যুগ্ম সচিব পদমর্যাদার একজন আধিকারিককে ওই বিভাগের অভিযোগগুলি প্রতিকারের বিষয় তদারকির দায়িত্ব দেওয়া হয়েছে। জেলা কার্যালয়গুলির নিয়মিত তদারকি করে থাকেন তিনজন বিভাগীয় কমিশনার। ২০০২ সালে ৮৮০৬টি অভিযোগপত্র পাওয়া গেছে, যার মধ্যে ৭৫৭৮টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

৭। সরকারের কর্মসংস্কৃতির উন্নতির বিষয়টি কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ দেখাশোনা করে। সরকারি কার্যালয়গুলিতে কর্মীদের হাজিরার বিষয়টির উপর এই বিভাগ বিশেষ গুরুত্ব দিয়ে চলেছে। সমস্ত শ্রেণীর কর্মীদের কাজকর্ম মূল্যায়নের পদ্ধতিকে যুক্তিসঙ্গত ও বৈজ্ঞানিক করে তোলার জন্য ব্যাপক পরিবর্তন সাধন করা হয়েছে। বরিষ্ঠ আধিকারিকদের দ্বারা ক্ষেত্রীয় কার্যালয়গুলি সময় সময় পরিদর্শনের বিষয়টির উপরও আমরা জোর দিয়েছি। এই পদক্ষেপের সুফল পাওয়া যাচ্ছে। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অযথা বিলম্ব

এড়াতে আইন-কানুন ও পদ্ধতিসমূহকে আরও সরল করে তোলার ব্যাপারে সুসংহত প্রয়াস চালানো হচ্ছে। রাজ্যের নির্বাচিত ৭টি বিভাগের উপর সমীক্ষা চালানোর জন্য মেসার্স টাটা কন্সালটেন্সি সার্ভিসকে নিয়োগ করা হয়েছে। প্রশাসনের বর্তমান পদ্ধতি বিশ্লেষণ করে সেগুলিতে কিছু পরিবর্তন সাধন এবং উদার ও স্বচ্ছ প্রশাসন সুনিশ্চিত করতে জনসাধারণের সঙ্গে সরাসরি যুক্ত বিষয়গুলির দ্রুত নিষ্পত্তি ও সরকারি কাজে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে ওইসব পরিবর্তনগুলি পুনরায় কীভাবে কাজে লাগানো যায় সে বিষয়ে ওই সংস্থাকে সুপারিশ করার কথা বলা হয়েছে। ওই সংস্থার থেকে সুপারিশগুলি পাওয়া গেছে এবং সেগুলি সরকারের বিবেচনাধীন রয়েছে। ওই প্রাথমিক রিপোর্টটি সরকার কর্তৃক একবার গৃহীত হলে অন্যান্য বিভাগেও অনুরূপ সমীক্ষা চালানোর বিষয় বিবেচনা করা হবে।

৮। এ জাতীয় সমীক্ষার কাজ শেষ হওয়ার আগেই বিভিন্ন বিভাগে প্রশাসনের দক্ষতা বৃদ্ধির জন্য কমপিউটার ব্যবহার চালু করার প্রয়াস গ্রহণ করা হয়েছে। মহাকরণ থেকে বিভিন্ন জেলা কর্তৃপক্ষের সঙ্গে ভিডিএ অধিবেশন চালান এবং দ্রুত তথ্য আদান-প্রদানের জন্য অপটিক ফাইবার কেবলভিত্তিক সংযোগব্যবস্থা সম্পূর্ণরূপে চালু করা হয়েছে। ভূমি ও ভূমি সংস্কার, পরিবহণ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়নের মতো জনগণের সঙ্গে প্রত্যক্ষ সংযোগ আছে এমন কিছু বিভাগে জনগণকে উন্নততর পরিষেবা প্রদানের স্বার্থে কমপিউটারের ব্যবহার চালু করা হয়েছে। অর্থ স্বরাষ্ট্র (আরক্ষা) এবং জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়নের মতো বিভিন্ন বিভাগ বিভাগীয় অভ্যন্তরীণ কাজের নিজ নিজ কমপিউটার ব্যবস্থাকে উন্নত করেছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ এই বিভাগের অধীন সকল আধিকারিক ও কর্মীর চাকুরিগত তথ্য কমপিউটারভুক্ত করছে। এইসব প্রয়াসের ফলে প্রশাসনের দক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার জন্য বৈদ্যুতিন প্রশাসন ব্যবস্থা প্রয়োগের সুযোগ বৃদ্ধি পাবে।

৯। সরকারি ভাষার বিষয়টি তথ্য ও সংস্কৃতি বিভাগের এক্তিয়ারভুক্ত। অবশ্য, প্রশাসনিক কর্মসূচির অংশ হিসেবে সরকারি কাজে বাংলা ভাষার অধিকতর প্রচলন নিশ্চিত করতে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ সহায়ক ভূমিকা পালন করছে। ইংরেজি ভাষার মুদ্রলেখক ও লঘুলিপিকরদের জন্য পর্যায়ক্রমে বাংলা ভাষার প্রশিক্ষণদান এখনও চলছে। জনকৃত্যক আয়োগ (পাবলিক সার্ভিস কমিশন)-এর মাধ্যমে সচিবালয়ে বহাল করার জন্য বাংলা মুদ্রলেখকদের বর্ধিত সংখ্যায় নিয়োগ করা হচ্ছে। এই বিভাগ থেকে জনসাধারণের উদ্দেশ্যে প্রেরিত প্রায় সব চিঠিপত্রই বাংলাতেই লেখা হয়। এই বিভাগের কর্মচারীদের জন্য একটি তথ্যভাণ্ডার গড়ে তোলার কাজ বিভাগ শুরু করেছে। বৃহত্তর জনসংযোগ রক্ষা করতে হয় এমন সমস্ত বিভাগই জনসাধারণের সঙ্গে যোগাযোগের মাধ্যম হিসেবে ও অভ্যন্তরীণ কাজকর্ম পরিচালনায় বাংলা ভাষা ব্যবহার করছে।

১০। রাজ্য সরকার প্রশাসনে দুর্নীতি রোধ করার জন্য প্রতিরোধক এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা সম্পর্কে সম্পূর্ণ সচেতন। পশ্চিমবঙ্গ তদারকি আয়োগ (ভিজিলেন্স কমিশন) রাজ্য প্রশাসনে দুর্নীতি রোধ করার কাজে রাজ্য সরকারের সহায়তা করে চলেছে। ২০০২ সালে আয়োগ ৬৭৬টি তদন্তের কাজ হাতে নিয়ে ১৪৩টি ক্ষেত্রে সেই কাজ শেষ করেছে। এবং ১১৬টি ক্ষেত্রে বিভাগীয় পদক্ষেপ ও ১৯৩টি ক্ষেত্রে শাস্তিমূলক

ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে। প্রয়োজনমতো যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন বিভাগে সুপারিশগুলি খতিয়ে দেখা হচ্ছে।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি বলে আমি ২০০৩-২০০৪ আর্থিক বর্ষের জন্য ৪২ নং দাবির অধীনে '২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ-০২১-কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ (এইচ. আর.)" মুখ্যখাত বাবদ ৩,৭৫,১৫,০০০/- (তিন কোটি পঁচাত্তর লক্ষ পনেরো হাজার) টাকা, "২০৭০-প্রশিক্ষণ" মুখ্যখাত বাবদ ৭,৪৫,০৫,০০০/- (সাত কোটি পঁয়তাল্লিশ লক্ষ পাঁচ হাজার) টাকা এবং "৪২১৬-আবাদন-১০৬-০১১ প্রশাসনিক সংস্কার-সমাহর্তালয়-মহকুমা কার্যালয় ইত্যাদি এবং আধিকারিক ও কর্মী আবাস সম্প্রসারণ (আরক্ষা-আবাসন ব্যতীত)" মুখ্যখাত বাবদ ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকা মঞ্জুর করার জন্য এই সভার কাছে প্রস্তাব করছি।

DEMAND No. 43

Major Heads : 2045—Other Taxes and Duties on Commodities and Services, 2801—Power, 2810—Non-Conventional Sources of Energy, 3451—Secretariat—Economic Services, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2231,20,55,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads : "2045—Other Taxes and Duties on Commodities and Services, 2801—Power, 2810—Non-Conventional Sources of Energy, 3451—Secretariat—Economic Services, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 743,73,51,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪৩ নং দাবির "২০৪৫—পণ্য ও পরিষেবার উপর অন্যান্য কর ও শুল্ক", "২৮০১—বিদ্যুৎ", "২৮১০—অচিরাচরিত শক্তির উৎস", "৩৪৫১—সচিবালয়—অর্থনৈতিক পরিষেবা", "৬৮০১—বিদ্যুৎ প্রকল্পের জন্য ঋণ", "৬৮৬০—ভোগ্য শিল্পের জন্য ঋণ সংক্রান্ত মুখ্যখাতে সামগ্রিক

ব্যয় নির্বাহের বাবদ ২২৩১,২০,৫৫,০০০ টাকা (দুই হাজার দুইশত একত্রিশ কোটি কুড়ি লক্ষ পঞ্চান্ন হাজার টাকা) ব্যয় বরাদ্দ মঞ্জুর করা হোক।

এই দাবির মধ্যে আছে বিভিন্ন প্রকল্পের জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিগম, দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড এবং পশ্চিমবঙ্গ গ্রামীণ শক্তি উন্নয়ন নিগমকে প্রদেয় ঋণ, এবং পশ্চিমবঙ্গ অচিরাচরিত শক্তি উন্নয়ন সংস্থা এবং পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনকে প্রদেয় অনুদান এবং বিদ্যুৎ দপ্তর ও বিদ্যুৎ অধিকারের অফিসার ও অন্যান্য কর্মীদের বেতন সংক্রান্ত এবং অন্যান্য ব্যয়।

এই দাবির মধ্যে ভোট-অন্-অ্যাকাউন্টে ইতিমধ্যে বরাদ্দকৃত ৭৪৩,৭৩,৫১,০০০ টাকা (সাতশত তেতাল্লিশ কোটি তিয়াত্তর লক্ষ একান্ন হাজার টাকা) ধরা হয়েছে।

২। **বিদ্যুৎ উৎপাদন**

এই রাজ্যে সরকার নিয়ন্ত্রিত বিদ্যুৎ সংস্থা—পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম, দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড, বেসরকারি বিদ্যুৎ সংস্থা সি. ই. এস. সি. লিমিটেড, দিশেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানি লিমিটেড এবং কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা—এন. টি. পি. সি., ডি. ভি. সি. প্রভৃতি বিদ্যুৎ উৎপাদন করে। এ ছাড়া কিছু ক্যাপটিভ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র আছে। এইসব ক্যাপটিভ ইউনিট সহ এই রাজ্যে মোট সংস্থাপিত উৎপাদন ক্ষমতা প্রায় ৭,৭০০ মেগাওয়াট।

যদিও বর্তমানে এই রাজ্যে বিদ্যুৎ সরবরাহের অবস্থা সন্তোষজনক; তবুও ক্রমবর্ধমান চাহিদা মেটানোর জন্য উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিম জে. বি. আই. সি.-র ঋণ সহায়তায় বক্রেশ্বরে ৪র্থ ও ৫ম ইউনিটের (২ X ২১০ মেগাওয়াট) নির্মাণ কার্য শুরু করতে পারবে বলে আশা করা যাচ্ছে। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে জে. বি. আই. সি.-র সঙ্গে চুক্তি সম্পাদনের কাজ প্রায় শেষ পর্যায়ে।

সাগরদিঘি তাপবিদ্যুৎ প্রকল্পের (২ X ২৫০ মেগাওয়াট) প্রথম পর্যায়ের কাজ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম করবে বলে প্রস্তাব করা হয়েছে। রাজ্য সরকার নিয়োজিত বিশেষজ্ঞ কমিটি উক্ত প্রকল্পের "আর্থ-কারিগরি" সম্ভাবনা সম্পর্কে সুপারিশ করেছে। জমি অধিগ্রহণের কাজ চলছে। পাওয়ার ফিনান্স কর্পোরেশন প্রকল্প ব্যয়ের আশি শতাংশ ঋণ মঞ্জুর করতে রাজি হয়েছে। রেলের পরিকাঠামো উন্নয়নের জন্য পরামর্শদাতা হিসাবে 'রাইট্স'কে নিয়োগ করা হয়েছে।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে ২৫০ মেগাওয়াটের একটি নতুন ইউনিট স্থাপনের প্রস্তাব করেছে। রাজ্য সরকার নিয়োজিত বিশেষজ্ঞ কমিটি এই প্রকল্পের আর্থ-কারিগরি সম্ভাবনা সম্পর্কে সুপারিশ করেছে। পাওয়ার ফিনান্স নিগম সহ বিভিন্ন আর্থিক সংস্থা থেকে ঋণ গ্রহণের সম্ভাবনা বিবেচনাধীন আছে।

জাপানের জে. বি. আই. সি.-এর ঋণ সহায়তায় পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ পুরুলিয়া পাম্প্ড স্টোরেজ প্রকল্প (৪ x ২২৫ মেগাওয়াট) রূপায়ণ করছে। ২০০২ সালের ১২ মার্চ মূল বাস্তু সংক্রান্ত কাজ শুরু হয়েছে। হাইড্রো মেকানিক্যাল ইকুইপমেন্টের বিস্তারিত কারিগরি কাজ এবং ইলেকট্রো মেকানিক্যাল যন্ত্রপাতির কারিগরি কার্যাদি চলছে। রাজ্য সরকার এবং ন্যাশনাল হাইড্রো পাওয়ার কর্পোরেশন লিমিটেডের মধ্যে সমঝোতা পত্রের শর্তানুসারে এই প্রকল্প রূপায়ণের জন্য একটি যৌথ উদ্যোগের কোম্পানি গঠনের কাজ এগিয়ে চলছে।

দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেডের ১ নং থেকে ৫ নং ইউনিটের পুনরুজ্জীবন, ক্ষমতাবৃদ্ধিকরণ, আধুনিকীকরণ এবং আয়ু দীর্ঘায়িত করার কাজের প্রায় সমাপ্তি হয়েছে। এই ইউনিটগুলো সিংক্রোনাইজ করা হয়েছে এবং এদের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের (স্টেজ ১) পরিবেশের উন্নয়নের জন্য এবং প্ল্যান্টের কার্যকারিতা বৃদ্ধির জন্য পুনরুজ্জীবন এবং আধুনিকীকরণের কাজ হাতে নিয়েছে। প্রায় সব কাজের জন্য বরাত দেওয়া হয়েছে। এই প্রকল্পের ব্যয়ের জন্য পি. এফ. সি. ঋণ মঞ্জুর করেছে।

ন্যাশনাল হাইড্রো পাওয়ার কর্পোরেশন (এন. এইচ. পি. সি.) তিস্তা লো ড্যাম হাইড্রো ইলেকট্রিক প্রোজেক্ট (স্টেজ ৩ এবং ৪) রূপায়িত করছে। অনুমান করা হচ্ছে উক্ত প্রকল্পের খরচ ১৯০০ কোটি টাকার কাছাকাছি হবে। মংপু-কালিখোলা জলবিদ্যুৎ প্রকল্পের নির্মাণ কাজ এগিয়ে চলছে। রিংচিংটন (২ X ১০০০ কিঃ ওয়াট), লিটল রঙ্গিত (২ x ১০০০ কিঃ ওয়াট) এবং সিদ্রাপং (৩ x ২০০ কিঃ ওয়াট) জলবিদ্যুৎ কেন্দ্রের পুনরুজ্জীবন ও আধুনিকীকরণের কাজ এগিয়ে চলছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ লোধামার সঙ্গে রাম্মাম হাইড্রো ইলেকট্রিক প্রোজেক্টের (স্টেজ ২) পারস্পরিক যোগাযোগের একটি প্রকল্প হাতে নিয়েছে। এই প্রকল্পের জন্য পি. এফ. সি. প্রায় ১৯.৯৫ কোটি টাকা ঋণ মঞ্জুর করেছে।

৩। বিদ্যুৎ সংবহন প্রকল্প

রাজ্যের সর্বত্র উচ্চ গুণমানের বিদ্যুৎ সরবরাহের জন্য বেশ কয়েকটি বিদ্যুৎ সংবহন প্রকল্পের রূপায়ণ প্রায় শেষ পর্যায়ে।

জে. বি. আই. সি.-এর ঋণ সহায়তায় রাজ্য বিদ্যুৎ পর্ষদ 'পশ্চিমবঙ্গ সংবহন ব্যবস্থা প্রকল্পে' ইতিমধ্যে রায়না, হলদিয়া, মানকর, ফলতা, জিরাট, বসিরহাট, বারাসাত, শিলিগুড়ি, ময়নাগুড়ি, বীরপাড়া প্রভৃতি স্থানে ১৫টি ১৩২ কে. ভি. ও তার বেশি ক্ষমতাসম্পন্ন সাব-স্টেশন তৈরির কাজ শেষ করেছে। ৫৫৭.৮ কিলোমিটার লাইন এই প্রকল্পে তৈরি হয়েছে।

সাতগাছিয়া, কৃষ্ণনগর, আসানসোল এবং সুভাষগ্রামে ২২০ কে. ভি. সাব-স্টেশন এবং আলিপুরদুয়ার ও কোচবিহারে ১৩২ কে. ভি. সাব-স্টেশন এবং সংশ্লিষ্ট লাইন তৈরির

কাজও এগিয়ে চলেছে। প্রায় ৯৫.১৭ কোটি টাকার পি. এফ. সি.-এর ঋণ সহায়তায় এই কাজ চলছে।

উপরোক্ত প্রকল্পগুলি ছাড়াও ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত রাজ্য বিদ্যুৎ পর্ষদ ৬টি সাব-স্টেশনে প্রায় ১৯৯.৮ এম. ভি. এ. রূপান্তর ক্ষমতা বৃদ্ধি করেছে এবং ৮টি সাব-স্টেশনে ফিডার/লাইন বে স্থাপন করেছে।

এই বছরে ডি. পি. এল. অঙ্গদপুরে একটি নতুন ১৩২/১১ কে. ভি. সাব-স্টেশনের কাজ শেষ করেছে এবং ১.৫০ সা. কি.মি. নতুন ১৩২ কে. ভি. লাইন স্থাপন করেছে।

সি. ই. এস. সি. এই বছরে একটি ১৩২/৩২ কে. ভি. সাব-স্টেশন, একটি ৩৩/১১/৬ কে. ভি. সাব-স্টেশন এবং ৩.৯ সা. কি. মি. ৩৩ কে. ভি. সংবহন লাইন স্থাপন করেছে।

৪। **বণ্টন প্রকল্প সমূহ**

সংবহন ব্যবস্থার উন্নয়নের সঙ্গে সামঞ্জস্য রেখে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ২০০২-২০০৩ সালে বণ্টন ব্যবস্থার উন্নতির জন্য কয়েকটি প্রকল্প রূপায়িত করেছে। ডিসেম্বর, ২০০২ পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ৪,১৩৭ কি.মি. নতুন লাইন, ৯টি ৪১ এম. ভি. এ. ক্ষমতাসম্পন্ন ৩৩ কে. ভি. উপকেন্দ্র এবং ১৮১১টি ৯৩ এম. ভি. এ. ক্ষমতাসম্পন্ন ১১/৬.৬/৬ কে. ভি. উপকেন্দ্র চালু করেছে। ৫০২ কি.মি. পুরাতন লাইনের ক্ষমতা বাড়ানো তথা পুনর্বিদ্যুতায়িত করা হয়েছে এবং ৪২৬টি পুরাতন উপকেন্দ্রের ৯৯ এম. ভি. এ. ট্রান্সফরমেশন ক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।

২০০৩-০৪ সালে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ১৫৫৫ কি.মি. ৩৩/১১/৬.৬ ইত্যাদি কে. ভি. লাইন স্থাপন, ৫০০ কি.মি. পুরাতন লাইনের ক্ষমতা বাড়ানো, নতুন ১৩৫ এম. ভি. এ. ট্রান্সফরমোন ক্ষমতাসম্পন্ন উপকেন্দ্র স্থাপন এবং পুরাতন উপকেন্দ্রগুলির ১৬৫ এম. ভি. এ. ক্ষমতা বাড়ানোর পরিকল্পনা আছে।

৩০ নভেম্বর, ২০০২ পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্রায় ৪০.২৫ লক্ষ গ্রাহক ছিলেন।

৫। **গ্রামীণ বৈদ্যুতিকরণ**

দশম পরিকল্পনার শেষে, শতকরা ১০০ ভাগ গ্রামীণ বৈদ্যুতিকরণের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। বিদ্যুতায়িত মৌজাগুলিতে নিবিড়িকরণ এবং পুনর্বিদ্যুতায়নের কাজও দশম পরিকল্পনার সময়ে একই সঙ্গে করা হবে।

বর্তমান বছরে, ডিসেম্বর, ২০০২ অবধি পশ্চিমবঙ্গ গ্রামীণ শক্তি উন্নয়ন নিগম, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা, নিম্নোক্ত গ্রামীণ বৈদ্যুতিকরণ কার্যকরী করেছেন :

(ক)	অবিদ্যুতায়িত মৌজার বৈদ্যুতিকরণ	...	৪৩৫
(খ)	বিদ্যুতায়িত মৌজার নিবিড়িকরণ	...	১,৬৩৭
(গ)	মৌজার পুনর্বিদ্যুতায়ন	...	৮১
(ঘ)	পাম্পসেটে বিদ্যুৎ সংযোগ	...	২৫৭

২০০৩-০৪ সালে পশ্চিমবঙ্গ গ্রামীণ শক্তি উন্নয়ন নিগম, নিম্নোক্ত গ্রামীণ বৈদ্যুতিকরণ কার্যকর করার পরিকল্পনা করেছে :

(ক)	অবিদ্যুতায়িত মৌজার বৈদ্যুতিকরণ	...	৯৫০
(খ)	বিদ্যুতায়িত মৌজার নিবিড়িকরণ	...	৩০০
(গ)	মৌজার পুনর্বিদ্যুতায়ন	...	৫০
(ঘ)	পাম্পসেটে বিদ্যুৎ সংযোগ	...	১,০০০

৬। শক্তি সংরক্ষণ

শক্তি সংরক্ষণের উদ্দেশ্যে এনার্জি কনজারভেশন অ্যাক্ট, ২০০১ প্রণয়নের ফলে, বিদ্যুৎ সংবহন ও বণ্টন সহ অর্থনীতির সকল ক্ষেত্রে শক্তি সংরক্ষণের দায়িত্ব দিয়ে, কেন্দ্রীয় সমন্বয়কারী সংস্থা হিসাবে ব্যুরো অব এনার্জি এফিসিয়েন্সি স্থাপিত হয়েছে। সর্বোচ্চ চাহিদা কমানো, সর্বোচ্চ চাহিদার সময় থেকে চাহিদাকে কম চাহিদার সময়ে সারিয়ে নিয়ে যাওয়া এবং গ্রাহক পর্যায়ে শক্তি ব্যবহারের কার্যকারিতা বাড়ানোর লক্ষ্য নিয়ে, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ একটি 'ওয়ার্কিং গ্রুপ অন ডিমান্ড সাইড ম্যানেজমেন্ট' তৈরি করেছে।

৭। শক্তির ব্যয়ের নিরীক্ষা (এনার্জি অডিট)

সংবহন ও বণ্টন ব্যবস্থায় শক্তির মোট কারিগরি ও বাণিজ্যিক অপব্যয় নির্দিষ্ট করতে এবং সেই অপব্যয়কে লক্ষ্যণীয়ভাবে কমাতে, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১১ কে.ভি. পর্যন্ত ফিডারে শতকরা ১০০ ভাগ মিটার বসানোর উদ্যোগ নিয়েছে।

আশা করা যায়, সামগ্রিক তথ্য সংগ্রহ এবং শক্তির ব্যয়ের নিরীক্ষা ও হিসাবে অ্যাকশান প্ল্যান কার্যকর, ২০০৩-২০০৪ সালে শুরু করা সম্ভব হবে।

৮। বিদ্যুৎ-চুরি বন্ধ করা

১৫ জুলাই, ২০০২, থেকে 'দি ইন্ডিয়ান ইলেকট্রিসিটি (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০০১', চালু হয়েছে। এই আইনের কঠোর ব্যবস্থাগুলি বিদ্যুৎ সংস্থাগুলিকে বিদ্যুৎ-চুরি কার্যকরীভাবে রুখতে শক্তি যুগিয়েছে।

হুকিং, ট্যাপিং ও অন্যান্যভাবে অননুমোদিত বিদ্যুৎ ব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ তীব্র করা হয়েছে। ডিসেম্বর, ২০০২ পর্যন্ত, ২০০২-২০০৩ সালে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ৩৮২টি বৃহৎ গ্রাহকের ও ১৬,৬২৩টি শিল্প সংস্থার ঠিকানায় সরেজমিনে তদন্ত করে এবং ১,৬০,১২৭টি ক্ষেত্রে হুকিং ছিন্ন করে। ২৩টি বৃহৎ গ্রাহকের ও ১,৬৩৭টি শিল্প সংস্থার ক্ষেত্রে বিদ্যুৎ-চুরি ধরা পড়ে। ১,৯৮১টি ক্ষেত্রে, অননুমোদিতভাবে বিদ্যুৎ ব্যবহারের জন্য এফ. আই. আর. দায়ের করা হয়। এই অপরাধে ৩৭০ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

এই সময়ে সি. ই. এস. হুকিং ছিন্ন করার উদ্যোগ নেয় এবং ৪৯,৫৯০টি ক্ষেত্রে হুকিং ছিন্ন করে। মিটার অকেজো ইত্যাদি করে বিদ্যুৎ-চুরির জন্য ৯,৫১৩টি ক্ষেত্রে বিদ্যুৎ-সংযোগ ছিন্ন করে এবং ৫,১৯২টি এফ. আই. আর. দায়ের করে। এই অপরাধে ৬৯০ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

৯। ডাইরেক্টরেট অব ইলেকট্রিসিটি

ডাইরেক্টরেট অব ইলেকট্রিসিটি-র অধীন 'লাইসেন্সিং বোর্ড' রাজ্য সরকার কৃত নিয়ন্ত্রণবিধি মেনে পরীক্ষাদি গ্রহণ করে 'ইলেকট্রিক কন্ট্রাক্টর', 'ওয়ার্কমেন পারমিট', 'সুপারভাইজারি সার্টিফিকেট অব কম্পিটেন্স' এবং 'ন্যাশনাল সার্টিফিকেট অব সুপারভাইজার' ইত্যাদির লাইসেন্স দিয়ে থাকে। ২০০২-২০০৩ আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত লাইসেন্সিং বোর্ড ওয়ার্কমেন্স পারমিটের ৪৩৩১ জন, সুপারভাইজারি সার্টিফিকেট অব কম্পিটেন্সির ১৪৭৯ জন এবং ন্যাশনাল সার্টিফিকেট অব সুপারভাইজার ৮ জন প্রার্থীর পরীক্ষা গ্রহণ করেছে। এবং এই সময়ে ৪৮৬ জনকে সুপারভাইজারি সার্টিফিকেট অব কম্পিটেন্সি, ৪০০০ জনকে ওয়ার্কমেন পারমিট এবং ২৭৯ জনকে কন্ট্রাক্টর লাইসেন্স দিয়েছে। এই ডাইরেক্টরেটের অধীন ইলেকট্রিক্যাল টেস্টিং ল্যাবরেটরি ২৮৩ ACKWH মিটার এবং ৪৬৭১ ইনসুলেশন টেস্টার পরীক্ষা করেছে। এই ডাইরেক্টরের অধীন লিফ্‌ট বিভাগ উক্ত আর্থিক বছরে ৪৩১টি নতুন লাইসেন্স দিয়েছে এবং ১৮৫৪টি পুরাতন লাইসেন্স পুনর্নবীকরণ করেছে।

১০। কেন্দ্রীয় সরকার অধিগৃহীত সংস্থার নিকট পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের দেনা শোধের উদ্দেশ্যে সিকিউরিটাইজেশন প্রকল্প (Securitisation Scheme)

ভারত সরকারের শক্তি মন্ত্রক সিকিউরিটাইজেশন স্কিমকে পরিবর্তন করেছেন। এই পরিবর্তন ২০০১ সালের ১ অক্টোবর থেকে চালু হয়েছে। কেন্দ্রীয় সংস্থার প্রাপ্য নির্ধারণের জন্য ২০০১ সালের ৩০ সেপ্টেম্বরকে নির্দিষ্ট তারিখ ধরা হয়েছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ কর্তৃক কেন্দ্রীয় সংস্থায় দেয় সমস্ত রকম সারচার্জ এবং সুদের শতকরা ষাট ভাগ মকুব বলে ধরা হবে। এই প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে ত্রিপাক্ষিক চুক্তিতে আবদ্ধ হতে রাজি হয়েছে। এই প্রকল্প অনুযায়ী রাজ্য সরকার সংশ্লিষ্ট কেন্দ্রীয় সংস্থাকে প্রয়োজনীয় ঋণপত্র প্রদান করবে।

১১। মাশুল

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ, দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম, দিশেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানি লিমিটেড এবং সি. ই. এস. সি. লিমিটেডের ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ সালের বিদ্যুৎ মাশুল নির্ধারণ করেছে। কমিশনের রায়ের বিরুদ্ধে সি. এস. সি.-র আপিল কলকাতা হাইকোর্ট মঞ্জুর করে। কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে ক্ষুব্ধ ব্যক্তিগণ সুপ্রিম কোর্টে আবেদন করে। সুপ্রিম কোর্ট রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনকে পুনরায় সংশ্লিষ্ট বছরের মাশুল নির্ধারণ করতে আদেশ দেয়। পারস্পরিক ভর্তুকি বাতিল করে দিয়ে কমিশন মাশুল নির্ধারণ করে। রাজ্য সরকার এই রায়ের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে আপিল করেছে এবং অন্তর্বর্তী আদেশের প্রার্থনা করেছে।

কমিশন পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম, দিশেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানি লিমিটেড এবং সিঙ্গুর হরিপাল গ্রামীণ বিদ্যুৎ সমবায় সমিতির ২০০২-২০০৩ সালের জন্যও মাশুল নির্ধারণ করেছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ ও সি. ই এস. সি. লিমিটেডের ২০০২-২০০৩-এর মাশুল নির্ধারণের দরখাস্তের উপর শুনানি শেষ হয়েছে। কমিশন এখনও আদেশ জারি করেনি। কমিশন ২০০৩-২০০৪ সালের মাশুলের জন্য দরখাস্তের শুনানির কাজ হাতে নিয়েছে।

১২। অ্যাক্সিলারেটেড পাওয়ার ডেভলপমেন্ট এবং রিফর্ম প্রোগ্রাম

অ্যাক্সিলারেটেড পাওয়ার ডেভলপমেন্ট এবং রিফর্ম প্রোগ্রাম (এ. পি. ডি. আর. পি.) সম্পর্কে গত ২৭ জুলাই ২০০২-এ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও ভারত সরকারের শক্তি মন্ত্রকের সঙ্গে একটি সমঝোতা পত্র স্বাক্ষরিত হয়। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের মোট ১৭টি ডিস্ট্রিবিউশন সার্কেলের মধ্যে তিনটিকে (যথা—বিধাননগর, দক্ষিণ চব্বিশ পরগনা এবং হাওড়া) ইতিমধ্যেই এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। ভারত সরকারের শক্তি মন্ত্রক এই কর্মসূচির ৫০ শতাংশ ব্যয় (২৫ শতাংশ অনুদান এবং ২৫ শতাংশ ঋণ) বহন করবে। এই প্রকল্পের বাকি ৫০ শতাংশ খরচের টাকা পাওয়ার ফিনান্স কর্পোরেশন থেকে ঋণ হিসাবে পাওয়া যাবে। সনাক্তকৃত তিনটি সার্কেলের জন্য মোট ১৩২.৭১ কোটি টাকার প্রকল্প ভারত সরকারের শক্তি মন্ত্রক দ্বারা গঠিত এ. পি. ডি. আর. পি. মনিটরিং কমিটি অনুমোদন করেছে। চলতি বছরে কেন্দ্রীয় শক্তি মন্ত্রক প্রথম কিস্তির ১৯.০২ কোটি টাকা দিয়েছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ ইতিমধ্যেই এই টাকার কাজ রূপায়িত করতে শুরু করেছে। পাওয়ার ফিনান্স কর্পোরেশনও ইতিমধ্যেই তাদের দেয় অংশের টাকার অনুমোদন দিয়েছে।

এ. পি. ডি. আর. পি.-এর কার্য রূপায়ণের অগ্রগতি পর্যালোচনা করা এবং সমঝোতা পত্রের শর্তাবলী যথাযথ প্রতিপালিত হচ্ছে কি না তা দেখার জন্য একটি রাজ্যস্তরে বণ্টন সংস্কার কমিটি গঠন করা হয়েছে।

ক্ষতির পরিমাণ কমানোয় দ্রুত ফলদায়ী বিষয়গুলো ফোকাস করে এবং ঘনবসতিপূর্ণ অঞ্চলগুলো বিশেষ করে শহরাঞ্চলে বিদ্যুতের গুণমান বৃদ্ধির উদ্দেশ্যে নিম্নলিখিত শহরসমূহকে পরবর্তী পর্যায়ে উন্নয়নের জন্য নির্বাচন করা হয়েছে :

(ক) আসানসোল

(খ) খড়গপুর

(গ) ইংলিশ বাজার

(ঘ) দুর্গাপুর

(ঙ) শিলিগুড়ি

(চ) বর্ধমান

(ছ) রায়গঞ্জ

১৩। **পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহার পরিকল্পনা**

পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা, পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রকল্পের আওতায় বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করে চলেছে। এর মধ্যে রয়েছে সৌরভিত্তিক, জৈব বর্জ্য ভিত্তিক এবং বাতাস-ডিজেল মিশ্র প্রণালী ভিত্তিক শক্তি। বিভিন্ন ধরনের ওইসব শক্তির সাহায্যে পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা ৩০০টিরও বেশি গ্রাম বিদ্যুতায়িত করেছে। ২০০২-০৩ সালে এদেশে সর্বপ্রথম ৫০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন বাতাস-ডিজেল মিশ্র পদ্ধতির বিদ্যুৎ কেন্দ্রটি সাগরদ্বীপে স্থাপন করা হয়েছে। সাগরদ্বীপের চারটি গ্রামে এই কেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আরও দুটি গ্রামে বিদ্যুৎ জোগান দেওয়ার জন্য নামখানা ব্লকের মৌসানি দ্বীপে একটি বৃহদাকার সৌরচালিত বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হচ্ছে।

গোসাবা দ্বীপে অবস্থিত জৈব বর্জ্য ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের মাধ্যমে গোসাবা ব্লকের রাঙাবেলিয়ার প্রায় ১,১০০ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। বর্ধমান, হুগলি এবং বীরভূম জেলার বিভিন্ন চালকলে ২০০২-০৩ সালে প্রায় ১১টি ধানের তুষভিত্তিক গ্যাসিফায়ার পদ্ধতির নিজস্ব বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়েছে। এই ধরনের বিদ্যুৎ কেন্দ্রগুলির মোট উৎপাদন ক্ষমতা প্রায় ৩ মেগাওয়াট। চা বাগিচাগুলিকে বিদ্যুৎ জোগান দেওয়ার জন্য পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা দার্জিলিং জেলার 'রঙমুখ সেডারস'-এ অবস্থিত একটি ছোট জলবিদ্যুৎ প্রকল্প (৫০০ কিলোওয়াট) পরিচালনা করছে। বর্তমান আর্থিক বছরে তারা 'দুর্গাপুর এনার্জি পার্ক'-এর কাজের অধিকাংশ সম্পন্ন করে ফেলেছে।

আগামি ২০০৩-০৪ সালে পশ্চিমবঙ্গ পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা নিম্নবর্ণিত প্রকল্পগুলি রূপায়ণ করার পরিকল্পনা করেছে :

(ক) সাগরদ্বীপে অবস্থিত বাতাস-ডিজেল মিশ্র পদ্ধতির বিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় পর্যায়;

(খ) ফ্রেজারগঞ্জে ১ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন উইন্ড-ফার্ম প্রকল্প;

(গ) মেদিনীপুর জেলার নয়াচর দ্বীপে ১ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন উইন্ড-ডিজেল হাইব্রিড বিদ্যুৎ প্রকল্প;

(ঘ) দুধিয়াতে ৪০০ কিলোওয়াটের ছোট জলবিদ্যুৎ প্রকল্প;

(ঙ) ৬০০ কিলোওয়াটের নক্সাল ছোট জলবিদ্যুৎ প্রকল্প;

(চ) প্রায় ১,২০০০ পরিবার সমন্বিত ৩০০টি অবিদ্যুতায়িত গ্রামকে পশ্চিমবঙ্গ গ্রামীণ শক্তি উন্নয়ন নিগমের সহায়তায় সৌরশক্তির মাধ্যমে বিদ্যুতায়ন।

১৪। বেঙ্গল এম্‌টা কোল মাইনস্ লিমিটেড

রাজ্য সরকারের মালিকানাধীন বিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লা সরবরাহের জন্য বেঙ্গল এম্‌টা কোল মাইন্‌স লিমিটেড নামে যৌথ উদ্যোগে গঠিত নিজস্ব কয়লাখনি প্রকল্পটি সফল পরিচালনার ষষ্ঠ বৎসর চলছে। রাজ্যে বিদ্যুৎ ক্ষেত্রের পুনর্গঠনের পরিপ্রেক্ষিতে যৌথ উদ্যোগে গঠিত বেঙ্গল এম্‌টা কোল মাইনস্ লিমিটেডের অংশীদারিত্বেরও পুনর্বিন্যাস ঘটানো হয়েছে যেখানে রাজ্য অধিগৃহীত বিদ্যুৎ কেন্দ্রগুলির মোট ২৬ শতাংশ মালিকানাকে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এবং দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডের মধ্যে যথাক্রমে ২০% ও ৬% হারে পুনর্বণ্টিত করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরে (২০০২-০৩) বেঙ্গল এম্‌টা কোল মাইন্‌স ৩০ লক্ষ টনেরও বেশি কয়লা রাজ্য বিদ্যুৎ কেন্দ্রগুলিকে সরবরাহ করেছে। এর ফলে কোল ইন্ডিয়া লিমিটেডের কয়লার দামের তুলনায় এই কয়লার দামে ৫৪.১৬ কোটি টাকা সাশ্রয় হয়েছে।

কোল ইন্ডিয়ার পরিবর্তে নিজস্ব কয়লাখনি থেকে বিদ্যুৎ কেন্দ্রে কয়লার জোগান পাওয়ার অন্যান্য বিশেষ সুবিধাগুলি হল :

(ক) কয়লা পরিবহণজনিত ক্ষতি থাকে না—কারণ বিদ্যুৎ কেন্দ্রে পৌঁছানোর পর যে ওজন নেওয়া হয়, সেই অনুযায়ী কয়লার দাম মেটানো হয়।

(খ) নির্দিষ্ট গুণমানের কয়লার নিশ্চিত সরবরাহ—কারণ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লা পৌঁছানোর পর তার গুণমান পরীক্ষা করা হয় এবং তদনুযায়ী দাম দেওয়া হয়।

কোল ইন্ডিয়ার কয়লার পরিবহণজনিত গড় ক্ষতি ৪ শতাংশ ধরলে পরিবহণজনিত ক্ষতি এড়ানোর কারণে নিজস্ব কয়লা ক্ষেত্র থেকে সরবরাহ কয়লার দামে প্রায় ১১.৯০ কোটি টাকা সাশ্রয় হয়।

সমস্ত সুবিধাগুলির হিসাব ধরলে ২০০২-০৩ আর্থিক বছরে রাজ্য সরকার মালিকানাধীন বিদ্যুৎ কেন্দ্রগুলির মোট আর্থিক সাশ্রয়ের পরিমাণ দাঁড়ায় ৭৮.০৬ কোটি টাকা।

তা ছাড়াও বর্তমান আর্থিক বছরে, কোম্পানিটি সেস বাবদ প্রায় ৫২.৪৯ কোটি টাকা রাজ্য কোষাগারে জমা দিয়েছে।

রাজ্য ক্ষেত্রে বিদ্যুৎ কেন্দ্রগুলিতে নিজস্ব কয়লাখনি থেকে কয়লা সংগ্রহে এত সুবিধা পাওয়া যাচ্ছে দেখে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম কেন্দ্রীয় খনি ও খনিজ সম্পদ মন্ত্রকের অধীন কয়লা দপ্তরে আরও কয়লাখনি বরাদ্দের জন্য আবেদন করেছে।

১৫। **বিদ্যুৎ ক্ষেত্রে পুনর্বিন্যাস এবং অন্যান্য উদ্যোগ**

রাজ্য সরকার ভারত সরকারের শক্তি মন্ত্রকের সঙ্গে একটি সমঝোতাপত্র সম্পাদন করেছে। রাজ্যের বিদ্যুৎ ক্ষেত্রে পরিচালন দক্ষতা এবং আর্থিক স্বচ্ছলতা আনতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

রাজ্য বিদ্যুৎ পর্ষদের বণ্টন জোনগুলির পুনর্বিন্যাস করা হচ্ছে যাতে এগুলি লাভক্ষতি ভিত্তিক স্বনির্ভর কেন্দ্র হিসাবে কাজ করতে পারে এবং আলাদা হিসাবপত্র রাখতে পারে। এই কেন্দ্রগুলিতে ২০০২ সালের ৩১ মার্চ তারিখের লাভক্ষতির হিসাব তৈরি হয়েছে।

গ্রিডের শৃঙ্খলা রক্ষার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হচ্ছে। পূর্বাঞ্চল থেকে আরও বেশি বিদ্যুৎ অন্য অঞ্চলে পাঠানোর ফলে অবস্থার উন্নতি হয়েছে।

রাজ্য বিদ্যুৎ পর্ষদ, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এবং ডি. পি. এল.-এর 'জয়েন্ট ম্যানেজমেন্ট কাউন্সিল' ভালই কাজ করছে। গ্রাহক পরিষেবা এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে বিদ্যুৎ সংস্থার কর্মীদের ভূমিকার যথেষ্ট উন্নতি হয়েছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদের রাজস্ব আদায়ে বেশ উন্নতি হয়েছে। গত বছরে ২,৪৩৫ কোটি টাকা থেকে বেড়ে এ বছরে প্রায় ৩,০০০ কোটি টাকা রাজস্ব আদায় হবে আশা করা যাচ্ছে।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম গত দু-বছরে লাভ করেছে। ২০০১-০২ সালে প্রায় ৭.৬ কোটি টাকা লাভ করেছে। এই নিগম পাওয়ার ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে দিল্লি, হরিয়ানা, মধ্যপ্রদেশ, রাজস্থান, পাঞ্জাব প্রভৃতি রাজ্যে প্রতি মাসে প্রায় ১৬০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ রপ্তানি করছে।

গ্রাহকের সন্তুষ্টি এবং অভিযোগ নিষ্পত্তির জন্য, বিদ্যুৎ পর্ষদের সব সার্কেল এবং ডিভিশন কার্যালয়ে বিশেষ শাখা খোলা হয়েছে। পরিষেবার মান উন্নয়নের জন্য বণিকসভা এবং অন্যান্য গ্রাহক সংস্থার প্রতিনিধিদের সঙ্গে নিয়মিত আলাপ-আলোচনা করা হচ্ছে। বিদ্যুৎ সংস্থাগুলির কাজে আরও বেশি স্বচ্ছতা আনা হচ্ছে।

রাজ্য সরকারি বিদ্যুৎ সংস্থাগুলি 'ইন-হাউস' জার্নাল প্রকাশ করছে। এর ফলে উন্নত যোগাযোগের মাধ্যম তৈরি হয়েছে। এইসব জার্নালে পরিচালকমণ্ডলীর সিদ্ধান্ত, গুরুত্বপূর্ণ কর্মপ্রণালী, কর্মকুশলতা এবং বিভিন্ন প্রকল্পের রূপায়ণ সম্পর্কে তথ্য প্রকাশিত হয়।

এখন আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি, তাঁরা যেন ২২৩১,২০,৫৫,০০০ (দুই হাজার দুইশত একত্রিশ কোটি কুড়ি লক্ষ পঞ্চান্ন হাজার) টাকার ৪৩ নং দাবি বিবেচনা করে অনুমোদন করেন।

DEMAND No. 44

Major Heads: 2852—Industries, 3451—Secretariat—Economic Services, 5075—Capital Outlay on Other Transport Services, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries, 6858—Loans for Engineering Industries and 6860—Loans for Consumer Industries

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 72,67,60,000 be granted for expenditure under Demand No. 44, Major Heads: "2852—Industries, 3451—Secretariat—Economic Services, 5075—Capital Outlay on Other Transport Services, 1 6857—Loans for Chemical and Pharmaceutical Industries, 6858—Loans for Engineering Industries and 6860—Loans for Consumer Industries" during the year 2003-2004

(This is inclusive of a total sum of Rs. 24,22,54,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ৪৪ নং দাবির অধীন '২৮৫২-শিল্পসমূহ (রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ)', '৪৮৫৮-ইঞ্জিনিয়ারিং শিল্পখাতে মূলধনী বিনিয়োগ (রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ)', '৫০৭৫-অন্যান্য পরিবহন সেবাখাতে মূলধনী বিনিয়োগ (রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ)', '৬৮৫৭-রাসায়নিক ও ফার্মাসিউটিক্যাল শিল্পসমূহের ঋণ (রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ)', '৬৮৫৮-ইঞ্জিনিয়ারিং শিল্পখাতে ঋণ (রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ)', '৬৮৬০-ভোগ্যপণ্য শিল্পখাতে ঋণ (রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ)' এবং '৩৪৫১-সচিবালয় অর্থনৈতিক সেবা-০৯০-যোজনা বহির্ভূত ব্যয়-০১৪-রাষ্ট্রায়ত্ত উদ্যোগ বিভাগ' খাতে ৭২,৬৭,৬০,০০০ (বাহাত্তর কোটি সাতষট্টি লক্ষ ষাট হাজার) টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুর করার প্রস্তাব করছি। ভোট-অন-অ্যাকাউন্টে প্রস্তাবিত ২৪,২২,৫৪,০০০ (চব্বিশ কোটি বাইশ লক্ষ চুয়ান্ন হাজার) টাকার ব্যয়-বরাদ্দ উপরোক্ত প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের অন্তর্গত।

২। রাষ্ট্রায়ত্ত উদ্যোগ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণে বর্তমান ২৩টি শিল্প সংস্থা ও একটি বিভাগীয় সংস্থা রয়েছে :

ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মার লিমিটেড,
দুর্গাপুর কেমিক্যাল্‌স লিমিটেড,
সরস্বতী প্রেস লিমিটেড,
গ্লুকোনেট হেল্‌থ লিমিটেড,
ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন,
শালিমার ওয়ার্কস (১৯৮০) লিমিটেড,
ইস্টার্ন ডিস্টিলারিস অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিমিটেড,
ইলেকট্রো-মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিমিটেড,
ওয়েস্ট বেঙ্গল কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড,
সুন্দরবন সুগারবিট প্রসেসিং কোম্পানি লিমিটেড,
ন্যাশনাল আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি (১৯৮৪) লিমিটেড,
ইন্ডিয়া পেপার পাল্প লিমিটেড,
ভারত জুট মিল্‌স লিমিটেড,
কৃষ্ণা সিলিকেট অ্যান্ড গ্লাস ওয়ার্কস লিমিটেড,
ম্যাকিনটোস বার্ন লিমিটেড,
লিলি বিস্কুট কোম্পানি (প্রাইভেট) লিমিটেড,
এঞ্জেল ইন্ডিয়া মেসিন্‌স অ্যান্ড টুল্‌স (১৯৮৭) লিমিটেড,
কার্টার পুলার ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড,
ওয়েস্ট বেঙ্গল প্লাইউড অ্যান্ড অ্যালায়েড প্রোডাক্টস লিমিটেড,
নিও পাইপ্‌স অ্যান্ড টিউব্‌স কোম্পানি লিমিটেড,
অ্যাপোলো জিপার কোম্পানি (প্রাইভেট) লিমিটেড,
ইন্ডিয়া বেল্টিং অ্যান্ড কটন মিল্‌স লিমিটেড,
দার্জিলিং রোপওয়েজ কোম্পানি (বিভাগীয় সংস্থা)।

৩। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবগত আছেন যে ১৯৯৮ সালে আভ্যন্তরীণ পুনর্বিন্যাসের মাধ্যমে ১৩ (তেরো)টি সংস্থা এবং দার্জিলিং রোপওয়েজ কোম্পানির নিয়ন্ত্রণভার শিল্প পুনর্গঠন দপ্তর থেকে রাষ্ট্রীয় উদ্যোগ দপ্তরে স্থানান্তরিত হয়েছে। উল্লিখিত সংস্থাগুলির মধ্যে ২১টি সংস্থা উৎপাদন, ব্যবসা ও পরিষেবামূলক ক্রিয়াকলাপে যুক্ত। সুন্দরবন সুগারবিট এবং ইন্ডিয়া পেপার পাল্পের উৎপাদনী ক্রিয়াকলাপ এবং দার্জিলিং রোপওয়েজের পরিবহনের কাজকর্ম যান্ত্রিক এবং কারিগরি প্রতিবন্ধকতার কারণে বর্তমানে বন্ধ রয়েছে।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের অধীন রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলি যাতে রাজ্যের অর্থনৈতিক ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করতে পারে, সেই লক্ষ্যে রাজ্য সরকার তার সীমাবদ্ধতার মধ্যেও উদ্যোগগুলির সামগ্রিক ক্রিয়াকলাপের উন্নতিসাধনে এগুলির পরিচালন ব্যবস্থাকে সুদৃঢ় করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। আমাদের লক্ষ্য হল উচ্চতর উৎপাদনের মাধ্যমে সংস্থাগুলির সঙ্গতি বৃদ্ধি করা এবং ব্যয় সংকোচের মাধ্যমে এগুলোকে লাভজনক করে তোলা এবং পর্যায়ক্রমে পরিচালন সংক্রান্ত লোকসানের পরিমাণ এবং পাশাপাশি সরকারি সহায়তার উপর এদের নির্ভরতা হ্রাস করা। অভীষ্ট লক্ষ্য অর্জনে রাষ্ট্রায়ত্ত উদ্যোগ দপ্তরের সঙ্গে যুক্ত Strategic Business Experts Group-এর নিরবচ্ছিন্ন নজরদারি ও কারিগরি পরামর্শ সংস্থাগুলির উন্নতি সাধনে অনুসৃত হচ্ছে। এইসব সংস্থাগুলির বার্ষিক কার্যক্রম তৃণমূল স্তরে প্রস্তুতির পর পরবর্তী পর্যায়ে এস. বি. ই. জি. এবং বিভাগীয়ভাবে আলোচনার পর চূড়ান্ত রূপ দেওয়া হয়। এর ফলে এই দপ্তর কর্তৃক স্থিরীকৃত লক্ষ্যে পৌঁছাবার জন্য এইসব সংস্থাগুলির কর্মীরা তাদের উচ্চতর কর্মসম্পাদন সংক্রান্ত দায়বদ্ধতাকে সুনিশ্চিত করে। এই প্রক্রিয়া সংস্থাগুলির উৎপাদিত সামগ্রীর গুণগত মান, বৈচিত্র্য, আধুনিকীকরণ এবং মানব সম্পদ পরিচালন সংক্রান্ত বিষয়গুলির নিরবচ্ছিন্ন পর্যালোচনার ক্ষেত্র প্রসারিত করেছে। সংস্থাগুলির টিকে থাকার স্বার্থে যাতে উৎপাদন চালু রাখা যায় সেজন্য প্রয়োজনীয় মূলধনের জোগান দেওয়া হয়েছে।

৫। মাননীয় সদস্যগণের নিশ্চয়ই স্মরণে আছে যে, উল্লিখিত সংস্থাগুলির মধ্যে কেবলমাত্র ৪টি সংস্থা যেমন—দুর্গাপুর কেমিক্যালস, ইলেকট্রো-মেডিক্যাল, সুন্দরবন সুগারবিট এবং স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন সরকারি উদ্যোগে স্থাপিত হয়েছিল। বাকি সংস্থাগুলিকে বেসরকারি মালিকানা থেকে রাজ্য সরকার অধিগ্রহণ করে। মূলত প্রযুক্তিগত দুর্বলতা, সংকুচিত বাজার, পূর্বতন মালিকের ত্রুটিপূর্ণ পরিচালন পদ্ধতিই এই সংস্থাগুলিকে এক সংকটের আবর্তে ঠেলে দেয়। অধিকন্তু শ্রমিক-কর্মচারীদের মধ্যেও নেতিবাচক প্রবণতার উদ্ভব ঘটায়। প্রসঙ্গত উল্লেখ্য এই সংস্থাগুলির টিকে থাকার সামর্থ্য প্রকৃত অনুসন্ধান ও মূল্যায়ন না করেই শ্রমিক-কর্মচারীর স্বার্থে প্রচলিত আইনি বিধানের সাহায্যে এগুলিকে অধিগ্রহণ করা হয়। হাইকোর্টের আদেশবলে ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো-টেক্সটাইল কর্পোরেশনের অধীনস্থ ভারত জুট মিল এবং ম্যাকিনটোস বার্ন যার ৪৯ শতাংশ শেয়ার সরকারের আওতাভুক্ত, পূর্বে উল্লেখিত সংস্থাগুলির থেকে স্বতন্ত্র। মাননীয় সদস্যগণ অনুগ্রহ করে অনুধাবন করবেন যে, আমাদের লক্ষ্য হল সংস্থাগুলিকে আত্মনির্ভরশীল করে তোলা এবং সেগুলি যাতে রাজ্য সরকারের সীমিত আর্থিক সহায়তার ওপর নির্ভর না করে স্বয়ম্ভরতার দিকে এগোতে পারে, তা সুনিশ্চিত করা।

৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যবৃন্দকে এটা জানাতে পেরে খুশি যে, সংস্থাগুলির আর্থিক উন্নয়নের লক্ষ্যমাত্রা নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (১৯৯৭-২০০২) মোট উৎপাদন মূল্য শতকরা ২১৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৩০ কোটি টাকা থেকে ২৭৮ কোটি টাকায় পৌঁছেছে। অনুরূপভাবে তাদের বিক্রয়ও ৩০৮ কোটি টাকায় পৌঁছেছে।

পাঁচটি সংস্থা, আলোচ্য সময়ে, তাদের চলতি লাভ (অপারেটিং প্রফিট) সমষ্টিগতভাবে ৭.৮ কোটি টাকা থেকে ১৩.৩ কোটি টাকায় উন্নীত করেছে এবং এদের মধ্যে স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন, সরস্বতী প্রেস ও ম্যাকিনটোস বার্ন সরকারকে ডিভিডেন্ড প্রদান করেছে। বাকি ১৬টি সংস্থার ক্রমপুঞ্জিত লোকসান কম-বেশি একই জায়গায় রয়েছে যা গত ২০০০-০১ সালে উল্লেখযোগ্যভাবে পূর্বতন বছরের ২৭/২৮ কোটি টাকার তুলনায় ২১ কোটি টাকায় নেমে এসেছিল। একদিকে শ্রমিক-কর্মচারীদের বেতন ও অন্যান্য আর্থিক দায়-দায়িত্বের ক্রমবৃদ্ধি, অন্যদিকে চূড়ান্ত প্রতিযোগিতামূলক কিন্তু মন্দা বাজারজনিত কারণে উৎপাদিত দ্রব্যের বাজারমূল্যের সেইরূপ বৃদ্ধি না হওয়া, চলতি বছরগুলিতে সংস্থাগুলির আশানুরূপ অগ্রগতির পথে প্রাথমিক অন্তরায়।

৭। মাননীয় অধ্যক্ষ মহাশয় ও সদস্যগণ, নিশ্চয়ই অবগত আছেন যে, এস. বি. ই. জি.-এর পরামর্শমতো সংস্থাগুলির গুণগত মানের উন্নতির ওপর জোর দেওয়ার ফলে শালিমার ওয়ার্কস, ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মার, দুর্গাপুর কেমিক্যালস, ইলেকট্রো-মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং এবং সরস্বতী প্রেস ইতিমধ্যে মর্যাদাপূর্ণ আই. এস. ও. শংসাপত্র পেতে সক্ষম হয়েছে। এটি সংশ্লিষ্ট সংস্থাগুলির পক্ষে সাফল্যেরই সূচক।

৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের লক্ষ্য এমন একটি সরকারি ক্ষেত্র গড়ে তোলা যা শুধু দক্ষ পরিচালনার মানদণ্ডেই নয়, শিল্পক্ষেত্রে প্রতিযোগিতার মুখোমুখি দাঁড়িয়ে সমান তালে এগিয়ে যেতেও সক্ষম। এটা স্বীকার করতে দ্বিধা নেই, জন্মলগ্ন থেকেই আর্থিক রুগ্‌ণতা এবং পর্যাপ্ত বিনিয়োগ না হওয়ায় সংস্থাগুলির আধুনিকীকরণ ও কারিগরি উন্নয়ন ব্যাহত হয়েছে। ফলে কাঙ্খিত লক্ষ্যে পৌঁছানো যায়নি। একদিকে সরকারি ব্যয়-বরাদ্দের অভাব এবং অন্যদিকে রাজ্যের সামাজিক পরিকাঠামোকে মজবুত করার অগ্রাধিকার এই প্রেক্ষিতেই সরকারি কর্পোরেশন ও সংস্থাগুলি যাতে, নির্দিষ্ট সময়ের মধ্যে টিকে থাকার সামর্থ অর্জন করতে পারে, সেই লক্ষ্যে বাস্তবোচিত সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। এই উদ্দেশ্যে রাজ্য সরকার একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে। এই কমিটি সরকারি সংস্থাগুলির সমস্যা ও উন্নতির সম্ভাবনা পর্যালোচনা করে তাদের প্রত্যেকের টিকে থাকার সামর্থ্য স্থির করবে। গতবছর, এই দাবি গ্রহণের আলোচনা কালে নিম্নলিখিত ১৬টি লোকসানে চলা সংস্থাগুলির পুনর্গঠনের জন্য, কমিটির সুচিন্তিত মতামত সাপেক্ষে, রাজ্য সরকারের সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছিল :

(ক) আই. পি. পি. ও সুন্দরবন সুগার বিট যাদের উৎপাদনী ক্রিয়াকলাপ বন্ধ রয়েছে, সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হবে এবং ওই দুটি সংস্থার সম্পত্তি কর্মসংস্থানের লক্ষ্যে ব্যয়িত হবে।

(খ) সরকারি মালিকানায় রেখে দুর্গাপুর কেমিক্যাল্‌স, ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মার, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং এবং গ্লুকোনেট হেল্‌থ—এই চারটি সংস্থার প্রশাসনিক, ব্যবসায়িক এবং আর্থিক পুনর্গঠন করা হবে।

(গ) বাকি ১০টি সংস্থা সর্বোচ্চ ৭৪ শতাংশ পর্যন্ত শেয়ার বেসরকারি মালিকানায় হস্তান্তরিত করা হবে যাতে তারা টিকে থাকতে পারে। সঙ্গতিসম্পন্ন বিনিয়োগকারী অনুসন্ধানের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। ওই সংস্থাগুলির সম্পত্তি রাজ্যের শিল্প উন্নয়ন ও আর্থিক পরিকাঠামোর বৃদ্ধির লক্ষ্যে অনুঘটক হিসাবে কাজ করবে, এ প্রক্রিয়া স্বচ্ছতার সঙ্গে অনুসৃত হচ্ছে।

৯। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শেষের দুটি পুনর্গঠনের সিদ্ধান্ত বিভিন্ন সংস্থাগুলিতে বয়স্ক কর্মচারীদের চাকুরি ছেদের সম্ভাবনাকে ক্ষেত্র বিশেষে বাস্তবায়িত করবে। এটি অত্যন্ত বেদনাদায়ক কিন্তু রাজ্যের আর্থিক পরিকাঠামোকে শক্তিশালী করতে রাজ্যের সীমিত সম্পদের ব্যবহার করার প্রয়োজনীয়তা, এই দুর্ভাগ্যজনক সিদ্ধান্ত নিতে বাধ্য করছে। প্রতিশ্রুতিমতো সংস্থাগুলির শ্রমিকদের স্বার্থ সুরক্ষিত করেই একটি আগাম অবসর প্রকল্প রচিত হচ্ছে। এই প্রকল্পে চিকিৎসা, দুর্ঘটনা, অক্ষমতার সামাজিক সুরক্ষা বিমাসহ আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা থাকছে। আমরা একটি সামাজিক সুরক্ষা প্রকল্পেরও রূপরেখা স্থির করছি যার ফলে কর্মচ্যুত দক্ষ শ্রমিকরা আবেদন ও মূল্যায়ন ভিত্তিতে বিভিন্ন ব্যবসায় বা চাকুরিতে পুনঃনিয়োজিত হতে পারেন। বয়স্ক কর্মচারীদের ক্ষেত্রে পুনঃনিয়োগের প্রকল্পটি আশানুরূপভাবে কার্যকরী না হবার সম্ভাবনা রয়েছে। এই ক্ষেত্রে ওই কর্মচারীদের বেকার সন্তান-সন্ততিদের এই প্রকল্পের আওতাভুক্ত করা যেতে পারে যাতে তারা সংসারের আর্থিক দুর্বলতা কাটিয়ে উঠতে সাহায্য করতে পারে। আমরা ১৬টি সংস্থার শ্রমিক-কর্মচারীদের সঙ্গে স্বেচ্ছাবসর প্রকল্প ও আর্থিক ক্ষতিপূরণ প্রসঙ্গে নিরন্তর আলোচনা চালাচ্ছি এবং সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির কাছেও এই প্রকল্পটি সামগ্রিকভাবে ব্যাখ্যা করা হয়েছে।

১০। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপরিউল্লিখিত পুনর্গঠন সম্পর্কিত সিদ্ধান্তগুলি রুগ্‌ণ সংস্থাগুলিকে মজবুত করে তোলা ছাড়াও রাজ্যের সীমিত সম্পদ সামাজিক ও পরিকাঠামো উন্নয়নের মতো জরুরি কর্মসূচিতে পরিপূর্ণভাবে সদ্ব্যবহারের পথ প্রশস্ত করবে। সরকারের লক্ষ্য এই ১৬টি রুগ্‌ণ রাষ্ট্রায়ত্ত সংস্থার পুনর্গঠনের প্রকল্পটিকে সুচারুরূপে বাস্তবায়িত করা, যাতে পরবর্তীকালে রাজ্য সরকার পরিচালিত লোকসানে চলা অন্যান্য রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির ক্ষেত্রে এর প্রয়োগ আরও উন্নততর করা যায়। এই লক্ষ্যে ১৬টি সংস্থার পুনর্গঠনের একটি পাইলট প্রজেক্ট প্রণীত হয়েছে এবং তা সফলভাবে বাস্তবায়িত করতে ভারত সরকারের মাধ্যমে ব্রিটিশ সরকারের ডি. এফ. আই. ডি. থেকে আর্থিক সহায়তা পাওয়া যাচ্ছে। আমরা আশা করছি, এই পাইলট প্রজেক্ট বাস্তবায়নের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি যৌথ মালিকানাধীন প্রকল্পের আওতাভুক্ত করা সম্ভব হবে। মাননীয় সদস্যদের জানাতে চাই, ডি. এফ. আই. ডি. এই পাইলট প্রজেক্টটি বাস্তবায়িত করার লক্ষ্যে দু'বছর ধরে ২০ মিলিয়ন স্টারলিং পাউন্ড আর্থিক সহায়তা প্রদানের জন্য আগ্রহ প্রকাশ করেছে এবং পরিকল্পনা রূপায়ণ সংক্রান্ত বিস্তৃত রূপরেখা রাজ্য সরকারের তত্ত্বাবধানে প্রণয়ন করছে।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অষ্টম পরিচ্ছেদে ১৪টি রাষ্ট্রায়ত্ত সংস্থার পুনর্গঠন প্রকল্পটিকে রূপায়িত করার সুযোগ ডি. এফ. আই. ডি. আর্থিক সহায়তা প্রদানের ফলে

সম্ভব হবে। সরকারি বিজ্ঞপ্তির মাধ্যমে প্রখ্যাত ম্যানেজমেন্ট কনসালটেন্সি ফার্ম—প্রাইস ওয়াটার হাউস কুপার্স—১৪টি সংস্থার সর্বোচ্চ ব্যবসায়িক সম্ভাবনা খতিয়ে দেখার জন্য নিয়োজিত হয়েছে। এই কাজ শুরু হয়েছে এবং ৮(গ) অনুচ্ছেদে উল্লিখিত ১০টি সংস্থার আর্থিক ক্ষমতার মূল্যায়নের লক্ষ্যে কাজ শুরু হয়েছে যা যৌথ উদ্যোগে বেসরকারি মালিকানায় হস্তান্তরিত করার কাজটিকে ত্বরান্বিত করবে। ৮(ক) অনুচ্ছেদে উল্লিখিত ৪টি সংস্থার ক্ষেত্রে প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য তাদের ব্যবসায়িক পরিকল্পনা, আর্থিক দায়-দায়িত্ব ও প্রশাসনিক স্তরে রদবদল ইত্যাদির লক্ষ্যে এই পর্যবেক্ষণ ফলপ্রসু হবে।

১২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রমিকশ্রেণির স্বার্থরক্ষাই আমাদের অগ্রাধিকার এবং আপনার মাধ্যমে সমস্ত সদস্যদের আশ্বস্ত করতে চাই যে, এই লক্ষ্যে সম্ভাব্য সমস্ত উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া, রাজ্যের আর্থিক উন্নয়নের পথকে সুগম করার লক্ষ্য অর্জনে এবং বিনিয়োগের উপযুক্ত বাতাবরণ সৃষ্টির মাধ্যমে আরও বেশি বেশি বিনিয়োগ আকর্ষণ করতে রাজ্যের সীমিত সম্পদের উপযুক্ত ব্যবহার নিশ্চিত করা হবে। তাই আপনার মাধ্যমে এই উদ্যোগকে সফল করতে মাননীয় সদস্যদের সক্রিয় সহযোগিতা চাইছি। এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের মূল্যবান পরামর্শও পাব, এ বিষয়ে আমি নিশ্চিত।

১৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি উল্লেখ করে আমি রাষ্ট্রায়ত্ত উদ্যোগ বিভাগ ও তার অধীনস্থ সংস্থাসমূহের ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের দাবি মঞ্জুরের জন্য উত্থাপন করছি।

DEMAND No. 45

Major Heads : 2215—Water Supply and Sanitation, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 2551—Hill Areas and 4215—Capital Outlay on Water Supply and Sanitation

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 307,35,48,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads : "2215—Water Supply and Sanitation, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 2551—Hill Areas and 4215—Capital Outlay on Water Supply and Sanitation" during the year 2003-2004

(This is inclusive of a total sum of Rs. 102,45,16,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪৫ নং দাবির অন্তর্ভুক্ত মুখ্যখাত, "২০৪৯—সুদ পরিশোধ", "২২১৫—জল সরবরাহ ও অনাময়","২২৪৫—প্রাকৃতিক দুর্যোগ হেতু ত্রাণকার্য", "২২৫০—অন্যান্য সামাজিক পরিষেবা", "২২৫১—সচিবালয়-সামাজিক পরিষেবা", "২৫৫১—পাহাড় এলাকা", "৪২১৫—জল সরবরাহ ও অনাময় বিষয়ে মূলধন বিনিয়োগ" এবং "৬০০৪—কেন্দ্রীয় সরকার থেকে গৃহীত ঋণ ও অগ্রিম" ব্যয় নির্বাহের জন্য ভোটে গৃহীত মোট ৩০৭,৩৫,৪৮,০০০.০০ (তিনশত সাত কোটি পঁয়ত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার) টাকা এবং দায়মোচন হেতু ১,৫৭,৬২,০০০.০০ (এক কোটি সাতান্ন লক্ষ বাষট্টি হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে যে ভোটে গৃহীত ১০২,৪৫,১৬,০০০.০০ (একশত দুই কোটি পঁয়তাল্লিশ লক্ষ ষোল হাজার) টাকা এবং দায়মোচন হেতু ৫২,৫৪,০০০.০০ (বাহান্ন লক্ষ চুয়ান্ন হাজার) টাকা অন্তর্বর্তীকালীন ব্যয় মঞ্জুর (Vote on account) করা হয়েছে, তাও উক্ত টাকার অন্তর্ভুক্ত।

২। মহাশয়, আমি এই সুযোগে আপনার মাধ্যমে রাজ্য সরকার কর্তৃক জল সরবরাহ ও অনাময় সম্পর্কে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত কর্মসূচি সম্পর্কে কিছু তথ্য মাননীয় সদস্যদের গোচরীভূত করতে চাই।

৩। গ্রামীণ জল সরবরাহ

৩.১। গ্রামীণ এলাকায় পানীয় জল সরবরাহ প্রধানত রাজ্য যোজনা খাতে (পূর্বতন ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প) এবং ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প-এর মাধ্যমে কার্যকরী করা হয়। বর্তমানে গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের উদ্দেশ্য হল রাজ্যের মোট ৭৯,০৩৬টি গ্রামীণ বসতিতে মাথাপিছু দৈনিক কমপক্ষে ৪০ লিটার জল সরবরাহ অথবা প্রতি ২৫০ জনের জন্য একটি করে উৎস সুনিশ্চিত করা। এই উদ্দেশ্য সাধনের জাতীয় লক্ষ্যমাত্রা হচ্ছে ৩১.৩.২০০৪।

৩.২। ২০০২-২০০৩ সালে রাজ্য পরিকল্পনা খাতে মোট বাজেট বরাদ্দ ২০০.৬৭ কোটি টাকার মধ্যে গ্রামীণ জল সরবরাহ ক্ষেত্রের বরাদ্দ ছিল ১৪৫.০৩ কোটি টাকা। এই টাকা আর. আই. ডি. এফ. বাবদ প্রদত্ত ৫০ কোটি টাকার অতিরিক্ত। ভারত সরকার কর্তৃক ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ বাবদ ৮৫.৪৫ কোটি টাকা ছাড়াও আর্সেনিকদুষ্ট এলাকায় ব্যবহারের জন্য প্রদত্ত টাকার পরিমাণ ছিল ১৫.৭০ কোটি টাকা।

৩.৩। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার (১৯৯৭-২০০২) শুরুতে মোট বসতির সংখ্যা ছিল ৭৯,০৩৬। ৩১ মার্চ, ২০০৩ পর্যন্ত ৭২,২৮৪ বসতিতে পূর্ণ জল সরবরাহ মাত্রা (এফ. সি.) এবং ৬,৭৫২ বসতিতে আংশিক জল সরবরাহ মাত্রা (পি. সি.)-এর ব্যবস্থা ছিল। ১.৪.২০০৩ তারিখে জল সরবরাহ মাত্রার ভিত্তিতে বসতিগুলির অবস্থান ছিল নিম্নরূপ :

(ক)	পি.সি—১	শূন্য	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ দশ লিটার পর্যন্ত);
(খ)	পি.সি.—২	শূন্য	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ দশ-কুড়ি লিটারের মধ্যে);
(গ)	পি.সি—৩	২২৮৮	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ কুড়ি-ত্রিশ লিটারের মধ্যে);
(ঘ)	পি.সি.—৪	৪৪৬৪	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ ত্রিশ-চল্লিশ লিটারের মধ্যে);
(ঙ)	এফ.সি.—	৭২২৮৪	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ চল্লিশ লিটার বা তদূর্ধ্বে)।

৩.৪। ২০০২-০৩ সালের লক্ষ্যমাত্রা ছিল ৬০৩০টি আংশিক জল সরবরাহ মাত্রা সম্পন্ন বসতিগুলির জল সরবরাহ পরিষেবার স্তর উন্নত করা। ৬৫৩৯টি বসতির পরিষেবার স্তর উন্নত করা সম্ভব হয়েছে। ৩১.৩.৭৭ এবং ৩১.৩.২০০২ তারিখে গ্রামীণ জল সরবরাহ ব্যবস্থার মাধ্যমে উপকৃত জনসংখ্যার শতকরা হার যথাক্রমে ১৪ শতাংশ এবং ৯০.২৮ শতাংশকে উন্নীত করে ৩১.৩.২০০৩ তারিখে ৯৫.৭৫ শতাংশ করা সম্ভব হয়েছে।

৩.৫। গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের অঙ্গ হিসাবে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর পানীয় জলের উৎসবিহীন স্কুলগুলিতে নলকূপ স্থাপনের কার্যক্রম গ্রহণ করেছে। ২০০০-০১ সালে মোট ১১৭১টি স্কুলে নলকূপ স্থাপন করা হয়। ২০০১-০২ সালে ভারত সরকার স্থিরীকৃত লক্ষ্যমাত্রা ২০০০টি স্কুলের পরিবর্তে ২৭৭৭টি স্কুলে নতুন পানীয় জলের উৎস স্থাপন করা হয়েছে। ২০০২-০৩ সালের লক্ষ্যমাত্রা ২০০০টি স্কুলের মধ্যে ৩১.৩.২০০৩ পর্যন্ত ১৮০০টি স্কুলে নলকূপ স্থাপন করা হয়েছে।

৩.৬। নবম পরিকল্পনার শুরুতে বসতিগুলির জল সরবরাহ পরিস্থিতি নতুনভাবে যাচাই করা হয়েছিল। দশম পরিকল্পনার শুরুতেও একইরকম যাচাইয়ের প্রয়োজন রয়েছে। যদিও ভারত সরকার এই সমীক্ষার জন্য প্রয়োজনীয় নিয়মাচার জারী করেছে এবং পূর্বতন সমীক্ষার ব্যয়ভার বহন করেছিল, তথাপি বর্তমান সমীক্ষা সংক্রান্ত কোনো ব্যয়ভারই এবারে ভারত সরকার বহন করবে না। যদিও বর্তমান নিয়মাচার অনুযায়ী উৎসগুলির গুণমান সমীক্ষা শতকরা ১০০ ভাগই করা দরকার (১৯৯২-৯৩ সালে উৎসগুলির শতকরা ২ ভাগ মাত্র গুণমান নমুনা সমীক্ষা করা হয়েছিল), এ বিষয়ে আর্থিক প্রয়োজনীয়তা প্রায় ৬ কোটি টাকার মতো। কেন্দ্রীয় সাহায্য পাওয়া না গেলে একা রাজ্যের পক্ষে এই ব্যয়ভার বহন করা অসম্ভব।

৩.৭। ২০০২-০৩ সালে জেলা পরিষদগুলিকে রাজ্য যোজনা (ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প) থেকে নলকূপ প্রতিস্থাপনের জন্য ৬.৪০ কোটি টাকা মঞ্জুর করা

হয়েছিল। অধিকন্তু, 'রিগ' প্রোথিত নলকূপ স্থাপনের জন্য ১১.৪৬ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

৩.৮। ২০০২-০৩ সালে বিভাগের দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কৃতিত্ব হল :

(ক) ২৩২.৮৪ কোটি টাকা অনুমিত ব্যয়ে ২৯.৪৫ লক্ষ (২০১৬) পরিকল্পিত জনসংখ্যার উপকারের জন্য ভূপৃষ্ঠ জলভিত্তিক দক্ষিণ ২৪ পরগনা আর্সেনিক এলাকা জল সরবরাহ প্রকল্প-এর উদ্বোধন এবং সমাপন। উত্তোলক কাঠামো, জল পরিশোধনাগার এবং রাইজিং মেইন-এর মুখ্যভাগ ইত্যাদির কাজ সবই সম্পন্ন হয়েছে। প্রকল্পটি আংশিকভাবে সম্পন্ন হওয়ায় প্রায় ৯.৪৬ লক্ষ লোকের উপকারে আসবে এবং ১১.৩.২০০৩ তারিখে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়েছে।

(খ) ৪৩ কোটি টাকা অনুমিত ব্যয়ে ভূপৃষ্ঠ জল নির্ভর মালদহ আর্সেনিক এলাকা জল সরবরাহ প্রকল্প—দক্ষিণাঞ্চল-এর উদ্বোধন এবং সমাপন হয়েছে। প্রকল্পটি আংশিকভাবে সম্পন্ন হওয়ায় মালদহ জেলার কালিয়াচক ১ নং, ২ নং ও ৩ নং ব্লকের ৪.২৪ লক্ষ লোকের উপকারে আসবে এবং ২৯.৩.২০০৩ তারিখে কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন মন্ত্রী শ্রীশান্তা কুমারের উপস্থিতিতে পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসু কর্তৃক আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়েছে।

৩.৯। ২০০২-০৩ সালে দপ্তর কর্তৃক গৃহীত আরেকটি দৃঢ় পদক্ষেপ হল গ্রামীণ জল সরবরাহ প্রকল্পগুলি থেকে "বাড়ি বাড়ি" জল সরবরাহের ব্যবস্থা করা এবং এর দ্বারা চালন ও রক্ষণাবেক্ষণ খরচের একটি অংশ আদায় করা। দপ্তর ইতিমধ্যেই ৭৭৯টি জল সরবরাহ প্রকল্প (সমাপন, সম্পূর্ণভাবে চালু এবং আংশিকভাবে চালু সহ) সম্পূর্ণ করেছে। এই সমস্ত প্রকল্পের রক্ষণাবেক্ষণ ব্যয় (বিদ্যুৎ খরচ সহ) অত্যধিক। গ্রামীণ জনসাধারণের একটি অংশকে অধিকতর স্বাচ্ছন্দ্য দেবার বিনিময়ে এবং সঙ্গে সঙ্গে চালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের একটি অংশ আদায়ের জন্য জলের হার প্রদান মারফৎ এরকম "বাড়ি বাড়ি" জল সরবরাহ সংযোগের ব্যবস্থা করা হয়। দারিদ্র্যসীমার নিম্নবর্তী জনসাধারণের জন্য অবশ্য যথারীতি পথিপার্শ্বস্থ স্টান্ড পোস্টের ব্যবস্থা করা থাকে। বহুসংখ্যক চালু এবং নতুন জল সরবরাহ প্রকল্প থেকে এরকম "বাড়ি বাড়ি" জল সরবরাহ সংযোগের ব্যবস্থা করা হচ্ছে এবং আরও অধিকসংখ্যক প্রকল্পকে এই জাতীয় ব্যবস্থার আওতায় আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। জলের হার আদায়ের জন্য এবং চালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় মেটানোর জন্য পঞ্চায়েত সমিতিগুলির দ্বারা পৃথক ব্যাঙ্ক হিসাব খোলা হচ্ছে।

৩.১০। গ্রামীণ জল সরবরাহ ক্ষেত্রে আর একটি প্রধান প্রকল্প হল প্রধানমন্ত্রী গ্রামোদয় যোজনা (PMGY)। ২০০০-২০০১ সালে এই প্রকল্পের অধীনে ৪৩.০০ কোটি টাকা অনুমিত ব্যয়ে মালদহ আর্সেনিক এলাকা জল সরবরাহ প্রকল্প দ্বিতীয় পর্যায়-এর অনুমোদন দেওয়া

হয়েছে। প্রকল্পটি মার্চ, ২০০৩ সালে আংশিকভাবে সম্পন্ন হয়েছে এবং মালদহ জেলার কালিয়াচক ১ নং, ২ নং এবং ৩ নং ব্লকের ৪.২৪ লক্ষ লোকের উপকারে আসবে। ২০০১-২০০২ সালে এই প্রকল্পের অধীনে বিভিন্ন জেলায় এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবন এলাকায় মোট ১০৫.৪৪ কোটি টাকা অনুমিত ব্যয়ে ১৫টি জল সরবরাহ প্রকল্প দক্ষিণ ২৪ পরগনা আর্সেনিক এলাকা প্রকল্পের আংশিক ব্যয়ভার ৩৫.২৫ কোটি টাকা সমেত), সুন্দরবনের মোট ৬টি প্রকল্পই সম্পূর্ণ হয়েছে এবং ৬০,০০০ লোকের উপকারে আসবে। দক্ষিণ ২৪ পরগনা জেলার দক্ষিণ রায়পুর প্রকল্প সম্পূর্ণ হওয়ায় ১২,০০০ জনসাধারণের উপকারে আসবে। এই প্রকল্পের অধীনে একটি পরিকল্পনার মাধ্যমে ১,০২৯টি হস্তচালিত নলকূপ সহ আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট (ATU) এবং গভীরতর জলস্তরে ৪,১০৭টি হস্তচালিত নলকূপ স্থাপনের দ্বারা ১২.৮৪ লক্ষ জনসাধারণের জন্য নিরাপদ জলের ব্যবস্থা করা সম্ভব হয়েছে। পরিকল্পনাটির লক্ষ্যমাত্রা হল আর্সেনিক কবলিত জেলাগুলিতে ১,৫০০টি হস্তচালিত নলকূপ সহ আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট এবং গভীরতর জলস্তরে ৬০০০টি হস্তচালিত নলকূপ স্থাপনের মাধ্যমে ১৮.৭৫ লক্ষ লোকের জন্য নিরাপদ জলের ব্যবস্থা করা। এছাড়া দক্ষিণ ২৪ পরগনা আর্সেনিক এলাকা প্রকল্প মার্চ, ২০০৩-এ সম্পন্ন হয়েছে। ২০০৩-২০০৪ সালে দক্ষিণ ২৪ পরগনা আর্সেনিক এলাকা প্রকল্পে ১৭.৪৭ কোটি টাকা প্রদান করা ছাড়াও মোট ২১.১৩ কোটি টাকা অনুমিত ব্যয়ে ১৭টি প্রকল্পকে মঞ্জুর করা হয়েছে।

৩.১১। ১৯৭৭ সাল থেকে নলবাহিত জল সরবরাহ প্রকল্পগুলি বহু প্রতীক্ষিত সরকারি মনোযোগ ও সহায়তা আকর্ষণ করেছে। নলবাহিত জল সরবরাহ প্রকল্পের আওতাভুক্ত গ্রামীণ জনসংখ্যা ১৯৭৭ সালের ০.৭০ শতাংশ থেকে বেড়ে বর্তমান হার ২৮.৬৬ শতাংশ হয়েছে। ৩১.৩.২০০২ পর্যন্ত পানীয় জল সরবরাহ ব্যবস্থার আওতাভুক্ত সর্বমোট গ্রামীণ জনসংখ্যা ছিল ৯০.২৮ শতাংশ। ২৪.৫৬ শতাংশ গ্রামীণ জনসাধারণ নলবাহিত জল সরবরাহ ব্যবস্থার মাধ্যমে জল পেতেন। ২০০২-২০০৩ সালে ৬৭টি নতুন এবং ৬টি বর্ধিত নলবাহিত জল সরবরাহ প্রকল্পকে মঞ্জুর করা এবং কার্যকর করার ব্যবস্থা করা হয়েছে। ৩১.৩.২০০২-এর হিসাব অনুযায়ী ৭১৬টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প চালু অবস্থায় রয়েছে। ৩১.৩.২০০৩ নাগাদ আরও ৬৩টি নতুন প্রকল্প সমাপিত হওয়ায় আওতাভুক্ত জনসংখ্যার হার বেড়ে ২৮.৬৬ শতাংশ হয়েছে এবং সর্বমোট গ্রামীণ জনসংখ্যার হার বেড়ে ৯৫.৭৫ শতাংশ হয়েছে।

প্রাচুর্য ও স্বল্পব্যয়ী নিষ্কাশন পদ্ধতির জন্য যদিও পশ্চিমবঙ্গকে সরকারি পানীয় জল সরবরাহের জন্য ভূগর্ভস্থ জলের উপরে বহুল পরিমাণে নির্ভর করতে হয় তবুও বিকল্প পদ্ধতি হিসাবে বৃষ্টিজল সংগ্রহ কাঠামো, জল পুনর্ভরণ কাঠামো এবং প্রাকৃতিক এলাকার সংরক্ষণের বিষয়গুলি চলমানতা সাপেক্ষে যত্নসহকারে পরীক্ষা করতে হবে। এ জাতীয় কয়েকটি প্রকল্পও হাতে নেওয়া হয়েছে।

৩.১২। দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদ দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে নেওরাখোলা জল সরবরাহ প্রকল্প ব্যতীত অন্য সমস্ত এলাকায় জল সরবরাহ ও অনাময়

প্রকল্প রূপায়ণের দায়িত্বপ্রাপ্ত। নেওরাখোলা জল সরবরাহ প্রকল্পটি জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মাধ্যমে রূপায়িত হচ্ছে। অত্যন্ত প্রয়োজনীয় ডেলো ও লাভা জলাধার সংস্কারের কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে। ডেলো জলাধারটির সংস্কারের কাজ সম্পন্ন হওয়ার ফলে কালিম্পং-এর আশেপাশের প্রতিরক্ষা এলাকাগুলিতে জল সরবরাহ লক্ষণীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। এলাকাটি ধস প্রবণ অঞ্চল হওয়ার ফলে জলের পাইপলাইনের সংরক্ষণের জন্য অনবরত তদারকি প্রয়োজন। এ বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে এবং সেনাবাহিনীর সঙ্গে কথাবার্তা চলছে। নেওরাখোলা জল সরবরাহ প্রকল্পের মূল পথিপার্শ্বে বসবাসকারী গ্রামীণ জনসাধারণকে জল সরবরাহের জন্য ৬১.১৪ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে একটি প্রকল্প মঞ্জুর করা হয়েছে। ২০০২-০৩ সালে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের বরাদ্দকৃত বাজেট থেকে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে মোট ৩৯৮.৪৯ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। বস্তুতপক্ষে সাধারণ কার্যক্রমের অধীনে ২.৪০ কোটি টাকার অতিরিক্ত হিসাবে বৃষ্টিজল সংরক্ষণের জন্য ১৩.৪৯ লক্ষ টাকা, জলের গুণাগুণ নিরীক্ষণের জন্য ৪.০০ লক্ষ টাকা এবং দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদ প্রস্তাবিত তিনটি পাহাড়ী পরগনায় নির্দিষ্ট নলবাহিত জল সরবরাহ প্রকল্পের জন্য ১৪১.০০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। মিরিক-এর জল সরবরাহ প্রকল্প এবং কালিম্পং-এর সরবরাহ ব্যবস্থা পুনর্গঠনের প্রকল্প অনুমোদন ও পরবর্তী অর্থ প্রদানের স্তরে রয়েছে।

৩.১৩। পানীয় জল সরবরাহের বিচারে রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলকে একটি কঠিন এলাকা হিসাবে বিবেচনা করা যায়। কয়লাখনি অঞ্চলে যারা কাজ করেন তাদের সমেত এই এলাকার জনসাধারণের জন্য পানীয় জল সরবরাহের ব্যবস্থা সুনিশ্চিত করতে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর অত্যন্ত ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছে। বরাকর নদের উপর নির্মিত মাইথন জলাধারকে ভিত্তি করে নির্মিত রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প দীর্ঘদিন আগে রূপায়িত হয়েছিল এবং গত ৩০ বৎসর ধরে ২১২টি মৌজায় জল সরবরাহ করে যাচ্ছে। দামোদর নদের অন্তভূপৃষ্ঠ স্রোতের উপর নির্ভর করে নির্মিত রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প, দ্বিতীয় পর্যায় সম্পূর্ণ হয়েছে এবং ১১৮টি মৌজায় জল সরবরাহ করছে। অজয় নদের অন্তভূপৃষ্ঠ স্রোতের উপর ভিত্তি করে ১৯ কোটি টাকা অনুমিত ব্যয়ে অনুমোদিত রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প, তৃতীয় পর্যায়-এর কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। ইষ্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষ এই প্রকল্পে ৭.৭২ কোটি টাকা প্রদানে সম্মত হয়েছে। প্রকল্পটির ১ নং জোনের কাজ মার্চ, ২০০৩-এ সম্পন্ন হয়েছে। এই জোনের আওতাভুক্ত ২২টি মৌজার ৩৫,০০০ লোক উপকৃত হবেন এবং ছয়টি থোক সরবরাহ কেন্দ্রের মাধ্যমে কয়লাখনি অঞ্চলে ৪.০০ এম. এল. ডি. জল দেওয়া হবে। বারংবার অনুরোধ সত্ত্বেও ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষ ৭.৭২ কোটি টাকা স্বীকৃত ভাগের মধ্যে মাত্র ১ কোটি টাকা প্রদান করেছে।

৩.১৪। ভারত সরকার এই রাজ্যের পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর এবং উত্তর ২৪ পরগনা জেলায় অগ্রণী প্রকল্প হিসাবে তিনটি ক্ষেত্র সংস্কার কর্মসূচি মঞ্জুর করেছে। ভারত

সরকারের জারি করা ক্ষেত্র সংস্কার কর্মসূচির নির্দেশিকা অনুসারে প্রকল্পের চাহিদা জনসাধারণের ভেতর থেকেই গড়ে উঠবে এবং প্রকল্পের পরিচালন এবং রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকবেন ব্যবহারকারীরা। ভারত সরকার এরূপ প্রকল্পের মৌল উপাদানের (hardware) ৯০ শতাংশ ব্যয়ভার বহন করবে। উপরিউল্লিখিত অগ্রণী জেলাগুলিতে ক্ষেত্র সংস্কার কর্মসূচি জেলা পরিষদগুলির মাধ্যমেই কার্যকরী হচ্ছে। এখন পর্যন্ত ভারত সরকার প্রদত্ত মোট ২২.৪৪ কোটি টাকার বেশিরভাগ অংশই ৩১.০৩.২০০৩-এর মধ্যে ব্যয়িত হয়েছে।

৩.১৫। কেন্দ্রীয় সরকার সজলধারা নামে একটি নতুন কার্যক্রম উপস্থাপিত করেছে। এই কার্যক্রম অনুযায়ী জল সরবরাহ প্রকল্পের অনুমিত মূলধনী ব্যয়ের শতকরা ১০ ভাগ (২০০১ সালের জনগণনা অনুসারে ৫০ শতাংশের অধিক তফশিলি জাতি/উপজাতি সমৃদ্ধ গ্রাম পঞ্চায়েত/গ্রামের ক্ষেত্রে ৫ শতাংশ) ব্যবহারকারীদের প্রকল্প রূপায়ণের জন্য অগ্রিম হিসাবে নগদ মূল্যে প্রদান করতে হবে এবং ব্যবহারকারী গোষ্ঠীর নামে পৃথক ব্যাঙ্ক হিসাবে রাখতে হবে। ব্যবহারকারী গোষ্ঠীকে প্রকল্পটি রক্ষণাবেক্ষণের অঙ্গীকার করতে হবে। অনুমিত মূলধনী ব্যয়ের বাকি অংশ কেন্দ্রীয় সরকার দ্বারা ব্যাঙ্ক হিসাবে প্রেরিত হবে। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর এরকম কয়েকটি প্রকল্প ভারত সরকারের অনুমোদনের জন্য প্রেরণ করেছে।

৪। জলের গুণগত সমস্যা

৪.১। ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ

৪.১.১। ৩১.১২.২০০২ পর্যন্ত সংকলিত জলের গুণগত তথ্য অনুযায়ী আটটি জেলার—মালদহ, মুর্শিদাবাদ, নদিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি ও বর্ধমান-এর ৭৫টি ব্লকের ভূগর্ভস্থ জলে ০.০৫ মিগ্রা./লি. অনুমোদনীয় মাত্রার অধিক আর্সেনিক উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। ১১টি পৌর শহর, ১৮টি পৌরবহির্ভূত বর্দ্ধিত এলাকা ও পূর্বে উল্লিখিত ৭৫টি ব্লকের ৪৯৭৩ বসতি (২৫৭৯ মৌজা)-তে বর্তমানে আর্সেনিকের বিপদ রয়েছে এবং মোট বিপদগ্রস্থ জনসংখ্যা হল ৭৭.৭০ লক্ষ (১৯৯১)। উপরোক্ত শনাক্তকরণের ভিত্তি হল আটটি জেলার ৩০,০০০-এরও অধিক বসতির প্রত্যেকটির অন্তত একটি উৎসের জলের গুণাগুণ পরীক্ষা। ২০০১ সালের জনগণনার ভিত্তিতে এই ৭৫টি ব্লক এবং ১১টি পৌর শহরের প্রায় ১৭৫ লক্ষ লোক (ব্লক-১৬১ লক্ষ, পৌর শহর—১৪ লক্ষ) বিপদগ্রস্থ বলা যায়। যাইহোক, পৌর শহরগুলিতে নলবাহিত ব্যবস্থা থাকার জন্য জল সরবরাহ প্রকল্পগুলি অধিকতর সংগঠিত এবং পরিবর্ত উৎসের মাধ্যমে গভীরতর জলস্তর থেকে আর্সেনিক মুক্ত জল পাওয়ার ক্ষেত্রে সাধারণভাবে সফলকাম। অতএব, আটটি জেলার ৭৫টি আর্সেনিক কবলিত ব্লকের বিপদগ্রস্থ লোকসংখ্যা হল ১৬১ লক্ষ (২০০১)।

৪.১.২। ভূগর্ভস্থ জলে আর্সেনিক কলুষতার চিহ্নিতকরণ চলছে। সমস্ত প্রাপ্য সম্পদকে সক্রিয় করা হয়েছে এবং জল পরীক্ষার বিষয়ে ইউনিসেফ-এর সহায়তাকে স্বাগত

জানানো হয়েছে। আশা করা যায়, ৩১.৩.২০০৪-এর মধ্যে আর্সেনিক আক্রান্ত জেলাগুলির ৩০১০৩টি বসতির সবকটি সরকারি উৎসের ভূগর্ভস্থ জলে আর্সেনিক উপস্থিতির পরীক্ষা করে ফেলা যাবে। এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে জানুয়ারি ২০০০-এ কেন্দ্রীয় সরকার কর্তৃক কলকাতায় একটি জাতীয় গুরুত্ব সম্পন্ন আর্সেনিক প্রশমন কেন্দ্র স্থাপনার অঙ্গীকার সত্ত্বেও এবং রাজ্য সরকার কর্তৃক প্রয়োজনীয় জমির ব্যবস্থা করা সত্ত্বেও এখনও পর্যন্ত তা মঞ্জুর করা হয়নি। হাওড়ায় একটি জেলাস্তরের পরীক্ষাগার স্থাপনের প্রস্তাবও ভারত সরকারের সম্মতির অপেক্ষায় পড়ে আছে। এটা বলা যেতে পারে যে বাকি সাতটি আর্সেনিকদুষ্ট জেলাতেই জেলাস্তরের জল পরীক্ষণ পরীক্ষাগার রয়েছে।

৪.১.৩। ভারত সরকার এবং রাজ্য সরকারের মধ্যে ৭৫ : ২৫ হারে প্রকল্প মূল্যের আর্থিক অংশগ্রহণের ভিত্তিতে আর্সেনিক সাব-মিশনের আওতায় আর্সেনিক প্রশমন জল সরবরাহ প্রকল্পগুলি নেওয়া হয়েছিল। এটি ছিল কেন্দ্র প্রোথিত নিয়মিত ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প (ARWSP)-এর অতিরিক্ত টেকনোলজি মিশন-এর আনুকূল্যে আর্সেনিক বিপদ প্রশমনের একটি অনন্য কার্যক্রম।

এগুলির মধ্যে প্রথম পর্যায় প্রকল্প (অনুমিত ব্যয় ৮৫৮.৩৩ লক্ষ টাকা) সম্পূর্ণ হয়েছে এবং তিন লক্ষেরও বেশি লোককে আর্সেনিক মুক্ত জল সরবরাহ করছে। প্রকল্পটি ১৯৯৪-৯৫-এ মঞ্জুর করা হয়েছিল এবং ৬টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প, ৮টি বড়ব্যাসের নলকূপ ও ৭৫৪টি নলকূপ পুনঃস্থাপন এই প্রকল্পের অন্তর্ভুক্ত ছিল।

মোট ৮.১৭ লক্ষ লোকের জন্য রচিত মালদহ ভূপৃষ্ঠ জল প্রকল্প (অনুমিত ব্যয় ৮৮৪৮ লক্ষ টাকা) আংশিকভাবে রূপায়িত হয়েছে। প্রকল্পটির উত্তর অঞ্চলে ৩ লক্ষেরও বেশি জনসাধারণকে আর্সেনিক মুক্ত জল সরবরাহ করা হচ্ছে। দক্ষিণ অঞ্চলও সম্পূর্ণ করা হয়েছে এবং আরও ৪.২৪ লক্ষ লোকের উপকারে আসছে।

১৬.৬৬ লক্ষ গ্রামীণ লোকের জন্য রচিত দক্ষিণ ২৪ পরগনা ভূপৃষ্ঠ জল প্রকল্প (অনুমিত ব্যয় ২৩২৮৪ লক্ষ টাকা) মার্চ, ২০০৩-এ আংশিকভাবে কার্যকরী হয়েছে। প্রথম পর্যায়ে ৫.৭৮ লক্ষ লোক উপকৃত হবে। এছাড়াও বারুইপুর এবং রাজপুর-সোনারপুরের কে. এম. ডি. পৌরসভাগুলিকে থোক জল জোগান দেওয়া হবে।

দ্বিতীয় পর্যায় প্রকল্প-এর কাজ (অনুমিত ব্যয় ১৭৩৩ লক্ষ টাকা) হাতে নেওয়া হয়েছে এবং ২.৭৮ লক্ষ লোকের উপকারে আসছে। এমনকি কেন্দ্রীয় ভূগর্ভ জল নিগম-এর হস্তক্ষেপ সত্ত্বেও উপযুক্ত আর্সেনিক মুক্ত জলস্তর না পাওয়ায় নদীয়া জেলার জুরানপুর জল সরবরাহ প্রকল্পের জন্য একটি আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট স্থাপন করতে হবে। এটি সম্পূর্ণ হলে অতিরিক্ত ১৬,০০০ জনসাধারণের উপকারে আসবে।

৪.১.৪। ১.৪.৯৯ থেকে ভারত সরকার এরূপ অনন্য কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে এবং আর্সেনিক বিপদ প্রতিরোধের জন্য আগের মতো ৭৫ : ২৫ অর্থব্যয়ে

রাজ্য সরকারকে ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প-এর বার্ষিক বিভাজনের ৫০ শতাংশ পর্যন্ত ব্যবহারের অনুমতি দিয়েছে। এর ফলে কেবলমাত্র আর্সেনিক প্রশমন কার্যক্রমই যে শুধু বিপদাপন্ন হয়েছে তা নয়, ৩১.৩.২০০৪-এর মধ্যে সমস্ত বসতিকে পূর্ণ মাত্রায় পানীয় জলের আওতায় আনার জাতীয় লক্ষ্যমাত্রার সাফল্যও ব্যহত হবে। কেন্দ্রীয় সরকার কর্তৃক আর্সেনিক সাব মিশন প্রকল্পের জন্য অনন্য অর্থপ্রদান বন্ধ করে দেবার একক সিদ্ধান্তের বিরুদ্ধে রাজ্য সরকার তীব্র প্রতিবাদ জানিয়েছে। ২৭ আগস্ট, ২০০১ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভার এক সর্বদলীয় প্রতিনিধিবর্গ কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রীর সাথে দেখা করে আর্সেনিক সাব মিশনের অধীন বিভিন্ন প্রকল্পে অনন্য অর্থপ্রদান পুনঃ আরম্ভের দাবি জানান। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রীর ২৬ সেপ্টেম্বর, ২০০১-এর চিঠিতে জানানো হয়েছে যে আর্সেনিক প্রশমন নিশ্চিত করার জন্য অতিরিক্ত অর্থ প্রদানের বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে। আশাব্যঞ্জক কোনো কিছুই অবশ্য এখনও পর্যন্ত হয়নি।

এর ফলে রাজ্য সরকারকে নিজের সীমাবদ্ধ সম্পদের মধ্যেই আর্সেনিক প্রশমনের জন্য রাজ্য তহবিল থেকে বিবিধ কার্যকরী প্রকল্প গ্রহণ করতে হয়েছে। ১২৪.৮২ কোটি টাকা অনুমিত ব্যয়ে উত্তর ২৪-পরগনা জেলার ৪টি ব্লকে পরিশ্রুত ভূপৃষ্ঠ জল সরবরাহের একটি প্রকল্প খণ্ডিত আকারে কার্যকরী করার জন্য গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি সম্পূর্ণ হলে ৪.২৩ লক্ষ লোকের উপকারে আসবে। প্রকল্পটি আংশিকভাবে ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প এবং আংশিকভাবে রাজ্য যোজনার অর্থে রূপায়িত হবে। ১১.৭৬ কোটি টাকা অনুমিত ব্যয়ে মুর্শিদাবাদ ও নদীয়া জেলার জলঙ্গী এবং করিমপুর ১ নং ও ২ নং ব্লকের জন্য একটি ভূগর্ভস্থ জল প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি উপরোক্ত তিনটি আর্সেনিক আক্রান্ত ব্লকের ৯২,০০০ জনসাধারণের উপকারে আসবে। ভাগীরথী নদীকে ভিত্তি করে দুটি ভূপৃষ্ঠ জল সরবরাহ প্রকল্প—মুর্শিদাবাদ জেলার আর্সেনিক আক্রান্ত বেলডাঙ্গা ১ নং ব্লকের জন্য একটি এবং নদীয়া জেলার কালীগঞ্জ, নাকাশীপাড়া, কৃষ্ণনগর ২ নং ব্লক এবং আংশিকভাবে তেহট্ট ১ নং, ২ নং ও নবদ্বীপ ব্লকের জন্য আরেকটি প্রকল্প অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে।

৪.১.৫। রাজ্য সরকার ইউনিসেফ-এর সহযোগিতায় আক্রান্ত লোকেদের নিয়ে সমাজস্তরে নিরাপদ জলের উৎসগুলির পরিচালনার জন্য হাতে-কলমে পরীক্ষা ও ক্ষমতা বৃদ্ধির এক বিশাল পরিকল্পনা গ্রহণ করেছে। যৌথ কর্মপ্রকল্প-এর অধীনে ১০২টি আর্সেনিক কবলিত নলকূপে আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট (ATU) বসানো সম্পন্ন হয়েছে।

৪.১.৬। জেনারেল শঙ্কর রায়চৌধুরী, সাংসদ প্রদত্ত স্থানীয় এলাকা উন্নয়ন কার্যক্রম-এর অর্থ ৫টি জেলার ১৩৪টি আর্সেনিক কবলিত নলকূপে আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট বসানোর কাজে সদ্ব্যবহার করা হয়েছে। ডাঃ রঞ্জিত কুমার পাঁজা, সাংসদ উত্তর ২৪-পরগনা জেলায় ৭৬টি আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট বসানোর জন্য অর্থ প্রদান করেছেন। ২০টি আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট বসানোর কাজ সম্পূর্ণ হয়েছে।

৪.১.৭। সংগৃহীত জ্ঞানের ভিত্তিতে এবং কেন্দ্রীয় ভূগর্ভ জল নিগম ও টাস্ক ফোর্স-এর সুপারিশক্রমে নিরাপদ গভীরতায় ৬০০০টি নলকূপ স্থাপন এবং আর্সেনিক

কবলিত ১৫০০টি হাত পাম্পযুক্ত নলকূপে আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট স্থাপনের এক প্রকল্প মঞ্জুর করা হয়েছে। প্রকল্পটির অনুমিত ব্যয় ৪৩.৩৯ কোটি টাকা এবং ১৮.৭৫ লক্ষ লোকের উপকারে আসবে। ৩১.৩.২০০৩-এর মধ্যে ১০২৯টি আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট এবং ৪১০৭টি নলকূপ বসানোর কাজ সম্পূর্ণ হয়েছে।

৪.১.৮। ভারত সরকার, ইউনিসেফ এবং সাংসদদের সহায়তা নিয়ে রাজ্য সরকার কর্তৃক বিভিন্ন কর্মপন্থার মাধ্যমে ৩১.৩.২০০৩ পর্যন্ত ৮৩.২১ লক্ষ লোকের জন্য আর্সেনিকমুক্ত পানীয় জলের ব্যবস্থা করা সম্ভব হয়েছে, যা আর্সেনিক আক্রান্ত ব্লকের মোট জনসংখ্যার ৫১.৬৯ শতাংশ। সবকটি চালু প্রকল্প সম্পূর্ণ হলে আওতাভুক্ত জনসংখ্যা ৬৮.৭৫ শতাংশে উন্নীত হবে। ইতিমধ্যে রাজ্য সরকার প্রতিটি বস্তিতে অন্তত একটি নিরাপদ উৎসের ব্যবস্থা করার লক্ষ্যে কাজ করে চলেছে।

৪.২। অতিরিক্ত ফ্লোরাইড

৪.২.১। রাজ্যের পশ্চিমাঞ্চলে ভূগর্ভস্থ জলে অতিরিক্ত ফ্লোরাইড-এর উপস্থিতি রাজ্যকে আরও একটি জলদূষণ সমস্যার সম্মুখীন করেছে। রাজ্য সরকার ইতিমধ্যেই প্রতিকার ব্যবস্থা হিসাবে কিছু কিছু বস্তিতে নিরাপদ জলের ব্যবস্থা করেছে। ফ্লোরাইড দূরীকরণে উপযুক্ত কর্মপ্রকল্প তৈরি করার জন্য আরও তথ্য সংগ্রহ করা হচ্ছে। ইতিমধ্যে, পরীক্ষামূলকভাবে বীরভূম ও বাঁকুড়া জেলার হাতপাম্পযুক্ত নলকূপে দুটি ফ্লোরাইড দূরীকরণ প্ল্যান্ট বসানো হয়েছে। বিভিন্ন ক্ষেত্রীয় অবস্থায় যন্ত্রগুলির কার্যকারিতা পরীক্ষার উদ্দেশ্যে বীরভূম জেলার আক্রান্ত এলাকায় আরও ৩০টি প্ল্যান্ট স্থাপনার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৪.৩। অতিরিক্ত লবণতা

৪.৩.১। সুন্দরবন বিষয়ক দপ্তর প্রদত্ত অর্থে গৃহীত ছয়টি জল সরবরাহ প্রকল্পই ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। সুন্দরবন বিষয়ক দপ্তর স্থানীয় জলাশয়কে ভিত্তি করে দক্ষিণ ২৪-পরগনা জেলায় গোসাবা ব্লকের দয়াপুর মৌজায় আরেকটি প্রকল্প মঞ্জুর করেছে। প্রকল্পটি রূপায়িত হয়েছে। জল পরিশোধন করে হাত পাম্পের মাধ্যমে সরবরাহ করা হচ্ছে।

৪.৩.২। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর এখনও পর্যন্ত উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, পূর্ব-মেদিনীপুর এবং হাওড়া জেলার লবণাক্ত ভূখণ্ডে ১৭৪টি গ্রামীণ জল সরবরাহ প্রকল্প গ্রহণ করেছে। ৩১.৩.২০০৩ পর্যন্ত এর মধ্যে ১৬২টি সম্পূর্ণ হয়েছে। ২০০২-০৩ সালে লবণাক্ত এলাকায় আরও দশটি প্রকল্প মঞ্জুর করা হয়েছে।

৫। শহরাঞ্চলে জল সরবরাহ

৫.১। রাজ্যের কে. এম. ডি. এ. বহির্ভূত অংশে ৮৪টি পৌরশহর আছে। এদের প্রত্যেকটিতেই নলবাহিত জল সরবরাহ প্রকল্প বিস্তার করা হয়েছে। বর্তমানে কুলটি ও

রানিগঞ্জ পৌরসভার জন্য বৃহৎ প্রসারণ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। কুলটি প্রকল্প সম্পূর্ণ হয়েছে। এছাড়া, রাজস্ব আয় ও উন্নততর পরিষেবার জন্য বাড়ি বাড়ি সংযোগের উপযোগী করে তুলতে কয়েকটি পৌর জল সরবরাহ প্রকল্পের জন্য অতিরিক্ত উৎস এবং পাইপ লাইন বিস্তারের ব্যবস্থা করা হচ্ছে। ডায়মণ্ডহারবার, দুবরাজপুর, তুফানগঞ্জ, বালুরঘাট, টাকী, মেমারী ও চাকদহ পৌরসভার জন্য ২০০২-০৩ সালে এরকম প্রকল্প মঞ্জুর করা হয়েছে। ১.৪.২০০৩ থেকে সমস্ত কে. এম. ডি. এ.-বহির্ভূত পৌর জল সরবরাহ প্রকল্পগুলি নিজ নিজ পৌরসভা কর্তৃক রক্ষণাবেক্ষণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কে. এম. ডি. এ.-বহির্ভূত পৌর এলাকার আওতাভুক্ত লোক সংখ্যা ৩১.৩.২০০২-এর ৮৬.০৮ শতাংশ থেকে বেড়ে ৩১.৩.২০০৩-এ ৮৮ শতাংশ পৌঁছেছে।

৫.২। ২০,০০০-এর কম লোক সংখ্যা বিশিষ্ট শহর ও বর্ধিত এলাকায় কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত ত্বরান্বিত শহর জল সরবরাহ কার্যক্রমের (AUWSP) অধীনে জল সরবরাহের প্রকল্প গ্রহণ করা হয়। হলদিবাড়ি প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে। উত্তর ২৪-পরগনা জেলার দেওরা, হুগলি জেলার বেগমপুর, পূর্ব তাজপুর এবং খারসারি, নদিয়া জেলার মদনপুর, পুরুলিয়া জেলার বলরামপুর, বাঁকুড়া জেলার খাতরা এবং জলপাইগুড়ি জেলার উত্তর লাটাবাড়ি জল সরবরাহ প্রকল্পগুলি এই কার্যক্রমের মাধ্যমে মঞ্জুর করা হয়েছে। দার্জিলিং জেলার মিরিক এবং জলপাইগুড়ি জেলার উত্তর কামাক্ষ্যাগুড়ি জল সরবরাহ প্রকল্পগুলি অনুমোদন প্রক্রিয়ার বিভিন্ন স্তরে রয়েছে।

৬। বহির্দেশীয় সহায়তা প্রকল্প

৬.১। কে. এফ. ডবলিউ (ফেডারেল রিপাবলিক অব জার্মানি) সাহায্যকৃত বোলপুর-রঘুনাথপুর জল সরবরাহ প্রকল্প (৫০ মিলিয়ন ডয়েশমার্ক কে. এফ. ডবলিউ অনুদানসহ অনুমিত ব্যয় ১৫০ কোটি টাকা) সম্পূর্ণ হয়েছে। বোলপুর ও রঘুনাথপুর পৌরসভার জনসংখ্যাসহ মোট ৩.০৮ লক্ষ (১৯৯১) লোক প্রকল্পটির দ্বারা উপকৃত হচ্ছেন। প্রকল্পটির পরিচালন ও রক্ষণাবেক্ষণের আংশিক ব্যয়ভার আদায়ের জন্য তহবিল তৈরির উদ্দেশ্যে বাড়ি বাড়ি সংযোগের ব্যবস্থা করা হয়েছে।

৭। গঙ্গা অ্যাকশন প্ল্যান—২য় পর্যায়

৭.১। গঙ্গাতীরে অবস্থিত তিনটি কে. এম. ডি.-বহির্ভূত পৌরশহরে গঙ্গা অ্যাকশন প্ল্যান—২য় পর্যায় রূপায়ণের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তর ভারপ্রাপ্ত হয়েছে। ইতিমধ্যে দুটি প্রকল্পের (কাটোয়া ও ধুলিয়ান) বিশদ প্রকল্প প্রতিবেদন রচনার কাজ সম্পূর্ণ হয়েছে এবং গঙ্গা অ্যাকশন প্ল্যান বিষয়ে পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত সংস্থা কে. এম. ডি. এ.-র নিকট ভারত সরকারের অনুমোদনের জন্য জমা দেওয়া হয়েছে। কৃষ্টিসমৃদ্ধ শহর মুর্শিদাবাদের বিশদ প্রকল্প রচনার প্রস্তুতিও এগিয়ে চলেছে।

৭.২। শিলিগুড়ি পৌরনিগম ও ইংলিশবাজার পৌরসভা এলাকায় মহানন্দা নদীতে দূষণ প্রতিরোধ করার জন্য মহানন্দা অ্যাকশন প্ল্যানের মাধ্যমে এক নতুন উদ্যোগ নেওয়া হয়েছে। প্রকল্পটির সম্ভাব্যতার প্রতিবেদন তৈরির প্রাথমিক কাজ হাতে নেওয়া হয়েছে।

৮। নিউ টাউন, কলকাতায় জল সরবরাহ ও অন্যান্য ব্যবস্থাদি

৮.১। পশ্চিমবঙ্গ সরকার কলকাতা শহরের সংলগ্ন এলাকায় 'নিউ টাউন, কলকাতা' নামে একটি শহরাঞ্চল প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছে। শহরাঞ্চলটির প্রকল্প এলাকা বর্তমানে উত্তর ২৪-পরগনা জেলার রাজারহাট থানা ও দক্ষিণ ২৪-পরগনা জেলার ভাঙ্গড় থানার মধ্যে। প্রস্তাবিত শহরাঞ্চলে নানাবিধ পরিকাঠামোগত কার্যক্রমে অর্থপ্রদান, পরিকল্পনা ও রূপায়ণের সমন্বয় সাধনের ক্ষেত্রে গৃহনির্মাণ পরিকাঠামো উন্নয়ন নিগম (হিডকো) ভারপ্রাপ্ত সংস্থা হিসাবে কাজ করছে। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর জল সরবরাহ, নিকাশী ব্যবস্থা, বন্যাজল নিষ্কাষণ ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনের মতো মুখ্য পরিকাঠামোগত উন্নয়নমূলক কাজের দায়িত্বপ্রাপ্ত হয়েছে।

৮.২। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থার নক্শা তৈরির পরে 'অ্যাকশন এরিয়া-১' (মোট প্রকল্প এলাকা ৩০৭৭ হেক্টরের মধ্যে প্রায় ৬৪০.৩৪ হেক্টর নিয়ে গঠিত)-এর জল সরবরাহ ও নিকাশী ব্যবস্থা সম্পন্ন করার কাজ হাতে নিয়েছে। 'অ্যাকশন এরিয়া-১'-এর এ পর্যন্ত কাজের অনুমিত ব্যয় হচ্ছে ৫৩.৬৪ কোটি টাকা। নিউ টাউন-এ পানীয় জল সরবরাহের জন্য কাশীপুরের নিকট হুগলি নদী থেকে অপরিশ্রুত জল নিয়ে একটি ভূপৃষ্ঠ জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। নিউ টাউনের পাশাপাশি এলাকা উন্নয়ন কার্যক্রমের অংশ হিসাবেও তিনটি গ্রামীণ নলবাহিত জল সরবরাহ প্রকল্প শুরু করা হয়েছে। এর মধ্যে দুটির কাজ সম্পূর্ণ হয়েছে।

মহাশয়, এই স্বল্প বক্তব্য সহকারে আমি ৪৫ নং দাবির অন্তর্গত মুখ্যখাত, "২০৪৯—সুদ পরিশোধ", "২২১৫—জল সরবরাহ ও অনাময়", "২২৪৫—প্রাকৃতিক দুর্যোগ হেতু ত্রাণকার্য", "২২৫০—অন্যান্য সামাজিক পরিষেবা", "২২৫১—সচিবালয়-সামাজিক পরিষেবা", "২৫৫১—পাহাড় এলাকা", "৪২১৫—জল সরবরাহ ও অনাময় বিষয়ে মূলধন বিনিয়োগ" এবং "৬০০৪—কেন্দ্রীয় সরকার থেকে গৃহীত ঋণ ও অগ্রিম"-এর বাবদ ২০০৩-২০০৪ আর্থিক বৎসরে ব্যয়নির্বাহের জন্য ভোটে গৃহীত মোট ৩০৭,৩৫,৪৮,০০০.০০ (তিনশত সাত কোটি পঁয়ত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার) টাকা এবং দায়মোচন হেতু ১,৫৭,৬২,০০০.০০ (এক কোটি সাতান্ন লক্ষ বাষট্টি হাজার) টাকা মঞ্জুরির প্রস্তাব পেশ করছি। অন্তর্বর্তীকালীন মঞ্জুরিকৃত ব্যয় (Voted on account) হিসাবে ভোটে গৃহীত ১০২,৪৫,১৬,০০০.০০ (একশত দুই কোটি পঁয়তাল্লিশ লক্ষ ষোল হাজার) টাকা ও দায়মোচন হেতু ৫২,৫৪,০০০.০০ (বাহান্ন লক্ষ চুয়ান্ন হাজার) টাকাও এই দাবির অন্তর্গত।

DEMAND No. 46

Major Heads : 2235—Social Security and Welfare, 2251—Secretariat—Social Services, 4235—Capital Outlay on Social Security and Welfare and 6235—Loans for Social Security and Welfare

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 26,25,54,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads : "2235—Social Security and Welfare, 2251—Secretariat—Social Services, 4235—Capital Outlay on Social Security and Welfare and 6235—Loans for Social Security and Welfare" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 8,75,18,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০৩-২০০৪ সালের আর্থিক বছরের জন্য ৪৬ নং দাবির অন্তর্ভুক্ত মোট ২৬,২৫,৫৪,০০০ (ছাব্বিশ কোটি পঁচিশ লক্ষ চুয়ান্ন হাজার) টাকার ব্যয়-বরাদ্দের দাবি মঞ্জুরির জন্য উপস্থিত করছি। এই দাবির মুখ্য খাতগুলি হল :

২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (পুনর্বাসন)

৪২৩৫—মূলধন বিনিয়োগ—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (পুনর্বাসন)

৬২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণের জন্য ঋণ (পুনর্বাসন এবং

২২৫১—সচিবালয় সামাজিক কৃত্যক।

ভোট অন অ্যাকাউন্টে অনুমোদিত মোট ৮,৭৫,১৮,০০০ (আট কোটি পঁচাত্তর লক্ষ আঠারো হাজার) টাকাও এই দাবির মধ্যে ধরা হয়েছে।

২। মাননীয় অধ্যক্ষ মহোদয়, উপরোক্ত দাবি মঞ্জুরির উদ্দেশ্যে এই সভার অনুমতি প্রার্থনা করতে গিয়ে, তৎকালীন পূর্ব পাকিস্তান (বর্তমান বাংলাদেশ) থেকে আগত ও বর্তমানে পশ্চিমবঙ্গে বসবাসকারী শরণার্থীদের পুনর্বাসন সমস্যার পর্যালোচনা করব এবং সেই সঙ্গে সাম্প্রদায়িকতার ভিত্তিতে দেশভাগের রাজনৈতিক সিদ্ধান্ত থেকে উদ্ভূত এই জাতীয় মানবিক সমস্যার সমাধানকল্পে বামফ্রন্ট সরকার কি কি প্রচেষ্টা করে চলেছেন, তা উল্লেখ করব।

৩। এটা একটা ইতিহাসের মর্মভেদী বাস্তবতা যে, লক্ষ লক্ষ দেশবাসী যাঁরা বিনাদোষে তাঁদের পূর্বপুরুষের ভিটেমাটি ছেড়ে অন্য একটি দেশে আশ্রয় নিতে বাধ্য

হয়েছিলেন, ভারতের স্বাধীনতা তাঁদের জন্য অবর্ণনীয় দুর্দশা বহন করে নিয়ে এসেছিল। তৎকালীন জাতীয় নেতারা এটা আগে থেকে বুঝতে পেরেছিলেন, দেশভাগের পর যাঁরা পূর্ব পাকিস্তানে থেকে যাবেন, তাঁদের কি অবস্থা হতে পারে। দেশভাগের সিদ্ধান্তে ক্ষতিগ্রস্ত মানুষের মন থেকে ভয় দূর করার উদ্দেশ্যে আমাদের জাতীয় নেতৃবৃন্দ স্পষ্ট ভাষায় এই আশ্বাসই দিয়েছিলেন যে, দেশভাগের ফলে যাঁরা ক্ষতিগ্রস্ত হবেন এবং ভারতবর্ষে আসতে বাধ্য হবেন তাঁদের এই দেশে স্বাগত জানানো হবে এবং তাঁদের জন্য আশ্রয় ও জীবিকার ব্যবস্থা করা হবে। কিন্তু প্রত্যাশার সম্পূর্ণ বিপরীত ঘটনা ঘটল এবং এই সমস্ত আশ্বাস, মূলত পূর্বাঞ্চলের ক্ষেত্রে, ব্যর্থতায় পর্যবসিত হল।

৪। তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে মানুষের স্রোত আসা শুরু হয়েছিল সেই ১৯৪৬ সাল থেকেই। তখন নোয়াখালি দাঙ্গায় ৫৮,০০০ ক্ষতিগ্রস্ত মানুষ সীমান্ত অতিক্রম করে এই বাংলায় চলে আসেন। ১৯৫০ সালের মধ্যেই এই শরণার্থীর সংখ্যা দাঁড়ায় কম বেশি ২৫.৫০ লক্ষ। ১৯৫০ সালের নেহরু-লিয়াকত চুক্তির উদ্দেশ্য ছিল শরণার্থীদের প্রত্যাবর্তনের সুবিধা করা, কিন্তু বাস্তবে এই চুক্তির ফলে পূর্বাঞ্চলের অসহায় শরণার্থীদের পুনর্বাসন পাবার ক্ষেত্রেই যে শুধু বিলম্ব ঘটল তা নয়, তাঁদের যথাযথ পুনর্বাসনের দাবিও অস্বীকার করা হল। ফিরে যাওয়া দূরের ব্যাপার, শরণার্থীরা এদেশেই রয়ে গেলেন। আশ্রয়প্রার্থী মানুষের আগমন চলল নিরবচ্ছিন্নভাবে। এই রাজ্যে আশ্রয়প্রার্থী মানুষের সংখ্যা নতুন নতুন জনস্রোতের মাধ্যমে ক্রমশ বৃদ্ধি পেতে থাকল এবং অবশেষে এক বিশাল জনসমুদ্রের রূপ নিল। ১৯৭৪ সালে তৎকালীন রাজ্য সরকারের হিসাব মতো পশ্চিমবঙ্গে শরণার্থীর সংখ্যা ছিল ৫৯,৯৯,৪৭৫। ১৯৮১ সালে রাজ্য সরকার কর্তৃক নিয়োজিত উদ্বাস্তু পুনর্বাসন কমিটি এই সংখ্যা ৮০ লক্ষ বলে উল্লেখ করেন। জনসংখ্যা বৃদ্ধির স্বাভাবিক কারণে তাঁদের সংখ্যাও বেড়েছে। এখন ছিন্নমূল মানুষ ও তাঁদের পরিবারের সদস্যগণ এই রাজ্যের মোট জনসংখ্যার প্রায় এক ষষ্ঠাংশে পরিণত হয়েছেন।

৫। পশ্চিমাঞ্চল ও পূর্বাঞ্চলে শরণার্থী সমস্যা সম্পর্কিত বিষয়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত নীতির জাজ্বল্যমান পার্থক্যই স্বাধীনতা লাভের ৫৫ বছর পরেও, রাজ্যে উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা অমীমাংসিত থাকার মুখ্য কারণ। দেশভাগের পর পূর্বেকার প্রতিশ্রুতি এবং বর্তমান বাস্তবতা অগ্রাহ্য করে শুধুমাত্র পূর্বাঞ্চলের জন্যই নেহরু-লিয়াকত চুক্তি ঘোষণা করে ভারত সরকার শরণার্থীদের ফেরত পাঠানোর পরিকল্পনা করেছিলেন। এর ফলে বহু বছর ধরে কেন্দ্রীয় সরকারের টাকা খরচ করা হয় শরণার্থীদের স্থায়ী পুনর্বাসন প্রকল্পর জন্য নয়, বরং রাজ্যে যে সব শিবির ও আশ্রয় কেন্দ্র স্থাপিত হয়েছিল, সেখানে বসবাসকারী উদ্বাস্তুদের ত্রাণ দেওয়ার জন্য। পার্লামেন্ট এস্টিমেট কমিটির কাছে ভারত সরকারের পুনর্বাসন মন্ত্রকের দেওয়া প্রতিবেদনে দেখা যায় যে, পশ্চিম পাকিস্তান থেকে আগত ৪৭.৪০ লক্ষ শরণার্থীদের পুনর্বাসনের কাজ ১৯৫৯ সালের মধ্যে প্রায় সম্পূর্ণ হয়েছিল। অপরপক্ষে, পার্লামেন্টের এস্টিমেট কমিটির প্রতিবেদন (১৯৫৯-৬০) বলছে 'কেবলমাত্র ১৯৫৫ সালে এবং তারপর থেকেই ভারত সরকার পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থীদের এই সমস্যা মোকাবিলা

করার জন্য যথার্থরূপে মনস্থির করেছিলেন'। তথাপি ১৯৬০ সালেই অর্থাৎ মাত্র ৫ বছর পরেই ভারত সরকার একটি চাঞ্চল্যকর ঘোষণা করলেন যে, পশ্চিমবঙ্গে শরণার্থীদের পুনর্বাসনের কাজ মোটামুটিভাবে সমাপ্ত, কেবলমাত্র অবশিষ্ট কাজ বাকি আছে যার জন্য ২১.৮৮ কোটি টাকা দরকার। যে ভয়াবহ দুরবস্থার মধ্যে শরণার্থীরা জীবনযাপন করছিলেন, তার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত হল বাস্তবের সঙ্গে সম্পর্কহীন এক অদ্ভুত সিদ্ধান্ত। ১৯৭৩ সালের জুলাই মাস পর্যন্ত পশ্চিম পাকিস্তান থেকে আগত ৪৭.৪০ লক্ষ শরণার্থীদের পুনর্বাসনের জন্য মোট ৪৫৬ কোটি টাকা করচ করা হয়েছিল, অথচ পূর্ব পাকিস্তান থেকে আগত ৫৮ লক্ষ শরণার্থীর জন্য খরচ করা হল মাত্র ৮৫ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার ১৯৫৪ সালে [দি] ডিসপ্লেসড পারসন্স (কমপেনশেসন অ্যান্ড রিহ্যাবিলিটেশন) অ্যাক্ট প্রণয়ন করেন। এর দ্বারা কেন্দ্রীয় সরকার পূর্ববাংলার বিভিন্ন অঞ্চল থেকে আগত শরণার্থীদের বাদ দিয়ে শুধুমাত্র ১৯৪৭ সালের মার্চ মাসের পরে পশ্চিম পাকিস্তান থেকে আগত শরণার্থী এবং তোচি, কুরাম উপজাতি অঞ্চল এবং তৎসহ উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের সংলগ্ন অন্যান্য উপজাতি অঞ্চলের শরণার্থীদের ক্ষতিপূরণ এবং পুনর্বাসনের জন্য অর্থ মঞ্জুর করার ব্যবস্থা করেছিলেন। কিন্তু পূর্ববাংলার (বর্তমানে বাংলাদেশ) বিভিন্ন অঞ্চল থেকে আগত শরণার্থীদের ক্ষতিপূরণ এবং পুনর্বাসনের উদ্দেশ্যে অর্থ মঞ্জুরের জন্য কোনরূপ আইন প্রণয়ন করেননি।

পূর্ব পাকিস্তান থেকে আগত শরণার্থীদের জন্য ভারত সরকার যদি সত্যিই উদ্বিগ্ন হতেন, তাহলে তাঁরা অনেকাংশেই এই বঞ্চনার অবসান করতে পারতেন এবং বৈষম্যের এই ফারাক অনেকটা পূরণ করা সম্ভব হত।

৬। শরণার্থীদের বছরের পর বছর দীর্ঘ যন্ত্রণাভোগের সময়, আমরা বরাবর তাঁদের পাশেই থেকেছি। আমরা বিশ্বাস করি, দেশের স্বাধীনতার জন্য যাঁরা মূল্য দিয়েছেন, সেই সমস্ত শরণার্থীদের পুনর্বাসনের ব্যবস্থা করা একটা অবশ্য কর্তব্য এবং এর জন্য সমগ্র জাতি দায়বদ্ধ। সমস্ত রকম ভয়ানক প্রতিকূলতার বিরুদ্ধে শরণার্থীরা যখন বাধ্য হয়ে পরিত্যক্ত, জলা, নিচু জমিতে জবরদখল কলোনি প্রতিষ্ঠার সংগ্রামে রত ছিলেন, আমরা তখন তাঁদের পাশে দাঁড়িয়েছিলাম। কেন্দ্রীয় সরকার রাজি ছিলেন না, তবুও নিঃশর্ত দলিল প্রদানের মাধ্যমে শরণার্থীদের অনুকূলে তাঁদের দখলীকৃত জমির স্থায়ী বন্দোবস্ত করার জন্য আমরা ক্রমাগত চাপ দিতে থাকি। অবশেষে বামফ্রন্ট সরকার রাজ্য সরকারের জমির উপর বসবাসকারী যোগ্য উদ্বাস্তু পরিবারদের নিঃশর্ত দলিল দেওয়ার একক সিদ্ধান্ত নেন। ফলে, এটা মেনে নেওয়া ছাড়া কেন্দ্রীয় সরকারের আর কোনও গত্যন্তর রইল না।

৭। বস্তুত, এই রাজ্যে ছিন্নমূল পরিবারগুলির পুনর্বাসন জাতীয় সমস্যা হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকার বারে বারে সহায়তা দিতে হয় অস্বীকার করেছেন নতুনা বিলম্ব করেছেন। খুবই অনিচ্ছার সঙ্গে কেন্দ্রীয় সরকার বছরের পর বছর ধরে অল্প স্বল্প টাকা মঞ্জুর করতে লাগলেন এবং দাবি করলেন যে, এই রাজ্যর উদ্বাস্তু সমস্যা বহুলাংশেই মেটানো হয়েছে এবং কেবলমাত্র অবশিষ্ট সমস্যা পড়ে রয়েছে। রাজ্যের পুনর্বাসনের কাজ সমাপ্ত

করার জন্য ১৯৬৭ সালে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে ২৫০ কোটি টাকা দাবি করে। বামফ্রন্ট সরকার উদ্বাস্তুদের পুনর্বাসন সমস্যার সঠিক মূল্যায়ন করে এবং সমস্যার কার্যকর সমাধানের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রয়োজনীয় টাকার দাবি করে। ১৯৯২ সালের এপ্রিল মাসে সর্বপ্রথম পশ্চিমবঙ্গ বিধানসভার সর্বদলীয় প্রতিনিধিদল কেন্দ্রীয় নগর উন্নয়ন মন্ত্রকের মন্ত্রী মহাশয়ের সঙ্গে সাক্ষাত করেন এবং সর্বস্তরের কলোনিগুলির ২,৫০,০০০ প্লটের পরিকাঠামো গত উন্নয়নের জন্য ৪০০ কোটি টাকার দাবি রাখেন। প্রথম পর্যায় ও দ্বিতীয় পর্যায় প্রকল্পে ইতিমধ্যে উন্নতি সাধন করা প্লটগুলি ব্যতীত, ভারত সরকার তৃতীয় পর্যায় প্রকল্পে শহরাঞ্চলের ৪৪,০২৫টি প্লটের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করেন এবং গ্রামীণ এলাকার ৬০,৬১৪টি প্লটের উন্নয়নের জন্য বরাদ্দ মঞ্জুর করতে নীতিগতভাবে সম্মত হন। রাজ্যে পুনর্বাসন সমস্যার সার্বিক মূল্যায়নের জন্য এবং পূর্বতন পূর্ব পাকিস্তান (বর্তমানে বাংলাদেশ) থেকে আগত শরণার্থীদের পুনর্বাসনকল্পে বিশদ পরিকল্পনা তৈরি করার জন্য শ্রী সমর মুখার্জির নেতৃত্বে বামফ্রন্ট সরকার ১৯৭৮ সালের ডিসেম্বর "উদ্বাস্তু পুনর্বাসন কমিটি" (আর আর কমিটি) গঠন করেন। ৬০৭ গ্রুপের জবরদখল কলোনিগুলির বৈধকরণের সুপারিশ ব্যতীত, কেন্দ্রীয় সরকার কমিটির প্রস্তাবমত অন্যান্য বিষয়ে ব্যয় করার জন্য মোট ৭৫০ কোটি টাকার অভিমতকে অগ্রাহ্য করেন। কেন্দ্রীয় সরকারের অভিপ্রায় অনুসারে রাজ্যে উদ্বাস্তু সমস্যার এককালীন সমাধানের জন্য ১৯৯২ সালে রাজ্য সরকার ১,৭২৬.৫০ কোটি টাকার একগুচ্ছ প্রস্তাব পাঠায়। যদিও ব্যক্তিগত মালিকানাধীন জমির ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগের জমির জন্য দেয় অর্থ পাওয়া যাচ্ছে, এবং আমাদের প্রত্যাশামতো না হলেও কলোনি উন্নয়নের টাকাও পাওয়া যাচ্ছে, তথাপি প্রস্তাবে যে সব মুখ্য বিষয়গুলির জন্য অর্থ সাহায্য চাওয়া হয়েছিল, ভারত সরকার কার্যত তা প্রত্যাখ্যান করেন।

৮। পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসনে অবশিষ্ট সমস্যাবলী মূল্যায়ন করে তার সমাধানকল্পে প্রয়োজনীয় সুপারিশ করার জন্য ভারত সরকার ১৯৭৬ সালের মার্চ মাসে ওয়ার্কিং গ্রুপ গঠন করেন। উক্ত ওয়ার্কিং গ্রুপ শহর ও গ্রামীণ এলাকার ১,৭০,২৬৯টি জোট সমন্বিত মোট ১০০৮টি উদ্বাস্তু কলোনির পরিকাঠামোগত (যথা পানীয় জল সরবরাহ, পয়ঃপ্রণালী, রাস্তা নির্মাণ, জল নিষ্কাশন ইত্যাদি) উন্নয়নের জন্য অর্থ বরাদ্দের সুপারিশ করেন। এই রাজ্যে অর্থনৈতিক পুনর্বাসনের জন্যেও অর্থ মঞ্জুরির সুপারিশ করা হয়েছিল। ভারত সরকার এই সমস্ত সুপারিশই মেনে নেন এবং ১৯৭৭ সালে রাজ্য সরকারকে তা বানিয়ে দেন। তবুও আজ পর্যন্ত, তৃতীয় পর্যায়ে অন্তর্ভুক্ত শহর এলাকার কিছু কলোনির উন্নয়নের জন্য মোট বরাদ্দকৃত ৭৮.২৭ কোটি টাকার মধ্যে কেবলমাত্র ৭০.২৪ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। গ্রামাঞ্চলে অবস্থিত কলোনিগুলির পরিকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে ৫১টি গ্রামীণ প্রকল্প রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকার ২০০২-২০০৩ আর্থিক বর্ষে ৫ কোটি টাকা মঞ্জুর করবে বলে ধরে নেওয়া হয়েছে।

৯। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত কর্মসূচি বর্তমানে রূপায়িত করা হচ্ছে, আমি এখন তার অগ্রগতি সম্পর্কে সংক্ষেপে একটি প্রতিবেদন পেশ করছি।

(ক) **নিঃশর্ত দলিল বণ্টন :**

স্বীকৃত উদ্বাস্তু কলোনিগুলির নিয়মিতকরণের উদ্দেশ্যে ২০০২-২০০৩ আর্থিক বর্ষে স্থিরীকৃত লক্ষ্যমাত্রা ১১,৫৫০টির মধ্যে ৩১.১২.২০০২ পর্যন্ত ৩,৬৬৬টি নিঃশর্ত দলিল বণ্টন করা হয়েছে। এ পর্যন্ত মোট ২,২০,৭৫১টি দলিল নিবন্ধভুক্ত ও বণ্টন করা হয়েছে, যদিও মোট লক্ষ্যমাত্রা ছিল ২,৫৩,৪৮১টি (সংশোধিত)।

(খ) ১৯৯৫ সালে রাজ্য সরকার আরও ৯৯৮টি জবরদখল কলোনি তালিকাভুক্ত করেন এবং সিদ্ধান্ত নেন, কলোনিগুলি ভারত সরকার অনুমোদন না করলেও, ওই জবরদখল কলোনিগুলির মধ্যে যেগুলি সম্পূর্ণভাবে রাজ্য সরকারের জমির উপর অবস্থিত, সেখানে বসবাসকারী উপযুক্ত উদ্বাস্তুদের মধ্যে নিঃশর্ত দলিল এবং বাস্তু জমির স্বত্ব প্রদান করা হবে। ৩১.১২.২০০২ তারিখ পর্যন্ত ৯৯৮টি কলোনির মধ্যে ৯৮১টি কলোনির প্রাথমিক জরিপের কাজ সম্পন্ন হয়েছে। ৯৮১টি কলোনির মধ্যে ২৯৭টি কলোনি রাজ্য সরকারের জমির উপর অবস্থিত। এই পর্যন্ত মোট ৩৪টি কলোনির জমি হস্তান্তরের প্রস্তাব, যে যে দপ্তর জমির মালিক, তাঁদের কাছে পাঠানো হয়েছে। এই গোষ্ঠীভুক্ত ৬টি কলোনিতে ইতিমধ্যে ৪৪৪টি দলিল বিতরণ করা হয়েছে।

(গ) এই রাজ্যে সবচেয়ে প্রতিকূল পরিস্থিতিতে বহু সংখ্যক কলোনি গড়ে উঠেছিল। সেই কলোনিগুলিকে বাসযোগ্য করে তোলার উদ্দেশ্যে নিয়মিতকরণের সঙ্গে সঙ্গে উন্নয়নমূলক কাজ হাতে নেওয়া উচিত ছিল। কলোনিগুলির উন্নয়নের ব্যাপারেও একই রকম ঔদাসীন্য এবং বৈষম্যমূলক আচরণের দৃষ্টিভঙ্গি প্রকট। ১৯৭৬ সালে ভারত সরকার কর্তৃক নিযুক্ত কার্যনির্বাহী দল ১,৭০,২৬৯টি প্লটের উন্নয়নের সুপারিশ করেন, যার মধ্যে ১,০৩,১৫৭টি শহরের জন্য এবং ৬৭,১১২টি গ্রামের জন্য নির্দিষ্ট করা হয়েছে। ভারত সরকার এই সুপারিশগুলি মেনে নেন কিন্তু শুধুমাত্র শহরের কলোনিগুলির পরিকাঠামোর উন্নতিকল্পে অর্থ বরাদ্দ করেন।

(১) **গ্রামীণ কলোনিগুলির পরিকাঠামোগত উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অর্থ বরাদ্দ :**

ক্রমবর্ধমান চাপে কেন্দ্রীয় সরকার দশম পরিকল্পনার অন্তর্ভুক্ত করার জন্য ৬০,৬১৪টি গ্রামীণ প্লটের পরিকাঠামোগত উন্নয়নের প্রস্তাবে সম্মত হয়েছিলেন। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে ১৫ কোটি টাকা প্রাপ্তির সম্ভাবনা আছে। দশম পরিকল্পনায় কেন্দ্রীয় সরকার প্রত্যেকটি

গ্রামীণ প্লটের পরিকাঠামোগত উন্নয়নের জন্য ১৭,৭৭৭ টাকা হিসাবে মোট ১০৭.৭৫ কোটি টাকা বরাদ্দ করতে পারেন।

(২) কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্যে পরিকাঠামো উন্নয়নের তৃতীয় পর্যায় :

কেন্দ্রীয় সরকার ৩১.০৩.২০০১ তারিখ পর্যন্ত শহরের শরণার্থী ও কলোনিগুলির পরিকাঠামোগত উন্নয়নের জন্য তৃতীয় পর্যায় প্রকল্পে ৭০.২৪ কোটি টাকা কিস্তিতে প্রদান করেছিলেন। পরিকাঠামোগত উন্নয়নের জন্য গৃহীত ২৮৫টি পরিকল্পনার মধ্যে ২২২টি পরিকল্পনা বিভিন্ন কার্যনির্বাহী সংস্থা কর্তৃক সম্পূর্ণ বলে ঘোষণা করা হয়েছে এবং এর জন্য ৩১.১২.২০০২ তারিখ পর্যন্ত ৫৩.৬ কোটি টাকা খরচ করা হয়েছে। ২০০২-২০০৩ সালে ৩৪টি প্রকল্পকে নির্বাচন করা হয়েছে। তার মধ্যে ৭.১৭ কোটি টাকার ৩০টি প্রকল্প পাওয়া গেছে। কেন্দ্রীয় সরকার ২০০২-২০০৩ সালে এ বাবদ ৮.০৩ কোটি টাকার বরাদ্দ প্রদান করবেন।

(ঘ) রাজ্য বাজেটের অধীনে পরিকাঠামোগত উন্নয়ন :

১৯৯৬ সাল থেকে রাজ্য বাজেটে পরিকাঠামোগত উন্নয়নের জন্য ৩৪২টি পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। বিভিন্ন কার্যনির্বাহী সংস্থাকে ৩৫.৯৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং ৩১.১২.২০০২ তারিখ পর্যন্ত ওই পরিকল্পনাগুলির জন্য ১৪.৪ কোটি টাকা খরচ করা হয়েছে। এ পর্যন্ত ১০৮টি পরিকল্পনাকে সম্পূর্ণ বলে ঘোষণা করা হয়েছে। ২০০২-২০০৩ আর্থিক বর্ষে এই দপ্তর কর্তৃক ৬.০৮ কোটি টাকার অনুমোদনযোগ্য তহবিলে ৩২টি পরিকল্পনা নির্বাচিত করা হয়েছে। এখনও পর্যন্ত ২৬টি পরিকল্পনা রূপায়ণের জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে।

(ঙ) আর. আই. ডি. এফ :

২০০২-২০০৩ আর্থিক বর্ষে এই দপ্তর কর্তৃক আর. আই. ডি. এফ.-৮-এর অধীনে ১৩.৭১ কোটি টাকার অনুমোদনযোগ্য তহবিলে ৪২টি পরিকল্পনার পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পকে নির্বাচিত করা হয়েছে। পরিকল্পনাগুলির সার্থক রূপায়ণের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে।

(চ) শিবির এবং সদন :

এই রাজ্যে ৯টি মহিলা শিবির ও আবাসে ৯৯৯ জন সদস্যের আশ্রয় ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হয়েছে। স্ক্রিনিং কমিটির সুপারিশক্রমে

১৯৯০ সালে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছিল যে, ৬টি আবাস যথা— টিটাগড় মহিলা সদন, ধুবুলিয়া পি এল হোম, কুপার্স পি এল হোম, চাম্পটা মহিলা সদন, রানাঘাট মহিলা সদন এবং ভদ্রকালী মহিলা সদন পর্যায়ক্রমে গুটিয়ে ফেলা হবে। এছাড়া তিনটি সদন যথাক্রমে হাবড়া কম্পোজিট হোম, বাঁশবেড়িয়া মহিলা সদন এবং চাঁদমারী পি এল আবাস স্থায়ীভাবে চালানো হবে। সিদ্ধান্তের সঙ্গে সঙ্গতি রেখে টিটাগড় মহিলা সদনের আবাসিকদের সেই আবাসনের জমিতেই পুনর্বাসন দেবার কাজ এগিয়ে চলেছে। সেখানে বসবাসকারী বর্তমানে ৫৭টি পরিবারের মধ্যে ৫৪টি পরিবার সেখানকার জমিতেই পুনর্বাসন নেবার ইচ্ছা প্রকাশ করেছেন। ৪৮টি পরিবারকে ইতিমধ্যে বসবাসের জমি দেওয়া হয়েছে। শেষ দফায় বর্তমান বাসভবনগুলি ভেঙে জমি উদ্ধার করে সেই জমিতে বাকি ৬টি পরিবারকে শীঘ্রই পুনর্বাসন দেওয়া হবে। হাবড়া সদনের খয়রাতি সাহায্যপ্রাপ্ত পরিবারগুলির মধ্যে ৬৫টি পরিবার সেখানকার জমিতে পুনর্বাসন নেবার ইচ্ছা প্রকাশ করেছেন। তাদের মধ্যে ৪৫টি পরিবারকে পুনর্বাসন দেবার কাজ চূড়ান্ত করা হয়েছে এবং সেজন্য অর্থ মঞ্জুরিরও ব্যবস্থা করা হচ্ছে। পাশাপাশি, সরকারের বর্তমান নীতি অনুযায়ী শিবিরের আবাসিকদের জমি বা পুনর্বাসন সংক্রান্ত সহায়তা দেবার কাজটি চলছে।

(ছ) **গাঙ্গুলিবাগান আবাসনের পুনর্বাসন প্রকল্প :**

গাঙ্গুলিবাগান আবাসনে পুনর্বসতির জন্য, সরকারি সিদ্ধান্ত অনুসারে ৪৩৬টি পরিবারকে পুনর্বাসনের যোগ্য বলে বিবেচনা করা হয়েছে। ৩১.১২.২০০২-এর মধ্যে ৩৭১টি পরিবার ঘর খালি করে দিয়েছেন এবং ৬৫টি পরিবারকে ঘর খালি করতে হবে। প্রায় ৭৭টি পরিবার অবৈধভাবে ঘরের দখল রেখেছেন। এই ঘরগুলি ফাঁকা করার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

তালিকাভুক্ত ১৩০টি পরিবারকে বৈষ্ণবঘাটা-পাটুলি এলাকায় নিম্ন আয়ভুক্ত শ্রেণীর জন্য নির্দিষ্ট প্লট দেওয়া হয়েছে। ১৪৪টি যোগ্য পরিবারের জন্য পরিবার পিছু ১৫,০০০/- টাকার গৃহ নির্মাণ অনুদান বাবদ প্রথম দফায় ২১,৬০,০০০/- টাকা মঞ্জুর করা হয়েছে। আশা করা যায় গৃহ নির্মাণ বাবদ অনুদান বিতরণ করার কাজ শীঘ্রই সমাপ্ত হবে।

(জ) **হকার্স স্টল :**

দরিদ্র ছিন্নমূল পরিবারগুলির আর্থিক পুনর্বাসনে সহায়তা করার জন্য এই বিভাগের শিয়ালদহ, মানিকতলা এবং শ্রদ্ধানন্দ পার্কে ১১১টি (হকারদের জন্য) দোকান ঘর আছে। যোগ্য পরিবারগুলির মধ্যে ঘরগুলি বণ্টন এবং

পুনর্বণ্টন করার জন্য নির্দেশিকা জারি করা হয়েছে। দোকানঘরগুলি বণ্টন এবং পুনর্বণ্টনের কাজটি এগিয়ে চলেছে।

(ঝ) **উৎপাদন কেন্দ্রগুলির কাজকর্ম :**

৫টি জেলা প্রাথমিক বিদ্যালয় পর্ষদের চাহিদামতো ৭২,৭৭৬টি পোশাক সরবরাহের জন্য ২০০২-২০০৩ আর্থিক বছরে ৭২,৮৪,০৯০/- টাকার বরাত পাওয়া গেছে। জানুয়ারি ২০০৩ পর্যন্ত ৪৪,৬২,৬৩৫/- টাকা মূল্যের পোশাক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সরবরাহ করা হয়েছে।

এছাড়া, বিভিন্ন সদন ও শিবিরের ৯৯৯ জন আবাসিকদের প্রয়োজনীয় প্রায় ৫.৪৯ লক্ষ টাকা মূল্যের ধুতি শাড়ি ও পোশাক-পরিচ্ছদ উৎপাদনকেন্দ্রগুলি সরবরাহ করেছে। উৎপাদন কেন্দ্রগুলি পশ্চিমবঙ্গ বিধানসভা এবং মেদিনীপুরের আই. টি. আই. থেকেও অল্প বরাত পেয়েছে।

(ঞ) **মাছ চাষের জন্য জলাভূমির সদ্ব্যবহার :**

মাছ চাষের জন্য ব্যবহৃত হতে পারে এ রকম আনুমানিক ১৮০০ একর জলাভূমিকে চিহ্নিত করা হয়েছে। মৎস্য দপ্তরের সঙ্গে যৌথ প্রকল্পে মৎস্য চাষিদের দল এবং সমবায় গঠনের পরিকল্পনা করা হয়েছে যাতে তাঁরা এফ. এফ. ডি. এ.-এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক সহায়তা, রসদ এবং আর্থিক সাহায্য পান।

(ট) **বকেয়া উদ্বাস্তু পুনর্বাসনের কাজের মূল্যায়ন :**

এই বিভাগে বকেয়া পুনর্বাসন কাজের মূল্যায়নের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। আশা করা হচ্ছে যে, উক্ত কমিটি তাঁদের প্রথম প্রতিবেদন বিভাগের উপদেষ্টা কমিটির কাছে পেশ করবে।

১০। রাজ্য সরকারের তীব্র আর্থিক অস্বচ্ছলতা সত্ত্বেও ১৯৭১-এর ২৫ মার্চ পর্যন্ত পূর্ব পাকিস্তান (অধুনা বাংলাদেশ) থেকে আগত শরণার্থীদের দুঃখ-দুর্দশা নিরসনে আমরা আমাদের ভূমিকা যথাসাধ্য পালন করে যাব।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ রাজ্যে শরণার্থীদের পুনর্বাসনের বিবিধ সমস্যা সংক্রান্ত প্রকৃত চিত্র এই সভাকে অবহিত করার যথাসাধ্য চেষ্টা করেছি। এটি একটি জটিল সমস্যা। রাজ্য সরকারের একার পক্ষে নয়, কেন্দ্রীয় সরকারকেও এইরূপ জাতীয় সমস্যার মোকাবিলা করতে হবে। আমাদের রাজ্যে বসবাসকারী শরণার্থীদের জটিল সমস্যার সমাধানকল্পে এবং কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে আমি রাজনৈতিক মতাদর্শ নির্বিশেষে এই সভার মাননীয় সদস্যদের অকুণ্ঠ সমর্থনের আবেদন জানাই।

এই আবেদনের সঙ্গে আমি ব্যয়-বরাদ্দের দাবি অনুমোদনের জন্যও বিনীত অনুরোধ জানাচ্ছি।

DEMAND No. 47

Major Heads : 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities and 2251—Secretariat—Social Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 218,71,38,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities and 2251—Secretariat—Social Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 72,90,47,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৪৭ নং অনুদানের অন্তর্গত "২২৪৫-প্রাকৃতিক বিপর্যয়জনিত ত্রাণ", "২২৩৫-সামাজিক সুরক্ষা ও কল্যাণ" এবং "২২৫১-সেক্রেটারিয়েট সমাজ সেবা" খাতে মোট ২১৮,৭১,৩৮,০০০ (দুইশত আঠারো কোটি একাত্তর লক্ষ আটত্রিশ হাজার) টাকার ব্যয় মঞ্জুরির দাবি পেশ করছি। এর মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ৭২,৯০,৪৭,০০০ (বাহাত্তর কোটি নব্বই লক্ষ সাতচল্লিশ হাজার) টাকাও ধরা হয়েছে।

২। এই প্রসঙ্গে সভার মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে, প্রস্তাবিত ব্যয় মঞ্জুরির মধ্যে ত্রাণ দপ্তর ছাড়াও ত্রাণ ও পুনর্গঠন কার্যের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের দাবিও সংযুক্ত রয়েছে। এ সম্পর্কিত বিস্তারিত বিবরণ ইতিমধ্যেই সভায় পেশ করা ২০০৩-২০০৪ আর্থিক বছরের বাজেট বইতে লিপিবদ্ধ আছে।

৩। প্রারম্ভেই আমি ত্রাণকার্যের প্রয়োজনীয়তা সম্পর্কে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ভূ-জলবায়ুর প্রভাবে পশ্চিমবঙ্গে প্রায় প্রতি বছরেই প্রাকৃতিক দুর্যোগের প্রবণতা লক্ষ করা যায়। বন্যা, ঘূর্ণিঝড়, শিলাবৃষ্টি, ভূমিধস এবং খরার কারণে রাজ্যকে প্রভূত ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হয়। প্রধান সংযোগ স্থাপনকারী দপ্তর হিসাবে ত্রাণদপ্তর সম্মিলিত প্রয়াসের মাধ্যমে এই ধরনের প্রাকৃতিক দুর্যোগের সক্রিয় মোকাবিলা হেতু উপযুক্ত দুর্যোগ পরিচালন ব্যবস্থা গ্রহণ করে থাকে যাতে জীবনহানি ও সম্পত্তির ক্ষয়ক্ষতি হ্রাস, সাধারণ মানুষের দুর্দশা লাঘব, ত্রাণ ও পুনর্বাসনের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন এবং দুর্যোগ পরবর্তী পুনর্গঠনের কাজ যথাযথভাবে সমাধা হয়।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সৌভাগ্যবশত ২০০২-২০০৩ সনে (ফেব্রুয়ারি, ২০০৩ অবধি) শুধুমাত্র তিনটি জেলায় খরা ও রাজ্যের কোনো কোনো অংশে তাৎক্ষণিক

বন্যা, সামুদ্রিক ঘূর্ণিঝড় ও বজ্রবিদ্যুৎসহ কালবৈশাখী ছাড়া পশ্চিমবঙ্গে তেমন ব্যাপকভাবে কোনও প্রাকৃতিক দুর্যোগ সংঘটিত হয়নি। ২০০২ সালের জুলাই মাস থেকে আগস্টের মাঝামাঝি পর্যন্ত মৌসুমী বায়ুর ক্ষীণ প্রভাব ও অপর্যাপ্ত বৃষ্টিপাতের ফলে দক্ষিণবঙ্গের তিনটি জেলা যথাক্রমে পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরের কিছু কিছু অংশ খরা কবলিত হয়। তাছাড়া ২০০২ সালের জুন মাসের শেষ সপ্তাহ থেকে জুলাই মাস পর্যন্ত উচ্চ অববাহিকা অঞ্চলে অবিরাম বৃষ্টিপাতের ফলে উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহার এবং দার্জিলিং জেলায় তাৎক্ষণিক বন্যার প্রাদুর্ভাব ঘটে। মালদা ও মুর্শিদাবাদ জেলার কিছু কিছু অংশ নদীভাঙনে ক্ষতিগ্রস্ত হয়। ২০০২ সালে ফুলাহার, পদ্মা, গঙ্গা এবং তার উপনদীগুলির ভয়াবহ ভাঙনের ফলে মালদা জেলার ছটি গ্রাম এবং মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ-২, ভগবানগোলা-১ ও জলঙ্গী ব্লকের অন্তর্গত সাতটি গ্রাম ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। অধিকন্তু কোচবিহার, জলপাইগুড়ি, উত্তরদিনাজপুর, উত্তর চব্বিশ পরগনা ও নদীয়া জেলার কিছু প্রত্যন্ত অঞ্চলও নদী ভাঙনের ফলে ক্ষতিগ্রস্ত হয়।

কয়েকদিন ক্রমাগত প্রবল বর্ষণের ফলে ২৯.৬.০২ তারিখে দার্জিলিং জেলার কোনো কোনো স্থানে ধ্বস নামে। রাজ্যের বিভিন্ন স্থানে এপ্রিল মে মাস নাগাদ কালবৈশাখীর প্রচণ্ডতা এবং জুন, জুলাই ও আগস্ট মাসে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের ফলে জীবন ও সম্পত্তির হানি ঘটে।

১২.১১.০২ তারিখে এক সামুদ্রিক ঘূর্ণিঝড় দক্ষিণবঙ্গ উপকূলে আঘাত হানে। এর ফলে হাওড়া, দক্ষিণ ২৪-পরগনা ও পূর্ব মেদিনীপুরের ১৪টি ট্রলার/নৌকা ডুবে যায়। এই ট্রলার/নৌকাডুবিতে ৩টি মৃতদেহ উদ্ধার ও ৭৫ জন জেলে নিখোঁজ হয়।

এই সবের ফলস্বরূপ প্রায় ৫৯,২৪৩ হেক্টর পরিমাণ কৃষিজমি ক্ষতিগ্রস্ত হয় যার বিনষ্ট শস্যের আনুমানিক অর্থমূল্য ৫০.৬১ কোটি টাকা। ৯৩,৯৬৪টি বাড়ির সম্পূর্ণ বা আংশিক ক্ষতি হয়। তাছাড়া মূল্যবান ২০৯টি প্রাণহানি ঘটে এবং প্রায় ১০.৮০ লক্ষ লোক ক্ষতিগ্রস্ত হয়। বিভিন্ন ধরনের প্রাকৃতিক বিপর্যয়ে ১,০৭৬টি গবাদি পশুও বিনষ্ট হয়। অধিকন্তু ৩১ নং ও ৫৫ নং জাতীয় সড়ক, কালভার্ট, রেললাইন ও একাধিক সংখ্যক উচ্চবিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ভবন ক্ষতিগ্রস্ত হয়। এই ক্ষয়ক্ষতির আনুমানিক অর্থমূল্য ২২.৪৪ কোটি টাকা।

৫। ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য প্রয়োজনীয় ত্রাণসামগ্রী পাঠিয়ে, তাদের আশ্রয়ের ব্যবস্থা করে ও স্বাস্থ্য পরিষেবার প্রতি দৃষ্টি দিয়ে ত্রাণ বিভাগ যুদ্ধকালীন তৎপরতায় এই সব বিপর্যয়ের মোকাবিলা করেছে। এই উদ্দেশ্যে ত্রাণবিভাগে ২৪ ঘণ্টার জন্যই একটি 'কন্ট্রোলরুম' খোলা হয়। ২০০২-২০০৩ আর্থিক বছরে বিভিন্ন জেলায় ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য ত্রাণ বিভাগের পক্ষ থেকে ৭০০ মে. টন গম, ৮৫ মে. টন চাল, ৯১,০০০টি ত্রিপল, ১৭,২৫০টি ধুতি, ৩৬,৪০০টি শাড়ি, ১৪,৪০০টি লুঙ্গি, ২৯,৬০০টি শিশুদের পোশাক, ৩৪,৫০০টি কম্বল, ৮৬.০৩ লক্ষ টাকা গৃহনির্মাণ বাবদ অনুদান, নগদ খয়রাতি সাহায্য হিসাবে ৪.২০ লক্ষ টাকা এবং বিশেষ খয়রাতি সাহায্য হিসাবে ৪৭,৮৫,৫০০ টাকা অবণ্টিত হয়েছে। আনুষঙ্গিক ব্যয় হিসাবে ৩৫,১০,০০০ টাকা আবণ্টন করা হয়েছে। মৃত ব্যক্তিদের

পরিবারবর্গকে এককালীন অনুদান হিসাবে দেয় ৩০.২০ লক্ষ টাকাও আবণ্টিত হয়েছে। ১২.১১.০২ তারিখে দক্ষিণবঙ্গের সামুদ্রিক ঘূর্ণিঝড়ে ট্রলার ডুবির ফলে নিখোঁজ ৭৫ জন ও মৃত ৩ জনের পরিবারবর্গকে এককালীন অনুদান হিসাবে ১৫.৬০ লক্ষ টাকা এই দপ্তর থেকে মঞ্জুর করা হয়েছে।

৬। ২০০১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত ওড়িশার জন্যও পশ্চিমবঙ্গ সরকার সাহায্যের হাত প্রসারিত করেছিল। তৎকালীন বন্যার সময় ত্রিপল বণ্টনের ফলে মজুত ভাণ্ডারে যে অপূর্ণতা দেখা দেয় তা পূরণের উদ্দেশ্যে ত্রিপল ক্রয়ের মূল্য স্বরূপ ২০০২-২০০৩ আর্থিক বছরে ৪৪,৯৯,৫৯৭ টাকা মঞ্জুর করা হয়েছে।

৭। বিপর্যয়জনিত ত্রাণ তহবিলে (সি. আর. এফ.) ২০০২-২০০৩ সালে বরাদ্দকৃত ১১১৪৭.০০ লক্ষ টাকার মধ্যে ৩.৩.০৩ তারিখ পর্যন্ত মোট ২১৬২.৫০ লক্ষ টাকা ত্রাণ, উদ্ধার ও পুনর্গঠন কাজের জন্য বিভিন্ন দপ্তরে আবণ্টন করা হয়েছে। নীচে বিস্তারিত তালিকা লিপিবদ্ধ করা হল :

	দপ্তরের নাম	প্রদত্ত অর্থ (লক্ষ টাকায়)
(১)	কৃষি (ইনপুট) এবং খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তর	৮৫০.০০
(২)	প্রাণী বিকাশ ও উন্নয়ন দপ্তর	৯.৫০
(৩)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর	২০.০০
(৪)	সেচ ও জলপথ দপ্তর	২৫০.০০
(৫)	পূর্ত ও পূর্ত (সড়ক) দপ্তর	৪০.০০
(৬)	ত্রাণ দপ্তর	৯৯৩.০০
		মোট : ২,১৬২.৫০

৮। প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত মানুষদের সাহায্য করা ছাড়াও রাজ্য সরকার দুঃস্থ মানুষদের জন্যও ত্রাণ বিতরণ করে। অন্ধ, খঞ্জ, অনাথ ও উপার্জনে অক্ষম মানুষদের জন্য ত্রাণ দপ্তর খয়রাতি সাহায্য দিয়ে থাকে। এই উদ্দেশ্যে ৬,০৯,৬৭,১০৪ টাকা মঞ্জুর করা হয়েছে। ২০০২-২০০৩ আর্থিক বছরে কুষ্ঠরোগীদের মধ্যে ৫০,৬৫,৪২০ টাকা ও অনাহারজনিত মৃত্যু রোধে ১,৪০,০০০ টাকা বিশেষ খয়রাতি সাহায্য হিসাবে বিতরণ করা হয়েছে।

৯। দুর্গাপূজা ও ঈদের প্রাক্কালে মাননীয় বিধায়কদের মারফৎ দরিদ্র ও দুঃস্থ মানুষদের মধ্যে জামাকাপড়, সুতির কম্বল এবং শিশুপোশাক বণ্টনের ব্যবস্থা করা হয়। বর্তমান আর্থিক বছরে এই উপলক্ষে ২,০৪,৮৪,৯৫০ টাকা মঞ্জুর করা হয়েছে।

১০। রাজ্যের আর্থিক দিক থেকে দুর্বলতর শ্রেণীভুক্ত মানুষদের পুনর্বাসনের জন্য ত্রাণ বিভাগ অর্থ সাহায্য দিয়ে থাকে। এই উদ্দেশ্যে ২০০২-২০০৩ আর্থিক বছরে এ পর্যন্ত মোট ৩২,৯৩,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

১১। যক্ষ্মারোগ মুক্তদের আর্থিক পুনর্বাসনের জন্য ত্রাণ বিভাগ আর্থিক সাহায্য দিয়ে থাকে। ২০০২-২০০৩ আর্থিক বছরের ২১.২.০৩ পর্যন্ত মোট ১,৫৪,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

১২। বেহালায় ভেজাল রেপসিড তেল ব্যবহারের ফলে যে সব মানুষ স্বাভাবিক কর্মক্ষমতা হারিয়েছেন তাঁদের ত্রাণ দপ্তর নিয়মিতভাবে অর্থ ও খাদ্যসামগ্রী সাহায্য স্বরূপ দিয়ে থাকে। এই উদ্দেশ্যে ২৬০ জনের জন্য বিশেষ খয়রাতি সাহায্য হিসেবে ৭,৩২,৬০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

১৩। গ্রামে দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের ঘরবাড়ি নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার প্রবর্তিত "কুটির বীমা প্রকল্পের" মাধ্যমে অর্থ সাহায্যের ব্যবস্থা ১.১১.২০০০ থেকে বন্ধ হয়ে যাওয়ায় বর্তমানে এই রাজ্যে গৃহনির্মাণ-অনুদান প্রকল্পের মাধ্যমে এই ধরনের ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য দেবার ব্যবস্থা করা হয়েছে।

১৪। পৌর এলাকায় আর্থিকভাবে দুর্বলতর শ্রেণীভুক্ত যারা দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত হয় তাদের ঘরবাড়ি পুনর্নির্মাণের জন্য ত্রাণ বিভাগ গৃহনির্মাণ বাবদ অনুদান দিয়ে থাকে। ২০০২-২০০৩ আর্থিক বছরে এই বাবদ এখন পর্যন্ত মোট ৩,৬৫,০০০ টাকা আবন্টিত হয়েছে। এই প্রকল্প অনুসারে গ্রামাঞ্চল ও পৌর এলাকার মোট মিলিত উপকৃত মানুষের সংখ্যা বর্তমানে ২২৯ জন।

১৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ত্রাণ দপ্তরের বাজেট বরাদ্দ মূলত পরিকল্পনা বহির্ভূত খাতে ধরা হয়। কিন্তু ২০০২-২০০৩ আর্থিক বছরে এই বিভাগে পরিকল্পনা খাতেও ছয়টি প্রকল্প চালু আছে। যথা—

১। কলকাতায় ত্রাণভবন নির্মাণ;

২। বন্যাশ্রয় নির্মাণ;

৩। ত্রাণসামগ্রী মজুত করার জন্য গুদাম নির্মাণ;

৪। আর্থ-সামাজিক কারণে বিপর্যস্ত ও দুঃস্থ পরিবারের আর্থিক পুনর্বাসনের জন্য এককালীন অনুদান;

৫। আকস্মিক দুর্যোগ সতর্কীকরণ ব্যবস্থা; এবং

৬। ত্রাণ বিভাগে কমপিউটার ব্যবস্থার প্রবর্তন।

২০০২-২০০৩ আর্থিক বছরে মোট ১২২.৭৫ লক্ষ টাকা আর্থিক বরাদ্দের মধ্যে এ পর্যন্ত ৬৬.৬২ লক্ষ টাকা উপরোক্ত চালু প্রকল্পগুলি রূপায়ণের জন্য আবণ্টন করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরেও (২০০৩-২০০৪) এই চালু প্রকল্পগুলি রূপায়ণের কাজ চলবে। এছাড়াও ত্রাণ বিভাগের সাধারণ কর্মসূচিগুলি যেমন খয়রাতি সাহায্য দান, আর্থিক পুনর্বাসন অনুদান, বিধায়ক মারফৎ বস্ত্র সামগ্রী বিতরণ প্রভৃতিও পাশাপাশি চালু থাকবে।

১৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বামফ্রন্ট সরকারের আর্থিক সীমাবদ্ধতার কথা মনে রেখেও ত্রাণ বিভাগ তার সমস্ত পরিকল্পনাগুলোর সার্থক রূপায়ণের জন্য সম্ভাব্য সব রকম ব্যবস্থা গ্রহণ করতে দৃঢ় প্রতিজ্ঞ। যে ব্যয় মঞ্জুরির দাবি এখানে পেশ করা হল তা ২০০৩-২০০৪ আর্থিক বছরে বিভিন্ন ত্রাণ প্রকল্প যথাযথ রূপায়ণের জন্য প্রয়োজন হবে।

১৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

পরিশেষে আমি এই আশা পোষণ করতে চাই যে গত বছরের মতো ২০০৩-২০০৪ আর্থিক বছরেও আমি সভার মাননীয় সদস্যদের অকুণ্ঠ সহযোগিতা ও সমর্থন লাভ করব। এই বক্তব্য রেখে আমি ৪৭ নং অনুদানের অন্তর্গত "২২৪৫-প্রাকৃতিক বিপর্যয় জনিত ত্রাণ", '২২৩৫-সামাজিক সুরক্ষা ও কল্যাণ" এবং "২২৫১-সেক্রেটারিয়েট সমাজ সেবা" খাতে ব্যয় বরাদ্দের প্রস্তাব গ্রহণের জন্য সবিশেষ অনুরোধ করছি।

DEMAND No. 48

Major Heads : 2575—Other Special Areas Programmes, 3425—Other Scientific Research and 3451—Secretariat—Economic Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,17,53,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "2575—Other Special Ageas Programmes, 3425—Other Scientific Research and 3451—Secretariat—Economic Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 1,05,84,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ৪৮ নং অভিবাচনের অন্তর্গত (১) "৩৪৫১-সেক্রেটারিয়েট - ইকনমিক সার্ভিসেস", (২) "৩৪২৫-আদার সায়েন্টিফিক রিসার্চ" এবং

(৩) "২৫৭৫-আদার স্পেশাল এরিয়াস প্রোগ্রামস"-এই সকল মুখ্যখাতে ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য মোট ৩,১৭,৫৩,০০০ (তিন কোটি সতেরো লক্ষ তিপ্পান্ন হাজার) টাকা ব্যয় বরাদ্দ প্রস্তাব পেশ করছি।

অন্তর্বর্তী কালের ব্যয়ের জন্য প্রস্তাবিত ১,০৫,৮৪,০০০ (এক কোটি পাঁচ লক্ষ চুরাশি হাজার) টাকা উপরোক্ত প্রস্তাবের অন্তর্গত।

২০০২-২০০৩ সালে এই বিভাগের প্রধান কাজকর্ম এবং ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত কর্মসূচি নিচে দেওয়া হল :

(ক) **পরীক্ষামূলক প্রয়োগ এবং প্রদর্শনের ক্ষেত্রীয় প্রকল্প** : বিভিন্ন গবেষণা ও উন্নয়ন সংস্থার দ্বারা উদ্ভাবিত কিছু প্রযুক্তি গ্রামীণ মানুষের জন্য সাফল্যের সঙ্গে হস্তান্তর করা হয়েছে। যেমন :

১। নার্সারি স্থাপন যার উদ্দেশ্য ফুল চাষের উন্নতি, বিশেষত অর্থকরি ঘর সাজানোর কাজে ব্যবহৃত ফুলের চাষ এবং তার প্রসার।

২। নিয়ন্ত্রিত জৈব প্রযুক্তির সাহায্যে পাট পচনের গবেষণামূলক কর্মসূচি। এর লক্ষ্য সোনালি রঙের বিশেষ পাটতন্তু উৎপাদন।

৩। বীরভূম জেলায় পরিত্যক্ত চীনামাটির খনিতে অ্যাকোয়া কালচার প্রকল্পের সম্ভাবনা ও অর্থনৈতিক স্থায়িত্ব।

৪। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গ্রামীণ প্রযুক্তি কেন্দ্রে সিট্রোনিলা তৈল নিষ্কাশন প্রকল্প স্থাপন ও চালুকরণ।

৫। পশ্চিমবঙ্গ রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি সংসদের মাধ্যমে বীরভূমের কাঁকসা ব্লকে বসুধা গ্রামে "লো-এনার্জি কুল চেম্বার" চালুকরণ।

(খ) **বিজ্ঞান ও প্রযুক্তিগত উৎকর্ষ সাধনের জন্য এবং স্বনিযুক্তি প্রকল্পের জন্য শিক্ষণ ও কর্মশালা** : বিগত আর্থিক বছরে (২০০২-২০০৩) এই বিভাগ এ ধরনের অনেকগুলি স্বনিযুক্তি প্রকল্প এবং উৎকর্ষ সাধনের জন্য প্রশিক্ষণ ও কর্মশালা চালানোর জন্য আর্থিক সহায়তা মঞ্জুর করে এবং এই কর্মসূচিটি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিশেষ করে অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত এলাকায় অনুষ্ঠিত হয়েছে।

প্রশিক্ষণ কর্মসূচির কয়েকটি নিচে উল্লেখ করা হল :

১। টেলিফোন মেরামতি ও মৌ-চাষের বাক্স তৈরিতে প্রশিক্ষণ।

২। গ্রামাঞ্চলে অনগ্রসর শ্রেণির মহিলাদের যন্ত্রে উল বোনার ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ব্যবহারের উপর প্রশিক্ষণ।

৩। গ্রামের রাজমিস্ত্রিদের স্বল্প-ব্যয়ে গৃহ নির্মাণ প্রশিক্ষণ, ইত্যাদি।

এই কর্মসূচিগুলি আগামী আর্থিক বছরেও চালু রাখার প্রস্তাব দেওয়া হয়েছে।

(গ) **বিজ্ঞান উন্নয়ন :** ২০০২-২০০৩ আর্থিক বছরে এই বিভাগ বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সম্ভাবনাময় বেশ কিছু নতুন ও চালু প্রকল্প যথাক্রমে মঞ্জুর করেছে এবং আর্থিক সহায়তা দিয়েছে। উপযুক্ত প্রযুক্তি হস্তান্তরের ক্ষেত্রেও পদক্ষেপ নেওয়া হয়েছে।

কয়েকটি উল্লেখযোগ্য প্রকল্প হল :

১। সন্তানসম্ভবা মা ও আক্রান্ত মা-বাবাকে জিন বিষয়ে পরামর্শদানের সাহায্যে থ্যালাসেমিয়া নিয়ন্ত্রণ।

২। ভারতীয় ভেষজ উদ্ভিদ থেকে মধুমেহ রোগের উৎসেচক উদ্ভাবন।

৩। মানসিক প্রতিবন্ধকতা নিরূপণ ও তার প্রতিকার।

৪। আর্সেনিকযুক্ত বর্জ্য পদার্থ থেকে আর্সেনিক আহরণ।

আগামী আর্থিক বছরে নিম্নলিখিত ক্ষেত্রে বিভিন্ন প্রকল্প চালু করার উদ্যোগ দেওয়া হবে :

১। কৃষি ও কৃষি নির্ভর প্রকল্পের ক্ষেত্রে নতুন প্রযুক্তি ব্যবহার, নতুন নতুন বিকল্প উদ্ভাবন ও বিভিন্ন কৃষিসংক্রান্ত কাজকর্মে বাণিজ্যকরণের সহায়তা।

২। **ক্ষুদ্র শিল্প :** হস্তচালিত তাঁত ও পোশাক তৈরির ক্ষেত্রে কমপিউটারের সাহায্যে নক্শা তৈরি ও প্রযুক্তিগত নানা তথ্য প্রদান এবং রেশম উৎপাদনে উন্নতি।

(ঘ) **বিজ্ঞান জনপ্রিয়করণ :** সাধারণ মানুষের জীবনের নাগালে বিজ্ঞানকে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিগত আর্থিক বছরে এই বিভাগ নানা ধরনের বিজ্ঞান জনপ্রিয়করণ কর্মসূচি গ্রহণ করেছে। রাজ্য জুড়ে বিভিন্ন সায়েন্স ক্লাব, প্রতিষ্ঠান এবং অন্যান্য স্বেচ্ছাসেবী সংস্থার সাহায্যে প্রদর্শনী, আলোচনা-সভা, কর্মশালা ইত্যাদি কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। এই সকল কর্মসূচির উদ্দেশ্য ছিল প্রচলিত কুসংস্কার দূর করে সাধারণ মানুষকে বিজ্ঞান মনস্ক করে তোলা।

২০০২-২০০৩ আর্থিক বছরে এই রকম ১২ (বার)টি কর্মসূচি রূপায়ণে এই বিভাগ সহায়তা দিয়েছে। এই প্রকল্প পরবর্তী আর্থিক বছরেও চালু থাকবে।

(ঙ) **সচেতনতা, মূল্যায়ন ও প্রতিবন্ধকতা প্রতিকারের কর্মসূচি :** ১৯৯৫ সালের প্রতিবন্ধী আইন [The Persons with Disabilities (Equal

Opportunities, Protection of Rights and Full Participation) Act, 1995] অনুসারে শারীরিক প্রতিবন্ধকতার বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি, এর মূল্যায়ন চিহ্নিতকরণ ও প্রতিকারকল্পে আর্থিক সহায়তা মঞ্জুর করা হয়েছে।

(চ) **জৈব প্রযুক্তি নীতি** : এ রাজ্যে জৈব-প্রযুক্তির ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে বিনিয়োগ টানতে জৈব-প্রযুক্তি নীতি ইতিমধ্যেই প্রকাশ করা হয়েছে।

(ছ) **জাতীয় উদ্ভাবন প্রতিষ্ঠান** : ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ কর্তৃক ন্যাশনাল ইনোভেশন ফাউন্ডেশন (জাতীয় উদ্ভাবন প্রতিষ্ঠান) স্থাপিত হয় ২০০০ সালের মার্চ মাসে। এর মূল উদ্দেশ্য হল—

১। প্রথাগত ও প্রথাবহির্ভূত বিজ্ঞান ও প্রযুক্তিগত পদ্ধতিগুলির উৎকর্ষ সাধনে তাদের মধ্যে একটি যোগসূত্র স্থাপন করা।

২। যথাযথ লভ্যাংশকারী উৎপাদনের জন্য স্থানীয় উদ্ভাবনগুলিকে এবং প্রথাগত মানের বিশিষ্ট দৃষ্টান্তগুলির মূল্যারোপণ করা।

৩। তৃণমূল স্তরের উদ্ভাবকদের মেধাসত্ত্বের অধিকার সংরক্ষণে কাজ করা।

পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর এই রাজ্যের মূল কেন্দ্র (NODAL CENTRE) হিসাবে এই প্রতিষ্ঠানের কর্মকাণ্ডের সমন্বয় করে এবং গত দুই বৎসর যাবৎ এই রাজ্যে এই ধরনের উদ্ভাবনের জন্য ব্যাপকভাবে অন্বেষণের কাজ করছে।

(জ) **রাজ্য দূর সংবেদন কেন্দ্রের কার্যবলী** : পরিকল্পনা রচনার কাজকে উন্নত করার উদ্দেশ্যে রাজ্য দূর সংবেদন কেন্দ্র বেশ কয়েকটি প্রকল্প গ্রহণ করেছে।

১। **রাজ্যের নদীগুলির গতিপথের সাম্প্রতিক চিত্রায়ণ** : রাজ্যের সেচ ও জলপথ বিভাগের পৃষ্ঠপোষকতায় এই প্রকল্পটি চালু আছে। ইতিমধ্যে প্রথম ও দ্বিতীয় পর্যায়ের কাজ (গঙ্গা-পদ্মা ও ভাগীরথী-হুগলি এলাকা এবং রাজ্যের উত্তর অংশে তিস্তা ব্রহ্মপুত্র এলাকা) শেষ হয়েছে। এই প্রকল্পের তৃতীয় তথা চূড়ান্ত পর্যায়ের কাজ চলছে। এই পর্যায়ে রয়েছে ভাগীরথী হুগলির পশ্চিম দিকের নদীসমূহ এবং মেদিনীপুর জেলার উপকূলীয় জলসংবহন ব্যবস্থা।

প্রাক্-প্রাকৃতিক দুর্যোগকালীন প্রস্তুতির ক্ষেত্রে মানচিত্রে দেওয়া তথ্যসমূহ এখনই ব্যবহার করা যেতে পারে।

২। **ন্যাচারাল রিসোর্সেস্ ইনফরমেশন সিস্টেম** (NRIS) : ভারত সরকারের মহাকাশ বিভাগ এই প্রকল্পটির পৃষ্ঠপোষক। এর উদ্দেশ্য হল

উপগ্রহের সাহায্যে গৃহীত সাম্প্রতিক তথ্য ব্যবহার করে ভূমি ও জলসম্পদের একটি প্রাথমিক তথ্য ভাণ্ডার গড়ে তোলা।

সুসংহত ও সার্বিক দীর্ঘস্থায়ী উন্নয়ন প্রকল্প (IMSD)-এর অধীন দ্বারকেশ্বর জলবিভাজিকা অঞ্চলের কাজ শেষ হয়েছে। পুরুলিয়া ও বাঁকুড়া জেলার বাকি অংশের তথ্য ভাণ্ডার গড়ে তোলার কাজ চলছে।

৩। **প্রাথমিক দুর্যোগের সুষ্ঠু মোকাবিলার কর্মসূচি** : ভারত সরকারের মহাকাশ বিভাগের পৃষ্ঠপোষকতায় এই প্রকল্প চলছে।

এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল দুর্যোগের সুষ্ঠু মোকাবিলায় প্রাক্ দুর্যোগ তথ্য সরবরাহের জন্য তথ্য ভাণ্ডার সৃষ্টি করা। এই কাজ করা হবে উপগ্রহ মারফত তথ্য সংগ্রহ করে রাজ্য কেন্দ্রীয় নেটওয়ার্ক, ত্রাণ বিভাগ, জেলা সদর দপ্তর এবং ভারত সরকারের মহাকাশ বিভাগের জাতীয় দূর সংবেদন সংস্থার সমন্বয়ে। এর সঙ্গে থাকবে বন্যা পরিস্থিতির উপর নজরদারি, দুর্যোগের ফলে ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ, প্রাক্ বন্যা সতর্কতামূলক ব্যবস্থা ও দুর্যোগ পীড়িত মানুষের কষ্ট লাঘবের জন্য কর্মসূচি।

২০০২ সালের আগস্ট মাসে এই প্রকল্পের কাজ শুরু হয়েছে।

উপরোক্ত প্রকল্পগুলি আগামী আর্থিক বছরেও চালু রাখার প্রস্তাব থাকছে।

ইন্টিগ্রেটেড রুরাল এনার্জি প্ল্যানিং কার্যক্রম

এই কার্যক্রমটি নির্দিষ্ট IREP ব্লকে চালু আছে। এই কার্যক্রমের অধীনে সৌরশক্তির সাহায্যে জলে তাপ সঞ্চারের ব্যবস্থা, সৌর বিদ্যুতায়নের সাহায্যে আলোক সঞ্চারের ব্যবস্থা, ধূমহীন চুল্লী স্থাপন ইত্যাদি করা হয়েছে বিভিন্ন IREP ব্লকে। এই বিভাগ ২০০৩-২০০৪ আর্থিক বছরে উক্ত প্রকল্পগুলির উপযুক্ত রক্ষণা-বেক্ষণ এবং নূতন প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে সচেষ্ট থাকবে।

পশ্চিমবঙ্গ রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি সংসদ

বিজ্ঞান ও প্রযুক্তি : বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন এবং স্বয়ংশাসিত সংস্থাটি সরকারের অন্যান্য বিভাগ এবং বিভিন্ন বিজ্ঞান সংস্থাগুলির যৌথ প্রচেষ্টায় বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচি রূপায়ণের ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। সংস্থাটির ২০০২-২০০৩ সালে করা গুরুত্বপূর্ণ কাজগুলির উল্লেখযোগ্য অংশগুলি এবং ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত কর্মসূচি নিচে দেওয়া হল।

১। **পরিবেশ পরিকল্পনা কার্যাবলী :** কার্যক্রমটি বিশ্ব ব্যাংকের "এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট ক্যাপাসিটি বিল্ডিং (EMCB) প্রজেক্ট"—এর আওতায় ও তাহাদের অর্থানুকূল্যে কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের মাধ্যমে রূপায়িত হয়। এই সংসদের অন্যতম বিশেষ কার্যক্রম হিসাবে ১৯৯৫ সাল থেকে এই কার্যক্রমটি চলছে। এরূপ পরিবেশ সংক্রান্ত পরিকল্পনাগুলি রূপায়ণের উদ্দেশ্যে একটি পরিবেশ পরিকল্পনা কেন্দ্র গড়ে তোলা হয়েছে এই সংসদের অধীনে। প্রয়োজনীয় লোকবল ও পরিকাঠামোগত সহায়তাও দেওয়া হয়েছে। যেসব প্রকল্প রূপায়িত হয়েছে বা হচ্ছে সেগুলি হল—

(ক) **জোনিং অ্যাটলাস ফর সাইটিং অফ ইন্ডাস্ট্রিজ :** ইতিমধ্যে তিনটি জেলায় এই কাজ সম্পন্ন হয়েছে এবং আরও তিনটি জেলা এর আওতায় আনা হয়েছে এবং আরো আটটি জেলাকে অগ্রাধিকারের ভিত্তিতে মার্চ ২০০৩-এর মধ্যে এই প্রকল্পের আওতায় আনার জন্য চিহ্নিত করা হয়েছে।

(খ) **ইন্ডাস্ট্রিয়াল এস্টেট পরিকল্পনা :** জেলাওয়ারি মানচিত্র প্রকল্পের অনুসারী কার্য হিসাবে এই প্রকল্পটি চলছে। বাঁকুড়া জেলার বরজোড়ায় এই কার্য ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। বিভিন্ন জেলার আরও বেশ কিছু এলাকাকে এর আওতায় আনার প্রস্তাব করা হয়েছে।

(গ) **আঞ্চলিক পরিকল্পনা :** জলপাইগুড়ি জেলায় এই প্রকল্পে পরিবেশ ভাবনার সঙ্গে বাস্তব পরিকল্পনার সংহতি সাধনের চেষ্টা করা হয়েছে।

(ঘ) **পশ্চিমবঙ্গে দূষণযুক্ত শিল্পের মানচিত্রকরণ :** দূষণযুক্ত শিল্পের মানচিত্রকরণ এবং digital তথ্যভিত্তি তৈরির কথা ভাবা হচ্ছে যাতে ভবিষ্যতে দূষণযুক্ত শিল্প স্থাপনের ব্যাপারটি নিয়ন্ত্রণ করা যায়।

২। **রাজ্য সরকার ও অন্যান্যদের সহায়তায় পরিবেশ পরিকল্পনা কার্যাবলী :**

(ক) কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ দশম বার্ষিক পরিকল্পনা চলাকালীন এই ধরনের সহযোগিতার অঙ্গীকারবদ্ধ।

(খ) পশ্চিমবঙ্গে বাণিজ্য ও শিল্প বিভাগের পৃষ্ঠপোষকতায় নদীয়া জেলার পরিবেশ ও অন্যান্য পরিকাঠামোর নিরিখে শিল্পগুলিকে স্থাপন করার জন্য আঞ্চলিক মানচিত্র প্রস্তুতি।

৩। **মেধাসত্ত্ব সুরক্ষা সুযোগ :** কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ ও TIFAC-এর সহযোগিতায় প্রতিষ্ঠিত পেটেন্ট তথ্যকেন্দ্রটি মেধাসত্ত্ব রক্ষার সুচেতনা বৃদ্ধি এবং অধিকার রক্ষার উদ্দেশ্যে বিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের সাহায্যার্থে ১৯৯৭

সাল থেকে সক্রিয় আছে। রাজ্যস্তরে এই কাজের বিস্তার ও উন্নতিকল্পে কেন্দ্রীয় সরকার এই কেন্দ্রটির কর্মকাণ্ড বৃদ্ধির কথা ভাবছে। দশম পরিকল্পনাকালে ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অধীন TIFAC এবং রাজ্য সরকারের কাছ থেকে সাহায্য পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে।

৪। **জৈব প্রযুক্তি ও টিস্যু কালচার :** রাজ্য সরকার ও কেন্দ্রীয় জৈব প্রযুক্তি বিভাগের যৌথ অর্থানুকুল্যে সংসদ ইতিমধ্যেই টিস্যু কালচার, রোগ নির্ণয়, টিস্যু শক্তিকরণে উল্লেখযোগ্য সুযোগের ব্যবস্থা করেছে। এইসব সুযোগ-সুবিধাগুলি চলতি বছরগুলিতে সম্পূর্ণরূপে সদ্ব্যবহারের জন্য বিশেষ চেষ্টা করা হয়েছে। কেন্দ্রীয় জৈব প্রযুক্তি বিভাগ, রাজ্য সরকার এবং ব্যক্তি মালিকানার সহায়তায় এই কর্মকাণ্ডের বিস্তার লাভ করবে বলে আশা করা যায়।

৫। **বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োজন চিহ্নিতকরণ—মানচিত্রকরণ এবং ভৌগোলিক তথ্য প্রণালীভিত্তিক তথ্যায়ন :** এইরূপ একটি অনুসন্ধান এই সংসদ চালিয়েছিল। বিভিন্ন বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক প্রকল্প ও কর্মকাণ্ড সৃষ্টি, সূত্রায়ন এবং রূপায়ণের জন্য কিছু কিছু সুপারিশ প্রয়োগযোগ্য বলে বিবেচিত হয়েছে। এইরূপ অনুসন্ধানের ক্ষেত্রটিকে বাড়িয়ে রাজ্যের সমস্ত অঞ্চলকে এর আওতায় আনার কথা ভাবা হচ্ছে।

৬। **প্রযুক্তি সহায়তা উপশাখা :** শিল্প উদ্যোগগুলির বিশেষ করে ছোট ও মাঝারি শিল্পগুলির ক্ষেত্রে যেসব বিভিন্ন প্রযুক্তিগত সমস্যা দেখা দেয় সে ব্যাপারে সাহায্যকল্পে সংসদে এই উপশাখাটি গঠিত হয়েছে। বিভিন্ন প্রযুক্তি বিশারদ এবং বিশেষজ্ঞগণের সক্রিয় যোগাযোগের মাধ্যমে প্রয়োজনানুসারে সহায়তা দান করা হবে। বিগত আর্থিক বছরে বয়ন শিল্পে দূষণ হ্রাস এবং উদ্ভিজ্জ রঞ্জক সংক্রান্ত নানা কর্মসূচি এই শাখা গ্রহণ করেছে।

৭। **রাজ্য বিজ্ঞান মহা সম্মেলন :** ১৯৯৩-১৯৯৪ সালে জাতীয় বিজ্ঞান দিবস উদ্‌যাপনের অঙ্গ হিসাবে রাজ্যস্তরে এই কার্যক্রম নেওয়া হয়েছিল। আঞ্চলিক ভাষায় বিজ্ঞান ও প্রযুক্তি চর্চা ও ভাবনাকে উৎসাহ দানই এর উদ্দেশ্য। তদ্বধি রাজ্যে এটি একটি নিয়মিত কর্মসূচি হিসাবে গড়ে উঠেছে। বৈজ্ঞানিক ও প্রযুক্তিবিদ্‌গণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করছেন। এই বিজ্ঞান মহা সম্মেলনে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের পক্ষ থেকে মেঘনাদ পুরস্কার, সত্যেন্দ্র পুরস্কার, গোপাল চন্দ্র ভট্টাচার্য স্মৃতি পুরস্কারগুলি দেওয়া হয়। দশম রাজ্য বিজ্ঞান মহাসম্মেলন ২০০৩ সালের ২৮ ফেব্রুয়ারি থেকে ২ মার্চ পর্যন্ত বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

DEMAND No. 49

Major Heads : 2204—Sports and Youth Services and 2251—Secretariat—Social Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,23,65,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads : "2204—Sports and Youth Services and 2251—Secretariat—Social Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 7,74,55,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৯নং দাবির মুখ্যখাত—"২২০৪ ক্রীড়া ও যুবকল্যাণ"-এর অধীনে মোট ২২,১০,২০,০০০ (বাইশ কোটি দশ লক্ষ কুড়ি হাজার) টাকা মঞ্জুর করার প্রস্তাব রাখছি। এই দাবির মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ব্যয় ৭,৭৪,৫৫,০০০ (সাত কোটি চুয়াত্তর লক্ষ পঞ্চান্ন হাজার) টাকাও অন্তর্ভুক্ত।

এই বরাদ্দ নিম্নলিখিতভাবে করা হয়েছে :

১।	যুবকল্যাণ শাখা	:	১৭,৯৯,০৬,০০০ টাকা
২।	ক্রীড়া শাখা	:	৪,০৩,৭৭,০০০ টাকা
৩।	শারীর শিক্ষা	:	৭,৩৭,০০০ টাকা
	মোট	:	২২,১০,২০,০০০ টাকা

১। রাজ্যের যুব সম্প্রদায়ের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নয়নই যুবকল্যাণ বিভাগের মূল লক্ষ্য। বিশেষভাবে বলার, যুবকল্যাণ বিভাগ কম্পিউটার প্রশিক্ষণের মতো একটি বিশেষ ব্যবস্থার মাধ্যমে যুবসমাজের বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধির ব্যাপারে সচেষ্ট। এছাড়াও যুবক-যুবতীদের অধিকতর স্বনির্ভর করে তোলার লক্ষ্যে এই বিভাগ 'বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' নামে একটি স্বনিযুক্তি প্রকল্পও চালু করেছে।

৩। **বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প**

ছোট আকারের উৎপাদন, নির্মাণ, প্রক্রিয়াকরণ, বাণিজ্য, পরিষেবা অথবা কৃষি ছাড়া অন্যান্য যে কোনও ক্ষেত্রে এই রাজ্যের শহরাঞ্চলের যুবক-যুবতীদের স্বনিযুক্তির লক্ষ্যে 'বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' চালু করা হয়েছিল। ২০০২-০৩ সালে প্রায় ১৬,৪৩৫ লক্ষ টাকার প্রকল্প ব্যয় এবং ১০২৮ লক্ষ টাকার সরকারি অনুদান সমন্বিত মোট ৯,৪৩৫টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। জেলা যুব আধিকারিক ও পৌর যুব আধিকারিকদের

মাধ্যমে এই প্রকল্পের তদারকির বিষয়টি নিয়মিতভাবে সম্পাদিত হয়ে এসেছে। প্রকল্পের সুযোগ ও বিস্তারের উন্নতিবিধানের লক্ষ্যে অর্থ সংস্থানকারী ব্যাঙ্ক এবং বিভিন্ন বাণিজ্য-সভার সঙ্গে দফায় দফায় আলোচনা হয়েছে। প্রকল্পটিকে আরও সুনির্দিষ্ট এবং পরিমার্জিত করা হয়েছে। রাজ্য সরকার এখন থেকে ব্যক্তিগত উদ্যোগ (আত্মমর্যাদা)-এর ক্ষেত্রে প্রকল্প ব্যয়ের ২০ শতাংশ অর্থ (৫০,০০০ টাকার বেশি কখনই নয়) এবং দলগত উদ্যোগ (আত্মসম্মান) -এর ক্ষেত্রে সর্বোচ্চ ১.২৫ লক্ষ টাকা অনুদান বা ভরতুকি দেবে। টেলিফোন পরিষেবা বিষয়ক উদ্যোগের মতো নির্বাচিত কিছু ক্ষেত্রে এই প্রকল্পকে গ্রামীণ এলাকা পর্যন্ত প্রসারিত করা হয়েছে। কিন্তু এই প্রকল্পে গ্রামীণ এলাকার জন্য কোনও অনুদান বরাদ্দ করা হবে না। সম্ভাব্য উপভোক্তাদের দিশা দেখাতে গত ডিসেম্বর থেকে মৌলালিস্থিত রাজ্য যুব কেন্দ্রে একটি পরামর্শদান ও সহায়তা কেন্দ্র চালু হয়েছে।

৪। **যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র**

রাজ্যের বিভিন্ন জায়গায় মোট ৭৮টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে। আরও বেশ কিছু জায়গায় এই ধরনের প্রশিক্ষণ কেন্দ্র খোলার দাবি রয়েছে। সেই চাহিদা পূরণের লক্ষ্যে রাজ্যে আরও ১৫টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হবে। অসম সরকারের যুবকল্যাণ বিভাগের মন্ত্রীর অনুরোধক্রমে অসমের কিছু নির্দিষ্ট জায়গায় যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খোলার বিষয়টি বর্তমানে বিবেচনাধীন।

৫। **বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র**

আমার দপ্তরের সঙ্গে যৌথ উদ্যোগে ৩টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র চালু আছে। বর্তমান আর্থিক বছরে আরও ১৫টি কেন্দ্র চালু করা হবে। এছাড়াও আমার দপ্তর প্যাকেজিং-এর মতো দক্ষতা সম্পর্কিত বিষয়ে বৃত্তিমূলক প্রশিক্ষণের আয়োজন করে।

৬। **কোচিং সেন্টার**

কলকাতায় একটি 'আই এ এস' পাঠদান কেন্দ্র গত বছরে কোচিং পরিচালনা শুরু করেছে।

৭। **কেরিয়ার কাউন্সেলিং অ্যান্ড গাইডেন্স কেয়ার ২০০৩**

পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা পর্ষদের সহযোগিতায় কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে গত ১৭.৬.২০০৩ থেকে ২০.৬.২০০৩ পর্যন্ত 'কেরিয়ার কাউন্সেলিং অ্যান্ড গাইডেন্স কেয়ার ২০০৩' অনুষ্ঠিত হয়। কর্নাটক, ওড়িশা, মুম্বাই, উত্তরপ্রদেশ এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রতিষ্ঠান এই মেলায় অংশ নেয় এবং প্রায় ৩৫,০০০ ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকরা মোট ১১৯টি স্টল পরিদর্শন করেন। সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া তাঁদের স্টলে ১ কোটি টাকার শিক্ষা ঋণের তাৎক্ষণিক অনুমোদন দেন। এই মেলায় বিনামূল্যে প্রবণতা পরীক্ষা, বিনামূল্যে চক্ষু পরীক্ষা এবং সারাদিন ধরে আলোচনাচক্রের আয়োজনও ছিল।

৮। ক্রীড়া সরঞ্জাম সরবরাহ ও মাল্টিজিম

বিভিন্ন ক্লাব ও স্কুল-কলেজের ছেলেমেয়েদের মধ্যে মোট ৫৮ লক্ষ টাকার ক্রীড়া সরঞ্জাম কেনার পর বিতরণ করা হয়েছে। বর্তমান বছরে রাজ্যের বিভিন্ন জায়গায় ৮-স্টেশন/ ১১-স্টেশনের কিছু সংখ্যক মাল্টিজিম স্থাপিত হবে। মাল্টিজিমগুলি কেনার প্রক্রিয়া চলছে।

৯। প্রাক্তন অলিম্পিক খেলোয়াড়দের পেনশন

২০০১-এর এপ্রিল থেকে এই অভিনব প্রকল্পটি চালু হয়েছে এবং রাজ্যের ১৬ জন প্রাক্তন অলিম্পিক খেলোয়াড় যাতে মাসিক ২০০০ টাকা হারে আজীবন পেনশন পান, তার ব্যবস্থা করা হয়েছে।

১০। যুব উৎসব এবং বাংলা কবিতা উৎসব প্রভৃতি

ব্লক/জেলা এবং রাজ্যস্তরে পশ্চিমবঙ্গ গ্রামীণ যুব উৎসব, ২০০২ আয়োজিত হয়েছে।

২০০২-এর ডিসেম্বর এবং ২০০৩-এর ফেব্রুয়ারি মাসে যথাক্রমে কলকাতা এবং বীরভূমের শান্তিনিকেতনে বাংলা কবিতা উৎসব আয়োজিত হয়েছে।

২০০৩ সালের এপ্রিল মাসে বাংলা সংগীত মেলাও আয়োজিত হয়েছে।

১১। যুবমানস

অপ্রতুল ব্যবস্থাপনার জন্য ২০০২ সালের এপ্রিল মাস থেকে যুবমানস মাসিক পত্রিকা প্রকাশনা বন্ধ রাখতে এই দপ্তর বাধ্য হয়েছিল। কোনও বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ উদ্যোগে এই পত্রিকা প্রকাশের বিষয়টি বিবেচনা করা হচ্ছে। আশা করা যায়, অনতিবিলম্বে এই পত্রিকা আবার স্টলে পাওয়া যাবে।

১২। পর্বতারোহণ এবং রোমাঞ্চ ক্রীড়া

২০০২ সালের অক্টোবরে পূর্বাঞ্চলীয় পর্বতারোহণ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। ২০০২-এর ফেব্রুয়ারিতে চণ্ডীগড়ে আয়োজিত জাতীয় রোমাঞ্চ ক্রীড়া প্রতিযোগিতাতেও অংশগ্রহণের জন্য দল পাঠানো হয়েছিল। কলকাতা ময়দানে প্যারা-সেলিং-এর আয়োজন করা হয়েছিল। রাজস্থানের জয়সলমীরে মরু অভিযানের ব্যবস্থা করা হয়েছিল। নরকান্ডা ও মানালিতে ছাত্র ও যুবকদের জন্য স্কীইং প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছিল। নেহরু ইনস্টিটিউট অব মাউন্টেনিয়ারিং ও হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট পরিচালিত পর্বতারোহণের বেসিক ও অ্যাডভান্স পাঠক্রমের জন্য কৃষি প্রদান করা হয়েছে।

১৩। পর্বতারোহণ সংস্থাকে অনুদান

গত আর্থিক বছরে অভিযান সংগঠিত করেছে, এমন ২৩টি পর্বতারোহী ক্লাবকে আর্থিক অনুদান বরাদ্দ করা হয়েছে।

১৪। বেসরকারি প্রতিষ্ঠানকে অনুদান

রাজ্যের যুবকদের মধ্যে রোমাঞ্চ ক্রীড়া ও পর্বতারোহণ বিষয়ে উৎসাহদানের উদ্দেশ্যে হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউটকে উল্লেখযোগ্য আর্থিক সহযোগিতা করা হয়েছে। ২০০২-০৩ আর্থিক বছরে দার্জিলিং-এর এই প্রতিষ্ঠানকে মোট এক কোটি ছাব্বিশ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কলকাতার 'সী এক্সপ্লোরার্স ইনস্টিটিউট'কে দেওয়া হয়েছে দু লক্ষ পঁচিশ হাজার টাকা। এছাড়া অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠান, যেমন—ভারত স্কাউটস্ অ্যান্ড গাইডস্, বেঙ্গল ব্রতচারী সোসাইটি, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ, পশ্চিমবঙ্গ ওয়েলফেয়ার অর্গানাইজেশন ফর দি ডেফ, রাইটারস্' বিল্ডিংস ক্লাব প্রভৃতিকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। গত বছরে এই সমস্ত প্রতিষ্ঠানকে সর্বমোট চৌদ্দ লক্ষ দশ হাজার টাকা দেওয়া হয়েছে।

১৫। খেলার মাঠের উন্নয়ন

খেলার মাঠের উন্নতিকল্পে আমার দপ্তর থেকে আর্থিক অনুদান দেওয়া হয়েছে। মিনি ইন্ডোর গেমস কমপ্লেক্স নির্মাণের জন্যও অর্থ বরাদ্দ করা হয়েছে।

১৬। বহুমুখী জেলা যুব কেন্দ্র নির্মাণ

বর্তমান আর্থিক বছরে মেদিনীপুরে একটি বহুমুখী জেলা যুব কেন্দ্রের নির্মাণকাজ শুরু হবে।

১৭। তেনজিং নোরগে পুরস্কার

এভারেস্ট অভিযানের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অঙ্গ হিসাবে এই বিভাগের অধীন ওয়েস্ট বেঙ্গল মাউন্টেনিয়ারিং অ্যান্ড অ্যাডভেঞ্চার কাউন্ডেশন পর্বতাভিযানের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ তেনজিং নোরগে পুরস্কারটি পরিবর্তিত অবস্থায় পুনরায় প্রবর্তন করেছে। বর্তমান বছরে পুরস্কার প্রপকের সংখ্যা পাঁচজনে উন্নীত করা হয়েছে এবং মাথাপিছু পুরস্কার মূল্য বৃদ্ধি করে দশ হাজার টাকা করা হয়েছে। নিম্নলিখিত ৫ (পাঁচ) জন পর্বতারোহীকে এ বছর এই পুরস্কারে সম্মানিত করা হয়েছে—

১। শ্রীকুশাং দোরজি
২। শ্রীপ্রাণেশ চক্রবর্তী
৩। কুমারী কুঙ্গা ভুটিয়া
৪। শ্রীসাঙ্গে শেরপা
৫। শ্রীমানিক ব্যানার্জি

এই উপলক্ষে একটি ক্যুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছিল।

অংশ—খ

ক্রীড়া দপ্তরের কর্মকাণ্ড সম্বন্ধে বিশেষ অনুসন্ধানের আগে গত আর্থিক বছরের (২০০২-২০০৩) সাপেক্ষে বর্তমান বছরে (২০০৩-২০০৪) এই দপ্তরের অর্থ বরাদ্দের একটি

পরিচিতি দেওয়া যাক। অত্যন্ত দুঃখের বিষয় হল যে ২০০৩-২০০৪ রাজ্য পরিকল্পনা খাতে ক্রীড়া দপ্তরের বাজেট বরাদ্দ প্রায় শতকরা ৭২ ভাগ কমিয়ে নামমাত্র ২৪১.২৯ লক্ষ টাকা করা হয়েছে যেখানে গত বছরের আর্থিক বরাদ্দ ছিল ৯৮৮.৬৭ লক্ষ টাকা যেটা আবার পরবর্তীকালে সংশোধিত প্রাক্‌কলন বাজেটে (২০০২-২০০৩) ৩০ শতাংশেরও বেশি কমিয়ে দেওয়া হয়েছিল। এমতাবস্থায় এরূপ নামমাত্র বাজেট বরাদ্দ নিয়ে ক্রীড়া পরিকল্পনা রচনা করা এই দপ্তরের পক্ষে প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে।

পূর্বে উল্লিখিত আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও ক্রীড়া দপ্তরের কর্মকাণ্ড স্বভাবতই যুবক-যুবতীদের মধ্যে ক্রীড়া সচেতনতা বৃদ্ধি করা এবং নামমাত্র হলেও এই রাজ্যে খেলাধুলোর সুযোগ এবং ক্রীড়া পরিকাঠামো সৃষ্টি করার উপর কেন্দ্রীভূত ছিল।

এই উদ্দেশ্যে, ক্রীড়া দপ্তর বিভিন্ন সংস্থাকে জিম্‌নাসিয়াম হল নির্মাণ, খেলার মাঠের উন্নয়ন প্রভৃতির জন্য আর্থিক অনুদান দিয়েছিল। এইসব অনুদান গ্রহণকারীদের মধ্যে উল্লেখযোগ্য হল—নবদ্বীপ বালিকা বিদ্যালয়, বহুবাজার ইয়ং জিমনাস্টিক্ ক্লাব, ঘটকপুর অভিযাত্রী সংঘ, বাইনাম বামনদাস হাইস্কুল প্রভৃতি। যে সমস্ত সংস্থাগুলি সংশ্লিষ্ট ক্রীড়াক্ষেত্রে রাজ্য ও জাতীয় স্তরে বিভিন্ন প্রতিযোগিতা সংঘটিত করার জন্য অনুদান পেয়েছিল তাদের মধ্যে উল্লেখযোগ্য হল—বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল ভলিবল অ্যাসোসিয়েশন, বেঙ্গল হকি অ্যাসোসিয়েশন, কলকাতা নেটবল অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল অ্যাসোসিয়েশন অফ দ্য ডিফ্, সি এক্সপ্লোরার্স ইনস্টিটিউট, দার্জিলিং জেলা খো-খো অ্যাসোসিয়েশন, বর্ধমান ডিস্ট্রিক্ট টেবিল টেনিস অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল সেপক ট্যাক্‌রো অ্যাসোসিয়েশন, সাউথ কলকাতা বডি বিল্ডিং অ্যাসোসিয়েশন ইত্যাদি। এছাড়া একযোগে শিলিগুড়ি, মালদা, বনগাঁ এবং কলকাতায় ১০ম জাতীয় মহিলা ফুটবল টুর্নামেন্টের জন্য ১০ লক্ষ টাকা, কোচবিহারে অল এয়ারলাসন্স গোল্ড কাপ টুর্নামেন্টের জন্য ২ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছিল। ক্রীড়া দপ্তর হায়দ্রাবাদে ন্যাশনাল গেমসের জন্য বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশনকে সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা এবং কলকাতা হর্স শো ও কলকাতা পোলো সিজনের জন্য পাঁচ লক্ষ টাকা অনুদান দিয়েছিল। ক্রীড়া দপ্তর 'ন্যাশনাল গেমসে' পদক বিজেতাদের জন্য নগদ পুরস্কারের প্রকল্প চালু করেছিল। এই উদ্দেশ্যে ন্যাশানাল গেমসে পশ্চিমবঙ্গকে প্রতিনিধিত্ব করার জন্য প্রত্যেক স্বর্ণপদক বিজেতাকে ২৫,০০০ টাকা করে, রৌপ্য পদক বিজেতাকে ১৫,০০০ টাকা করে এবং ব্রোঞ্জ পদক বিজেতাকে ১০,০০০ টাকা করে মোট ৭.৯৫ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছিল। এই বিভাগ কমনওয়েলথ গেমস ২০০২-এর বক্‌সিং-এ স্বর্ণপদক বিজয়ী আলি কামারকে, এশিয়ান গেমস্ ২০০২-এ অ্যাথলেটিক্সে নৈপুণ্য প্রদর্শনের জন্য শ্রীমতী সোমা বিশ্বাস ও শ্রীমতী সরস্বতী সাহাকে এবং দাবায় ''গ্র্যান্ডমাস্টার'' উপাধি অর্জনের জন্য সূর্যশেখর গাঙ্গুলিকে সংবর্ধিত করেছিল। মহম্মদ আলি কামারকে ২ লক্ষ টাকা, শ্রীমতী সোমা বিশ্বাস, শ্রীমতী সরস্বতী সাহা ও শ্রীসূর্যশেখর গাঙ্গুলি প্রত্যেককে ১ লক্ষ টাকা করে অনুদানও দেওয়া হয়েছিল। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন দীর্ঘ দূরত্ব অতিক্রমকারী সাঁতারু মহম্মদ মাসাদুর রহমান বৈদ্যকে কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ ক্রয়ের জন্য পাঁচ লক্ষ ষোলো হাজার সাতশত টাকা অনুদান দেওয়া হয়েছিল।

কলকাতা ময়দানের তিনটি ঘেরা মাঠ যথা—ইস্টবেঙ্গল-এরিয়ান, মোহনবাগান-সি এফ সি, মহামেডান-হাওড়া ইউনিয়ন প্রভৃতির দর্শক গ্যালারি পুনর্গঠনের কাজে ৫৫.০০ লক্ষ টাকা প্রাথমিকভাবে দেওয়া হয়েছিল। পরবর্তীকালে উক্ত তিনটি মাঠের কাঠের গ্যালারির পরিবর্তে স্টিলের কাঠামো ও আর সি স্লাব বসানোর কাজ সম্পূর্ণ করার জন্য গত আর্থিক বছরে মোট ২,৩৪,৩২,৪৫৫ টাকা দেওয়া হয়।

ইন্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন এবং অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন কর্তৃক জাতীয় ও আন্তর্জাতিক স্তরে বিভিন্ন খেলাধুলা সংঘটিত করার জন্য যুবভারতী ক্রীড়াঙ্গনকে উপযোগী করে তুলতে এবং এর রক্ষণাবেক্ষণের উপর সুবিবেচ্য গুরুত্ব আরোপ করা হয়েছিল। কেন্দ্রীয়ভাবে শীততাপনিয়ন্ত্রিত ক্রীড়াঙ্গন নেতাজী ইন্ডোর স্টেডিয়ামটি জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার জন্য পূর্ণমাত্রায় ব্যবহৃত হয়েছে।

ডিসেম্বর ১৯৯৯-তে চালু হওয়া যুবভারতী ক্রীড়াঙ্গনে ''জিম-কাম-ফিট্ সেন্টার''টি কৃতিত্বের সঙ্গে চলে আসছে। সুপার ডিভিশন লিগ এবং ন্যাশনাল লিগ ফুটবল চ্যাম্পিয়নশিপের জন্য রবীন্দ্র সরোবর স্টেডিয়ামটিকেও যথাসাধ্য রক্ষণাবেক্ষণ করা হয়েছিল।

প্রতিভাবান সাঁতারুদের সাঁতার প্রশিক্ষণের জন্য, আগ্রহী সাঁতারুদের ''পে অ্যান্ড সুইম'' প্রকল্পে সাঁতারের জন্য এবং বিভিন্ন চ্যাম্পিয়ানশিপের উদ্দেশ্যে বেলেঘাটার সুভাষ সরোবর সুইমিং পুলটি যথারীতি ব্যবহৃত হচ্ছে।

অতীত দিনের দুঃস্থ খেলোয়াড়দের এবং তাঁদের অবর্তমানে তাঁদের নিকট আত্মীয়দের মাসিক ৬০০ টাকা করে আর্থিক অনুদান দেওয়া প্রকল্পটি চালু রাখার ব্যাপারেও ক্রীড়া দপ্তর বিশেষ গুরুত্ব আরোপ করেছিল।

পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ

পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া বিভাগের কার্যকরী এবং পরামর্শদানকারী সংস্থা হিসাবে কাজ করে ; অর্থাৎ ক্রীড়া পর্ষদকে কেন্দ্র করেই ক্রীড়া উন্নয়নমূলক কাজকর্মগুলি আবর্তিত হচ্ছে। এই পর্ষদ শুধুমাত্র ক্রীড়া প্রকল্প রচনা করা ছাড়াও সেগুলি জেলা ক্রীড়া পর্ষদ এবং রাজ্য ও জেলা ক্রীড়া সংস্থাগুলির মাধ্যমে বাস্তবায়িত করে। বর্তমানে ক্রীড়া পর্ষদ নিয়মিতভাবে বিভিন্ন জেলায় এন আই এস প্রশিক্ষকের তত্ত্বাবধানে ফুটবল, ভলিবল, খো-খো, কাবাডি, বাস্কেটবল, সুইমিং প্রভৃতি বিষয়ের উপর বেশ কিছু সংখ্যক প্রশিক্ষণ কেন্দ্র এবং কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে টেবিল টেনিস, ব্যাডমিন্টন, বাস্কেটবল ও জিমনাসটিক্সের উপর সারা বছর প্রশিক্ষণ চালিয়ে যাচ্ছে।

কিংবদন্তি ফুটবল খেলোয়াড় গোষ্ঠ পালের জন্মদিনটি গত ২০.৮.২০০২ তারিখে কলকাতা ময়দানে তাঁর প্রতিকৃতির চারপাশে সমবেত বিশিষ্ট ক্রীড়ামোদীদের পুষ্পার্ঘ্য প্রদানের মধ্য দিয়ে পালিত হয়েছিল।

'সাই' পরিচালিত ''ন্যাশনাল স্পোর্টস্ ফেস্টিভ্যাল ফর উইমেন'' নামক ক্রীড়া উৎসবে পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদের মহিলা দলটি অংশ নিয়েছিল। সামগ্রিক প্রতিযোগিতায় এই

মহিলা দলটি আশানুরূপ ফল লাভ করেছে। ক্রীড়া পর্ষদ নিয়মিতভাবে ''বাংলার খেলা'' নামে মাসিক পত্রিকাটি প্রকাশ করে, যার মধ্য দিয়ে গ্রামবাংলার খেলাধুলা প্রচারিত হয়।

'দীর্ঘমেয়াদি অনাবাসী প্রশিক্ষণ' নামক গুরুত্বপূর্ণ প্রকল্পটি রাজ্য ক্রীড়া পর্ষদ ১৯৮৯ সাল থেকে বেশ কৃতিত্বের সঙ্গে চালিয়ে আসছে। এই প্রকল্পটি রাজ্যের ৩৩টি বিদ্যালয়ে চালু আছে যেখানে শিক্ষার্থীদের বয়ঃসীমা ১০ বছর থেকে ১৪ বছরের মধ্যে। এর মধ্যে ২৪টি বিদ্যালয়ে ফুটবল, ৫টি বিদ্যালয়ে ভলিবল এবং ৪টি বিদ্যালয়ে সন্তরণ প্রশিক্ষণ দেওয়া হয়। উঠতি ও প্রতিজ্ঞাশীল প্রতিভাদের ক্ষেত্রে এই প্রকল্পটি যে প্রতিপালক ও প্রভাবকরূপে কাজ করে সেকথা বলাই বাহুল্য।

আমার দপ্তর সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মাননীয় সদস্যদের কাছে পূর্ণ সমর্থন ও সহযোগিতা করার জন্য অনুরোধ রাখছি। এই দপ্তরের কাজকর্মের উন্নতিসাধনের জন্য আপনাদের মূল্যবান পরামর্শ সাদরে গৃহীত হবে।

মহাশয়, এই কথা বলে আমি আমার বিভাগের ২০০৩-২০০৪ সালের ব্যয়-বরাদ্দের দাবি সভায় অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 50

Major Heads : 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,99,89,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 5,66,63,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

অভিযাচন-৫০-এর অধীনে ২০০৩-২০০৪ আর্থিক বছরে সুন্দরবন এলাকার উন্নয়নের জন্য পরিকল্পনা খাতে ১৬ কোটি ৯৯ লক্ষ ৮৯ হাজার টাকা ব্যয় বরাদ্দ অনুমোদনের যে প্রস্তাব রাখা হয়েছে তার সমর্থনে আমি আমার বক্তব্য পেশ করছি।

এই প্রস্তাবের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টস খাতে ৫ কোটি ৬৬ লক্ষ ৬৩ হাজার টাকা অন্তর্ভুক্ত আছে।

ইতিপূর্বে বাজেট বক্তৃতাতে সুন্দরবন এলাকার বিশেষ সমস্যা ও সেখানকার জনসাধারণের কঠিন জীবন সংগ্রামের প্রতি আমি সকলের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। সুন্দরবনে বসতি স্থাপনের প্রথম থেকেই সেখানকার অধিবাসীদের একটি বৃহৎ অংশ দারিদ্র্যপীড়িত জীবন যাপন করে আসছে। বিভিন্ন কারণে এই অঞ্চলটি পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া জনপদগুলির একটি। অধিবাসীদের জীবিকা অর্জনের প্রধান উপায় কৃষি। এই এলাকার মোট জনসংখ্যার ৯০ শতাংশই কৃষিজীবী। কিন্তু সেচের সুবিধা প্রয়োজনের তুলনায় নগণ্য হওয়ায় এই এলাকা মূলত এক ফসলী। ফলে কৃষি থেকে আয়ের পরিমাণ স্বল্প। সুন্দরবনের সব নদী জোয়ার ভাঁটার নদী। জোয়ারের সময় প্রচুর পলি নদীপথ বেয়ে অভ্যন্তরে আসে। কিন্তু অকালে বাঁধ থেকে আবাদ করায় সেই নদীবাহিত পলি দুই তীরে উপচে পড়ে স্বাভাবিকভাবে ভূভাগ তৈরি করার উপায় থাকেনি। ফলে নদীগর্ভে পলি জমে সৃষ্টি হয়েছে সুন্দরবনের জীবনমরণ সমস্যা যথা—বন্যার পুনরাবৃত্তি ও নোনা জলের প্লাবন এবং জলনিকাশীর অসুবিধা।

৩৫০০ কিমি নদীবাঁধ মাটির তৈরি, দুর্বল ও নীচু। বন্যার বেগ অনেক সময়েই এই বাঁধ রোধ করতে পারে না। শুধু বাঁধগুলি মেরামতি করতেই প্রতি বছর বিপুল অর্থের প্রয়োজন হয়। ক্রমাগত বাঁধ ভাঙার ফলে বহু কোটি টাকার ফসল নষ্ট হয় ও গৃহপালিত প্রাণীর জীবনহানি ঘটে থাকে। এই ঐতিহাসিক পটভূমি সুন্দরবনের সমস্যাগুলির বিশ্লেষণে এবং বুঝতে সাহায্য করবে যে সুন্দরবনের উন্নয়নের জন্য বিশেষ অগ্রাধিকার কেন যুক্তিসঙ্গত ও জরুরি।

ভৌগোলিক কারণে নদীবেষ্টিত দ্বীপগুলির খুব কম অংশেই ইতিমধ্যে বিদ্যুৎ পৌঁছেছে। বিদ্যুতের অভাবে ক্ষুদ্র ও কুটির শিল্পসহ কোনপ্রকার শিল্পের প্রসার এখনো ঘটেনি। পরিবহনের অসুবিধা থাকায় সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলগুলি এখনও কলকাতার মতো বৃহৎ বাজারের সুযোগ নিতে পারেনি। বর্তমান সরকার সুন্দরবনের উন্নতির সম্ভাবনাকে বাস্তবে রূপায়িত করার জন্য পরিবেশ সংরক্ষণ অনুকূল বিভিন্ন পরিকল্পনা রূপায়ণে সচেষ্ট। এই কাজে সবসময় বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে সমাজের নিম্ন ও পিছিয়ে পড়া মানুষের সর্বাঙ্গীণ উন্নতির দিকে। সরকারের অনেক বিভাগই এই এলাকায় কাজ করে। এই দপ্তর বিশেষভাবে নিম্নলিখিত বিষয়ের প্রতি নজর দেয়।

১। সেচ ব্যবস্থার পরিকাঠামো তৈরি করা।
২। শস্য পর্যায়ের পরিবর্তন।
৩। পরিবেশ সংরক্ষণ ও বনসৃজন।
৪। প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণে সচেতনতা সৃষ্টি।
৫। যোগাযোগ ও সামাজিক পরিকাঠামো উন্নয়ন।
৬। পরিবেশ বান্ধব পর্যটন পরিকাঠামো উন্নয়ন।
৭। বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা ইত্যাদি।

(ক) পরিকাঠামো উন্নয়ন :

বিগত বছরগুলিতে বিভিন্ন উন্নয়নমুখী কর্মসূচি অনুসরণের ফলে অনেক সুফল পাওয়া গিয়েছে। কিন্তু সমস্যা এত বিশাল যে আরও অনেক বছর এই এলাকার উন্নয়নের জন্য বিশেষভাবে সচেষ্ট থাকতে হবে। এই অঞ্চলের সফল সম্ভাবনাকে বাস্তবায়িত করে তোলার লক্ষ্যে এশিয়ান উন্নয়ন ব্যাঙ্কের সহায়তালাভের চেষ্টা চলছে।

এই দপ্তরের বাজেট বরাদ্দের সিংহভাগই পরিকাঠামোগত কর্মসূচি রূপায়ণে ব্যয়িত হয়।

(খ) কৃষি সম্প্রসারণ-কর্মসূচি :

সুন্দরবন বিষয়ক দপ্তরের কৃষি সম্প্রসারণ কর্মসূচির সফল রূপায়ণের ফলে একফসলি সুন্দরবন এলাকা এখন দো-ফসলিতে রূপান্তরিত হচ্ছে। সুন্দরবন এলাকার খরিফ ও রবি মরশুমে কৃষিতে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পর্ষদের পক্ষ থেকে উচ্চফলনশীল ও শংকরজাতের বীজ বিতরণ করা হয়ে থাকে। খরিফ মরশুমে ২৮,৩৯৩ জন ক্ষুদ্র ও প্রান্তিক, বর্গাদার ও পাট্টাদার কৃষকের মধ্যে ১৭০.৩৫ মে. টন উচ্চফলনশীল ধানবীজ বিতরণ করা হয়েছে। এজন্য উপকার প্রাপকদের নিকট হইতে জনপ্রতি ১০ টাকা হিসাবে ২,৮৩,৯৩০=০০ টাকা সরকারের অনুকূলে সংগৃহীত হয়েছে। ছাত্রছাত্রীদের মধ্যে পরিবেশ সচেতনতা, গাছের প্রতি ভালোবাসা সৃষ্টি ও তার যত্ন সম্পর্কে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে সুন্দরবন এলাকার ৪৭৪টি মাধ্যমিক, নিম্নবুনিয়াদি, বুনিয়াদি, উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার পঞ্চম, নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের মধ্যে মাথাপিছু একটি করে ১,৭১,৫৪৮টি নারিকেল চারা বিতরণ করা হয়েছে। সুন্দরবনের একফসলি জমিকে সীমিত সেচের মাধ্যমে দো-ফসলিতে রূপান্তরিত করা, উৎপাদন বৃদ্ধি, গ্রামীণ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও কৃষক পরিবার সমূহের আয় বৃদ্ধির লক্ষে রবি মরশুমে গম, আলু, মুগ, খেসারি, সরিষা, সূর্যমুখী ইত্যাদির উচ্চফলনশীল বীজ ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের মধ্যে বিতরণ করা হয়েছে। চলতি রবি মরশুমে ২০,১৫০.৭ একর জমিকে এই কর্মসূচির আওতায় আনা হয়েছে। সুন্দরবনের উপযোগী শস্যপর্যায় প্রবর্তনের লক্ষ্যে পর্ষদ ডালজাতীয় শস্য যেমন মুগ, তৈলবীজ হিসাবে সূর্যমুখী চাষে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। সুন্দরবনের আমন ধানের পরবর্তী পতিত জমিতে কাপাস তুলা চাষে ২১০০ হেক্টর জমিকে বিশেষ তুলা চাষ প্রকল্পের আওতায় আনা হয়েছে। উৎপাদিত ফসল বিক্রয়ের জন্য সংশ্লিষ্ট সংস্থা যেমন কটন করপোরেশন অফ ইন্ডিয়া সম্মত হয়েছে।

(গ) সামাজিক বনসৃজন :

বর্তমান বছরে সামাজিক বনসৃজন কর্মসূচির মাধ্যমে এ পর্যন্ত ২৭.৯৪ হেক্টর সারিবদ্ধ বনসৃজন করা গিয়েছে।

(ঘ) মৎস্য প্রকল্প :

২০০১-২০০২ আর্থিক বছরে ঝড়খালির বিভাগীয় মৎস্য খামারে মাছ চাষ করে কমবেশি ২৫৬৮.০৫ কিগ্রা বিভিন্ন ধরনের নোনামাছ উৎপাদন করা গিয়েছে এবং সেই মাছ

বিক্রয় করে ৪,১১,০০০=০০ টাকার রাজস্ব পাওয়া গিয়েছে। ২০০২-২০০৩ আর্থিক বছরে ওই খামারে মাছ চাষ করা হয়েছে এবং মাছ উৎপাদনে লাভজনক প্রতিদান পাওয়া যাবে আশা করা যায়।

(ঙ) অন্যান্য কর্মসূচি :

সুন্দরবনের প্রত্যন্ত এলাকা যেখানে চিরাচরিত বিদ্যুৎ সংযোগের সম্ভাবনা কম, সেই সব এলাকার বিদ্যালয়ের ছাত্রাবাস/ছাত্রীনিবাস সমূহে সৌরবিদ্যুতের মাধ্যমে আলোর ব্যবস্থা করার যে কর্মসূচি হাতে নেওয়া হয়েছিল তার মাধ্যমে ২০০১-২০০২ সালে এই প্রকল্পে ২২টি বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী নিবাসে ১৪০টি আলোর সংযোগ দেওয়া সম্ভব হয়েছে, ২০০২-২০০৩ সালে এই প্রকল্পে ৫২টি বিদ্যালয়ে ১৬০টি আলোর সংযোগ দেওয়ার কাজ হাতে নেওয়া হয়েছে।

(চ) সচেতনতা কর্মসূচি :

সুন্দরবনের জীববৈচিত্র্য, পরিবেশ সংরক্ষণ প্রভৃতি বিষয়ে সুন্দরবনবাসী, বিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীদের সচেতন করার উদ্দেশ্যে সুন্দরবন উন্নয়ন পর্ষদ ২১শে আগস্ট, ২০০২ তারিখে সুন্দরবন দিবস উদ্‌যাপন করেছে, এ ব্যাপারে সমগ্র সুন্দরবন জুড়ে পদযাত্রা, আলোচনাসভা, প্রভৃতির আয়োজন করা হয়েছিল। আগামী ২১শে আগস্ট, ২০০৩ দ্বিতীয় সুন্দরবন দিবস উদ্‌যাপিত হবে। সুন্দরবনবাসীকে তার সামগ্রিক সমস্যা সম্পর্কে অবহিত করে সুন্দরবনকে ভালোবাসতে, সুন্দরবনকে রক্ষা করতে, সুন্দরবনকে যত্ন করতে, সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিগত বছরের ন্যায় এ বছরও ২৬শে ফেব্রুয়ারি থেকে ১লা মার্চ, ২০০৩ চার দিনের ব্যাপক কর্মসূচির মাধ্যমে বনবিবি উৎসব-২০০৩ কুলতলি থানার কৈখালিতে আয়োজন করা হয়েছিল। বনবিবি সুন্দরবনের সকল ধর্মমত ও সম্প্রদায়ের স্বীকৃত ও পূজিত দেবী এবং জীবন-জীবিকার সমন্বয় ও মৈত্রীর প্রতীক।

বনবিবি উৎসব সংগঠিত করার প্রধান উদ্দেশ্য ছিল—সকলে মিলে ভাবব, ভাবার স্বপ্ন দেখব এবং স্বপ্ন দেখাব। প্রতিদিন এই লক্ষ্যে সুন্দরবনের জ্বলন্ত সমস্যা সমূহকে বিষয়বস্তু করে সেমিনার আলোচনা ইত্যাদির ব্যবস্থা করা হয়েছিল। এই আহ্বানে সুন্দরবনের ১৯টি ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে অধিবাসীগণ ছাড়াও বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা, পঞ্চায়েত সদস্য/সদস্যা এই অসরকারি সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় অংশ নিয়ে তাঁদের মতামত দিয়েছেন। আগামী দিনে এই মতামতের ভিত্তিতে সুন্দরবনের উন্নয়নের রূপরেখা তৈরি করার চেষ্টা করা হবে।

২০০৩-২০০৪ আর্থিক বছরের কর্মসূচি :

সুন্দরবন বিষয়ক দপ্তরের প্রচেষ্টায় বিগত বছরগুলিতে সুন্দরবন এলাকার বিভিন্ন কর্মসূচি রূপায়িত করে সুফল পাওয়া গিয়েছে। কিন্তু প্রয়োজন এত ব্যাপক যে কর্মসূচিকে আরও সম্প্রসারিত করা দরকার, তাই আরও দীর্ঘকাল আন্তরিকতার সঙ্গে আমাদের কাজ করে যেতে হবে। কিন্তু এর জন্য আর্থিক বরাদ্দ বাড়ানো প্রয়োজন।

সুন্দরবন উন্নয়নের কাজে প্রধান লক্ষ্য গ্রামীণ জনসাধারণের অর্থনৈতিক বিকাশ, দারিদ্র্যক্লিষ্ট মানুষের কল্যাণে আমাদের সীমিত সঙ্গতির নিয়োগ। আমাদের মূলকথা জনসাধারণের আকাঙ্ক্ষাকে প্রকল্পের মাধ্যমে রূপায়িত করা ও তাঁদের সহযোগিতায় নির্বাচিত প্রকল্পগুলির সুষ্ঠু রূপায়ণ। সুন্দরবন এলাকার উন্নয়নে এ বছরও পরিকাঠামো বিষয়ক নতুন প্রকল্প হাতে নেওয়ার পাশাপাশি সামাজিক বনসৃজন, কৃষি সম্প্রসারণ কর্মসূচি ইত্যাদির উপর জোর দেওয়া হবে।

বিগত বছরগুলিতে যে সম্পদ সৃষ্টি করা হয়েছে তার রক্ষণাবেক্ষণের উপরও নজর দেওয়া হবে।

এশিয়ান উন্নয়ন ব্যাঙ্ক প্রকল্প :

আমি বিগত বাজেট বক্তৃতায় জানিয়েছিলাম যে "ভারতীয় সুন্দরবন সংরক্ষণ ও জীবিকার উন্নয়ন" নামক একটি প্রকল্পের কারিগরি সহায়তা (টিএ) প্রদান বিষয়ে এডিবি সম্মত হয়েছে। এর দ্বারা সুন্দরবনে সর্বাত্মক সমীক্ষা করে যথার্থ পরিকল্পনা প্রণয়নে একটি মাস্টার প্ল্যান (ICDP) তৈরি করা হবে বলেও জানিয়েছিলাম। ২০০২ সালের ১৬ সেপ্টেম্বর থেকে এই সমীক্ষার কাজ শুরু হয়েছে। আগামী ৭ই জুলাই, ২০০৩ এডিবি প্রকল্প সম্পর্কিত।

চূড়ান্ত প্রতিবেদন জমা দেবে। আশা করা হচ্ছে এই আর্থিক বছরের মধ্যে মূল প্রকল্পের কাজ শুরু হবে।

আশা করি, মাননীয় সদস্যগণ সুন্দরবনের জনগণের উন্নয়ন ও কল্যাণার্থে ২০০৩-২০০৪ বর্ষের প্রস্তাবিত ব্যয় বরাদ্দ অনুমোদন করবেন।

DEMAND No. 51

Major Heads : 2203—Technical Education, 2230—Labour and Employment, 2251—Secretariat—Social Services and 4250—Capital Outlay on Other Social Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 67,44,61,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2203—Technical Education, 2230—Labour and Employment, 2251—Secretariat—Social Services and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 22,48,20,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ৫১নং অভিযাচনের অন্তর্গত "২২০৩-কারিগরি শিক্ষা", "৪২০২-শিক্ষা, ক্রীড়া, কলা ও সংস্কৃতির ক্ষেত্রে মূলধনী ব্যায়", "২২৩০-শ্রম ও কর্মসংস্থান", "৪২৫০-অন্যান্য সামাজিক সেবার ক্ষেত্রে মূলধনী ব্যয়" এবং "২২৫১-সচিবালয়ের সামাজিক পরিষেবার ক্ষেত্রে ব্যয়"—এই সকল খাতে ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য মোট ৬৭,৪৪,৬১,০০০ টাকা ব্যয়-বরাদ্দ প্রস্তাব পেশ করছি।

অন্তর্বর্তীকালের ব্যয়ের জন্য প্রস্তাবিত ২২,৪৮,২০,০০০ টাকা উপরোক্ত প্রস্তাবের অন্তর্গত।

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ ডিপ্লোমা স্তরে পলিটেকনিক, কারুশিল্প প্রশিক্ষণ স্তরে শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়, জুনিয়র টেকনিক্যাল স্কুল এবং জুনিয়র সরকারি পলিটেকনিকের মাধ্যমে কারিগরি শিক্ষা বিকাশের ব্যবস্থা করে থাকে। প্রথা-বহির্ভূত প্রশিক্ষণের সাহায্যে কমিউনিটি পলিটেকনিক এবং স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে রাজ্যের ছাত্র ও যুব সম্প্রদায়ের স্বনির্ভরতার সুযোগ সৃষ্টির প্রয়াসে উৎসাহ প্রদান করা হচ্ছে। শিল্প সংস্থাসমূহের শ্রমিকদের কারিগরি শিক্ষা উন্নয়নের জন্য বিভিন্ন পলিটেকনিকসমূহে আংশিক সময়ের সান্ধ্য ডিপ্লোমা পাঠক্রমের সুযোগ করে দেওয়া হয়েছে।

"২০০২-২০০৩ সালে রূপায়িত গুরুত্বপূর্ণ কর্মসূচি এবং ২০০৩-২০০৪ সালের জন্য ভবিষ্যৎ কর্মসূচি"

পলিটেকনিক শিক্ষা :

বিগত বছরসমূহে পলিটেকনিক শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য বিকাশে কারিগরি শিক্ষার এক বিশাল ব্যাপ্তি ঘটেছে। রাজ্যের বিভিন্ন জেলায় ৬,৫০০ আসন সংখ্যা সম্পন্ন (৩৭টি সরকারি, ২টি সরকার পোষিত এবং ৩টি বেসরকারি) সাকুল্যে ৪২টি পলিটেকনিকের মাধ্যমে এই বিভাগ ডিপ্লোমা স্তরে প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। স্ব-নিযুক্তি, নিয়োগ এবং কর্মসংস্থানের উদ্দেশ্যে ভবিষ্যৎ সম্ভাবনাযুক্ত ২৪টি নতুন শিক্ষাক্রম চালু করা হয়েছে।

নতুন ৪ (চার)টি সরকারি পলিটেকনিকে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রবর্তিত নিম্নলিখিত পাঠক্রমসমূহ সন্তোষজনকভাবে চলছে :

পলিটেকনিকের নাম	ডিপ্লোমা শিক্ষাক্রম
১. সেখপাড়া আব্দুর রহমান মেমোরিয়াল পলিটেকনিক, রানিনগর, মুর্শিদাবাদ	ক. ফুড প্রসেসিং টেকনোলজি খ. কম্পিউটার ও সফট্ওয়ার টেকনোলজি গ. মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি
২. কালনা পলিটেকনিক, কালনা, বর্ধমান	ইলেকট্রনিক এবং টেলি-কমিউনিকেশন ইঞ্জিনীয়ারিং

পলিটেকনিকের নাম	ডিপ্লোমা শিক্ষাক্রম
৩. সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং সেন্টার (সরকারি পলিটেকনিক)	লেদার টেকনোলজি
৪. ফালাকাটা পলিটেকনিক, জলপাইগুড়ি	ইলেকট্রনিক ও টেলি-কমিউনিকেশন ইঞ্জিনীয়ারিং এবং ফুড প্রসেসিং টেকনোলজি

উল্লেখিত পলিটেকনিকসমূহের ভবন নির্মাণ এবং শিক্ষাক্রম চালুর জন্য অর্থের সংস্থান করা হয়েছে। অনুমোদিত পদসমূহে শিক্ষক ও অশিক্ষক কর্মচারি নিয়োজিত হলেও সন্তোষজনকভাবে পঠনপাঠনের উদ্দেশ্যে আরো কিছু পদ সৃষ্টির প্রয়োজন।

আর্থিক সংকটের কথা বিবেচনা করে আরো নতুন সরকারি পলিটেকনিক স্থাপনের পরিকল্পনা আপাতত স্থগিত রাখা হয়েছে।

বর্তমান পলিটেকনিকগুলির উন্নয়ন :

বিশ্ব ব্যাঙ্কের সহায়তা প্রকল্পে চালু পলিটেকনিকসমূহের সংস্কার ও উন্নয়ন করা হয়েছে। নতুন কিছু পলিটেকনিকও স্থাপন করা হয়েছে।

২০০০ সালের ফেব্রুয়ারি মাসে বিশ্ব ব্যাঙ্ক সহায়তা প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পরে ছাত্রসমাজের সুবিধার্থে উল্লিখিত প্রকল্পে প্রাপ্ত মূল্যবান ও সুচারু যন্ত্রাদি এবং নবনির্মিত ভবনসমূহের রক্ষণাবেক্ষণের জন্যে রাজ্যের পরিকল্পনাখাতে বর্তমান বর্ষে অর্থের সংস্থান করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরে পলিটেকনিকসমূহের প্রশাসনিক ও সার্বিক উন্নয়নের লক্ষ্যে ৪ (চার) কোটি টাকা ব্যয়িত হয়েছে। 'এ.আই.সি.টি.ই.'-র নির্দেশিকা অনুসারে গঠিত রাজ্য স্তরের কমিটি কিছু সরকারি পলিটেকনিকের ডিপ্লোমা স্তরের শিক্ষাক্রমে আসন সংখ্যা বৃদ্ধি ও নতুন শিক্ষাক্রম চালুর জন্যে 'এ.আই.সি.টি.ই.'-এর অনুমোদনের সুপারিশ করেছেন।

শিল্প শ্রমিকদের জন্য ৫টি বিভিন্ন ইঞ্জিনীয়ারিং বিভাগে সরকারি পলিটেকনিকগুলিতে সান্ধ্য ডিপ্লোমা এবং ডিপ্লোমা-উত্তর পাঠক্রম চালু রয়েছে। বর্তমান আর্থিক সংকটের পরিপ্রেক্ষিতে সান্ধ্য শিক্ষাক্রমগুলিকে স্বনির্ভর করার জন্য টিউশন ফি, অ্যাডমিশন ফি এবং ল্যাবরেটরি ফি-এর সংশোধন করা হয়েছে।

২০০২-২০০৩ শিক্ষাবর্ষ থেকে ডিপ্লোমা স্তরের শিক্ষাক্রমগুলিতে পরীক্ষায় 'সেমিস্টার' প্রথা চালু করা হয়েছে।

ডিপ্লোমা স্তরে সফল শিক্ষার্থীদের কেন্দ্রীয়ভাবে নির্বাচনী পরীক্ষার মাধ্যমে ইঞ্জিনীয়ারিং/টেকনোলজি বিভাগের স্নাতক স্তরের দ্বিতীয় বর্ষে সরাসরি ভর্তির ব্যবস্থা করা হয়েছে। এতে ডিপ্লোমাপ্রাপ্ত ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা প্রাপ্তির এক বিরাট সুযোগ সৃষ্টি হয়েছে।

জুনিয়র টেকনিক্যাল স্কুল :

রাজ্যে ২০টি সরকার পোষিত জুনিয়র টেকনিক্যাল স্কুল এবং ৩টি সরকারি জুনিয়র পলিটেকনিকে ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং-এর পাঠক্রম চালু রয়েছে।

আগামী শিক্ষাবর্ষে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন এবং আসানসোলের কন্যাপুর জুনিয়র টেকনিক্যাল স্কুলে এয়ারকন্ডিশনিং ও রেফ্রিজারেশনের শিক্ষাক্রম চালু হতে চলেছে। ফুলিয়া পলিটেকনিক (জুনিয়র সরকারি পলিটেকনিক)-এ কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রামিং-এর একটি নতুন পাঠক্রম বর্তমান শিক্ষাবর্ষে চালু করা হয়েছে।

পলিটেকনিক শিক্ষার জন্যে বর্তমান আর্থিক বছরে পরিকল্পনাখাতে দু' কোটি আটান্ন লক্ষ চৌত্রিশ হাজার টাকার সংস্থান রাখা হয়েছে।

অন্যান্য সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান :

'প্রি-ভোকেশনাল ট্রেনিং সেন্টার' এবং 'ক্রাফ্‌ট-টিচার্স ট্রেনিং সেন্টার' ছাড়াও এই বিভাগ কর্তৃক অধিগৃহীত কালিম্পং-এর 'চিত্রভানু'-তে দার্জিলিং-এর পার্বত্য অঞ্চলের মহিলাদের জন্যে কারুশিল্প প্রশিক্ষণ কেন্দ্র চলছে। কলকাতার বালীগঞ্জেও সরকার পোষিত 'বালীগঞ্জ ট্রেনিং ইনস্টিটিউটে' এই বিভাগের আর্থিক সহযোগিতায় একইভাবে শুধুমাত্র মেয়েদের জন্যে কারুশিল্প প্রশিক্ষণ চালু আছে।

কমিউনিটি পলিটেকনিক প্রকল্প :

শহর ও গ্রামাঞ্চলে ছেলে-মেয়েদের স্ব-নিযুক্তির উদ্দেশ্যে কেন্দ্রীয় প্রকল্পের অধীন কমিউনিটি পলিটেকনিক প্রকল্পে যথাযথ গুরুত্ব প্রদান করা হয়েছে। এই প্রকল্পে ১২০টি প্রসারণ কেন্দ্রের মাধ্যমে ১৫,০০০-এরও বেশি ছাত্র-ছাত্রী উপকৃত হচ্ছে। শহর ও গ্রামাঞ্চলে যুব সমাজ ও অন্যান্যদের স্ব-নিযুক্তি প্রকল্পের উন্নতির সুযোগ বৃদ্ধির জন্য এই ধরনের প্রসারণ কেন্দ্রের সংখ্যা বৃদ্ধির লাগাতার প্রয়াস চলছে। অন্যান্য দপ্তর ও বিভিন্ন সরকার অধিগৃহীত সংস্থার সঙ্গে সহযোগী পরিকল্পনা নেওয়া হয়েছে এবং বিভিন্ন কমিউনিটি পলিটেকনিক জেলায় এবং রাজ্যস্তরে মেলাসমূহে অংশগ্রহণ করছে।

স্বল্পমেয়াদী বঅত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি :

শিক্ষিত ছেলেমেয়েদের স্ব-নিযুক্তি ক্ষমতা বৃদ্ধিতে যথেষ্ট গুরুত্ব প্রদানের জন্যে ১৯৯৭-১৯৯৮ সালে স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি গৃহীত হয়েছে। প্রতি বছর এই প্রকল্পের বিস্তার ঘটেছে এবং বর্তমানে রাজ্যের বিভিন্ন সরকারি ও সরকার পোষিত পলিটেকনিক, শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়, পৌরসভা, বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বেসরকারি সংগঠন পরিচালিত ৯০টি কেন্দ্রের মাধ্যমে প্রতি বছর ১০,০০০-এরও বেশি ছেলেমেয়ে উপকৃত হচ্ছে। এই প্রকল্পে পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ-এর তত্ত্বাবধানে বৃত্তিমূলক বিভিন্ন কর্মসূচি এবং প্রশিক্ষণ সম্পাদিত হয়ে থাকে এবং পরীক্ষায় সফল শিক্ষার্থীদের শংসাপত্র প্রদান করা হয়।

পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ :

১৯৯৫ সালের ২১নং রাজ্য আইন অনুসারে পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ নামে একটি বিধিবদ্ধ সংস্থা গঠিত হয়। এই সংসদ বিভিন্ন ডিপ্লোমা ও ডিপ্লোমা-উত্তর স্তরে পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ করে থাকে। ইঞ্জিনীয়ারিং এবং টেকনোলজি বিভাগের জন্যে পাঠক্রম ও পাঠ্যসূচি প্রস্তুত এবং পরিমার্জন করার অধিকারি এই সংসদ। দীর্ঘকাল যাবৎ উক্ত সংস্থা সফলভাবে এই দায়িত্ব পালন করে আসছে।

সংসদের সুপারিশক্রমে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ থেকে পলিটেকনিকসমূহের সমস্ত ডিপ্লোমা পাঠক্রমে 'সেমিস্টার সিস্টেম' চালু হয়েছে। এ ধরনের পরিবর্তনের জন্যে সংসদ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে এবং আশা করা যায় শীঘ্রই তা সম্পূর্ণ হবে।

সম্প্রতি পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ ও 'বোর্ড অফ কমার্শিয়াল এডুকেশন'-এর সংযুক্তির পরে সংসদ বাণিজ্য শিক্ষায় নতুন ক্ষেত্রের সন্ধানে নতুন একটি পর্ষদ গঠন করার চিন্তাভাবনা করছে।

স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্পের নিয়ন্ত্রণ ও তার মূল্যায়নের বিষয়টিও সংসদের কর্মসূচির অন্তর্গত।

শিল্প প্রশিক্ষণ শিক্ষালয় :

১৯৬১ সালের শিক্ষানবিশী আইন অনুসারে 'ন্যাশনাল কাউন্সিল অফ ভোকেশনাল ট্রেনিং' স্বীকৃত ২৭টি শিল্প প্রশিক্ষণ শিক্ষলয়ে শিল্প প্রশিক্ষণ চালু রয়েছে। এই শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়সমূহে পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ স্বীকৃত সান্ধ্যকালীন পাঠক্রম এবং স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণও চালু আছে।

প্রতিবন্ধীদের জন্যে ১১০, এন. এন. ব্যানার্জি রোড, কলকাতা-১৩-তে একটি শিল্প প্রশিক্ষণ শিক্ষালয় স্থাপনের জন্য রাজ্য পরিকল্পনা পর্ষদের কাছ থেকে প্রায় চার কোটি ঊনষাট লক্ষ টাকার অনুমোদন পাওয়া গিয়েছে এবং এই প্রতিষ্ঠানের ভবন নির্মাণের জন্য প্রথম পর্যায়ে ৩০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

'ন্যাশনাল কাউন্সিল অফ ভোকেশনাল ট্রেনিং'-এর অনুমোদনক্রমে হাওড়া এবং টালিগঞ্জস্থিত শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ে 'তথ্য প্রযুক্তি' এবং 'ইলেকট্রনিক্স সিস্টেম মেনটেনেন্স'-এর মতন অত্যাধুনিক পাঠক্রমসমূহ চালু হয়েছে।

মহিলাদের কর্মসংস্থান বিষয়ক সংসদীয় কমিটির সুপারিশক্রমে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ থেকে শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়সমূহে মহিলাদের জন্য ১০% আসন সংরক্ষিত হয়েছে।

শিক্ষানবিশী প্রশিক্ষণের সুযোগ সদ্ব্যবহারের জন্য বিভিন্ন শিল্পসংস্থাসমূহের আসন সন্ধানের কাজ চলছে এবং এখন পর্যন্ত এরকম ৩২৫৭টি আসনের সন্ধান পাওয়া গেছে। তন্মধ্যে ৭০%-এর বেশি আসন কাজে লাগানো গেছে।

শিল্প প্রশিক্ষণ অধিকারে সংবেদনশীল আধুনিক যন্ত্রাদির সাহায্যে 'ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম'-এর মাধ্যমে প্রশিক্ষণের মান উন্নয়ন এবং পরিধারণ তথা নিয়ন্ত্রণের কাজ চলছে। আগামী আর্থিক বছরে শিল্প প্রশিক্ষণের জন্য এক কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

উপসংহার :

এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের জানাই যে রাজ্যের শিল্প বিকাশের লক্ষ্যে ও কারিগরি শিক্ষার উন্নয়নের নতুন মাত্রা সংযোজনে আমাদের সংকল্প, নিষ্ঠা ও উদ্যোগের কোন ঘাটতি নেই। তৎসত্ত্বেও ত্রুটি বিচ্যুতি ঘটলে অনতিবিলম্বে তা সংশোধনে আমাদের সম্পূর্ণ প্রচেষ্টা থাকবে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, মাননীয় সদস্যদের গঠনমূলক সমালোচনা এবং পরামর্শ আমাদের লক্ষ্য পূরণে সাহায্য করবে। তাই বিস্তারিত আলোচনার পর এই বাজেট প্রস্তাব সম্পূর্ণ অনুমোদনের জন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ রাখছি।

DEMAND No. 52

Major Heads : 2250—Other Social Services, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,22,53,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "2250—Other Social Services, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 6,07,51,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার দয়াপূর্বক অনুমতিক্রমে পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন দপ্তরের ২০০৩-২০০৪ আর্থিক বছরের বাজেট পেশ করার জন্য আমি উপস্থিত হয়েছি।

২.১ মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫২নং দাবির অন্তর্ভুক্ত '৩৪৫২-পর্যটন' মূলখাতে মোট ১৩,৫৪,১৫,০০০ টাকা মাত্র এবং ৫২নং দাবির অন্তর্ভুক্ত '৫৪৫২-পর্যটন মূলধন ব্যয়' মূলখাতে মোট ২,৮৪,৩০,০০০ টাকা ব্যয় বরাদ্দ মঞ্জুরের জন্য প্রস্তাব পেশ করছি। এই দুই খাতে আপাত ব্যয় মঞ্জুরিতে মঞ্জুরিকৃত টাকা যথাক্রমে ৪,৫১,৩৮,০০০ এবং ৯৪,৭৭,০০০ টাকা এই ব্যয় বরাদ্দের অন্তর্গত। ৫২নং দাবির অন্তর্ভুক্ত '৩৪৫২-পর্যটন'

মূলখাতে মোট ১৩,৫৪,১৫,০০০ টাকার মধ্যে ৩,৪০,১৩,০০০ টাকা যোজনা বহির্ভূতখাতে, ১,৩৩,৯৯,০০০ টাকা রাজ্য যোজনায় এবং ৮,৮০,০৩,০০০ টাকা কেন্দ্রীয় যোজনায় ব্যয় করা হবে।

২.২ এছাড়াও ৫২নং দাবির অন্তর্ভুক্ত ৩৪৫১—সচিবালয় অর্থনৈতিক পরিষেবা মূলখাতে পর্যটন বিভাগ সংক্রান্ত ৭৩,৩০,০০০ টাকা এবং এই দাবিরই অন্তর্ভুক্ত ২২৫০—অন্যান্য সামাজিক পরিষেবা মূলখাতে পর্যটন বিভাগ সংক্রান্ত ১,০৫,৭৮,০০০ টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাবও রাজ্য বাজেটে রাখা হচ্ছে।

২.৩ রাজ্য পরিকল্পনাখাতে উপরোক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব ছাড়াও ৫২নং দাবির অন্তর্ভুক্ত '২৫৫১—পার্বত্য এলাকা' মূলখাতে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে প্রদেয় অনুদান বাবদ ৫ লক্ষ টাকা ধরা আছে।

২.৪ রাজ্য পরিকল্পনায় ৫২নং দাবি অন্তর্ভুক্ত '৫৪৫২—পর্যটন মূলধন ব্যয়' মূলখাতের মোট টাকার মধ্যে বর্তমান আর্থিক বছরে এই দপ্তর গ্রামীণ পরিকাঠামো ও উন্নয়ন তহবিলে ২,৬৮,৮০,০০০ টাকা ব্যয়বরাদ্দ রেখে গ্রামীণ পর্যটন ক্ষেত্র চিহ্নিতকরণ এবং পর্যটন পরিকাঠামো উন্নয়নের জন্য জেলা পরিষদ মারফৎ প্রকল্প রূপায়ণ করবে। উপরন্তু ১৫,৫০,০০০ টাকা পঃ বঃ পর্যটন উন্নয়ন নিগমের অনুকূলে শেয়ার মূলধন এবং কেন্দ্রীয় যোজনার নূতন প্রকল্পখাতে ব্যয় করার প্রস্তাব থাকছে।

২.৫ মানুষের কাছে পর্যটন একটি সহজাত প্রবৃত্তি। কখনও তা প্রকৃতির টান, কখনও বা অজানাকে জানার নেশা, কখনও তা অ্যাডভেঞ্চার, কখনও অবসর যাপন, আবার কখনও বা তা তীর্থ দর্শন। প্রধানত ধর্মস্থান, মেলা, উৎসব ও তীর্থক্ষেত্রকে উপলক্ষ করেই ভারতীয়দের মধ্যে প্রথম পর্যটন তথা ভ্রমণ প্রবৃত্তির সৃষ্টি হয়েছিল এবং তা যুগে যুগে বিবর্তন মারফৎ আধুনিক পর্যটনের রূপ পেয়েছে। পর্যটনের আঙিনায় উপরোক্ত ক্ষেত্রগুলি ছাড়াও যোগ হয়েছে ঐতিহ্যের সন্ধানে পর্যটন (হেরিটেজ ট্যুরিজম), রোমাঞ্চকর পর্যটন (অ্যাডভেঞ্চার ট্যুরিজম), প্রকৃতি বিষয়ক পর্যটন (ইকো বা ইকো ফ্রেন্ডলি ট্যুরিজম, সংস্কৃতি বিষয়ে পর্যটন (কালচারাল ট্যুরিজম) বন ও বন্যপ্রাণী সংক্রান্ত পর্যটন (ফরেস্ট ও ওয়াইল্ড লাইফ ট্যুরিজম), নদীপথ পর্যটন (রিভার ক্রুজ/ট্যুরিজম) ইত্যাদি অনেক অনেক আকর্ষণীয় বিষয়।

৩.১ পর্যটন বা ভ্রমণ সংক্রান্ত বিষয়ের জাল এইভাবেই উত্তরোত্তর বৃদ্ধি হয়েছে। সেই সঙ্গে ভ্রমণার্থীদের জন্য তথ্যের ব্যবস্থা, অগ্রিম বুকিং-এর ব্যবস্থা, থাকা-খাওয়া যানবাহনের ব্যবস্থা মারফৎ যেমন অজস্র মানুষের অর্থনৈতিক সুরাহা হচ্ছে সেই সঙ্গে পর্যটন কেন্দ্রগুলিও উত্তরোত্তর বিভিন্ন রকমের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র হিসাবে গড়ে উঠছে।

৪. আমাদের রাজ্য পশ্চিমবঙ্গে বেশ কয়েকটি আকর্ষণীয় তীর্থস্থান রয়েছে। এটা আমাদের অজানা নয় যে—দক্ষিণেশ্বর, বেলুড়, কালীঘাট, তারাপীঠ, গঙ্গাসাগর, তারকেশ্বর, উত্তরবঙ্গের জলেশ্বর প্রভৃতি তীর্থস্থানগুলি বহু মানুষকে ভারতবর্ষের বিভিন্ন স্থান থেকে টেনে আনে।

দ্বিতীয়ত ধর্ম ছাড়াও নিতান্ত নৈসর্গিক আকর্ষণে মানুষকে টেনে এনে দুদণ্ড মানসিক শান্তি দেবার মতো স্থানও পশ্চিমবঙ্গে বহু। তার মধ্যে হিমালয়ের পর্বতরানী দার্জিলিং, তার পাশে কালিম্পং, কার্শিয়াং, লাভা, লোলেগাঁও প্রভৃতি ও নিকটবর্তী আরও অসংখ্য পর্বতশৃঙ্গ গোটা ভারতের ও পৃথিবীর মানুষকে চিরকাল হাতছানি দিয়ে এসেছে। পাহাড়ের নীচেই রয়েছে তরাইয়ের অরণ্য, একশৃঙ্গ গণ্ডারসহ অসংখ্য বন্যপ্রাণী এবং পাদদেশে সুন্দর সুন্দর চা-বাগিচা ও প্রাণচাঞ্চল্যে ভরপুর নানান আদিবাসী গোষ্ঠীর মানুষজন। তারপর থেকেই শুরু হল— কোচবিহার, মালদহ, মুর্শিদাবাদ, বাঁকুড়া ও বিষ্ণুপুর প্রভৃতি স্থানের সুদূর ও নিকট অতীতের ঐতিহ্যের স্থাপত্যসমূহ। পশ্চিমবঙ্গের দক্ষিণ প্রান্তে রয়েছে জলজঙ্গলের সমাহারে পৃথিবীখ্যাত ম্যানগ্রোভ সুন্দরবন। কেন্দ্রস্থলে রয়েছে ব্রিটিশ ভারতের রাজধানী ও বৃহত্তম মহানগরী কলকাতা আর সেই কলকাতায় ব্রিটিশ আমলের ভিক্টোরিয়া মেমোরিয়াল, মনুমেন্ট, যাদুঘর, চিড়িয়াখানা প্রভৃতি বহু দ্রষ্টব্য স্থান। সেই সঙ্গে স্বাধীন ভারতের প্রথম পাতাল রেলপথ, বিড়লা তারামণ্ডল, বিজ্ঞাননগরী, নিকো পার্ক, স্বভূমি, অ্যাকোয়াটিকা, বৈদিক গ্রাম, মিলেনিয়াম পার্ক প্রভৃতি আধুনিকতম দ্রষ্টব্য ও উপভোগ্যবস্তুসমূহ। পাহাড়, জঙ্গল, সমুদ্র, আধুনিক বিজ্ঞানের নানা সৃষ্টিসহ বিভিন্ন তীর্থস্থানসমূহ আজ পশ্চিমবঙ্গকে একটি আদর্শ পর্যটন ক্ষেত্রে পরিণত করেছে। এখানে নেই বলতে শুধু মরুভূমি। কিন্তু বহুদিন ধরে নানা কারণে যেমন ভারতের পূর্বাঞ্চল উপেক্ষিত, পর্যটনের ক্ষেত্রেও তাই জাতীয়ভাবে পশ্চিমবঙ্গকে সেভাবে তুলে ধরা হয়নি। আন্তর্জাতিক ক্ষেত্রেও এগুলিকে যথাযথভাবে তুলে ধরবার ব্যবস্থা হয়নি।

৫. পর্যটন পরিকাঠামোর উন্নয়ন এবং সুসংহত ও সুচারুরূপে পর্যটন সংক্রান্ত তথ্যের আদান-প্রদানের লক্ষ্যে পশ্চিমবঙ্গকে মোট ৬টি আঞ্চলিক ভাগে ভাগ করা হয়েছে। প্রথম ভাগে থাকছে পার্বত্য হিমালয়ান পশ্চিমবাংলা। যার সদর দপ্তর হল দার্জিলিং। দ্বিতীয় ভাগে থাকছে সাব-হিমালয়ান পশ্চিমবাংলা। শিলিগুড়িকে সদর দপ্তর করে এই অঞ্চলে থাকছে দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা, জলপাইগুড়ি জেলা, কোচবিহার জেলা ও উত্তর দিনাজপুর জেলা। তৃতীয় ভাগে পড়ছে কেন্দ্রীয় পশ্চিমবাংলা যেখানে দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম এবং আসানসোল ও দুর্গাপুর মহকুমা বাদে বর্ধমান জেলাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই ভাগের আঞ্চলিক দপ্তর বহরমপুর। চতুর্থ ভাগে থাকছে পশ্চিমের মালভূমি ও বিস্তীর্ণ বনাঞ্চল যেখানে বর্ধমান জেলার দুর্গাপুর ও আসানসোল মহকুমা ছাড়াও থাকছে পুরুলিয়া জেলা, বাঁকুড়া জেলা ও পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা। এই ভাগের আঞ্চলিক দপ্তর হল দুর্গাপুর। পঞ্চম ভাগে পড়ছে কলকাতা মহানগরীর অঞ্চল, যার আঞ্চলিক সীমানা হচ্ছে—কলকাতা, হাওড়া, হুগলি, বসিরহাট মহকুমা বাদে উত্তর ২৪-পরগনা, কাকদ্বীপ ও ক্যানিং মহকুমা বাদে দক্ষিণ চব্বিশ পরগনা এবং ঝাড়গ্রাম বাদে পশ্চিম মেদিনীপুর জেলা। এই আঞ্চলিক ক্ষেত্রের সদর দপ্তর হচ্ছে কলকাতা। ষষ্ঠ তথা শেষ ভাগে থাকছে সমুদ্র উপকূলবর্তী অঞ্চল যার সীমানা হিসাবে চিহ্নিত করা হয়েছে পূর্ব মেদিনীপুর জেলা, দক্ষিণ ২৪-পরগনা জেলার কাকদ্বীপ ও ক্যানিং মহকুমা এবং উত্তর চব্বিশ পরগনা জেলার বসিরহাট মহকুমা। এই ভাগের আঞ্চলিক দপ্তর দিঘায়।

৫.১ প্রতিটি আঞ্চলিক দপ্তরে একটি করে ছোট আকারের কার্যালয় গড়ে তোলা হয়েছে। সেখানকার পরিচালন ভার দেওয়া হয়েছে একজন পর্যটন আধিকারিক বা সহকারী পর্যটন আধিকারিকের উপর। আঞ্চলিক কার্যালয়গুলির মূল কাজ হবে—

(ক) জেলা প্রশাসন ও জেলা পরিষদগুলির সঙ্গে কার্যকরী সংযোগ রেখে নতুন নতুন আঞ্চলিক বা স্থানীয় পর্যটন কেন্দ্র চিহ্নিত করা এবং আর আই ডি এফ অথবা জেলা পরিকল্পনা খাতের টাকায় আঞ্চলিক পর্যটন পরিকাঠামো গড়ে তোলায় জেলা প্রশাসন ও পর্যটন দপ্তরকে সাহায্য করা।

(খ) রাজ্যের পর্যটন সংক্রান্ত যাবতীয় তথ্য সাধারণ মানুষের কাছে তুলে ধরা, ভ্রমণের জন্য মানুষকে উৎসাহিত করা এবং নির্দিষ্ট পর্যটন কেন্দ্র বা প্যাকেজ ট্যুর অথবা সার্কিট ট্যুরে যাওয়ার বিষয়ে পর্যটকদের সাহায্য করা। এছাড়া জেলা ও মহকুমা তথ্য দপ্তর থেকেও পর্যটকদের তথ্য সরবরাহ করার জন্য ব্যবস্থা করা হয়েছে।

৬. পর্যটকদের আবাসন, পরিবহন ও অন্যান্য পরিষেবার জন্য বেসরকারি পুঁজি পশ্চিমবাংলায় তেমনভাবে বিনিয়োগ হয়নি। রাজ্য পর্যটন দপ্তর অবশ্য এ বিষয়ে যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে। বেসরকারি ব্যক্তিগণও সম্প্রতি অনেকটা এগিয়ে এসেছেন বা আগ্রহ দেখাচ্ছেন। কিন্তু তা পর্যটক পরিষেবা তথা পর্যটন শিল্প বিকাশের পথে যথেষ্ট নয়। অথচ বেসরকারি পুঁজি প্রয়োগ করে সঙ্গতভাবে আয় উপার্জন করার ও যথেষ্ট কর্মসংস্থানের সুযোগ আছে পর্যটন ক্ষেত্রে। তাই সাধারণভাবে পরিবহন, ট্যুর অপারেটরের মাধ্যমে পরিষেবা ও আবাসনের জন্য বেসরকারি ব্যক্তি বা সংস্থাগুলিকে নির্দিষ্ট পরিকল্পনা ও নিয়ন্ত্রণ মারফৎ নিয়োজিত করা এবং নতুন নতুন পর্যটন ক্ষেত্র ও পর্যটন বস্তুসমূহকে বিকশিত করা তথা সেগুলিকে বাণিজিক্যভাবে ব্যবহার করার উপরই রাজ্য সরকার গুরুত্ব আরোপ করছে। আর এ সমস্ত কর্মকাণ্ডের ফলে এ রাজ্যের অর্থনীতিতে যে অনুকূল প্রভাব ও সার্বিকভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে রাজ্য সরকার সেই অভিমুখে তার নীতিসমূহ পরিচালিত করবে।

৬.১ এই প্রসঙ্গে মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য জানাচ্ছি যে, সুন্দরবনে প্রকৃতি বিষয়ক পর্যটন ব্যাপকভাবে চালু করার জন্য পশ্চিমবঙ্গ সরকার অক্টোবর, ২০০২ সালে সাহারা ইন্ডিয়া পরিবারের সঙ্গে একটি সমঝোতা পত্রে স্বাক্ষর করেছে। সুন্দরবনের প্রতি আকর্ষণ সৃষ্টি এবং পরিবেশ পর্যটনের উপযোগী পরিকাঠামোগত উন্নয়নে সাহারা ইন্ডিয়া পরিবার প্রভূত অঙ্কের অর্থ বিনিয়োগ করবে। আশা করা যায় যে সাহারা ইন্ডিয়া পরিবার ২০০৩-২০০৪ আর্থিক বছরের ভেতরে এই প্রকল্পের কাজ শুরু করবে।

৭. ভারত সরকার ২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্য সরকারের দুটি প্রকল্প প্রস্তাব অনুমোদন করেছে। এগুলি হল—(১) গন্তব্য পর্যটন বা ডেস্টিনেশন ট্যুরিজম-বিষ্ণুপুর এবং (২) শান্তিনিকেতনে গ্রামীণ পর্যটন। বিষ্ণুপুরে গন্তব্য পর্যটনের জন্য আনুমানিক প্রকল্প ব্যয়

হচ্ছে ৫ কোটি টাকা এবং শান্তিনিকেতনের গ্রামীণ পর্যটনের জন্য প্রকল্প ব্যয় হবে ৫০ লক্ষ টাকা। এই দুই কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত প্রকল্প ৯০ : ১০ অনুপাতে যথাক্রমে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের অর্থে রূপায়িত হবে। আশা করা যাচ্ছে যে, ২০০৩-২০০৪ পরবর্তী আর্থিক বছরে শুরু করা যাবে।

৮. মূলত পুরাতন পর্যটনক্ষেত্র ও পর্যটন বস্তুগুলিকে রক্ষণাবেক্ষণ করা, যথাসাধ্যমতো উন্নত করা, নতুন নতুন পর্যটন ক্ষেত্র ও পর্যটন বস্তুসমূহকে জনগণের সামনে তুলে ধরা এবং সর্বোপরি ব্যাপক প্রচার অভিযানের জন্য পর্যযন দপ্তরের রাজ্য বাজেটে পরিকল্পনাখাতে বর্তমান আর্থিক বছরে আনুমানিক ১,৪১,৯৯,০০০ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে। আধুনিকীকরণের অঙ্গ হিসাবে কম্পিউটারের মাধ্যমে ট্যুরিস্ট লজ সংরক্ষণের অন-লাইন ব্যবস্থা চালু করার কাজে ইতিমধ্যে হাত দেওয়া হয়েছে। আশা করা যাচ্ছে যে, ২০০৩-২০০৪ আর্থিক বছরে কাজটি সম্পূর্ণ হয়ে যাবে। রেল, বিমানবন্দর, কলকাতা ও জেলা পুলিশ এবং রাজ্য পরিবহণ কর্তৃপক্ষের সহযোগিতায় জানুয়ারি, ২০০৩-এ পর্যটন দপ্তর একটি 'পর্যটক সহায়তা সপ্তাহ' পালন করেছে। এর উদ্দেশ্য ছিল পর্যটক তথা সাধারণ জনগণের মধ্যে সচেতনতা বাড়ানো এবং এই একই উদ্দেশ্যে অনুরূপ সপ্তাহ আগামী আর্থিক বছরগুলিতেও পালন করা হবে। রাজ্য সরকার ভারতবর্ষের কয়েকটি রাজ্যের রাজধানী শহরে আয়োজিত বিভিন্ন মেলায় ও প্রদর্শনীতে এবং বহু আন্তর্জাতিক পর্যটন মেলা প্রদর্শনীতে রাজ্যের পর্যটনের অনুকূল প্রচারের জন্য যোগদান করেছে। তথ্য ও সংস্কৃতি বিভাগের জেলা ও মহকুমা আধিকারিকদের পর্যটন সংক্রান্ত সকল রকমের তথ্য প্রদান, অন-লাইন সংরক্ষণের সুবিধা ও পর্যটন বিভাগ কর্তৃক চালু হতে যাওয়া বিভিন্ন প্রকল্প সম্পর্কে স্থানীয় পর্যটক ও জনসাধারণকে জানানোর দায়িত্ব নেওয়া হয়েছে। নতুন কিছু পর্যটক আবাসের নির্মাণকার্য চলছে। কিছু পর্যটক আবাস পুনর্নির্মাণ করতে হবে। আমি বিশ্বাস করি যে উল্লেখযোগ্য বেসরকারি বিনিয়োগের সঙ্গে পরিকল্পনা খাতে বাজেট বরাদ্দ এই সকল কাজে ব্যবহার করা হবে। আশা করি, মাননীয় সদস্যগণ ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য রাজ্য পরিকল্পনার আওতায় ৪,১০,৭৯,০০০ টাকা, কেন্দ্রীয় পরিকল্পনা (নতুন) আওতায় ৮,৯২,৫৩,০০০ টাকা এবং পরিকল্পনা বহির্ভূত খাতে ৫,১৯,২১,০০০ টাকা ব্যয়বরাদ্দগুলি মঞ্জুর করবেন।

DEMAND No. 53

Major Heads : 2041—Taxes on Vehicles, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 3051—Ports and Lighthouses, 3053—Civil Aviation, 3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services, 7055—Loans for Road Transport, 7056—Loans for Inland Water Transport and 7075—Loans for Other Transport Services

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 590,40,60,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "2041—Taxes on Vehicles, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 3051—Ports and Lighthouses, 3053—Civil Aviation, 3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services, 7055—Loans for Road Transport, 7056—Loans for Inland Water Transport and 7075—Loans for Other Transport Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 196,80,21,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৫৩নং দাবি, যা মুখ্যখাত "২০৪১—যানবাহনের উপর কর", "২০৭০—অন্যান্য প্রশাসনিক পরিষেবা", "২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ", "২২৫০—অন্যান্য সামাজিক পরিষেবা", "২২৫১—সচিবালয় সামাজিক পরিষেবা", "৩০৫১—বন্দর ও বাতিঘর", "৩০৫৩—অসামরিক বিমান পরিবহন", "৩০৫৫—সড়ক পরিবহন", "৩০৫৬—অন্তর্দেশীয় জলপথ পরিবহন", "৫০৫৫—সড়ক পরিবহনে মূলধন বিনিয়োগ", "৫০৫৬—অন্তর্দেশীয় জলপথ পরিবহনে মূলধন বিনিয়োগ", "৫০৭৫—অন্যান্য পরিবহন পরিষেবায় মূলধন বিনিয়োগ", "৭০৫৫—সড়ক পরিবহন বাবদ ঋণ", "৭০৫৬—অন্তর্দেশীয় জলপথ পরিবহন বাবদ ঋণ" ও "৭০৭৫—অন্যান্য পরিবহন পরিষেবা বাবদ ঋণ" সম্পর্কিত, তাতে মোট ৫৯০,৪০,৬০,০০০ টাকা (পাঁচশত নব্বই কোটি চল্লিশ লক্ষ ষাট হাজার টাকা) মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ২০০৩ সালের মার্চ মাসে ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ১৯৬,৮০,২১,০০০ টাকা (একশত ছিয়ানব্বই কোটি আশি লক্ষ একুশ হাজার টাকা) ধরা আছে।

২০০৩-২০০৪ সালে ৫৩নং দাবির জন্য ব্যয়বরাদ্দের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আপনার অনুমতি নিয়ে আমি পরিবহন বিভাগের বিভিন্ন কার্যাবলীর একটি সংক্ষিপ্ত বিবরণী পেশ করছি।

প্রদত্ত অর্থ সংস্থানের মধ্যে প্রকল্প ও কার্যাবলীর সঠিক নির্বাচন ও সেগুলির সুষ্ঠু রূপায়ণের মাধ্যমে আমরা পরিবহন ক্ষেত্রে ২০০২-২০০৩ সালে যথাযথ অগ্রগতি অর্জনে সফল হয়েছি। পরবর্তী অনুচ্ছেদগুলিতে এই কার্যাবলীর কিছু বিবরণ উপস্থাপন করছি।

১। **কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (সি.এস.টি.সি.)**

সি.এস.টি.সি.-র মূল পরিষেবা ক্ষেত্র হল কলকাতা এবং এর শহরতলী এলাকা। সি.এস.টি.সি. কলকাতা ও সংলগ্ন এলাকায় বাস চালানোর সঙ্গে সঙ্গে দূরপাল্লার রুটেও বাস চালায়। সি.এস.টি.সি. ২১৯টি রুটে বাস চালায়। এই সংস্থা ২০০২-০৩ সালে ১,৮২৬ লক্ষ যাত্রী বহন করবে বলে আশা করা হচ্ছে।

১লা অক্টোবর, ২০০২ থেকে কলকাতা মেট্রোপলিটান এলাকায় নতুন গাড়ির ক্ষেত্রে যানদূষণ মান ইউরো-২ চালু হয়েছে। এই বিধি মানার জন্য সি.এস.টি.সি., ২০০২-০৩ সালে ইউরো-২ মান অনুযায়ী তৈরি ৮০টি বাস ডব্লিউ.বি.এস.সি.বি. লিমিটেড থেকে ঋণ নিয়ে কিনেছে। এই সংস্থা ২০০২-২০৩ সালে ২৬০টি বাসের পুনর্নবীকরণ করেছে।

২০০২-০৩ সালে যাত্রী পরিবহনের জন্য মোট প্রায় ৬৬০ লক্ষ কি.মি.বাস চালানো হবে। গত বছরে এই দূরত্ব ছিল ৬৪৯ লক্ষ কি.মি.। ২০০২-০৩ সালে মোট আয় প্রায় ৬১ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে। ২০০১-০২ সালে এর পরিমাণ ছিল ৫৮.২০ কোটি টাকা। ২০০৩-০৪ সালে মোট আয়ের পরিমাণ ৬৫ কোটি টাকার বেশি হবে বলে অনুমান করা হচ্ছে।

বাস ধোয়া, পরিষ্কার করা এবং ঝাড়পোঁছ করার ব্যাপারে স্পনসরশিপ প্রথা চালু করে সি.এস.টি.সি. তার বাস পরিষেবার মান যথেষ্ট উন্নত করতে পেরেছে।

২০০৩-০৪ সালে আর্থিক সংস্থা থেকে ঋণ নিয়ে সি.এস.টি.সি. ১০০টি মাঝারি উচ্চ মেঝেওয়ালা বাস কিনতে চায়। ২০০৩-০৪ সালে কর্মী উৎপাদনশীলতা প্রতিদিন ২৩ কি.মি. করার চেষ্টা করা হবে। ২০০১-০২ সালে এর পরিমাণ ছিল ১৯.৯৮ কি.মি. এবং বর্তমান বছরে এটি ২১ কি.মি. হবে বলে আশা করা হচ্ছে।

২। **উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (এন.বি.এস.টি.সি.)**

এন.বি.এস.টি.সি. মূলত উত্তরবঙ্গের জেলাগুলিতে জেলা-মধ্যস্থ ও আন্তঃজেলা পরিষেবার মাধ্যমে উত্তরবঙ্গের যাত্রীসাধারণকে দক্ষ ও নির্ভরযোগ্য পরিবহন পরিষেবা দেওয়ায় নিযুক্ত আছে। এই সংস্থা মুর্শিদাবাদ, বীরভূম এবং নদিয়া জেলাতেও বাস চালিয়ে থাকে। এই সংস্থার বাস পরিষেবা উত্তরবঙ্গকে এই রাজ্যের অধিকাংশ জেলা শহর এবং কলকাতা, দুর্গাপুর ও আসানসোলের মতো গুরুত্বপূর্ণ শহরের সঙ্গে যুক্ত করেছে। এছাড়া এই সংস্থা আন্তঃরাজ্য বাস পরিষেবার মাধ্যমে আসাম, বিহার ও সিকিমের সঙ্গে পশ্চিমবঙ্গকে যুক্ত রেখেছে।

এন.বি.এস.টি.সি. ৪৪০টি রুটে বাস চালায়। রুটগুলির মিলিত দৈর্ঘ্য ১.৬৫ লক্ষ কি.মি.। এই সংস্থা ২০০২-০৩ সালে প্রায় ৯৫০ লক্ষ যাত্রী বহন করবে বলে আশা করা হচ্ছে। ২০০২-০৩ সালে এই সংস্থা ১৩টি নতুন বাস কিনেছে। এই সংস্থা ২০০২-০৩ সালে ৬৬টি বাসের পুনর্নবীকরণ করেছে। কাজকর্মের উন্নতি ঘটাতে এন.বি.এস.টি.সি. ২০০৩-০৪ সালে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক লিমিটেড থেকে ঋণ নিয়ে ১০০টি নতুন বাস কিনতে চায়।

নানারকম অসুবিধা সত্ত্বেও এই সংস্থার যাত্রীভাড়া বাবদ আয় ২০০২-০৩ সালে ৪৬ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে। ২০০১-০২ সালে এই আয়ের পরিমাণ ছিল ৪৩.৭৬ কোটি টাকা। ২০০৩-০৪ সালে যাত্রীভাড়া বাবদ আয়ের পরিমাণ প্রায় ৪৭ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

৩। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (এস.বি.এস.টি.সি.)

এস.বি.এস.টি.সি. মূলত বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, হাওড়া ও হুগলি জেলাতে তার বাস পরিষেবা চালিয়ে থাকে। এই সংস্থা ২০৭টি রুটে বাস চালায়। রুটগুলির মিলিত দৈর্ঘ্য প্রায় ৫৫,০০০ কি.মি.। এই সংস্থা ২০০২-০৩ সালে প্রায় ৩২৯ লক্ষ যাত্রী বহন করবে। এস.বি.এস.টি.সি. ২০০২-০৩ সালে ৫৫টি বাসের পুনর্নবীকরণ করেছে।

বর্তমানে যে বাস আছে সেগুলি সঠিকভাবে ব্যবহার করে এই সংস্থা ২০০২-০৩ সালে তার কাজকর্মের কিছুটা উন্নতি ঘটাতে পেরেছে। যাত্রীভাড়া বাবদ আয় ২০০১-০২ সালের ২৯.৮৮ কোটি টাকা থেকে বেড়ে ২০০২-০৩ সালে ৩৩ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে। ২০০৩-০৪ সালে যাত্রীভাড়া বাবদ আয় প্রায় ৩৬ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

৪। কলকাতা ট্রামওয়েজ কোম্পানি (১৯৭৮) লিমিটেড (সি.টি.সি.)

২০০২-০৩ সালে (ডিসেম্বর, ২০০২ পর্যন্ত) গড়ে প্রতিদিন ১৪৭টি করে ট্রাম চলেছে। ওই সময়ে ট্রামগুলি মোট ৩৫ লক্ষ কি.মি. চলেছে এবং ৪২৭ লক্ষ যাত্রী বহন করেছে।

সি.টি.সি. ট্রাম পরিষেবার সঙ্গে সঙ্গে বাস পরিষেবাতেও নিয়োজিত আছে। বর্তমানে বাসের সংখ্যা ৩৬০। এই বাসগুলি কলকাতা ও সংলগ্ন এলাকায় ৪০টি রুটে চলে। বর্তমান আর্থিক বছরের ডিসেম্বর, ২০০২ পর্যন্ত ১৩১ লক্ষ কি.মি. পথে বাস পরিষেবা চালানো হয়েছে এবং এই পরিষেবা মারফৎ ৩৬৪ লক্ষ যাত্রী বহন করা হয়েছে।

বাস পরিষেবার ক্ষেত্রে কাজকর্মের উন্নতি ঘটাতে সি.টি.সি. পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক লিমিটেড থেকে ঋণ নিয়ে ২০০৩-০৪ সালে ৬০টি বাস কিনতে চায়।

বাস ও ট্রাম মিলিয়ে ২০০২-০৩ সালে যাত্রীভাড়া বাবদ মোট আয়ের পরিমাণ ৩১ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে। ২০০১-০২ সালে এর পরিমাণ ছিল ২৯.৩১ কোটি টাকা। ২০০৩-০৪ সালে যাত্রীভাড়া বাবদ আয় প্রায় ৩৪ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

৫। পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম লিমিটেড (ডব্লিউ.বি.এস.টি.সি.)

ডব্লিউ.বি.এস.টি.সি. কলকাতা এবং রাজ্যের দক্ষিণাংশে ফেরী সার্ভিস চালিয়ে থাকে। এছাড়া এই সংস্থা বাসও চালায়। জেটি নির্মাণও এই সংস্থার কার্যাবলীর অন্তর্ভুক্ত।

এই সংস্থা ২০০২-০৩ সালে ১০টি বাস, ১৫টি জলযান ও ৮টি জেটির পুনর্নবীকরণ করেছে। ডব্লিউ.বি.এস.টি.সি. নিজেরা ৬টি ফেরী সার্ভিস চালায় এবং প্রতি বছর প্রায় ১১০ লক্ষ যাত্রী বহন করে। ২০০১-০২ সালে লঞ্চ পরিষেবা থেকে যাত্রীভাড়া বাবদ আয় ছিল

৩.৩৫ কোটি টাকা। ২০০২-০৩ সালে এই আয়ের পরিমাণ প্রায় ৩.৬৪ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

এই সংস্থা ১১টি রুটে বাস চালায়। রুটগুলির মিলিত দৈর্ঘ্য ৬২ কি.মি.। প্রতি বছর প্রায় ১০০ লক্ষ যাত্রী বহন করা হয়ে থাকে। ২০০১-০২ সালে বাস পরিষেবা থেকে এই সংস্থার যাত্রীভাড়া বাবদ আয় ছিল ৪.৩৩ কোটি টাকা। ২০০২-০৩ সালে যাত্রীভাড়া বাবদ আয় প্রায় ৩.৮৭ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

এই সংস্থা নন্দীগ্রামে একটি জেটি তৈরির কাজ শেষ করেছে। জেটিটি জনসাধারণের ব্যবহারের জন্য খুলে দেওয়া হয়েছে এবং নন্দীগ্রাম ও হলদিয়ার মধ্যে নিয়মিত ফেরী চলাচল শুরু হয়েছে।

৬। **পরিবহন পরিচালন উন্নয়ন কর্মসূচি (টি.ও.আই.পি.)**

যান চলাচল স্বচ্ছন্দ করা এবং যাত্রী ও পথচারীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য পরিবহন পরিচালন উন্নয়ন কর্মসূচির অন্তর্গত প্রকল্পগুলি গ্রহণ করা হয়ে থাকে। রাস্তা চওড়া করা, পথ সংযোগস্থলের উন্নতি ঘটানো, গার্ড রেল বসানো, ট্রাফিক সিগন্যাল বসানো ইত্যাদি প্রকল্পগুলি পরিবহন পরিচালন উন্নয়ন কর্মসূচির মাধ্যমে করা হয়ে থাকে।

২০০২-০৩ সালে গোলপার্কের কাছের রাস্তাগুলির উন্নয়নে ৫৪.০৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তাছাড়া কলকাতার বিভিন্ন জায়গায় গার্ড রেল বসানোর জন্যও টাকা বরাদ্দ করা হয়েছে।

৭। **কলকাতা পরিবহন পরিকাঠামো উন্নয়ন প্রকল্প**

কলকাতায় যান চলাচল স্বচ্ছন্দ করার জন্য রাজ্য সরকার জাপান ব্যাঙ্ক ফর ইন্টারন্যাশনাল কো-অপারেশন (জে.বি.আই.সি.)-এর ঋণ সহায়তায় কলকাতার কয়েকটি কর্মব্যস্ত রাস্তায় উড়ালপুল নির্মাণ এবং এসপ্ল্যানেড এলাকার উন্নয়নের কাজ করছে। এই প্রকল্পটিকে ৩টি গুচ্ছে ভাগ করা হয়েছে।

২নং গুচ্ছের অন্তর্ভুক্ত গড়িয়াহাট উড়ালপুলের কাজ শেষ হয়েছে এবং এটিকে ১৪.৪.২০০২ তারিখ থেকে জনসাধারণের ব্যবহারের জন্য খুলে দেওয়া হয়েছে। এই গুচ্ছের অন্তর্গত এসপ্ল্যানেড এলাকার উন্নয়নের কাজ ২০০৩ সালেই শেষ হবে বলে আশা করা যায়।

৩নং গুচ্ছের অন্তর্গত ২.২ কি.মি. দীর্ঘ রবীন্দ্রসদন বেকবাগান উড়ালপুলের নির্মাণ সন্তোষজনকভাবে এগোচ্ছে। এই উড়ালপুলটি ২০০৩ সালের মধ্যেই সম্পূর্ণ হবে। ১নং গুচ্ছের অন্তর্গত জহরলাল নেহরু রোড বরাবর পার্ক স্ট্রিট ক্রসিং-এর উপর উড়ালপুল এবং লক গেট রোডে উড়ালপুল নির্মাণের কাজ এগিয়ে চলেছে। এই দু'টি উড়ালপুলই ২০০৩-০৪ সালে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে।

অনুমান করা হচ্ছে যে ২০০৩-০৪ সালে কলকাতা পরিবহন পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ১৮২ কোটি টাকার দরকার হবে।

সম্প্রতি জে.বি.আই.সি. রাজ্য সরকার প্রস্তাবিত 'ব্যাপক এলাকার যান চলাচলের সুষ্ঠু নিয়ন্ত্রণ কর্মসূচি' রূপায়িত করায় তাদের সম্মতি দিয়েছে। এই কর্মসূচি মূল প্রকল্পের ৪নং গুচ্ছ হিসাবে গণ্য করা হবে। এই কর্মসূচিতে ৭টি জায়গায় রাস্তা এবং পথ সংযোগস্থলের উন্নয়ন ঘটানো হবে।

৮। পথ নিরাপত্তা প্রকল্প

পথ নিরাপত্তা প্রকল্পগুলি পথচারী ও গাড়ির আরোহীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য গ্রহণ করা হয়ে থাকে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কাছে এবং শিলিগুড়ি শহরে গার্ড রেল বসানো ও নরেন্দ্রপুরে রাস্তা উন্নয়নের জন্য এই প্রকল্প থেকে টাকা দেওয়া হয়েছে।

৯। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা

যানবাহন নির্গত দূষণ নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। 'দূষণ নিয়ন্ত্রণে আছে' এই শংসাপত্র ছাড়া গাড়ি চালানো বেআইনি। এই শংসাপত্র দেওয়ার জন্য কলকাতাসহ জেলাগুলিতে যান-নির্গত দূষণ পরীক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। বর্তমানে কলকাতাতে ৯৭টি যান-নির্গত দূষণ পরীক্ষণ কেন্দ্র চালু আছে। তাছাড়া পেট্রোল/ডিজেল চালিত গাড়িগুলিকে এল.পি.জি. চালিত গাড়িতে পরিণত করায় উৎসাহ দেওয়া হচ্ছে। এল.পি.জি. চালিত গাড়ির উপর নিয়ন্ত্রণ কায়েম করার জন্য পশ্চিমবঙ্গ মোটরযান বিধি, ১৯৮৯-এর সংশোধনের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

১০। বিমা প্রকল্প

কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে চলাচলকারী মিটার ট্যাক্সি চালকদের বাহ্যিক হিংসাত্মক ঘটনা এবং/অথবা অজ্ঞাত কারণবশতঃ দুর্ঘটনাজনিত ব্যক্তিগত আঘাত অথবা মৃত্যুর ক্ষেত্রে ট্যাক্সি চালকদের সুবিধার্থে 'গোষ্ঠীবদ্ধ ব্যক্তিগত দুর্ঘটনা বিমা' প্রকল্প পূর্বেই চালু করা হয়েছে।

বেসরকারি বাস/মিনিবাস কর্মীদের জন্যও একটি বিমা প্রকল্প চালু করা হয়েছে।

১১। পশ্চিমবঙ্গ রাজ্য পরিবহন কর্তৃপক্ষ

রাজ্য পরিবহন কর্তৃপক্ষ সারা রাজ্যে আন্তঃআঞ্চলিক ও আন্তঃরাজ্য বাস পরিষেবার বিষয়টি দেখে থাকেন। ওড়িশা, আসাম, বিহার, সিকিম ও ঝাড়খণ্ডের সঙ্গে সম্পাদিত পারস্পরিক পরিবহন চুক্তির ভিত্তিতে আন্তঃরাজ্য পারমিট দেওয়া হয়ে থাকে।

২০০২-০৩ সালের ৩১.১.২০০৩ পর্যন্ত এস.টি.এ. কর্তৃক প্রদত্ত বিভিন্ন ধরনের পারমিটের সংখ্যা নিম্নরূপ :

১।	আন্তঃআঞ্চলিক ও আন্তঃরাজ্য স্টেজ ক্যারেজ পারমিট	..	২৬৮
২।	স্পেশাল পারমিট	..	৭,৫৯১
৩।	টেম্পোরারি পারমিট	..	৩০,৩৬০
৪।	সারা বাংলা লাক্সারি ট্যাক্সি পারমিট	..	১,২০০
৫।	কন্ট্র্যাক্ট ক্যারেজ পারমিট	..	৪৮
৬।	পণ্যবাহী গাড়ির জন্য ন্যাশনাল পারমিট	..	৯৬০

ভারত ও বাংলাদেশের মধ্যে সম্পাদিত পারস্পরিক চুক্তির ভিত্তিতে কলকাতা ও ঢাকার মধ্যে বাস চলাচলের ব্যাপারটিও রাজ্য পরিবহন কর্তৃপক্ষ দেখে থাকেন। নেপাল ও ভারতের মধ্যে পরিবহন চুক্তির ব্যাপারে আলোচনা চলছে।

১২। **বিমান চালনা প্রশিক্ষণ কেন্দ্র, বেহালা**

বর্তমানে এই প্রতিষ্ঠানে ২৪ জন ছাত্র আছে। এই প্রতিষ্ঠানে বিমান চালনা প্রশিক্ষণ দেওয়ার কাজ চলছে।

১৩। **মোটরযান রাজস্ব সংগ্রহ, নির্বহণ কার্যকলাপ ও সীমান্ত চেকপোস্ট**

বর্ধমান জেলার রামপুর এবং পশ্চিম মেদিনীপুর জেলার বেলতলায় অবস্থিত মোটরযান চেকপোস্ট দু'টি ভালভাবে চলছে।

এই চেকপোস্ট দু'টি স্থাপন করার ফলে এবং নির্বহণ কার্যকলাপ জোরদার করার ফলে মোটরযান ট্যাক্স ও ফি বাবদ রাজস্ব আদায় ক্রমাগত বাড়ছে। ২০০১-২০০২ সালে মোটরযান বাবদ রাজস্ব আদায় হয়েছে ২০৯.৩৬ কোটি টাকা যা ২০০০-০১ সালে ছিল ১৯৩.০৮ কোটি টাকা। ২০০২-০৩ সালে আদায় প্রায় ২৫০ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে।

১৪। **মোটরযান অফিসগুলির কম্পিউটারাইজেশন**

ধাপে ধাপে পশ্চিমবঙ্গের সবকটি মোটরযান অফিসে কম্পিউটারের ব্যবহার চালু করার পরিকল্পনা আছে। ইতিমধ্যে ৯টি অফিসে কম্পিউটারের ব্যবহার চালু করা হয়েছে। বাকি অফিসগুলিতে কম্পিউটার ব্যবস্থা চালু করার প্রকল্প তৈরি করা হচ্ছে।

মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও ড্রাইভিং লাইসেন্সের ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি ভিত্তিক পরিবহন পরিচালন পদ্ধতি (স্মার্ট কার্ড সিস্টেম) চালু করার ব্যবস্থাদি প্রায় সম্পূর্ণ হয়েছে। এই পদ্ধতি কয়েকটি জেলায় ২০০৩-০৪ সালেই চালু হতে পারে।

১৫। **পশ্চিমবঙ্গ পরিবহন পরিকাঠামো উন্নয়ন নিগম লিমিটেড (ডব্লিউ.বি.টি.আই.ডি.সি.)**

এই নিগম পরিবহনের বিভিন্ন ক্ষেত্রে পরিকাঠামো নির্মাণের কাজে নিযুক্ত আছে। দক্ষিণ ২৪ পরগনা জেলার বাকরাহাট রোড ব্রিজ এবং বজবজের মধ্যে চুরিয়াল খাল বরাবর এবং খালের দু'পারের মধ্যে সংযোগ বৃদ্ধির প্রকল্পটি এই নিগম রূপায়িত করছে। এর জন্য চুরিয়াল খালের উপর অবস্থিত কাঠের ফুট-ব্রিজ ভেঙে ফেলে সেখানে ৫টি স্টিলের ফুট-ব্রিজ তৈরি করা হবে। প্রকল্পটির কাজ চলছে এবং শীঘ্রই শেষ হবে বলে আশা করা যায়।

দার্জিলিং জেলার সেবক রোডে বাণিজ্যিক ভিত্তিতে একটি যাত্রী স্বাচ্ছন্দ্য কেন্দ্র গড়ে তোলার জন্য ডব্লিউ.বি.টি.আই.ডি.সি. দার্জিলিংয়ের জেলাশাসকের কাছ থেকে ১.১৬ একর জমির দখল নিয়েছে। প্রকল্পটি 'বি.ও.টি.' ভিত্তিতে রূপায়িত করা হবে। এর জন্য বেসরকারি বিনিয়োগকারীদের কাছ থেকে 'বি.ও.টি.' ভিত্তিক ইচ্ছাপত্র (এক্সপ্রেশন অফ্ ইন্টারেস্ট) আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

এই নিগম বজবজে একটি ট্রাক টার্মিনাল তৈরির কাজ করছে। ট্রাক টার্মিনাল তৈরির ও এর সঙ্গে সংযোগকারী রাস্তার উন্নয়নের কাজ শেষ হওয়ার মুখে।

ডব্লিউ.বি.টি.আই.ডি.সি. এবং মেসার্স ক্যালকাটা মুম্বাই ট্রাক টার্মিনাল লিমিটেড-এর যৌথ উদ্যোগে হাওড়ার ধূলাগড়ে অপর একটি ট্রাক টার্মিনাল তৈরির কাজ হাতে নেওয়া হয়েছে। কাজটি চলছে।

ডব্লিউ.বি.টি.আই.ডি.সি. একটি 'পরিবহণ ও পরিযান পরিচালন ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান' স্থাপন করার প্রকল্প গ্রহণ করেছে। এই প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ড্রাইভার এবং পরিযান ও পরিবহন শিল্পের সঙ্গে যুক্ত ব্যক্তিদের প্রশিক্ষণ দেওয়া হবে। এই উদ্দেশ্যে ৫৬, যশোহর রোডে ২.৭৫ একর জমি টেকনিক্যাল এডুকেশন ডিরেক্টরেট-এর কাছ থেকে দখল নেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে বিস্তারিত প্রজেক্ট রিপোর্ট তৈরির কাজ শেষ হয়েছে। জমিটির সীমানা প্রাচীর নির্মাণ ও জমির উন্নয়নের কাজ শেষ হয়েছে।

১৬। হুগলি রিভার ব্রিজ কমিশনার্স (এইচ.আর.বি.সি.)

এইচ.আর.বি.সি. দ্বিতীয় হুগলি সেতু, যা বিদ্যাসাগর সেতু নামে পরিচিত, তার রূপায়ণকারী সংস্থা। কলকাতা ও হাওড়ার দিকের সেতু অভিমুখী রাস্তাগুলি সমেত সেতুর নির্মাণ শেষ হয়েছে। এইচ.আর.বি.সি. সেতুটির রক্ষণাবেক্ষণের কাজ করছে।

এইচ.আর.বি.সি. খিদিরপুর ব্রিজের লাগোয়া একটি ৪ সারি গাড়ি চলাচলের উপযোগী সেতু, সংযোগকারী রাস্তাসহ, নির্মাণের কাজ শুরু করেছে।

সেতুর হাওড়ার দিকের অংশে অবস্থিত টোল প্লাজার মাধ্যমে বিদ্যাসাগর সেতুর টোল আদায় ব্যবস্থা ১২.১০.৯২ তারিখ থেকে চালু রয়েছে। ২০০২ ক্যালেন্ডার বর্ষে টোল বাবদ মোট ১৩,৮৮,১৮,০৪৫ টাকা আদায় হয়েছে। গড়ে প্রতিদিন প্রায় ৩১,০০০টি গাড়ি এই সেতু দিয়ে পারাপার করে।

এইচ.আর.বি.সি.-কে জে.বি.আই.সি. (পূর্বতন ও.ই.সি.এফ.)-এর ঋণ সহায়তায় নির্মীয়মাণ কলকাতা পরিবহন পরিকাঠামো উন্নয়ন প্রকল্পটি রূপায়ণের দায়িত্বও দেওয়া হয়েছে।

১৭। টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত মেট্রোরেল সম্প্রসারণ

পশ্চিমবঙ্গ সরকার টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত মেট্রোরেল সম্প্রসারণ প্রকল্পে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে। এখনও পর্যন্ত রাজ্য সরকার এই প্রকল্প রূপায়ণের জন্য ৪১ কোটি টাকা দিয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

কৃষির পরে পরিবহন হল দেশের দ্বিতীয় বৃহত্তম কর্মসংস্থান ক্ষেত্র। পরিবহন পরিষেবা বজায় রাখার নৈমিত্তিক কাজগুলি ছাড়াও পরিবহন বিভাগ বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও সেগুলিকে

ধাপে ধাপে রূপায়ণের মাধ্যমে আরও বেশি কর্মসংস্থানের সুযোগ তৈরির চেষ্টা করছে, যার দ্বারা জনসাধারণ সামাজিক ও অর্থনৈতিক উভয় দিক দিয়েই উপকৃত হবেন বলে আমি বিশ্বাস করি।

আমরা বিশ্বায়নের যুগে বাস করছি। প্রযুক্তি ক্ষেত্রের অগ্রগতি জীবনযাপন প্রণালীকে অনেকটাই বদলে দিয়েছে। মহিলারা তাঁদের চিরাচরিত ঘরোয়া জীবনের ক্ষুদ্র গণ্ডি ছেড়ে বেরিয়ে এসে জীবনের সর্বক্ষেত্রে পুরুষদের সঙ্গে সমানভাবে অংশগ্রহণ করছেন। ফলে স্বল্প ও দূরপাল্লা উভয় যাত্রাপথেই মহিলা যাত্রীর সংখ্যা অনেকগুণ বৃদ্ধি পেয়েছে। স্বাভাবিকভাবেই যাত্রাপথে পথি-পার্শ্বস্থ সুযোগ-সুবিধার ব্যবস্থা করা আবশ্যিক হয়ে পড়েছে। আমরা বাস টার্মিনাসগুলিতে ন্যূনতম প্রয়োজনীয় সুযোগ-সুবিধার ব্যবস্থা করার উদ্যোগ নিয়েছি। কিন্তু কেবলমাত্র বাস টার্মিনাসগুলিতে প্রয়োজনীয় সুযোগ-সুবিধার ব্যবস্থা করাই যথেষ্ট নয়। দূরপাল্লার যাত্রায় যাত্রী ও পরিবহন কর্মী সকলের জন্যই পথিমধ্যে এ ধরনের সুযোগ-সুবিধা এবং অন্যান্য স্বাচ্ছন্দ্যের ব্যবস্থা করা দরকার। এই কথা মাথায় রেখে এস.বি.এস.টি.সি. তৈলক্ষেত্রের একটি রাষ্ট্রায়ত্ত সংস্থা আই.বি.পি.-র সঙ্গে কোলাঘাটে এরূপ একটি কেন্দ্র গড়ে তোলার জন্য চুক্তিবদ্ধ হয়েছে। প্রকল্পটি সম্পূর্ণ হয়েছে এবং চালু হয়েছে।

পথ নিরাপত্তা বিষয়ে জনচেতনা বৃদ্ধির উপর জোর দেওয়া হয়েছে। এ ব্যাপারে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে এবং আলোচনাসভার আয়োজন করা হয়েছে।

এই কথা বলে সভার অনুমোদনের জন্য আমি আমার দাবি পেশ করছি।

DEMAND No. 54

Major Heads : 2070—Other Administrative Services, 2215—Water Supply and Sanitation, 2216—Housing, 2217—Urban Development, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 3475—Other General Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4216—Capital Outlay on Housing, 4217—Capital Outlay on Urban Development, 6217—Loans for Urban Development and 6551—Loans for Hill Areas

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,18,14,59,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2070—Other Administrative Services, 2215—Water Supply and Sanitation, 2216—Housing, 2217—Urban Development, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 3475—Other General Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies

and Panchayati Raj Institutions, 4216—Capital Outlay on Housing, 4217—Capital Outlay on Urban Development, 6217—Loans for Urban Development and 6551—Loans for Hill Areas" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 72,71,52,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশ অনুসারে ২০০৩-২০০৪ আর্থিক বছরের জন্য ৫৪নং দাবির অন্তর্গত তপশিলে বর্ণিত খাতসমূহে ২১৮,১৪,৫৯,০০০ (দুশো আঠারো কোটি চোদ্দ লক্ষ উনষাট হাজার টাকা) মঞ্জুরি চাইছি। ইতিমধ্যে ভোট অন্ অ্যাকাউন্টে উত্থাপিত ৭২,৭১,৫২,০০০ (বাহাত্তর কোটি একাত্তর লক্ষ বাহান্ন হাজার টাকা)-এর মধ্যে অন্তর্ভুক্ত আছে।

২। নগরায়ণ, সার্বিক অর্থনৈতিক উন্নয়নের একটি অবিচ্ছেদ্য অঙ্গ, পশ্চিমবঙ্গে অত্যন্ত দ্রুততার সঙ্গে ঘটে চলেছে। সারা দেশের নগরায়ণের হার যেখানে ২৭ শতাংশে সীমাবদ্ধ, এই রাজ্যের ক্ষেত্রে তা ২৮ শতাংশ, যার থেকে এই রাজ্যকে নগরায়ণের ক্ষেত্রে অগ্রণী হিসাবে চিহ্নিত করা যায়। ১৯৯১ সালের আদমসুমারি অনুসারে রাজ্যে শহরাঞ্চলের জনসংখ্যা যেখানে ১৮৭ লক্ষ, ২০০১ সালের আদমসুমারিতে তা বেড়ে দাঁড়িয়েছে ২২৫ লক্ষে অর্থাৎ বৃদ্ধি ২০.২ শতাংশ। শহরাঞ্চলের জনঘনত্ব এই রাজ্যে সবচেয়ে বেশি। আগামী বছরগুলিতে নগরায়ণের বৃদ্ধির হার আরও ত্বরান্বিত হবে বলে আশা করা যায়। এর ফলে সরকারের নিকট ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে একাধিক চ্যালেঞ্জ ও সম্ভাবনা উন্মুক্ত হয়েছে।

৩। সমগ্র পৃথিবী জুড়ে, দ্রুত নগরায়ণ একটি সাধারণ প্রবণতা যা ভারতের মতো উন্নয়নশীল দেশে বেশি করে লক্ষণীয়। বস্তুত শহরাঞ্চলে জনসংখ্যা বৃদ্ধি একটি চিন্তার বিষয়, যদিও এই বৃদ্ধি রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন সুযোগ সৃষ্টি করেছে। পাশাপাশি অপ্রতুল পরিকাঠামো, বেকারিত্ব, শহরাঞ্চলে দারিদ্র্য, ন্যূনতম পরিষেবার অভাব, লিঙ্গ বৈষম্য ও পরিবেশগত মানের অবনতি রাজ্যকে কঠিন পরীক্ষার মুখোমুখি দাঁড় করিয়েছে।

৪। সুষম আঞ্চলিক উন্নয়নের বিষয়টি সরকারের কাছে অগ্রাধিকার প্রাপ্ত বিষয়গুলির মধ্যে অন্যতম। এই কথা মাথায় রেখে রাজ্যে দ্রুত নগরায়ণের উদ্দেশ্যে উন্নয়ন সংস্থাগুলি গঠিত হয়েছে। ভবিষ্যতে প্রয়োজনের ভিত্তিতে আরও এই ধরনের সংস্থা গঠন করা যেতে পারে। সংবিধানের ৭৪তম সংশোধনীতে জেলাস্তরে ও মহানগর অঞ্চলে আলাদা আলাদা পরিকল্পনা কমিটি গঠনের কথা বলা হয়েছে। এই কমিটিগুলিতে নির্বাচিত প্রতিনিধিগণ জনগণের সর্বোচ্চ স্বার্থ রক্ষার্থে নগর বিশেষজ্ঞদের দ্বারা প্রণীত পরিকল্পনা বিবেচনা ও সংশোধন করতে পারবেন। পশ্চিমবঙ্গ এ ব্যাপারে অগ্রণী ভূমিকা নিয়েছে ও এটিই একমাত্র

রাজ্য যা পশ্চিমবঙ্গ মহানগর পরিকল্পনা কমিটি আইন, ১৯৯৪ অনুসারে ২০০১ সালের অক্টোবরে কলকাতা মহানগরী পরিকল্পনা কমিটি গঠন করেছে। কলকাতা মহানগরী পরিকল্পনা কমিটি ৪০ জন নির্বাচিত প্রতিনিধি ও ২০ জন মনোনীত সদস্যদের নিয়ে গঠিত হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী এই কমিটির সভাপতির দায়িত্বভার গ্রহণ করেছেন। এই কমিটি বেশ কিছু সাব-কমিটি গঠন করেছে যেগুলি নিকাশি, পরিযাণ, পরিবহন, জল সরবরাহ, শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান, পরিবেশ ও ঐতিহ্য সংরক্ষণ-এর মতো প্রধান বিষয়গুলি দেখাশোনা করবে। কলকাতা মহানগরী উন্নয়ন এলাকার জন্য একটি বিশদ উন্নয়ন পরিকল্পনার খসড়া তৈরির জন্য মহানগরী পরিকল্পনা কমিটি ও সাব-কমিটিগুলির একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে।

৫। শহরাঞ্চলের এই বৃহৎ ও ক্রমবর্ধমান জনসংখ্যার প্রয়োজনের সুবিধাদির ব্যবস্থা করাই সরকারের কাছে একটি প্রধান চ্যালেঞ্জ। এই পরিষেবা প্রদান আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে কারণ এই রাজ্য শিল্পায়নের অগ্রগতির জন্য লগ্নিকারীদের সুযোগ-সুবিধা প্রদানের ব্যাপারে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে। তথ্যপ্রযুক্তি শিল্পের আদর্শ বিনিয়োগ ক্ষেত্র হিসাবেই এই রাজ্যে প্রয়োজন আধুনিক কাজের পরিবেশ ও দ্রুত যোগাযোগ ব্যবস্থাযুক্ত উচ্চমানের পরিকাঠামো। এ ছাড়া সরকার ছোট ও মাঝারি শিল্পে বিনিয়োগ আকর্ষণ করতে সচেষ্ট, যাতে বিরাট সংখ্যায় অর্ধ-দক্ষ ও অদক্ষ শ্রমিকের কর্মসংস্থানের সুবিধা হয়। এর জন্য প্রয়োজন একই সাথে অত্যাধুনিক পরিকাঠামো নির্মাণ এবং অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য বিশেষ কর্মসূচি গ্রহণ যাতে সারা রাজ্যে শহরাঞ্চলের উন্নয়নে সমতা সৃষ্টি হয়।

৬। যেহেতু এই বিপুল কর্মযজ্ঞের ভার সরকারের একার পক্ষে বহন করা অসম্ভব, সরকার এই রাজ্যের বিভিন্ন নগর উন্নয়ন প্রকল্পে বেসরকারি লগ্নিকারীদের অংশগ্রহণের প্রস্তাব রাখছে। একাধিক নগর উন্নয়ন প্রকল্প সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগের মাধ্যমে রূপায়ণের প্রস্তাব আছে। এই বিষয় সংক্রান্ত একটি নীতি বর্তমানে বিবেচনাধীন রয়েছে। সরকারের সীমিত আর্থিক ক্ষমতার পরিপ্রেক্ষিতে এই নীতি গ্রহণ আরও আবশ্যক হয়েছে। সরকারের কাছে এও অজানা নয় যে, কেবলমাত্র পরিকাঠামো গঠনের মাধ্যমে বেসরকারি অংশীদারদের আকর্ষণ করা অথবা সুষম উন্নয়ন সম্ভব নয়। তার জন্য প্রয়োজন স্বাস্থ্য, শিক্ষা, দক্ষতা, কর্মবিনিয়োগের সুযোগ ও সমাজের সকল শ্রেণীর মানুষের জীবনযাপনের মানোন্নয়ন ইত্যাদির মাধ্যমে শহর কেন্দ্রীক সমাজের সার্বিক উন্নয়নের ব্যাপারে গুরুত্ব প্রদান। শহরাঞ্চলের দ্রুত উন্নয়নের পাশাপাশি পরিবেশ সংরক্ষণের বিষয়টিও জরুরি।

৭। সরকার এই চ্যালেঞ্জ মোকাবিলার ক্ষেত্রে দৃঢ়প্রতিজ্ঞ ও এ ব্যাপারে নির্বাচিত প্রতিনিধি, বেসরকারি লগ্নিকারী ও সাধারণ মানুষের কাছ থেকে সর্বতোভাবে সহযোগিতা কামনা করে। এই বিষয়ে জেলা পরিকল্পনা কমিটি ও কলকাতা মহানগরী পরিকল্পনা কমিটির মাধ্যমে বিকেন্দ্রীকৃত পরিকল্পনা বিশেষভাবে কার্যকর হবে।

৮। সরকারি বা যৌথ-মালিকানাধীন প্রকল্প রূপায়ণের জন্য খরচ যাতে ব্যবহারকারীদের কাছ থেকে চার্জ হিসাবে আদায় করা যায়, সে ব্যাপারে সরকার বিশেষভাবে আগ্রহী। কলকাতা মহানগরী অঞ্চলের সমস্ত পুরসভাগুলি তাদের সরবরাহ করা পানীয় জলের ক্ষেত্রে

জলকর আদায়ের ব্যাপারে সম্মতি জানিয়েছে। এর ফলে পৌরনিগমগুলি জল সরবরাহ ও এর রক্ষণাবেক্ষণের জন্য কে.এম.ডি.এ.-কে তাদের প্রাপ্য পরিশোধ করতে সমর্থ হবে। শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষ দ্বারা নির্মিত ফুলবাড়ি বাইপাস থেকে তারা টোল ট্যাক্স আদায় করছে। নগর উন্নয়ন বিভাগ ভবিষ্যতে এই ধরনের বৃহৎ প্রকল্পে একই নীতি অবলম্বন করতে পারে। কলকাতা ও বিমানবন্দরের মধ্যে যোগাযোগের জন্য সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে বিধাননগর বাইপাস নির্মিত হয়ে, একই সাথে কিছু রাজস্ব আদায়ের সম্ভাবনা সৃষ্টি হবে।

৯। কে.এম.ডি.এ.

১৯৭০ সাল থেকে কে.এম.ডি.এ. কলকাতা মহানগরীর উন্নতির পথিকৃৎ হিসাবে কাজ করে আসছে। আগামী ২৫ বছরের উন্নয়নমূলক কর্মসূচির একটি খসড়া সামগ্রিক পরিকল্পনা—"ভিশন-২০২৫" রচিত হয়েছে। কে.এম.পি.সি.তে আলোচনা ও প্রয়োজনীয় সংশোধনের পর এটি কলকাতা মহানগরীর খসড়া উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত হবে।

উলুবেড়িয়া-১, বালি-জগাছা, ভাঙড়-১ অঞ্চলের খসড়া ভূমি ব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনা (LUDCP)-এই বছরে রচিত হয়েছে। সাঁকরাইল-শ্রীরামপুর, উত্তরপাড়া, ভাঙড়-২ এবং বজবজ-এর খসড়া এল.ইউ.ডি.সি.পি. রচনার কাজ চলছে।

১০। মেগাসিটি

মূলত কলকাতা মহানগরীর উন্নতির লক্ষ্যে অষ্টম ও নবম যোজনার অন্তর্গত আট বছরে ১,৬০০ কোটি টাকা বরাদ্দে কলকাতা মেগাসিটি প্রোগ্রাম তৈরি হয়েছিল। প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনার রূপটি ছিল কেন্দ্রীয় সহায়তা—২৫%, রাজ্য সরকার—২৫% ও আর্থিক প্রতিষ্ঠান—৫০%। ১৯৯৩-৯৪ সাল থেকে আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার দিয়েছে ১৮৬.৬৮ কোটি টাকা এবং রাজ্য সরকার দিয়েছে ২৭৮.৬৫ কোটি টাকা। ২০০২-এর ডিসেম্বর পর্যন্ত ৫৫৪.১৮ কোটি টাকা ব্যয় হয়েছে। আর্থিক সহায়তার শর্ত অনুসারে ভারত সরকারের সাহায্যের পরিমাণ বার্ষিক ৫০ কোটি টাকা হওয়া উচিত ছিল, কিন্তু গড়ে বছরে এ বাবদ ১৮ কোটি টাকা এসেছে। এই আর্থিক অপ্রতুলতা কাজের গতিকে শুধুমাত্র ব্যাহত করেনি, নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে। এখন অবধি ৯০১ কোটি টাকা ব্যয় বরাদ্দের ১০৬টি প্রকল্প গৃহীত হয়েছে, যার মধ্যে ৬৫টি প্রকল্প সম্পন্ন হয়েছে। বাকিগুলির কাজ চলছে।

১১। যান ও পরিবহন

কোনা এক্সপ্রেসওয়ের প্রশস্তিকরণের ফলে যানের ভিড় এড়ানো গেছে এবং পার্শ্ববর্তী এলাকার জনসাধারণের অনেক উপকার হয়েছে। সার্কুলার ক্যানেলের উপর চাউলপট্টি রোড ও সাউথ শিয়ালদহ রোড-এর সংযোগকারী আর.সি.সি. ব্রিজের নির্মাণের ফলে শিয়ালদহ এবং তৎসংলগ্ন অঞ্চলের যানের ভিড় এড়ানো গেছে। ৪নং উড়ালপুল ম্যাসটিক আসফল্ট

দিয়ে মুড়ে দেওয়ায় দ্রুত যান চলাচলের সুবিধা করে দিয়েছে। বি.কে. এক্সপ্রেসওয়ের উন্নতির ফলে যান চলাচলের মাত্রা বৃদ্ধি পেয়েছে।

৪৪.২২ একর জায়গা জুড়ে কে.এম.ডি.এ.-র কোনা ট্রাক টার্মিনাল প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ প্রায় সম্পূর্ণ হয়েছে। কোনা ট্রাক টার্মিনালের প্রথম পর্যায়ের অন্তর্গত মোট ১৮ একর বিক্রয়যোগ্য জমিকে বিভিন্ন ব্যবহারিক উদ্দেশ্যের ৭১টি প্লটে বিভক্ত করা হয়েছে। পরিবহন ব্যবসা এবং ধাবা নির্মাণের জন্য প্লট ইতিমধ্যে নির্বাচিত উপভোক্তাদের মধ্যে আবন্টন করা হয়েছে। ২০০৩-এর এপ্রিল মাসের মধ্যে ট্রাক পার্কিং লটের উদ্বোধন হওয়ার প্রস্তাব আছে। কোনা ট্রাক টার্মিনালের নির্মাণের ফলে শহরের যান চলাচলের অবস্থার উন্নতি হবে।

১২। জল সরবরাহ

কলকাতা পৌরনিগমের সংযুক্ত এলাকা এবং কলকাতার দক্ষিণে নতুন গড়ে ওঠা পৌর এলাকাগুলির জলের চাহিদা মেটানোর জন্য গার্ডেনরিচ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের জল শোধন ক্ষমতা দৈনিক ৬ কোটি গ্যালন থেকে বাড়িয়ে ১২ কোটি গ্যালন করা হয়েছে। এই প্রকল্পে পরিশোধিত জলের শতকরা ৬০ ভাগের বেশি পৌরনিগমের এলাকায় সরবরাহ করা হয়। গার্ডেনরিচ প্রকল্পের ক্ষমতা বৃদ্ধির সাথে সাথে তার 'কমান্ড এরিয়ায়'—বিশেষ করে যাদবপুর গড়ফা অঞ্চলে সরবরাহ ব্যবস্থার উন্নতির প্রয়োজন অনুভূত হয়। সেই অনুসারে গড়ফায় 'বুস্টার পাম্প' সহ ৩৫ লক্ষ গ্যালনের একটি ভূগর্ভস্থ জলাধার নির্মাণ করে কে.এম.ডি.এ. সম্প্রতি চালু করেছে। এই প্রকল্পের পূর্ণ সুবিধা পেতে পুরসভার সরবরাহ ব্যবস্থার আরও কিছু উন্নতির প্রয়োজন আছে। যাই হোক এই প্রকল্প রূপায়িত হওয়ার ফলে গ্রাহকদের কিছুটা সুবিধা অবশ্যই হয়েছে।

এই বছরে কোনা ভূগর্ভস্থ জলাধার নির্মাণের কাজও সম্পন্ন হয়েছে। এছাড়াও উত্তরপাড়া, দমদম, দক্ষিণ দমদমের জল সরবরাহ বৃদ্ধি এবং রিষড়া, জেটিয়া ইত্যাদি প্রান্তিক অঞ্চল জল সরবরাহ প্রকল্পের কাজও শেষ হয়েছে। এই সমস্ত সূত্রের ক্ষমতা বৃদ্ধির ফলে প্রায় ১.৭৭ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন।

১৩। অনাময় ব্যবস্থা

হাওড়া সি.টি.সি. বাস স্ট্যান্ডে গণশৌচাগার চালু হওয়ায় বহু যাত্রীর সুবিধা হয়েছে। চন্দননগর গড় খালের কাজ সম্পন্ন হওয়ায় বর্জ্য প্রবাহের মাত্রা বেড়েছে। স্থানীয় বাসিন্দাদের সুবিধার্থে পি. মজুমদার রোডের নিকাশি ব্যবস্থার উন্নতিসাধন করা হয়েছে।

১৪। আবাসন

নগরায়ণের অগ্রগতির সঙ্গে সমতাবিধানের লক্ষ্যে জনগণের অন্যতম মৌলিক চাহিদা বাসস্থানকে কে.এম.ডি.এ. সর্বাধিক গুরুত্ব দিয়েছে। আর্থিক দিক দিয়ে দুর্বল মানুষদের জন্য কে.এম.ডি.এ. ইতিপূর্বে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী ২১৮৪ জনকে বৈষ্ণবঘাটা পাটুলিতে

গৃহ আবণ্টন করেছে। পূর্ব কলকাতায় কে.এম.ডি.এ. ২৭৩৬টি কেন্দ্রীয় গৃহের নির্মাণকার্য সম্পন্ন করেছে এবং বি.পি. টাউনশিপ্, বাঘাযতীন হাউসিং, বরানগর হাউসিং, গল্ফগ্রীন হাউসিং, সল্টলেক হাউসিং প্রভৃতি বিভিন্ন আবাসন প্রকল্পকে হস্তান্তর করেছে।

শহরের এল.আই.জি. বিভাগের অন্তর্গত মানুষদের জন্য আবাসনের প্রয়োজনীয়তাকে সরকার সমান গুরুত্ব দিয়েছে। কে.এম.ডি.এ. বাল্মিকী আম্বেদকর আবাস যোজনার অন্তর্গত দুটি প্রকল্পে ৬৮৮টি বাড়ি তৈরির কাজ হাতে নিয়েছে। এই প্রকল্পের অধীনে আরও ৪৮০টি অতিরিক্ত ইউনিট তৈরির কাজ হাতে নিতে চলেছে।

১৫। কলকাতা বস্তি উন্নয়ন প্রকল্প (CSIP)

ব্রিটিশ সরকারের বৈদেশিক সহায়তা বিভাগের (DFID) সাহায্যপ্রাপ্ত এই প্রকল্পের তৃতীয় পর্যায়ের কাজ Phase-IC এই বছর সফলভাবে সমাপ্ত হয়েছে। প্রায় ১২ কোটি টাকা ব্যয়ের এই প্রকল্পে টিটাগড় ও ব্যারাকপুর পৌরসভার নির্বাচিত বস্তি এলাকার যথাক্রমে ২৫ হাজার ও ১০ হাজার মানুষের সামগ্রিক উন্নয়ন সাধিত করেছে। এই প্রকল্পের ফলাফল, বিশেষ করে বহমানতার ক্ষেত্রে, খুবই আশাব্যঞ্জক। DFID নিযুক্ত নিরপেক্ষ পরামর্শদাতারা সহ অনেকেই এই প্রকল্পের প্রশংসা করেছেন। এই সাফল্যের মূল সূত্র হিসাবে উল্লিখিত হয়েছে—'সম্প্রদায়ের মহিলাদের মাধ্যমে মাইক্রো পরিকল্পনা', 'বাড়ি কমিটি-রাস্তা কমিটি-পাড়া কমিটির মতো বস্তিবাসীদের তৃণমূল স্তরের সাংগঠনিক কাঠামো', 'মহিলাদের ক্ষমতায়নের উপর জোর এবং আইনি সাক্ষরতার মাধ্যমে অংশগ্রহণ এবং বিভিন্ন কমিটিতে তাদের প্রতিনিধিত্ব' ইত্যাদি। মূলত এই প্রকল্পটি ছিল 'বস্তিবাসীদের, বস্তিবাসীদের দ্বারা এবং বস্তিবাসীদের জন্য'। কে.এম.ডি.এ. এবং সংশ্লিষ্ট পুরসভার নির্বাচিত প্রতিনিধিরা ছিলেন সহায়ক ভূমিকায়।

১৬। বস্তি উন্নয়ন

বস্তিবাসী শহুরে দরিদ্রদের বিশেষ চাহিদাগুলি অগ্রাধিকারে রেখে কে.এম.ডি.এ. চারটি নির্বাচিত পুরসভা যথা—গঙ্গার পশ্চিম তীরে রিষড়া ও চাঁপদানি এবং পূর্ব তীরে কামারহাটি ও ব্যারাকপুর এবং কলকাতা ও হাওড়া পুর এলাকার জন্য ৮.৬ কোটি টাকার একটি প্রকল্প হাতে নিয়েছে। প্রকল্পটির পরিকল্পনা ও নকশা প্রস্তুত করা হয়েছে সংশ্লিষ্ট পুরসভাগুলির সাথে আলোচনা করে এবং রূপায়ণের কাজও হচ্ছে তাদের ঘনিষ্ঠ সহযোগিতায়। ইতিমধ্যেই ৬.৮ কোটি টাকার কাজ শুরু হয়ে গেছে। প্রকল্পটির খরচ রাজ্য পরিকল্পনা খাত থেকে নির্বাহ করা হবে। এই প্রকল্পের মোট অনুমিত উপকৃতের সংখ্যা হবে ১.২১ লক্ষ।

১৭। অঞ্চল উন্নয়ন

নতুন নতুন উপনগরী গড়ে তোলা কে.এম.ডি.এ.-র একটি গুরুত্বপূর্ণ কাজ। ডানকুনিতে ১৬৭ বর্গ কিলোমিটার জুড়ে একটি নতুন উপনগরী তৈরির পরিকল্পনা করা হয়েছে। এই নগরের দ্বারা ১০ লক্ষ মানুষ উপকৃত হবেন। দ্রুতগতিতে কাজ করার জন্য প্রস্তাবিত প্রকল্প অঞ্চলে একটি অফিস খোলা হয়েছে। পশ্চিম হাওড়াতে ১৬৪ একর জায়গা

জুড়ে আবাসিক, বাণিজ্যিক ও প্রতিষ্ঠানিক চাহিদা পূরণের জন্য অন্য একটি গুরুত্বপূর্ণ প্রকল্প নেওয়া হয়েছে। তথ্যপ্রযুক্তি শিল্পগুলিকে আকৃষ্ট করার জন্য নোনাডাঙ্গাতে 'ডিজিটাল ডেসটিনেশন' নামে একটি আধুনিক উপনগরী স্থাপনের পরিকল্পনা করা হয়েছে। এই নগরীতে তথ্যপ্রযুক্তি ক্ষেত্রের শিল্প প্রতিষ্ঠানগুলি আধুনিক পরিকাঠামো সহযোগিতা পাবে এবং সাথে সাথে জলাশয় ও আমোদ-প্রমোদের সুবিধা সমন্বিত মনোরম পরিবেশে তথ্যপ্রযুক্তি শিল্পের কর্মীদের বসবাসের ব্যবস্থা থাকবে। বিধাননগরে বেঙ্গল-অম্বুজা মেট্রো ডেভেলপমেন্ট লিমিটেড নামে যৌথ উদ্যোগের মাধ্যমে 'সিটি-সেন্টার' নামে একটি বাণিজ্যিক ও সাংস্কৃতিক কমপ্লেক্স নির্মাণ করা হচ্ছে।

১৮। গঙ্গা অ্যাকশন প্ল্যান

আমি খুবই আনন্দিত যে, কে.এম.ডি.এ. গঙ্গা অ্যাকশন, প্রথম পর্যায়ের অধীনে তৈরি বর্জ্য পরিশোধন কেন্দ্রগুলির (STP) পরিচালনা ভালভাবে করছে। সুপ্রিম কোর্ট কর্তৃক কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের প্রতিনিধিদের দ্বারা গঠিত একটি কমিটি এর কাজ পরিদর্শন করেছে এবং সন্তোষ প্রকাশ করেছে। কে.এম.ডি.এ.-র নিজস্ব অর্থ ছাড়াও রাজ্য সরকার STP-এর পরিচালনের জন্য বছরে ৬ কোটিরও বেশি টাকা ব্যয় করছে।

এখানে উল্লেখ্য যে, ভারত সরকারের অর্থনৈতিক বিষয়ের ক্যাবিনেট কমিটি (C.C.E.A.) ইতিপূর্বে গঙ্গা অ্যাকশন প্ল্যান, দ্বিতীয় পর্যায়ের (G.A.P.-Phase-II) জন্য ৩২৯.৬৫ কোটি টাকার প্রশাসনিক অনুমোদন দিয়েছে। রাজ্য সরকার G.A.P.-Phase-II-এর অন্তর্গত একাধিক প্রকল্প যাদের মোট আনুমানিক ব্যয় বরাদ্দ ১৮০ কোটি টাকা, এর জন্য বিস্তারিত প্রকল্প রিপোর্ট (DPR) তৈরি করেছে। এবং আরও ১০০ কোটি টাকার প্রকল্পগুচ্ছের DPR প্রস্তুতির পথে। রাজ্য সরকার এই প্রকল্পের পরিকল্পনা ও রূপায়ণে পুরসভাসহ সংশ্লিষ্ট এজেন্সিগুলির অংশগ্রহণ সুনিশ্চিত করছে। যদিও রাজ্য সরকার G.A.P.-Phase-II--এর সফল রূপায়ণ করতে বদ্ধপরিকর, তা সত্ত্বেও বেশ কিছু কাজের ডি.পি.আর.-এ অনুমিত ব্যয় কমানো সম্ভব হয়েছে। এই সঞ্চয় C.C.E.A. কর্তৃক অনুমোদিত কাজের পরিধি সংকোচনের মাধ্যমে নয়, কে.এম.ডি.এ. এবং পৌরসভাগুলির প্রযুক্তিবিদদের পরিকল্পনায় দক্ষতার মাধ্যমে অর্জিত হয়েছে।

G.A.P.-এর অন্তর্গত শহরগুলিতে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার (SWM) অসংগঠিত ও অবৈজ্ঞানিক পদ্ধতি—নদী দূষণের অন্যতম কারণ। আমরা এই শহরগুলিতে SWM প্রকল্প গ্রহণের জন্য ৫০.৩২ কোটি টাকা বরাদ্দ করতে চাই। ২৬টি শহরে SWM প্রকল্প রূপায়ণের জন্য কে.এম.ডি.এ. সামগ্রিক পরিকল্পনা রচনা করবে। অত্যন্ত দূষিত মহানন্দা নদীর, যা গঙ্গাকেও দূষিত করছে, দূষণ রোধের জন্য রাজ্য সরকার ডি.পি.আর. প্রস্তুত করেছে। মহানন্দা দূষণ রোধের প্রকল্পকে G.A.P.-Phase-II-র অন্তর্ভুক্ত করে অতিরিক্ত ৩৭ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। C.C.E.A.-র অনুমোদিত ৩২৯.৬৫ কোটি টাকার, যার মধ্যে রাজ্য সরকার দেয় জমির মূল্যও অন্তর্ভুক্ত আছে, প্রকল্পব্যয়ের মধ্যে উক্ত প্রকল্পকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব ভারত সরকারকে পাঠানো হয়েছে।

১৯। সৌন্দর্যায়ন প্রকল্প

মিলেনিয়াম পার্কের পর ফেয়ারলি প্লেস জেটির উত্তর থেকে ব্রাবোর্ন রোড পর্যন্ত নদী তীর সৌন্দর্যায়নের পরিকল্পনা সম্পূর্ণ হয়েছে। কলকাতা পোর্ট ট্রাস্টের কাছ থেকে জায়গা পাওয়া গেলেই NRCD কর্তৃক দেয় ১৯৬ লক্ষ টাকা দিয়ে প্রথম পর্যায়ের কাজ শুরু হবে। সম্প্রতি কে.এম.ডি.এ. চন্দননগরের স্যুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট কমপ্লেক্স-এর সৌন্দর্যায়ন করেছে। অল্প প্রবেশ মূল্যে জনসাধারণ এই পার্কের সুযোগ-সুবিধা ভোগ করছে। আমরা এই ধরনের আরও প্রকল্প গ্রহণ করতে চাই এবং প্রবেশ মূল্য আদায়ের মাধ্যমে রক্ষণাবেক্ষণ ব্যয়ের অন্তত কিছুটা পূরণ করার প্রস্তাব রাখছি।

২০। কলকাতা উন্নয়ন সংস্থা

কলকাতা শহরের সর্বাঙ্গীন উন্নতির জন্য কলকাতা উন্নয়ন সংস্থা ১৯১২ খ্রিস্টাব্দ থেকে কাজ করে আসছে। কে.আই.টি. তার নিজের জায়গায় কতকগুলি আবাসিক ও বাণিজ্যিক প্রকল্প রূপায়ণের কাজ হাতে নিয়েছে। দক্ষিণাপণ কমপ্লেক্সের নিকটবর্তী আয়কর বিভাগের ভবনের প্রথম থেকে তৃতীয় তল পর্যন্ত হস্তান্তরিত করা হয়েছে এবং বাকি তিনটি তল হস্তান্তরের জন্য প্রায় প্রস্তুত হয়েছে। আশা করা যাচ্ছে গল্ফ ক্লাবের কাছে ইন্ডিয়ান অয়েলের ৪০টি ফ্ল্যাট নির্মাণের কাজ শীঘ্রই সম্পন্ন হয়ে যাবে। কসবা কানেক্টরে একটি অফিস ভবনের কাজ প্রায় সম্পন্ন হয়ে আসছে। ইন্ডিয়ান অয়েল এই ভবনটি সম্পর্কে আগ্রহ প্রকাশ করেছে। উল্টোডাঙাতে একটি অফিস-সহ বাণিজ্যিক ভবনের নির্মাণ কাজ চলছে। কসবাতে রাসবিহারী কানেক্টরে ২৪টি ফ্ল্যাট নির্মাণের কাজ প্রায় শেষের পথে। ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের জন্য গল্ফ ক্লাবের কাছে একটি অফিস ভবনের নির্মাণের কাজ চলছে। বেসরকারি শিল্পোদ্যোগীদের সঙ্গে কয়েকটি যৌথ উদ্যোগ প্রকল্পের কথা K.I.T. বিবেচনা করছে। আশা করা যাচ্ছে নারকেলডাঙা মেইন রোডে পথচারীদের জন্য সুড়ঙ্গ পথ নির্মাণের কাজটি খুব শীঘ্রই সম্পূর্ণ হয়ে যাবে।

২১। হাওড়া উন্নয়ন সংস্থা

হাওড়া উন্নয়ন সংস্থা (এইচ.আই.টি.) নগরায়ণের পরিকাঠামোগত উন্নতির জন্য বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। এর মধ্যে বালি পুরসভা এলাকায় মহানালা ও এই এলাকার অন্যান্য নিকাশী নালা সংস্কারের পাশাপাশি উলুবেড়িয়ার রাস্তা ও নিকাশী নালার সংস্কার কাজও আছে। আগামী বছরে বালি ও উলুবেড়িয়ায় রবীন্দ্র ভবনের সংস্কার ছাড়াও বিভিন্ন রাস্তা ও নিকাশী নালার সংস্কার কাজে অগ্রাধিকার দেওয়া হবে।

২২। উপনগরী

নগর উন্নয়ন বিভাগ বিধাননগর ও কল্যাণী উপনগরীর বিভিন্ন পরিকাঠামোর উন্নয়নের জন্য কাজ করে চলেছে। এ ব্যাপারে একাধিক প্রকল্প হাতে নেওয়া হয়েছে ও পৌর পরিষেবার উন্নতির জন্য নিয়মিত কাজ চলছে।

২৩। এ পর্যন্ত শহরে জমির (উর্ধ্বসীমা ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৭৬-এর অধীনে মোট ৪৫,৪৭,০৭৪.৩১ বর্গ মিটার জমিকে সরকার ন্যস্ত ঘোষণা করেছে। এর মধ্যে ১৪,০২,০৯৬.৯৪ বর্গ মিটার জমির দখল সরকার দিতে পেরেছে। রাজ্য সরকার অদ্যাবধি ৫,৩৬,৯৬৪.৮৬ বর্গ মিটার জমি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ, পুরসভা, শিক্ষা প্রতিষ্ঠান, দাতব্য প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে আবণ্টন করেছে। বর্তমান বছরে ৩১,৪৫৭.০৬ বর্গ মিটার জমি একই উদ্দেশ্যে আবণ্টন করা হয়েছে। পাশাপাশি এই রাজ্যে বর্তমান শিল্পগুলির উন্নতির স্বার্থে বিভিন্ন শিল্প সংস্থাকে শিল্পের প্রসার বা পুনরুজ্জীবনের প্রয়োজনে অতিরিক্ত খালি জমি ব্যবহার করতে সরকার অনুমতি দিয়েছে।

২৪। কে.এম.ডি.-এ ছাড়াও বিভিন্ন উন্নয়ন কর্তৃপক্ষ নিজ নিজ এলাকার শিল্প, পরিকাঠামোগত ও সামাজিক উন্নয়নে একাধিক কর্মসূচি রূপায়ণ করছে। তাদের ঐকান্তিক প্রচেষ্টার লক্ষ্য হল শহরাঞ্চলের পরিকাঠামোর উন্নয়ন, উন্নতমানের পরিষেবা, সমাজের বিভিন্ন স্তরের মানুষের জন্য বিশেষত দুর্বল শ্রেণীর জন্য বাসস্থানের সুব্যবস্থা করার মাধ্যমে অঞ্চলের সামগ্রিক উন্নয়ন। তাদের বিধিবদ্ধ কার্যাবলীর মধ্যে পড়ে জমি ব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনা (এল.ইউ.ডি.সি.পি.)-রচনা করার কাজ। দ্রুত উন্নয়নের স্বার্থে বেসরকারি উদ্যোগকেও স্বাগত জানানো হচ্ছে, যাতে যৌথ মালিকানার অধীনে কাজগুলি সম্পন্ন করা সম্ভব হয়।

২৫। উন্নয়ন কর্তৃপক্ষগুলি শিল্প ক্ষেত্রে বিনিয়োগ আকর্ষণের সরকারি উদ্যোগকে সাহায্য করে চলেছে। এই প্রসঙ্গে আমি গত ফেব্রুয়ারি, ২০০৩-এ শিলিগুড়িতে অনুষ্ঠিত 'গন্তব্য উত্তরবঙ্গ' নামক বিনিয়োগকারী সম্মেলনের বিশেষভাবে উল্লেখ করতে চাই। এই একদিনের সম্মেলনে বিরাট সংখ্যক বিনিয়োগকারী যোগ দিয়েছিলেন। এঁদের মধ্যে অনেকেই ওই এলাকায় বিভিন্ন প্রকল্পে বিনিয়োগের পরিকল্পনা করছেন। বিভিন্ন উন্নয়ন কর্তৃপক্ষ একই ধরনের আলোচনাসভা অনুষ্ঠিত করে শিল্পে বিনিয়োগ আকর্ষণ করার চেষ্টা করছে। দেখা গেছে যে, এই ধরনের কর্মসূচি উদ্যোগ সহায়ক রূপে সরকারের ভাবমূর্তি শুধু বৃদ্ধি করে না, এর ফলে ওই সব এলাকায় শিল্পোদ্যোগের সম্ভাবনা প্রকৃতপক্ষেই অনেক বৃদ্ধি পায়।

২৬। উন্নয়নমূলক সংস্থাগুলির মধ্যে বাল্মিকী আম্বেদকর আবাস যোজনা (VAMBAY) প্রকল্পে হলদিয়া উন্নয়ন সংস্থা ৩৫২টি গৃহ নির্মাণের কাজ সম্পন্ন করেছে এবং আরও ২০০টির নির্মাণের কাজ চলছে। আসানসোল-দুর্গাপুর উন্নয়ন সংস্থা ৪০৩২টি এবং শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন সংস্থা ১৬০টি গৃহ নির্মাণের কাজ হাতে নিয়েছে। কে.এম.ডি.এ. ৬৮৮টি বহুতল আবাসনের জন্য ২টি পরিকল্পনা হাতে নিয়েছে। শহরের গরিব ও উস্বাস্তুদের বসবাসের জন্য গার্ডেনরিচে বাল্মিকী আম্বেদকর আবাস যোজনার অন্তর্গত ৩০০০টি বাসস্থান নির্মাণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

২৭। বর্তমানে হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ জমি, উপযুক্ত পরিকাঠামো ও অন্যান্য প্রয়োজনীয় পরিকাঠামোগত পরিষেবা নিয়ে শিল্পোন্নয়নের স্বার্থে একটি 'এক-জানালা' পরিষেবা ব্যবস্থা চালু রেখেছে।

২৮। শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষ আগামী ২৫ বছরের জন্য একটি সামগ্রিক পরিকল্পনা প্রণয়ন করছে। শিলিগুড়ি-জলপাইগুড়ি পরিকল্পনা অঞ্চলের জন্য বিস্তারিত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতির কাজ চলছে রাষ্ট্রসঙ্ঘের সংস্থা ইউনিসেফের সহযোগিতায়। খড়্গপুর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (I.I.T.) কারিগরি জ্ঞান এ বিষয়ে কাজে লাগানো হচ্ছে। আশেপাশের ক্রমবিকাশমান অঞ্চলগুলিকে এই পরিকল্পনা অঞ্চলের অন্তর্ভুক্ত করার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। নির্মীয়মাণ প্রধান প্রকল্পের মধ্যে আছে কদমতলায় মিনিবাসের স্ট্যান্ড, জলপাইগুড়িতে অডিটোরিয়াম তথা আর্ট গ্যালারির কাজ, শিলিগুড়িতে মুক্তাঙ্গন নাট্যশালা নির্মাণ ইত্যাদি।

২৯। শ্রীনিকেতন-শান্তিনিকেতন উন্নয়ন কর্তৃপক্ষ গীতাঞ্জলি নামের সাংস্কৃতিক কমপ্লেক্সের প্রথম পর্যায়ের কাজ শেষ করেছে। দ্বিতীয় পর্যায়ের কাজ চলছে। এই কেন্দ্র নির্মাণের ফলে শান্তিনিকেতনকে সংস্কৃতির কেন্দ্র হিসাবে পুনরুজ্জীবিত করা সম্ভব হবে।

৩০। দিঘা উন্নয়ন কর্তৃপক্ষ পর্যটক আকর্ষণকারী প্রকল্পগুলির উপর বিশেষ জোর দিচ্ছে। নতুন দিঘার সার্বিক উন্নয়নের প্রকল্পের বিষয়ে খসড়া প্রস্তুতির কাজ চলছে।

৩১। জয়গাঁও উন্নয়ন কর্তৃপক্ষ এই দ্রুত বর্ধমান শহরাঞ্চলের জন্য একটি সামগ্রিক পরিকল্পনা রচনার কাজে হাত দিয়েছে।

৩২। নতুন স্থাপিত বর্ধমান উন্নয়ন কর্তৃপক্ষ এর এলাকাভুক্ত জায়গায় জমি ব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনা তৈরির কাজ হাতে নিয়েছে।

৩৩। মহাশয়, আমি এই অল্প পরিসরে নগর উন্নয়ন বিভাগের শহর ও গ্রাম পরিকল্পনা শাখার বিভিন্ন উন্নয়নমূলক কাজের মধ্যে শুধুমাত্র প্রধান কয়েকটি বিষয় ও প্রকল্প নিয়ে আলোচনা করলাম। এ প্রসঙ্গে বলা যায় যে শহর ও গ্রাম পরিকল্পনা শাখার জন্য ২০০২-০৩ আর্থিক বছরে মোট ৩৮.৪২ কোটি টাকা বিভিন্ন প্রকল্পের জন্য বরাদ্দ ছিল যার মধ্যে হাডকো (HUDCO) সাহায্যপ্রাপ্ত প্রকল্পগুলির রূপায়ণের জন্য বরাদ্দ ১৬.৫৮ কোটি টাকা ও পূর্বতন মৌলিক ন্যূনতম পরিষেবা প্রকল্পের অন্তর্ভুক্ত কার্যাবলীর জন্য ৪.৫ কোটি টাকা নির্দিষ্ট ছিল।

৩৪। আগামী ২০০৩-০৪ আর্থিক বছরে ওই শাখার জন্য মোট ১০ কোটি টাকা বরাদ্দের মধ্যে হাডকো সাহায্যপ্রাপ্ত প্রকল্পগুলির জন্য ৫ কোটি টাকা ও মূল পরিকল্পনা খাতে ৫ কোটি টাকা বিভিন্ন উন্নয়ন কর্তৃপক্ষের দ্বারা একাধিক প্রকল্প রূপায়ণের জন্য বরাদ্দ হয়েছে। আশা করি বর্তমান ও আগামী আর্থিক বছরের ব্যয়-বরাদ্দের এই ফারাক কর্তৃপক্ষগুলির অন্যান্য সূত্র থেকে সম্পদ আহরণের মাধ্যমে পূরণ হয়ে যাবে এবং উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত থাকবে।

৩৫। মহাশয়, এই কটি কথা বলে আমি সকলের সহযোগিতা কামনা করছি ও এই দাবি এই মহতী সভার অনুমোদনের জন্য পেশ করছি।

তফসিল

ক্রমিক নং		খাতসমূহ
1.	2070-00-105-NP-004	Roychowdhury Commission of Enquiry
2.	2215-02-106-NP-002	Maintenance cost of Ganga Action Plan
3.	2215-02-106-SP-005	Ganga Action Plan
4.	2215-02-106-CSS-001	Ganga Action Plan Phase-II
5.	2216-01-700-NP-006	Maintenance of Govt. Housing Estates
6.	2216-02-102-NP-001	Maintenance of Houses constructed under Kalyani Housing Scheme
7.	2216-02-109-NP-001	Maintenance and Repair of Bagjola Sewerage Treatment Plant
8.	2216-02-110-NP-001	Administration of Bidhannagar
9.	4216-02-101-NP-001	Salt Lake Reclamation Scheme
10.	4216-02-101-SP	Salt Lake Scheme
11.	2217-01-101-NP-006	Grants to KIT for dearness concession to its employees
12.	2217-01-101-SP-002 to 004 2217-04-191-SP-002	Grants to KIT etc.
13.	003, 005, 006, 008, 009, 010, 011 and 012	Assistance to KMDA etc.
14.	2217-05-051-NP-001	Development of Haldia
15.	2217-05-051-SP-001	Development of Haldia
16.	2217-05-051-SE-001	Development of Haldia
17.	2217-05-191-NP-010	Grants to HIT for salaries, dearness concession to its employees
18.	2217-05-191-NP-015	Asansol-Durgapur Development Authority
19.	2217-05-191-NP-016	Siliguri-Jalpaiguri Development Authority
20.	2217-05-191-SP-004	Grants to HIT for construction of Large Park at Salkia etc.
21.	2217-05-191-SP-007	Preparation of Land Use Control Plan
22.	2217-05-191-SP-008	Grants to Urban Planning Development Authority
23.	2217-05-191-SP-021	Grants to HIT for improvement of drainage in West Bally
24.	2217-05-191-SP-022	Grants to HIT for improvement of roads and drains in North and South Uluberia
25.	2217-05-191-SP-030	Grants to HIT for construction/renovation/widening of roads and drains in HIT areas
26.	2217-05-191-SP-031	Grants to HIT for construction of Bus Terminus/Bus Stand in HIT areas
27.	2217-05-191-SP-037	Grants to Development Authorities for on-going schemes under erstwhile BMS programme

ক্রমিক নং		খাতসমূহ
28.	2217-80-191-NP-001	Grants to Corporation, Municipalities, KMDA and other local bodies for maintenance of civic assets created in the KMDA
29.	2217-80-191-NP-002	Assistance to KMDA for operation and maintenance of health units created under CSIP (Health) Phase-I
30.	2217-80-191-NP-003	Grants for conducting election to the Kolkata Metropolitan Planning Authority
31.	2217-80-800-NP-002	Grants to HIT for adjustment of energy bills of CESC
32.	2217-80-800-NP-003	Grants to KIT for adjustment of energy bills of CESC
33.	2217-80-800-SP-007	Other grants RLB/ULB for HUDCO Assisted Schemes relating to U.D. (T & CP) Deptt. (HUDCO)
34.	2217-80-800-SP-008	Other grants to RLB/ULBs for HUDCO Assisted Schemes relating to U.D. Deptt.
35.	2551-60-101-SP-002	Preparation of O.D.P. for Jaigaon Areas in Jalpaiguri District
36.	3451-00-090-NP-009	Development and Planning Deptt. Urban Development Deptt. Town & Country Planning Branch
37.	3451-00-090-NP-012	Urban Development Deptt. (Metropolitan Development)
38.	3451-00-090-SP-008	Rural Development Urban Development Deptt. Purchase of computer for the Secretariat for monitoring Plan Schemes
39.	3475-00-201-NP-003	Administration of Urban Land Ceiling Law under the UrbanLand (Ceiling & Regulation) Act, 1976
40.	3604-00-200-NP-030	Fixed Grants to KMDA
41.	3604-00-200-SP-004	Grants-in-aid to KMDA for Development Schemes/ Activities
42.	4217-01-101-SP-001	Reclamation & Development of New Salt Lake Area
43.	4217-60-051-SP-001	Kalyani Township
44.	6217-01-191-SP-001	Loans to KMDA under Kolkata Metropolitan District Development Schemes
45.	6217-01-191-SP-003	Loans to KMDA under Kolkata Metropolitan District Development Scheme-II
46.	6217-01-191-SP-009	Loans to KIT for Area Development Project
47.	6217-01-191-SP-016	Loans to KMDA for Water Supply in Salt Lake Area
48.	6217-60-191-SP-001	Loans to Haldia Development Authority for Intregrated Development of Industrial Urban Complex and Township at Haldia
49.	6217-60-191-SP-002	Loans to Asansol-durgapur Development Authority for Development of Asansol-Durgapur Area
50.	6217-60-191-SP-003	Loans to Siliguri-Jalpaiguri Development Authority for Development of Siliguri-Jalpaiguri Area
51.	6217-60-191-SP-005	Loans to Howrah Improvement Trust
52.	6217-60-191-SP-006	Loans to HIT for Creation of Office Space
53.	6217-60-191-SP-014	Loans to Sriniketan Development Authority
54.	6217-60-191-SP-015	Loans to Digha Development Authority
55.	6551-60-101-SP-002	Loans to Jaigaon Development Authority

DEMAND No. 55

Major Heads : 2245—Relief on account of Natural Calamities, 2551—Hill Areas, 2702—Minor Irrigation, 2705—Command Area Development, 3451—Secretariat—Economic Services, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 278,20,09,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2245—Relief on account of Natural Calamities, 2551—Hill Areas, 2702—Minor Irrigation, 2705—Command Area Development, 3451—Secretariat—Economic Services, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 92,73,37,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০৩-২০০৪ বছরে ৫৫ নং অভিযাচনের অন্তর্গত "২২৪৫-প্রাকৃতিক দুর্যোগের ত্রাণ", "২৪০৮-খাদ্য, সংরক্ষণ এবং পণ্যাগার", "২৫৫১-পার্বত্য এলাকা", "২৭০২-ক্ষুদ্রসেচ", "২৭০৫-সেচসূচিত এলাকা উন্নয়ন", "৩৪৫১-সেক্রেটারিয়েট ইকোনমিক সার্ভিসেস", "৪৭০২-ক্ষুদ্রসেচের জন্য মূলধনী ব্যয়" এবং "৪৭০৫-সেচসূচিত এলাকা উন্নয়নের মূলধনী ব্যয়" বাবদ মোট ২৭৮,২০,০৯,০০০.০০ টাকা (দুইশত আটাত্তর কোটি কুড়ি লক্ষ নয় হাজার টাকা) মাত্র অনুমোদন করার দাবি পেশ করছি। ভোট অন অ্যাকাউন্টে পাওয়া ৯২,৭৩,৩৭,০০০.০০ টাকা (বিরানব্বই কোটি তিয়াত্তর লক্ষ সাঁইত্রিশ হাজার টাকা) এর মধ্যে ধরা আছে।

২.০। কৃষিক্ষেত্রে উৎপাদন ও উৎপাদকতা বাড়াবার ক্ষেত্রে ক্ষুদ্রসেচ ব্যবস্থা মুখ্য ভূমিকা গ্রহণ করে থাকে সারাবছর ব্যাপী অধিক থেকে অধিকতর কৃষিজমিতে সুনিশ্চিত জলসেচ ব্যবস্থার মাধ্যমে। এর ফলে সেচ-সেবিত এলাকায় কেবলমাত্র যে শস্য উৎপাদন দ্বিগুণ বা তিনগুণ পর্যন্ত বর্ধিত হয়েছে তাই নয়, এর ফলে কৃষিক্ষেত্রে বর্গাদার ভূমিহীন কৃষিশ্রমিক তথা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সংবৎসরব্যাপী কর্মসংস্থানের ব্যবস্থা সুনিশ্চিত হয়েছে এবং এসব সম্ভব হয়েছে বৃহৎ সেচ প্রকল্পের তুলনায় হেক্টর পিছু তুলনামূলকভাবে স্বল্পতর বিনিয়োগের দ্বারা।

২.১। তথাপি এটি কঠোর বাস্তব ঘটনা যে, বিভিন্ন অঞ্চলের ভূ-তাত্ত্বিক গঠন-বৈশিষ্ট্যের পার্থক্য হেতু সমগ্র পশ্চিমবঙ্গের সর্বত্র জল-সেচ ব্যবস্থার বিকাশ সমহারে হয়নি। আপনি অবগত আছেন যে, যদিও পশ্চিমবঙ্গে বৃষ্টিপাতের পরিমাণ যথেষ্টভাবে পর্যাপ্ত, কিন্তু প্রয়োজনীয় সময়ে প্রয়োজনীয় স্থানে সর্বদা সে বৃষ্টিপাত ঘটে না। তার ফলে, পরিকল্পিত সেচ ব্যবস্থার উপর পশ্চিমবঙ্গের কৃষিকার্য বিশেষভাবে নির্ভরশীল, যেহেতু মৌসুমি বারিপাতের সময়ও খরিপ চাষের ক্ষেত্রেও সেচ-প্রকল্প থেকে জল দিয়ে সম্পূরক সেচের ব্যবস্থা করার প্রয়োজন হয়ে পড়ে অনেক অঞ্চলেই। ক্ষুদ্র-সেচ প্রকল্পের উপর সেই হেতু বিশেষ জোর দেওয়ার প্রয়োজন অনুভূত হয়েছে, এবং এগুলি রূপায়ণের সমস্যা কম, রূপায়ণে সময় লাগে কম এবং এর নির্ভরযোগ্যতাও বেশি।

২.২। ক্ষুদ্র ও প্রান্তিক চাষি যারা মোট চাষিদের মধ্যে সংখ্যাধিক এবং পশ্চিমবঙ্গের চাষযোগ্য জমির বেশিরভাগ তারাই চাষবাস করেন, তাদের কিন্তু ব্যক্তিগত বিনিয়োগের দ্বারা নিজস্ব সেচ-প্রকল্প রূপায়ণ করার সাধ্য নেই। সেই হেতু ব্যাপকভাবে কৃষি উৎপাদন বাড়াবার স্বার্থে এবং গ্রামীণ অর্থনীতির বিকাশের স্বার্থে সরকারের বর্তমান নীতি হচ্ছে নতুন নতুন সেচের উৎস তৈরি করে সেগুলিকে পঞ্চায়েতের মাধ্যমে সেচের জল ব্যবহারকারি ব্যক্তিবর্গের সমিতির হাতে হস্তান্তর করা যাতে তাঁরা নিজেরাই সেগুলিকে চালনা, রক্ষণাবেক্ষণ সর্বোত্তম ব্যবহার এবং সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব বহন করতে পারেন।

২.৩। সারা ভারতের মধ্যে পশ্চিমবঙ্গ প্রদেশই ধান উৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করে আছে। এই কৃতিত্ব অর্জন সম্ভব হয়েছে ক্ষুদ্র-সেচ-ব্যবস্থার মাধ্যমে সুনির্দিষ্ট ও ব্যাপক সেচ-পরিকাঠামো গড়ে তোলার ফলে। এ রাজ্যে ক্ষুদ্র-সেচ ব্যবস্থার অধীনে সর্বাধিক পরিমাণ জল-সেচ যোগ্য জমির পরিমাণ নির্ধারিত হয়েছে ৪৪ লক্ষ ৩৪ হাজার হেক্টর, যার মধ্যে ৩১ লক্ষ ৩৪ হাজার হেক্টর হতে পরে ভূগর্ভস্থ জল-দ্বারা এবং বাকি ১৩ লক্ষ হেক্টর হতে পারে ভূপৃষ্ঠে প্রাপ্ত জলের ব্যবহার করে। ২০০২-০৩ সালের শেষাবধি ক্ষুদ্র-সেচের আওতায় সেচ-সম্ভাবিত মোট এলাকার পরিমাণ ৩৬ লক্ষ ২৯ হাজার হেক্টর বলে অনুমিত, যদিও এ ব্যাপারে ভারত-সরকার কর্তৃক 'ক্ষুদ্র-সেচ সংক্রান্ত তৃতীয় শুমারির রিপোর্ট পাওয়া গেলেই কেবল সুনির্দিষ্ট তথ্য জানা সম্ভব হবে।

২.৪। এই দপ্তরের দায়িত্বের মধ্যে পড়েছে এ রাজ্যে ভূ-পৃষ্ঠ তথা ভূ-গর্ভস্থ জলের দ্বারা সেচের উৎস তৈরি ও উন্নয়ন। এ ব্যাপারে প্রয়োজনীয় অর্থ আসে সরকারি বাজেট থেকে, ''নাবার্ড''-এর ঋণ থেকে এবং আংশিকভাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে 'কমান্ড এরিয়া ডেভেলেপমেন্ট প্রোগ্রামের' কাজে। এই দপ্তরের দায়িত্বের মধ্যেই পড়েছে ভূ-পৃষ্ঠ তথা ভূগর্ভস্থ জলে অনুসন্ধান ও গবেষণা, সংরক্ষণ তথা তার পরিমাণগত ও গুণগত মানের সংরক্ষণ। জল-বিভাজিকার উন্নয়ন, জল-সম্পদের ব্যবহার নিয়ন্ত্রণ, বৃষ্টির জলের চয়ন ও সংরক্ষণ বাড়ানো, ভূগর্ভস্থ জলের ন্যূনতম পরিমাপ রক্ষণের জন্যে ভূগর্ভে প্রয়োজনীয় জলের অনুস্রবণ ঘটানো, সারা বছর ধরে প্রতিটি ব্লকে জলের পরিমাণগত ও গুণগত বিষয়ের তথ্য সংগ্রহ ও নজরদারি, সরকারি তথা বেসরকারি উদ্যোগে জলসম্পদের ব্যবহারের স্থানীয়

ভিত্তিতে পরিমাণ ও পদ্ধতিগত সীমাবদ্ধতা সম্বন্ধে অবহিত করানো এবং তা মেনে চলা হচ্ছে কি না দেখা। এই দপ্তরের কাজের মধ্যে পড়ে মাঠ-নালা কেটে বা অন্যান্য সেচ-সম্ভাবিত এলাকায় জলের অপচয়হীন সদ্ব্যবহার বাড়াতে কেন্দ্রীয়-সহায়তাধীন প্রকল্প গ্রহণ করা ও তা রূপায়িত করা, যাতে সেচ-সব্য এলাকা ও বাস্তবে সেচ-সেবিত এলাকার মধ্যে পার্থক্য কমে। এছাড়া দপ্তরের দায়িত্বের মধ্যে আছে দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদকে অর্থ মঞ্জুর করা, যাতে সংশ্লিষ্ট পার্বত্য অঞ্চলে ক্ষুদ্র-সেচ-ব্যবস্থার প্রসারণের প্রকল্পগুলি রূপায়িত হতে পারে।

২.৫। সেচ-প্রকল্প-পরিচালনায় জনগণের অংশীদারী রূপে অংশগ্রহণের নীতি পশ্চিমবঙ্গ রাজ্যে সরকারি ক্ষুদ্র-সেচ-প্রকল্পগুলির ক্ষেত্রে অত্যন্ত সফলভাবে প্রয়োগ করা সম্ভব হয়েছে। সকল প্রকার ক্ষুদ্র-সেচ-প্রকল্প রূপায়ণের সঙ্গে সঙ্গে সেগুলিকে তাদের পরিকাঠামোসহ উপভোক্তা সদস্যদের সমিতির হাতে চালনা ও রক্ষণাবেক্ষণের জন্যে হস্তান্তরিত হয়ে থাকে অবশ্যই পঞ্চায়েতের মাধ্যমে। ওই সব সমিতি সদস্যদের কাছ থেকে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্যে প্রয়োজনীয় অর্থ জলকর রূপে আদায় করে থাকে। এ পর্যন্ত ১২,২৬০টি ক্ষুদ্র-সেচ প্রকল্প এইভাবে উপভোক্তা সদস্যদের সমিতিগুলিকে হস্তান্তর করা হয়েছে এবং তাঁরা তা চালনা করে চলেছেন।

২.৬। প্রতি বছর এস সি পি ও টি এস পি খাতে তফসিলি ও আদিবাসীদের জনসংখ্যার সমানুপাতিক হারে আর্থিক বাজেট বরাদ্দের টাকা মঞ্জুর ও খরচ করা হয়ে থাকে। সকল নতুন ক্ষুদ্র-সেচ প্রকল্পই জেলাস্তরের স্থান-নির্বাচক কমিটির পূর্ব-অনুমোদনসহই কেবল গ্রহণ করা হয়ে থাকে। এবং সে ক্ষেত্রেই এস সি পি ও টি এস পি-র জন্যে নির্ধারিত সংখ্যা মনে রেখে প্রকল্প গ্রহণ করা হয়।

২.৭। জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর তার কাজকর্ম তথা প্রকল্প রূপায়ণ তার অধীনস্থ দুটি অধিকার, যথা রাজ্য জলসম্পদ অনুসন্ধান অধিকার এবং জলসম্পদ উন্নয়ন অধিকার, দুটি সরকারি পরিচালনাধীন সংস্থা, যথা পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগম এবং পশ্চিমবঙ্গ কৃষি-শিল্প-বিপণন নিগম এবং চারটি সেচ-সেবিত এলাকা উন্নয়ন প্রাধিকার (কম্যান্ড এরিয়া ডেভেলপমেন্ট অথরিটি)-এর মাধ্যমে করে থাকে।

৩.০। বর্তমান আর্থিক বছরে অর্থাৎ ২০০৩-০৪-এ দপ্তরের পরিকল্পনা খাতে প্রস্তাবিত ব্যয়বরাদ্দ করা হয়েছে ২৯১৮.৫৬ লক্ষ টাকা, যার মধ্যে ৮৫৪.১৮ লক্ষ টাকা 'কোর সেক্টরে' এবং বাকি ২০৬৪.৩৮ লক্ষ টাকা আর. আই. ডি. এফ. প্রকল্পাধীনে। এই ব্যয়বরাদ্দ নির্ধারিত হয়েছে বিগত আর্থিক বছরে পরিকল্পনা খাতে বরাদ্দ মোট ৭৩৪৩.৭৩ লক্ষ টাকার পরিপ্রেক্ষিতে, যার মধ্যে ছিল 'কোর সেক্টরে' ৩৫০০ লক্ষ টাকা এবং আর. আই. ডি এফ-এর খাতে ৩৮৪৩.৭৩ লক্ষ টাকা। যদিও ২০০৩-০৪ সালের বাজেট বরাদ্দের মধ্যে গত বছরের বরাদ্দের তুলনায় সরাসরি নিম্নগামিতা সূচিত হয়েছে। কিন্তু বাস্তবে ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে মোট আর্থিক সংস্থান গত বছরের তুলনায় অনেক বেশি হবে। সেটা এই কারণে যে, বর্তমানে আমাদের দপ্তর ৪০০২টি ক্ষুদ্রসেচ প্রকল্পের জন্য আর. আই. ডি. এফ.-

৮-এর অধীনে ৮৭৬৪.৩৫ লক্ষ টাকার অনুমোদন পেয়েছে,. তার প্রধান অংশই ২০০৩-০৪ সালের আর্থিক বছরে খরচ হবে। এ ছাড়া ২০০৩-০৪ সালে আর. আই. ডি. এফ.-৫, ৬ ও ৭ প্রকল্পের অধীনে জেলা পরিষদে রাখা অব্যবহৃত অর্থ ব্যয়িত হয়ে বহুতর ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়িত হবে বলে আশা করা যায়। এছাড়া, ১৯৯৯-২০০০ সাল থেকে জেলা পরিষদগুলিকে যে ১৪২২১.২৫ লক্ষ টাকা 'সহায়ক অনুদান খাতে' দেওয়া হয়েছিল যার মধ্যে এক বৃহৎ অংশ, আনুমানিক ৮০ কোটি টাকার অধিক, অব্যয়িত রয়েছে, সেটা ২০০৩-০৪ সালে ক্ষুদ্রসেচ প্রকল্প-রূপায়ণে ব্যয়িত হবে বলে আশা করা যায়।

৪.০ কোর সেক্টর

৪.১ রাজ্য জল অনুসন্ধান অধিকার

৪.১.১ ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্য জল অনুসন্ধান অধিকারের বিভিন্ন কর্মসূচির জন্যে পরিকল্পনা খাতে ৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

৪.১.২ রাজ্য জল অনুসন্ধান অধিকারে ভূপৃষ্ঠ এবং ভূগর্ভের জলসম্পদ অনুসন্ধান করার জন্যে ইঞ্জিনিয়ার, জিওলজিস্ট, হাইড্রোলজিস্ট, জিওফিজিসিস্ট, মেটিরিওলজিস্ট, কেমিস্ট, স্ট্যাটিস্টিসিয়ান ইত্যাদি বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞ আছেন। এই অধিকারের প্রধান কার্যাবলী নিম্নরূপ :

(ক) **নির্দিষ্ট সময়ের ব্যবধানে ভূগর্ভস্থ জলতলের ওঠানামা পর্যবেক্ষণ :**

সারা রাজ্যে অবস্থিত প্রায় ২০০০টি স্থায়ী হাইড্রোগ্রাফ স্টেশনের মাধ্যমে বিভিন্ন ব্লকের ভূগর্ভস্থ জলতলের ওঠানামা বছরে চারবার পর্যবেক্ষণ করা হয়ে থাকে। ভূগর্ভের জল নিষ্কাষণ এবং ভূগর্ভে জলের অনুস্রবণ তারতম্যের হেতু জলতলের দীর্ঘকালীন গতিপ্রকৃতি পরীক্ষা-নিরীক্ষা করার উদ্দেশ্যেই এই পর্যবেক্ষণ হয়। বর্ষার পূর্বে ও পরে এবং অন্তর্বর্তী অন্য দুই সময়ে প্রতিটি স্টেশনে জলতলের অবস্থান পরিমাপও নথিভুক্ত করা হয়। এই পরিমাপের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদি কেন্দ্রীয়ভাবে রাজ্য জল অনুসন্ধান অধিকারের অধীনস্থ ডাটা প্রসেসিং সেলের কমপিউটারে সংরক্ষিত করা হয় এবং এই সকল তথ্যের বিশ্লেষণের সাহায্যে দীর্ঘ সময়ব্যাপী জলতলের ওঠানামার প্রবণতা নির্ধারণ করা হয়।

ভূগর্ভস্থ জলসম্পদের পরিমাণ নির্ধারণের জন্যে হাইড্রোগ্রাফ স্টেশনের মাধ্যমে প্রাপ্ত তথ্য একান্ত জরুরি। ভূগর্ভস্থ জলসম্পদের পরিমাণ নির্ণয়ের ফলাফলের ভিত্তিতেই সরকারি ও বেসরকারি মালিকানার ভূ-জল উত্তোলন প্রকল্পের অনুমোদন দেওয়া হয়।

(খ) **ভূগর্ভস্থ জলসম্পদের পরিমাণ নির্ধারণ :**

রাজ্য জল অনুসন্ধান অধিকার এবং কেন্দ্রীয় ভূ-জলপর্ষদ যৌথভাবে ভারত সরকারের 'গ্রাউন্ড ওয়াটার এস্টিমেশন কমিটি'র (১৯৮৪) নির্দেশিত নিয়ম

মতো পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্লকের ভূ-জলসম্পদের পরিমাণ নির্ধারণের কাজ সম্পন্ন করেছে। এই হিসাব পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য পর্যায়ের কমিটির অনুমোদনও লাভ করেছে। মেদিনীপুর, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা এবং হাওড়া জেলার উপকূল সংলগ্ন ব্লক এবং দার্জিলিং জেলার পাহাড়ি এলাকার ৮টি ব্লক বাদে এই রাজ্যের বাকি ব্লকগুলিতে ভূগর্ভস্থ জলের চরম সেচ ক্ষমতার একটি হিসাব করা হয়েছে। এই চরম সেচ ক্ষমতার মধ্যে দ্বিতীয় ক্ষুদ্রসেচ শুমারি পর্যন্ত যে পরিমাণ সেচ ক্ষমতা সৃষ্টি করা হয়েছে তার অনুপাতের ভিত্তিতে বিভিন্ন ব্লককে 'ডার্ক', ' গ্রে' এবং 'হোয়াইট' হিসাবে চিহ্নিত করা হয়েছে। যে ব্লকগুলিতে চরম সেচ ক্ষমতার ৮৫ শতাংশ বা তার বেশি সেচ ক্ষমতা সৃষ্টি করা হয়েছে সেগুলিকে 'ডার্ক' পর্যায়ভুক্ত করা হয়েছে। যে ক্ষেত্রে এই পরিমাণ ৬৫ শতাংশ বা তার অধিক কিন্তু ৮৫ শতাংশেরও কম সেগুলি 'হোয়াইট' হিসাবে চিহ্নিত করা হয়েছে। বর্তমানে ভূগর্ভস্থ জলসম্পদ উন্নয়নের পরিকল্পনা উপরোক্ত শ্রেণি বিভাগের ভিত্তিতেই করা হচ্ছে।

পরবর্তীকালে 'গ্রাউন্ড ওয়াটার এস্টিমেশন কমিটি' (১৯৯৭) ভূ-জলের পরিমাণ নির্ণয়ের নিয়মের পরিবর্তন করেছেন। এই পরিবর্তিত নিয়মে সৃষ্ট সেচ ক্ষমতা ও চরম সেচ ক্ষমতার অনুপাতের সঙ্গে ভূগর্ভস্থ জলতলের ওঠা-নামার প্রবণতাকেও সংযুক্ত করা হয়েছে এবং সেইমতো ব্লকগুলিকে 'ওভার-এক্সপ্লয়টেড', 'ক্রিটিক্যাল', 'সেমি-ক্রিটিক্যাল' ও 'সেফ' হিসাবে চিহ্নিত করার কথা। তৃতীয় ক্ষুদ্রসেচ সুমারির মাধ্যমে সংগৃহীত তথ্যাদির ভিত্তিতে পরিবর্তিত পদ্ধতি অনুযায়ী ভূ-জলসম্পদের পরিমাণ নির্ণয়ের কাজ কেন্দ্রীয় ভূ-জলপর্ষদের সঙ্গে যৌথভাবে করা হচ্ছে এবং ভবিষ্যতে ভূ-জলসম্পদ বিকাশের পরিকল্পনা এই নতুন শ্রেণি বিন্যাসের ভিত্তিতেই গ্রহণ করা হবে।

(গ) **জলের গুণগত মানের সমীক্ষা :**

ভূগর্ভস্থ আর্সেনিক সংক্রমণজনিত সমস্যার মোকাবিলায় রাজ্য জল অনুসন্ধান অধিকারের গুরুত্ব ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। রাজ্য জল অনুসন্ধান অধিকারের অধীন পাঁচটি রাসায়নিক পরীক্ষাগার আছে। তার মধ্যে একটি কলকাতার প্রধান কার্যালয়ে এবং অন্য চারটি আঞ্চলিক পরীক্ষাগার মেদিনীপুর, বর্ধমান, বহরমপুর ও জলপাইগুড়িতে অবস্থিত। নিয়মিতভাবে প্রতি বছরে দুবার ভূগর্ভস্থ জলের নমুনার গুণগত মান এই পরীক্ষাগারগুলিতে পরীক্ষা করা হয়। এই অধিকারের একটি ভ্রাম্যমাণ পরীক্ষাগার আছে। এতে ব্যাটারি-চালিত স্পেক্ট্রোফোটোমিটার এবং আর্সেনিক নির্ণয় 'কিট' আছে যার সাহায্যে উৎসস্থলেই জলের গুণগত মান নির্ণয় করা হয়ে থাকে এবং স্থানীয় জনসাধারণকে এ ব্যাপারে অবহিত করে সচেতনতা বৃদ্ধি করা হয়। বিভিন্ন

সরকারি ও বেসরকারি সংস্থা প্রেরিত জলের নমুনা বিশ্লেষণ করেও আর্সেনিক, ফ্লুরাইড এবং অন্যান্য রাসায়নিকের মাত্রা নির্ণয় করে দেওয়া হয়। এছাড়া, ভূগর্ভস্থ জলে আর্সেনিক, ফ্লুরাইড, লবণ ইত্যাদির দূষণের মাত্রা ক্রমাগত বৃদ্ধি হচ্ছে কিনা দেখার জন্যে বিভিন্ন সময়ে বিশেষ প্রকল্প গ্রহণ করা হয়। এই সব রাসায়নিক পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে তথ্যাদির সাহায্যে বিভিন্ন স্থানের জলের গুণগত মান সম্বন্ধে ধারণা পাওয়া যায় এবং বিবিধ প্রয়োজনে জলের উপযোগিতা নির্ধারণ করা যায়।

পশ্চিমবঙ্গের মালদা (৭), মুর্শিদাবাদ (১৮), নদীয়া (১৭) বর্ধমান (২), হুগলি (১), হাওড়া (৩), উত্তর ২৪-পরগনা (২০) এবং দক্ষিণ ২৪-পরগনা (১০) জেলার ৭৮টি ব্লকে ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ পরিলক্ষিত হয়েছে। বীরভূম জেলার ৩টি ব্লকে ফ্লুরাইড দূষণ পাওয়া গেছে এবং হাওড়া জেলার ৯টি ব্লকে, মেদিনীপুর জেলার ১৬টি ব্লকে, উত্তর ২৪-পরগনা জেলার ৫টি ব্লকে ও দক্ষিণ ২৪-পরগনার ৩০টি ব্লকে ভূগর্ভের জলে মাত্রাতিরিক্ত লবণাধিক্য আছে।

(ঘ) **নিম্ন গুণমানের জলবাহী স্তরের চিহ্নিতকরণ :**

পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে ভূগর্ভস্থ জল নিম্ন গুণমানের। কিন্তু এই জলদূষণের মাত্রা জলবাহী স্তরের বিস্তৃতির পরিপ্রেক্ষিতে সর্বত্র এক নয়। এই কারণে দূষিত জলবাহী স্তরের বিস্তৃতির নির্ণয় এবং চিহ্নিতকরণ একান্ত আবশ্যিক। আর্সেনিক দূষণের পরিপ্রেক্ষিতে এই ধরনের একটি সমীক্ষার কাজ নদীয়া জেলায় করিমপুর-১ এবং তেহট্ট ব্লকে ২০০২-২০০৩ আর্থিক বছরে গ্রহণ করা হয়েছে।

(ঙ) **পরীক্ষামূলক নলকূপ খনন এবং পর্যবেক্ষণ নলকূপের সাহায্যে জলবাহী স্তরের প্রকৃতি নির্ণয় :**

পরীক্ষামূলক নলকূপ খনন এবং পর্যবেক্ষণ নলকূপের সাহায্যে পাম্পিং টেস্ট করে জলবাহী স্তরের প্রকৃতিগত মান যেমন স্পেসিফিক ইল্ড, স্টোরেজ কো-এফিসিয়েন্ট এবং ট্রান্সমিশিবিলিটি নির্ণয় করা হয়। যদি দেখা যায় যে, পরীক্ষামূলক নলকূপটির জলদান ক্ষমতা কৃষি সেচের পক্ষে পর্যাপ্ত তাহলে সেটি জলসম্পদ উন্নয়ন অধিকারের নিকট সেচকূপ হিসাবে ব্যবহারের জন্য হস্তান্তর করা হয় এবং যদি নলকূপটি তুলনামূলকভাবে কম জলদান ক্ষমতাসম্পন্ন হয় তবে সেটি পানীয় জলের কূপ হিসাবে ব্যবহারের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তর বা সংশ্লিষ্ট পৌর সংস্থাকে হস্তান্তর করা হয়।

(চ) **কৃত্রিম উপায়ে ভূগর্ভে জলের অনুস্রবণ ঘটাবার জন্য পরীক্ষামূলক প্রকল্প :**

পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে ভূগর্ভস্থ জলভাণ্ডারের পরিমাণ হ্রাস পাওয়ায় সরকার যথেষ্ট উদ্বিগ্ন। এই পরিপ্রেক্ষিতে পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, হুগলি ও উত্তর ২৪-পরগনা জেলায় রাজ্য জল অনুসন্ধান অধিকার কেন্দ্রীয় ভূ-জল

পর্ষদের সঙ্গে যৌথভাবে কেন্দ্রীয় আর্থিক সহায়তায় কৃত্রিম উপায়ে ভূগর্ভের জলের অনুস্রবণের বেশ কয়েকটি পরীক্ষামূলক প্রকল্প গ্রহণ করেছে। এই ধরনের প্রকল্পের জন্যে রাজ্যের পরিকল্পনাখাতেও ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে। ২০০২-২০০৩ সালে পুরুলিয়া জেলার ৬টি এই ধরনের প্রকল্প নেওয়া হয়েছে। এই প্রকল্পগুলি ভূ-পৃষ্ঠের জলসম্পদের সংরক্ষণ ছাড়াও ভূগর্ভস্থ জলবাহী স্তরকে কৃত্রিম অনুস্রবণের মাধ্যমে সমৃদ্ধ করবে এবং সেচ ও অন্যান্য বহুমুখী ব্যবহারেরও উপযোগী হবে।

(ছ) **রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টি পরিমাপক কেন্দ্র স্থাপন :**

হাইড্রোমেটিরিওলজি সংক্রান্ত পরীক্ষা-নিরীক্ষার জন্য পর্যাপ্ত ও দীর্ঘকালীন তথ্যের প্রয়োজন। এই অধিকার বিধাননগরের সেন্ট্রাল পার্কে একটি স্বয়ংক্রিয় আবহমাপক কেন্দ্র স্থাপন করেছে। এই কেন্দ্রটি স্বয়ংক্রিয়ভাবে দৈনিক বৃষ্টিপাত, তাপমাত্রা, আর্দ্রতা, বায়ুর বেগ ও দিক, সূর্যরশ্মির বিকিরণ ইত্যাদি তথ্য নিয়মিত নথিভুক্ত করে। এই রাজ্যে প্রতিটি জেলায় এই ধরনের কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে। প্রাথমিক পর্যায়ে ১৫টি জেলায় বৃষ্টিমাপক যন্ত্র বসানোর কাজ হাতে নেওয়া হয়েছে।

(জ) **জেলা ও ব্লকভিত্তিক হাইড্রো-জিওলজিক্যাল মানচিত্র তৈরি করা :**

বিভিন্ন সমীক্ষার ভিত্তিতে জেলা ও ব্লকভিত্তিক হাইড্রো-জিওলজিক্যাল মানচিত্র তৈরি করার কাজ চলছে। প্রথম পর্যায়ে জেলার মানচিত্র এবং প্রতিটি ব্লকে ৩টি করে মানচিত্র তৈরি করা হচ্ছে।

(ঝ) **জিওফিজিক্যাল সমীক্ষা :**

রাজ্য জল অনুসন্ধান অধিকারের অধীনে একটি জিওফিজিক্যাল শাখা আছে, যা ভূগর্ভস্থ জল সমীক্ষার জন্য বোরহোললগার এবং রেজিস্টিভিটি মিটার যন্ত্রের সাহায্যে ভূ-পৃষ্ঠস্থ ভূগর্ভস্থ স্তরের সমীক্ষা করে। বিশেষত কঠিন শিলা অঞ্চলে যেখানে ভূগর্ভস্থ জল সাধারণত ক্ষয়ীভূত শিলায় এবং কঠিন শিলার ফাটলে পাওয়া যায়। এছাড়াও, এই ধরনের সমীক্ষা মিষ্ট ও লবণাক্ত জলবাহী স্তরের প্রকৃতি, পর্যায় ও বিস্তার নির্ধারণে সহায়ক হয়।

(ঞ) **বিজ্ঞাপন ও প্রচার :**

পরিবেশ দূষণ প্রতিরোধে জনসাধারণের সচেতনতার গুরুত্ব অপরিসীম। সেই কারণে বিভিন্ন এলাকায় জলসম্পদের পরিমাণ ও গুণগত মান, ভূগর্ভস্থ জলের মাত্রাতিরিক্ত উত্তোলনের কুফল, জনস্বাস্থ্যে আর্সেনিক ও ফ্লুরাইড দূষণের পরিণাম ইত্যাদি বিষয়ে জনগণকে অবহিত করার জন্য আলোচনাচক্র অনুষ্ঠিত করা, পুস্তিকা/ক্রোড়পত্র প্রকাশ এবং প্রচার করা একান্ত আবশ্যক।

৪.১.৩ উপরোক্ত সবকটি কার্যক্রমই ওই খাতে বরাদ্দ অর্থে ২০০৩-০৪ সালেও চালু থাকবে।

৪.২ জলসম্পদ উন্নয়ন অধিকার, পশ্চিমবঙ্গ

৪.২.১ ২০০৩-০৪ আর্থিক বছরে জলসম্পদ উন্নয়ন অধিকারের বিভিন্ন কাজের জন্যে পরিকল্পনা খাতে ২৪৬.১৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

৪.২.২ **জলসম্পদ উন্নয়ন অধিকারের প্রধান কাজ হল**—সেচের কাজে ভূগর্ভস্থ ও ভূ-পৃষ্ঠস্থ জলের সুষ্ঠু ব্যবহারের ব্যবস্থা করা। উক্ত অধিকার ক্ষুদ্রসেচের ক্ষেত্রে জলসম্পদ উন্নয়নের জন্য যে সকল প্রকল্প করে তা নিম্নরূপে শ্রেণীভুক্ত করা যেতে পারে—

(ক) **ভূ-পৃষ্ঠে প্রবহমান জল প্রকল্প**

এই প্রকল্পগুলিকে আবার দুটি শ্রেণীতে ভাগ করা যায় যথা—(অ) ভূ-পৃষ্ঠস্থ প্রবহমান জলসেচ প্রকল্প এবং (আ) জলনিকাশি ও সেচ সংযুক্তিকরণ প্রকল্প।

(অ) **ভূ-পৃষ্ঠস্থ প্রবহমান জলসেচ প্রকল্প**

এই প্রকল্পের মাধ্যমে বর্ষাকালে অথবা তার পরে বৃষ্টিপাতের ফলে ভূ-পৃষ্ঠস্থ জলকে সংরক্ষণ করে প্রয়োজনমতো ব্যবহার করা হয়। এই জলকে বর্ষার সময়ও সেচের কাজে ব্যবহার করা হয়, যখন পর্যাপ্ত বৃষ্টি না ঘটে।

(আ) **জল নিকাশি ও সেচ সংযুক্তিকরণ প্রকল্প**

এই প্রকল্পের সাহায্যে প্রধানত নিচু জায়গায় নদীর জোয়ারের জমা জলকে প্রয়োজনমতো নিষ্কাশন করা হয়। জোয়ারের জল প্রবেশ করে কৃষি জমিকে প্লাবিত করে। এর ফলে এই জমিগুলি চাষের অযোগ্য হয়ে ওঠে। এই ধরনের জলপ্রবাহকে নিয়ন্ত্রণ করার জন্যে প্রাকৃতিক নিকাশি খালের প্রবেশ মুখে স্লুইস গেট বসানো হয়। এই প্রকল্পগুলির দুই ধরনের উপযোগিতা আছে, যথা—এলাকার জল নিষ্কাশনের ব্যবস্থা করা এবং ওই এলাকায় সেচের ব্যবস্থা করা। সেজন্যে এই ব্যবস্থায় রবিশস্য ও বোরো উৎপাদনের সময় জল নিষ্কাশনের পরিবর্তে চাষের জন্য খালগুলিতে জল সংরক্ষণ করা হয়।

(খ) **নদী-জলোত্তোলন সেচ প্রকল্প**

যে সমস্ত জায়গায় ভূ-সংস্থানের জন্য প্রবহমান জল পৌঁছতে পারে না, সেখানে নদী-জলোত্তোলন সেচ প্রকল্প করা হয়ে থাকে। নিকটবর্তী কোনও নদী থেকে পাম্পের সাহায্যে জল তুলে মাটির নীচে পাইপ লাইনের মাধ্যমে চাষের জমিতে পাঠানো হয়। সেচ-সেবিত এলাকার আয়তন অনুসারে এই

প্রকল্পগুলিকে প্রধানত তিন ভাগে ভাগ করা হয় যথা—বৃহৎ, মধ্য ও ক্ষুদ্র নদী-জলোত্তোলন সেচ প্রকল্প। এই প্রকল্পগুলির সেচ-সেবিত এলাকার পরিমাণ যথাক্রমে ৬০ হেক্টর, ৪০ হেক্টর ও ২০ হেক্টর।

(গ) ভূগর্ভস্থ জল উন্নয়ন প্রকল্প

ভূগর্ভস্থ জল সেচের কাজে ব্যবহারের জন্যে নিম্নবর্ণিত বিভিন্ন ধরনের নলকূপ তৈরি করা হয়ে থাকে, যথা—উচ্চক্ষমতাসম্পন্ন নলকূপ, মধ্যক্ষমতাসম্পন্ন নলকূপ ও নিম্নক্ষমতাসম্পন্ন নলকূপ যাদের সেচ-সেবিত এলাকার পরিমাণ যথাক্রমে ৪০,২০ এবং ৬ হেক্টর। এই নলকূপগুলির জল প্রতি ঘণ্টায় জল নিষ্কাশনের ক্ষমতা যথাক্রমে ২০০, ১০০ এবং ৩০ ঘন মিটার।

(ঘ) বর্জ্য জলের ব্যবহার

বিভিন্ন শিল্পের বর্জ্য জল এখন সেচের কাজে ব্যবহার করা সম্ভব হয়েছে। এর জন্যে দুটি প্রকল্প এখন চালু আছে। একটি ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের বর্জ্য জল পরিশোধিত করে ১২০ হেক্টর জমিতে চাষের কাজে ব্যবহার করা সম্ভব হয়েছে এবং অপরটি ত্রিবেণী টিস্যু-র বর্জ্য জল থেকে একইভাবে ৫০ হেক্টর জমিতে চাষ করা সম্ভব হয়েছে।

(ঙ) বৃষ্টির জলের চয়ন ও সংরক্ষণ

ভূ-পৃষ্ঠের উপরিভাগের মাটি খনন করে উপরিভাগের ফাটলের মাধ্যমে আসা বৃষ্টির জল চয়ন ও সংরক্ষণ করা হয় এবং এর ফলে প্রবহমান বর্ষার জলের আধার তৈরি করা হয়। এর ফলে মাটির আর্দ্রতা বাড়ে এবং ভূগর্ভস্থ জলের পরিমাণ বেড়ে যায়। এ ধরনের প্রকল্পে বর্ষার জল সংরক্ষিত হয় এবং কৃত্রিমভাবে ভূগর্ভস্থ জলের পরিমাণ বৃদ্ধি হয়।

৪.২.৩ ২০০২-০৩ আর্থিক বছরে কেবলমাত্র কোর সেক্টরে ৪৮টি বৃহৎ নদী-জলোত্তোলন প্রকল্প, ১০টি ক্ষুদ্র নদী-জলোত্তোলন প্রকল্প, ২১টি উচ্চ ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ, ৩টি মধ্য ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ, ৩৫টি নিম্ন ক্ষমতাসম্পন্ন, গভীর নলকূপ, ৫০টি অগভীর নলকূপ এবং ২২টি ভূ-পৃষ্ঠস্থ প্রবহমান জলের ক্ষুদ্রসেচ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। এই প্রকল্পগুলির জন্য ধার্য টাকায় অতিরিক্ত আনুমানিক ৯৭০০ হেক্টর সেচসেবিত এলাকা তৈরি করা সম্ভব হবে। এছাড়াও ২৮টি অফিস বাড়ি ও ৭টি পরিদর্শন ভবনের কাজ শুরু করা হয়েছে এবং তা ২০০৩-০৪ বর্ষে সম্পন্ন হবে।

৪.২.৪ উপভোক্তা অংশীদার পরিচালন ব্যবস্থা

ক্ষুদ্রসেচের মতো মূল ক্ষেত্রে প্রকল্প রূপায়ণের কাজের প্রতিটি পদক্ষেপে উপভোক্তারা ওতপ্রোতভাবে জড়িত থাকেন যার মধ্যে শতকরা ৮০ ভাগের

বেশি ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক। এর নেতৃত্বে থাকেন স্থানীয় পঞ্চায়েত প্রতিনিধিগণ। বৃহৎ নদী প্রকল্পের সেচ-সেবিত এলাকার মধ্যে মাঠ-নালা তৈরি করার ক্ষেত্রেও পঞ্চায়েত প্রতিনিধিসহ সংশ্লিষ্ট উপভোক্তারা বিশেষভাবে অংশগ্রহণ করেন। পশ্চিমবঙ্গ রাজ্যে এইরূপ ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়ণের কাজে স্থান নির্বাচন থেকে প্রকল্প রূপায়ণের শেষ পর্যন্ত এবং চালনা, সংরক্ষণ এবং পরিচালন ব্যবস্থার সঙ্গে স্থানীয় পঞ্চায়েত সংস্থা সক্রিয়ভাবে যুক্ত থাকেন। সবরকম নলকূপ এবং নদী-জলোত্তোলন প্রকল্পগুলি উন্মুক্ত কুয়োসহ খনন ও রূপায়ণের পরে সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির মাধ্যমে উপভোক্তাদের হতে অর্পণ করা হয়েছে। এই উদ্দেশ্যে উপভোক্তা কমিটিগুলি পঞ্চায়েত সমিতি দ্বারা গঠিত হয়। এই প্রকল্পগুলির সংরক্ষণ ও পরিচালন খরচ উপভোক্তাদের কাছ থেকে সংগ্রহ করার দায়িত্ব স্থানীয় পঞ্চায়েত সমিতিগুলির উপর ন্যস্ত করা হয়েছে এবং এই সমিতিগুলি পরিচালনার ক্ষেত্রে, তাঁরা উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছেন। বিশেষ করে যথাযথ জলের ব্যবহারের ক্ষেত্রে, প্রগাঢ় সেচ ব্যবস্থার ক্ষেত্রে, কৃষি উৎপাদনের ক্ষেত্রে এবং সর্বোপরি প্রকল্পগুলির খরচ উপভোক্তাদের কাছ থেকে আদায়ের ক্ষেত্রে অত্যন্ত সাফল্য লাভ করেছেন। এ বিষয়ে ভারত সরকার, অন্যান্য রাজ্য সরকার, বিশ্ব ব্যাঙ্ক ও ন্যাবার্ডের প্রতিনিধিগণ এই ব্যবস্থা পরিদর্শন করার পরে উচ্ছ্বসিত প্রশংসা করেছেন এবং অন্যান্য রাজ্যকেও এই ব্যবস্থা অনুসরণ করার পরামর্শ দিয়েছেন।

৪.৩ পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগম লিমিটেড

২০০৩-০৪ আর্থিক বছরে এই নিগমের অধীনস্থ ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়ণের খাতে ১০০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

৪.৩.১ এই নিগম এখনও পর্যন্ত ৫২৯টি উচ্চক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ এবং ২১৫টি নদী-জলোত্তোলন প্রকল্প রূপায়ণ করেছে। এর মধ্যে ৭৫টি উচ্চ ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ এবং ১২টি নদী জলোত্তোলন প্রকল্প সঠিকভাবে সংরক্ষণ ও পরিচালন করার জন্যে এবং ঠিকভাবে জলকর আদায় করার জন্যে সংশ্লিষ্ট উপভোক্তা সমিতিকে হস্তান্তর করা হয়েছে। বাস্তবিকপক্ষে, এই নিগম বিশ্বব্যাঙ্ক প্রকল্পের অসমাপ্ত কাজ এবং ডি. আর. ডি. এ.-এর কমিউনিটি ক্ষুদ্রসেচ প্রকল্পগুলির কাজ করে থাকে।

৪.৪ সেচ-সেবিত এলাকা উন্নয়ন পরিকল্পনা

২০০৩-০৪ আর্থিক বছরে সেচ-সেবিত এলাকা উন্নয়ন পরিকল্পনার অধীনে বিভিন্ন কার্যক্রমের জন্যে ৪৫০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। এর মধ্যে বিভিন্ন কার্যসূচি রূপায়ণের জন্যে ১০০ লক্ষ টাকা এবং বাকি অর্থ অমূলধনী ব্যয়ের জন্যে রাখা হয়েছে।

৪.৪.১ সেচ-সেবিত এলাকা উন্নয়ন পরিকল্পনাটি একটি ৫০ : ৫০ কেন্দ্রীয় সরকার প্রোথিত প্রকল্প। এই পরিকল্পনার অধীনে বিভিন্ন ধরনের প্রকল্প ৪টি সেচ-সেবিত এলাকা উন্নয়ন প্রাধিকারের (সি. এ. ডি. এ.) মাধ্যমে রূপায়িত হয়ে থাকে। ওই প্রাধিকারগুলি হল, দামোদর ভ্যালি সেচ-সেবিত এলাকা উন্নয়ন প্রাধিকার, কংসাবতী সেচ-সেবিত এলাকা উন্নয়ন প্রাধিকার, ময়ূরাক্ষী সেচ-সেবিত এলাকা উন্নয়ন প্রাধিকার এবং তিস্তা সেচ-সেবিত এলাকা উন্নয়ন প্রাধিকার। এই পরিকল্পনার অধীনে মাঠ-নালা নির্মাণ, ভূগর্ভস্থ জলের সঠিক ব্যবহারের জন্যে নলকূপ নির্মাণ এবং অন্যান্য কৃষিজ উৎপাদন বৃদ্ধির প্রকল্প রূপায়ণ করা হয়। ২০০২-০৩ আর্থিক বছরে এই সমস্ত প্রকল্পের মাধ্যমে অতিরিক্ত ৭০০০ হেক্টর সেচ-সেবিত এলাকা তৈরি হবে বলে আশা করা যায়। এই প্রকল্পগুলিও সংরক্ষণ ও পরিচালনা করার জন্যে সংশ্লিষ্ট উপভোক্তা সমিতিকে হস্তান্তর করা হয়। এই পরিকল্পনার অধীনেও কৃষকগণকে উপভোক্তা অংশীদারী পরিচালন ব্যবস্থায় সংগঠিত করা হয়। এই সব প্রকল্প ছাড়াও ২০০২-০৩ আর্থিক বছরে অন্যান্য প্রকল্প যথা—কৃষকদের হাতে-কলমে শিক্ষা, অনুশীলন উপযোগী অনুসন্ধান পরীক্ষা, মৃত্তিকা পরীক্ষার কাজ এবং মূল্যায়ন সমীক্ষার কাজও সম্পন্ন করা হয়েছে। ২০০৩-০৪ আর্থিক বছরেও এই সমস্ত প্রকল্প ও কার্যক্রম রূপায়ণ করা হবে।

৪.৫ **দার্জিলিং গোর্খা অটোনমাস হিল কাউন্সিল**

২০০৩-০৪ আর্থিক বছরে দার্জিলিং পার্বত্য এলাকায় ক্ষুদ্র সেচ উন্নয়নের জন্যে এই কাউন্সিলকে অনুদানের খাতে ৮ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

৪.৬ **বোরো বাঁধ এবং পুষ্করিণী উন্নয়ন প্রকল্প**

যেহেতু এ ধরনের বেশিরভাগ প্রকল্প সহায়ক অনুদান খাতে দেওয়া অর্থের মাধ্যমে বিভিন্ন জেলা পরিষদগুলি রূপায়ণ করে থাকে সেহেতু ২০০৩-২০০৪ আর্থিক বছরে নামমাত্র ২ হাজার টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

৪.৭ **সেক্রেটারিয়েট ইকোনমিক সার্ভিসেস**

আগামি ২০০৩-০৪ আর্থিক বছরে এই কাজের জন্যে ১ (এক) হাজার টাকা ধার্য করা হয়েছে।

৪.৮ **কমপিউটারাইজেশন এবং তার সংযোজকতা**

এই দপ্তরের অধীনে মহকুমাস্তর পর্যন্ত কমপিউটার বসানোর কাজ বৃহৎভাবে নেওয়া হয়েছে এবং সে কাজ এখনও চলছে। তাছাড়া এই দপ্তর রাজ্য সরকার প্রতিষ্ঠিত 'ওয়েবসোয়ান' (ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়াইড এরিয়া নেট ওয়ার্ক)-এর সঙ্গে সম্পৃক্ত রয়েছে।

৫.০ তৃতীয় ক্ষুদ্রসেচ সুমারি

এই দপ্তর ২০০১-০২ আর্থিক বছর থেকে শতকরা ১০০ ভাগ কেন্দ্রীয় অনুদানের সাহায্য নিয়ে তৃতীয় ক্ষুদ্রসেচ সুমারির কাজ সম্পন্ন করেছে এবং সে ব্যাপারে প্রস্তুত রিপোর্ট ভারত সরকারের বিবেচনাধীন রয়েছে। উক্ত রিপোর্ট প্রকাশিত হলে পশ্চিমবঙ্গের পুষ্করিনীসহ অন্যান্য প্রকার জলাশয় তথা সকল প্রকার ক্ষুদ্রসেচের সঙ্গে জড়িত প্রকল্প ও তার পরিকাঠামো সম্বন্ধে যথাযথ তথ্যাবলী সুনির্ধারিত হবে।

৬.০ আর. আই. ডি. এফ. (গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল)

৬.১ আর. আই. ডি. এফ.-২

এই কার্যক্রমের অধীনে ৬৬.৭২ কোটি টাকার অর্থমূল্যে গৃহীত ২১৮৫টি প্রকল্পের মধ্যে ২১৬২টি প্রকল্প সর্বতোভাবে সম্পন্ন করা হয়েছে এবং সেগুলি পঞ্চায়েতের মাধ্যমে সংশ্লিষ্ট উপভোক্তা সমিতিগুলির কাছে হস্তান্তর করা হয়েছে। এর দ্বারা সর্বমোট ৫৭,৫৬২ হেক্টর জমিতে সেচের সম্ভাবনা সৃষ্টি করা হয়েছে। বাকি প্রকল্পগুলি কিছু স্থানীয় সমস্যা ও বিদ্যুৎ সংযোগের অভাবে সম্পূর্ণ করা সম্ভব হয়নি।

৬.২ আর. আই. ডি. এফ.-৫

এই কার্যক্রমের অধীনে ৪২.৫৬ কোটি টাকার অর্থমূল্যে গৃহীত ৮৭০টি ক্ষুদ্রসেচ প্রকল্পের কাজ ৭টি জেলা পরিষদের মাধ্যমে ২০০০-০১ আর্থিক বছর থেকে গ্রহণ করা হয়েছে। এই কাজ রূপায়ণের জন্য সমস্ত অর্থ সংশ্লিষ্ট জেলা পরিষদগুলিকে দেওয়া হয়েছিল। এই প্রকল্পের সমস্ত কাজ আগামি ২০০৩-০৪ আর্থিক বছরে সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যায়। এই প্রকল্পগুলি সম্পূর্ণ হলে অতিরিক্ত মোট ৩০,০০০ হেক্টর জমিতে সেচ সম্প্রসারণের কাজ সম্ভব হবে।

৬.৩ আর. আই. ডি. এফ.-৬ ও ৭

প্রাথমিকভাবে এই কার্যক্রমের অধীনে প্রকল্পগুলি জেলা পরিষদের মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের করার কথা ছিল। আর. আই. ডি. এফ.-৬-এর অধীনে উত্তর ২৪-পরগনা জেলায় ১০টি বৃহৎ নদী জলোত্তোলন প্রকল্প ও ২৩টি ক্ষুদ্র নদী জলোত্তোলন প্রকল্প, হাওড়া জেলায় ১৪টি মধ্যম ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ এবং দার্জিলিং জেলা (শিলিগুড়ি মহকুমা পরিষদ) ১৩৮টি অগভীর নলকূপ ও ১৬টি ক্ষুদ্র নদী জলোত্তোলন প্রকল্প 'নাবার্ড' হতে অনুমোদন পাওয়া গিয়েছিল। এই প্রকল্পগুলির মোট অর্থমূল্য ৫৯৯.৯৪ লক্ষ টাকা। আর. আই. ডি. এফ.-৭-এর অধীনে হাওড়া জেলায় ১৫টি বৃহৎ নদী জলোত্তোলন প্রকল্প, হুগলি জেলায় ৪টি উচ্চক্ষমতাসম্পন্ন

গভীর নলকূপ, ১৩টি বৃহৎ নদী জলোত্তোলন প্রকল্প ও ৭টি ক্ষুদ্র নদী জলোত্তোলন প্রকল্প, বীরভূম জেলায় ৪০টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ ও ৩টি বৃহৎ নদী জলোত্তোলন প্রকল্প, দক্ষিণ দিনাজপুর জেলায় ২৭৫টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ, ৩৫৪টি অগভীর নলকূপ (বিদ্যুৎ চালিত) এবং ১৪৫টি অগভীর নলকূপ (ডিজেল চালিত) এবং কোচবিহার জেলায় ৯টি ক্ষুদ্র নদী জলোত্তোলন প্রকল্প, ২৪০টি অগভীর নলকূপ (ডিজেল চালিত) ও ৮টি মধ্যম ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপের অনুমোদন 'নাবার্ড' হইতে পাওয়া গেছে। এই প্রকল্পগুলির মোট অর্থমূল্য ২১০৮.৬১ লক্ষ টাকা। সম্পতি রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে যে সমস্ত কাজের দরপত্র ২৯.৫.২০০২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা পরিষদগুলির দ্বারা আহ্বান করা সম্ভব হয়নি, সেগুলির কাজ এই দপ্তরের মাধ্যমেই রূপায়িত করা হবে। উক্ত প্রকল্পগুলি ২০০৩-০৪ আর্থিক বছরে সম্পন্ন হলে অতিরিক্ত ১৯,০০০ হেক্টর জমিকে ক্ষুদ্রসেচের আওতায় আনা সম্ভব হতে পারে।

৬.৪ **আর. আই. ডি. এফ.-৮**

এই কার্যক্রমের অধীনে ৮৭৬৪.৩৫ লক্ষ টাকার অর্থমূল্যের ৪০০২টি বিভিন্ন ধরনের ক্ষুদ্রসেচ প্রকল্পের কাজ এই দপ্তরের মাধ্যমে করা হবে। এই প্রকল্পের সমস্ত কাজ শেষ হলে আনুমানিক অতিরিক্ত ৫৭,০০০ হেক্টর জমিকে সেচের আওতায় আনা সম্ভব হবে।

৬.৪.১ আগামি আর্থিক বছরে অর্থাৎ ২০০৩-০৪ সালে ২০৬৪.৩৮ লক্ষ টাকা এই প্রকল্পের কাজ রূপায়ণের জন্যে ধার্য করা হয়েছে।

৭. **সহায়ক-অনুদান প্রকল্প**

এই কার্যক্রমের অধীনে বিভিন্ন জেলা পরিষদ কর্তৃক একটি বৃহৎ সংখ্যক ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজ রূপায়ণের জন্য নেওয়া হয়েছে। এই প্রকল্পগুলি রূপায়ণের জন্য ২০০১-০২ আর্থিক বছর পর্যন্ত বিভিন্ন জেলা পরিষদকে মোট ১৪২.২১২৫ কোটি টাকা দেওয়া হয়েছে। আগামি আর্থিক বছরে অর্থাৎ ২০০৩-০৪ সালে এ তাবৎ খরচ না হওয়া অর্থের সদ্ব্যবহার করে প্রকল্পগুলির রূপায়ণের কাজ চালিয়ে যাওয়া হবে।

মাননীয় সদস্যগণ,

এ পর্যন্ত আমি যে বক্তব্য রেখেছি তার মাধ্যমে দপ্তরের প্রধান প্রধান কর্মসূচি তথা কার্যক্রমগুলির লক্ষ্য ও উদ্দেশ্যের রূপরেখা তুলে ধরা হয়েছে এবং সে প্রসঙ্গে ২০০৩-০৪ আর্থিক বছরে ক্ষুদ্রসেচ প্রকল্প তথা সেচ-সেবিত এলাকা উন্নয়ন (সি. এ. ডি. পি.) খাতে প্রয়োজনীয় ২৯১৮.৫৬ লক্ষ টাকার বরাদ্দ পেশ করা হয়েছে। এই দপ্তর যে বহুমুখী কার্যক্রম

গ্রহণ করেছে তা পশ্চিমবঙ্গের গ্রামীণ জীবনের আর্থিক পরিবর্তনের ক্ষেত্রে মৌলিক ভূমিকা পালন করে চলেছে এবং কৃষক তথা শ্রমজীবী মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করে চলেছে। আমাদের প্রকল্পগুলি সুনিশ্চিত সেচ ব্যবস্থার উন্নতির দ্বারা একই জমিতে একাধিক ফসল ও বাড়তি ফসল উৎপাদন করে কৃষক সমাজের হাতে ক্রয়ক্ষমতা বৃদ্ধির ব্যবস্থা করেছে এবং কৃষিকাজের মাধ্যমে বিপুল পরিমাণ কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি করেছে।

আমি এই কয়েকটি কথার মাধ্যমে বাজেটের ব্যয়বরাদ্দ এই সভার বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করলাম।

DEMAND No. 56

Major Heads : 2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services and 4235—Capital Outlay on Social Security and Welfare

Dr. ASIM KUMAR DASGUPTA, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,94,45,93,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads : "2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services and 4235—Capital Outlay on Social Security and Welfare" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 98,15,31,000 already voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫৬ নং অভিযাচনের অন্তর্গত, "২২৩৫—সোসাল সিকিউরিটি অ্যান্ড ওয়েলফেয়ার (সোশ্যাল ওয়েলফেয়ার) খাতে মোট ২৪১,৬০,৭৪,০০০ টাকা (দুই শত একচল্লিশ কোটি ষাট লক্ষ চুয়াত্তর হাজার টাকা) মাত্র, '২২৩৬—নিউট্রিশন", খাতে মোট ৪০,০০,১৩,০০০ টাকা (চল্লিশ কোটি তের হাজার টাকা) মাত্র "২২৫০—আদার সোশ্যাল সার্ভিসেস্", খাতে মোট ১০,৪৭,০০০ টাকা (দশ লক্ষ সাতচল্লিশ হাজার টাকা) মাত্র, "২২৫১—সেক্রেটারিয়েট সোশ্যাল সার্ভিসেস," খাতে মোট ২,০০,৫৫,০০০ টাকা (দুই কোটি পঞ্চান্ন হাজার টাকা) মাত্র, "৪২৩৫—ক্যাপিটাল আউটলে অন সোশ্যাল সিকিউরিটি অ্যান্ড ওয়েলফেয়ার" খাতে মোট ১০,৭৪,০৪,০০০ টাকা (দশ কোটি চুয়াত্তর লক্ষ চার হাজার টাকা), মাত্র ২০০৩-২০০৪ আর্থিক বছরের ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য উপস্থাপিত করছি, এর মধ্যে ভোট-অন্-অ্যাকাউন্ট খাতে মঞ্জুরীকৃত বরাদ্দ যথাক্রমে মোট ৮০,৫৩,৫৮,০০০ টাকা (আশি কোটি তিপ্পান্ন লক্ষ আটান্ন হাজার টাকা) মাত্র,

মোট ১৩,৩৩,৩৮,০০০ টাকা (তের কোটি তেত্রিশ লক্ষ আটত্রিশ হাজার টাকা) মাত্র, মোট ৩,৪৯,০০০ টাকা (তিন লক্ষ ঊনপঞ্চাশ হাজার টাকা) মাত্র, মোট ৬৬,৮৫,০০০ টাকা (ছেষট্টি লক্ষ পঁচাশি হাজার টাকা) মাত্র এবং মোট ৩,৫৮,০১,০০০ টাকা (তিন কোটি আটান্ন লক্ষ এক হাজার টাকা) মাত্র অন্তর্গত।

২০০৩-০৪ আর্থিক বছরের ৫৬ নং অভিযাচনের ব্যয় বরাদ্দ সম্পর্কে আপনার অনুমতিক্রমে এই বিভাগের অন্তর্গত বিভিন্ন চালু প্রকল্প রূপায়ণের এবং সাফল্যের সংক্ষিপ্ত বিষয় মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য পেশ করছি।

১। **সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প :**

প্রসূতি মা ও শিশুর পরিপূরক পুষ্টি প্রদান পূর্বক পরিপূর্ণ স্বাস্থ্যবিকাশ ও শিশু মৃত্যুর হার কমানোর উদ্দেশ্যে পরিচালিত এই প্রকল্পটি আমার দপ্তরের অধীনে ১৯৭৫ সাল থেকে চালু আছে। গ্রাম ও শহরাঞ্চলে ৩৪০টি প্রকল্পের অধীনে ৪৯,২৪৪টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মাধ্যমে প্রায় ৪০ লক্ষ শিশু (৬ বৎসর অনূর্ধ্ব) ও তাদের মায়েরা বিভিন্ন সুযোগ-সুবিধা লাভ করছেন।

২। **উদিশা :**

বিশ্বব্যাঙ্কের সহায়তায় সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের অধীনে 'উদিশা' নামক প্রশিক্ষণ কর্মসূচিটি অন্যান্য রাজ্যের মতো এই রাজ্যেও চালু আছে। এই প্রকল্পের অধীনে সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পে কর্মরত প্রকল্পাধিকারিক, সহ-প্রকল্পাধিকারিক, মুখ্যসেবিকা, অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের নিবিড় প্রশিক্ষণ দেওয়া হয়।

৩। **অপুষ্ট গর্ভবতী ও প্রসূতি মায়েদের এবং কিশোরীদের খাদ্যশস্য সরবরাহের উদ্দেশ্যে পাইলট প্রকল্প :**

সম্প্রতি ভারত সরকার মঞ্জুরীকৃত পাইলট প্রকল্পের উদ্দেশ্য হল সুসংহত শিশুবিকাশ সেবা পরিকাঠামোর মাধ্যমে অপুষ্ট গর্ভবতী ও প্রসূতি মায়েদের এবং কিশোরীদের খাদ্যশস্য সরবরাহ করা। এই প্রকল্প রূপায়ণের জন্য পরিকল্পনা কমিশন এই রাজ্যের পুরুলিয়া ও জলপাইগুড়ি জেলা দুটিকে চিহ্নিত করেছেন। বিশেষ অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তায় এই প্রকল্পের ব্যয় নির্বাহ হবে। নিম্নলিখিত কর্মসূচিতে অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা ব্যয় করা হবে :

(ক) অনূর্ধ্ব ৪০ কিলো ওজন সম্বলিত গর্ভবতী ও প্রসূতি মায়েদের এবং অন্যূন ৩৫ কিলো ওজন সম্বলিত কিশোরীদের প্রতিমাসে মাথাপিছু ৬ কিলো খাদ্যশস্য সরবরাহ ;

(খ) উপরোক্ত দুটি জেলার অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির জন্য বয়স্কদের ওজন পরিমাপক যন্ত্র উৎপাদন ;

(গ) আই.ই.সি. ও প্রশিক্ষণ।

৪। **প্রধানমন্ত্রী গ্রামোদয় যোজনা :**

এই প্রকল্পের লক্ষ্য দারিদ্র্যসীমার নীচে অবস্থানকারী পরিবারের ৩ বছর অনূর্ধ্ব শিশুদের, গর্ভবতী মহিলা এবং প্রসূতি মায়েদের পরিপূরক পুষ্টিলাভে অতিরিক্ত সহায়তা প্রদান। অদ্যাবধি ১৭৫টি সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পকে এই কর্মসূচির আওতায় আনা সম্ভব হয়েছে। পরবর্তীকালে প্রধানমন্ত্রী গ্রামোদয় যোজনা অন্যান্য সকল সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পেও গৃহীত হবে।

৫। **আর.আই.ডি.এফ. :**

অষ্টম আর.আই.ডি.এফ. প্রকল্পে নাবার্ড প্রদত্ত লোনের মাধ্যমে বিভিন্ন অঞ্চলে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন কর্মসূচি চালু আছে। অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণ তার মধ্যে অন্যতম। বিভিন্ন জেলায় অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণের উদ্দেশ্যে নাবার্ডের কাছে প্রায় ২০ কোটি টাকার প্রস্তাব জমা দেওয়া হয়েছে।

৬। **বালিকা সমৃদ্ধি যোজনা :**

পরিশীলিত বালিকা সমৃদ্ধি যোজনার অধীনে ৫০০ টাকা হারে প্রসবোত্তর অনুদান দেওয়া হচ্ছে। দারিদ্র্যসীমার নীচে অবস্থানকারী পরিবারপিছু সর্বাধিক দুটি কন্যাসন্তানের নামে এই অনুদানের টাকা ব্যাঙ্ক বা পোস্ট অফিসে সুদ প্রদানকারী খাতে রাখা হচ্ছে। উক্ত কন্যাসন্তানেরা ১৮ বছর বয়ঃপ্রাপ্তা হলে এই অনুদানের টাকা সুদসহ ফেরত পাবেন।

৭। **মাইক্রোনিউট্রিয়েন্ট ইনিশিয়েটিভ প্রোগ্রাম :**

মানবদেহের যথাযথ বিকাশের জন্য মাইক্রোনিউট্রিয়েন্ট একটি অত্যাবশ্যকীয় উপাদান। এই সকল মৌল উপাদানগুলি প্রধানত আয়োডিন, লৌহ, ভিটামিন-এ এবং ফোলিক অ্যাসিড।

দার্জিলিং, হাওড়া ও দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় এই প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। দার্জিলিং শহরে গণ-বণ্টন ব্যবস্থার মাধ্যমে মৌল উপাদান সমৃদ্ধ আটা বণ্টন করা হচ্ছে। হাওড়া ও দক্ষিণ চব্বিশ-পরগনায় অনুরূপ পরিষেবা সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের মাধ্যমে রূপায়িত হচ্ছে।

সম্প্রতি দক্ষিণ দিনাজপুর ও জলপাইগুড়ি জেলায় অনুরূপ প্রকল্প চালু হয়েছে।

৮। **শিশু-কল্যাণ :**

(ক) *সংশোধনী পরিষেবা*—'জুভেনাইল জাস্টিস (কেয়ার অ্যান্ড প্রোটেকশন অব্ চিলড্রেন) অ্যাক্ট, ২০০০-এর কার্যকরী রূপায়ণের উদ্দেশ্যে নারী ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর ১৭টি আবাস পরিচালনা করছেন। এছাড়া বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে আরও ২১টি আবাস চালু আছে। এই প্রকল্পে উক্ত আইনের আওতাভুক্ত শিশুদের ভরণ-পোষণ, শিক্ষা, বিনোদন ও বৃত্তিমূলক

প্রশিক্ষণ ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে। এই আইনের আওতায় ৫টি চাইল্ড ওয়েলফেয়ার কমিটি ও ২টি জুভেনাইল জাস্টিস বোর্ড কাজ করছে। উক্ত আইনের বিধিগুলিও জারি করা হয়েছে।

(খ) *কটেজ স্কিম*—দুঃস্থ ও অনাথ শিশুদের জন্য এই দপ্তর পরিচালিত 'কটেজ স্কিম' ৬৯টি বেসরকারি সংস্থার সহযোগিতায় রূপায়িত হচ্ছে।

(গ) *পথশিশু*—২৬টি বেসরকারি সংস্থার সক্রিয় সহযোগিতায় আমার দপ্তর ১৯৯৩ সাল থেকে কলকাতা ও হাওড়ার বিভিন্ন অঞ্চলে 'পথশিশুদের জন্য সুসংহত কর্মসূচি' নামক কেন্দ্রীয় প্রকল্পটির রূপায়ণ ও তদারকি করে থাকে। বর্তমানে যৌনকর্মীদের শিশুসন্তান সহ ১৩,০০০ পথশিশু এই প্রকল্পের আওতাভুক্ত।

বিগত বছরগুলির ন্যায় এ বছরও পশ্চিমবঙ্গ সরকারের ক্রীড়া দপ্তরের সহায়তায় কলকাতার পথশিশুদের জন্য একটি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

(ঘ) *অবহেলিত শিশুদের দত্তক গ্রহণ*—পরিত্যক্ত, অবহেলিত ও দুঃস্থ শিশুদের দত্তকরূপে গ্রহণ একটি গুরুত্বপূর্ণ অপ্রাতিষ্ঠানিক সহায়তা। বর্তমানে এই রাজ্যে ৭টি স্বীকৃত দত্তক প্রদানকারী সংস্থা মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশিকা অনুসারে অন্তর্দেশীয় ও আন্তর্দেশীয় দত্তক প্রদানের কাজটি পরিচালনা করে থাকে। অন্তর্দেশীয় দত্তক প্রদানের জন্য এই রাজ্যে স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে ৩টি শিশুগৃহ প্রকল্পও চালু আছে। এছাড়া বিভিন্ন শিশু-কল্যাণ কমিটির মাধ্যমেও প্রকল্পটি রূপায়িত হচ্ছে।

(ঙ) *যৌনকর্মীদের শিশুসন্তান*—সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের মাধ্যমে যৌনকর্মীদের শিশুসন্তানের যত্ন নেওয়া এক অভূতপূর্ব প্রকল্প। কলকাতার যৌনকর্মী অধ্যুষিত এলাকাগুলিতে সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের ৭৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মাধ্যমে ৪টি স্বেচ্ছাসেবী সংস্থা এই প্রকল্পের রূপায়ণে নিরন্তর নিয়োজিত।

এছাড়া যৌনকর্মী অধ্যুষিত এলাকার শিশু, উদ্ধারপ্রাপ্তা বালিকা ও মহিলাদের সঠিক যত্নগ্রহণের উদ্দেশ্যে স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত এই রাজ্যে কতকগুলি কল্যাণাবাস চালু আছে। যৌনকর্মীদের শিশুসন্তানেরা 'রিজিওনাল কম্পিউটার সেন্টার, যাদবপুর'-এ কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হচ্ছেন।

৯। **ভাতা :**

বর্তমানে এই রাজ্যে ৬,৮৮৭ জন প্রতিবন্ধী ভাতা, ১১,৫৪৬ জন বিধবা ভাতা এবং ৩৩,৮১৮ জন বার্ধক্য ভাতার সুযোগ পেয়ে থাকেন। ১.১.২০০৩ থেকে এই সকল ভাতার পরিমাণ মাসিক ৪০০ টাকা থেকে বৃদ্ধি করে মাসিক ৫০০ টাকা করা হয়েছে।

১০। **প্রতিবন্ধীদের জন্য প্রকল্পাদি :**

প্রতিবন্ধী কল্যাণে রাজ্য সরকার সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন এবং সকল উপক্ষেত্রকে যথাযথরূপে সমন্বয় সাধনের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

প্রতিবন্ধীদের জীবনযাত্রার মানোন্নয়নে রাজ্য সরকার বর্তমানে নিম্নলিখিত আইন ও কর্মসূচি রূপায়ণ করেছেন :

(ক) প্রতিবন্ধী (সমান সুযোগ, অধিকার রক্ষা ও পূর্ণ অংশগ্রহণ) আইন, ১৯৯৫ ;

(খ) ন্যাশনাল ট্রাস্ট অ্যাক্ট, ১৯৯৯ ;

(গ) জাতীয় প্রতিবন্ধী পুনর্বাসন কর্মসূচি ;

(ঘ) ব্যক্তিগত ব্যবসা স্থাপনের জন্য ন্যাশনাল হ্যান্ডিক্যাপ্‌ড ফাইনান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত আর্থিক ঋণ ;

(ঙ) এ.ডি.আই.পি. প্রকল্প।

জাতীয় পুনর্বাসন কর্মসূচির (এন.পি.আর.পি.ডি.) অধীনে বালুরঘাট, শালবনী ও তমলুক-এ ২০০৩ সালের মার্চ মাসের প্রথমার্ধে ৩টি সুসংহত শিবিরের আয়োজন করা হয়েছে।

প্রতিবন্ধী আইন, ১৯৯৫-এর ৩৩ নং ধারা অনুযায়ী প্রতিবন্ধীদের জন্য তিন শতাংশ (৩%) পদ সংরক্ষণ ও তাদের উপযোগী পদগুলির চিহ্নিতকরণের জন্য রাজ্য সরকারের সমস্ত বিভাগকে অনুরোধ করা হয়েছে। প্রতিবন্ধীদের জন্য 'বাধাহীন বাতাবরণ' সৃষ্টির লক্ষ্যে বর্তমান বিধি ও অধিনিয়মগুলির সংস্কার করার জন্য পূর্ত দপ্তর ও পৌর বিষয়ক দপ্তরকে অনুরোধ করা হয়েছে। উক্ত আইনের ৩৯নং ধারা অনুযায়ী প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে তিন শতাংশ আসন সংরক্ষণের নিশ্চয়তা প্রদানের জন্য বিদ্যালয় শিক্ষা দপ্তর, উচ্চশিক্ষা দপ্তর ও কারিগরি শিক্ষা দপ্তরকে অনুরোধ করা হয়েছে।

ডাক্তারি শংসাপত্রের ভিত্তিতে প্রদত্ত প্রতিবন্ধী পরিচয়পত্রের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিরা উক্ত আইনের আওতায় বিভিন্ন ছাড় ও সুযোগ-সুবিধা পেয়ে থাকেন। ২০০২-০৩ সালে প্রায় ২০,০০০ প্রতিবন্ধীদের নতুন পরিচয়পত্র প্রদান করা হয়েছে।

'প্রতিবন্ধীদের নিমিত্ত আয়োগ'-এর জন্য একটি পৃথক কার্যালয় স্থাপন করা হয়েছে। এই কার্যালয় 'প্রতিবন্ধী আইন, ১৯৯৫' ও তৎসম্পর্কিত বিষয়গুলির রূপায়ণ ও তদারকি করছে।

১১। **নারী কল্যাণ :**

সরকারি ও বেসরকারি সংস্থাগুলির মধ্যে সমন্বয়সাধনের মাধ্যমে নারী কল্যাণ ও উন্নয়নের কর্মসূচি তদারকির ক্ষেত্রে এই দপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

(ক) *স্বয়ংসিদ্ধা*—কেন্দ্রীয় অনুদানে পরিচালিত এই সুসংহত কর্মসূচির উদ্দেশ্য স্বাবলম্বী গোষ্ঠী স্থাপন ও তাদের কাজে গতি প্রদানের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিকভাবে নারী শক্তি উন্নয়ন। বর্তমানে এই রাজ্যের বাঁকুড়া, পুরুলিয়া, দক্ষিণ দিনাজপুর ও দার্জিলিং (কালিম্পং) এই চারটি জেলার ৩৯টি ব্লকে এই

কর্মসূচি রূপায়িত হচ্ছে। এই প্রকল্পের মেয়াদ ২০০৬ সালের মার্চ মাস অবধি। কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের সম্পূর্ণ ব্যয় বহন করবেন। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের রাষ্ট্রীয় শিক্ষণ প্রতিষ্ঠানে শিক্ষকদের শিক্ষণ শিবিরের মাধ্যমে এই প্রকল্পের সূচনা হয়েছে। ব্লকস্তরে সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের মাধ্যমে এই কর্মসূচি রূপায়িত হচ্ছে। স্বনির্ভর গোষ্ঠী গঠনে অঙ্গনওয়াড়ি কর্মীরা অগ্রগণ্য ভূমিকা পালন করবেন। 'স্বয়ংসিদ্ধা' প্রকল্পের বার্ষিক পরিকল্পনা রূপায়ণের উদ্দেশ্যে ১৯.২.২০০৩-এ কলকাতায় অনুষ্ঠিত এক রাজ্যস্তর আলোচনাসভায় জেলাশাসকবৃন্দ, 'কেয়ার', 'ইউনিসেফ' ও অন্যান্য খ্যাতনামা স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেছেন।

(খ) *স্বধর*—সম্প্রতি কেন্দ্রীয় সরকার 'স্বধর' নামে এক উদ্ভাবনী প্রকল্প গ্রহণ করেছেন যার একমাত্র উদ্দেশ্য হল নিম্নলিখিত মহিলাদের সামাজিক, মানসিক ও অর্থনৈতিক সহায়তা প্রদান—(১) কঠিন পরিস্থিতিতে জীবনধারণকারী বিধবা, অবহেলিত ও পরিত্যক্ত নারী, (২) প্রাক্তন মহিলা কারাবাসী, (৩) যৌন নিপীড়িত মহিলা, (৪) বন্যা, ভূকম্প, সাইক্লোন ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের থেকে রক্ষাপ্রাপ্তা মহিলা, (৫) সন্ত্রাসবাদী কার্যকলাপের শিকার হওয়া মহিলা এবং (৬) মানসিক বিকারগ্রস্ত মহিলা। এই সকল মহিলাদের উক্ত প্রকল্পের অধীনে পুনর্বাসন, সাময়িক আশ্রয়, সচেতনতা ও আইনি সহায়তা দেওয়া এবং ব্যক্তিত্বের বিকাশ ঘটানো হয়। এই প্রকল্পের অধীনে বিভিন্ন প্রস্তাবের সুপারিশ ভারত সরকারের নিকট প্রেরিত হয়েছে।

(গ) স্টেপ, নোরাড ইত্যাদি বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে নারীদের অর্থনৈতিকভাবে স্বনির্ভর করার প্রচেষ্টা চলছে।

(ঘ) সংবিধান ও অন্যান্য আইন অনুযায়ী মহিলাদের অধিকার সুরক্ষিত ও নিরাপদ করার জন্য পশ্চিমবঙ্গ মহিলা আয়োগ বিভিন্ন বিষয়ের তদন্ত ও নিরীক্ষা করে থাকেন। অনুরূপে পশ্চিমবঙ্গ সমাজকল্যাণ উপদেষ্টা পর্ষদ নারী কল্যাণের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করেন। পশ্চিমবঙ্গ মহিলা বিকাশ নিগম নারী কল্যাণে 'স্বয়ংসিদ্ধা', নোরাড এবং এন.এইচ.এফ.ডি.সি.-এর মাধ্যমে আর্থিক সহায়তা প্রকল্প রূপায়ণ করছেন।

(ঙ) *নারীর বিরুদ্ধে অপরাধ*—নারী পাচার প্রতিরোধ ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে কেন্দ্রীয় সমাজ-কল্যাণ পর্ষদের অনুদানপ্রাপ্ত স্বেচ্ছাসেবী সংস্থাগুলির সক্রিয় অংশগ্রহণের দ্বারা দুর্দশাগ্রস্ত মহিলাদের জন্য কতকগুলি নারী সহায়তা কেন্দ্র খোলা হয়েছে। নারী সহায়তা কেন্দ্রের সদস্য/সদস্যারা এই সকল পীড়িত মহিলাদের শহরে প্রাপ্ত সুযোগ-সুবিধা সম্বধে অবহিত করান এবং তাদের সাময়িক আশ্রয়, তাৎক্ষণিক বিপদে হস্তক্ষেপ এবং পরামর্শদান করেন। স্বেচ্ছাসেবী সংস্থাগুলির সাথে যথাযথ কর্মজাল গড়ে তোলার জন্য পুলিশ ও বিচারকবর্গকে উক্ত নারী সহায়তা কেন্দ্রগুলির সাহায্য গ্রহণ করতে অনুরোধ করা হয়েছে।

১২। বৃদ্ধাবাস :

সমাজের অবহেলিত ও অশক্ত বৃদ্ধদের কল্যাণার্থে স্বেচ্ছাসেবী সংস্থাগুলির পরিচালনায় এই রাজ্যে ৩৪টি বৃদ্ধাবাস চালু আছে। এছাড়া রাজ্য সরকারের পরিচালনায় দক্ষিণ গড়িয়ায় একটি বৃদ্ধাবাস চালু আছে যেখানে ১২১ জন স্বাধীনতা সংগ্রামী ও অসহায় বৃদ্ধ-বৃদ্ধাদের থাকার ব্যবস্থা আছে। তদুপরি, বৃদ্ধ-বৃদ্ধাদের জন্য স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত ৪৪টি 'ডে-কেয়ার সেন্টার' এবং ৪টি ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র চালু আছে।

১৩। চক্রচর কল্যাণ :

(ক) ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি নিবারণকল্পে ১০টি চক্রচর আবাস চালু আছে যেখানে ২,০০০ জনের অধিক ভবঘুরে প্রতিপালিত হচ্ছে। ভিক্ষুক ও ভবঘুরেদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনতে প্রশিক্ষণ তথা পুনর্বাসন কেন্দ্রগুলি সফল ভূমিকা পালন করছে।

(খ) *শিশুদের ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি উচ্ছেদ প্রকল্প*

এই প্রকল্পের অধীনে বর্তমানে ৬টি কেন্দ্র আছে যেখানে প্রায় ৩০০ শিশুকে আসবাব নির্মাণ, বই-বাঁধাই, পুতুল ও পোশাক তৈরি এবং চর্মজাত বস্তু তৈরির বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়। ওইসব শিশুদের মধ্যাহ্নকালীন আহার, বৃত্তি এবং প্রথা-বহির্ভূত শিক্ষা দেওয়া হয়।

১৪। মাদকাসক্তি নিবারণ :

যুবক-যুবতীদের মধ্যে ক্রমবর্ধমান মাদকাসক্তি একটি চরম উদ্বেগের বিষয়। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আমার দপ্তর কেন্দ্রীয় সরকারের সহায়তায় স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। এই রাজ্যে বেশকিছু আসক্তিবিমোচন কেন্দ্র, চিকিৎসা তথা পুনর্বাসন কেন্দ্র এবং পরামর্শদান কেন্দ্র চালু আছে।

১৫। প্রাক্তন সৈনিক কল্যাণ :

প্রাক্তন সৈনিক ও তাঁদের পরিবারবর্গের কল্যাণের বিষয়টি আমার দপ্তর রাজ্য সৈনিক বোর্ডের মাধ্যমে দেখাশোনা করে। এই উদ্দেশ্যে রাজ্য সৈনিক বোর্ডের তত্ত্বাবধানে এই রাজ্যে ১০টি জেলা সৈনিক বোর্ড কাজ করছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আমি আপনার মাধ্যমে বিধানসভার মাননীয় সদস্যদের কাছে ২০০৩-২০০৪ সালের জন্য ৫৬ নং অভিযাচনের অন্তর্ভুক্ত সম্পূর্ণ ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য অনুরোধ করছি।

Adjournment

The House was adjourned at 7.31 p.m. till 11 a.m. on Thursday, the 27th March, 2003 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 27th March, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 08 Ministers of State and 156 Members.

[11.00—11.10 a.m.]

Held Over Starred Questions (to which oral answer were given)

নতুন জলকরের হার

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩) **শ্রী দেবপ্রসাদ সরকার** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা সহ রাজ্যের বিভিন্ন পৌরনিগম / পুরসভাগুলির ক্ষেত্রে রাজ্য সরকার কি হারে নতুন জলকর বসাচ্ছেন ; এবং

(খ) কি কারণে রাজ্য সরকার উক্ত জলকর বসানোর সিদ্ধান্ত নিয়েছেন ?

শ্রী অশোক ভট্টাচার্য :

(ক) গৃহস্থ এবং গৃহস্থ নয় এমন গ্রাহক, বিভিন্ন বাণিজ্যিক, প্রাতিষ্ঠানিক ও শিল্পক্ষেত্রে পরিশ্রুত পানীয় জল সরবরাহ বাবদ একটি চার্জ বসানোর বিষয়ে পশ্চিমবঙ্গ পৌর আইন ১৯৯৩-এর অন্তর্ভুক্ত ২২৬ ধারা ও ২৩১ ধারার পরিপ্রেক্ষিতে West Bengal Municipal (Levy of fee for Supply of Water) Rules, 2002 নামক বিধিটি সম্প্রতি তৈরি করা হয়েছে এবং সেটি গত ১লা ফেব্রুয়ারি, ২০০৩ তারিখ থেকে কার্যকরী হয়েছে। রাজ্যের পৌরনিগমগুলিকে এই ভিত্তিতে একটি রেগুলেশন করতে বলা হয়েছে।

সম্পত্তি করের ভিত্তিতে জলের চার্জ নির্ধারিত করা হয়েছে। গরিব এবং বস্তিবাসীকে এর আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। নিম্ন আয়ের মানুষদের যথাসম্ভব ন্যূনতম চার্জের মধ্যে রাখার ব্যবস্থা করা হয়েছে।

এই বিষয়ে বিস্তারিত ভাবে বিধিটিতে উল্লেখ করা আছে।

(খ) রাজ্যের পৌর এলাকায় পানীয় জল সরবরাহ ব্যবস্থাকে আরও উন্নত করতে এবং তাকে অব্যাহত রাখতে শুধুমাত্র প্রকল্পগুলির পরিচালন ও

রক্ষণাবেক্ষণের জন্য একটি বড় অংশের অর্থ পৌরসভা ও রাজ্য সরকারকে ব্যয় করতে হয়। বিগত কয়েক বছরে বিদ্যুৎ চার্জ এবং কর্মচারীদের বেতন ইত্যাদি বৃদ্ধি হবার কারণে এই পরিচালন বাবদ খরচ অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। এই ব্যয়ের একটি অংশ তুলে আনার উদ্দেশ্যে পানীয় জল সংযোগ নিয়েছেন এমন প্রতিটি গ্রাহকদের থেকে জল সরবরাহ বাবদ একটি চার্জ প্রণয়ন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন পৌরসভা, বিভিন্ন সংস্থা এই বাবদ বিভিন্ন ধরনের ও বিভিন্ন হারে চার্জ আদায় করে আসছিল। বিভিন্ন ভাবে ধার্য এই চার্জগুলিকে একসূত্রে আবদ্ধ করার লক্ষ্যে এই অভিন্ন বিধিটি প্রণয়ন করা হয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : সাপলিমেন্টারি, গত ১লা ফেব্রুয়ারি থেকে যে চার্জ জল সরবরাহের জন্য বসল, এই চার্জ ধার্য করার ফলে রাজ্য সরকার এবং পৌরসভাগুলির বার্ষিক আয় কত বৃদ্ধি পাবে জানাবেন কি ?

শ্রী অশোক ভট্টাচার্য : পানীয় জল সরবরাহ করার জন্য ৭০ থেকে ৮০ শতাংশ আমরা ভর্তুকি দিয়ে থাকি। যে চার্জ বসল সেটা যদি আমরা ভালোভাবে কার্যকরী করতে পারি তাহলে এই ভর্তুকির পরিমাণ কিছুটা কমবে। তবুও ৬০ থেকে ৬৫ শতাংশ ভর্তুকি পৌরসভা বা রাজ্য সরকারকে দিয়ে যেতে হবে, ৩০ থেকে ৩৫ শতাংশ খরচ আমরা এর থেকে তুলে আনতে পারব।

শ্রী দেবপ্রসাদ সরকার : টাকার পরিমাণটা কত ?

শ্রী অশোক ভট্টাচার্য : টাকার পরিমাণ তো এইভাবে বলা যাবে না। রাজ্য সরকারকে প্রতি বছর ১৫০ কোটি টাকা সমস্ত পৌরসভা, কে.এম.ডি.এ., কে.এম.ডবলু.এস.এ.-এর জন্য ব্যয় করতে হয়। শুধুমাত্র পানীয় জল সরবরাহ ব্যবস্থাটাকে অব্যাহত করার জন্য এস্টাব্লিশমেন্ট খরচ সহ ১৫০ কোটি টাকা খরচ করে থাকি। বলা যেতে পরে ৩০ থেকে ৩৫ শতাংশ আমরা এর থেকে তুলতে পারব। ১৫০ কোটির ৩০ শতাংশ ধরুন, প্রায় ৫০ কোটি টাকা পর্যন্ত হবে। তবুও ১০০ কোটি টাকা ভর্তুকি দিতে যেতে হবে এর পরেও ইনক্লুডিং পি.এইচ.ই.।

শ্রী দেবপ্রসাদ সরকার : শুধু কলকাতা পুরসভাই বলছে, এই চার্জ বসিয়ে ৭০ কোটি টাকা তুলবে। এই চার্জের রেট এবং বেসিসটা তো ইউনিফর্ম, সেই রেটটা কত বলবেন কি ?

শ্রী অশোক ভট্টাচার্য : বার্ষিক সম্পদ কর যেখানে ১০০ টাকা পর্যন্ত দিচ্ছে, সেখানে এটা ১৫ টাকা, ১০০ থেকে ৩০০ টাকা পর্যন্ত ২৫ টাকা, ৩০০ থেকে ৫০০ টাকা পর্যন্ত ৪০ টাকা, ৫০১ থেকে ৭৫০ টাকা পর্যন্ত ৭০ টাকা এবং ৭৫০ টাকার অধিক বার্ষিক সম্পদ কর যেখানে দিচ্ছে সেখানে এই চার্জটা ১২০ টাকা মাসিক। ন্যূনতম ১৫ টাকা ঊর্ধ্বতম ১২০ টাকা পরিবার পিছু, যারা এই কানেকশন নেবেন। তবে এটা কর্পোরেশনগুলো বাদে, কেন না আমি

আগেই বলেছি যে কলকাতা বা অন্যান্য কর্পোরেশনগুলো, তাদের আলাদা বিধি বা রেগুলেশন করতে হবে।

শ্রী দেবপ্রসাদ সরকার : হাসপাতালের চার্জ, শিক্ষার ফি, কোর্ট ফি, এসবের বৃদ্ধি, আবার বাস ভাড়া বাড়ছে, এসব করভারে মানুষ জর্জরিত। সেখানে তো আপনি এই মাথাভারি প্রশাসনের খরচ কমিয়ে এবং মাল্টি স্টোরিড বিল্ডিংগুলোর যে কোটি কোটি টাকা বকেয়া আছে সেইগুলো তুলে, দুর্নীতি বন্ধ করে—অনেকে কর্পোরেশনকে বলে চোরপরেশন—আয় বৃদ্ধি করতে পারতেন, সেখানে এই জল কর বসানো কি অত্যাবশ্যক ছিল ?

শ্রী অশোক ভট্টাচার্য : শহরাঞ্চলে পরিশ্রুত পানীয় জল সরবরাহ যদি অব্যাহত রাখতে হয়, তাহলে দিনের পর দিন যে ব্যয় বাড়ছে, অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্সের জন্য, সেটা কিছুটা এর থেকে তুলে আনতে পারব। মানুষের কাছে পানীয় জল সরবরাহ উন্নত এবং সুনিশ্চিত করতে এটা করতে হচ্ছে। একেবারেই গরিব মানুষ, বস্তিবাসী, তাদের এই জল করের আওতায় আনা হয় না, হবে না। আপনি দেখবেন ১৫ টাকা এবং ২৫ টাকা, অর্থাৎ যারা ৩০০ টাকা পর্যন্ত বাৎসরিক কর দিয়ে থাকে—কলকাতার বাইরে—সেইগুলোই ৬৫ থেকে ৭০ ভাগ, কোনো কোনো ক্ষেত্রে ৮০ ভাগ। এই মানুষদেরই ১৫ থেকে ২৫ টাকা জল কর দিতে হবে। যারা অনেক বেশি প্রপার্টি ট্যাক্স প্রদান করে থাকেন বা বাণিজ্যিক কারণে, শিল্পের কারণে অর্থাৎ নন-ডোমেস্টিক পারপাজের জন্য যারা দিচ্ছে, তাদেরই একমাত্র বেশি চার্জ দিতে হবে। আমরা তা সত্ত্বেও হিসাব করে দেখেছি যে, ৬০-৬৫ শতাংশ আমাদের দিয়ে যেতে হবে এবং সেটা আমাদের পৌরসভা বা রাজ্য সরকার কিন্তু দিয়ে যাবে। সুতরাং সাধারণ মানুষের উপর কোনো অহেতুক ভাবে অতিরিক্ত করের বোঝা চাপাবার উদ্দেশ্য আমাদের নেই।

[11.10—11.20 a.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : জনকল্যাণমূলক খাতে এইভাবে ড্রাসটিক্যালি সামান্য পানীয় জলের যে এই এসেনসিয়াল সার্ভিস এটাকেও বিক্রি করবেন ? আপনারা বিশ্বায়নের বিরুদ্ধে কথা বলেন। আপনারা উদারীকরণের বিরুদ্ধে কথা বলেন। অথচ জনকল্যাণমুখী খাতে কাটছাঁট করেছেন এবং বলছেন সেটাও কিনে নিতে হবে।

শ্রী অশোক ভট্টাচার্য : উদারীকরণ নীতি, বিশ্বায়নের যে নীতি আছে, সেটা যদি অনুসরণ করতে হত, তাহলে আমাদের ক্যাপিটাল কস্ট রিকভারি করতে হত। যত টাকা আমাদের পশ্চিমবঙ্গে গত কয়েক বছর ধরে খরচ করা হয়েছে—৪০০ থেকে ৫০০ কোটি টাকার বেশি আমাদের রাজ্য সরকারের নগর উন্নয়ন দপ্তর এবং জনস্বাস্থ্য কারিগরি দপ্তর খরচ করেছে, শুধুমাত্র জলের প্রকল্পগুলি কার্যকরী করার ক্ষেত্রে—তার একটা অংশ রিকভারি করার চেষ্টা করছি। আমার কাছে কেন্দ্রীয় সরকারের নির্দেশ আছে যে টোটাল পানীয় জল সরবরাহটা কমার্শিয়ালাইজেশন করতে হবে। কমার্শিয়ালাইজেশান অফ ড্রিংকিং ওয়াটার

সাপ্লাই। তারা এটা বলতে চাইছেন। আমরা তার বিরোধী। আমরা যেটা করতে চাইছি সেটা হচ্ছে শুধুমাত্র অপারেশান অ্যান্ড মেনটেনেন্সের একটা অংশ তুলতে চাইছি। এর মাধ্যমে একটা বিরাট অংশের মানুষকে সমস্তভাবে রিলিফ দিতে চাইছি। এর সঙ্গে বিশ্বায়ন, বিশ্ব ব্যাঙ্কের নির্দেশ, ইত্যাদির কোনো সম্পর্ক নেই।

শ্রী পদ্মনিধি ধর : স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়কে বলছি যে, আমার কনস্টিটিউয়েনশির প্রায় ৮০ ভাগ অংশ মেগাসিটির মধ্যে পড়ে। অর্থাৎ কে.এম.ডি.এ. অন্তর্ভুক্ত এলাকা, সেখানে মন্ত্রী মহাশয় যে জলের বন্দোবস্ত করেছেন, তার জন্য ৬টি প্রকল্প আছে। তাতে বাড়ি বাড়ি যে জল দেওয়া হয়, তাতে প্রতি মাসে ৩০ টাকা করে জলের জন্য পয়সা দিতে হয়। আমি শুনে আসছি যে, কলকাতা শহরে সারফেস ওয়াটার ট্রিটমেন্ট করে জল দেওয়া হয়। আমাদের ওই সব এলাকায় যা খরচ হয়, তার থেকে অনেক বেশি খরচ হয় কলকাতা শহরের ট্রিটমেন্ট প্ল্যান্টের জন্য এবং গরিব মানুষ এবং বস্তির লোকদের জন্য কোনো পয়সা নিচ্ছেন না। কিন্তু আমি জানি বা সংবাদপত্রে দেখেছি যে, একজন মেয়র বলছেন যে, তিনি কলকাতায় কর বসাবেন। কিন্তু বাইরে থেকে সেই দলের নেত্রী নির্দেশ দিচ্ছেন যে, কোনো জলকর বসানো চলবে না। তাই আমি জিজ্ঞাসা করতে চাইছি যে, এই ডিসপ্যারিটি কেন ? বড়োলোকেদের রেহাই দিয়ে দেবে। গরিবদের তো সরকার রেহাই দিয়েই দিচ্ছেন। যেখানে আমার মেগাসিটি এলাকার মানুষরা জলের জন্য পয়সা দিচ্ছে, সেখানে কলকাতার ক্ষেত্রে এই সব জিনিস হচ্ছে কেন। এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং এই ডিসপ্যারিটি কেন, এটা ভাবার জন্য সরকারকে অনুরোধ করছি।

শ্রী অশোক ভট্টাচার্য : এটা পদ্মনিধিবাবু ঠিকই বলেছেন কে.এম.ডি.এ. গ্রামাঞ্চলে কিন্তু গত ১০ বছর ধরে প্রতি মাসে মানুষ ৩০ টাকা করে চার্জ দিয়ে আসছেন এবং কলকাতায় চার্জ নেই, একথা কিন্তু ঠিক নয়। নতুন করে কলকাতা পৌরসভা যে বাজেট পেশ করেছেন এবারে, তারা চার্জের কথা উল্লেখ করেছেন, কিন্তু একটা বড়ো অংশকে চার্জের আওতা থেকে বাদ রেখেছেন। সেটার সঙ্গে সরকারের নীতির কিছু অসঙ্গতি থেকে গেছে। আমরা যেটা চাইছি যেখানে আমরা জল দেব গরিব মানুষকে যথাসম্ভব, সমস্ত রকমভাবে প্রোটেকশন দেব কিন্তু যাদের দেওয়ার ক্ষমতা আছে সে শহরাঞ্চলে হোক বা গ্রামাঞ্চলে হোক আদায় করতে হবে, তার একটা খরচ আমরা তুলে আনব এটাই আমাদের নীতি।

শ্রী আবদুল মান্নান : গত ২৬ বছর ধরে আপনাদের রাজত্বে, কেউ বাড়িতে গেলে গরিব মানুষ এক গ্লাস জল খাওয়াবে সেটাও আপনারা বন্ধ করে দিচ্ছেন। এই তো আপনাদের সাফল্য। যাই হোক, আপনাদের এই সিদ্ধান্ত কতগুলো পৌরসভা কার্যকরী করেছে, কতগুলো পৌরসভা প্রতিবাদ করেছে জানাবেন কি ? যদি সম্ভব হয় দয়া করে নামগুলো বলবেন।

শ্রী অশোক ভট্টাচার্য : আমাদের ২৬ বছরের আমলে পরিশ্রুত পানীয় জল ৮০ থেকে ৯০ শতাংশ জায়গায় আমরা পৌঁছে দিয়েছি এবং ভারতবর্ষের সমস্ত জায়গায়, সমস্ত রাজ্যে শহরাঞ্চল জলের উপর কর দেওয়ার বিধি আছে। দিল্লিতে ন্যূনতম জলের চার্জ

২৫ কিলোলিটার জলে ৪৬ টাকা, মুম্বাই ন্যূনতম ৭৫ টাকা, ব্যাঙ্গালোর ১৪০ টাকা, চেন্নাই ২২৫ টাকা। এখানে আমার কাছে যে রিপোর্ট আছে তাতে দেখা যাচ্ছে মুম্বাই যে জল সরবরাহ করে থাকে তার একশো শতাংশ অপারেশনাল মেনটেন্যান্সের খরচ রিকভার করে থাকে। সুতরাং সব জায়গায় আছে। আমাদের পশ্চিমবাংলায় জলের বিধি প্রণয়ন করা বহু আগে বহু শহরে ছিল এটা এখনও আছে। ইতিমধ্যে রাজ্যের প্রতিটি পৌরসভা সে কংগ্রেস হোক, তৃণমূল হোক, সি.পি.এম., আর.এস.পি. হোক প্রত্যেক পৌরসভাই নীতিগতভাবে জলের বিধির সঙ্গে সহমত পোষণ করেছে এবং ইতিমধ্যে কার্যকরী উদ্যোগ গ্রহণ করেছে।

শ্রী নারায়ণ মুখার্জী : মাননীয় মন্ত্রী জল করের বিষয়ে যা বলেছেন আমরা তার পক্ষপাতী। যাদের দেওয়ার ক্ষমতা আছে তারা দেবেন। এই জলকর নীতিগতভাবে রূপায়িত হবে পৌরসভাগুলোর মাধ্যমে। কিছু পৌরসভা এই জলকর নীতির বিরুদ্ধে। এই নীতি কার্যকরী করতে যদি তারা না চায় সে ক্ষেত্রে সরকার কি পদক্ষেপ গ্রহণ করবে।

শ্রী অশোক ভট্টাচার্য : দেখুন শুধু জল কেন। পরিষেবা দেব কিন্তু কোনো চার্জ নেব না সেখানে নীতিগতভাবে কেউই কারোর বিরুদ্ধে নয়। প্রশ্ন একটাই যে জলের চার্জ নেওয়ার ক্ষেত্রে কোনো পৌরসভা আপত্তি করেনি। প্রত্যেকটা পৌরসভার মিটিং করেছি। নীতিগত ভাবে সকলে সহমত পোষণ করেছে। ইতিমধ্যে কোথাও কোথাও কিছু অসংগতি আছে সেই অসংগতি দূর করার জন্য কিছু পরামর্শ দিয়েছেন। এই ক্ষেত্রে আমরা বলেছি আপনারা কার্যকরী করুন, কার্যকরী করার পর যদি দেখা যায় কোনো অসুবিধা হচ্ছে সেই অসুবিধাগুলো নিশ্চয়ই দূর করা হবে।

[11.20—11.30 p.m.]

শ্রী অশোককুমার দেব : আমার এলাকায় তিনটে পুরসভা আছে—বজবজ, পূজালি ও মহেশতলা। সেখানে কি হারে জলকর বসানো হবে ? এখানকার বেশিরভাগ এলাকায় গ্রাম, টাউনের সঙ্গে গ্রামকে আপনি নিশ্চয় এক্ষেত্রে এক করবেন না ? জলকর কেউ না মানলে তার বিরুদ্ধে কি একশন নেবে এবং তাকে বাধ্যতামূলকভাবে মানানো হবে কি না ?

শ্রী অশোক ভট্টাচার্য : কেউ নিল কি নিলো না এবং তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হল সেটা বড়ো কথা নয়। বিষয়টা হচ্ছে প্র্যাকটিক্যাল পয়েন্ট অফ ভিউয়ের। যারা পুরসভা পরিচালনা করছেন তারা বাস্তবতার দিকটা উপলব্ধি করছেন। কারও বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া বা বাধ্য করার কিছু নেই। তারা নিজেরাই বুঝতে পেরেছেন এবং কেউ সরকারের নীতির বিরোধিতা করেননি।

শ্রী অশোককুমার দেব : অনেকের তো অনেক রকম অসুবিধা থাকে, কেউ হয়তো দিতে পারল না সেক্ষেত্রে কি হবে ? আপনি শহর এবং গ্রামকে এক করতে পারেন না।

শ্রী অশোক ভট্টাচার্য : যারা চার্জ নেবেন না, খরচ তো বাড়বে, কিন্তু তা তুলবার জন্য বা রাস্তা, নালা, বিদ্যুতের কাজের জন্য ডেভেলপমেন্টে হেডের টাকা ডাইভার্ট করতে হবে। এবং আল্টিমেটলি রাস্তা সাফার করবে, নালা সাফার করবে, মিউনিসিপ্যল অ্যাডমিনিষ্ট্রেশন সাফার করবে। সেটা কোনো পুরসভায় চাইবেন না।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, সমস্ত পুরসভা এবং ইনক্লুডিং কর্পোরেশনগুলো জলকর বসানোর ব্যাপারে সহমত পোষণ করেছেন। আমরা কাগজে আপনার বিবৃতি এবং কলকাতা কর্পোরেশনের মাননীয় মেয়রের স্টেটমেন্ট দেখেছি। তাতে জলকর বসানোর কথা ছিল। কিন্তু তার পর টি.ভি.-তে দেখলাম তৃণমূল কংগ্রেস নেত্রী এর অপোজ করলেন এবং মাননীয় মেয়র মহাশয়ের সঙ্গে বৈঠক করে বললেন, জলকর কিছুতেই বসাতে দেওয়া যাবে না। এবং তার পরিপ্রেক্ষিতে আমরা দেখলাম পরবর্তীকালে মাননীয় মেয়র স্টেটমেন্ট দিলেন যে, আমি দলকে বোঝাতে পারিনি কাজেই আমি জলকর বসাচ্ছি না। এ বিষয়ে আপনার কি বক্তব্য ?

শ্রী অশোক ভট্টাচার্য : কলকাতা কর্পোরেশনের মাননীয় মেয়র মহাশয় যে বাজেট বক্তব্য রেখেছিলেন তার কপি আমার কাছে আছে। উনি বলেছিলেন যে, 'প্রায় দুই দশক ধরে এ ভাবেই জলকর আদায় করা হচ্ছে। কিন্তু উচ্চবিত্তরা যাতে জলকরের আওতার বাইরে না থেকে যেতে পারেন সেই লক্ষ্য সামনে রেখে ব্যবস্থাটিকে কিছুটা সংশোধন করা প্রয়োজন। পশ্চিমবঙ্গ জলকর আইনের সঙ্গে সঙ্গতি রেখে আমি প্রস্তাব করছি যে, জলকরকে সম্পত্তির বাৎসরিক মূল্যায়নের সঙ্গে সরাসরি সংযুক্ত করা হোক। নীতিগতভাবে তিনি যে আপত্তি করেননি এটা তার প্রমাণ। কিন্তু উনি বলেছেন, উনি একটা বড়ো অংশকে ছাড় দেবেন। এর সঙ্গে রাজ্য সরকারের এই দপ্তরের মন্ত্রী হিসাবে বলছি, এটা সঠিক নয়। রাজ্যের সব পুরসভার ক্ষেত্রে একই বিধি, একটাই পদ্ধতি। কলকাতার ক্ষেত্রে এক রকম আর অন্যদের ক্ষেত্রে অন্য রকম পদ্ধতি থাকবে এটা হতে পারে না। এটাই আমার বক্তব্য।

Held Over Starred Questions
(to which answers were laid on the Table)

উচ্ছেদ হওয়া হকারের সংখ্যা

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৯) **শ্রী অসিত মিত্র** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১ থেকে ২০০২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত উচ্ছেদ হওয়া হকারের সংখ্যা কত ; (কলকাতায়) এবং

(খ) তাদের পুনর্বাসনের জন্য রাজ্য সরকার কী কী পদক্ষেপ নিয়েছেন ?

পৌর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) এরকম কোনো নির্দিষ্ট সংখ্যা বলা সম্ভব নয়। কিছু কিছু ক্ষেত্রে রাস্তা ও ফুটপাথে বেআইনি দখলদারদের উচ্ছেদ করা হয়েছে।

(খ) কলকাতা পৌরনিগম এবং কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি হকারদের পুনর্বাসনের জন্য বেশকিছু পদক্ষেপ গ্রহণ করেছেন। কিন্তু অনেক জায়গাতেই হকাররা পুনর্বাসন নেননি।

Starred Questions
(to which answer were given)

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৩২০) **শ্রী শংকর সিংহ** এবং **শ্রী আবদুল মান্নান** : মুখ্যমন্ত্রীর সচিবালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০, ২০০১ ও ২০০২ সালে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে কি পরিমাণ অর্থ চিকিৎসা / বই কেনা / পারিবারিক দুরবস্থা / অন্য রাজ্যের ত্রাণের জন্য, ব্যয় করা হয়েছে ;

(খ) উক্ত সময়ে সাহায্যের জন্য আবেদনকারীর সংখ্যা কত ছিল ;

(গ) তন্মধ্যে, কতজনকে সাহায্য দেওয়া হয়েছে ; এবং

(ঘ) উক্ত সময়ে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সংগৃহীত অর্থের পরিমাণ কত ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক)

সাল	চিকিৎসা	বই কেনা দূরবস্থা	পারিবারিক	অন্য রাজ্যের জন্য ত্রাণ
২০০০	২৯ লক্ষ ৬২ হাজার ১০৪ টাকা	২৪ হাজার ৬০০ টাকা		১ কোটি ১০ লক্ষ ২২ হাজার ৯০৭ টাকা ১৯ পয়সা
২০০১	২৩ লক্ষ ৪৭ হাজার ৫০০ টাকা	৯৭ হাজার ৩১৮ টাকা		৬০ লক্ষ টাকা
২০০২	৩৬ লক্ষ ৮০ হাজার ৩৮৮ টাকা	২৪ হাজার ১৬২ টাকা ৫০ পয়সা		২৫ লক্ষ ৩৯ হাজার ৮১৪ টাকা ৬৫ পয়সা

(খ) ২০০০—২৫৬৭ জন
২০০১—২৯৬৯ জন
২০০২—২৬৮২ জন

(গ) ২০০০—৩৭৪ জন
২০০১—৪৩১ জন
২০০২—৫৭৮ জন

(ঘ) ২০০১—১ কোটি ৬৪ লক্ষ ২২ হাজার ৯৬১ টাকা ৩০ পয়সা
২০০১—৮ কোটি ৯০ লক্ষ ০২ হাজার ০২০ টাকা
২০০২—৫ কোটি ৮১ লক্ষ ৮২ হাজার ৯৪৭ টাকা ২০ পয়সা

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রিমহাশয় যে তথ্য দিলেন তাতে দেখা যাচ্ছে যে, ৩ বছরে আবেদনকারীর সংখ্যা ৮২১৮ জন, প্রাপকের সংখ্যা ১৩৮৩ জন—প্রতি বছর পারসেনটেজ খুবই কম। ২০০০ সালে পারসেনটেজ ছিল ১৪.৫৬, তার পরের বছর পারসেনটেজ ছিল ১৪.৫১ এবং তার পরের বছর পারসেনটেজ একটু বেড়েছে এবং সেটা হল ২১.৫৫। দেখা যাচ্ছে যে, আবেদনকারীদের সকলের টাকা মঞ্জুর করা যাচ্ছে না। কারণ সংগৃহীত অর্থের পরিমাণ যেটা দিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে ৩ বছরে ১৬ কোটি ৩৬ লক্ষ ৭৯২৮ কোটি টাকা এবং মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলের সংগৃহীত অর্থ থেকে ওই সময়ে টাকা দেওয়া হয়েছে ১ কোটি ৯৫ লক্ষ ৬২ হাজার ৭২১, টাকার পরিমাণ কমে যাচ্ছে, অথচ অর্থের সংগ্রহ কম হচ্ছে না, কিন্তু আবেদনকারীদের আবেদন মঞ্জুর হচ্ছে না কেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ত্রাণ তহবিলের যে টাকা তার সিংহভাগ টাকা চলে যায় বন্যাত্রাণের জন্য। কেননা, বেশির ভাগই ত্রাণ তহবিলে টাকা দেন বন্যাত্রাণের নাম করে। সেটা আপনি প্রশ্ন করেননি। বাকি যেটা থাকে সেটায় ওই চিকিৎসা এবং বই কেনা ইত্যাদি করা হয়। চিকিৎসার ক্ষেত্রে কিছু সমস্যা আছে—কিছু ফরমালিটিস আছে। অনেকে চিঠি লেখেন, যে নম্বরটা বলেছি, চিঠি আসলে আমি দেখি—সেখানে তাঁরা কি চাইছেন, কি চিকিৎসা হবে ইত্যাদি ফরমালিটিস আছে, সেই ফরমালিটিস কমপ্লিট না করলে আমরা দিতে পারি না। আপনি এটা জানেন, আপনিও পাঠিয়েছেন। এটা একটা সমস্যা। তবে দেখবেন যে, সংখ্যাটা বাড়ছে। ২০০০ সালে ছিল ৩৭৪, ২০০১ সাল ছিল ৪৩১ এবং ২০০২ সালে ছিল ৫৭৮। তবে যে বছর নির্বাচন হয়েছে, নির্বাচনের আগে ১-২ মাস দেওয়া যায়নি। তবে ত্রাণ তহবিলের সিংহভাগ টাকাই বন্যাত্রাণে খরচা করি, আর বাকি যে টাকা থাকে তাতে চিকিৎসার জন্য যাঁরা চাইছেন তাঁদের জন্য খরচা করা হয়। সংখ্যাটা আরেকটু বাড়ানোর জন্য চেষ্টা করা উচিত।

শ্রী আবদুল মান্নান : আমার অভিজ্ঞতা আছে, আমি পাঠিয়েছি। মাঝে পাঠানো বন্ধ করে দিয়েছিলাম। এখানে পাঠালে দেখা যায়, বেশির ভাগ ক্ষেত্রে যে টাকা মঞ্জুর হয় সেটা আশানুরূপ নয়, আবার দেখা যাচ্ছে যে, যারা আবেদন করেছে তাদের সেই আবেদন মঞ্জুর করা যাচ্ছে না। আপনি বলেছেন চিকিৎসার জন্য সমস্ত কাগজপত্র, ডাক্তারের সার্টিফিকেট, কোটেশন, কোথায় চিকিৎসা করাবে ইত্যাদি ফরমালিটিসগুলো অনেক ক্ষেত্রে না থাকায় টাকা দেওয়া যাচ্ছে না। কিন্তু প্রাইম মিনিস্টার্স ফান্ড যেটা আছে সেখানে যারা আবেদনকারী তাদের জন্য যদি টাকা মঞ্জুর না হয় তাহলে কি কারণে তাদের জন্য টাকা স্যাংশন করা যাচ্ছে না সেটা তাদেরকে জানিয়ে বলা হয় যে এই কারণগুলোর জন্য টাকা মঞ্জুর করা যাচ্ছে না। সুতরাং সেখানে আবেদনকারীরা অলটারনেটিভ অ্যারেঞ্জমেন্ট করতে পারে। সেরকমভাবে আপনার দপ্তরে যাঁরা আবেদন করছেন, তাঁদের মধ্যে যাঁদের টাকা মঞ্জুর হয় না তাঁদেরকে যদি আপনার দপ্তর থেকে চিঠি লিখে জানানো হয় যে—এই কারণগুলোর জন্য তাঁদের টাকা মঞ্জুর করা যাচ্ছে না তাঁহলে তারা, যে সমস্ত ফরমালিটিসগুলো দেওয়া দরকার সেইভাবে তাঁরা আবেদন করতে পারে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আবেদনকারীরা আবেদন করার পর আমার অফিস থেকে তাদের কাছে চিঠি দেওয়া হয় যে, 'এই এইগুলো দেননি, এগুলো দিন। কিন্তু চিঠি পেয়েও

অনেকে উত্তর দেন না, দেখাও করেন না। প্রত্যেকটি ক্ষেত্রে চিঠি দেওয়া হয়। যে যে ফরমালিটিসগুলো দেওয়া দরকার সেগুলো নিয়ে আসতে পারলে সেখানে আমরা টাকা দিয়ে দিই। এটা নয় যে, আমরা তাদের বাতিল করে দিই। কিন্তু দেখা যাচ্ছে যে, অনেকে ফরমালিটিসগুলো দিতে পারছেন না, সেখানে টাকা দেওয়া সম্ভব নয়।

[11.30—11.40 p.m.]

শ্রী আবদুল মান্নান : এছাড়া আর একটা প্রশ্ন করছি—আমাদের রাজ্যে যেমন পি.জি হাসপাতাল, রবীন্দ্রনাথ ঠাকুর হাসপাতালে যে অপারেশন হয়, সেক্ষেত্রে এটা স্টেট গভর্নমেন্টের ব্যাপারে তাই সেখানে একটু ওয়েট করতে পারে, কিন্তু বাইরের রাজ্যে যেখানে এমার্জেন্সি বেসিসে সবকিছু করতে হয় এবং জমিজমা বন্ধক দিতে যেতে হয়, সেখানে দেখা গেছে যে, তারা ফিরে এলে আর্থিক সাহায্যের জন্য আবেদন করলে টাকা দেওয়া হয় না। এক্ষেত্রে আইনগত কোনো বাধা আছে কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : অবশ্যই আছে। সেক্ষেত্রে যেটা করা সম্ভব যে জরুরি ভিত্তিতে চিকিৎসা করার পর সে জানাবে যে—আমাকে কিছু আর্থিক সাহায্য দেওয়া হোক। কিন্তু কোথায় সে যাচ্ছে, কি চিকিৎসা সে করছে, এইসব তথ্য যদি না দেয় তাহলে টাকা দেওয়া সম্ভব নয়। দেওয়াটাও ঠিক হবে না। যদি সে বলে জরুরি ভিত্তিতে এই এই করেছি এবং ঠিকমতো কাগজপত্র দেয়, তাহলে অসুবিধা হওয়ার কথা নয়।

শ্রী আবদুল মান্নান : তারা পাচ্ছে না।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনি নির্দিষ্টভাবে বলুন।

শ্রী আবদুল মান্নান : আমি তো অস্বীকার করছি না। আমি বলছি যে, আগে যেগুলি পাঠিয়েছিলাম তারা পেয়েছে। হয়তো দু-একটা কেসে পাইনি। এক্ষেত্রে সরকারের কোনো দোষ নেই। কিন্তু বাইরের ক্ষেত্রে এটা বলা হচ্ছে যে, যেহেতু চিকিৎসা হয়ে গেছে সুতরাং টাকা দেওয়া যাবে না।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : যদি সে না বলে সে কোথায় যাচ্ছে, কোন্ হাসপাতালে যাচ্ছে, নির্দিষ্টভাবে যদি কিছু না বলে সেটা দেওয়া সম্ভব নয়। তাকে বাইরে থেকে চিকিৎসা করে এসে বলতে হবে যে আমার আর্থিক অবস্থা এই আমাকে সাহায্য করা হোক।

শ্রী রবীন দেব : মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় সদস্য আবদুল মান্নানের প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে বাইরের রাজ্যগুলিতে ২০০০ সালে ১ কোটি ১০ লক্ষ ২২ হাজার ৯৬০ টাকা, তারপর ৬০ লক্ষ তারপর ২৫ লক্ষ এইরকম দিয়েছেন। আমি যেটা জানতে চাইছি মাননীয় সদস্য একটু আগে বললেন যে, আমাদের রাজ্যে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে কোনো সাহায্য পাওয়ার জন্য আমরা চিঠি পাঠাই। তখন আমরা দেখেছি যে বিরোধী দল থেকে সঠিকভাবে টাকা যাদের দেওয়া হচ্ছে তাকে চিঠি দেওয়া হচ্ছে আমরা যারা সুপারিশ করছি

আমাদের কাছেও একটা অনুলিপি আসছে। আমি একটা নির্দিষ্ট ব্যাপারে জানতে চাইছি যে এই যে ১ কোটি ১০ লক্ষ ২২ হাজার ৯৬০ টাকা কোন রাজ্যে দেওয়া হয়েছিল ? ২০০১ আমাদের রাজ্যে যে বন্যা হয়েছিল—সেক্ষেত্রে অন্য রাজ্য থেকে কত টাকা ত্রাণ হিসাবে। ২০০০ সালে টাকাটা কোথায় গেছে এবং অন্য রাজ্য থেকে কোনো টাকা এসেছে কিনা।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি তিনটি হেডে বলছি—উড়িষ্যায় যে সাইক্লোন হয়েছিল, খুব ভয়ংকর, সেখানে আমরা দিয়েছি ১ কোটি ২ লক্ষ ২ হাজার ৪৬৯ টাকা ৪ পয়সা। উড়িষ্যায় সাইক্লোনে একটা বড়ো খরচ আমরা করেছিলাম। দ্বিতীয়ত আমরা গুজরাটে যে ভূমিকম্প হয়েছিল সেই ভূমিকম্পের জন্য ৬০ লক্ষ টাকা পাঠিয়েছিলাম আর কারগিলের ব্যাপারে প্রাইম মিনিস্টার রিলিফ ফান্ডে আমরা ১ কোটি ৩৫ লক্ষ টাকা পাঠিয়েছিলাম। ব্রডলি এই ৩টি হেডে—কারগিল, গুজরাট এবং উড়িষ্যার জন্য টাকা পাঠিয়েছিলাম। এই সময়ে অন্য রাজ্য থেকে কত পেয়েছি সেই প্রশ্নটা থাক।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মুখ্যমন্ত্রী, আপনার কাছে আমরা দুঃস্থ মানুষদের চিকিৎসার ব্যাপারে সাহায্য করার জন্য বহু আবেদন পাঠাই, কিন্তু খুব কম আবেদনই মঞ্জুর হয়। আপনার কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন, বিগত তিন বছরে আপনি কতগুলি এই রকম আবেদন পেয়েছিলেন এবং তার মধ্যে কতজনকে সাহায্য করতে পেরেছেন ? আপনি বলেছেন আবেদনকারীদের মধ্যে যাদের কাগজপত্রে গোলমাল থাকে তাদের সাহায্য দেওয়া সম্ভব হয় না। সেই পরিপ্রেক্ষিতে আমি আপনার কাছে জানতে চাইছি যারা প্রপার পেপার্স সাবমিট করে বা যে পেপারগুলি ভ্যালিড হিসেবে গণ্য হয় সেগুলির মধ্যে কতগুলি আপনি মঞ্জুর করেছেন ? এই অর্থ সাহায্যের ক্ষেত্রে কি কোনো লিমিট আছে, থাকলে সেটা কত ? নর্মালি কিডনির অসুখ বা ক্যান্সারের মতো অসুখের ক্ষেত্রে—যে সব অসুখের ট্রিটমেন্টের জন্য হেভি অ্যামাউন্ট দরকার হয়—প্রাইম মিনিস্টারের কাছে যখন আমরা চিঠি লিখি তখন সেখান থেকে ২০,০০০ টাকা পর্যন্ত পাওয়া যায়। আপনি যে সাহায্য দিচ্ছেন তার কোনো আপার লিমিট আছে কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : কতগুলো আবেদন পেয়েছি এবং কতজনকে সাহায্য করা হয়েছে, সেটা আমি মূল প্রশ্নের উত্তরেই বলে দিয়েছি। আপনি বোধ হয় তখন আমার উত্তর মন দিয়ে শোনেননি। যাই হোক আমি আর সেটা বলছি না, আপনি একটু দেখে নেবেন। আমি বলছি, যে আবেদনগুলি আসে তার বড়ো অংশই ফর্মালিটিস পূরণ করে আসে না। তার সঙ্গে প্রয়োজনীয় সমস্ত রকম কাগজপত্র থাকে না। যাঁরা সমস্ত রকম ফর্মালিটিস মেনে আবেদন করেছেন তাঁদের প্রত্যেককেই সাহায্য দেওয়া হয়েছে। কাউকে বাদ দিইনি। ২০০০ সালে ২০৬৭ জনকে দেওয়া হয়েছে ; ২০০১ সালে ২৯৬৯ জনকে দেওয়া হয়েছে ; ২০০২ সালে ২৬৮২ জনকে দেওয়া হয়েছে। যাদের কাগজপত্র ঠিক ছিল তাদের সকলকেই দেওয়া হয়েছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমি জানতে চাইছি ভ্যালিড কেস কতগুলি এবং তার মধ্যে কতজনকে দেওয়া হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি তো বলছি যাদের কেস ভ্যালিড বলে বিবেচিত হয়েছে তাদের সকলকেই দেওয়া হয়েছে, কাউকে বাদ দেওয়া হয়নি। যাদের ঠিকমতো কাগজপত্র ছিল না তাদের দিতে পারিনি। আর সিলিং-এর যে প্রশ্ন করলেন : সাধারণত ১৫,০০০ টাকা পর্যন্ত দেওয়া হয়। তবে ক্যানসার, কিডনি, হার্ট সার্জারির মতো জটিল রোগের ক্ষেত্রে বা রাজ্যের বাইরে গিয়ে চিকিৎসা করাতে হবে, সেসব ক্ষেত্রে ২০,০০০ টাকা পর্যন্ত দিতে পারি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় মুখ্যমন্ত্রী, ২০০২-২০০৩ সালে এই বাবদ কত টাকা খরচ হয়েছে এবং এখন আপনার ত্রাণ তহবিলে কত অর্থ সংগৃহীত আছে ? আপনার তহবিলে ঘাটতি, না উদ্বৃত্ত ? উদ্বৃত্ত হলে কত টাকা উদ্বৃত্ত আছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি ২০০০ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত হিসেবটা ইতিপূর্বেই এখানে উল্লেখ করেছি। আর ২০০৩ সালের হিসেবটা এখনই বলতে পারব না। ওটা এখনো করা হয়নি, কারণ সবে বছর শুরু হয়েছে। ২০০২ সালে ৫ কোটি ৮১ লক্ষ ৮২ হাজার ৯৪৭ টাকা ২০ পয়সা সংগৃহীত হয়েছিল। এ ক্ষেত্রে সিংহভাগই বন্যাত্রাণে ব্যয় করা হয়। অথচ সেটা কেউ জিজ্ঞেস করছেন না ! মেজর খরচই হচ্ছে ফ্ল্যাড রিলিফে, সে বাবদ ৯ কোটি ৭৯ লক্ষ টাকা খরচ হয়েছিল। ২০০৩ সালের হিসেবটা আমি বলতে পারছি না, তবে ঘাটতি নেই। এ বছরের সবে তিন মাস চলছে, ইতিমধ্যেই ১১৯ জনকে চিকিৎসার জন্য ৯ লক্ষ ৪১ হাজার টাকা দেওয়া হয়েছে। আড়াই মাসের মধ্যে ১১৯ জনকে ৯ লক্ষ ৪১ হাজার টাকা চিকিৎসা বাবদ সাহায্য করা হয়েছে।

শ্রী নির্মল দাস : যাঁরা মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ত্রাণ পাওয়ার জন্য আবেদন করেন তাঁদের সকলকে তহবিলের সীমাবদ্ধতার জন্য সাহায্য করা সম্ভব হয় না। আমার এ ক্ষেত্রে প্রশ্ন, যে সমস্ত আন্তর্জাতিক প্রতিষ্ঠান মানুষকে ত্রাণ এবং পরিষেবা দিয়ে সাহায্য করে, তারা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে কোনো অর্থ দান করে থাকে কি ? বা সে রকম কোনো সুযোগ আছে কি ? রাজ্যের দূরবর্তী এলাকার যে সব মানুষ আমাদের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ত্রাণ পাবার জন্য আবেদন করেন তাঁদের মধ্যে খুব কম সংখ্যকই সাহায্য পেয়ে থাকেন। কারণ তাঁদের পারশু করার প্রবলেম আছে। অতএব রাজ্যের তিনটে ডিভিশনের ডিভিশনাল কমিশনারদের কাছে পারশু করে যাতে মানুষ সাহায্য পেতে পারে তার জন্য কোনো ব্যবস্থা করা যায় কি ? সেই ব্যাপারে কোনো উদ্যোগ নিয়েছেন কিনা, মাঝেমধ্যে দেখি আবেদন বিভিন্ন মিডিয়ায় আসে, সেটাকে আরো বেশি যুক্তগ্রাহ্য যাতে করতে পারা যায় সেই ব্যবস্থা করা যায় কিনা ?

[11.40—11.50 a.m.]

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনি প্রথমত যেটা বললেন, আন্তর্জাতিক প্রতিষ্ঠান বলতে যা বুঝি তারা ঠিক এই ধরনের দায়িত্ব নিতে চান না। তারা ন্যাচারাল ক্যালামিটি অর্থাৎ ঝড় হলে, বন্যা হলে এইসব ক্ষেত্রে ইউনিসেফ তারা সাহায্য করে, সাম্প্রতিককালে ইউরোপিয়ান কমিশন যেটা হয়েছে তারা কিছু সাহায্য করে, তারপর রেডক্রস করে, রামকৃষ্ণ মিশন এরাও

আছে। কিন্তু চিকিৎসার দায় বহন করার জন্য তারা এইসব খরচ করতে চান না প্রাকৃতিক দুর্যোগের বাইরে এবং রিলিফ ফান্ডে সাধারণত টাকার ফ্লো আসে,—বিভিন্ন প্রতিষ্ঠান দেয়, ট্রেড ইউনিয়ন দেয়। ঝড়, বন্যা ইত্যাদি হলে আরো বেশি টাকা আসে। সেটাকে বাড়াবার চেষ্টা করে যাচ্ছি। কিন্তু একেবারে দিতে পারছি না টাকা তা নয়। আমি তালিকাটা দেখছি, তাতে আপনার নাম সবচেয়ে উপরে আছে, আপনার ১৪ জনকে আমি দিয়েছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় জানাইবেন কি, ১২ মার্চ যে প্রাকৃতিক দুর্যোগ হল তাতে আপনি বাঁকুড়া এবং হুগলি জেলায় ১ কোটি টাকা এবং ২ কোটি টাকা করে দিয়েছেন। প্রয়োজনের তুলনায় সেটা কত বেশি এবং তার পাশাপাশি আরো যে সমস্ত জেলা আক্রান্ত হয়েছিল তাদেরকে আপনি কত টাকা দিয়েছেন এবং এই জেলাগুলিকে আরো কত টাকা দেবেন বলে চিন্তা-ভাবনা আছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনার এই প্রশ্নটা ঠিক এর সঙ্গে সংযুক্ত নয়, তবুও আপনি যখন বললেন তখন আমি বলছি, প্রথমত এই ঝড়ে যে ২৯ জন মারা গেছে সেই ২৯ জন মারা যাবার পর যে টাকা দেওয়া হয় ২৫ হাজার টাকা সেটার কাজ সম্পন্ন হয়েছে। এই ২৯ জনের মধ্যে সবচেয়ে বেশি হুগলি জেলায় মারা গেছে আর আপনার জেলায় ৩ জন মারা গেছেন। দ্বিতীয়ত, বর্তমানে বাড়িঘর ভাঙার জন্য সম্প্রতি ২টি জেলায় টাকা দিয়েছি—হুগলি জেলা এবং বাঁকুড়া জেলায়। এই ঘরবাড়ি ভাঙার ক্ষেত্রে একটা সমস্যা ছিল। ওখানে শিলাবৃষ্টি হয়েছে, তাতে খড় দেওয়া ছাদের খুব বেশি ক্ষতি হয়নি, ক্ষতি হয়েছে টিন এবং টালির ছাদের ভয়ঙ্কর ক্ষতি হয়েছে। এস.সি. অ্যান্ড এস.টি. এবং ও.বি.সি.-দের ক্ষেত্রে নিয়ম হল এইরকম ক্ষেত্রে দেওয়া যায় না। আমি সেই অর্ডারটা পাল্টেছি এবং বলেছি, যারাই ক্ষতিগ্রস্ত হয়েছে তারা ঘরবাড়ির জন্য টাকা পাবে এবং তার জন্য ৩ কোটি টাকা রিলিজড করেছি। আর চাষবাসের জন্য যেটা হয়েছে তার জন্য ২ কোটি ২৫ লক্ষ টাকা এগ্রিকালচার ডিপার্টমেন্টকে এবং ৭৫ লক্ষ টাকা হর্টিকালচার ডিপার্টমেন্টকে দিয়েছি। তারা মূলত বলেছে, হুগলিতে বাদাম হবে এবং আপনার জেলায় ভুট্টা হবে আর কিছু তিল হবে, আর সামার ভেজিটেব্‌ল কিছু হবে। এইসব করে খানিকটা ক্ষতিপূরণ করা যায় কিনা তার জন্য ৩ কোটি টাকা রিলিজড করেছি।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : আপনি বললেন ত্রাণ তহবিল থেকে টাকা-পয়সা দেওয়া হয়। চিকিৎসার ক্ষেত্রে তো বিভিন্ন ধরনের রোগ আছে। কোন্ কোন্ রোগের জন্য আপনার দপ্তর থেকে টাকা দেওয়া হবে সেটা নির্দিষ্ট করে বলবেন কি ? যেমন, ক্যানসার, কিডনি, বাইপাস সার্জারি হার্টের ক্ষেত্রে, এ ছাড়া আর কোন্ কোন্ চিকিৎসার জন্য টাকা দেওয়া হয় ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : সাধারণত কঠিন চিকিৎসার জন্য, কঠিন অসুখ করেছে এইরকম ক্ষেত্রে তাদের দেওয়া হয় অর্থাৎ যাদের খরচ বেশি। মূলত ক্রাইটেরিয়া এগুলি দেখে—কি অসুখ করেছে এবং চিকিৎসা করতে কত খরচ হবে, তার পারিবারিক অবস্থা কি—এগুলি বিচার করে মূলত দেওয়া হয়।

মিউনিসিপ্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট অ্যাক্ট

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬) **শ্রী তপন হোড়** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, মিউনিসিপ্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট অ্যাক্ট অনুযায়ী রাজ্যের বেশ কিছু পৌরসভা আবর্জনা ও চিকিৎসা-সংক্রান্ত বর্জ্য পদার্থ ফেলার জন্য নির্দিষ্ট জায়গা এখনও তৈরি করতে পারেনি ; এবং

(খ) সত্যি হলে উক্ত বিষয়ে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পরিষদ কোনও ব্যবস্থা নিয়েছে কি না ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী :

(ক) না।

মিউনিসিপ্যাল সলিড ওয়েস্ট (ম্যানেজমেন্ট অ্যান্ড হ্যান্ডেলিং) রুল্‌স অনুযায়ী রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ প্রথম ও দ্বিতীয় শ্রেণির পৌরসভাগুলির, (ক্লাশ ওয়ান অ্যান্ড ক্লাশ টু) পৌরপ্রধানকে উক্ত রুল্‌স-এর প্রতিলিপি প্রেরণ করে রুলের বিভিন্ন ধারা অনুসারে উক্ত রুল্‌স রূপায়ণের ক্ষেত্রে কার্য পরিকল্পনা প্রস্তুতি ও তার একটি প্রতিলিপি রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে প্রেরণ করার অনুরোধ করা হয়েছে।

রাজ্যের, জেলা সমাহর্তাদেরও উক্ত রুল্‌স-এর প্রতিলিপি প্রেরণ করে মিউনিসিপ্যালিটিদের উক্ত রুল্‌স ও তার ধারাগুলি কার্যকর করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়।

জেলা সমাহর্তাদের আরো অনুরোধ করা হয়েছে পৌরপ্রধানগুলির সঙ্গে আলোচনা সভার আয়োজন করে উক্ত রুল্‌স রূপায়ণে কার্য পরিকল্পনা প্রস্তুত করা।

(খ) প্রযোজ্য নয়।

শ্রী তপন হোড় : যে সমস্ত আবর্জনা বা বর্জ্য পদার্থ ওয়েস্ট ম্যানেজমেন্ট অ্যাক্ট অনুযায়ী একটা নির্দিষ্ট জায়গায় ফেলার জন্য পৌরসভাগুলিকে কিছু কিছু প্রস্তাব দিয়েছেন যেখানে তাদের একটা নির্দিষ্ট জায়গা ছিল সেইসব আবর্জনা ফেলার। এখন শহর ডেভালপ করার ফলে সেই সমস্ত জায়গাগুলি শহরের মধ্যে পড়ে গিয়েছে ফলে সেই নির্দিষ্ট জায়গাটি আর থাকছে না। এর ফলে একটা ভয়ংকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। এই অ্যাক্টটি যখন করা হয়েছিল তখন একথা বিবেচনা করেই করা হয়েছিল। আপনি বলছেন যে কোনো মিউনিসিপ্যালিটি এখনও পর্যন্ত করেনি। এ ব্যাপারে বলছেন যে জেলা সমাহর্তা এবং পৌরপ্রধানদের অনুরোধ করা হয়েছে। আমার প্রশ্ন, বিষয়টি যেহেতু অত্যন্ত গুরুতর সেইহেতু আপনার দপ্তর এ ব্যাপারে অ্যাকটিভ কোনো রোল নেবার কথা চিন্তা করছেন কিনা ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এই আইনটি আসবার আগে থেকেই বিভিন্ন পৌরসভাগুলি তাদের বর্জ্য পদার্থ একটা নির্দিষ্ট জায়গায় ফেলার ব্যবস্থা তারা রেখেছিল। এই নতুন আইনটি করার ফলে এই গোটা বিষয়টা আরও কিছুটা ডিসিপ্লিনড করা এবং তার প্রয়োজনীয় টেকনিক্যাল অ্যারেঞ্জমেন্ট করার কথা বলা হয়েছে। ফলে অতীতে কোনো ব্যবস্থা ছিল না এরকম যেহেতু নয় সেইহেতু আমরা নতুন আইনের প্রভিসানগুলি জানানোর চেষ্টা করছি। এক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে সেটা জানিয়ে রাখি। কে.এম.ডি.এ. এলাকাতে ১৭টি মিউনিসিপ্যালিটি তাদের ডিটেলড প্রজেক্ট রিপোর্ট ইতিমধ্যেই তৈরি করেছেন, সেটা আমাদের কাছে এসেছে। কে.এম.ডি.এ. এলাকার বাইরে ডিটেল প্রজেক্ট রিপোর্ট তৈরি করছেন মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেট। এরকম ৮টি মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে এই ডিটেলড প্রজেক্ট রিপোর্ট এসেছে। এছাড়া প্রিলিমিনারি প্রজেক্ট রিপোর্ট কে.এম.ডি.এ. এলাকার বাইরে যেটা মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেট তৈরি করবেন এরকম ১৪টি জায়গার মিউনিসিপ্যালিটির রিপোর্ট আমাদের কাছে ইতিমধ্যেই এসেছে। কাজেই বিষয়টা এটা নয় যে এক্ষেত্রে অগ্রগতি হয়নি।

শ্রী তপন হোড়: ২৫/২৬ বছর ধরে এখানে বামফ্রন্ট সরকার আছে এবং এই সরকারের আমলে ভূমি সংস্কারের কাজ হওয়ার ফলে মানুষের অবস্থার উন্নতি হয়েছে এবং যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে মানুষের চাহিদা বাড়ছে। ফলে মানুষের চাহিদার দিকে তাকিয়ে অনেক রুর‍্যাল হাসপাতাল, প্রাইমারি হেলথ সেন্টার, সাবসিডিয়ারি হেলথ সেন্টার, স্টেট জেনারেল হাসপাতাল, সাবডিভিশন্যাল হাসপাতাল এ রাজ্যে তৈরি হয়েছে এবং রাজ্যের ৭৫ ভাগ মানুষ এখান থেকে পরিষেবা পেয়ে থাকেন। এরকম একটা সাফল্যের জায়গায় আমরা এসেছি ঠিক কথা কিন্তু সঙ্গে সঙ্গে কিছু কিছু সমস্যারও সৃষ্টি হয়েছে। এইসব হাসপাতালের বর্জ্য পদার্থগুলি যেভাবে ফেলা হচ্ছে তাতে আমরা ফিল করছি যে হাসপাতালের পরিবেশটাকেই দূষিত করছে। এ ব্যাপারে ইমিডিয়েট স্টেপ নেওয়া দরকার। আপনি বলছেন অগ্রগতি হয়েছে, সেটা মানছি, কিন্তু আমার জেলা এবং আরও কয়েকটি জেলার কথা আমি বলতে পারি এক্ষেত্রে যতখানি প্রোগ্রেস হওয়ার কথা ততখানি দেখতে পাচ্ছি না। এই বিষয়টি মাননীয় মন্ত্রী মহাশয় বিবেচনা করে কিছু করবেন কি ?

[11.50—12.00 noon]

শ্রী মানবেন্দ্র মুখার্জী : কঠিন বর্জ্য পদার্থের মধ্যে দু ধরনের পদার্থ আছে। বর্জ্য পদার্থ ফেলার যে সমস্যা সেই সমস্যার মোকাবিলাতে বিকল্প আইন এবং নিয়ম তৈরি হয়েছে। এই পদার্থের মধ্যে একটা হচ্ছে বায়ো মেডিক্যাল ওয়েস্ট। হাসপাতাল, হেলথ সেন্টার, নার্সিংহোমগুলিতে যে বর্জ্য পদার্থ তৈরি হয় সেগুলি বায়ো মেডিক্যাল ওয়েস্ট। কলকারখানা থেকে যেগুলো তৈরি হয় সেইগুলো হ্যাজাডাস ওয়েস্ট। অন্য কঠিন বর্জ্য যেভাবে আমরা সমস্যার সমাধান করি, বায়ো-মেডিক্যাল বা হ্যাজাডাস সলিড ওয়েস্টের ক্ষেত্রে ব্যবস্থাটা এক নয়। এই কাজটা একটু কঠিন। এই বিষয়ে ইতিমধ্যে রাজ্য সরকার উদ্যোগ গ্রহণ করেছে। যেহেতু এই প্রশ্নটা সলিড ওয়েস্ট নিয়ে, আপনি যদি ভবিষ্যতে কোনো প্রশ্ন করেন বা আমার কাছে আসেন, বায়ো-মেডিক্যাল, হ্যাজাডাস ওয়েস্টের ক্ষেত্রে কি কি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করেছি তা বিস্তারিতভাবে জানতে পারবেন।

শ্রী তপন হোড়: স্যার, আপনি জানেন একটা সময় আফগানিস্তানে টন টন বোমা পড়েছে, তার ফলে, ভারতবর্ষের আবহাওয়াবিদরা এবং ভূবিজ্ঞানীরা বলেছেন আবহাওয়ার ক্ষেত্রে এবং পরিবেশ দূষণের ক্ষেত্রে তার প্রভাব পড়েছে। সেটা আমরা দেখেছি কিভাবে আমাদের এখানে আবহাওয়ার পরিবর্তন ঘটেছে, তার প্রভাব আমরা লক্ষ্য করেছি। আজকে সাম্রাজ্যবাদী শক্তি ইরাকে টন টন বোমা ফেলছে। সেখানে একটা ভয়াবহ অবস্থা তৈরি হয়েছে।

(গোলমাল)

ইরাকে কয়েক দিন ধরে জল নেই ইলেকট্রিসিটি নেই। তারা সেখানে একটা ভয়ংকর জায়গায় আছে। ইরাকে একটা দানবীয় অবস্থা চলছে। ইরাকে যে ঘটনা ঘটছে তার ফলে আমাদের ভূবিজ্ঞানীরা বলছে যে তার প্রভাব ভারতে পড়বে এবং পশ্চিমবাংলায় পড়বে। এই ক্ষেত্রে এই ধরনের কোনো খবর আপনার কাছে আছে কিনা ? এটা তাহলে আমরা ভারত সরকারকে বলতে পারি। ইরাকে যে টন টন বোমা পড়েছে তার জন্য ভারত সরকার নিন্দা করার একটা কথাও বলেননি। এই জায়গায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে ভূবিজ্ঞানীর তরফ থেকে এই ধরনের কোনো খবর থাকলে জানান।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : প্রকৃতিক পরিবেশে ইরাকের যুদ্ধের ব্যাপারে প্রভাব পড়েছে বলে আমার জানা নেই। তবে রাজনৈতিক কিছু প্রভাব পড়েছে এটা বোঝা যাচ্ছে।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। কলকাতাতে এস.এস.কে.এম, মেডিক্যাল কলেজ, এন.আর.এস. এই ধরনের হাসপাতালগুলো থেকে প্রতিদিন কি পরিমাণ বর্জ্য পদার্থ বার হয় এই ধরনের হিসাব আপনার কাছে আছে কি ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমার কাছে সুনির্দিষ্ট হিসাব আছে। আমি আগেই উত্তর দিতে গিয়ে বলেছি বায়ো-মেডিক্যাল ওয়েস্ট বিষয়টা সম্পূর্ণ পৃথকভাবে আমরা দেখি। এই প্রশ্নের সঙ্গে যুক্ত নয় তবুও আপনাকে আশ্বস্ত করি, কলকাতার সব বড় হাসপাতালগুলো থেকে চিকিৎসা সংক্রান্ত বর্জ্য পদার্থ যা তৈরি হয় তার পরিমাণ কত সেটা আমরা মনিটার করি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানর দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, আরবান ডেভলপমেন্ট এবং মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্সদের সঙ্গে যোগাযোগ করে। এই মুহূর্তে কলকাতায় ১০ টন বায়ো-মেডিক্যাল ওয়েস্ট জেনারেটেড হয় হাসপাতাল এবং নার্সিং হোমগুলো থেকে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি, ইতিমধ্যে একটা সমস্যা দেখা দিয়েছে। রেসিডেনসিয়াল এলাকায় যখন নার্সিংহোম তৈরি হয়, স্থানীয় লোকেরা আপত্তি করে। বায়ো-মেডিক্যাল ওয়েস্ট হাসপাতাল থেকে অপারেশানের পর যে জিনিসগুলি বার হয় সেইগুলো ক্রাউডেড রেসিডেনসিয়াল এলাকায় ফেলা হয় এবং সেখানে গন্ডগোল তৈরি হয়। আমি জানতে চাই কলকাতা শহরে নতুন নার্সিং হোম করতে গেলে পলিউশান কন্ট্রোল বোর্ডের কাছ থেকে বায়ো-মেডিক্যাল ওয়েস্টের ব্যাপারে কোনো ছাড়পত্র নিতে হয় কিনা ? যদি এখন অবধি নিতে না হয়, এই ব্যাপারে আপনি কোনো ব্যবস্থা নেবেন কিনা ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আপনার আশংকা খুবই সঠিক। এর জন্য আমরা পৌর দপ্তরকে বলেছি যে, আমাদের কাছ থেকে প্রয়োজনীয় অনুমতি পেলে তবেই যেন হসপিটাল বা নার্সিংহোমের ক্ষেত্রে চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। কেবলমাত্র ওয়েষ্ট জেনারেশন না, ওয়েষ্ট ট্রিটমেন্টেরও ব্যবস্থা করতে হবে। ওদের যে ওয়েষ্টগুলো হয় সেগুলোকে বিভিন্নভাবে ট্রিট করতে হয়। সবগুলো হাসপাতালে হয় না। বাইরে নিয়ে গিয়েও ট্রিট করতে হয়। আমরা ইতিমধ্যে সরকারি সিদ্ধান্তের কথা জানিয়েছি। নার্সিংহোম, হেলথ্ সেন্টার এবং হসপিটাল এগুলোকে পলিউশান কন্ট্রোল বোর্ডের ক্লিয়ারেন্স ছাড়া অনুমোদন দেওয়া হচ্ছে না মানুষের উদ্বেগের কথা ভেবেই।

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, কিছুদিন আগে বিভিন্ন পত্র-পত্রিকাতে আমরা দেখলাম প্লাষ্টিক ব্যাগগুলোকে বাতিল করে দেওয়া হবে যাতে কেউ ব্যবহার না করতে পারে। আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন, এই যে দূষণমাত্র বেড়ে গেছে গ্রামাঞ্চলে বা শহরে, তার কারণ এই প্লাষ্টিক ব্যাগের যথেচ্ছ ব্যবহার। আপনার মস্তক এই ব্যাপারে কোনো চিন্তা-ভাবনা করছে কিনা ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এই ক্ষেত্রে নির্দিষ্টভাবে যেটা বলার, ভারতবর্ষের মধ্যে আমরাই প্রথম রাজ্য যারা প্লাষ্টিক ব্যাগের ব্যবহারের ক্ষেত্রে কতকগুলো নিয়ন্ত্রণ জারি করেছিল, বিশেষ করে ২০ মাইক্রোন যে ব্যাগগুলো এবং রিসাইকেল্ড হয়ে যে প্লাষ্টিক ব্যাগগুলো থেকে ব্যাগ হয়, যেগুলো মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে হ্যাজার্ড তৈরি করে। আর একটা হচ্ছে মানুষের শরীরের ক্ষেত্রে বিপদ সৃষ্টি করে। এটাকে আমরা নিয়ন্ত্রণ করেছিলাম। এই ক্ষেত্রে কেন্দ্রীয় যে আইন আছে, সেটিও লাগু হয়েছে। এর সঙ্গে আমরা বাড়তি যা করেছি, দার্জিলিং, সুন্দরবনের সমুদ্র উপকূল অঞ্চলে এনভার্নমেন্টালি সেনসেটিভ যে জায়গাগুলো আছে, প্লাষ্টিক ক্যারি ব্যাগকে আমরা সর্বত্র নিষিদ্ধ করেছি। ইতিমধ্যে পুলিশের সহায়তা নিয়ে বেশ কিছু জায়গায় হানা দিয়েছি, গ্রেপ্তার করেছি এবং মামলা করেছি। বেশ কিছু বেআইনি ব্যাগ আমরা বাজেয়াপ্ত করেছি। প্লাষ্টিক ব্যাগের ব্যবহার যেহেতু সর্বত্রব্যাপী, আমরা দু-একটি ক্ষেত্রে নির্দিষ্টভাবে ব্যবহারের ক্ষেত্রে নিয়ন্ত্রণ করেছি। আমরা প্রধানত জোর দিয়েছি সচেতনতার ওপরে, মানুষের অজ্ঞতা দূর করার ওপরে। বিভিন্ন জায়গায় এন.জি.ও.-দের নিয়ে আমরা প্রচার চালাচ্ছি। আপনার পাড়াতে বা বাজারে দেখবেন এন.জি.ও.-রা পথে প্রচার করছে। সামগ্রিকভাবে সবাই যদি এগিয়ে আসেন, তাহলে আমরা মানুষকে সচেতন করতে পারব এবং আমরা এটাকে ঠেকাতে পারব। তবে আমরা নির্দিষ্ট ভাবে কিছু ব্যবস্থা নিয়েছি।

শ্রীমতী তপতী দত্ত : স্যার, পলিউশান কন্ট্রোল দপ্তরের ক্লিয়ারেন্সের ক্ষেত্রে একটা অসুবিধা আমরা দেখতে পাচ্ছি, পলিউশান বোর্ড বলে মিউনিসিপ্যালিটি থেকে যতক্ষণ এন.ও.সি. না দেবে ততক্ষণ পর্যন্ত আমরা দেব না। আবার মিউনিসিপ্যালিটি বলে পলিউশান বোর্ডের ক্লিয়ারেন্স না পেলে আমরা এন.ও.সি. দেব না। এটা একটা জটিল সমস্যা। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যদি কিছু বলেন।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আপনি যেটা বলছেন এটা হবার কথা নয়। কারণ এন.ও.সি. দেবার ক্ষেত্রে কতকগুলো নিয়মনীতি আগে থেকে নির্দিষ্ট করে দেওয়া আছে। তবে কোনো

পার্টিকুলার ইন্ডাষ্ট্রির ক্ষেত্রে যদি এটা হয়, আপনি বলবেন, আমি হস্তক্ষেপ করে দেখব কি হয়েছে। তবে সাধারণ ভাবে এটা হয় না। অসংখ্য নতুন কারখানা হচ্ছে, তবে নির্দিষ্ট কিছু জায়গায় যদি সমস্যা হয় তাহলে আমি হস্তক্ষেপ করব। আপনি যে সমস্যার কথা বলছেন সেটা হবার নয়। তবে যদি কোনো অ্যাডমিনিষ্ট্রেটিভ লেভেলে কোনো কমিউনিকেশন গ্যাপ থেকে থাকে তাহলে এটা হতে পারে। আপনি নির্দিষ্ট করে বললে আমি দেখব।

Starred Questions
(to which answers were laid on the Table)

হোমগার্ডদের থেকে পুলিশ কনস্টেবল নিয়োগ

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৬) **শ্রী কমল মুখার্জী** : স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে রাজ্যে হোমগার্ডদের মধ্যে থেকে কতজনকে পুলিশ কনস্টেবলে নিয়োগ করা হয়েছে ;

(খ) হোমগার্ড নিয়োগ কত সাল থেকে বন্ধ আছে ;

(গ) বর্তমানে রাজ্যে পুরুষ ও মহিলা হোমগার্ডদের সংখ্যা কত ; এবং

(ঘ) হোমগার্ডদের বেতন হার কিরূপ ?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩৩৭ জনকে।

(খ) কলকাতায় ১৯৮৭ সাল থেকে এবং অন্য জেলায় ১৯৮৬ সাল থেকে।

(গ) বর্তমানে রাজ্যে হোমগার্ডের সংখ্যা নিম্নরূপ :

পুরুষ হোমগার্ড	—	১৯,৬৯৯ জন
মহিলা হোমগার্ড	—	১,৪৭৭ জন
		২১,৯৭৬ জন

(ঘ) দৈনিক কাজের ভিত্তিতে হোমগার্ডদের ভাতা দেওয়া হয়। ভাতার হার নিম্নরূপ :

১। সাধারণ হোমগার্ডদের দৈনিক ভাতা	—	১০১ টাকা
২। গ্রুপ কমান্ডার। ডেপুটি গ্রুপ কমান্ডার ও ডেপুটি কম্যান্ডান্টদের দৈনিক ভাতা	—	১০৬ টাকা
৩। হোমগার্ড কম্যান্ড্যান্ট। ডিস্ট্রিক্ট কমান্ড্যান্টদের দৈনিক ভাতা	—	১১১ টাকা

নিম্নবিত্তদের জন্য আবাসন প্রকল্প

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, পঞ্চায়েত এলাকায় নিম্নবিত্তদের জন্য আবাসন প্রকল্প নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্প রূপায়ণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) কয়েকটি সম্পূর্ণ হয়েছে। কয়েকটির কাজ চলছে।

পরিবেশ দূষণ

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৬) **শ্রী নির্মল ঘোষ** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, পরিবেশ দূষণ প্রতিরোধের জন্য রাজ্যে বহু কারখানা বন্ধ হয়েছে অথবা বন্ধ হবার উপক্রম হচ্ছে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পশ্চিমবঙ্গে পরিবেশ সংক্রান্ত আইন প্রয়োগ ও পরিবেশ রক্ষার দায়িত্ব রাজ্যের পরিবেশ দপ্তর এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উপর ন্যস্ত আছে। রাজ্যের শিল্প সংস্থাগুলি যাতে পরিবেশ সংক্রান্ত আইন মেনে চলে তা নিশ্চিত করতে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিত পর্যবেক্ষণ করে থাকে।

কোনো শিল্প সংস্থার দূষণ অনুমোদিত সীমা অতিক্রম করলে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ প্রথমে দূষণ রোধর জন্য নির্দেশ জারি করে। প্রয়োজনীয় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করার জন্য কারখানাগুলিকে যথাযথ সময়ও দেওয়া হয়। এর পরেও কোনো শিল্প সংস্থা যদি দূষণ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করে এবং পরিবেশের ক্রমাগত ক্ষতি করতে থাকে তখন অনন্যোপায় পর্ষদের পক্ষ থেকে সাময়িক ভাবে কারখানাটিকে বন্ধ করার নির্দেশ জারি করা হয়।

শিল্প সংস্থাটি প্রয়োজনীয় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করার পর উপরোক্ত নির্দেশনামা রদ করা হয় ও কারখানা চালু করার অনুমতি দেওয়া হয়।

১৯৯৭ সাল থেকে ২০০৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কারখানা বন্ধের নির্দেশ ও তা রদ করার পরিসংখ্যান উত্তরের অতিরিক্ত বিষয়—১ হিসাবে সংযোজিত করা হল।

Sl.	Name	Address
1.	Alka Rubber Products	68, Topsia Road, P.O. & P.S. Tiljala, Kolkata - 700 039
2.	Alpha Enterprise	32/H/16/6, Mahendra Roy Lane, P.O.; Gobinda Khatick Road, P.S. Topsia, Kolkata - 700 046
3.	Industries	20B, Radhanath Chowdhury Road, Kolkata - 700 013
4.	Bani Automotives	56, Topsia Road (South), P.O. : Gobinda Khatick Road, P.S.: Topsia, Kolkata-700 046
5.	Bani Polymers	56, Topsia Road (South), P.O.: Gobinda Khatick Road, P.S. Topsia, Kolkata-700 046
6.	Bani Rubtex	56, Topsia Road (South), P.O. : Gobinda Khatick Road, P.S. : Topsia, Kolkata-700 046
7.	Bani Tyre & Rubber Company	56 Topsia Road, (South), P.O. : Gobinda Khatick Road, P.S. Topsia, Kolkata-700 046
8.	Bharat Rubber & Plastic Works	66, Tiljala Road, Kolkata - 700 046
9.	Bhowmik Industries	39G/1A, Tangra Road, Kolkata - 700 015
10.	Bombay Rubber Industries	5G, Topsia 2nd Lane, P.O. & P.S. : Tiljala, Kolkata - 700 039
11.	Calcutta Plasto Rubber	2, Chingri Ghata Lane, P.O. & P.S. : Tangra, Kolkata - 700 015
12.	Crescent Rubber Industries	13/1, New Tangra Road, P.O. : Gobinda Khatik Road, P.S. : Tangra, Kolkata - 700 046
13.	Dhanania Rubber Ltd.	10, Paymemaj Garden Lane, P.O. & P.S. Tangra, Kolkata - 700 015
14.	Everest Rubber Industries	37, Topsia 2nd Lane, P.O. & P.S. : Tiljala, Kolkata - 700 039
15.	Galaxy Rubber & Plastic Industries	12/3, Topsia 2nd Lane, Kolkata - 700 039
16.	Gem Products	32/12, Rai Charan Ghosh Lane, Kolkata - 700 039
17.	Golden Plastic	61/D, G.I Khan Road, (Topsia Road), P.O. & P.S. : Tiljala, Kolkata - 700 039
18.	Haryana Rubber Industries	5A, Tangra 2nd Lane, P.O. : Gobinda Khatik, P.S. : Tangra, Kolkata - 700 039

19.	India Oil Seals & Synthetic Products	186, Nasharhat Road, Kolkata - 700 039
20.	J.J. Rubber Industries	36, Debendra Chandra Dey Road, P.O. & P.S. : Tangra, Kolkata - 700 015
21.	J.K. Rubber & Plastic Works	4, Topsia Road, P.S. : Tiljala, Kolkata-700 039
22.	Jamal Rubber Enterprise	36, Debendra Chandra Dey Road, P.O. & P.S. : Tangra, Kolkata - 700 015
23.	Kohinoor Rubber Products	57A, Topsia Road (South), P.O. : Gobinda Khatick Road, P.S. : Topsia, Kolkata - 700 046
24.	L. N. S. Industries	31/3, Tangra Road, P.O. & P.S. : Tangra, Kolkata - 700 015
25.	Loknath Rubber Works	13/C, Topsia Road (South), P.O. : Gobinda Khatick Road, P.S. : Topsia, Kolkata-700 046
26.	Lords Polymers India Pvt. Ltd.	66, Debendra Chandra Dey Road, Kolkata - 15
27.	Ma Tara Bleaching Works	1B/H/22/3, Dum Dum Road, P.O. & P.S. : Cosipore, Kolkata - 700 002
28.	Mahesh Laboratories Pvt. Ltd.	30/4, Canal East Road, Kolkata - 700 011
29.	Md. Nayeem Khan	5/2Q, Tiljala Road, P.S. : Beniapukur, Kolkata - 700 046
30.	N. K. Industries	61/1Z, Topsia Road, P.O. & P.S. : Tiljala, Kolkata - 700 039
31.	Niroflex Polymer (P) Ltd.	34B, Debendra Chandra Dey Road, P.O. & P.S. : Tangra, Kolkata - 700 015
32.	Nu-Tex Dyeing	31B, B. T. Road, Kolkata - 700 002
33.	Nu-Wood Boards Pvt. Ltd.	5, Maher Ali Lane, P.O. & P.S. Tangra, Kolkata - 700 015
34.	P.B. Rubber Products	36/H/4, Debendra Chandra Dey Road, P.O. & P.S. : Tangra, Kolkata-700 015
35.	Paragon Rubber Manufacturers	66, Debendra Chandra Dey Road, P.O. & P.S. : Tangra, Kolkata-700 015
36.	Paramananda Rubber Works Pvt. Ltd.	1, Chingrighata Lane, Kolkata-700 015
37.	Paras Polymer Industries	93B, Tiljala Road, P.S. : Kareya, Kolkata-700 046
38.	Pioneer Paper & Pulp Pvt. Ltd.	1/1, Umakanta Sen Lane, Paikpara, Kolkata
39.	Prince Rubber Industries	18, P.O. & P.S. : Tangra, Kolkata-700 015

40.	Punjab National Ice Factory Pvt. Ltd. (Rubber Division)	6/1, Tiljala Road, P.O. Gobinda Khatick Road, P.S. Benia Pukur, Kolkata-700 046
41.	S. A. Rubber Industries	61/12, Topsia Road, P.O. & P.S. : Tiljala, Kolkata-700 039
42.	S. S. Enterprise	32/H/6, Mahendra Roy Lane, Kolkata-700 046
43.	Shakil Enterprise	3/2A, Tiljala Road, P.S. : Beniapukur, Kolkata-700 046
44.	Shyam Rubber Industries	37, Debendra Chandra Dey Road, P.S. Tangra, Kolkata-700 015
45.	Singh Rubber Works	36/H/17, Debendra Chandra Dey Road, P.O. & P.S. : Tangra, Kolkata-700 015
46.	Sonali India Products	28/1, Kusha Road, P.O. Tiljala, P.S. Kareya, Kolkata-700 039
47.	Star Processors Ltd.	3, Chingrighata Lane (Tangra), P.S. Tangra, Kolkata-700 015
48.	Stout India Rubber Products	36, Topsia Road, P.O. & P.S. : Tiljala, Kolkata-700 039
49.	Suband Footwear Industries Pvt. Ltd.	34/ Mameswar Tala Road, Kolkata-700 046
50.	Synthetic resuis & Chemicals	29/2(33), Canai South Road, P.O. Beleghata, P.S. Tangra, Kolkata-700 015
51.	Techno Dying & Bleaching Works	21A, Dum Rum Road, P.O. Ghughudanga, P.S. : Cossipore, Kolkata-700 030
52.	The Bombay Rubber	70/1, Topsia Road (South), P.O. Gobinda Khatick Road, P.S. Topsia, Kolkata-700 045
53.	Tiger Rubber Industries	81/1B, Topsia Road, P.O. & P.S. Tiljala, Kolkata-700 039
54.	Topsia Rubber Works	45, Topsia Road, P.S. Beniapukur, Kolkata-700 039
55.	Uma Rubber Moulder's Industries	9, Chaulpatty Road, P.O. : KG Bose Sarani, P.S. Beliaghata, Kolkata-700 085
56.	Union Products	13, Harish Neogi Road, P.O. Ultadanga, P.S. Manicktala, Kolkata-700 067
57.	Unit Rubber Products Pvt. Ltd.	15/1D, C.N. Roy Road, P.S. Tiljala, Kolkata-700 039
58.	Zames Rubber Industries	5/2, Tiljala Road, P.O. Gobinda Khatick Road, P.S. Beniapukur, Kolkata-700 046

59.	Jay Jay Rubbers	49/A/S, Matheswartala Road, P.S. Tiljala, Kolkata-700 046
60.	Hindusthan Rubber Industries	31/Q & R. Raicharan Ghosh Lane, P.O. & P.S. Tiljala, Kolkata-700 03
61.	The Central Rubber Works ( ) Ltd.	20B, Radhanath Chawdhury Road, P.O. Hiz Roas, P.S. Entally, Kolkata-700 015
62.	Diamond Processing	105/2A, Ultadanga Main Road, Kolkata-700 067
63.	Eh India Rubber Products (P) Ltd.	61, Topsia Road (South), Kolkata-700 046
64.	Elite India Rubber Product Pvt. Ltd.	64C, Topsia Road (South), Kolkata-700 046
65.	Kundu Blerchers	105/2A, Ultadanga Main Road, Kolkata-700 067
66.	Rubber Works	1/1, Manendra Roy Lane, Kolkata-700 046

মিনার্ভা থিয়েটার পুনর্নির্মাণ

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪) **শ্রী ব্রহ্মময় নন্দ** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মিনার্ভা থিয়েটার পুনর্নির্মাণে রাজ্য সরকার কোনো উদ্যোগ নিচ্ছেন কি ; এবং

(খ) নিয়ে থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) হ্যাঁ।

(খ) মিনার্ভা থিয়েটার অধিগ্রহণ বিষয়টির আইনগত দিকগুলো বিচার-বিবেচনা করে দেখা হচ্ছে। আশা করা যায় শীঘ্রই বিষয়টি বাস্তবায়িত হবে।

মেডিক্যাল কলেজে ছাত্রহত্যা

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৬) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২৫শে আগস্ট, ২০০১ আর. জি. কর মেডিক্যাল কলেজের চতুর্থ বর্ষের ছাত্র সৌমিত্র বিশ্বাসের হত্যাকারীদের পুলিশ গ্রেপ্তার করতে সমর্থ হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, তাদের বিরুদ্ধে চার্জশীট দেওয়া হয়েছে কি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) দুজনকে গ্রেপ্তার করা হয়েছে।

(খ) না।

হাতির উপদ্রবে ফসলের ক্ষয়ক্ষতির পরিমাণ

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৫) **শ্রী নন্দদুলাল মাঝি**: বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়ার জয়পুর, বিষ্ণুপুর, সোনামুখী, বড়জোড়া এলাকায় হাতির উপদ্রবে কি পরিমাণ ফসলের ক্ষয়ক্ষতি হয়েছে ; এবং

(খ) উক্ত ঘটনায় মৌজা ভিত্তিক ফসলের ক্ষতির পরিমাণ কত ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) উক্ত এলাকায় ফসলের ক্ষয়ক্ষতি পরিমাণ নিম্নরূপ :

ব্লকের নাম	ক্ষতির পরিমাণ (হেক্টর-এ)
জয়পুর	১৩.৭৩
বিষ্ণুপুর	১২৯.৭০
সোনামুখী	৯৫.০০
বড়জোড়া	২৫৫.০০

এবং

(খ) উক্ত ঘটনায় মৌজা ভিত্তিক ফসলের ক্ষতির পরিমাণ এই মুহূর্তে পৃথকভাবে নথিকরণ নাই।

নজরুল রচনাবলী

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৭) **শ্রী অজয় দে** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পরিকল্পিত পাঁচ খণ্ড নজরুল রচনাবলীর বাকি তিন খণ্ড প্রকাশের বিষয়টি কি অবস্থায় আছে ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

নজরুল রচনা সমগ্রের তৃতীয় খণ্ড গত নজরুল জন্মদিবসে ২৬মে প্রকাশিত হয়ে গেছে। চতুর্থ খণ্ড শীঘ্রই প্রকাশিত হবে। পঞ্চম খণ্ড পর্যায়ক্রমে প্রকাশিত হবে।

সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে নিহতের সংখ্যা

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৩) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিগত ২০০০-২০০১ ও ২০০১-২০০২ সালে সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে কতজন প্রাণ হারিয়েছেন ;

(খ) তন্মধ্যে, কতজন ভারতীয় ও কতজন বাংলাদেশি ; এবং

(গ) সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানদের বিরুদ্ধে রাজ্য পুলিশ কয়টি নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে কেস দায়ের করেছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) ২০০০ সালে ২০ (কুড়ি) জন, ২০০১ সালে ৪৩ (তেতাল্লিশ) জন এবং ২০০২ সালে ১০১ (একশো এক) জন প্রাণ হারিয়েছেন।

(খ) ২০০০ থেকে ২০০২ সাল পর্যন্ত সীমান্ত রক্ষী বাহিনীর গুলিতে নিহত মোট ১৬৪ (একশো চৌষট্টি) জনের মধ্যে ৪৯ জন ভারতীয় এবং ৭৯ জন বাংলাদেশি।

(গ) ২০০০ থেকে ২০০২ পর্যন্ত বিগত তিন বছরে মোট ৩৬ (ছত্রিশ)টি মামলা দায়ের করা হয়েছে।

বালিগঞ্জ লেকের মাঠ ব্যবহারে অর্থের দাবি

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৬) **শ্রী পংকজ বন্দ্যোপাধ্যায়** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, ফুটবল খেলার জন্য বালিগঞ্জ লেকের মাঠ ব্যবহার করার জন্য বিভিন্ন ক্লাবগুলির কাছে অর্থের দাবি করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত অর্থ দাবি করার ভিত্তি কি ?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) একমাত্র টালিগঞ্জ যুবগোষ্ঠী ক্লাব রবীন্দ্র সরোবরের মাঠে ফুটবল খেলার অনুমতি চেয়ে আবেদন করলে, কে.আই.টি. বছরে সতেরো হাজার পাঁচশত টাকা। 'সার্ভিস চাজ' দেবার শর্তে সেই অনুমতি প্রদান করে।

(খ) রবীন্দ্র সরোবর এবং তৎ-সংলগ্ন এলাকার যা কে.আই.টি.-র আওতাভুক্ত, রক্ষণাবেক্ষণ এবং সৌন্দর্যায়নের জন্যে এই 'সার্ভিস চার্জ' ধার্য করা হয়।

রাজ্যে নারী ধর্ষণ, হত্যা ও নির্যাতনের সংখ্যা

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৩) **শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সাল এবং ২০০৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত রাজ্যে নারী ধর্ষণ, বধূ হত্যা ও বধূ নির্যাতনের সংখ্যা কত ; এবং

(খ) নারীদের ওপর এ ধরনের অত্যাচার বন্ধ করতে সরকার বিশেষ ধরনের কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) নারী ধর্ষণ — ৮০৮
বধূ হত্যা — ১৬১
বধূ নির্যাতন — ১২৩১

(খ) (১) নারী নির্যাতন বন্ধের জন্য গোয়েন্দা দপ্তরে বিশেষ একটি সেল খোলা হয়েছে ; এই সেল নারী নির্যাতনের মামলাগুলির দ্রুত চার্জশীট পেশ করার জন্য যথেষ্ট সাবধানতার সঙ্গে মামলা দায়ের করে এবং অনুসন্ধানের কাজ সম্পন্ন করে।

(২) নারী নির্যাতনের বিরুদ্ধে গণ-সচেতনতা বৃদ্ধির জন্য পুলিশ বিভিন্ন এন.জি.ও.-র সঙ্গে একযোগে সেমিনার ও আলোচনাসভা সংগঠিত করছে।

আলিপুর চিড়িয়াখানাকে সরকারি অনুদান

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০২০) **শ্রী তমোনাশ ঘোষ** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতাস্থিত আলিপুর চিড়িয়াখানাকে সরকার প্রত্যেক বছরে কোনো অনুদান দেয় কি না ; এবং

(খ) দিলে, বিগত পাঁচ বছরের অনুদানের পরিমাণ কত ছিল (পৃথক পৃথক ভাবে) ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) হ্যাঁ।

(খ) বিগত পাঁচ বছরে পশ্চিমবঙ্গ সরকার আলিপুর চিড়িয়াখানাকে নিম্নলিখিত অনুদান মঞ্জুর করেছিল :

১৯৯৭-১৯৯৮ : ১,০৪,৬৯,০০০.০০ টাকা
১৯৯৮-১৯৯৯ : ৯৮,০০,০০০.০০ টাকা
১৯৯৯-২০০০ : ১,১৪,৪২,২৫০.০০ টাকা
২০০০-২০০১ : ১,৮০,৪০,০০০.০০ টাকা
২০০১-২০০২ : ১,৮৯,৫৯,৪০০.০০ টাকা

সীমান্তে সন্ত্রাস বন্ধে আলাদা সংস্থা গঠন

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৬) শ্রী **কাশীনাথ মিশ্র** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের আভ্যন্তরীণ এবং সীমান্তবর্তী এলাকাতে সন্ত্রাস বন্ধের জন্য রাজ্য সরকার আলাদা কোনো সংস্থা গঠনের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন কী ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

না।

বন্য হাতির উপদ্রবে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপুরণ

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮১) শ্রী **নেপাল মাহাত** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদা, আড়ষা, বাঘমুণ্ডী এলাকার বন্য হাতি দ্বারা ক্ষতিগ্রস্ত চাষীদের যে ক্ষতিপূরণ দেওয়া হয় তার রূপরেখা কী ; এবং

(খ) উক্ত ক্ষতিপূরণের অংক বাড়ানোর কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) ক্ষতিপূরণের রূপরেখা নিম্নরূপ (সরকারি আদেশনামা)

মানুষের মৃত্যুর জন্য—৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা)

পুরোপুরি অক্ষম ব্যক্তির জন্য—১৫,০০০.০০ (পনের হাজার টাকা) এবং সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা।

একটি অঙ্গহানির ক্ষেত্রে—৭,৫০০.০০ (সাত হাজার পাঁচ শত) টাকা এবং সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা।

আহতদের ক্ষেত্রে—সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা।

গবাদি পশুর মৃত্যুর জন্য—১০০.০০—৭০০.০০ (একশত থেকে সাতশত টাকা)

ফসল ক্ষতির জন্য (প্রতি হেক্টর)—৪,০০০.০০ (চার হাজার টাকা)

ঘরবাড়ি ক্ষতির জন্য (সম্পূণ)—১,৫০০.০০ (পনের শত টাকা)

ঘরবাড়ি ক্ষতির জন্য (আংশিক)—৭৫০.০০ (সাতশত পঞ্চাশ টাকা)

(খ) না

[12.00—12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received seven notices of Adjournment Motions. The first one is from Shri Asit Kumar Mal on the subject of deterioration of law and order situation in the State. The second one is from Shri Jyotipriya Mallik, Smt. Sonali Guha, Shri Kashinath Mishra, Shri Kallol Khan and Dr. Asish Banerjee on the subject of failure of the State Government to make proper enquiry into the case of unnatural death of Shri Soumitra Biswas, a student of R.G. Kar Medical College and Hospital. The third one is from Shri Debaprasad Sarkar on the subject of fall in price of potato and consequential situation arisen. The fourth one is from Shri Ashok Kumar Deb on the subject of reported strike-call by different traders' association on 31st March and 1st April, 2003. The fifth one is from Shri Saugata Roy on the subject of alleged suicide of Sivhari Chowdhury, a potato grower at Birbhanpur village of Chandrakona town P.S. in West Midnapore. The sixth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of anomaly in BPL list published by the State Government, And the seventh one is from Shri Gobinda Chandra Naskar on the subject of non-implementation of schemes for various developmental works in Sunderban areas.

A Motion under rule 185 on the subject similar to the sixth motion was admitted and discussed on 21.03.2003. As such the notice of this Motion is out of order and I reject it.

The subject matters of the remaining six adjournment motions relate to day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

The members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc. I, therefore, withhold my consent to the Motions.

One member of the Party may, however read the text of the motion as amended.

শ্রী সৌগত রায় : স্যার, রাজ্যে অবস্থা খুব খারাপ, এই রাজ্যে আলু চাষীরা আত্মহত্যা করতে শুরু করেছে। নভেম্বর মাসে একজন আলু চাষী কুচবিহারের রামেশ্বর বর্মণ আত্মহত্যা করল। আবার গতকাল মেদিনীপুরের চন্দ্রকোণাতে একজন আলু চাষী শিবহরি চৌধুরী, তিনি

আত্মহত্যা করেছেন। একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব দিয়েছি, এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার। এইবার আমি মোশানটা পড়ছি।

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence namely :

Sivhari Chowdhury a farmer from Birbhanpur Village of Chandrakona Town P.S. Midnapore (West) District committed suicide on Wednesday morning after taking insecticides. This is the second suicide by a farmer in the State after Rameswar Barman of Dinhata committed suicide last November. Shri Chowdhury was potato farmer and not having earned enough from his crop with prices falling took the extreme step. More such suicide may take place if the Government does not take steps in the next 15 days. Since the potato is selling at Rs. 80.00 per quintal with no space in the cold storages.

NOISE

(At this stage TMC MLAs walked out)

শ্রী অসিত কুমার মাল : স্যার, জনসাধারণের পক্ষে জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন—বিষয়টি হল পুলিশি অত্যাচার আজ রাজ্যে অঙ্কুর থেকে মহীরূহে পরিণত হয়েছে। নারী নিগ্রহ, পুলিশের হাতে পুলিশ সার্জেন্টের মৃত্যু ও ডাকাতির ঘটনা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। পুলিশের ঘুষ চাওয়ার প্রতিবাদে মন্ত্রীপুত্র অর্ণব আহত ও হাসপাতালে চিকিৎসাধীন। সাধারণ মানুষের নিরাপত্তা তো দূরের কথা, মন্ত্রীমণ্ডলীর সদস্যর পুত্রও পুলিশি নির্যাতন থেকে রেহাই পায়নি। ২৫ বৎসরে পুলিশ প্রশাসনের দুর্নীতির মহীরূহকে অঙ্কুরে বিনাশ করে সাধারণ মানুষের নিরাপত্তা ও শান্তি রক্ষার দাবি জানাচ্ছি এবং এইসব ঘটনার সঙ্গে যুক্ত ব্যক্তির দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণা টাউন থানার বীরভানপুর গ্রামে কীটনাশক খেয়ে আত্মঘাতী হয়েছেন শিবহরি চৌধুরী। কারণ এক কুইন্টাল আলু উৎপাদন করতেই যেখানে খরচ হয় ১০০ টাকা, সেখানে চাষীরা দাম পাচ্ছে মাত্র ৮০ টাকা। প্রয়োজনীয় সংখ্যক হিমঘরও নেই। চার-পাঁচ বিঘা আলু চাষ করতে অনেককেই ধার দেনা করতে হয়েছে। স্ত্রীর গয়নাও বন্ধক রেখেছেন অনেকে। এর পাশাপাশি সমস্যা বাড়িয়েছে সাম্প্রতিক শিলাবৃষ্টি।

পাশের জেলা হুগলিতে শিলায় নষ্ট হয়ে যাওয়া আলু মাঠ থেকে তুলতেই পারেননি বহু চাষী। প্রসঙ্গত উল্লেখ্য গত নভেম্বর মাসে দিনহাটায় করলা চাষী রামেশ্বর বর্মণ ফসলের দাম না পেয়ে আত্মঘাতী হন কীটনাশক খেয়ে।

এই অবস্থায় আমরা দাবি জানাচ্ছি যে, আলু চাষীরা যাতে ফসলের ন্যায্য মূল্য পায় সরকারকে তার সুনির্দিষ্ট ব্যবস্থা নিতে হবে এবং চাষীদেরকে শষ্যহানির ক্ষতিপূরণ দিতে হবে।

(নয়েজ)

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

(এই সময় মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার চেম্বার থেকে ওয়াক আউট করেন।)

শ্রী গুরুপদ দত্ত : স্যার, 'পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণা টাউন থানার বীরভানপুর গ্রামে শিবহরি চৌধুরী নামে একজন চাষী বিষ খেয়ে আত্মহত্যা করেছে ফসলের ন্যায্য দাম না পেয়ে',—এটা একটা বিভ্রান্তিকর খবর। স্যার, আমি চন্দ্রকোণা থানায় এবং লোকাল সোর্সে ফোন করে জেনেছি, শিবহরি চৌধুরী ৬৫ বছর বয়সের একজন বৃদ্ধ মানুষ, নিঃসন্তান। স্বামী-স্ত্রী কলহের পরিণতিতেই তিনি বিষ খেয়ে আত্মহত্যা করেছেন। এর সঙ্গে আলু চাষের কোনো যোগাযোগ নেই। এই ধরনের বিভ্রান্তিকর খবর আনন্দবাজারের মতো পত্রিকায় পরিবেশিত হওয়ায় আমি বিস্মিত এবং লজ্জিত। আমি এই ঘটনার তীব্র নিন্দা করছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

Subject		Name
(i) Devastating fire as Capital Electronics, Ultadanga	:	Shri Asit Kumar Mal, Shri Abdul Mannan & Shri Nirmal Das
(ii) Reported suicide by a potato farmer at Chandrakona, West Midnapore	:	Dr. Asish Banerjee Shri Jyoti Priya Mallick Shri Kallol Khan Shri Kashinath Mishra & Shri Saugata Roy
(iii) Alleged eviction of thousands of people by I.C.M.L. authority under Barabani P.S. Burdwan	:	Shri Manik Upadhyay Shri Nirbed Roy Shri Tamonash Ghosh & Shri Parash Dutta

Subject	Name
(iv) Re-opening of New Central Jute Mill, Budge Budge	: Shri Ashoke Kumar Deb & Shri Sobhandeb Chattopadhyay
(v) Tripertite meeting on 26..3.2003 at Siliguri regarding sick tea gardens	: Shri Tapan Hore

I have selected the notice of Shri Ashok Kumar Deb & Shri Sobhandeb Chattopadhyay on the subject of re-opening of New Central Jute Mill, Budge Budge.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on the 31st March, 2003.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker: Now, I call upon the Minister-in-Charge of Health and Family Welfare Department to make a statement on the subject of death of forty thousand people from tuberculosis in the state (Attention called jointly by Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira and separately by Shri Saugata Roy on the 25th March, 2003).

ডাঃ সূর্যকান্ত মিশ্র : রুল্‌স অফ প্রসিডিওর অ্যান্ড কন্ডাক্টের ১৯৮ ধারায় বিধায়ক সর্বশ্রী সৌগত রায়, মন্টুরাম পাখিরা এবং কাশীনাথ মিশ্র মহাশয়গণ কর্তৃক ২৫.০৩.০৩ তারিখে আনীত পশ্চিমবঙ্গে যক্ষ্মা রোগে মৃত্যু সম্পর্কিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে এই বিবৃতি দিচ্ছি।

১৯৫৭ সালে জাতীয় নমুনা সমীক্ষা (National Sample Survey)-তে ভারতবর্ষের যক্ষ্মারোগের ভয়াবহতা প্রকাশ পায়। এরপর ১৯৬২ সাল থেকে জাতীয় যক্ষ্মা কর্মসূচি (National Tuberculosis Programme) চালু করা হয়। এই কর্মসূচির ফল আশানুরূপ না হওয়ায় ভারত সরকার, বিশ্বস্বাস্থ্য সংস্থা ও Cida-র সহযোগিতায় ভারতের যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচির দুর্বলতাগুলি নির্ণয় করেন এবং সরাসরি নজরদারি চিকিৎসা পদ্ধতিতে (Directly Observed Treatment—Short Course)

সংশোধিত জাতীয় যক্ষ্মারোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (R.N.T.C.P.) চালু করা সুপারিশ করা হয়। এই কর্মসূচি ১৯৯৩ সালে পরীক্ষামূলক সমীক্ষা (Pilot Project) হলেও ১৯৯৮ সাল থেকে এই কর্মসূচি ব্যাপকহারে চালু করা হয়।

১৯৯২ সালের হিসাব অনুযায়ী ভারতবর্ষে গড়ে প্রতি লক্ষ জনসংখ্যায় প্রতিবছর আনুমানিক ২৩০ জন যক্ষ্মারোগের শিকার হয়। এর মধ্যে ১৮৭ জন নতুন ও ৪৩ জন পুরাতন রোগী। এই তথ্যের ভিত্তিতে বলা যেতে পারে যে, পশ্চিমবঙ্গে বছরে নতুন যক্ষ্মারোগীর আনুমানিক সংখ্যা ১,৪৯,৮০০ অর্থাৎ আনুমানিক দেড় লক্ষ।

ভারত সরকারের পরিসংখ্যান অনুযায়ী ভারতে বছরে যক্ষ্মারোগীদের আনুমানিক ২২ শতাংশ মারা যান। সেই হিসাব ভারত সরকার প্রকাশ করেছেন যে, ভারতবর্ষ প্রায় ৫ লক্ষ মতো লোক যক্ষ্মায় মারা যান। এই হিসাবের উপর ভিত্তি করে বলা যেতে পারে যে, পশ্চিমবঙ্গে ৫ লক্ষের ৮ শতাংশ অর্থাৎ ৪০ হাজারের মতো লোক যক্ষ্মায় মারা যেতে পারে। তবে আশার কথা যে সংশোধিত জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচির মাধ্যমে মৃত্যুর হার কমে ৪% হয়েছে।

ভারত সরকার টি.বি. রিসার্চ সেন্টার চেন্নাইয়ের এক সমীক্ষার ভিত্তিতে প্রকাশ করেন যে, ভারতে প্রায় ১ লক্ষ মহিলা যক্ষ্মার জন্য পারিবারিক অবস্থার শিকার হন। এর ভিত্তিতেই অনুমান করা হয় যে পশ্চিমবঙ্গে এই সংখ্যা ৭ হাজারের মতো হতে পারে।

এই সমস্যাগুলি মোকাবিলার জন্য Dots পদ্ধতিতে টি.বি.-র চিকিৎসার সুপারিশ করেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা। এর মূল দিকগুলো হল :

১। রাজনৈতিক ও প্রশাসনিক প্রয়াস

২। কফ পরীক্ষা করে রোগ নির্ণয়ের দিকে গুরুত্ব প্রদান যাতে কফে জীবাণুযুক্ত রোগীদের দ্রুত শনাক্তকরণ ও চিকিৎসার ব্যবস্থা করা যায়।

৩। উচ্চ গুণমানের ওষুধের জোগান

৪। সরাসরি নজরদারি চিকিৎসা ব্যবস্থা অর্থাৎ Dots

৫। প্রতিটি রোগীর মূল্যায়ন ও তত্ত্বাবধান।

এই কর্মসূচি দার্জিলিং বাদে পশ্চিমবঙ্গের সর্বত্র চালু হয়েছে। খুব শীঘ্রই দার্জিলিংকেও এই কর্মসূচির আওতায় আনা হবে।

এখন তিন সপ্তাহের বেশি কাশি নিয়ে রাজ্যের স্বাস্থ্যকেন্দ্রে গেলে সম্ভাব্য যক্ষ্মা রোগী হিসাবে প্রান্তিক স্তরেই বিনামূল্যে কফ পরীক্ষা করে রোগ নির্ণয় করা হয় ও রোগীর বাড়ির খুব কাছাকাছি সরাসরি নজরদারি চিকিৎসা কেন্দ্রে বিনামূল্যে ওষুধ খাওয়ানো হয়।

পশ্চিমবঙ্গে সম্ভাব্য রোগীদের মধ্যে ৪৭%-কে চিহ্নিত করে সরাসরি নজরদারি চিকিৎসায় আনা সম্ভব হয়েছে। ১৯৯৮ সালে ডট্ চিকিৎসাভুক্ত রোগীর সংখ্যা ছিল ২০০০-এর কম, ২০০২ সালে এই সংখ্যা বেড়ে দাঁড়ায় ৭০,০০০-এরও বেশি। আমাদের আশা ২০০৩ সালে এই সংখ্যা বেড়ে ১ লক্ষের উপরে হবে এবং আমাদের যে লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছে '৭০ শতাংশের বেশি রোগীকে এই চিকিৎসায় আনা'—সেটা পূরণে আমরা সক্ষম হব। পশ্চিমবঙ্গে ডট পরিষেবার মাধ্যমে যাদের চিকিৎসা হয়েছে তাদের ৮৪ শতাংশ আরোগ্য লাভ করেছে।

প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, ২০০০ এবং ২০০১ সালে ডট চিকিৎসায় আসা মোট ৮৬৫৬২ জনের মধ্যে মৃত্যুর হার কমে দাঁড়িয়েছে ৪২%।

আমাদের প্রত্যাশা ডট পরিষেবা প্রতিটি রোগীর কাছে পৌঁছে দিতে পারলে যক্ষ্মারোগজনিত মৃত্যু যা এখন আনুমানিক ৪০ হাজার ধরা হয়েছে তা ৮ হাজারেরও নীচে নেমে আসবে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রীর বিবৃতিতে যে চিত্র বার হয়ে এসেছে তা অত্যন্ত ভয়াবহ। প্রতি বছর দেড় লক্ষ মানুষ পশ্চিমবাংলায় যক্ষ্মা রোগে আক্রান্ত হয়, তার মধ্যে ৪০ হাজার মানুষ মারা যাচ্ছে। প্রায় ৭ হাজার মহিলাকে তার বাড়ি থেকে দূর দূর করে তাড়িয়ে দেওয়া হচ্ছে এবং ২০ হাজার স্কুলের ছাত্র-ছাত্রীদের স্কুলের পাঠ চুকিয়ে দিতে হচ্ছে, তাদের পড়াশোনা ছেড়ে দিতে হচ্ছে। কিন্তু ১৯৯৮ সাল থেকে ডি.ও.টি. (ডট) চিকিৎসা চালু হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় স্টেপটোমাইসিন বার হবার পর যক্ষ্মা এখন আর দূরারোগ্য ব্যাধি নয়। তা সত্ত্বেও মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, বিনা পয়সায় 'আইসোনেকস্' ও অন্যান্য ওষুধ দেওয়ার যে ব্যবস্থা আছে, সেই ওষুধগুলো এই চিকিৎসার জন্য যেসব স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে পাওয়া যায় না, বিনামূল্যে দেবে সরকার বলা সত্ত্বেও। বিভিন্ন হাসপাতালে গিয়ে দেখুন। এস. এস. কে. এম. হাসপাতালেও যক্ষ্মা চিকিৎসার কেন্দ্র আছে। সেখানে ওষুধ পেতে অসুবিধা হচ্ছে। মাননীয় মন্ত্রীর এই নতুন পরিসংখ্যান বের হওয়ার পরে নতুন কি উদ্যোগ নিচ্ছেন। (১) সামাজিকভাবে এই যক্ষ্মা সমস্যার কোনো মোকাবিলা করবেন কি ? (২) বিনামূল্যে ওষুধ যাতে আক্রান্ত রোগীর কাছে পৌঁছায়, সেই ব্যাপারে ব্যবস্থা নেবেন কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি বিবৃতিতে যেটা বললাম সেটা মাননীয় সদস্যকে আর একবার দেখতে বলছি। এই যে হিসাবটা দেওয়া হয়েছে, এটা ভারতবর্ষের জনসংখ্যার আনুপাতিক হিসাব করে করা হয়েছে। পশ্চিমবঙ্গের জন্য আলাদা করে করা হয়নি। পশ্চিমবঙ্গের জনসংখ্যা ভারতের জনসংখ্যার যদি ৮ শতাংশ মনে করা যায়, তাহলে ৪০ হাজারের মৃত্যু হতে পারে। ডট যখন থেকে চালু হয়েছে, তখন যক্ষ্মা থেকে ২২ শতাংশ মারা গেছেন। এখন সেটা ৪.২ শতাংশে নেমে এসেছে। এই মৃত্যুর রেট কাজেই এটা ৮ হাজারের কাছাকাছি নেমে এসেছে। এই মৃত্যুর রেট আরও কমাতে হবে। তার চাইতেও বড়ো কথা যে, দেড় লক্ষ রোগী যেটা আন্দাজ করা হচ্ছে—এদের সবাই সরকারি পরিষেবার সুযোগ নেন না। আর এন.টি.পি.সি. কর্মসূচিতে ঠিক হয়েছে যে, ৭০ শতাংশ আওতায় নিয়ে আসতে হবে।

আর ৬ থেকে ৮ মাস আগে এই ওষুধ আগাম মজুত করে রাখা হয়। রোগীর রোগ নির্ধারণের পরে যখন তাকে ওষুধ দেওয়া হয়, সেই ওষুধ তার বাড়ির কাছাকাছি যে সাব সেন্টার আছে সেখান থেকে ওষুধ দেওয়া হয়, বা ডট প্রোভাইডার কোনো এন.জি.ও. বা কোনো ক্লাব এদের মাধ্যমে এটা দেওয়া যেতে পারে। কাজেই ওষুধের অভাব নেই। অ্যান্টি টিউবারকুলারের। স্ট্রেপটোমাইসিন আজকাল সমস্যার জন্য ব্যবহৃত হয় না। এখন দামি ওষুধ ব্যবহৃত হয়। কাজেই ওষুধপত্র ৬-৮ মাস আগে একসঙ্গে পুরোটা আগে থেকে দিয়ে দেওয়া

হয়। তাই ওষুধ সাপ্লাই নেই বলে মাঝখানে ওষুধ বন্ধ হয়ে গেল এই ঘটনা ঘটার কোনো অবকাশ নেই। রোগীদের নির্দিষ্ট দিনে খাইয়ে দেওয়া হয়। কাজেই এটাই হচ্ছে ডট সিস্টেম। আর সারা দেশের যে চিত্র তার আনুমানিক আন্দাজে বলছি যে, এখন ২২ থেকে ৪ শতাংশে নেমে এসেছে। কিওর রেট এখন ৮৪ পারসেন্ট। এটা ৮ পারসেন্ট হওয়া উচিত। তবে ৮৪ পারসেন্ট যারা ভালো হচ্ছেন, তারা পরিবারে থেকেই চিকিৎসা হচ্ছে। তাদের কেউ তাড়িয়ে দিচ্ছে না।

শ্রী কাশীনাথ মিশ্র : ১৯৯৮ সালে ডট সিস্টেম চালু হয়েছে। দু-হাজার থেকে ৭০ হাজারের বেশি রোগীর সংখ্যা বেড়েছে। আগের সিস্টেমের পরিবর্তন ঘটিয়ে এখন আলাদাভাবে পরিচালনার ব্যবস্থা হয়েছে। এই কারণেই কি সংখ্যাটা বাড়ছে ?

[12.20—12.30 p.m.]

ডাঃ সূর্যকান্ত মিশ্র : সংখ্যাটা বাড়ছে মানে তো ভালো। দু-হাজার থেকে ৭০ হাজার হয়েছে আমরা চাইছি একলাখে নিয়ে যেতে। রোগী আছে চিকিৎসার আওতায় নিয়ে আসতে হবে। একলক্ষ ৪৯ হাজার রোগী সেখানে দু-হাজার চিকিৎসায় আসতেন, সেখানে ৭০ হাজারে নিয়ে আসতে পেরেছি। এটা আমরা এক লাখে নিয়ে যেতে চাইছি। বাড়া মানে তো ভালো। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বিশ্ব স্তরে শুধু এখানকার নয় তারা পর্যালোচনা করে দেখেছেন যে আগেরটা কার্যকরী হয়নি, ডিফল্টার হত। এক মাস, দু মাস, তিন মাস পরে আবার রোগী ফিরে আসত। যেটা বড়ো সমস্যা তা হল ড্রাগ রেজিসট্যেন্স টি.বি. অর্থাৎ ওষুধে কাজ না হওয়া। পুরনো ওষুধে আর কাজ হবে না। এখন যে ওষুধ তাতে যদি কাজ না হয় তাহলে আরও বড়ো বিপদ হবে। সেজন্য এখন ওই এলাকার কাছাকাছি যে সাব সেন্টার সেখানে বা যদি কোনো এন.জি.ও. বা ক্লাব ডট প্রোভাইডার ঠিক করে ওষুধ করে খাইয়ে দেওয়া। মেডিকেল কলেজ হাসপাতাল ভিত্তিক চিকিৎসার যেটা কেন্দ্রবিন্দু ছিল তা দিয়ে সমস্যার সমাধান করা যাচ্ছে না। আর.এন.টি.সি.পি. এবং ডট কোর্স যেটা বলা হচ্ছে এইগুলো চালু হবে।

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the 11th, 12th and 13th Reports of the Committee on Public Accounts (2002-2003)

Shri Saugata Roy : Sir, with your permission, I beg to present :

(i) The 11th Report of the Committee on Public Accounts (2002-2003) on Para No. 3.15 of the Report of the Comptroller and Auditor General of India for the year 1995-1996 (Civil No. 3) relating to the Backward Classes Welfare Department, Government of West Bengal ;

(ii) The 12th Report of the Committee on Public Accounts (2002-2003) on Para No. 3.15 of the Report of the

Comptroller and Auditor General of India for the year 1999-2000 (Civil No. 1) relating to the Home (Civil Defence) Department, Government of West Bengal ; and

(iii) The 13th Report of the Committee on Public Accounts (2002-2003) on Para No. 3.26 of the Report of the Comptroller and Auditor General of India for the year 1999-2000 (Civil No. 1) relating to the Transport Department, Government of West Bengal.

MOTIONS UNDER RULE 296

Shri Nisith Adhikary : Sir, I beg to move—

"Whereas, in terms of the motion adopted in the House on the 10th December, 2002, under rule 296(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the Select Committee on the West Bengal Lokayukta Bill, 2001 is scheduled to present its Report by the end of the current session of the Assembly ; and

Whereas, the Select Committee is also not in a position to present its Report during the current session ;

This House, therefore, resolves that the time-limit for presentation of the report of the Select Committee on the West Bengal Lokayukta Bill, 2001 be further extended till the end of the next session of the Assembly."

The motion was then put and carried.

Shri Ashok Bhattacharya : Sir, I beg to move—

"Whereas, in terms of the motion adopted in the House on the 10th December, 2002, under rule 296(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the Select Committee on the West Bengal Municipal Corporation Bill, 2002 is scheduled to present its Report by the end of the current session of the Assembly ; and

Whereas, the deliberation on the bill is still going on and the Select Committee is also not in a position to prepare and present its Report during the current session ;

This House, therefore, resolves that the time-limit for presentation of the report of the Select Committee on the West Bengal Municipal Corporation Bill, 2002 be further extended till the end of the next session of the Assembly."

The motion was then put and carried.

LAYING OF RULES

Amendment to the West Bengal Persons with Disabilities (Equal Opportunities, Protection of Right and Full Participation) Rules, 1999

Shri Prabodh Chandra Sinha: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the amendment to the West Bengal Persons with Disabilities (Equal Opportunities, Protection of Rights and Full Participation) Rules, 1999 published in the Kolkata Gazette Extraordinary of the 10th March, 2003 under Notification No. $\frac{627\text{-SW}}{3E-120/99}$; dated the 27th March, 2003.

MENTION CASES

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জামালপুর বিধানসভা কেন্দ্রের অধিকাংশ মানুষ কৃষির উপর নির্ভরশীল। কিন্তু সেখানে কোনো আর.এম.সি. নেই। ফলে চাষীরা তাদের উৎপাদিত সামগ্রী ষ্টেশনের উপর, রেল লাইনের ধারে বিক্রি করে। কিন্তু জি.আর.পি. তাদের উপর মাঝে মাঝেই হামলা করছে এবং হঠিয়ে দিচ্ছে। ফলে তাদেরকে সস্তায় জিনিসপত্র বিক্রি করে দিতে হচ্ছে। তাই অবিলম্বে জামালপুর বা সংলগ্ন অঞ্চলে যাতে একটা আর.এম.সি. খোলা হয় তার জন্য মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মাল : স্যার, আজকে প্রায় এক সপ্তাহ হতে চললো আমেরিকা ও তার জোট সঙ্গী বাহিনী ইরাকের বাগদাদ শহরে অজস্র বোমা বর্ষণ করছে ও মুহুর্মুহু ক্ষেপনাস্ত্র ফেলছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আজকে সারা বিশ্ববাসী আতঙ্কিত এবং কালকে আমরা দেখেছি ওখানে শিশুসহ হাজার হাজার মানুষ খাবারের জন্য রাস্তায় নেমেছে। মানুষের জন্য ওখানে চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। তাই আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে অনুরোধ করছি এবং আমরা দেখেছি এই রাজ্য সরকার অনেক ক্ষেত্রেই বাইরের দেশগুলো যখন বিপদগ্রস্ত হয় তখন সেখানে ত্রাণ সামগ্রী ও ওষুধপত্র পাঠিয়ে থাকে। আজকে আমরা দেখছি ইরাক আক্রমণের ফলে যারা আহত হয়েছেন তাদের চিকিৎসার কোনো ব্যবস্থা নেই

এবং শিশুরাও রাস্তায় নেমে এসেছে খাদ্য ও চিকিৎসার জন্য। কিন্তু সেই সুযোগ তারা পাচ্ছেন না। তাই রাজ্য সরকারের পক্ষ থেকে সেখানে খাদ্যসামগ্রী এবং ওষুধপত্র পাঠাবার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী নিত্যানন্দ বেরা : আমার বিধানসভা কেন্দ্রের অধীনে হলদিয়া স্টেট জেনারেল হাসপাতাল মহকুমা হাসপাতালে রূপান্তরিত হয়েছে। দীর্ঘদিন তাতে মর্গ নির্মাণ হয়েও পড়ে রয়েছে, চালু হয়নি। সমগ্র হলদিয়া মহকুমার অধিবাসীদের তমলুক মহকুমা হাসপাতাল, বর্তমানে পূর্ব মেদিনীপুর জেলা সদর হাসপাতালে পোস্ট-মর্টেমের জন্য যেতে হয়। তাই হলদিয়া বাসীদের দাবি, অবিলম্বে হলদিয়া মহকুমা হাসপাতালের মর্গটি চালু করা হোক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এই দাবিটি রাখছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আপনার এবং সঙ্গে সঙ্গে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বহুদিন এই হাউসের সদস্য। একটা মর্মান্তিক ঘটনার কথা আমি উল্লেখ করব। পুরুলিয়ার বান্দোয়ান ব্লকের ধাধকা গ্রামের বাসিন্দা এক দরিদ্র সংখ্যালঘু পরিবারের সমীরন বিবি মায়ের কাছে থাকত। অপ্রকৃতিস্থ ভাই ছাড়া তার আর কেউ নেই। সেই অসহায়তার সুযোগ নিয়ে বান্দোয়ান পঞ্চায়েত সমিতির সভাপতি ধনু রজক আগস্ট মাস থেকে প্রায় প্রতিদিন রাত্রে তাকে ধর্ষণ করত এবং ভয় দেখাত যে তোমরা যদি এই কথা প্রকাশ কর তাহলে তোমাদের খুন করা হবে।

[12.30—12.40 p.m.]

ওদের ওই অবস্থা দেখে রামগুঞ্জন সিং সর্দার নামে একজন বৃদ্ধ মানুষ তাদের বলে যে, 'তোমাদের কি হয়েছে'? তিনি সবকিছু শুনে তাদের নিয়ে থানায় যান, কিন্তু থানার ও.সি ডায়েরি নিতে চাননি। ২রা এবং ৩রা মার্চ তাদের থানায় আটকে রাখে এবং বলে যে, ২ লক্ষ টাকা নাও, সি.পি.এম.-এর পঞ্চায়েত সমিতির সভাপতি ধনু রজকের বিরুদ্ধে কোনো কেস নেওয়া হবে না, ২ লক্ষ টাকা নিয়ে কেস চেপে যাও'। কিন্তু তারা সেই অসম্মানজনক প্রস্তাব প্রত্যাহার করে এবং তারপর ১৭ই মার্চ থানা ঘেরাও হয়। ২১শে মার্চ এস.পি. বলেন যে, ২৪ ঘণ্টার মধ্যে ধনু রজককে গ্রেপ্তার করা হবে। কিন্তু সি.পি.এম.-এর পঞ্চায়েত সমিতির সভাপতি বলে ধর্ষণের দায়ে অপরাধী হওয়া সত্ত্বেও ধনু রজককে এখনও পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি। আজকে ২৭ তারিখ সেখানে থানা ঘেরাও হচ্ছে, মানুষ সেখানে এ ব্যাপারে বিক্ষোভ দেখাচ্ছে এবং আইন অমান্য করছে (এখানে মাইক অফ হয়ে যায়।)

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটা বিষয়ের উল্লেখ করছি। ইন্ডিয়ান রুরাল মেডিকেল প্র্যাকটিশনার্স অ্যাসোসিয়েশন—আমাদের সারা দেশে গ্রামে-গঞ্জে যারা চিকিৎসা পরিষেবার কাজে যুক্ত তারা আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটা স্মারকলিপি দিয়েছেন এবং মাদ্রাজ হাইকোর্টে ১৯৯৮ সালে তাঁরা একটা রায়ও পেয়েছেন। সেই

হাইকোর্টের রায়ে বলা হয়েছে যে, 'এই ধরনের রুরাল মেডিকেল প্র্যাকটিশনার্স অ্যাসোসিয়েশন, গোটা দেশে যাদের লক্ষ লক্ষ কর্মী আছেন, যেখানে চিকিৎসার সুযোগ পৌঁছায় না সেখানে এঁরা স্বাস্থ্য পরিষেবার কর্মী হিসেবে কাজ করেন—তাই তাঁদের রেজিস্ট্রেশন দেওয়া হোক, নথিভুক্ত করে স্বাস্থ্য পরিষেবা কর্মী হিসেবে স্বীকৃতি দেওয়া হোক।' আমাদের রাজ্যে ৫০ হাজারের উপর এই ধরনের স্বাস্থ্যকর্মী আছেন। তাঁদেরকে চিকিৎসা পরিষেবার কাজে যুক্ত করার জন্য একটা তালিকা করা হোক এবং তাদেরকে রেজিস্ট্রেশন করবার আবেদন জানাচ্ছি। আমাদের বিশেষ করে জলপাইগুড়ি জেলায় ৫ হাজারের উপর এই ধরনের অনথিভুক্ত স্বাস্থ্যকর্মী আছেন যাঁরা পঞ্চায়েত এলাকা, গ্রামে-গঞ্জে বিভিন্ন এলাকায় স্বাস্থ্য পরিষেবা দিয়েছেন। এঁদেরকে রেজিস্ট্রেশন দিলে 'সবার জন্য স্বাস্থ্য' এই কর্মসূচি সফল হবে।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, এই রাজ্য সরকারের অধীনে যাঁরা কাজ করছেন, যাঁরা রাজ্য সরকারি কর্মী নন অর্থাৎ যাঁরা সমবায় সমিতিতে কাজ করেন তাঁরা আজও বঞ্চিত হয়ে রয়েছেন, তাঁদের জন্য এখনও পর্যন্ত কোনো বেতন স্কেল ঠিক হয়নি। তাঁদের চাকরির কোনো নিরাপত্তা নেই। মূলত তাঁরা ৩০০ টাকার মতো বেতন পান। সভ্য সমাজে এবং বর্তমান যুগে ৩০০ টাকার মতো বেতন আপনারা কিভাবে দেন সেটা আমরা বুঝতে পারছি না। আমি মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমাদের এই সমস্ত বঞ্চিত সমবায় কর্মচারীদের বিষয়ে ভাবা হোক এবং তাঁদের চাকরির নিরাপত্তা এবং তাঁদের জন্য উপযুক্ত বেতন-ক্রম যাতে ঠিক করা হয় সেই বিষয়ে আমি দাবি করছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে ভরতপুর, সালারে এই ২টি ব্লক হাসপাতাল আছে। এই ব্লক হাসপাতাল দুটিতে দীর্ঘদিন ধরে কুকুরে কামড়ানো ইনজেকশানের খুব অভাব। প্রচুর পেসেন্টের নাম নথিভুক্ত করা আছে। ডাক্তারবাবুরা বলছেন যে, আমরা ইনডেন্ট দিয়েছি কিন্তু সাপ্লাই ঠিকমতো হচ্ছে না। তারা যাতে অবিলম্বে কুকুরে কামড়ানো ইনজেকশান পায় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন করছি যাতে এইসব ব্লক হাসপাতালগুলিতে এই কুকুরে কামড়ানো ইনজেকশানটা যাতে পায় বা সাপ্লাই থাকে।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং একই সঙ্গে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বজবজের নিউ সেন্ট্রাল জুট মিলটি ২০০০ সালের নভেম্বর মাসে বন্ধ হয়ে গেছে। এই জুট মিলটিতে রাজ্য সরকারের ৪২ শতাংশ শেয়ার আছে। বারে বারে শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রী এখানে প্রতিশ্রুতি দিয়েছেন, কখনও বজবজের বিধায়ক অশোক দেব এবং রাসবিহারীর বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায়ের দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের জবাবে বলেছেন নিউ সেন্ট্রাল

জুট মিল খোলা হবে। কিন্তু বন্ধ কারখানার শ্রমিকদের ফাউলই স্কীমে যে ৫ শত টাকা করে দেওয়া হয়, সেই টাকাটাও বন্ধ হয়ে গেছে। অনেক শ্রমিক অনাহারে, অর্ধাহারে থাকছে, অনেকে এর মধ্যে আত্মহত্যার পথ বেছে নিয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী এবং রাজ্য সরকারের কাছে আবেদন করতে চাই অবিলম্বে এই নিউ সেন্ট্রাল জুট মিল খোলার ব্যাপারে সরকার উদ্যোগ গ্রহণ করুক।

শ্রী ভক্তরাম পান : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের হুগলি জেলার জঙ্গীপাড়া থানার নিমপুর গ্রামে ৩০শে ডিসেম্বর জনযুদ্ধ এম.সি.সি. বি.জে.পি, তৃণমূল কংগ্রেস আশ্রীত খুনীরা আমাদের দলের সক্রিয় সদস্য লক্ষ্মী বাগকে রাতের অন্ধকারে ঘরের ভিতর ঢুকে খুন করে। এই খুনের ঘটনায় একটা সন্ত্রাসের আবহাওয়া সৃষ্টি হয়। পরবর্তীকালে কিছু খুনী গ্রেপ্তার হয়। তবে এখন এখানে নতুন করে এই এম.সি.সি. জনযুদ্ধ গোষ্ঠী এবং অন্যান্য প্রতিক্রিয়াশীল শক্তি নতুন করে এই জায়গায় সংগঠিত হয়ে শিয়াখালা, জঙ্গীপাড়া, চণ্ডীতলা হরিপালে একটা সন্ত্রাসের আবহাওয়া সৃষ্টি করছে গুপ্তহত্যা এবং সন্ত্রাসের মাধ্যমে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী-স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে—লক্ষ্মী বাগের খুনের সঙ্গে জড়িত খুনীদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং তাদের শাস্তি দিয়ে এলাকার মানুষদের শান্তি দেওয়া হোক এবং তাদের নিরাপত্তা রক্ষা করা হোক।

শ্রীমতী তপতী দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের পৌর বিষয়ক রাষ্ট্রমন্ত্রী অঞ্জু করের দৃষ্টি আকর্ষণ করে শিশু শিক্ষাকেন্দ্র সম্পর্কে কয়েকটি প্রশ্ন জানতে চাই। ১৩.৮.২০০১ ইলগাস ভবনে মাননীয় রাষ্ট্রমন্ত্রী অঞ্জু করের উপস্থিতিতে একটি সভা হয়েছিল। সেই সভায় পৌর অঞ্চলে শিশু শিক্ষাকেন্দ্র স্থাপনের কথা হয়েছিল এবং আরও আলোচনা হয়েছিল যে—প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্যপুস্তক সরকারের সাহায্যে পাবে। এছাড়া জামা-কাপড় এবং দুপুরের খাবারের ব্যবস্থা থাকবে। একজন নোডাল অফিসার থাকবে এই সমস্ত বিষয়গুলি দেখাশোনার জন্য। এই পরিপ্রেক্ষিতে নভেম্বর ২০০১-এ সরকারি অনুমোদনে হাবড়া পৌরসভায় ২০টি বিদ্যালয় স্থাপন করা হয়। তার মধ্যে ১৬টি এখন অত্যন্ত সুন্দরভাবে চলছে আর বাকি ৪টি কিছুটা পরিকাঠামোগত ত্রুটির ফলে সম্পূর্ণ ভালভাবে চালানো সম্ভব হচ্ছে না। এখানে ছাত্র-ছাত্রীদের জন্য ২ জন সহায়িকা আছেন। কিন্তু এই স্কুল পরিচালনা করতে গিয়ে অভিভাবকদের প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে। ২০০২-০৩ এই ১ বছর অতিক্রান্ত কিন্তু এখনও জানতে পারল না যে দ্বিতীয় শ্রেণীতে ছেলে-মেয়েরা উঠবে কিনা বা তারা পাঠ্যপুস্তক পাবে কিনা। এসব কিছুই জানা যাচ্ছে না। এখানে বলা হয়েছিল যে ডি.এল.বি. থেকে পাঠ্যপুস্তক সংক্রান্ত বিষয়টি দেখা হবে।

[12.40—12.50 p.m.]

মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টে, ডি.এল.বি.-তে, জেলা স্কুল পরিদর্শক বা ডি.আই.-কে সাতবার চিঠি দেওয়া সত্ত্বেও তাঁদের কাছ থেকে কোনো সদুত্তর পাইনি। শুধু তাই নয়, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে নোডাল অফিসারকে বা কোথায় তাঁর অফিস, আজ পর্যন্ত তার

কোনো হদিশ পাওয়া গেল না। শিশুদের নিয়ে এই ধরনের খেলা বরদাস্ত করা যায় না। আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চাইছি এই ধরনের স্কুলের ভবিষ্যত কি এবং এই শিশুদের অবস্থাই বা কি হবে ? ধন্যবাদ।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বাগদা বিধানসভা কেন্দ্র উত্তর ২৪-পরগনা, নদীয়া এবং বাংলাদেশ দিয়ে ঘেরা। দীর্ঘদিন ধরে এই এলাকা শিক্ষাক্ষেত্রে অবহেলিত। অনেক চেষ্টা-চরিত্র করে এই এলাকার মানুষের জন্য ১২/১৪টি হায়ার সেকেন্ডারি স্কুল তৈরি করা হয়েছে। কিন্তু বার বার বলা সত্ত্বেও ওখানে কোনো ডিগ্রি কলেজ করা যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী এবং সরকারের কাছে আবেদন করছি—অবিলম্বে বাগদা বিধানসভা কেন্দ্রে একটা ডিগ্রি কলেজ স্থাপন করা হোক। আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুর বিধানসভা কেন্দ্র মূলতঃ কৃষিপ্রধান এলাকা। এই বিধানসভা কেন্দ্রের মধ্যে ১০ কিলোমিটার দীর্ঘ জালনাবাজ খাল নামে একটি খাল অবস্থিত। দীর্ঘদিন ধরে এই এলাকায় এই খালের জল সেচের কাজে ব্যবহৃত হয়ে আসছে। চারটি অঞ্চলের কৃষকরা বোরো মরশুমে এই খালের জল সেচের কাজে ব্যবহার করে থাকে এবং সেচ ব্যবস্থার দ্বারা ধান চাষ করে থাকে। কিন্তু দুঃখের এবং পরিতাপের বিষয় দীর্ঘ ৩০ বছর খালটির কোনো রকম সংস্কার না হওয়ায় বর্তমানে চাষীরা সেচের জন্য ওখান থেকে উপযুক্ত পরিমাণ জল পাচ্ছে না। চারটি অঞ্চলের ৫০০ হেক্টর মতো জমির চাষীরা জল না পেয়ে মাথায় হাত দিয়ে বসেছে। এই সুদীর্ঘ খালের সংস্কার কার্য করার ক্ষেত্রে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত আর্থিক দিক দিয়ে অপারগ হওয়ার জন্যই আমি বিশেষভাবে বিষয়টির প্রতি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—শ্যামপুর বিধানসভা কেন্দ্রের চারটি অঞ্চলের কৃষির স্বার্থে কৃষকদের জীবন-জীবিকার স্বার্থে অবিলম্বে খালটির সংস্কার প্রয়োজন। খালটির সংস্কার হলে শ্যামপুরের মানুষরা সকলেই উপকৃত হবে। তাই আমি মাননীয় সেচ মন্ত্রীকে জালনাবাজ খালটির সংস্কারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

শ্রী কিরীটি বাগদি : স্যার, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত বাঁকুড়া ২ নং ব্লকের দুটি অঞ্চলে, কালপাথার এবং আনাথোলায় গত ১২ তারিখ যে ঝড় এবং শিলাবৃষ্টি হয় তাতে বাড়িঘর, ধান, গম প্রভৃতি ফসলের, আলু, কুমড়ো প্রভৃতি সবজি সাংঘাতিক ক্ষতিগ্রস্ত হয়েছে। শুধু তাই নয় গরু, ছাগল, হাস, মুরগী প্রভৃতি বহু পশু মারা গেছে এমনকি সে সময়ে মাঠে কাজ করতে গিয়েছিল শান্তিরাম মণ্ডল, ফকির মণ্ডল এবং গোপাল মণ্ডল। তারা শিলার আঘাতে আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়ে রয়েছে এবং মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। তাদের মাথার স্ক্যান করতে হয়েছে। এই অবস্থায় আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, অবিলম্বে এই এলাকায় ত্রাণ বিলি-বণ্টনের ব্যবস্থা করুন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে মাননীয় শিক্ষামন্ত্রী এখানে

উপস্থিত নেই। তিনি উপস্থিত থাকলে ভাল হত, তাঁকে সরাসরি বলতে পারতাম রাজ্যে শিক্ষার কি হাল হয়েছে। স্যার, বাঁকুড়া জেলার ৫৬ ব্যাটেলিয়ন এন.সি.সি.-র ৫৬/১২১/ ই.এস.টি./এ. নির্দেশ বলছে consequent to non-fulfilment of the State Government's obligation to post the required civilian staff to the Battalion, 56 Bengal Battalion will be put under the suspended animation with effect from 1st April, 2003, for a period of six months. এই যে শিক্ষাব্যবস্থা এটা আছে এবং বাঁকুড়া খৃষ্টান কলেজ, বাঁকুড়া সম্মিলনী কলেজ, সোনামুখী কলেজ, সালডিহা কলেজ, খাতরা কলেজ এবং স্কুলগুলি হচ্ছে—বাঁকুড়া খ্রিস্টান কলেজিয়েট স্কুল, বাঁকুড়া হিন্দু হাইস্কুল, নাড়া হাইস্কুল, রামহরিপুর আর. কে. মিশন হাইস্কুল, ছাতরা চণ্ডীদাস বিদ্যাপীঠ, শুশুনিয়া হাইস্কুল, ঝন্টিপাহাড়ী হাইস্কুল, তিলুরী কে. পি. হাইস্কুল, খাতরা হাইস্কুল, লক্ষ্মীসাগর হাইস্কুল, সিমলাপাল এম. এম. হাইস্কুল, রাজাগ্রাম ভি. এইচ. হাইস্কুল, মালিয়ারা হাইস্কুল প্রভৃতি এইসব স্কুলগুলি সব বন্ধ হয়ে যাচ্ছে। এটা একটা ভয়ঙ্কর অবস্থা, শিক্ষাক্ষেত্রে একটা অরাজকতা চলছে। ৫০ বছর স্বাধীনতা পূর্ণ হয়ে গেছে। স্বাধীনতার পর থেকে প্রতিটি স্কুল এবং কলেজগুলির ছাত্র-ছাত্রীদের এন.সি.সি. ট্রেনিং-এর মাধ্যমে ডিসিপ্লিন তৈরি করা এবং সেখানে "এ" সার্টিফিকেটের জন্য, "বি" সার্টিফিকেটের জন্য এবং "সি" সার্টিফিকেটের জন্য পরীক্ষা হয় এবং তারা পরে মিলিটারি এবং ডিফেন্সে সুযোগ পায়। কিন্তু এই যে অর্ডার এই অর্ডারের ফলে একটা ভয়ঙ্কর অবস্থায় এসে দাঁড়াচ্ছে। এর প্রতিকার করার জন্য আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখনই সিভিল স্টাফ অবিলম্বে দেবার ব্যবস্থা করুন।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে এখানে আলু চাষীর আত্মহত্যা নিয়ে নাটক হয়ে গেল। আমি খবর নিয়ে জানলাম সেই আলু চাষী আত্মহত্যা করেনি। তিনি একজন রেশন ডিলার এবং নিঃসন্তান। পারিবারিক কারণে হয়তো মারা যেতে পারেন। আমার বক্তব্য হচ্ছে, খবরের কাগজ দেখে সব সময়ে হইচই করা যায় না। এবার আমি অন্য প্রসঙ্গে আসছি, গত ২১ মার্চ, মেদিনীপুর শহরের পাশ দিয়ে কাঁসাই নদী যেটা বয়ে গেছে সেই নদীতে স্নান করতে গিয়ে একটি যুবক মারা যায়। আমি এই বিষয়ে সেচ দপ্তরকে বার-বার বলেছিলাম যে, ওখানে যদি স্নানের ঘাট না করেন তাহলে প্রতি বছর ৩-৪টি শিশু এবং কিশোর যে মারা যায় তা মারা যেতে থাকবেই। সুতরাং অবিলম্বে সেখানে স্নানের ঘাট করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কাছে দাবি জানাচ্ছি এবং এখানে আলু চাষির ঘটনা নিয়ে যা হইচই করা হল তা সর্বৈব মিথ্যা।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাইছি। দুঃখের সঙ্গে বলছি, উনি থাকা সত্ত্বেও ওনাকে সামনা-সামনি পেলাম না। আজকে বিজ্ঞানের আশীর্বাদের ফলে অনেক অসুবিধা দূরীভূত হয়েছে। যখন মানুষ মারা যায় তখন তার প্রিয়জনেদের সত্যিকারের দৃশ্য-দূষণ ভোগ করতে হয়। এই দৃশ্য-দূষণ দূর করার জন্য বৈদ্যুতিক চুল্লী একান্ত প্রয়োজন। বিভিন্ন জায়গায় বৈদ্যুতিক চুল্লী থাকা সত্ত্বেও আমার বিশাল বিধানসভা এলাকা নোয়াপাড়ায় একটাও বৈদ্যুতিক চুল্লী নেই। বহুবার আবেদন-নিবেদন করা সত্ত্বেও পৌরপ্রধান অকৃতকার্য হয়েছেন। তাই অবিলম্বে ওই এলাকায়

একটি বৈদ্যুতিক চুল্লীর যদি ব্যবস্থা করে দেন তাহলে অত্যন্ত ভাল হবে এবং এলাকার মানুষের দীর্ঘদিনের চাহিদা পূরণ হবে, তার সঙ্গে সঙ্গে দৃশ্য-দূষণের হাত থেকে মানুষ রেহাই পাবেন। তাই আমার আবেদন, অনতিবিলম্বে বৈদ্যুতিক চুল্লী স্থাপনের ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

শ্রী ভূতনাথ সোরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনগ্রসর শ্রেণি ও কল্যাণ মন্ত্রী এবং শিক্ষামন্ত্রীগণের দৃষ্টি আকর্ষণ করছি। সাঁওতালিদের জন্য অলচিকির মাধ্যমে সরকার প্রাথমিক থেকে উচ্চস্তরের শিক্ষা পর্যন্ত পঠন-পাঠনের পরিকল্পনা নিলেও লক্ষ করা যাচ্ছে, এখনো চালু করতে পারেনি। এর ফলে ওই অংশের মানুষের মধ্যে একটা অসন্তোষ দেখা দিয়েছে। তাই আমার অনুরোধ, যাতে অবিলম্বে প্রাথমিক থেকে উচ্চস্তরের শিক্ষা পর্যন্ত অলচিকির মাধ্যমে পঠন-পাঠন শুরু হয় তার ব্যবস্থা করুন।

[12.50—1.00 p.m.]

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি কাঁটাপুকুর মর্গ, মেডিকেল ও নীলরতনের মর্গ এবং এ ছাড়া অন্যান্য যেসব জায়গায় মর্গ আছে সেখানকার পরিবেশ অত্যন্ত খারাপ। কাঁটাপুকুরে যান দেখবেন সেখানে বসার জায়গা নেই, পানীয় জলের ব্যবস্থা নেই এবং আশেপাশে কোনো টেলিফোন করার ব্যবস্থা নেই, যাতে টেলিফোনে মানুষ বাড়ির লোকের সঙ্গে যোগাযোগ করতে পারে। আমি অনুরোধ করব, অবিলম্বে কাঁটাপুকুর, মেডিকেল, নীলরতন মর্গে বসার ব্যবস্থা ও পানীয় জলের ব্যবস্থা করা হোক। গতকাল আমি কাঁটাপুকুরে গিয়েছিলাম, দেখলাম ২২/২৩টা ডেডবডি সেখানে রয়েছে, মৃতের অনেক পরিজনরা সেখানে ঘুরছেন কিন্তু সেখানে কোনো বসার ব্যবস্থা নেই, পানীয় জলের ব্যবস্থা নেই এমনকি একটা ভালো চায়ের দোকান পর্যন্ত নেই। পেছনদিকে একটা চায়ের দোকান আছে কিন্তু তার পরিবেশ অত্যন্ত নোংরা। সেখানে গোটা অঞ্চলটা জুড়েই পরিবেশ অত্যন্ত নোংরা। মন্ত্রীমহাশয়ের অবিলম্বে এটা দেখে উপযুক্ত ব্যবস্থা নেওয়া দরকার। তা ছাড়া মন্ত্রীমহাশয়ের মাঝে মাঝে জায়গাটি পরিদর্শন করারও প্রয়োজন আছে। সেখানে একজন ডাক্তার আছেন তিনি বলছেন ৭ মাস মাহিনা পাচ্ছেন না। এর ফলে তিনি সময়মতো আসছেন না। ৮টার সময় আসার কথা তিনি আসছেন বিকেল তিনটার সময়। বলতে গেলে বলছেন মাহিনা পাচ্ছি না ; কেন আসব ? ইচ্ছা হলে থাকুন, না হলে চলে যান। সেখানে পরিবেশ যাতে উন্নত হয়, সুষ্ঠু হয় এবং অসুবিধাগুলি যাতে দূর হয় তার জন্য ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে ক্ষুদ্র চাষীদের জন্য বিমার প্রিমিয়াম যা ছিল খরিফ মরশুমে তা বাড়ানো হয়েছে। তা ছাড়া আগে সরকার প্রিমিয়ামের ৫০ শতাংশ দিত এখন সেটা কমিয়ে ২০ শতাংশ করা হয়েছে। সেখানে সীমারেখার ক্ষেত্রে আছে যে ব্লকের ৫০ পারসেন্ট শস্য যদি ক্ষতিগ্রস্ত হয় তবেই কৃষকরা ক্ষতিপূরণ পাবেন, নতুবা পাবেন না। আমার অনুরোধ, প্রিমিয়াম কমানো হোক, প্রিমিয়ামের ক্ষেত্রে সরকারের দেয় হার আগে যেটা ছিল সেটাই বজায় থাক এবং ইউনিট হিসাবে ব্লককে না ধরে মৌজাকে ধরা হোক। যদি মৌজা করা না হয় তাহলে গোটা একটা মৌজার ফসল নষ্ট হয়ে গেলেও বিমার সুফল পাওয়া যাবে না। এ ব্যাপারে মাননীয় সমবায়মন্ত্রী ও মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে যারা বিদেশি টি.ভি.-র চ্যানেল দেখেন তারা দেখেছেন—সি.এন.এন., বি.বি.সি.—দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে একটা মারাত্মক নিউমোনিয়ার ভাইরাস ছড়িয়ে পড়ছে। চায়না, ভিয়েতনাম, সিংগাপুর, হংকং, থাইল্যান্ড এই সমস্ত জায়গায় এই নিউমোনিয়ার ভাইরাসে বহু লোক মারাও যাচ্ছেন। প্রথমে একটু খুসখুসে কাশি, জ্বর, শ্বাসকষ্ট তারপর হঠাৎ করে রোগী মারা যাচ্ছে। সারা পৃথিবীতে এইসব দেশ থেকে যারা আসছেন তাদের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। স্যার, আপনি জানেন কোলকাতায় ব্যাঙ্কক থেকে ডাইরেক্ট ফ্লাইট আছে। গতকাল থাই এয়ারওয়েজের ফ্লাইট এখানে নেমেছে। তা ছাড়া তাইওয়াং, সিঙ্গাপুর, হংকং, থাইল্যান্ড এই ৪টি জায়গা থেকে অনেক প্যাসেঞ্জার এখানে আসছেন। রাজ্য সরকার এখনো পর্যন্ত এদের তালিকা রাখার চেষ্টা করেননি। আন্তর্জাতিক সিভিল অ্যাভিয়েশান অর্গানাইজেশান, তারা বলছেন, এইসব দেশ থেকে যাঁরা আসছেন তাদের ডিটেল রেখে দিতে যাতে এই নিউমোনিয়ার ব্যাপারে খবর রাখা যায়। কিন্তু স্যার, রাজ্য সরকার এখন কেন্দ্রের কাছে নির্দেশিকা চেয়ে পাঠিয়েছেন। আমার আশঙ্কা, এই যাত্রীদের মাধ্যমে বিপদজনক এই নিউমোনিয়ার ভাইরাস আমাদের দেশে সংক্রামিত হতে পারে। তাই আমি আপনার মাধ্যমে দাবি করছি অবিলম্বে যাতে দক্ষিণ-পূর্ব এশিয়ার এই নিউমোনিয়া ভাইরাসের ব্যাপারে সরকার যথেষ্ট প্রোটেকটিভ ব্যবস্থা নেন। এয়ারপোর্টে যে সমস্ত লোক এই দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে আসছেন তাঁদের প্রত্যেকের তালিকা তৈরি করে তাদের বাড়িতে বাড়িতে গিয়ে দেখা হোক তারা ভাইরাস ক্যারি করছে কিনা। আমি শুনলাম ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশান এই ব্যাপারে একটা ক্যামপেন শুরু করেছে। কিন্তু ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশান সরকারের নয়, তারা একটা বেসরকারি প্রতিষ্ঠান। এই কাজটা সরকারের করা দরকার। এই ব্যাপারে টি.ভি. রেডিও এবং সংবাদপত্রে রাজ্য সরকারের কি নির্দেশ সেই নির্দেশাবলি প্রচার করা হোক। এই লোক যাতে আমাদের দেশে না আসে তার ব্যবস্থা নেওয়া দরকার আছে বলে আমি দাবি জানাচ্ছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মেনশান অন্য একটা বিষয় নিয়ে করবো বলেছিলাম, স্পীকার বললেন এই বিষয়ে করা উচিত নয়, তাই আমি করছি না। স্যার, আপনি জানেন হুগলির ডানলপ রাবার ইন্ডাস্ট্রির এই ফ্যাকট্রিটা বহুদিন ধরে বন্ধ। এখানকার কয়েক হাজার শ্রমিক অনাহারে দিন কাটাচ্ছে, কয়েকজন আত্মহত্যা করেছে। আমাদের এই রাজ্য বিধানসভায় এটা নিয়ে বহুবার আলোচনা হয়েছে। আমাদের এই হাউস আর দু-দিন বাদে বন্ধ হয়ে যাবে। যেহেতু দফাওয়ারি ডিসকাশান এখন আমরা করবো না, জুন মাসে যখন হাউস বসবে তখন আমরা আলোচনা করবো। স্বাভাবিক কারণে বলছি এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়, ডানলপ ফ্যাকটরি বন্ধ, কয়েক হাজার শ্রমিক অসহায় অবস্থায় রয়েছে, তাই আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে অনুরোধ করবো এই ব্যাপারে ব্যবস্থা নিন। কয়েক বছর ধরে শ্রমিকদের শুধু স্তোকবাক্য দেওয়া হয়েছে, শ্রমিকরা শুধু আশার বাণী শুনেছে, কাজের কাজ কিছু হয়নি। শ্রমিকরা যে অবস্থায় ছিল সেই অবস্থায় রয়েছে। অবিলম্বে এই কারখানা খোলার ব্যাপারে রাজ্য সরকার আরো সক্রিয় ব্যবস্থা গ্রহণ করুক এবং যে সমস্ত শ্রমিকরা ফাউলার স্কিমে ভাতা পাচ্ছে না তাদের সেই ভাতা দেওয়া হোক। এই আবেদন আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১১.২.২০০৩ তারিখে প্রচণ্ড শিলাবৃষ্টি এবং ঝড়ে আমার বিধানসভা কেন্দ্রে মানিকচকে সমস্ত ফসল নষ্ট হয়ে গেছে এবং আমের কলম নষ্ট হয়ে গেছে। আমি নিজে গিয়ে দেখে এসেছি লোকের ঘর-বাড়ি সব নষ্ট হয়ে গিয়েছে, আমগাছ সব নষ্ট হয়ে গিয়েছে। আমগাছগুলো দেখলে মনে হবে কেউ যেন পুড়িয়ে দিয়েছে। ক্ষেতের মুসুরডাল, ছোলা, গম, ধান সব নষ্ট হয়ে গিয়েছে। সমস্ত টালির ঘর ভেঙে গিয়েছে টিনের ঘর উড়িয়ে নিয়ে চলে গেছে, মানুষের উপর বড়ো বড়ো শিলা পড়ে আঘাতপ্রাপ্ত হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী, কৃষিমন্ত্রী, ত্রাণমন্ত্রী, ডি.এম.বি.ডি.ও.-কে জানিয়েছিলাম দ্রুত ত্রাণ এবং সাহায্য দেবার জন্য। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোনো ত্রাণ বা সাহায্য যায়নি। আমি আপনার মাধ্যমে অবিলম্বে ওদের ত্রাণ এবং সাহায্য দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, গত কয়েকদিন আগে এই রাজ্যের অর্থমন্ত্রী বিধানসভায় ভাষণ দিয়েছিলেন তখন তিনি বলেছিলেন, এই রাজ্য ভারতবর্ষের মধ্যে আলু চাষে দ্বিতীয়। আলু উৎপাদন বেড়েছে। নিশ্চয়ই আলু উৎপাদন বেড়েছে। গত কয়েক বছর ধরে বারে বারেই একটা সমস্যা এসে যাচ্ছে সেটা হচ্ছে আলুর উৎপাদন বেড়েছে কিন্তু তা সংরক্ষণের কোনো বন্দোবস্ত আজও হয়নি। আনুপাতিক যে হারে আলুর উৎপাদন বাড়ছে সেই হারে হিমঘর নেই। একবার বীরেনবাবু বলেছিলেন শ্রীলংকায় আলু রাখবেন তামিলনাড়ুতে আলু রাখবেন। গতকাল এই বিধানসভায় গুরুপদবাবু এবং পূর্ণেন্দুবাবু বলেছিলেন সেই সঙ্গে সি.পি.এম.-এর একজন সদস্য এখানে দাঁড়িয়ে তীব্র ভাষায় প্রতিবাদ করে অবিলম্বে এই ব্যাপারে সরকারের হস্তক্ষেপ দাবি করেছিলেন।

[1.00—1.10 p.m.]

আজকে আমরা দেখতে পাচ্ছি একজন আলুচাষী আত্মহত্যা করেছেন। করতেই পারেন, কারণ তিনি তাঁর সমস্ত কিছু বন্ধক দিয়ে, গয়না বন্ধক দিয়ে আলু চাষ করেছেন। আলুর উৎপাদন খরচ যেখানে বেড়েছে, কুইন্ট্যাল প্রতি ১০০ টাকা পড়ছে, সেখানে এক কুইন্ট্যাল আলু বেচে পাওয়া যাচ্ছে ৮০ টাকা। এই অবস্থায় যদি কেউ আত্মহত্যা করে তাকে ছোটো করে দেখার, আন্ডারমাইন করার কি আছে সেটা আমি জানি না। সরকারের অবিলম্বে ব্যবস্থা নেওয়া উচিত। আলু এখন পচতে আরম্ভ করেছে। আলু রাখার জন্য হিমঘর নেই। আলু যদি পচে যায় তাহলে যিনি আলু চাষ করেছেন তাঁর তো সর্বনাশ হয়ে যাবে। আলু বেচে চাষী যদি কিছু পয়সা পায় তাহলে সেটা তো পচে যাওয়ার চাইতে ভাল। আমি আশা করবো সরকার যথাযথ ব্যবস্থা নেবেন। আমাদের রাজ্যে যদি না থাকে তাহলে পাশের রাজ্যে যদি কোনো হিমঘর থাকে, সেখানে রাখার ব্যবস্থা করবেন। এটা রাজনৈতিক কোনো বিষয় নয়, এটা একটা মানবিক ব্যাপার। আলু চাষীদের এই বিপদ থেকে বাঁচানোর জন্য রাজ্য সরকার অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী নন্দদুলাল মাঝি : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার নির্বাচনী এলাকায় রসুলপুর থেকে খণ্ডকোষের বাঁকুড়া মোড় পর্যন্ত পি.ডবলু.ডি.র যে রাস্তা আছে, সেটি একটি গুরুত্বপূর্ণ রাস্তা। বর্ধমান-বাঁকুড়া, বর্ধমান-বিষ্ণুপুর, বর্ধমান-পুরুলিয়া এবং বর্ধমান-সোনামুখী—ওখানে

অসংখ্য সরকারি ও বেসরকারি বাস চলে এবং অন্যান্য যানবাহন চলে। অসংখ্য লোক ওই রাস্তা দিয়ে চলাচল করে। রাস্তাটি নষ্ট হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে রাস্তাটিকে সারানোর ব্যবস্থা করুন।

শ্রী তন্ময় মণ্ডল : স্যার, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচন কেন্দ্র রাজারহাট অঞ্চলের সব জায়গায় এখনও যে বিদ্যুৎ পৌঁছায়নি, সেই ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৮ সালে পঞ্চায়েত নির্বাচনের আগে বেশ কিছু ট্রাক ভর্তি করে পোল এলাকায় এলাকায় নামানো হয়েছিল। মানুষ তখন ভেবেছিল এবার তারা বিদ্যুৎ পাবে। মাঝখানে পার্লামেন্ট নির্বাচন ও বিধানসভা নির্বাচন হয়ে গেল। অ্যাসেম্বলি নির্বাচনের সময়ে দেখা গেল কিছু পোল পুঁতে তার টানা হল। আবার পঞ্চায়েত নির্বাচন আসছে। এখন দেখা যাচ্ছে, পাড়ায় পাড়ায় পরিচিত কিছু রাজনৈতিক কর্মীরা হাতে ফিতে নিয়ে মাপজোক শুরু করেছে। গ্রামের মানুষের এখন সন্দেহ দেখা দিয়েছে, পাঁচ বছর চলে গেল এখনও গ্রামে বিদ্যুৎ পৌঁছায়নি, এখন কিছু পরিচিত লোক যেভাবে মাপজোক শুরু করেছে তাতে তারা বিদ্যুৎ পাবে কিনা। পাথরঘাটা চাঁদপুর অঞ্চলে, ঘুনী অঞ্চলে এবং আমাদের গৌরাঙ্গনগর অঞ্চলে এবং বহু গ্রামে—যাত্রাগাছি, গৌরাঙ্গনগর, কালিকাপুর, বিষ্ণুপর, গাড়াগাড়ি এইসব জায়গায় এখনও বিদ্যুৎ পৌঁছায়নি। আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এই ভাবে রাজনৈতিক চিন্তা-ভাবনা না নিয়ে মানুষ যাতে সত্যি সত্যিই বিদ্যুৎ পরিষেবা পায় তার জন্য চূড়ান্ত ব্যবস্থা নিন। যে সমস্ত গ্রামে বিদ্যুৎ এখনও পর্যন্ত পৌঁছায়নি সেখানে অবিলম্বে বিদ্যুৎ পৌঁছে দেবার ব্যবস্থা করুন। ধন্যবাদ।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে একটি দাবি উত্থাপন করতে চাইছি। আমাদের পশ্চিমবঙ্গ কৃষি ব্যবস্থার ক্ষেত্রে, ফসল উৎপাদন করার ক্ষেত্রে এবং ধান উৎপাদন করার ক্ষেত্রে কয়েক বছর ধরে প্রথম স্থান বজায় রাখতে সক্ষম হয়েছে। কৃষিতে আরো এগিয়ে যেতে গেলে আমাদের রাজ্যে কৃষি কলেজ কিছু স্থাপন করার দরকার। বিশেষভাবে মেদিনীপুর জেলার ক্ষেত্রে বলতে চাইছি যে, কৃষিপ্রধান জেলা মেদিনীপুর, ওখানে কোটি মানুষের বসবাস। ফলে ওখানে কৃষি জ্ঞান বাড়ানোর বিশেষ দরকার কারণ বিকল্প ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কৃষি পদ্ধতিতে। সেখানে মাটি পরীক্ষা থেকে বীজ শোধন, সার প্রণয়ন, জৈব সার প্রণয়ন, এইসব পদ্ধতি আয়ত্তে আনতে গেলে মেদিনীপুর জেলায় পৃথক কৃষি কলেজ গড়ে তোলা দরকার। সেই কারণে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে মেদিনীপুরে কৃষি কলেজ স্থাপন করা হয়।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনে ১৯টি ব্লকে অধিকাংশ হাসপাতালে এবং স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার এবং স্টাফ নেই। তার ফলে চিকিৎসা তো পাওয়া যায় না, তার উপরে কোয়ার্টারগুলোও সি.পি.এম.-এর কমরেডরা দখল করে রেখেছে। ক্যানিং গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে ৪টি কোয়ার্টার সি.পি.এম.-এর দখলে, ঘুটিয়ারিশরিফ পি.এইচ.সি.-র ৩টে কোয়ার্টার এবং মটরদীঘি পি.এইচ.সি.-র ২টো কোয়ার্টার সি.পি.-এম.-এর দখলে এবং শিমূলতলা পি.এইচ.সি.-তে কাঁঠালবেড়িয়া গ্রাম

পঞ্চায়েতের প্রধান সাকিলা বিবি তার ফ্যামিলি নিয়ে ওখানে কোয়ার্টার দখল করে বসবাস করছে দীর্ঘ এক বছর ধরে। বারেবারে সি.এম.ও.এইচ-কে জানানো সত্ত্বেও কিছু ব্যবস্থা অবলম্বন করা হয়নি। ফলে ওই সমস্ত কোয়ার্টারে পার্টির কমরেডরা দখল করে বসে আছে। স্বাস্থ্য দপ্তর এই ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ না করায় আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং যাতে ওই কোয়ার্টারগুলো ভ্যাকেট করা হয় তার ব্যবস্থা নিন। বাসন্তীর এম.এল.এ. সুভাষবাবু বসে আছেন, তাঁরই এলাকায় এইসব ঘটছে, তাঁকে জিজ্ঞাসা করলেই জানতে পারবেন। ওই সাকিলা বিবি যে কোয়ার্টার ১ বছর যাবৎ দখল করে আছে, বসবাস করছে তার ফলে চিকিৎসকদের থাকার জায়গা নেই। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নিন এই দাবি আমি রাখছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১৪টি, ক্রীড়া সম্পর্কিত কোনো বিশ্ববিদ্যালয় নেই। তাই আমার দাবি এই রাজ্যে স্পোর্টস্ ইউনিভার্সিটি স্থাপন করা হোক। যেখানে ক্রীড়া জগতে এতো সর্বাঙ্গীণ উন্নতি সাধিত হচ্ছে, সেখানে কেন্দ্রীয় সরকার ক্রীড়ার ব্যাপারে কোনো নীতি নেই। রাজ্য সরকার যথাযথ গুরুত্ব দিয়ে ক্রীড়াকে দেখছে। সেই কারণে আমার দাবি যে, ক্রীড়া বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে আরো বেশি করে উৎসাহিত করা এবং শরীর শিক্ষার বিষয়ে যে মহাবিদ্যালয় আছে, তাকে ওই ক্রীড়া বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অন্তর্ভুক্ত করা হোক।

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আজকে সভায় উল্লেখ করছি। কলকাতা ৬ নম্বর ওয়ার্ডে স্ট্যান্ড ব্যাঙ্ক রোড আন্ডার এন.বি.পি.এস. পুলিশ স্টেশন, এখানে জ্যোতিনগর কলোনি বলে একটা কলোনি কয়েক বছর ধরে প্রতিষ্ঠিত হয়েছে। এই জ্যোতিনগর কলোনিতে যাঁরা বসবাস করেন তাঁদের মধ্যে বেশিরভাগই বাংলাদেশ থেকে যখন তখন এসে এখানে বসবাস করছেন। এন.বি.পি.এস. থানা এর আগেও এখান থেকে কয়েকজনকে গ্রেপ্তার করে কোর্টের মাধ্যমে তাদেরকে বাংলাদেশে পাঠিয়েছে। স্যার, এই অঞ্চলে ওরা বসবাস করার ফলে এখানে একটা পূতিগন্ধময় বিষাক্ত পরিবেশ তৈরি হয়েছে। শুধু তাই নয় স্যার, এই এলাকায় যখন তখন চুরি ডাকাতি সংগঠিত হচ্ছে। বারে বারে এই ঘটনা ঘটছে। এমনকি পোর্ট ট্রাষ্টের পক্ষ থেকে ডেপুটি ল্যান্ড ম্যানেজার ডেপুটি কমিশনার অফ পুলিশ, (পোর্ট ডিভিশন), তাঁর কাছে অনুরোধ জানিয়েছিলেন ফর রিমুভাল অফ আনঅথোরাইজড এনক্রোচমেন্ট ফ্রম ক্যালকাটা পোর্ট ট্রাষ্ট ল্যান্ড অন স্ট্যান্ড ব্যাঙ্ক রোড নিয়ার সর্বমঙ্গলাঘাট। এটাকে হটিয়ে দেবার জন্য তিনি পুলিশের কাছে সাহায্য চেয়েছিলেন। কলকাতা পোর্ট ট্রাষ্ট রিমুভ্যালের জন্য লেবার, ইকুইপমেন্ট এবং অর্থ ইত্যাদি যা যা দরকার তা ব্যয় করবে। কিন্তু পুলিশ কর্তৃপক্ষ কোনো সহযোগিতা করছে না Removal of unauthorised encroachment from Stand Bank Road near Sarbamangalaghat under North Port Police Station. সর্বমঙ্গলাঘাট একটা ফেরিঘাট-লগনদেওবাবু জানেন, ওখান দিয়ে আগে লঞ্চ যাতায়াত করতো। কিন্তু এই এনক্রোচমেন্টের জন্য ওই ফেরিঘাট বন্ধ হয়ে আছে। পোর্ট ট্রাষ্টের ডেপুটি কমিশনার অফ পুলিশ

ওখান থেকে আন-অথোরাইজড এনক্রোচমেন্ট সরাবার জন্য যে পুলিশি সাহায্য চেয়েছেন সেই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1.10—1.20 p.m.]

শ্রী মুজিবর রহমান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ৫৬ নম্বর ভগবানগোলা বিধানসভা কেন্দ্রে ভাঙনের ফলে মানুষ আজকে দিশেহারা। ওই চড় এলাকায় দশ, বারো হাজার লোক বসবাস করে এবং বিভিন্ন সময়ে তারা বি.এস.এফ.-এর দ্বারা অত্যাচারিত হচ্ছে। এই ব্যাপারে গত ১৫ তারিখে রাজ্য স্তরের অফিসাররা, জেলা স্তরের অফিসাররা, সাংসদ, এম.এল.এ., মহকুমা শাসক, পুলিশ সুপার সবাইকে নিয়ে আলোচনা হয়, কিন্তু আলোচনা ফলপ্রসূ হয়নি। ওই চর এলাকার মানুষ ঘরবাড়ি নির্মাণ করার জন্য টিন, বাঁশ যখন নিয়ে যায় তখন বি.এস.এফ. বিভিন্নভাবে তাদের উপরে অত্যাচার করে, মারধোর করে এবং জিনিসপত্র পদ্মানদীর জলে ফেলে দেয়। সেই অসহায় মানুষগুলো আমাদের কাছে এসে অভিযোগ জানায়, বি.ডি.ও.-র কাছে গিয়ে অভিযোগ জানায়। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকেও একটি স্মারকলিপি দিয়েছি। ওই এলাকার একটি সম্প্রদায়ের মানুষ আজকে ভীত-সন্ত্রস্ত, আগামী দিনে কি হবে জানি না। মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনা করে ওখানে যাতে সুষ্ঠ পরিবেশ গড়ে ওঠে এবং এলাকার মানুষ যাতে শান্তিতে বসবাস করতে পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী তপন হোড় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইরাকের উপরে মার্কিন আক্রমণের বিরুদ্ধে আজকে পশ্চিমবাংলার প্রত্যেকটি জেলায় ডেমনেস্ট্রেশান হচ্ছে। আমরা বিধানসভায় সর্বসম্মত প্রস্তাব নিয়ে মার্কিন তথ্যকেন্দ্রে গিয়ে ডেমনেস্ট্রেশান দিয়েছি এবং তৃণমূলের বিধায়করাও আমাদের সঙ্গে ছিলেন। আমাদেরও এটা ভালো লেগেছিল, আমরা সবাই মিলে এর প্রতিবাদ করাতে। কিন্তু বামফ্রন্টের সঙ্গে একসঙ্গে তৃণমূল ডেমনেস্ট্রেশানে যাওয়ার জন্য তৃণমূল নেত্রীর ক্ষোভ হয়েছে। স্যার, আজকে অবস্থাটা এমন একটা জায়গায় পৌঁছেছে, যে আমাদের সকলকে একসঙ্গে বিষয়টি ভাবতে হবে। (মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় মাননীয় সদস্য তপন হোড়কে উদ্দেশ্য করে কিছু বলেন।) শোভনদেববাবু আপনি আমাকে সকাল থেকে বিরক্ত করছেন [* * *]। আমাদের সকলকে এই অন্যায় আগ্রাসনের বিরোধিতা করতে হবে।

(গোলমাল)

মি. ডেপুটি স্পীকার : মি. তপন হোড়, আপনি আপনার বক্তব্য রাখবেন ঠিক আছে, কিন্তু একজন মাননীয় সদস্যকে ওইভাবে 'চড় মারব' বলাটা ঠিক নয়। (গোলমাল...) 'চড় মারব' কথাটা এক্সপাঞ্জ হবে।

শ্রী গুরুপদ দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্যের অন্যান্য শিল্পের মতো পরিবহন শিল্পও সঙ্কটের মধ্যে

* Expunged as ordered by the chair.

পড়েছে। আমাদের রাজ্যে দূরপাল্লার বাসের ক্ষেত্রে ঢালাওভাবে রুট পারমিট দেওয়ার জন্য সরকারি বাসগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে, লোকসানে চলছে। আমার এলাকায় হাওড়া-গড়বেতা সরকারি বাস, দক্ষিণবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাস, তার আপ ট্রিপ এবং ডাউন ট্রিপের সময় এমনভাবে করা হয়েছে যাতে সরকারি বাসগুলি লোকসানে চলছে। আমার দাবি, এস.টি.এ. এবং আর.টি.এ. টাইম টেবল যাতে ঠিকভাবে করে, সরকারি এবং বেসরকারি বাসের টাইমের ক্ষেত্রে উপযুক্ত সময়ের পার্থক্য করা হয়, যাতে কোনো বাসই লোকসানের মধ্যে না পড়ে। আরও দেখেছি, সরকারি বাস টার্মিনাসের মধ্যে বেসরকারি বাস ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এতে সরকারি বাস ক্ষতিগ্রস্ত হচ্ছে। আগামী দিনে যাতে সরকারি বাস টার্মিনাসে বেসরকারি বাস ঢুকিয়ে না দেওয়া হয় সেটা সুনিশ্চিত করার জন্য অনুরোধ করছি।

ZERO HOUR

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুর ও নগর উন্নয়ন মন্ত্রী আছেন তাঁকে এবং হাউসকে জানাতে চাই যে, গত ৯ই ফেব্রুয়ারি থেকে ২৩শে মার্চ পর্যন্ত ১৪টি দলের মধ্যে যে বিশ্বকাপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হল, তাতে আমাদের ভারতবর্ষ তথা এই রাজ্যের নাগরিক সৌরভ গাঙ্গুলির নেতৃত্বে আমাদের দেশ ১০টি দেশের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করেছে—এটা অত্যন্ত গৌরবের কথা। ১৯৮৩ সালের পর, ২০ বছর বাদে এই বার ভারতের ক্রিকেট দল ফাইনালে উঠেছে। আমাদের শচীন তেন্ডুলকর সবচেয়ে বেশি রান করে ম্যান অফ দা টুর্নামেন্ট হয়েছেন। ভারতীয় দল মোট ১১টি ম্যাচ খেলেছে এবং ৯টি ম্যাচ ৯টি দলের বিরুদ্ধে জিতেছে, দুবার বা দুটি ম্যাচে হেরেছে এবং একটি দলেরই কাছে। ৯টি দলের বিরুদ্ধে এই জয় গৌরবের, কিন্তু অনেকে এই জয়কে ছোটো করে দেখাবার চেষ্টা করছে। ক্রীড়া ক্ষেত্রে জয়-পরাজয় দুটোই আছে, একমাত্র জয়টাই বড়ো কথা নয়। আমাদের ক্রিকেট দলকে শত শত অভিনন্দন জানাই, সৌরভ গাঙ্গুলিকে অভিনন্দন জানাই। মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁকেও অভিনন্দন জানাই। আমি আশা করব বিরোধী দলের সদস্যরাও আমাদের সঙ্গে একমত হয়ে এই সভা থেকে ভারতীয় দলকে শুভেচ্ছা বার্তা পাঠাবেন। রাজ্য সরকারের পক্ষ থেকে সংবর্ধনার ব্যবস্থা করেছেন, মাননীয় মন্ত্রী সেটা এখানে ঘোষণা করবেন আশা করি।

[1.20—1.30 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, মাননীয় সদস্য রবীন দেব যে প্রস্তাব এনেছেন, সমস্ত বিরোধীপক্ষ থেকে আমরা তার প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমরা মনে করি ভারতীয় ক্রিকেট দল বিশ্বের দ্বিতীয় শ্রেষ্ঠ দল হিসাবে নিঃসন্দেহে নিজেদের প্রতিপন্ন করতে পেরেছে। আমরা ফাইনালে হেরেছি ঠিকই, কিন্তু আমরা পাকিস্থান, ইংল্যান্ড, নিউজিল্যান্ডের মতো প্রথম সারির দলগুলোকে হারাতে পেরেছি। এটা ঠিকই যে, ওয়ান ডে খেলার মানসিক অবস্থা থেকে শুরু করে অনেকগুলি ফ্যাকটার থেকে যায়। যাঁরা খেলাধুলা করেন, তাঁরা বুঝতে পারবেন। ১০০ কোটি মানুষের দেশ ভারতবর্ষ। সকলেই আশা করেছিল যে, ওয়ার্ল্ড কাপ জিতবে। কিন্তু এটাও ঠিক যে, অস্ট্রেলিয়া দল খুব বড়ো মাপের দল এবং তাদের মানসিক অবস্থা সংগত এবং শক্তিশালী। কিন্তু আমরা বিভিন্ন শক্তিশালী দলকে হারিয়ে যে ফাইনালে পৌঁছেছি—এটা কম

গৌরবের কথা নয়। কেউ অলিম্পিকে যখন যায়, তখন সে রুপো কী সোনা জিতল সেই ব্যাপারে বলি। আমরা গৌরবান্বিত হই। সৌরভ আজ বাংলার গর্ব। আজকে রবীনবাবু যে প্রস্তাব এনেছেন এই প্রস্তাবকে সমর্থন করছি এবং এই কামনা করি যে, ভবিষ্যতে সৌরভ গাঙ্গুলি যেন আরও ট্রফি আনতে পারে।

শ্রী অশোক ভট্টাচার্য : গতকাল আমার সাথে সৌরভের কথা হয়েছে এবং রাজ্য সরকারের পক্ষ থেকেও তাঁকে শুভেচ্ছা জানানো হয়েছে। মুখ্যমন্ত্রীও কালকে কথা বলেছেন। আমাদের কলকাতার মেয়রও তাঁকে শুভেচ্ছা জানিয়ে এসেছেন। তাঁর সঙ্গে কথা বলেই আগামী ফোর্থ এপ্রিল কলকাতায় ইন্ডোর স্টেডিয়ামে সংবর্ধনা অনুষ্ঠান হবে। এটা আমাদের কাছে সত্যি গৌরবের বিষয়। তবে সৌরভ গাঙ্গুলির নেতৃত্বে আমরা সবাই অনেকটা আশাবাদী ছিলাম যে, বিশ্বকাপে বিজয়ী আমরা হবই। কিন্তু তা সত্ত্বেও এই যে ফাইনালে পৌঁছানো এবং এত ভালো পারফরমেন্স দেখিয়ে অধিনায়কের ভূমিকা পালন করেছেন এবং তিনি যেভাবে খেলেছেন এবং ব্যাটিংয়ে তাঁর দ্বিতীয় স্থান এবং রেটিংয়ে শচীন তেন্ডুলকারের পরই তাঁর স্থান। এখানে যে সংবর্ধনা অনুষ্ঠান হবে ৪ তারিখে, ওই একই রকম ভাবে উত্তরবাংলায় সংবর্ধনা অনুষ্ঠান হবে ২০ তারিখে। কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামে। তবে আজকে দেখলাম যে ওই একই দিনে বাংলাদেশ ফাইনাল খেলা। তাই এটার সময় পরিবর্তনও হতে পারে। রাহুল দ্রাবিড়, শচীন তেন্ডুলকার এবং শ্রীনাথকে এই সংবর্ধনা অনুষ্ঠানে আনানো যায় কিনা কথা হয়েছে। আগামীকাল সৌরভ বোম্বাই যাচ্ছেন। সেখানে প্লেয়ারদের সঙ্গে কথা বলবেন। আমি আহ্বান জানাচ্ছি সমস্ত বিধায়ক বন্ধুদের কাছে যে, আপনারা সবাই মিলে এই অনুষ্ঠানে উপস্থিত হন এবং ভবিষ্যতে আরও সাফল্যের জন্য উৎসাহিত করুন।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু এখানে তিনি নেই। স্যার, গত ২৫ তারিখে আবার নতুন বাসের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে, ট্যাকসি ট্রামের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে আমাদের দলের কর্মীরা তীব্র প্রতিবাদ জানাতে এসেছিল। সেখানে পুলিশ তাদের উপর নির্মমভাবে লাঠি চার্জ করেছে। মহিলাদের উপরও তারা অশালীন আচরণ করেছে। গত ৬, ৭, ৮ই আগস্ট যেভাবে বাসের ভাড়া বৃদ্ধি করেছিল, তখনও মহিলাদের উপর অশালীন আচরণ করা হয়েছিল। গতকাল এখানে মুলতবি প্রস্তাবে তোলা হয়েছিল। সভা থেকেও তার প্রতিবাদ জানানো হয়েছিল। অথচ এই সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রী কোনো প্রতিক্রিয়া দেখাননি। এইভাবে কোনো পুলিশ আচরণ করতে পারে ?

শ্রী গুরুপদ দত্ত : স্যার, আমি ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আন্তর্জাতিক মানের ক্রীড়া ক্ষেত্রে অগ্রগতির জন্য আমাদের রাজ্যে একটা পরিকাঠামো বিষয় গড়ে উঠছে খেলার মাঠ, স্টেডিয়াম, জিমনাসিয়াম স্পোর্টস কমপ্লেক্স গড়া এবং আমাদের বিধায়ক বন্ধুবর নন্দ বলেছেন আমাদের রাজ্যে একটা স্পোর্টস ইউনিভারসিটি গড়া যায় কিনা যাতে আমাদের ছেলে-মেয়েরা আন্তর্জাতিক মানে পৌঁছে যেতে পারে। সে ধরনের উদ্যোগ রাজ্য সরকার কর্তৃক গৃহীত হোক।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ তারিখে এবং ১৯ তারিখে যে ব্যাপক শিলাবৃষ্টি, ঝড় হল তাতে বোরো ধানের, গমের প্রচুর ক্ষতি হয়েছে। শস্যবীমা কাটা হয়েছে সমবায় থেকে বা ব্যাংক থেকে

কৃষিঋণ নিয়েছেন সত্বর ক্রপ কাটিং যদি না হয় তাহলে বীমার ক্ষেত্রে সত্বর যেন ক্রপ কাটিং করা হয়।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুব আনন্দের ব্যাপার যে মেদিনীপুর, খড়গপুরকে নিয়ে উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে এবং বিজ্ঞাপ্তি জারি হয়েছে আমি এই জন্য রাজ্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি। আপনারা জানেন যে পশ্চিম মেদিনীপুর দুটো শহর যমজের মতো গড়ে উঠেছে। ওই এলাকায় যাতে শিল্পের বিকাশ হয় তার জন্য যে প্রচেষ্টা রাজ্য সরকারের পক্ষ থেকে নেওয়া হয়েছে তার জন্য আমি রাজ্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য এই হাউসে শিলাবৃষ্টির কথা বলছিলেন। গত ১১ই মার্চ মালদহের মাণিকচকে এবং আড়াইডাঙা বিধানসভা কেন্দ্রে আমাদের ধরমপুর, আড়াইডাঙা, সুলতানপুর দামোদরপুর, রাজনগর মৌজায় শিলাবৃষ্টির ফলে ধান, গম কাঁচা সবজি তামাক নষ্ট হয়ে গেছে। এই ব্যাপারে মাননীয় রিপ্লাই দেবেন বলেছিলেন কিন্তু উত্তর রেডি ছিল না বলে দিতে পারেননি। স্যার আমরা দেখলাম যে কালও শিলাবৃষ্টি হয়েছে আবার সমস্ত ধান এবং আম নষ্ট হয়েছে। স্যার আজকে পেপারে দেখলাম যে পান চাষিদের জন্য ৪ কোটি টাকা দেওয়া হয়েছে। শিলাবৃষ্টির জন্য কৃষকদের কোনো টাকা দেওয়া হচ্ছে না। আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীকে জানাচ্ছি যে এই কৃষকদের অনুদানের ব্যবস্থা করুন, নাহলে আমরা বৃহত্তর আন্দোলনের পথে যাব।

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার এবং কলকাতা পৌরসভা আমাদের সৌরভ গাঙ্গুলিকে ধন্যবাদ জানিয়েছেন। সৌরভ গাঙ্গুলি যে স্থানে ভারতকে পৌঁছে দিয়েছে, এটা অত্যন্ত ভালো কথা। আমি যে কথাটা বলতে চাই তা হল গত ২৫শে মার্চ আই.এন.টি.ইউ.সি. একটা সভা ডেকেছিল। আমরা পারমিশন নিয়েই সভা করছিলাম আমাদের সভার পাশে হঠাৎ করে মাইক লাগিয়ে দিয়ে একটা সংগঠন সভা করতে লাগল। কি করে পুলিশ পারমিশন দেয়। গতকালও এরকম বার কাউন্সিলের একটা মিটিং হচ্ছিল। সেটাও পারমিশন নিয়েই করা হচ্ছিল ঠিক ১০ হাত দূরে আরেকটা সংগঠন মিটিং শুরু করে। এটা বন্ধ হওয়া দরকার নাহলে তিক্ততা বাড়বে। সরকার পক্ষ যখন মিটিং করে থাকেন তখন আমাদের মিটিংকে বানচাল করার একটা প্রচেষ্টা থাকে এটা ঠিক নয়। যাতে সঠিকভাবে মিটিং হতে পারে সেইদিকে দৃষ্টি দেওয়ার জন্য দাবি রাখছি।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি। আমরা আবার দুটোয় মিলিত হব।

[At this stage, the House was adjourned till 2.00 p.m.]

[2.00—2.10 p.m.]

LEGISLATION

The West Bengal Value Added Tax Bill, 2003

Dr. Asim Kumar Dasgupta : Mr. Deputy Speaker, Sir, I beg leave to introduce the West Bengal Value Added Tax Bill, 2003.

Secretary then read the Title of the Bill

Mr. Deputy Speaker : There is a motion for circulation for eliciting public opinion by Shri Kashi Nath Mishra. Now I request Shri Kashi Nath Mishra to move his motion.

শ্রী কাশীনাথ মিশ্র : আই বেগ টু মুভ দ্যাট দি বিল বি সার্কুলেটেড ফর দি পারপাস অফ ইলিসিটিং অফ পাবলিক ওপিনিয়ন বাই দি ৩১ আগষ্ট ২০০৩। স্যার, ১৯৯৯ সালের ১৬ই নভেম্বর দিল্লিতে আহূত মাননীয় অর্থমন্ত্রীদের যে সম্মেলন হয়েছিল সেই সম্মেলনে 'ভ্যাট' চালু করার বিষয়ে সর্বসম্মতি হয়েছিল। এবং দেখা যাচ্ছে ১৯৫৬ সালের কেন্দ্রীয় বিক্রয় কর আইনের কয়েকটা ধারা সংশোধন করে নতুন নাম দিয়ে এই 'ভ্যাট' চালু করা হচ্ছে। এবং এর মূল উদ্দেশ্য হচ্ছে রাজ্যের ক্ষতি পূরণ করা। এই ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে যে আইন এনেছেন তার সিডিউল দিয়েছেন পার্ট ওয়ান, পার্ট টু এবং বিভিন্ন ভাবে সিডিউল আরোপ করে দেখিয়েছেন যে তাতে পারসেন্টেজ যেটা দিয়েছেন তাতে অনেক ক্ষেত্রে আমি মনে করছি জনসাধারণের জ্ঞাতার্থে দেওয়া উচিত ছিল এবং সেটা না দেওয়াতে জনসাধারণ কিছুটা অন্ধকারে থাকবে এবং জানতে পারবে না হঠাৎ এই জিনিস হল কি করে। একেই তো আমরা বিভিন্নভাবে ট্যাক্স দিচ্ছি। প্রত্যক্ষ, পরোক্ষ কর, বিভিন্ন ভাবে ট্যাক্স দিতে হয়, তাছাড়াও অন্যান্য কর আছে, সেগুলোও দিতে হয়। তাহলে এই যে নতুন ব্যবস্থা হচ্ছে এটা সরকারের দুর্বল অর্থনীতিকে চাঙ্গা করার জন্য। এখানে কিছু বলতে গেলে আপনারা সারা ভারতবর্ষের, পৃথিবীর চিত্র দেখাবেন। বিভিন্ন রাজ্যের অবস্থা দেখিয়ে বলবেন অনেক কিছু। কিন্তু আমরা কোথায় আছি ? আমাদের এই সংকটজনক অবস্থা হল কেন ? তার মূল কারণ অন্তত জনসমক্ষে প্রকাশ করুন। এ ব্যাপারে আপনারা একটা শ্বেতপত্র প্রকাশ করেছেন বরং বলা ভালো শ্বেতপত্রের মতো একটা জিনিস প্রকাশ করেছেন। কিন্তু আজকে এই যে বিক্রয় করের হারের কথা বলছেন, যে অস্বাস্থ্যকর প্রতিযোগিতার কথা বলছেন, এবং বিভিন্ন মালের করের ঝামেলা একত্রিত করার কথা যেটা বলছেন সেটা কি সম্ভব ? সেটা বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পারব যে, জনসাধারণের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি করবে। সেই পরিপ্রেক্ষিতে বলছি যে, জনসাধারণের প্রচারার্থে এটা দেওয়া উচিত।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : স্যার, মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় যে প্রস্তাব এখানে দিয়েছেন পাবলিক অপিনিয়ন সলিসিট করার জন্য, আমি তা গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Kashinath Mishra that the West Bengal Value Added TAx Bill, 2003, be circulated for the purpose of eliciting Public opinion thereon was then put and lost.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Value Added Tax Bill, 2003, be taken into consideration.

শ্রী সৌগত রায় : স্যার, আমি ওয়েস্ট বেঙ্গল ভ্যালু অ্যাডেড ট্যাক্স বিল ২০০৩-এর উপর বলছি। আমি এর আগে এখানে বক্তৃতা দিয়েছিলাম যে, কিভাবে চূড়ান্ত অর্থনৈতিক

সংকটে এই রাজ্যের অর্থমন্ত্রীর ভুল নীতি এবং ভুল কাজ এই রাজ্যকে ফেলেছে। সেটা আগে উল্লেখ করেছি যে, কিভাবে অর্থনৈতিক সংকট কাটাতে উনি ১৩২৫ কোটি টাকার ট্যাক্স এই রাজ্যের মানুষের উপর ৩ মাসের মধ্যে চাপিয়েছেন। সেই মতো উল্লেখ করেছি এবং কিভাবে ওর বিক্রয়কর মেশিনারি গত বছরে সাড়ে নয়শো কোটি টাকা কম ট্যাক্স আদায় করেছেন, তার পুনরাবৃত্তি আজকে আর করতে চাই না। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বিরাট একটা বিল এনেছেন—এর ১৫টি চ্যাপ্টার আছে, এবং ৮৭ পাতার একটা বিল। হাউসে ওর এরকম আরেকটা বিল-এর আগে শেষ বড়ো বিল হয়েছিল ওয়েস্ট বেঙ্গল সেল্‌স্ ট্যাক্স বিল ১৯৯৪। স্যার, আপনার মনে থাকবে যে, ওয়েস্ট বেঙ্গল সেল্‌স্ ট্যাক্স বিল ১৯৯৪ সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছিল, আপনি বোধহয় সিলেক্ট কমিটির মেম্বার ছিলেন। তারপর আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম, তারপর বিলটা বিধানসভায় এসেছিল। এবারে এতবড়ো বিল মাত্র ৩ দিন আগে সার্কুলেট করেছেন, সেটা নিয়ে আলোচনা করাটা ঠিক হচ্ছে না। আমরা বারে বারে বলেছি যে, ফিনান্স সাবজেক্ট স্ট্যান্ডিং কমিটির অধীনে আনা হোক। এছাড়া যে কোনো বিল আলোচনার আগে স্ট্যান্ডিং কমিটিতে যাওয়া উচিত। তা না হলে কোনো স্ক্রুটিনি হল না, এতবড়ো বিল আনলেন। রুলিং পার্টির লোকেরা বুঝে না বুঝে সমর্থন করলেন, পাশ হল, এটা ঠিক নয়। এই বিলটার ডেপ্‌থে গিয়ে অ্যানালিসিস করে পাশ করার প্রয়োজন ছিল, কিন্তু সেটা উনি করেননি। গত ডিসেম্বর মাসে লাস্ট যখন আর্থিক সংকট নিয়ে আলোচন করেছি তখনও যদি এনে সিলেক্ট কমিটিতে পাঠাতেন তাহলে আমরা ২ মাস সময় পেতাম হাউসে আলোচনা করার জন্য। তারপর ভ্যালু অ্যাডেড ট্যাক্স সহজেই ইনট্রোডিউস হত। কিন্তু তড়িঘড়ি করে বিলটা আনার জন্য রাজ্যের একটা কনফিউশন হচ্ছে, কিভাবে অস্থিরতা হচ্ছে বা হতে পারে সে সম্পর্কে আমি পরে বলব। তাই আমি বলব যে, এই বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। —এই প্রস্তাব দিচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয় এটা আপনি ভেবে দেখবেন। সিলেক্ট কমিটিতে ২ মাসের জন্য পাঠালে কোনো মহাভারত অশুদ্ধ হবে না। কিন্তু এই বিল নিয়ে যে কনফিউশন থেকে যাচ্ছে, যে ত্রুটি থেকে যাচ্ছে সেগুলো আমি পরে পয়েন্ট আউট করব। তাহলে আপনার কাছে ব্যাপারটা স্পষ্ট হবে। আমি আগের দিন বাজেট ডিবেটে বলেছিলাম যে, আমরা ভ্যালু অ্যাডেড ট্যাক্সের পক্ষে। ভ্যালু অ্যাডেড ট্যাক্স নিয়ে সারা ভারতবর্ষে ঐক্যমত হয়েছে। গত ১৬ই নভেম্বর তৎকালীন কেন্দ্রীয় অর্থমন্ত্রী যশোবন্ত সিন্‌হার আমন্ত্রণে সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীদের নিয়ে একটা আলোচনা হয় এবং ভ্যালু অ্যাডেড ট্যাক্স নিয়ে সিদ্ধান্ত হয়েছিল যে, ভ্যালু অ্যাডেড ট্যাক্স চালু করা হবে। তারপর একটা এম্‌পাওয়ার কমিটি হয়েছিল, মাননীয় অসীমবাবু তার চেয়ারম্যান ছিলেন। এইজন্য তিনি মনে করিয়ে দেন যে, "এটা কেন্দ্র নয়, আমরা রাজ্যরা মিলে এটা চালু করেছি"। ভাল আপনার কৃতিত্ব।

[2.10—2.20 p.m.]

আপনি রাজ্যে চালু করছেন কিন্তু যখন আপনি রাজ্যে চালু করলেন তখন একটু সময় দিয়ে কেন চালু করলেন না এটা আমার প্রশ্ন থেকে গেল। স্যার, ভ্যালুঅ্যাডেড ট্যাক্সের পক্ষে আমরা কেন ? তার কারণ ভ্যালুঅ্যাডেড ট্যাক্স হচ্ছে—এই যে কাসকেডিং এফেক্ট অফ সেল্‌স ট্যাক্স

এটা অ্যাভয়েড করার জন্য। তার মানে কি ? 'ক', 'খ'-কে একটা জিনিস বিক্রি করল, একবার সেল্‌স ট্যাক্স দিল। 'খ', 'গ'-কে বিক্রি করল আর একবার সেল্‌স ট্যাক্স দিল। এটা কাঁচামালের এবং তৈরি মালের ক্ষেত্রে সমস্যা হয়ে দাঁড়ায়। ভ্যালু অ্যাডেড ট্যাক্সের সুবিধা হচ্ছে যে আপনি পরের স্টেজে ট্যাক্স দিতে গিয়ে আগে আপনি যে ট্যাক্স দিয়েছেন সেটা সেটআপ হয়। মানে সেটা বাদ দেওয়া হয়। তার ফলে ওভারঅল ট্যাক্স কমে যায় এবং জিনিসপত্রের দাম অত বাড়ে না। সেইজন্য ভ্যালু অ্যাডেড ট্যাক্সটা ইনক্রিন্সটেবেল আমরা সমর্থন করছি সেখানে যেটা ভ্যালু অ্যাডেড ট্যাক্সের সুবিধা যে সেল্‌স ট্যাক্সে অনেক রেট থাকে তার জন্য কনফিউশান হয়। ভ্যালু অ্যাডেড ট্যাক্সের ক্ষেত্রে অতগুলি রেট নেই। ভ্যালু অ্যাডেড ট্যাক্স আমাদের এখানে যেমন হয় ১ পারসেন্ট হবে নয় ৪ পারসেন্ট হবে নয় ১২ পারসেন্ট হবে, সাড়ে ১২ পারসেন্ট হবে এইরকম একটা কম রেট অফ ট্যাক্সেস থাকে। সেল্‌স ট্যাক্সে এর যে ব্যবস্থা সেটা থাকে না। দ্বিতীয়ত ভ্যালু অ্যাডেড ট্যাক্স কারা পেমেন্ট করে ? সবাইয়ের পেমেন্ট করতে হয় না। এটা পেমেন্ট করে যারা রেজিস্টর ডিলার, যারা তারা ভ্যালু অ্যাডেড ট্যাক্স পেমেন্ট করেন এবং সেখানে কত ট্যাক্স কতজন রেজিস্টর ডিলার দেবেন সেটা ঠিক হবে—by deducting total tax paid by him on his purchase from registered dealer during a month from the total tax payable by him in respect of sales effected by him during the month. তার মানে রেজিস্টার ডিলার যত কিনল, তার জন্য যত সেল্‌স ট্যাক্স দিল, উনি যত বিক্রি করলেন এই দুয়ের বিয়োগফলের মাধ্যমে আমরা ভ্যালু অ্যাডেড ট্যাক্স ঠিক করব এবং আমাদের যেখানে মন্ত্রী চাইছেন ১লা এপ্রিল থেকে চালু করা। যদি রাষ্ট্রপতির অ্যাসেন্ট পাওয়া যায় তাহলে ১.৪.২০০৩ থেকে ভ্যালু অ্যাডেড ট্যাক্স ইনট্রোডিউস করার জন্য। তাহলে—closing stock of goods as on 31.3.2003—purchase within 2002-2003 will be taken into consideration for allowing set off against the sale for the period from 1.7.03 to 31.12.03। তার মানে ওর ৩১শে মার্চ যে ওর ক্লোজিং স্টক ছিল তার ভ্যালুর উপরে আগামী কয়েক মাসে যে বিক্রি করবে তার সেল্‌স ট্যাক্স এই দুয়ের বিয়োগফলে ভ্যালু অ্যাডেড ট্যাক্স হবে। এটা ভাল এবং এইখানে আপনাকে বলি যে, আপনি নিশ্চয়ই জানেন যে, this value added tax is also export friendly. এক্সপোর্ট যে জিনিসগুলি হচ্ছে সেখানে নর্মালি ভ্যালু অ্যাডেড ট্যাক্স অ্যাপ্লাই করা উচিত নয়। কিন্তু এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স স্টাডি করতে গিয়ে দু-চারটি জিনিস দেখেছি। আমি আপনাকে এখানে দেখাব যে, আমাদের এই বিলটার মধ্যে ত্রুটি রয়ে গিয়েছে তাড়াহুড়ো করে ড্রাফটিং করার জন্য। ধরুন উনি ৪ রকম সিডিউল করেছেন। স্যার, 'এ'—এক্সেপশান, যাদের কোনো ট্যাক্স দিতে হবে না। 'বি' - ১ পারসেন্ট, সোনা-রূপোর উপর ১ পারসেন্ট ভ্যালু অ্যাডেড ট্যাক্স হবে। 'সি' - ৪ পারসেন্ট কাদের দিতে হবে ? Declared goods, input materials for industry, IT materials এছাড়া সব পড়ছে সিডিউল 'ডি'-তে এবং এই সিডিউল 'ডি'-তে—এই সিডিউল 'ডি' হচ্ছে সেকশান ১৯-এর সঙ্গে যুক্ত। সেকশান ১৯ কি বলছে স্যার, The State Government may, by noficiation fix the rate of tax, with prospective or retrospective effect, not exceeding thirty percent of

the turnover of sales of goods specified in Schedule D, and different rates may be fixed for different items of such goods. আমি এর তীব্র প্রতিবাদ করছি। আপনি এখানে একটা আইন করলেন, তাহলে সেকশান ১৯, ক্লজ ১৯-এ সিডিউল 'ডি' অনুযায়ী সেই ট্যাক্স ফিক্সড করে দিলেন না কেন ? এখন উনি কি বলছেন—পুরোটা ভেগ্ রেখে দিয়েছেন যে ৩০ পারসেন্ট-এর অনধিক যেকোনো ট্যাক্স যদি বসাতে পারেন। উনি আসা করবেন সেই একটু অভাব হবে উনি সিডিউল 'ডি'-তে ট্যাক্স বাড়িয়ে দেবেন। আমরা চাই স্যার, সারা পৃথিবীতে অসীমবাবু ভুল নীতি নিয়ে চলছেন যে লোক একটা ট্যাক্স প্ল্যানিং করে আপনার ৫ বছরে একটা ব্যাবসায়ী একজন ইনডিভিজুয়াল ট্যাক্স স্পেয়ারেন্ট-এর ৫ বছরে কি ট্যাক্স টোটাল লিমিট হবে। আপনার মনে আছে ভি.পি. সিং যখন কেন্দীয় অর্থমন্ত্রী ছিলেন উনি এইরকম ৫ বছরের ট্যাক্স পলিসি বলে দিয়েছিলেন। আমরা এর বাইরে যাব না, আমি চাই মাননীয় মন্ত্রী উনি স্পেসিফিক ভাবে বলে দিন যে সিডিউল ডি-তে ৪ পারসেন্ট ট্যাক্স বেশি দিতে হবে। তারা কত ট্যাক্স দেবে মাননীয় মন্ত্রী সেটা এখানে আমাদের জানিয়ে দেবেন। মাননীয় মন্ত্রী সিডিউল ডি-টা দেখুন, এখানে ইংরেজিটাও গণ্ডগোল আছে। এখানে আপনি বলেছেন ডেসক্রিপশান অফ কোর্ট ফী, Goods on which tax is leviable at such rate as may be fixed by notification under section 19। সেকশান ৯০ সেখানে বলেছেন, All other goods not specified in Schedule 'A', Schedule 'B', Schedule 'C' or in this Schedule ইন দা সিডিউল এ কথার মানে কি ? তার মানে কোনো ট্যাক্সই অ্যাপ্লাই হচ্ছে না। পুরো ইংরেজিটাই ভুল হচ্ছে। আপনি বলতে পারতেন অল আদার্স গুডস নট স্পেসিফায়েড ইন সিডিউল এ, সিডিউল বি, সিডিউল সি—অর সিডিউল সি এই কথাটা উল্টে যাচ্ছে। মানে কি এগুলি কোনো ট্যাক্স অ্যাপ্লাই হচ্ছে না। আপনি দেখবেন এটা তাড়াহুড়ো করে ড্রাফ্ট করতে গিয়ে এটা ভুল হয়ে গেছে। দ্বিতীয়ত স্যার, আমি আপনাকে আরও বলছি আপনি খুব বড়ো আইন করেছেন। ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স অ্যাক্ট ১৯৯৪ মতো। একজসটিভ আইনও হয়েছে। কিন্তু এই আইনটায় প্রসিডিওর বেশি, কিন্তু সেই তুলনায় নীট টাইমটা কম। আপনি ট্যাক্স কত বসাবেন তা নিয়ে আপনার পুরো মেশিনারিতে কে কে থাকবে ? সেল্স ট্যাক্স কমিশনার থাকবে, স্পেশাল কমিশনার থাকবে ইত্যাদিরা থাকবে, তার পরে ট্রাইব্যুনাল থাকবে। পুরো প্রসিডিওর—আপনি বলতে পারতেন ওয়েস্ট বেঙ্গল সেল্স ট্যাক্স অ্যাক্টে যে অধিকারীরা ছিল তারা সকলেই নতুন অ্যাক্টে অধিকারী হবে। একটা লাইনে আপনি আইনটা শর্ট করে দিতে পারতেন। এটা একটা বড়ো আইন, ওদের কতগুলি ট্যাক্সিং অথোরিটি, এপিলেট, রেমিশনাল বোর্ড অ্যান্ড ব্যুরো সবটা দেওয়ার দরকার ছিল না। অলরেডি আপনার আইনে আছে, আপনি বলতেন যে সেই আইনের অধিকারীরা এই আইনে অধিকারী হবেন। এই বেশি এগজসটিভ আইন করলে হয় কি সাধারণ লোকের পক্ষে আইনটা কঠিন হয়, তার ফলে ডিলাররা নিজেরা না গিয়ে সেল্স ট্যাক্স ল'ইয়ার বা সেল ট্যাক্স কনসালট্যান্ট এদের কাছে যায়। আমার মনে হয় দিস ফর্ম অফ ল মেকিং ইজ নট রাইট, এটা ঠিক নয়। এতো প্রসিডিওর আইনের মধ্যে আসার দরকার ছিল না। ইউ কুড হ্যাভ মেড ইট ব্রিফ, আর বাকিটা রুলসে দিয়ে দিতেন, কোনো অসুবিধা ছিল না। কিন্তু আইনটার

মজার ব্যাপার দেখুন সেকশান ১০ (২বি) ট্যাক্সেবল কোয়ানটাম কত দেখুন ? ট্যাক্স কোয়ানটাম ১০(২বি)-তে দেওয়া আছে, সেখানে আপনি আবার ভেগ রেখেছেন। আমরা চাই আপনি বলে দেবেন যে আইনটা এটা হবে। কিন্তু আপনি সব সময় হাতে ক্ষমতা রেখে দিচ্ছেন যখন তখন। ১০(২বি) পড়ুন, Every dealer to whom sub-section—(১) স্যাল অ্যাপ্লাই মানে যাদের উপরে ট্যাক্স বসবে স্যাল বি লায়বেল টু পে ট্যাক্স আন্ডার দিস অ্যাক্ট(এ) অন্ অল হিজ সেলস্, আদার দ্যান দ্যোজ রেফারড টু এটসেট্রা এখানে exceeds such taxable quantum as may be prescribed at any time within such year. এটাই আমি ভয় পাই যখন as may be prescribed. আপনি প্রেসক্রাইব করে দিলেন না কেন যে এত টাকার বেশি যদি তাদের সেল হয় তাহলে তাদের ট্যাক্স হবে। আমি আগেরটায় বললাম আর এখানেও আপনি বলছেন অ্যাজ মে বি প্রেসক্রাইব এটা কি করে হবে। তার মানে আপনি আবার নোটেশান দিয়ে করবেন, বিধানসভাকে এড়িয়ে করবেন। আপনি যখন আইন করছেন, বিধানসভায় আসছেন, কিন্তু সেকশান ১৯ কত ট্যাক্স হবে সেটা বলছেন না। আর কোয়ানটাম কত হবে, কত কোয়ানটামের বেশি হলে ট্যাক্স হবে সেটা আপনি ভেগ রাখছেন, নিজের হাতে নিচ্ছেন। আমি মনে করি, this is undemocratic and not proper in law এখানে আরেকটা ভুল আপনাকে দেখিয়ে দিচ্ছি আপনি ক্লজ ২২, সাব-ক্লজ ১৬ দেখুন, In no circumstances any registered dealer including the commission agent shall be permitted to transfer his input tax credit to any other registered dealer or as the case may be.

[2.20—2.30 p.m.]

এই যে এখানে বলছেন ইনক্লুডিং দি কমিশন এজেন্ট—এটাতে 'দি' হবে কেন ? 'এ কমিশন এজেন্ট' হবে। বিকজ কমিশন এজেন্ট যে হবে সে স্পেসিফিক্যালি হবে। এটাই হওয়া উচিত। কমিশন এজেন্টকে স্পেসিফাই করা উচিত অ্যাজ দি কেস মে বি সে প্রিন্সিপ্যাল অফিসারও হতে পারে। এই অফিসার কথাটা বাদ যাবে। ইনক্লুডিং দি প্রিন্সিপ্যাল অফিসার। হতে পারে এই বিলটা তাড়াহুড়া করে আনা হয়েছে, আপনার অফিসাররা ভুল করেছেন। আমার মনে হয় আপনি নিশ্চয়ই এটা সংশোধন করে নেবেন। আবার দেখুন ক্লজ (২), সাব-সেকশন ২৬ ; সেখানে ওয়ার্কস কন্ট্রাক্ট লাইবিলিটি কার থাকবে ? ক্লজ ২, সাব-সেকশন ২৬, সেখানে বলা হচ্ছে "আউট পুট ট্যাক্স ইন রিলেশন টু এনি পিরিয়ড মিনস দি এগ্রিগেট অ্যামাউন্ট অব ট্যাক্স পেয়েব্‌ল বাই এ ডিলার ইত্যাদি, ইত্যাদি"—সেখানে সেকশন ১০, সেকশন ১১, সেকশন ১২, সেকশন ১৩ এবং সাব-সেকশন ৩ অব সেকশন ১৪ যা রয়েছে তাতে আপনি বিশেষ করে সেকশন ১৪টা দেখুন, ওয়ার্কস কন্ট্রাক্ট সংক্রান্ত ব্যাপারে সেকশন ১৪-তে তিন বছরের ব্যবস্থা আছে। ওয়ার্কস কন্ট্রাক্ট কাদের কাদের দেবে তা সেকশন ১৪(১) (২) (৩) এবং (৪)-এ আছে। অতএব এখানে যা বলা আছে তাতে সেকশন ১৪(৩), এটা বাদ দিয়ে সেকশন ১৪ হলেই আইনটা ঠিক হয়। অন্য যারা ওয়ার্কস কন্ট্রাক্ট-এর লাইবিলিটিতে আছে তারা তা না হলে বাদ পড়বে। আমি আশা করব এটা দেখে আপনি কারেকশন করে নেবেন। আমি এখানে

অ্যামেন্ডমেন্টও দিয়েছি। এখন এই যে আপনি ট্যাক্স চাপালেন, এই ট্যাক্সের প্রবলেমটা কি ? আমি আগের দিন বলেছি, আবার রিপিট করছি, এখন পর্যন্ত আপনার অফিসাররা এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স সম্বন্ধে ফ্যামিলিয়ার নয়। এই ট্যাক্সের ইনভয়েস্ ফর্মটা কি ? এখন পর্যন্ত কোনো ডিলারের কাছে নেই। রেজিস্টার, পেপার যেগুলি মেনটেন করতে হবে তার ফরমা এখন পর্যন্ত কেউ জানে না। যার ফলে না বুঝেই লোকেরা আন্দোলনে নেমে গিয়েছে। পরশুদিন গান্ধী মূর্তির ওখানে আন্দোলন ছিল, আমি দেখলাম হাজার হাজার ব্যবসায়ী অ্যারেষ্ট হচ্ছে। বড়োবাজারের কাপড়ের ব্যবসায়ীরা, ফেটোর লোকেরা বুঝে, না বুঝে আন্দোলন করছে। তাদের আপনি একটু বোঝার সময় দিলেন না। ভ্যালু অ্যাডেড ট্যাক্স ১লা এপ্রিল থেকে চালু করে দিচ্ছেন। এর ফলে ভীষণ ক্যায়োস হচ্ছে। আমাদের রাজ্যে ভ্যাট সাকসেসফুল করতে যেটা দরকার—ইনভয়েস কালচার, সেটা আমাদের রাজ্যে নেই। ফলে ট্যাক্স সেট অফ্ হয়নি। দ্বিতীয়তঃ ট্যাক্স অফিস যদি কমপ্লিটলি কমপিউটারাইজড না হয় আপনি যতই বিল পাশ করান এত লার্জ নম্বরকে সামলাতে পারবেন না। তৃতীয়তঃ এর জন্য অনেষ্ট অ্যান্ড এফিসিয়েন্ট স্টাফ দরকার, সেটা আপনার নেই। প্যারালালি আমরা দেখছি এন্ট্রি ট্যাক্স, ইট উইল নট বি সেট্ অফ্—এন্ট্রি ট্যাক্স, কনজামশন ট্যাক্স, এটা ভ্যাটের প্যারালাল ট্যাক্স নয়। আপনি যে রিলিফ দেওয়ার চেষ্টা করছেন সেলস্ ট্যাক্সের ক্ষেত্রে, সেটা পাওয়া যাবে না। এখন সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যাবোলিউশনের সমস্ত রকম ব্যবস্থা করেছে। সেন্ট্রাল গভর্নমেন্ট কমপেনসেট করে দেবে যা লস হবে। সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যাডিশনাল একসাইস ডিউটি ৪% থেকে ২% কমিয়ে দিয়েছে ইন লিউ অফ সেলস ট্যাক্স। টেক্সটাইল, টোবাকো অ্যান্ড সুগার, এই তিনটের ক্ষেত্রে তুলে দিয়েছে। ১৯৫৬ সালে যখন টেক্সটাইলকে সেলস ট্যাক্সের বাইরে আনা হয়েছিল তখন বড়োবাজারের ব্যবসায়ীরা সব খাতা পুড়িয়ে দিয়েছিল। ৪৫ বছর পরে সেলস ট্যাক্স বা ভ্যাট-এর আন্ডারে তাদের আবার নিয়ে আসছেন। তারা মোটেই প্রস্তুত নয়। এর ফলে বস্ত্র ব্যবসায়ীরাই সবচেয়ে বেশি আন্দোলন করবে। আপনার ইন্সপেক্টররা তাদের ওপর অত্যাচার করবে। সুতরাং আপনি এ বিষয়ে আরো একটু ভাবুন, এটাই আপনার কাছে আমার অনুরোধ। স্যার, আমি একটি কথা বলছি, আপনার অফিসিয়াল মেশিনারি নেই, আপনার দপ্তরে র‍্যাম্পেন করাপশন আছে। সেইজন্য বড়োবাজারের ফেক্ ইনভয়েস বাই ফেক্ ডিলার দ্বারা বিক্রি হবে, দে উইল বি পারচেজড বাই জেনুইন ডিলার। এটা যদি বন্ধ করতে হয় তাহলে ডেডিকেটেড স্টাফ এবং অফিসারস দরকার। কিন্তু কো-অর্ডিনেশন কমিটির ভয়ে দেখছি সি.সি.আর. তুলে দেওয়া হয়েছে, প্রমোশন অটোমেটিক্যালি হচ্ছে, কারো কোনো ভয় আছে বলে মনে হয় না। অফিস ইন্সপেকশনের জন্য অ্যাসিস্ট্যান্ট কমিশনার ইন্সপেক্ট করতেন, সেটা উঠিয়ে দিয়েছেন। আবার চালু করবেন বলছেন। করলে ভাল। তবে এটা আপনার মানসিকতা হতে পারে যে ট্যাক্স সর্টফল হলে সেন্ট্রাল গভর্নমেন্ট তা মেক-আপ করে দেবে। এ বছর ট্যাক্স তোলার চেষ্টা না-ও করতে পারেন তবুও সেন্ট্রাল গভর্নমেন্ট দিয়ে দেবে। আমি জানতে চাইছি, কিসের বেসিসে ওরা কমপেনসেট করবে—প্রোজেক্টের সেল্স ট্যাকস, নাকি গত বছরের সেল্স ট্যাক্সের বেসিসে, না অ্যাকচুয়াল সেল্স ট্যাক্স বেসিসে—এটা আমি আশা করি পরিষ্কার করবেন। তারপর হচ্ছে, যারা ড্রাগ ডিলার, যাদের ওষুধের দোকান তারা এর আগে ট্যাক্স দিত না, এবার তাদের দিতে হবে। ওরা এর জন্য ভয়

পেয়েছে। এর আগে দিত ম্যানুফ্যাকচাররা এবং ইমপোর্টাররা। এখন ওষুধের দোকানগুলিকে যাদের ৫ লক্ষ টাকা সেল হবে বা তার বেশি, তাদেরকে দিতে হবে। এর জন্য তারা ভয় পেয়েছে। বস্ত্র ব্যবসায়ীদের ক্ষেত্রে আপনার ইন্সপেক্টররা ইন্সপেকশনে নেমে পড়বে বড়োবাজারে। তারা বলবে, তোমায় খাতা-টাতা দিতে হবে না, আমাকে টাকা দাও, আমি সব ঠিক করে দেব। আপনি ২৬ বছর ধরে এটা দূর করতে পারেননি, এটাই একটা বড়ো প্রবলেম। তা সত্ত্বেও আমি বলছি, অনেস্টলি, সিনসিয়ারলি অ্যান্ড প্রপারলি একটা টাইম দিয়ে ভ্যাট ইনট্রোডিউস করুন, তাহলে আপনার টোটাল কালেকশন বাড়বে এবং সিমপ্লিফায়েড হবে। অনেক দেরি হয়েছে, সেইজন্য বলছি, এটাকে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দিন, ২ মাস পরে যে ডিফারেন্সগুলি আছে সেগুলি চলে যাবে এবং এর মধ্যে সমস্ত সংস্থাগুলির কাছে ভ্যাট নিয়ে প্রচার করুন এবং ৩ মাস পরে ভ্যাট চালু করুন। এতে কালেকশন বেশি হবে এবং সত্যিই যদি রিলিফ দেয় মানুষকে সেই রিলিফ দিতে পারবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুধাংশু শীল : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত আজকে যে দি ওয়েস্ট বেঙ্গল ভ্যালু অ্যাডেড ট্যাক্স বিল, ২০০৩ নিয়ে এসেছেন তাকে পূর্ণ সমর্থন করি এবং বিরোধীদের আনা অ্যামেন্ডমেন্টগুলির বিরোধিতা করে আমি ভ্যালু অ্যাডেড ট্যাক্সের বিষয়ে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী এবারে যে বাজেট বিবৃতি দিয়েছেন তাতে তিনি স্পষ্টভাবে বলেছেন, বর্তমানে রাজ্যে এবং সারা দেশের যে আর্থিক সংকট তাকে মোকাবিলা করতে গেলে নির্দিষ্ট কিছু কর্মসূচি নেওয়া প্রয়োজন এবং সেই কর্মসূচির ভিত্তিতে ৫টি পয়েন্ট আমাদের জানিয়েছেন। তাতে আমরা দেখতে পাচ্ছি, ভ্যালু অ্যাডেড ট্যাক্সের বিষয়ে সুনির্দিষ্টভাবে বলেছেন। আমাদের আর্থিক ঘাটতি কমাতে এবং পরিকল্পনা খাতে প্রয়োজনীয় অর্থ আদায় করতে অথচ ব্যবসাদারদের হ্যারাসমেন্ট না করে তাদেরকে কর দেওয়ার ব্যাপারে আরো উদ্বুদ্ধ করার এমন একটা আধুনিক এবং বৈজ্ঞানিক পদ্ধতি প্রচলিত হওয়া উচিত যাতে রাজ্যের রাজস্ব আদায় বাড়ে এবং উন্নত ব্যবস্থার ভিতর আসা যায়—এই ব্যবস্থা হচ্ছে ভ্যাট। ইতিমধ্যেই গোটা পৃথিবীর ১২০টি দেশে এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স লাগু হয়েছে এবং তার সুফল ইতিমধ্যেই তারা ভোগ করতে শুরু করেছে—চীন থেকে শ্রীলঙ্কা পর্যন্ত। আমাদের ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স এখনো চালু করা যায়নি যদিও ১৬ নভেম্বর, ১৯৯৯ সালে নীতিগতভাবে সমস্ত রাজ্যগুলি সিদ্ধান্ত নেন যে এই ভ্যাট প্রয়োগ করা হবে। কিন্তু সমস্যা যেটা দাঁড়ায়, বিভিন্ন রাজ্যে কর কাঠামোর যে স্ল্যাব তাতে যে ডিফারেন্স ছিল সেটাকে মিনিমাম জায়গায় আনা অত্যন্ত প্রয়োজন ছিল।

[2.30—2.40 p.m.]

সমস্ত রাজ্যকে রাজি করানোর একটা প্রচেষ্টা শুরু হয়। একটা মিনিমাম লেভেলে নিয়ে আসতে হবে, সেই প্রচেষ্টা শুরু হয়। পরবর্তীকালে সমস্ত রাজ্য রাজী হয় এবং সঙ্গে সঙ্গে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। এখানে উৎসাহ দান প্রকল্প যেটা চালু করা হয়েছিল সেটাও বন্ধ করার জন্য নির্দিষ্ট প্রস্তাব আসে। আমরা আনন্দের সঙ্গে লক্ষ্য করলাম সেটাও সকলে মেনে নিলেন।

মাননীয় মন্ত্রীমহাশয় সঠিকভাবেই বলেছেন যে ১লা এপ্রিল থেকে এই ব্যবস্থা চালু করা উচিত। এখন এই ভ্যাট ব্যবস্থার মূল বিষয়টা সকলকে বুঝতে হবে। ম্যানুফ্যাকচারার বলুন, ট্রেডার বলুন, বায়ার বলুন সকলকে এটা সঠিকভাবে বুঝতে হবে। এখন যেটা আছে তাতে বেসিক র-মেটিরিয়ালসের উপর একটা ট্যাক্স দিতে হচ্ছে, আবার সেই বেসিক র-মেটিরিয়ালস নিয়ে যে প্রোডাক্ট তৈরি হচ্ছে তার উপর আবার ট্যাক্স দিতে হচ্ছে। এই দুটি ট্যাক্সের যোগফল করে যেটা দাঁড়াচ্ছে সেটা ক্রেতাকে দিতে হচ্ছে। এখন এটা চালু হলে বেসিক র-মেটিরিয়ালসের উপর ট্যাক্স দিতে হচ্ছে না, সেখানে উৎপাদিত পণ্যের উপর ক্রেতাকে ট্যাক্স দিতে হচ্ছে ফলে ক্রেতাদের একটা রিলিফ দেওয়া যাচ্ছে এবং এর সুফল তারা পাচ্ছেন। সৌগতবাবু ইনফ্রাস্ট্রাকচারের কথা বললেন। একটা ইনফ্রাস্ট্রাকচার ইতিমধ্যেই আছে, সেখানে কিছু পরিবর্তন করে করা হচ্ছে। ক্লজ ফোরে সেটা বলা হয়েছে। স্পেশ্যালি কমিশনার, অ্যাডিশন্যাল কমিশনার এবং তার পরবর্তী পর্যায়ের যে সমস্ত আধিকারিকের প্রয়োজন তাদের নিয়োগ করে এর পরিকাঠামো তৈরি করার পরিকল্পনা মাননীয় মন্ত্রীমহাশয় নিয়েছেন। এ ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো, যেহেতু ভ্যাট ব্যবস্থাটা নতুন করে চালু করা হয়েছে সেইহেতু ব্যবসায়ী বলুন, ম্যানুফ্যাকচারার বলুন, বায়ার বলুন তাদের কাছে যখন দপ্তরের আধিকারিকরা যাবেন তখন এটা একটা নতুন ব্যবস্থা সেজন্য তাদের একটা সহযোগিতার মনোভাব থাকা প্রয়োজন। এই মানসিকতাটা তাদের অ্যাপ্রেইজ করতে হবে। এর বেনিফিট সম্বন্ধে মানুষকে বোঝাতে হবে। আননেসেসারি হ্যারাসমেন্ট যাতে না হয় সেদিকে রাজ্য সরকারকে লক্ষ্য রাখতে হবে। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এ বিষয়ে যথাযথ উদ্যোগ নেবেন। এই ভ্যাট ব্যবস্থায় যেটা কর নির্ধারণ পদ্ধতি সেটা অনেক সরল করা হয়েছে। ডিলার, রেটেলার, তারা নিজেদের কর নিজেরাই নির্ধারণ করবেন, সেল্ফ রিটার্ন সাবমিট করবেন। এই সেল্ফ রিটার্ন সাবমিট করার জন্য বিভাগীয় নিরীক্ষণ ব্যবস্থায় এটা নিয়মিত যাচাই করার ব্যবস্থা থাকবে। এতে একদিকে যেমন ডিলাররা উপকৃত হবেন তেমনি অপরদিকে রাজ্য সরকারের রাজস্ব আদায়ের যে উদ্যোগ সেটাও বাস্তবায়িত হবে। আজকে একথা অস্বীকার করার উপায় নেই যে দেশের অর্থনৈতিক ব্যবস্থাটা কেন্দ্রীয় সরকার যেভাবে ভেঙে দিয়েছে তাতে আমাদের রাজ্য সরকারও আক্রান্ত। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ, এটা যাতে কার্যকরী হয় তার জন্য দপ্তর যাতে আরও উদ্যোগী হয় সেটা দেখুন। সবাইকে এটা বোঝাতে হবে যে ভ্যাট প্রকৃতপক্ষে দ্রব্যসামগ্রীর উপর একটি আরোপিত কর।

ভ্যাট ব্যবস্থা চালু হওয়ার পর যেটা একান্ত প্রয়োজন সেটা হচ্ছে সেন্ট্রাল সেলস ট্যাক্স গ্রাজুয়ালি কমিয়ে দেওয়া। যেটা ৪ পারসেন্ট আছে ইতিমধ্যে সেটা ২ পারসেন্ট করা হয়েছে। সিদ্ধান্ত করে ফাইনালি অ্যাবোলিশ করার সিদ্ধান্ত না করা হয় তাহলে ভ্যাট ব্যবস্থার যে বেনিফিট চাইছি সেটা হবে না। একটা কথা বলতেই হবে এই ভ্যাট ব্যবস্থা সাধারণভাবে শিল্প বিকাশের একটা সহায়ক। আমরা চাই ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট। আজকে ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট অত্যন্ত প্রয়োজন গ্রামীণ বিকাশের ক্ষেত্রে এটা বলার অপেক্ষা রাখে না। এই ক্ষেত্রে পশ্চিমবাংলা শীর্ষস্থান অধিকার করেছে। শিল্প বিকাশের ক্ষেত্রে, আমাদের এই ভ্যাট ব্যবস্থা প্রয়োগের ফলে, ইতিমধ্যে আমরা বিকাশের যে একটা মোমেনটাম পেয়েছি সেটা আরো দ্রুত এগিয়ে যাবে।

মাননীয় অর্থমন্ত্রী বাজেট বক্তৃতার সময় বলেছেন, সেন্ট্রাল গভর্নমেন্টের এই যে স্কিম, এই স্কিম লাগু করার ক্ষেত্রে একটা নীতিগত সিদ্ধান্তে উপনীত হয়েছেন, এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স প্রয়োগ করতে গেলে রাজস্বর যে ক্ষতি রাজ্য সরকারের হবে সেই রাজস্বের ক্ষতির পরিমাণ কমপেনসেট করবেন, ক্ষতিপূরণ দেবেন। সেটা প্রথম বছর ১০০ পারসেন্ট হবে। আমি যেটা বলতে চাই তা হলো এই ভ্যালু অ্যাডেড ট্যাক্সের বাস্তব প্রয়োগ হোক। এটা নিয়ে নানা রকম কথা বলা হচ্ছে বিভিন্ন মহল থেকে। আমি বলতে পারি মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় অত্যন্ত দায়িত্বের সঙ্গে সারা ভারতবর্ষের সমস্ত অর্থমন্ত্রীদের সঙ্গে নিয়ে তাঁর নেতৃত্বে যে সিদ্ধান্ত নিয়েছেন তার জন্য আমরা গর্ববোধ করছি। সারা ভারতবর্ষের রাজ্যগুলির অর্থমন্ত্রীদের নিয়ে—বিভিন্ন রাজ্যের বিভিন্ন দলের অর্থমন্ত্রীদের নিয়ে যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তাতে সমস্ত রাজ্যগুলি ভীষণভাবে উপকৃত হবে, রাজ্যগুলির অর্থনৈতিক বিকাশ ঘটবে, রাজ্যগুলির শিল্প বিকাশের ভূমিকায় এই ভ্যাট সাহায্য করবে। আমাদের এক্সপোর্টের ক্ষেত্রে উনি বলেছেন যে এক্সপোর্টারদের ক্ষেত্রে এই ভ্যাটের প্রয়োগ হবে না। আর একটা কথা উনি বলেছেন "যে শিল্প সংস্থাগুলি বর্তমানে কম ছুট বা কর মুকুব প্রকল্প অনুসারে সুবিধা ভোগ করছে, ভ্যাট ব্যবস্থা চালু হওয়ার পর সেই সবগুলোই কর বকেয়া রাখার সুবিধার আওতায় আনা হবে"। একটা অত্যন্ত সঠিক সিদ্ধান্ত উনি নিয়েছেন, অত্যন্ত বাস্তবমুখী সিদ্ধান্ত। আমরা মনে করি এই বিল পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে ভীষণভাবে সহায়ক হবে। আমি আশা করবো দলমতনির্বিশেষে সমস্ত অংশের মানুষ পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়নের প্রয়োজনে, পশ্চিমবাংলার অর্থনৈতিক বিকাশের প্রয়োজনে, পশ্চিমবাংলায় যে অর্থনৈতিক সংকট এই মুহূর্তে এসে উপস্থিত হয়েছে সেই সংকট কাটিয়ে তুলতে এই বিলকে সমর্থন করবেন। আমি এই বিলকে সমর্থন করে এবং বিরোধীদের আনা অ্যামেন্ডমেন্টের আবার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2.40—2.50 p.m.]

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বিরাট বিল, ভ্যালু অ্যাডেড ট্যাক্স বিল—২০০৩ আমাদের সামনে এনেছেন সেই সম্বন্ধে আমি সংক্ষেপে দু-একটা কথা বলতে চাই। প্রথমে যেটা আমার মনে হয়েছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আশা করি আমার সঙ্গে একমত হবেন যে এতো বড়ো একটা বিল, প্রায় ৭৭ পাতার একটা বিল মাত্র ২-৩ দিন আগে পেয়েছি এবং এই বিলটা তাড়াতাড়ি এখানে আলোচনা করার জন্য উত্থাপন করা হয়েছে।

আমি সৌগতবাবুর সঙ্গে একমত যে আরও কিছু সময় আমাদের দেওয়া উচিত ছিল এবং যে সাজেশানটা এসেছে যে, এই বিল-এর ওপরে আলোচনার জন্য, পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনার জন্য সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, তার কারণ আরও দু-তিন মাস যদি দেরিও হয় তাতে এমন কিছু অসুবিধা হবে না যাতে সরকারের ভয়ঙ্কর অসুবিধা হবে। কাজেই আমি সরকারের কাছে অনুরোধ করবো, আমাদের পক্ষ থেকে এবং তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে যে অনুরোধ এসেছে বিলটি সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, সেটি আপনারা মেনে নেবেন। প্রথমত

মনে হয়েছে, আপনি যে এতবড়ো বিল এই হাউসে এনেছেন শুধু তাই নয়, আমরা শুনেছি, ২০০৩ সালের ১লা এপ্রিল থেকেই এটি কার্যকরী করবেন। অথচ এই বিলের মধ্যে কোথাও উল্লেখ নেই যে, এই বিলটি কবে থেকে কার্যকরী হবে। আমি আপনাকে পড়ে শোনাচ্ছি, "the remaining provisions of this Act shall come into force on such date or dates as the State Government may, by notification, appoint, and different dates may be appointed for different provisions of this Act." অথচ আমরা শুনেছি যে এটি ১লা এপ্রিল থেকে চালু হচ্ছে। যারা ব্যবসা করেন বা যারা ডিলার তাদের এই ভ্যাট সম্বন্ধে সম্যক ধারণা জন্মায়নি। তারা জানে না কিভাবে কাগজপত্র মেনটেন করতে হবে। অথচ আপনি সেই অবস্থায় তড়িঘড়ি করে বিলটি ১লা এপ্রিল থেকে চালু করার সিদ্ধান্ত করেছেন। আমার মনে হয়, এটি ঠিক হয়নি। আরও কিছু সময় দেওয়া উচিত ছিল। তারপর, এটি চালু হলে 'ওয়েষ্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স, ১৯৯৪' যা আছে সেটি চালু থাকছে কিনা, একটু পরিষ্কার করে এটা আমাদের কাছে আপনি বলবেন। তার কারণ ১২১ ক্লজে আপনি বলেছেন, "Nothing in the West Bengal Sales Tax Act, 1994, shall apply in relation to the goods which are governed by the West Bengal Value Added Tax Act, 2003, on and from the appointed day." তাহলে কোন্ অ্যাক্ট, ভ্যালু অ্যাডেড ট্যাক্স, না ওয়েষ্ট বেঙ্গল সেল্স ট্যাক্স ১৯৯৪ হবে, এটা আমরা বুঝতে পারছি না। এটা আমি পরিষ্কার করে মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি। আপনি যে উদ্দেশ্যে এই বিলটি এনেছেন তা স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস্'এ বলেছেন। তার সঙ্গে আমরা একমত যে ইনসিডেন্টস্ অফ ট্যাক্স এর ফলে কমে যাবে। বিভিন্ন পয়েন্টে ট্যাক্স যেটা দিতে হয়, একবার কেনবার সময়ে দিতে হয়, একবার তৈরি করে বিক্রির সময়ে দিতে হয়, এই ভ্যাট চালু হলে ট্যাক্স তখন সেইভাবে দিতে হবে না। জিনিস তৈরি করার জন্য কাঁচামাল কেনার সময়ে একবার যে ট্যাক্স দেওয়া হবে তা বিক্রির সময়ে বাদ যাবে। এতে আমাদের ভালই হবে—ক্যাসকেডিং এফেক্ট যেটা সেটা আপনি বন্ধ করছেন। তার সঙ্গে আমাদের দ্বিমত নেই। কিন্তু এই বিলের মধ্যে যে ধারাগুলি দেখছি তাতে অসঙ্গতি আছে। মাননীয় অর্থমন্ত্রী যা দিয়েছেন তা থেকে আমি একটু পয়েন্ট আউট করছি। আপনি যদি ক্লজ ৩২টা দেখেন, ওখানে বলছেন, "Every registered dealer, or every other dealer, if so, required by the Commissioner by a notice served in the prescribed manner shall furnish such returns by such dates and to such authority as may be prescribed." ডিলারদের যতক্ষণ পর্যন্ত না চিঠি দেওয়া হচ্ছে, কমিশনার যতক্ষণ পর্যন্ত না তার কাছ থেকে জানতে চাইছে, তুমি কী কী কাজ করেছ, কী কী বিক্রি করেছ ততক্ষণ পর্যন্ত জানা যাবে না। এই আইনটা আরও কড়া হওয়া উচিত। কমিশনারের কাছে তার কেনাবেচার হিসাব পাঠানো বাধ্যতামূলক করা উচিত। এমনিতেই এটা খুব কষ্টসাধ্য কাজ, ইদানীংকালে এটা নিয়ে মেনশনও করা হয়েছে যে, এই ভ্যাট চালু করতে গেলে যে ইনফ্রাস্ট্রাকচারের দরকার, যে কাগজপত্রের দরকার, যে কমপিউটারাইজেশানের দরকার সেগুলো মাননীয় অর্থমন্ত্রীর দপ্তর করতে পেরেছে কিনা আজ

পর্যন্ত জানি না। যদি না করতে পারেন তাহলে এই জিনিস চালু করলেই হবে না, এই জিনিস চালু করে তার কার্যকারিতা আমরা পাব কিনা, ব্যবসায়ীরা পাবে কিনা, সরকার শেষ পর্যন্ত পাবে কিনা আমরা জানি না। সেখানে আশঙ্কা প্রকাশ করে কেন্দ্রীয় সরকার সেই কারণে বলেছেন যে, আপনারা যে ভ্যাট চালু করছেন, আশানুরূপ ট্যাক্স আদায় করতে না পারলে যে ক্ষতি হবে, সেই ক্ষতিটা প্রথম বছরে ১০০ ভাগ, দ্বিতীয় বছরে সেটা একটু কমবে এবং তৃতীয় বছরে সেটা আরেকটু কমবে এবং সেইভাবে সহায়তা করবে। এখানে প্রশ্ন এসেছে, খুব সংগতভাবেই সৌগতবাবু প্রশ্ন করেছেন যে, এই যে কম আদায় হবে, দ্বিতীয় বছরে সেটা কমবে—কীসের ভিত্তিতে এটা ঠিক হবে এবং কেন্দ্রীয় সরকার কীভাবে ঠিক করেছেন যে, ভ্যাট চালুর পরে পরে ক্ষতিপূরণ হিসাবে কেন্দ্রীয় সরকার ১০০ পারসেন্ট আপনাদের কাছে দিয়ে দেবে। কীসের ভিত্তিতে এটা কমছে এবং এই যে আদায় করবেন তা কেন্দ্রীয় সরকার যাচাই করবেন কি করে এটা মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইছি। আমি আরো দু-একটি কথা বলছি—ক্লজ ৮—বলেছেন The State Government may constitute a Bureau of Investigation for discharging the functions referred to in sub-clause (3). তার মানে আপনার ব্যুরো অফ ইনভেস্টিগেশান তৈরি হয়েছে কিনা জানি না। এটা ঠিক পরিষ্কার করে বোঝাতে পারেননি। এই যে তালিকার কাজটা অনেকটা ব্যাহত হবে কিনা, সেই তালিকার কাজ আপনার দপ্তর তৈরি করতে প্রস্তুত হয়েছে কিনা জানি না, মাননীয় মন্ত্রী তাঁর জবাবী ভাষণে বলবেন। আরেকটা জিনিস পয়েন্ট আউট করতে চাই যে, ডেফিনেশান—সেকশান ক্লজ ২-এর ১১(সি)—এর মধ্যে কো-অপারেটিভ সোসাইটিকে কেন যুক্ত করেছেন। কো-অপারেটিভ সোসাইটি কোনো জিনিস বিক্রি করলে তাকে এই ভ্যাটের আওতার মধ্যে এনেছেন। আপনি আনুন, তাতে কোনো আপত্তি নেই। আমি বহুদিন ধরেই বলছি এটা কেউ মানছেন না, সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে কো-অপারেটিভ সোসাইটিগুলোর দরকার। কো-অপারেটিভ সোসাইটি বিশেষ করে কনজিউমার সোসাইটি যে জিনিসগুলো বিক্রি করে আগে সেলস্ ট্যাক্স তার থেকে আদায় হত, এখন ভ্যাট ট্যাক্স আদায় হবে। আমার মনে হয় বিশেষ করে কনজিউমার কো-অপারেটিভ সোসাইটি যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে তার জন্য টাকা ফেরত দিয়ে দেওয়া উচিত। আমি এতে আনন্দিত হব। সেখানে এই কো-অপারেটিভ সোসাইটিকে ভ্যাটের আওতা থেকে সম্পূর্ণভাবে বাইরে নিয়ে আসতে পারলে আমি মনে করি সমবায় আন্দোলন আমাদের দেশে খুব ভালো হবে। এই কো-অপারেটিভ সোসাইটিকে ভ্যাটের আওতা থেকে বাইরে নিয়ে যাওয়া উচিত তবেই সমবায় আন্দোলন এগোতে পারবে। আমার মনে হয় যে ট্যাক্স নেবেন সেই ট্যাক্সটা ফেরত দিয়ে দেওয়া উচিত। তার পরে ক্লজ ২১ একটা আশ্চর্যজনক জিনিস লক্ষ করলাম—এই বিষয়টা আপনি আপনার উত্তরে বলবেন। সেখানে সিডিউল এ নং ৩৮—আপনি বলছেন যে, টোডিদের ট্যাক্সের আওতা থেকে বাদ দেবেন। টোডি-কে, নীড়াকে এবং এ আর এ-কে এই ট্যাক্সের আওতার বাইরে রাখা হবে কেন ? আপনার ওদের প্রতি এত আসক্তি কেন যে, ওদেরকে ট্যাক্সের আওতা থেকে বাইরে রেখে দিচ্ছেন। Goods sell on which no tax is payable. সেখানে কেন আপনি টোডির উপরে ট্যাক্স ছাড় দিয়েছেন, আরো বেশি করে তো ট্যাক্স ওদের কাছ থেকে

আদায় করা উচিত। যে টোডির ব্যবহারে শিল্পে ক্ষতি হচ্ছে, তাদের উপরে তো আরো বেশি করে ট্যাক্স বসানো উচিত এবং আরো বেশি করে ট্যাক্স-এর আওতায় আনা উচিত বলে মনে করি। আপনি সিডিউল 'এ' সিরিয়াল নং ৩৮ টোডিকে বাদ দেবেন বলেছেন। আমি শেষ করব দু-একটি আরো কথা বলে।

[2.50—3.00 p.m.]

আমি জানতে চাইছি, এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স চালু করবার পর আপনার দপ্তরের অ্যাসেসমেন্টটা কি ? এর দ্বারা কি আরও অনেক বেশি টাকা আদায় হবে ? আপনার সেলস্ ট্যাক্স আদায় এবারে অনেক কম হয়েছে এবং আর্থিক সঙ্কটের জন্য আপনি শ্বেতপত্র যা বার করেছেন সেখানেও এই ব্যাপারটা বলেছেন। সেলস্ ট্যাক্স আদায় যত কম হয়েছে সেটা 'ভ্যাট' চালু করে কি আপনি মেকআপ করতে পারবেন ? এই ট্যাক্স আদায় করবার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, যে কমপিউটারাইজেশান দরকার, তা আপনি তৈরি করে উঠতে পারেননি। ফলে যে সমস্ত ডিলাররা এই ভ্যাটের আওতায় আসবেন বলছেন তারা ট্যাক্স দেবেন কিনা সেটা আমার কাছে সন্দেহ আছে। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন, আপনার অ্যাসেসমেন্ট কি, টোটাল আদায় সারা বছরে আপনার কত বাড়বে ? তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, এটা খুবই কমপ্লিকেটেড এবং টেকনিক্যাল আইন, আমরা মাত্র দুদিন এটা দেখার জন্য সময় পেয়েছি, তাই তড়িঘড়ি করে ১লা এপ্রিল থেকে এটা চালু না করে আপনি এটা সিলেক্ট কমিটিতে পাঠান এবং মাননীয় সদস্যদের সেখানে বিস্তারিত ভাবে আলোচনার সুযোগ করে দিন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীপক চন্দ্র সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত, 'দি ওয়েস্ট বেঙ্গল ভ্যালু অ্যাডেড ট্যাক্স বিল—২০০৩', এই বিধানসভায় উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এই বিল আনার আগে মাননীয় অর্থমন্ত্রী এই বিলের ব্যাপার নানা জায়গায় আলোচনা করেছেন। আজকে সারা দেশ জুড়ে যে অর্থ সঙ্কট, কেন্দ্রীয় সরকারের যে নীতি, বিশ্ব বাণিজ্য চুক্তির জন্য গোটা দেশে অর্থনৈতিক সঙ্কট সৃষ্টি হয়েছে। আমাদের পশ্চিমবাংলাও তার বাইরে নয়, তাই আমাদেরও তার খেসারত দিতে হচ্ছে। ফলে চতুর্দিকে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, সঙ্কট দেখা যাচ্ছে, আমরাও তার বাইরে যেতে পারছি না। ১৯৯৯ সালের ১৬ই মার্চ, কেন্দ্রীয় অর্থমন্ত্রী সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীদের নিয়ে একটি বৈঠক করেছিলেন এবং সেই বৈঠকই সিদ্ধান্ত হয়েছিল আমাদের দেশের যে পুরোনো কর ব্যবস্থা আছে তার কিছুটা পরিবর্তন করে, নতুন কর ব্যবস্থা চালু করতে হবে। তখনই সেই ভ্যালু অ্যাডেড ট্যাক্স চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়, এটা একটা যুগান্তকারী সিদ্ধান্ত। এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স সম্বন্ধে অনেকের মনেই প্রশ্ন থাকতে পারে, এই সম্পর্কে ব্যবসায়ী বন্ধুদের মনেও আলোচনার অবকাশ থাকতে পারে।

আমার আবেদন থাকবে মাননীয় অর্থমন্ত্রীর কাছে, যে যুক্তিগুলোর উপর দাঁড়িয়ে আমরা ভ্যাট চালু করতে যাচ্ছি, সেই যুক্তিগুলো মানুষের কাছে বলতে হবে, প্রয়োজনে সেমিনার করতে হবে, ব্যবসায়ী বন্ধুদের বোঝাতে হবে, তাদের মনের অমূলক ভয় দূর করতে হবে। কিছু লোক

তাদের ভয় দেখিয়ে, ভুল বুঝিয়ে হরতাল, ব্যবসা বন্ধের জন্য প্ররোচিত করছে। এই ভুল ভাঙাতে হবে। দেশের ২৮ রাজ্যের মধ্যে ২৫টি রাজ্য ইতিমধ্যে ভ্যাট চালু করবার জন্য রাষ্ট্রপতির কাছে অনুমোদন চেয়েছে এবং আমরাও চেয়েছি। এই বিধানসভাতে এই বিলটা পাশ হয়ে গেলে রাষ্ট্রপতির কাছে। আমি এটাকে সমর্থন করি। আমরা দেখলাম গোটা পৃথিবীতে ১২৫-টির বেশি রাষ্ট্র ইতিমধ্যে এই আইন চালু করেছে। আমাদের কাছের রাষ্ট্র, চীন, শ্রীলংকা এরাও আছে এবং এটা চালু করে কিছু সুফলও পেয়েছে, এটা অস্বীকার করার কিছু নেই। এইগুলো খবরাখবর নেওয়ার আবেদন করব। এই ভ্যাট বিলের আওতার বাইরে ৪১টি পণ্যকে রাখা হয়েছে। তার মধ্যে কৃষি যন্ত্রপাতি, শারীরিক পঙ্গু অক্ষম মানুষের চলাফেরার যন্ত্রপাতি, হাঁস, মুরগির খাদ্য, সুতি, রেশম, সুতো, বিদ্যুৎ, মাছ ধরার জাল, জৈব সার, ধান, পাট, নুন ইত্যাদিও আছে, সেইগুলোতে ছাড় দেওয়া হয়েছে। এক টাকা কর ধার্য করা হবে সোনা-রূপার তৈরি গহনার উপর এবং চা যে নিলাম হচ্ছে, তার উপর এক শতাংশ ধরা হবে। ৮৯টি পণ্যের মধ্যে ইঁট, বিড়ির পাতা, সাইকেল, রিক্সা, ওষুধের মৌলিক রাসায়নিক উপাদান, ভোজ্য তেল, ময়দা, সুজি, বিদেশে রপ্তানি করা পণ্যের উপর কর ধার্য করা হবে না। আমরা দেখছিলাম, একবার কাঁচা মালের উপর কর বসাচ্ছে আবার কাঁচামাল থেকে জিনিস যখন তৈরি হচ্ছে তখন একবার কর নেওয়া হচ্ছে। ভ্যাটে দেখলাম—দুবার নয়, একটা মাত্র ক্ষেত্রেই কর নেওয়া হবে। এটাও তো ভাবতে হবে আমাদের। ৫ লক্ষ টাকার কম ব্যবসায়ের ক্ষেত্রে করের আওতায় আসবে না। ৫ থেকে ২৫ লক্ষ টাকা আয় যাদের তাদের কিছু কর দিতে হবে। ওষুধের ব্যবসায়ী বন্ধুদের কিছু প্রশ্ন থাকতে পারে। তাদের বোঝাতে হবে, তাদের মধ্যে যে মৌলিক আশংকা, সেটা দূর করতে হবে। ট্যাক্স ইন্সপেক্টররা যাতে এর সুযোগ নিয়ে সাধারণ মানুষের উপর অত্যাচার না করতে পারে সেটা সরকারকে খেয়াল রাখতে হবে। ধন্যবাদ।

[3.00—3.10 p.m.]

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় এখানে ভ্যাটের উপর যে বিল এনেছেন এর উপর মাননীয় সদস্য সৌগত রায় এবং অতীশ সিন্‌হা মহাশয় বক্তব্য রেখেছেন। স্যার অর্থমন্ত্রী এখানে তড়িঘড়ি করে যেভাবে ভ্যাট চালু করছেন, তাতে মনে হচ্ছে যে, ভ্যাট চালু না করতে পারলে যেন পশ্চিমবঙ্গের মানুষের সর্বনাশ হয়ে যাবে। তাই স্যার, আবার বলছি যে, ভ্যাট যদি এইভাবে তড়িঘড়ি করে চালু করার চেষ্টা হয় তাহলে কিন্তু পশ্চিমবঙ্গের চরম সর্বনাশ হয়ে যাবে। অসীমবাবু বলেছেন যে, অর্থনৈতিক দিক থেকে কেন পশ্চিবঙ্গ পিছিয়ে গেছে। এই বিষয়ে তিনি একটা পুস্তিকা বের করেছেন সেখানে বলা হয়েছে রাজ্যের নিজস্ব বিক্রয় কর আদায়ে ৬০০ কোটি টাকা ঘাটতি। অর্থাৎ সরকার কেন দূর্বল, সরকার কেন দেউলিয়া হল অর্থনৈথিক দিক থেকে তার কারণ দেখাতে গিয়ে অসীমবাবু বলেছেন যে, ট্যাক্স কম আদায় হচ্ছে। অসীমবাবুর খামখেয়ালিপনার জন্য, যখন তখন, যেখানে সেখানে ট্যাক্স বসাবার ফলে ট্যাক্স আদায় হয় না। ট্যাক্স কম আদায় হচ্ছে। আপনি প্রথমে সেভেন অ্যান্ড হাফ পারসেন্ট ট্যাক্স প্রথম চালু করেন হোয়াইট টু কেরোসিনের উপর এবং তখন গ্রামবাংলা মানুষ কেরোসিন পাচ্ছিলেন। কিন্তু হঠাৎ করে তিনি কি ভাবলেন যে ওই সেভেন

অ্যান্ড হাফ পারসেন্ট ট্যাক্স ঠিক হচ্ছে না, ২০ পারসেন্ট ট্যাক্স বেশি নাও। আপনি ২০ পারসেন্ট ট্যাক্স লাগু করলেন। এর ফলে দেখা গেল যে সমস্ত ডিলাররা কেরোসিন ইমপোর্ট করত, তাদের কাছ থেকে আপনি কোটি কোটি টাকা আদায় করতে পারতেন, কিন্তু তারা বিদেশ থেকে কেরোসিন আনা বন্ধ করে দিলেন। এবার সেখান থেকে ৬০০ কোটি টাকা কম আদায় হচ্ছে। এখন পশ্চিমবঙ্গ চোরাকারবারীদের স্বর্গরাজ্যে পরিণত হয়ে গেছে। অসীমবাবুর ভুল সিদ্ধান্তের ফলে পশ্চিমবঙ্গ, প্রতিদিনই অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে গেছে। আবার তিনি নতুন করে ভ্যাট চালু করছেন এবং পশ্চিমবঙ্গের আরও চরম সর্বনাশ করে দিচ্ছেন। আপনি পেট্রোল ডিজেলের উপর সেস বসালেন কেন ? উড়িষ্যা থেকে আরম্ভ করে বিহার ভারতের কোনো রাজ্যে পেট্রোল ডিজেলের উপর যেটা টপ এসেনসিয়াল কমোডিটিস তার উপর সেস বসালেন না। কিন্তু আপনি সেস বসিয়ে দিলেন ১ পারসেন্ট। এর ফলে আমরা দেখছি যে, বিহার উড়িষ্যা আমাদের লাগোয়া রাজ্য ওখান থেকে পেট্রোল ডিজেল কিনে আনছে। অসীমবাবু দেখুন লক্ষ লক্ষ টাকা পেট্রোল ডিজেল কম বিক্রি হচ্ছে পশ্চিমবঙ্গে। উনি ভাবলেন সেস বসিয়ে এক টাকা করে আদায় করে অনেক টাকা আদায় করতে পারবেন। তাড়াহুড়ো করে যেভাবে হোক অর্থ আনতে হবে সরকার দেউলিয়া হয়ে গেছে, এই যে সিদ্ধান্তগুলো অসীমবাবু নিচ্ছেন, তাঁর এই যে ভাবনা যে ভাবনার উপর তিনি সিদ্ধান্তগুলো নিচ্ছেন সেই সিদ্ধান্তের কুফল পশ্চিমবাংলার মানুষ প্রতি মুহূর্তে দেখতে পাচ্ছে। ভ্যাট আগামী দিনে মস্তবড় সমস্যা এনে দেবে। আজকে দেখুন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, Vat or Value Added Tax is a proposed form of taxation which would be replacing the existing taxation system of single first point tax. Vat would be a multiple point taxation system as the dealers would collect tax on each and every point of sale until the commodity reaches the consumer for direct use. অর্থাৎ একই জিনিসের উপর বারবার কর বসাতে হবে, কর ধার্য হবে। সিস্টেমটা কিভাবে হবে যেটা সৌগতবাবু এবং অতীশদা বলেছেন যে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে ভ্যাট চালু হলে সেলস্ ট্যাক্স আদায়ীকৃত অর্থ, তার থেকে অনেক বেশি টাকা আমাদের রাজ্য ভ্যাট থেকে পেতে পারে। কিভাবে পেতে পারে, কিভাবে আদায় করবেন সে বিষয়ে পরিষ্কার করে কিছু বলা নেই এবং ভ্যাটের শুরুতে আমার মনে হয় যে যেটা হয়েছিল, কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যের অর্থমন্ত্রীদের নিয়ে যে কমিটি করে দিয়েছিলেন তার চেয়ারম্যান অসীমবাবু। যেহেতু তাঁর চেয়ারম্যানশিপে এই কমিটি তাই তিনি ভ্যাট চালু করার সিদ্ধান্ত গ্রহণ করে ফেললেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্য যখন ভ্যাট চালু করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে উঠতে পারেনি, পশ্চিমবাংলায় ওভার নাইট ভ্যাট চালু করার সিদ্ধান্ত নিয়ে ফেললেন। ট্রেডারসদের অ্যাওয়ার করার দরকার নেই, ট্রেডারসদের ভ্যাট সম্বন্ধে তাদের কাছে পরিষ্কার করে কোনো চিত্র তুলে ধরার দরকার নেই, ওভার নাইট ভ্যাট চালু করে দেবেন। আমি অর্থমন্ত্রীর কাছে জানতে চাই যে বর্তমানে যে ট্যাক্স সেলস্ ট্যাক্স চালু আছে তাদের থেকে আরও বেশি অর্থ আদায় করার জন্য ভ্যাট যে চালু করবেন সেটা কিভাবে ? আদায় হবে কিভাবে ? এটা আপনি জবাবী ভাষণে বলবেন। আমি মনে করি ভ্যাট চালু হওয়া মানে, "compulsory registration with

the Sales Tax Department for small and medium traders would implement INSPECTOR RAJ"—অর্থাৎ রেজিস্ট্রেশনটা বাধ্যতামূলক করতে যাচ্ছেন সেখানে দেখা যাবে আপনার সেলস্ ট্যাক্সের ইনসপেক্টররা যাচ্ছেন, এদের অত্যাচারে কতটুকু ট্যাক্স পাবেন বড়ো বিষয় নয় কিন্তু এক এক জন ইনসপেক্টর তারা বিত্তশালী হয়ে যাচ্ছেন। যারা কর্মরত রয়েছে তাদের বিরুদ্ধে আপনি কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারলেন না বা আপনার করার কোনো ক্ষমতা নেই। সেলস্ ট্যাক্সের কর্মরত ইনসপেক্টররা বিত্তশালী হচ্ছেন। এই ভ্যাট চালু করতে গিয়ে আপনি নতুন করে ইনসপেক্টর রাজ কায়েম করতে যাচ্ছেন। এটা আপনি ভেবে দেখবেন। শুধু খেয়ালের বশে এটা করা যায় কিনা। আজকে পশ্চিমবাংলার শিল্প শেষ হয়ে যাচ্ছে। বাংলার ভবিষ্যৎ অন্ধকার। হোসিয়ারি শিল্প পশ্চিমবাংলায় এক নম্বর শিল্প ছিল। ভারতবর্ষের সমস্ত মানুষের কাছে হোসিয়ারি শিল্পসামগ্রী পৌঁছে দিত।

[3.10—3.20 p.m.]

আজকে পশ্চিমবাংলায় ভুল ট্রেড ইউনিয়নের ভ্রান্তনীতির ফলে সেলস্ ট্যাক্স ইমপ্লিমেন্টেশানের জন্য আজকে হোসিয়ারি শিল্প কোথায় এসে দাঁড়িয়েছে। অথচ হোসিয়ারি শিল্প হচ্ছে ক্ষুদ্রশিল্প যার মধ্যে হাজার হাজার মানুষ কর্মরত রয়েছেন। এই শিল্পকে যদি আমরা ঠিকমতো বজায় রাখতে পারি তাহলে এককভাবে এই হোসিয়ারি শিল্প অনেক বেকারের বেকারত্ব দূর করবে এবং পশ্চিমবাংলাকে এগিয়ে নিতে যেতে পারবে। সেলস্ ট্যাক্স ইমপোজ করার যে মানসিকতা তার ফলে হোসিয়ারি শিল্প কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আপনি দিল্লিতে যান এবং ১০০ টাকা দামের যে কোনো হোসিয়ারি গারমেন্টস কিনুন তার কোনো ট্যাক্স নেই। জিরো ট্যাক্স। আর উইদিন দা স্টেট আপনি ২ পারসেন্ট ট্যাক্স বসালেন এবং আপনার ২০০২-০৩ সালের বাজেট ভাষণে বললেন হোসিয়ারি শিল্পের স্বার্থে ১ পারসেন্ট ট্যাক্স তুলে নিচ্ছি। ২ পারসেন্ট ট্যাক্স আপনি যা আদায় করছিলেন—হোসিয়ারি শিল্পের ট্রেডার্সদের কাছে অঙ্গীকার করেছিলেন ১ পারসেন্ট ট্যাক্স তোমাদের ফেরত দেব। হোসিয়ারি শিল্পের ট্রেডার্সরা আজও ফেরত পেয়েছে কি ? আপনার কোষাগার শূন্য, আপনার পয়সা নেই। আপনি প্রতিশ্রুতি দেন অথচ প্রতিশ্রুতি পালন করেন না। পশ্চিমবাংলাকে তিলে তিলে আর্থিক দিক থেকে এক অন্ধকারে নিয়ে গেছেন। আপনার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করে বলি আপনি একজন বিদ্বান, পণ্ডিত মানুষ, আপনি দয়া করে পশ্চিমবাংলাকে আর অন্ধকারে নিয়ে যাবেন না। ভ্যাটের ব্যাপারে যেটা সৌগতবাবু বলেছেন যে এটাকে সিলেক্ট কমিটিতে পাঠান, সেখানে এটাকে ভালো করে বিচার-বিশ্লেষণ করুন যাতে ভ্যাট পশ্চিমবঙ্গের মানুষের অকল্যাণ না করে। পশ্চিমবঙ্গ রাজ্যের অগ্রগতি যেন আটকে না থাকে। আশা করি আপনি আমার প্রস্তাব গ্রহণ করবেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় : মিঃ ডেপুটি স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ভ্যালু অ্যাডেড ট্যাক্স নিয়ে এখানে বিল উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের বিরোধী পক্ষে যাঁরা আছেন বিশেষ করে সৌগতবাবু এবং অতীশবাবু কার্যত একে সমর্থন করেছেন। তারকবাবুর বক্তব্য কন্ট্রাডিকটারী, যার সঙ্গে সৌগতবাবু এবং অতীশবাবুর বক্তব্য মিলছে না। যাই হোক এখানে এঁনারা বলেছেন যে তড়িঘড়ি এই বিল উত্থাপন করা হয়েছে।

এখন আমি বলি যে বেশ কয়েক বছর ধরে এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স ইমপোজ করার কথা আলোচনা হচ্ছে সারা দেশে। এই আলোচনার পরিপ্রেক্ষিতে ১৯৯৯ সালে ১৬ই নভেম্বর যশোবন্ত সিন্‌হা সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীদের নিয়ে যে বৈঠক করেন তাতে আলোচনা হয়— আপনারা যদি বলতেন ভ্যালু অ্যাডেড ট্যাক্স এই বিলটা আরও আগে আনা উচিত ছিল তাহলেও না সেটা সঠিকভাবে বলতে পারতেন। কিন্তু সেটা আপনারা বলছেন না, আপনারা বলছেন ইমিডিয়েট কেন এটা আনা হল। আপনারা কি জানেন ২৫টা রাজ্যে অলরেডি করে ফেলেছে এবং আমরা জানি বিদেশেও এই ভ্যাটের উপরে বিল ইমপোজ করার ক্ষেত্রে তারা একটা ভূমিকা গ্রহণ করেছেন। এই যে আপনারা বলছেন তড়িঘড়ি হচ্ছে, অঙ্কে কিন্তু সেটা হচ্ছে না। আমাদের অর্থমন্ত্রী মহাশয় এই বিল আগেই আনতে পারতেন কিন্তু আনেননি। এবং আমার মনে হয় যথা সময়েই এনেছেন। তিনি আরো স্টাডি করতে চেয়েছেন। রাজ্যের অভ্যন্তরে, রাজ্যের ব্যবসায়ী মহল এবং অন্যান্য যারা রয়েছেন তাদের সঙ্গে আলাপ-আলোচনা তিনি চালিয়েছেন একবার নয়, একাধিকবার নয়, বহুবার। এবং তার পর আজকে তিনি এই বিল আমাদের সামনে উপস্থিত করেছেন। এই বিল উপস্থিত করার একটা মূল কারণ হল, মাননীয় সৌগতবাবু রাইটলি বলেছেন, সেটা হচ্ছে, সেলস্ ট্যাক্সের ক্ষেত্রে বিভিন্ন রাজ্যের মধ্যে যে ডিজপ্যারিটি ছিল সেখানে প্যারিটি আনা দরকার ছিল। একই জিনিসের বিহারে এক দাম হবে, উড়িষ্যায় এক দাম হবে আর পশ্চিমবঙ্গে অন্য রকম দাম হবে এটা মেনে নেওয়া যায় না। সমস্ত রাজ্যই এই বিষয়ে আপত্তি উঠিয়েছিল এবং সেন্ট্রাল গভর্নমেন্টও এটা মেনে নিয়েছিল। সেন্ট্রাল গভর্নমেন্টকেও বিষয়টা বোঝানো হয়েছিল যে, ভ্যালু অ্যাডেড ট্যাক্স ইমপোজ করা হচ্ছে ঘাটতি পূরণের জন্য। কাজেই এটা বহু আলোচিত বিষয়। বহুদিন থেকেই ভ্যালু অ্যাডেড ট্যাক্স, সেলস্ ট্যাক্সকে কেন্দ্র করে বিভিন্ন রাজ্যের মধ্যে প্যারিটি আনার ক্ষেত্রে আপনারা কেন বিরোধিতা করছেন তা আমরা বুঝতে পারছি না। এটা ঠিকই যে একটা নতুন জিনিস, নতুনভাবে এটা আসছে। সেলস্ ট্যাক্স ছিল ভ্যালু অ্যাডেড ট্যাক্স হবে। ব্যবসায়ীর মহলের সঙ্গে এবং অন্যান্য মহলের সঙ্গে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়েছে এটা সত্য। কিন্তু সাধারণ মানুষের মধ্যে, সুতি বস্ত্র বা ওষুধ ব্যবসায়ীদের ক্ষেত্রে ডিলারদের ক্ষেত্রে এটা প্যানিকের মতো হয়েছে। এটা যাতে না হয় সেটা দেখা দরকার। মাননীয় অর্থমন্ত্রী একটা নির্দিষ্ট মহলের সঙ্গে আলোচনা করেছেন, সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে আলোচনা করেছেন, বিভিন্ন রাজ্যের অর্থমন্ত্রীদের সঙ্গে আলোচনা করেছেন, কিন্তু জনগণের মধ্যে বিষয়টা আরো ভালো করে সার্কুলেশনের প্রয়োজন আছে, এ ব্যাপারে তাদের এডুকেট করা দরকার। জনসাধারণকে বিষয়টা ভালো ভাবে বোঝানো দরকার। যে যে বিষয়গুলোর উপর ভ্যালু অ্যাডেড ট্যাক্স বসবে না তা বলা হয়েছে। কিছু কিছু বিষয়ে আবার ১ পারসেন্ট, ৪ পারসেন্ট ট্যাক্স বসবে। কৃষিক্ষেত্র, ক্ষুদ্র শিল্প প্রভৃতি কয়েকটা ক্ষেত্রে ট্যাক্স বসবে না। এগুলো এখানে পরিষ্কার করে বলা হয়েছে। কিন্তু এটা জনসাধারণের মধ্যে নিয়ে যাওয়ার দরকার আছে। কাজেই এই ধরনের একটা ব্যবস্থা মাননীয় অর্থমন্ত্রীকে করতে অনুরোধ করব। যাদের জানবার তারা জানে। কিন্তু এ ব্যাপারে সাধারণ মানুষেরও আগ্রহ আছে। এটা একটা নতুন সিস্টেম চালু হচ্ছে। সুতরাং মানুষকে আরো বোঝাবার বা এডুকেশন করার দরকার। না তার জন্য সিলেক্ট কমিটির দরকার নেই। একটা কথা যেটা মাননীয় সৌগতবাবু বলেছেন এবং আমাদের অর্থমন্ত্রীও প্রকারান্তরে সেই কথা বলতে চেয়েছে এবং

আমরাও বলছি, ব্যবসায়িক সংগঠন থেকে এক-আধটা চিঠিও এসেছিল, এটা চালু করতে গেলে যে পরিকাঠামো দরকার সেই পরিকাঠামোর ব্যাপারে একটা প্রশ্ন তোলা হয়েছিল। তবে পরিকাঠামো কথা না ভেবেই এই বিল আনা হয়েছে বলে আমার মনে হয় না। পরিকাঠামোর ব্যাপারে এই সভাকে এসিওর করা দরকার যে পরিকাঠামোর উন্নয়নের জন্য বা মর্ডানাইজ করার জন্য এই এই ব্যবস্থা নেওয়া হয়েছে। এটা বলা দরকার। আরেকটা ব্যাপারে হচ্ছে, ক্রিমিনালাইজেশন বলুন বা অসাধুতাই বলুন, আমাদের সমাজে যত সংকট বাড়বে, সোসিও-ইকোনোমিক কন্ডিশন যত খারাপ হবে ততই এটারও অবনতি হবে এবং পুঁজিপতি ব্যবস্থার মধ্যে এই অসাধুতা বা ক্রিমিনালাইজেশনের প্রভাব পড়বে। এটা আমরা সবাই জানি।

[3.20—3.30 p.m.]

আমরা যারা বামপন্থী তারা খুব অ্যাওয়ার। কিন্তু এটা করতে গিয়ে যে কথাটা এঁরা বলছেন বা কেউ কেউ এটা মনে করতে পারেন, যদি দেখা যায়—এ ব্যাপারে ওঁরা বলছেন যে, তথাকথিত ইন্সপেক্টর রাজের কথা বলছেন—এই ধরনের অভিযোগ আসার সঙ্গে সঙ্গে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাতে হয়, যারা চুরি করবেন, রক্ষকই যদি ভক্ষক হয়ে যান, সে ক্ষেত্রে এটা কঠোরভাবে দেখা দরকার। যাতে যে উদ্দেশ্যে এটা করা সেখানে ট্যাক্সেশনের বিষয়টা সরলীকরণ করার উপর বিশেষ করে সংরক্ষণ করার ক্ষেত্রে যে ভূমিকা নিচ্ছেন সেটার ক্ষেত্রে কী ব্যবস্থা করবেন। মাননীয় তারকবাবু আপনার বক্তব্য কনট্রাডিক্টরি। আপনি বলছেন, সারা দেশে ভয়ংকর সংকট চলছে, ক্ষুদ্র-কুটির শিল্প ধ্বংস হয়ে যাচ্ছে। আমি জানি না, আপনি তলিয়ে ব্যাপারটা বলছেন, না কি উপর উপর বলছেন। আপনি যে দলের সদস্য সেই দল কেন্দ্রে যে এন.ডি.এ. গভর্নমেন্ট রয়েছে সেই এন.ডি.এ. গভর্নমেন্টের সঙ্গে রয়েছে। আজকে একটা জিনিস পরিষ্কার করে আপনাকে বলতে হবে— গ্লোবালাইজেশন—এটা হচ্ছে পক্ষান্তরে ইউ.এস. ইম্‌পেরিয়ালিজম্—ইউ.এস. ইম্‌পেরিয়ালিজম্ থ্রু আই. এম.এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং ডাব্লু.টি.ও., তার মাধ্যমে হচ্ছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছিলেন তাতে তিনি বলেছিলেন, টোটাল রেভিনিউ যেটা আর্ন করেন তার ৪৮.৮ পারসেন্ট বিদেশে ঋণের সুদ দিতে চলে যায়, সেই ঋণের খুব হাই ইন্টারেস্ট। ইন্ডিয়া গভর্নমেন্ট যদি এই বিষয়ে প্রশ্ন তোলেন তাহলে আই.এম.এফ. আপনাদের সাসপেন্ড করবে। তাহলে সেখানে দাঁড়িয়ে ব্যাপারটা একটা যুক্তির মধ্যে আসুন, আপনি যুক্তির বিন্যাসে বলুন। আপনি বলবেন ধ্বংস হয়ে গেল, কিন্তু কেন ধ্বংস হল সেটা তো যুক্তি দিয়ে বলবেন। এটা ধ্বংস হয়েছে কেন্দ্রে যে গভর্নমেন্ট রয়েছে তাদের জন্য এবং আপনাদের দল সেই গভর্নমেন্টের সঙ্গে রয়েছে তাদের জন্য এবং আপনাদের দল সেই গভর্নমেন্টের সঙ্গে রয়েছে, আজকে তাদের স্লোগান হল—'গভর্ন উইদাউট গভর্নমেন্ট' এবং সেটা মার্কিন সাম্রাজ্যবাদীদের জন্য আজকে এই অবস্থা হয়েছে, আমাদের জন্য নয়। আজকে সেই কথা স্মরণ করিয়ে দিতে চাই। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি যে সাজেশনগুলো রাখলাম মাননীয় অর্থমন্ত্রী সেটা বিবেচনা করবেন বলে আশা করছি।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে এই বিলটির সম্বন্ধে কয়েকটা ত্রুটির কথা পয়েন্ট আউট করতে চাই। প্রথমত হল, আপনি যে তাড়াহুড়া করছেন সে ব্যাপারে মাননীয় সৌগতবাবু বলেছেন যে, 'আপনি পরে

এটা প্লেস করুন'। এই বিলে সেকশন ওয়ানে বলেছেন, this section shall come into force at once. অ্যাট ওয়ান্স বললেই হয়ে যাবে ? প্রেসিডেন্টের অ্যাসেন্ট না পেলেও হয়ে যাবে ? তারপর আবার আপনি বলছেন, "and the remaining provisions of this Act shall come into force on such date or dates as the State Government may, by notification, appoint, and different dates may be appointed for different provisions of this Act."

সেকশন-টু-তে আপনি বলেছেন, it extends to the whole of West Bengal. সেকশনগুলোতে ছোটো ছোটো নোটিফিকেশন হবে। এটা প্রেসটিজ ইস্যু না করে সিলেক্ট কমিটিতে পাঠান, আপনি নিজেই এগুলোর একেক্ট দিচ্ছেন না। শুধু তাই নয়, act will come into effect. কিন্তু আপনি জানেন, section will not come into effect unless notification. তাহলে আপনি কবে নোটিফিকেশন করবেন ? আপনাকে ফার্স্ট এপ্রিলের মধ্যে নোটিফিকেশন করতে হবে। দ্বিতীয়ত, আমি বলছি, আপনি দেখুন, Section 54—Recovery of tax, penalty and interest and refund, service of a notice of demand আপনি বলছেন, আন্ডার দি ক্লজ, নোটিশ দেওয়ার সঙ্গে সঙ্গে, যে ডিলার সেই ডিলার যদি তার প্রপার্টি অন্য কোনো লোক বা পারচেজার্সকে বিক্রি করে তাহলে সেটা সরকার ব্রেক্ করতে পারে। সেকশান ৫৪-এ বলা আছে। তো আমি ধরুন একটা প্রপার্টি কিনছি একজন ডিলারের কাছ থেকে। সে লোকটা সেলস্ ট্যাক্স ফাঁকি দিয়েছে, তো আমি জানব কি করে ? সুতরাং দেয়ার মাস্ট বি এ প্রভিশান—যে তার প্রপার্টি যখন অ্যাটাচ করবেন সেটা অ্যাপ্রোপ্রিয়েট অথরিটির কাছে জানিয়ে দেওয়া দরকার যে—প্রপার্টিটা যাতে না কেনা হয় এবং তার আগে যদি কেউ কিনে থাকে সেটাকে অ্যাটাচ করার অধিকার গভর্নমেন্টের থাকবে না। এবং মজার ব্যাপার হল, আপনি এখানে একই কথা বলেছেন সেকশান ৫৪ সাব-সেকশান ২ বলেছেন—"Notwithstanding anything contained in sub-section(1), no charge or transfer or delivery of possession of immovable property shall be void if it is made bonafide and for adequate consideration." তো এই যে ডিসক্রিয়েশানটা দিয়ে দিলেন গভর্নমেন্ট সারভেন্টদের উপর—এতে তো ঘুষ খাওয়ার রাজত্ব হবে। কোন্‌টা বোনাফাইডি আর কোন্‌টা মেলাফাইডি এটা ঠিক করার অধিকার করে দিলেন কয়েকজন সরকারি আমলার ওপর এইটা একটু দেখা দরকার। তারপর আর একটা জিনিস করেছেন যে আপনারা রিভিউ এবং রিভিউ করার স্কোপ রেখেছেন মেনটেনেন্স ৩০০, অ্যাকাউন্টস বাই ডিলার। এই সেকশান ৬৩-তে প্রত্যেক ডিলারকে প্রত্যেকটা স্টেপে আপনি অ্যাকাউন্টস মেনটেনেন্স করতে বলেছেন। আপনি সেলস্ ট্যাক্সের মন্ত্রী—নিশ্চয়ই সৎ ব্যক্তি কিন্তু চুরিটা কিভাবে হয় বোধহয় খবর রাখেন না। আপনার অফিসাররা আগে একটা স্টেপে ঘুষ খেত। সেটা হচ্ছে ফাইনাল স্টেজে। এখন প্রত্যেকটা স্টেপে গিয়ে ঘুষ খাবে, প্রত্যেককে বলবে যে বুক অফ অ্যাকাউন্টস প্রোডিউস করো। প্রডিউস করতে পারবে না। একটা মামলা না করে পরের স্টেজে যাবে, সেখানে ঘুষ খাবে। মানে যতবার ট্যাকসেশানের স্কোপ আপনি করবেন ততবারই ঘুষ খাবে। সুতরাং মেনটেনেন্স অফ অ্যাকাউন্টস অ্যান্ড রেকর্ডস

এটা আপনি এখানে একটু দেখুন। নিশ্চয়ই এগুলি দেখবেন। তারপর আর একটা মজার ব্যাপার হচ্ছে যে আপনি এখানে বলেছেন যে—যে কেউ ওই অ্যাসেসমেন্টের বিরুদ্ধে অ্যাপিল করতে পারে অথবা রিভিশানে যেতে পারে তারপর রিভিউয়ে যেতে পারে। আবার অ্যাপিলেট অথরিটিকে বলেছেন এবা রেফার করবে টু দি ট্রাইব্যুনাল। মানে আমি, আমার বিরুদ্ধে একটা অভিযোগ উঠল, অ্যাপিল করলাম, অ্যাপিল ফেল করল, আমি রিভিশান করলাম, রিভিশান ফেল করল—তো সেখানে এই গভর্নমেন্ট পাঠাবে এই ব্যাপারটা—গভর্নমেন্ট পাঠাবে টু দি ট্রাইবুনাল এবং সেটা বলছেন ১ বছর বসে থাকতে হবে। অর্থাৎ আমার টাকাটা আটকে রেখে দিল, ইচ্ছে করে আমরা ২০ লক্ষ টাকা সেল্‌স ট্যাক্স অ্যাসেসমেন্ট দিয়ে দিল তারপর অ্যাপিলেট অথরিটিতে আমারটা ফেল করেছিল, রিভিশানাল অথরিটিতেও ফেল করেছিল আমি ট্রাইবুনালে যেতে পারব না ১ বছর ধরে যতক্ষণ না এই অ্যাসেসিং অথরিটি পারমিশান দেবে আমাকে এবং বলছেন যে এই ১ বছর রাখার দরকার কারণ নাকি তদন্ত করতে লাগবে। এই তদন্ত করতে ১ বছর লাগবে। ততদিনে ব্যবসা মোটামুটি ডকে উঠে যাবে। আমাদের বিরোধী পক্ষ বলে আপনি অন্যভাবে নেবেন না, আমরা আপনাদের সাহায্য করারই চেষ্টা করছি। তারপর বলেছেন যে—মেনটেনেন্স অফ্ অ্যাকাউন্টস বাই ট্রান্সপোর্টার, কেরিয়ার অর ট্রান্সপোর্টিং এজেন্ট অ্যান্ড ইন্সপেকশান সার্চ অ্যান্ড সিজার অফ সাচ অ্যাকাউন্টস আর একটা ঘুষের জায়গা। লরি ধরবে, পয়সা দাও। ট্রাক ধরবে, পয়সা দাও। এবং আর একটা মজার ব্যাপার হচ্ছে আপনি এখানে চেক পোস্ট প্রভিশান করেছেন। আপনি জানেন ছায়া ঘোষের ডিপার্টমেন্ট। মাননীয় মন্ত্রী ছায়া ঘোষের ডিপার্টমেন্ট একটা করে বাঁশ টাঙিয়ে দিচ্ছে—বলে এখানে পয়সা দিতে হবে। মার্কেটিং জোন। আমি এখানে বিক্রি করি-না করি, পয়সা দিতে হবে। সেই পয়সা, যেখানে হয়ত ট্যাক্স ১ শত টাকা লাগবে সেখানে ১০ টাকা ঘুষ দিয়ে লরি বেরিয়ে যাচ্ছে। সুতরাং এখানে মেজার টু রেগুলেট ট্রান্সপোর্ট অফ্ গুড্‌স, চেকপোস্ট। এই চেকপোস্টটা আপনি একটু দেখুন। কাদের বসিয়েছেন। আর একটা বোঝার আছে সেটা আপনাকে একটু জিজ্ঞাসা করার ছিল যে এই যে এন্ট্রি ট্যাক্স বসাচ্ছেন, এই এন্ট্রি ট্যাক্সটা কি প্রাইস কম্পোনেন্টে যোগ দিচ্ছেন ? তার ওপর কি ফাইন্যাল ট্যাক্সটা হবে। আমি একটা গুড্‌স তৈরি করব—আপনি বলছেন যে ইনপুট কস্টটা আউটপুটে যে কস্ট থাকবে তার থেকে বাদ যাবে। এই যে ইমপুট কস্ট এখানে এই ইমপুট কস্টের মধ্যে কি এন্ট্রি ট্যাক্সটা পড়বে ? এন্ট্রি ট্যাক্সটা কি ব্যবসায়ী বাদ পাবে ? এইখানে কিন্তু কোনো কিছু বলা নেই। সুতরাং এটা আপনি দেখুন যে এন্ট্রি ট্যাক্সটা আপনি বন্ধ করুন অথবা এন্ট্রি ট্যাক্সটা যদি করেন তাহলে ইমপুটের মধ্যে ধরুন যাতে ব্যবসায়ীরা ছাড় পায় এবং বেশির ভাগ ব্যবসায়ীদের এটা আপত্তি। আপনার ভ্যাটের বিরুদ্ধে কেউ আপত্তি করছে না—সারা ভারতবর্ষে আপত্তি করছে এই মালটিপ্‌ল সিস্টেমের বিরুদ্ধে, প্রত্যেক স্টেজে যে ট্যাক্সেশানের ব্যাপারটা করেছেন তাতে ব্যবসায়ীরা পাগল হয়ে যাবে। একটা লোকই রেখে দিতে হবে জেল খাটার জন্য। বেল নেওয়ার জন্য। প্রেসিডেন্ট আছে অনেক জায়গায়। ডিরেক্টর আছে এবং ডিরেক্টার (অ্যাডমিনিস্ট্রেশান) আছে। এখন ডিরেক্টার (জেল) রাখতে হবে মানে কিছু হলে জেলে সে ঢুকে যাবে। প্রত্যেক ব্যবসায়ীকে এইরকম একটা লোক রাখতে হবে।

[3.30—3.40 p.m.]

আপনি সারা পশ্চিম বাংলার জন্য স্টেট অ্যাপিলেট অথরিটি করেছেন কলকাতায়। স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল, ল্যান্ড ট্রাইবুন্যাল, সব কলকাতায়। সর্বক্ষেত্রে সুদূর উত্তরবঙ্গের লোকেদের কলকাতায় আসতে হবে। নর্থ বেঙ্গলেও আপনি অ্যাপিলেট ট্রাইবুন্যাল করুন। একাধিক অ্যাপিলেট ট্রাইবুনাল হোক—একটা শিলিগুড়িতে, একটা কলকাতায়, একটা মালদায়। এখানে আপনি একটা ট্রাইবুনালের কথাই বলছেন এবং সেটা থাকবে কলকাতায়। অর্থাৎ জলপাইগুড়ির লোককে ট্রাইবুনালে আসার জন্য কলকাতায় আসতে হবে। ছোট ব্যবসায়ীরা কী করবে ? আর একটা ব্যাপার আছে : যে অ্যাপিল করবে তাকে ২০% আগে জমা রাখতে হবে। জমা রেখে অ্যাপিল করতে হবে। কেউ আর্বিটারি ১ কোটি টাকা ট্যাক্স ধার্য করে দিল, সে ক্ষেত্রে ২০ লক্ষ টাকা জমা রেখে আসতে হবে। যদিও এখানে লিখেছেন অ্যাপিলেট অথরিটির ডিসক্রিশন আছে, ছাড় দিতে পারে। কিন্তু ২০ লক্ষ টাকা একজন লোক কেন দেবে ? তারপর আপনি প্রথমেই বলেছেন, কোনো সিভিল কোর্ট এটা বিচার করতে পারবেন না। আমি বলব, সিভিল কোর্টের প্রোভিশনটা রাখুন। আমাদের প্রত্যেক জেলায়ই একটা করে সিভিল কোর্ট আছে। আজকে যে কোনো সাধারণ ব্যবসায়ীরই ৫ লক্ষ টাকার বেশি টার্নওভার এবং তাদের বড়লোক ব্যবসায়ী বলা যায় না। আজকে ২০/২৫ লক্ষ টাকার নীচে কোনো ব্যবসা হয় না। যে কোনো ব্যবসায় ১০টা লোক খাটলে বছরে ১ লক্ষ টাকার ওপর মাইনে দিতেই চলে যায়। তাও ভালো মাইনে নয়। সুতরাং সিভিল কোর্ট জুরিসডিকশনের মধ্যে এটা রাখলে কোনো ক্ষতি হত না। ফার্মাসিউটিক্যাল ম্যানুফ্যাকচাররা এর বিরোধিতা করেছে। কেমিস্টস অ্যান্ড ড্রাগিস্টার'রা বিরোধিতা করেছে। কেমিস্টস অ্যান্ড ড্রাগিস্ট্সরা বিরোধিতা করেছে। কেমিস্টরা কিছু কিছু ক্ষেত্রে স্ট্রাইক করেছে। এমনকি টি ইন্ডাস্ট্রির ওপর আপনি ১২.৫% ট্যাক্স করে দিয়েছেন, যেখানে আগে দিতে হত ৮%। অথচ এখানে একজন মন্ত্রী পর্যন্ত চা শিল্পকে বাঁচাবার জন্য বলছেন। এই বিধানসভায় আর. এস. পি. এবং ফরোয়ার্ড ব্লক চা শিল্পকে বাঁচার জন্য বার বার দাবি জানাচ্ছে। তারা বলছে যেভাবে চলছে তাতে চা শিল্প বাঁচবে না। আর সেই ইন্ডাস্ট্রির ওপর আপনি ১২.৫% ট্যাক্স বসাচ্ছেন ! এমনিতেই যে ইন্ডাস্ট্রি প্রচন্ড কম্পিটিশনের মুখে পড়েছে, তারপর আপনি এইভাবে আঘাত করছেন। অথচ এটা রাজ্যের একটা বড় ইন্ডাস্ট্রি ! কেরালা-সহ বিভিন্ন রাজ্য সরকার বলছে,—একটু সবুর করে আমরা এই বিল প্লেস করব। আর আপনি আজই আইন পাশ করছেন। আপনার বিলেই আছে, আপনি আইন পাশ করলেও সেকশনগুলি অকেজো থাকবে। অর্থাৎ আপনি একটা জড় শিশুর জন্ম দিচ্ছেন। এটা একটা জড় পদার্থ—এর ব্রেন নেই, হাত নেই, পা নেই। আপনি সেকশন প্রবর্তন করছেন, কিন্তু সেই সেকশনগুলি প্রযোজ্য হবে না। তাই আমি আপনাকে বলছি আপনি আজকে এই রকম একটা ইনপোটেন্ট, ইনফার্টাইল আইন পাশ করবেন না। আপনি এটা একটা পরে করুন, অন্যান্য রাজ্য কী করে দেখুন। আপনি নিশ্চয়ই ক্রেডিট নিতে চাইবেন। আপনি বিদ্যান, বুদ্ধিমান এবং সেটা ভারতবর্ষে সর্বজনবিদিত। আমরা সেটা স্বীকার করি। লেফ্ট ফ্রন্ট যদি ক্রেডিট নেবার জন্য মনুমেন্টের ওপর থেকে লাফ দেয় তাহলে সেটা ফার্স্ট পেজ নিউজ হতে পারে। কিন্তু সেটা সুইসাইডিয়াল, তাতে আমাদের আপত্তি নেই। ৮ এপ্রিল সারা ভারতবর্ষের অর্থমন্ত্রীরা বসছেন,

[illegible]

তাঁরা বসে ঠিক করবেন কী হবে। আপনারা আইন পাশ করছেন, অথচ আপনাদের কোনো ইনফ্রাসট্রাকচার নেই। এখানে লিখেছেন, "This Section shall come into force at once ; and the remaining Provisions of this Act shall come into force on such date or dates as the State Government may, by notification, appoint, and different dates may be appointed for different provisions of this Act."

একটা আইন করলেন, ইট এক্সটেন্ডস টু দি হোল অব ওয়েস্ট বেঙ্গল তার কোথাও প্রযোজ্য হবে না। তাহলে কেন করলেন ? ক্রিমিনাল প্রোসিডিয়োরস কোড-এর কোনো আইন করে, কোনো নতুন আইন করে বলবেন তা প্রযোজ্য হবে না ! পলিউশন কন্ট্রোলের জন্য আইন করে বলবেন—এটা প্রযোজ্য হবে না ! তাহলে আপনি বিধানসভায় প্লেস করছেন কেন ? তাই আপনার বিদ্যা-বুদ্ধির কাছে আমার আবেদন, আপনি এই বিলটা সিলেক্ট কমিটিতে পাঠান, সবার মতামত নিন। অশোক ভট্টাচার্য মহাশয় একটু আগেই এখানে বসেছিলেন, তিনি মিউনিসিপ্যাল অ্যাক্ট নিয়ে প্রেসটিজ ইস্যু করেননি। এবং কেরলের অর্থমন্ত্রী যেটা বলেছেন, The Keral Government has decided to Postpond the implementation of Value Added Tax System from April. The State Finance Minister K. Sankaranarayanan said in a statement here that the decision was taken in view of the fact that many other states were not ready to implement VAT from April this year.—কোনো স্ট্রাকচার তৈরি হয়নি। এই কথা বলে আমি আবেদন জানাচ্ছি, এই বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠান, যেমন মিউনিসিপ্যাল বিল পাঠানো হয়েছে। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল ভ্যালু অ্যাডেড ট্যাক্স বিল, ২০০৩-এর সমর্থনে বক্তব্যে উঠে বিরোধী দলের মাননীয় সদস্যরা যে সংশোধনীগুলি এনেছেন বা যে বক্তব্যগুলি বলেছেন নির্দিষ্টভাবে সিলেক্ট কমিটিতে পাঠানো সেগুলির আমি বিরোধিতা করে বক্তব্য রাখছি ১০ ভাগে ভেঙে। প্রথম হচ্ছে, প্রেক্ষিত, তারপর ভ্যালু অ্যাডেড ট্যাক্স কেন এটা আমাকে বলতে হবে। ৩ নম্বর হচ্ছে, কর বিয়োগ পদ্ধতি, খুব সংক্ষেপে আর একবার বলব। ৪ হচ্ছে, ওপেনিং স্টকের একটা প্রশ্ন উঠেছে, সেটা বলতে হবে। ৫ হচ্ছে, পদ্ধতিগত বিষয়গুলি। ৬ হচ্ছে, নিরুপণের পদ্ধতি, ৭ হচ্ছে, ছোটো ব্যবসায়ীদের কীভাবে ছাড় দেওয়া হচ্ছে। ৮ হচ্ছে, করের হার যেখানে অনেকগুলি প্রশ্ন এসেছে, বিশেষ করে প্রভাবগুলি কী পড়বে সেটা আগেই যাবে। ৯ হচ্ছে, ক্ষতিপূরণ প্রস্তুতি ইত্যাদি নিয়ে যে প্রশ্ন উঠেছে আর যে প্রশ্নগুলি মাননীয় সদস্যরা রেখেছেন তা হচ্ছে ১০। প্রেক্ষিত ইতিমধ্যেই বলা হয়েছে। বলা উচিত এটার সূত্রপাত হয়েছিল ১৯৯৪-৯৫ সালে, তখন কেন্দ্রীয় অর্থমন্ত্রী ছিলেন ডঃ মনমোহন সিং। উনি ঠিক এইরকম একটা মিটিং ডেকেছিলেন, তবে সেই মিটিংয়ে কোনো সিদ্ধান্ত গৃহীত হয়নি। আমি তারপর থেকে তাই শুরু করছি, ১৬ নভেম্বর, ১৯৯৯ সালে সেই মিটিংটার কথা বলাই আছে যে মাননীয় মুখ্যমন্ত্রীরা, কেন্দ্রের তদানীন্তন যে অর্থমন্ত্রী শ্রী যশবন্ত সিন্‌হা তিনিও

ওই আহুত সভায় যান। যশবন্ত সিন্‌হা আগেই বলে দেন যে এটা রাজ্যের তালিকাভুক্ত বিষয়। বস্তুত রাজ্য তালিকার যে ৯৪ আইটেম তার থেকে ডিরাইভড হচ্ছে এটা, তাই রাজ্যরাই সিদ্ধান্ত নেবেন। তারপর এমপাওয়ার কমিটি ইত্যাদি হয়। সেই সভায় দুটি সিদ্ধান্ত মুখ্যমন্ত্রীরা নেন। একটি হচ্ছে, বিক্রয়করের ক্ষেত্রে একটু অরাজকতা ছিল, বিভিন্ন রাজ্যে বিভিন্ন করের হার, বিভিন্ন প্রতিযোগিতা—৮ শতাংশকে নামিয়ে ৬ শতাংশ করত। সেই প্রতিযোগিতা বন্ধ করা যায় কিনা নিম্নসীমা বেঁধে দেওয়া এবং সেই স্তরটা পৌঁছতে পারলে পরে রাজ্যস্তরে ভ্যাট্ চালু করা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা অবগত আছেন যে, কেন্দ্রীয় স্তরে ভ্যাট্ ৭/৮ বছর আগে থেকেই চলছে। এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স কেন—এটিও আলোচনায় যাচ্ছি। আমার ভালো লাগল যে বিরোধী দলের মাননীয় সদস্যরা অংশগ্রহণ করেছেন এবং তার সঙ্গে সরকার পক্ষের সদস্যরাও। তাঁরা আমাকে বলেছেন ভ্যাট্‌টাই হওয়া উচিত, নীতিগতভাবে সমর্থন করেছেন। কিন্তু এর কারণটা আমি আর একবার ব্যাখ্যা করছি। বর্তমানে যে বিক্রয়কর চালু আছে তাতে করের বোঝা পুঞ্জিভূত হয়, যে কোনো একটা জিনিস উৎপাদন করতে গিয়ে কাঁচামালের উপর একবার কর দিতে হয়। সেই কাঁচামালের উপর কর বহন করে উৎপন্ন হওয়ার পরে সেই পণ্যের উপরেও আর একবার কর দিতে হয়। কাঁচামালের উপর কর প্লাস পণ্যের কর, এই দুটো কর একত্রিত হয়ে গিয়ে করের বোঝা বেড়ে যায়। মানে ইনপুট ট্যাক্স প্লাস আউটপুট ট্যাক্স হয়। ভ্যালু অ্যাডেড ট্যাক্স বা মূল্যযুক্ত কর হচ্ছে, এই পণ্যকর থেকে কাঁচামালের করটি বাদ দিয়ে দেওয়া হয়। আউটপুট ট্যাক্স মাইনাস ইনপুট ট্যাক্স, তাই করের বোঝা কমে, তাই ব্যবসায়ীদের, শিল্পোদ্যোগীদের খুব লাভ হয়, ছোটো শিল্পোদ্যোগীদের বিশেষ করে। জিনিসপত্রের দাম এর জন্য কমার কথা। সাধারণ মানুষের লাভ হয়। আমি তৃতীয় প্রেক্ষিতে চলে আসছি, কর বিনিয়োগ পদ্ধতি। এইরকম যে কোনো একটা মাসে—এটা এত সরলীকরণ পদ্ধতি—যদি ১ লক্ষ টাকার উপাদান কেউ কেনেন, তার যদি ৪ শতাংশ করের হার থাকে মানে ৪ হাজার টাকা তাকে কাঁচামালের কর দিতে হয়েছে, বহন করেছে। আর যদি ২ লক্ষ টাকার উৎপাদন হয়ে থাকে, ১০ শতাংশ করের হার হয়, ২০ হাজার টাকা যদি দিতে হয়, তাহলে তিনি শুধু ওই ২০ হাজার টাকার সঙ্গে ৪ হাজার যোগ করবেন না, ৪ হাজার টাকা বাদ দেবেন। এটা করেই কিন্তু তিনি তার ট্যাক্স লায়াবিলিটি জমা দেবেন।

[3.40—3.50 p.m.]

এই কর বিয়োগ পদ্ধতি এখানে আমি আর বলছি না, সেকশান টু-তে সাব-ক্লজ ১৯, ২২, ৪১-এ বিস্তারিতভাবে বলা আছে। সুবিধা হচ্ছে, তিনি যদি নিজের রাজ্যে বিক্রি করেন তাহলেও পাবেন, আবার আন্তঃরাজ্য বিক্রির জন্যও পাবেন। উভয় ক্ষেত্রেই—ইন্টার স্টেট সেল্‌সের জন্যও এই সুবিধা পাবেন। তিন হচ্ছে, যদি কোনো একটি মাসে যে ইনপুট ট্যাক্স দিয়েছেন ততটা আউটপুট, অর্থাৎ বিক্রি করতে পারেননি, ইনপুট ট্যাক্স আউটপুট ট্যাক্সের সমান হয়ে গিয়েছে তাহলে সে মাসে তার কোনো করই দিতে হবে না। ইনপুট ট্যাক্স ইকোয়াল টু আউটপুট ট্যাক্স। যদি এমন হয় যে ইনপুট ট্যাক্স বেশি হয়ে আছে তাহলে তার ক্রেডিটটা জমবে, পরের মাসে এটা বিযুক্ত হবে। যদি ক্যাপিটাল গুড্‌স, মূলধনি ক্রয় করে থাকেন, একসঙ্গে অনেকটা টাকা

সেট অফ দিতে হবে, সেটা নিয়ে বারংবার আলোচনা হয়েছে, জাতীয় স্তরে আমরা প্রায় দুবছর ধরে এটা নিয়ে আলোচনা করেছি, ৩০টা মিটিং হয়েছে, সমস্ত জাতীয় স্তরে যেগুলি শিল্প সংগঠন আছে তাদের সঙ্গে আলোচনা করা হয়েছে, সেখানে ৩৬টি ইনস্টলমেন্টে তার দেয় হবে। রপ্তানি ক্ষেত্রে বাড়তি সুবিধা—সঙ্গে সঙ্গে তার সেট অফটা দিয়ে দেওয়া হবে। এটা রপ্তানিকে খুব উৎসাহিত করে আলাদাভাবে। এমনকী। কনসাইনমেন্ট ট্রান্সফার হচ্ছে সেখানেও ৪ পারসেন্টের বেশি যে বিক্রয়কর, সেই অতিরিক্ত করে সেট অফ হবে। এর পর আমি যাচ্ছি পরের অংশে। ওপেনিং স্টক—জানবেন এটা আজকে যে ব্যবসায়ীরা আন্দোলন ইত্যাদির কথা বলছেন তার ব্যাখ্যা করে দেওয়া হল। সেখানে কতটা দেয় হচ্ছে ? ১লা এপ্রিল যদি শুরু হয় তার আগে যে জিনিসগুলি কিনেছেন সেগুলি তো ইনপুট ট্যাক্সের বোঝা বহন করেই আছে। এক বছর পর্যন্ত পুরনো স্টকেরও যে কর দিয়েছেন সেটারও সেট অফ করার সুবিধা আমরা ওই যে জাতীয় স্তরের কমিটি সকল রাজ্যের ক্ষেত্রে, এটা সেখানে গ্রহণ করেছি। বলা ভালো যে এই আইনটা একই ধরনের আইন প্রত্যেক রাজ্যের। এটা মাননীয় রাষ্ট্রপতির কাছে প্রাক্ অনুমোদনের জন্য পাঠাই। ২৫টি রাজ্য ইতিমধ্যে পেয়ে গিয়েছেন একই বয়ানে। এটা প্রায় ১½ বছর ধরে আলোচনা হয়েছে। তারপর যে সুবিধা বিশেষ করে ব্যবসায়ীদের, ছোটো উদ্যোগীদের, ডিলারদের সাধারণভাবে, তিনি তার কর নির্ধারণটা—যেটা বললেন হয়রানি, অকনাড ঘোস মশাশয় বললেন, তার অ্যাসেসমেন্টটা তিনি নিজে করবেন। নিজের স্টেশনারিতে করবেন, খুব সহজ স্টেশনারি। আমরা ৫০ বার অন্তত ইন্টারাক্ট করেছি। তাতে এ মাসে তার ইনপুট ট্যাক্স লোড করা আছে, আউটপুট ট্যাক্স দেবেন, এই হচ্ছে বিযুক্ত, এইটা জমা দিচ্ছি। ডিক্লিয়ারেশান ফর্মের দিন শেষ হয়ে গেল। তার জন্য যেতে হবে না বিক্রয়করে। এটা সবচেয়ে সুবিধার জায়গা। আরও সুবিধা হচ্ছে, কর ফাঁকটা রোধ হয় যদি তিনি ইনপুট ট্যাক্স কম দিয়ে থাকেন সেট অফও কম পাবেন। তার জন্য সেলস পলিসি—এর মধ্যে একটা বিল্ট ইন আছে, তার জন্য একচেটে কর আদায়টা বাড়ে। আপনি এটা ঠিকই বলেছেন, বিভিন্ন স্তরে পেনিট্রেসান হয়, বিস্তারটাও বাড়ে। এর পর বক্তব্য হচ্ছে, রেজিস্ট্রেশানটা সমস্ত দেশের ক্ষেত্রে আমরা আলোচনা করে স্থির করেছি যে ১১ ডিজিটের একটা কোড হবে। তার প্রথম দুটি ডিজিট হচ্ছে তার রাজ্যকে আইডেনটিফাই করবে—স্টেট কোড। পরের দুটি হচ্ছে চার্জকে আইডেনটিফাই করবে। তার পরের ৪টি হচ্ছে তার নাম্বারটি। তার পরের একটি হচ্ছে যে আইনের অধীনে। আর দুটি হচ্ছে কারেকশান নাম্বার। এটা সমস্ত রাজ্যের ক্ষেত্রে। আমাদের কতটা প্রগতি হয়েছে ? প্রায় ৯০ শতাংশ ডিলারকেই এই ট্যাক্স আইডেনটিফিকেশান নাম্বার সংক্ষেপে 'টিন' বলে ইতিমধ্যেই দিয়ে দেওয়া হয়েছে। আগামীকালের মধ্যে সবাই পেয়ে যাবেন। ক্ষুদ্র ব্যবসায়ী—আমাদের রাজ্যে ব্যবসায়ীর সংখ্যা হচ্ছে প্রায় ২০ লক্ষ-এর বেশি। ৫ লক্ষের নীচে যাঁরা আছেন তারা ভ্যাটের আওতায় আসছেন না। ৫ লক্ষ থেকে ২৫ লক্ষ-এর মধ্যে—তারকবাবু চলে গেলেন—তারা খুব সিম্পল কমপাউন্ডিং স্কীম অর্থাৎ তার গ্রস টার্ন ওভারের খুব অল্প একটা শতাংশ দিয়ে—কোনো কাগজপত্র রাখতে হবে না। আমাদের হিসাবে ২০ লক্ষের মধ্যে ২ লক্ষের একটু বেশি এর আওতায় আসছেন। ৯০ ভাগ আসছেনই না। আপনার এলাকার যে ছোটো ছোটো ব্যবসায়ী তাঁরা এর মধ্যে আসছেনই না। এর মধ্যে নেটটা একটু আগে সোয়া লক্ষ ছিল সেটা বৃদ্ধি করে ২ লক্ষ করা হয়েছে, এর বেশি নয়।

(গোলমাল)

৫ লক্ষটা অ্যানুয়াল টার্ন ওভার প্লাস ২৫ লক্ষ হচ্ছে কমপাউন্ডিং স্কীম। এটা অনেকটা বড়ো পংকজবাবু। আমরা হিসাব করে দেখেছি এর চেয়ে বেশি ডিলারটা বাড়বেই না। এটা কিন্তু অনেকবার আলোচনা হয়েছে। এর পর আমি ভ্যাটের করের হারেতে চলে আসছি। মূল কিন্তু দুটি করের হার। এটা অনেক আলোচনা করে স্থির করেছি। সৌগতবাবু চলে গেলেন, স্যার, আপনার মাধ্যমে ওকে জানাচ্ছি, ৪ শতাংশ এবং ১২। শতাংশ—এই দুটি মূল করহার। একই প্রত্যেক রাজ্যে। ৪ শতাংশটা হচ্ছে বেসিক নেসেসিটি—নিত্য প্রয়োজনীয় জিনিস এবং কৃষিতে, শিল্পে ব্যবহৃত কাঁচা মাল। আপনারা জানেন যে ডিক্লিয়ার গুডস-এর আওতায় আসছে প্রায় ২৮৭টি সামগ্রী। আমাদের বিক্রয় করের আওতায় আছে। আমাদের হিসাবে ৪২৫টি সামগ্রীর মতো। ২৮৭টি কিন্তু ৪ পার্সেন্টে নেমে এল। আর একেবারে নিষ্কর করে দেওয়া হল ৪১টি। আপনি যদি যোগ করেন তাহলে ৩২৮টির মতো সামগ্রী আসছে যার কর হয় শূন্য অথবা ৪ পার্সেন্টে নেমে এল। বাকি যা থাকছে ১০০-র মতো সেটা ১২.৫ পার্সেন্ট। আর একটা করের হার নামানো হচ্ছে সেট অফ্ ছাড়াও। এখানে একটা প্রশ্ন সৌগতবাবু করে চলে গেলেন যে গ্রুপ 'ডি' আইটেমে যেখানে বলা হয়েছে, সেখানে কেন বলা হয়েছে বাকি সমস্ত কমোডিটি ১২.৫ পার্সেন্ট। এখানে যা বলা হয়েছে তার কারণ এই বাকি যে সামগ্রী শ্রেণী সেখানে নতুন সামগ্রীর জন্ম নেয়, নতুন নামের জন্ম নেয়। তাই এই ক্লজটা রাখা হয়েছে কনস্টিটিউশন্যাল এক্সপার্টদের সঙ্গে আলোচনা করে। আমি এই সুযোগে উত্তরটা দিয়ে দিলাম। এখানে অ্যামেন্ডমেন্ট এসেছে, উত্তরটা দিয়ে দিলাম। এর পর হচ্ছে করের প্রভাব। যেহেতু সেট অফ্ দিয়ে দেওয়া হচ্ছে, যেহেতু আমাদের রাজ্যে একটা বড়ো সংখ্যক পণ্যের করের হার ছিল এই ১২.৫ শতাংশের ওপর—প্রায় ১৭ শতাংশ—এবং আপনারা জানেন, সারচার্জ ছিল, একটা বড়ো ভাবে কিন্তু জিনিসের দাম কমে যাওয়া উচিত। আপনারা সকলে বলেছেন, তাই এটাতে আমি বেশি সময় দিচ্ছি না। এখানে একটা কথা বলে রাখব যেমন, এন্ট্রি ট্যাক্সের কথা অরুণাভ ঘোষ বললেন। এন্ট্রি ট্যাক্সটা আমাদের দেশে এখন সকলে আনলেন, আনলেন ইন লিউ অফ অকট্রয়। তার কারণ যেহেতু সেন্ট্রাল সেভেন্টি ফোরের অ্যামেন্ডমেন্টে পাওয়ারটা দেওয়া হয়েছে মিউনিসিপ্যালিটিকে। তাই মহারাষ্ট্র প্রায় দু-হাজার কোটি টাকার বেশি কর আদায় করেছে যা করেনি তা করল। আমরা তুলে দিয়েছিলাম, আমরা করলাম। তার কারণ এটা কিন্তু সরাসরি মিউনিসিপ্যালিটিতে চলে যাবে। করা যেত, একশো মিউনিসিপ্যালিটিতে আলাদা আলাদা বসিয়ে দেওয়া যেত। কিন্তু আমরা একবার যদি পানিহাটিতে বসাই, আবার কামারহাটিতে বসাই তাহলে বিশৃঙ্খলতা হবে। কিন্তু আমরা বছর দু-তিন আগে বলেছিলাম, প্রতিষ্ঠিত সংস্থায় টাকা দিয়ে এটা হবে না। এটা অ্যাকাউন্টস্ বেসড্ হবে, কমপিউটারাইজড বেসড্ হবে, স্মুথ ফাংশানিং হবে। ইট ইজ মাচ ইম্প্রুভড ফর্ম অফ ট্যাক্সেশান। এটা হওয়া মাত্র সারচার্জ, অ্যাডিশন্যাল সারচার্জ যেটা ওর পরিবর্তে বসেছিল সেটা চলে যাচ্ছে। তাই করের প্রভাবটা কিন্তু আসবে না। তবে এটা আপনি ঠিকই বলেছেন, এটা কিন্তু ড্যাটেবল্ নয়। এটা যেটা হয়ে আসছে, সেই অংশ ভ্যাট থেকে বাদ যাবে। এটা আমরা আইনগত করতে পারছি না, এটা সংবিধানও দিচ্ছে না। ক্ষতিপূরণের একটা

বক্তব্য রেখে চলে গেলেন। ক্ষতিপূরণের ব্যাপার নিয়ে অনেক মত বিনময় হয়েছে। বুঝতে পারছি, কেন্দ্রীয় সরকার ক্ষতিপূরণ দিতে চাচ্ছে না। মনে রাখবেন, এন্ট্রি ট্যাক্স ছিল, যখন তুলে দেওয়া হল, ক্ষতিপূরণ হিসাবে সারচার্জ, অ্যাডিশন্যাল সারচার্জ ১৫ পার্সেন্ট বসানো হয়েছিল। সেটাই শূন্য করে দেওয়া হল। এটা অনেকটা কাটাকাটি হয়ে যাবে, বহনটা হবে না। ক্ষতিপূরণের ব্যাপারে যেটা ঘটেছে, সেটা কমপ্লিকেটেড ফর্মুলা হয়েছে। ২০০০-২০০১ থেকে তার আগের ৫ বছর প্রতিটি স্টেটের রেট অফ গ্রোথের ওয়েটেজ অ্যাভারেজ নেওয়া হয়, তাতে প্রেজেক্ট করবে আগামী ৫ বছরের, সেটা ধরে ক্ষতিপূরণের বিষয়টা আসা হয়েছে। অ্যাটে যদি ক্ষতি হয়—আমরা মনে করছি হয়তো হবে না, এটা হলে এই ভাবে হবে। আমরা এমনও করেছি যে, যদি ক্ষতি ১০০ টাকা মাসে হয়, তখনই পূরণ করতে হবে। অন্য রাজ্যও তাই চেয়েছে। সদস্যরা জানতে চেয়েছিলেন, তাই উত্তরটা দিয়ে দিলাম। যেহেতু ক্ষতিপূরণ বলাই আছে, এটা পুনরুক্তি করলাম না। এবারে আমি এখন আসছি প্রস্তুতির জায়গাটায়। প্রস্তুতির জায়গায় আসার আগে যে প্রশ্নগুলি সুনির্দিষ্টভাবে এসেছে, সেইগুলি আমি বলে দিই। দু-এক মিনিট সময় বেশি লাগলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেবেন। অরুণাভ ঘোষ মহাশয় একটা প্রশ্ন তুলেছেন, প্রথমে সেকশান ওয়ানে বলেছেন এখুনি এটা লাগবে, অন্যগুলি ফ্রম দি ডেট—এটা কেন বলেছেন ? ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স ১৯৪৪ সালে একই ভাবা ছিল এই কারণে। আইনে আজকে এটা পাশ করলে আমরা গভর্নরের মাধ্যমে পাঠিয়ে দেব। ধরুন, প্রেসিডেন্সিয়াল অ্যাসেন্ট হয়ে গেল। এটা অ্যাক্ট না হলে লাগু হবে না। মার্চের ৩১ তারিখে যে মুহূর্তে অ্যাসেন্ট পাওয়া গেল, ৩১ তারিখে অ্যাক্ট হয়ে গেল। আমরা তো লাগু করছি ১লা এপ্রিল থেকে। তাই অ্যাক্ট ৩১ তারিখে হলেও প্রভিসনটা ১লা এপ্রিল থেকে হবে। এই কথাটা বলার জন্য, এটা নিয়ে অনেক আইনগত চুলচেরা আলোচনা হয়েছে। এই তফাৎটা রাখা হয়েছিল অরিজিন্যাল অ্যাক্টে, এখানেও রাখা হয়েছে। এর বেশি কিছু নয়। আপনারা এর সঙ্গে বলেছেন মাল্টি পয়েন্ট ট্যাক্স নিয়ে চিন্তা। হ্যাঁ, মাল্টি পয়েন্ট ট্যাক্স আমাদের রাজ্যেও ছিল। এই যে মাল্টি পয়েন্ট ট্যাক্স প্লাস সেট অফ উইথ সেল্ফ অ্যাসেসমেন্ট'এ মাল্টি পয়েন্টে যেটা ইরিট্যান্ট ছিল, যে হয়রানি ছিল সেটা বাদ দিয়ে।

[3.50—4.00 p.m.]

তাই এটা একটু ইম্প্রুভড ট্যাকসেশান। অ্যাপিলেট সিস্টেমটা আমরা কিন্তু সমস্ত রাজ্যে স্প্রেড করার কথা বলছি। খুব গুরুত্বপূর্ণ পয়েন্ট ছিল—আমি এই সময়ের মধ্যে সবগুলো বলে নিই। সৌগত রায় মহাশয় একটা পয়েন্ট এনেছেন, সেকশান ১০-২(বি), কেন 'প্রেসক্রাইবড' কথাটা বলা আছে ? প্রেসক্রাইবড কথা বলা আছে ওই ঠিক ক্ষুদ্র ব্যবসায়ীদের সংজ্ঞাটা, তার পরেই বলা আছে পাঁচ লক্ষ। অ্যাজ প্রেসক্রাইবড বলে পাঁচ লক্ষও বলা আছে। ক্লজ ২২, সাব ক্লজ ১৬-এ কেন দি কমিশন এজেন্ট বলা আছে ? 'দি' বলা আছে, কারণ যিনি সিগনেচার করছেন, একেবারে 'দি' বলে করতে চাচ্ছি। তাই 'এ' এ জায়গায় রাখলে হবে না, 'দি' রাখতে হবে। আর ওটা মূলত ভুয়া সংস্থার বিরুদ্ধে পদক্ষেপ। আর একটা উনি বলেছেন, ১৪(৩), ১৪(২)। ১৪(২) পুরনো ডিলার আর ১৪(৩) হচ্ছে নতুন ডিলারদের। দু-বছরের বেশি পুরনো ডিলারদের একটাই সেলস্ ট্যাক্স ছিল। এখানে তাই দুটো আলাদা করা আছে। অতীশ সিন্‌হা

মহাশয় যে পয়েন্টটা তুলেছেন, এই সুযোগে আমি একটু বলে দিই। অতীশ সিন্‌হা মহাশয় সিলেক্ট কমিটির কথা বলেছেন। আমরা সমস্ত প্রস্তুতি নিয়ে গেছি। আমি পরের অংশটা আর একটু বলছি। এর পরে ক্লজ ৩২(১) এটা হচ্ছে ইনফরমেশন অন আনরেজিস্টার্ড ডিলার, আর পরে যেটা কো-অপারেটিভ সোসাইটির কথা বলেছেন, সেখানে সেলস্ ট্যাক্সও ছিল। অতীশদা, আপনি ভাল করেই জানেন, এটা রাখতে হচ্ছে। সর্বশেষে আসছি প্রস্তুতির কথায়। এই প্রস্তুতি কিন্তু একদিনের নয়। এই প্রস্তুতি প্রায় দু-বছরের। প্রস্তুতির পদক্ষেপগুলো যা যা নেওয়া হয়েছে, এই সুযোগে আমি সেগুলো একটু বলে নিচ্ছি। যারা ব্যবসায়ী মহল তাদের সঙ্গে ... (গোলমাল) ... আমি উত্তরটা দিয়ে দিচ্ছি। প্রথমত, এই বিলটা যে মুহূর্তে এই হাউসে প্লেসড্ করা হয়েছে সেটা সেই মুহূর্তে ওয়েবসাইটে দিয়ে দেওয়া হয়েছে এই বলে নাম্বার দিয়ে, কারও যদি কোনো প্রশ্ন থাকে জানবার জন্য। এর আগে ব্যবসায়ী মহলের সঙ্গে আমরা প্রায় ৫২ বার ইনট্রাক্ট করেছি। ১২৫টি প্রশ্ন হয়েছিল। তার উত্তর আমরা ইতিমধ্যেই দিয়ে দিয়েছি। আপনারা যে প্রশ্নগুলো বললেন, আমি উত্তর দিলাম। প্রেসিডেনসিয়াল অ্যাসেন্ট মানে কনস্টিটিউশন্যাল ভেরিফিকেশন। পংকজবাবু ঠিক সঙ্গত কারণে প্রশ্ন রেখেছিলেন, 'আপনি ট্যাক্সেশান ইনফর্মেশন।' এটা কত নাম্বারে পৌঁছেছেন ? ৯০ পার্সেন্টে পৌঁছে গেছি, সংগঠনও জেনে গেছে। কালকের মধ্যে একশো ভাগই পৌঁছে যাবে ১১ ডিজিটের। রুলস্, আমরা ড্রফট রুলস বার করে দিতে যাচ্ছি এক বা দু'দিনের মধ্যে। সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁকে ট্যাক্সটা প্রথম কবে দিতে হবে? এপ্রিল মাসের ট্যাক্সটা তাঁকে দিতে হবে ২০শে মে। এই ১ মাস ২০ দিন সময় আছে। তার মধ্যে কাউকে কিছু করতে হচ্ছে না। এই ১ মাস ২০ দিনের মধ্যে তাঁরা এই সমস্তটা পাচ্ছেন। তপন হোড় মহাশয় এটা ঠিকই বলেছেন, আমরা প্রত্যেকটি খবরের কাগজে পাতা জুড়ে এখন থেকে ৭ দিনের মধ্যে 'ভ্যাট' কি তা দিয়ে দেব। আমরা কম্পিউটারাইজেশনে আমাদের কয়েকটি রাজ্যের মধ্যে একটা, যাদের গোটা ট্যাক্স ডাইরেক্টরেটে সমস্ত চার্ট কম্পিউটারাইজড। সমস্ত ডিলারের সমস্ত তথ্য তাতে আছে। আমাদের অফিসাররা দু' দফায় ট্রেন্ড হয়েছেন। আমরা আমাদের রাজ্য নয়, অন্য রাজ্যে ট্রেনিংয়ের জন্য পাঠাচ্ছি। আজকে যাঁরা ধর্মঘট ডেকেছেন, সর্বভারতীয় ক্ষেত্রে যেহেতু হয়েছে, তাঁরা এসে বললেন। তাঁদের একটি বক্তব্য ছিল। একটি কথা, একজেম্পটেড ক্যাটাগোরি, খুব ছোট যদি একটি আইটেম তাকে তাকে কি ডিস্‌ক্রিশন প্রত্যেক রাজ্যকে দেওয়া হয়েছে। সে একেবারে স্থানীয় কোনো উৎপাদন, সেটি আমরা ওদের বলে দিলাম। আমি একটু বলে শেষ করছি, মাননীয় সদস্য অতীশ সিন্‌হা মহাশয় একটি কথা বলেছিলেন—এটি যে মুহূর্তে লাগু হবে, প্রেসিডেন্সিয়াল অ্যাসেন্ট হবার পরে, এবং প্রভিশনগুলো তার একদিন, দুদিনের মধ্যেই হবে। কতগুলো পণ্যের ওপরে লক্ষ্য করবেন, আমরা সেট অফ্ দিচ্ছি না। পেট্রোল, ডিজেল ইত্যাদি। কেননা, এগুলি পুরোপুরি মার্কেটেবল্ হয়নি। সেখানে কিন্তু পুরনো আইনটি থাকবে। তাই এটিও থাকবে। ওই নির্দেশিকাতে তাই বলে দেওয়া হয়েছে। প্রশ্ন অত্যন্ত কারেক্ট—আচ্ছা, করের বোঝা কমবে দাম কমা উচিত। শিল্পোদ্যোগীদের ক্ষেত্রে, ক্ষুদ্র শিল্পোদ্যোগীদের ভীষণ সহায়ক হবে। তার কারণ একটা, ইনপুট ট্যাক্সটা জিরো হয়ে গেল। সাধারণ মানুষের সহায়ক হবে। ১২৫টি দেশ চালু করে দিয়েছে। আমাদের দেশের কর সংস্কারের ইতিহাসে নতুন একটি অধ্যায় আমরা সূচনা করতে চলেছি। নীতিগতভাবে সহযোগিতা আমরা পেয়েছি। আমাদের প্রস্তুতি সম্পূর্ণ। আজকে থেকে

১ মাস ২০ দিনে বাকি কাজটা করব। আপনাদের সকলের সহযোগিতা কামনা করি। আমি এই বিলের সমর্থনে এবং উনি এখানে যে বক্তব্যগুলি রেখেছেন তার জবাব দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Value Added Tax Bill, be taken into consideration, was then put and agreed to.

CLAUSE-1

The question that the clause-1 do stand part of the bill was then put and agreed to.

CLAUSE-2

Mr. Speaker: There is one amendment (No. 2) to clause-2 of Shri Saugata Roy. The amendment is in order and Hon'ble Member may now move his amendment.

I find, Mr. Roy is not in his seat, so the amendment is not moved.

The question that the clause-2 do stand part of the bill was then put and agreed to.

CLAUSES 3 to 18

The question that clauses 3 to 18 do stand part of the bill, were then put and agreed to.

CLAUSE-19

Mr. Speaker: There is an amendment (No. 3) to clause-19 of Shri Saugata Roy. The amendment is in order and Mr. Roy may now move his amendment.

I find, Mr. Roy is not in his seat, so the amendment is not moved.

The question that clause-19 do stand part of the bill, was then put and agreed to.

CLAUSES-20 to 123

The question that clauses 20 to 123 do stand part of the bill, were then put and agreed to.

Schedule-A

Mr. Speaker : There is one amendment (No. 4, i) to Schedule A of Shri Kashinath Mishra. The amendment is in order and Shri Mishra may now move his amendment.

Shri Kashinath Mishra: Mr. Speaker, Sir, I beg to move that in Schedule 'A' after item No. 41 the following items be inserted :

"42. Earthen Pot, Terrakotas works,

43. Medicine and Medical equipments."

স্যার, আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি আরদেন পট, টেরেকোটা ওয়ার্কস্ আইটেম নং ৪১ এবং ৪২। এই যে আরদেন পট, এই যে মাটির টেরেকোটার সামগ্রী এই শিল্প আজকে ধ্বংসের মুখে সেই কারণে এই শিল্পকে এর মধ্যে যুক্ত করতে বলেছি গুডস্, সেল নো ট্যাক্স ইজ পজিবিল এর মধ্যে। এছাড়া মেডিসিন এবং মেডিসিনাল ইক্যুপমেন্টস্ এটার অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় কাশীনাথ মিশ্র খুবই সম্মানীয় সদস্য। উনি বাঁকুড়ার কথাই বলতে চেয়েছেন। উনি খুবই খুঁটিয়ে সব পড়েন, কিন্তু এই বিষয়টা ঠিক পড়তে পারেননি। সিডিউল 'এ' আইটেম নং ১২ বলা আছে আরদেন পট বাট নট ইনক্লুডিং সেরামিক পট। সুতরাং ওঁনার অ্যামেন্ডমেন্ট আনার কোনো প্রয়োজনই ছিল না। তারপরে যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেই ব্যাপারে বলছি যে, এতে সবগুলো মিটিং করে একসঙ্গে ঠিক হয়েছে এবং প্রায় দেড় বছর ধরে আলোচনা হয়েছে। সেখানে প্রত্যেকটি রাজ্য তাদের নিজস্ব অবস্থানে থেকে এইভাবে ২৮টি রাজ্য একত্রে অবস্থিত হয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুতরাং এইসব বাকিদের কথা চিন্তা করে এটাকে বাতিল করা যাবে না। তাই এই অ্যামেন্ডমেন্টটি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Kashinath Mishra that in Schedule 'A' after item No. 41 the following items be inserted :

"42. Earthen Pot, Terrakotas works,

43. Medicine and Medical equipments." was then put and lost.

The question that Schedule A do stand part of the bill was then put and agreed to.

[4.00—4.10 p.m.]

Schedule B

Mr. Speaker : There is one amendment to Schedule 'B' by Kashinath Mishra. It is in order. Now I request Mr. Mishra to move his amendment.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in Schedule 'B' Serial No. 2 be mitted (Amendment No. ii).

Gold and silver ornaments, whether set with stone or other materials or not, including gold and silver filigree and other gold and silver articles.

স্যার, এখানে দক্ষ কারিগররা কাজ করে। এখন যদি এক পারসেন্ট ট্যাক্স চাপে তাহলে তাদেরকে কাজ থেকে ছাড়িয়ে দেবে। তাই এটা যদি আপনি বাদ দিতে পারেন তাহলে ভালো হয়।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় সদস্য অবহিত আছেন, এইগুলির উপর সর্বনিম্ন কর এক শতাংশ ছিল—আগে আপনারা এই ব্যাপারে কিছু বলেননি, তাই এখন আর জোর করবেন না।

The motion of Shri Kashinath Mishra that in Schedule 'B' Sl. No. 2 be omitted (amendment no. ii) was then put and lost.

The question that Schedule 'B' do stand part of the Bill was then put and agreed to.

Schedule C

Mr. Speaker : There are twenty two amendments to Schedule 'C' by Shri Kashinath Mishra. The amendments are in order. Mr. Mishra may now move his motion.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that

(i) in Schedule 'C' in Part-I, Sl. No. 2 be omitted ;
(ii) in Schedule 'C' in Part-I, Sl. No. 5 be omitted ;
(iii) in Schedule 'C' in Part-I, Sl. No. 7 be omitted ;
(iv) in Schedule 'C' in Part-I, Sl. No. 9 be omitted ;
(v) in Schedule 'C' in Part-I, Sl. No. 11 be omitted ;
(vi) in Schedule 'C' in Part-I, Sl. No. 15 be omitted ;
(vii) in Schedule 'C' in Part-I, Sl. No. 16 be omitted ;
(viii) in Schedule 'C' in Part-I, Sl. No. 17 be omitted ;
(ix) in Schedule 'C' in Part-I, Sl. No. 26 be omitted ;
(x) in Schedule 'C' in Part-I, Sl. No. 28 be omitted ;
(xi) in Schedule 'C' in Part-I, Sl. No. 33 be omitted ;
(xii) in Schedule 'C' in Part-I, Sl. No. 34 be omitted ;
(xiii) in Schedule 'C' in Part-I, Sl. No. 37 be omitted ;
(xiv) in Schedule 'C' in Part-I, Sl. No. 39 be omitted ;

(xv) in Schedule 'C' in Part-I, Sl. No. 43 be omitted;
(xvi) in Schedule 'C' in Part-I, Sl. No. 44 be omitted;
(xvii) in Schedule 'C' in Part-I, Sl. No. 48 be omitted;
(xviii) in Schedule 'C' in Part-I, Sl. No. 53 be omitted;
(xix) in Schedule 'C' in Part-I, Sl. No. 65 be omitted;
(xx) in Schedule 'C' in Part-I, Sl. No. 72 be omitted;
(xxi) in Schedule 'C' in Part-I, Sl. No. 87 be omitted;
(xxii) in Schedule 'C' in Part-I, Sl. No. 88 be omitted.

Sir, in Item no. 2 of Schedule 'C' Aluminium in all its forms, namely, aluminium ingot, slabs, bards, rods, wires, coils sheets, plates, that is items included in the list of goods taxable at 4%.

এখানে যে-সকল আইটেমগুলো আছে সেটা যদি আপনি বাদ দিতে পারেন তাহলে ভালো হয়। এখানে চার শতাংশ করা হয়েছে। এটা বাদ দিলে কিছুটা ওদের সুবিধা হবে।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : সমস্ত রাজ্যগুলোর সঙ্গে আলোচনা করেই এটা চার শতাংশ করা হয়েছে। ফোর পারসেন্ট উইথ সেট আপ। ওদের উৎপাদনের ক্ষেত্রে যদি তিন পারসেন্ট হয়ে থাকে তাহলে আরও কমে যাবে, আর সেট আপ মানে আরও কম। তাই আপনি যেটা বলছেন সেটা আমি বদলাতে পারছি না।

The motion of Shri Kashinath Mishra (Amendment Nos. iii-xxiv) was then put and lost.

The question that Schedule 'C' do stand part of the Bill was then put and agreed to.

Schedule D & E

The question that Schedule D & E do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move that the West Bengal Value Added Tax Bill, 2003, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

PRESENTATION OF THE THIRTY-FOURTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the Thirty-fourth Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the following revised programme of Business.

28.3.2003, Friday	: (i) The West Bengal Finance Bill, 2003 (Introduction, Consideration & Passing)	1½ hrs.
	(ii) The West Bengal Appropriation Bill, 2003 (Introduction, Consideration & Passsing)	2 hrs.
	(iii) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	½ hr.
	(iv) The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay & Allowance) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	1 hr.
31.3.2003, Monday	: (i) The West Bengal Taxation Tribunal (Amendment Bill), 2003 (Introduction, Consideration & Passing)	1 hr.
	(ii) The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	1 hr.
	(iii) The West Bengal Public Library (Amendment) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	½ hr.
	(iv) The Electricity Regulatory Commission West Bengal (Amendment) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	2 hrs.

N.B.—There will be no mention case on Friday, the 28th March, 2003.

Minister-in-Charge of Parliamentary Affairs may move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the thirty-fifth Report of the Business Advisory Committee, as presented in the House, be accepted.

The motion was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR SUPPLEMANTARY GRANTS OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2002-2003

FINANCIAL SUPPLEMENRARY ESTIMATES FOR THE YEAR 2002-2003

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত যে 'ডিমান্ডস ফর সাপ্লিমেন্টারি গ্রান্টস ফর দা ইয়ার ২০০২-২০০৩' পেশ করে আমাদের সমর্থন চাইছেন, আমরা দুঃখিত যে, ওঁর পেশ করা এই সাপ্লিমেন্টারি গ্রান্টস আমাদের সমর্থন করার কোনো প্রশ্নই ওঠে না। তার কারণ, মূলত আমরা গত বছর বাজেটের আলোচনায় আপত্তি করেছিলাম, সেই কথা সঠিকভাবে প্রমাণিত হয়েছে, এই সাপ্লিমেন্টারি গ্রান্টস পেশ করার মাধ্যমে আমাদের আপত্তির যে যথাযথ কারণ ছিল তা বোঝা যাচ্ছে। আমরা আশঙ্কা প্রকাশ করেছিলাম যে, সরকার যেভাবে বাজেট পেশ করছেন। আপনাকে মনে রাখতে হবে, একটা রাজ্য সরকারের দেয় বাজেট মানে—বিগত বছরের তার আয়-ব্যয়, আর্থ-সামাজিক অবস্থার বিশ্লেষণ এবং উন্নতিতে কতটা ধাপ এগিয়ে গেছেন তার একটা আলোচনা এবং সিদ্ধান্ত এবং এই বছরে যে বাজেট করছেন সেই বাজেট গত বছরের উন্নতিকে সামনে রেখে আরও খানিকটা এগিয়ে যেতে চান, সেই চিন্তাধারা রেখে, আর্থিক দিকটাকে আরও দৃঢ় করার উদ্দেশ্যে রাজ্য সরকারের বাজেট বিধানসভায় পেশ করা হয়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা লক্ষ্য করছি যে, গত বছর যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী মহোদয় পেশ করেছিলেন, আমরা ৩১শে মার্চের মধ্যে তাকে প্রাথমিক অনুমোদন দিয়েছিলাম এবং তার একটা ধারাবাহিক আলোচনা করে আমরা জুলাই মাসের প্রথম সপ্তাহে বাজেটকে পাশ করতে সাহায্য, সহযোগিতা করেছিলাম আমাদের বিরোধিতা, সমালোচনা রেখেও। কিন্তু দেখা গেল ৬ মাসের মধ্যে রাজ্য বাজেটে যে প্রতিশ্রুতি মাননীয় অর্থমন্ত্রী দিয়েছিলেন তা তো পূরণ করলেনই না, উপরন্তু আমরা বলেছিলাম ডিসেম্বর মাসে যে শর্ট অধিবেশন হয়েছিল তখন, যে, আপনার আর্থিক অবস্থা যে ভেঙে পড়ছে, দেউলিয়া হয়ে গেছে, আপনার গভরন্যান্স ব্যর্থ হয়েছে, এটা আপনি স্বীকার করেছেন, এবং এই ব্যর্থতার জন্য দায়ী কে, কেন হয়েছে এবং এই ব্যর্থতাকে শুদ্ধ করার জন্য, পরিশোধন করার জন্য রাস্তা বলে দেওয়ার জন্য আপনি কী কী রাস্তা নিয়েছেন তা দিয়ে একটা হোয়াইট পেপার পেশ করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী হোয়াইট পেপার পেশ করলেন, কিন্তু এটাকে হোয়াইট পেপার না বলে এটাকে নতুন করে বলা যায়—এটা সম্পূর্ণ ভ্রান্ত একটা পুস্তিকা, ইট ইজ সাজেশান অফ লাইজ।

[4.10—4.20 p.m.]

মিথ্যা কথা বলাটার যৌক্তিকতা নেই। তাই আমি বলতে চাই যে, এটা অনৃত ভাষণের যোগফল। অসত্য ভাষণের যোগফল। যার জন্য বলেছি এটা হোয়াইট পেপার হতে পারে না। এটাকে হোয়াইট পেপার হিসাবে স্বীকৃতি দিতে পারি না। স্বচ্ছতা থাকা দরকার। আপনারা ৭ খানা অভিযোগ নিয়ে এলেন কেন্দ্রীয় সরকারে বিরুদ্ধে। আপনাদের দায়িত্ব শেষ হয়ে

গেল। কেন্দ্রীয় সরকারের সাহায্য এবং অর্থনীতির পরিচালনায় যদি এই রাজ্য চলে, তাহলে আপনাদের পরিচালনায় কোনো ভূমিকা থাকে না। হোয়াইট পেপারের মাধ্যমে এড়িয়ে যাওয়ার চেষ্টা করছেন। আবার ডিম্যান্ডস অফ সাপ্লিমেন্টারি গ্র্যান্টে একই কথা দাঁড়াচ্ছে। আপনি এই ২০৫৫ পুলিশ হেডে কী করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা রাজ্যপালের ভাষণের উপর, বাজেটের উপর রাজ্য প্রশাসন, পুলিশের হাল-হকিকত নিয়ে আলোচনা করেছি। আমরা দেখাবার চেষ্টা করেছি যে, পশ্চিমবঙ্গের পুলিশ প্রশাসন আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে এবং যার পরিপ্রেক্ষিতে আমাদের অর্থমন্ত্রী বারবার বলছেন 'হ্যাঁ, আমরা কাজ করতে পারছি না। হ্যাঁ, আমাদের ব্যর্থতা আছে। তবু তার ভিতরই চেষ্টা করছি।' স্যার, দেখুন ব্যর্থতা কোন পর্যায়ে পৌঁছেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার পুলিশের আধুনিকীকরণের জন্য টাকা দেন। আপনারা কি সেই টাকায় আধুনিকীকরণ করতে পেরেছেন ? মর্ডানাইজেশন অফ পুলিশ ফোর্স করতে পেরেছেন ? সেই টাকা ফেরত চলে গেল। তাহলে আপনাদের যে টাকা দেবে, আপনারা গতবার যে টাকা অতিরিক্ত খরচ করলেন, তাতে পুলিশের গুণগত মানের উৎকর্ষ বৃদ্ধি করতে পেরেছেন কি ? আজকে কোনো রাজনৈতিক দল সরকারের নীতির বিরুদ্ধে প্রতিবাদ করতে আসছে—কখনও সরকারের কোনো নীতি, কোনো পদ্ধতির বিরুদ্ধে ক্ষোভ থাকতেই পারে, মতানৈক্য থাকতেই পারে, এর বিরুদ্ধে বিক্ষোভ হতেই পারে, সেই নীতির বিরুদ্ধে মানুষকে জোগাড় করে প্রতিবাদ করতেই পারে—সেখানে সেই প্রতিবাদের আগাম মোকাবিলা হচ্ছে লাঠি, টিয়ার গ্যাস, গুলি। সেই প্রিমিটিভ স্টেজে আমরা এখনও রয়ে গেছি। শতদশ শতাব্দীতে যেভাবে বিক্ষোভকারীদের মোকাবিলা করা হত, সাম্রাজ্যবাদী ব্রিটিশ যেভাবে স্বাধীনচেতা মানুষের উপর বর্বরোচিত আক্রমণ চালাত, আজকে তথাকথিত বর্তমান সরকার একই পদ্ধতিতে যে কোনো বিক্ষোভ চূর্ণ করে দেওয়ার জন্য পুলিশ প্রশাসনকে লেলিয়ে দিচ্ছেন। পুলিশকে আপনারা আধুনিকীকরণ করুন। গোটা ভারতবর্ষের অন্যান্য প্রদেশে জলকামান চালু হয়ে গেছে। যদি কোথাও অনেক মানুষ জড়ো হয়ে বিক্ষোভ করে, শান্তি-শৃঙ্খলা ভাঙার জন্য উপক্রম হয়, সেখানে জলকামান দিয়ে সেখান থেকে মানুষকে ডিসবার্স করে দেওয়া হয়। কিন্তু পশ্চিমবঙ্গে শুনলাম জলকামান কেনা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত কোথাও ব্যবহার করা হয়নি। গত পরশু বাসভাড়া বৃদ্ধির প্রতিবাদে এস. ইউ. সি. আই-এর কর্মীরা বিধানসভার উত্তর গেটের সামনে বিক্ষোভ দেখাচ্ছিলেন। একটা গণতান্ত্রিক দেশে মানুষ বিক্ষোভ করতেই পারে। বিক্ষোভ করার জন্যে কি তাদের পুলিশ দিয়ে, লাঠি দিয়ে, বেয়োনেট দিয়ে, টিয়ার গ্যাস দিয়ে, গুলি চালিয়ে মোকাবিলা করতে হবে ? এইভাবে ক্ষমতার দম্ভ প্রকাশ করা যায়। বিক্ষোভের মোকাবিলা করা যায় না। মানুষের ক্ষোভকে পায়ের তলায় গুঁড়িয়ে দেওয়া যায় না। আজকে পুলিশ একটার পর একটা ঘটনা ঘটাচ্ছে। জনৈকা মন্ত্রীর ছেলে মোটর বাইকে যাচ্ছিলেন। তার সাথে যথাযথ কাগজপত্র ছিল না। আইনে আছে। যদি কাগজ না থাকে, তাহলে তার কতগুলি পদ্ধতি আছে। কিন্তু গাড়ির কাগজ নেই কেন—টাকা দিয়ে মোকাবিলা করতে হবে, আর যদি টাকা না দেওয়া হয়, তাহলে লাঠির সাহায্যে হাসপাতালে পৌঁছে দিতে হবে ? এই পুলিশ, তার জন্য অসীমবাবু বাজেট বরাদ্দ নিলেন তারপর কয়েকশো কোটি টাকা বেশি খরচ করে বলছেন আমি খরচ

করেছি মাননীয় সদস্য তোমরা অনুমোদন দাও, আমি যথার্থ কাজ করেছি। পশ্চিমবাংলার একজন রাজনৈতিক দলের প্রতিনিধি হিসাবে নয়, একজন সাধারণ মানুষ হিসেবে একথা বলছি, এই পুলিশকে কোয়ালিটেটিভ কোনোভাবে করা হল না, সেই পুলিশকে দিয়ে শুধু গণতান্ত্রিক আন্দোলনকে দমন করা হচ্ছে। ট্রিগার হ্যাপি হয়ে গেছে পুলিশ। আজকে যেখানে মানুষের জমায়েত হচ্ছে সেখানেই জমায়েতকে ভেঙে দেওয়া, জমায়েতকে দুর্বল করে ফেলার কোনো পদ্ধতি নেই, সেই একই পদ্ধতি টিয়ার গ্যাস শেল ফাটিয়ে, গুলি চালিয়ে বিরাট একটা পুলিশবাহিনী, একটা কৈপ্লবিক পুলিশবাহিনী তৈরি করার চেষ্টা করছেন। সেজন্য নতুন সাপ্লিমেন্টারি গ্র্যান্টের পারমিশনের জন্য নিয়ে এসেছেন, ইতিমধ্যেই খরচ করে ফেলেছেন এবং তার জন্য অনুমোদন চেয়েছেন। আমি দুঃখিত যে অনুমোদন দেওয়া যাচ্ছে না। কোথায় অনুমোদন চেয়েছেন, রোডস অ্যান্ড ব্রিজে। পশ্চিমবাংলার রোডস অ্যান্ড ব্রিজগুলোর কী অবস্থা বলুন তো। আপনি বলুন তো লেক গার্ডেনসে উড়ালপুল ১১ বছর ধরে হচ্ছে। আমি সেদিন মিটিং করেছিলাম চিফ ইঞ্জিনিয়ারের সঙ্গে, খরচ কত বেড়েছে ? ২.৭ গুণ খরচ বেড়ে গেছে। সরকার রাস্তা করবে সেখানে রেলের ওভার ব্রীজ করে দেওয়ার কথা। রেল ওভার ব্রিজ করে দিয়েছে, দুপাশে ফিডার রোড করে সেখানে নতুন করে ওভার ব্রিজ করতে হবে। বছরের পর বছর, যুগের পর যুগ ধরে হচ্ছে। আমি ওই পাড়ার ছেলে, আমি যখন কলেজে পড়ি তখন থেকে শুনে আসছি ওভার ব্রিজ হবে। এ আপনার ডিপার্টমেন্টের ব্যর্থতা। আজকে সেখানে কয়েক কোটি টাকা বেশি খরচ করে ফেলেছেন এবং আপনাকে বলতে হচ্ছে সরকার রোডস অ্যান্ড ব্রিজের ক্ষেত্রে বেশি খরচ করে ফেলেছে সুতরাং মাননীয় সদস্যগণ আপনারা আমাকে অনুমোদন দিয়ে বলুন যে আমি যা করেছি যথার্থ করেছি, সঠিক কাজ করেছি। আমরা যদি অনুমোদন দিই তাহলে কি ট্যাক্স পেয়ারদের সঙ্গে সঠিক ব্যবহার করতে পারব। রোড ট্রান্সপোর্টের ক্ষেত্রে আপনি বেশি টাকা খরচ করে আপনি অনুমোদন চাইছেন। উন্নয়ন হয়েছে রাস্তাগুলোর ? রাস্তা ভেঙে পড়ছে, বাসগুলো চলতে গিয়ে মুখ থুবড়ে পড়ছে, টায়ার বার্স্ট করে ল্যাম্প পোষ্টে গিয়ে ধাক্কা মারছে, আর মানুষগুলো যে জায়গায় যাবে সেখানে যেতে না পেরে পথের মাঝে দম ফেলে দিল। সেখানে উন্নয়নের কোনো চিহ্ন নেই। একমাত্র বম্বে রোড, দিল্লি রোড, কেন্দ্রীয় সরকারের পরিচালনায় রাস্তা, এই রাস্তায় পৌঁছলেই স্বস্তির নিঃশ্বাস পড়ে গন্তব্যে যেতে পারব, গতির সঞ্চার করে এগিয়ে যেতে পারব। ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট আপনি অসীমবাবু করতে পারেননি। কী করে এখানে শিল্প স্থাপিত হবে। বাইরের মানুষ অন্য রাজ্যের মানুষ কী করে, কী দেখে টেম্পটেড হবে, কী দেখে প্রোভোকেটেড হবে ? কী দেখে শিল্প স্থাপন করবে ? গড়িয়া থেকে বারুইপুর পর্যন্ত ৩০ কিলোমিটার রাস্তা যেতে সময় লাগে আড়াই ঘন্টা। আড়াই ঘন্টার আগে পৌঁছনো যায় না। একজন ইন্ডাস্ট্রিয়ালিস্ট ৩০ কিলোমিটার রাস্তা যাবে আড়াই ঘন্টায়। গালে হাত দিয়ে বসে বসে, থমকে থমকে তাঁকে যেতে হয়, কোন ইন্ডাস্ট্রিয়ালিস্ট উৎসাহিত হবে, ইনসেনটিভ পাবে। তার শিল্পকে অন্য প্রদেশে না লাগিয়ে আমাদের রাজ্যে নিয়ে এসে ইকনমিক্যালি বুস্ট আপ করবে ? এ হয় নাকি ? আপনার ব্যর্থতা এমন জায়গায় গেছে যে আপনি এস্টিমেটেড বাজেটের মধ্যে কাজ করতে পারলেন না। শুধুমাত্র আপনাদের অপদার্থতার জন্য। পি.জি হাসপাতালে রোগী এসে দাঁড়িয়েছে, গ্রামের মহিলা শিশুটিকে নিয়ে এসে দাঁড়িয়েছে সেখানে

চাঙর ভেঙে পড়ল। মারা গেলেন মহিলা। ব্যর্থতা আপনাদের কোথায় গিয়ে দাঁড়িয়েছে, পি. ডব্লু. ডি. ডিপার্টমেন্টের ব্যর্থতা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আর এর জন্য আপনি বলছেন যে আমি যা করছি ভালো করছি, আমি যে টাকা চাইছি তোমরা সেই টাকা অনুমোদন দিয়ে কাজ করার জন্য উৎসাহিত করে যাও।

[4.20—4.30 p.m.]

আপনি কি বলেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর যে খাতে উনি চাইছেন সেটা বাজেট ভাষণে সমালোচনা করেছি, সেটা হচ্ছে ইন্টারেস্ট পেমেন্ট। এর কোনো লেখা নেই, দু-হাতে ঋণ নিচ্ছেন, বেপরোয়া ঋণ নিচ্ছেন। বছরে কত শোধ করতে হবে সেটা ঠিক করতে পারছেন না। আপনি ৮ হাজার কোটি টাকা পেমেন্ট করবেন বলেছিলেন, করলেন ১ হাজার কোটি টাকা। এ বছরে ১৪ হাজার কোটি টাকা পেমেন্ট করবেন, তাহলে আপনার প্ল্যান খাতে টাকা দেবেন কোথা থেকে ? এই নানাভাবে আপনি ভ্যাট পাশ করিয়ে নিলেন, তার পরে এন্ট্রি ট্যাক্স পাশ করিয়ে নিলেন, তার পরে পেট্রোল-ডিজেলের উপরে সেস্ বাড়িয়ে নিয়েছেন, জমির খাজনা বাড়িয়ে নিলেন, গাড়ি চালাতে গেলে তার যে ট্যাক্স সেটা বাড়িয়ে নিলেন—এই টাকা নিয়ে আপনি কি করবেন ? এই টাকা নিয়ে আপনি কর্মচারীদের মাহিনা দেবেন আর ঋণের সুদ দেবেন। আর প্রতি বছর বাজেট পেশ করার পরে আপনি সাপ্লিমেন্টারি গ্রান্ট নিয়ে আগের বছরের পাপ, আপনার ব্যর্থতাকে আপনি আমাদের উপর দিয়ে গড় গড় করে গাড়ি চালানোর মতো চালিয়ে নিয়ে গিয়ে বলবেন এই তো পাশ করিয়ে নিলাম। স্যার, আমি বলি পশ্চিমবঙ্গে পার্লামেন্টারি ডেমোক্রেসি চলছে না, চলছে নিউমেরিক্যাল ডেমোক্রেসি। এখানে সংখ্যার গণতন্ত্র চলছে। যেহেতু ওদিকে সংখ্যাগরিষ্ঠ, আপনি বলবেন কতজন পক্ষে, দে উইল বি কলিং বাই নেম, ওঁরা হাত তুলে বলবেন আমরা আছি, ওঁরা পাশ করিয়ে দেবেন। আমরা যে এত অ্যামেন্ডমেন্ট দিয়েছি, আমরা কি একেবারেই অবিবেচক, অপরিণামদর্শী, অশিক্ষিত ? আমরা একটার পর একটা অ্যামেন্ডমেন্ট দিচ্ছি, মাননীয় মন্ত্রী এবং মন্ত্রীসভার সদস্যবৃন্দ পায়ের তলায় মাড়িয়ে দিচ্ছেন। আর বলছেন আমরা যা বলছি, সেটাই শেষ কথা। উনি বললেন হাত তোলো, হাত তুলিয়ে মানিয়ে নেবেন।—আমার সময় কম, তার মধ্যে বর্তমানে যেটা চলছে যথেচ্ছাচারিতা চলছে। বেহিসাবি, বেআইনি অর্থনৈতিক প্রবণতার জন্য গোটা রাজ্য অন্ধকার হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে লাল বাতি জ্বলছে এটা আমাদের বসে যাওয়ার ইঙ্গিত নয়, এটা গোটা পশ্চিমবাংলার চলাকে স্তব্ধ হয়ে যাওয়ার ইঙ্গিত। স্বাভাবিকভাবেই এটাকে সমর্থন করা যায় না, এই নৈতিক দায়িত্বকে আপনি অস্বীকার করতে পারবেন না। মাননীয় অর্থমন্ত্রীকে আমি বলব যে বাজেট এবারে পেশ করেছেন—আপনি উইদিন দা এস্টিমেটেড বাজেট এই রাজ্যটাকে চালাবার চেষ্টা করুন। তা না হলে বছর বছর ধরে আগের বছরের পাপ আমাদের দিয়ে বের করিয়ে নেওয়ার যে চেষ্টা সেই প্রবণতা বন্ধ করুন। বিরোধী দলের তরফ থেকে সাপ্লিমেন্টারি গ্রান্টের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : ৬ঃ দাশগুপ্ত, সাপ্লিমেন্টারি ডিমান্ডগুলি আগে মুভ করতে হবে। এগুলি মুভ করুন।

DEMAND NO. 4

Major Head : 2014–Administration of Justice

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 1,70,93,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "2014—Administration of Justice" during the current financial year.

DEMAND NO. 6

Major Head : 2020–Collection of Taxes on Income and Expenditure

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 26,82,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the current financial year.

DEMAND NO. 21

Major Head : 2055–Police

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 131,21,16,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055—Police" during the current financial year.

DEMAND NO. 25

Major Head : 2059–Public Works

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 16,89,13,000 be granted for expenditure under Demand No. 25, Major Head : "2059—Public Works" during the current financial year.

DEMAND NO. 26

Major Head : 2070–Other Administrative Services (Fire Protection and Control)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 6,06,55,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)" during the current financial year.

DEMAND NO. 28

Major Head : 2071–Pensions and Other Retirement Benefits

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 500,22,63,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "2071—Pensions and Other Retirement Benefits" during the current financial year.

DEMAND NO. 34

Major Heads : 2211–Family Welfare and 6211—Loans for Family Welfare

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 12,91,39,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2211—Family Welfare and 6211—Loans for Family Welfare" during the current financial year.

DEMAND NO. 35

Major Head : 4215–Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 3,70,00,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "4215—Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" during the current financial year.

DEMAND NO. 36

Major Head : 2216–Housing

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 1,80,30,000 be granted for expenditure under Demand No. 36, Major Head : "2216—Housing" during the current financial year.

DEMAND NO. 37

Major Head : 4217–Capital Outlay on Urban Development

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 20,50,85,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "4217—Capital Outlay on Urban Development" during the current financial year.

DEMAND NO. 42

Major Head : 2235–Social Security and Welfare (Social Welfare)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 131,40,64,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and Welfare (Social Welfare)" during the current financial year.

DEMAND NO. 43

Major Head : 2236—Nutrition

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 15,74,46,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the current financial year.

DEMAND NO. 46

Major Head : 2250–Other Social Services

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 20,34,000 be granted for expenditure under Demand No. 46, Major Head : "2250—Other Social Services" during the current financial year.

DEMAND NO. 54

Major Head : 4408–Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 32,78,00,000 be granted for expenditure under Demand No. 54, Major Head : "4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current financial year.

DEMAND NO. 60

Major Head : 2505—Rural Employment

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 42,43,50,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment" during the current financial year.

DEMAND NO. 61

Major Head : 2506—Land Reforms

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 1,37,05,000 be granted for expenditure under Demand No. 61, Major Head : "2506—Land Reforms" during the current financial year.

DEMAND NO. 65

Major Head : 2575—Other Special Areas Programme

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 26,21,81,000 be granted for expenditure under Demand No. 65, Major Head : "2575—Other Special Areas Programme" during the current financial year.

DEMAND NO. 69

Major Heads : 4801–Capital Outlay on Power Projects and 6801—Loans for Power Projects

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 241,66,93,000 be granted for expenditure under Demand No. 69, Major Heads : "4801—Capital Outlay on Power Projects and 6801—Loans for Power Projects" during the current financial year.

DEMAND NO. 79

Major Head : 3054—Roads and Bridges

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 32,76,92,000 be granted for expenditure under Demand No. 79, Major Head : "3054—Roads and Bridges" during the current financial year.

DEMAND NO. 80

Major Head : 3055—Road Transport

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 60,93,86,000 be granted for expenditure under Demand No. 80, Major Head : "3055—Road Transport" during the current financial year.

DEMAND NO. 86

Major Head : 3456—Civil Supplies

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 21,63,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the current financial year.

DEMAND NO. 89

Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 14,37,36,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the current financial year.

DEMAND NO. 95

Major Head : 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Food and Beverages)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 80,21,000 be granted for expenditure under Demand No. 95, Major Head : "6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Foods and Beverages)" during the Current Financial year.

DEMAND NO. 96

Major Head : 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that a sum of Rs. 17,57,60,000 be granted for expenditure under Demand No. 96, Major Head : "6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)" during the current financial year.

Mr. Speaker : Now, Shri Sambhu Nath Mandi.

[4.30—4.40 p.m.]

শ্রী শম্ভুনাথ মাণ্ডি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ২০০২-২০০৩ সালের যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট মঞ্জুরের জন্য রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধীরা যে এর বিরোধিতা করছেন, বিরোধীদের এই বিরোধিতার আমি বিরোধিতা করছি। মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রীর সাধারণ বাজেটের উপর বেশ কয়েকদিন ধরে বিরোধীদের বক্তব্য শুনেছি এবং বোঝারও চেষ্টা করেছি। আজকে সাপ্লিমেন্টারি গ্র্যান্টের উপর আমি তাঁদের বক্তব্য শোনার এবং বোঝারও চেষ্টা করেছি, তাতে আমার মনে হয়েছে যে, বিরোধীরা শুধু মুখে বিরোধিতা করছেন কিন্তু হৃদয়ে তাঁরা সম্পূর্ণভাবে এটাকে সমর্থন করছেন। ওড়িয়াতে একটা কথা আছে—"টুঁড় অর্জিব, কুচিয়া খাইবো"।

১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে। অনেক সংগ্রাম, আন্দোলন, আত্মত্যাগের মধ্যে দিয়ে এই সরকার প্রতিষ্ঠিত হয়েছে। মানুষের আশীর্বাদ নিয়ে ফুড ফর ওয়ার্ক এই কাজ দিয়ে এই বামফ্রন্ট সরকার পথ চলা শুরু করেছিল। ওই সময় বিরোধিরা একটা দল হিসেবে ছিলেন, কিন্তু ক্রমশ তাঁরা টুকরো টুকরো হয়ে গেছেন—এটা কিসের লোভে হয়েছে ? এটা কিসের পাপে হয়েছে ? আজকে পশ্চিমবঙ্গের মানুষের চাহিদা অনেক বেড়েছে। কিন্তু প্রয়োজনের তুলনায় সামর্থ খুব কম। একটা জটিল অর্থনৈতিক পরিস্থিতির মাঝে মাননীয় অর্থমন্ত্রী সাহসের সাথে খরচা করেছেন তাতে এই অর্থমন্ত্রীকে সাবাশ দিতেই হবে এই জন্য যে, আমরা গ্রামের মানুষ, আমরা গরিব মানুষের প্রতিনিধিত্ব করি, গ্রামে-গঞ্জে ঘুরে আমাদের একটা অভিজ্ঞতা হয়েছে যে, আমরা ১৯৭৭ সালে দেখেছি যে, মানুষ চাইছে কাজের বিনিময়ে খাদ্য, কিন্তু আজকে সেই সব মানুষ খাদ্যের কথা বলছে না। তারা বলছে, 'আমরা একটু বিশুদ্ধ পানীয় জল চাই'। মাননীয় অর্থমন্ত্রী সেই ব্যবস্থা করেছেন, বিশুদ্ধ পানীয় জলের জন্য তিনি খরচা করেছেন, সেই জল শুধু আমরাই খাচ্ছি না, আপনারাও সেই জল খাচ্ছেন। আজকে গ্রামের মানুষ বলছেন যে, 'আমরা বিদ্যুতের আলো চাই'। হ্যাঁ, বিদ্যুতের জন্য মাননীয় অর্থমন্ত্রী চেষ্টা করেছেন, তার জন্য খরচা করেছেন, সেই বিদ্যুতের আলোতে আমরা শুধু আলোকিত হইনি, আপনারাও সেই বিদ্যুতের আলোতে আলোকিত হয়েছেন। এখন গ্রামের মানুষের কিছু ক্রয় ক্ষমতা হয়েছে, আজকে গ্রামের মাথায় অনেক গঞ্জ গড়ে উঠেছে, গ্রামের মানুষ যোগাযোগের জন্য ভাল রাস্তা চায়।

মাননীয় অর্থমন্ত্রী খরচ তো সেখানে করেছেন কিন্তু সেই রাস্তাই তো শুধু অর্থমন্ত্রী চলাফেরা করছেন না, বিরোধীরাও চলাফেরা করছেন। কোনো জায়গায় যদি ওরা জনসভা করে দেখা গেছে যে কয়েক ঘণ্টার মধ্যে চতুর্দিক থেকে বাস গড় গড় করে সেখানে চলে আসছে। একটুও লজ্জা করে না আপনাদের ? মাননীয় স্পীকার সাহেব শুধু কি তাই গোটা পশ্চিমবঙ্গে আমরা দেখেছি যে আমাদের অভিজ্ঞতার মধ্য দিয়ে যারা গর্ভবতী মহিলা, তাদের শিশুদের পুষ্টিকর খাদ্য দেওয়ার জন্য আমাদের অর্থমন্ত্রী অর্থ খরচ করেছেন। অঙ্গনওয়ারি কর্মীরা যাঁরা গ্রামে-গ্রামে ঘুরে ঘুরে যাঁরা মায়েদের শিশুদের সেবা করছেন তাদের জন্য অর্থ বরাদ্দ করেছেন খরচও করেছেন। তো কি অন্যায়টা করেছেন অর্থমন্ত্রী। বাবা-মায়েরা আমাদের আছে, আপনাদেরও আছে। আমরা দেখেছি যেসব বৃদ্ধা-বৃদ্ধ, মাতা-পিতা, রিটায়ার্ড পার্সেন যাঁরা পেনশান পাচ্ছেন আপনারাও পেনশান পাচ্ছেন, আমরাও পাচ্ছি এবং সে জায়গায় বিরোধিতা করা আপনাদের সাজে না। মাননীয় স্পীকার সাহেব আমাদের অভিজ্ঞতা থেকে বলছি যে একমাত্র এই বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের জন্য সাহসের সাথে কিছু কল্যাণমূলক কাজ করতে পারে, অন্যান্য কোনো দল পারবে না। গোটা ভারতবর্ষের মানুষ আমাদের এই পশ্চিমবাংলার দিকে তাকিয়ে আছে। তাই ৭৭ সালের কথা যদি মনে হয়, আর আজকে যদি এই বাজেটের ব্যয়-বরাদ্দ আমরা তুলনা করি, তাহলে সাঁওতালি ভাষায় একটা কথা আছে—দাঃ পেরেচ। ঠিলি ছিলকাও হিঁরিচ এন লোকা—বুকটা ফুলে ওঠে। আমাদের বিরোধী বন্ধুরা বিরোধিতার জন্য শুধু বিরোধিতা করে যাচ্ছেন কিন্তু বাস্তবটা বুঝতে হবে। আমি একটা ছোট্ট উদাহরণ দিচ্ছি—এক বিরোধী বন্ধু তিনি একটা অন্য রাজ্যে বেড়াতে গিয়েছিলেন। সেই আত্মীয় তাকে জিজ্ঞাসা করছে—তোমাদের পশ্চিমবাংলায় এক নাগাড়ে কি করে একটি মুখ্যমন্ত্রী ২৫-২৬ বছর থাকছে, বলুন তো কি যাদু আছে—বিরোধী বন্ধু উত্তর দিচ্ছে—কি বলবো ভায়া পশ্চিমবাংলায় বামফ্রন্ট পঞ্চায়েত ব্যবস্থা যা করেছে না সকলেরই খুব সুবিধা হয়েছে এটাই যাদু। মাননীয় স্পীকার সাহেব আমাদের অর্থমন্ত্রী যে টাকা খরচ করেছেন সেই খরচের জন্য আরও একবার সাবাস দিতে হবে এবং সাবাস দেওয়ার জন্য আমি অনুরোধ করে যাব আপনাদেরও। মাননীয় স্পীকার সাহেব এই জটিল পরিস্থিতির মধ্যে অর্থনৈতিক যে অবস্থা গোটা পৃথিবীর, ভারতবর্ষের—পশ্চিমবঙ্গের নতুন করে কিছু তো বলার অবকাশ থাকে না। একটা ছোট্ট উদাহরণ যে—অগাধ সমুদ্রে আমরা একটা ফুটো জাহাজের যাত্রী সবাই। আমরা যদি একজোট হয়ে বাঁচার চেষ্টা না করি কেউ যদি সুইসাইড করতে চায় তো অর্থমন্ত্রী সেখানে বাঁচাতে পারবে না। অর্থমন্ত্রী যদি বাঁচাবার চেষ্টা করে তো পশ্চিমবঙ্গের জনগণ আপনাদেরকে ক্ষমা করবে না। আমরা তো দেখছি গোটা পশ্চিমবাংলায় গ্রামে-গঞ্জে আমরা যখন ঘুরে ঘুরে দেখি তাই পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ তারা বলছে যে হ্যাঁ, পশ্চিমবঙ্গ গোটা ভারতবর্ষের মানুষকে চোখে দেখাতে পারবে। আর আপনারা পশ্চিমবঙ্গ কুয়োর ব্যাঙের মতো বসে এখানে শুধু সমালোচনা করছেন। আমাদের অর্থমন্ত্রীকে একটা অনুরোধ করতে পারি যে কিছু একটা ব্যবস্থা করা হোক। ভারতবর্ষের ২৭টি রাজ্য আছে, বিরোধী দলের বন্ধুরা গিয়ে দেখে আসুন সেখানকার কর্মচারীদের অবস্থা কি ? সেখানকার শিক্ষকদের অবস্থা কি, সেখানকার সাধারণ

মানুষের অবস্থা কি—একটু যদি গিয়ে দেখে আসেন তাহলে মাথাটা পরিষ্কার হবে নতুবা আপনাদের মাথাটা কোনোদিন পরিষ্কার হবে না। বিরোধিতার জন্য শুধু বিরোধিতা করে যাবেন। মাননীয় স্পীকার সাহেব আমাদের মাননীয় অর্থমন্ত্রীর যা ব্যয়-বরাদ্দ আমি সেই প্রত্যেকটিকে বারে বারে সমর্থন করছি এবং যেটা খরচ করেছেন ঠিকই খরচ করেছেন, ভাল কাজ করেছেন এবং বিরোধীরাও সেটা সমর্থন করবেন। রাজ্য সরকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ করেছে বলেই মাননীয় অর্থমন্ত্রীকে অতিরিক্ত অর্থ খরচ করতে হয়েছে এবং সে সমস্ত কাজের সুফল আমাদের বিরোধীরাই সবচেয়ে বেশি ভোগ করছেন বলে আমি মনে করি। সে জন্য আমি আশা করব বিরোধীরা এই সাপ্লিমেন্টারি গ্রান্টকে সমর্থন করবেন। আমি পুনরায় এই সাপ্লিমেন্টারি গ্রান্টকে পূর্ণ সমর্থন জানিয়ে, পঙ্কজবাবুর, বিরোধী দলের নেতার বিরোধিতার প্রতি বিরোধিতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4.40—4.50 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে ডিমান্ডস ফর সাপ্লিমেন্টারি গ্রান্টস ফর দি ইয়ার ২০০২-২০০৩ পেশ করেছেন তার বিরোধিতায় আমি আমার বক্তব্য রাখছি। আমি গতকাল বলেছি, আজও বলছি অসীমবাবু যে দৃষ্টিভঙ্গি নিয়ে চলছেন সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে আমরা সম্পূর্ণ একমত নই। অসীমবাবু যেভাবে চলছেন তাতে তিনি নিজেকে ঠিক জায়গায় রাখতে পারছেন না। কাল আমি যে কথা বলেছি সে কথা আবার আজকে বলতে চাই : অসীমবাবু যদি প্রকৃত অর্থে বিপ্লবী হতে চান তাহলে তিনি বিপ্লবের রাস্তায় যান। সেই পথে গিয়ে বাজার অর্থনীতির বিরুদ্ধে লড়াই করুন। সে কাজ সংসদীয় গণতন্ত্রের মধ্যে দিয়ে হয় কিনা আমি জানি না ! সংসদীয় গণতন্ত্রের মধ্যে থাকতে গেলে এবং গোটা দেশের অর্থনৈতিক পরিকাঠামোর মধ্যে থাকতে গেলে ওঁকে এ লড়াই ছাড়তে হবে। ভোটের রাজনীতি করবেন, আবার রাষ্ট্রীয় অর্থনীতির, বাজার অর্থনীতির বিরোধিতা করে ভোট চাইবেন ! গতকাল ওঁর কথা শুনে ভাল লাগলো, উনি বললেন যে, উনি বিশ্বায়ন চান, কিন্তু সম-প্রতিযোগিতার মধ্যে। উনি ওঁর মাষ্টারমশাই অমর্ত্য সেনের মতামতকে সমর্থন করেছেন এবং সে অনুযায়ী উনি সম-প্রতিযোগিতার কথা বলেছেন।

স্যার, সাপ্লিমেন্টারি গ্রান্টস আনার প্রয়োজন হয় একসেস খরচ হয়ে যাওয়ার জন্য। স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীকে সরাসরি জিজ্ঞাসা করছি, মাননীয় অর্থমন্ত্রী, আপনি যখন বাজেট রচনা করেন তখন নিশ্চয়ই আপনার দূরদৃষ্টির অভাব থেকে যায়, আপনি নিশ্চয়ই ঠিকমতো অ্যাসেস করতে পারেন না যে, এই ক্ষেত্রে অতিরিক্ত খরচ হতে পারে। বাজেট এনে এখানে পাশ করিয়ে সেই বরাদ্দ খরচ করার পরে আরো বেশি খরচ করে তার আপনি সাপ্লিমেন্টারি গ্রান্টের অনুমোদন চাইছেন। এই টাকা ইতিমধ্যে আপনি খরচ করে ফেলেছেন। এখন আমরা অনুমোদন করি, না করি, খরচ তো হয়ে গেছে। সেই খরচকে আইনসিদ্ধ করার জন্য এখানে এই বিল আনা হয়েছে। নির্দিষ্ট আর্থিক বছরের মধ্যে যদি হঠাৎ এমন কোনো খরচ হয়ে যায় যা আগে অনুমান করা যায়নি, তাহলে অতিরিক্ত ব্যয়ের অর্থ বোঝা যায়। হঠাৎ একটা বড় রকমের সাইক্লোন হলে বেশি খরচ হতেই পারে। সেই একসেস খরচের অনুমোদন নেওয়ার জন্য সাপ্লিমেন্টারি গ্রান্ট নিশ্চয়ই আনতে হবে। বা বছরের মাঝে

পে কমিশনের সুপারিশ কার্যকরী করতে হলে অতিরিক্ত অর্থের প্রয়োজন হতেই পারে। হঠাৎ যদি ফ্লাড হয় তাহলে তার মোকাবিলা করতে একসেস খরচ করতেই হবে। কিন্তু এ ক্ষেত্রে আমরা সে রকম কিছুই লক্ষ্য করছি না। বিভিন্ন বিভাগের বাজেট বরাদ্দের পরে আবার সেসব বিভাগের কাজকর্মের মধ্যে নতুন এমন কোনো বিষয় সংযুক্ত হয়নি যার জন্য একসেস খরচ করার প্রয়োজন হয়েছে। সুতরাং মাননীয় অর্থমন্ত্রী, আপনার সঙ্গে আমি এ ক্ষেত্রে দ্বিমত পোষণ করছি। আমি মনে করি আপনার চিন্তা-ভাবনার মধ্যে ত্রুটি আছে। আপনার টাকা ধার করার প্রবণতার জন্যই এ রাজ্যে আর্থিক সংকট সৃষ্টি হয়েছে। কেন্দ্রীয় সরকার বলেছেন ১২ দিনের মধ্যে ওভারড্রাফট শোধ করতে হবে এবং ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে হবে। সে কারণেই আপনাকে ৪ কোটি টাকা থেকে বাড়িয়ে ৭৯২ কোটি টাকার ডেফিজিট শো করতে হয়েছে। বিপদে পড়েই আপনাকে এটা করতে হয়েছে। দীর্ঘদিন আপনি মানুষকে বোকা বানাচ্ছিলেন। এতদিন আপনি জিরো ডেফিজিট, ৪ কোটি ডেফিজিট, ৮ কোটি ডেফিজিট দেখিয়ে এসেছেন। এখন আর আপনার সে কথা বলা সম্ভব হচ্ছে না। আমি আপনাকে কালকে বলেছিলাম, আপনি স্বল্প সঞ্চয় থেকে ঋণ নিচ্ছেন। অন্ধ্রপ্রদেশ স্বল্প সঞ্চয় থেকে তিন বছরে যেখানে ঋণ নিয়েছে মাত্র ৫,১১৫ কোটি টাকা, সেখানে আপনি নিয়েছেন ১৮,৩৭৯ কোটি টাকা। এটা নিশ্চয়ই কমপালশন নয়। এ ছাড়াও কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ নেয়া আপনাদের কাছে কমপালশন নয়। আপনারা এই রাজ্যে পলিটিক্স করেন, রাজ্যে রাজনীতি করেন। আপনারা একটা শ্রেণি তৈরি করেছেন ৯ লক্ষ মানুষের, ৯ কোটি মানুষকে কন্ট্রোল করার জন্য, ৯ কোটি মানুষের উন্নয়ন ব্যাহত করে যাতে নির্বাচনী বৈতরনী পার হওয়া যায়, যাতে বার বার ক্ষমতায় ফিরে আসা যায়, এর জন্য আপনারা ৯ লক্ষ মানুষকে খুশি করেছেন। পে-কমিশনের টাকা দেওয়া কি বাধ্যতামূলক ছিল ? আপনাদের মনে রাখা দরকার, এই পে-কমিশনের টাকা দেওয়ার ক্ষেত্রে সবচেয়ে বড়ো ভূমিকা ছিল সি. পি. আইয়ের। চতুরানন মিশ্র এবং ইন্দ্রজিৎ গুপ্ত সেদিন যদি চাপ সৃষ্টি না করতেন তাহলে হতো কিনা সন্দেহ। এর জন্য হঠাৎ করে অর্থমন্ত্রী সেদিন সভা ত্যাগ করে চলে গেলেন। কেন্দ্রে দেবগৌড়া সরকারের পর আই. কে. গুজরালের সরকার যখন এলো তখন জোর করে চাপ সৃষ্টি করা হল। আর আজকে আপনারা কেন্দ্রকে দোষ দিচ্ছেন। সি. পি. আই. সেদিন জোর করে চাপ সৃষ্টি করেছিল আর আপনাদের দলের নেতা হরকিষন সিং সুরজিৎ তিনি বাইরে থেকে চাপ সৃষ্টি করলেন এবং ভিতরে মন্ত্রীসভায় থেকে চতুরানন মিশ্র এবং ইন্দ্রজিৎ গুপ্ত চাপ সৃষ্টি করে পে-কমিশন দিতে বাধ্য করেছিলেন। সেদিন কিন্তু কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী বলেছিলেন, আগামী দিনে ভারতবর্ষের প্রত্যেক রাজ্যকে এর জন্য অনেক অসুবিধায় পড়তে হবে। আপনি একটু হিসাব করে নিলেন, যদি আমরা এটা দিই তাহলে একটা শ্রেণির মানুষের মধ্যে থেকে গোটা পশ্চিমবাংলার মানুষকে কন্ট্রোল করবো। এবার মূল জায়গায় আসা যাক, পুলিশের জন্য আপনি টাকা বাড়িয়েছেন এবং অলরেডি খরচ করেছেন। কিন্তু পুলিশ কমিশন রেকমেন্ড করেছিল প্রতি ১ লক্ষ মানুষের জন্য একটি করে থানা করতে হবে। পশ্চিমবাংলায় বর্তমানে আছে অ্যাভারেজে ৫ থেকে ৭ লক্ষ মানুষের জন্য একটি করে থানা। এখনো পর্যন্ত অনেক থানায় গাড়ি নেই। পুলিশকে পয়সা দিয়ে নতুবা গাড়ি ভাড়া করে নিয়ে আসতে হয়

এনকোয়ারি করার জন্য। আপনি কি জানেন, পুলিশকে পয়সা দিয়ে, কিম্বা গাড়ি ভাড়া দিয়ে কিম্বা পেট্রোল বা ডিজেলের দাম দিয়ে নিয়ে আসতে হয় স্পটে এনকোয়ারি করার জন্য এবং তার জন্যই টাকা চাচ্ছেন অনুমোদনের জন্য ? এটা আমরা দেব ? আপনি কি জানেন, যে ১০ পারসেন্ট টাকা গাড়ি কেনার জন্য আপনি খরচ করেছেন বলছেন, তার ৭ পারসেন্ট টাকা খরচ হয়েছে অফিসারদের গাড়ি কেনার জন্য। আর যেখানে পুলিশ মানুষের কাছে পৌঁছতে পারে না, কোনো ক্রাইম হলে বা খুন হলে পৌঁছতে পারে না তাদের জন্য অনলি ৩ পারসেন্ট খরচ করেছেন। এর জন্য টাকার অনুমোদন দেব ? আই কান্ট গিভ ইট। আজকে পুলিশের আধুনিকীকরণ করতে পারলেন না, জল-কামান নেই। দিল্লিতে চালু হয়ে গেছে এবং অন্যান্য অনেক রাজ্যে চালু হয়েছে। আপনি স্টান্ট-গান চালু করতে পারেননি ভয় দেখাবার জন্য। আজকে পুলিশ টিগার-হ্যাপি হয়ে গেছে, মানুষকে খুন করে দিচ্ছে। পুলিশকে যেভাবে ডেভেলপ্ করার দরকার ছিল সেটা কিছুই হল না। আপনি মেরিট-ওরিয়েনটেড, টেকনোলজি ওরিয়েনটেড পুলিশ তৈরি করতে পারলেন না আর এর জন্য টাকা চাচ্ছেন ? আর একটি কথা বলে আমি শেষ করবো। আপনি পি. ডব্লু. ডি.-র জন্য টাকা চেয়েছেন। কিন্তু এই ডিপার্টমেন্টের কি ভয়ানক দুরবস্থা। পি. জি. হাসপাতালের কার্নিস ভেঙে পড়ছে, মানুষ মারা যাচ্ছে। খোদ রাইটার্স বিল্ডিংস-এ দেওয়াল ভেঙে পড়ছে। আপনি তো পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় ঘুরছেন। আপনি সার্কিট হাউসগুলির অবস্থা দেখেছেন ? কি অবস্থা, দরজা-জানালা ভাঙা, কোনো জায়গায় সারাবার ব্যবস্থা নেই অথচ টাকা বেশি খরচ করেছেন। কোথায় খরচ করলেন আমি জানি না। তারপর শিক্ষকদের ব্যাপারে আপনি তাদের রিটায়ারমেন্ট বেনিফিট দেবেন বলেছেন। কিন্তু এখনো পর্যন্ত ২৫ হাজার প্রাথমিক শিক্ষক ফেব্রুয়ারি মাসের মাহিনা পাননি। সেইজন্য আজকে তারা মিছিল করে এসেছেন। এই মুহূর্ত পর্যন্ত ২৫ হাজার প্রাথমিক শিক্ষককে আপনি মাহিনা দিতে পারেননি। পেনশনের ক্ষেত্রেও এখনো তাদের হ্যারাসমেন্ট করছেন। আপনি অলিখিতভাবে ইন্সট্রাকশন দিয়ে দিয়েছেন ওদের হ্যারাসমেন্ট করো—আপনি মুখে কিছু বলছেন না—এটা নেই, ওটা নেই, ওটা ভুল আছে, এটা ভুল আছে বলে নানা রকমের কোয়ারি করে ফাইল ফেরত পাঠিয়ে দাও যাতে টাকা না দিতে হয় আর মুখে বলছেন যে কটা পাচ্ছি দিচ্ছি। এই যে আমার ঘরে আমি জেরক্স করবো, বলছে কাগজ সাপ্লাই নেই। ৭ দিন হয়ে গেল কালি সাপ্লাই নেই। এইরকম একটা সরকার পশ্চিমবাংলায় রাজত্ব করছেন। তাই অনুমোদন দিতে পারছি না বলে দুঃখিত।

[4.50—5.00 p.m.]

শ্রী শৈলেন্দ্রনাথ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ডিমান্ডস ফর সাপ্লিমেন্টারি গ্রান্টস—২০০২/৩ যেটা পেশ করেছেন তা আমি সমর্থন করেছি। তিনি ২৪টি খাতের যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ চেয়েছেন তা সমর্থন করছি এই কারণে যে এতে অনেকগুলি গুরুত্বপূর্ণ বিষয় রয়েছে যেগুলি অবশ্যই অনুমোদন করা দরকার। এর মধ্যে আছে রাজস্ব সংগ্রহ দপ্তর, পুলিশ, পাবলিক ওয়ার্কস, পেনশন, পানীয় জল সরবরাহ, বিদ্যুৎ, রোডস অ্যান্ড ব্রিজেস, রোড ট্রান্সপোর্ট ইত্যাদি। স্যার, কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়ে

চলেছেন, যে কার্যক্রম চালাচ্ছেন এবং বিভিন্ন সময় তারা যেভাবে পেট্রোল, ডিজেলের দাম বাড়াচ্ছেন স্বাভাবিকভাবেই তাতে অনেকগুলি ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি পাচ্ছে এবং তাই অতিরিক্ত ব্যয়বরাদ্দ আমাদের করতে হচ্ছে। নিশ্চিতভাবেই রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে সরকার কিছু উদ্যোগ, কিছু পরিকল্পনা, কিছু ব্যবস্থা নিয়েছেন এবং সরকারের এ ব্যাপারে আরও কিছু চিন্তা-ভাবনাও আছে। এ বছরের বাজেট যা পেশ করা হয়েছে তার উপর বক্তব্য রাখতে গিয়ে গতকালই আমি বলেছি যে রাজস্ব আদায়ের প্রশ্নে সরকারের কোনো বিভাগের যদি ত্রুটি-বিচ্যুতি থাকে সেটা দূর করতে হবে। রাজস্ব আদায়ের ব্যাপারটা যদি শুরু থেকে আমরা ঠিক মতন চালাতে পারি তাহলে তা দিয়ে আমরা আমাদের রাজ্যের উন্নয়নের কাজটাও সঠিকভাবে চালিয়ে নিয়ে যেতে পারবো এবং আমাদের রাজ্যের প্রয়োজনে বিভিন্ন বিভাগের জন্য খরচ করতে পারবো। এখানে ডিমান্ড নং ৬-তে যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে তা স্বাভাবিকভাবেই আমাদের দিতে হবে। কারণ এই কাজ করতে স্বাভাবিকভাবে অতিরিক্ত কিছু খরচ হয়েছে। একটা প্রশ্ন বিরোধীপক্ষ থেকে বারবার তোলা হয় সেটা হচ্ছে আইনশৃঙ্খলার প্রশ্ন। রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের সময়ও দেখছি বিরোধীরা বার বার এ নিয়ে প্রশ্ন তুলেছেন। নিশ্চয় রাজ্যে কতকগুলি ঘটনা ঘটেছে যেগুলি অভিপ্রেত নয়, না ঘটলেই ভাল হত কিন্তু তবুও ঘটেছে এবং ঘটেছে বলেই সরকারকেও তার দায়িত্ব পালন করতে হয়েছে। আমাদের রাজ্যে শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত করার ক্ষেত্রে কোনো সাম্রাজ্যবাদীদের হাত আছে, সাম্প্রদায়িক শক্তির হাত আছে তেমনি আমাদের রাজ্যে বিভিন্ন শক্তি কখনও সাম্প্রদায়িকতার নামে, কখনও উগ্রপন্থার নামে, জঙ্গী আন্দোলনের নামে আমাদের রাজ্যের শান্তি বিঘ্নিত করার চেষ্টা করছে। ফলে তাকে রুখতে পুলিশ প্রশাসনের জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দ সংগত কারণেই করতে হচ্ছে। কাজেই এটা অনুমোদন আমাদের করতেই হবে। আমাদের রাজ্যের বাসিন্দারা যাতে শান্তিপূর্ণভাবে বসবাস করতে পারে তার ব্যবস্থা সরকারকে অবশ্যই করতে হবে। কাজেই এই খাতে অতিরিক্ত ব্যয়বরাদ্দ আমাদের করতে হয়েছে। তারপর আমাদের রাজ্যে পাবলিক ওয়ার্কাস ডিপার্টমেন্টের ক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দ করতে হয়েছে। আমরা যতটা এ ক্ষেত্রে চাইছি তার সবটা না হলেও এ ক্ষেত্রে যে সরকারের চিন্তা-ভাবনা আছে সেটা আমরা দেখছি। নতুন নতুন সরকারি ভবন হচ্ছে, পঞ্চায়েত এলাকায় পঞ্চায়েতের জন্য নতুন অফিসঘর, পঞ্চায়েত সমিতির জন্য নতুন ঘর, জেলা পরিষদের বাড়ি ইত্যাদি হচ্ছে। কাজেই সরকারকে এ ক্ষেত্রে অতিরিক্ত কিছু বরাদ্দ করতেই হচ্ছে এবং স্বাভাবিক কারণেই সেটা আমরা সমর্থন করছি। এর সঙ্গে সঙ্গে আমি দেখছি ২৬ নম্বর ডিমান্ডের উল্লেখ করা হয়েছে—ফায়ার প্রোটেকশান অ্যান্ড কন্ট্রোল। আমরা দেখেছি গতকাল আমাদের রজ্যে বড়ো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে গেছে। আমাদের রাজ্যে বিভিন্ন ধরনের অগ্নিকাণ্ড ঘটে যাচ্ছে, এই ঘটনা কোনো সময় অভিপ্রেত নয়। বিভিন্ন রাজ্যে এই ঘটনা ঘটছে এবং আমাদের রাজ্যেও ঘটছে। গতকাল উড়িষ্যা থেকে আসা বাসে আমার বিধানসভা কেন্দ্রে এই দুর্ঘটনা ঘটেছে। সেখানে ৫০ জনের মতো লোক অগ্নিদগ্ধ হয়ে মারা যায়। সেখানে মন্ত্রী গিয়েছিলেন, আমাদের বিরোধী দলের নেতা গিয়েছিলেন। তাঁরা দেখে এসেছিলেন কী মারাত্মক ধরনের ঘটনা সেখানে ঘটে গেছে। সেখানে ফায়ার ব্রিগেড

গিয়েছিল, তারা নিশ্চিত ভাল কাজ করেছে যা সাফল্যের দাবি রাখে। এই ধরনের ফায়ার ব্রিগেড নানা কেন্দ্রে স্থাপন করার ক্ষেত্রে সরকারের যে সিদ্ধান্ত যে ভূমিকা এবং যে ধরনের ব্যবস্থা করার কথা বলছেন সেটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। আজকে যে ধরনের অগ্নিকাণ্ড ঘটছে তা নেভানোর জন্য আধুনিক ব্যবস্থা দরকার এবং সেটা করা হচ্ছে। তার জন্য নিশ্চয়ই কিছু অতিরিক্ত ব্যয় বরাদ্দ হয়ে যাচ্ছে। এটাকে অনুমোদন দিতেই হবে। আজকে অগ্নিকাণ্ডের যে ঘটনা দেখতে পাচ্ছি তা দূর করার জন্য সরকারের সদর্থক ভূমিকা পালন করা দরকার, আরো নতুন নতুন অগ্নি নির্বাপক কেন্দ্র স্থাপন করা দরকার। এই ধরনের ঘটনা ঘটলে দ্রুততার সঙ্গে মোকাবিলা করতে হলে সরকারের এই প্রশাসনকে গতিশীল করতে হবে। এর পরে আছে পেনশানের ব্যাপারে ডিমান্ড নাম্বার ২৮-এ। পেনশান এবং অবসরকালীন সুযোগ-সুবিধা দেওয়ার ক্ষেত্রে অতিরিক্ত ব্যয় বরাদ্দ হয়েছে। স্বাভাবিকভাবে খুবই প্রয়োজনে এই খরচ হয়েছে, অন্যভাবে এটা খরচ হয়নি। এই ক্ষেত্রে যারা অবসর নিচ্ছে তাদেরকে এটা দেওয়া হচ্ছে। এই ক্ষেত্রে যা চাহিদা, যা টাকা দেওয়া কথা তা এক সময় পালন করা যায়নি। এই ক্ষেত্রে অতিরিক্ত ব্যয় মানে এই কাজে একটা গতি এসেছে। এই ব্যাপারে সরকার ভাল ভূমিকা গ্রহণ করতে পেরেছে। এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের মধ্যে দিয়ে এই দাবিকে প্রতিষ্ঠিত করা যায়। সেই জন্য এই ডিমান্ডে যে দাবি রাখা হয়েছে সকলের এটা সমর্থন করা দরকার এবং করতেই হবে। এর পরের ডিমান্ড হচ্ছে ফ্যামিলি ওয়েলফেয়ার, ২৪ নম্বর ডিমান্ড। এই ক্ষেত্রে নিশ্চিত যে আমাদের রাজ্যে জন্ম-মৃত্যুর হারের ক্ষেত্রে যে পরিসংখ্যান সেখানে কিছু সাফল্য আছে। এই ডিমান্ডের মাধ্যমে যে সুযোগ রাজ্যের মানুষকে দেওয়া হচ্ছে সেটা স্বাস্থ্য পরিকল্পনার ক্ষেত্রে। এখানে সাফল্যের ক্ষেত্রে অতিরিক্ত অর্থ খরচ করা হয়েছে এটা সমর্থনযোগ্য। এখানে বিরোধী দলের সদস্য উল্লেখ করেছেন হাসপাতালের ছাদ ভেঙে রোগী মারা যাচ্ছে। এটা নিশ্চয়ই দুঃখজনক ঘটনা। এই দুর্ঘটনা যাতে না ঘটে সেটা দেখতে হবে। কিন্তু এই ঘটনা দেখিয়ে গোটা রাজ্যের অবস্থা খারাপ এটা প্রমাণ হয় না। মাননীয় অর্থমন্ত্রী অনেকগুলো বিষয় অনুমোদনের জন্য রেখেছেন, তার মধ্যে গুরুত্বপূর্ণ বিষয় হলো রোডস, রোডস ট্রান্সপোর্ট। সার্বিকভাবে আমাদের রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন একটু ভাল জায়গায় পৌঁছেছে। পরিকাঠামো যাতে ভাল করা যায় সুন্দর করা যায় সুপরিকল্পিত পরিকল্পনাকে সামনে রেখে পরিকাঠামো উন্নয়নের কাজ চলছে। নতুন নতুন রাস্তাঘাট নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। নিশ্চয়ই দরকার, আরো করতে হবে। স্বাভাবিক ভাবেই অতিরিক্ত ব্যয় বরাদ্দ করতে হয়েছে এই সমস্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে। সাপ্লিমেন্টারি গ্রান্টস বিলে এই সমস্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলি আছে। সেইজন্য এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.00—5.10 p.m.]

শ্রী আবু হাসেম খান চৌধুরী : মিঃ ডেপুটি স্পীকার, স্যার, ডঃ অসীমকুমার দাশগুপ্ত এই যে সাপ্লিমেন্টারি গ্রান্টস বিলটি এনেছেন, যে টাকা খরচ হয়ে গেছে, আমাদের অ্যাপ্রোভাল দরকার, আমি তার বিরোধিতা করে কিছু বলতে চাইছি। সর্বপ্রথমে এই সাপ্লিমেন্টারি গ্রান্টসের সবকিছুই নন-প্ল্যান। অর্থাৎ কোনো ইনকাম জেনারেশানের জন্য খরচ

করা হয়নি। অর্থাৎ ইন্ডাস্ট্রিকে হেল্প করার জন্য, কোনো রাস্তা বা কোনো ব্রীজ তৈরি করার জন্য বা ইলেকট্রিসিটির জন্য খরচ করা যেগুলিতে সরকারের জেনারেশান অফ ইনকাম হতে পারে, সেগুলি করা হয়নি। প্রত্যেকটা খরচই নন-প্ল্যান। অর্থাৎ গভর্নমেন্ট জানতেন যে এই খরচগুলি হবে। এগুলি বাজেটে পেশ করা উচিত ছিল। এখন অতিরিক্ত করে এগুলি কেন করছেন তা আমরা বুঝতে পারছি না। যাঁরা ইনফর্মেশন দেন, তাঁরা তা দেননি। এখন কমপিউটারের যুগ। প্রত্যেকটি ডিপার্টমেন্টেই কমপিউটার আছে। তাঁদের জানা উচিত যে কোন্ ডিপার্টমেন্টে একজ্যাক্টলি কত খরচ হবে। সাপ্লিমেন্টারি গ্রান্টসে টোটাল খরচ হয়েছে ৪,৬২৭ কোটি ২১ লক্ষ ৪৬ হাজার টাকা। তার মধ্যে ২,৮৬৫ কোটি টাকা কেবল ঋণ শোধ করার জন্য খরচ করা হয়েছে। বিভিন্ন খরচ বাবদ পাবলিকের লোন অ্যাডভান্স এবং ইন্টারেস্ট পেমেন্ট, এগুলো তো জানা দরকার যে এগুলো আসবে, এই খরচগুলো হবে। এগুলো আন-এক্সপেকটেড নয়। আমি আশা করবো উনি যখন চাইবেন সাপ্লিমেন্টারি গ্রান্টস যা খরচ করেছেন, সেটা যদি একটা ভয়ানক আন-এক্সপেকটেড ঘটনার জন্য খরচ করতে হয়েছে, যখন আমরা এখানে নেই, বিল পাস করতে পারবো না, তখন এগুলি হতে পারে। যেমন, ফ্লাড সিচুয়েশন, খরা, কোথাও ভয়ানক ঝড় হলো, সেইসব জায়গায় এইসব টাকা খরচ করা স্বাভাবিক। কিন্তু যে জন্য খরচগুলি হয়েছে, এগুলি জানা উচিত এবং বাজেটে এগুলি থাকবে। যেমন, উনি পুলিশের জন্য খরচের কথা বলেছেন ১৩১ কোটি ২৬ লক্ষ ৪৮ হাজার টাকা। এই ফিগারটা জানা উচিত ছিল। স্যার, আমরা যারা বিরোধী দলে আছি, আমরা আপনাদের প্রত্যেককে, চিফ মিনিস্টারকে একই কথা বলছি যে, উই আর নট ভেরি প্লিজড উইথ দি অ্যাকশান অফ দি পুলিশ। আমরা দেখছি গ্রামে, বিশেষ করে আমি গ্রাম থেকে যেহেতু রিপ্রেজেন্ট করছি, পুলিশরা ভয়ানক অত্যাচার করছে। আর কাছাকাছি যখন ইলেকশান আসবে তখন অত্যাচার বাড়বে। আমরা যখন দেখছি পুলিশকে টাকা দেওয়া হচ্ছে তখন আমাদের মনটা খারাপ হচ্ছে। আমি আজকে রাত্রিতে যাব। আমি কনফিডেন্টলি বলছি, আমি যখন মালদহতে পৌঁছাব তখন হাজার হাজার নালিশ হবে যে পুলিশ অত্যাচার করেছে। পুলিশের এই অত্যাচার থেকে বাঁচার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বলেছি। আমি আপনাকে বলছি। আপনি ওখানে লেখাপড়া করেছেন, আপনার মালদহের প্রতি একটা দুর্বলতা আছে, সেজন্য আপনাকে বলছি। পুলিশ আমাদের ওপর ভীষণ অত্যাচার করছে। একেই তো বর্ডার এলাকা, বি. এস. এফ. অত্যাচার করছে, আবার পুলিশ অত্যাচার করছে। তাই বলছি ডেমোক্রেটিক সেট আপে যেভাবে ভোট হয় সেইভাবে নিলে ভাল হয়। এই যে পঞ্চায়েত ইলেকশান হয় সেটাতে এটা কখনোই মানা হয় না। স্যার, আরেকটা জিনিস লক্ষ্য করছি যে, আপনার প্রত্যেকবারের বাজেটই মিউনিসিপ্যালিটি, আরবান এরিয়া অরিয়েন্টেড এবং যে ট্যাক্সটা বসাচ্ছেন সবটাই তাই ভাবে বসাচ্ছেন যেমন ইনট্রোডাকশান অফ এন্ট্রি ট্যাক্স মিউনিসিপ্যালিটি এরিয়ার জন্য। দেড়শো কোটি টাকার ল্যান্ড রেভিনিউ তুলবেন আরবান এরিয়াতে। আবার মোটর ভেহিকেলস্ ট্যাক্স তুলবেন সেটাও আরবান এরিয়াতে। তারপরে লিকারের লাইসেন্স থেকে ট্যাক্স তুলবেন সেটাও ওয়ান শর্ট অফ আরবান এরিয়ার লোকেদের জন্য। এতো সত্ত্বেও থাকছে কনসিল ডেফিসিট, তাই এই সাপলিমেন্টারি গ্রান্টকে

মানা যায় না। আপনি অনেক কিছু করতে যান ঠিক ইলেকশানের আগে যেমন পেনশন ফর দি ফার্মার, কিসারম্যান, উইভারস্। এছাড়া আছে প্রভিডেন্ড ফান্ডের স্কিম—ল্যান্ড লেস ওয়ার্কারদের জন্য। আর ভেস্টেড ল্যান্ডের ব্যাপারে যেটা আছে সেটাও বিলো প্রভার্টি লাইনে যারা আছে তাদের আপনি বেনিফিট দিতে চান এখনই। কিন্তু আরবান এরিয়াতে যে ইউনিটগুলো আছে সেগুলো ক্লোজড্ হয়ে গেছে, তাদের যে ৫০০ টাকা করে দেবার কথা সেটা বন্ধ হয়ে গেল। এই বাজেটটা দেখে মনে হচ্ছে পঞ্চায়েতের ভোটের দিকে লক্ষ্য করেই করা হয়েছে। আরেকটা জিনিস বলেছেন, কালকেও আপনি বলেছেন যে, আপনাকে ডেভেলাপড্ কান্ট্রির সঙ্গে আন্ডার ডেভেলাপড্ কান্ট্রির কমপিটিশানে যেতে হচ্ছে। এর অবস্থা তো সেম নয়—ডেভেলাপড্ কান্ট্রি তো অনেকদিন ধরেই ডেভেলাপড্ করেছে ইন্ডাস্ট্রিয়ালি, আর আমরা তো শিখছি, এমতাবস্থায় আমার মনে হয় কমপিটিশান হেলদি হয়। কিন্তু ওয়েস্ট বেঙ্গলে আমাদের প্রবলেমটাও অন্য—আমাদের কমপিটিশান আন্ডার ডেভেলাপড্ কান্ট্রির সঙ্গে। চায়নার জিনিস বাজারে ভরে গেছে। চায়ের ক্ষেত্রে ডেভেলাপড্ কান্ট্রি, যারা হাইলি ইন্ডাস্ট্রিয়ালি ডেভেলাপড্ তাদের তো চায়ের ল্যান্ড নেই, তাদের তো চা আর তৈরি হয় না। চা হচ্ছে আমাদের মতো আন্ডার ডেভেলাপড্ কান্ট্রি বাংলাদেশ, শ্রীলঙ্কা এইসব জায়গায়। সুতরাং ওদের সবার মতো আমাদেরও ফিলোজফিটা আরো ডেভেলাপড্ করতে হবে। তারাও তো আন্ডার ডেভেলাপড্ এবং আই. এম. এফ. থেকে লোন নিয়েছে। সুতরাং ওয়ান ওয়ে স্ট্রিট রিডুউসিং ট্যারিফ নিয়ে আমরাও তো কমপিটিশানে যেতে পারি এবং সেখানে কমপিট করতে পারি। কিন্তু আই. এম. এফের থেকে লোন নিয়ে এসব কথা বললে কিছু হবে না। আপনি ১৫ পার্সেন্ট ট্যাক্স কার্টেল করেছেন টিয়ের ক্ষেত্রে, এটা আরো অনেক বেশি কমাতে হবে। আমাদের কিছু গলদ আছে সেই গলদগুলো কাটিয়ে উঠতে হবে। গতকালই এখানে মাননীয় সদস্য বললেন টি গার্ডেনে ওয়ার্কারদের অনেক সমস্যা রয়েছে এবং কয়েকশো শ্রমিক নাকি আত্মহত্যাও করেছে। সুতরাং এইসব বিষয়গুলো দেখার দরকার। তারপরে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স কমাতে হবে।

[5.10—5.20 p.m.]

এটা কার ত্রুটি ? এটা কি ওয়ার্কারসদের ত্রুটি, যারা মিনস অফ প্রোডাকশান ইল্ড করছে তাদের ত্রুটি, সেটা আপনাকে বলতে হবে। আমাদের অল্টারনেটিভ কি আছে ? রাশিয়ার ইকনমিকস্ ফল করার পরে, আর যে কান্ট্রিগুলো আছে, যারা সোসালিজম করত—ইন্ডিয়া, ইংল্যান্ড, সুইডেন, সিঙ্গাপুর এদের দিকে একবার তাকান। আজকে আমরা অল্টারনেটিভ, বলছি, প্রাইভেটাইজ করো। তাহলে কি আমরা ক্যাপিটালাজিম সোসাইটির দিকে এগিয়ে যাব। কিন্তু আমরা কোনো কিছুই করছি না, বিকজ উই ডু নট হ্যাভ অ্যানি চয়েস। আমরা তো মনে মনে সোসালিস্ট, পশ্চিমবাংলার লোকেরা সবাই লেফ্ট ওরিয়েন্টেড, আমরা সি. পি. এম. নই, উই আর সার্টেইনলি নট ক্যাপিটালিস্ট। আমাদের আইডিয়া হচ্ছে সোসালিজম আসুক, কিন্তু আমাদের কোনো অল্টারনেটিভ নেই। এক আমেরিকা ছাড়া আমাদের আর কোনো গতি নেই। শুধু আমরা আমেরিকার টাকা পাই না, ইনফ্লুডিং চায়না। তাহলে তারা যে পথে

চলছে, তারা যা করছে, আমাদের করতে বাধা কোথায়। ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশানের কাছ থেকে আপনারা ধার নিলে দোষ নেই, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট ধার নিলেই দোষ হবে, টারিফ রিডাকশান হবে। আপনি যার কাছ থেকেই টাকা ধার নিন না কেন, তার একটা টার্মস অ্যান্ড কন্ডিশান থাকবে। ব্যাঙ্কের কাছ থেকেও যদি আপনি টাকা ধার নেন, তাহলে তার ইন্টারেস্ট রেট এত, ওয়ার্কিং ক্যাপিটাল এত, ক্যাশ ক্রেডিট এত, এই সমস্ত টার্মস অ্যান্ড কন্ডিশানে থাকবে। আমাদের এই থিয়োরি নিয়েই আই. এম. এফ-কে ফলো করতে হচ্ছে, আর আই. এম. এফকে ফলো করলেই সর্বনাশ হয়ে যাবে তা নয়। আমাদের নিজেদের দিকেও কিন্তু তাকাতে হবে। আমার মনে হয় পশ্চিমবাংলার যে অসুবিধা, তার জন্য আপনারাও দায়ী। কারণ এককালে আপনারাই এই লোকগুলোকে উস্কে দিয়েছিলেন, কাজ করো না। মালিকরা রাবড়ি খাচ্ছে, আর তোমাদেরকে শুকনো রুটি দিচ্ছে। আপনারা এখন যদি সেই লোকগুলোকে উল্টো কথা বলেন, তাহলে তারা সেই কথা শুনবে কেন। আজকে মুখ্যমন্ত্রী নিজে মিটিং করার সময় এই কথা বলছেন। আপনারা এতদিন ধরে এককথা বলে এসেছেন, আর আজকে হঠাৎ করে একটা বললে লোকে সেটা মানবে কেন। এটা সোসাইটির প্রবলেম, ল অ্যান্ড অর্ডারের প্রবলেম। আমার রিকোয়েস্ট ওয়েস্ট বেঙ্গলকে প্রসপারাস করুন, রিজেনারেশান অফ ইনকামের জন্য বেরোতে হবে ইন্ডাস্ট্রি আনতে হবে। আপনারা দীর্ঘদিন ধরে ক্ষমতায় আছেন, তাই এই কাজ আপনাদেরই করতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় ২০০৩-২০০৪ সালের জন্য যে সাপ্লিমেন্টারি গ্র্যান্টস পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলব। আমরা সবাই জানি এটা প্রতি বছরের একটা কনভেনশান এবং বাজেটের সঙ্গে সঙ্গে সাপ্লিমেন্টারি এস্টিমেট নিয়ে প্রতি বছর এখানে আলোচনা হয় এবং সেটা আমরা এখান থেকে অনুমোদন দিয়ে থাকি। গত তিনদিন ধরে বাজেটের উপরে আলোচনা হয়েছে, আজকে যে কথাটা সকলের মনের মধ্যে কিন্তু কিন্তু আছে, এই আর্থিক বছরের যে ব্যয়-বরাদ্দ পেশ হল এবং যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট এখানে আলোচিত হচ্ছে সে বিষয়ে। এই বর্তমান বছরে যে প্রজেক্টগুলো আমাদের সরকার শুরু করেছে এবং যে পরিমাণে অর্থ বরাদ্দ, তাতে অন গোয়িং প্রজেক্টগুলি বাধাপ্রাপ্ত হবে কি না। আমাদের কাছে কয়েকটি জায়গা থেকে এই ধরনের সংবাদ এসেছে। পূর্ত দপ্তর ১৩০টি ব্রীজের কাজ হাতে নিয়েছে এবং রাস্তাও আছে তাদের কাছে। সেচ দপ্তরকে বিভিন্ন জায়গায় বোল্ডার্সের কাজ করতে হয় ভাঙন প্রতিরোধের জন্য। পি. এইচ. ই. দপ্তর বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য বিশাল প্রকল্প ব্লকগুলোতে নিয়েছে। এই যে বড়ো বড়ো প্রকল্পগুলো বা যেগুলো বিগত বছর থেকে কন্টিনিউ করছে, অন গোয়িং প্রজেক্ট, সেইগুলো এই বাজেটের জন্য মাঝপথে থেমে যাবে কি না। সুন্দরবন উন্নয়ন পর্ষদ ব্যাপকভাবে উন্নয়নের কাজ হাতে নিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বিগত দু-বছর ধরে এসব অনুন্নত এলাকায় যাচ্ছেন এবং উৎসাহ দিচ্ছেন। ওই দপ্তর একটি জায়গার মধ্যে আছে, সংযুক্তিকরণের প্রকল্প নিয়েছে, সেটা উত্তর ২৪ পরগনার কয়েকটি অঞ্চলেও হতে পারে। হাড়োয়া, মিনাখা, ওদিকে হোগোলের ব্রীজ

হতে পারে। পেটকুলচাঁদ ব্রীজ তো হয়ে গেছে। এজেন্সিগুলো বলছে, হোগোলের ব্রীজে সাড়ে ৩ কোটি টাকা পাব, কাজটা কি করে করব। উত্তর ২৪ পরগনায় মালঞ্চের কাছে যে ব্রীজটা হচ্ছে, বিশাল জায়গা জুড়ে কমিউনিকেশন হয়ে যাচ্ছে। আমরা আশাবাদী। এখন শোনা যাচ্ছে টাকার অভাবে তার কাজ বন্ধ হয়ে যাবে। আমি আপনার কাছে অনুরোধ করব, দীর্ঘদিন ধরে সরকারের যে প্রজেক্টগুলো চলছে, সেখানে যে উন্নয়নের বাতাবরণ সৃষ্টি হয়েছে, মাঝপথে তা যেন থমকে না যায় বা বন্ধ না হয়ে যায়। সেরকম হলে স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠবে। হয়তো বিরোধিতার জন্যই বিরোধীরা বিরোধিতা করে, কিন্তু তার ফলভোগ সবলকেই করতে হয়। আমার মনে হয় না আজকে এই ব্যয় বরাদ্দের দাবি শুধুমাত্র বেতন প্রদানের জন্য। পুলিশের ব্যয় বরাদ্দের প্রয়োজন তো আছেন। কেন না, যেভাবে বিভিন্ন জায়গায় ক্রাইম হচ্ছে, যখন-তখন আক্রমণ হচ্ছে, অনাচার সৃষ্টি হচ্ছে, তার মোকাবিলায় পুলিশকে যেতে হবে, করতেই হবে তার মোকাবিলা। কখনো র‍্যাফ পাঠিয়ে বা বিশেষ বিশেষ ফোর্স জেলা সদর থেকে পাঠিয়ে তার মোকাবিলা করতে হচ্ছে। এর জন্য পুলিশের প্রস্তুতি এবং খরচ প্রয়োজন, আর টাকা ছাড়া তো কিছু ভাবা যায় না। অর্থ ছাড়া যেমন উন্নয়ন হয় না, তেমনি দুর্বৃত্তের মোকাবিলাও করা যায় না। সুতরাং এই রাজ্যে শান্তি, স্বস্তির বাতাবরণ রাখতে গেলে পুলিশ ও প্রশাসনকে তাজা রাখতে হবে, প্রস্তুত রাখতে হবে। এখানে অর্থের ঘাটতির জন্য কোনো দুর্ঘটনা না ঘটে সেটা দেখতে হবে। পাশাপাশি দেখছি বিশাল প্রাকৃতিক দুর্যোগ আমাদের গ্রাস করছে। এবারে যেভাবে শিলাবৃষ্টি, অকালবৃষ্টি অনেক ক্ষতি করেছে, আরও কালবৈশাখী বাকি আছে কিনা জানি না। সাপ্লিমেন্টারি গ্রান্টসের মাধ্যমে সেদিকে দৃষ্টি দিতে হবে। এই ক্ষতির পরিপ্রেক্ষিতে চাষিদের জন্য কি ব্যবস্থা গ্রহণ হবে তাও স্থিরীকৃত হয়নি।

[5.20—5.30 p.m.]

আমাদের প্রতি বছর কোথাও না কোথাও একটা প্রাকৃতিক বিপর্যয় ঘটে যেতে পারে। সেই সমস্ত জায়গায় মাননীয় মন্ত্রী আপনি নিজে সামাল দেওয়ার চেষ্টা করবেন, তা আমরা জানি। কিন্তু বাস্তবিকপক্ষে প্রাকৃতিক বিপর্যয় যেভাবে আসে, তা কিছুতেই আমরা রোধ করতে পারি না। সুতরাং কিছুটা জায়গায় আমরা ম্রিয়মান। নতুন প্রজেক্ট স্যাংশন হচ্ছে না। এতে কাজের অগ্রগতি কিছুটা কমে যাচ্ছে। কাজ পিছিয়ে যাওয়ার প্রবণতা দেখতে পাচ্ছি। স্যার, এখানে যে সাপ্লিমেন্টারি গ্রান্টের কথা বলা হয়েছে, প্রতি বছর এই ধরনের গ্রান্টের প্রয়োজন হয়ে থাকে এবং এর মধ্যে আপৎকালীন বিষয়গুলিও রয়েছে। আমি শুধু অনুরোধ করছি যে, উন্নয়নের গতি যেন স্তব্ধ না হয়ে যায় সেদিকে দেখলে ভালো হয়। আর রাজ্যের মানুষের আমাদের সরকারের কাছে যে প্রত্যাশা, হয়তো সবটুকু আমরা মেটাতে পারব না, কারণ সারা দেশে যে পরিবেশ তৈরি হয়েছে, যে অর্থনৈতিক মন্দা চলছে, তাতে আমরা যথেষ্টই চেষ্টা করে চলেছি। তবে অন গোয়িং প্রজেক্টগুলি যাতে শেষ করা যায় সেদিকে নজর দেবার জন্য অনুরোধ করেছি। আর মাননীয় মন্ত্রীমহাশয়, এখানে আপনি যে সাপ্লিমেন্টারি গ্র্যান্টস রেখেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে সাপ্লিমেন্টারি গ্র্যান্টস দু-হাজার দুই-তিন এনেছেন, তাকে আমি সমর্থন করতে পারছি না।

কারণ আমরা দেখতে পাচ্ছি যে, তার মিটিং লার্জ, এস্টাবলিশমেন্ট চার্জেস বেশিরভাগ ক্ষেত্রেই বৃদ্ধি পাচ্ছে। সবচেয়ে বড়ো কথা হচ্ছে তার একটা নিজস্ব বাজেট এস্টিমেশান থাকা দরকার। সেটা কিন্তু আমরা জানতে পারিনি। এই যে বিপুল পরিমাণ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ, এটা রাজ্যের পক্ষে ক্ষতিকর। প্রচুর টাকা ইন্টারেস্ট দিতে হচ্ছে। এই যে বিপুল পরিমাণ খরচ বাড়ছে, কিন্তু উন্নয়ন কতটা হচ্ছে সেটা দেখা দরকার। আমরা দেখতে পাচ্ছি যে, বেশিরভাগই প্রশাসনিক ক্ষেত্রে ব্যয় হচ্ছে। প্রশাসনিক দিকটা দেখতে পাচ্ছি আমাদের যে দায়িত্ব পালন করা দরকার ছিল আপনারা সেটা পালন করতে পারেননি, আজকে দেশের উন্নয়নে যেগুলো করা দরকার ছিল সেগুলো করতে পারেননি। আজকে পুলিশ বাজেটে দিলেন ২৩১ কোটি ২৬ লক্ষ ৪০ হাজার টাকা, সেখানে আমরা পুলিশের মধ্যে কি দেখতে পাচ্ছি। আজকে পুলিশের আধুনিকীকরণের কথা বলা হয়েছে কিন্তু সেই আধুনিকীকরণ কতটুকু হয়েছে, কতটুকু আধুনিকীকরণের ব্যবস্থা করতে পেরেছেন ? কয়েকটা জায়গায় মর্ডানাইজেশনের ব্যবস্থা করেছেন। কলকাতা পুলিশের জন্য কিছুটা হলেও করেছেন, সাজানো গোছানো কিন্তু গ্রামাঞ্চলে থানাগুলোর আজকে কি অবস্থা ? যে পরিমাণ দৈর্ঘতা দরকার তা নেই, বিভিন্ন এরিয়া তারা কভার করতে পারে না গাড়ির অভাবে। বাঁকুড়া, মেদিনীপুর, সেখানে এক কোটি, দু কোটি, তিন কোটি টাকা দিয়ে দিলেন। কি উন্নয়ন সেখানে হচ্ছে ? আদিবাসী সমাজের মানুষ বলুন, তফশিলি সমাজের মানুষ বলুন আজকে সেখানে কতটা উপকৃত হচ্ছে। আজকে সীমান্তবর্তী এলাকাগুলোতে কি হচ্ছে সেখানে দিবারাত্রি ঝগড়াঝাঁটি হচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় পুলিশের যে সকল থানাগুলো আছে তাদের কি অবস্থা হয়েছে। আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী যিনি ছিলেন পুলিশের বাজেটে তিনি নানা সময়ে বক্তব্য রেখেছেন, পুরনো প্রসিডিংসে আছে দেখবেন, পুলিশের সামান্য টাকা বাড়ানো হয়েছে, ব্যয়বরাদ্দ বাড়ানোর জন্য আপনারা কি করেছিলেন। আজকে সেখানে কত টাকা বাড়ানো হয়েছে সেটা কল্পনাতীত। আজকে আমরা দেখতে পাচ্ছি অঙ্গনওয়াড়ির মধ্যে সোস্যাল সিকিওরিটি যেটা দেখতে পাচ্ছি আরম্ভ করে অসহায় শিশু, আদিবাসী মহিলা তাদের সহযোগিতা করার জন্য যে প্রস্তাব বেশিরভাগ কেন্দ্রে চাল দেওয়ার কথা আমরা দেখতে পাচ্ছি সেগুলো দেওয়া হচ্ছে না। তাদের জন্য যা বরাদ্দ করা হয় সেগুলো তাদের কাছে পৌঁছয় না। বেশিরভাগ অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোতে রাঁধা খাবার দেওয়ার কথা এগুলো হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে দেশের অবস্থাটা কি ? বেকারের সংখ্যা আজকে ৬৫ লক্ষ, আরও বেকারের সংখ্যা লাফিয়ে লাফিয়ে বাড়ছে।

[5.30—5.40 p.m.]

যে হারে বেড়েছে সেই হারে তার পাশাপাশি কারখানা বন্ধ হয়েছে। সেখানে আরেকটা দিক থেকে নতুন করে বরাদ্দ বেড়েছে। সেটাকে কতটা প্রোটেক্ট করতে পারছেন ? এই যে টাকা নিচ্ছেন তাতে কটা কারখানাকে বাঁচাতে পারছেন ? তাদের পুনরুজ্জীবন কতটা করতে পারছেন ? আমি সামান্য একটা কারখানার কথা বলছি, আমি সারা পশ্চিমবাংলার কথা বলছি না, শিল্পের ক্ষেত্রে অনগ্রসর জেলা হচ্ছে বাঁকুড়া, সেই বাঁকুড়া জেলায় ওন্দাতে সারদা

ফার্টিলাইজার কারখানা, সেই সার কারখানাটি দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে, সেখানে প্রায় ৫০০-৬০০ জন লেবার ছিল। সেটা কি কারণে বন্ধ হল সেটা আজও দেখা হল না। সারা পশ্চিমবাংলার চিত্র তো আলাদা। দুর্গাপুর শ্মশান হয়ে গেছে, আপনারা কোনো পরিকল্পনা নিতে পারেননি। রানিগঞ্জ-বাঁকুড়া বেল্টে মিথেন গ্যাস তোলার পরিকল্পনা নিতে পারছেন না, সেখানে কোনোরকম পরিকল্পনা নেই। বন্ধ কলকারখানা খোলার ব্যাপারে আপনাদের কোনো ব্যয় নেই, সেগুলিকে কিভাবে পুনরুজ্জীবিত করা যাবে তার জন্য আপনাদের কোনো ভাবনা-চিন্তা নেই। যে টাকাগুলি খরচ করছেন সেটা এস্টাব্লিশমেন্ট চার্জেই যাচ্ছে, প্রশাসনিক খরচ বাড়ছে। অনেক প্রোজেক্ট এখন চলছে ওয়ার্ল্ড-ব্যাঙ্কের মাধ্যমে। আজকে জার্মান-ব্রিটিশরা সাহায্য করছে, তাতে হাসপাতালের বিভিন্নভাবে উন্নতি করার চেষ্টা করছেন এবং পরিকল্পনা নিচ্ছেন, সেখানে নতুন নতুন যন্ত্রপাতি কেনা হচ্ছে কিন্তু সেখানে সেগুলি প্রকৃতপক্ষে কার্যকরী হচ্ছে কি না সেটা দেখা হচ্ছে না। শিক্ষার ক্ষেত্রেও দেখছি একই অবস্থা, সেচের ক্ষেত্রেও দেখছি একই অবস্থা। সেচ কতটা বেড়েছে সেটা আপনারা বলতে পারছেন না। কংসাবতী প্রোজেক্টে সেখানে ডেভলপমেন্ট করতে পারেননি। কেন নবম পরিকল্পনার মধ্যে এগুলি নেননি, দশম পরিকল্পনায় কাজটা করছেন কিন্তু তার প্রথম বছরে কিছু কাজ দেখতে পাচ্ছি না, দ্বিতীয় বছরে কতটা হবে জানি না। সর্বক্ষেত্রেই আমাদের একটা দুরবস্থা, একটা অধোপতন দেখতে পাচ্ছি। এটাকে দেখতে হবে। আমরা মনে করি আমাদের অর্থনীতি ক্রমশ দুর্বল হয়ে যাচ্ছে, দেউলিয়া হচ্ছে, সেটাকে দেখতে হবে। আমরা মনে করি আমাদের অর্থনীতি ক্রমশ দুর্বল হয়ে যাচ্ছে, দেউলিয়া হচ্ছে, সেটাকে ঠিক করতে পারছেন না। আমরা যে কাটমোশান দিয়েছি সেগুলিকে সমর্থন করছি এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে সাপ্লিমেন্টারি গ্রান্ট এনেছেন সেটাকে সমর্থন করতে পারছি না, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ ইনফরমেশান আমি আপনার মাধ্যমে জানাতে চাই এবং পশ্চিমবঙ্গ সরকারের বন দপ্তরের বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আগামী ২৮শে মার্চ ২০০৩ নাকাশীপাড়া-বেথুয়াডহরি অভয়ারণ্যে একটা সরকারি অনুষ্ঠান হবে, এই মুহূর্তে সেই কার্ডটি পেলাম। কার্ডটা দেখে মনে হল মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কোনো সম্মেলন হবে। আমি নাকাশীপাড়ার বিধায়ক। সেখানে নামের বিন্যাসেও ভুলত্রুটি আছে। সেখানে নাকাশীপাড়া বিধানসভা না লিখে বেথুয়াডহরী বিধানসভা লেখা আছে। পশ্চিমবঙ্গে বেথুয়াডহরি বিধানসভা কেন্দ্র বলে কোনো বিধানসভা কেন্দ্র নেই, নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র আছে। আমি মনে করি এই জিনিসের মধ্যে দিয়ে নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের বিধায়ক এবং সেখানকার গণতন্ত্রপ্রিয় মানুষকে অপমান করা হয়েছে এবং প্রশাসনের সার্বিক ব্যর্থতা ধরা পড়েছে। আমি এই কার্ডের অনুলিপির তীব্র বিরোধিতা করছি এবং আপনার কাছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় দিচ্ছি।

ডঃ অসীমকুমার দাসগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমান আর্থিক বছরের ৪,৬২১.২১ কোটি টাকার অতিরিক্ত ব্যয় মঞ্জুরীর প্রস্তাবের সমর্থনে এবং বিরোধী দলের মাননীয় সদস্যরা যে বিষয়গুলো উত্থাপন করেছেন তার উপর আমার অভিমত জানাচ্ছি,

আমার বক্তব্য রাখছি। এই ৪,৬২৭.২১ কোটি টাকা ব্যয় মঞ্জুরির প্রস্তাবের মধ্যে ১ হাজার ৩১৪ কোটি টাকা হচ্ছে ভোটেড অ্যামাউন্ট, যার উপর আলোচনা হয়। আর, ৩,৩১৩ কোটি টাকা চার্জড আমাউন্ট, যার উপর সাধারণত ডিসকাশন রুলসে নেই। তবে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার অনুমতি নিয়ে উভয়ের উপর বক্তব্য রাখছি।

এখানে ৪-টে মূল বিষয়ের উপর বক্তব্য সীমাবদ্ধ রাখব। (১) হচ্ছে কি কি কারণে বর্তমান বছরের বাজেট উত্থাপন করার পরেও এই অতিরিক্ত ব্যয় মঞ্জুরির প্রস্তাবগুলো আনতে হচ্ছে যেটা মাননীয় আবু হাসেম খান চৌধুরী মহাশয় প্রশ্ন রেখেছেন, কাশীনাথ মিশ্র মহাশয় এবং শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয়ও বক্তব্যে রেখেছেন। (২) যে যে ক্ষেত্রে অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব আমরা এনেছি তার সমপরিমাণ সঞ্চয় আমরা করতে পারছি কিনা। (৩) মোট বাজেটের কত অনুপাত এই ব্যয়-বরাদ্দ এবং তার গতি-প্রকৃতিই বা কি ? তবে, এর পরেও অনেক প্রশ্ন এসেছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যদি অনুমতি করেন আমি উত্তর দেব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে মূল বিষয়গুলোর উপর অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রস্তাব আনতে হচ্ছে, যেটা মাননীয় খান চৌধুরী মহাশয় বলেছেন, উনি বলেছেন সব নন-প্ল্যান। না সব নন-প্ল্যান নয়, প্ল্যান আছে, নন-প্ল্যান আছে, ক্যাপিটাল এক্সপেন্ডিচার আছে, কিছু গ্রাম আছে, কিছু শহর আছে, সব মিলিয়ে ভেঙে ভেঙে বলছি। সবচেয়ে বড়ো অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রস্তাব হচ্ছে অবসরপ্রাপ্ত শিক্ষকদের অবসরকালীন ভাতা বাবদ বাজেটে যে অর্থ রাখা হয়েছিল তার থেকে বেশি, ৫০০ কোটি ২৩ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব আমি এখানে পেশ করেছিলাম। এর কারণ হচ্ছে, গত আর্থিক বছরে একটা বিশেষ উদ্যোগ নেওয়া হয়। তা হচ্ছে, ওই যে জেলাস্তর থেকে যে কাগজপত্রগুলো আসছে, সবগুলো পরীক্ষা করব না ঠিক করে নমুনা সমীক্ষা করি ১০ শতাংশ এবং তা করে যাতে তাড়াতাড়ি ছেড়ে দেওয়া যায়। সেই সময় কত ছেড়ে দিতে পেরেছি ? আমি হিসাব করে বলেছি ৪৪ হাজার অতিরিক্ত কেস নিষ্পত্তি হয়। গত বছর সেই অর্থের কিছু দেওয়া হয়েছে বাকিটা এ বছর আসছে, সেটা হচ্ছে ৫০০ কোটি ২৩ লক্ষ টাকা। বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পের ক্ষেত্রে যে টাকা ঋণ হিসাবে এতদিন দিয়েছি তাকে ইক্যুইটিতে রূপান্তরিত করতে যাচ্ছি যাতে তার প্রতিদানের হার বৃদ্ধি পেয়ে ঋণের বোঝা না চাপে। এটা হেড ট্রান্সফার কিন্তু ঋণ থেকে ইক্যুইটিতে আনার জন্য। নিয়ম হচ্ছে এটা এখানে উল্লেখ করে আলোচনা করতে হয়। এটা সম্পূর্ণ প্ল্যানের খরচ, মূলধনী খরচ। এর পরে বড়ো অর্থাংকের যেটা আছে সেটা হচ্ছে ৯৯ কোটি ৯৩ লক্ষ টাকা। (৩) রাস্তা, সেতু, ইত্যাদি নির্মাণের জন্য অতিরিক্ত ব্যায়-বরাদ্দ-এর প্রস্তাব আমরা রেখেছি ৯৩.৭১ কোটি টাকা। আমরা মনে করি প্রথমে যে ব্যয়-বরাদ্দ রেখেছিলাম তার থেকে বেশি অর্থের প্রয়োজন হবে। মাননীয় পংকজবাবু, সুভাষ নস্কর মহাশয় এ ব্যাপারে বলেছেন। সুভাষবাবু মনে হয় কোনো কাজে বাইরে গেছেন।

[5.40—5.50 p.m.]

আমি এই সুযোগে জানিয়ে দিচ্ছি যে, গত ৫ বছরে অতিরিক্ত ৪ হাজার কিলোমিটার নতুন রাস্তা হয়েছে, ৮৩টি নতুন সেতু হয়েছে, যা আগে কখনও হয়নি তাই নয়, এই বছরে

৩৫৫টি নতুন রাস্তা এবং ১১টি নতুন সেতু শেষ হয়েছে—যেটা নির্ধারিত ছিল। আগামী বছরেও ২৮টি সেতুর কাজ শেষ করা যাবে, যেটা প্ল্যানে আছে, এর জন্য অর্থ বরাদ্দ করা আছে এবং এ বছরে অতিরিক্ত বরাদ্দ এই কারণে করা হল। বাকি কাজগুলো যাতে হয়—এই সুযোগে বলে রাখি, সুন্দরবন উন্নয়নের ক্ষেত্রে বলেছিলেন—অতিরিক্ত ১০ কোটি টাকা তার জন্য বরাদ্দ করা হয়েছে। এই প্রশ্নটা এসেছিল তাই বললাম। চতুর্থ বিষয়গুলো হচ্ছে, এই একই ধরনের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন আমরা বাজেট পেশ করেছিলাম, মানে গত বছরের ৭ই মার্চ, তখন কেন্দ্রীয় বাজেট হয়েছিল, কিন্তু রাজ্যগুলো কেন্দ্রীয় প্রকল্প খাতে কি অতিরিক্ত টাকা পাবে, ওরা সেটা জানাতে পারেনি, সেটা পরে জানান, তার যেটা ম্যাচিং স্টেট শেয়ার থাকে সেগুলো প্রত্যেকটি ক্ষেত্রে আমরা দিয়েছি। একটা হচ্ছে আই. সি. ডি. এস.-এর প্রকল্প, একটি নতুন প্রকল্প, আই. সি. ডি. এস-এর নতুন কর্মীরা—প্ল্যান হেডে আসে এবং শহরের লাগোয়া অঞ্চলে গ্রাম নিয়ে, ওদের টাকা দেওয়ার জন্য আমাদের যেটা ম্যাচিং, ৫২ কোটি টাকা অতিরিক্ত দিতে হয়েছে। আমাদের স্টেট শেয়ার। এস. জে. আর. ওয়াই-তে প্রথমে যে টাকা রেখেছিলেন, সেটা ওরা বাড়ান, আমাদের পারফরমেন্স একটু বেশি হয়, তাই আমাদের শেয়ারটা বাড়াতে হয়। বাজেট করার সময় এটা বোঝা যায়নি। আপনি যে প্রশ্ন করেছিলেন—২৭ কোটি টাকা এর জন্য অতিরিক্ত দিতে হয়। ট্রাইবাল ডেভেলপমেন্ট এলাকাতে, সস্তায় চাল দেওয়ার ক্ষেত্রে ওরা একটা দেন, আমাদের তার কাউন্টার পার্ট দিতে হয় ২৮ কোটি টাকা। ওল্ড এজ্ স্কীম-এ—এটা সেন্ট্রালি স্পনসর্ড স্কিম—ওরা যে অংশটা দেন তার একটা অংশ আমাদের দিতে হয়। —এটা এক জায়গায় ২৫ কোটি, এক জায়গায় ৬ কোটি, আরেকটা জায়গায় ১৫.৭ কোটি, এটা না দিলে বাকি টাকা পাওয়া যাবে না। এই সেন্ট্রালি স্পনসর্ড স্কিমে স্টেট শেয়ারটা প্রোটেক্ট করা প্রয়োজন মনে করি। শুধু স্টেট পার্টটা বলছি—ইন্দিরা আবাস যোজনা—আগের বছরে আমাদের পারফরমেন্স ভাল হয়নি, এ বছরে ভাল হয়, যখন সেকেন্ড ইনস্টলমেন্ট ক্লেইম করতে যাই তখন আমাদের স্টেট শেয়ারটা বাড়াতে হয়—১২.৭ কোটি টাকা অতিরিক্ত দিতে হয়। আরবানে ইনফ্রাস্ট্রাকচারের ব্যাপারে একটা নতুন প্রকল্প আগস্ট মাসের পরে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেন। কোনো উপায় ছিল না বাজেটে সেটা আনার, সেন্ট্রালি স্পনসর্ড স্কিম, তাতে আমাদের অংশ ছিল ২০ কোটি ৫১ লক্ষ টাকা—এটা একেবারে ক্যাপিটাল ওয়ার্কস প্ল্যান বাজেটের—খান চৌধুরী সাহেবকে আমি বলছি—কিছু গ্রামের, কিছু শহরের মিলিয়ে। তার পরে অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট, লেদার প্রোজেক্ট-এ সুপ্রিম কোর্টের একটা জাজমেন্টে একটা অতিরিক্ত খরচ আমাদের করতে হয়—এটা ছিল আলোচনায়। চার্জ এক্সপেন্ডিচার, তবুও আমি আনছি—১৭ কোটি ৫৮ লক্ষ টাকা, এটা বছরের মাঝে আসে, তাই বাজেটে বরাদ্দ ছিল না। পুলিশে আধুনিকীকরণের প্রশ্নটা অন্য সমালোচনা করেও আপনারা বলেছেন, অন্য সমালোচনা দফাওয়ারি আলোচনায় নিশ্চয় আসবে, যেখানে অর্থ দপ্তর যুক্ত হচ্ছে। মর্ডানাইজেশনের ঠিক যে যে খাতগুলো আপনারা বলেছেন তা হচ্ছে—আধুনিক উপকরণ কেনা, তার মধ্যে যেগুলো বলেছেন সেগুলো পড়ে যাচ্ছে। দ্বিতীয়ত, গ্রামের থানাগুলোর পরিকাঠামোর উন্নয়ন যেটা মাননীয় খান চৌধুরী সাহেব বলেছেন এবং

সকলেই বললেন। তৃতীয়ত, হচ্ছে গাড়ি কেনা—পুলিশ বাহিনীকে নিয়ে যাওয়ার জন্য—এটা ফিফ্‌টি-ফিফ্‌টি, কেন্দ্রীয় সরকার যা দেন তার ঠিক ৫০ পারসেন্ট আমাদের দিতে হয়। এই মর্ডানাইজেশনের এই টাকা আমাদের অরিজিনাল বাজেটে ছিল না, তাই ২৭ কোটি টাকা, আপনারাও সেগুলো সমর্থন করলেন বলতে গিয়ে, ঠিক সেই কারণে ২৭ কোটি টাকা আমরা এখানে রেখেছি। আই. পি. পি. (৮) এই প্রোজেক্ট-এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কিন্তু নবম যোজনার পরে সমস্ত দায়িত্ব রাজ্যকে দিয়ে দিয়েছেন। সেখানে যে স্বাস্থ্যকর্মীরা কাজ করেন তাঁরা খুব ভাল কাজ করছেন বলে আমি মনে করি—কে. এম. ডি. এ. এলাকাতে তাদের সমস্ত দায়িত্বটা। এই বছরের ৬.৮ কোটি টাকা নিয়ে ১,১৪৪.৯৫ কোটি টাকা। মূলত যেটা ভোটেড্ পার্টের একটা অংশ। চার্জ পার্টের যেটা ইন্টারেস্ট পার্ট—যেটার আলোচনা সাধারণত রুল্‌সে হয়, কিন্তু আমি নিজেই আলোচনাটা চাইছি। এই দুটো কারণে হয়েছে—(১) নম্বর হচ্ছে যে, ১৩২৫ কোটি টাকার মতো আমাদের ওভারড্রাফ্ট নিতে হয়েছে এই বছরে, যেটা বাজেটের অনেক পরে। কিন্তু সেটা ফেরত দিতে হয়েছে ওই বছরেই। (২) নম্বর হচ্ছে মূলত স্মল সেভিংস-এর একটা ম্যাসিভ্ গ্রোথ হয়, ৭ই মার্চে বোঝা যায়নি, মার্চের শেষের দিকে হয়, তার জন্য যে অতিরিক্ত ঋণের বোঝাটা এসেছে—এই কথাটা মাননীয় শোভনদেববাবু বলছিলেন—না, ১৮ হাজার কোটি টাকা স্মল সেভিংস-এ হয় না। আমরা সাধারণত, স্মল সেভিংস-এ ৭ থেকে ৮ হাজার কোটি টাকা পাই। আমরা প্রথম, তারপর মহারাষ্ট্র, তারপর উত্তরপ্রদেশ, চতুর্থ হচ্ছে অন্ধ্রপ্রদেশ। অন্ধ্রপ্রদেশের যিনি মাননীয় অর্থমন্ত্রী তিনি কিছুদিন আগে লোক পাঠিয়েছিলেন জানতে কি করে ওঁরা ওঁদের স্মল সেভিংসটা বাড়াতে পারেন পশ্চিমবাংলার মত নিয়ে, এটা যুক্ত করে অতিরিক্ত ব্যয় হচ্ছে ৪ হাজার ৬২৭.২১ কোটি টাকা। মানে তথ্যগুলিতে যা ব্যয় বলা হয়েছিল তার এই ব্যয় প্রস্তাবের পাশাপাশি সঞ্চয় সেই দপ্তরে আবার কোন্ খাতে সঞ্চয় হয়েছে অন্য দপ্তরে হয়েছে সেটা হচ্ছে ২ হাজার ৯৪৫.৮৮ কোটি টাকা। তাই অতিরিক্ত ব্যয় থেকে অতিরিক্ত সঞ্চয় বাদ দিয়ে একটা ব্যবধান এসেছে ১ হাজার ৬৮১.৩৩ কোটি টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আগের দিন আলোচনার পরে বলেছি যে বন্ডটা আমরা ফ্লোড করলাম। সেটা থেকে এই অ্যামাউন্টে ১ হাজার ৬৭৪.৩৩ কোটি টাকা ওই ব্যবধান কমিয়ে তাই ব্যবধান এল ৭ হাজার কোটি টাকা। কিন্তু আমাদের ৪ কোটি টাকা ব্যবধানে শেষ হবে বলেছিলাম। তার সঙ্গে ৭ যুক্ত হয়ে ১১ কোটি টাকা হল। তাই এই ব্যয় মঞ্জুরি চাইছি। আমরা তার ঠিক সমপরিমাণ প্রায় সঞ্চয়ও রাজ্যের মধ্যে থেকে করে আমি আনছি। তৃতীয় বক্তব্য হ্যাঁ, এর পরে খান চৌধুরী সাহেব বলেছেন—আপনি আগে থেকে চিন্তা করে এগুলি বলেননি কেন ? গোটা বাজেটের কত ? ভোট এবং চার্জ নিয়ে এটা হচ্ছে ১৩—আমাদের বাজেটের ১৩ শতাংশ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি খোঁজ নিয়েছিলাম ৭৬-৭৭ সালে যখন আপনারা ক্ষমতায় ছিলেন তখন শেষ বছরে আপনাদের বাজেটের অতিরিক্ত ব্যয় মঞ্জুরির অংশ ছিল ২৫ শতাংশ। তার থেকে কমিয়ে আমরা ১৩ শতাংশ—অর্ধেকে এনেছি যদিও আপনাদের বিশৃঙ্খলতাতেও ওইটা তাই সেটাকে অর্ধেক করে ১৩ শতাংশ এনেছি আগামীতে সেটাকে ১০ শতাংশর নীচে নিয়ে আসব। এর মধ্যে অতিরিক্ত শেষ বছরে আপনাদের ঠিক ২৫ শতাংশ অতিরিক্ত করে ফেলেছেন বাজেটে তার অর্ধেকে নিয়ে এসেছি আমরা।

অতিরিক্ত প্রশ্ন কিছু এসেছে তার মধ্যে একটি প্রশ্ন শোভনদেববাবু রেখেছেন যে প্রাথমিক শিক্ষক সংগঠন এসেছিল এইটা আপনাদের রাজনৈতিক দলের সংগঠন। আমি এখান থেকে আলোচনা করে তাদের সঙ্গে মিট করেছিলাম। আমরা নিজেদের কোষাগার থেকে ১৩ তারিখে শিক্ষক মহাশয়েরা যাতে মাইনে পান অর্থ দপ্তর থেকে বের করে দিয়েছি টাকাটা, টাকাটা কিন্তু পৌঁছয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে বলছি তাই এটা যে অর্থ দপ্তর টাকাটা দিয়ে দিয়েছে ব্যাঙ্কের কাছে আছে টাকাটা। পদ্ধতিগত কারণে কেন ব্যাঙ্ক সেটা দিতে পারেনি এটার দায়িত্ব আমাদের। তাই আমি ওদেরকে বললাম এই টাকাটা রাজ্য দিয়ে দিয়েছে। বছরে ৫ হাজার কোটি টাকার বেশি অর্থ দপ্তর দেওয়ার পরে যদি না যায় ব্যাঙ্ক থেকে সেটা আর একটা ক্ষোভের কারণ আমার। তাই ওরা আমাকে লেখেন আমি ৭ দিনের মধ্যে বিশেষ করে একটি জেলা—মেদিনীপুর জেলা বিভাজনের জন্য হয়েছে বলবেন, হতে পারে। ইনকাম ট্যাক্স ক্লিয়ারেন্স আছে বলে কে নাকি আটকে রেখেছেন। এগুলি অনুচিত কাজ। টাকাটা ছাড়া হয়েছে পদ্ধতি কারণে যায়নি। এটা যেন যায়, জিজ্ঞাসা করলেন উত্তরটা দিয়ে দিলাম। খান চৌধুরী সাহেব আপনি একটা ভাল তাত্ত্বিক প্রশ্ন রেখেছেন। আপনি উদারনীতির ক্ষেত্রে দাঁড়িয়ে সমান প্রতিযোগিতার কথা আন্তর্জাতিক স্তরে বলেছেন—আমাদের মনে হল আপনি সেটা সমর্থন করেন। আমি ৩টি কথা বলছি শুধু আন্তর্জাতিক স্তরে সমান প্রতিযোগিতা শুধু তাই নয়, দেশের মধ্যে সমান প্রতিযোগিতা এবং সরকারের সব জায়গায় কেন্দ্রীভূত থাকবে না। বিকেন্দ্রীকরণ করার কথাও যৌথ উদ্যোগ। আপনি চা শিল্পের কথা বলেছেন। কেন চা শিল্প পারছে না। ৫০ বছরের বেশি চা-বাগিচার বয়স হয়ে গিয়েছে প্রায় ৭০ ভাগ। যারা লাভ করেছিলেন তারা বিনিয়োগটি করেননি। এখানে একটু প্রতিযোগিতা দিয়েও অভ্যন্তরে আসুন এটা আমাদের বক্তব্য। কালকে যে শ্রমিক-সংগঠন এসেছিলেন তাদের আমরা বলেছি যে—তারা সেখানে শ্রমিকদের দেখা তো ওই স্কিম পাঁচশত টাকা হয়েছে সেটা করার সঙ্গে মালিকদের সঙ্গে আমাদের বসতে হবে। আমরা তো করটা কমিয়ে দিয়েছিলাম। ওরা যদি এরপরেও করের ক্ষেত্রে রেহাই চান সে যেটুকু ডিসক্রিয়েশান আছে আমরা করব কিন্তু খুলতে হবে আপনাদের। এটা অভ্যন্তরীণ যা আমি বললাম। অভ্যন্তরীণ প্রতিযোগিতাও আন্তর্জাতিক প্রতিযোগিতার সঙ্গে খুবই দরকার। আপনি বলেছিলেন পথ কোথায় ? চিন্তাটা শুরু হয়েছে সবথেকে চিন্তা শুরু করেছে লাতিন আমেরিকা, ব্রাজিল সেখানে বামপন্থী সরকার কিন্তু ফিরে এসেছে। আর্জেন্ট কিনা যারা আই. এম. এফ.-এর কথায় চলেছে তারাই ক্ষতিগ্রস্ত হয়েছে, তারা অন্য পথে আসতে চাইছে। আপনার শুনে ভাল লাগবে এই সুযোগে সাউথ আফ্রিকায় তাদের গোটা বিদ্যুৎ সরকারের হাতে এবং তারা লাভ করছে কিন্তু কি করে করছে আমাদের জানতে হবে। এর মধ্যে থেকে কিন্তু যেটা বিকল্প সংস্কারের কথা ওরা বললেন বলে আমি উত্তরটা দিলাম। আর এইটা বাইরে এসেছিল। এর সঙ্গে প্রাসঙ্গিক আমাদের ব্যয় মঞ্জুরির কারণগুলি কেন বাজেট করার পরে উঠেছে এবং একটি সামাজিক গুরুত্বপূর্ণ প্ল্যান ক্যাপিটাল এক্সপেন্ডিচার আপনারাই চেয়েছেন। তাই এবং এতৎ সত্ত্বেও বাজেটের অংশ আপনাদের সময়ে যা ছিল তার অর্ধেকে কমিয়ে এনে একটু শৃঙ্খলার দিকেও পদক্ষেপ নিচ্ছি। এই কথা বলে এই মঞ্জুরির প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker : I now put to vote the supplementary grants. There are some cut motions. All the cut motions are in order and taken as moved.

DEMAND NO. 4

Shri Kashinath Mishra and **Shri Sobhandeb Chattopadhyay :** Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. The motions was then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 1,70,93,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "2014—Administration of Justice" during the current financial year, was then put out agreed to.

DEMAND NO. 6

Shri Kashinath Mishra and **Shri Sobhandeb Chattopadhyay :** Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. The motion was then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 26,82,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 21

1. **Shri Saugata Roy :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

2-4. **Shri Kashinath Mishra, Shri Sobhandeb Chattopadhyay :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The motions (cut motion Nos. 2-4) that the amont of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion (cut motion No. 1) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following results.

NOES

Adhikary, Shri Nisith
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri

Bag, Shri Kartick Chandra
Bagdi, Shri Bijoy
Bagdi, Shri Kiriti
Bala, Dr. Asim
Bhattacharjee, Shri Nanda Gopal
Bhowmick, Shri Prafulla Kumar
Bose, Shri Subrata
Chattopadhyay, Shri Tapas
Chhattopadhaya, J.K.
Choudhuri, Smt. Asima
Chowdhury, Shri Subhendu
Dal, Smt. Nanda Rani
Das, Shri Jagadish Chandra
Das, Shri Puspa Chandra
Das, Shri Ratan
Dasgupta, Dr. Asim Kumar
Dey, Shri Lakshmi Kanta
Dhar, Shri Padma Nidhi
Duley, Shri Krishna Prasad
Dutta, Shri Gurupada
Ganguly, Shri Kanti
Gayen, Shri Nripen
Ghose, Smt. Manasi
Ghosh, Shri Susanta
Goswami, Shri Subhas
Hansda, Shri Upendra Nath
Hatial, Shri Bhabani Sankar
Kisku, Shri Upen
Mafuja Khatun, Smt.
Mahata, Shri Khagendranath
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Md. Yakub, Shri
Modak, Shri Dhananjoy
Mojibor Rahaman, Shri

Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Pratyush
Mukherjee, Dr. Srikumar
Nanda, Shri Brahmamoy
Nazmul Haque, Shri
Pakhira, Shri Ratan
Pal, Shri Shyama Prosad
Roy, Shri Amalendralal
Roy, Shri Gobinda
Roy, Shri Lakshmi Kanta
Sanatani, Smt. Mina
Sanyal, Shri Kamalendu
Shaw, Dr. Pravin Kumar
Singh, Smt. Jyotsna
Sinha, Shri Prabodh Chandra
Sk, Illias Mohammad, Shri
Sk. Jahangir Karim, Shri
Soren, Shri Khara
Tamser Ali, Shri
Unus Ali Sarkar, Shri

AYES

Bakshi, Shri Subrata
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Pankaj
Bhadra, Shri Arup
Bhattacharya, Shri Rabindranath
De (Nag), Dr. Ratna
Ghosh, Shri Arunava
Khan, Shri Kallol
Maity, Shri Ardhendu
Mallik, Shri Jyotipriya
Mishra, Shri Kashinath
Mondal, Shri Nirmal Chandra
Mukherjee, Shri Ashoke (Gopal)

Paul, Shri Paresh
Paul, Shri Tapas
Saha, Shri Pundarikakshya
Mitra, Smt. Sabitri
Ram, Shri Ram Pyare
Sinha, Shri Atish Chandra
Mahoto, Shri Nepal
Niamot Sk., Shri

The Ayes being 21 and Noes 58. The Motion was lost.

The Motion of **Dr. Asim Kumar Dusgupta** that a sum of Rs. 131,21,16,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055—Police" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 25

2-3. **Shri Saugata Roy, Shri Kashinath Mishra** and **Shri Sobhandeb Chattopadhyay** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The motions were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 16,89,13,000 be granted for expenditure under Demand No. 25, Major Head : "2059—Public Works" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 26

1-3. **Shri Kashinath Mishra,** and **Shri Sobhandeb Chattopadhyay** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 6,06,55,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 28

Shri Kashinath Mishra and **Shri Sobhandeb Chattopadhyay :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 500,22,63,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "2071—Pensions and Other Retirement Benefits" during the current financial year was then put and agreed to.

DEMAND NO. 34

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 12,91,39,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2211—Family Welfare and 6211—Loans for Family Welfare" during the current financial year.

DEMAND NO. 35

Shri Saugata Roy and **Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 3,70,00,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "4215—Capital outday on water supply and sanitation (Excluding Prevention of Air and Water pollution) during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 36

Shri Saugata Roy, and **Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 1,80,30,000 be granted for expenditure under Demand No. 36, Major Head : "2216—Housing" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 37

2-3. **Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was the put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 20,50,85,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "4217—Capital Outlay on Urban Development" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 42

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motions were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 131,40,64,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and Welfare (Social Welfare)" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 43

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 15,74,46,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 46

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 20,34,000 be granted for expenditure under Demand No. 46, Major Head : "2250—Other Social Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 54

Shri Saugata Roy and **Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 32,78,00,000 be granted for expenditure under Demand No. 54, Major Head : "4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 60

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was the put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 42,43,50,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 61

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 1,37,05,000 be granted for expenditure under Demand No. 61, Major Head : "2506—Land Reforms" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 65

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 26,21,81,000 be granted for expenditure under Demand No. 65, Major Head : "2575—Other Special Areas Programme" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 69

Shri Saugata Ray and **Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 241,66,93,000 be granted for expenditure under Demand No. 69, Major Heads "4801—Capital outlay on Power Projects and 6801—Loans for Power Projects" : during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 79

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 32,76,92,000 be granted for expenditure under Demand No. 79, Major Head : "3054—Roads and Bridges" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 80

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 60,93,86,000 be granted for expenditure under Demand No. 80, Major Head : "3055—Road Transport" during the current financial year, was then put and agreed to.

Mr. Speaker : Time is extended by fifteen minutes.

DEMAND NO. 86

1-2. **Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 21,63,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 89

Shri Saugata Roy : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

The Motion was then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 14,37,36,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 95

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 80,21,000 be granted for expenditure under Demand No. 95, Major Head : "6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries and Foods and Beverages)" during the current financial year, was then put and agreed to.

DEMAND NO. 96

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 17,57,60,000 be granted for expenditure under Demand No. 96, Major Head : "6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)" during the current financial year, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-21 p.m. till 11-00 a.m., Friday, the 28th March, 2003 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 28th March, 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 15 Ministers, 05 Ministers of State and 127 Members.

Starred Questions
(To which oral answers were given)

বিদ্যুতের মাশুল বৃদ্ধি

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪) **শ্রী দেবপ্রসাদ সরকার** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সম্প্রতি রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক অস্বাভাবিক হারে সি.ই.এস.সি.-র বিদ্যুতের মাশুল বৃদ্ধির বিষয়ে সরকারের প্রতিক্রিয়া কীরূপ ?

শ্রী মৃণাল ব্যানার্জী :

রাজ্য সরকার কমিশনের ১৬.১২.০২ তারিখে দেয় আদেশের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন আইন, ১৯৯৮-এর ২৭ নং ধারা অনুসারে আপীল করেছে। বিষয়টি বর্তমানে উক্ত আদালতের বিবেচনাধীন।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, আমি সাপ্লিমেন্টারি করার আগে বলতে চাইছি, মন্ত্রিমহাশয় হয়তো গতকাল নতুন সিদ্ধান্ত নিয়েছেন, ওঁনার ব্রিপ্লাইটা কমপ্লিট হয়নি। ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন বিল, ২০০৩-এর ব্যাপারে একটা স্টেপ নিতে চাইছেন। আপনার উত্তরটা শুধু বিবেচনাধীন নয়, কমপ্লিট করতে চাইছেন। এটা বললে আমি আবার প্রশ্ন করব।

শ্রী মৃণাল ব্যানার্জী : আমি প্রশ্নের উত্তর ঠিকই দিয়েছি। সাপ্লিমেন্টারি দিলে উত্তর দেব।

শ্রী দেবপ্রসাদ সরকার : আপনি কি বিলটা আনছেন ঐ 'দি ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল ২০০৩, এই বিল তো ৩১ তারিখে আমাদের প্রোগ্রামে রয়েছে। এটা কি ফ্যাক্ট, বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে এটা নিয়েছে ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আমরা সেই বিল আনার কথা ভাবছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : এটা বলা উচিত ছিল। নতুন আইনটা আনছেন, পারস্পরিক ভর্তুকি যাতে তুলে দিতে না পারে, সেটা ঠেকাবার জন্য। হাইকোর্টের ডিসিসন যাতে তাদের ফেভারে না যায়, সেই ডিসিসনের জন্য অপেক্ষা না করে এটা করতে চাইছেন

ইন অ্যান্টিসিপেশন। এটা যদি আনা যায় তাহলে আপাতত এটাকে ঠেকানো যাবে। কিন্তু কেন্দ্রীয় বিদ্যুৎ আইন যেটা পাশ হল, যাতে বলছে পারস্পরিক ভর্তুকি ধীরে ধীরে তুলে দেওয়া হবে, সেখানে আমরা জানি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় বিদ্যুৎ আইনের এই যে ধারা পারস্পরিক ভর্তুকি তুলে দেওয়ার ব্যাপার, এখনও পর্যন্ত কোনো আপত্তি জানানো হয়নি। বরং সহমত পোষণ করা হয়েছে। ২০শে ডিসেম্বর আনন্দবাজার পত্রিকাতে একটা সংবাদ বেরিয়েছিল যে, কেন্দ্রীয় পাওয়ার মিনিস্টার বলেছেন, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, দিল্লিতে যে মিটিং হয়েছিল মুখ্যমন্ত্রীদের নিয়ে, সেখানে ধীরে ধীরে ভর্তুকি তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, সেখানে তিনি সম্মতি জানিয়েছেন।

আমার জিজ্ঞাস্য আপনি আপাতত এটা ঠেকাতে পারলেও কেন্দ্রীয় বিদ্যুৎ আইন এটা যদি পাশ হয়ে যায়, পুরনো আইনগুলো বাতিল হয়ে যাবে। তখন আবার কনজিউমাররা বিপদে পড়বে। এই ব্যাপার এই সভার পক্ষ থেকে একটা সর্বদলীয় প্রস্তাব করা হোক যাতে এই ধারাটা পরিবর্তন করা যায়। এই ব্যাপারে রাজ্য সরকার কিছু চিন্তা-ভাবনা করছেন কি ? কেন্দ্রীয় আইনের এই জনবিরোধী ধারাটা যাতে সংশোধন করা যায়।

শ্রী মৃণাল ব্যানার্জী : এর মধ্যে ইলেকট্রিসিটি বিল ২০০২, এই বিষয়টা ঠিকই, ইলেকট্রিক বিল ২০০২-এর বিরুদ্ধে একটা মতামত আছে, আন্দোলন আছে। যতদূর খবর পেয়েছি স্ট্যান্ডিং কমিটিও তাদের মতামত দিয়েছেন এবং এই বাজেট সেশনেই আলোচনা হবে। আমি সকলের কাছে আবেদন রাখছি পার্লামেন্টে তৃণমূল, কংগ্রেস, যে যে দলের আছেন সকলেই যদি এই বিলটার বিরোধিতা করেন তাহলে এই বিলটা বন্ধ হয়ে যাবে। আর এই হাউস থেকে প্রস্তাব নেওয়ার এটা কোনো মানে হবে না। এটা একটা আনুষ্ঠানিক ব্যাপার হয়ে যাবে। পার্লামেন্টে বিষয়টা যদি আপনার প্রতিবাদ করেন, এর থেকে বিরোধিতা করেন তাহলে এটা হবে না। বামফ্রন্টের পক্ষ থেকে বলতে পারি যে তাঁরা এটার বিরোধিতা করছে এবং করবে।

শ্রী দেবপ্রসাদ সরকার : আমি আমার সাপ্লিমেন্টারি করছি। বিষয়টা হচ্ছে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন আইন যেটা আর যেহেতু কনকারেন্ট লিস্ট আছে। বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন আইন ভারতবর্ষে এখনও বেশ কিছু রাজ্যে এটা কার্যকারী করা হয়নি, অ্যাজ ইট ইজ নট ম্যান্ডেটরি এবং কিছু রাজ্যে কার্যকারী করা হয়েছে। তারা তাদের মতো করে আইনটা সংশোধন করে নিয়েছে যাতে গ্রাহকদের স্বার্থের বিরুদ্ধে না যায়। যে কারণেই হোক এখন আপনি সেটা সংশোধন করতে যাচ্ছেন। আমার জিজ্ঞাস্য এই পদক্ষেপ যে নেওয়া হচ্ছে, বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন আইনের যে সেকশন-৩৯, এই সেকশন ৩৯ যেখানে পরিষ্কার বলা হচ্ছে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের মাণ্ডল ধার্য করার ক্ষেত্রে তাদের কোনো রায় যদি জনস্বার্থের বিরুদ্ধে যায়, রাজ্য সরকার যদি মনে করে এটা জনস্বার্থবিরোধী তাহলে সেকশন ৩৯ অ্যাপ্লাই করে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের সিদ্ধান্ত নাকচ করে দিতে পারে। আপনার হাতে এই অস্ত্র থাকা সত্ত্বেও এই ৩৯ নম্বর ধারা প্রয়োগ করে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের ১৬ই ডিসেম্বর এর যে রায়, সেটা আপনারা নাকচ করলেন না কেন ? করলেন না কি এই জন্য যে এটা করলে আপনাকে সরাসরি এই অভিন্ন মাণ্ডল নীতি এটা চালু করে

এটা জনস্বার্থ বিরোধী এটা স্পষ্ট ভাষায় বলতে হয়, এর মধ্যে কিছু ভালো আছে, কিছু খারাপ আছে—এইভাবে বলার জায়গা থাকছে না। এই রকম কোনো দ্বিধা থেকে, তাহলে আপনার হাতে অস্ত্র থাকা সত্ত্বেও সেকশন ৩৯ প্রয়োগ করলেন না কেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : একই প্রশ্ন করা কেন হচ্ছে। আমি প্রশ্নটা বুঝতে পারছি না। রাজ্য সরকারই প্রথম হাইকোর্টে কেস করেছে। স্টেট কমিশন যে রায় দিয়েছিলেন তার বিরুদ্ধে ১৭ তারিখে হাইকোর্ট থেকে স্টে অর্ডার দিয়েছে। ২৯ এপ্রিল থেকে লাগাতারভাবে তার উপর শুনানি চলবে।

[11.10—11.20 a.m.]

রাজ্য সরকার এই যে ক্রশ-সাবসিডি তুলে দিয়ে অ্যাভারেজ কষ্ট ধরে অন্তত সি.ই.এস.সি. এরিয়ায় যে তারা রায় দিয়েছিলো তার বিরুদ্ধে রাজ্য সরকার হাইকোর্টে গেছেন। আগের যে সব কথা বললেন এই নিয়ে কি বলবো আমি জানি না, অনেকবার এর উত্তর দেওয়া হয়েছে। এখন যেটা করা দরকার সত্যি সত্যি যদি চান অন্যান্য রাজনৈতিক দলগুলিকে যুক্ত করে পার্লামেন্টে যাতে এই বিল পাশ না হয় তার ব্যবস্থা করুন।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, আমি জানতাম মাননীয় মন্ত্রী এই প্রশ্নের উত্তর এড়িয়ে যাবেন, উপায় নেই। দি কোশ্চেন ওয়াজ ভেরি স্পেসিফিক। সেকশান ৩৯ হাতে থাকা সত্ত্বেও তিনি প্রয়োগ করছেন না। উনি বারে বারে বলেছেন "আমি এটা অনেকবার আগে বলেছি, উত্তর দিয়ে কোনো লাভ নেই"। এইভাবে এড়িয়ে যাচ্ছেন, হি এভয়ডিং ডেলিবারেটলি। বললে এটা মুসকিল হবে। আপনি কোর্টে গেছেন ১৬ তারিখে, সম্প্রতি। আমার জিজ্ঞাসা যখন বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন তারা রায় দিয়েছিলেন, তার বিরুদ্ধে, বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন যেভাবে ধার্য করেছিলেন তাতে সন্তুষ্ট না হওয়াতে সি.ই.এস.সি. তারা কোর্টে গিয়েছিল এবং অন্যান্য সংস্থাগুলি বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের ধার্য মাসুল নিয়ন্ত্রণ করার জন্য হাইকোর্টে গিয়েছিল। সে সময় বারেবারে বলা সত্ত্বেও এই যে তারা আরও দাম বাড়িয়ে দিতে চাইছে—হাইকোর্টের রায় নেওয়ার জন্য রাজ্য সরকারকে বলা হয়েছিল, এটা কনটেস্ট করতে কিন্তু রাজ্য সরকার সি.ই.এস.সি.-র বিরুদ্ধে কনটেস্ট করলেন না হাইকোর্টে। এবেকা—অল বেঙ্গল ইলেকট্রিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশন তারা গিয়েছিলেন, কিন্তু রাজ্য সরকার যাননি। ইভন্ আফটার দ্যাট যখন হাইকোর্টের রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে যাওয়া হলো এবেকা গেল, তখন রাজ্য সরকার সেখানে গেলেন না। সেখানে অল বেঙ্গল ইলেকট্রিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশন এবং সুপ্রিম কোর্টের রায়ের অপব্যাখ্যা করে যখন সি.ই.এস.সি. বিদ্যুৎ মাসুল এই রকম বাড়িয়েছিলেন, তার জন্য আপনারা সুপ্রিম কোর্টে গেলেন না। তার ব্যাখ্যা জানবার জন্য গেলেন অল বেঙ্গল ইলেকট্রিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশন। তাহলে এতগুলি পদক্ষেপ দেখা যাচ্ছে এবং শুধু তাই নয় আপনি এখন গরিব গ্রাহকদের জন্য মায়া কান্না কাঁদছেন। অর্ডিন্যান্সের কথা বলছেন, আইন আনবার জন্য বলছেন, কোর্টে গেছেন বলছেন, কোর্টে গেছেন এতদিন পরে। কিন্তু সি.ই.এস.সি. বা এস.ই.বি। তারা বাড়তি বিদ্যুৎ মাসুল বাড়াবার জন্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের কাছে গেছেন, তার বিরুদ্ধে আপনারা কিছু বলেননি। আসলে যেহেতু

এর বিরুদ্ধে এস.ইউ.সি.আই. লাগাতার আন্দোলন করছে এবং সেই আন্দোলন ধারাবাহিকভাবে চলছে এবং ২৭ তারিখের বাংলা বন্ধ, গোটা পশ্চিমবাংলায় এই অযৌক্তিক অন্যায় বিদ্যুৎ মাসুল ভয়ঙ্করভাবে বাড়িয়ে দেওয়ার বিরুদ্ধে যেভাবে বন্ধ হলো সেই চাপের সামনে আপনারা খানিকটা জনগণের কাছে আপনাদের জনস্বার্থ রক্ষার ভাবমূর্তি সেটাকে রক্ষা করার জন্য এতদিন পরে কোর্টে গেলেন। সেই জন্য আপনাকে যেটা জিজ্ঞাস্য একদিকে এর বিরুদ্ধে বলছেন, আবার এস.ই.বি. বিদ্যুতের দাম বাড়াবার জন্য করছে—কি করে করে এস.ই.বি. ? এস.ই.বি. বিদ্যুতের দাম বাড়াবার জন্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের কাছে বলছে এবং আপনারা এস.ই.বি.-কে ফার্দার ভরতুকি দেবেন না ২০০৩-২০০৪ সালে, বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের কাছে আপনি আবেদন করেছেন, এর উত্তর কি ? এর উত্তর বলুন ? আর ইউ.ইন.ডিফিকাল্টি ? আপনি একদিকে বলছেন বিদ্যুতের দাম আমরা কমাতে চাইছি, আবার আপনার এস.ই.বি. দাম বাড়াতে চাইছে এবং আপনি বলছেন বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনকে যে এস.ই.বি.—আমরা ভরতুকি দেব না। ভরতুকির কথা আপনি বলছেন, আবার এস.ই.বি.-কে ভরতুকি প্রত্যাহারের কথা বলছেন। এটা স্ববিরোধিতা নয় ? হোয়াই ইজ ডাম্ব ?

শ্রী মৃণাল ব্যানার্জী : স্যার, আমি কিছুই বুঝিনি এই বক্তৃতা থেকে। প্রশ্নটা কি ধরতে পারছি না। অনেকক্ষণ মন দিয়ে শুনবার চেষ্টা করেছি যে কোন্ সাপ্লিমেন্টারিটা হচ্ছে এবং কি জবাব দেব।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, আপনি বুঝতে পারেন কি না দেখুন। খুব স্পষ্ট করে বলছি। আপনি বলছেন, বিদ্যুতে ভরতুকি রাখাটা দরকার। কোর্টে গেছেন, আইন আছে। আমার জিজ্ঞাস্য, এটাই যদি সরকার মনে করে তাহলে আগে মামলা করলেন না কেন; এটা তো আগেই আমি বলেছি। এখন আরও বলছি, এস.ই.বি. রাজ্য বিদ্যুৎ পর্ষদ, তারা বিদ্যুতের—আপনি ভরতুকি দেন রাজ্য বিদ্যুৎ পর্ষদকে, আপনি বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের কাছে দাবি করেছেন যে ২০০২-২০০৩ এবং.....

শ্রী মৃণাল ব্যানার্জী : আবার প্রথম থেকে শুরু করুন। আবার গুলিয়ে ফেলেছেন। এই ভরতুকি আর বিদ্যুতের দাম—দুটোকে গোলাচ্ছেন। আমি কোন্টার উত্তর দেব? আবার প্রথম থেকে শুরু করুন।

শ্রী দেবপ্রসাদ সরকার : আমি বলছি ভরতুকি দেওয়া যদি জাস্টিফায়েড হয়, গরিব যারা তাহলে রাজ্য বিদুৎ নিয়ন্ত্রণ কমিশনকে রাজ্য সরকার যে ভরতুকি দেয় বিদ্যুৎ পর্ষদকে, আপনারা বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের কাছে আবেদন করেছেন যে ২০০৩ এবং ২০০৪ সালের বাজেটে আমরা ভরতুকি দিতে পারব না। তাহলে ভরতুকি না দিতে পারার অর্থটা কি ? অর্থটা হচ্ছে বিদ্যুতের দাম বাড়ানো। সি.ই.এস.সি। এবং এস.ই.বি. ফার্দার বিদ্যুতের দাম বাড়াবার কথা কোর্টে বলেছে। আপনি যে কোর্টে গিয়েছেন মৃণালবাবু,—সি.ই.এস.সি. যে অতিরিক্ত বিদ্যুতের দাম বাড়াবার কথা বলে আবেদন করেছে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের কাছে আপনারা কি তার প্রতিবাদ করেছেন ? কনটেস্ট করেছেন ? কেস করেছেন ? তার বিরোধিতা করেছেন ? স্পষ্ট করে বলুন তো।

শ্রী মৃণাল ব্যানার্জী : আমি আবার বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারছি না। তবে চেষ্টা করে দেখি। পারস্পরিক ভরতুকি এবং বিদ্যুতের দাম দুটো আলাদা। সরকার যদি কোনো ভরতুকি দেয়, সরকারের ভরতুকি, পারস্পরিক ভরতুকি, বিদ্যুতের মূল্য—তিনটে আলাদা বস্তু। এবার, পারস্পরিক ভরতুকি তুলে দেওয়ার জন্য আমরা হাইকোর্টে গেছি এবং আমরা স্টে অর্ডার পেয়েছি। হ্যাঁ, বাইরে হয়তো আন্দোলন সরকার করেনি সেইভাবে কিন্তু যা করা উচিত তা আমরা করেছি অর্থাৎ হাইকোর্টে গেছি, স্টে অর্ডার নিয়েছি। ২৯ তারিখ থেকে শুনানি চলবে এবং পাশাপাশি আমরা আইনও পরিবর্তন করছি। কারণ আইন পরিবর্তন করার প্রয়োজনীয়তা আমরা আগে অনুভব করিনি। কোনো রাজ্যই করেনি কোথাও। কিন্তু আইন পরিবর্তন করেছে। কিন্তু পারস্পরিক ভরতুকি তুলে দেয়নি। এখানেও তুলে দেওয়ার কথা ছিল না। 'এবেকা' যে সুপ্রিম কোর্টে গিয়েছিল, সেই সুপ্রিম কোর্ট থেকে যে রায় দিয়েছে এবং তার যে ইন্টারপ্রিটেশন কমিশন করেছে, যে এ্যাভারেজ ট্যারিফ ধরা হবে। এটাকে আমরা কনটেস্ট করছি। এটা ঠিক হয়নি। কাজেই আমাদের কোর্টে যাওয়ার প্রয়োজনীয়তা রয়েছে তখনই। কারণ এটা কমিশন নভেম্বর ২০০১-এ যে ট্যারিফ নির্ধারণ করেছিল তাতে কিছু ক্রশ সাবসিডি ছিল, যেটা নিয়ে হাইকোর্টে যাওয়া হয়। কাজেই এই কমিশনই, তারা ক্রশ সাবসিডি রেখেছিল। যখন এই কমিশন ক্রশ সাবসিডি তুলে দিল তখন আমরা হাইকোর্টে গেলাম এবং পাছে আবার এই ধরনের কোনো ভুল হয় আমাদের চিন্তা অনুযায়ী যেটাকে আমরা ভুল বলছি সেটা যাতে না হয় তার জন্য আমরা আইন সংশোধন করছি। আর, বিদ্যুতের দাম বাড়ানোর জন্য কোনো ইউটিলিটিস যদি ডিমান্ড করে কমিশনের কাছে যে আমার খরচা হচ্ছে এত কাজেই বিদ্যুতের দাম বাড়বে, সেটা কমিশন এবং ইউটিলিটিসের মধ্যে ডিসাইড হবে।

[11.20—11.30 a.m.]

সেটার সঙ্গে ক্রস সাবসিডি কোনো বিষয় নয়। সেটা হচ্ছে বলতে পারেন, বিদ্যুতের মূল্য বৃদ্ধি হলে সেটা কি হবে ? নিশ্চয় বিদ্যুতের মূল্য বৃদ্ধি যদি কোনো ইনএফিসিয়েন্সির কারণে বাড়ে সেটা অবশ্যই কমাতে হবে, ট্র্যান্সমিশন-ডিসট্রিবিউশন লস্ কমাতে হবে, চুরি কমাতে হবে, অন্যান্য বিষয়গুলো কমাতে হবে। সেগুলো যাতে গ্রাহকদের উপর না চাপে তা দেখতে হবে। সরকার সে ব্যাপারে যথেষ্ট সচেতন এবং সেই বিষয়গুলো তাঁরা করছেন। কাজেই সেই বিষয়টা আলাদা। এর সঙ্গে সম্পর্ক যুক্ত নয়। মাননীয় দেবপ্রসাদবাবু ভালো করে বিষয়টা যদি তুলতেন তাহলে হয়তো এক এক করে বলতে পারতাম। তিনি গুলিয়ে ফেলেছেন। কাজেই বুঝতে পারলাম না। যাই হোক আমার মনে হল আমি ক্লিয়ার করতে পেরেছি।

শ্রী নির্মল দাস : অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রিমহোদয়, দেরিতে হলেও রাজ্য সরকার এই সি.ই.এস.সি., বিশেষ করে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন যেভাবে জনবিরোধী সংস্থা হিসেবে যেভাবে মানুষের যে অধিকার, এতদিন তার যে সমস্ত পরিষেবা মানুষ পেয়েছে, সেটা কিন্তু মূল্য বৃদ্ধির জন্য অন্তরায় হয়েছে। এখন এই অবস্থায় কেন্দ্রীয় সরকার—বিশেষ করে বর্তমান যে সরকার আছেন, আমরা লক্ষ্য করছি, যে সমস্ত ক্ষেত্রে ভরতুকি সাধারণ

মানুষ পেতেন—সার থেকে শুরু করে বিভিন্ন বিষয়ে, সেগুলো সব উঠিয়ে দিচ্ছেন, নানা কায়দায়, কায়দা হচ্ছে, কমিশন বসাচ্ছেন, কমিশনকে দিয়ে সুপারিশ করিয়ে সরকারের যে পলিসি সেটাকে অ্যাডপ্ট করছে, কার্যকরী করছে। এই অবস্থায় সর্বভারতীয় চিত্র কি ? অন্যান্য রাজ্যের প্রতিক্রিয়া কি ? অন্য রাজ্যে কি হয়েছে ? আমাদের রাজ্যে, বিশেষ করে, পার্লামেন্টে মেম্বাররা প্রতিবাদ করছেন, যেটা পার্লামেন্টে পেশ হয়েছে সেটা যাতে গৃহীত না হয়, যে আইন সেই আইন যাতে গৃহীত না হয়—এটাই হচ্ছে আসল কাজ। এবং এর বাইরে যে আন্দোলন সেটাই এর একমাত্র রাস্তা। এই অবস্থায় আমার জিজ্ঞাসা, অন্য রাজ্যের কি প্রতিক্রিয়া ? অন্য রাজ্যগুলো এটাকে কিভাবে গ্রহণ করেছে ? রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতা আছে, যার জন্য একেবারে সবটাই ভরতুকি দেওয়া অসুবিধা আছে, সেটা আপনি বারবার করে বলেছেন। এই অবস্থায় জনস্বার্থ সুরক্ষা করার জন্য আপনার দপ্তর কিভাবে এগোতে চাইছেন সেটা যদি অনুগ্রহ করে বলেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : ব্যাপারটা হচ্ছে যখন রাজ্য সরকারও বিদ্যুতের মূল্য নির্ধারণ করতো তখনও কিন্তু কখনো কখনো, গত ১০-১২ বছরের ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন যে, সেখানে ক্রস-সাবসিডি কখনো একটু কমেছে, কখনো একটু বেড়েছে। ধরুন, ২০০০-২০০১-এ বা ২০০১-২০০২-এ যে বিদ্যুৎ মূল্য কমিশন নির্ধারণ করেছিল, নভেম্বর ২০০১-এ যার উপর কেস্ ইত্যাদি হল তার আগের যেটা ছিল তার ক্রস সাবসিডি প্যাটার্নটা ছিল, যেমন ধরুন একটা সেট অফ কনজিউমার ডোমেস্টিকে, এল.টি.-তে বা ইত্যাদিতে যদি অ্যাভারেজ কস্ট হয় ১০০ পারসেন্ট তাহলে তাদেরকে দিতে হতো ৭৭ পারসেন্ট। আবার উপর দিকে ধরুন এইচ.টি. কমারশিয়াল তাদের দিতে হতো ১২৩ পারসেন্ট, অ্যাভারেজ হত আলটিমেট ১০০ পারসেন্ট। অর্থাৎ কেউ কম দিতো, কেউ বেশি দিতো। ওরা যে, কমিশন যেটা বললো সেটাকে ততটুকু কমিয়েছিল—৭৭ পারসেন্টের জায়গায় ওটাকে করলো ৭৯, ১২৩ পারসেন্টকে করলো ১২১, কাজেই আপনার এতটুকু কমিশন কিন্তু অ্যাডজাস্ট করেছিল ক্রস-সাবসিডিটাকে। আমাদের কাছে মনে হয়নি যে, এটা খুব বিশেষ কিছু কারবার হয়ে গেছে। কারণ গত ১০-১৫ বছরে দেখা গেছে, কখনো এরকম ২ পারসেন্ট, ৩ পারসেন্ট ভ্যারি করেছে। আমরা যখন দেখলাম যে, এটা অ্যাকচুয়ালি ওরা ক্রস-সাবসিডি টোটালটা এলিমিনেট করে দিয়ে একটা অ্যাভারেজ ট্যারিফ্ ঠিক করছেন তখনই কিন্তু স্টেট গভর্ণমেন্টের ইন্টারভেন্শন্ প্রয়োজন হয়ে পড়লো। অন্যান্য রাজ্য যে আইন করেছে, আমরাও যে আইন করতে যাচ্ছি, এটাও কিন্তু আমাদের ১৯৯৮-এর আধারেই করতেই হবে, ওটাই মূল অ্যাক্ট। অন্যান্য রাজ্যগুলো, যে ৮-৯টি রাজ্য যে করেছে সেটাও কিন্তু ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট ১৯৯৮—তার আধারেই করেছে, সেই সব কিছু রেখে তার কিছু হয়তো অ্যামেন্ডমেন্ট করছে, আমরাও তাই করছি। যাতে ক্রস সাবসিডি আবার এই ধরনের কোনোরকম কারণে আটকে না যায়, কোনোরকম সমস্যায় আমরা না পড়ি।

শ্রী অতীশ সিন্হা : স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি—উনি সঠিক বলেছেন যে ক্রস সাবসিডি এবং বিদ্যুতের হার এই দুটো সম্পূর্ণ আলাদা আলাদা ব্যাপার। এখানে বিদ্যুতের হার নিয়ে প্রশ্নটা এল তাই আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে,

বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন আপনারা সবাই জানেন যে বিদ্যুতের হার অস্বাভাবিকভাবে বৃদ্ধি করেছে। যেটা ১ টাকা ৭৩ ছিল ইউনিট প্রতি সেটাকে ৩ টাকা ৯০ করেছে আমি যতদূর জানি এবং পরে আরও ধাপে ধাপে সেটা বাড়বে। আপনারা বলছেন এই পারস্পরিক ভর্তুকি তুলে দেওয়ার জন্য। আপনারা হাইকোর্টে গেছেন। আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি সুস্পষ্টভাবে যে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন ইউনিট প্রতি যে চার্জ ধার্য করে দিয়েছে সেটা কি সরকার মেনে নিয়েছে ? এবং যদি মেনে না নিয়ে থাকেন তাহলে তারা এই বিষয়ে কি হাইকোর্টের কাছে অ্যাপিল করেছেন বা হাইকোর্টে গেছেন ? তাতে এই যে রেটটা সেই রেট সম্বন্ধে আপনাদের কোনো বক্তব্য আছে কিনা, এটাকে কমাবার বা কমাবার কোনো প্রতিক্রিয়া আছে কিনা বা কমাবার কোনো চেষ্টা আপনারা করেছেন কিনা।

শ্রী মৃণাল ব্যানার্জী : না, আপনি এটা বলছেন যে, কমিশন যে বিদ্যুতের হার ঠিক করেছে সে ব্যাপারে ইউটিলিটিজগুলো বা কনজিউমারসরা যদি কেউ অ্যাগ্রিভিড হয়ে থাকে তার কাছে যেমন—এস.ই.বি. গিয়েছে, পি.ডি.সি.এল. গিয়েছে, সি.ই.এস.সি. গিয়েছে এবং অন্যান্য কনজিউমারস অ্যাসোসিয়েশন গিয়েছে। ভারত চেম্বার অফ কর্মাস গিয়েছে। কিন্তু আমরা গর্ভণমেন্ট থেকে যাইনি। আমরা গর্ভণমেন্ট থেকে হাইকোর্টে গেছি তখনই যখন ক্রস সাবসিডিটা তুলে দেওয়া হল। এবং বিষয়টা অবশ্যই বুঝতে হবে যে কমিশনটা করা হয়েছিল যে উদ্দেশ্যে সেটা হচ্ছে ট্যারিফ নির্ধারণের ক্ষেত্রে। আগে রাজ্য সরকার এটা করত তাদের কিছু টেকনিক্যাল স্টাফ এবং অ্যাডমিনিস্ট্রেটিভ স্টাফ ইত্যাদি দিয়ে। কমিশন যেটা করছে সেটা কিন্তু কনজিউমারকে শুনানি করবার সুযোগ দিচ্ছে, বক্তব্য শুনছে এবং সমস্ত ধরনের ইউটিলিটিজ এবং কনজিউমারস তাদের বক্তব্য শুনে তারা দর নির্ধারণ করছে এবং এস.ই.বি. বলুন সি.ই.এস.সি. বলুন বা অন্যান্য কোনো ইউটিলিটিজই বলুন, তারা যে ডিমান্ড করছে যে আমাদের এই দেওয়া উচিত সেটা কিন্তু তারা দিচ্ছে না। ধরুন—এস.ই.বি. চাইছে আমাদের যে ট্রান্সমিশন, ডিসট্রিবিউশন লস হচ্ছে ৪০ পারসেন্ট, আমি এক্সজেমপেল দিচ্ছি। কিন্তু কমিশন বলছে—না, তুমি ৩০ পারসেন্ট-এর বেশি ধরতে পারবে না। এবং প্রতি বছর আড়াই পারসেন্ট, করে ট্রান্সমিশন ডিসট্রিবিউশন কমাতে হবে। ধরুন কয়লা চুরি হয় ৭ পারসেন্ট, ৮ পারসেন্ট। কিন্তু কমিশন বলছে ১ পারসেন্ট-এর বেশি দেব না। বাকি যেটা চুরি হয়—দ্যাট ইজ ইওর ইনএফিসিয়েন্সি। সেটা তোমাকেই দেখতে হবে, কয়লা চুরি তোমাকেই বন্ধ করতে হবে নয়তো তোমাকেই লোকসানটা বইতে হবে। কাজেই যে যা চাইছে কমিশন কিন্তু তা দিচ্ছে না। কাজেই সেক্ষেত্রে যেহেতু এটা একটা কোয়াসি জুডিশিয়াল বডি এবং সেখানে টেকনিকালম্যান, অন্যান্য সবাই থাকেন এবং এই ধরনের ইনটারেকশানের মধ্য দিয়ে একটা ট্যারিফ নির্ধারণ হয়। আমরা গর্ভণমেন্ট মনে করছি যে আমাদের এই ব্যাপারে প্রতি মুহূর্তে হস্তক্ষেপ করাটা ঠিক না। আমাদের হস্তক্ষেপ করার এরিয়া যখন এল তখন কিন্তু আমরা সেখানে হস্তক্ষেপ করেছি এবং আপনারা জানেন যে, আজকে যে রায় বের করেছিল—সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী যে ৩ টাকা ৮১ বা ৩ টাকা ৯১ অর্থাৎ তাদের রায়ের ইন্টারপ্রিটিশন অনুযায়ী সেটা আজকে নেই। আবার হাইকোর্ট যে রায় বার করেছিল সেটাও নেই। কিন্তু এখন যে রেটে পয়সা তুলছিল আজ থেকে এক মাস আগেও তার থেকে মোটামুটি আড়াই পারসেন্ট ওই স্ল্যাব-এর ভিত্তিতে

কলকাতার কনজিউমারসদের কাছ থেকে সি.ই.এস.সি.-কে পয়সা তুলতে হবে। হাইকোর্টের রায় অনুযায়ী হবে না। সুপ্রিম কোর্টের রায়ের ইন্টারপ্রিটেশন অনুযায়ী কমিশন যে ট্যারিফ ঠিক করেছিল ৩ টাকা ৮১ বা ৩ টাকা ৯০ সেই রায়েও হবে না। তার থেকে কম রেটে বিভিন্ন স্ল্যাবে এবার তুলতে হবে তাকে।

[11.30—11.40 a.m.]

শ্রী সৌগত রায় : স্যার, আমি বিদ্যুতের রেটের ক্ষেত্রে রাজ্য সরকারের ব্যাপারটা বুঝতে পারছি না, তাই আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞেস করছি। গত জুলাই মাসে আমরা মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম সুপ্রিম কোর্টে বিদ্যুৎ মাশুল নিয়ে যে মামলা হচ্ছে তাতে রাজ্য সরকার পার্টি হোন। রাজ্য সরকার পার্টি হলেন না। সুপ্রিম কোর্টের রায়ের ইন্টারপ্রিটিশন অনুযায়ী রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন ৩ টাকা ৮১ পয়সা, ৩ টাকা ৯০ পয়সা রেট ঠিক করে দিল। তারপরে মাত্র ৬ দিন আগে ২১ তারিখ আমি হাউসে মোশান নিয়ে এসেছিলাম। এখন সুপ্রিম কোর্টের ইন্টারপ্রিটিশন অনুযায়ী ক্রস সাবসিডি রাখা চলবে না, অতএব সরকার আইনটা অ্যামেন্ড করুন, ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট অ্যামেন্ড করুন। সেদিন মন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেছিলেন—আমি তাঁর বক্তব্য ঠিকমতো বুঝতে পারিনি, তাঁর বক্তব্য রেকর্ডে আছে—ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট অ্যামেন্ড করার কোনো সুযোগ নেই, দরকার হলে ইন্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্টকে অ্যামেন্ড করতে হবে। আমি ২১ তারিখ যেটা বলেছিলাম সেটাই তার ৬ দিন পরে আজকে এখানে তিনি ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন, ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট, বিল নিয়ে আসছেন। আমার যে প্রস্তাব ছিল সেটাই তিনি নিয়ে আসছেন এবং তড়িঘড়ি করে পাশ করাতে চাইছেন। আমি মন্ত্রীকে বলছি, আপনি সেদিন বলেছিলেন ওই আইনের অ্যামেন্ডমেন্ট হয় না, অথচ আজকে সেই অ্যামেন্ডমেন্টই আপনি নিয়ে এসেছেন। এর কারণ কি ? এখন কি আপনি শক্তি মুখার্জীর পরামর্শে এটা করছেন ? লিগ্যাল অ্যাডভাইস অনুযায়ী কি আজকে এটা করতে যাচ্ছেন ? আপনি সেদিন ডিনাই করেছিলেন। আমি যা বলেছিলাম আল্টিমেটলি আপনাকে তাই করতে হচ্ছে। প্রথমে আপনি সুপ্রিম কোর্টে গেলেন না, তারপরে হাইকোর্টে স্টে আনতে গেলেন। আমরা যখন বলেছিলাম তখন বলেছিলেন, 'দরকার নেই।' এই কনফিউশনের কারণ কি ? আপনি কি আগে ব্যাপারটা বুঝতে পারেননি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : না। ব্যাপারটা আমি বুঝতে পেরেছি, আপনিই বুঝতে পারেননি। আপনি যেভাবে আইন আনার কথা বলেছিলেন সেটা ভুল। আপনি ভাল করে আইনটা পড়ে দেখুন। আপনি কি দিয়েছিলেন, আর ওখানে কি আছে, সেটা একটু দেখুন। আপনি বলেছিলেন একটা স্পেশাল ডিউটি করে রিসোর্স জেনারেশন করুন এবং সেটা দিয়ে সাবসিডি দিন। দ্যাট ইজ নট ক্রস সাবসিডি। তাছাড়া ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট অনুযায়ী স্পেশাল ডিউটি ইনট্রোডিউস করার কোনো স্কোপ নেই। কাজেই আপনি যা বলেছিলেন সে অনুযায়ী আইন হয় না। আর আজকে আমরা বলছি অ্যামেন্ডমেন্ট অব দি ইলেকট্রিসিটি রেগুলেটরি অ্যাক্ট এবং আপনি এটা একটু ভাল করে পড়ে দেখবেন। এ ব্যাপারে আমাকে কেউ পরামর্শ দেননি। এটা জটিল সাবজেক্ট। ডেফিনিটলি ওঁর অনেক

বিষয়ে দখল আছে, তার জন্য আমার একটা রেসপেক্ট আছে। কিন্তু এ ব্যাপারে দখল কম আছে। এটা একটু ভালো করে জানবেন। আপনি যে অ্যামেন্ডমেন্টের কথা বলেছিলেন তাতে একটা স্পেশাল ডিউটি ইমপোজ করতে বলেছিলেন। তার জন্য ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট পাল্টাতে হয় না। যে অ্যাক্ট পাল্টাতে হয়, সেটা হচ্ছে বেঙ্গল ইলেকট্রিসিটি অ্যাক্ট, ১৯৩৫। সেটা ফিন্যান্স ডিপার্টমেন্টের ব্যাপারে। ওটা ডিউটির টাকা, ডিউটি তুলে ফিন্যান্স ডিপার্টমেন্টে দেওয়া হয়। তার জন্য ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট পাল্টাতে হয় না। ক্রস সাবসিডি চেঞ্জ করতে গেলে ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট পাল্টাতে হয়। তাই আমরা অ্যামেন্ডমেন্টটি এনেছি।

শ্রী অশোককুমার দেব : স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি বিদ্যুতের দাম বাড়াবার সময় সি.ই.এস.সি. কি মন্ত্রীর সঙ্গে পরামর্শ করে দাম বাড়ায় ? বিদ্যুতের দাম নিয়ে হাইকোর্ট, সুপ্রিম কোর্ট ইত্যাদি অনেক কিছু হয়েছে। আমি জানতে চাইছি যখন সি.ই.এস.সি. বিদ্যুতের মাশুল বৃদ্ধি করে তখন কি মন্ত্রীর সঙ্গে পরামর্শ করে তা করে ? আর যদি তা না করে তাহলে না করার জন্য মন্ত্রী বা সরকারের তরফ থেকে কোনো অ্যাকশন নেওয়া হয় কিনা ?

শ্রী মৃণাল ব্যানার্জী : স্যার, আমি এ প্রশ্নের উত্তর কি করে দেব জানিনা ! সি.ই.এস.সি.-র বিদ্যুতের দাম বাড়াবার জন্য আমাদের সঙ্গে পরামর্শ করতে হয় না। সি.ই.এস.সি.-কে দাম বাড়াতে হলে অ্যাপলাই করতে হবে কমিশনের কাছে। সি.ই.এস.সি হোক, এস.ই.বি. হোক, ডি.সি.এল. হোক, ডি.পি.এল. হোক, যে কেউ হোক তাদের বিদ্যুতের মূল্যের পরিবর্তন যদি ঘটাতে হয় তাহলে তাদের অ্যাপ্লাই করতে হবে কমিশনের কাছে, রাজ্য সরকারের কাছে নয়। এটা আজ থেকে ৩ বছর আগে রাজ্য সরকার করত। কমিশন সেই অ্যাপিল গ্রহণ করবে, কি গ্রহণ করবে না এটা তারাই ঠিক করবে। বারবার এর উত্তর দেওয়া হয়েছে, ১ বছর, দেড় বছর ধরে উত্তর হয়েছে। আমার মনে হয় এটা পরিষ্কার হয়ে যাওয়া উচিত।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের যে উত্তর দিলেন তাতে এটা ঠিকই যে, আগে বিদ্যুতের দাম কি হবে সরকার নিজেই ঠিক করত। কিন্তু যেহেতু সরকার নিজেই একটা বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থা, সেই জন্য একটা কমিশন তৈরি করে এর থেকে বেরিয়ে এসেছেন, সেই সিদ্ধান্ত বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন তারাই ঠিক করে দেবেন টাইম-টু-টাইম বিদ্যুতের দাম কি হবে, কোন্ ক্যাটেগরীতে কি রেট ধরা হবে। অতি সম্প্রতি রেগুলেটরী কমিশনের কাছে রাজ্য সরকারের তরফ থেকে সাধারণ গ্রাহক, এল.টি. গ্রাহক এবং কমার্শিয়াল গ্রাহকদের জন্য কি দাবি করেছিলেন দাম কি হওয়া উচিত, কত দাম বাড়াবার দাবি করেছিলেন বা আপনি কি সিদ্ধান্ত নিয়েছেন ধাপে ধাপে সাবসিডি থেকে সরে আসবেন এবং পরে সাবসিডি তুলে দেবেন—সেই রকম সিদ্ধান্ত আছে কিনা ? সাবস্ক্রাইবারদের জন্য টারিফ বাড়াবার কতটা দাবি করেছিলেন সেটা যদি জানান ?

শ্রী মৃণাল ব্যানার্জী : সরকার কমিশনের কাছে কোনো দাবি করেনি। কমিশনের কাছে দাবি করে ইউটিলিটিজগুলি। সেই ইউটিলিটিজগুলি হচ্ছে, যেমন, সি.ই.এস.সি.,

এস.ই.বি., ডি.সি.এল., ডি.পি.এল. এরা আছে। কাজেই ওরা কত ডিমান্ড করেছে তার জন্য যদি নোটিশ দিতেন, আমি জানিয়ে দিতাম। এটা রেলিভান্ট নয়। ওরা কত ডিমান্ড করেছে এই প্রশ্নটা এর মধ্যে আসে না আর সাপলিমেন্টারিও আসে না। যাই হোক, ওরা কত ডিমান্ড করেছে সেটা জেনে বলতে হবে। সরকার থেকে ডিমান্ড করলে বলে দিতাম, কিন্তু ইউটিলিটিজগুলি থেকে ডিমান্ড করা হয়েছে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, দিজ ইজ আনফরচুনেট, কত ডিমান্ড করেছে সেটা ওনার জানা দরকার এবং বলা দরকার।

শ্রী মৃণাল ব্যানার্জী : এখনই বলতে পারবো না, নোটিশ দিলে পরে বলে দেব।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনি ধাপে ধাপে ভরতুকি তুলে দেবেন এই সিদ্ধান্ত কি নিয়েছেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে নয়। আপনারা ইলেকট্রিসিটি বিল, ২০০১ সেটাকে সাপোর্ট করতে চেয়েছেন পার্লামেন্টে। একথা আগেও হয়েছে যে ধাপে ধাপে শুধু নয়, টাইম ফ্রেমের মধ্যে করতে হবে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : রাজ্য সরকার কি সিদ্ধান্ত নিলেন ? স্যার, দিজ ইজ মোস্ট আনফরচুনেট, এটা রেলেভান্ট কোশ্চেন, এর সদুত্তর যদি না দেন তাহলে বলে দিন ? কেন একটার পর একটা প্রশ্ন এড়িয়ে যাচ্ছেন ?

শ্রী পদ্মনিধি ধর : স্যার, আমরা জানি, হাউস কর দি অপোজিশন, সেই জন্য অর্ধেক সময় ওরা পান। কিন্তু দেখা যায়, এই হাউসে বিরোধীরা ছেলে-মানুষের মতো ব্যবহার করতে চাইছে। তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসকে আমরা বুঝি, কিন্তু এস.ইউ.সি. মতো আগ মার্কা সোসালিস্ট দল তারা কিন্তু এখানে চিৎকার করে সময় নষ্ট করছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন করবো, কেন্দ্রীয় সরকারের যে নীতির জন্য আমাদের এই রাজ্যে এবং অন্যান্য রাজ্যে সমস্যা সৃষ্টি হচ্ছে সেই সমস্যাগুলি সম্পর্কে বিরোধী দলের দৃষ্টিভঙ্গি মাননীয় মন্ত্রিমহাশয় বললেন। আমাদের এখান থেকে যারা এম.পি.-রা আছেন তাঁরা এই ইলেকট্রিসিটি বিল, ২০০১ যখন কেন্দ্রীয় সরকার করলো যার জন্য এই রেগুলেটরি কমিশন এসেছে তার বিরুদ্ধে ওদের ভূমিকা কি ? পেট্রোল, ডিজেলের দাম বাড়ল যখন এখানে বাসের ভাড়া বৃদ্ধি করতে হয় তখন দেখা যায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এদের কোনো কথা নেই।

[11.40—11.50 a.m.]

(গোলমাল)

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, পলিটিক্যালি মোটিভেটেড এই প্রচারের বিরুদ্ধে আপনার দপ্তর থেকে মানুষের কাছে এটা প্রচার করার জন্য ব্যবস্থা করবেন কি ? এই সমস্ত যারা ইরেসপনসিবল বিরোধী দল..... (গোলমাল)

মিঃ স্পীকার : Hon'ble Members, Please take your seats.

সাঁওতালি ভাষায় শিক্ষা

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১) শ্রী আবু আয়েশ মন্ডল : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে শিক্ষার মাধ্যম হিসাবে সাঁওতালি ভাষা চালু করার সম্ভাবনা খতিয়ে দেখতে একটি কমিটি গঠন করা হয়েছে ;

(খ) সত্যি হলে, কবে থেকে এই কমিটি গঠন করা হয়েছে ;

(গ) কমিটির সদস্যদের নাম কী ; এবং

(ঘ) উক্ত কমিটি কর্তৃক প্রতিবেদন প্রকাশের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রী উপেন কিস্কু :

(ক) হ্যাঁ।

(খ) ২০০১ সালের মার্চ মাসে। (নোটিফিকেশনের একটি কপি পেশ করা হল)।

(গ) ডঃ পবিত্র সরকার, (চেয়ারম্যান)
ডঃ অমিয় দেব, সদস্য
শ্রী ভক্তিপ্রসাদ মৌলিক, সদস্য
শ্রী ধীরেন্দ্রনাথ বাস্কে, সদস্য
শ্রী সুবোধ হাঁসদা, সদস্য
শ্রী দিলীপকুমার বসু, (মেম্বার, সেক্রেটারি)

(ঘ) বর্তমানে প্রতিবেদনটি (কমিটি তাদের রিপোর্ট) ৩১.০৫.২০০২ তারিখে সরকারের নিকট জমা দিয়েছেন ও সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী আবু আয়েস মন্ডল : শিক্ষার মাধ্যমে সাঁওতালি ভাষা এবং অলচিকি হরফের মাধ্যমে, এটার জন্য কমিটি গঠন করেছেন এবং তারা রিপোর্ট দিয়েছেন। আমার প্রশ্ন, অলচিকি ভাষার মাধ্যমে শিক্ষা দেওয়ার আগে আমরা দেখতে পাচ্ছি আমাদের পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে একটি পত্রিকা 'পশ্চিমবঙ্গ' নামে যা প্রকাশিত হয় সেটা সাঁওতালি ভাষা বাংলা হরফে প্রকাশিত হয়। যতক্ষণ না ওই কমিটির সিদ্ধান্ত কার্যকরী হচ্ছে ততক্ষণ বাংলা হরফের মাধ্যমে পঠন-পাঠন শুরু করার ক্ষেত্রে অসুবিধা কোথায় মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

শ্রী উপেন কিস্কু : মাধ্যমিক পর্যায়ে আপনি জানেন যে শিক্ষা বিভাগ এই সাঁওতালি ভাষার সিলেবাস তৈরি করেছেন। সেটা বাংলা হরফে। বিভিন্ন স্কুল যাঁরা চাইছেন সেখানে পঠন-পাঠন শুরু হয়েছে। যদিও এটা আমার উত্তর দেওয়ার কথা নয়, শিক্ষা বিভাগের ব্যাপার, তবুও এইটুকু আমি বললাম। ইদানিংকালে অলচিকি হরফে মাধ্যমিকের সিলেবাস তৈরি করার জন্য বোর্ড থেকে নির্দেশ জারি করা হয়েছে।

শ্রী আবু আয়েস মন্ডল : অলচিকি হরফে ছাপার কথা যেটা বলছেন, সেখানে অলচিকি হরফের চেহারাটা চূড়ান্ত হয়েছে কি এবং তার বর্ণমালাতে কতগুলি বর্ণ আছে মাননীয় মন্ত্রিমহাশয় তা জানাবেন কি ?

শ্রী উপেন কিস্কু : এখনও যেহেতু বেশিরভাগ অলচিকিলিপি শেখেনি স্বাভাবিকভাবেই আমরা কাউকে চাপ দিয়ে চাই না, বাংলা ভাষাই আছে। তবে কয়েকটি সংগঠন তারা অলচিকি চাইছেন। আমরা অপসান রেখেছি, অলচিকি চাইলে করতে পারেন।

শ্রী আবু আয়েস মন্ডল : শ্রী রঘুনাথ মুর্মু যেটা তৈরি করেছেন আমাদের রাজ্যে সেগুলির যথার্থতা বা সার্থকতা আছে কিনা মন্ত্রিমহাশয় বলবেন কি ?

শ্রী উপেন কিস্কু : এ প্রশ্নে আমি কি মতামত দেব বুঝতে পারছি না। প্রত্যেক পর্যায়ে অলচিকি বই দেওয়া হয়েছে, যারা পড়তে চায় তারা পড়তে পারেন, কারুকে জোর করে বাধ্য করতে পারি না। রাজ্য সরকার সেই দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছেন। আগামীদিনে যে জায়গায় যাবে সেই অনুযায়ী হবে।

শ্রী আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটি অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই। এই অলচিকি ভাষা প্রবর্তনের জন্য আপনি একটা কমিটি গঠন করেছিলেন। এই কমিটির যাঁরা সদস্য রয়েছেন তাঁরা কি অলচিকি ভাষা জানেন ? তাঁরা কি এই বিষয়ে অভিজ্ঞ ? তাঁদের অভিজ্ঞতার নিরিখে তাঁরা কি বলতে পারবেন যে এই ভাষা চালু হওয়া উচিত কিনা ? যাঁদের সদস্য করেছেন, যাঁরা সদস্য হয়েছেন, যাঁরা ঠিক করবেন এই ভাষা প্রবর্তন হবে কিনা, যাঁরা নির্ধারক হিসাবে বিবেচিত হয়েছেন তাঁদের এই ভাষা সম্পর্কে জ্ঞান আছে কি ? এই ভাষাটা তাঁরা কি জানেন ?

শ্রী উপেন্দ্রনাথ কিস্কু : অলচিকি ভাষা নয় এটা হরফ, ভাষা হচ্ছে সাঁওতালি। দ্বিতীয় কথা হচ্ছে পণ্ডিত শিক্ষাবিদদের নিয়ে কমিটি করা হয়েছে। তার মধ্যে যেমন বিশিষ্ট শিক্ষাবিদ আছেন তেমনি সাঁওতালি ভাষার পণ্ডিত আছেন, অলচিকি হরফের বিশেষজ্ঞরা আছেন, কমিটিতে যাঁরা আছেন তাঁদের সকলের অলচিকি হরফ জানার দরকার নেই। ভাষা সম্পর্কে বিশেষজ্ঞ, সাঁওতালি ভাষা সম্পর্কে বিশেষজ্ঞ, অলচিকি হরপ সম্পর্কে বিশেষজ্ঞ দরকার। এই সমস্ত লোক নিয়ে কমিটি করা হয়েছে। বিভিন্ন দিক থেকে বিশেষজ্ঞ ব্যক্তিরা আছেন, তাতে অলচিকি বিশেষজ্ঞও আছেন।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন করে জানতে চাই পশ্চিমবাংলায় কতগুলি প্রাইমারি বিদ্যালয় আছে যেখানে এই অলচিকি হরফের পাঠ্যক্রম চালু আছে ?

শ্রী উপেন্দ্রনাথ কিস্কু : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, এই প্রশ্নে উত্তর শিক্ষা বিভাগ দিতে পারবেন, এটা আমার দায়িত্বে নেই। শিক্ষা বিভাগকে সঠিকভাবে বলবেন, সঠিকভাবে নোটিশ দেবেন, তাঁরা বলতে পারবেন।

বি.পি.এল. কার্ড বণ্টন

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **শ্রী আবদুল মান্নান** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতজন মানুষকে (জানুয়ারি, ২০০৩ পর্যন্ত) বি.পি.এল. কার্ড দেওয়া হয়েছে ;

(খ) কতজন মানুষ এখনও উক্ত কার্ড পাননি : এবং

(গ) উক্ত শ্রেণির মানুষকে ওই কার্ডের বিনিময়ে কী কী সুবিধা দেওয়া হচ্ছে ?

শ্রী কলিমুদ্দিন সামস্ :

(ক) রাজ্যে মোট ২,০৮,৬৮,৮৮১ (জানুয়ারি, ২০০৩ পর্যন্ত) জন মানুষকে বি.পি.এল. শীলমোহর মুদ্রিত রেশন কার্ড দেওয়া হয়েছে।

(খ) যেহেতু বি.পি.এল. তালিকা প্রস্তুতের কাজ এখনও সম্পূর্ণ হয়নি, সুতরাং এই মুহূর্তে এই সংখ্যা সঠিকভাবে বলা যাচ্ছে না।

(গ) ওই কার্ডের বিনিময়ে উপভোক্তাগণ খাদ্য সরবরাহ বিভাগের ব্যবস্থাপনায় সহায়ক মূল্যে চাল, গম, চিনি ও বাজার দর অপেক্ষা সস্তায় অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিস যেমন কেরোসিন তেল, ভোজ্য তেল, মশলা, সাবান ইত্যাদি পেয়ে থাকেন।

[11.50—12.00 noon]

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রিমহোদয়, আপনি বললেন ২ কোটি ৮ লক্ষ ৬৮ হাজার ৮৮১ জন বি.পি.এল. কার্ড পেয়েছে। তালিকা এখনও সম্পূর্ণ হয়নি, অতএব বলা সম্ভব নয়। আমি আপনার কাছে জানতে চাইছি, কতজন বাকি আছে, এবং এই বি.পি.এল. লিষ্ট করতে আর কতদিন সময় লাগবে ? কারণ এই হাউসে গত ছ-সাত বছর ধরে আপনি বলছেন, ডিপার্টমেন্ট বলছে, প্ল্যানিং মিনিষ্টার বলছেন—কখনও বলছেন ৫২ পারসেন্ট, ৩৭ পারসেন্ট কখনও বলছেন, আবার কখনও বলছেন ৪২ পারসেন্ট। বিভিন্ন সময়ে বিভিন্ন রকম বলছেন। আবার আপনি কখনও বলেছেন মোর দ্যান ৭০ পারসেন্ট। তাহলে আমাদের রাজ্যে অ্যাকচুয়াল বি.পি.এল.-এর সংখ্যা কত ? কত পারসেন্ট লোক বিলো পভ্যারটি লাইনের নিচে বাস করেন ? কেননা, আপনি বলছেন এখনও অসম্পূর্ণ আছে। যারা কার্ড পেয়েছে, তাদের মধ্যে কতজনের নাম বাতিল করেছেন ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : আমি আগেই বলেছি যে, জানুয়ারি পর্যন্ত ২ কোটি ৮ লক্ষ ৬৮ হাজার ৮৮১ জনকে বি.পি.এল. কার্ড সাপ্লাই করা হয়েছে। এখন যে প্রশ্ন করা হচ্ছে, বাকি লিষ্টটা প্রিপেয়ার হচ্ছে। খুব শীঘ্রই এগুলো হয়ে যাবে।

শ্রী আব্দুল মান্নান : আপনার টার্গেট পিরিয়ডটা বলুন ? সময়টা বলুন, কতদিনের মধ্যে কমপ্লিট করবেন ? কাজটা যদি তাড়াতাড়ি হয়, তাহলে সময়টা বলতে পারছেন না কেন ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : আমি তাড়াতাড়ি করার জন্য ডাইরেকশন দিয়ে দিয়েছি।

শ্রী আব্দুল মান্নান : গভর্ণমেন্টের টাইম বাউন্ড প্রোগ্রাম কিছু আছে কিনা যে, বি.পি.এল.-এর তালিকাটা এই সময়ের মধ্যে হয়ে যাবে ? মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে বলেছেন যে এটা তাড়াতাড়ি হয়ে যাবে। সরকার কি এই রকম নির্দিষ্ট সময়সীমা ঠিক করেছে যে এই সময়ের মধ্যে বি.পি.এল. তালিকা সম্পূর্ণ করা হবে ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : বি.পি.এল. লিষ্টটা ইজ ইন প্রগ্রেস. এখনও সম্পূর্ণ হয়নি।

শ্রী আব্দুল মান্নান : আমি আপনাকে যেটা জিজ্ঞাসা করছি, আপনি 'ইয়েস' অর 'নো' বলুন, সরকার কি নির্দিষ্ট সময়সীমা ঠিক করেছে যে এই সময়ের মধ্যে বি.পি.এল. লিষ্ট হয়ে যাবে ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : ব্যাপারটা হচ্ছে, আমি ডাইরেকশন দিয়ে দিয়েছি লিষ্টটা কমপ্লিট করার জন্য। আমি কোনো টাইম দিইনি।

শ্রী আব্দুল মান্নান : যারা বি.পি.এল. কার্ড পেয়েছে, তাদের মধ্যে কারও কার্ড কি আপনি বাতিল করেছেন, আপনার ডিপার্টমেন্ট কি বাতিল করেছে ? এই যে ২ কোটি ৮ লক্ষ ৬৮ হাজার ৮৮১ জন কার্ড পেয়েছে, এদের মধ্যে বিলো পভ্যারটি লাইনে বাস করে না, এই রকম লোককে কার্ড দেওয়া হয়েছে—এই রকম কোনো খবর আপনার কাছে আছে কিনা ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : এখন কাজটা চলছে, আমার কাছে সঠিক খবর আসেনি। সেইরকম কিছু হলে অ্যাকশান নেওয়া হবে।

শ্রী আব্দুল মান্নান : মন্ত্রিমহাশয়, আপনি অসুস্থ। আপনি কাঁপছেন। আপনাকে আমি ডিষ্টার্ব করতে চাই না। আমি আপনাকে একটা প্রশ্ন করলাম, আপনি স্পেসিফিক বলুন, 'ইয়েস' অর 'নো' ? আপনি কোনো নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়েছেন কিনা তা বলতে পারছেন না। অথচ সংবাদপত্রে নাম বেরিয়েছে, ছবি বেরিয়েছে। এই রকম কোনো খবর আপনার কাছে আছে কিনা যে, ভুলবশত বিলো পভ্যারটি লাইনের নিচে বাস করে না এই রকম লোককে কার্ড দেওয়া হয়েছে ? আমি সে জন্য আপনাকে জিজ্ঞাসা করছি। আমি যেগুলো আপনাকে জিজ্ঞাসা করছি, আপনি তার উত্তর দেননি। আপনি 'ইয়েস' অর 'নো' কিছু বলুন ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : এর জন্য আপনাকে নোটিশ দিতে হবে, অফ্ হ্যান্ড কিছু বলা যাবে না।

শ্রী আব্দুল মান্নান : আপনি যে তালিকা তৈরি করেন এবং আমাদের পরিকল্পনা দপ্তর যে সংখ্যা তথ্য তৈরি করে, সেই তালিকা এবং পরিকল্পনা দপ্তরের সংখ্যা তথ্যের সঙ্গে যে মিল হওয়া উচিত তা হচ্ছে না। কারণ আপনি হাউসে বলেছেন, 'মোর দ্যান সেভেনটি পারসেন্ট।' ওরা যা বলছে তাতে বলছে ৫২ পারসেন্ট। অ্যাকচুয়াল কত পারসেন্ট বিলো পভ্যারটি লাইনে বাস করছে, আপনি সেটা বলুন ? তালিকায় এক্স, ওয়াই, জেড'-এর নাম অন্তর্ভুক্ত হলো, সেটা আলাদা ব্যাপার। কিন্তু পার্সেন্টেজটা কত ? কতজন বিলো পভ্যারটি লাইনের নিচে আছে ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : এর জন্য আপনাকে নোটিশ দিতে হবে।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি সব কোশ্চেনের ক্ষেত্রেই বলছেন নোটিশ দিতে হবে। আপনি বলুন, নোটিশ ছাড়া কোন্ কোন্ প্রশ্নের উত্তর দিতে পারবেন ? আমি সেগুলিই জিজ্ঞাসা করবো। নোটিশ ছাড়া আপনি কোন্ কোন্ প্রশ্নের উত্তর আপনি জানিয়ে দিতে পারবেন সেটা যদি বলেন তাহলে আমি সেই সেই প্রশ্নই করবো।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : আমি তো এখানে রেজিস্টার খুলে বসিনি। যতদূর আমার নলেজে যা আছে, সেই অনুযায়ী প্রশ্নের উত্তর দেবো।

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি মাননীয় মন্ত্রী অসুস্থ এবং তার জন্য তাঁর প্রতি সহানুভূতি আছে। কিন্তু ন্যূনতম উত্তরটা তো তিনি দেবেন। মাননীয় সদস্য আব্দুল মান্নান লিখিত ৩টি প্রশ্ন করেছেন এবং তার সংশ্লিষ্ট যে অতিরিক্ত প্রশ্ন করলেন তার একটাও উত্তর মন্ত্রী দিতে পারেননি। তিনি তো বলতে পারতেন যে, ইট ইজ আন্ডার প্রসেস—একটা কিছু বলে তো জানাবেন। মাননীয় মন্ত্রী বলেছেন যে, ২ কোটি ৮ লক্ষ লোককে কার্ড দিয়েছেন—এর প্যারামিটারটা কি, ন্যূনতম যোগ্যতা কি নির্ধারণ করেছেন, কারা এই যোগ্যতা নির্ধারণ করলেন সেটা তো জানাবেন। এই যোগ্যতার মাপকাঠি কিভাবে পরীক্ষা করেছেন সেটা তো জানাবেন ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : লিস্ট প্রিপারেশান হচ্ছে, প্রিপারেশন হয়ে যাবার পরে বলে দেওয়া যাবে।

শ্রী পংকজ ব্যানার্জী : এর যোগ্যতাটা কি ? হোয়াট আর দি প্যারামিটার, কি বেসিসে সিলেক্ট করেছেন ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : এর জন্য নোটিশ দিতে হবে।

শ্রী পংকজ ব্যানার্জী : স্যার, আমি আপনার প্রোটেকশন চাইছি, উনি বলে দিন জানি না, উই উইল অ্যাকসেপ্ট ইট।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : কেন্দ্রীয় সরকার যে গাইডলাইন করে দিয়েছে সেই অনুযায়ী করা হচ্ছে।

শ্রী পংকজ ব্যানার্জী : আপনি ২ কোটি ৮ লক্ষ লোককে বি.পি.এল. কার্ড দিয়েছেন কিনা—হ্যাঁ, কি না। আর যদি দিয়ে থাকেন কি বেসিসে দিয়েছেন—কোন্‌সা বেসিসে হ্যায় ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : কেন্দ্রীয় সরকার একটা লিস্ট ঠিক করে দিয়েছে, সেইভাবে আমরা করছি।

শ্রী সৌগত রায় : স্যার, মাননীয় মন্ত্রী বলেছেন একটি উত্তরে যে, বি.পি.এল. লিস্টের লোকেদের ফুড ডিপার্টমেন্ট থেকে চাল, গেহু এবং চিনি সস্তা দরে দেবে এবং কেরোসিন তেল সস্তা দরে দেবে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই বি.পি.এল. কার্ড যারা পাবেন তারা কত টাকা দরে চাল পাবে, কত টাকা দরে গম পাবে এবং কত টাকা লিটার দরে কেরোসিন তেল পাবে—এখানে রেট কি বলে দেওয়া আছে ? আপ কা রেট কেয়া হ্যায় সককর আওর কেরোসিন তেল কা ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : সেন্ট্রাল গভর্ণমেন্ট যেভাবে রেট ঠিক করে দিয়েছে সেইভাবে কাজ হচ্ছে।

শ্রী সৌগত রায় : সেন্ট্রাল গভর্ণমেন্ট ফিকসড্ কিয়া তো ঠিক হ্যায়, ও রেট কেয়া হ্যায় ওহি বাতাইয়ে ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : এর জন্য আপনাকে আলাদা নোটিশ দিতে হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী তো সব প্রশ্নের উত্তরেই বলছেন যে নোটিশ দিতে হবে। আমার কাছে একটি খবর আছে যে, মেদিনীপুরের গোপীবল্লভপুরের ২ নং ব্লকে—সেখানে ২০০ জন লোকের নাম আপনার এ.পি.এল. লিস্টে এবং বি.পি.এল. লিস্টে রাখা হয়েছে। আমি গ্রামের নাম ধরে ধরে বলতে পারি। এই রকম আপনারা কত লোকের নাম নথিভুক্ত করেছেন যার দু জায়গাতেই নাম আছে যেমন এ.পি.এল. লিস্টে এবং বি.পি.এল. লিস্টে—এদের ব্যাপারে কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা ?

শ্রী কলিমুদ্দিন সামস্ : এই রকম কোনো অভিযোগ আমার কাছে আসেনি। যদি এই রকম কোনো অভিযোগ থাকে জানাবেন, এনকোয়ারি করে দেখব।

Starred Questions
(To which answers were laid on the Table)

গ্রামীণ বিদ্যুতায়ন

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩) **শ্রী তপন হোড়** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি আর্থিক বছরে গ্রামীণ বিদ্যুতায়নে (ডিসেম্বর, ২০০২ পর্যন্ত) লক্ষ্যমাত্রা পূরণ হয়নি ;

(খ) সত্যি হলে, কারণ কী ;

(গ) উক্ত সময়ে গ্রামীণ বিদ্যুতায়নের লক্ষ্যমাত্রা কী ছিল ;

(ঘ) উক্ত লক্ষ্যমাত্রার কতটা পূরণ করা গিয়েছে ;

(ঙ) উক্ত খাতে এ পর্যন্ত কত টাকা ব্যয় করা হয়েছে ; এবং

(চ) সামগ্রিক লক্ষ্যপূরণে আরও কতটা সময় লাগবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিদ্যুতায়নে লক্ষ্যমাত্রা স্থির হয় কোন বছরের এপ্রিল থেকে পরের বছরের মার্চ পর্যন্ত। মাসওয়ারি কোন লক্ষ্য মাত্রা থাকে না। কাজেই ডিসেম্বর মাস পর্যন্ত মোট হওয়া কাজের পরিমাণ দেখে সমগ্র আর্থিক বছরে লক্ষ্যমাত্রা পূরণ হবে কিনা তা সিদ্ধান্ত করা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(ঙ) ২০০২-২০০৩ আর্থিক বছরে এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত গ্রামীণ বিদ্যুতায়ন খাতে মোট (৮৭.৩৬ কোটি টাকা) ব্যয় করা হয়েছে।

(চ) ২০০৬-২০০৭ আর্থিক বছরের মধ্যে রাজ্যের সমস্ত মৌজাগুলি বিদ্যুতায়িত হবে বলে আশা করা যায়।

ডানলপ ব্রিজের নিচের রাস্তাটির সম্প্রসারণ

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪০) **শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বি.টি. রোডের যানজট এড়াতে ডানলপ ব্রিজের নিচে রেলের আন্ডার পাশটিকে চওড়া করার কোনো প্রস্তাব রেল কর্তৃপক্ষের কাছে পেশ করা হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, এর পরিপ্রেক্ষিতে রেল কর্তৃপক্ষ কী কী ব্যবস্থা নিয়েছেন ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বি.এল.আর.ও. অফিসে কম্পিউটার

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩০) **শ্রী রামপদ সামন্ত :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে পশ্চিম মেদিনীপুর জেলায় সমস্ত বি.এল.আর.ও. অফিসে কমপিউটার বসানো হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ ওই কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায় ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ও (খ) পশ্চিম মেদিনীপুর জেলার সমস্ত বি.এল.আর.ও. অফিসে ইতিমধ্যেই কমপিউটার বসানো হয়েছে।

কমপিউটার বসানোর কাজ সম্পূর্ণ হয়েছে।

চিংড়ি রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) শ্রী কমল মুখার্জী : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২-২০০৩ আর্থিক বছরে (জানুয়ারি, ২০০৩ পর্যন্ত) চিংড়ি মাছ রপ্তানি করে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে :

(খ) উক্ত সময়ে রাজ্যে চিংড়ি মাছ উৎপাদন কেন্দ্রগুলি থেকে কী পরিমাণে চিংড়ি মাছ উৎপাদন হয়েছে ; এবং

(গ) বর্তমানে কত পরিমাণ জমিতে চিংড়ি মাছের চাষ হয় ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২-২০০৩ আর্থিক বছরের ডিসেম্বর, ২০০২ পর্যন্ত প্রাপ্ত অর্থের পরিমাণ ভারতীয় মুদ্রায় ৫০১.৯১ কোটি টাকা। (জানুয়ারি, ২০০৩-এর জন্য এখনও সংগ্রহ হয়নি)।

(খ) মোট ১৮৬৫০.০০ মেট্রিক টন (এর মধ্যে পিনয়েড ১৪,১৩০ মেট্রিক টন, নন-পিনয়েড ৪৫২০ মেট্রিক টন)।

(গ) বর্তমানে বি.এফ.ডি-এর অধীনে ৪৫৩৪ হেক্টর এবং প্রথাগত (ট্রাডিশনাল) চাষের আওতায় ৪১০০০ হেক্টর জমিতে চিংড়ি মাছের চাষ করা হয়।

অন্নদাশংকরের মূর্তি স্থাপনের পরিকল্পনা

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৯) শ্রী ব্রহ্মময় নন্দ : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রয়াত প্রবাদপ্রতিম পুরুষ, সাহিত্যিক অন্নদাশংকর রায়ের একটি পূর্ণাবয়ব মূর্তি স্থাপনে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এ রকম একটি প্রস্তাব সম্প্রতি পূর্ত বিভাগের কাছে এসেছে।

Fair Organised by the Co-operation Department

*124. (Admitted Question No. *452) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Co-operation Department be pleased to state—

(a) whether the Co-operation Department has organised a fair at the Maidan from the 7th February, 2003 ;

(b) whether such fair is being held as per the Finance Department's directives ; and

(c) the source from which the fair has got funds ?

Minister in-Charge of the Co-operation Department :

(a) Co-operation Department & the Consumer Affairs Department have jointly sponsored "Samabay-O-Kreta Suraksha Mela 2003" with effect from 7th February, 2003 to 26th February, 2003.

(b) Since no Govt. fund was involved, the concurrence of the Finance Department was not considered necessary.

(c) The Mela Committee will meet expenditure from the funds raised from the Co-operative Societies and other organisations.

বিদ্যুৎ চুরির অভিযোগে গৃহীত ব্যবস্থা

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬১) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নতুন বিদ্যুৎ আইন চালু হওয়ার পর ৩১.০১.২০০৩ তারিখ পর্যন্ত বিদুৎ চুরির অভিযোগে কতজনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে ;

(খ) কতজন গ্রেপ্তার হয়েছে ;

(গ) কত টাকা জরিমানা বাবদ আদায় করা হয়েছে ; এবং

(ঘ) কতগুলি ডি-হুকিং করা হয়েছে ;

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৫,৪৮৫ জনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) ৭৫৪ জন।

(গ) প্রায় ১১ কোটি ৩০ লক্ষ টাকা।

(ঘ) ১,০৬,৩৩৬টি ক্ষেত্রে।

সরকারি চাকুরিতে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫০১) **শ্রী নির্মল ঘোষ :** কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ আর্থিক বছরগুলিতে রাজ্য সরকারি চাকরিতে নিয়োগের জন্য কতগুলি পদের বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল (পৃথক পৃথকভাবে) ;

(খ) তন্মধ্যে, কতজন কর্মপ্রার্থীর সরকারি কর্মসংস্থান হয়েছে (পৃথক পৃথকভাবে) ; এবং

(গ) তন্মধ্যে, প্রতিবন্ধী কর্মপ্রার্থীর সংখ্যা কত (দপ্তরওয়ারি তথ্য)?

কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ আর্থিক বছরগুলিতে রাজ্য সরকারি দপ্তরগুলিতে (সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত সংস্থাগুলিতে) যথাক্রমে ১৪,২৯৮ এবং ৬৭৩২টি শূন্যপদের বিজ্ঞপ্তি কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে দেওয়া হয়েছিল।

(খ) উপরোক্ত আর্থিক বছরগুলিতে সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত সংস্থাগুলিতে কর্মপ্রাপকের সংখ্যা নিম্নরূপ :

বছর	রাজ্য সরকারি	আধা-সরকারি	স্বাত্তশাসিত সংস্থা
২০০০-২০০১	৬৫০৩	২০৫১	৫৮৬৪
২০০১-২০০২	৪০০৯	৪০০	১০৮৬

(গ) ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ আর্থিক বছরগুলিতে উক্ত রাজ্য সরকারি সংস্থাগুলিতে প্রতিবন্ধী কর্মপ্রাপকের সংখ্যা যথাক্রমে ১৮৮ এবং ৮৮। (দপ্তরওয়ারি তথ্যের জন্য সময়ের প্রয়োজন)

দ্বারকেশ্বর নদীর উপর সেতু

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৮) **শ্রী নন্দদুলাল মাঝি** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ইন্দাস-কোতুলপুর রাস্তায় দ্বারকেশ্বর নদীর উপর নির্মীয়মাণ সেতুর কাজের অগ্রগতি কীরূপ ; এবং

(খ) ২০০৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত এ বাবদ কত অর্থ ব্যয়িত হয়েছে ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এখন পর্যন্ত সমগ্র প্রকল্পটির প্রায় ১৫ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

(খ) ৫০.০০ লক্ষ টাকা।

বেআইনি ইটভাটা উচ্ছেদ

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬২) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সমস্ত বেআইনি ইটভাটা অবিলম্বে উৎখাত করতে সরকার কি কোনো পরিকল্পনা গ্রহণ করেছে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) পাশাপাশি আইনি ইটভাটাগুলির কাজকর্ম সরেজমিনে খতিয়ে দেখার জন্য সরকার কি কোনো উদ্যোগ গ্রহণ করেছেন ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। রাজ্যের যে সমস্ত ইটভাটা বে-আইনিভাবে চলছে সেগুলিকে আইনানুগ করার জন্য ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের জারি করা নির্দেশিকায় ১১ দফা শর্তের উল্লেখ আছে। ওই শর্তগুলি মান্য করা সাপেক্ষে বিভিন্ন জেলায় বেআইনি ইটভাটাগুলি আইনানুগ করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যে সমস্ত ইটভাটাগুলি উল্লেখিত শর্তগুলি অমান্য করার কাজ করছে সেগুলিকে উৎখাত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) বিষয়টির ব্যাপকতা ও জটিলতার নিরিখে পরিকল্পনাটি বাস্তবায়নের জন্য কোনো নির্দিষ্ট সময়সীমা ধার্য করা সম্ভব নয়। তবে চেষ্টা করা হচ্ছে যাতে দ্রুত বিষয়টির সমাধান হয়।

(গ) আইনি ইটভাটাগুলির কাজকর্ম সরেজমিনে খতিয়ে দেখার জন্য বিভিন্ন জেলায় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিকগণই নিয়মানুগ ব্যবস্থা গ্রহণ করে থাকেন।

বিদ্যুৎবিহীন গ্রাম

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৭) শ্রীমতী সোনালী গুহ : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত রাজ্যে বিদ্যুৎবিহীন গ্রামের সংখ্যা কত ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৬৮৫৬ (ছয় হাজার আটশ ছাপ্পান্ন)টি।

রামরাজাতলায় উড়ালপুল

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৩) শ্রী জটু লাহিড়ি : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রামরাজাতলা স্টেশনের নিকট একটি উড়ালপুল তৈরির পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত সেতু নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

রামপুরহাট সেনের বাঁধে মৎস্য প্রকল্পের উন্নতিসাধন

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫০) **ডঃ আশীষ ব্যানার্জী** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলার রামপুরহাট ১ নং ব্লকে সেনের বাঁধের মৎস্য প্রকল্পের বর্তমান অবস্থা শোচনীয় ; এবং

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে এটি মৎস্য প্রকল্পের উপযুক্ত নয় ।

(খ) বর্তমানে সহ মৎস্য অধিকর্তা, বীরভূম উদ্যোগ নিয়েছেন। সেনের বাঁধ ফিস্ ফার্মটি মৎস্যচাষের উপযুক্ত করার জন্য নতুন সমিতি গঠন করে সুষ্ঠুভাবে মৎস্য চাষ করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

৬০ নং জাতীয় সড়কের বেহাল অবস্থা

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৪) **শ্রী কাশীনাথ মিশ্র** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলায় ৬০ নং জাতীয় সড়কটির অবস্থা ভয়াবহ ও এখানে দুর্ঘটনা নিত্যসঙ্গী হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত ২০ কিলোমিটার দীর্ঘ জাতীয় সড়কটির সংস্কারের জন্য ২০০২-২০০৩ সালের আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(গ) উক্ত জাতীয় সড়কের উপর ৪টি দুর্বল ও সংকীর্ণ সেতু পুনর্নির্মাণের ব্যাপারে ২০০২-২০০৩ আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই সড়কের কিছু কিছু স্থানের অবস্থা খারাপ। তবে একাধিক অংশে সংস্কার ও প্রশস্তকরণের কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) উক্ত জাতীয় সড়কের মোট ৪০.১০ কি.মি. রাস্তা মেরামতের জন্য ২০০২-২০০৩ আর্থিক বছরে মোট ৮৭৪.২৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(গ) দুর্বল ও সংকীর্ণ সেতু পুনর্নির্মাণের জন্য ২০০২-২০০৩ আর্থিক বছরে কোনো অর্থ বরাদ্দ করা হয়নি।

জম্বুদ্বীপে মৎস্যজীবীদের প্রবেশে নিষেধাজ্ঞা

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৫) শ্রী পংকজ ব্যানার্জী : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য বন দপ্তর জম্বুদ্বীপে মৎস্যজীবীদের প্রবেশ ও ব্যবসা বন্ধ করার আদেশ জারি করেছে ; এবং

(খ) সত্যি হলে, মৎস্যজীবীদের সমস্যা সমাধানে মৎস্য দপ্তর কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ১। প্রায় ১০,০০০ (দশ হাজার) মৎস্যজীবী প্রতি বছর অক্টোবর থেকে ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই ৫ মাস মাছ ধরা ও শুকনো করার কাজ নির্বিঘ্নে করতে পারে তার জন্য মৎস্য দপ্তর থেকে সংশ্লিষ্ট দপ্তরের নিকট আবেদন করা হয়েছে।

২। মৎস্যজীবীদের মাছ শুকানোর জন্য জম্বুদ্বীপে ১৫০ হেক্টর জায়গা পৃথকভাবে চিহ্নিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করা হয়েছে।

৩। মৎস্যজীবীদের দ্বারা যৌথভাবে জম্বুদ্বীপের বনাঞ্চল সংরক্ষণের জন্য বন দপ্তরকে প্রস্তাব প্রদান।

৪। জম্বুদ্বীপে মৎস্যজীবীদের অধিকার সুরক্ষার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকটও আবেদন পেশ করা হয়েছে।

রামরাজাতলায় উড়ালপুল

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৭) শ্রী তমোনাশ ঘোষ : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় ২০০২ সালে কতগুলি বিদ্যুতের "সাব-স্টেশন" তৈরির পরিকল্পনা করা হয়েছিল ;

(খ) এর মধ্যে কতগুলি স্থাপিত হয়েছে ; এবং

(গ) কবে নাগাদ বাকিগুলির স্থাপনের কাজ শুরু ও শেষ হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট ৮টি।

(খ) সবকটির কাজ শুরু হয়েছে কিন্তু এখনও কোনটিরই নির্মাণকার্য সম্পূর্ণ হয়নি।

(গ) আগামী ২০০৪ সালের মাঝামাঝি নাগাদ অধিকাংশের কাজই শেষ হবে বলে আশা করা যায়।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received six notices of Adjournment Motions. The first one is from Shri Asit Kumar Mal and the third one is from Shri Ashok Kumar Deb on the same subject of trace of two medicine factories involved in illegal activities at Sonarpur, South 24 Parganas. The second one is from Dr. Asish Banerjee and the fourth one is from Shri Sobhandeb Chattopadhyay on the same subject of reported physical assault on Shri Arnab Dey, son of a Minister by the police men. The fifth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of irregularities in scrutiny of answer scripts of some Higher Secondary Candidates detected by the Hon'ble High Court. And the sixth one is from Shri Kashinath Mishra on the subject of activities of peoples' war Group in the State.

A notice on the subject similar to the fifth Motion was received on 26.03.03, consent to which was withheld. As such the notice of this motion is out of order and I reject it.

The subject matters of the remaining adjournment motions relate to day today administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members may invite attention of the concerned Ministers through calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

[12.00—12.10 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি একটা জিনিস বুঝতে পারছি না কী কারণে প্রত্যেকবারই আমার লেখা এডিট করা হচ্ছে। আজকে আমি দশ, বারো লাইনের লেখা দিয়েছিলাম, এটা কেটে তিন, চার লাইন করে দেওয়া হয়েছে।

মিঃ স্পীকার : আপনি যখন সময় পাবেন তখন সেক্রেটারির সঙ্গে বসবেন, বুঝে নেবেন এডিটটা কোন রুলে হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

কর্তব্যরত পুলিশ মন্ত্রীপুত্রের কাছে গাড়ির আইনসম্মত কাগজ না থাকায় তার প্রতি আইনানুগ ব্যবস্থা নিলে তাদেরকে সাসপেন্ড হতে হয়। এই ঘটনার প্রভাব গোটা রাজ্যে পড়বে। এই ঘটনার তীব্র নিন্দা করছি এবং দোষীদের শাস্তি দেবার দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মাল : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

সোনারপুরের সি.আই.ডি. অফিসার হানা দিয়ে পাঁচ লক্ষ আম্পুল জাল ইনজেকশান বাজেয়াপ্ত করেছে। কারখানার মালিক ও কারখানার ম্যানেজারকে গ্রেপ্তার করা হয়েছে। দুটি জাল ওষুধ কারখানায় হানা দিয়ে ৫০ বাক্স জাল ইনজেকশান আম্পুল বাজেয়াপ্ত হয়। এক একটা বাক্সে ছিল দশ হাজার আম্পুল। কিন্তু আম্পুলের গায়ে নামী কোম্পানির জাল লেবেল লাগানো আছে, যার অধিকাংশই লেখা 'অকসিটোসিন'। গত ছয় মাস ধরে জাল ওষুধের কারখানা চলছে বলে জানা গেছে। সারা রাজ্যের মানুষ চরমভাবে উদ্বিগ্ন। এই দুষ্টচক্র আরও কোথায় চলছে এই ব্যাপারে রাজ্য সরকারকে তদন্ত করে যথাযথ ব্যবস্থা ও জাল ওষুধের কারখানার মালিকদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today, I have received five notices of Calling Attention of the following subjects, namely :

	Subject		Name
(i)	Devastating fire at Capital Electronics, Ultadanga	:	Shri Asit Kumar Mal & Shri Ashok Kumar Deb
(ii)	Syllabus of Bengali in degree course of Burdwan University	:	Dr. Asish Banerjee
(iii)	Reported physical assult on Arnab Dey by the Policemen at Serampore	:	Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira
(iv)	Arrangement of potato Preservation in the State	:	Shri Sobhandeb Chattopadhyay
(v)	Training camp of ULFA and KLO in the border area of Bhutan causing anxiety to the people of the State	:	Shri Nirmal Das

I have selected the notice of Dr. Asish Banerjee on the subject of syllabus of Bengali in Degree Course of Burdwan University.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the reply will be sent to the member concerned.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : Now, the Minister-in-Charge of Land and Land Reforms Department will make a statement on the subject of non-transfer of land of some Mouzas under Amdanga Assembly Constituency from Rural Land Ceiling to Urban Land Ceiling.

(Attention called by Smt. Sarmistha Dutta on the 26th March, 2003)

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় স্পীকার মহোদয় আমডাঙা বিধানসভার যে ৬৫টি মৌজা শহরাঞ্চলের জমির উর্দ্ধসীমা সংক্রান্ত আইনের আওতাধীন সেই সমস্ত মৌজার কৃষি জমির রায়তদের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধনী) আইন, ২০০০ অনুযায়ী খাজনা মকুবের কোনো বিধান নেই। যে ১৫টি মৌজা আংশিকভাবে উক্ত উর্ধ্বসীমা সংক্রান্ত আইনের আওতাধীন সে ক্ষেত্রেও একই কারণে খাজনা মকুব করার কোনো বিধান নেই। তবে ১৫টি মৌজায় যে সমস্ত অংশ উক্ত উর্ধ্বসীমা সংক্রান্ত আইনের আওতার বাইরে, সেগুলির ক্ষেত্রে সেচসেবিত এলাকায় ৪ একর ও অসেচ এলাকায় ৬ একর পর্যন্ত জমির রায়তগণ পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধনী) আইন, ২০০০ মোতাবেক খাজনা মকুবের সুবিধা পাবেন।

মৌজাগুলির উন্নতির সঙ্গে খাজনা মকুবের কোনো সম্পর্ক নেই। শহরাঞ্চলের জমির উর্দ্ধসীমা সংক্রান্ত আইনের আওতাধীন যে কোনো মৌজা বা তার অংশবিশেষের জন্য রায়তকে খাজনা দিতে হবে। খাজনা মকুব তখনই করা যেতে পারে যদি কোনো মৌজা বা তার অংশ বিশেষকে উক্ত আইনের আওতার বাইরে রাখার জন্য শহরাঞ্চলের উন্নয়ন দপ্তর থেকে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

উল্লেখ্য, বর্তমান ভূমি সংস্কার আইনে ভূমি রাজস্বের হার কৃষি জমির ক্ষেতের একরে ২০ টাকা, অকৃষি এবং বাস্তু জমির জন্য প্রতি শতকে ৩ টাকা এবং কলকারখানা, বাণিজ্যিক ব্যবহারের জমিতে শতকে ৪ টাকা ধার্য আছে।

Mr. Speaker : Hon'ble Members, today morning I received news that the physical health of our Chief Whip, Shri Laskhmi Kanta Dey, has deteriorated and from early morning his condition has been precarious and he has been kept in ventilator. As the latest information goes he is institutionally, clinically dead. But Doctors are not able to announce formally that he is dead. But anything can happen at any moment. We hope that he recovers. But such chance is very slim in this case. Generally it does not happen in most cases.

In this very difficult atmosphere we are working, and temperament and mood are not such that we can carry on our work. I discussed with all the political parties and the consensus has been that for another bill that will be coming we will try to do

before recess and it will be passed without discussion. One member may contribute something. We would like to pass it before recess. We will adjourn the House by 12. 20-25 latest.

Now we will take it up before recess. I expect Co-operation from all members.

THE WEST BENGAL FINANCE BILL, 2003

Dr. Asim Kumar Dasgupta : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Finance Bill, 2003.

(Secretary then read the Title of the Bill)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2003. be taken into consideration.

[12.10—12.20 p.m.]

শ্রী সৌগত রায় : আজকে যে পরিস্থিতি বর্ণনা করলেন তারপর এটা বলার কোনো ব্যাপার নয়। এটা একটা সাংবিধানিক প্রয়োজন যে ৩১শে মার্চের মধ্যে বিলটা পাশ করাতে হবে না হলে সরকার কাজ করতে পারবে না। আর এই বছর যে মেন ট্যাক্স সেটা তো গতকাল 'ভ্যাট' বিলে পাশ হয়ে গেছে। এই নিয়ে আর কিছু বলব না। শুধু মন্ত্রীর কাছে একটা প্রশ্ন, যে উনি হঠাৎ করে একটা মাল্টিপ্লেক্স করার ব্যাপারে কর ছাড় দিয়েছেন। এখন এমনিতেই সিনেমা ইন্ডাস্ট্রির অবস্থা খুব খারাপ। আমি কাগজে দেখলাম যে বেঙ্গল অম্বুজা যারা সরকারের সঙ্গে জয়েন্ট সেক্টরে হাউসিং করেছে, স্বভূমি করেছে, তারা একটা মাল্টিপ্লেক্স করেছে। আমার বক্তব্য হচ্ছে যে এই ধরনের একটা ছাড়, একটা পারটিকুলার পার্টিকে সুবিধা দেওয়া করেছেন, এটা ভালো দেখায় না। রাজ্যের পক্ষে এটা খুব সম্মানজনক হয় না। এটা না করলেই ভালো হতো। আদারওয়াইজ স্যার, বিলে অনেক কিছু বলার ছিল কিন্তু আজকে কোনো পরিবেশ নেই। আমি মনে করি বিলটা পাশ করিয়ে দেওয়া উচিত।

ডাঃ অসীম দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থ দপ্তরের কাছে কোনো বিশেষ গোষ্ঠী বা কেউ এসে আমাদের বলেনি। আমরা এটা হাওড়া, কলকাতা এবং আমাদের রাজ্যের যে কোনো জেলায় গিয়ে কেউ যদি একাধিক প্রেক্ষাগৃহ একত্রিত করে করতে চান, তাহলে তার করটা কিছুদিনের জন্য অনুদানে রূপান্তরিত করার সুযোগ আমরা দিচ্ছি। কোনো ব্যক্তি, গোষ্ঠী মনে নেই। আর আমি মাননীয় সদস্যদের সঙ্গে একই মনের ভাব পোষণ করি। আমার আর কোনো বক্তব্য রাখছি না। আমরা একই চিন্তা করছি। এই বিলকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সৌগতবাবুর সঙ্গে একমত। আজকে বিলটা নিয়ে আলোচনার জন্য আমরা তৈরি হয়ে এসেছিলাম কিন্তু যে পরিস্থিতির মধ্যে আমরা আছি এবং আমরা আর এই ব্যাপারে আলোচনা করতে যাচ্ছি না। যদি প্রয়োজন হয় আমি মাননীয় মন্ত্রীর সঙ্গে আলাদাভাবে আলোচনা সেই ব্যাপারে আমার যা বক্তব্য আমি বলব। আপাতত উনি যে বিলটা পেশ করেছেন তা নিয়ে আলোচনা করার আর কোনো অভিপ্রায় নেই।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Finance Bill, 2003, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 8 :

Mr. Speaker : There are no amendments to Clauses 1-8.

The question that Clauses 1 to 8 do stand part of the Bill was then put and agreed to.

Preamble :

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2003. as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

THE WEST BENGAL APPROPRIATION BILL, 2003

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2003.

(Secretary then read the Title of the Bill)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2003. be taken into consideration.

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন সে সম্পর্কে আমাদের অনেক কিছুই বলার ছিল। যার অনেকটাই তিনদিন লাগাতার বাজেট ভাষণের বিরোধিতা করে বলেছি। গতকাল আমরা ডিমান্ডের উপরে বিরোধিতা করেছি, কিন্তু আমাদের এই সভায় মাননীয় সদস্য এবং সরকারি পক্ষের চীফ্ হুইপ শ্রীলক্ষ্মীকান্ত দে মহাশয়ের শারীরিক অবস্থার কথা চিন্তা করে আমি মানসিকভাবে বিতর্কে অংশগ্রহণ করছি না। মাননীয় অর্থমন্ত্রীকে বলবো যে সাজেশানগুলি আমরা রেখেছিলাম গত ৪ দিনের ধারাবাহিক আলোচনার মাধ্যমে—তার ভিতরে যে সারবত্তা আছে যে পয়েন্টগুলিকে ধরে ধরে আমরা বলার চেষ্টা করেছি, যদি পরবর্তীকালে ইমপ্লিমেন্টিং পর্যায়ে আমাদের সাজেশানগুলিকে রক্ষা করার চেষ্টা করবেন, এই বলে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পংকজবাবুর সঙ্গে আমি এক মত। আজকে যে পরিস্থিতির মধ্যে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল আলোচনার জন্য এসেছে সেই পরিস্থিতির মধ্যে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল সম্বন্ধে আমাদের আপত্তি থাকলেও এর আগে আমাদের মাননীয় সদস্যরা বিভিন্ন মতামত প্রকাশ করেছেন—আজকে আর বিস্তৃতভাবে আলোচনার সুযোগ দেখছি না। তাই আমি পংকজবাবুর সঙ্গে একমত হয়ে যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল পেশ করেছেন তাঁকে সমর্থন জানাচ্ছি।

ডঃ অসীম দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও বিরোধী দলের মাননীয় সদস্য এবং নেতা যে বক্তব্য রেখেছেন সেই মানসিকতা নিয়ে বলছি এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল ২০০৩ আসলে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি যা গতকাল মঞ্জুর হয়েছে, আমি গতকাল বলেছি যে বাজেট পেশ করার পর কোন কোন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে কেন এই অতিরিক্ত ব্যয় মঞ্জুরির প্রস্তাব আনতে হয়েছে আমি সেই বিষয় আর যেতে চাইছি না। মাননীয় পংকজবাবু যেটা বলেছেন যে সাজেশান ওঁনারা বিভিন্ন জায়গায় রেখেছেন তার যেগুলি গ্রহণযোগ্য মনে হবে সেগুলি তাঁদের সঙ্গে আলোচনা করে আমি গ্রহণ করব। আমি বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Appropriation Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

CLAUSES 1 TO 3 AND SCHEDULE

The question that the clauses 1 to 3 and schedule do stand part of the Bill were then put and agreed to.

PREAMBLE

The question that the Preamble do stand part of the bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2003 as settled in the Assembly, be passed.

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Appropriation Bill, 2003 as settled in the Assembly, be passed was then put and agreed to.

THE WEST BENGAL APPROPRIATION (VOTE ON ACCOUNT) BILL, 2003

Dr. Asim Kumar Dasgupta : Mr. Speaker, Sir, I beg to intoduce that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2003.

(Secretary then read the Title of the Bill.)

Dr. Asim Kumar Dasgupta : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2003 be taken into consideration.

The motion of Dr. Asim Kumar Dasgupta that the Wes Bengal Appropriation (Vote on Account) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

CLAUSES 1 TO 3 AND SCHEDULE

The question that the Clauses 1 to 3 and schedule do stand part of the Bill were then put and agreed to.

PREAMBLE

The question that the Preamble do stand part of the bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2003 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[12.20—2.30 p.m. (including adjournment)]

শ্রী সৌগত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে আপনি যে বিলটা সম্বন্ধে আলোচনা করার অনুমতি দিতে চলেছেন সেই 'দি ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (জুডিশিয়াল) অ্যান্ড দি ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিশিয়াল সার্ভিস (রিভিশন অফ পে অ্যান্ড অ্যালাওয়েন্সেস) বিল, ২০০৩'—এই বিলটা বরং সোমবার আনুন। কনস্টিটিউশনাল নেসেসিটি যেগুলোর ব্যাপারে ছিল সেগুলো তো হয়ে গেল, ওই বিলটা তাই সোমবার আনতে অনুরোধ করছি। স্যার, এর পরে বি.এ. কমিটি আছে আপনি সেখানে আলোচনা করে ওই বিলটা সোমবার নিয়ে আসুন।

মিঃ স্পীকার : Let it be introduced.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ওই বিলটা ইনট্রোডিউস করান কিন্তু আমাদের মনে হয় বিলটা ৩১শে মার্চ সোমবার আলোচনায় আনলে ভালো হবে। এরপর বি.এ. কমিটি আছে। তাই এ ব্যাপারে ডিসিশন নিয়ে ৩১শে মার্চ সোমবার ওই বিলটা আনার জন্য অনুরোধ করছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় এই বিলটা আলোচনা হওয়া দরকার। সোমবার ৩১ তারিখে হলেও ভালো। কিন্তু ভারতবর্ষের প্রত্যেকটা রাজ্যের উপর একটা বাধ্যবাধকতার প্রশ্ন এসেছে সুপ্রিম কোর্টের অর্ডারের জন্য এবং ৩১ তারিখের মধ্যে বিধানসভাতে এ ব্যাপারে ডিসিশন নিতে হবে। তাই বলছি, ৩১ তারিখ প্রথম দিকে বিলটি আনা যেতে পারে কিন্তু আলোচনা হওয়া দরকার বলে আমি মনে করি।

The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance Bill, 2003)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to introduce the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) Bill, 2003.

(Secretary then read the Title of the Bill.)

মিঃ স্পীকার : এখন বিরতি, আমরা আবার ২-৩০ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 2.30 p.m.)

[2.30—2.34 p.m.] (after recess)

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

THIRTY-SIXTH (36TH) REPORT

Mr. Speaker : I beg to present the 36th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the following Programme of Business for the 29th March, 2003 and Revised Programme of Business for the 31st March, 2003 :—

29/-3/03 Saturday	:	Business remaining from 28.03.03.–The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) Bill, 2003 (Consideration and Passing) .....1½ hrs.
31/03/03 Monday	:	(1) Business remaining from 29.03.03, if any (2) The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) .....1hr. (3) The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) .....1hr. (4) The West Bengal Public Library (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) .....½ hrs. (5) The Electricity Regulatory Commission (West Bengal Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) .....2 hrs.

N.B. (1) The House will sit at 10-00 a.m. on the 29th and the 31st March, 2003.

(2) There will be no Mention Case on the 29th March, 2003.

(3) There will be no Question for Oral Answer and Mention Case on the 31st March, 2003.

Now I request the Hon'ble Minister for Parliamentary Affairs to please move the motion for acceptance.

MOTION

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 36th Report of the Business Advisory Committee, as presented in the House, be accepted.

The motion was adopted.

Mr. Speaker : Hon'ble Members, I regret to inform you all that Lakshmi Kanta Dey, Chief Whip of West Bengal has expired at 12-45 p.m. this afternoon. His deadbody will be coming to the Assembly Premises at 4 O'clock, as I have been informed. The Hon'ble Chief Minister will pay floral tributes when his deadbody will arrive. I will request as many Hon'ble Members as possible can be present to pay their last respects to him. The House stands adjourned till Saturday, the 29th March, 2003, i.e., tomorrow upto 10 a.m.

Adjournment

The House was then adjourned at 2-34 p.m. till 10-00 a.m., Saturday, the 29th March, 2003 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Saturday, the 29th March, 2003 at 10.00 a.m.

P R E S E N T

Mr. Dy. Speaker (ANIL MUKHERJEE) in the Chair, 09 Ministers, 03 Ministers of State and 32 Members.

[10.00—10.06 a.m.]

শোক প্রস্তাব

মিঃ ডেপুটি স্পীকার : মাননীয় সদস্যগণ, আমি এখন অত্যন্ত দুঃখজনক একটি কাজ সম্পন্ন করার জন্য দাঁড়িয়েছি। আমাদের সভার সদস্য এবং সরকারি মুখ্য সচেতক সদ্য প্রয়াত শ্রী লক্ষ্মীকান্ত দে-র অমলিন স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমি শোক প্রস্তাব পেশ করছি।

গত ২৮শে মার্চ, ২০০৩ তারিখে শ্রী লক্ষ্মীকান্ত দে হৃদরোগে আক্রান্ত হয়ে কলকাতা মেডিকেল কলেজ ও হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২।

শ্রীদে ১৯৪১ সালের ১৭ই সেপ্টেম্বর উত্তর কলকাতার এক বনেদি পরিবারে জন্মগ্রহণ করেন। কলকাতা সিটি কলেজ থেকে উচ্চশিক্ষা লাভের পর ১৯৫৭ সালে তিনি সক্রিয়ভাবে রাজনীতিতে অংশগ্রহণ করেন। রাজনৈতিক জীবনের শুরুতে তিনি প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী ও বিশিষ্ট কমিউনিস্ট নেতা ডাঃ নারায়ণচন্দ্র রায়ের সংস্পর্শে এসে গরিব ও মেহনতি মানুষের সেবার কাজে আত্মনিয়োগ করেন। তাঁর সততা, নিষ্ঠা ও আনুগত্যের জন্য ১৯৫৯ সালে তিনি অবিভক্ত কমিউনিস্ট পার্টির সভ্যপদ লাভ করেন। ১৯৬২ সালে চীন-ভারত সীমান্ত সংঘর্ষের সময় তিনি প্রথম কারারুদ্ধ হন। ১৯৬৪ সালে কমিউনিস্ট পার্টির বিভাজন হলে তিনি ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী)-র সঙ্গে নিজেকে যুক্ত করেন। ১৯৬৪ সালের পর তিনি প্রথমে নিজেকে ছাত্র আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত করলেও পরবর্তীকালে খাদ্য আন্দোলনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। ১৯৬৬ সালে খাদ্য আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার কারণে তাঁকে কারারুদ্ধ হতে হয়। ১৯৬৯ সালে কলকাতা পৌরসভার পৌরপিতা নির্বাচিত হলে তিনি যোগ্যতার সঙ্গে তাঁর দায়িত্ব ও কর্তব্য পালন করেন এবং সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের পাশে থেকে বিভিন্ন গণমুখী আন্দোলন সংগঠিত করার জন্য নিজেকে নিযুক্ত করেন। তিনি ১৯৭১ সালে অস্ত্র মামলায় এবং ১৯৭৫ সালে মিসায় গ্রেপ্তার হয়ে কারাভোগ করেন। তিনি ১৯৮২ সাল থেকে আমৃত্যু ভারতীয় কমিউনিস্ট পার্টি (মার্কসবাদীর)-র কলকাতা জেলা কমিটির সদস্য ছিলেন এবং

১৯৯১ সাল থেকে ১৯৯৪ সাল পর্যন্ত কমিটির সম্পাদকমন্ডলীর সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন। পার্টির মতাদর্শ প্রচারে তাঁর নিরলস প্রচেষ্টা এবং সাধারণ মানুষের সঙ্গে তাঁর আন্তরিকতা ও ঘনিষ্ঠতা এক বিরল ব্যক্তিত্বের পরিচায়ক। বিড়ি শ্রমিক আন্দোলন, শ্রমিক আন্দোলন, চর্মশিল্পী আন্দোলন-সহ বিভিন্ন জনহিতকর সংগঠনের সঙ্গে তিনি আজীবন যুক্ত ছিলেন।

শ্রীদে ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী)-র প্রার্থী হিসাবে বিদ্যাসাগর বিধানসভা কেন্দ্র থেকে প্রথমে ১৯৮২ সালে ও পরবর্তীকালে ১৯৮৭, ১৯৯১ এবং ২০০১ সালে পশ্চিমবঙ্গ বিধানসভায় নির্বাচিত হন। ১৯৯১ ও ২০০১ সালে পশ্চিমবঙ্গ সরকারের সরকারি মুখ্য সচেতক পদে নিযুক্ত থাকার সময় তিনি নিষ্ঠা, পারদর্শিতা ও আন্তরিক ব্যবহারের জন্য এই সভার সকল সদস্যগণের প্রিয়জন হয়ে উঠেছিলেন।

শ্রীদে-র এই আকস্মিক মৃত্যুতে আমরা হারালাম আমাদের একজন সহৃদয় বন্ধুকে এবং এই রাজ্য হারাল একজন একনিষ্ঠ সমাজসেবী, শ্রমিকদরদি, সুযোগ্য রাজনীতিবিদ ও সুদক্ষ প্রশাসককে।

এখন শ্রীদে-র স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে মাননীয় সদস্যদের দু মিনিট দাঁড়িয়ে নীরবতা পালনের জন্য অনুরোধ করছি।

(দু মিনিট পর)

ধন্যবাদ।

প্রধান সচিব মৃতের শোকসন্তপ্ত পরিবারের নিকট শোক প্রস্তাব পাঠিয়ে দেবেন।

সভা আগামী সোমবার, ৩১শে মার্চ, ২০০৩ তারিখের সকাল ১০টা পর্যন্ত মুলতুবি রইল।

Adjournment

At this stage the House was adjouned at 10-06 a.m. till 10-00 a.m. Monday, the 31st March, 2003.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 31st March, 2003 at 10.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 11 Ministers of State and 135 Members.

[10.00—10.20 a.m.]

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২০ মার্চ থেকে ইরাকের উপর আমেরিকা এবং বৃটেন যে একতরফা আক্রমণ করেছে তার বিরুদ্ধে আমাদের এই বিধানসভাতেও প্রস্তাব গৃহীত হয়েছে। তাতে.....

(Voices from the opposition Bench. Sir, there is no quorum in the House)

at this stage the quorum bell rang.

Mr. Speaker : The House is adjourned for 15 minutes. We will again meet at 10.20 a.m.

(accordingly the House was adjourned till 10.20 a.m.)

[10.20—10.30 a.m. (after adjournment)]

POINT OF INFORMATION

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২০শে মার্চ থেকে মার্কিন সাম্রাজ্যবাদ এবং ব্রিটিশ সাম্রাজ্যবাদের তরফ থেকে জাতীয় সংঘের সমস্ত নিয়ম কানুন লংঘন করে ইরাকের উপর বর্বরোচিত আক্রমণ চালানো হচ্ছে তার বিরুদ্ধে আমাদের এখান থেকে ২১শে মার্চ একটা প্রস্তাব গ্রহণ করা হয়েছে এবং ২৪শে মার্চ এখান থেকে সর্বদলীয় প্রতিনিধি দল গিয়ে মার্কিন কনস্যুলেটের কাছে গিয়ে ডেপুটেশন দিয়েছিল। গতকাল কলকাতায় এই রাজ্যের ১৯টি রাজনৈতিক দল এবং বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তিবর্গ এই যুদ্ধের বিরুদ্ধে বিশাল মিছিল করেন। আকাশবাণীর কাছে গোষ্ঠ পালের মূর্তির কাছ থেকে এই মিছিল শুরু হয়। প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু সহ বর্তমান মুখ্যমন্ত্রী, রাজ্য মন্ত্রিসভার সদস্য, ১৯টি রাজনৈতিক দলের বিশিষ্ট নেত্রীবৃন্দ, বিশিষ্ট শিল্পী মৃণাল সেন, মাধবী চক্রবর্তী এই মিছিলে অংশ নিয়েছেন। এই সুদীর্ঘ মিছিলে অনেক শিল্পীরা তাঁদের ছবি এঁকেছেন, বিভিন্ন ধরনের ট্যাবলো, ফেস্টুনে মার্কিন সাম্রাজ্যবাদী বিরোধী যুদ্ধ বিরোধী বিষয় উল্লিখিত হয়েছে। এই মিছিলে শিশু, কিশোর সহ বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী, শিক্ষক,

ইলেকট্রনিক্স মিডিয়া সকলে অংশগ্রহণ করেছেন। ভারতবর্ষে ইতিপূর্বে যুদ্ধ বিরোধী মিছিল, সাম্রাজ্যবাদ বিরোধী এই ধরনের বড় মিছিল সংগঠিত হয়নি। এই হাউসের সদস্যরা এই ব্যাপারে কনসার্ন, একজন সাংসদ এই মিছিলে অংশগ্রহণ করেছেন। এই মিছিল যখন অজিত পাঁজা মহাশয়ের বাড়ির সামনে দিয়ে যায় তিনিও এই যুদ্ধ বিরোধী মিছিলে অংশ নিয়েছিলেন এবং তাকে স্বীকৃতি জানিয়েছেন এবং ফেস্টুন, প্ল্যাকার্ড লাগিয়েছেন। আজকে সারা ভারতবর্ষে এই আগ্রাসন নীতির প্রতিবাদে প্রতিবাদ দিবস পালিত হচ্ছে এবং মার্কিন সাম্রাজ্যবাদের প্রচার দপ্তরের সামনে ২টা থেকে ৬টা পর্যন্ত অবস্থান করছেন। আজকে শিল্প কলকারখানার শ্রমিকরা আধ ঘণ্টা কাজ বন্ধ করছে। এই সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে আন্দোলনে আমাদের রাজ্যের কাছে একটা গর্বের বিষয়, গোটা দেশের ঐতিহ্য বহন করে চলেছে। এটা আমি উল্লেখ করলাম।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Ashok Kumar Deb on the subject of two days strike called by the traders against introduction of VAT. The subject matter of the adjournment motion relates to day administration of the Government and is not such that may call for adjournment of the business of the House. I therefore, withhold my concent to the Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অশোক দেব : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবি রাখছে, বিষয়টি হল—সারা রাজ্যের ব্যবসা বন্ধ হচ্ছে দু-দিনের জন্য। ভ্যাট-এর সংশোধনের বিরুদ্ধে এই বন্ধ ডাকা হয়েছে। ফলে সাধারণ মানুষকে এর ফল ভোগ করতে হচ্ছে। ব্যবসায়ীরা মার্চের প্রথম সপ্তাহে বন্ধ ডেকেছিলেন। ১৫ই মার্চ বন্ধ ডেকেছিলেন জয়েন্ট কমিটি অফ ওয়েস্ট বেঙ্গল। সরকারের হস্তক্ষেপ দাবি করছি।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received one notice of calling Attention on the following subject :

Subject :	Name :
Reported resignation of theVice-Chancellor of Vidyasagar University.	Shri Ashok Kumar Deb and Shri Kashinath Mishra.

I have admitted it. The replies will be sent to the Members concerned directly.

Honourable Members, the statement on the subject of re-opening of the New Central Jute Mill at Budge Budge, in reply to the notice given by Shri Ashok Kumar Deb and Shri Sobhandeb Chattopadhyay was scheduled to be made today. Unfortunately, the answers cannot be given today. The concerned Minister will send the replies direct to the Members concerned.

PRESENTATION OF COMMITTEE REPORT

THE THIRD REPORT OF THE COMMITTEE ON THE AFFAIRS OF WOMEN AND CHILDREN 2002-2003 :

Smt. Sadhana Mallick : Sir, I beg to present the Third Report of the Committee on the Affairs of Women and Children (2002-2003) regarding visit to Purulia District.

LAYING OF ACCOUNTS

Accounts of the Comptroller and Auditor General of India :

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to lay the : (a) Finance Accounts for 2001-2002 ; and (b) Appropriation Accounts for 2001-2002.

POINT OF ORDER

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, পয়েন্ট অফ অর্ডার। সামান্য একটা ব্যাপার, আমরা প্রোগ্রামের একটা কাগজ পেয়েছি। আমাদের দুর্ভাগ্য, গভর্নমেন্ট চিফ হুইপ মারা গেছেন। হি ইজ নট দেয়ার। সাম বডি হ্যাজ টু টেক দি রেসপনসিবিলিটি অফ দি চিফ হুইপ অ্যান্ড সো লং হি ইজ ওয়ার্কিং দেয়ার, চিফ গভর্নমেন্ট হুইপের প্যাডে এই যে কাগজটা এসেছে, এটা আসতে পারে কিনা ?

Mr. Speaker : Please sit down.

LAYING OF REPORTS

The 41st Annual Report of the Durgapur Projects Limited for the year 2001-2002.

Shri Mrinal Banerjee : Sir, I beg to lay the 41st Report of the Durgapur Projects Limited for the year 2001-2002.

LEGISLATION

(Business remaining from 29/03/2003) :

The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) Bill, 2003.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) Bill, 2003, be taken into Consideration.

Dr. Asim Kumar Dasgupta : Sir, the Members of the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service are not covered by the West Bengal Services (Revision of Pay and Allowance) Rules, 1998. At present the members of the West Bengal Civil Service (Judicial) are in the unrevised scales of pay of the West Bengal Services (Revision of Pay and Allowance) Rules, 1990. As an interim measure they have been allowed to draw pay in the corresponding revised scales under the West Bengal Services (Revision of Pay and Allowance) Rules, 1998. The members belonging to the West Bengal Higher Judicial Service are drawing equivalent scales of pay as admissible to the officers of All India Service.

It has, therefore, been felt necessary to prescribe definite pay scales for the members of the above two services. As this House has authority to make enactment relating to pay scales and allowances of the members belonging to the West Bengal Civil Service (Judicial) and West Bengal Higher Judicial Service under Article 309 of the Constitution of India, this Bill has been formulated specifying scale of pay for the members of the West Bengal Civil Service (Judicial) and West Bengal Higher Judicial Service. The provisions have been made in the Bill empowering the State Government to make rules on manner of fixation of pay and admissibility of different allowances.

[10.30—10.40 a.m.]

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি "The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) Bill, 2003" যেটা ইনট্রোডিউস হয়েছে আমি তার বিরোধিতা করে কিছু বক্তব্য রাখছি।

মাননীয় অর্থমন্ত্রী একটু আগে যেটা বলছিলেন, This House has authority to introduce the Bill. আমি বিরোধিতা করছি এই জন্য যে, যখন আপনাদের অথরিটি ছিল, তখন আপনারা অথরিটি এক্সারসাইজ করেননি। আপনারা দীর্ঘকাল ধরে এই জুডিসিয়াল সার্ভিস অ্যান্ড হায়ার জুডিসিয়াল সার্ভিস-এর পে স্কেল কি হবে, সেই নিয়ে আপনারা যখন ডিসাইড করেননি, তখন সুপ্রীম কোর্ট ডিসাইড করেছে এবং সুপ্রীম কোর্ট যখন ডিসাইড করে যে পে স্কেল কি হবে, আপনারা সেটাকে স্টেটে ইনট্রোডিউস না করে তার চেয়েও একটা লোয়ার পে স্কেল রেকমেন্ড করছেন। ইন ফ্যাক্ট আপনারা আজকে যে

এনডেভার নিয়েছেন Through the legislative system, they are utilising the Parliamentary democratic power for introduction of the Bill today. No, it amounts to me that it is a contempt in view of the judgement and order delivered and passed by the Supreme Court in the case.

সুপ্রীম কোর্ট ২১শে মার্চ, ২০০২-তে All India Judges Association versus union of India সেখানে সুপ্রীম কোর্ট বলে দিয়েছে কি পে-স্কেল হবে। এটা বলার আগে মেড ডেলিবারেশান সুপ্রীম কোর্ট অনেক সুযোগ দিয়েছে, শেঠি কমিশন কন্সটিটিউট করেছে, তারা রিপোর্ট দিয়েছে, বিভিন্ন স্টেট গভর্নমেন্ট তাদের বক্তব্য রেখেছে, তার পরে যেটা হয়েছে, সুপ্রীম কোর্ট শেঠি কমিশন-এর রিপোর্ট অ্যাক্সেপ্ট করেছে। আমি এখানে রেলিভান্ট পোরশানটা খালি পড়ছি, "After taking into consideration the recommendation which had been made by the Fifth Central Pay Commission and pivotal role of the subordinate judiciary and essential characteristics of a judicial officer, the Shetty Commission evolved a master pay scale. After considering all the relevant circumstances the Commission recommended the following scales of pay" স্কেল অফ পে কি ছিল, আপনাদের স্কেল অফ পে-এর মধ্যে ডিফারেন্স হওয়ায় সিভিল জাজ (জুনিয়র ডিভিসান) সেখানে স্কেল অফ পে, শেঠি কমিশনের রেকমেন্ড অ্যাক্সেপ্ট করেছিল। এটা হচ্ছে, ৯,২৫০ এন্ডিং পার্ট হচ্ছে ১৪,৫৫০ ; আপনারা সেখানে বলছেন ৮,০০০-২৭৫-১৩,৫০০ হবে, আপনারা পে-স্কেলটা কমিয়ে দিয়েছেন। পে স্কেলটা কম দিয়েছে। সিভিল জাজ জুনিয়ার ডিভিশান, ফাস্ট স্টেজ অফ এ.সি.পি. স্কেল, সেখানে ১০,৭৫০ থেকে ১৪,৯০০ ছিল। আপনারা সেখানে করছেন ১০,০০০ থেকে ১৫,৫২৫। সেকেন্ড স্টেজ ১২,৮৫০ থেকে ১৭,৫৫০, সেখানে আপনারা করছেন ১২,৮৫০ থেকে ১৭,৫৫০, অর্থাৎ একই জায়গায় রাখছেন। নেকস্ট স্টেজ হচ্ছে, সিভিল জাজ, জুনিয়ার ডিভিশান এন্ট্রি লেভেল, ১২,৮৫০ থেকে ১৭,৫৫০, আপনারা করলেন ১২,৮০০ থেকে ১৭,৫০০ এবং ডিস্ট্রিক্ট জাজ এন্ট্রি লেভেলে ১৬,৭৫০ থেকে ২০,৫০০, সেখানে আপনারা ১৬,৭৫০ থেকে ২০,৫০০ করলেন, অর্থাৎ একই রাখলেন। বেসিকালি আমরা যেটা দেখতে পাচ্ছি সেটা হচ্ছে, এন্ট্রি লেভেল, সিভিল জাজ জুনিয়ার ডিভিশান, ওখানে পে-স্কেলটা যেটা রেকমেন্ড করেছে সেই রেকমেন্ডেশান অনুযায়ী আপনারা সেটা ইন্ট্রোডিউস করলেন না। আমার বক্তব্য হচ্ছে, আপনাদের কোনো স্কোপ নেই। সুপ্রীম কোর্ট পে যেটা রেকমেন্ড করছে, সেই রেকমেন্ডেশানের বাইরে গিয়ে আপনারা অন্য কোনো পে-স্কেল রেকমেন্ড করতে পারেন না। শেঠি কমিশনের রেকমেন্ডেশান ওয়াজ নট অ্যাকসেপটেড, ইট ওয়াজ পেন্ডিং ফর কনসিডারেশান। তখন ইউনিয়ন অফ ইন্ডিয়া একটা পে-স্কেল তৈরি করেছে—That pay scale spoke about civil judges junior division. Rs. 8000-13,500. That pay scale was also not accepted by the Supreme Court. সুপ্রীম কোর্ট বলেছে আমরা ইউনিয়ন অফ ইন্ডিয়ার পে স্কেল অ্যাকসেপট করছি না। আজকে আপনারা

যে পে-স্কেলটা ইন্ট্রোডিউস করছেন সেই পে স্কেলটা at par with the pay scale which was introduced by the Union of India and placed before the Supreme Court and was not accepted by the Supreme Court at all, You are trying to introduce a pay scale which is at par with the Union of India. আজকে আমার বক্তব্য হচ্ছে, আপনাদের আর কোনো স্কোপ নেই, অন্য কোনো পে স্কেল ইন্ট্রোডিউস করার। আপনারা যদি কোনো পে স্কেল ইন্ট্রোডিউস করেন, which is lower than the pay scale recommended by the Supreme Court, that amounts to contempt of Court. বেসিক জায়গাটা আপনাদের মনে রাখতে হবে, সেই বেসিক জায়গাটা সুপ্রীম কোর্ট বারবার বলছে—we find that there is fundamental error which has been committed by the union of India. যখন ৮,০০০ পে স্কেলটা ইন্ট্রোডিউস করল তখন সুপ্রীম কোর্ট খুব ক্যাটিগরিকালি ফাইন্ডিং দিয়েছে, ইউনিয়ন অফ ইন্ডিয়া ট্রায়েড টু জাস্টিফাই আমরা ইক্যুইভ্যালেন্ট টু আই.এ.এস. করতে চাইছি। সেখানে সুপ্রীম কোর্ট বলল, you have committed fundamental error. কারণ, Don't try to bring the Judicial officer's status at par with the I.A.S. Officers. এই কনসেপট্টাই হচ্ছে ব্যাড আপনাদের। আপনাদের ভালো লাগুক আর না লাগুক According to the judgement of the supreme court judicial officers status has been given higher. That has to be accepted.

আজকে আপনাদের আর কোনো স্কোপ নেই, আপনারা রিভিউ পিটিশান করলেন, দ্যাট ওয়াজ রিজেকটেড। গত বছরে আপনারা একটা রেজিলিউশান নিয়ে এসেছিলেন, আমরা প্রোটেস্ট করেছিলাম। তা সত্ত্বেও আপনাদের মেজরিটি ছিল বলে আপনারা সেই রেজিলিউশান পাশ করেছিলেন। তারই ভিত্তিতে আপনারা রিভিউ অ্যাপলিকেশান ফাইল করেছিলেন। That review application was rejected and ultimately on 25th November, 2002 Supreme Court has passed an order. সুপ্রীম কোর্ট বলল—The additional burden on that score would be around 95 crores and odd. এই নাইনটি ফাইভ ক্রোড়স অ্যান্ড অডটা হচ্ছে সারা ভারতবর্ষব্যাপী, শুধু পশ্চিমবাংলার জন্য নয়। এবং ultimately the Supreme Court said that so far as the implementation of the higher pay scale of the officers of subordinate judiciary is concerned we direct that the same must be given effect to on or before the 1st of April, 2003 and for that purpose necessary budgetary provision can be made in the budget of respective states as well as of that of the Union. Now if we read together the judgement and this order there is nos cope for introduction of a new bill which gives you right to fix up a lower pay scale than that recommended by the Supreme Court of India.

আজকে অসীমবাবু আপনি যে জায়গাটা চাইছেন, আপনি আজকে বিধানসভাকে কাজে লাগাতে চাইছেন। For the purpose of confrontation with the Judiciary. But Supreme Court has laid down the things you cannot go beyond that under Article 142 it is binding on you. You have to impelment.

[10.40—10.50 a.m.]

আজকে আপনারা সংখ্যায় বেশি আছেন, তার জোরে হয়তো বার করে নিয়ে যাবেন। কিন্তু আপনি যে কনসেপ্ট আজকে পশ্চিমবাংলার বিধানসভা তথা ভারতবর্ষের বুকে দেখাতে চাইছেন—যখন সুপ্রীম কোর্ট একটা অর্ডার ফাইনাল করে দেয়, সুপ্রীম কোর্ট একটা পে-স্কেল ফিক্স আপ করে দেয়, বিধানসভার ক্ষমতা আছে সেই পে-স্কেল না মানার ? আমার মতে এটা—You are committing a contempt, very deliberately you are committing a contempt and for that reason you are using West Bengal Legislative Assembly, for that purpose. আমি তাই এই বিলের বিরোধিতা করছি। একটা জিনিস আপনাকে জানতে হবে যে, ভারতবর্ষ স্বাধীন হবার পর থেকে আজ পর্যন্ত জুডিসিয়ারিতে যারা রয়েছে, যে সমস্ত অফিসাররা পোস্ট হোল্ড করে রয়েছে, তাদের ক্ষেত্রে evaluation in this respect of pay-scale was not done earlier it was not done. শুধু অল ইন্ডিয়া জাজেস ওয়েলফেয়ার কেসে এসে Supreme Court has taken consideration of all aspects of the matter and it has been made out there very categorically that. জাজরা যে লেভেলে থাকুক—সিভিল ডিভিসন জাজ, জুনিয়র ডিভিসনের জাজ, আগে যাঁরা মুন্সেফ ছিলেন এবং তাঁরা যে লেভেলেই থাকুন, আপনারা যে কনসেপ্ট নিয়ে বলছেন—মুন্সেফের ভেতর থেকে আজকে যাঁরা সিভিল জাজ বা জুনিয়র ডিভিসনের জাজ, তাঁদের বেতন বি.ডি.ও.-র থেকে বেশি হয়ে যায় বা অন্য লেভেলে এস.ডি.ও. থেকে বেশি হচ্ছে। এটা তো মানতেই হবে। Because they are holding higher status in comparison to the B.D.O. in comparison to the S.D.O. in comparison to the Addl. Dist Magistrate, in comparison to the Magistrate even in comparison to the Chief Secretary. এইগুলো আপনাকে মানতে হবে তো। আজকে এতদিন পর্যন্ত মানেনি বলেই তো সুপ্রীম কোর্ট ইন্টারফেয়ার করছে। The way you have started that now using the authority of the West Bengal Legislative Assembly. তাই আমি বলছি আপনাদের অথরিটিকে ইউস করেননি বলেই সুপ্রীম কোর্ট ইন্টারফিয়ার করেছে। তাই আমি বলছি, এই বিলটাকে ইনট্রুডিউস করে বন্ধ রাখুন এবং নতুন করে পে-স্কেল যেটা সুপ্রীম কোর্ট করেছে, সেটা রেকমেন্ড করুন ইন দা লাইট অফ দ্যাট পে স্কেল। সেই রকম বিল যদি আনার প্রয়োজন হয় নিয়ে আসুন, কিন্তু সুপ্রীম কোর্ট যে জাজমেন্ট দিয়েছে, তারপর এই বিল আনার প্রয়োজন নেই। you have to allot the money in the Budget. বাজেটে টাকাটা অ্যালোট করলেই হবে। সেটা যদি না করেন তাহলে আমরা ডেলিবারেটলি, জেনেশুনে সুপ্রীম কোর্টের একটা অর্ডারকে ফ্লাউট করছি এবং এটা ঠিক নয়। আমরা দেখতে পাচ্ছি অন্যান্য ক্ষেত্রেও সুপ্রীম কোর্টের জাজমেন্ট, অন্যান্য রেকমেন্ডেশন

রয়েছে, সুপ্রীম কোর্টের রেকমেন্ডেশন, সেটি কমিশনের রেকমেন্ডেশন অনুযায়ী যে অর্ডার করে পাশ হয়েছে, সেইগুলো ইমপ্লিমেন্ট হয়নি। সেই জন্য আমার কিছু বক্তব্য আছে। not regarding the number of posts of judicial officers. এই মুহূর্তে আমি সেই পার্টে যাচ্ছি না। কারণ, that part is still pending for reconsideration of the Supreme Court, I am not going on that part. কথা হচ্ছে, যে সমস্ত ফেসিলিটিগুলো রয়েছে, সেই সমস্ত ফেসিলিটিস এখনও পর্যন্ত দিতে পারছেন না। যেমন, ফাস্ট ট্রাক কোর্ট হয়েছে, সেখানে সেন্ট্রাল গভর্নমেন্টের যে টাকাগুলো আসে, সেই টাকাগুলো আসার পর কিছু ফার্স্ট ট্রাক কোর্ট করেছেন এবং ভেরি রিসেন্টলি কিছু বিচার ভবনে ফাস্ট ট্রাক কোর্ট উদ্বোধন করেছেন এবং শুরু হয়েছে। অ্যাজ পার রিক্যায়ারমেন্ট এখন পর্যন্ত ৬৩টি ফাস্ট ট্রাক কোর্ট করার কথা ছিল, সেইগুলো করা হয়নি। তার চেয়ে বড়ো কথা, ফাস্ট ট্রাক কোর্টের ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের যে সমস্ত টাকা আসছে, সেইগুলো পুরোপুরি ইমপ্লিমেন্টেশন হয়নি, ইনফ্রাস্টাকচার তৈরি হয়নি। আমার কাছে খবর আছে, ফাস্ট ট্রাক কোর্টে যে সমস্ত বিচারপতিরা আসছে, তাদের সমস্ত কিছু অ্যামেনেটিস দিতে পারেননি। টাকাটা ফেরত গেছে ৩১শে মার্চের পর। তাহলে জুডিসিয়ারির টাকা যেটা অ্যালোকেটেড করার কথা, যেটা সুপ্রীম কোর্ট হ্যাজ রেকমেন্ডেড, এই পে-স্কেলের ডাউন গ্রেডের কোনো পে-স্কেল আপনি অ্যাক্ট করতে পারেন না। তাহলে এটা কনটেম্পট করা হবে। আমি আপনাকে রিকন্সিডার করতে বলছি। হয়তো আপনি সংখ্যার জোরে বার করে নিয়ে যাবেন, কিন্তু ultimately you have to pay in terms of the order of the Supreme Court. ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেমব্লিকে আপনি কনটেম্পটের জায়গায় ফেলবেন না অন্তত। এই কটি কথা বলে, এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্যা ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস জুডিসিয়াল অ্যান্ড দ্য ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিসিয়াল সার্ভিস (রিভিশান অফ পে অ্যান্ড অ্যালাউন্স) বিল ২০০৩ এখানে যে মন্ত্রিমহাশয় উপস্থাপন করেছেন, তাকে আমি সমর্থন জানাচ্ছি। এটা সমর্থক জানাতে গিয়ে কয়েকটা কথা এখানে উল্লেখ করা বিশেষ প্রয়োজন। এটা মনে রাখা দরকার যে, এই সার্ভিসের সদস্যদের রিভিশান অফ পে অ্যান্ড অ্যালাউন্স সংক্রান্ত বিষয়ে এটা আমাদের ভারতীয় সংবিধানের পুরোপুরি রাজ্যের তালিকার অন্তর্ভুক্ত। যুক্তিসংঙ্গতভাবে রাজ্য সরকারের সিভিল সার্ভিসেস এবং জুডিসিয়াল অ্যান্ড হায়ার জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের পে রিভিশানের বিষয়টি রাজ্য বেতন কমিশনের বিচার্য্য বিষয় হিসাবে রেফার করেছিলেন এবং সেইভাবে একটা নির্ধারিত হওয়ার কথা। কিন্তু ইতিমধ্যে অনেকগুলি ঘটনা ঘটে। কেন আজকে এই বিল উত্থাপন করতে হচ্ছে তার পিছনে অনেকগুলি বিষয় রয়েছে। কেন্দ্রীয় সরকার শেঠী কমিশন গঠন করেছিলেন এবং সেই কমিশনের বিচার্য্য বিষয় এর মধ্যে এই সার্ভিসের মেম্বারদের ব্যতিক্রম অন্তর্ভুক্ত ছিল। শেঠী কমিশন তাদের সুপারিশ কেন্দ্রীয় সরকারের কাছে দিয়েছিলেন। সেই কমিশনের সুপারিশ কেন্দ্রীয় সরকার গ্রহণ করেননি। ইতিমধ্যে সুপ্রিম কোর্টের কাছে মামলা হয়। সুপ্রিম কোর্ট এই নির্দেশ দিয়েছিলেন যে, এদের বেতন নির্ধারণ কিভাবে হবে, এমনকি তাদের স্কেল পর্যন্ত তাঁরা বলে দিন। এই নির্দেশের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার কোনো আইনগত ব্যবস্থা নেননি বা পুনর্বিবেচার জন্য সেইভাবে কোনো

উদ্যোগ গ্রহণ করেননি। এই নির্দেশে কাজ করতে গিয়ে রাজ্যের সঞ্চিত তহবিল থেকে, সেখান থেকে রাজ্য সরকারকে এই আর্থিক দায়ভার বহন করতে হবে। সদস্যরা এটা উপলব্ধি করবেন যে, এই দায়ভার রাজ্য সরকারের তহবিল থেকে প্রতি বছর প্রায় দেড় হাজার কোটি টাকা নিয়ে নেবে। এখন প্রশ্ন হচ্ছে সংবিধানের ১৩১ থেকে ১৪৫ নাম্বার ধারায় সুপ্রীম কোর্টের ক্ষমতা এবং ২২৫ নাম্বার থেকে ২২৬ নাম্বার ধারায় হাই কোর্টের ক্ষমতার এক্তিয়ার সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ আছে। দেখা যাচ্ছে যে, এটা উল্লেখ করার প্রয়োজন যে, বিচার বিভাগ এবং শাসন বিভাগ এবং আইন বিভাগ, এই তিনটে বিভাগে গণতান্ত্রিক পদ্ধতিতে নিজ নিজ ক্ষমতার ক্ষেত্রে শেঠী কমিশন পরিষ্কারভাবে উল্লেখ করে থাকলেও এখন অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে এই সমালোচনা হচ্ছে এবং বিভিন্ন মহল থেকে এই বক্তব্য উঠেছে যে, বিচার বিভাগের অতি সক্রিয়তা লক্ষ করা যাচ্ছে। এটা মনে করা দরকার—বিচার বিভাগ শাসন বিভাগের বিকল্প নয়। বিচার বিভাগ, আইন বিভাগ, শাসন বিভাগের উপরিস্থিত প্রতিষ্ঠান নয়। বিশেষ করে মনে রাখা দরকার যে, শাসন বিভাগ আইন বিভাগের কাজ নিজের হাতে তুলে নেওয়া হচ্ছে বলে বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠেছে।

[10.50—11.00 a.m.]

আমরা অতীতে এইসব লক্ষ্য করেছি। আমরা দেখছি যে। বিচার বিভাগ এমন সমস্ত নির্দেশ জারী করছেন যেগুলো পুরোপুরি শাসন বিভাগের কাজ। বিচার বিভাগ এমন সমস্ত নির্দেশ দিচ্ছেন যেগুলো পুরোপুরি আইন বিভাগের কাজ। বিচার বিভাগ তার নিজের এক্তিয়ারের বাইরে চলে যাচ্ছে। বলা হচ্ছে ভারতবর্ষের সংবিধান বিশেষজ্ঞরা ইতিমধ্যে তাঁদের মতামত প্রকাশ করেছেন। জনপ্রতিনিধিমূলক সংস্থার হাতে থাকে, বিচার বিভাগের হাতে নয় সমস্ত বিষয়। গণতন্ত্রে আইন প্রণয়ন করার ক্ষমতা আইন বিভাগের। সুপ্রীম কোর্ট আইন প্রণয়ন করে না। সুপ্রীম কোর্ট আইন চালু করে, কার্যকরী করার দায়িত্ব নেয়। বিচার বিভাগের নির্দেশের প্রতি মর্যাদা দিয়ে রাজ্য সরকার আজকে ৩১ তারিখ, আজ শেষ দিন এই তারিখের মধ্যে তাকে এই কাজটা করতে হচ্ছে এবং এই কাজের পিছনে একটা বাধ্যতামূলক বিষয় থেকে যাচ্ছে। আমরা দেখছি এখানে ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস জুডিসিয়াল তাদের যে স্কেল ছিল ২২০০-৪০০০ এবং এটি ৪ ভাগে ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিসিয়াল সার্ভিস এখন ৩২০০-৪৭০০ সেটা এখন সংশোধিত হয়ে উচ্চতর স্কেলে তারা চলে যাচ্ছে কিন্তু এতে আপত্তির কিছু নেই। প্রশ্ন হচ্ছে, এটা তাদের দেওয়া উচিতও কিন্তু কে দেবে, কার নির্দেশে দেওয়া হবে ? রাজ্য বেতন কমিশনের কাছে যখন বিষয়টা রেফারড হলো, যখন রাজ্য বেতন কমিশন তার অক্ষমতা দাঁড়িয়ে গেল এইখানে, ইতিমধ্যে সুপ্রীম কোর্ট এর একটা রায়ে একটা নির্দেশ এসে গেল। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করব এই বিষয়গুলো নিয়ে, প্রতিটা রাজ্যের ক্ষেত্রে এই সমস্যা হচ্ছে, প্রতিটা রাজ্যের সঞ্চিত তহবিল থেকে একটা বিশাল পরিমাণ টাকা এর পিছনে ব্যয় করতে হবে। তাই আমাদের রাজ্য সরকার উদ্যোগ নিন, আমাদের রাজ্য সরকার নেতৃত্ব দিন ভারতবর্ষের অন্যান্য রাজ্য সরকারগুলোর সঙ্গে কথাবার্তা বলুন। সেই সমস্ত রাজ্যের অ্যাডভোকেট জেনারেলদের মতামত নিন এবং এই বিষয়ে সকল রাজ্য মিলে একটা রিভিউ পিটিশন দাখিল করা যায় কিনা দেখুন। আমাদের

রাজ্য নেতৃত্ব দিন। বিতর্কটা শুরু হোক যে আজকে আমাদের দেশে যেভাবে বিচার বিভাগ, শাসন বিভাগ এবং আইন বিভাগের নিজের এক্তিয়ারভুক্ত যে বিষয়গুলো রয়েছে, ক্ষমতা রয়েছে, সে ক্ষেত্রে অন্য কোনো বিভাগ হস্তক্ষেপ করছেন কিনা, কোন বিভাগ সেখানে ঢুকছেন কিনা, কোনো বিভাগের এক্তিয়ারের বাইরে কোনো কাজ হচ্ছে কিনা, সমস্তটা নিয়ে গোটা দেশব্যাপী বিতর্কের সূচনা করা হোক এবং সেই সূচনায় নেতৃত্ব দিন আমাদের বামফ্রন্ট সরকার। এখান থেকে সেই উদ্যোগ নেওয়া হোক। আমি শুধু এটুকু বলব যে, কেন্দ্রীয় সরকারেও একটা দায়িত্ব রয়েছে। কেন্দ্রীয় সরকার শেঠী কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্ট গ্রহণ করলেন না। এখানে রাজ্য সরকার সুপ্রীম কোর্টের নির্দেশ কার্যকরী করতে গিয়ে তার কনসোলিডেটেড ফান্ড থেকে দেড় হাজার কোটি টাকা তাকে ব্যয় করতে হবে। এই ব্যয়ের একটা অংশ রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে ন্যায় সংগতভাবেই দাবি করতে পারে। এই যে আর্থিক দায়ভার, এই আর্থিক দায়ভার কেন্দ্রীয় সরকারেকেও বহন করতে হবে এই দাবি আমরা করছি। পুনরায় এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস জুডিসিয়াল অ্যান্ড দি ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিসিয়াল সার্ভিস রিভিশন অব পে অ্যান্ড অ্যালাউন্স বিল ২০০৩ যে বিল এনেছেন, এর উপর বলার আগে, স্যার, আপনি যদি কিছু মনে না করেন, আমি একটা কথা উচ্চ শিক্ষামন্ত্রীকে বলি তিনি এখানে উপস্থিত আছেন। স্যার একটু প্রসঙ্গান্তরে গিয়ে একটু বলতে চাই যে এস.এফ.আই. নামক কয়েকজন দুষ্কৃতী যেভাবে আনন্দ রায়কে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় থেকে সরে যেতে বাধ্য করছেন এবং তাঁকে পদত্যাগ করতে বাধ্য করছেন তার জন্য একটা ব্যবস্থা নিন।

মিঃ স্পীকার : এভাবে হয় না। আপনি এভাবে বলবেন না। এটা হয় না।

শ্রী অসিত মিত্র : আমি তো আপনার অনুমতি নিয়ে বলছি স্যার, যে বিল এনেছেন তার উপর বলতে গিয়ে আমি বলছি যে এর আগে অনেকে বলেছেন। আশুতোষবাবু তাঁর বক্তব্য রেখেছেন। আমি সাধারণ মানুষের দৃষ্টিভঙ্গীতে কিছু বলতে চাই শুধু বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গীতে নয় সাধারণ মানুষের দৃষ্টিভঙ্গিতে কিভাবে এই বিলটিকে গ্রহণ করা যায়। স্যার, আমার ভীষণ জানতে ইচ্ছে, আশুতোষবাবু বলছিলেন আমার শোনার যদি কিছু ভুল না থাকে অথবা বিভ্রান্তি না থাকে তাহলে উনি বোধহয় বলার চেষ্টা করছিলেন ইন্টারফেয়ারেন্স অব জুডিসিয়ারি ইন লেজিসলেশনের উপর বোধহয় একটা কথা তিনি বলার চেষ্টা করছিলেন। আমি এইমাত্র সৌগতবাবুর সঙ্গে এটা নিয়ে কথা বলছিলাম যে ১৯৭৩ সালে এমনই একটা অবস্থা ভারতবর্ষের লোকসভায় হয়েছিল। সেদিন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন এশিয়ার মুক্তি সূর্য শ্রীমতী ইন্দিরা গান্ধী। সেদিন অনেকে ভেবে ছিলেন না জুডিশিয়ারি যেটা করছে সেটাই ঠিক, বিশেষ করে বিরোধী দলে যাঁরা ছিলেন। কিছু জাজকে সরিয়ে দেওয়ার জন্য অথবা সুপার এনুয়েশান নিয়ে এই ধরনের কোনো একটা ঘটনাকে কেন্দ্র করে সুপ্রীম কোর্ট বাধ্য করেছিলেন ভারতবর্ষের পার্লামেন্টকে যে তোমাকে দায়িত্ব নিতে হবে। এই ঘটনায় সেদিন সারা দেশজুড়ে একটা বিতর্ক তৈরি হয়েছিল। দুর্ভাগ্য, সেদিন আপনাদের দল সেদিন সুপ্রীম কোর্টের সেই সিদ্ধান্তকে সমর্থন করে বলেছিলেন বর্তমান শাসক গোষ্ঠী যা করছেন সেটা ঠিক নয়, সুপ্রীম

কোর্ট যা বলছেন সেটাই ঠিক। আজ তার থেকে ২৯ বছর পর বিধানসভায় অসীমবাবু এই যে বিল পেশ করেছেন, তখন এই ধরনের আলোচনা হচ্ছে এবং সেদিন কনস্টিটিউশান অ্যামেন্ডমেন্ট পর্যন্ত করতে হয়েছিল। ১৯৭৩ সালে যে কথাটা আমরা মনে করছি—ভারতবর্ষের একজন পণ্ডিত মানুষ একটা বই লিখেছিলেন, যাঁকে আমরা তখনকার দিনে মনে করতাম তিনি অর্থনীতির একজন দিকপাল, তিনি হচ্ছেন মোহনকুমার মঙ্গলম, তিনি প্রথম জীবনে কমিউনিস্ট দলের সঙ্গে যুক্ত ছিলেন এবং পরবর্তীকালে তিনি পণ্ডিত জওহরলাল নেহরুর সংস্পর্শে এসে কংগ্রেসে এসে যোগ দেন। তিনি একটা পুস্তিকা বের করেছিলেন যার নামটা এখনই মনে পড়ছে না, তবে বিষয়টা ছিল জুডিশিয়ারির লেজিসলেচারের উপর হস্তক্ষেপের যে বর্ণনা সেটা হচ্ছে হুইচ ইজ নট লিগ্যাল অ্যান্ড জাস্ট। তাঁর কথা আমি আপনাদের কাছে বলছি যে কারণে সেটা হচ্ছে যে বিষয়টা আবার উপস্থাপন হচ্ছে। শেঠী কমিশন ইমপ্লিমেন্টেড না হওয়ার পরে সুপ্রীম কোর্ট বলছে জাজেদের মাহিনা বাড়াতে হবে। জাজেদের মাহিনা বাড়ানো হোক সে বিষয় নিয়ে কোনো দ্বিমত নেই। যখন একজন কেরানীর মাহিনা বাড়ে, একজন শিক্ষকের মাহিনা বাড়ে, একজন বিধায়কের অনারেরিয়াম বা মাহিনা বাড়ে তখন একজন জাজের মাহিনা বাড়বে না সে কথা আমি বলতে চাই না। আমি যে কথাটা বলতে চাই সুপ্রীম কোর্ট ঠিক করে দেবে পে-স্কেল কত হবে, সুপ্রীম কোর্ট বলবেন যে ওটা ঠিক নয়, এটা ঠিক। বিশেষ করে যেগুলি লেজিসলেচারের ক্ষেত্রে, পার্লামেন্টারি প্রসিডিংসের ক্ষেত্রে সংযুক্ত। যেটা আমার মনে হয়েছে এই ব্যাপারটা সাধারণ মানুষের কাছে খুব একটা ভালো বলে মনে হবে না। এর মধ্যে দিয়ে একটা চিন্তা দেখা দিচ্ছে যে ক্রমশ জুডিশিয়াল ডিকটেটোরশিপ এষ্টাব্লিশ হচ্ছে নাতো ? আমাদের দেশের সংসদীয় প্রথাকে অসুবিধায় ফেলবে না তো ? এই বিষয়ে আশা করছি মাননীয় অর্থমন্ত্রী তিনি তাঁর সুচিন্তিত মতামত দেবেন। কল্যাণবাবু বলেছেন দীর্ঘদিন যারা কাজ করছেন তাঁদের বাড়া উচিত এবং অন্যান্য জায়গায় যেভাবে বাড়ছে সেই ভাবেই বাড়া উচিত। আমাদের ভারতবর্ষে ২৮টি রাজ্য আছে, আপনি কি ইতিমধ্যেই এই বিষয়ে অন্য রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করেছেন ? এই বিষয়টা শুধুমাত্র পশ্চিমবঙ্গ সরকারের নয়। আপনি যদি অন্য রাজ্য সরকারের সঙ্গে আলোচনা না করে আমাদের এখানে একটা বিল প্লেস করে দিলেন, যেটা আমাদের গ্রহণ করতে বলছেন এবং সংখ্যাধিক্যের জোরে পাশ করিয়ে নেবেন এবং এটাই ধারাবাহিক ঘটনা। আমি বলতে চাইছি ভারতবর্ষের ২৮টি রাজ্যের মধ্যে আপনাকে বাদ দিয়ে অন্য ২৭টি রাজ্যের যাঁরা অর্থমন্ত্রী, আইনমন্ত্রী আছেন তাঁদের সঙ্গে পরামর্শ করেছেন ? আপনি জানেন তাঁরা কি বলতে চাইছেন।

[11.00—11.10 a.m.]

এবং এ বিষয়ে আপনারা কথায় কথায় সারা ভারতবর্ষকে বিভিন্ন জায়গায় নেতৃত্ব দেওয়ার কথা বলেন, নানা কথা বলেন। মাননীয় আশুবাবু নিশ্চিত একথাই বললেন, আপনারা জাতীয় বিতর্ক তৈরি করুন—এটা ঠিক হচ্ছে কিনা। তাই আমি যোগ করছি 'দি এটিচ্যুড অফ সুপ্রীম কোর্ট হোয়েদার ইট ইজ রাইট অর রং—আমাদের এই ব্যাপারটা সংযুক্ত করে যদি আপনার কাছে বিবৃতি যায় সেটা কি অন্যায় হবে। আপনি ইতিমধ্যে তা করেছেনও। আপনি অন্য সময় বলেন মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলেছি কেন্দ্রীয় অর্থমন্ত্রী আমার সঙ্গে একথা বলেছেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রী এই বিল পেশ করতে বলেছেন। কিন্তু এক্ষেত্রে কেন্দ্রীয়

সরকারের এ্যাটিচিউডটা কি সেটা কি আমরা জানতে পারি আপনার কাছ থেকে ? বর্তমান কেন্দ্রীয় সরকার কি চাইছেন ? সুপ্রীম কোর্টের টোট্যাল অর্ডারটা ইমপ্লিমেন্ট করা হোক। আমার কাছে যতদূর খবর, আমি যতটুকু জানি তাতে করে কেন্দ্রীয় সরকারও সুপ্রীম কোর্টের অভিমতের সঙ্গে একমত না। সুতরাং, আপনার সামনে অনেকখানি খোলা জায়গা আছে। এখনই বিল পাশ না করেও আপনি কি করতে পারতেন ? (১) কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলতে পারতেন এবং কি করা যায় সেটা দেখতে পারতেন। (২) আপনি ভারতবর্ষের আরো ২৭টা রাজ্যের সঙ্গে কথা বলতে পারতেন এবং তাদেরকে এই আলোচনার মধ্যে আনতে পারতেন। আপনাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, সুপ্রীম কোর্টের অর্ডারে মাইনে বাড়ান জাজেদের কিন্তু ডিস্ট্রিক্ট কোর্টগুলোর কি অবস্থা একটু দেখেছেন ? মুন্সেফ কোর্ট, সাব-ডিভিশন কোর্টগুলোর কি অবস্থা দেখেছেন ? এইসব জিনিস অনেক সদস্যকে কালা বানিয়েছে এবং তাদের কণ্ঠস্বর স্তব্ধ হয়ে যাওয়ার অবস্থা হয়েছে। কোর্টে গিয়ে গরিব মানুষ বিচার পাচ্ছে ? দিনের পর দিন খালি ডেট পড়ে যায়। বিচারপতিরা কি করেন আপনারা সবাই জানেন। তাদের সম্বন্ধে শ্রদ্ধা রেখেই বলছি ভিকটিম আমরা, রাজনীতি করি বলে আমরা ভিকটিম নই, সাধারণ মানুষ সিভিল হোক বা ক্রিমিনাল, যে কোনো মামলার ক্ষেত্রেই বলুন সঠিকভাবে বিচার পাচ্ছে না। প্রচুর কেস জমা পড়ে থাকছে। সুতরাং শুধু মাইনে বাড়ালে এই সমস্যার সমাধান হবে এটা আমি মনে করি না। তাদের আজকে নানা রকম খরচ বাড়ছে। কোর্টের জাজেদের কত টাকা দিতে হয় ? আমি কোনো আইনজীবী বন্ধুকে কটাক্ষ করছি না, এটা তা নয়। দিনের পর দিন উকিলের টাকা বাড়ছে কিন্তু আমরা কি পরিশ্রুত বিচার পাচ্ছি ? 'বিচারের বাণী আজকে নীরবে নিভৃতে কাঁদছে।' তাই আগামী দিনে যাতে সাধারণ মানুষের কাছে বিচারের বাণী পৌঁছায় সেই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় স্পীকার স্যার, সি.পি.এম.-এর আশুবাবু যেটা বলেছেন, সেন্টারের এক্সপেন্ডিচার, প্রথমেই বলি, সুপ্রীম কোর্টে একথাটা উঠেছিল, সুপ্রীম কোর্ট সোজাসুজি সেটা খারিজ করে দিয়েছেন। কারণ ইউনিয়ন অফ ইন্ডিয়ার এক্সপেন্ডিচারের ব্যাপারে যদি ফিন্যান্স কমিশন থেকে গিয়ে বাড়তে পারে তাহলে বুঝতে হবে আইন করে কিছু করা যায় না। মাননীয় কল্যাণবাবু একটু আগে এ ব্যাপারে বলেছেন। সুপ্রীম কোর্ট যে স্কেল অফ পে রেকমেন্ডেশন করেছে প্রত্যেকটা স্টেজে কম দিয়েছেন। সুপ্রীম কোর্ট বলছেন, শেঠী কমিশন যা বলেছেন সেটা অনুসরণ করা উচিত। কিন্তু সেটা মাননীয় অর্থমন্ত্রী করেন নি। বরং প্রত্যেকটা জায়গায় ১-২-৩ হাজার টাকা করে কমিয়ে দিয়েছেন। আমরা তাই এই বিলের বিরোধিতা করছি।

এই বিলের আলোচনার পরিপ্রেক্ষিতে বলছি, সুপ্রীম কোর্ট আরেকটা কথা বলেছেন, কিন্তু নিশীথবাবু আছেন, অ্যাসেম্বলিতে বিরোধিতা করেছেন মেজরিটি ভোটে। যে নম্বর অফ জাজেস-এর সংখ্যা ভারতবর্ষে প্রতি ৫০ হাজারে ১০.৫ আছে সেটাকে ৫০ করতে বলেছেন। সে ব্যাপারে আপনারা কিছু বলেননি। এখানে আরেকটা মজার ব্যাপার আছে দেখছি, সুপ্রীম কোর্ট বললেন যে—এটা শেঠী কমিশনের রেকমেন্ডেশন, জুলাই ১৯৯৬ থেকে প্রযোজ্য হবে—সেখানে খুব চালাকি করে লিখেছেন, It shall be deemed to have come

into force on such date, not earlier than the first day of July, 1996, as the State Government by notification in the official Gazette appoint. সুতরাং আপনি কিন্তু ডেট্‌টা এখনও ঘোষণা করেননি যে, কবে থেকে এরিয়ার দেবেন। এটা ২০০৩-এ পড়ে গেছি, আপনি ২০০৩ থেকে দিচ্ছেন, কিন্তু এরিয়ারটা দিচ্ছেন না, যেটা অন্যসব স্টেটে দিয়েছে। আপনারা সব ব্যাপারে বলেন, 'অন্য সব স্টেট কিছু দেয়নি, পশ্চিমবঙ্গ সবচেয়ে ভালো'। কিন্তু এক্ষেত্রে দেখা যাচ্ছে যে, টাকা-পয়সার ব্যাপারে যেমন কর্মচারীদের বা জাজেসদের টাকা-পয়সার ব্যাপারে পশ্চিমবঙ্গ সব সময় পিছনে এবং এই ধরনের চালাকিগিরি করে যারা বিচারপতি তাদেরকে বঞ্চিত করা হচ্ছে। আরেকটা জিনিস এর আগেও আমি অ্যাসেম্বলিতে বলেছিলাম যে, আমি দেখি গাড়ি করে আসবার সময় সব আন্ডারটেকিং থেকে আরম্ভ করে, মন্ত্রীর সেক্রেটারি থেকে আরম্ভ করে সবাই একটা গাড়ি নিয়ে আসে, আপনারা ব্যয় সংকোচনের কথা বলছেন, অথচ বিচারপতিদের আমি দেখছি, একটা গাড়িতে ৫ জন করে বিচারপতি আসেন—ব্যাংকশাল কোর্ট, সিটি কোর্টের বিচারপতিরা ড্রাইভারের পাশে বসে, ঠেলাঠেলি করে আসেন। মফস্বলে বিচারপতিরা যাঁরা ১ কোটি, ২ কোটি টাকার মামলার রায় দিচ্ছেন এবং দেখা যায় যাঁরা ক্রিমিনাল কেসের রায় দিচ্ছেন তাঁরা রিক্‌শা করে আসছেন এবং যাঁরা ক্রিমিনাল, যারা ক্রিমিনাল কেসে এ্যকিউজড্‌ তাঁরা আসছেন বড়ো বড়ো এম্‌পালা গাড়ি করে। বসার ঘরও—যেখানে বিচারপতিরা বসেন, সেখানে একটা ঘরে ৪-৫ জন করে বসছেন—এটা নিশ্চয় দেখা দরকার। কারণ বিচারপতিরা রিক্‌শা করে আসবেন—রায়গঞ্জে কিছুদিন আগেও বিচারপতি চড় খেয়ে গেছেন, মানে এজলাসে ঢোকার মুখে—সুতরাং এটা একটু দেখা দরকার। আপনাদের মন্ত্রীরা অনেকে পাইলট কার নিয়ে আসছেন, সেখানে খরচা করছেন, কিন্তু বিচারপতিরা পিছনে পিছনে আসবেন—এটা ভাবা যায় না। আপনাদের সেক্রেটারিরা একটা করে গাড়ি ব্যবহার করছেন, কিন্তু বিচারপতিরা ৫ জনে একটা গাড়ি ব্যবহার করবেন সেটা হয় না। আমি আরেকটা জিনিস উল্লেখ করেছিলাম যে, আপনাদের যখন গাড়ির ভাড়া ৩ হাজার টাকা হয়ে গেছে তখন গাড়ির ভাড়া দিচ্ছে ব্যাংকশাল কোর্টে ২৪০০ টাকা করে। অর্থাৎ ৬০০ টাকা করে বলা হচ্ছে, তোমরা মেরে, দুর্নীতি করে টাকাটা তুলে নাও। গভর্নমেন্টে থেকে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হচ্ছে। এখানে নিশীথবাবু আছেন, অসীমবাবু আছে—আপনারা একটু দেখুন। আরেকটা ব্যাপার, অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে, বিচারপতিদের আসন শূন্য, বিচারপতিদের প্রচুর আসন শূন্য। আমাদের শ্রমিক দরদী সরকার, অথচ ওয়ার্কস্‌ম্যান কমপেনসেশন কোর্টে কোনো লোক নেই। ফার্স্ট লেবার কোর্টের বিচারপতি সকালবেলায় ওখানে ডিউটি দেন এবং বিকেল বেলায় ওয়ার্কস্‌ম্যান কম্‌পেন্‌সেশন কোর্টে ডিউটি দেন—এটা ৫ বছর ধরে চলছে এবং একেকটা মামলা ৬-৭ বছর ধরে পিছিয়ে যাচ্ছে। আমি আমিন সাহেবকে চিঠি লিখেছি, জানিনা আমিন সাহেব এ ব্যাপারে কেন হস্তক্ষেপ করেননি। হয়তো এখন মালিকদের নিয়ে বেশি ব্যস্ত, শ্রমিকদের কথা না ভাবলেও চলবে। আমি নিশীথবাবুকেও লিখেছি যে, 'আপনি বিচারপতি নিয়োগ করুন, ৫ বছর ধরে একেকজন শ্রমিক দৌড়ে দৌড়ে সকাল-বিকেল গিয়ে অ্যাডজর্নমেন্ট হচ্ছে, কাজ হচ্ছে না। ডিসট্রিক্ট কোর্টের অবস্থা আরও ভয়াবহ। শেঠী কমিশন

বলেছেন হাউজ রেন্ট অ্যালাউন্স দিতে হবে। আপনারা হাউজ রেন্ট সম্বন্ধে কোনো উল্লেখ করেননি—নতুন হাউজ রেন্ট, নতুন যেটা কনভেয়ান্স অ্যালাউন্স—এ সম্বন্ধে কোনো উল্লেখ করেননি এবং সমস্ত ব্যাপারটা হচ্ছে, 'তোমার ব্যাপারটা তুমি বুঝে খাও, অর্থাৎ ইনডাইরেক্টলি আপনারা বিচারপতিদের দুর্নীতির পথে যেতে বলছেন'। আমি এখানে আরেকটা বলি, এখানে আমার চোখে যেটা অ্যানোমালি মনে হয়েছে, সুপ্রীম কোর্ট হয়তো আন্‌কন্‌সাস্‌লি লিখে ফেলেছিলেন যে, লোয়ার পোস্টে আপনি দেখুন, পেজ-৩-এর ২(সি)তে, সেকেন্ড স্টেজ অ্যাসিওরড্ কেরিয়ার প্রোগ্রেশন—এটা হল সিভিল জাজ্ সিনিয়র ডিভিশন—১৬৭৫০ থেকে শুরু করে ২০৫০০ করেছেন। আবার দেখা যাচ্ছে, হায়ার জুডিশিয়াল সার্ভিসে যেখানে ডিস্ট্রিক্ট জাজের, তারও কিন্তু এক মাইনে। অর্থাৎ ফিডার পোস্ট এবং প্রোমোশনাল পোস্টের মাইনে এক করে দিয়েছেন। সুতরাং এখানে ভবিষ্যতে কিন্তু একটা আইনের কচকচি চলে আসবে। আপনাকে আমি আরেকটা ব্যাপার বলি যেটা আমি বারে বারে আবেদন রাখছি। আজকে উনি বললেন যে, সুপ্রীম কোর্ট চাপিয়ে দিয়েছে—তা কিন্তু নয়। আমি পড়ে শোনাই—প্যারাগ্রাফ-১০, জাজ্‌মেন্ট, "pursuant to the order which was passed by this Court requiring the response of the various states to be given to the Union of India it was noted in this court's order of 27.08.2001 that six states namely those of West Bengal, Assam, Karnataka, Manipur, Kerala and Mizoram had accepted the recomendations of the shetty Commission and had agreed to implement the same."

[11.10—11.20 a.m.]

আপনারা ওখানে অ্যাক্সেপ্ট করলেন শেঠী কমিশনের রিপোর্ট এখানে ১ হাজার, ২ হাজার টাকা করে কমিয়ে দিয়েছেন। কল্যাণ ব্যানার্জীর কথাই বলুন কনটেমপট অফ্ কোর্ট। আমি বলছি কনটেমপট হয়, লেজিসলেচার নিশ্চয়ই পারে লেজিসলেট করতে কিন্তু যেটা আমার ব্যক্তিগত মত হল যে— লেজিসলেচার সব সময়ই পারে নতুন আইন প্রণয়ন করতে সেটা সুপ্রীম কোর্ট এবারে করেছে। ইলেকট্রোরাল রিফর্মস-এ সেটা নিয়ে যথেষ্ট তর্ক-বিতর্ক আছে এবং আমার ব্যক্তিগত শুধু মনে হয় না সুপ্রীম কোর্ট একাধিকবার বলেছে অলওয়েস বলেছে পার্লামেন্টে কেন অলওয়েস লেজিসলেট সুপ্রীম কোর্ট শুধু দেখবে ঠিক কি বেঠিক কনস্টিটিউশানকে ভায়োলেট করেছে কিনা। কিন্তু তাই বলে এখানে আপনারা নীতিগতভাবে সুপ্রীম কোর্টের সামনে শেঠী কমিশনের রিপোর্ট মেনে নিয়েছেন, সেখানে নতুন করে কমানো ঠিক হয়নি। আমি অসীমবাবুর কাছে আবেদন রাখছি যে দয়া করে এই ব্যাপারটা একটু দেখুন এবং ৫ বছর বাদে যেটা রেট্রোসপেকটিভ এফেক্ট সেটা দিলেন সেটা আপনারা এখানে আজকে ডেট ঘোষণা করে দিন কবে থেকে দেবেন ? এছাড়া আজকে আর একটা জিনিস বলি এটা কিন্তু আপনারা দেখুন ইউনিয়ন টেরিটর অফ দিল্লি ২০০১ সাল থেকে ইমপ্লিমেন্ট করেছে—১৯৯৬ থেকে। এটা সুপ্রীম কোর্ট বলে দিয়েছে যে দিল্লি করেছিল হয়তো ১ হাজার টাকা যেটা এখন আপনি করে দিচ্ছেন সেটাই করেছিল কিন্তু সুপ্রীম কোর্ট। দিল্লি দিয়েছিল।

সিভিল জাজ জুনিয়ার কোর্ট ৮ হাজার টাকা। ৮ হাজার থেকে ১৩ হাজার ৫ শত। সিভিল জাজ সিনিয়ার ডিভিশান ১০ হাজার ৬৫০ থেকে ১৫ হাজার ৮৫০। এখন যেটা করেছে সেইটা দিয়েছিল ইউনিয়ন টেরিটরি অফ দিল্লি। ২০০১ সালে কিন্তু যেটা সুপ্রিম কোর্ট সেটিসাইট করে দিয়ে বলেছে যে না, আপনারা শেঠী কমিশনের যেটা রিপোর্ট সেটা দিন, সেই অনুযায়ী আপনাদের দিতে হবে। আমি এই আবেদন রেখে আপনাকে আবার আবেদন রাখছি জাজদের ব্যাপারটা একটু দেখুন। বিচারপতিরা ঝাড়া নিয়ে রাস্তায় বেরোতে পারে না। অন্য ট্রেড প্রফেশানের লোকেরা বেরোয়। কিন্তু বিচারপতিরা বেরোতে পারেন না। আমরা এক্সপেক্ট করি যে বিচারপতিরা ভালোভাবে কাজ করবেন, অনেস্টি কাজ করবেন কিন্তু তাদের মাইনের ব্যাপারটা খুব দুঃখজনক। এদের ২২০০ টাকা মাইনে ছিল মাত্র, ২২০০ টাকা বেসিক পে ছিল একজন মুনসেফের এবং তারপর আমরা এক্সপেক্ট করছি যে, অনেস্টলি কাজ করবেন ঘুষ নেবেন না, ঘুষ ছাড়া কাজ করবেন এবং ১০টায় বসবেন বিকাল সাড়ে ৪টায় উঠবেন। নিশীথবাবু আছেন, উনি আরও ভালোভাবে বলতে পারবেন। কারণ এটা একটা বিরাট ফাস্টট্রেশন বিচারপতিদের মধ্যে আছে। আপনারা ট্রাইব্যুনালে গেলে সিটি সিভিল কোর্টে যদি যান যেখানে দেখবেন বিচারপতিরা সাড়ে ১০টায় বসলে দেড়টার মধ্যে উঠে চলে যায় কোর্ট ফাঁকা হয়ে যায়। বিচারপতিরা ১১টার আগে কেউ বসেন না ১২টায় বসেন। আমাদের লোয়ার জুডিশিয়ারির কথা বলছি ১২টার সময় বসলে ২টার সময় উঠে যান। মহম্মদ আমীন সাহেব আছেন, আবার আমি ওনার কাছে আবেদন রাখছি যে, দয়া করে ওয়ার্কম্যান কমপেনসেশান কোর্টের বিচারপতিদের দেখুন। ফার্স্ট লেবার কোর্টে আবার ২টো কোর্ট এক সঙ্গে চলছে এবং বিচারপতিদের যদি ঠিক না রাখতে পারেন, সেফটি না রাখতে পারেন তাহলে আগামীদিন খুব ভয়াবহ দিন আসছে। আজকে হাইকোর্টের বিচারপতির পদ খালি। নিশীথবাবু এখানে বসে আছেন, একাধিক বিচারপতি পদ খালি, আপনারা এখনও অবধি ভর্তি করতে পারেননি। অ্যাপেয়মেন্ট দিতে পারেননি, এটা খুব লজ্জার কথা। এটা আপনারা দিনের পর দিন বাইরে বক্তব্য রাখেন যে কেন বিচারের দেরি হচ্ছে রিলেটেড জাস্টিস ডিনাই প্রত্যেক জায়গায় বলেছেন অথচ বিচারপতি নিয়োগের ব্যাপারে আপনারা কিন্তু চুপ এবং আর একটা জিনিস মহম্মদ আমীন সাহেব আছেন ট্রাইবুনালে যেসব বিচারপতিদের পাঠাচ্ছেন তাদের মানে কনডেমড লোক যেগুলো বেশিরভাগ হয়তো রিটায়ার্ড করে যাবেন তাদের পাঠাচ্ছেন। ফলস্বরূপ কি হচ্ছে ? ২০-২৫ দিন হিয়ারিং হবার পর মামলার শেষে সেই শ্রমিককে নতুন করে আবার গোড়া থেকে শুরু করতে হচ্ছে। আপনি এটা একটু দেখুন। অসীমবাবুর কাছে আর একটা আবেদন রাখছি যে, পশ্চিমবঙ্গে লেবার কোর্টে কোনো প্রাইভেসি নেই, বাইরে থেকে কথা বললে শোনা যায়, ওপরটা টোটাল খোলা। বাইরে ডিম বিক্রি হচ্ছে, চা বিক্রি হচ্ছে, চায়ের রেট কত হচ্ছে চেলাচ্ছে আর বিচারপতিরা ভিতরে বসে। চিন্তা করতে পারবেন না কিভাবে তারা বিচার চালাচ্ছেন। স্টেনোগ্রাফার লিখলে তার মাথামুন্ডু কিছু নেই। আপনারা তাদের অ্যাপয়েন্ট করে দিচ্ছেন। স্টেনোগ্রাফারদের সেটা চেক করতে ১ দিন লেগে যায়। নিশীথবাবু আরও ভালো জানেন কাদের স্টেনোগ্রাফার নিয়োগ করছেন ? কিভাবে হচ্ছে ? যত রদ্দি স্টেনোগ্রাফার থেকে আরম্ভ করে সেগুলি লেবার কোর্ট থেকে আরম্ভ করে লোয়ার কোর্টে পাঠাচ্ছেন।

হাইকোর্ট যেহেতু নিজের স্টাফদের অ্যাপয়েন্টমেন্ট নিজেই দেয় সেহেতু তার স্টেনোগ্রাফাররা অনেক ভালো। আমি অসীমবাবুর কাছে পরিশেষে এই আবেদন করছি যে, আপনার 'শেঠী কমিশন'—এর রিপোর্ট ইমপ্লিমেন্ট করুন। ১০০০ টাকা, ২০০০ টাকা কমাচ্ছেন—আল্টিমেটলি এটা চ্যালেঞ্জ হলে সুপ্রীম কোর্ট উল্টো রায় দিতে পারে। তখন স্টেটের বিচ্যুতির জন্য সুপ্রীম কোর্ট হয়তো বলতে পারে : আমরা শেঠী কমিশনের রিপোর্ট অ্যাপ্রুভ করে দিলাম, প্রত্যেকটা স্টেট ইমপ্লিমেন্ট করল, অথচ পশ্চিমবঙ্গ নিজেদের ইগো রাখার জন্য ১০০০ টাকা, ২০০০ টাকা কমিয়ে দিল ! তাই আমি আবেদন করছি, আপনারা দয়া করে শেঠী কমিশনের রায় ইমপ্লিমেন্ট করুন, ওর বাইরে কিছু করবেন না। ধন্যবাদ।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (জুডিশিয়াল) অ্যান্ড দি ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিশিয়াল সার্ভিস (রিভিশন অফ পে অ্যান্ড অ্যালাউয়েন্স) বিল, ২০০৩-এর সমর্থনে এবং বিরোধী দলের মাননীয় সদস্যদের মন্তব্যের বিরোধিতায় আমি আমার বক্তব্য পেশ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের সমগ্র প্রেক্ষিতটা তথ্যের ভিত্তিতে আরো একবার বলা প্রয়োজন। ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (জুডিশিয়াল) এবং ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিশিয়াল সার্ভিস---সংক্ষেপে যাকে সাব-অর্ডিনেট জুডিশিয়ারি বলা হয়—ওদের চাকরি সংক্রান্ত সমস্ত বিষয়ে সংবিধানের ৩০৯ ধারা অনুযায়ী সিদ্ধান্ত নেওয়ার একমাত্র অধিকারী রাজ্য সরকার এবং রাজ্য বিধানসভা। ওঁদের বেতনক্রম স্থির করে রাজ্য বাজেট যে অর্থ বরাদ্দ করা হবে তা নির্দিষ্ট করে রাজ্য সরকার বিধানসভার কাছে রাখেন এবং বিধানসভা অনুমোদন করার পরেই তা রূপায়ণ করা যায়। সংবিধানের এই রীতির ওপরে আর কিছু নেই, আর কেউ নেই। প্রথম থেকে এইভাবেই চলে আসছিল। স্বাধীনতার পর থেকে এইভাবেই চলে আসছিল। ১৯৯০ সালে তৃতীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী রাজ্য সরকার স্টেট কনস্টিটিউট সার্ভিসের জন্য পে অ্যান্ড অ্যালাউন্স রুলস, ১৯৯০ 'রোপা রুলস' করেন। তাতে একইভাবে ডবলিউ. বি. সি. এস. (জুডিশিয়াল) অ্যান্ড হায়ার জুডিশিয়ালদের রাজ্য সরকারের অন্য তুলনীয় অফিসারদের সঙ্গেই রাখা হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসকে আর একবার বলছি, ওরা সবাই স্টেট কনস্টিটিউট সার্ভিসের পরীক্ষা প্রায় একই রকম দেয়—কয়েকটা পেপার বেশি কম দিয়ে, সকলেই পরীক্ষায় পাশ করে কাজে যোগ দেন। এইভাবেই চলছিল। এর ব্যতিক্রম হয় ১৯৯৮ সালে চতুর্থ রাজ্য বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী যখন আমরা রিভিশন অফ পে অ্যান্ড অ্যালাউন্স 'রোপা রুলস' রূপায়ণ করতে যাচ্ছি তখন অল ইন্ডিয়া জাজেস অ্যাসোসিয়েশন এবং ইউনিয়ন অফ গভর্নমেন্ট, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার একটা মামলা সুপ্রীম কোর্টে শুরু হয়। মাননীয় বিধায়ক কল্যাণবাবু বললেন, 'আপনারা দেরি করেছিলেন।' কেন ? কারণ, তার স্ট্যাটাস ছিল সাব-জুডিশ। অরুণাভবাবু এটা জানেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অরুণাভ ঘোষকে জানাচ্ছি : এতদ্‌সত্ত্বেও ইন্টারিম রিলিফ হিসাবে— যেহেতু রাজ্য সরকারের সব অফিসারদের দু-গুণ বেতন বৃদ্ধি হয়েছিল সেহেতু সাব-অর্ডিনেট জুডিশিয়ারির প্রত্যেককে তা দেওয়া হয়।

২২০০ টাকা থেকে ৮০০০ টাকা ওই সময়ে লাগু করে ইন্টারিম রিলিফ হিসাবে দিয়ে দিয়েছি। ২০০০-এ পড়ে আছে, এটা ঠিক নয়। পরবর্তীকালে তাও রিভাইজড হয়েছে। যেহেতু সুপ্রীম কোর্টে মামলা চলছিল সেহেতু আমরা একটু অপেক্ষা করেছিলাম ইন্টারিম রিলিফ দিয়ে। পরবর্তীতে মহামান্য সুপ্রীম কোর্ট কেন্দ্রীয় সরকারকে একটা বেতন কমিশন স্থাপন করতে বলেন—যেটা 'শেঠী কমিশন' নামে পরিচিত। আমরা মনে করছি স্টেট সাব-অর্ডিনেট জুডিশিয়ারির ক্ষেত্রে শেঠী কমিশন সংবিধান থেকে বিচ্যুত হয়েছে।

[11.20—11.30 a.m.]

কেন্দ্রীয় সরকার যখন সেই শেঠী কমিশন গঠন করেন তার বিচার্য বিষয় নিরুপণ করার আগে রাজ্যগুলির সঙ্গে কোনো আলোচনা হয়নি, কি অর্থে হবে, কিছু নয়, কেন্দ্রীয় সরকার শেঠী কমিশন স্থাপন করলেন। সেই শেঠী কমিশন ১৯৯৯ সালে তার সুপারিশ দাখিল করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউসের জ্ঞাতার্থে বলছি, কেন্দ্রীয় সরকার শেঠী কমিশনের সুপারিশ গ্রহণ করেননি। এটা সর্বজনগ্রাহ্য, যিনি কমিশন গঠন করেন তিনি যতক্ষণ পর্যন্ত না সেই সুপারিশ গ্রহণ করছেন ততক্ষণ পর্যন্ত সেই কমিশনের সুপারিশ সম্পর্কে কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া যায় না। যদিও এটা বলছে যে, এটা রাজ্য তালিকাভুক্ত ছিল। কিন্তু মহামান্য সুপ্রীম কোর্ট তারা একটা জাজমেন্ট দেন। প্রথম যে জাজমেন্টটি দেন—দেখুন, আমরা কোনো সময় নষ্ট করিনি—সেটা ২১ মার্চ, ২০০২ সালের একাধিক বিষয়ের মধ্যে দুটি মূল অংশ ছিল, একটি বিষয় ছিল যে, মাননীয় বিচারপতিদের সংখ্যা সাব-অর্ডিনেট জুডিশিয়ারির সংখ্যা প্রায় ৫ গুণ বৃদ্ধি করতে হবে। আমি ওই পপুলেশন অনুপাত তার ডিটেলসে যাচ্ছি না, ভেঙে বলতে গেলে বলতে হয়, ওই ১০.৫ সংখ্যক জাজ ১০ লক্ষের চেয়ে ৫০ জন জাজ ১০ লক্ষ বলে দেবেন, একটি। আর একটি মূল বিষয় ছিল, এদের বেতনক্রম ইতিমধ্যেই যেটা দ্বিগুণ হয়ে গেছে সেই বেতনক্রমকে আরো বেশি বৃদ্ধি করার কথা। শেঠী কমিশনের সুপারিশ গৃহীত হয়নি। মাননীয় সুপ্রীম কোর্ট সিদ্ধান্ত বলে দেন সেই সাব-অর্ডিনেট জুডিশিয়ারি সর্বনিম্ন স্তরে প্রত্যেকটি জায়গায় বেতনক্রম তারপরেও বৃদ্ধি করতে। রাজ্যগুলির তরফ থেকে যেহেতু উল্লেখ এসেছে, অ্যাডভোকেট জেনারেলরা যখন বলেন এটা কেন্দ্রীয় সরকার করেছেন, তাহলে অর্থের কিছুটা বহন করুন। মাননীয় সুপ্রীম কোর্ট বলেন, এর সমস্ত অর্থভার রাজ্য সরকারকেই বহন করতে হবে। পশ্চিমবঙ্গ সরকার এক্ষেত্রে যেহেতু রেজোলিউশন ইতিমধ্যেই এসেছে এর প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যয়-ভার ১ হাজার ৫০০ কোটি টাকা অতিরিক্ত দাঁড়ায় এবং সমস্ত রাজ্যগুলিকে একত্রিত করলে ১৪ হাজার কোটি টাকা অতিরিক্ত ব্যয়ভার দাঁড়ায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রেক্ষিতে দাঁড়িয়ে আমরা মনে করেছি, সংবিধানে যেহেতু মূল এক্তিয়ার দেওয়া আছে রাজ্য বিধানসভাকেই, সেই জন্য রাজ্য সরকার তার কাছেই প্রস্তাব আনেন। আমি এই বিধানসভার কাছে আনি, কারণ সেখানেই হস্তক্ষেপ শুরু হয়েছে, তার এক্তিয়ারে। (নয়েজ) (ভয়েজ : তখন করেননি কেন?) আমি একটু আগেই বলেছি, তখন সুপ্রীম কোর্ট সিদ্ধান্ত দেননি। আপনি দয়া করে শুনুন, সুপ্রীম কোর্ট তখনও সিদ্ধান্ত দেননি। আমরা অপেক্ষা করেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫ জুলাই এখানে যে রেজোলিউশন আনা হয় সেই রেজোলিউশনে মূল বক্তব্য ছিল—হাউস যেটা পাশ করে—১ হচ্ছে, সংবিধানে বিধানসভার

এক্তিয়ারে হস্তক্ষেপ হয়েছে। ২ হচ্ছে, যে বিপুল ব্যয়ভার এসেছে পরিকল্পনা বহির্ভূত খাতে, এর ফলে পরিকল্পনা খাতে এবং যেগুলি অত্যাবশ্যকীয় বিষয় সেখানে অর্থ আরো কমে যাবে। তাই এক্ষেত্রে ব্যবহার করা হয় সম্ভবত সংবিধানের ২০৩ ধারার ২-উপধারার হস্তক্ষেপ হয়ে গেছে এবং রাজ্য সরকারকে বলা হয় যে, আপনারা মহামান্য সুপ্রীম কোর্টে রিভিউ পিটিশনে যান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা প্রশ্ন এখানে রাখা হয়েছে—অসিত মিত্র মহাশয় রেখেছেন, আগেও রাখা হয়েছে—আপনারা কি একা করলেন না? স্টেট ফিনান্স মিনিস্টারের যে এমপাওয়ার কমিটি তার রেজোলিউশনের কপি একটু আগে বলে দিয়েছি। এটা প্রথমে সেখানে আসেনি। ওই সময়ে রাজ্যগুলির যে বাজেট পেশ করা হয়েছে তারপর এটা এলে আমরা সামাল দিতে পারব না। ঠিক তখনই এই রেজোলিউশন পাশ হয়েছে এবং আমি এমপাওয়ার কমিটির—এই সঙ্গে বলে রাখি তার পাশাপাশি সব কাজগুলি করি। আমরা ৩১-০৭-২০০০ সালে আপনাদের এই সিদ্ধান্ত গুরুত্ব দিয়ে বিচার করে রিভিউ পিটিশন ফাইল করি এবং এমপাওয়ার কমিটির ০৭-০৯-২০০২ সভায় অ্যাজেন্ডা আইটেম ৮টা লিপিবদ্ধ হয়ে আছে। সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে ১ সংবিধানের এই ধারায় হস্তক্ষেপ হয়েছে এবং রাজ্যগুলির ক্ষেত্রে আর্থিক দিক দিয়ে আঘাত এসেছে শুধু তাই নয়, একটি তো প্রশাসনের মধ্যে বিচার বিভাগ অন্য বিভাগের মধ্যে একটা ভারসাম্য ছিল চিরকাল, স্বাধীনতার পর থেকে যে দল যেখানে চালিয়েছেন, সেই ভারসাম্যটা ক্ষুণ্ণ হচ্ছে।

সেই ভারসাম্যটা ক্ষুণ্ণ হচ্ছে এবং একবার যদি ক্ষুণ্ণ হয় তাহলে অন্য সার্ভিসের মধ্যে যারা আছেন একইভাবে অর্থ চাইবেন এবং এর একটা প্রভাব পড়ে যাবে ঢেউ-এর মতন, সেটা তখন আর সামাল দেওয়া যাবে না। তাই সিদ্ধান্ত হয়, সিদ্ধান্তটা আমি পড়ে দেব, একেবারে ইউন্যানিমাস সিদ্ধান্ত বা ডিসিশন, সেটা স্যার, আপনাকে আমি দিয়েও দেব। এখানে বলা হয়, It was resolved that the states will take appropriate action in the State Legislature. আমরা নিয়েছি, তখন অন্য কেউ নেয়নি through resolution or any other alternative legislative measures. যেটা এখন নেওয়া হচ্ছে। দ্বিতীয় বলা হয়, It was further resolved in the meantime that Government of India to take appropriate action to make necessary submission before the Supreme Court regarding the difficulties involved in the implementation of judgement—স্যার, বিষয়টি এখানেই থামেনি। তারপর মাননীয় মুখ্যমন্ত্রীদের যে সম্মেলন হয় অক্টোবর, ২০০২ সালে অসিত মিত্র মহাশয়ের স্যার, আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি—সেখানে মাননীয় মুখ্যমন্ত্রীরা ঐক্যমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত নেন যে implementation of the Supreme Court judgement of 21/03/2002 in All India Judges' Association case with regard to first Judicial Commission regarding subordinate judiciary the States reiterated the stand taken by them in the meeting of States' Finance Ministers. এবং তখন বলা হয় সমস্ত রাজ্যগুলি মিলিয়ে ১৪ হাজার কোটি টাকার মতন লাগবে এবং বলা হয় গভর্নমেন্ট অব ইন্ডিয়াও যেন বিষয়টি টেক আপ করেন। কেন্দ্রীয় সরকার তাঁদের রেভিনিউ সেক্রেটারির মাধ্যমে সঙ্গে সঙ্গে

এটা দাখিল করেন, একেবারে রিভিউ পিটিশান, একইভাবে। তারপর ২৫.১১.২০০২ সালে মাননীয় সুপ্রীম কোর্ট আগে যে নির্দেশ দিয়েছিলেন সেটার কিছুটা পরিবর্তন করে ওরা বলেন যে জাজেসের সংখ্যা ইত্যাদি এখন বৃদ্ধি করতে হবে না কিন্তু স্কেলটা আপনাদের বাড়িয়ে দিতে হবে যা দ্বিগুণ, তিনগুণ করেছেন তারপরও প্রথম থেকে শেষ পর্যন্ত বাড়াতে হবে এবং ৩১.০৩.২০০৩ মধ্যে এটা ইমপ্লিমেন্ট করতে হবে। আমরা এম্পায়ার কমিটিতে তখন সিদ্ধান্ত নিই যেহেতু মাননীয় মুখ্যমন্ত্রীরা আমাদের বলে দিয়েছেন যে আমরা সবাই লেজিসলেচারের কাছে যাব। যে রেজলিউশান আমরা পাশ করেছিলাম আমরা যখন রিভিউ করি তখন সেটাও দেওয়া হয়। সুপ্রীম কোর্ট কিন্তু সেই রেজলিউশানটা গ্রাহ্য করেননি। শুধু আমরা নয় রাজ্যগুলি একের পর এক প্রায় একই ভাষায় পিটিশান সাবমিট করেন এবং একাধিক বিধানসভাতে ঠিক একইভাবে, যে বয়ানে আমরা করেছি সেইভাবে রেজলিউশান নেন। আমি রেজিউশানের কপি সমেত সবটা স্যার আপনাকে দিয়ে দিচ্ছি।

(গোলমাল)

আমি দিয়ে দিচ্ছি সব কিছু। এরপর আমরা যে স্কেলগুলি নিই সেগুলি একটু লক্ষ্য করুন। মাননীয় সদস্যদের বলব, আপনারা এটা একটু লক্ষ্য করুন। স্কেলের যেটা একেবারে সর্বনিম্ন স্কেল ওয়ান (এ)—আমি আলাদা করে পদগুলি বলছি না—সেখানে ইতিমধ্যেই বৃদ্ধি করা হয়েছিল ৮০০০ থেকে ১৩ হাজার ৫০০। রাজ্যস্তরে যা আছে ঠিক সেটা আমরা রাখার প্রস্তাব রেখেছি। ৫ বছর পরে যে প্রোমোশনের স্কেল যা রাজ্য সরকারের ছিল সেটাই রাখার আমরা সিদ্ধান্ত নিয়েছি। তারপরের যে প্রোমোশন ৫ প্লাস ৫-১০ বছরের মাথায় সেখানে রাজ্য সরকারের যে স্কেল ১২ হাজার থেকে ১৮ হাজার পর্যন্ত তার থেকে ঈষৎ বৃদ্ধি করে শেঠী কমিশনের যেটা ছিল মাঝের স্তর—১২ হাজার ৮০০ থেকে ১৭ হাজার ৫৫০। যেহেতু প্রায় ২০ বছরের মতোন সিনিওরিটি হয়ে গিয়েছে সেইহেতু প্রথম স্তরে না হলেও এখানে এইটুকু গ্রহণ করা রাজ্য সরকার নিজে উচিত বলে মনে করেন। এখানে প্রয়োজন না বলে বলছি রাজ্য সরকার এটা উচিত বলে মনে করেন এবং তাই এটা এখানে প্রস্তাব আকারে রেখেছি। তারপর যখন সিনিয়র সার্ভিসে প্রবেশ করা হচ্ছে, তার প্রথম স্কেল হয়, তিনি তাঁর ফিকসেশান বেনিফিটগুলি পেয়ে যায়। যেটা ১৯ নং স্কেলে এসে গিয়েছে তার থেকে ঈষৎ বৃদ্ধি করে—আমরা মনে করছি এটা দেওয়া যথার্থ। তার পরেরটাও যথার্থ দেওয়া ঈষৎ বৃদ্ধি করে। তারপরের স্তর পর্যন্ত এটা একই কনটিনিউয়িং স্কেল থাকে বলে বৃদ্ধি করার কথা বলা হয়েছে। সর্বশেষ স্কেলগুলি আমাদের রাজ্য সরকারের যেটা ২১ নং স্কেল আছে সেটাই রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছি।

[11.30—11.40 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অরুণাভ ঘোষ মহাশয় জিজ্ঞাসা করেছেন, আপনি কি এরিয়ার এফেক্ট কি জানিয়েছেন ? পরিষ্কারভাবে বলে দিচ্ছি। এর ফলেও এইটুকু বৃদ্ধির জন্য আমাদের বছরে ১ কোটি ৪০ লক্ষ টাকা লাগবে। এছাড়া এরিয়ার যেটা বলা ছিল, ওখানে ০১.০৭.১৯৯৬ থেকে শুরু করে ৩০.০৬, ওই সময় এরিয়ার ঠিক ৬ দিয়ে গুণ

করবেন, এবারের এই অংশটা পরের অংশটা জি.পি.এফ.এ. যাবে—এটা ক্যাশ এরিয়ারে যাবে। এটা স্পষ্ট করে বলে দিলাম। উত্তরটা দিয়ে দিলাম এই সুযোগে। আমি আবার বলছি এই বিল আনার মাধ্যমে আমরা মূলত রাজ্য সরকার এবং রাজ্য বিধানসভার যে নিজস্ব এক্তিয়ার সংবিধানের ২০৩ ধারার ২ উপধারা অনুযায়ী সেটা রক্ষা করার জন্য চেষ্টা করেছি। তার উপর আঘাত এসেছে। শেঠী কমিশনের যে সুপারিশ সেটা দেখেছি, আমাদের যা আছে ইতিমধ্যে দুগুণ বৃদ্ধি পেয়েছে। তার মধ্যে একটা ভারসাম্য রেখে যেটা যথার্থ সেটা আমরা এনেছি। সর্বশেষ প্রশাসনিক বিভিন্ন স্তরে ভারসাম্য রেখে করেছি। এবারে এটা বলে শেষ করছি, আমরা মনে করেছি বিধানসভার এক্তিয়ার সংবিধানে যা দেওয়া আছে, রাজ্য সরকারের এক্তিয়ারে সংবিধানে যা দেওয়া আছে তার উপর কেউ নয়। সেখানে আঘাত এলে প্রতিবাদ করতেই হবে, তার বিরুদ্ধে মাথা তুলে দাঁড়াতেই হবে। এই বিল হচ্ছে সেই প্রতিবাদের ক্ষেত্রে। আমরা একাই করছি না, আমাদের এই বিলের কপি ভারতবর্ষের সমস্ত রাজ্য নিয়েছে। সবাই করছে, কাউকে তো শুরু করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(Noise)

Mr. Speaker : Mr. Asoke Deb, please take your seat. (noise). Mr. Tapas Roy, please take your seat. (noise). No debate after the Minister's reply. Please take your seat.

Mr. Arunava Ghosh, I have one question as you are a lawyer and a very good one at that. I have also been a lawyer for many years. Now, something worries me. There are jurisdictions in our state. We are guided by the constitution. There are three arms in our state–Judiciary, Executive and the Legislature. These are three different wings of the state and each has its own domain and jurisdiction and on top of that is the President at the national level and the Governor at the state level. The courts have their own jurisdication. The Parliament makes laws, the court interprets it and the executive executes it and that is the whole arrangement. Now, as far as I have understood in my legal practice and study of law that as regards the spending of money whatever legislation requires. I have to come through the Parliament at the national level and the State Assembly at the state level. We have to pass laws. Budget have to be passed and then permission to spend the money have to be obtained. Beyond that there is no power on earth that can spend the money. Now, the courts are interfering in this process of domain and authority of the Parliament and given direction that "you will do this" and "you will do that" and "we decide that" and "you decide that". Now to what extent is that legitimate ? That we will have to understand very well because people elect us in a democratic

process and through that we derive the power of Parliament and Legislature. No judiciary is elected in our country. They are selected through a process of selection and nomination and they become the judicial authority to decide cases. Now, one pertinent question is that every member here has a right to bring an amendment. You have a right to bring an amendment, members of the ruling party have a right to bring an amendment. If a particular member brings an amendment that what have been proposed by the Government he wants to amend it. If that is ruled over and if that amendment is adopted by the House and passed and the Bill is passed in the amended form, then what happens ? Tell me, what will be the judiciary consequence of that ? Mr. Speasker : Yes, Mr. Ghosh.

শ্রী অরুণাভ ঘোষ : স্যার, ডি.এস. নাকারার কেস মনে আছে তো ? ডি.এস. নাকারা বলল যে অল পেনশান যবে থেকে রিটেয়ার করবে সব সেম থাকবে। যাঁরা বামপন্থী তাঁরা তো সবচেয়ে বেশি অ্যাডভান্টেজ নিয়েছেন। তখন পার্লামেন্টে মানি বিলটা যদি ফেল করে যেত তাহলে গভর্নমেন্ট ফেল করে যেত। তখন যেহেতু কংগ্রেস গভর্নমেন্ট ছিল, স্যার, বামপন্থীরা সবাই গিয়ে পার্লামেন্টে বলল ওটাই করতে হবে, সুপ্রীম কোর্ট বলেছে। মানি বিল পাস না হলে গভর্নমেন্ট ফেল করতো। কংগ্রেস গভর্নমেন্ট মেনে নেয় ডি.এস. নাকারাকে। দ্যাট ওয়াজ দি ফার্স্ট ইল্লিগ্যালিটি দ্যাট ওয়াজ ডান। স্যার, সবাই করেছে।

Mr. Speaker : I am not on that question. Mind it that it is a very differnt, a very pertinent question that a member puts an amendment to reduce the proposal given by the State Government, to reduce it. He says one thousand, member says no, make it five hundred rupees. And that amendment is passed by the House. And the Bill is passed in the amended form. What will happen ?

মিঃ স্পীকার : Where the Supreme Court Stands ?

শ্রী অরুণাভ ঘোষ : It should not be done.

Mr. Speaker : Members have rights. It is a democratic country. I cannot stop a member, you cannot stop a member, if a portion is amended. Amendment is voted and is adopted. Then what will happen.

শ্রী অরুণাভ ঘোষ : ইট স্যুড নট বি ডান। তাহলে গভর্নমেন্ট উইল ফেল।

শ্রী সৌগত রায় : স্যার, আমি একটু বলি।

মিঃ স্পীকার : বলুন, লেট মি আন্ডারস্ট্যান্ড দি পজিশন।

শ্রী সৌগত রায় : স্যার, আমার মনে হয়, অসীমবাবু যে বিলটা এনেছেন সেটা একেবারে সুপারফ্লুয়াস। সুপারফ্লুয়াস কেন, না এই যে একটা বিল করে উনি কিছু লোকের স্যালারিজ অ্যান্ড রিভিশন অফ পে স্কেল—৩০৯ ধারাটা পড়ুন, Please read with me sir, Recruitment and conditions of service of persons serving the union or a State subject to the provisions of this constitution, Acts of the appropriate Legislature may regulate the recruitment and conditions of service of persons appointed, to Public Services and posts in connection with the affairs of the union or of any State. আর মন্ত্রী এটা উল্লেখ করেছেন যে সরকার কি খরচ করবে That is determined by article 203 and 203, Please read with me sir, 202 relates to the Annual financial statement. সরকার কিভাবে খরচ করবে সেটা দেওয়া আছে। আর 203 relates to the procedure in Legislature with respect to estimates. এখন মাননীয় মন্ত্রী যে বিলটা এনেছেন, আমার খুব স্ট্রেঞ্জ লাগছে যে একটা বিল করে কারও পে-স্কেল ডিটারমাইন করতে হচ্ছে। রাজ্য সরকারে তো অসংখ্য লোক চাকরি করে—ডবলু.বি.সি.এস. আছেন, আই.এ.এস আছেন। বিভিন্ন স্তরের লোক চাকরি করে। কি নিয়ম ? নর্মালি পে-কমিশন একটা রেকমেন্ডেশান দেন, তার ওপরে স্টেট গভর্নমেন্ট স্টেটে একটা নোটিফিকেশন ইস্যু করে। কোনোদিন এ পর্যন্ত কি হয়েছে যে, কোনো পার্টিকুলার ক্যাটাগোরির অফিসার বা এমপ্লয়ির—স্টেট গভর্নমেন্টের তার মাইনের স্কেলের জন্য একটা লেজিসলেশন এসেছে ? কোনোদিন হয়েছে ? আমি বলছি যে, এটা একদম এই প্রসিডিওরটাই আল্ট্রাভায়ার্স। এটা হয়নি। ইউ ক্যান মেক রুলস্, অথবা ইউ ক্যান ইস্যু এ নোটিফিকেশন। তারা যে কোনো ক্যাটাগোরির অফিসার বা এমপ্লয়ি হোক না কেন, গভর্নমেন্ট ইজ পারফেকটলি উইদিন ইটস্ পাওয়ার্স, যে কোনো ক্যাটাগোরির অফিসার বা এমপ্লয়িদের ক্ষেত্রে জাস্ট একটা নোটিফিকেশন, একটা অর্ডার দিয়ে পে-স্কেল করতে পারে। আজকে মাননীয় মন্ত্রী যে বিলটা নিয়ে এসেছেন সেটা একটা পার্টিকুলার উদ্দেশ্য নিয়ে এনেছেন। স্যার, এই ট্রেন্ডটা ভালো নয়। আপনি তো সঠিক জিজ্ঞাসা করেছেন। সত্যিই তো, কেউ যদি একটা অ্যামেন্ডমেন্ট করে এবং সেই অ্যামেন্ডমেন্টটা যদি পাসড হয়, তাহলে কি এই বিলটা উইল বি কনসিডার্ড এ মানি বিল অর ইট উইল বি নট কনসিডার্ড এ মানি বিল ? আমি বলছি, স্ট্রিকটলি স্পিকিং দিস ইজ নট এ মানি বিল। দিস ইজ নট স্ট্রিকটলি এ মানি বিল বিকজ ইট ইজ ডান অ্যাকর্ডিং টু দি আর্টিকেল ৩০৯। অথচ পাস হয়ে গেল। মন্ত্রীর কথাটা পাস হলো না। মন্ত্রী যেটা করার চেষ্টা করছেন, আমি রিজেন্ট করছি। উনি সুপ্রীম কোর্টকে একটা চ্যালেঞ্জের জায়গায় নিয়ে যেতে চেষ্টা করছেন। এর আগে নিশীথবাবু হাউসে একটা বিল এনেছিলেন, একটা মোশান এনেছিলেন। সেটাতে আমরা বিরোধিতা করেছি। উনি পাস করে নিয়েছেন। আমরা ডিভিসনে যাইনি। সুপ্রীম কোর্ট শেঠী কমিশনের রায় মেনে এই জিনিস করেছে। এটা করা উচিত নয়। এটা রাজ্যের ওপরে হস্তক্ষেপ। I can understand Asim Babu's dilemma. He does not have the noney to pay salaries and at the present rate. We will consider to get the money to pay salaries at the increased rate. His dilemma is genuine. তার জন্য You take it to a position. যেখানে একটা

স্টেট লেজিসলেচার সুপ্রীম কোর্টের সঙ্গে কোলাইড করছে, কনফ্রন্ট করছে। দিস ইজ নট হেলথদি অ্যাকর্ডিং টু দি কনস্টিটিউশন।

[11.40—11.50 a.m.]

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অ্যাডভোকেট জেনারেল যা দাখিল করেছিলেন, তা দিয়ে দেবো। তাতে পরিষ্কার করে বলা আছে, আমরা এটা মানতে রাজি আছি যদি কেন্দ্রীয় সরকার অর্থ দেন। যদি কেন্দ্রীয় সরকার অর্থ দেন এই শর্তসাপেক্ষে বলা হয়েছিল। অর্থ দেবেন না বলেছেন তাই উনি যেটা বলছেন সেটা সঠিক নয়। রাজ্য সরকার পরিষ্কারভাবে বলেছিলেন, মাননীয় সদস্য অরুণাভ ঘোষও জানেন, কেন্দ্রীয় সরকার অর্থ দিলে আমরা এটা পারবো বলেছিলাম, কিন্তু সেই অর্থ পাওয়া যায়নি, তাই ওটা ভ্যালিড নয়। তারপরে রিভিউ পিটিশনের দিন—ভিন্ন। সেটা আমি একটু আগেই উল্লেখ করে বলেছি, সেই রিভিউ পিটিশনের দিনটা হচ্ছে, যেটা একটু আগেই আমি বলেছি, সেটা হচ্ছে, ৩১/৭/০২। সর্বশেষ রিভিউ পিটিশন সেটা ডিসমিস হয়ে যায়।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of pay and allowance) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clauses 1-4 and Schedule 1 & 2

The question that clauses 1-4 and Schedule 1 & 2 do stand part of the Bill was then put and agreed to.

স্যার, আগে যেটা বলেছিলেন, The Proper Course should have been to go in for review petition to the Supreme Court. যা বলে, তারা যা রায় দেয়— সেটা মেনে নেয় আল্টিমেটলি, কিন্তু Supreme Court will not make law, the Legislature will make Law. The Supreme Court's interpretation of the constitution will be final. উনি কেন এটা করেছেন, উনি করেছেন, তার কারণ, সুপ্রীম কোর্ট যেহেতু পে-স্কেল বলে দিয়েছে, লেজিসলেচার সুপ্রীম কোর্টের আইনের মধ্যে যে বিরোধ তা অসিত উল্লেখ করেছে, যে পার্লামেন্ট হ্যাজ দি ল মেকিং পাওয়ার সুপ্রীম কিনা ? হ্যাঁ, সুপ্রীম আপনার নিজের ডোমেইনে স্টেট লেজিসলেচারে সুপ্রীম। কিন্তু তাই বলে If you bring State Legislature to a level. যখন স্টেট লেজিসলেচারে আইন করে পে-স্কেল ঠিক করে দিতে হচ্ছে, It is making travesty of the Law making process and that is exactly what the Finance Minister starts. আমি এখানে বলছি, ওর এই ল উইথড্র করে নেওয়া উচিত। Let him go in a review petition instead of trying to amend the law and go in a collision course with the Supreme Court. এবং উনি এটা এনেছেন This is neither a money bill nor this is a proper legislation in the form that it is a desirable. আমি বলছি স্যার, আপনি সিরিয়াসলি ভেবে এই আইনটার সম্বন্ধে যেটা করেছেন, এটা একেবারে আলট্রাভার্ট।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলার সময় বলেছি ৩১/০৭/২০০২-তে এই রিভিউ পিটিশন রাজ্য সরকার অ্যাডভোকেট জেনারেলের মাধ্যমে করেন। শুধু আমরা নই, প্রতিটি রাজ্য সরকার করেন। সেই রিভিউ পিটিশান ডিসমিস হয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কোন্ মহামান্য কোর্ট বলছেন বা কেন্দ্রীয় সরকার বলছেন সেটা বিষয় নয়। যেটা রাজ্য তালিকাভুক্ত বিষয়, সেখানে যদি নজিরবিহীনভাবে কেউ পে-স্কেল করেন তাহলে কিন্তু আগে যদি নাও হয়ে থাকে আমরা মনে করছি, সংবিধান অনুযায়ী সঠিক কাজ করছে, সংবিধানে যা আমাদের অধিকার রাজ্য সরকার বিধানসভা তাকে আমরা রক্ষা করছি, তার জন্য এই বিলটা আনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ব্যাখ্যাটা পুরোপুরি দিয়ে দিলাম।

শ্রী সৌগত রায় : স্যার অসীমবাবু যেটা বলছেন, সেটা সঠিক কথা নয়। আমি সুপ্রীম কোর্টে যে অল ইন্ডিয়া জাজেস অ্যাসোসিয়েশন ভার্সেস ইউনিয়ন অফ ইন্ডিয়া, জে কৃপাল তাঁর রায়ে ১০ নম্বর প্যারাগ্রাফে বলেছেন, প্লিজ রিড উইথ মি, Persuant to the order which was passed by this court requiring the response of the various states to be given to the Union of India it was noted in this court's order of 27.08.2001 that six states namely those of West Bengal, Assam, Karnataka, Manipur, Kerala and Mizoram had accepted the recommendation of the Shetty Commission and had agreed to implement the same.

স্যার, রিমাইন্ড ইউ, পশ্চিমবঙ্গ সরকার দ্বিচারিতা করছেন। সুপ্রীম কোর্ট রায়ে বলছেন রাজ্য সরকার মেনে নিয়েছিল। ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেন্টের মেনে নেওয়ার বেসিসে সুপ্রীম কোর্ট রায় দিয়েছে আর উনি ওখানে মেনে নিয়ে এখানে বিপ্লব করছেন সুপ্রীম কোর্টের বিরুদ্ধে। এতো স্ট্রেঞ্জ, দ্বিচারিতা, আই অ্যাম কোটিং সুপ্রীম কোর্টস জাজমেন্ট।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clauses 1-4 and Schedule 1&2

The question that clauses 1-4 and Schedule 1&2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) Bill, 2003, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg leave to intorduce the West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003 and to place a Statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

শ্রী সৌগত রায় : দি ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশান ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল-এর উপরে এখানে টাইটেল অফ দি বিল নেই—প্লিজ নোট How can it be discussed ?

বিলেতে বিল টু অ্যামেন্ড, এখানে সেক্রেটারি যা পড়লেন সেটা সেক্রেটারি কোথা থেকে পড়লেন আমি জানি না। কিন্তু আমাদের কাছে বিলের যে ছাপানো কপি এসেছে তাতে কিন্তু টাইটেলটা নেই। How can it be discussed ?

এই যে অরিজিনাল বিল মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এবং সেক্রেটারি যেটা বললেন তার করিজেনডাম আসেনি। সুতরাং কী করে এটা আলোচনা হবে।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : স্যার, এটা ল ডিপার্টমেন্ট করেছে, এখানে একটা প্রিন্টিং মিসটেক আছে। আলোচনার পরে যতক্ষণ না কারেকটেড হয়ে আসছে ততক্ষণ আমরা এটা গভর্নরের কাছে পাঠাতে পারি না। তাই এটা এখন আলোচনা হোক।

শ্রী সৌগত রায় : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন আলোচনার পরে করিজেনডাম আসলে তারপরে গভর্নরের কাছে পাঠানো হবে। তাহলে কী করে বিলটা এখন আলোচনা হবে।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : স্যার, এটা মিস প্রিন্টিং হয়েছে।

Mr. Speaker : I am in total agreement with you that there is a misprint. There is no doubt about that. Bengali version has it. But that is not the correct version. Correct version is English. Under the constitution, English version has to be there. It is quite correct that without the correct title, what you are saying Mr. Roy, the Bill cannot be passed and cannot be signed. It should not be done so. There has been a mistake by the department. That printing error has to be corrected. But it has not happened. So, what I intend to do now is that I keep this matter pending and it will be taken up in the course of the day. Corrected Bill will be coming in the course of the day and it will be taken up at the end of the day. In the meantime other business will continue.

Mr. Dasgupta, tell your department to correct it. In the meantime you get the corrected printed version, circulate it among the Hon. members and it will be taken up as the last item today.

[11.50—12.25 p.m.] (including adjournment)

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তো জানেন যে, এটা ল ডিপার্টমেন্ট করে, এই পার্টটা অর্থ দপ্তর করে না, করেনি। এটা জানা মাত্রই আমি ল ডিপার্টমেন্টকে বলেছি কারেকশন করতে। সেটা আপনি অ্যালাউ করলে হবে, না হলে আজকে হবে না।

মিঃ স্পীকার : এখন আমরা একটা বিরতি নেব আধ ঘন্টার জন্য।

[12.25—12.35 p.m.] (after recess)

The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003

Shri Upen Kisku : Sir, I beg to introduce the West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003 and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : There are two statutory resolutions under Article 213(2)(a) of the Constitution of India by Shri Saugata Roy and Shri Kashinath Mishra.

Now I call upon Shri Saugata Roy to move his resolution.

Shri Saugata Roy : Sir, under Article 213(2)(a) of the Constitution of India I beg to move that this House disapproves the West Bengal Commission for Backward Classes (Amendment) Ordinance, 2003. স্যার, আমি আগেও এই হাউসে বারবার বলেছি যে, গভর্নমেন্টের একটা টেন্ডেন্সি আছে হাউসকে অ্যাভয়েড করে অর্ডিন্যান্স করছে এবং ইনকন্সিকোয়েনসিয়াল ম্যাটার, যেটা গুরুত্বপূর্ণ নয়, সেইগুলো পর্যন্ত অর্ডিন্যান্স করে করা। এই অর্ডিন্যান্স হয়েছে ২৮শে জানুয়ারি ২০০৩ তারিখে, তখনই জানা ছিল মার্চ মাসের মধ্যে বিধানসভার অধিবেশন বসবে। তার আগে ১৭ই ডিসেম্বর অবধি বিধানসভার অধিবেশন বসেছে। কেন অর্ডিন্যান্স করছেন ? চেয়ারম্যান বা আদার মেম্বার্স, তাদের মাইনে দেওয়া হত। বলা হচ্ছে ওদের অত কাজ নেই, সেই জন্য মাইনে তুলে দিয়ে অ্যালাউন্স দেওয়া হবে। ওদের কাজ নেই, সরকার টাকা বাঁচাতে চাইছে, না ওদের ইনকাম ট্যাক্সে সুবিধা হবে, এটা পরিষ্কার নয়। কাজেই এটা আজকে ছোটো ব্যাপার, ব্যাকওয়ার্ড ক্লাসের সঙ্গে এর কোনো ব্যাপার নেই। এর জন্য অ্যামেন্ডমেন্ট হবে। এরজন্য একটা অর্ডিন্যান্স আনার দরকার ছিল ? এটা আমার কাছে পরিষ্কার নয়। মাননীয় মন্ত্রী ৭২/২তে যে বিবৃতি দিয়েছেন, উনি পুরোটা পড়লেন না। তাতে উনি বুঝিয়ে বলেননি আমাদের কি আর্জেন্সি ছিল অর্ডিন্যান্স করে রাজ্যপালকে দিয়ে সই করিয়ে একটা অধ্যাদেশ জারি করতে হবে যে, এক্ষুনি ব্যাকওয়ার্ড কমিশনের

চেয়ারম্যান সাধারণত একটা রিটায়ার্ড বিচারপতি থাকেন তার মাইনেটা চেঞ্জ করে অ্যালাউন্স দিতে হবে। এবং যাঁরা মেম্বার তাঁদেরও অ্যালাউন্স দিতে হবে উনি বলছেন, In view of the Present workload কেন করেছেন ? স্যার, এখনও পর্যন্ত এটা আমার কাছে পরিষ্কার নয় ! আশা করি মাননীয় মন্ত্রী এই ব্যাপারটা এক্সপ্লেন করবেন।

শ্রী কাশীনাথ মিশ্র : Sir, I beg to move that this House disapproves the West Bengal Commission for Backward Classes (Amendment) ordinance, 2003 স্যার, এই কারণে মুভ করছি যেটা আমাদের সৌগতবাবু বললেন। এটাকে এত গুরুত্ব দিয়ে রাজ্যপাল মহাশয়কে দিয়ে সই করিয়ে অর্ডিন্যান্স নিয়ে আসার কোনো যুক্তি নেই এই কারণে যে এটা একটা সামান্য ব্যাপার ছিল। এই সামান্য ব্যাপারটাকে এত গুরুত্ব দিয়েছেন। এখন সেটাকে, আইনটাকে নিয়ে আসতে হবে। এটা আমার কাছে একটা অভিনব ব্যাপার বলে মনে হয়েছে। এর এতটা কার্যকারিতা আছে বলে মনে হয় না। ১৯শে ডিসেম্বর আমাদের হাউস শেষ হয়েছে সেখানে এটা নিয়ে আসতে পারতেন। তাও করেননি। সেখানে দেখা যাচ্ছে জানুয়ারি মাসের মধ্যে একটা বিল নিয়ে আসলেন। সেই পরিপ্রেক্ষিতে সেই অর্ডিন্যান্সটাকে তুলে দিয়ে রিফিল করেছেন এবং রিফিল করে দিয়ে সেটাকে আইনে নিয়ে এসেছেন। এটাকে আমি বিরোধিতা করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস (অ্যামেন্ডমেন্ট) বিল ২০০৩ যেটা এনেছেন আমি তার প্রতিবাদ করছি, বিরোধিতা করছি এবং আমাদের দুই সদস্য তাদের যে প্রতিবাদ রেখেছেন তার সমর্থন করছি। ১৯৯৩-তে একটা কমিশন গঠনের প্রস্তাব ছিল তাতে The proposals of the Commission were : The Commission shall consist of the following members nominated by the State Government :

(a) A Chairperson who is or has been a Judge of the High Court.

(b) a Social Scientist

(c) two persons who have special knowledge in matters relating to backward classes and

(d) a Member Secretary who is or has been an officer of the State Government in the rank of a Secretary to the State Government of West Bengal.

এখানে দেখা যাচ্ছে হঠাৎ মাননীয় মন্ত্রিমহাশয়ের কী দরকার পড়ে গেল যে কোনো কারণ না দেখিয়েই হঠাৎ করে এটা পরিবর্তন করতে যাচ্ছেন এবং তিনি বলছেন :

The salaries and allowances payable to and the other terms and conditions of a service of a Chairperson and members shall be such as may be prescribed.

In view of the present work-load of the Chairperson and Members other than the Member Secretary in the West Bengal Commission for Backward Classes (Here in after referred to as

the Commission) it has been proposed in the public interest to pay allowances and perquisites in lieu of salaries and allowances to the Chairperson and Members other than the Member Secreary of the Commission.

কারণটা কী ? এটা কি কাজের লোড বেড়ে গেছে সেই জন্য, নাকি কমে গেছে অথবা টাকা বাঁচাবার জন্য যাতে ইনকাম ট্যাক্স না দিতে হয় তার জন্য, নাকি আপনার মনোনীত কোনো ব্যক্তিকে এই পদে দ্বিতীয়বার বসানোর জন্য এই অ্যামেন্ডমেন্ট এনেছেন। ফলে এর কোনো গুরুত্ব নেই। তাই এটা করার কোনো দরকার ছিল না।

[12.35—12.45 p.m.]

আপনার ডিপার্টমেন্টে দেখতে পাচ্ছি যেখানে বহু কাজ করার কথা, সেইসব কাজের দিকে লক্ষ্য রেখেছেন কি ? কোটি কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে, সেই প্রকল্পের টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে খরচ না হওয়ায় ফেরত চলে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তফসিলি জাতি উপজাতি এবং ও.বি.সি. কারা কারা হবেন, তার জন্য এই কমিশনের দায়িত্ব কর্তব্য রয়েছে। ১১৭ মন্ডল কমিশনের রিপোর্ট ছিল যে, ও.বি.সি.কে এর মধ্যে আনতে হবে। সেখানে মাত্র ৬৪টা জাতিকে ও.বি.সি.-র মধ্যে আনা হয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যে আপনি এই ব্যাকওয়ার্ড ক্লাস কমিশনকে কাজে লাগান এবং যে মাহিষ্য সম্প্রদায় বা আরও যে সমস্ত জাতি এখনও এর মধ্যে বাদ আছে তারা যাতে ইনক্লুড হয় সেই ব্যবস্থা গ্রহণ করুন। জোলা—আমিন আনসারি এই গ্রুপটাকে আপনি ও.বি.সি.-র মধ্যে এনেছেন কিন্তু কোনো বিডিও অফিস থেকে জোলা আমিন আনসারিকে কোনো সার্টিফিকেট দিতে চাইছে না এবং যারা ঘোষ অর্থাৎ গোয়ালা তাদের তো সার্টিফিকেট দিতে চাইছে না, বলছে গোপ গোয়ালা বলে লিখে আনতে হবে তবে সার্টিফিকেট পাওয়া যাবে এবং ও.বি.সি.-র ক্ষেত্রে বলছে যে এক লক্ষের বেশি যদি ইনকাম হয় তাহলে সার্টিফিকেট দেওয়া হবে না। এই দিকটাতে আপনি লক্ষ রাখুন। আপনার ব্লকে একটাও ইন্সপেক্টর নেই। কে সার্টিফিকেট দেবে, কে স্কিমগুলো রেডি করে দেবে ? আপনার ব্লক ওয়েলফেয়ার কমিটি, ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার কমিটিগুলোতে ঠিকমত মিটিং হয় না। কোনো কর্মসূচি গ্রহণ করা হয় না। সবদিক থেকে একটা চূড়ান্ত ব্যর্থতা আজকে এই দপ্তরের মধ্যে এসে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলা দক্ষিণ ২৪ পরগনায় সেখানে এই বছর তফসিলি জাতি, উপজাতি, অনুন্নত সম্প্রদায়ের জন্য ৬৫ কোটি টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে খরচা করতে না পারার জন্য সেই টাকা ফেরত চলে গেছে, ম্যাচিং গ্র্যান্টের অভাবে। আজকে সবদিক থেকে চরম অব্যবস্থা। যে এডুকেশনাল অপলিফ্টমেন্ট অ্যান্ড ডেভলপমেন্ট অব দি সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব অ্যান্ড ব্যাকওয়ার্ড ক্লাস-এর কাজ করতে আপনার দপ্তর চূড়ান্ত ব্যর্থ হয়েছে। আজকে সিডিউল কাস্ট ছেলেরা সময় মতো স্টাইপেন্ড পায় না। আশ্রমগুলোর জরাজীর্ণ অবস্থা। সেখানে আজকে বাস করা অসম্ভব। আজকে সোনারপুর, ডায়মন্ড হারবার, বেহালায় জায়গা ঠিক করে দেওয়া হলো সেখানে হোস্টেল হবে। কেন্দ্রীয় সরকারের টাকা এল কিন্তু আপনার দপ্তরের চরম গাফিলতির জন্য আজকে সোনারপুরে

হোস্টেল বাতিল হয়ে গেল, বেহালায় হোস্টেল বাতিল হয়ে গেল। সেই টাকা সমস্ত ফেরত চলে গেলে। কেন্দ্রীয় সরকার থেকে যে দায়িত্ব আপনাকে দিয়েছে আপনি সেই দায়িত্ব পালন করতে পারছেন না। স্যালারি পাবে না, তার পরিবর্তে অ্যালাউন্স পাবে তাই নিয়ে আপনার মাথাব্যথা কিন্তু তাই নিয়ে যে উন্নয়ন করার কথা সেদিকটা আপনি ব্যর্থ হয়েছেন। আজকে সোশিও-ইকনমিক যে আপলিফ্টমেন্ট হওয়ার কথা ওয়েস্ট বেঙ্গল ফিনানসিয়াল কর্পোরেশন সেই কর্পোরেশন থেকে কোটি কোটি টাকা এসেছে, বিভিন্ন স্কিম, বিভিন্ন প্রকল্প, বেকার যুবক যুবতীদের স্বনির্ভর হওয়া, নিজের পায়ে দাঁড়াবে যে ব্যবস্থার দিকে আপনি লক্ষ দেননি। ওয়েস্ট বেঙ্গল সিডিউল ট্রাইব ফিনানসিয়াল কর্পোরেশনের বহু টাকা ফেরত চলে যাচ্ছে। কোনো কাজ হচ্ছে না। ওয়েস্ট বেঙ্গল আদার ব্যাকওয়ার্ড ক্লাস ফিনান্স ডেভলপমেন্ট কর্পোরেশন তাদেরও বহু টাকা এসেছে কিন্তু সেই টাকা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে কোনো কাজ করতে না পারার জন্য কোনো কিছুই বাস্তবে রূপায়িত হতে পারছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যে তফসিলি জাতি, উপজাতিদের জন্য এবং অনুন্নত সম্প্রদায়ের মানুষদের বাঁচাবার জন্য আপনার ডিপার্টমেন্টের চরম গাফিলতি এবং প্রশাসনিক দুর্বলতার জন্য আজকে এই সম্প্রদায়ের মানুষরা বঞ্চিত হচ্ছে। এদিকে লক্ষ দেওয়ার ব্যবস্থা করুন। আর্থিক সামাজিক দিক থেকে পিছিয়ে-পড়া জাতিদের জন্য কেন্দ্রীয় সরকার যে কোটি কোটি টাকা অনুদান দিয়েছেন সেই টাকা সময়মতো ব্যয় হচ্ছে না। সেই টাকা দিয়ে এস.সি., এস.টি. ডিপার্টমেন্টের সরকারি কর্মচারিদের বেতন দেওয়া হচ্ছে। অন্য খাতে ওই টাকা ব্যয় হচ্ছে। জল নিকাশির টাকা, রাস্তাঘাট উন্নয়নের টাকা, হোস্টেল গ্র্যান্টের টাকা, আশ্রম গ্র্যান্টের টাকা সবদিক থেকেই এক চরম অব্যবস্থা চলছে। সংরক্ষণের ব্যবস্থা ঠিকমতো রক্ষিত হচ্ছে না। আজকে মেরিটে যে ছেলে চলে আসছে তাকেও সংরক্ষণের মধ্যে ধরা হচ্ছে। প্রোমোশনের ক্ষেত্রে সুপ্রীম কোর্টের যে অর্ডার আছে সে দিকে কোনো কিছুই লক্ষ রাখা হচ্ছে না। গত বছর ডাক্তারি পরীক্ষার জন্য যে সমস্ত ছেলেরা অ্যাপায়ার করেছিল, সিডিউল ট্রাইব ৫ জন ছেলে কোয়ালিফাই করেছে তার থেকে তিনজনকে বাদ দিয়ে দেওয়া হল, ফিজিক্স, কেমিস্ট্রি এবং লাইফ সায়েন্স ৪০ পার্সেন্ট নেই বলে। এইদিকে আপনাকে লক্ষ রাখতে হবে। ইন্ডিয়ার মেডিকেল অ্যাসোসিয়েশনর সঙ্গে বসে আলোচনা করুন যাতে সিডিউল ট্রাইব ছেলেদের ক্ষেত্রে এইসব প্রতিবন্ধকতা না থাকে, তারা যাতে ডাক্তারি পড়ার সুযোগ পায় সেই দিকে লক্ষ রাখতে হবে। আজকে হায়ার এডুকেশন, টেকনিক্যাল এডুকেশনে, ইঞ্জিনিয়ারিং এডুকেশন সেই সব জায়গায় ঠিকমতো ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। ও.বি.সি. ছাড়া এস.সি., এস.টি. ছেলেরা গতবারে ভর্তি হতে পারেনি। দু-জন ভর্তি হয়েছিল এবং ৩ জন ভর্তি হতে পারে নি। আমি সেই দিকে মন্ত্রিমহাশয়কে লক্ষ রাখতে অনুরোধ করছি। ও.বি.সি.-র জন্য ক্লাস ১২ পর্যন্ত এডুকেশনে সংরক্ষণের ব্যবস্থা হয়েছে, কিন্তু হায়ার এডুকেশন, টেকনিক্যাল এডুকেশন, ইঞ্জিনিয়ারিং এডুকেশন, মেডিকেল এডুকেশনে সেখানে ও.বি.সি.-দের জন্য ব্যবস্থা নেই। যদিও এটা অন্য প্রশ্ন, আমি যে কথা বলতে চাই আজকে কোটি কোটি টাকা আসছে এবং যেখানে ৩৩ পারসেন্ট এস.সি., এস.টি. শ্রেণিভুক্ত এবং তার সঙ্গে ১৮ পারসেন্ট ও.বি.সি.

যুক্ত হয়েছে সেই সমস্ত মানুষরা বঞ্চিত হচ্ছে আপনাদের গাফিলতির জন্য আপনাদের ঔদাসিন্যের জন্য। আমি সেইদিকে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি তিনি সেইদিকে দৃষ্টি না দিয়ে তার পরিবর্তে ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস অ্যামেন্ডমেন্ট বিল, ২০০৩ এখানে আনলেন। এটা আনার স্বার্থকতা কি, যৌক্তিকতা কি ? সেখানে বলা হচ্ছে In view of the present work load of the Chairperson and Members other than the Member Secretary in the West Bengal Commission for Backward Classes, it has been proposed in the public interest to pay allowances and perquisites in lieu of salaries and allowances. এটা আনার কোনো দরকার ছিল ? এর কোনো দরকার ছিল না। এটাকে ড্রপ করে দেওয়া হোক। আপনি বরং অন্য কোনো ব্যবস্থা গ্রহণ করুন এবং এই দপ্তরের কাজ যাতে সুষ্ঠুভাবে হয় এবং এই দপ্তরের কোটি কোটি টাকা ফেরত চলে যাচ্ছে সেটা দেখা উচিত। ক্যাগ রিপোর্টে বলেছে যে গ্রান্টের টাকা চলে যাচ্ছে। আরেকটা কথা বলি যে কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান অজিত বণিক তিনি একজন অপদার্থ ব্যক্তি, তাঁকে জোর করে চেয়ারম্যান করে রাখা হয়েছে। মন্ত্রিমহাশয়কে আমি বলেছিলাম, কিন্তু তিনি কোনো স্টেপ নেননি। অজিত বণিক বলেছিলেন হায়ার এডুকেশনে যদি রিজার্ভেশান থাকে তাহলে সম্পূর্ণ শিক্ষা ব্যবস্থাটাই পঙ্গু হয়ে যাবে। এই রকম কথা একজন কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান কি বলতে পারেন ? সংবিধানে যে সংরক্ষণ আছে যে রিজার্ভেশান আছে সেটাকে অস্বীকার করে তিনি উল্টোপাল্টা কথা বলেন কি করে ? মন্ত্রিমহাশয় এর বিরুদ্ধে কি স্টেপ নিয়েছেন ? আমি বলতে চাই তাকে ওই চেয়ারম্যানের পদ থেকে সরানো হোক এবং সেখানে উপযুক্ত ব্যক্তিকে ওই দায়িত্ব দেওয়া হোক এবং তিনি যে কথা বলেছেন তার জন্য তাকে ক্ষমা স্বীকার করতে হবে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় কোনো স্টেপই নেননি, বরং তাঁকেই বহাল তবিয়তে রেখে চলেছেন। মাননীয় মন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন আমি তার বিরোধিতা করছি। কারণ এর কোনো যৌক্তিকতা নেই। হয়তো তিনি তাঁর মনোমতো কোনো ব্যক্তিকে তার হয়তো চাকরি চলে গেছে তাকে সাহায্য করার জন্যই এই রকম স্যালারি থেকে অ্যালাউন্স করার ব্যবস্থা করছেন।

শ্রী সাধু টুডু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন সেটাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং বিরোধিরা যে সমস্ত বক্তব্য রেখেছেন তার বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রী এই বিলে কিছু শব্দ অমিট করার কথা বলেছেন এবং এখানে সেক্রেটারি, চেয়ারপার্সনদের যে স্যালারির বিষয়টা আছে যেটা অ্যালাউন্স বলে করতে চান তার সবটাকে সমর্থন করছি। স্যার, আমাদের দেশ স্বাধীনতার ৫৫ বছর পরেও তপসিলি জাতি এবং উপজাতি, অনগ্রসর শ্রেণির মানুষ, এরা হাজার হাজার বছর ধরে সামাজিক, আর্থিক এবং সাংস্কৃতিক দিক থেকে শোষিত হয়ে আসছে।

[12.45—12.55 p.m.]

হাজার হাজার বছর ধরে যে শোষণ চলছে তার থেকে এই পিছিয়ে-পড়া মানুষদের মূল স্রোতে ফিরিয়ে আনার জন্য স্বাধীনতার সময়কালে তাদের জন্য সংবিধানের মধ্যেই কতগুলো রক্ষাকবচ করা হয়েছিল। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে সমাজের এই পিছিয়ে পড়া,

শোষিত-নিপীড়িত মানুষ, যারা সামাজিক বৈষম্যের স্বীকার, সিডিউল হিসাবে সংবিধানে যাদের স্বীকার করা হয়েছে তাদের উপর অত্যাচারের ঘটনা আমরা খবরের কাগজে দেখতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি, শ্রেণি বিভক্ত সমাজের পিছিয়ে পড়া এইসব উপাজাতি গোষ্ঠীর নারীদের দেহ নিয়ে উচ্চবিত্ত শ্রেণির মানুষ ভোগের সামগ্রি হিসাবে ব্যবহার করছে। এইসব পিছিয়ে পড়া জনগোষ্ঠী যাতে সোস্যালি ব্যাকওয়ার্ড হয়ে না থাকে সেটা আমাদের সকলের দেখা দরকার। স্বাধীনতার ৫৫ বছর পরেও কিন্তু আমরা এই জিনিস বিভিন্ন রাজ্যে রাজ্যে দেখতে পাচ্ছি। কিন্তু আমি গর্বের সঙ্গে বলতে পারি, এই রাজ্যে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পর অবস্থার পরিবর্তন হয়েছে। এখন আমরা যখন কোনো চায়ের দোকানে চা খাই, কোনো দোকানে বসে মিটিং করি, আমরা কিন্তু এখানে কোনো স্পর্শকাতরতা দেখতে পাই না। জাতিভেদের কোনো কিছু এখানে পরিলক্ষিত হয় না, সবাই এক সঙ্গে খাওয়া-দাওয়া করে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কিন্তু এই পিছিয়ে পড়া জাতির মানুষেরা অন্যান্য বর্ণের মানুষের সঙ্গে একই ইঁদারা থেকে খাওয়ার বা চান করার জল নিতে পারেন না। তাই এক্ষেত্রে যে রক্ষা কবচ রয়েছে তা একান্তভাবে প্রয়োজন। এবং এটা যদি অ্যাক্টে পরিণত হয় তাহলে এই পিছিয়ে পড়া কমিউনিটির মানুষেরা আইনগত দিক থেকেও একটা শক্তপোক্ত জায়গায় পৌঁছতে পারবেন এবং তাদের প্রতি যে আর্থ-সামাজিক বঞ্চনা সেটা আরো লোপ পাবে। তাই মাননীয় মন্ত্রিমহাশয় এ ব্যাপারে যে বিল এখানে পেশ করেছেন তা যথাযথ হয়েছে বলেই আমি মনে করি। বিরোধী দলের সদস্যরা এখানে অনেক কিছু বলে গেলেন। কিন্তু ১৯৭৭ সালের আগে আমরা দেখেছি তফসিলি জাতি উপজাতির মানুষদের আপনারা শিক্ষার অঙ্গনে আনতে পারেননি, তারা আর্থ সামাজিক দিক থেকে কোনো মর্যাদা পেত না। কিন্তু বামফ্রন্ট সরকার এখানে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এই শ্রেণির মানুষেরা মাথা উঁচু করে দাঁড়াতে পারছেন, একটা ভালো জায়গায় তারা আসতে পেরেছেন। পাশাপাশি শিক্ষা-দীক্ষায় একটা আত্মমর্যাদা বোধ তাদের মধ্যে তৈরি হচ্ছে। এবং মূলত সেই জন্যই তারা অর্থনৈতিক দিক থেকে ভালো জায়গা দখল করতে পারছে না। পিছিয়ে পড়া অংশের মানুষ এই বিল পাশের মধ্যে দিয়ে আরো বেশি বেশি করে এগিয়ে আসতে পারবেন এবং তাদের আর্থ সামাজিক অবস্থার উন্নতি হবে এই আশা আমি রাখছি। তাই এই বিলকে সমর্থন করে এবং বিরোধিদের আনা সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী তপন হোড় : স্যার, দি ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩—আমি এই বিলকে সমর্থন করছি এবং এই বিলের উপর মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় বলতে গিয়ে কতকগুলো অনাবশ্যক কথা বলেছেন। প্রথম কথা হল, অর্ডিন্যান্স কেন করা হল ? এবং এই সামান্য ব্যাপারে অর্ডিন্যান্স করার কি দরকার ছিল এবং এ ব্যাপারে, The allowances payable and perquisites provided to the chairperson and Members other than the Member Secretary shall be such as may be prescribed. এটা কেন করা হয়েছে—এ ব্যাপারে তিনি তাঁর বক্তব্য রেখেছেন। এখন ঘটনা হচ্ছে, একটা বিরোধিতা করার জন্য বিরোধিতা করা বা লিকেজ্ খোঁজার জন্য লিকেজ তৈরি করা—এটা বিরোধিদের অভ্যাসে

পরিণত হয়েছে। একথা আজকে খুব পরিষ্কার যে, আর্থিক সংকট চলছে—এটা অস্বীকার করেনি কেউ, আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, তিনি ৭ দফা প্রস্তাব রেখেছেন, তার মধ্যে দিয়ে বলার চেষ্টা করেছেন যে, এখন আর্থিক সংকট চলছে। সেই রকমভাবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রী বলেছেন যে, আর্থিক সংকট আছে ন্যাশনাল লেভেলে। ভারতবর্ষে একটা আর্থিক সংকট চলছে এবং সে ক্ষেত্রে তাঁরা একথা বলেছেন যে, ব্যয় সংক্ষেপ করা দরকার। ব্যয় সংক্ষেপ একটা ইনএভিটেবল্ টাস্ক হয়ে দাঁড়িয়েছে। প্রশাসনিক ক্ষেত্রে সেই দিকে তাকিয়ে, যখন এই ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য যে কমিশন ছিল সেই কমিশনের কাজ যখন বিস্তৃত জায়গা জুড়ে ছিল, তখন পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেটা প্রযোজ্য না হলেও সারা ভারতবর্ষের ক্ষেত্রে সেটা প্রযোজ্য। ব্যাক-ওয়ার্ড ক্লাস, তারা আমাদের ভারতবর্ষের সামাজিক এবং অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে নৃশংসতার বলি হয়েছিলেন একটা ক্লাস পলিটিক্সের মধ্যে দিয়ে। আজকে এই যারা ডাউন ট্রোডেন পিপল্— আমার মনে হয়, তাঁরা আজকে নিজেদের পায়ের তলায় জমি খুঁজে পেয়েছেন। সেখানে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে ব্যাকওয়ার্ড ক্লাস কমিশনের কাজ যথেষ্ট বিস্তৃত পরিমাণে ছিল—এটা ঠিকই। কিন্তু বর্তমানে এই কমিশনের কাজ সীমিত হয়ে গেছে। সুতরাং সেখানে তার পে, স্যালারি এসবের প্রয়োজন হচ্ছে না। কেন্দ্রীয় সরকারের যে আর্থিক প্রস্তাব সেই প্রস্তাব মেনে, সেই ব্যয় সংক্ষেপ করার প্রতি দৃষ্টি দিয়ে পশ্চিমবঙ্গ প্রশাসনিক সিদ্ধান্তে মান্যতা দিয়েছে এবং মান্যতা দিয়েছে বলে আজকে এই ধরনের একটা বিষয় অর্ডিন্যান্স করে আনতে হয়েছে এবং অর্ডিন্যান্সকে আজকে বিলে আনতে হয়েছে। আজকে সম্ভবত এটা পাশও হয়ে যাবে। আপনারা এই বিষয়টা নিয়ে জলঘোলা করছেন। কারণ, আসল ব্যাপারটা হচ্ছে যে, সমস্যা বোঝার ব্যাপারে বিরোধী পক্ষের যে উদ্যোগ, নিষ্ঠা এবং দায়বদ্ধতা থাকা দরকার, সার্ভিস টু দি পিপল্, মানুষের প্রতি যে দরদ থাকা দরকার, সেই ভূমিকা বিরোধিদের মধ্যে আমরা দেখছি না। যদি থাকতো তাহলে আজকে কেন গ্রামে-গঞ্জে আদিবাসী সম্প্রদায়ের মানুষ, তফসিলি জাতি ও তফসিলি উপজাতির মানুষদের উপর আক্রমণের ঘটনা ঘটবে ? ব্রাহ্মণ্য ধর্মের যে কুপ্রভাব আজকে তার জন্যই এগুলো হচ্ছে। বি.জে.পি. ব্রাহ্মণ্য টিকিয়ে রাখতে চায়। আজকে বি.জে.পি.র যে উত্থান সেটা ইতিহাসের কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। প্রাচীনকাল থেকে ডাউন-ট্রোডেন পিপলের উপর ব্রাহ্মণ্য ধর্মের আক্রমণ হয়েছে এবং সেটা মূলত তফসিলি উপজাতির মানুষদের হাজার হাজার বছর ধরে ভোগ করতে হয়েছে। সেখানে দাঁড়িয়ে আজকে রামমন্দিরের নাম করে হিন্দুত্ব ফলাবার যে চেষ্টা হচ্ছে সেটাকে যদি পরিষ্কারভাবে ইতিহাসে বিচার-বিশ্লেষণ করে দেখি তাহলে দেখা যাবে যে, সেটা ব্রাহ্মণ্যবাদের উত্থানের ফলেই হয়েছে। এবং এটা সমাজের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। ভারতবর্ষে সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক যে দিকগুলো আছে তার মধ্যে সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক ক্ষেত্রে সেই সুপ্রাচীন কাল থেকে এই দুর্বলতা আমাদের সামনে প্রকটিত। কিন্তু আমাদের কালচারাল সাইড্ যেটা আছে সেটা অত্যন্ত মহান।

[12.55—1.05 p.m.]

এই যে কালচারাল সাইড যা গোটা পৃথিবীতে এখনও আকর্ষণ করে থাকে তার কারণ হচ্ছে যেখানে কোনো জাতপাত নেই। এখানে কোনো তফসিলি জাতি, উপজাতির এইসব বিষয় নয় মানুষকে মানুষ হিসাবে দেখা হয়। সেই হিসাবে আজকে বামপন্থীরা এই

বিষয়টিকে তারা সর্বাগ্রে বিবেচনা করছে এবং একটা প্লাস পলিটিক্সের মধ্যে এসে তাকে তারা দাবিকে উত্তরণ করার চেষ্টা করছে। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে আপনাদের বিচার করতে বলি যে এই ধরনের মানসিকতার মধ্যে না থেকে আজকে যে ব্যয় সংক্ষেপ করার জন্য যে বিল আনা হয়েছে তাকে আমি পূর্ণাঙ্গ সমর্থন জানাচ্ছি।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের যে সিডিউল কাস্ট অ্যামেন্ডমেন্ট বিলটা এসেছে সেটার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারছি না যে হাউস যখন চলছে, সেখানে সেশানে ২৮শে জানুয়ারি কেন একটা অ্যামেন্ডমেন্ড আনা হল। একদিন পর্যন্ত তো হাউস আরম্ভ হওয়ার কথা ছিল, জানত ওরা যাইহোক ওরা এটা এনেছে কিন্তু এইভাবে যে সমস্ত ব্যাপার এসেছে সেগুলি এমন কিছু প্রয়োজন ছিল না বলে আমরা মনে করছি না। যে সমস্ত সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবস এবং ও.বি.সি.দের নিয়ে যে সমস্যা মেনলি আছে সেগুলি দূর করার ব্যাপারে সরকার পক্ষ কোনো চেষ্টা করছে না। আমি কয়েকটি উদাহরণ দিলে এই ব্যাপারটা পরিষ্কার হবে। পশ্চিমবঙ্গের সমস্ত এস.সি., এস.টি. যে সমস্ত ছেলেমেয়ের সিডিউল কাস্ট সার্টিফিকেট জোগাড় করতে হবে এবং জোগাড় করতে হয়। কিন্তু সেই সার্টিফিকেট দেওয়ার কোনো নির্দিষ্ট ইয়ারস্টিক ঠিক করা নেই। আইনত এস.ডি.ও. এবং বি.ডি.ও. এই সার্টিফিকেট দিতে পারেন কিন্তু কোনো জায়গায় ৩ মাস লাগছে, কোনো জায়গায় ৩ বছর লাগছে। আমাদের ডায়মন্ডহারবার সাবডিভিশানের কথা বলতে পারি। ৬ মাস থেকে ২ বছর ছেলেরা ঘুরছে, মেয়েরা ঘুরছে অথচ সার্টিফিকেট ইস্যু হচ্ছে না। এ ব্যাপারে যারা কনসার্ন অফিসার যারা এস.ডি.ও., বি.ডি.ও. তারা বলেন যে আমাদের দেখেশুনে তো সার্টিফিকেট দিতে হবে। আমরাও একশোভাগ একমত তাদের সঙ্গে যে নিশ্চয়ই তারা দেখেশুনে দেবেন কিন্তু একটা নির্দিষ্ট সময়ের মধ্যে তো দিতে হবে। এস.সি., এস.টি. এবং ও.বি.সি. যেসব ছেলেমেয়েরা সার্টিফিকেট চাইছেন তাঁরা একটা নির্দিষ্ট প্রয়োজনে সার্টিফিকেট চাইছেন কিন্তু সেটা দিচ্ছে না। বি.ডি.ও. সাহেবের কাছে, এস.ডি.ও. সাহেবের কাছে দরখাস্ত করলে একটা নির্দিষ্ট লোক আছে এগুলি দেখার তাকে হাজারও ক্যোয়ারি করতে হয় এবং সেই হাজার ক্যোয়ারি উত্তর ক্যান্ডিডেটকে জোগাড় করে দিতে হয় তবে পাওয়া যায়। জেনারেল এক্যুলিরিয়েন্স এর কথা বলছি যে এক থেকে ২ বছর লেগে যায় তার আগে কোনো সার্টিফিকেট পাওয়া যায় না। আমার নিজের উদাহরণ দিলে বোধহয় আরও পরিষ্কার হবে। সিডিউল কাস্ট সার্টিফিকেট আমার ছিল ছোটোবেলায় কিন্তু চাকরি করার সময় সেই সার্টিফিকেট আমার প্রয়োজন হয়নি—হারিয়ে গিয়েছিল পরে। যখন আমার এম.এল.এ. হওয়ার কথা চলছিল তখন আমি এস.ডি.ও. ডায়মন্ড হারবার, বি.ডি.ও. মথুরাপুরের কাছে গিয়ে বললাম আমার সার্টিফিকেট দিতে হবে। দরখাস্ত করার জন্য একটা ফর্ম দিল। সেই বি.ডি.ও.-র কাছে ৩ বার গেলাম তিনি বললেন হাজারও কোয়ারি আছে আরও সময় লাগবে ৩ সপ্তাহেও হবে না। সৌভাগ্যবশত আমি সল্টলেকের ভোটার ছিলাম। সল্টলেকের এস.ডি.ও. সাহেবের কাছে গেলাম, দরখাস্ত করলাম। তিনি বললেন যে বিকালে এসে সার্টিফিকেট নিয়ে যাবেন। সকালে দরখাস্ত করে বিকেলে পেয়েছি, এই উদাহরণও আছে। কিন্তু গ্রাম বাংলার ছেলে-মেয়েরা দরখাস্ত করে অফিসে

অফিসে দিনের পর দিন ঘুরে বেড়াচ্ছে। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করব এস.সি., এস.টি. সংক্রান্ত বাজেট যেদিন এখানে আলোচিত হবে সেদিন তিনি এ বিষয়ে আমাদের একটু বলবেন যে, গ্রাম বাংলার এস.সি., এস.টি. ছেলেমেয়েদের উপকারের জন্য তিনি কতটা কি করেছেন। সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস ছেলেমেয়েদের স্কুলে লেখাপড়া করার জন্য যে স্টাইপেন দেওয়া হয় তা পেতে তাদের নানা রকম সমস্যার সম্মুখীন হতে হয়। দরখাস্ত করে স্টাইপেন পাওয়ার ক্ষেত্রে আমরা নানা রকম অসুবিধা লক্ষ করছি। বিশেষ করে পোষ্ট ম্যাট্রিক স্টেজে— ১১/১২ ক্লাস এবং বি.এ., এম.এ. পড়ার ক্ষেত্রে সেটা নিয়ে নানা রকম সমস্যা হয়। সরকারি বিভাগের গাফিলতির জন্য ছেলেমেয়েরা সময় মতো তা পায় না। নিজেদের বাড়িতে থেকে যারা পড়াশুনা করে তাদের স্টাইপেন পাওয়ার ক্ষেত্রে খুব বেশি অসুবিধা হয় না, সে ক্ষেত্রে আমার খুব বেশি কিছু বলার নেই। কিন্তু সে সমস্ত সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস ছেলেমেয়েরা হস্টেলে থেকে পড়াশুনা করে তাদের সে উপলক্ষে যে টাকা-পয়সা দেওয়া হয় তা খুবই কম। এতএব তাদের বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি একটু চিন্তাভাবনা করতে অনুরোধ করছি। এটা যদি তিনি একটু ভাবেন তাহলে ভালো হয়। তাদের ক্ষেত্রে স্টাইপেনটা কতটা বাড়ানো যায়, তা একটু ভেবে দেখুন। তা না হলে হস্টেলে থেকে ওই সমস্ত ছেলেমেয়েদের পড়াশুনা চালিয়ে যেতে খুবই অসুবিধা হচ্ছে। গ্রাম-বাংলায় এবং কলকাতায় সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব বহু ছেলেমেয়েই হস্টেলে থেকে পড়াশুনা করে। গ্রাম-বাংলায়, কলকাতায় এবং বিভিন্ন আধা শহরে কিছু হস্টেল আছে, আরো কিছু হস্টেল আন্ডার কনস্ট্রাকশন আছে শুনেছি। সেগুলি তাড়াতাড়ি কমপ্লিট করা দরকার। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, সেগুলি তাড়াতাড়ি কমপ্লিট করুন এবং এস.সি., এস.টি. ছাত্রছাত্রীদের হস্টেল অ্যালাউন্স আরো একটু বাড়ান। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় স্পীকার, স্যার, দি ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস (অ্যামেন্ডমেন্ট বিল, ২০০৩) আজকে এই হাউসে আনা হয়েছে। কমিশনের চেয়ারপার্সন এবং সেক্রেটারির পারিশ্রমিককে এই বিলের মধ্যে দিয়ে বেতনের বদলে অ্যালাউয়েন্স হিসাবে গণ্য করার কথা বলা হচ্ছে। সে জন্য আমি এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি। স্যার, এ প্রসঙ্গে আমি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের একটা কবিতার দুটো লাইন উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে—

'মানুষের অধিকারে বঞ্চিত করেছে যারে—
সম্মুখে দাঁড়ায়ে রেখে তবু কোলে দাও নাই স্থান ;
অপমানে হতে হবে তাদের সবার সমান।'

আজকে রবীন্দ্রনাথ ঠাকুর বেঁচে থাকলে পশ্চিমবাংলার এই সরকারকে নিয়ে এই রকম কবিতা লিখতেন।

মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী এই কমিশনের চেয়ারপার্সন এবং সেক্রেটারি যাঁরা আছেন তাঁদের আর বেতন বা পে না দিয়ে অ্যালাউয়েন্স দেবার কথা বলে অত্যন্ত

তড়িঘড়ি এই বিলটি নিয়ে এসেছেন। মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস কমিশন বা আরো যেসব বিভিন্ন কমিশন আছে তাদের ক্ষেত্রেও কি পে-র বদলে অ্যালাউয়েন্স দিচ্ছেন, না তাঁদের বেতন হিসাবেই দিচ্ছেন ? এটা তিনি একটু পরিষ্কার করে হাউসকে বলুন। স্যার, ইতিপূর্বে ও.বি.সি.দের জন্য এই হাউসে আমাদের পার্টির পক্ষ থেকে নন-অফিসিয়াল রেজলিউশন আনা হয়েছিল—ও.বি.সি.দের রিজার্ভেশনের ক্ষেত্রে এবং সেটা সর্বসম্মতিক্রমে এই হাউসে পাশ হয়েছিল। কিন্তু আমি মাননীয় মন্ত্রীর কাছে উল্লেখ করছি—১২ ক্লাসের পরে ও.বি.সি.দের জন্য শিক্ষা ক্ষেত্রে আর রিজার্ভেশন নেই।

[1.05—1.15 p.m.]

সেক্ষেত্রে আমরা নন-অফিসিয়াল রেজোলিউশন এনেছিলাম এবং তা সর্বসম্মতিক্রমে পাশ হয়েছিল এবং সেখানে আমরা এই ব্যাপারে এগ্রি করেছিলাম। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি, এদের ক্ষেত্রে যদি ৭ পারসেন্ট রিজার্ভেশন করা হয় তাহলে তারা উপকৃত হবে। আর একটি বিষয় আমি আপনার কাছে আবেদন আকারে রাখছি, সারা পশ্চিমবাংলায় এস.সি., অ্যান্ড এস.টি. এবং ও.বি.সি. যাঁরা আছেন তাঁদের ক্ষেত্রে একটা রিজার্ভেশন আছে। চাকরির ক্ষেত্রে ওদের যে ফেসিলিটি পাওয়ার কথা সেই ফেসিলিটি একটা জেনারেশন পাচ্ছে। যেমন ধরুন, আমি চাকরি করি, আমার ছেলেমেয়ে, তার পরিবার এবং তার আত্মীয়স্বজন তারা ফেসিলিটি পাচ্ছে এবং একটা অধিকারে দাঁড়িয়ে গেছে যে, তাদের ছেলেমেয়ে, পরিবার এবং আত্মীয়স্বজন চাকরি পাবে। কিন্তু নতুন করে রিক্রুটমেন্টের ক্ষেত্রে রিজার্ভেশনের ব্যাপারে তারা কিন্তু বঞ্চিত হচ্ছে। সারা পশ্চিমবাংলায় এদের জন্য সরকারিভাবে প্রচুর অনুদান আসে। কিন্তু দেখা যাচ্ছে, এক্ষেত্রে গ্রাম-বাংলা পিছিয়ে যাচ্ছে। শিক্ষাক্ষেত্রে আপনারা এখানে দাঁড়িয়ে বড়ো বড়ো কথা বলেন, গ্রাম-বাংলার প্রচুর লোক সাক্ষরিত হয়েছে। কিন্তু আজকেই খবরের কাগজে আছে, রায়গঞ্জের একটি গ্রামে লক্ষ্মী কিস্কু নামে একজন ভদ্রমহিলাকে ডাইনী সন্দেহে পিটিয়ে মারা হয়েছে। এদিকে এদের শিক্ষার জন্য টাকা বরাদ্দ হচ্চে আর গ্রাম-বাংলা পিছিয়ে যাচ্ছে। এদের এই সমাজব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাবার জন্য প্রচুর টাকা বরাদ্দ হওয়া সত্ত্বেও বাস্তবে তা কার্যকরী হচ্ছে না। একটু আগে তপনবাবু বললেন, বিরোধিরা বিরোধিতার জন্য বিরোধিতা করছে, ওদের কোনো দায়বদ্ধতা নেই। কিন্তু আমি বলবো, তপনবাবুকে এইসব ব্যাপারগুলি জানতে হবে। আমি এখন কতকগুলি কথা বলতে চাই, যেমন, লোনের ক্ষেত্রে প্রচুর অ্যাপলিকেশন জমা পড়েছে এবং তা দিনের পর দিন পড়ে আছে। তারা লোন পাচ্ছে না, স্কিম ফেরত চলে যাচ্ছে আর সরকার এখানে বড়ো বড়ো কথা বলছেন যে এস.সি., এস.টি. এবং ও.বি.সি.দের জন্য সরকার এই করছে। তাই বলছি, অসত্য ভাষণ রাজ্যপালের ভাষণে লেখা হয়েছে এবং মাননীয় অর্থমন্ত্রীও তাই দিয়ে গেলেন। আপনি কি জানেন, ২৭ মার্চ, বৃহস্পতিবার মালদার হবিবপুরে প্রণামী সোরেন নামে একটি ১৬ বছরের মেয়ে যার বাবা-মা নেই, মামা-মামীমার কাছে মানুষ হয়েছে, সেই মেয়েটি তার এক বন্ধুর সঙ্গে মামার বাড়িতে বিয়ে উপলক্ষ্যে গিয়েছিল। যখন সে বাড়ি ফিরছিল তখন সন্ধ্যা হয়ে যায়। সে তখন অন্য বন্ধুদের বলে

আমার ভয় করছে, আমাকে একটু বাড়ির দিকে এগিয়ে দিতে। সেই সময় রুলিং পার্টি, আপনাদের দালাল যারা আছে, পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি, সুখী কিস্কু তাকে ধরে বিচার করে রায় দিল, ওকে উলঙ্গ করে ঘোরানো হোক, নতুবা ন্যাড়া করে দেওয়া হোক। এই দেখুন, পত্রিকায় তার ছবি বেরিয়েছে। তাই বলছি, এস.সি., অ্যান্ড এস.টি.দের প্রতি আপনাদের কোনো দরদ নেই। কোন্ এক্তিয়ারে তার বিচার করা হল ? যারা বিচার করেছে অবিলম্বে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

(এই সময়ে পরবর্তী স্পীকার ডাকায় মাইক অফ হয়ে যায়)

শ্রীকিরীটি বাগদি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় ব্যাক-ওয়ার্ড ক্লাসের জন্য যে অর্ডিন্যান্স বিল এনেছেন তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। স্যার, বিভিন্ন সময়ে দেখা গেছে এই ব্যাকওয়ার্ড ক্লাসের মানুষদের, পিছিয়ে পড়া মানুষদের বিভিন্ন ধরনের অসুবিধা দেখা দিয়েছে। সেই জন্য এই অর্ডিন্যান্স অত্যন্ত প্রয়োজন ছিল। বিশেষ করে, চেয়ারপারসনস এবং অন্যান্য সদস্যদের ক্ষেত্রে, তফসিলি জাতি এবং উপজাতিদের ক্ষেত্রে নানা রকমের প্রতিবন্ধকতা আছে এবং সেটা আগামী দিনেও তাদের উপর নানা রকমের অত্যাচার আসবে। সেই জন্য আজকে প্রয়োজন আছে এই রকম একটা অর্ডিন্যান্স আনার। স্যার, তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষরা শিক্ষার ক্ষেত্রে পিছিয়ে আছেন। কিন্তু স্যার, আজ থেকে ২০/২৫ বছর আগে এইসব সম্প্রদায়ের মানুষরা ভাবতেই পারতেন না যে তাদের ঘরের ছেলেমেয়েরা স্কুল, কলেজে যাবে, লেখাপড়া শিখবে। আজকে বামফ্রন্টের আমলে তারা কিন্তু স্কুল, কলেজে যাচ্ছে এবং লেখাপড়া শিখছে। আজকে থেকে ২০/২৫ বছর আগে এই তফসিলি জাতি, উপজাতির সম্প্রদায়ের মানুষরা ভাবতেই পারতেন না তারাও সমাজের একটা অংশ। তারা ভাবতেন বাবুদের বাড়িতে বেগার খাটার জন্য এবং বাবুদের জমিতে জন মজুরের কাজ করার জন্যই বুঝি বা তাদের জন্ম। আজকে বামফ্রন্টের আমলে তারা মানুষের মর্যাদা পেয়েছে, মানুষের সম্মান পেয়েছে এবং তাদের ছেলেমেয়েরা প্রাইমারি স্কুলে যাচ্ছে, হাই স্কুলে যাচ্ছে, হোস্টেলে থেকে পড়ার সুযোগ গ্রহণ করতে পারছে। কাজেই যে জটিলতা ছিল মন্ত্রিমহাশয় চেয়েছেন তা দূর করতে এবং আইনের পরিবর্তন করে এই সম্প্রদায়ের মানুষদের আরও সুযোগসুবিধা দিতে এবং এইজন্য এই বিল আনা হয়েছে। স্যার, তফসিল জাতি, উপজাতি মানুষদের সার্টিফিকেট দেওয়ার ব্যাপারটা অনেকটা সরলীকরণ করা হয়েছে, সহজ করা হয়েছে আমরা জানি তবে বিশেষ বিশেষ ক্ষেত্রে হয়তো বা কিছু জটিলতা আছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন, বিষয়টির প্রতি দৃষ্টি দিয়ে এই সার্টিফিকেট দেওয়ার কাজটা যাতে আরও ত্বরান্বিত করা যায় সেটা দেখুন। অনুরূপভাবে তাদের রেশন কার্ড দেওয়ার ব্যাপারটাও যাতে সরলীকরণ করা যায়, অর্থাৎ সহজে যাতে তারা রেশন কার্ড পেতে পারে, কোনো হয়রানির মধ্যে তাদের যাতে পড়তে না হয় সেটা দেখুন। এরপর আমি বি.পি.এল. লিষ্টের কথায় আসছি। এ ক্ষেত্রে তালিকা যেটা করা হয়েছে তাতে অনেক ভুলভ্রান্তি হয়েছে। সেটা কারেক্ট করে সত্যিকারের যারা পিছিয়ে পড়া অংশের দরিদ্রমানুষ, যাদের নাম সত্যিকারের বি.পি.এল. লিষ্টে অন্তর্ভুক্ত হওয়া উচিত তা যাতে হয় সেটা দেখুন। স্যার, কয়েকদিন আগে

ঝড়বৃষ্টির যে তান্ডব হয়ে গেল তাতে আমার ওখানে যারা গরিব মানুষ, তফসিল জাতি, উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষ তাদের অনেকের বাড়িঘর ধ্বংস হয়ে গিয়েছে। বিধানসভায় কয়েকদিন আগে তাদের ত্রাণ ও ঘরবাড়ি নির্মাণের ব্যাপারে সাহায্য করার জন্য আমি আবেদন জানিয়েছিলাম, সেটা যাতে দেওয়া হয় সেটাও দেখুন। স্যার, আমাদের রাজ্যে এই বামফ্রন্টের আমলেই আমরা দেখছি যে পিছিয়ে পড়া গরিব মানুষরা আজকে পঞ্চায়েত প্রধান হচ্ছেন, সভাপতি হচ্ছেন, সভাধিপতি হতে পারছেন এবং বামফ্রন্ট সরকার আছে বলেই এটা সম্ভব হচ্ছে কারণ তাদের আমরা মর্যাদা দিয়েছি। এই বলে পুনরায় এই বিলকে সমর্থন করে শেষ করছি।

শ্রী তন্ময় মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তফসিলি জাতি এবং উপজাতিদের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যে বিল হাউসে এনেছেন তার বিরোধিতা করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। স্যার, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তফসিলি জাতি, উপজাতি এবং ও.বি.সি.দের উন্নয়নের ব্যাপারে অনেক কথা বলেন, বইপত্রেও অনেক কথা লেখেন কিন্তু স্যার, বাস্তবের সঙ্গে তার কোনো মিল আমরা লক্ষ করছি না।

[1.15—1.25 p.m.]

প্রথমে আমি আসছি শিক্ষাক্ষেত্রে। শিক্ষাক্ষেত্রে লেখা হয়েছে "পঞ্চম থেকে দশম শ্রেণিতে পাঠরত তফসিলি জাতি এবং উপজাতি ছাত্রছাত্রীদের বই কেনা ও মাধ্যমিক পরীক্ষার ফি দেওয়ার জন্য অনুদান দেওয়া হচ্ছে।" এখানে আর্থিক বরাদ্দের কথা বলা আছে। সেই সংখ্যা পড়ে বলা যায় যে এটা যথেষ্ট নয়। ছাত্রাবাসের খরচ মেটানোর জন্য মাথাপিছু ভর্তুকি দেওয়া হচ্ছে ৪০০ টাকা। এখানে কত বরাদ্দ করা হয়েছে এবং কত ছাত্রছাত্রী এই পরিসংখ্যান যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে কথা বলা হয়েছে সেটা এমন কিছু নয়, সেটা উল্লেখ করার মতো কিছু নয়। তপসিলি জাতি ছাত্রছাত্রী সংখ্যা বলা হচ্ছে ৩২ হাজার, তার পেছনে ব্যয় করা হচ্ছে ১২.৮০ লক্ষ টাকা এবং উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের সংখ্যা ২৮ হাজার সেখানে ব্যয় করা হচ্ছে ১১.২০ লক্ষ। এই ব্যাপারে যে অর্থ বরাদ্দ করা হয়েছে তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য সেখানে হিসাব করলে দেখা যাবে খুব সুবিধাজনক জায়গায় নেই, তাদের জন্য এমন কিছু করা হয়নি। ডে স্কলার প্রোগ্রাম করা হয়েছে, সেখানে বলা হচ্ছে ৪৮০ টাকা করে প্রতি বছর পাবে। একটা ছাত্র বা একটা ছাত্রীর জন্য এটা মাসিক হিসাবে আনা যায় তাহলে দেখা যাবে মাসে ৪০ টাকা করে পাবে। মাসে ৪০ টাকা দিয়ে ডে স্কলারের জন্য কিছু করা যাবে না। আমার মনে হয় এই প্রোগ্রাম হয় বাতিল করা দরকার না হয় এই অর্থ ২৪০০ টাকা কমপক্ষে করা হোক। ছাত্রছাত্রীদের জন্য সরকারের পক্ষ থেকে ছাত্রাবাস করা হয়েছে। এটা খুব সুখবর, আমি এটাকে সাধুবাদ জানাচ্ছি। ছাত্রছাত্রীদের মানোন্নয়ন কর্মপ্রকল্পে সরকার কিছু ব্যবস্থা করতে পারেনি। তফসিলিজাতিভুক্ত ছেলেমেয়েদের পড়াশোনা করার জন্য মান উন্নয়নের জন্য সরকারের তেমন ব্যবস্থা নেই, সেই রকম শিক্ষাব্যবস্থা নেই। অত্যন্ত গরিব ছেলে-মেয়েদের টিউশান ফি দিয়ে কোনোরকম করে ছাত্র-ছাত্রীদের পাঠানো হয়। সেখানে দেখা যায় তারা জয়েন্ট এন্ট্রান্সে যায়, ডবলু.বি.সি.এস.-এ যায়, আই.পি.এস.-এ যায়, আই.এ.এস.-এ যায়,

কিন্তু তারা কোনো না কোনো সাবজেক্টে দুর্বল। যেমন ম্যাথামেটিক্সে বা ফিজিক্যাল সাইন্স ইত্যাদি কোনো না কোনো জায়গায় এমন দুর্বল হয়ে থাকে যে এন্ট্রান্স পরীক্ষা থেকে বার হয়ে আসতে পারছে না। এই সমস্ত পরীক্ষায় তফসিলি জাতি এবং উপজাতিভুক্ত ছাত্রছাত্রীরা অধিকাংশ ক্ষেত্রে পেছিয়ে আছে। আমি বলব এই ব্যাপারে সরকার যদি সত্যিকারের চিন্তাভাবনা করেন তাহলে এই সমস্ত ছাত্রছাত্রীদের জন্য ট্রেনিং-এর ব্যবস্থা করুন, কোচিং-এর ব্যবস্থা করে তাদের কোচিং করুন। এইভাবে তাদের যদি শিক্ষা দেওয়া হয় তাহলে সরকার যে চিন্তাভাবনা করছে তাতে কিছু অংশ সুফল পাওয়া যাবে। মহিলা সম্প্রদায়ের জন্য এখানে দেখলাম যে ক্ষুদ্র ঋণ প্রকল্পের কথা বলা হয়েছে, আবাসন প্রকল্পের কথা বলা হয়েছে, বলা হয়েছে সরকার এই সমস্ত কাজে হাত দিয়েছেন। এই ক্ষেত্রে আমি বলবো আদিবাসী স্বশক্তিকরণ যোজনা করা হয়েছে সেই যোজনার মাধ্যমে সরকার বিশেষ কিছু করতে পারবে না। তাদের সার্বিক উন্নয়নের জন্য পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে এই প্রকল্প করা হয়েছে কিন্তু কত দাবি পেশ করা হয়েছে সেটা দেখানো হয়নি। আমি এখানে বলতে চাই এই যে আদিবাসী মহিলাদের জন্য স্বশক্তিকরণ প্রকল্প নেওয়া হয়েছে তার মধ্যে ক্ষুদ্র ঋণ প্রকল্পে, আবাসন প্রকল্পে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই কত টাকা ঋণ ধার্য করা হয়েছে, কতজন মহিলাকে দেওয়া হয়েছে, মাথাপিছু কত টাকা করে ঋণ দেওয়া হবে, কোন কোন কাজের জন্য বা শিল্পের জন্য এই ঋণ দেওয়া হবে ? ম্যাকসিমাম কত টাকা পর্যন্ত লোন দেওয়া হবে এবং লোন প্রদানের শর্তগুলো কিরূপ তা কিন্তু আজকে এই যে দাবি পেশ করা হয়েছে তাতে উল্লেখ নেই। সেজন্য আমি রাজ্য সরকারের কাছে দাবি রাখছি, জনজাতি উন্নয়ন নিগম এবং সরকারি মহিলা-যুব কর্ম প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হোক। মহিলাদের নানা ধরনের স্বনিযুক্তি হতে পারে—যেমন, বুটিক, উল নিটিং ইত্যাদি হতে পারে। এটা করে তাদের কো-অপারেটিভের মাধ্যমে ঋণ দিয়ে যদি তাদের ব্যবসা বা কাজকর্ম করার সুযোগ দেওয়া হয়, তাহলে তাদের জন্য সত্যিকারের কিছু করা হবে বলে আমার মনে হয়। সেজন্য আমি তাদের ট্রেনিং দেবার কথা বলছি। এবং এটা যদি কো-অপারেটিভের মাধ্যমে করা হয়, তাহলে আমি বলব যে সরকারের প্রকৃত সদিচ্ছা আছে। আর চাকরির ক্ষেত্রে আমরা যেটা দেখছি, অনেক জায়গায় ভ্যাকান্সি থাকে, এই সম্প্রদায়ের ছেলেমেয়েদের জন্য কোটাও থাকে। অনেক জায়গায় ইন্টারভিউও হয়। কিন্তু সেইসব জায়গায় উপযুক্ত তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের লোক না থাকার জন্য সেগুলো পূরণ হয় না। আমি বলব, সেই সমস্ত পদগুলি পূরণের ব্যবস্থা করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী উপেন কিস্কু : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, 'ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩' যা এখানে উপস্থিত করা হয়েছে এবং মাননীয় সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এখানে যে আলোচনায় অংশগ্রহণ করেছেন, আমি মনোযোগ দিয়ে আলোচনাগুলো শুনছিলাম। কিন্তু আজকে যে বিষয় বিলে উত্থাপন করা হয়েছে, অর্থাৎ 'অর্ডিন্যান্স' তাকে বাতিল করে বিলটি আনা হয়েছে, সেদিকে অধিকাংশ সদস্য যাননি। বিরোধী সদস্যরাও সেদিকে যাননি। তাঁরা কেবল দু'একটি কথা বলেছেন, কেন অর্ডিন্যান্স করার প্রয়োজন হল, কেন এই রকম বিষয়ে

দপ্তর নজর দিচ্ছে, গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কেন নজর দিচ্ছে না ইত্যাদি বললেন। বিষয়গুলো কিন্তু তা নয়। আমি আপনাদের সামনে বলতে চাই, বিগত অধিবেশনে আমরা এই রকম একটি বিল আনার উদ্যোগ নিয়েছিলাম। কিন্তু টেকনিক্যাল কারণে তা আনতে পারি না। অথচ জানুয়ারি মাসের ২৩ তারিখে কমিশনের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে, এই রকম অবস্থায় আমাদের অর্ডিন্যান্স করার প্রয়োজন দেখা দেয়। যেজন্য অর্ডিন্যান্স অ্যাক্ট, ২০০৩ কমিশনের ওপরে আনা হয়েছিল। এখন যেহেতু বিধানসভা চলছে, সেজন্য এটিকে বিল আকারে এনেছি। ১৯৯৩ সালে কমিশন গঠিত হবার পর থেকে যে কাজকর্ম করেছে তা ভালভাবেই করেছে। ১৯৯৪ সালে ২৬টি জনগোষ্ঠী ও.বি.সি.কে অন্তর্ভুক্ত করা হয়। ১৯৯৫ সালে করা হয় ১২টি। ১৯৯৬ সালে করা হয় ১৮টি, ১৯৯৭ সালে অন্তর্ভুক্ত করা হয় ১টি এবং রিজেকটেড হয় ১২টি। ১৯৯৮ সালে অন্তর্ভুক্ত করা হয় ৫টি, আর রিজেক্ট করা হয় ৩০টি। ১৯৯৯ সালে ২টি ইনক্লুশান হয় এবং রিজেকটেড হয় ৯টি। ২০০০ সালে ইনক্লুশান হয় ১টি আর রিজেকটেড হয় ৫টি। ২০০১ সালে ১টি ইনক্লুডেড হয়েছিল, সেটি বাতিল হয়েছিল। ২০০২ সালে ইনক্লুডেড হয় ২টি, বাতিল হয়েছিল ১টি। আমি আপনাদের যে তথ্য দিলাম—দু'তিন বছর ধরে কমিশনের কাজের চাপ কমে গিয়েছিল, পাঁচ ছ'টির বেশি সিটিং হচ্ছিল না। সেজন্য আমরা মনে করেছি, ফুল ফ্লেজেড কমিশনের, চেয়ারপার্সন, অন্যান্য অফিস এইসব সমানভাবে রাখার প্রয়োজন নেই। চেয়ারপার্সন এবং সদস্যদের পার্ট টাইম হিসাবে রেখে কাজ চালাতে পারব তাঁদের সিটিং অ্যালাউন্সের ভাতা দিয়ে। যেহেতু আমাদের উদ্দেশ্য সিদ্ধ হবে, সেই হেতু ফুল ফ্লেজেড কমিশন-এর আর প্রয়োজন নেই বলে আমরা মনে করছি।

[1.25—1.35 p.m.]

অর্থাৎ মেম্বার সেক্রেটারি ফুল ফ্লেজেডে থাকবে, অফিস থাকবে ফুল ফ্লেজেডে, কাজেই যে সমস্যাগুলি আসবে, সেইগুলি আমরা এর মধ্যে দিয়ে মেটাতে পারব। যদি এই রকম হয়, ভবিষ্যতে কাজের চাপ বাড়ে, আমরা ভবিষ্যতে এটা ভেবে দেখতে পারি। এটা মনে হয় হচ্ছে না। সেইজন্য আমি এই বিলটা এনেছি। আপনারা বিভিন্ন বিষয়ে বলেছেন, আপনারা অন্য যে বিষয়গুলি নিয়ে বলেছেন, সেইগুলি নিয়ে আমি বাজেটের দিনে বলব। কিন্তু ও.বি.সি. সম্বন্ধে কতকগুলি বিষয়ে যা বলেছেন, বিশেষ গুরুত্ব দেওয়া হয়নি, কাজকর্ম হয়নি, সেই বিষয়টা অনেকে বলেছেন। আপনারা ইতিমধ্যে দেখেছেন আমরা ও.বি.সি.-দের জন্য সেভেন পারসেন্ট রিজারভেশান হায়ার সেকেন্ডারি পর্যন্ত কার্যকর করেছি। উচ্চশিক্ষার ক্ষেত্রের ব্যাপারে আমরা আগেই বলেছি।

মিঃ স্পীকার : আপনার আর কতক্ষণ সময় লাগবে ?

শ্রী উপেন কিস্কু : নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ হয়ে যাবে।

মিঃ স্পীকার : ঠিক আছে, এটার জন্য আমি আরো আধঘণ্টা সময় বাড়িয়ে নিচ্ছি।

শ্রী উপেন কিস্কু : এখানে এস.সি. ও এস.টি.-দের নিয়ে অনেকেই কথা বলেছেন, এস.সি. ও এস.টি.-র জবাব আমি দিতে চাইছি না। স্কুল সার্ভিস কমিশনের ক্ষেত্রে যে নিয়োগ হয়েছে, ২টি টার্মে, সেখানে ১৯ হাজার ৪২২ জন নিয়োগ হয়েছে হাইস্কুল ও

হায়ার সেকেন্ডারী স্কুলে, সেখানে ও.বি.সি. ২ হাজার জনকে নিয়োগপত্র দেওয়া হয়েছে। সেটা হচ্ছে ১০.৯০ শতাংশ। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে '৯৬ সাল থেকে যে নিয়োগপত্র দেওয়া হয়, মোট নিয়োগপত্র দেওয়া হয়েছে ৪০,৬৬২ ; এর মধ্যে ও.বি.সি. হচ্ছে ৫৬২৭ জন অর্থাৎ ১৪ শতাংশ। কাস্ট সার্টিফিকেট ও.বি.সি.-দের যা দেওয়া হয়েছে সেটা হচ্ছে ৭৫ হাজার ৮০০টি আজ পর্যন্ত। গতবারে অনেকে বলেছিলেন, বয়স-এর প্রশ্নে, ১৮ বছরের কমে কি সার্টিফিকেট দেওয়া যায় না ? আমি নির্দেশ দিয়েছি, ৪ বছর থেকে যেহেতু প্রাথমিক থেকে রিজারভেশান চালু করতে হবে, সেই জন্য আমরা কাস্ট সার্টিফিকেট ৪ বছর থেকেই দেওয়ার নির্দেশ দিয়েছি। অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রের ব্যাপারে আমরা ও.বি.সি.-দের জন্য কাজ করেছি। ওয়েস্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড ক্লাস ডেভলপমেন্ট ফাইনান্স কর্পোরেশন সেটা তিন বছর কাজকর্ম করেছে, খুব বেশিদিন হয়নি। তার মধ্যে ৭৫৬ জনকে আমরা স্বাবলম্বিত করেছি। ৩১/১২/২০০২ পর্যন্ত ঋণ দেওয়া হয়েছে ৫ কোটি ২৭ লক্ষ ৯৯ হাজার ৪২৬। এন.বি.সি.এফ.ডি.সি.-র শেয়ার হচ্ছে ৪ কোটি ৭২ লক্ষ ২ হাজার ৬৮৭ টাকা, আর.এস.সি.এ.-র শেয়ার যেটা, সেটা হচ্ছে, ৫৫ লক্ষ ৯৬ হাজার ৭৩৯ টাকা। এইভাবে আমরা তাদের জন্য মাইক্রো ফাইন্যান্সিং চালু করেছি। এখানে সাবিত্রী দেবী একটা কথা বলছিলেন, আমি আপনাকে জানিয়ে রাখছি, পশ্চিমবাংলায় এস.সি.এস.টি. কমিশন বলে কোনো কমিশন নেই। আপনি একটু পড়াশুনা করবেন তাহলে সুবিধা হবে। বার্থ সার্টিফিকেট দেওয়ার কথা এখানে উঠেছে। ব্লক ইন্সপেক্টার নেই, কাস্ট সার্টিফিকেট দিতে দেরি হয়। এখানে আমি আপনাদেরকে একটা তথ্য দিতে পারি সেটা হচ্ছে, আমাদের এখানে ৪৬১টি পরিদর্শক-এর পদ বিভিন্ন ব্লকের এরিয়ায় পড়ে আছে, আর জেলায় সেখানে ১১৫টি শূন্যপদ আছে। এখানে হাইকোর্টের ইনজাংশন থাকার জন্য লোক দেওয়া যাচ্ছে না, পদোন্নতি হলে সেটা পূরণ হয়ে যাবে। স্বাভাবিকভাবে আমরা বলতে পারি, ইন্সপেক্টার নিয়ে সমস্যা, সেটার সমাধান হবে। অন্যান্য যে বিষয়গুলি আছে, সেইগুলির ব্যাপারে আমি আপনাদের সঙ্গে একমত। '৩১ সাল থেকে আমাদের এখানে জাতপাতের বিভেদ নিয়ে সমস্যা হয়না। দলিল-টলিল কেউ লিখে রাখে না। এখানে সাধারণ মানুষকে সবাই একই চোখে দেখে। স্বাভাবিকভাবে ও.বি.সি.-দের কাস্ট সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে তাদের প্রমাণপত্র দলিল-টলিল যা দেখাতে বলা হয় তা তারা সবসময় দেখাতে পারেন না। তা সত্ত্বেও আমরা সরলীকরণ করার জন্য নির্দেশ দিয়েছি। ইন্সপেক্টররা গিয়ে ফিল্ড এনকোয়ারি করবে, তারা যদি প্রাথমিকভাবে মনে করেন তাহলে তখনই সার্টিফিকেট দেওয়ার সুপারিশ করবেন। আর যদি আরো এনকোয়ারি করার দরকার মনে করেন তাহলে আরও ওপেন এনকোয়ারি হবে। এইসব পদ্ধতির মাধ্যমে দু'মাসের মধ্যে সার্টিফিকেট দেওয়া হয়। তবে সবসময় এটা হয়ে ওঠে না। এই ব্যাপারে আমরাও যথেষ্ট আশঙ্কিত দ্রুত এই সার্টিফিকেটগুলো কিভাবে দেওয়া যায়। তবে একটা ব্যাপারে আপনারা সকলেই একমত হবেন, যদি সার্টিফিকেট ভুল চলে যায় সেটা আরও বিপদজ্জনক হবে। তবে এই কাস্ট সার্টিফিকেটটা খুবই গুরুত্বপূর্ণ, সেইজন্য আমরা জানুয়ারি মাসে স্পেশাল ড্রাইভ দিয়েছিলাম। অনেক সময়েই আমরা স্পেশাল ড্রাইভ দিই, আগামীদিনে আরও এই রকম স্পেশাল ড্রাইভ আমরা দেব। কাস্ট সার্টিফিকেটটা পেলে পরে তাদের সুযোগ-সুবিধা পাওয়ার ক্ষেত্রে সুবিধা হবে। তবে

মানুষকে সুড়সুড়ি দিয়ে কোনো লাভ নেই। তারা যাতে উপকৃত হতে পারেন, তারা যাতে সুযোগ-সুবিধা পান সেই ব্যাপারে আমরা সতর্ক আছি, এই ব্যাপারে আমরা খুবই সজাগ। মাননীয় সদস্যা সাবিত্রী মিত্রকে বলছি, আপনিও আমার সঙ্গে একমত হবেন, আজকে শিক্ষার অগ্রগতি ঘটার জন্য ডাইনি হত্যা—বিশেষ করে আপনার জেলা মালদায় বছরে আট-নয় জন করে ডাইনি হত্যার ঘটনা ঘটত, এখন সেখানে দু-তিনটি ঘটনা ঘটছে। ডাইনি হত্যার ঘটনা এখন অনেক কমে গেছে। এই ব্যাপারে আমাদের সচেষ্ট থাকতে হবে। ওদের মধ্যে বিজ্ঞান শিক্ষার অগ্রগতি ঘটেছে। আশা করি ওদের মধ্যে থেকে আমরা অন্ধবিশ্বাস ও কুসংস্কার দূর করতে পারব। এটা কোনো সেন্টিমেন্টাল ব্যাপার নয়। ও.বি.সি.-দের কাজকর্ম যাতে আমরা আরও এগিয়ে নিয়ে যেতে পারি তার জন্য আপনাদের সহযোগিতা কামনা করি এবং যেখানে যেখানে আপনাদের বক্তব্য থাকবে সেগুলো পয়েন্ট আউট করবেন। আশা করি সেগুলো আমরা দূর করার চেষ্টা করব। এই কথা বলে, সবাইকে অভিনন্দন জানিয়ে, ধন্যবাদ জানিয়ে এবং বিলের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now the question is there are two nos. Statutory Resolution moved by Shri Saugata Roy and Shri Kashinath Mishra. I put both of them to vote.

The motion of Shri Saugata Roy that this House disapproves the West Bengal Commission for Backward Classes (Amendment) Ordinance, 2003, was then put and lost.

The motion of Shri Kashinath Mishra that this House disapproves the West Bengal Commission for Backward Classes (Amendment) Ordinance, 2003, was then put and lost.

The motion of Shri Upen Kisku that the West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 7

The question that clauses 1 to 7 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Upen Kisku : Sir, I beg to move that the West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Public Libraries (Amendment) Bill, 2003

Shri Nimai Mal : Sir, I beg to introduce the West Bengal Public Libraries (Amendment) Bill, 2003.

(Secretary then read the Title of the Bill)

Shri Nimai Mal : Sir, I beg to move that the West Bengal Public Libraries (Amendment) Bill, 2003 be taken into consideration.

[1.35—1.45 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩, যেটা আমাদের অনারেবল মিনিস্টার শ্রীযুক্ত নিমাই মাল মহাশয় রেখেছেন, আমি তার উপর কয়েকটি কথা বলব। এই বিলটা এমন কিছু জটিল নয়, সামান্য একটা নামের পরিবর্তন মাত্র চাওয়া হয়েছে। এখানে আছে, Here in after referred to as the principal Act for the words "District Social Education officer." এই নামটা পরিবর্তন করে আপনি করতে চাইছেন ডিস্ট্রিক্ট মাস এডুকেশন এক্সটেনশান অফিসার। কেন করতে চাইছেন আমি জানি না বা এর থেকে কি সুবিধা পাবেন জানি না। এইমস অ্যান্ড অবজেকটসে রেখেছেন—There is no Financial implication involved in the bill তার মানে আপনি মাইনে বাড়াচ্ছেন না বা কোনো পরিবর্তন করতে চাইছেন না। এই নামটা পরিবর্তন করে কি সুবিধা হবে বা বর্তমান নামে কোথায় কোথায় প্রতিবন্ধকতা এসেছিল কিনা বা কি কারণে নামটা পরিবর্তন করতে চাইছেন সেটা বলবেন। দ্বিতীয় যেটা বলেছেন, সেটা হচ্ছে, One District Library Officer to be nominated by the Government from amongst the District Library Officers appointed under section 16, who shall function as the ex-officio Member secretary of the Local Library authority. এবং এটা শুধুমাত্র শিলিগুড়ি মহকুমা পরিষদের ক্ষেত্রে। এখানে একটা নতুন অফিসার হয়তো নিয়োগ করতে চাইছেন।

আমি একটা কথা উল্লেখ করে নিতে চাই। গত শুক্রবার দিন মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে একটা সেমিনার ছিল, লাইব্রেরী সায়েন্সের বিষয়েই। সেই সেমিনারে আসার কথা ছিল দুজন উপাচার্যের। একজন রাকেশ শর্মা, প্রাক্তন উপাচার্য বেনারস ইউনির্ভাসিটি, আর একজন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শ্রীঅমিত মল্লিক। আপনার সাবজেক্টে আছে বলেই উল্লেখ করলাম। কিন্তু সেই সেমিনার করা যায়নি, কেননা এস.এফ.আই.-এর ছাত্ররা একটা স্ট্রাইক ডেকেছিল। যে কোনো কারণে স্ট্রাইক ডাকতেই পারেন। কিন্তু উপাচার্য অনুরোধ করেছিল—এখানে বাইরের লোকেরা ইনভাইটি, আমাকে যেতে দাও, এই সেমিনারের সঙ্গে স্ট্রাইকের কোনো সম্পর্ক নেই। কিন্তু দেখা গেল উপাচার্য আনন্দদেব মুখোপাধ্যায় ইনসালটেড হয়ে চলে গেলেন। আগেও একবার এই উপাচার্যকে হেনস্থা করেছিল এস.এফ.আই., তখন তিনি রাজ্যপালকে চিঠি দিয়েছিলেন, তিনি চলে যেতে চেয়েছিলেন, কিন্তু রাজ্য সরকারের অনুরোধে, রাজ্যপালের ইন্টারভেনসনে তিনি কার্যভার গ্রহণ করেন।

এই দুটো বিষয়ে আমাদের আপত্তি নেই। আমরা শুধু জানতে চেয়েছি কেন এই পরিবর্তন ? একটা নাম ছিল, সেটা পরিবর্তন করে দিলে এর উপযোগিতা কি বাড়বে বা

সরকার কোথায় কোথায় অসুবিধা বোধ করছেন এটা বলবেন। পশ্চিমবঙ্গ সরকারের দুরকম লাইব্রেরী আছে। একটা সরকারের ডাইরেক্ট পরিচালনাধীন—যেমন মানিকতলা সেন্ট্রাল লাইব্রেরি আর কতগুলো ডিস্ট্রিক্ট লাইব্রেরি আছে। এ ছাড়াও পশ্চিমবাংলায় অনেক লাইব্রেরি আছে। এই লাইব্রেরিগুলোর অবস্থা খুব একটা ভালো নয়। লাইব্রেরির কালচারটা আমাদের দীর্ঘদিনের পড়াশোনা বা সংস্কৃতির উপর চর্চা অনেকদিন ধরেই এখানে আছে। বহু পুরনো পুরনো লাইব্রেরি এখানে আছে, কিন্তু যে পরিমাণ টাকা তাদের দেওয়া হচ্ছে, তাতে কি তাদের হচ্ছে ? তাদের বইয়ের সংখ্যা বাড়ছে, জায়গার প্রয়োজনও বাড়ছে। মানুষ যে পড়তে আসছে, তাদের জায়গা দেওয়া যায় না। বেশির ভাগ লাইব্রেরি পুরনো। সেগুলো সারাবার জন্য টাকা দরকার। নতুন বই কেনার টাকা আরও বিশেষ করে যেটা বলতে চাই যে গভর্নমেন্ট লাইব্রেরি যেগুলো আছে তার সঙ্গে কি ন্যাশনাল লাইব্রেরির কোনো ইন্টার-অ্যাক্ট করতে পেরেছেন, কম্পিউটারের সাহায্যে—ধরুন কোনো একটা ছেলে আপনার স্টেট লাইব্রেরিতে এলো, একটা ইনফরমেশন দরকার সঙ্গে সঙ্গে আপনি ন্যাশনাল লাইব্রেরির সঙ্গে একটা যোগাযোগ স্থাপন করবেন থ্রু কম্পিউটার এই সিস্টেম কিন্তু এখনও আপনি করতে পারেননি। যদিও আমাদের রাজ্যে এই ইনফরমেশন টেকনোলজি ব্যাপারটা অনেক পরে ধরেছেন কিন্তু এটার প্রয়োজনীয়তা স্বীকার করে নিয়ে রাজ্য সরকার অলরেডি সমস্ত জেলাগুলোকে করার জন্য ফাইবার অপটিকের চেষ্টা করেছেন। আমি আপনাকে একটা সাজেশন দিতে চাই যে এই ন্যাশনাল লাইব্রেরির সঙ্গে আপনার যে স্টেট লাইব্রেরির যোগাযোগ স্থাপনের জন্য একটা নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা উচিত, যাতে করে এটা আরও উন্নত হতে পারে। আপনার কাছে আরও কতগুলো জিনিস বলতে চাই যেটা করা দরকার। আজকাল পড়ার বইয়ের দাম অনেক বেড়ে গেছে। ভয়ঙ্কর দাম বেড়ে গেছে। অধিকাংশ মধ্যবিত্ত, গরিব ঘরের ছেলেদের টেকস্ট বই কেনা একটা দুঃসাধ্য ব্যাপার। টেকস্ট বুক লাইব্রেরির সংখ্যা কম। টেকস্ট বইয়ের লাইব্রেরি নেই বললেই চলে। আমি আপনার কাছে অনুরোধ করছি আপনার এই লাইব্রেরিতে টেকস্ট বুক যদি দেওয়া যায়, বা কারেন্ট জার্নালগুলো দেওয়া যায় তাহলে ভালো। যেমন ধরুন—এন ইউ জে এস ব্যাঙ্গালোরে পরীক্ষা হয়। আমাদের রাজ্যের অনেক ছেলে যায় জুরিডিক্যাল সায়েন্সে ভর্তি হবে বলে। তাদের গত পাঁচ বছরের কোশ্চেন পেপারগুলি যদি দেওয়া যায়, তাহলে মনে হয় উন্নতি হবে। লাইব্রেরিকে আরও জনপ্রিয় করার জন্য যদি রাজ্য জুড়ে লাইব্রেরির নেতৃত্বে প্রবন্ধ প্রতিযোগিতা করা যায় যেগুলো আজকাল হয় না। এই যে যেমন ধরুন, আমেরিকা ইরাকের উপর নগ্নভাবে আক্রমণ করছে এই সাবজেক্টের উপর লাইব্রেরি যদি প্রবন্ধ প্রতিযোগিতার ডাক দেয়, সারা রাজ্য থেকে ছেলেরা লিখুক না তার উপরে। এই রকম করে নানাভাবে লাইব্রেরিকে জনপ্রিয় করতে পারেন, তাহলে আমার মনে হয় আপনার দপ্তর অর্থপূর্ণ হয়ে উঠবে। মানুষের কাছে এর প্রয়োজনীয়তা অনুভূত হবে। মানুষের দোরগোড়ায় আপনি পৌঁছে যেতে পারবেন।

শ্রী দীপক বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় গ্রন্থাগারমন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরি অ্যামেন্ডমেন্ট বিল দু হাজার তিন যে প্রস্তাব এখানে করেছেন, যে উদ্দেশ্যে ১৯৭৯ সালে যে লাইব্রেরি অ্যাক্ট হয়েছিল সেটাকে সংশোধন করে উনি যেটা বলছেন তাতে মাননীয় বিরোধী দলের সদস্যদের কোনো আপত্তি নেই। তাহলে

বিষয়টা যেটা হচ্ছে এতদিন পর্যন্ত যে পদ্ধতি ছিল ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসার দার্জিলিং-এর ক্ষেত্রে যিনি দায়িত্বপ্রাপ্ত ছিলেন, তাঁকে দায়িত্ব দেওয়া হত, শিলিগুড়ি মহকুমা ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসারে। তিনি লোকাল লাইব্রেরি অথরিটি হিসাবে কাজ করতেন। মাননীয় মন্ত্রী মহাশয়, কাজের সুবিধার জন্য এবং ব্যয় সংক্ষেপের জন্য এই বিল নিয়ে এসেছেন। তাতে প্রস্তাবিত হয়েছে যে, দার্জিলিং ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসার নয় যে কোনো ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসাররা লোকাল লাইব্রেরি অথরিটি হতে পারেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এটা স্বীকার করতেই হবে আমাদের পশ্চিমবাংলায় শিক্ষা বিস্তারের এক প্রক্রিয়া চলছে এর জন্য এক দশকের মধ্যে এক অভাবীয় অগ্রগতি ঘটেছে শিক্ষার ক্ষেত্রে তার অন্যতম কারণ হচ্ছে আমাদের পশ্চিমবাংলায় গ্রন্থাগার পরিষেবার ক্ষেত্রে এক অভাবনীয় অগ্রগতি ঘটেছে।

[1.45—1.50 p.m.]

আজকে নিশ্চয়ই এটা স্বীকার করতে হবে যে ১৯টা জেলায় জেলা গ্রন্থাগার, রাজ্যে কেন্দ্রীয় গ্রন্থাগার আছে। এই প্রসঙ্গে সরকারি সাহায্যপ্রাপ্ত যে গ্রন্থাগারগুলো আছে তার মোট সংখ্যা হচ্ছে ২,৪৫৭টা এবং এই ক্ষেত্রে আজকের দিনে যা লক্ষ করছি তা হলো এই সমস্ত গ্রন্থাগারগুলোকে আধুনিক পদ্ধতিতে সাজানো হয়েছে। মহকুমা বা জেলা স্তরে গ্রন্থাগারগুলোতে কম্পিউটারের ব্যবস্থা করা হয়েছে এবং আনন্দের কথা আজকের ৩৪১টা ব্লকে সর্বত্র এই ধরনের কোনো গ্রন্থাগার নেই যার জন্য সেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই সমস্ত জায়গায় কমিউনিনিটি লাইব্রেরি কাম ইনফরমেশন সেন্টার চালু করেছেন এবং সেই সমস্ত জায়গায় যাতে তথ্য জানা যায় তার ব্যবস্থা করা হয়েছে। যে তথ্যগুলো বেকার যুবকদের কাজে লাগবে। আমার শুনে খুব ভালো লাগল যে বিরোধীদের একজন সদস্য অকপটে স্বীকার করেছেন, তাঁরা আবিষ্কার করছেন না, এখানে অন্তত কোনো আর্থিক বিশৃঙ্খলা আছে। কোনো অভিসন্ধি আছে। নাহলে তাঁরা তো প্রত্যেকটা ক্ষেত্রেই সি পি এমের দূরভিসন্ধি আবিষ্কার করেন। যাই হোক তাঁরা যে এতে কিছু আবিষ্কার করেননি এতে খুব ভালো লাগল। আজকে গ্রন্থাগার উন্নয়ন পরিষেবার ক্ষেত্রে বিভিন্ন সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগারগুলো আছে আবার কিছু বেসরকারি গ্রন্থাগার আছে যারা সরকারি সাহায্য পায়। শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে গ্রন্থাগার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে সে বিষয়ে সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই গ্রন্থাগার পরিষেবাকে আরও উন্নত করার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি। এই পরিষেবা যাতে মানুষের কাছে, যুবকদের কাছে পৌঁছে দেওয়া যায় তার জন্য অনুরোধ রাখছি। প্রাগৈতিহাসিক যুগ থেকে অনুসন্ধিৎসা মানুষের মূল বিষয় হয়ে দাঁড়িয়েছে। বেশি বয়সে যারা লেখাপড়া শিখতে আরম্ভ করে সকলের পাঠক্রম অনুসরণ করার সুযোগ থাকে না সমাজের সেই অবহেলিত মানুষগুলির জন্য গ্রন্থাগার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে বলে আমি মনে করি। আপনারা সকলেই জানেন যে আমাদের মেদিনীপুর জেলা ভাগ হয়ে গেছে পূর্ব এবং পশ্চিম মেদিনীপুর। আপনারা জানেন যে সেই অবিভক্ত জেলায় দেড়শো বছর আগের যে গ্রন্থাগার রাজনারায়ণ বসু স্মৃতি গ্রন্থাগার,

এই গ্রন্থাগারটির যাতে আরও উন্নতি হয়, সরকারি সাহায্য পায় তার জন্য অনুরোধ রাখছি। আমি আশা করব পূর্ব মেদিনীপুর জেলার গ্রন্থাগার পরিষেবা আরও ভালো করে পৌঁছে দেওয়া হবে। লোকাল লাইব্রেরী অথরিটি বিষয়টি পূর্ব মেদিনীপুর জেলায় কার্যকরী করা যায়নি, আশা করি মন্ত্রিমহাশয় এই বিষয়টি গুরুত্ব দিয়ে দেখবেন। সার্বিকভাবে এই বিলকে সমর্থন করে এবং মাননীয় বিরোধী দলের সদস্যরা বিরোধিতা করেননি এটা ভালো করেছেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'পশ্চিমবঙ্গ সার্বজনিক গ্রন্থাগার (সংশোধন) বিধেয়ক, ২০০৩' এই যে বিল আনা হয়েছে, আমি এই বিলের উপরে আমার বক্তব্য রাখছি। স্যার, আসলে এটা খুব নমিন্যাল ব্যাপার। আগে ছিল ডিস্ট্রিক্ট সোস্যাল এডুকেশন এক্সটেনশন অফিসার বলে, এখন তার নাম পাল্টে ডিস্ট্রিক্ট মাস এডুকেশন অফিসার করা হচ্ছে। যেহেতু তাঁরা ওই ডিস্ট্রিক্ট কমিটির মেম্বার সে জন্য জেলায় গণশিক্ষা আধিকারিকের নাম নিয়ে আসতে হয়েছে। স্যার, এছাড়াও যেমন শিলিগুড়ি মহকুমা এবং দার্জিলিং-এর মধ্যে কো-অর্ডিনেট করার জন্য একজনকে দায়িত্ব দেওয়া হয়েছে, তাই এটার বিরোধিতা করার কোনো কারণ নেই। এটা আমরাও চাইবো, কিন্তু আমি একটা কথা বলতে চাই এবং নিমাইবাবুও নিশ্চয়ই জানেন, আপনি অনেকদিন এই দপ্তরের সঙ্গে যুক্ত আছেন। এখন পাঠকের সংখ্যা কমছে। এই পাঠকের সংখ্যা করার জন্য একা শুধু আপনাকেই দায়ী করলে ভুল হবে কিন্তু আপনারও একটা দায়িত্ব আছে। আমাদের দেশে প্রাইভেট টিভি চ্যানেলগুলির ব্যাপক প্রসার বেড়ে যাওয়ার ফলে যাঁরা এই বই পড়তেন তাঁরা আর বই বড়ার সময় বের করতে পারছেন না। বিশেষ করে টিন এজারদের ক্ষেত্রে, মহিলাদের ক্ষেত্রে দেখছি, যাঁরা দুপুরবেলায় বই পড়তেন তাঁরা এখন টিভি সিরিয়াল দেখেন। একথাটা আমি আগেই বলে রাখলাম, হয়তো আপনি আপনার উত্তরে বলতেন। তাহলে কি লাইব্রেরী থাকবে না ? লাইব্রেরী থাকবে, বই থাকবে, লাইব্রেরীর স্টাফরা থাকবেন এবং বইয়ের জন্য মাঝে মাঝে কিছু গ্রান্ট দেবেন তাহলে গ্রন্থাগার হবে কিন্তু পাঠাগার হবে না। সেই জায়গায় এটাকে আপনি কিভাবে মোকাবিলা করবেন তার জন্য আপনাকে চিন্তা করে নতুন একটা পথ বের করার চেষ্টা করতে হবে, আশা করি আপনি সেটা করবেন বলে। শোভনদেববাবুও বললেন যে আরও অ্যাট্রাকটিভ জায়গায় নিয়ে যেতে হবে। আমি বিভিন্ন জায়গায় দেখেছি, বিশেষ করে আমি হাওড়া জেলায় থাকি, হাওড়া জেলার লাইব্রেরিয়ানের সঙ্গে কথাবার্তা বলে দেখেছি সেখানেও পাঠকের সংখ্যা কমছে। এটা কি করে বাড়ানো যায় এর জন্য জিলা পরিষদের সঙ্গে আলোচনা করার দরকার। এর থেকে আপনাকে একটা পথ বের করতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে, এটাকে অ্যাট্রাকটিভ করার জন্য কি করবেন। আজকের দিনে আমরা বলছি ছোটো ছোটো ছেলেমেয়েরা বই পড়ছে না, যুবক-যুবতীরা বই পড়ছে না। তাদের স্কুলের বইয়ের বাইরে, সিলেবাসের বাইরে এই বই পড়ার হ্যাবিট তৈরি করতে হবে এবং তার জন্য শিশু সাহিত্যের দিকে বেশি করে নজর দিতে হবে। ইউ.এস.আই.এ. লাইব্রেরীতে কিন্তু ভিড় হচ্ছে। তার কারণ সেখানে তারা একটা পরিবেশ তৈরি করতে পারছে। আমাদের দেশে শিশুসাহিত্যের সংখ্যা কমছে। আপনি হয়তো শিক্ষা দপ্তরের উপর দায়িত্ব চাপিয়ে দিয়ে এড়িয়ে যাবেন কিনা

জানি না—আপনি বলুন আজকে মৌমাছি যাঁর নাম ছিল বিমল ঘোষ, বা স্বপন বুড়ো যাঁর নাম ছিল অখিল নিয়োগী সেইসব শিশুসাহিত্য এখন পাচ্ছি না, তাঁদের মনোগ্রাহী সেই রচনা পাচ্ছি না। সত্যজিৎ রায়ের কিছু বই আছে সেগুলির মাস পাবলিকেশন হচ্ছে না, যেগুলি অ্যাট্রাক্ট করতে পারে। আপনি বলুন সুকুমার রায়ের বই কটা লাইব্রেরীতে আছে, যেখানে শিশুসাহিত্যের রসদ সংগ্রহ আছে, যেখানে ছবি দিয়ে বই থাকলে ১০ থেকে ১৫ বছরের বয়স পর্যন্ত যারা বই পড়ে তাদের জন্য।

আর, তা না হলে কি হচ্ছে ? আপনি নিজেও দেখেছেন, এক-একটা লাইব্রেরীতে বই আছে, সমস্ত আছে কিন্তু এই বয়সের ছেলে-মেয়েরা আসছে না। কিছু কিছু জায়গায় অসুবিধা হচ্ছে। মহিলাদের ক্ষেত্রে, আপনি যদি তাদের বড়ো বড়ো বই তৈরি করে দিয়ে দেন তাহলে তারা পড়বে এই রকম ব্যাপার নয়। আমি ছোটোবেলা দেখেছি আমাদের মা, দিদিরা বলতেন প্রভাবতীদেবী সরস্বতীর বই আনতে, আশাপূর্ণা দেবীর বই আনতে। আমরা সেই বই ইস্যু করে মা-র হাতে, দিদির হাতে তুলে দিতাম, তাঁরা বই পড়তেন। কিন্তু স্যার আজকে একটা সমস্যা দেখা দিয়েছে তাঁদের ক্ষেত্রেও, তাঁরাও সময় পাচ্ছেন না। আবার অনেক মিডিয়াও এসে গেছে।

আমি আরেকটা কথা আপনাকে বলতে চাই, সেটা আপনি ভেবে দেখুন, বইমেলাতে আপনারা টাকা দেন শুনেছি। বইমেলাতে যদি আপনারা টাকা দিয়ে থাকেন তাহলে সেই মেলার ক্ষেত্রে আপনাদেরও কিছু অ্যাডভাইস করার ক্ষমতা আছে। এটাকে সিস্টেমে নিয়ে আসুন। আমি উদ্যোগ নিলাম, আমি আমাদের একটা জায়গায় করছি, আরেকজন উদ্যোগ নিল, সেও আরেকটা জায়গায় করছে, এ জিনিস যেন না হয়। এটা আপনি নিশ্চয় দেখবেন এবং যখন টাকা দেবেন তাঁদের সঙ্গে সেইভাবে পরামর্শ করবেন।

রামমোহন লাইব্রেরী ফাউন্ডেশন। এই রামমোহন লাইব্রেরী ফাউন্ডেশনের টাকা, এর দেওয়ার পদ্ধতিটা আপনি জানাবেন আমাদের ? না কি শুধুমাত্র যাঁরা আপনার সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠ বা আপনার দলের সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠ তাদের রামমোহন লাইব্রেরী ফাউন্ডেশনের টাকা দেওয়ার বন্দোবস্ত করবেন ? এই রামমোহন লাইব্রেরী ফাউন্ডেশনের বাইরেও আপনার দপ্তরকে চেষ্টা করতে হবে।

আমি আবার বলছি দুটো ব্যাপার। এক, অ্যাকোমডেশন। আরেকটা হচ্ছে, কি করে অ্যাট্রাক্টিভ করে শিশু থেকে বিভিন্ন বয়সের যারা পাঠক তাদের টেনে আনা যায়।

স্যার, এই কয়েকটা কথা বলে এই বিলের উপর আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[1.55—2.05 p.m.]

শ্রী নিমাই মাল : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই বিলের ব্যাপারে যে তিনজন মাননীয় সদস্য আলোচনা করেছেন আমি তাঁদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। প্রথমে শোভনদেববাবু যেটা জানতে চেয়েছেন তার উত্তর অসিতবাবু দিয়ে দিয়েছেন। আমাদের

জেলায় একটা কমিটি আছে, জেলাশাসক যার সভাপতি, সেখানে বিভিন্ন অফিসার আছেন, এম.এল.এ.-রা আছেন, এঁরা সব মেম্বার থাকেন। সেখানে ওঁদের নামটা পরিবর্তন হয়েছে। ভি.এস.ই.ও. থেকে ডি.এম.ই.ও. হয়েছে। এই জন্য আমাকে নামটা পরিবর্তন করতে হল। এই হল এক নম্বর কারণ। দুই, আপনারা জানেন, আপনারাই আমাকে ২ বছর আগে এই বিধানসভায় দুটো এল.এল. করার অনুমতি দিয়েছিলেন স্থানীয় গ্রন্থাগার কৃত্যকে। একটা লাইব্রেরী দার্জিলিং জেলায়, ডি.জি.এইচ.সি. এলাকায় আরেকটা, মহকুমা পরিষদ এলাকায়। তখন আমরা নির্দিষ্টভাবে বলে দিয়েছিলাম যে, একমাত্র দার্জিলিং জেলা গ্রন্থাগার আধিকারিকই হবেন এই মহকুমা পরিষদে যে লোকাল লাইব্রেরী অথরিটি হচ্ছে তার মেম্বার সেক্রেটারি। সেখানে একটু অসুবিধা হচ্ছে পাহাড় থেকে আসা-নামা, ইত্যাদি নানা ব্যাপারে। এই জন্য আমরা বলছি, আমরা যে কোনো অফিসারকে করে দেব। এটা অন্য কোনো ব্যাপার নয়।

আর, আপনি যেটা বলেছেন সত্যি। নেট ওয়ার্কিং করার ক্ষেত্রে আমাদের টাকা-পয়সার অভাব আছে। ঠিকই। কিন্তু দেখেছেন হয়তো যদি যান এর মধ্যে, আমরা আমাদের রাজ্যে কেন্দ্রীয় গ্রন্থাগারে এটা একটা শুরু করেছি। কিন্তু আমার সমস্যা হচ্ছে বাংলায় সফটওয়ার পাই না, আমরা অনেক চেষ্টা করেছি।.... (গোলমাল) সেটা হচ্ছে অফিসগুলো হয়েছে। কিন্তু বাংলা যে গ্রন্থাগারগুলো আছে তার সংখ্যা তো প্রায় আড়াই হাজার মতো। আমার মূলত বেশি বাংলা বই। এই বাংলার সফটওয়ার পাওয়াটা খুব শক্ত। তবে আমরা চেষ্টা করছি। রামমোহনে 'লিবসিস'কে দিয়ে তৈরি করিয়েছি। তবে সেটা এখনও হাতে পাইনি। হাতে পেলে দ্রুত এগোবার চেষ্টা করব। এটা তো সত্যিই দরকার আমাদের। কাজেই আপনাদের সাজেশনগুলো আমরা অত্যন্ত গুরুত্ব দিয়ে ভাবব এবং কিছু কিছু শুরু করে দিয়েছি।

আর যেটা বলেছেন, সত্যি মেদিনীপুরে আমাদের আলাদা অফিস হয়েছে কিন্তু অফিসার পাইনি। অর্থ দপ্তরকে লিখেছি যাতে অফিসার পাওয়া যায়। আর যেটা মাননীয় অসিতবাবু বলেছেন সেটা সত্যি। এটা শুধু পশ্চিমবাংলার ব্যাপার নয়, ভারতবর্ষের ব্যাপার নয়, সারা পৃথিবীতে এটা নিয়ে মানুষ ভাবনা-চিন্তা করছে যে পুস্তক থেকে কি মানুষ সরে যাবে ? আবার, উল্টো চিত্রও আছে। এ ব্যাপারে নানা রকম সমীক্ষার রিপোর্ট বেরোচ্ছে। গত বছর গ্রেট ব্রিটেনে এই রকম একটা সমীক্ষা থেকে দেখা যাচ্ছে ওখানে যে ৫ কোটি ৮ লক্ষ মতো মানুষ বাস করেন তার মধ্যে ৩ কোটি মানুষ পাবলিক লাইব্রেরীর মেম্বার এবং তারা ১২ কোটি বই লেনদেন করেছেন।

ওঁরা বলছেন, যখন প্রথম এই বৈদ্যুতিন মাধ্যম আসে ওঁদের পাঠক কিছু কমেছিল। কিন্তু আবার দেখা যাচ্ছে, বৈদ্যুতিন মাধ্যম ঠিকমতো ওঁদেরকে আর বিনোদন দিতে পারছে না, মানুষ পুস্তকের দিকে ঝুঁকছে। আমাদের দেশে স্বাভাবিকভাবে আমরা প্রথম একটা ধাক্কা খাচ্ছি এবং যেটা বলেছেন, শিশুশিক্ষা—আপনারা জানেন যে, আমরা একটা অনুদান দিই তার একটা নির্দিষ্ট পরিমাণ টাকা বলাই থাকে যে, 'তোমাকে শিশু

সাহিত্য কিনতে হবে'। আজকে আমরা যদি মনে করি যে, সে রকম ভালো বই কেউ ছাপান, তাহলে আমরা ২৫০০ থেকে ৩০০০ বই লাইব্রেরিতে কিনতেই পারি এবং জানবেন কেনাও হয় এবং নির্দিষ্ট টাকা ওই যে ১০ পারসেন্ট আমাদের নির্দিষ্ট টাকা বলে দেওয়া আছে ওই টাকা দিয়ে শিশুসাহিত্য কিনতেই হবে, এর বাইরে যেতে পারবে না। আরেকটা ব্যাপার বলি যে, যেটা বলেছেন, যেটা খুবই ভালো একটা জিনিস আমাদের মাননীয় শোভনদেববাবু যেটা বলেছেন যে, আমরা ইতিমধ্যে পাঠ্যপুস্তক দেওয়া শুরু করেছি। গত বছর আমরা ২০ পারসেন্ট লাইব্রেরিকে দিয়েছি, এ বছরও দিচ্ছি। এছাড়া আমাদের তরুণ-তরুণীরা, যাঁরা জীবিকা সন্ধানী, তাঁদের জন্য আমরা বিভিন্ন জায়গায় এই বিভাগগুলো খুলতে শুরু করেছি এবং সাড়াও পাচ্ছি। এখন যদি জেলা লাইব্রেরিগুলোতে অনুগ্রহ করে যান এবং সেন্ট্রাল লাইব্রেরিতেও যদি যান, তাহলে দেখে আসবেন যে, এখন আমরা জায়গা দিতে পারছি না—এত ভিড় হচ্ছে। আমাদের প্রায় ধরুন ১০০-এর মতো পত্রপত্রিকা আসে, যদি আরও কিছু আপনাদের সাজেশন থাকে তাহলে সেটা আমাদের দেবেন, আমরা নিশ্চয় সেগুলো করার চেষ্টা করবো। আর মাননীয় অসিতবাবু যেটা বলেছেন সে ব্যাপারে বলি যে, রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশনের—ওদের নির্দিষ্ট প্রোফর্মা আছে, কোনো দলের ব্যাপার নয়, আমরা বাংলাতেও ছাপিয়েছি, আপনি যদি চান আমরা অ্যাসেম্বলিতে দিয়ে দেব—কিভাবে সরকারি কাজে, সরকার পরিচালিত গ্রন্থাগার, বেসরকারি গ্রন্থাগার, কিভাবে গ্রান্ট পেতে পারে—এগুলো প্রকাশ্যভাবেই আমরা দিয়ে দিয়েছি এবং লিফলেটও আমরা বিলি করেছি। আপনি জেলা লাইব্রেরিতে গেলে ওখানে পাবেন কিভাবে কোনটা পাওয়া যায় তার সমস্ত কিছু পাবেন, লুকোনোর কোনো ব্যাপার নেই, দরখাস্ত করলে তার যে নির্দিষ্ট নিয়ম-কানুন মানলেই টাকা পাওয়া যায়—কারণ ওটা হচ্ছে রামমোহন ফাউন্ডেশন এবং রাজ্য সরকারের যৌথ ফান্ড এবং এই বিভাগীয় মন্ত্রী এটার চেয়ারম্যান। কাজেই ওখানে কোনো দল, মত দেখার ব্যাপার নেই। গ্রন্থাগারে দলমতের ব্যাপার মানিও না। সেখানে সবাই আসতে পারেন, সব মতের বই থাকবে। আর এটা যেটা আপনারা আমাকে সমর্থন করেছেন তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। এই বিলটি আমার কাজে একটু সুবিধা হবে, হয়তো সরকারেরও কিছু খরচাও বাঁচবে, এর জন্য আপনাদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

The motion of Shri Nimai Mal that the West Bengal Public Libraries (Amendment) Bill, 2003, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and the Preamble

The question that clauses 1 to 4 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Nimai Mal : Sir, I beg to move that the West Bengal Public Libraries (Amendment) Bill, 2003, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Bill, 2003

Shri Mrinal Banerjee : Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Bill. 2003.

(Secretary read the Title of the Bill.)

Shri Mrinal Banerjee : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Bill, 2003 be taken into consideration.

[2.05—2.15 p.m.]

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী ৯ নম্বরের যে ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশন ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ড বিল ২০০৩—যেটা এনেছেন, আমি সে সম্পর্কে আমার বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন এই মন্ত্রী এই সদনে দাঁড়িয়ে এই হাউসে দাঁড়িয়ে কদিন আগে নিজে বলেছিলেন আজকে একেবারে ভোল পাল্টে গেছে—কেন জানি না। উনি ওনার উত্তরে বলবেন জবাবী ভাষণে বলবেন। আমাদের থেকে চাপ ছিল, আমরা বারবার প্রশ্ন করেছিলাম আমরা জিজ্ঞাসা করেছিলাম তখন তিনি বলেছিলেন যে রেগুলেটারি কমিশন যে ধার্য— যে রায় দিয়েছে যেটা হায়ার কোর্টে, উনি মন্ত্রী হিসাবে বলেছিলেন, আমরা দেখতে পাচ্ছি যে এই সরকারের মন্ত্রীরা অনেক অসত্য কথা বলেন। আজ যেটা বলেন, কাল সেটা বলেন না। এই রকম বিভিন্ন সময় আমরা দেখছি আজও আমরা দেখলাম অসীম দাশগুপ্তের ক্ষেত্রে। প্রশ্ন হল—স্যার, আমরা যারা বিরোধী দলের সদস্য থাকি যে পয়েন্ট রেজ করা হয়েছিল—As to how the subsidy would be given without amending the Act. মাননীয় মন্ত্রী সেই সময় বলেছিলেন যে—স্টেট রেগুলেটারি কমিশন যে জাজমেন্ট সেটা ভুল ছিল, রং ছিল। Higher court would set aside the order কেন বলেছিলেন, কিভাবে বলেছিলেন, কি ভেবে বলেছিলেন, জাজের সঙ্গে কথা বলেছিলেন কিনা তার উত্তর উনি দেবেন। তাহলে আপনারা আজকে যেখানে স্টে পেয়েছেন কোর্ট যেখানে বলেছে—কোর্টের জন্য অপেক্ষা না করে কোর্টকে বাইপাস করে আজকে এটাকে উনি বিল হিসাবে আনলেন কেন ? চাপে পড়ে বিরোধীদের। আমাদের বক্তব্য—আমরা জানি স্যার, গাধায় ঘুলিয়ে জল খায়। তাই দেখা যাচ্ছে বামফ্রন্ট সরকার অনেক কিছু বলেছে এই ২৫ বছর ধরে তারা ঘুলিয়ে জল খাচ্ছেন। আজকে প্রশ্ন হল—আমাদের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং অরুণাভ ঘোষ প্রাইভেট মেম্বার বিল অ্যামেন্ডমেন্ড এনেছিলেন এবং সেটা ক্রস সাবসিডি প্রয়োজন এবং তখন এই বামপন্থী সদস্যেরা তারা বিরোধিতা করেছিলেন, মন্ত্রী নিজে বিরোধিতা করেছিলেন এবং সেই বিল আমরা ফেল করেছিলাম হাউসে। এখন প্রশ্ন হল—এই অ্যামেন্ডমেন্ডের যে নেচারের এসেছে সেমনেচারে আজকে এই অ্যামেন্ডমেন্ড এসেছে। আজকে প্রশ্ন সেখানে আজকে কথা ছিল দেবপ্রসাদ সরকার যে অ্যামেন্ডমেন্ড

আনলেন আমি তাঁকে সমর্থন করছি। আমি ছিলাম না তাই দিতে পারিনি আজ The purpose for which the supplies required cross subsidircation for domestiz, a small scale industry, agriculture and small commiercial consumers which shall not be withdrawn or reduced without approval of the West Bengal Legislative Assembly. এই সংশোধনী যদি আপনি গ্রহণ করেন তাহলে বুঝব না, আপনার মতলবটা সঠিক। বাংলার মানুষের স্বার্থে ১৮ লক্ষ কলকাতার সি.ই.এস.সি.-র আন্ডারে যারা রয়েছে—বাংলার ৫০ লক্ষ মানুষের স্বার্থে। তা না হলে বুঝতে হবে এতে আপনাদের মতলব আছে। আপনারা চালাকি করে পারস্পরিক ভরতুকি ধাপে ধাপে কমিয়ে এনে অভিন্ন মাশুল করার দিকেই যাবার চেষ্টা করছেন। যাই হোক এখন যেটা করছেন এটাকে আমরা সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমরা যা চেয়েছিলাম আপনারা পরে হলেও—বেটার লেট দ্যান নেভার—গ্রহণ করেছেন। চারিদিকে মানুষ বিক্ষোভ দেখাচ্ছে। আরও ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন যাতে হতে না হয় তার জন্য ক্রস সাবসিডি নিয়ে এটা এখন আপনারা করছেন। তারপর ধাপে ধাপে অভিন্ন মাশুলের দিকে যাবার চেষ্টা করবেন। এই পরিপ্রেক্ষিতে আমরা কেন্দ্রীয় সরকারের ২০০১ সালের বিদ্যুৎ বিলের বিরোধিতা করেছি। আপনি যদি অ্যামেন্ডমেন্ড গ্রহণ না করে ধাপে ধাপে, আসতে আসতে এটা তুলে দিতে চান, মানুষকে ধীরে ধীরে সইয়ে তুলে দিতে চান তাহলে আমরা তার বিরোধিতা করছি। আপনারা ৩৯ ইন্টারভেন করলেন না, সুপ্রিম কোর্টে পার্টি হলেন না। কনজিউমার ফোরাম যখন কেসে গেল আপনারা তখন তাতে পার্টি হলেন না, যুক্ত হলেন না, অ্যাডভোকেট জেনারেলকে পাঠালেন না। সে সময় সরকার কোনো বন্দোবস্ত নেয়নি। আপনাদের ধারণা ছিল আইনের মধ্যে দিয়ে, সুপ্রিম কোর্টের রায়ের মধ্যে দিয়ে এই বন্দোবস্ত হয়ে যাবে। আজকে প্রশ্ন হল তাহলে আপনারা কাদের রাইট প্রোটেক্ট করতে চাইছেন ? শিল্পপতি, সি.ই.এস.সি.-র রাইট প্রোটেক্ট করতে চাইছেন ? অথচ রেগুলেটরি কমিশন এই.ই.বি.-র দুর্গাপুরের চার্জ বাড়ানোর কথাও বলেছে। কিন্তু সে ব্যাপারে আপনারা স্পেল আউট করেননি। লো টেনশনে ৬০ থেকে ৪০০ এবং ৫০০ থেকে ১৫০০ কি হবে, আপনি বলেননি। বিং ইন গভর্নমেন্ট, বিং এ মিনিষ্টার আপনি হাইক করছেন ! সবচেয়ে বড়ো কথা হচ্ছে সি.ই.এস.সি.-র তার কতটুকু এলাকা। আপনার এস.ই.বি.-কে নদী-নালা, পাহাড় পর্বত পেরিয়ে মাইলের পর মাইল পথ বিদ্যুৎ নিয়ে যেতে হচ্ছে। মাত্র ১৪ কিলোমিটার রেডিয়াসে ১৮ শতাংশ থেকে ১৯ শতাংশ লস দেখাচ্ছে। আপনার এস.ই.বি.-র লস আর সি.ই.এস.সি.-র লস কি সমান হতে পারে ? ওরা থেফ্‌টের ব্যাপারে শহর এবং শহরতলীর বিভিন্ন জায়গায় বোর্ড লাগিয়েছে, তাতে বলছে বিদ্যুৎ চুরি করলে ইমপ্রিজনমেন্ট হবে। ট্রান্সমিশন লস ১৮ শতাংশ থেকে ১৯ শতাংশ দেখাচ্ছে সি.ই.এস.সি. এটা কি আপনি বিশ্বাস করেন ? নিশ্চয়ই আপনি জবাবী ভাষণে এটা বলবেন। বজবজের ক্ষেত্রে ১৪ কোটি টাকা একসেস দেখিয়ে সাইফুন করল পাবলিক মানি। এ বিষয়ে আপনার বক্তব্য কি ? শুধু তাই নয় একটাও রেক ভর্তি কোক পৌঁছনো যাচ্ছে না। ওই সমস্ত কোক কালো বাজারে কালো দামে বিক্রি হচ্ছে। এ ব্যাপারে কি আপনার কোনো ভূমিকা নেই ? এ ব্যাপারে সি.ই.এস.সি.-র কাছে হাজার

কোটি টাকার বেশি পাবেন—সম্ভবত বেশিও হতে পারে। এখন পর্যন্ত মাত্র ২০০/৩০০ কোটি টাকা পেয়েছেন। এইসব দিকগুলোর আপনি হিসাব মিলিয়ে দেখছেন না। মাননীয় মন্ত্রী কোনটাকে প্রায়রিটি দেবেন, ৫৫ লক্ষ কনজিউমারের স্বার্থকে প্রায়রিটি দেবেন, না সি.ই.এস.সি. এবং মুষ্টিমেয় বৃহৎ শিল্পপতিদের স্বার্থকে প্রায়রিটি দেবেন ? এর পাশাপাশি আপনাকে ক্ষুদ্র চাষি, ছোটো শিল্প উদ্যোগীদের কথা ভাবতে হবে। ছোটো ছোটো শিল্প এবং অ্যাগ্রিকালচারের স্বার্থেও মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার অ্যামেন্ডমেন্ট এনেছেন। তিনি সঠিকভাবেই এনেছেন। অ্যামেন্ডমেন্ট গ্রহণ না করলে তার ফল শুধু সাধারণ গরিব মানুষ এবং কৃষির উপরই প্রতিফলিত হবে, তা নয় গ্লোবালাইজেশনের পরিপ্রেক্ষিতে বিদ্যুতের দাম বাড়ার প্রতিফলন ঘটবে ইভেন ইন কেস অফ বিগ ইন্ডাস্ট্রিস। সেখানেও বিদ্যুতের দামে যদি গভর্নমেন্ট সাবসিডি না দেয় তাহলে সেটা গিয়ে এমন জায়গায় দাঁড়াবে যে বড়ো শিল্প আর গ্লোবালাইজেশনের কমপিটিশনে পারবে না—আমাদের দেশে বা আমাদের রাজ্যে বিভিন্ন বিদেশি মাল যেসব আমদানি হয়ে আসবে সেগুলোই মানুষ কিনবে। আমাদের বিভিন্ন শিল্প একের পর এক বন্ধ হতে থাকবে, বি.আই.এফ.আর.-এ যাবে এবং শ্রমিকরা ছাঁটাই হবে।

[2.15—2.25 p.m.]

তাকে ছেড়ে দিয়ে চলে যেতে হবে, নতুবা তাকে জোর জবরদস্তি কমপালসারি বলুন বা ভলেন্টারি বলুন রিটায়ারমেন্ট নিতে হবে টাকা পয়সা নিয়ে। আপনি সেইসব শ্রমিকদের দায়িত্ব নেবেন না, আপনি কলকারখানা বন্ধ হয়ে যাবার দায়িত্ব নেবেন না। আপনি বলবেন সরকারের কাছে টাকা নেই। কিন্তু এটাই প্রথম এবং শেষ কথা হতে পারে না এবং তার জন্য একটা সেকশন সুবিধা পাবেন সেটাও হতে পারে না। আপনারা শ্রমিকের সরকার, শ্রমিক দরদী সরকার বলে দাবি করেন, আজকে কাস্তে-হাতুড়ি দেখিয়ে সংশোধনী যেটা রয়েছে তাতে আপনি দিয়েছেন কি ? ফেসডম্যানার বলতে কি বোঝায় সেটা পরিষ্কার করে নিশ্চয়ই বলবেন। আপনি বলেছেন কি ? আপনি বলেছেন শ্যাল বি সাবসটিটিউটেড। কি সাবসটিটিউটেড ? এখানে বলেছেন, The need for cross subsidization which shall be reduced in a phased manner. এর সঙ্গে কেন যুক্ত হবে না ডোমেস্টিক, স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ, এগ্রিকালচার অ্যান্ড স্মল কমার্শিয়াল কনজিউমার ? এই কথাগুলি যুক্ত হওয়া উচিত বলে আমি মনে করি। আমার প্রশ্ন হল, আপনি এখানে বলেছেন, section 29(3) of the principal Act, for the words 'the purpose for which the supply is required,' the words 'the purpose for which the supply is required or the need for cross subsidization which shall be reduced in a phased manner.' shall be substituted. সেকথা আগেই বলেছি। আপনি যে ছোট কাগজ দিয়েছেন সেই কাগজের মধ্যে এক্সটাক্ট তুলে ধরেছেন। আপনি আগে ভাবনা-চিন্তা করলেন না। পরে মানুষের চাপে পড়ে, বিরোধী দলের চাপে পড়ে এবং আপনাদের দলের মধ্যে হয়তো মতভেদ ছিল সেই সমস্ত লোকের চাপে পড়ে দেরিতে হলেও বিলটা যে এনেছেন তার জন্য সাধুবাদ জানাই, বেটার লেট দ্যান নেভার। আজকে প্রশ্ন হল, এই রেগুলেটরি কমিশন যে অ্যামেন্ডমেন্ট বিল এই বিল আগামীদিনে ভয়াবহ রূপ নেবে কিনা ?

কারণ অভিন্ন মাশুল চালু করার কোনো কথা আগে দেখা যায়নি, ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্টে কোথাও পারস্পরিক ভরতুকি দেওয়ার কথা ছিল না। সেটা এসে গেলে আইনের সাহায্য নিয়ে আপনি ধাপে ধাপে এগুবেন কিনা, বা এগুতে চান কিনা, পারস্পরিক ভরতুকি ঢোকাতে চান কিনা আপনার জবাবী ভাষণে জানাবেন। এই বিলে আপনি করতে চাইছেন অভিন্ন মাশুল চালু করার নীতি। একটা আইন ভিত্তিক দেবার জন্য সেটা পর্যবসিত হবে, প্রতিফলিত হবে এবং প্রতিপন্ন হবে। তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, যে সকল সদস্যরা সংশোধনী দিয়েছেন সেই সংশোধনীগুলিকে দয়া করে গ্রহণ করবেন যাতে আগামীদিনে শুধু বৃহৎ শিল্পপতিদের স্বার্থ রক্ষা নয়, কলকাতায় সি.ই.এস.সি.-র অন্তর্গত ১৪ কিলোমিটার জুড়ে ১৮ লক্ষ মানুষের স্বার্থের দিকটা ভেবে, এস.ই.বি. এবং অন্যান্য যে সমস্ত ইলেকট্রিক পাওয়ার প্রোজেক্ট রয়েছে তার মাধ্যমে যে ৫৫ লক্ষ মানুষ পাওয়ার পায় সেই ৫৫ লক্ষ মানুষের কথা ভেবে, কৃষিতে যারা পাওয়ার গ্রহণ করে তাদের কথা ভেবে, শ্রমিকদের কথা ভেবে, ছোট কলকারখানার কথা ভেবে আপনি নিশ্চয়ই এই বিলে সেগুলি সংযোজন করবেন বা সংশোধন করবেন এবং এই যে ক্রস সাবসিডি যেটা রয়েছে এক্ষেত্রে আমাদেরও সমর্থন রয়েছে। আমরাও ১ বছর আগে যখন বলেছিলাম তখন আপনি গ্রহণ করেননি, পরে বুঝতে পারলেন এবং বুঝতে পেরে আপনি যে বিল আকারে এনেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ এবং ক্রস সাবসিডি একেবারে শব্দের মধ্যে যুক্ত করবেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন্স (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩ যেটা উত্থাপন হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে মাননীয় সদস্য সুধাংশু শীল মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটাও আমি সমর্থন করছি। এখন এই বিধেয়কটি বা সংশোধনীটি কেন আনতে হয়েছে সেটা আমাদের কাছে পরিষ্কার। যদি '৯৮ সালে ভারত সরকার এই আইনটি পাশ না করত—আমরা জানি যে আনকদিন আগেই এর জন্য উদ্যোগ নেওয়া হয়েছিল, তখন নরসিমা রাওয়ের সরকার কেন্দ্রে ছিল। এই ক্রশ সাবসিডি তুলে দেওয়ার জন্য তখনই আইন আনার উদ্যোগ নেওয়া হয়েছিল কিন্তু সেটা আটকে গিয়েছিল যুক্তফ্রন্টের সরকারের আমলে। এন.ডি.এ. সরকার '৯৮ সালে কেন্দ্রে ক্ষমতায় এসেই দ্রুততার সঙ্গে এই আইনটি পাশ করে দেয়। তার ফলে এস বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয়। এই সংস্থাটি একটি স্বয়ংশাসিত সংস্থা। আমরা জানি আমাদের রাজ্যে ২০০১ সালে বিদ্যুতের যে মাশুল নির্ধারিত হয় তখন কিন্তু এই সাবসিডি বা পারস্পরিক ভরতুকি সেটা বহাল রাখা হয়েছিল কিন্তু তারপর যখন কমিশন গঠিত হওয়ার পর নির্ধারিত হয় তখন কোনো কোনো সংস্থা মামলা করে। প্রথমে হাইকোর্টে এবং তারপর সুপ্রিম কোর্ট পর্যন্ত মামলা গড়ায়। ৩রা অক্টোবর ২০০২ সালে তারা একটা রায় দেন। তারপর আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে সেখানে পার্টি হতে চাওয়া হয় কিন্তু সুপ্রিম কোর্ট রাজ্য সরকারকে পার্টি হতে দেননি। তারা তখন সিদ্ধান্ত নিয়ে বলেন যে এইসব তুলে দিতে হবে। বিগত

অধিবেশনে এটা নিয়ে আমরা আলোচনা করেছি যে এর কি প্রতিক্রিয়া হবে আমাদের সারা রাজ্যে। ৫৫ লক্ষ আমাদের রাজ্যে গ্রাহক, শুধু কোলকাতায় সি.ই.এস.সি এলাকায় ১৮ লক্ষ গ্রাহক এবং তার মধ্যে ১৬ লক্ষই হচ্ছে সাধারণ নিম্ন মধ্যবিত্ত লোক। এখন এই পরস্পর ভরতুকি যদি তুলে দেওয়া হয় তাহলে ক্ষতিগ্রস্ত হবেন এই গরিব মধ্যবিত্তরা এবং গ্রামে কৃষির ক্ষেত্রটা। এতে তারা ভয়ংকরভাবে ক্ষতিগ্রস্ত হবেন। তখন মাননীয় মন্ত্রী মহাশয় ঘোষণা করেছিলেন যে আমাদের চেষ্টা করতে হবে যে সাধারণ, গরিব নিম্ন মধ্যবিত্তদের পরিষেবাটা কি করে অক্ষুন্ন রাখা যায় এবং তাদের উপর যাতে বাড়তি বোঝা না চাপে সেটা দেখতে হবে। সেই সময় আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য তিনি চিঠি লিখেছিলেন মাননীয় প্রধানমন্ত্রীকে যাতে এই গরিবরা সুবিধা পায় এবং বিশেষ করে কৃষি ক্ষেত্রে এই ভরতুকি অব্যাহত থাকে এবং পারস্পরিক ভরতুকি যাতে বজায় থাকে এবং তিনি তার চিঠিতে লিখেছিলেন এর জন্য যেন মাননীয় প্রধানমন্ত্রী হস্তক্ষেপ করেন। কিন্তু সেটা করা হল না। স্যার, তাপসবাবুর বক্তব্য আমি বুঝতে পারলাম না। সামগ্রিকভাবে আলোচনার ভিত্তিতে যখন সংশোধনী আনা হল সাধারণ মানুষকে প্রটেক্ট করার জন্য তখন তাপসবাবু এইরকম বক্তব্য কেন রাখলেন আমি বুঝতে পারলাম না। ইতিমধ্যে আমাদের মামলা করতে হয়েছে এবং স্থগিতাদেশ নেওয়া হয়েছে। তারপর এই সুযোগটা এসেছে এবং আমরা সেটা গ্রহণ করেছি। এক্ষেত্রে বিরোধীপক্ষরা যদি আন্তরিক হন তাহলে আজকে এ নিয়ে কটাক্ষ করার কোনো যুক্তি নেই বলেই আমি মনে করি এবং তাই আমি বলছি, কটাক্ষ যেটা করা হচ্ছে সেটা অযৌক্তিক। আমি তাই মাননীয় সদস্য তাপসবাবুকে বলব, আপনি যদি আন্তরিকভাবে সাধারণ মধ্যবিত্ত, গরিব কৃষকদের জন্য এই পারস্পরিক ভরতুকি অব্যাহত রাখতে চান তাহলে এই যে সংশোধনী আনা হয়েছে এই সংশোধনীকে নিয়ে এরকম কটাক্ষ করবেন না কারণ এই ধরনের মন্তব্য নিশ্চয় শোভনীয় নয়। তারপর আরও একটি ভয়ংকর ব্যাপার যা বিবেচনার মধ্যে রাখার জন্য অনুরোধ করব সেটা হচ্ছে, '৯৮ সালের আইন, তারপর ২০০১ সালের বিদ্যুৎ আইন। ২০০১ সালের ইলেকট্রিসিটি অ্যাক্ট এটা ভয়ংকর। এটা লাগু হলে আমাদের দেশের সমস্ত কিছু নিয়ে চলে যাবে বেসরকারী সংস্থাগুলি। এখন এই বেসরকারী সংস্থা নিলে কি ক্ষতি হয় তা তাপসবাবু ভালই জানেন। এনরন, এনরন করে এক সময় অনেক হৈ-চৈ হয়েছিল এবং আজকে সেই এনরনের কি অবস্থা তা বিরোধীরা ভালই জানেন। এনরন আজকে গুটিয়ে নিয়েছে। আমেরিকান পত্রিকা লিখেছিল যে ১১ই সেপ্টেম্বরের ঘটনায় আমেরিকার যত না ক্ষতি হয়েছে তার চেয়ে বেশি ক্ষতি হয়েছে এনরন দেউলিয়া হয়ে যাওয়ার ফলে। এই এনরনের জন্য আজকে মহারাষ্ট্র রাজ্য বিদ্যুৎ পর্ষদ তারা দেউলিয়া হতে বসেছে। বিরোধিরাও নিশ্চয় সে সম্পর্কে ওয়াকিবহাল আছেন। কাজেই এই বিষয়টি সকলকে গভীরভাবে ভেবে দেখতে বলব। এই বিদ্যুৎ বিল যেটা কার্যকরী হতে যাচ্ছে সেটা কার্যকরী হলে তখন কিন্তু আমাদের এই সরকারের আর কিছু নিয়ন্ত্রণ থাকবে না। ওই বিদ্যুৎ আইনের মাধ্যমে সমস্ত জিনিসটা তুলে দেওয়া হচ্ছে বেসরকারি হাতে। আমরা জানি ইউরোপ, আমেরিকার মতোন অনেক উন্নত দেশে সাধারণ গ্রাহকদের বিদ্যুতের অধিকার হরণ করে নেওয়া হচ্ছে। আমেরিকার ধনী রাজ্য

কালিফোর্নিয়াতে দীর্ঘস্থায়ী বিদ্যুৎ সংকট চলাতে ফলে এখানে সমস্ত বিষয়টা নিয়ে সকলকে গভীরভাবে ভাবতে হবে। দেখতে হবে এর উৎসটা কোথায়। কজ অ্যান্ড অ্যাফেক্টটা দেখতে হবে। কতটা ছেড়ে দিয়ে শুধু যদি অ্যাফেক্টটা নিয়ে মাতামাতি করি তাহলে কিন্তু সাধারণ মানুষদের জন্য আমরা যারা কনসার্ন ফিল করি আমরা কিন্তু প্রকৃত অর্থে তাদের রিলিফ দিতে পারব না।

[2.25—2.35 p.m.]

আমি অনুরোধ করব বিরোধী সদস্যদের, আপনারা গভীরভাবে ভেবে দেখবেন যে কজটা কোথায়, উৎসমুখটা কোথায়। একটা হচ্ছে ১৯৯৮ সালের বিদ্যুৎ বিল তার সঙ্গে ২০০১ সালের বিদ্যুৎ বিল। কিছু না বুঝে নিজেরা মামলা করে এটার জটিলতার সৃষ্টি করেছে। রাজ্য সরকার কিভাবে আগে করবে ? মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার, তিনি বলেছিলেন যে ২৯.৩ ধারা তো আছে, রাজ্য সরকার ব্যবস্থা নিতে পারে। কোথায় ২৯.৩ ধারায় রাজ্য সরকার ব্যবস্থা নিতে পারে ? রাজ্য সরকারের তো এই কনকিরী অধিকার ছিল না। আজকে তাই এই কানকিরী ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে এই সুযোগটা ক্ষমতাটা নেওয়ার জন্য সংশোধনী এসেছে। মাননীয় সদস্য বললেন বিলে ফাঁক থেকে গিয়েছে। ঠিকই। মাননীয় সদস্য সুধাংশু শীল মহাশয় সংশোধনী যেটা নিয়ে এসেছেন তা হল আমাদের মূল বিলের মধ্যে যদি ক্রস সাবসিডির ডেফিনেশান না থাকে, ক্রস সাবসিডি কাকে দেওয়া হবে, ক্রস সাবসিডি অর্থাৎ পারস্পরিক ভর্তুকির সংজ্ঞা কি, কাদের ক্ষেত্রে রাখা হবে এইটা যুক্ত না হয়ে থাকে তাহলে এই বিলের উদ্দেশ্য অসম্পূর্ণ থেকে যাবে। সুধাংশুবাবুর সংশোধনী প্রস্তাবের মধ্যে যদি যুক্ত করা হয়, আমাদের মূল যে রেগুলেটরি কমিশন অ্যাক্ট ১৯৯৮ তার ক্লজ (২)-সি-তে যুক্ত করতে পারি—cross subsidization means the differentiation of tariff among the classes of consumers according to the need for social economic and developmental requirement of the State. এটা যুক্ত হওয়ার মধ্যে যে আশংকা দেবপ্রসাদ সরকার মহাশয় ব্যক্ত করেছেন সেই আশংকা দূর হবে। যারা গরিব মানুষ, সামাজিকভাবে অর্থনৈতিক দিক থেকে নানাভাবে অনগ্রসরতার মধ্যে আছে তাদের এই সুযোগটা রাজ্য সরকার দেবে, এটা যে মুহূর্তে ইনকরপোরেট করা হবে, স্বাভাবিকভাবেই যে ফাঁকটা ছিল সেই ফাঁকটা আর থাকবে না। এই যে ফাঁকটি ছিল সেই ফাঁকটা পূরণ করার জন্য সুধাংশুবাবু এই ধরনের একটা সংশোধনী উপস্থিত করেছেন। এটা খেয়াল রাখতে হবে সারা ভারতবর্ষে বিদ্যুৎ পরিষেবার সুযোগ পায় ৩০ শতাংশ মানুষ। গ্রামীণ ক্ষেত্রে ১৭ শতাংশ মানুষ এই সুযোগ পায়। আজকে সেভাবে বিদ্যুৎ বিল ২০০১ রাখা হয়েছে এই সুযোগটাও আর থাকবে না। আজকে এই বিজ্ঞান ও প্রযুক্তির যুগে কোথায় বেশির ভাগ মানুষ আলো জ্বালানোর সুযোগ পাবে, শস্য ফলানো থেকে আরম্ভ করে শিল্প কৃষি সমস্ত ক্ষেত্রে কোথায় বিদ্যুতের ব্যবহার বেশি হবে, এমন কি ডোমেসটিক পারপাসে কোথায় বিদ্যুতের ব্যবহার বেশি হবে, কোথায় এই সুযোগ আরো বাড়বে, সেখানে এই বাড়ানোর জায়গায় কেন্দ্রীয় সরকার একটার পর একটা আইন এনে, একটার পর একটা এমন পদক্ষেপ নিচ্ছে যাতে এই সুযোগগুলো কাটেল করা যায়।

এখানে মাননীয় মন্ত্রিমহাশয় যে সংশোধনী এনেছেন তাতে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় বলেছেন যে আপনারা আগে কেন প্রতিবাদ করলেন না। মাননীয় মন্ত্রিমহাশয় আগেই বলেছেন, সকলের কাছে রেকর্ড আছে সুনির্দিষ্টভাবে যে এই উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে আমাদের অ্যাডভোকেট জেনারেল বারে বারে উপস্থিত হয়েছেন। যেহেতু এই কমিশন, বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন, একটা সেমি-জুডিশিয়াল সংস্থা, একটা স্বয়ংশাসিত সংস্থা, তখন কেন রাজ্য সরকার আসছে। মামলা তো করেছেন অল বেঙ্গল ইলেকট্রিসিটি কনজিউমার অ্যাসোসিয়েশন, তারা তো পার্টি হয়েছে। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার একটা লিফলেট বিতরণ করেছেন, আমার ধারণা ছিল আপনি জড়িত নন। অল বেঙ্গল ইলেকট্রিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশনের তরফ থেকে আপনি যে আবেদনপত্র বিতরণ করেছেন যেটা দেখে আমার মনে হলো আপনি এর সাথে যুক্ত। এই মামলায় তারা যদি পার্টি না হত তাহলে ভালো হত। তার কারণ কলকাতার ক্ষেত্রে ১৬ লক্ষ গ্রাহক এবং সারা রাজ্যের ক্ষেত্রে ৫৫ লক্ষ গ্রাহকের মধ্যে ৪৮ লক্ষ থেকে ৫০ লক্ষ গ্রাহক যারা নিম্ন আয়ের গ্রাহক তারা বাদ হয়ে গেল। কিছু আন্দোলন করে বিরোধিতা করে পার্টি হয়ে গেল। বিদ্যুৎ যারা সরবরাহকারী সংস্থা, বন্টনকারী সংস্থা তারা মামলা করেছে যেমন ডি.পি.এল.। কিন্তু 'অ্যাবেকা' হঠাৎ করে ঢুকে গেল, তাই অসুবিধা হয়ে গেল। তাই মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী এখানে যে সংশোধনী বিল এনেছেন এবং সঙ্গে সঙ্গে মাননীয় সদস্য শ্রী সুধাংশু শীল যে দুটি সংশোধনী এনেছেন তাকে আমি সমর্থন করি। আশা করি, বিরোধিরাও সমর্থন করবেন সাধারণ মানুষের স্বার্থে, সাধারণ নিম্নবিত্ত গ্রাহকদের স্বার্থে এবং বিদ্যুৎ নিয়ন্ত্রণকে সরকারের হাতে রাখার স্বার্থে।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটি সম্পর্কে আমার ধারণা হয়েছে যে এটি পারস্পরিক বিরোধী। কেন পারস্পরিক বিরোধী তা আমি আপনাকে বলছি। মাননীয় মন্ত্রী তাঁর স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস্-এর চার অনুচ্ছেদে বলেছেন, Main object for introducing this Bill is to protect the interest of the low tension, low consuming domestic consumers and agricultural consumers so that they can be subsidized in tariff by the high-end domestic consumers, industrial and commercial consumers and such consumer-wise tariff with cross subsidization is determined by the State Commission based on the average tariff determined by the Commission under the provision of the said Act. তার মানে উনি অবজেক্টস অ্যান্ড রিজনসে বলতে চাইছেন যারা কম বিদ্যুৎ খরচ করে, লো টেনশন ইত্যাদি তাদের রক্ষার জন্য এই বিল এনেছেন। আবার মেন বিকজটিতে উনি বলেছেন ৩ নং ক্লজে-ইন সাব-সেকশন ৩ অফ সেকশন ২৯ অফ দি প্রিন্সিপাল আক্ট যেখানে আছে, 'দি পারপাস ফর হুইচ দি সাপ্লাই ইজ রিকোয়ার্ড', সেখানে কি ঢোকাতে চাইছেন the purpose for which the supply is required or the need for cross subsidization which shall be reduced in a phased manner. একদিকে উনি ক্রস সাবসিডাইজেশন তুলে দিতে চাইছেন ইন ফেজড্ মানার, আর একদিকে উনি বলছেন,

'আমি লো টেনশন কনজউমারদের রক্ষার জন্য এই বিল এনেছি।ক্রস সাবসিডাইজেশন, পারস্পরিক ভর্তুকি উনি যদি ফেজড্ ম্যানারে তুলে দিতে চান, তাহলে এর মানে দাঁড়াচ্ছে, লো টেনশন, যারা কম বিদ্যুৎ খরচ করে সেই ছোটো ছোটো গ্রাহক, গ্রামের চাষিদের এবং শহরের ক্ষুদ্র গ্রাহকদের প্রোটেকশন দিতে চাইছেন বলে যা বলছেন, সেটা পরস্পরবিরোধী হয়ে দাঁড়াচ্ছে। এটা দূর করা জরুরি বলে আমি মনে করি। আজকে দেবপ্রসাদবাবু যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। লো টেনশন, লো কনজিউমার যারা তাদের প্রোটেকশনের সমস্ত রকম ব্যবস্থা এই ইলেকট্রিসিটি রেগুলেশন কমিশন বিলের মধ্যে থাকা দরকার। এটা যদি মাননীয় মন্ত্রিমহাশয় না করেন, তাহলে আমরা বুঝব ওঁর উদ্দেশ্য খুব সৎ নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমার সঙ্গে নিশ্চয়ই একমত হবেন—১.৭৩ টাকা ইউনিট প্রতি যেটি ছিল সেটি বিদ্যুৎ কমিশন ৩.৯০ টাকা করে দিয়েছেন এবং বলেছেন ওই রেটে বিদ্যুৎ বিল দিতে হবে। বড়ো বড়ো কনজিউমার যারা বেশি বিদ্যুৎ নেয়, তাদের ৬ টাকা থেকে ৭ টাকা পর্যন্ত পার ইউনিট দিতে হয়। তাদের যদি ৩.৯০ টাকা হারে দিতে হয়, তাহলে তাদের অনেক টাকা বেঁচে যাবে। বড়ো বড়ো বিদ্যুৎ গ্রাহকরা এর দ্বারা অনেক লাভবান হবে। বিদ্যুৎ কমিশন যে রায় দিয়েছেন তাতে তাঁরা যে মাশুল ঠিক করেছেন তার দ্বারা বড়ো বড়ো গ্রাহকরা অনেক বেশি লাভবান হবেন। আর ক্ষতিগ্রস্ত হবেন তাঁরা যাঁরা ১.৭০ টাকা করে দিচ্ছেন। তাঁদের ৩-৯০ টাকা করে দিতে হবে। এর ফলে গ্রামের ছোটো ছোটো গ্রাহক, চাষি তাঁরা ক্ষতিগ্রস্ত হবেন। সে জন্য আমরা সবাই বলছি মাননীয় মন্ত্রীকে যে, ক্রস সাবসিডাইজেশন, ভর্তুকি থাকা দরকার। অর্থাৎ যারা কম বিদ্যুৎ নেন, তাদের কাছ থেকে কম নিন, আর যারা বেশি বিদ্যুৎ নেন তাদের কাছ থেকে বেশি নিন একটা ভারসাম্য করার জন্য। আবার যারা বিদ্যুৎ দিচ্ছেন তাঁরা যেন ক্ষতিগ্রস্ত না হন তার দিকেও আমাদের নজর দিতে হবে। বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন যে দাম ধার্য করে দিয়েছে, এই দাম হওয়া উচিত। তা নিয়ে অনেক তর্ক-বিতর্কও হয়েছে।

[2.35—2.45 p.m.]

সেখানে সি.ই.এস.সি. এবং এস.ই.বি.-র ট্রান্সমিশান এবং ডিস্ট্রিবিউশান লস কত হবে, সেই সম্বন্ধেও ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন খুব কড়া মন্তব্য করেছেন। কিন্তু কড়া মন্তব্য করার পরেও তাদের যে অ্যামাউন্ট অফ টি অ্যান্ড ডি লস অ্যালাউ করেছে সেটাও তাদের হওয়া উচিত নয়। এবং মাননীয় মন্ত্রী আমার সঙ্গে একমত হবেন, সি.ই.এস.সি. এবং বিশেষ করে এস.ই.বি. তাদের যেভাবে বিদ্যুৎ চুরি হয়, সেই চুরি বন্ধ করবার কোনো ব্যবস্থা এই সরকার এই পর্যন্ত করতে পারেননি। এই ব্যাপারে অনেক বক্তব্য আছে, কিন্তু আমি সময়ের অভাবে বলতে পারছি না। তাদের যে ট্রান্সমিশান এবং ডিস্ট্রিবিউশান লস, তা যদি ১৩ শতাংশ, ১৪ শতাংশ হয়, সেটাই স্বাভাবিক হওয়া উচিত, সেটা যদি না বুঝতে পারেন তাদের অপদার্থতার ফল বহন করতে হবে বিদ্যুৎ গ্রাহকদের, বেশি দামে বিদ্যুৎ গ্রহণ করে। এটা নিশ্চয় বাঞ্ছনীয় নয়। তাই আমি মাননীয় মন্ত্রীকে বলব, এই ব্যাপারে নিশ্চয় সরকার যদি নিশ্চুপ হয়ে বসে থাকেন, বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন একটা স্বশাসিত

বিদ্যুৎ সংস্থা, সেই স্বশাসিত সংস্থা অনেকের সঙ্গে আলোচনা করে বিভিন্ন জায়গায় নোটিশ দিয়ে তাদের যে বিদ্যুৎ বিল সেটা একটা হারে ধার্য করে দিয়েছেন। সেখানে সরকারের কিছুই করার নেই, এই অজুহাত দিয়ে যদি চুপ করে বসে থাকেন সেটা তাহলে কোনো সরকারের পক্ষেই বাঞ্ছনীয় হবে না। বিশেষ করে আমি বলব, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বিদ্যুৎ কমিশন এর এই ২৯(৩) নম্বর ধারাতে বলছেন, The State Commission while determining the tariff under this Act, shall not show undue preference to any consumer of electricity but may differentiate according to the consumers load factor, power factor total consumption of energy during any specified period or the time at which the supplies required or geographical position of any area, the nature of supply and the purpose for which the supply is required. তার মানে এখানে পরিষ্কার করে রেগুলেটরি কমিশন বলে দিয়েছে, এখানে রেগুলেটরি কমিশন এইগুলিকে ধরতে পারে যে, একজন বিদ্যুৎ গ্রাহক সে কম নিচ্ছে কী বেশি নিচ্ছে, তার জিওগ্রাফিকাল এরিয়া কোথায়, এইগুলি বিচার- বিশ্লেষণ করে সবাইকে সমান হারে বিদ্যুৎ নিতে হবে এই যে ফতোয়া জারি করেছে বিদ্যুৎ কমিশন, এটা সম্পূর্ণ আইন মোতাবেক হয়নি। তাই আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে বলব, এই যে পাওয়ার নিয়ে, বিদ্যুৎ কমিশন, যারা কম বিদ্যুৎ গ্রহণ করছে, ছোটো চাষিরা আছে, তাদের জিওগ্রাফিকাল এরিয়া ধরে, যারা দূরে থাকেন, তাদের ভাবনাচিন্তা করে তাদের জন্য কম পয়সায় যাতে বিদ্যুৎ দিতে পারেন সেটা দেখা দরকার। আমি আর একটি বিষয়ে বলব, ৩৯ নম্বর ধারাতে দৃষ্টি আকর্ষণ করতে চাই, যেটা সরকার বলতে পারেননি, আমরা কিছু জানি না, কিছু করণীয় নেই, এখানে পরিষ্কারভাবে বলছি, রেগুলেটরি কমিশনের in the discharge of its functions, the State Commissioner shall be guided by such directions in matters of policy involving public interest as the State Government may give to it in writing. আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, আপনি কি কোনোদিন এই স্টেট রেগুলেটরি কমিশন কীভাবে তারা দাম ধার্য করবেন বা আপনাদের বিভিন্ন গ্রাহকদের উপর কত টাকা ধার্য করবেন, কোন ধরনের বিদ্যুৎ গ্রাহকদের উপর কত কী দাম ধার্য করবেন এই ব্যাপারে সরকার কি কোনোদিন ৩৯ নম্বর ধারাতে নির্দেশ দিয়েছেন ? সেই নির্দেশ দিয়ে থাকলে আজকে কমিশন একতরফাভাবে যে আইন তারা চালু করবার চেষ্টা করছেন, যে অধ্যাদেশ তারা দিয়েছেন, সেই অধ্যাদেশ তারা চালু করতে পারছেন না। আজকে সরকারের এই ব্যাপারে নিশ্চুপ হয়ে বসে থাকা তাদের অপদার্থতাই আজকে পরিষ্কার হয়ে যাবে একদম এটা ধরেই, নানা দলের বিরোধিতার ফলে, বিশেষ করে এস.ইউ.সি. দলের পক্ষ থেকে তারা বাংলা বন্ধ করেছে, আমরাও বিরোধিতা করেছি, তৃণমূল দলও ভেতরে এবং বাইরে তারা আন্দোলন করার ফলে মাননীয় মন্ত্রী এই বিলটা আনতে বাধ্য হয়েছেন কিছুটা ক্রস সাবসিডি দেবার জন্য। কিন্তু সেখানে আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি, মাননীয় মন্ত্রিমহাশয় মত প্রকাশ করেছেন

এই ক্রস সাবসিডি আস্তে আস্তে তুলে দেওয়া হবে। এটা অত্যন্ত ভয়ঙ্কর ও আপত্তিকর বলে আমি মনে করি। এই ক্রস সাবসিডিই বলুন, বা ক্যাটিগোরাইজড্ টারিফই বলুন, এটা থাকা দরকার। কম অবস্থাপন্ন লোকেরা কখনোই ৩.৯০ পয়সা দরে বিদ্যুৎ নিতে পারবে না। মাননীয় রবীনবাবু বক্তৃতার সময়ে বললেন গ্রামের ১৬ শতাংশ লোক বিদ্যুৎ নেয়। এটা তো আপনাদের অপদার্থতা আরও স্পষ্টভাবে প্রমাণ হয়ে যায়। আপনারা আজকে স্বীকার করে নিচ্ছেন গ্রামের মাত্র ষোলো শতাংশ মানুষ বিদ্যুৎ ব্যবহার করে। এদিকে আপনারা বলছেন আমরা প্রত্যেক মৌজায় বিদ্যুৎ পৌঁছে দিচ্ছি। ৩.৯০ পয়সা দরে বিদ্যুৎ দিলে আপনারা কখনোই ১৬ শতাংশ থেকে ১০০ শতাংশে পৌঁছতে পারবেন না। কারণ তারা এত চড়া দরে ইউনিট পিছু ৩.৯০ পয়সা দিয়ে বিদ্যুৎ কিনতে পারবে না। এই বিষয়ে রাজ্য সরকারের ভাবনা-চিন্তা করা দরকার। তাই মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু যে সংশোধনী দিয়েছেন সেটাকে আপনি গ্রহণ করুন এবং আপনারা গরিবদের পক্ষে, বড়োলোকদের পক্ষে নন, সেটা প্রমাণ করুন। এই কমিশন যেভাবে ইউনিটপিছু বিদ্যুতের দাম নির্ধারণ করেছেন তাতে বড়ো বড়ো কনজিউমার, বড়ো বড়ো শিল্পপতি যারা এতদিন ছয়-সাত টাকা দরে ইউনিটপিছু বিদ্যুৎ কিনত, তারা এখন ৩.৯০ পয়সা দরে ইউনিটপিছু বিদ্যুৎ পাবে। আর যারা মধ্যবিত্ত, নিম্নবিত্ত, গরিব মানুষ যারা এতদিন ইউনিটপিছু ১.৭০ দরে বিদ্যুৎ পেত তাদের এখন থেকে ৩.৯০ পয়সা দরে ইউনিটপিছু বিদ্যুৎ নিতে হবে। তাই আপনারা এই গরিব মানুষগুলোকে ভাতে মারবেন না, এই বিলকে আপনারা প্রত্যাহার করে নেবেন, গরিব মানুষদের পক্ষে রায় দেবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মেহবুব মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশান (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩ যেটা মাননীয় মন্ত্রিমহাশয় পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। আজকে ক্রস সাবসিডির ব্যাপার নিয়ে বিরোধী বন্ধুরা এখানে বলেছেন, কিন্তু ১৯৯৮ সালে যখন সংসদে বিলটা পাশ হয়েছিল তখন কিন্তু বিরোধী পক্ষরা তাদের ভূমিকা ঠিকভাবে পালন করেননি। কিন্তু বিষয়টা যখন আক্টে পরিণত হয়ে গেল, সেই আক্টে ক্রস সাবসিডি থাকুক এটা আমরাও চাই। এই ক্রস সাবসিডি উঠিয়ে দিলে গরিব, নিম্নবিত্ত, মধ্যবিত্ত শ্রেণির গ্রাহকরা খুবই অসুবিধায় পড়বে। স্কুল, কলেজ, রাস্তায় যে আলো জ্বলে, কুটিরশিল্পের ক্ষেত্রে বিদ্যুৎ মাশুল বৃদ্ধি পাবে। ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ এবং সত্তর শতাংশ মানুষ আজকে কৃষির উপরে নির্ভরশীল।

[2.45 - 2.55 p.m.]

সেই কৃষিক্ষেত্রে, সেচের ক্ষেত্রে যদি বিদ্যুতে ক্রস সাবসিডি উঠিয়ে দেওয়া হয় তাহলে কৃষিক্ষেত্রে আমাদের খুবই ক্ষতি হয়ে যাবে। কেন্দ্রীয় সরকার নয়া বিদ্যুৎ সংস্কার নাম করে বিদ্যুৎব্যবস্থাকে বেসরকারিকরণের পথে নিয়ে যাওয়ার পথে হাঁটছে। উদাহরণস্বরূপ আমরা দেখতে পাচ্ছি মহারাষ্ট্রে বহুজাতিক সংস্থা এনরন কোম্পানি সেখানে 'দাভোল' প্রকল্পের

মাধ্যমে মহারাষ্ট্রের বিদ্যুৎব্যবস্থাকে পঙ্গু করে দিচ্ছে, সেখানকার সরকার দেউলিয়া হয়ে যাচ্ছে। আমাদের ৫৬ লক্ষ বিদ্যুৎ গ্রাহকের মধ্যে ৫৫ লক্ষই মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত। বিদ্যুতে যদি ক্রস সাবসিডি উঠিয়ে দেওয়া হয় তাহলে গরিব মানুষ ক্ষতিগ্রস্ত হবে। গতকাল মহামিছিল হয়েছে। ইরাকে আমেরিকার আক্রমণের বিরুদ্ধে, সারা দুনিয়ায় তাদের আগ্রাসন ও দাদাগিরির বিরুদ্ধে প্রতিবাদের সুর গোটা পশ্চিমবাংলা থেকে উঠে এসেছে। সেখানে কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রতিবাদের সুর উঠছে না। ভারতবর্ষে আমরা বিদ্যুতে বেসরকারিকরণের প্রচেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ করছি। চাষের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের যে প্রভূত উন্নতি, সে ক্ষেত্রেও বিদ্যুতের বিরাট ভূমিকা পরিলক্ষিত হচ্ছে। ক্রস সাবসিডির বিষয়টা রাখলে চাষিরাও এর থেকে উপকৃত হবে। এই কটি কথা বলে, এই যে বিল মাননীয় মন্ত্রী নিয়ে এসেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যে The Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Bill, 2003 মাননীয় মন্ত্রী যে নিয়ে এসেছেন, তার বিরোধিতা আমরা করছি না, আমরা শুধু বলছি, বেটার লেট দ্যান নেভার।

২১শে মার্চ আমরা বিধানসভার মধ্যে প্রাইভেট বিল এনেছিলাম। এটা এনে বলতে চেয়েছিলাম যে, ক্রস সাবসিডাইজেশানের প্রভিশান করুন। স্টেট গভর্নমেন্টের কেস। সেদিন যথারীতি বিদ্যুৎমন্ত্রী মৃণালবাবু তিনি বিরোধিতা করেছিলেন আমাদের। আমরা বলেছিলাম প্রভিশানগুলি আছে। উনি শেষে বললেন ইলেকট্রিসিটির মেন অ্যাক্টে ১৯১০-এ সেখানে আমেন্ডমেন্ট করা যেতে পারে। যাই হোক বিরোধিতা করেছেন। আজকে উনি এনেছেন, সেই জন্য সাধুবাদ জানাচ্ছি। এই বিল সম্পর্কে বক্তব্য রাখছি। আপনি সেকশান ফোর-এ যে প্রভিশান রেখেছেন Regarding the Provision of the need for cross subsidization under Sub-section 3 of section 29 and 4, Sub-section (2)—এবং ফোর-এ সাব সেকশন টু-এ আপনি বলছেন while revising the consumer category wise tariff under Sub-section (1). The State Comission shall be guided by the principles set out in clauses (a) to (g) of Sub-section (2) of Section (29) for any period commencing on and from the 1st day of April, 2000. কিন্তু আর একটা জায়গায় আপনি বলছেন Proviso of the Sub-section (1)—"Provided that in so revising the consumer category-wise tariff, the average tariff or the average cost of supply already determined by the State Commission under section 29 shall not be altered." যদি ওরা শ্যাল নট বি অলটার্ড এই স্টেট কমিশনের যেগুলি already decided. How there can be retrospective effective the effect from the 1st day of April, 2000 under Sub-section (2). এই জায়গায় আপনি আমাদের কাছে একটু ক্লিয়ার করে

দেবেন। আপনি বলুন যে, "Any decision made or order passed for fixing consumer category-wise tariff by the State Commission or any order of any court directing determination of consumer category-wise tariff passed before the commencement of the Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Act, 2003, by the State Commission shall, in so far as they are inconsistent with the provisions of Sub-sections (1) and (2), be void and shall be deemed always to have been void." যদি সেটাকে ক্রশ সাবসিডাইজেশনের প্রভিশানটাকে How you are reading this provision with this provisio. If court has not taken into consideration. The Court has said earlier that provison for cross subsidization if it is under this Act, it is to be read as void. তাহলে আপনি এখানে কেন বলছেন Provided that in so revising the consumer category-wise tariff the average tariff or the average cost of supply already determined by the State Commission under section 29 shall not be altered. আপনি একটা জায়গায় বলছেন ভয়েড। ইট হ্যাজ টু বি রিড অ্যাজ ভয়েড। আবার আর একটা জায়গায় বলছেন It shall not be altered. This two parts are remaining in consistent. যদি রেট্রোসপেকটিভ এফেক্ট না দেন, প্রসপেকটিভ এফেক্ট দেন, তাহলে ফার্স্ট এপ্রিল দু হাজার কথাটা উঠিয়ে দিন। কারেন্ট জায়গায় রাখুন। If they are accepting CESC's matter, and other matters are also Pending. সি.ই.এস.সি. ম্যাটার আপটু সুপ্রিম কোর্ট গেছিল। ইট কেম ব্যাক। ডিসিশান নিয়েছে কমিশন। আবার হাইকোর্টে পেন্ডিং রয়েছে। So far I known regarding West Bengal State Electricity Board and other matters are concerned. দু হাজার এক সালে যেটা কমিশন যে রায় দিয়েছিল, তার এগেনস্টে অ্যাপিলগুলি পেন্ডিং রয়েছে। আপনি একটা জিনিস বলে দিন whether this Bill will be applying in that case also or not ? যেখানে অ্যাপিল অলরেডি পেন্ডিং। যদি the things which have already been dicided in the year 2000-2001–if that is so, if it is applicable. তাহলে ইফ ফার্স্ট ডে অফ এপ্রিল ২০০০ যে ডেট দিয়েছেন, রেট্রোসপেকটিভ ডেট, সেটা অ্যাপ্লিকেবেল করুন। যদি না অ্যাপ্লাই করেন, তাহলে ফার্স্ট ডে অফ এপ্রিল রেট্রোসপেকটিভ ডেট দিলেন কেন। এখানে মাননীয় বিধায়ক বললেন যে, স্টেট গভর্নমেন্ট পার্টি হতে চেয়েছিল। পার্টি হতে দেননি। দয়া করে বলবেন কেন চেয়েছিলেন। কোর্ট অর্ডার দেননি যে স্টেট গভর্নমেন্ট পার্টি হতে চেয়েছিল। যদি এটা দেন তাহলে আমরা খুশি হব। আপনি আবার বললেন, অ্যাডভোকেট জেনারেল বারবার বিরোধিতা করেছিল। মাননীয় বিধায়ককে জানাই যে, আমাদের একটা প্রিভেন্স ছিল আমরা বিধানসভায় বলেছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে বলেছিলাম।

[2.55—3.05 p.m.]

আপনারা কেন অ্যাডভোকেট জেনারেলকে অ্যাপয়েন্ট করলেন যে অ্যাডভোকেট জেনারেল সি.ই.এস.সি.-র হয়ে ব্রিফ নিয়ে নিলেন। এটা পশ্চিমবাংলার মানুষের স্বার্থের বিরুদ্ধে গেল। তারপর থেকে উনি আর অ্যাপিয়ার করলেন না যার জন্য দেখবেন যে স্টেট গভর্নমেন্ট অ্যাপিলটা করছে স্টেট গভর্নমেন্টের অ্যাপিলের অ্যাডভোকেট জেনারেল নেই, আছেন শক্তিনাথ মুখার্জি। কারণ অ্যাডভোকেট জেনারেল সি.ই.এস.সি-র হয়ে ব্রিফ অ্যাকসেপ্ট করে ফেলেছেন। তাই জন্য অ্যাডভোকেট জেনারেল কখনোই এটা নিয়ে কিছু বলেন না। আবার রবীনবাবুর বড় অভিযোগ ওদের অ্যাসোসিয়েশনগুলো কেন কোর্টে পার্টি হতে গেল। উনি বেসিক অবজেক্ট অব দি রেগুলেট রেগুলেটরি কমিশন অ্যাক্ট জানেন না। বেসিক অবজেক্ট অব রেগুলেটরি কমিশন অ্যাক্টসে রয়েছে যেমন লাইসেন্সি অবজেকশন ফাইল করবে। এই অ্যাক্টের মধ্যে কিছু কিছু অ্যাসোসিয়েশনকে লোকাল স্ট্যান্ডিং দেওয়া হয়েছে দে উইল ফাইল অবজেকশন। এই যে অ্যাসোসিয়েশন যেটা এস.ইউ.সি.আই. অ্যাসোসিয়েশন রয়েছে, দে পার্টিসিপেট বিফোর দি স্টেট কমিশন। থ্রু আউট দে মেড দেয়ার ডেলিবারেশনস। সমস্তরকম পার্টিসিপেট ছিল যার জন্য হাইকোর্টে যখন মামলা হয়েছে দে বিকেম পার্টি, এই জন্য পার্টি করা হয়েছে। ক্রস সাবসিডাইজেশনের জন্য দেরিতে হলেও আমি বিদ্যুৎমন্ত্রীকে সাধুবাদ জানাচ্ছি। আরেকটা জিনিস হচ্ছে, যেটা সত্যিকারের লক্ষণীয় ব্যাপার যে এই ক্রস সাবসিডাইজেশন, ইলেকট্রিসিটি ট্যারিফ আমাদের পশ্চিমবাংলায় কমিশন ডিসাইড করার পরে, The matter that first went to the Supreme Court that matter relates to the state of West Bengal, no doubt, Electricity Regulations Act, 1999 State amendment. নোডাউট। আমার যতদূর মনে পড়ছে ইলেকট্রিসিটি রেগুলেশন অ্যাক্ট ১৯৮৮ স্টেট অ্যামেন্ডমেন্ট, দিস ইজ দি ফার্স্ট অ্যামেন্ডমেন্ট বিয়িং ইনট্রোডিউসড বাই দি স্টেট অব ওয়েস্ট বেঙ্গল। শুধু আমি এই কথা বিদ্যুৎমন্ত্রীর কাছে বলি আপনি একটু দেখুন যে ক্রস সাবসিডির প্রভিশন যেখানে রাখলেন তার গাইডলাইনটা কি হবে ? আপনি গাইডলাইনটা ফিকস আপ করে দিন, দ্যাট উড বি বেটার ফর এভরিওয়ান, ফর ইন্টারপ্রিটেশন অব গাইডলাইনস। হোয়াট শুড বি দি গাইডলাইন অব দি ক্রস সাবসিডি। এই জায়গায় ডিসিশনটার অ্যাবসোলিউট পাওয়ারটা স্টেট কমিশনকে দেবে না। এই পাওয়ারটাকে স্টেট গভর্নমেন্ট থেকে যদি একটা জায়গায় ফিক্স করে দেন কি গাইডলাইন তাহলে উপকার হয়। কারণটা হচ্ছে সেই অ্যাবসোলিউট পাওয়ার হলে কোনো না কোনো সময়ে একটা অসুবিধার সৃষ্টি করতে পারে। লেজিসলেটিভ প্রিন্সিপ্যালস হ্যাভ বিন লেইড ডাউন, ইফ ইট ইজ ফিক্সড বাই ওয়ে অব লেজিসলেশন অর রুলস এর মধ্যে যদি গাইডলাইনটা নিয়ে আসেন তাহলে Principle which has been laid down by the State Commission for implementation of the guide line that Principle may not be abused.

আমি তাই আপনার কাছে একটা অনুরোধ করছি যদি ক্রস সাবসিডাইজেশনের গাইডলাইনটা ঠিক করে দেন, তাহলে ভালো হয়। আরেকটা কথা এই প্রসঙ্গে বলি যে স্টেট কমিশন কমিশনে আগে আমাদের চেয়ারম্যান ছিলেন জাস্টিস ফৌজদারি, এখন আপনারা অন্য চেয়ারম্যান করেছেন। হি ইজ অ্যান অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, আফটার অল দিজ আর দি কোয়াসি জুডিসিয়াল ফাংশনস। অন্যান্য সমস্ত জায়গায়, সমস্ত কমিশনে বা ট্রাইবুন্যালে যারা হেড হয়েছেন দে বিলং টু দি জুডিসিয়ারি। আই আন্ডারস্ট্যান্ড, আই ফিল যে একটা সময় গেছে আপনাদের, there was some confrontation between the Commission and the State Government. There was gap of understanding. আপনারা বলছেন যে না, স্ট্যাটিউটের মধ্যে ক্রস সাবসিডির প্রভিশন আছে, আর কমিশন বলেছে না, স্ট্যাটিউটের মধ্যে ক্রস সাবসিডির প্রভিশন নেই। দ্যাট কোয়ারেল ওয়েস্ট আপ টু দি সুপ্রিম কোর্ট। এর আগের দিন আমাকে বিরোধিতা করার সময়ে আপনি আমাকে বলেছিলেন ক্রস সাবসিডির প্রভিশন ছিল। সেটা ঠিক নয়। আপনি সেই জায়গাটা অ্যামেন্ড করেছেন। আই মাস্ট গিভ ইউ থ্যাংকস। আপনি সেদিন বিরোধিতা করতে গিয়ে বলেছেন যে, না, ক্রস সাবসিডি ছিল, ট্রাইবুন্যাল দেয়নি কিন্তু আপনি দেখুন, আপনি নিজেরই স্টেটমেন্ট অ্যান্ড অবজেক্টে বলেছেন, Accordingly, provisions have been made in clause (e) of Sub-section (2) and Sub-section (3) of Section 29 of the said Act so that the level of cross-subsidy is minimized. since the word "cross-subsidy" has not been mentioned anywhere in the said Act there is scope for misinterpretation as to whether cross-subsidy can be allowed by the Commission in determining consumer-wise tariff. এখানে ২৯-এ(১) বলেছেন, section 29A. (1) Notwithstanding anything contained in this Act or in any decision made, or order passed, before the commencement of the Electricity Regulatory Commission (West Bengal Amendment) Act, 2003, by the State Commission not taking into account the need for cross-subsidization under sub-section (3) of section 29 or in any Judgment or order of any court, it shall be lawful for the State Commission to revise, from time to time. Therefore, earlier it was felt by the Commission which was virtually upheld by the Supreme Court in saying that there was no provision for cross-subsidy in the parent Act. আপনি এর আগের দিন খুব বিরোধিতা করেছেন, আপনি পাওয়ারে আছেন, আপনি শেষে বলেন, আপনি নিশ্চয়ই বিরোধিতা করবেন, কিন্তু এখানে যেটা রয়েছে এটাকে বিরোধিতা করে কি করবেন ? আমি আপনাকে ধন্যবাদ

জানাচ্ছি, তা হলেও ক্রস সাবসিডির প্রভিশান এসেছে। ২১ তারিখে আমরা বলেছিলাম, এর আগে বাংলার মাটিতে সমস্ত রাজনৈতিক দল বলেছিল, শেষকালে হলেও আপনি এনেছেন, এ জন্য আপনাকে ধন্যবাদ জানাই। শুধু একটা অনুরোধ করে যাই, সম্ভব কিনা দেখবেন, রেট্রসপেকটিভ অ্যাফেক্ট হচ্ছে ১ এপ্রিল ২০০০ বলেছেন, যেখানে আপনি বলছেন, The portion which has contrary to this amendment Bill Court order should be treated as void যে কথা বলেছেন in giving effect kindly implement that with effect from 1st April, 2000 so that's be the cross-subsidization in the statute book and the Commission vis-a-vis the Court should read the provision for cross-subsidy with effect from 1st April, 2000 and accordingly the tariff should be fixed. This is the request from myself to the concerned Minister. ধন্যবাদ।

শ্রী তপন হোড় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, The Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Bill, 2003 যেটা আজকে এসেছে To amend the Electricity Regulatory Commissions Act, 1998. আমি একে সমর্থন করে দু-একটি কথা বলছি। এই বিলে আমাদের বামফ্রন্টের বিধায়ক শ্রী সুধাংশু শীল যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেটাকেও সমর্থন করছি। এখানে দেবপ্রসাদবাবু দু-একটি কথা বললেন। তাঁর কথা তবু শোনা যায়, কিন্তু আর অন্য যে বিরোধী দল তা সে কংগ্রেসই বলুন বা তৃণমূলই বলুন তাঁদের কথা শোনা মুশকিল। তার কারণ যখন ১৯৯৮ সালে সংসদে এ সম্পর্কে আলোচনা হয় তখন আপনাদের ভূমিকা কি ছিল ? এখানে বিষয়গুলি আছে আমরা মানসিকভাবে অনেক কিছু মেনে নিতে পারছি না। যেমন এখানে বলা হয়েছে which shall be reduced in a phased manner। ওঁরা ওখানে এলিমিনেট করতে বলছেন, বলছেন সমস্ত ভরতুকি এলিমিনেট করতে হবে। ওই বিলের মধ্যে যে কথা বলা আছে সাবসিডি এলিমিনেট করতে হবে—আমি আমার বাজেট ভাষণের দিন যে কথা বলেছিলাম যে এই গ্লোবালাইজেশনের যে ফল, যে পাপ সেটা কৃষিতেই বলুন, ইন্ডাস্ট্রিতেই বলুন বা সর্বত্রই বলুন সমস্ত স্তরে গ্লোবালাইজেশনের ফলগুলি আমাদের ভোগ করতে হচ্ছে।

[3.05—3.15 p.m.]

এই জায়গাটা আপনারা বোঝবার চেষ্টা করুন। আজকে গ্লোবালাইজেশন, আই.এম.এফ., ওয়ার্ল্ড ব্যাংক, ডব্লু.টি.ও.-র রাজত্ব চলছে। তারপর আবার এই এলিমিনেট করার কথা বলা হচ্ছে। আমরা জানি যে ইলেকট্রিসিটি কংকারেন্ট লিস্টের বিষয়। এই যে সাবসিডির বিষয়টা, ক্রশ সাবসিডির বিষয়টা আসছে, যেটা আমরা আজকে এখানে ঢোকাতে যাচ্ছি, আমরা যতটুকু বুঝেছি সাবসিডি এলিমিনেট করার জন্য লোকসভায় বিল পাশ হতে যাচ্ছে। তারপর কি হবে ? সেই জায়গায় দাঁড়িয়ে আপনাদের নেত্রী এবং আপনারা কি করছেন ?

এ ব্যাপারে কোনো প্রতিবাদ আপনারা তুলে ধরেছেন ? আমি অন্তত যতদিন পর্যন্ত এখানে এম.এল.এ. আছি জনস্বার্থে সংশ্লিষ্ট কোনো বিষয়ে আপনাদের কোনো ভূমিকা আছে ? আপনাদের শুধু হুড়তাড়াং ছাড়া কোনো কিছু নেই। এখন আবার আপনাদের নেত্রী অটলবিহারী বাজপেয়ীর সভায় গিয়ে ফুলের তোড়া দিয়ে আসছেন। অর্থাৎ যত পার কংগ্রেসকে গাল দাও, বামফ্রন্টকে গাল দাও, আর.এস.পি.-কে গাল দাও, সি.পি.এম.-কে গাল দাও। কি করে সাবসিডি তুলে দেওয়ার বিরোধিতা করবেন, গ্লোবালাইজেশনের বিরোধিতা করবেন ? বিরোধিতা করার কোনো জায়গা আপনাদের নেই। আপনারা এখানে এক রকম কথা বলেন, মাঠে এক রকম কথা বলেন আবার সংসদে এক রকম কথা বলেন। দ্বিচারিতা নয়, আপনাদের যে কত চারিতা বোঝা মুশকিল। এখানে যে বিষয়টাতে অসংগতি ছিল সেই বিষয়টা দূর করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় চেষ্টা করেছেন যাতে রাজ্যের হাতে ক্ষমতা থাকে। এটা ঠিক। আজকে যেভাবে গ্লোবালাইজেশন আসছে, সংসদে বিভিন্ন বিষয়ে বিল আসছে তাতে এখানে আইন করেও কংকারেন্ট লিস্টের বিষয়ে আমরা কিছু করতে পারব না, লাও হয়ে যাবে। কিন্তু এর বিরোধিতা করার জন্য আপনারা রাজি আছেন তো ? নাকি মন্ত্রী হওয়ার জন্য লালায়িত হয়ে বসে আছেন ? মাননীয় মন্ত্রীকে বলছি, ক্রশ সাবসিডির ক্ষেত্রে যে আইনগত বাধা আছে, যে অসঙ্গতি আছে সেটা আমরা অনুভব করছি। সেখানে দাঁড়িয়ে এই ক্রশ সাবসিডির ব্যাপারে আপনি আমাদের আশ্বস্ত করুন। আমরা মানুষের কাছে দায়বদ্ধ। আমরা জনগণের দ্বারা নির্বাচিত হয়ে এসেছি। তাদের ভোটে নির্বাচিত। তফসিলি জাতি, উপজাতি, সাধারণ মানুষের পক্ষে এইভাবে বিদ্যুতের ফি দিয়ে আসা সম্ভব নয়। তাদের কাছে আমরা এনসারেবল। ওরা নয়। কাজেই আমাদের দায়বদ্ধতা আছে। তাই রাজ্য সরকারকে সেই জায়গায় দাঁড়িয়ে যেভাবে পারা যায় সেই ভাবে এর মোকাবিলা করতে হবে। একদিকে বিধানসভায় সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে লড়াই, অপরদিকে লড়াই হবে মাঠে। এই দুটো লড়াইকে যুক্ত করতে হবে। তাহলে আমরা এর প্রতিরোধ করতে পারব। যাই হোক, এই কথা বলে, এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : স্যার, [* * *] নাম এখানে উল্লেখ করা হয়েছে। নাম এক্সপাঞ্জ করার ব্যবস্থা করুন।

মিঃ ডেপুটি স্পিকার : নাম বাদ যাবে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে The Electricity Regulatory Amendment Bill, 2003.

মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন, আমি প্রথমে তার বিরোধিতা করে বলতে চাই, এই যে বিল এটা একটা চরম, To hoodwink the people.

*** Expunged as ordered from the chair

একটা বিরাট ভাঁওতা। এখানে যথার্থভাবে মাননীয় অতীশবাবু বলেছেন, The Statement of objects and reasons.

s নম্বর ধারায় বলেছেন, আপনি বলেছেন, Main object for introducing this bill is to protect the interest of the low tension, low consuming domestic consumers, etc.

আর যে ব্যবস্থা নিলেন জাস্ট তার রিভার্স। অর্থাৎ ২০০১ বিদ্যুৎ আইন কেন্দ্রীয় সরকারের, যেটা নিয়ে আপনারা এত গলা ফাটাচ্ছেন আর বলছেন দ্বিচারিতা। তার থেকে আপনাদের বেশি দ্বিচারিতা আমি বলব। কারণ আপনারা সেখানে এর বিরোধিতা করছেন, আর এখানে কাজটা করছেন উল্টো। এই বিষয়টাকে আইনগত ভিত্তি দেওয়ার জন্য এগিয়ে এসেছেন, আপনি গ্লোবালাইজেশনের বিরুদ্ধে বলছেন। তাহলে দ্বিচারিতা বেশি কে করছে সেটাই বিচার্য বিষয়। যে অ্যামেন্ডমেন্ট আমি এনেছি, অ্যামেন্ডমেন্টের মধ্যে একটা ধারা, মাননীয় সদস্যরা বলেছেন, মাননীয় তাপস রায় মহাশয় বলেছেন, আমি পরে অ্যামেন্ডমেন্ট মুভ্ করার সময় বলব ওটা। অ্যামেন্ডমেন্ট যেটা এনেছি, প্রোভাইসো, সেটা তুলে দেওয়ার জন্য ক্লজ ৪-এ মাননীয় কল্যাণ ব্যানার্জী মহাশয় তাঁর ক্লারিফিকেশন চেয়েছেন, তিনি অনেস্টলি ক্লারিফিকেশন চেয়েছেন। আপনি কিন্তু সচেতনভাবে প্রোভাইসো রেখেছেন। কারণ এই বিদ্যুতে রিভাইস্ করে যে ট্যারিফ বসানো হয়েছে সেটা আন-অলটার্ড থাকবে কিনা। ৩ টাকা ৯০ পয়সা যেটা ধার্য করা হয়েছে সেটা কোর্টে চ্যালেঞ্জ হয়েছে, ওরা যে হিসেব বলেছে সেটা ঠিক নয়। এটা ৩ টাকা ৫৬ পয়সা হওয়া দরকার। অর্থাৎ ১৮ লক্ষ বিদ্যুৎ গ্রাহককে ৩৪ পয়সা পার ইউনিট ফেরত দিতে হবে। এর ফলে গোয়েঙ্কাদের বিরাট লস হবে। গোয়েঙ্কাদের সঙ্গে বসে গোপনে আলোচনা করলেন, প্রভিশন নিয়ে বসে আলোচনা করলেন, Provided that in so revising the consumer category-wise tariff, the average tariff or the average cost of supply already determined by the State Commission under Section 29 shall not be altered. কার ইন্টারেস্টে ? গোয়েঙ্কার ইন্টারেস্টে। সেজন্য আমি এই প্রোভাইসো অলটার করার জন্য বলছি আমার সেকেন্ড অ্যামেন্ডমেন্টে। The whole purpose and design.

আপনি এখন লো টেনশন কনজিউমারের জন্য কোর্টে গিয়েছেন, বা বলছেন আপনি প্রস্তাব এনেছেন—তা এত দেরিতে ? ১৬ই ডিসেম্বর ওরা রায় দিয়েছিল—বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন। আপনি কোর্টে গিয়েছিলেন কোন মাসে ? আপনি কোর্টে গিয়েছিলেন ২৭শে জানুয়ারি, বাংলা বন্ধ হওয়ার পরে বাজেটের কিছুদিন আগে মাত্র আপনারা করেছেন, পিপলের প্রেসারের সামনে বাধ্য হয়ে আপনারা করেছেন। কিন্তু তাতেও To hoodwink by phased manner. ভরতুকি রাখার ব্যবস্থা করেছেন, যে ২০০১ সালে আইনে আছে

তার জন্য আমি অ্যামেন্ডমেন্ট এনেছি। মাননীয় রবীন দেব মহাশয় নানা কাজে ব্যস্ত থাকেন, তাই তাঁর হোমটাস্ক করার সময় নাও থাকতে পারে, তিনি না জেনে বলেছেন। কিন্তু আপনার প্রভিশনে আছে, Electricity Regulatory Commission Act, 1998. ক্লজ-৯৮ সেখানে পরিষ্কার। সেকশন ৩৯-এ বলেছে ১ অ্যান্ড ২ In the discharge of its functions the State Commission shall be guided by such directions in matters of policy involving Public interest as the State Government. may give to it in writing, যার জন্য মাননীয় অতীশবাবু জিজ্ঞাসা করেছেন যে, আপনার ওই ট্যারিফ নির্ধারণের ব্যাপারে আপনাদের সরকার কোন গাইড লাইন দিয়েছিল কি ? আপনি সেটার উত্তর দেবেন।

[3.15—3.25 p.m.]

তারপর আছে আন্ডার সেকশন ৩৯(২) If any question arises as to whether any such direction relates to a matter of policy involving the Public interest the decision of the State Government there on shall be final তাহলে আপনার সরকারের পলিসি যদি হয় যে গরিব যারা লো টেনশনে যারা বিদ্যুৎ নেয়, তাদের জন্য অল্প দামে বিদ্যুৎ মাসুল ধার্য করা উচিত। এটা যদি আপনাদের পলিসি হয়, তাহলে এই যে অভিন্ন বিদ্যুৎ চালু হচ্ছে তখন সেকশন ৩৯ অ্যাপ্লাই করলেন না কেন—যখন এটা পাবলিক ইন্টারেস্টের বিরুদ্ধে যাচ্ছে। সেকশন ৩৯ অ্যাপ্লাই করে এটাকে নাকচ করতে পারতেন। আপনার কোর্টে যাওয়ার প্রয়োজন ছিল না। সমস্ত জিনিসটা হচ্ছে টু হু টুইং দ্য পিউপিল। পিউপিলকে প্রেসারের সামনে রেখে কোর্টে গিয়ে এই বিলটাকে এখানে পাশ করে নিয়ে পঞ্চায়েতের কাজটা সেরে রাখলেন। আনন্দবাজার পত্রিকায় ২০শে ডিসেম্বর বেরিয়েছিল ২০০২ সালের ৩রা জানুয়ারি কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী যখন মুখ্যমন্ত্রীদের মিটিং ডেকেছিলেন—তাতে ধীরে ধীরে ক্রস সাবসিডি তুলে দেওয়া হবে এই সিদ্ধান্তে সহমত পোষণ করেছিলেন আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী। তাহলে আপনারা তো ইউ হ্যাভ অলরেডি কমিটেড। আপনি সেই কমিটমেন্টকে ফুলফিল করাবার জন্য আজকে তাড়াতাড়ি কেন্দ্রীয় সরকারের থেকে আগে আগ বাড়িয়ে এই আইনটা আনলেন—বাই ফেজড্ ম্যানার—যাতে ক্রস সাবসিডিটা তুলে দেওয়া হয়। সেটা প্রভিশন করলেন ফলে এটা অত্যন্ত জনবিরোধী বিল একথা আজকে পরিষ্কার সত্য। যদি একথা স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনসয়ের ৪ নম্বরে যে কথা বলেছেন যে ডোমেস্টিক, গরিব এই সমস্ত কনজিউমারদের স্বার্থে আপনারা তাদের জন্য অল্প হারে বিদ্যুৎ মাসুল যাতে ধার্য হয় এটাই যদি আপনার পারপাস হয় তাহলে আজকে আপনাকে এই যে অ্যামেন্ডমেন্ট আমি এনেছি এই অ্যামেন্ডমেন্ট দুটো গ্রহণ করে প্রমাণ করতে হবে সত্যিই সত্যিই আপনারা এই সমস্ত গরিব কৃষক ক্ষুদ্রশিল্পের মালিকদের স্বার্থে ক্ষুদ্র ব্যবসায়ী

তাদের স্বার্থে গ্রাহকদের স্বার্থে গরিব গ্রাহকদের স্বার্থে আপনারা বিদ্যুৎ মাসুল কমাতে চাইছেন। এতেই আপনাদের সততা প্রমাণিত হবে। আর তা না হলে এটা যদি গ্রহণ না করেন তাহলে এটা চূড়ান্ত জনগণের বিরোধী ও ভাঁওতা ও ধাপ্পা দিয়ে আজকে সেই অগণতান্ত্রিক দলের আপনারা আজকে পথিকৃৎ হয়ে আপনারা আজকে যেটা করতে চাইছেন পশ্চিমবঙ্গে যা ভারতবর্ষের অন্য রাজ্যে এখনও করেনি। এই কথা বলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে আমার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশন অ্যামেন্ডমেন্ট বিলকে সমর্থন জানাই। এটা একটা সময়োচিত পদক্ষেপ বলে আমি মনে করি। এই অ্যামেন্ডমেন্ট যদি আমরা না করতাম তাহলে আমরা আমাদের রাজ্যের যে গরিব মানুষেরা রয়েছেন ছোটো ছোটো শিল্প, ব্যবসায়ীরা রয়েছেন তাঁদের স্বার্থ আমরা রক্ষা করতে পারতাম না। কারণ এই ২৯-এর ৩ নম্বর ধারায় যেসব কথা বলা হয়েছে তা আমাদের রাজ্যের অধিকাংশ মানুষের স্বার্থ বিরোধী এবং আমরা জানি সমস্ত সি.ই.এস.সি. বলুন এরা মুনাফা না করে থাকতে পারে না। মুনাফা হচ্ছে এদের চরিত্রের প্রধান বৈশিষ্ট্য। সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ১৯৯৮, ২০০০-২০০১-এ যে বিলগুলি এনেছেন আমাদের ডিপার্টমেন্টের উচিত ছিল আরও আগে সতর্ক হওয়া। প্রথমত যে কেসগুলো হয়েছে সেই কেসগুলোতে আমাদের পার্টিসিপেট করা উচিত ছিল। আমি বুঝতে পারলাম না আমাদের ডিপার্টমেন্টের বড় বড় কর্তাব্যক্তিরা কি এটা অনুধাবন করতে পারলেন না যে, এটা বামফ্রন্টের ঐতিহ্যের বিরুদ্ধে চলে যাচ্ছে। অনেক দেরিতে হলেও আমাদের ডিপার্টমেন্টের কর্মকর্তাদের এই উপলব্ধিবোধ আসার জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। আমরা জানি আমাদের কেন্দ্রীয় সরকার যে উদারনীতি এবং আর্থিক সংস্কার কর্মসূচি গ্রহণ করেছেন তাতে কোথাও তাঁরা 'সাবসিডি' শব্দটা রাখতে চান না। যার ফলে কেন্দ্রীয় সরকার তাঁদের বিলে কোথাও ক্রস সাবসিডি কথাটা উল্লেখ করতে পারেননি। কিন্তু এমনভাবে ধাপে ধাপে এই কাজ করছেন যাতে পরবর্তীকালে কি শহর, কি গ্রামের গরিব মানুষের ওপর সমস্ত সংকটের বোঝাটাই চেপে যাবে। আমরা এটা উপলব্ধি করি, একজন শিল্পপতির পক্ষে যে রকম বহু টাকার বিদ্যুতের বিল দেওয়া সম্ভব সে রকম একজন প্রান্তিক চাষী বা দরিদ্র মানুষের পক্ষে সেই হারে বিদ্যুতের বিল দেওয়া সম্ভব নয়। আমরা জানি আদালতে আজকাল ম্যানুপুলেশন হয়। সুতরাং এটা আমাদের কাছে নতুন কিছু নয়। কিন্তু আমাদের কাছে নতুন যেটা, সেটা হল পশ্চিমবাংলায় একটা বামপন্থী ফ্রন্ট সরকার রয়েছে, সেই সরকারের ঘোষিত নীতি নিশ্চয়ই আমাদের বিভিন্ন ডিপার্টমেন্টের কর্মকর্তারা জানেন, অথচ তাঁদের কাছে এই জিনিসটা ধরা পড়ল না ! কেন ? এটাই আমার প্রশ্ন। আশা করব আগামী দিনে এ রকম আর ভুল হবে না, শ্রেণি স্বার্থের দিক দিয়ে আমাদের বামফ্রন্টের যে দৃষ্টিভঙ্গি তার সর্বক্ষেত্রে প্রতিফলন ঘটবে। সেই কারণেই আজকে এই যে অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে গরিব মানুষদের স্বার্থকে রক্ষা করার জন্য, অবিলম্বে এই বিলকে কার্যকরী করার দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি দি ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশনস (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩-এর ওপর বলছি। এই বিল আনা প্রমাণ করে যে, রাজ্য সরকার সাবসিডি এবং ক্রস সাবসিডির ব্যাপারে কন্‌ফিউজড। এ ক্ষেত্রে তাঁরা অনেক দেরিতে পদক্ষেপগুলি নিচ্ছেন। এই বিধানসভার অধিবেশন ৫ই মার্চ শুরু হয়েছে, আজ অধিবেশনের শেষ দিনে তাঁরা এই বিলটি নিয়ে এলেন। স্যার, এই কাজ কি ভাবে রাজ্য সরকার করছেন তা আমি একটা একটা করে বলব। তার আগে যেটা পয়েন্ট আউট করা দরকার সেটা দেবপ্রসাদবাবু ইতিমধ্যেই পয়েন্ট আউট করেছেন যে, বেসিক্যালি রাজ্য সরকার ক্রস সাবসিডি কমাতে বাধ্য। স্যার, এই প্রসঙ্গে আমি 'ইকোনমিক সার্ভে' থেকে একটা কথা পড়ছি—'The Government of India has been signing MOU as reflected on Joint commission to undertake reforms in a time bound manner. আমাদের স্টেট পাওয়ার রিফর্মস-এর ক্ষেত্রে কি কি করেছে ? স্টেট রেগুলেটরি কমিশন করেছে ; ট্যারিফ অর্ডার ইস্যু করেছে এবং আমাদের সরকার গভর্নমেন্ট অব ইন্ডিয়ার সঙ্গে মউ করেছে। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী, আপনারা কমিটমেন্ট দিয়েই দিয়েছেন যে, আপনারা ক্রস-সাবসিডি কমাবেন। সে জন্যই আপনার এই বিলটা হাফ্-হার্টেড। স্যার, আমি বিলটার একটা জায়গা পড়ছি, যেখানে বলা হচ্ছে, 'The purpose for which the supplies required or the need for cross-subsidization which shall be reduced in a phased manner. স্যার, তার মানে উনি শ্যামও রাখছেন, কুলও রাখছেন। মানুষের প্রচণ্ড বিক্ষোভের মুখে পড়ে তিনি আজকে এটা করছেন। ক্রস-সাবসিডির ব্যাপারে তিনি সেন্ট্রালের সঙ্গে মউ সই করে এসেছেন। তার মানে ইট উইল বি রিডিউসড ইন এ ফেসড ম্যানার। তার মানে উনি আসলে ক্রস-সাবসিডি মানছেন না, জায়গায় জায়গায় ফেসড কমিয়ে দেবেন। বললাম। প্রথম ইলেকট্রিসিটি অ্যাক্ট পাশ হল '৯৮ সালে। সুপ্রিম কোর্ট রায় দিলেন অক্টোবরে। স্টেট কমিশন রায় দিলেন ডিসেম্বরে। তারপর এই নিয়ে হই চই হল। এই বিধানসভা থেকে দেবপ্রসাদবাবু ওয়াক আউট করলেন। বাইরে আমরা আগুন ধরিয়ে দিলাম কাগজে, বিধানসভার কক্ষ ত্যাগ করলাম। এতসব কিছুর পরও আপনি কিছু করলেন না। আপনার ফার্স্ট অ্যাকশান হচ্ছে ২৫শে জানুয়ারি হাইকোর্টে যাওয়া। দ্বিতীয় হচ্ছে ৩১শে মার্চ এই বিধানসভায় আসা। আজকে আপনি আইন নিয়ে এসেছেন। এই আইনের অবজেক্ট অ্যান্ড রিজিনসে বলছেন, ৪ নং-এ বলছেন, 'The main object (purpose) for introducing this Bill is to protect the interest of the low tension, low consuming domestic consumers and agricultural consumers so that they can be subsidized in tariff by the high-end domestic consumers, industrial and commercial consumers etc. etc. তাই যদি দিতে চান তাহলে আপনি এ' ইন ফেজেস ক্রশ সাবসিডি কমিয়ে দেওয়ার কথা কেন বলছেন ? পাওয়ার রিফরম্‌স করা মানে ক্রশ সাবসিডি তুলে দেওয়া নয়, পাওয়ার রিফরমস করা মানে ইলেকট্রিসিটি প্রডিউসিং অথরিটি তাদের টোট্যাল বিদ্যুৎ উৎপাদন করতে যে টাকা লাগছে সেই টাকাটা তাকে আর্ন করতে হবে। তাতে আপনি বড়ো কনজিউমারদের থেকে বেশি নেবেন, ছোটো কনজিউমারদের কাছ থেকে কম নেবেন তার সঙ্গে কোনো সম্পর্ক নেই।

ইউ স্যুড সি যে ইলেকট্রিসিটি বোর্ডগুলির যে ব্যাপক লস হচ্ছে সেই লসটা যাতে না হয়। ইউ স্যুড সি যে ব্যাপক যে চুরি হচ্ছে—তার জন্য আইনও করেছেন কিন্তু আইন করার পরও আপনার পাওয়ার থেপ্ট হচ্ছে ৩৪ পারসেন্ট, one of the highest in the country. পশ্চিমবাংলায় পাওয়ার থেপ্ট, আপনি সেখানে পাওয়ার রিফরমস করতে পারেননি কিন্তু on this issue of cross—subsidization গরিবদের—এক থেকে ১০০ ইউনিট যাদের, এই রায় কার্যকরী হলে তাদের ক্ষেত্রে ১.৭০ টাকা থেকে লাফিয়ে ৩.৯০ হয়ে যেত। তাদের প্রোটেকশান দেবার ব্যাপারে আপনি দ্বিচারিতার সঙ্গে অত্যন্ত শ্লথভাবে কাজ করে চলেছেন। আপনাকে আমরা তাই ইনসিনসিয়ারিটির দায়ে, নিষ্ঠার অভাবের দায়ে অভিযুক্ত করছি এবং বলছি যে আপনি সঠিকভাবে কাজ করেননি। আবার দেখুন, এই আইনে আপনি আরও একটা জিনিস করে রেখেছেন।

[3.25—3.35 p.m.]

তাই এই পার্টটা যদি থাকে ফেজ ম্যানারে কমাবেন তাহলে এর কোনো মানে হয় না। এই বিল আজ অথবা ৫ বছর পরেও এই জিনিস হবে। সেইজন্য ফেজ শব্দটা বাদ দেবার জন্য যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি আর দেবপ্রসাদবাবু আরো ডিটেলসে যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, কারণ দেবপ্রসাদবাবুর পার্টির যে অল ইন্ডিয়া ইলেকট্রিসিটি কনজিউমার অ্যাসোসিয়েশন আছে তারা এই ইস্যু নিয়ে ফাইট করছে, ওরা এটাও বলছে, এর মধ্যে ক্রস সাবসিডি যা দেওয়া আছে তাকে উইথড্র করার আগে অ্যাসেমব্লির পারমিশন লাগবে—একথাও বলা আছে। আমরা নীতিগতভাবে সমর্থন করছি। আমি অল্প একটু ইতিহাসের দিকে যাচ্ছি, তাহলে রাজ্য সরকারের দ্বিচারিতা প্রমাণ হয়ে যাবে। প্রথমে মউ সই করেছেন। কবে পাশ হয়েছে ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন বিল ? ২ জুলাই ১৯৯৮ সালে প্রেসিডেন্টের অ্যাসেন্ট পেয়েছে। তার মানে ৩ মাস কম ৫ বছর এই আইন আছে। তাহলে এই ৩ মাস কম ৫ বছর যে আইনের বেসিস ছিল তাতে করা গেল না। ইউ ডিড নাথিং, ইউ জাস্ট স্যাট্ কোয়ায়েট। শঙ্কর সেন গেলেন, আপনি এলেন। আপনি এসে কিছুই করলেন না। তারপর এটা নিয়ে হাইকোর্টে মামলা হল। হাইকোর্ট সি.ই.এস.সি.-কে একগাদা রেট ঠিক করে দিলেন। তারপর অল বেঙ্গল ইলেকট্রিসিটি কনজিউমার অ্যাসোসিয়েশন তারা সুপ্রিম কোর্টে গেলেন গত জুলাই মাসে। আমরা বিরোধীদলের পক্ষ থেকে গিয়ে মুখ্যমন্ত্রীকে বললাম এই মামলার রায় ভুলের দিকে যাবে। স্টেট গভর্নমেন্ট সুড বিকাম এ পার্টি। উনি বললেন, ভেবে দেখছি; তারপর উনি আপনার সঙ্গে কথা বললেন। আপনি বললেন, না, কোনো দরকার নেই এবং আপনি কিছুই করলেন না অথচ অ্যাক্টে প্রভিশন ছিল। তারপর মামলার রায় বেরুলো সুপ্রিম কোর্টের, সুপ্রিম কোর্টের রায় বেরুলো অক্টোবর ৩, ২০০২ সালে। সুপ্রিম কোর্ট বললো, যা আইনের বেসিস তাতে ক্রশ সাবসিডাইজেশন রাখা যায় না। তখনও অবধি আপনি ভাবেননি। তারপর স্টেট রেগুলেটরি কমিশনকে সুপ্রিম কোর্ট ফলো করার জন্য ১৬ই ডিসেম্বর রায় দিয়ে দিল যে, ক্রস সাবসিডি তুলে দিতে হবে। তার মানে কি ? সি.ই.এস.সি. এলাকায় যারা ১০০ ইউনিট পর্যন্ত ব্যবহার করে তাদের সংখ্যা হচ্ছে ৯ লক্ষ এবং তার জন্য তারা ৯৫ কোটি টাকা সাবসিডি পাচ্ছিলেন এবং যারা বড়ো কনজিউমার তাদের কাছ থেকে ১১০ কোটি টাকা

এক্সট্রা নেওয়া হতো। একটা রায়তেই ৯৫ কোটি টাকার সাবসিডি ওয়াইপড-আউট হয়ে গেল এবং এটা নিয়ে বিধানসভাতে হই-চই হল, তখন ২টি প্রশ্ন আপনাদের সামনে এসেছিল যে, আপনারা কি স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশনকে আপনার আইনে যে প্রভিশন ছিল তার কোনো গাইড-লাইন দিয়েছিলেন ? আইনে কি প্রভিশন ছিল সেটা সহজেই অতীশবাবু ব্যাখ্যা করেছেন, ৩৯ ডায়রেকশন বাই দি স্টেট গভর্নমেন্ট। In the discharge of its functions, the state commission shall be guided by such directions in matters of policy involving public interest as the State Government may give to it in writing. তার মানে সুযোগ ছিল, আপনি লিখতে পারতেন কমিশনকে যে দেখুন, আমাদের সিদ্ধান্ত হচ্ছে ক্রস সাবসিডি থাকুক গরীব মানুষদের স্বার্থে, যারা ১০০ ইউনিট ব্যবহার করছে তাদের স্বার্থে। কিন্তু স্টেট কমিশনকে আপনারা লিখলেন না। আগের দিনে অরুণাভবাবু এবং কল্যাণবাবু দেখিয়েছে যে আপনাদের কাছে স্টেট কমিশনের চেয়ারম্যান ডায়রেকশন চেয়েছিলেন আন্ডার সেকশন ৩৯, ইউ রিফিউজড টু গিভ। এই দ্বিচারিতার কারণ কি ? আপনাদের সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে কমিটমেন্ট, ১ নম্বর আর ২ নম্বর হচ্ছে, কলকাতায় যারা বড়ো প্রোডিউসার সেই সি.ই.এস.সি., সেই সি.ই.এস.সি.-র কাছে আপনাদের সরকারের কমিটমেন্ট। আপনি তখন মন্ত্রী ছিলেন না, দেবকুমার বসু কমিশনের রিপোর্টে কিভাবে ১০০ কোটি টাকা সি.ই.এস.সি.-কে ফেরত দিতে বলার পরেও রাজ্য সরকার সিদ্ধান্ত চেঞ্জ করেছেন সেটাও উল্লিখিত ছিল, আপনি লিখলেন না। স্টেট কমিশন রায় দিয়ে দিল। আরো কি সুযোগ ছিল—সেটা ২৯(৫) ধারায় আছে যে রাজ্য সরকারকে যদি সাবসিডি দিতে হয় তাহলে রাজ্য সরকার ২৯(৫) ধারায় সেই সাবসিডি দিতে পারে।

স্যার, আমি একটা কোট করছি। বিদ্যুৎ আইনে ভরতুকির সংস্থান প্রসঙ্গে শ্যামলবাবু বললেন,—এই শ্যামলবাবু হচ্ছেন সি.পি.এম.-এর সেন্ট্রাল কমিটির মেম্বার—"রাজ্য সরকারের আর্থিক অবস্থা ভাল নয়। তাদের পক্ষে নতুন আর্থিক বোঝা নেওয়া অসম্ভব।" তাহলে ২৯.৫-তেও আপনার ভরতুকি দেওয়ার ক্ষমতা নেই। তারপর ৩৯-এ যে ডিরেকশান দেওয়ার ব্যাপার আছে সেই ডিরেকশানও আপনি দিলেন না। এর মধ্যে এস.ইউ.সি. সারা বাংলাতে ধর্মঘট ডাকলো। আজকে আপনি যে স্টেপটা নিচ্ছেন সেদিন যদি একটা অর্ডার করতেন তাহলে এস.ইউ.সি-কে বলতে পারতেন যে আপনারা স্ট্রাইকটা উইথড্র করে নিন। কিন্তু আপনি অর্ডারটা করলেন না ফলে সারা বাংলায় ধর্মঘট হল এই ইস্যুতে। সেখানে আপনি কি করলেন ? ধর্মঘটটা একটু গুলিয়ে দেবার জন্য আপনি ২৭ তারিখের ঠিক দুদিন আগে, ২৭শে জানুয়ারির ঠিক দুদিন আগে আপনি হাইকোর্টে গেলেন স্থগিতাদেশ চেয়ে। সেটা হল। হাইকোর্টে আলটিমেটলি আপনারা স্থগিতাদেশ পেলেন। ১৭.৩-এ হাইকোর্টে বিদ্যুৎ মাণ্ডলে ভরতুকির উপর জাস্টিশ সমরেশ ব্যানার্জি এবং জাস্টিশ অরুণাভ বড়ুয়ার ডিভিশান বেঞ্চ স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশনের রায়ের উপর স্থগিতাদেশ দিলেন। এটা খুব বেশিদিন আগের কথা নয়। ২১ তারিখে আমি, অরুনাভবাবু এবং শোভনদেববাবু এই হাউসে একটা মোশান আনলাম এবং তাতে বললাম যে আপনি যদি সাবসিডি দিতে চান তাহলে

আপনি রাজ্যের বড়ো কনজিউমারদের থেকে আলাদা করে একটা টাকা নিন এবং নিয়ে সেটা গরিবদের সাবসিডি দিন। কল্যাণ ব্যানার্জি মহাশয় একটা অ্যামেন্ডমেন্ট এনে বললেন যে, না, ক্রশ সাবসিডাইজেশানটা দেওয়া হোক। আপনি সেদিন দাঁড়িয়েই আজকের কথাটা বলতে পারতেন। ২১ তারিখটা ছিল আজ থেকে ঠিক ১০ দিন আগে। আপনি সেদিন দাঁড়িয়ে বলতে পারতেন যে হ্যাঁ, আমরা আইনটা পরিবর্তন করবো। কিন্তু আপনি সেদিন কি বললেন ? আপনি বললেন, না, এসব কিছুর দরকার নেই, আপনারা কিছু বোঝেন না ইন্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্টের ইত্যাদি ইত্যাদি। আমরা তো বুঝি না কিন্তু আপনি বেশি বুঝে বুঝে এই অবস্থা করেছেন। তারপর মাত্র গত শুক্রবার আমরা বিজনেস অ্যাডভাইসারি কমিটির মিটিং-এ গিয়েছি, সেখানে স্পীকার সাহেব বললেন যে ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশনের উপর একটা বিল আসবে। আমরা বললাম, সে কি ? আমরা বিলের কপি পাইনি, কিছুই পাইনি, এটা কি ব্যাপার ? স্পীকার সাহেব বললেন যে ওরা বলছেন এটা করতে হবে। তাহলে এতদিন আপনি কিছুই করেননি। আমি একটার পর একটা ঘটনার কথা

[3.35—3.45 p.m.]

এবারে দেখুন এই আইনে আপনি আরো একটা জিনিস করে রেখেছেন, ইলেকট্রিসিটি রেগুলারেটি কমিশন। ৩.৯০ টাকা, কেন এটা চ্যালেঞ্জ করা যাবে না ? কেন আপনি বলে দিচ্ছেন আইনে" "Provided that in so revising the consumer category-wise tariff, the average tariff or the average cost of supply already determined by the State Commission under section 29 shall not be altered." ওরা সেকশান ২৯-এ যে ডিটারমাইন করেছে আমরা সেটাকে হাইকোর্টে চ্যালেঞ্জ করতে পারি। দ্যাট ক্যান গো টু হ্যাং, ইউ ক্যান গো টু এনি কোর্ট। আমার মনে হচ্ছে এটা হায়ার সাইড রয়েছে। আপনি সেখানে আইনগত প্রোটেকশান দিচ্ছেন যে না ৩.৯০ টাকা ইলেকট্রিসিটি প্রোডিউসিং অথরিটির থাকবে। তাই আমি আবার বলছি আপনাকে যে, আমরা ক্রস সাবসিডির পক্ষে, কিন্তু আমরা মনে করি না যে এই আইন আনলেও স্টেট গভর্নমেন্ট সিনসিয়ারলি ক্রস সাবসিডির বিরুদ্ধে। আমাদের সন্দেহ এবং এলিগেশান যে আপনি 'মৌ' করে অলরেডি কমিট করেছেন সেন্টারের কাছে যে ক্রস সাবসিডি তুলে দেবেন। লোকাল প্রোডিউশান সি.ই.এস.সি.-র কাছে আপনি কমিটেড যে আলটিমেটলি ক্রস সাবসিডি উঠে যাবে, ২-১ দিন অপেক্ষা করুন, লোকেরা হইচই করছে, বন্ধ করছে, আন্দোলন করছে। বিলেও আপনি সেই কথা নিয়ে এসেছেন। তাই আমি আপনাকে বলবো যে এই বিল হোল হার্টেডলি সমর্থন করবো যদি আপনি দুটি পার্ট কেটে দেন। এই যেখানে আপনি বলছেন "ক্রস সাবসিডাইজেশান cross subsidization which shall be reduced in a phased manner. এটা তুলে দিন। আর বলুন যে স্টেট কমিশন যে ট্যারিফ ডিটারমাইন করেছে সেটা অলটার করা যাবে না সেই পার্টটা তুলে দিন, তাহলে আমরা হোল হার্টেড বিলকে সমর্থন করবো এবং বুঝবো আপনি sincerely in giving relief to poor people to the low tension consumer. এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মৃণাল ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিল আনা হয়েছে আমি তার পক্ষে।

(গোলমাল)

আপনারা যখন বললেন আমি একটা কথাও বলিনি। অনেক কটু কথাও ব্যবহার করেছেন, আমি একটা কথাও বলিনি। আমার কোনো উত্তেজনা নেই, বাইপাসের পরেও আমি যথেষ্ট শক্তিশালি। এখানে অনেকগুলো জিনিস আমি জানি না জেনে বুঝেও বলা হয় কিনা। নিশ্চয়ই হয়তো এই ক্ষেত্রে কিছু জেনে বুঝে বলা হয়। আর আমার মনে হচ্ছে জেনে বুঝে বলার তো একটা সমস্যা আছেই। জেনে বুঝেও অন্য কথা বলা, তাই বাইরে আরো একটা কথা আছে। না জেনে বলার ব্যাপার আছে। না জেনে বোধ হয় অনেক কথা বলা হচ্ছে এবং সেটা বলতে গিয়ে অনেক দূর পর্যন্ত চলে যাওয়া হচ্ছে। এখানে অনেকবার আলোচনা হয়েছে রেগুলারেটি কমিশনের ইতিহাস কি। এই অ্যামেন্ডমেন্ট ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্ট, ১৯৯৮, এটা পার্লামেন্টে পাশ হয়েছিল। পার্লামেন্টে বিতর্ক ইত্যাদি হয়েছিল, পাশ হওয়া সত্ত্বেও কিন্তু পশ্চিমবাংলায় এটা লাগু করেছিলাম। তৎকালীন সময়ে এই নিয়ে অনেকবার এখানে আলোচনা হয়েছে। আমাদের রাজ্যের বিশেষ পরিস্থিতি কি, কি অবস্থা ছিল, এখানে অনেক সমালোচনা হয়েছিল। আগে তো এই টারিফ নির্ধারণ করতে হতো আমাদের দপ্তর থেকে। সেখানে সাধারণ কনজিউমার ইত্যাদিদের কোনো সে থাকতো না। এই রেগুলেটরি কমিশন এটা যদি করে, এটা যদি একটা থার্ড পার্টি করে, একটা ইনডিপেন্ডেন্ট বডি যদি এটা করে যখন আইন হয়েই গেছে তখন যদি এটা ইনডিপেনডেন্ট বডি করে তাহলে এটা তো ভাল হবে। এখানে রাজনীতির প্রশ্ন আসে ইত্যাদি আসে। পশ্চিমবাংলায় একটা পিকিউলারেটিও আছে। খালি স্টেট সেক্টর নয়, যেমন স্টেট সেক্টর আছে তেমনি প্রাইভেট সেক্টর আছে জয়েন্ট সেক্টরও আছে, বিভিন্ন ধরনের ইউটিলিটি পশ্চিমবাংলায় কাজ করে। কাজেই আইনে যখন ব্যবস্থা হয়েই গেছে বামপন্থীদের বিরোধিতা সত্ত্বেও তখন এই আইনের সুযোগটা নেওয়া যাক। একটা থার্ড পার্টি, তারা একটু করুক। এখানে একটা কথা বার বার বলা হয়েছে—আমার কখনও মনে হয়নি ক্রস সাবসিডি তুলে নেওয়া হবে। হ্যাঁ, এই যে আইন, যা আপনি বললেন এই আইনের মধ্যেই রয়েছে, এই আইনের যে উদ্দেশ্য ১৯৯৮ অ্যাক্টের যে অবজেক্ট তার মধ্যে রয়েছে যে ওয়ার্ডটা, সেটা হচ্ছে হাই লেভেল ক্রস সাবসিডিকে কমিয়ে আনতে হবে, র‍্যাসানালাইজ করতে হবে। কাজেই অবজেকটিভ অফ দিস ১৯৯৮ অ্যাক্ট তার মধ্যেই এটা রয়েছে। কিন্তু এটা উঠে যাবে কখনই হয় না। কারণ পার্লামেন্টে কেন্দ্র যখন এটা পাশ করলেন তখন তাঁদের বক্তব্য ইত্যাদির মধ্যে ক্রস সাবসিডিকে কমিয়ে আনা হবে এই বক্তব্যই ছিল। ক্রস সাবসিডি তুলে দেওয়া হবে, এই বক্তব্য ছিল না। কাজেই স্পিরিট অফ দি অ্যাক্ট ছিল কমিয়ে আনা হবে, রিডিউস করা হবে, বাট এলিমিনেট হবে না।

শ্রী সৌগত রায় : আইনে কোথায় লেখা ছিল ক্রস সাবসিডি কমিয়ে দেওয়া হবে ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আইনের মধ্যে দেখুন, স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে দেখুন। আমি বিলটির কথা বলছি। ন্যাচারালি আইনের মধ্যে তো নেই, কিন্তু বিলে আছে।

সেটাই আমাদের স্ট্যান্ড পয়েন্ট। আইনের মধ্যে, ২৯ নম্বর ধারা অনুযায়ী ক্রস সাবসিডি উঠে যাবে, আমাদের কখনও মনে হয়নি। অ্যাজ এ ম্যাটার অফ ফ্যাক্ট, ২০০১ সালে যখন কমিশন এই রায়টা দিয়েছিল—২০০০-২০০১ এবং ২০০১-২০০২—তার মধ্যে ক্রস সাবসিডি ছিল। পরবর্তী সময়ে যে রায়ের ভিত্তিতে হাইকোর্ট হল এবং সুপ্রিম কোর্ট হল। কাজেই যে রায় ছিল, তার মধ্যে ক্রস সাবসিডি ভেরি মাচ ছিল। কাজেই আমাদের প্রশ্ন আসেনি যে, তাদের প্রতিটি পদক্ষেপে হস্তক্ষেপ করি। কারণ তারা একটা ইনডিপেন্ডেন্ট বডি। আমরা একটা কমিশন করেছি, ইনডিপেন্ডেন্ট বডি, তাদের ইনডিপেন্ডেন্ট রোল নিয়ে সেইভাবে কাজ করতে দেওয়া উচিত। এটা আমাদের পলিসি নয় যে, একটা ইনডিপেন্ডেন্ট বডি করলাম এবং তাদের কাজে হস্তক্ষেপ করবো, আমরা তার মধ্যে নেই। আইন যেটা রয়েছে—আমরা ডাইরেকশন দিতে পারতাম, আমাদের কিন্তু তা মনে হয়নি। একেবারে শেষ মুহূর্ত পর্যন্ত, শেষের দিকটা ছাড়া—দু-চারদিন আগে ছাড়া বা কয়েকদিন আগে ছাড়া আমাদের মনে হয়নি। সুপ্রিম কার্টের ইন্টারপ্রিটেশন অনুযায়ী, কমিশনের রায়ে কোথাও নেই যে ক্রস সাবসিডি রাখা চলবে না। প্রথমদিকে আমাদেরও ধারণা ছিল না, তাই কনটেস্ট করার প্রয়োজন ছিল না। কমিশন এই ক্রস সাবসিডি রেখে রায় দিয়েছিল। তাই আমাদেরও প্রয়োজন হয়নি। আর আমাদের যদি ডাইরেকশন দিতে হত, তাহলে স্পেসিফিক বলতে হত, ক্রস সাবসিডি এইভাবে কমিয়ে আনতে হবে। ক্রস সাবসিডি এলিমিনেশনের পক্ষে আমরা নেই। তবে হ্যাঁ, কিছু কিছু অ্যাবারেশন থাকলে তার কিছু কিছু চেঞ্জ হতে পারে। গত দশবার বছরের ইতিহাস দেখলে দেখবেন, রাজ্য সরকার যখন ট্যারিফ ঠিক করেছে তখন তা কখনো চেঞ্জ হয়েছে, কখনো বেড়েছে। ২০০১ সালে কমিশন যখন রায় বার করে তখন ক্রস সাবসিডি কমেছিল। কিন্তু পাঁচ বছর, দশ বছর বা পনেরো বছরে উঠে যাবে, এই জায়গায় আমরা ছিলাম না। আমরা আজকেও সেই জায়গায় নেই যে আমরা বলব পাঁচ বছরের মধ্যে চলে যাবে। কিন্তু দিল্লিতে ইলেকট্রিসিটি বিল ২০০১ যেটি আসছে, তার মধ্যে আছে এটা এলিমিনেট হবে। পার্লামেন্টের স্ট্যান্ডিং কমিটি তাঁরা বলেছেন, তাঁরা রেকমেন্ড করছেন যে, এটা স্টেট গভর্নমেন্টগুলিকে বলতে হবে কোন পিরিয়ডের মধ্যে এটা উঠে যাবে। সৌগতবাবু বলছেন, যখন আসবে তখন দেখা যাবে। আপনারাই আবার আমাদের বলছেন দ্বিচারিতা। যখন আসবে তখন এই আইনটাইন থাকবে না। বিলটি পাশ হবার পরে ১৯১০-এর অ্যাক্ট, ১৯৪৮-এর অ্যাক্ট, ১৯৫৬-এর অ্যাক্ট, ১৯৯৮-এর অ্যাক্ট এগুলির একটিও থাকবে না। কাজেই যখন আসবে তখন দেখা যাবে বলছেন, আপনারা তো বিলটি যখন আসবে তখন ভোট দেবেন। সেটা দ্বিচারিতা নয় ? এখানে বিরোধিতা করতে হবে।

[3.45—3.55 p.m.]

মউ যেটা করা হয়েছে, মউ-র সঙ্গে ক্রস সাবসিডির কোনো সম্পর্ক নেই ; মউ-এর সঙ্গে ক্রস সাবসিডির কোনো সম্পর্ক নেই। মউ সম্পূর্ণ ভিন্ন ধরনের, জানেন তো আজকের পরিস্থিতিটা কি। দিল্লি ইত্যাদির সঙ্গে অনেকগুলি চুক্তি করে এগুতে হয়। ন্যাচারালি এটা করতে হয়। আমরা একটা অঙ্গরাজ্য, তাই অনেক ক্ষেত্রেই করতে হয়। তাই সেটা করতেও হচ্ছে। তার

সঙ্গে ক্রস সাবসিডির কোনো রেলিভেন্স নেই। ক্রস-সাবসিডি কোনো বিষয়টায় নেই। কাজেই মউ যে বিষয়টা এনেছেন সেটা প্রাসঙ্গিক নয়। এটা মোটেও প্রাসঙ্গিক নয়। কারণ, আমাদের এখানে যে ধরনের ব্যবস্থা আছে, জেনারেশানের আলাদা কোম্পানি আছে, ট্রান্সমিশান এবং ডিস্ট্রিবিউশানটা এস.ই.বি. দেখে। আমাদের রুরাল ইলেকট্রিফিকেশানটা রুরাল ইলেকট্রিসিটি ডিপার্টমেন্ট দেখে। আমাদের নূতন করে রিফর্মস-এর ব্যাপার নেই। গোটা ব্যাপারটায়, আমাদের স্টেট গভর্নমেন্ট-এর যে স্ট্রাকচার আছে, সেই স্ট্রাকচারের ভিতিতে আমরা যদি কোনো বেনিফিট পেতে পারি, নিশ্চয় নেব, সেটার নিশ্চয় বিরোধিতা করবে না। করা উচিতও নয়। এখানে কল্যাণ বাবু এবং সৌগতবাবু আজকেও বলছিলেন, ২১ তারিখে এখানে একটা মোশানও এনেছিলেন, তাতে আপনারা যেটা বলেছিলেন, to introduce State amendments to the Electricity Regulatory Commissions Act, 1998 so as to impose special duty in the large consumers and grant subsidy to small consumers. এটা একটা রিসোর্স জেনারেশান হচ্ছে। সৌগতবাবু এটা সাজেশান হতে পারে। স্টেট গভর্নমেন্টের তার রিসোর্স জেনারেশান করার জন্য এটা হতে পারে। কিন্তু বেঙ্গল অ্যাক্ট ১৯৩৫-এ, এটাকে অ্যামেন্ডমেন্ট করে না ; রিসোর্স জেনারেট করতে পারে। অনেকে মনে করেন, সাবসিডি করা হয় লো অ্যান্ড কনজিউমার-এর জন্য, কাজেই এটা সাজেশান হতে পারে, এটা মাথায় রইল ; এটা অ্যামেন্ডমেন্ট নয়। এই নিয়ে সেদিনও বলেছি, আজকেও বলছি, যদি না জেনে বলেন তাহলে ভুল বলছেন, আর যদি জেনে বলেন তাহলে ভুল করছেন। রিসোর্স জেনারেশানটা প্রস্তাব হতে পারে, এটা সাজেশান হতে পারে। আমি বলেছি, এটা নিয়ে অ্যামেন্ডমেন্ট হয় না। একটা হচ্ছে, ১৯৩৫-এর যে অ্যাক্ট আছে, তাতে অ্যামেন্ডমেন্ট আপনাদেরটা হতে পারে না। এখানে কল্যাণবাবু বলছিলেন যে ক্রস-সাবসিডির ব্যাপারে একটা গাইড লাইন দেওয়া—কি গাইড লাইন হবে ; কারণ ক্রস সাবসিডি দুই রকম হতে পারে। আমাদের অনেকের ধারণা ক্রস সাবসিডি মানে হাই অ্যান্ড থেকে লো অ্যান্ডে যাওয়া। কিন্তু এটা সব সময় ঠিক নয়। ক্রস সাবসিডি যদি প্রপারলি ডিফাইন না থাকে তবে উল্টো হতে পারে। এটা নিয়ে কয়েক বছর আগে, ২৫/৩০ বছর আগে আমাদের ঘরে যে পাওয়ার লাইন ছিল সেখানে ফ্যান বিদ্যুৎ-এর লাইন ছিল, ফ্যান বিদ্যুৎ-এর দাম যা ছিল, আর ইলেকট্রিক ইস্ত্রি, হিটারের লাইনের দাম বেশি ছিল, ওইটা হচ্ছে ক্রস সাবসিডি। আমরা তাই ক্রস সাবসিডি মানে কি—'৯৮ সালের আইনে ক্রস সাবসিডি উচ্চারিত হয়েছে, উল্লেখিত হয়েছে, কিন্তু ক্রস সাবসিডি ডিফাইন নেই, ক্রস সাবসিডি ডিফাইন না থাকার ফলে কখনও কখনও সমস্যা হতে পারে। অন্যান্য রাজ্যে অ্যাক্ট হয়েছে, কমিশন করেছে, কিন্তু কোথাও ক্রস সাবসিডি তুলে দেয়নি। আমাদের রাজ্যে কমিশন হয়েছে, ক্রস সাবসিডির ব্যাপারে আমাদের যেটা মনে হয়েছে, কেন আমরা এটা করেছি, হাইকোর্টের রায়ে যা আছে, তা দেখার জন্য আমরা অপেক্ষা করি, আমরা একটা প্রোটেকটেড ডিভাইস রাখি, হাইকোর্টের রায় আমাদের পক্ষে আসার পরে। আরও বেশি প্রোটেকশানের জন্য আমরা যদি এই আইনটা পরিবর্তন করতে পারি তাহলে আরও ভালো হবে। ক্রস সাবসিডির ক্ষেত্রে সুধাংশু শীল মহাশয় যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটা যুক্তিসঙ্গত। কারণ ক্রস

সাবসিডির ব্যাপারে কোনো ডেফিনেশান ছিল না এখানে। ১৯৯৮ সালের অ্যাক্টে ক্রস সাবসিডির কোনো ডেফিনেশান নেই। তাই সুধাংশুবাবুর এটা যুক্ত করে নিলে ভালো হবে। তাছাড়া আমরা বলছি, ইট উইল বী রিডিউসড গ্রাজুয়ালি, আমরা কখনোই বলিনি ইট উইল বি এলিমিনেটেড। এনার্জি কনজারভেশান ইত্যাদি ক্ষেত্রে এই কথাগুলো মাথায় রাখতে হবে। তার মধ্যে এই Low-end consumers will be subsidised by the high-end consumers কাজেই সব কিছু মাথায় রেখেই আমাদের এই আইনটা রাখা হয়েছে। ১৯৯৮ সালের অ্যাক্টে আঁধারেই করতে হবে, within the frame work of 1998 Act. তার বাইরে কিন্তু করতে পারব না। কাজেই সেই অ্যাক্টের আঁধারেই তার ধারা, উপধারাগুলোর সঙ্গে সঙ্গতি রেখেই আমাদের সেগুলো আনতে হচ্ছে। সুধাংশু বাবু যেটা এনেছেন সেটাকে যুক্ত করে নিলে ভালো হবে। সৌগতবাবুর মধ্যে সমর্থনই আছে, কিন্তু এটা এইভাবে লিখলে আইনের প্রক্রিয়া অনেকটা বাধাপ্রাপ্ত হবে। আর দেবপ্রসাদবাবুর অ্যামেন্ডমেন্টটা মোটেই গ্রহণযোগ্য নয়। এটা মোটেই বাস্তবসম্মত নয়, তাই সুধাংশুবাবুরটা গৃহীত হোক। আর সৌগতবাবু মোটামুটি সমর্থনই করেছেন, কেবল ক্রিটিসিজম করার জন্যই ক্রিটিসিজম করেছেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Mrinal Banerjee that the Electricity Regulatory Commission (West Bengal Amendment) Bill, 2003 be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker: There is Amendment No. 1 to Clause 2 by Shri Sudhangshu Seal. Now, Shri Seal may move his amendment.

Shri Sudhangshu Seal: Sir, I beg to move that after clause 2 the following new clause be inserted :

"2A. In section 2 of the Principal Act, after clause(C) the following new clause be inserted :

"(Ca) "Cross-subsidization" means the differentiation of tariff among the classes of consumers according to the need for social, economic and developmental requirement of the State ."

Mr. Speaker: Mr. Banerjee, do you accept the amendment ?

Shri Mrinal Banerjee: Yes, I do accept the amendment.

The amendment of Shri Sudhangshu Seal that after Clause 2 the following new clause be inserted :

"2A. In section 2 of the principal Act, after clause (c) the following new clause be inserted :

"(ca) "Cross-subsidization" means the differentiation of tariff among the classes of consumers according to the need for social, economic and developmental requirement of the State ;'." was then put and agreed to.

The question that Clause 2 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker : There is amendment to Clause 3 by Shri Sudhangshu Seal being amendment No. 2. The amendment is in order. Shri Sudhangshu Seal may move his amendment.

Shri Sudhangshu Seal : Sir, I beg to move that in clause 3, in line 2 and 3, for the words "the purpose for..... in a phased manner" the words "the purpose for which the supplies required, the need for cross-subsidization which shall be reduced in a phased manner and the quantity of power consumption to achieve conservation of energy." be substituted.

Mr. Speaker : Do you accept the amendment ?

Shri Mrinal Banerjee : Yes, I accept the amendment.

The motion of Shri Sudhangshu Seal (Amendment No. 2) that—in clause 3, in line 2 and 3, for the words "the purpose for ..... in a phased manner" the words "the purpose for which the supplie required, the need for cross-subsidization which shall be reduced in a phased manner and the quantity of power consumption to achieve conservation of energy." be substituted, was then put and agreed to.

The question that Clause 3 as amended do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker : There is amendment to Clause 3 by Shri Saugata Roy being amendment No. 3. The amendment is in order. Shri Saugata Roy may move his amendment.

[3.55—4.05 p.m.]

শ্রী সৌগত রায় : স্যার, লাস্ট মোমেন্টে সুধাংশুবাবুর অ্যামেন্ডমেন্ট এল, আর মন্ত্রীও অ্যাকসেপ্ট করলেন। এটা ভালোই। কিন্তু সরকার কিভাবে চলে ? আজ সকালে হয়ত চিন্তাটা হয়েছে, তারপর অ্যামেন্ডমেন্ট হয়েছে। এটা একেবারে হলে ভালো হত না ? Sir, I beg to move that in clause 3, in line 3, the word which shall be reduced in a phased manner" be omitted.

আমরা এই ক্রস সাবসিডি কমানোর বিরুদ্ধে। আমরা চাই ক্রস সাবসিডি থাক এবং এই যে রিডাকসন, এটার আমরা পক্ষে নই। মাননীয় মন্ত্রী, আমি যেটা বলেছি—ছিচারিতা করছেন—একদিকে বলছেন ক্রস সাবসিডি রাখছি, আর একদিকে বলছেন ফেজ ম্যানারে এলিমিনেট করবেন।

Mr. Speaker : Do you accept the amendment ?

Shri Mrinal Banerjee : No, I do not accept.

The motion of Shri Saugata Roy (Amendment No. 3) that in clause 3, in line 3, the words "which shall be reduced in a phased manner" be omitted, was then put and a division taken with the following results :—

NOES

Abul Hasnat, Shri
Adhikary, Shri Nisith
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri
Bag, Shri Kartick Chandra
Banerjee, Shri Mrinal
Bauri, Shri Madan
Bauri, Shri Ramcharan
Bera, Shri Dipak
Bhowmick, Shri Prafulla Kumar
Biswas, Shri Haripada
Biswas, Smt. Susmita
Bose, Shri Subrata
Bauri, Smt. Uma Rani
Chakraborty, Shri Satyasadhan

Chatterjee, Smt. Nirupama
Chatterjee, Shri Pratim
Choudhuri, Smt. Asima
Chowdhury, Shri Subhendu
Dal, Smt. Nanda Rani
Das, Dr. Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Ratan
Dasgupta, Dr. Asim Kumar
Dey, Smt. Ibha
Dhar, Shri Padma Nidhi
Duley, Shri Krishna Prasad
Ganguly, Smt. Kanika
Ganguly, Shri Kanti
Gayen, Shri Nripen
Ghosh, Shri Pankaj
Ghosh, Shri Sunil Kumar
Goswami, Shri Subhas
Halder, Shri Rishi
Hansda, Shri Upendra Nath
Hatial, Shri Bhabani Sankar
Hazra, Shri Samar
Hore, Shri Tapan
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju
Mafuja Khatun, Smt.
Mahata, Smt. Shamya Pyari
Majhi, Shri Nanda Dulal
Mallik, Smt. Sadhana
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Mohan
Mondal, Shri Sailen
Mehbub Mondal, Shri
Mojibor Rahaman, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Manas

Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Nikhil
Mukhopadhyay, Shri Ashutosh
Mursalin Molla, Shri
Pal, Shri Shyama Prosad
Pan, Shri Bhakta Ram
Roy, Shri Samar
Saha, Shri Kripa Sindhu
Samanta, Shri Rampada
Sanatani, Smt. Mina
Sanyal, Shri Kamalendu
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sengupta, Shri Purnendu
Shaw, Dr. Pravin Kumar
Singh, Smt. Jyotsna
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Jahangir Karim, Shri
Sk. Majed Ali, Shri
Tudu, Shri Makar
Tudu, Shri Sadhu
Roy K. K.
Chattopadhaya J. K.

AYES

Abdul Karim Choudhary, Shri
Bakshi, Shri Subrata
Banerjee, Shri Kalyan
Banerjee, Shri Pankaj
Bhadra, Shri Arup
Bhattacharya, Shri Rabindranath
Chattopadhyay, Shri Sobhandeb
De (Nag), Dr. Ratna
Dutta, Shri Parash
Guha, Smt. Sonali
Jatua, Shri Choudhury Mohan

Kar, Shri Jyotirmoy
Khan, Shri Kallol
Maity, Shri Ardhendu
Mishra, Shri Kashinath
Mondal, Shri Nirmal Chandra
Mukherjee, Shri Ashoke (Gopal)
Pakhira, Shri Manturam
Raychowdhury, Shri Biplab
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Saha, Shri Pundarikakshya
Abdul Mannan, Shri
Mitra, Shri Asit
Mitra, Smt. Sabitri
Sinha, Shri Atish Chandra
Sohanpal, Shri Gyan Singh
Sarkar, Shri Deba Prasad

The Ayes being 28 and Noes 75, the motion was lost.

Mr. Speaker: Now, I call upon Shri Deba Prasad Sarkar to move his amendment.

Shri Deba Prasad Sarkar: Sir, I beg to move that in clause 3, in line 2 and 3, for the words "or the need..... in a phased manner", the words "and the guaranteed cross-subsidisation for domestic, a small scale industry, agriculture and small commercial consumer which shall not be withdrawn or reduced without approval of the West Bengal Legislative Assembly," be substituted.

Shri Mrinal Banerjee: Sir, I do not accept it.

The motion of Shri Deba Prasad Sarkar was then put and a Division was taken with the following results:

[4.00—4.10 p.m.]

NOES

Abul Hasnat, Shri
Adhikary, Shri Nisith
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri

Bag, Shri Kartick Chandra
Banerjee, Shri Mrinal
Bauri, Shri Madan
Bauri, Shri Ramcharan
Bera, Shri Dipak
Bhowmick, Shri Prafulla Kumar
Biswas, Shri Haripada
Biswas, Smt. Susmita
Bose, Shri Subrata
Bauri, Smt. Uma Rani
Chakraborty, Shri Satyasadhan
Chatterjee, Smt. Nirupama
Chatterjee, Shri Pratim
Choudhuri, Smt. Asima
Chowdhury, Shri Subhendu
Dal, Smt. Nanda Rani
Das, Dr. Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Ratan
Dasgupta, Dr. Asim Kumar
Dey, Smt. Ibha
Dhar, Shri Padma Nidhi
Duley, Shri Krishna Prasad
Ganguly, Smt. Kanika
Ganguly, Shri Kanti
Gayen, Shri Nripen
Ghosh, Shri Pankaj
Ghosh, Shri Sunil Kumar
Goswami, Shri Subhas
Halder, Shri Rishi
Hansda, Shri Upendra Nath
Hatial, Shri Bhabani Sankar
Hazra, Shri Samar
Hore, Shri Tapan
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju

Mafuja Khatun, Smt.
Mahata, Smt. Shamya Pyari
Majhi, Shri Nanda Dulal
Mallik, Smt. Sadhana
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Mohan
Mondal, Shri Sailen
Mehbub Mondal, Shri
Mojibor Rahaman, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Manas
Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Nikhil
Mukhopadhyay, Shri Ashutosh
Pan, Shri Bhakta Ram
Roy, Shri Samar
Saha, Shri Kripa Sindhu
Samanta, Shri Rampada
Sanatani, Smt. Mina
Sanyal, Shri Kamalendu
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sengupta, Shri Purnendu
Shaw, Dr. Pravin Kumar
Singh, Smt. Jyotsna
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Jahangir Karim, Shri
Sk. Majed Ali, Shri
Tudu, Shri Makar
Tudu, Shri Sadhu
Unus Ali Sarkar, Shri
Roy, K. K.
Chattopadhyay J. K.

AYES

Abdul Karim Choudhary, Shri
Bakshi, Shri Subrata
Banerjee, Shri Kalyan
Banerjee, Shri Pankaj
Bhadra, Shri Arup
Bhattacharya, Shri Rabindranath
Chattopadhyay, Shri Sobhandeb
De (Nag), Dr. Ratna
Dutta, Shri Parash
Ghosh, Shri Arunava
Guha, Smt. Sonali
Jatua, Shri Choudhury Mohan
Kar, Shri Jyotirmoy
Khan, Shri Kallol
Maity, Shri Ardhendu
Mishra, Shri Kashinath
Mondal, Shri Nirmal Chandra
Mukherjee, Shri Ashoke (Gopal)
Pakhira, Shri Manturam
Raychowdhury, Shri Biplab
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Saha, Shri Pundarikakshya
Abdul Mannan, Shri
Mitra, Shri Asit
Mitra, Smt. Sabitri
Sinha, Shri Atish Chandra
Sohanpal, Shri Gyan Singh

The Ayes being 28 and Noes 75, the motion was lost.

Clause 3

The question that clause 3, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

Shri Deba Prasad Sarkar: Sir, I beg to move that in clause 4, the proviso to sub-clause (1) be omitted.

Shri Mrinal Banerjee: Sir, I do not accept it.

The motion of Shri Deba Prasad Sarkar was then put and a Division was taken with the following results:

NOES

Abul Hasnat, Shri
Adhikary, Shri Nisith
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri
Bag, Shri Kartick Chandra
Banerjee, Shri Mrinal
Bauri, Shri Madan
Bera, Shri Nityananda
Bhowmick, Shri Prafulla Kumar
Biswas, Shri Haripada
Biswas, Smt. Susmita
Bose, Shri Subrata
Bauri, Smt. Uma Rani
Chakraborty, Shri Satyasadhan
Chatterjee, Smt. Nirupama
Chatterjee, Shri Pratim
Choudhuri, Smt. Asima
Chowdhury, Shri Subhendu
Dal, Smt. Nanda Rani
Das, Dr. Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Ratan
Dey, Smt. Ibha
Dhar, Shri Padma Nidhi
Ganguly, Smt. Kanika
Ganguly, Shri Kanti
Gayen, Shri Nripen
Ghosh, Shri Sunil Kumar

Goswami, Shri Subhas
Halder, Shri Rishi
Hansda, Shri Upendra Nath
Hatial, Shri Bhabani Sankar
Hazra, Shri Samar
Hore, Shri Tapan
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju
Mafuja Khatun, Smt.
Mahata, Shri Khagendranath
Mahata, Smt. Shamya Pyari
Mallik, Smt. Sadhana
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Mohan
Mondal, Shri Sailen
Mehbub Mondal, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Manas
Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Nikhil
Mukhopadhyay, Shri Ashutosh
Pan, Shri Bhakta Ram
Qamre Elahi, Dr.
Roy, Shri Samar
Saha, Shri Kripa Sindhu
Samanta, Shri Rampada
Sanatani, Smt. Mina
Sanyal, Shri Kamalendu
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sengupta, Shri Purnendu
Shaw, Dr. Pravin Kumar
Singh, Smt. Jyotsna
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra

Sk. Jahangir Karim, Shri
Sk. Majed Ali, Shri
Tudu, Shri Makar
Tudu, Shri Sadhu
Unus Ali Sarkar, Shri
Roy, K. K.
Chattopadhaya J. K.

AYES

Abdul Karim Choudhary, Shri
Bakshi, Shri Subrata
Banerjee, Shri Kalyan
Banerjee, Shri Pankan
Bhadra, Shri Arup
Bhattacharya, Shri Rabindranath
Chattopadhyay, Shri Sobhandeb
De (Nag), Dr. Ratna
Dutta, Shri Parash
Ghosh, Shri Arunava
Guha, Smt. Sonali
Kar, Shri Jyotirmoy
Maity, Shri Ardhendu
Mishra, Shri Kashinath
Mondal, Shri Nirmal Chandra
Mukherjee, Shri Ashoke (Gopal)
Pakhira, Shri Manturam
Raychowdhury, Shri Biplab
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Saha, Shri Pundarikakshya
Abdul Mannan, Shri
Mitra, Shri Asit
Mitra, Smt. Sabitri
Sinha, Shri Atish Chandra
Sohanpal, Shri Gyan Singh
Sarkar, Shri Deba Prasad

The Ayes being 27 and Noes 71, the motion was lost.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrinal Banerjee : Sir, I beg to move that the Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Bill, 2003 as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

Mr. Speaker : Hon'ble Members, I have an information to make. I have received a communication from the Government of West Bengal which is as follows :

"Shri Rabin Deb may be appointed as the Chief Government Whip for the remaining period of the 13th West Bengal Legislative Assembly in place of Shri Lakshmi Kanta Dey since deceased.

Sd/- B. Bhattacharjee
(Buddhadeb Bhattacharjee)
31.3.2003"

I now request Shri Rabin Deb to take the seat of the Chief Whip.

(At this stage Shri Rabin Deb look the seat of the Chief Whip)

The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003

Mr. Speaker : The Bill has already been introduced. The corrected amendment has been circulated. Now the Secretary may read the title of the Bill.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : There are 4 Statutory Resolutions under Article 213(2)(a) of the Constitution of India by Shri Saugata Roy and Shri Kashinath Mishra.

Now I request Shri Saugata Roy to move his resolution.

শ্রী সৌগত রায় : Sir, under Article 213(2) (a) of the constitution of India I beg to move following resolution : That the House disapproves the West Bengal Tribunal (Amendment) Ordinance, 2003".

স্যার, আমি আপনাকে প্রথমে ধন্যবাদ জানাচ্ছি আপনি এই হাউসের গরিমাকে বর্ধিত করেছেন। সকালে যখন টাইপ প্রিন্টে টাইটেল ছাড়া বিল এসেছিল সেই সময় হাউসকে অ্যাডজর্ন করে দিয়ে আপনি আপনার চেয়ারের এবং এই হাউসের গরিমাকে বর্ধিত করেছেন। আমি বিনীতভাবে সাবমিট করছি এই লেট স্টেজে এখনও যে বিলটা সার্কুলেট হয়েছে তাতেও ভুল আছে। স্যার, আপনি দেখুন এর স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে লাইন ফোর সেখানে ট্রাইবুনাল সেট-আপ আন্ডার আর্টিকেল ৩২৩-এ অফ দি কনস্টিটিউশন অফ ইন্ডিয়া তার মধ্যে চেয়ারম্যান দা জুডিশিয়াল মেম্বার অ্যান্ড দা টেকনিক্যাল মেম্বার, স্যার, আপনি যদি আর্টিকেল ৩২৩-এ দেখেন ইট ডিলস্ অনলি উইথ অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল। আর ট্রাইব্যুনাল ফর আদার ম্যাটার্স এটা আর্টিকেল ৩২৩বি, যেখানে ট্যাক্সের উপর ট্রাইব্যুনাল, ফরেন এক্সচেঞ্জের উপর ট্রাইব্যুনাল, ইন্ডাস্ট্রিয়াল লেবার ডিসপিউটের উপর ট্রাইব্যুনাল, ল্যান্ড রিফর্মস-এর উপর ট্রাইব্যুনাল এই পুরো ব্যাপারটা গেছে। আর্টিকেল ৩২৩-এ ট্রাইব্যুনাল সেট হয় তাতে টেকনিক্যাল মেম্বারের কোনো সুযোগ নেই। টেকনিক্যাল মেম্বার একমাত্র আর্টিকেল ৩২৩বি যে ট্রাইব্যুনাল সেট হয় তাতে আছে। আমি জানি না আবার কি করে ল' ডিপার্টমেন্ট এত বড়ো একটা ভুল করল। আমি মনে করি স্যার আপনি এই পার্টটা দেখুন স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজনস্ এটা পরের বিলে ইনকর্পোরেটেড হবে। বইয়ে ছাপা হবে, ছাত্ররা পড়বে। সেখানে যদি রং রেফারেন্স টু দি কনস্টিটিউশান অফ ইন্ডিয়া থাকে সেটা আমাদের সকলের পক্ষেই ক্ষতিকর হবে। এটা কেন ভুল হয়েছে সেটা আপনি আগে বের করুন।

মিঃ স্পীকার : Mr. Saugata Roy, I think there are some defects on your part on this point. Either you object to the introduction of the Bill or keep it as part of your debate.

শ্রী সৌগত রায় : স্যার, আমাদের বিধানসভায় যে রুল আছে সেখানে বিলের ইন্ট্রোডাকশানে অপোজ করা যায় না। লোকসভায় ইন্ট্রোডাকশান অপোজ করা যায়। সেই জন্য আমি সুযোগ পেলুম এবং আপনার অনুমতি নিয়ে এই কথাটা বললাম। এটা করা উচিত ছিল।

[4.05—4.15 p.m.]

Mr. Speaker : Either you oppose the admission of the Bill or you keep it as a part of your debate. Now the question of your moving the Statutory Resolution is a different thing. The Bill has been moved. In the course of your debate you will make your submissions. The Minister will then make the replies. Now, you move your Statutory Resolution.

Shri Saugata Roy : Sir, I have already moved the Statutory Resolution. However, I again move by Statutory Resolution.

Under Article 213(2) of the constitution of India I beg to move that this House disapproves the West Bengal Taxation Tribunal (Amendment) Ordinance, 2003.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that this House disapproves the West Bengal Taxation Tribunal (Amendment) Ordinance, 2003.

Mr. Speaker : Now, the Honourable Minister-in-Charge of Finance Department will move the motion for consideration of the Bill, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, and also to make the clarifications according to the points raised by Shri Saugata Roy at a point of time.

Dr. Asim Kumar Das Gupta : Sir, I beg to move that the West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003, be taken into consideration.

And, Sir, I also beg leave of you to make the following statement under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, In order to bring certain terms and conditions of appointment of the Chairman, the Judicial Member and the Technical Member of the West Bengal Taxation Tribunal at par with the terms and conditions of appointment of the Chairman and other Members of the West Bengal Administrative Tribunal and the West Bengal Land Acquisition and Tenancy Tribunal set up uner article 323A of the Constitution of India it was decided by the State Government to amend the relevant provisions of the West Bengal Taxation Tribunal Act, 1987. Accordingly, the West Bengal Taxation Tribunal (Amendment) Ordinance, 2003 was promulgated by the Governor of West Bengal on 5.2.2003 for necessary amendments in the West Bengal Taxation Tribunal Act, 1987. The said Ordinance came into force on and from 15.2.2003.

2. The promulgation of the Ordinance was necessary as the West Bengal Legislative Assembly was not in session at that time.

Sir, I also take this opportunity to respond to the point which was raised by Honourable Saugata Roy. I am aware as any member is aware that there are two provisions of the Constitution—323(a)

and 323(b). Under 323(b), the West Bengal Taxation Tribunal Bill was proposed and accepted. Similarly, the land tribunal is also under 323(b). But the West Bengal State Administrative Tribunal which deals with the State Employees subject matter was put up as per the constitution under 323(a). However, I have the relevant bill with me. That has certain norms with respect to the retirement age of the Chairman, Vice-Chairman and the Members. That is applicable to rest of the Indian Arm. We are also applying it. To begin with we did not go by that. But when we have set up both the Sales Tax Tribunal and also the land tribunal, we found that there is a need to maintain some kind of party here. That is why with reference to 323(a), this is very important, and all the States are becoming the abiding force. That is why, the reference is absolutely constitutional and absolutely proper and that is why I don't know why at this stage I cannot accept the amendment. I will explicate the point further to go along.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে যে 'ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন ট্রাইব্যুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩' উত্থাপন করেছেন এবং আমরা এখানে যে সকল অ্যামেন্ডমেন্টগুলো দিয়েছি তার মূল উদ্দেশ্যটা দেখতে হবে। তিনি আজকে যেটা চেয়েছেন সেটা দেখা যাচ্ছে যে নতুন। সেখানে সেকশন নিতে চেয়েছেন নাম্বার ফোর অ্যান্ড ফাইভ এবং সেকশন থ্রি-ও।

সেকশন থ্রি-তে, Establishment of Tribunal composition and functions thereof.

ফোর হচ্ছে, The Chairman or Judicial Member who has been a Judge of the High Court shall hold office for a term of five years from the date on which he enters upon his office or until he attains the age of 68 years whichever is earlier. এটাকে বাদ দিয়ে এখানে দেখা যাচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় ৪ নম্বরকে বলছি, এটা নিয়ে আসতে চাইছেন, The chairman shall hold office for a term of five years from the date on which he enters upon his office but he shall be eligible for reappointment for another term of five years.

এই যে আইনটা যখন করা হয়েছিল ১৯৮৭ সালে, সেই আইনের মধ্যে দেখতে পাচ্ছি, চেয়ারম্যান কাকে করা হবে, অ্যাপয়েন্টমেন্ট কীভাবে দিচ্ছেন। The Chairman and the Judicial Members shall be appointed by the Governor in consultation with the chief-Justice. এটা provided that, in the event of

the occurrences at any vacancy in the office of the chairman by reason of his death, resignation or otherwise when the chairman is unable to discharge his functions owing to absence, illness or any other cause, the State Government may authorise any other Judicial Member to discharge the functions of the chairman until the chairman resumes his office or a chairman appointed in accordance with the provisions of this Act enters upon his office. এই যে আপনার ১৯৮৭ সালের যে আইনটা, সেই আইনের মধ্যে সেটা বলেছেন এবং টেকনিক্যাল মেম্বার, এই ব্যাপারে বলেছেন, A technical Member shall be appointed by the Governor on the recommendation of the selection committee of three Members constituted by the Governor, of which the chairman shall be a sitting senior Judge of the High-Court nominate as such by the Chief Justice and two other Member nominated by the State Government. এই যে চেয়ারম্যানকে করে, টেকনিক্যাল মেম্বারকে সেখানে নিয়ে আসার যে বিষয়বস্তু ১৯৮৭ সালে ছিল, আরেকটা বলা ছিল, No person shall be qualified for appointment সেখানে কে কোয়ালিফায়েড হবেন, কে হবেন না, সেটা বলা ছিল। আমরা দেখতে পাচ্ছি, এটাকে হঠাৎ অর্ডিন্যান্স হিসেবে নিয়ে আসা হল, সামান্য ব্যাপারে সেটাকে নিয়ে আসা হল। ডিসেম্বর মাসে সেশন হল, তখন সেটার ব্যাপারে কোনো কিছু আলোচনা হল না। পরবর্তীকালে দেখতে পাচ্ছি, এখানে এসে গেল। মাননীয় মন্ত্রী মহাশয় সেটাকে বিলের মধ্যে বাদ দিতে চাইছেন। এখানে ৩-এর মধ্যে দেখতে পাচ্ছি Establishment of tribunal composition and functions thereof. ৩-এর এখানে, The State Government may, by notification, establish a tribunal to be called the West Bengal taxation tribunal which shall cosist of a chairman and not less than are Judicial Member and one Technical Member. এটা আপনি তার মধ্যে বলেছিলেন। ৫-এর মধ্যে যেটা বলেছেন, A Judicial Member who is qualified to be a judge of the High Court and a Technical Member shall hold office for a term of five years from the date on which they enter upon their offices or until they attain the age of 62 years whichever is later. এখন যেটা বলা হচ্ছে, ৫-এর মধ্যে দেখতে পাচ্ছি, A Judicial Member or a Technical Member shall hold office as such for a term of five years from the date on which he enters upon his office, but he shall be eligible for reappointment for another term of five years.

[4.15—4.25 p.m.]

আবার যেটা করলেন এটার কি যুক্তি আছে করার। আপনারা পুনরায় একটা মানুষ সেখানে কাজ করলো ৬২ বছর পর্যন্ত তার যে একটা বয়সের সীমারেখা আপনার বলা আছে। আবার

বলছেন যে তাকে আপনারা সেখানে আরও ৫ বছর নিয়ে আসতে পারা যায়—Provided that no Judicial Member or Technical Member shall hold office as such after he has attained the age of sixty two years এখানে প্রোভাইডেটে বলেছেন ৬২-তে বলেছেন, আবার প্রোভাইডেটে Provided further that a Judicial Member who has been a judge of the High Court, and who has entered upon his office before the 15th day of February, 2003, shall continue to hold office as such for a term of five years from the date on which he enters upon his office or until he attains the age of sixty eight years, whichever is earlier. এরপর আবার ২টো প্রোভাইডেট দিয়েছেন। সেটা আপনারা Provided also that a Judicial Member who is qualified to be a judge of the High Court and who has entered upon his office before the 15th day of February, 2003, or a Technical Member entering upon his office before the said date, shall continue to hold office as such for a term of five years from the date on which he enters upon his office or until he attains the age of sixty two years, whichever is later. এই যে আপনারা সেটা নিয়ে আসলেন। একটা উঠিয়ে দিয়েছেন, ঠিক আছে যেটা তুলে দিলেন তারপর সেটাকে আপনারা নিয়ে আসছেন ওই জায়গাতে। সেটির মধ্যে আপনারা আর একটা কনডিশান দিয়ে দিয়েছেন—তাকে আবার দরকার হলে তাকে আবার ৫ বছর রাখা যেতে পারে। যেটা আপনি বলেছেন The Bill seeks to amend certain terms and conditions of appointment of the Chairman, the Judicial Member and the Technical Member of the West Bengal Taxation Tribunal so as to bring such terms and conditions at par with the terms and conditions of appointment of the Chairman and other Members of the Tribunal set up under article 323A of the Constitution of India. এখানে মাননীয় সৌগতবাবু বললেন এখানে আপনারা ৩-এ যেটা ব্যাখ্যা করলেন সেটা ভারতবর্ষের সংবিধানে আছে। সংবিধানের এইসব ২২৩বি যেটা আছে সেই ব্যাপারটা আরও বেশি করে দেখা উচিত। সে পরিপ্রেক্ষিতে আজকে আমরা মনে করি একটা অর্ডিন্যান্সের প্রয়োজন আছে এবং সেখানে যে ফাংশান দেখা যাচ্ছে, সেই ফাংশানে আপনারা যে কাজের দায়িত্ব পেলেন, যে কাজের দায়িত্ব পালন করে থাকেন। ট্রাইবুনালে যে—The Tribunal, save as expressly provided under any specified State Act and subject to the other provisions of this Act, shall, with effect from such date as may be appointed by the State Government by notification in this behalf, exercise jurisdiction, powers and authority in relation to all matters of adjudication or trial of any disputes, complaints or offences with respect levy, assessment, collection and enforcement of any tax under any

specified State Act and of matters connected therewith or incidental thereto ; and no Court except the Supreme Court of India shall, with effect from such date, exercise any jurisdiction, powers or authority in the matter of adjudication or trial of any disputes, complaints or offences with respect to the aforesaid matters. এখানে সেই ফাংশানে বলেছে—সেখানে বলে দিয়েছে যে এর বাইরে এই ট্রাইবুনালের বাইরে সেখানে কি আছে। আপনারা সে পরিপ্রেক্ষিতে যে আজকে এই যে ফাংশান আছে এই ফাংশানে আপনারা যে কারণে করছেন, আদৌ সেটা কি বাস্তবায়িত হচ্ছে, দেখা যাচ্ছে যে আপনারা বিভিন্নভাবে ত্রুটি-বিচ্যুতি, বিভিন্নভাবে এইসব কাজে আপনাদের অদক্ষতা প্রমাণিত হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে আরো দক্ষতার পরিচয় দেওয়া যেত, কিন্তু সেটা আমরা এখানে দেখতে পাচ্ছি না। আইন পরিবর্তনের মধ্যে সরকারের স্বচ্ছ চিন্তা-ভাবনার পরিচয় আমরা পাচ্ছি না। আমার মনে হয় আর্থিক সংকটের পরিপ্রেক্ষিতে এই আইনের মধ্যে দিয়ে কিছু আয়ের সংস্থান সৃষ্টির প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। এই আইনের মধ্যে আমি সরকারের কোনো দক্ষতার পরিচয় পাচ্ছি না, তাই আমি এই ডিস-অ্যাপ্রুপ্রিয়েশন অ্যামেন্ডমেন্টটা এনেছি এবং সেটা প্লেস করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কৃষ্ণ কিশোর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশন ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩ এই সভায় আজকে পেশ করেছেন। আমি একে সমর্থন করছি এবং ২/৪টে কথা উল্লেখ করছি। ভারতবর্ষের ভেতর প্রথম পশ্চিমবাংলায় উচ্চ আদালতের বাইরে একটা ট্রাইবুনাল গঠিত হয় ১৯৮৭ সালে। ট্রাইবুনাল গঠিত হওয়ার ফলে ট্যাকসেশন সংক্রান্ত বহু কেস হাইকোর্ট বা সুপ্রিম কোর্টে না গিয়ে ট্রাইবুনালের মাধ্যমে মীমাংসা করা গিয়েছে। অবশ্য অনেক ক্ষেত্রে এগ্রিভড পার্টি পরবর্তীকালে উচ্চ কোর্টে গিয়েছে। তথাপি এটা অবশ্যই একটা সাফল্য। আমাদের রাজ্যে ট্রাইবুনাল গঠিত হবার পরে আরো কয়েকটি রাজ্যে ট্যাকসেশনের ওপর ট্রাইবুনাল গঠিত হয়েছে। আজকের এই বিল মূলতঃ ট্রাইবুনালের চেয়ারম্যান, জুডিশিয়াল মেম্বার এবং অন্যান্য ট্রাইবুনাল মেম্বারদের টার্মস অ্যান্ড সার্ভিস কন্ডিশনের ওপর একটা অ্যামেন্ডমেন্ট উপলক্ষে আনা হয়েছে। আইনের এই সামান্য অ্যামেন্ডমেন্ট এখানে করতে চাওয়া হয়েছে। এর মধ্যে আবার টেনিয়ুর অব সার্ভিস অ্যান্ড এজ্ অফ রিটায়ারমেন্ট-এর অ্যামেন্ডমেন্ট চাওয়া হয়েছে। আগে যা ছিল তার পরিবর্তন ঘটিয়ে একটা সমতা আনার জন্য—ল্যান্ড অ্যাকুইজিশন টেনেন্সি অ্যাক্ট সংক্রান্ত যে ল্যান্ড ট্রাইবুনাল আছে এবং যে অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল আছে, সেইগুলির ক্ষেত্রে যে বয়সের সীমা এবং সার্ভিস টেনিউর আছে তার সঙ্গে এ ক্ষেত্রের সমতা রক্ষা করা হচ্ছে। অর্থাৎ এ দুটি ক্ষেত্রে যে নীতি মানা হয়েছে, এই ক্ষেত্রেও সেই নীতি মেনে নেওয়া হচ্ছে। বিশেষত অন্যান্য রাজ্যেও যে ট্রাইবুনালগুলি গঠিত হয়েছে, সেগুলির পরিপ্রেক্ষিতেও আমাদের রাজ্যের ট্যাকসেশন ট্রাইবুনালের ক্ষেত্রেও একটা সমতা আনার প্রয়োজনীয়তা আছে বলে এটা করা হচ্ছে। এই সমতা আনার ক্ষেত্রে এই অ্যামেন্ডমেন্ট আমরা দেখছি বয়স-সীমার ক্ষেত্রে—চেয়ারম্যানের ক্ষেত্রে ৬৫ বছর এবং মেম্বারদের ক্ষেত্রে ৬২ বছর

করা হচ্ছে। সমতা রক্ষার স্বার্থেই এটা করা হচ্ছে এবং এফিসিয়েন্সি ও এফিকেসির প্রশ্ন যদি ধরি তাহলে অবশ্যই একজন মেম্বারকে—যেমন পাঁচ বছর আছেন, তেমন ট্রাইবুনালের স্বার্থে, রাজ্যের স্বার্থে—প্রয়োজন হলে একটা আরো টার্ম রাখা যেতে পারে ; কিন্তু চেয়ারম্যানের ক্ষেত্রে ৬৫ বছরের বেশি বয়স হলে রাখা যাবে না এবং অন্যান্য মেম্বারদের ক্ষেত্রে ৬২ বছরের বেশি বয়স হলে রাখা যাবে না।

[4.25—4.35 p.m.]

তবে একটি কথা, ইতিমধ্যেই ১৫ই ফেব্রুয়ারির আগে যারা এই পদে বহাল আছেন তাদের ক্ষেত্রে যে সার্ভিস কন্ডিশন আছে, এই বিলে তাদের সার্ভিস কন্ডিশন অক্ষুণ্ণ রেখেছে। তাই এই বিলটিকে আমি সমর্থন করছি এবং এই বিলটিকে মাননীয় সদস্যরা সমর্থন করবেন এই আশা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অতীশচন্দ্র সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় অর্ডিন্যান্সের পরিপ্রেক্ষিতে আজকে অর্ডিন্যান্স পালটে যে বিল এনেছেন তাতে আমরা দেখছি, কিছু বয়সের সীমার কথা উনি বলেছেন। এখানে ৩টি বয়সের কথা উল্লেখ করা হয়েছে। একটা হচ্ছে ৬২, একটা হচ্ছে ৬৫ আর একটা হচ্ছে ৬৮। এটা একটা কনফিউসিং বলে আমার মনে হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে একটা প্রশ্ন করতে চাইছি, যখন এই ট্যাক্সেশন ট্রাইবুনালের চেয়ারম্যান নিযুক্ত হলেন—এটা অনেক আগেকার অর্থাৎ ১৯৮৭ সালের এই অ্যাক্ট বা বিল, সংবিধানের ৩২৩(এ) ধারা অনুসারে করা হয়েছিল—তখন কি মন্ত্রীর মনে ছিল না যে ট্রাইবুনালগুলি আছে তার সঙ্গে প্যারেটি রক্ষা করা দরকার ? এতদিন পর তিনি বলছেন প্যারেটি রক্ষা করার জন্য যে মাননীয় চেয়ারম্যানকে নিযুক্ত করা হয়েছে তার বয়স ৬৫ করতে হবে এবং তার সঙ্গে সঙ্গে আপনি বলেছেন যখন নিয়োগ করা হয়েছিল তাঁকে অর্থাৎ যাঁকে ১৫ ফেব্রুয়ারি ২০০৩ সালের আগে তিনি ৬৮ বছর অবধি থাকতে পারবেন—এটা স্ববিরোধী। একবার বলছেন ৬৫ বছর আবার এটা হলে পর ৬৮ বছর এবং অন্যান্য মেম্বার—জ্যুডিসিয়াল মেম্বার, টেকনিক্যাল মেম্বার—এদের ক্ষেত্রে ৬২ বছর। এগুলি একটা কনফিউসিং বলে মনে হচ্ছে। সাধারণত বয়সের একটা সীমা থাকা দরকার, সবার ক্ষেত্রে সমান প্রযোজ্য বয়সের সীমা হওয়া দরকার। সেটা হলে পরে এই কনফিউশন অর্থাৎ চেয়ারম্যানের ক্ষেত্রে একরকম আর ট্রাইবুনাল মেম্বারদের ক্ষেত্রে আর একরকম, জ্যুডিসিয়াল মেম্বারদের ক্ষেত্রে একরকম এই জিনিসটা আমাদের ফেস করতে হয় না। যাই হোক, আমার বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না, এই বিলে তেমন বিশেষ কিছু নেই, শুধু বয়সের ব্যাপারগুলি পরিষ্কার করতে চেয়েছেন। তবে আমি একটা প্রশ্ন করছি, যখন চেয়ারম্যান নিযুক্ত করা হয়েছিল তখন কি তাঁকে বলা হয়েছিল, আপনি ৬৮ বছর অবধি থাকতে পারবেন এবং দুটি টার্ম থাকতে পারবেন ? এটা যদি করা হয়ে থাকে তাহলে সরকারের নিশ্চয়ই ভুল হয়েছিল। অন্যান্য ট্রাইবুনালের সঙ্গে প্যারেটি রক্ষা করার জন্য আপনার সেই টার্মস দেওয়া ঠিক হয়নি এবং সেটা সংশোধন করার জন্য বর্তমানে এই বিল এনেছেন যদিও সেভিংস ক্লজ দিয়েছেন—যাকে নিযুক্ত করা হয়ে গেছে ১৫ ফেব্রুয়ারি, ২০০৩ সালের আগে তিনি সেই ৬৮

বছর অবধি থাকতে পারবেন। আমার মনে হয় এটা অনুচিত কাজ করেছেন যদিও সংশোধন করার চেষ্টা করছেন। এই কথা বলে আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি। ধন্যবাদ।

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দি ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশন ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩-এর বিরোধিতা করছি। স্যার, এই যে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিন্সে বলেছেন, The bill seeks to amend certain terms and conditions of appointment of the chairman, the Judicial Member and the Technical Member of the West Bengal Taxation tribunal so as to bring such terms and conditions at par with the terms and conditions of appointment of the chairman and other Members of the tribunals set up under article 323A of the constitution of India. আপনি আজকে এই ৩ জনকে—চেয়ারম্যান, জ্যুডিসিয়াল মেম্বার এবং টেকনিক্যাল মেম্বারকে ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশন ট্রাইবুনালে অ্যাট পার এনেছেন, The Chairman and other Members of the tribunals set up under article 323A of the constitution of India. এবং বেসিক্যালি যেটা করতে চাচ্ছেন নতুন Provided further that the Chairman who has entered upon his office before the 15th day of February, 2003, shall continue to hold office for a term of five years from the date on which he enters upon his office or until he attains the age of sixty-eight years, whichever is earlier. And the statute that means the Chairman, who holds office for the term of five years from the date on which he enters upon his office but he shall be eligible for re-appointment for another term of five years.

[4.35—4.45 p.m.]

আপনি বেসিক্যালি রি-অ্যাপয়েন্টমেন্টের কথাটা এখানে বলতে চেয়েছেন। এখন যা রয়েছে তাকে upto the age of sixty eight years. So far as the Chairman is concerned. So far as the Judicial Member and a technical member and concerned, 62 years. কিন্তু আপনি একটা জিনিস দেখুন, আপনি যে প্যারিটিটা আনতে চাইছেন Section 8 of the Administrative Tribunal Act, 1985 i.e. under Article 323A of the Constitution. Of course, there is a provision for re-appointment, no doubt. But the limitation is, so far as the Chairman is concerned, retirement age is sixty-five years and the other members are 62 years. আপনি শুধু রি-অ্যাপয়েন্টমেন্টে প্যারিটিটা আনতে চেয়েছেন কিন্তু অন্যান্য জায়গায় যে প্রহিবিসশানটা রয়েছে, The Chairman, vice-Chairman or other members are hold office as such for a term

of five years from the date on which he enters upon his office but shall be eligible for re-appointment for another term of five years. Provided that no Chairman, vice-Chairman or other members shall hold office as such after he has attained (a) in case of the Chairman or vice-Chairman, the age of 65 years (b) in the case of any other member, the age of 62 years then in that case of Chairman and vice-Chairman, the retirement age is 65 years. আপনি এখানে ৬৮ পর্যন্ত করতে চাইছেন কেন ? আমি একটা বেসিক জায়গার কথা বলছি, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এবং অন্যান্য মন্ত্রিমহাশয়দের, এই যে accommodation of the Judicial officers or any of the Administrative officers after the attaining the age of superannuation is not a very good sign, good symbol, is not healthy at all. ৬২ বা ৬৫ ইয়ার্সের পর রিটায়ার করে যাবে, that is all. Let him go back ? Why they will be kept up to 68 years. একজন, দুজনকে এইভাবে অ্যাকোমোডেট করা হবে কেন ? That gives the birth of the nepotism. একজন লোক যে জুডিসিয়াল মেম্বার থাকে তার টার্গেটটাই থাকে যে—আপনারা সরকারে আছেন এখন ভালো লাগছে কিন্তু অন্যান্য জায়গাতে যেখানে আপনারা সরকারে নেই সেখানে কোনো একজন জুডিসিয়াল অফিসার ভাবতে পারে যে সরকারের দয়া আমার প্রতি হবে অতএব আমি সেইভাবে আমার কাজ করব, upto the age of 62 years, 65 years, সরকারের দিকে তাকিয়ে That does not give very good smell or is not a very healthy sight. এই জায়গাটা বন্ধ করুন। কেন আপনারা ৬৮ পর্যন্ত দেবেন। ৬৮ পর্যন্ত করার কী দরকার ? Why this facility will be given to them ? Is there a dirth of any other Judicial Officer. একটা লোক হাইকোর্টের জজ বা অন্য জায়গার জজ ছিল, ৬২ পর্যন্ত তার কাজ হল, ৬২ হবার পর তার অ্যাপয়েন্টমেন্ট হল আরও ৫ বছরের জন্য, আবার তার রি-অ্যাপয়েন্টমেন্ট কেন ? হোয়াই, কেন দেবেন ? Why the re-appointment, এই যে সেলস্ ট্যাক্সের ট্রাইব্যুনালে বসে থাকবে, আবার রি-অ্যাপয়েন্টমেন্ট হবে, ৬৮ পর্যন্ত করবে, মামলা যখন শুনবে তখন তো সে ঘুমাবে, ঝিমোবে। It is not a good sign. আমি জানি না অসীমবাবু আপনার ধারণা আছে কিনা ট্রাইব্যুনালগুলিতে কী চলছে। আমরা ট্রাইব্যুনালগুলিতে দেখছি, West Bengal Administrative Tribunal, ট্রাইব্যুনাল কখন বসে জানেন ? তাঁরা বসছেন ১১টা সোয়া ১১টার পর। কটা মামলা শোনে জানেন ? রিটায়ারমেন্টের পরে তাঁরা সেখানে গিয়ে বসছেন ফলে তাঁদের কোনো অ্যাকাউনটিবিলিটি নেই, কোনো রকমে তাঁরা সময়টা কাটিয়ে চলে যেতে চান অর্থাৎ ২ বছর ২½ বছর বা তিন বছরের যে টার্ম সেটা কোনো রকমে শেষ করে দিয়ে চলে যেতে চান। অর্ধেক দিন তো মেম্বারই থাকেন না, ট্রাইব্যুনালগুলিতে ফলে সেগুলি ফাংশান করতে পারছে না। That is in case of administrative tribunal in the case of administrative tribunal, in the case of Land Reforms

Tribunal. আমি আপনাকে বলছি, এই রকম ৬৮ পর্যন্ত রাখা। There is no justification 62-65. এটা ৬২ বা ৬৫ মধ্যে শেষ করুন। এই বৃদ্ধ মানুষগুলিকে নিয়ে গিয়ে সেখানে আবার এইভাবে অ্যাকোমোডেট করা হবে কেন ? ৬৮ পর্যন্ত থাকবেই বা কেন ? সে তো মামলা শুনতে শুনতে ঝিমাবে, কী হল আবার বলুন বলে কানটা এগিয়ে নিয়ে যাবেন। It does not give a very good sign. এখানে মেন অ্যাক্টে যেটা রয়েছে, Administrative Tribunals Act under Article 323A. ৬২ বা ৬৫ রয়েছে চেয়ারম্যান, ভাইস চেয়ারমান এবং মেম্বারদের ক্ষেত্রে, সেখানে দেখবেন রি-অ্যাপয়েন্টমেন্টের স্কোপ থাকলেও এই সেকশান ৮এ, virtually there is no re-appointment, দেখবেন, After the age of a Retirement of a High Court Judge at the age of 62 years when he assumes the charge as Judicial member or chairman of a administrative tribunal then only three years remain.

[4.45—4.55 p.m.]

তিন বছরের মধ্যে পঁয়ষট্টি হয়ে যায়। ন্যাচারালি সেকেন্ড রি-অ্যাপয়েন্টমেন্ট করার কোনো স্কোপ থাকে না। যদিও সেকশন ৮'এর মধ্যে একটা রি-অ্যাপয়েন্টমেন্টের প্রভিশন রয়েছে। রিয়েলিটি দ্যাট ইজ নট ওয়ার্কড আউট, কোনো জায়গায় হয় না। তা আপনি রি-অ্যাপয়েন্টমেন্টের জায়গাটা দিচ্ছেন কেন ? এটা একটা যেন কেমন মনে হচ্ছে। তারপর Provided further that a Judicial Member who has been a Judge of the High Court, and who has entered upon his office before the 15th day of February, 2003, shall continue to hold office as such for a term of five years from the date on which he enters upon his office or until he attains the age of sixty eight years, whichever is earlier, এবং সেটা মেম্বারদের ক্ষেত্রে, টেকনিক্যাল মেম্বারদের ক্ষেত্রে, জুডিশিয়াল মেম্বারদের ক্ষেত্রে একই প্রভিশন দেখছি। এটা একটা স্মেল দিচ্ছে যেন আপনি ভীষণভাবে ইন্টারেস্টেড এই ট্যাক্স ট্রাইবুন্যালে যিনি চেয়ারম্যান আছেন, যে সমস্ত মেম্বাররা রয়েছেন, তাঁদেরকে আবার রাখার জন্য। কিসের জন্য আপনার এত ইন্টারেস্ট ? কিসের ইন্টারেস্টে এই লোকগুলোকে রাখতে হবে ? আপনি কি অন্য জায়গা থেকে আর লোক পাচ্ছেন না ? আর কি জুডিশিয়াল মেম্বার হচ্ছে না ? আর কি জাজেরা রিটায়ার করছে না ? আপনি তো করেছেন, কোনো এক সিটিং জাজকে অন্য একটা জায়গায় মেম্বার করেছেন। করেছেন আপনি অন্যান্য জায়গাতেও। These Provisions are bad. Seriously I am opposing it. আমি আপনার কাছেও রাখছি যে, এটা নিয়ে একটু ভাবুন, ভাববার মতো দিন আসছে। Why the accommodation of the Judicial Officers and the Administrative Officers after the retirement in the shape of appointing them in the Administrative Tribunals or any other Statutory Bodies. To make provisions only for the few—these are

really an act of nepotism. এটা এই জায়গাটায় আসছে কেন ? এটা একটা ভাববার মতো জায়গায় আসছে। এই ট্রাইবুন্যালে ম্যাটার দিনের পর দিন পেন্ডিং হয়ে পড়ে রয়েছে, জাজেরা যান না, আফটার ৬২, ৬৩ তাঁদের ক্যাজুয়াল লিভ ৩০ দিন নিতে হবে, অন্যান্য লিভ নিতে হবে, পুজোর ছুটি থাকবে, গরমের ছুটি থাকবে, সমস্ত কিছু তাঁরা অ্যাভেল করবেন। They don't have any future. They don't have any interest. অতএব আমি এই বিলের বিরোধিতা করছি। ৬৮ পর্যন্ত রাখলে—একজন সুপ্রিম কোর্টের জাজ ৬৫-তে রিটায়ার করলেন, ইউ আর অ্যাপয়েন্টিং হিম। যেমন, হিউম্যান রাইটস্ কমিশন, ন্যাশানাল কনজিউমার ফোরাম, সেখানে There are provisions to appoint the Supreme Court Judges. There after the Retirement of the Supreme Court Judge at the age of 65 years. তারপর থ্রি ইয়ার্স প্রভিশন রয়েছে। So far in respect of the High Court Judges there is scope. scope is there after the Retirement at the age of 60 years. অন্য জাজেস ইন রেসপেক্ট অফ জুডিশিয়াল সার্ভিসেস অ্যাট দি এজ অফ সিক্সটি ইয়ার্স একটা টার্ম কমপ্লিট করুক। ঠিক আছে, ফাইভ ইয়ার্স টার্ম কমপ্লিট করুক। তাকে আবার রি-অ্যাপয়েন্টমেন্ট দেওয়া এটা ঠিক হচ্ছে না। আজকের দিনে যখন অনেক, অন্যান্য জায়গায় এমনিতেই চাকুরির অভাব রয়েছে, অন্য জায়গা থেকে নতুন মুখ নিয়ে আসুন। আর খুব সেনসিটিভ জায়গা এগুলো। দিস ইজ এ সেনসিটিভ পোস্ট। একটা লোক দশ বছর থাকবে, দিস ইজ নট ভেরি ফেয়ার, এগুলো খুব একটা ভালো স্মেল দেয় না। সেজন্য বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশান ট্রাইবুন্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল' ; সমর্থন করে এবং বিরোধী দলের মাননীয় সদস্যরা যে বক্তব্যগুলো রেখেছেন তার জবাব দেবার জন্য আমি আমার বক্তব্য রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানের ৩২৩(খ) ধারার ভিত্তিতে ১৯৮৭ সালে এই বিধানসভায় আমরা 'দি ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশান ট্রাইবুন্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল' আনি। এই বিধানসভা অনেক আলোচনার পর সেটা অনুমোদন করেন। তারপর আমার স্মরণ আছে, ১৯৮৯ সালের ফেব্রুয়ারি মাস থেকে এই ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশান ট্রাইবুন্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল কাজ করতে শুরু করে। একটু নম্রতার সঙ্গে বলি, ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম রাজ্য যারা এই ট্যাকসেশান ট্রাইবুন্যাল বিল নিয়ে কাজ করতে শুরু করে। এর মূল উদ্দেশ্য ছিল—মহামান্য হাইকোর্টে ট্যাক্স সংক্রান্ত মামলাগুলো খুব জমে থাকছিল, নিষ্পত্তি হতে দেরি হচ্ছিল, তার জন্য এই কনস্টিটিউশন্যাল প্রভিশনটা আছে। এটা শুরু করার পর—আমি আপনাদের জ্ঞাতার্থে জানাচ্ছি এবং তথ্যও দিয়ে দেব—ডিসপোজালের রেটটা প্রায় তিনগুণ বেড়ে যায়। বছরের পর বছর নতুন যে কেসগুলো আসছিল তার থেকেও সেখানে ডিসপোজাল শুরু হয় ট্যাকসেশান ট্রাইবুন্যালে। ওয়েস্ট বেঙ্গল স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুন্যাল সম্বন্ধে আপনারা যেটা বলছেন সেটাও আমি কিছুটা জানি। আমি ঠিক ঠিকই বলছি। এখানে আমি কথা বলছি ট্যাকসেশান ট্রাইবুন্যাল'এর। সেখানে কিন্তু স্পিড

অফ ডিসপোজাল সত্যিই বাড়ে এই ডি-সেন্ট্রালাইজেশানের পরে। আপনারা এটাও অবগত আছেন, প্রথম যখন এটা শুরু হয় তখন হাইকোর্টের বিকল্প হিসাবেই শুরু হয়েছিল। পরে সুপ্রিম কোর্টে একটা জাজমেন্টে অ্যাপিল এখন হাইকোর্টেও করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উদ্দেশ্য কিন্তু খুব সীমিত। তা হচ্ছে এখন এই ট্রাইবুন্যালের যিনি চেয়ারম্যান আছেন এবং জুডিশিয়াল মেম্বার আছেন এবং টেকনিক্যাল মেম্বার আছেন, তাঁদের বয়সের সীমাটা কমানো হচ্ছে—বাড়ানো নয়, কমানো। যে প্রভিসোগুলো আছে সেই প্রভিসোগুলো নিয়ে প্রশ্ন উঠেছে, আমি সেগুলির উত্তর দিচ্ছি। প্রথমত, 'আপনারা কমাচ্ছেনই বা কেন বা কিসের ভিত্তিতে কমাচ্ছেন, এতদিন কেন করেননি।' কারণ হচ্ছে এই, আমরা 'ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশান ট্রাইবুন্যাল' এটা সেট-আপ করার পরে তারপরে ৩২৩(এ) ধারাতে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াও সার্ভিস ম্যাটারে 'ক্যাট' করতে পারেন, প্রত্যেক স্টেটও আলাদা আলাদা করতে পারে। ৩২৩(এ) এটা পার্লামেন্টারি অ্যাক্ট। আমরা এখানে স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুন্যাল করি। সেখানে খুব ক্লিয়ারলি ৬২, ৬৫ ইত্যাদি রি-অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে বলা আছে। তার পরের পদক্ষেপ এটা কিছুদিন আগে হয়েছে। আমি সংক্ষেপে বলছি, 'ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড ট্রাইবুন্যাল' সেটা করতে গিয়ে এই চেয়ারম্যানের বিষয়টি এবং মেম্বারদের বয়সের বিষয়টি আসে আমাদের কাছে। তখন আমরা একটা সিদ্ধান্ত নিই। এই তিনটির ক্ষেত্রে একটা সমতা আনা উচিত এবং সেই সমতা আনার রেফারেন্স পয়েন্টটা কি হবে ? আমাদের কাছে সবচেয়ে ভালো মনে হয়েছে, এই অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুন্যাল যেহেতু সমস্ত রাজ্যেই হচ্ছে, ৬৫, ৬২ বেঁধে দেওয়া হয়েছে, আমরা সেইটিই মেনে নেব। যার জন্য ৩২৩(এ)-র রেফারেন্সটা অবজেক্টস অ্যান্ড রিজনস্-এ আছে। এটা এক নম্বর, 'কেন কমানো হলো।' মাননীয় সদস্য অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় বলেছেন, 'আপনারা '৮৭-তে যখন করেছেন তখন কেন চিন্তা করেননি ?' অন্যান্য ট্রাইবুন্যালে আমরা করিনি, এই সমতা আনার প্রয়োজনটা হয়ওনি। এটি এখন হওয়ার পরে এটি কমানো উচিত বলে আমার মনে হয়। প্রশ্ন, 'আপনারা যখন কমাচ্ছেনই তখন আবার এর সঙ্গে পাঁচ বছর পাঁচ বছর রি-অ্যাপয়েন্টমেন্টটা কেন করছেন ?' দুটো কারণ আছে। একটা হচ্ছে, 'ক্যাট'-এর—আপনি উল্লেখ করেছেন—৮ নম্বর ধারাতে পরিষ্কার বলা আছে যে, রি-অ্যাপয়েন্টমেন্টের সুযোগ থাকবে। কারণ এটা মনে রাখা ভাল, এঁরা কিন্তু সরকারি বা অন্য কোথাও চাকুরি গ্রহণ করতে পারেন না। আমাদের ট্রাইবুন্যালে শুধু সেটা না, আমি এখানে যেহেতু মাননীয় আইনজীবী হিসাবে উপস্থিত আছেন কল্যাণ ব্যানার্জী এবং অরুণাভ ঘোষ মহাশয়, আমি আপনাদের লোকাস ক্লাসিয়াস হিসাবে 'সম্পৎলাল এবং গভর্নমেন্ট অফ ইন্ডিয়া'র কেসটা রেফার করছি, যার ভিত্তিতে এই কম্পোজিশানটা হয়েছে। আপনারা জানেন জাস্টিস ভগবতী এবং জাস্টিস রঙ্গনাথন মিশ্র এঁদের বিখ্যাত স্টেটমেন্ট, সেখানে এঁরা যেগুলো বলেছিলেন, একটা হচ্ছে, এগুলোতে কম্পোজিশানের জুডিশিয়াল প্রিপন্ডারেন্স থাকবে। যার জন্য ওই সিলেকশনের প্রসেসগুলো আসছে। দ্বিতীয় একটা খুব গুরুত্বপূর্ণ কথা বলেছেন। আমি সেই 'এ আই আর, ১৯৮৭' থেকে কোট্ করছি। তাঁরা বলেছিলেন, আপনারা এই বৃদ্ধ লোকদের দিকে বেশি যাবেন না। আপনারা অল্প বয়সিদের নিন। তাঁদের

রি-অ্যাপয়েন্টমেন্টের সুযোগ দিন। আই রিড ইট আউট। খুব ক্লিয়ারলি বলেছেন, There may be competent people belonging to younger age group should have more than five years to reach the completion period. আমার মনে হয় খুব গুরুত্বপূর্ণ কথা বলেছিলেন। এটা এবং রেফারেন্স পয়েন্টে যেহেতু পাঁচ প্লাস পাঁচ ছিল, এর মধ্যে আর কোনো কারণ নয়, আমি মনে করছি খুব সাউন্ড জুডিশিয়াল প্রোনাউন্সমেন্ট। এটা নিয়ে কেউ কোনো কথা বলেননি। তাই পাঁচ প্লাস পাঁচ, তিনের পরে ৬৮টা থাকছে। এটা আমি আপনার কাছে আশা করিনি। কারণ যে কাট অফটা, প্রশ্ন, লক্ষ্য করবেন, ১৫ই ফেব্রুয়ারিতে অর্ডিন্যান্সটা আনার অন্যথা প্রয়োজন ছিল না। এটার এমন কোনো গুরুত্ব নেই। কারণ সেই সময়ে আমাদের ট্যাকসেশান ট্রাইবুন্যালে আর একজন নতুন মেম্বার অ্যাপয়েন্টমেন্ট করার প্রয়োজন হল। আগের জন চলে গিয়েছিলেন বলে তাঁকে যখন আমরা অ্যাপয়েন্ট করছি, তাঁকে যদি আবার ওই বেশি বয়সে অ্যাপয়েন্ট করি তাহলে একটা আন-ডিউ অ্যাডভানটেজ তাঁকে দিয়ে দেওয়া হবে। আপনারা যা বলছেন, ঠিক তার উল্টো। তখনই আমরা মনে করি, এখুনি আমরা ৬৫, ৬২ করে দিই। যেহেতু হাউস সেশানে ছিলেন না, তাই অর্ডিনান্সটা আনি। যে কোনো একটা কাট-অফ করলে আগে যাঁরা অ্যাপয়েন্টমেন্ট পেয়েছেন তাঁরা থাকছেন, সেটা তো আর বদলানো যায় না। তাই আগের যাঁরা থাকছেন তাঁরা ৬৮ অবধি থাকবেন। আর নতুন কেউ পারবেন না। এটা তো অনেক প্রোনাউন্সমেন্ট। তাই আপনারা যেটা চিন্তা করছেন, তার ঠিক উল্টোটাই হয়েছে। তাই সহমতই হবে—এক, কমানো হল। দুই, কারণটা ছিল। কোনো নতুন মেম্বারকে অ্যাপয়েন্টমেন্ট দেবার সময়ে কমিয়ে দিলে তিনি আবার অনেকদূর পর্যন্ত চলে যাবেন। তৃতীয়ত, আগে যাঁরা অ্যাপয়েন্টমেন্ট পেয়ে বসে আছেন, তাঁদের থেকে নিয়ে নিতে পারেন না। সেইজন্য ওই প্রভিসোটা আছে। যাঁরা বসে আছেন তাঁরা ওইখানে শেষ করবেন, বাকিরা নয়। এগুলো নিয়ে আমি মনে করছি, আমি প্রত্যেকটি প্রশ্ন—৩২৩(এ) রেফারেন্স, ওই পাঁচ বছর রি-অ্যাপয়েন্টমেন্ট, ৬২ এবং ৬৫ ইত্যাদি নিয়ে—যুক্তি দিয়ে খণ্ডন করেছি।

The Motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clause 1–3

The question that clauses 1–3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta : Sir I beg to move that the West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003 as settled in the Assembly be passed.

[4.50—5.00 p.m.]

শ্রী সৌগত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে জানতে চাইছি, এখানে বিল নিয়ে এতক্ষণ আলোচনা হয়েছে। কিন্তু আজকে বিধানসভার শেষ দিন আর এই যে ট্যাক্স ট্রাইবুন্যাল বিল আর ভ্যাট নিয়ে সারা রাজ্যে যে ভীষণ কনফিউশান হয়েছে, সমস্ত দোকান বন্ধ, ২দিন ধরে ব্যবসায়ীরা স্ট্রাইক করছে। সুতরাং মাননীয় মন্ত্রী এই যে ট্যাকসেশান ট্রাইবুন্যাল করছেন, ভ্যাটের ব্যাপারে আরও বড়ো কেস ট্রাইবুন্যালে হবে। আমি আশা করি, শেষ দিনে আপনি জানাবেন। ভ্যাটকে কেরলে ওরা পোস্টপোন্ড করে দিয়েছে ইন্ট্রোডিউস করার ক্ষেত্রে। আপনি সেই ব্যাপারে কি কিছু জানাবেন, যখন এটা নিয়ে আলোচনা হচ্ছে।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঘণ্টা দুই আগে, একটা স্টেটমেন্ট করতে চাই, আমি বলেছিলাম। উনি এখানে একটা কৌশলগত পদক্ষেপ নিলেন। যেন উনি প্রশ্ন করেছেন বলে আমাকে স্টেটমেন্টটা দিতে হবে, উনি এই কৌশলটা নিয়েছেন। আমি স্বতঃস্ফূর্তভাবে বলতে চাই, আপনি যদি বলেন তাহলে বলছি, মৌখিকভাবেই স্টেটমেন্টটা দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন, এবং হাউসও অবগত আছেন যে আমি মাননীয় রাষ্ট্রপতির কাছে প্রাক অনুমোদন নিয়ে, এই হাউসে গত ২৭ তারিখে ওয়েস্ট বেঙ্গল ভ্যালু অ্যাডেড ট্যাক্স বিল পেশ করি। এখানে আলোচনা করার পরে সেটা গৃহীত হয়। তার পরে, আমরা মাননীয় রাষ্ট্রপতির কাছে চূড়ান্ত অনুমোদনের জন্য ভারত সরকারের কাছে পাঠাই। প্রায়র অ্যাপ্রুভালের কারণটা ছিল এই। প্রায়র অ্যাপ্রুভাল হয়ে যাওয়ার পরে যদি পরিবর্তন না হয় তাহলে সেটা তৎক্ষণাৎ প্রায়র অ্যাপ্রুভালটা চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়। আপনারা জানেন, আমরা খুবই আশা করেছিলাম এবং অন্যান্য রাজ্য যারা এই সময়ে পাস করেছেন, আমরা আশা করছি, আজকে রাষ্ট্রপতির চূড়ান্ত অনুমোদন পাব। কিন্তু কোনো কারণে চূড়ান্ত অনুমোদনটা পৌঁছায়নি, তবে মনে করি খুব শীঘ্রই পাব। এই অবস্থায় দাঁড়িয়ে আমরা আগামীকাল থেকে, যেটা হাউসে বলেছিলাম, 'টু বি নোটিফাইড'-ভ্যালু অ্যাডেড ট্যাক্স—আগামীকাল থেকে সেটা লাগু করা যাচ্ছে না। দ্বিতীয়ত, আমরা আশা করেছিলাম যেহেতু দিল্লির সঙ্গে নিত্য যোগাযোগ রাখি, তাই রাষ্ট্রপতির অনুমোদনটা পাওয়া যাবে তাড়াতাড়ি। অন্যান্য রাজ্যগুলিও এই সময়ে পাবে তারাও আশা করেছিল। কিন্তু কোনো কারণে তারা ৩১ তারিখের মধ্যে পেল না। তবে আমরা আশা করছি, এটা খুব শীঘ্রই পাওয়া যাবে। এর ভিত্তিতে ৮ তারিখে দিল্লিতে যে এমপাওয়ার কমিটি আছে, সেখানে সভা ডেকেছি। আমরা আশা করছি, ৪ থেকে ৮ তারিখের ভেতরে পাব। এটা পাওয়ার পরে কত তাড়াতাড়ি স্টেট লেবেলে ভ্যালু অ্যাডেড ট্যাক্স আমরা একত্রিত করতে পারি তা জানাব। যত তাড়াতাড়ি সম্ভব জানিয়ে দেব। এটা আমি ইনফর্ম করলাম। মূল যেটা, ভ্যাট স্বচ্ছতা আনে, ট্যাক্সের বোঝা কমায়, ভ্যাট শিল্পকে সাহায্য করে, দাম কমায়। সাধারণ মানুষকে ব্যবসায়ীদেরকে এই

কথাটা বারবার বোঝাতে হবে। এই সময়ে সেই কাজটা আমরা করব, মৌখিকভাবে এই কথাগুলি বললাম।

(এ. ভয়েস :—আজকে থেকে তো স্ট্রাইক ডেকেছে ব্যবসায়ীরা)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্ট্রাইক ব্যবসায়ীদের সর্বভারতীয় সংগঠন ডেকেছে। রাজ্য স্তরে যারা আছে তাদের সঙ্গে আমরা আলোচনা করব। আমরা কী করব, আমরা বারবার আলোচনা করব এবং আমরা তাদেরকে বোঝাতে চেষ্টা করব, আশা করি তাঁরা বুঝবেন, তাঁরা বিবেচনা করবেন। এই সুযোগে আমি বলছি, রাষ্ট্রপতির অনুমোদন না আসাতে আমরা এটা চালু করতে পারছি না। এইজন্য ব্যবসায়ী যারা আছেন তাঁরা নিজেরাও বারবার আলোচনা করেছেন। আমি তাদেরকে বলব, আমি সকাল থেকে সন্ধে পর্যন্ত রাইটার্স বিল্ডিংয়ে থাকব, আপনারা যত তাড়াতাড়ি আলোচনা করতে চান আসুন, যতক্ষণ আলোচনা করতে চান করুন। এই সুযোগে তাদের কাছে আমি অনুরোধ করব আপনারা যে ব্যবসা বন্ধ ডেকেছেন এটা এখনই ডেকার করুন।

শ্রী তপন হোড় : স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ভ্যাট বিল আলোচনার সময় বলেছিলেন, এই সম্পর্কে একটা বিস্তৃত প্রচার হবে বিভিন্ন পত্র-পত্রিকায়। সেই প্রচার কিন্তু এখন শুরু হয়নি। এটা নিয়ে লোককে কিন্তু এডুকেট করা হচ্ছে না। আপনি বলেছিলেন এটা করবেন।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ওয়েব সাইটে চলে গেছে, ওয়েব সাইটের বাইরে আমরা সাধারণ সংবাদপত্রে—ইংরাজি, বাংলা, উর্দু, হিন্দি, নেপালি—পাতা ভরে, ভ্যাট কী, ভ্যাট কেন, এতে আপনার সুবিধা কি, আপনি একজন সাধারণ ডিলার, কেন দাম কমবে এই সম্পর্কে বিস্তৃতভাবে আমরা আলোচনা করব। দু-একদিনের মধ্যেই আমরা জানিয়ে দেব।

[4.55—5.00 p.m.]

Mr. Speaker: Honourable Members, before I adjourn the House I would like to inform you that I will be proceeding to Malaysia tomorrow to participate in the executive meeting of the Commonwealth Parliamentary Association which is going to be held from the 6th to the 12th in Kuching, Sarwak and from the 2nd to the 5th we will have the Working Committee Meeting of which I am also a member. I am also the Chairman of the Programme Implementation Committee. We will try to change the format of the conference. So this is a very important meeting. That is why I am going there. I am not keeping a very good health. But I have to be there. Because I am the Chairman of the Programme

Implementation Committee. I am going as your representative representing Asia Region in the conference. After coming back from there I am to proceed to Basilona on the 7th of May. Till the 12th of May there will be the conference of the World Federation of United Nations Association of which I am the President. This will be my last conference in this organisation. Because my term of office is ending over there. I will have two terms and that is the maximum that one can have. The new President will be elected to succeed me in Basilona this year. So I am again going there in May and coming back on 12th of May. I met Mr. Ram Niwas Mirdha who is the President of the Indian Body yesterday. In Delhi we had a meeting and this meeting in Basilona is very complicated over the Iraq issue. I have already addressed a copy of my speech to Mr. Kafi Annan, Secretary General of United Nations Organisations, and I have issued a press statement on the Iraq issue which is a very complicated matter and it has raised tensions all over the world and it is a very touchy matter concerning innumerable human lives. We all are concerned about Iraq and the international situation has developed out of Iraq. The meeting in Basilona is going to be a very crucial one at that point of time.

A very big delegations are going there from India to attend that meeting. From Kolkata also several people are going there. So I hope to be there and represent our country and my State also over there, and come back by the end of May. After being for some time in London, then I will be in Kolkata. After that I will announce the date. Then we will meet again in June. I hope by that time, everybody keeps well, the Panchayat Elections would have been held and also some municipal elections. I wish everybody keeps well and hope to meet you all again.

The House stands adjourned till 26th of June, 2003.

Adjournment

At this stage, the House was then adjourned at 5-00 p.m. till 26th June, 2003, at the Assembly House, Kolkata.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

Vol. : 122, No. II (Hundred and Twenty Second Session)
(March, 2003)

(The 24th, 25th, 26th, 27th, 28th, 29th and 31st March, 2003)

DAY-WISE PROCEEDINGS

24th March, 2003-PP : 1 to 86
25th March, 2003-PP : 87 to 199
26th March, 2003-PP : 201 to 859
27th March, 2003-PP : 861 to 976
28th March, 2003-PP : 977 to 1008
29th March, 2003-PP : 1009 to 1010
31st March, 2003-PP : 1011 to 1113

ADJOURNMENT MOTION

—raised by **Shri Ashoke Kumar Deb** on the subject of reported murder of one Md. Raffie at Bibi Bazar in Kashipur. / PP-19-20

—raised by **Shri Ashoke Kumar Deb** on the subject of delay in Payment of Salary to the Teachers of non-Government Colleges in the states. / P-112

—raised by **Shri Ashoke Kumar Deb** on the subject of delay in Construction Work of Salt Lake Sub-divisional Court Causing harassment to the People. / P-238

—raised by **Shri Ashoke Kumar Deb** on the subject of reported Strike—Call by different traders' association on 31st March and 1st April, 2003. / P-887

—raised by **Shri Ashoke Kumar Deb** on the subject of reported Lock-out all business transaction for two days. / PP-1012

—raised by **Dr. Asish Banerjee** on the subject of decision of the State Government to close down the Ahmedpur Sugar Mill in Birbhum. / P-19

—raised by **Dr. Asish Banerjee** on the subject of delay in Payment of Salary to the Teachers of Primary Schools in the State. / P-238

—raised by **Dr. Asish Banerjee** and **Shri Sobhandeb Chattopadhyay** on the same subject of reported Physical assault on Shri Arnab Dey, Son of a Minister by the Policemen. / P-1000

—raised by **Shri Asit Kumar Mal** on the Subject of non-sending of call betters to non-trained candidates for recruitment of Primary Teachers in the State. / P-112

—raised by **Shri Asit Kumar Mal** on the Subject of deterioration of law and order Situation in the State. / P-887

On the subject of Deterioration law and order situation in the State.

—Shri Asit Kumar Mal / P-888

—raised by **Shri Asit Kumar Mal** and **Shri Ashok Kumar Deb** on the Some Subject of trace of two medicine factories involved in illegal activities at Sonarpur, South 24 Parganas. / P-1001

—raised by **Shri Ajoy Dey** on the subject of spurt in death of persons from Polio, Tuberculosis and Enteric Diseases in the State. / P-238

—raised by **Shri Debaprasad Sarkar** on the subject of announcement of the State Government on enhancement of bus fare etc. / P-112

—raised by **Shri Debaprasad Sarkar** on the subject of fall in price of potato and Consequential Situation arisen. / P-887

On the subject of Alleged Suicide of Sibhari Chowdhury, a Potato grower of Birbhanpur at Chandrakana Town.

—Shri Debaprasad Sarkar / P-888

—raised by **Shri Gobinda Chandra Naskar** on the subject of alleged violence after Election of Managing Committee of Shambhunagar High School at Gosaba, South 24 Parganas. / P-20

—raised by **Shri Gobinda Chandra Naskar** on the subject of alleged violence in connection with Election of Managing Committee of Shambhunagar High School at Gosaba, South 24 Parganas. / P-112

—raised by **Shri Gobinda Chandra Nasker** on the subject of non-implementation of schemes for various Development Works in Sundarban Areas. / P-887

—raised by **Shri Gobinda Chandra Naskar** on the subject of irregularities in Scrutiny of answer scripts of some Higher Secondary Candidates detected by the Hon'ble High Court. / P-1000

—raised by **Shri Jatu Lahiri** on the subject of failure of the State Government to set up a Medical College and Hospital in Howrah. / P-19

—raised by **Shri Jyotipriya Mallik, Smt. Sonali Guha, Shri Kashinath Mishra, Shri Kallol Khan** and **Dr. Asish Banerjee** on the subject of failure of the State Government to make proper enquiry into the case of unnatural death of **Shri Soumitra Biswas,** a student of R. G. Kar Medical College and Hospital. / P-887

—raised by **Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira** and **Shri Jyotipriya Mallik** on the subject of proposal of the owners of Bus, Mini-bus etc. to enhance the faire and conseuential situation arisen. / P-20

—raised by **Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira** and **Shri Jyotipriya Mallik** on the subject of alleged earth filling of a portion of Tollygunge Panchannagram Canel near Bantala, South 24 Parganas. / P-112

—raised by **Shri Kahsinath Mishra** and **Shri Manturam Pakhira** on the subject of irregulaities in Serutiny of answer scripts of some Higher Secondary Candidates on order of the Hon'ble High Court. / P-238

—raised by **Shri Kashinath Mishra** on the subject of activities of peoples war Group in the State. / P-1000

—raised by **Shri Sobhandeb Chattopadhyay** on the subject of alleged irregularities in giving licence for opening of wine shops. / P-20

—raised by **Shri Sobhandeb Chattopadhyay** on the subject of anomaly in B.P.L. List Published by the State Government. / P-887

—raised by **Smt. Sonali Guha** on the subject of reported incidents of molestation of two women at fiarmore village under Nanur P.S. Birbhum. / P-112

—raised by **Smt. Sonali Guha** on the subject of reported physical assault on some supporters of SUCI protesting against hike of bus fare etc. in the State on 25.03.2003. / P-238

—raised by **Shri Saugata Roy** on the subject of Severe Traffic chaos in Calcutta (ADJ) / P-20

—raised by **Shri Saugata Roy** on the subject of reported police firing at Balagarh, Hooghly on 23.03.2003. / P-112

—raised by **Shri Saugata Roy** on the subject of agitations of the people on hike in fare of buses, mini buses etc. in the State. / P-238

—raised by **Shri Saugata Roy** on the subject of alleged Suicide of **Sibhari Chowdhury**, a potato grower at Birbhanpur village of Chandrakona Town P.S. in West Midnapore. / P-887

On the subject of alleged suicide of Sibhari Chowdhury, a potato grower at Birbhunpur village of Chandrakona Town and the second suicide by a farmer in the State after Rameswar Barman.

—Shri Saugata Roy / P-888

—by Mr. Speaker / P-112-113

—by Mr. Speaker / P-238-239

—by Mr. Speaker / PP-887-889

—by Mr. Speaker / P-1012

—শ্রীমতী সোনালী গুহ / P-113

—শ্রীমতী সোনালী গুহ / P-239

—শ্রী অজয় দে / P-239

—শ্রী অসিত মাল / P-113

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-1000

—মিঃ স্পীকার / P-1000

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-1000

—শ্রী অসিত মাল / P-1001

—by Mr. Speaker / P-1000

CALLING ATTENTION (NOTICE)

—raised by **Shri Ashok Kumar Deb** and **Shri Sobhandeb Chattopadhyay** regarding Re-opening of New Central Jute Mill Budge Budge. / P-889

—raised by **Shri Ashok Kumar Deb** and **Shri Kashinath Mishra** on the subject of reported resignation of the Vice-Chancellor of Vidyasagar University. / P-1012

—raised by **Shri Ashok Kumar Deb** and **Shri Sobhandeb Chattopadhyay** on the subject of re-opening of the New Central Jute Mill at Budge Budge. / P-1013

—raised by **Shri Ajoy Dey** progress of Kalna-Santipur Bridge over Bhagirathi River. / P-240

—raised by **Dr. Asish Banerjee** alleged deprivation of the Co-operative works in the State. / P-21

—raised by **Dr. Asish Banerjee** alleged non-existence of Third-party insurance of the Vehicles of Home (police) Department. / P-239

—raised by **Dr. Asish Banerjee, Shri Jyotipriya Mallik, Shri Kallol Khan, Shri Kashinath Mishra** and **Shri Saugata Roy** regarding reported suicide by a Potato farmer at Chndrakana West Midnapore. / P-889.

—raised by **Dr. Asish Banerjee** regarding Syllabus of Bengali in degree course of Burdwan University. / P-1001

—raised by **Shri Asit Mitra, Shri Saugata Roy** and **Shri Abdul Mannan** reported proposal for inereasing bus fare in the State. / P-21

—raised by **Shri Asit Mitra** alleged arrest of a driver of Howrah based L-Bus on fake case. / P-114

—raised by **Shri Asit Kumr Mal** and **Shri Ashok Kumar Deb** reported assault on the Doctors at National Medical College, Kolkata. / P-114

—raised by **Shri Asit Kumar Mal** Crisis at Ahmedpur Sugar Mill in Birbhum. / P-240

—raised by **Shri Asit Kumar Mal, Shri Abdul Mannan** and **Shri Nirmal Das** regarding Devastating fire as Capital Electronies, Ultadanga. / P-889

—raised by **Shri Asit Kumar Mal** and **Shri Ashok Kumar Deb** regarding Devastating fire at Capital Electronics, Ultadanga. / P-1001

—raised by **Shri Jatu Lahiri** alleged non-supply of Drinking Water from Padmapukur Water Treatment Plant in several words under Shibpur Assembly Constituency. / P-21

—raised by **Shri Kashinath Mishra** and **Shri Manturam Pakhira** regarding allegation of the casual Health Workers of different Panchayats in Bankura. / P-21

—by Mr. Speaker / PP-113-114

—raised by **Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira** and **Shri Saugata Roy** regarding Death of forty thousand People from Tuberculesis in the State. / P-114

—raised by **Shri Kashinath Mishra** and **Shri Manturam Pakhira** regarding Physical assult on Arnab Dey by the Policemen at Serampore. / P-1001

—raised by **Shri Pundrikakshya Saha, Shri Kollol Khan** and **Shri Jyotipriya Mallik** reported missing of Chimu Sardar, one of the culprits of Dhantala incident from Police Custody. / P-114

—by **Shri Probodh Chandra Sinha** / P-114

—by **Mr. Speaker** / PP-239-240

—raised by **Shri Manik Upadhayay, Shri Nirbed Roy, Shri Tamonash Ghosh** and **Shri Paresh Dutta** regarding alleged eviction of thousands of People by I. C.M.L. authority under Barabani P.S. Burdwan. / P-889

—raised by **Shri Nirmal Das** and **Shri Jane Alam Mian** deplorable condition of the Workers of the Closed Tea Gardens in Terai, Dooars and Darjeeling / P-240

—raised by **Shri Nirmal Das** regarding Training Camp of U.L.F.A. and K.L.O. in the border area of Bhutan Causing anxiety to the People of the State. / P-1001

—raised by **Shri Tapan Hore** recent Tripartite Meeting regarding Sick Tea Gardens at Terai and Dooars region. / P-240

—raised by **Smt. Sarmistha Dutta** non-transfer of land of some Mouzas under Amdanga Assembly Constituency from Rural Land Ceiling to urban Land Ceiling. / P-240

—raised by **Shri Sobhandeb Chattopadhyay** regarding arrangement of Potato Preservation in the State. / P-1001

—raised by **Smt. Sonali Guha, Shri Jyotipriya Mallik, Shri Kollol Khan, Shri Pundarikakshya Saha** and **Shri Kashinath Mishra** abduction of one Sourish Singha Roychoudhury, a student of Barasat Evening College on 20.01.2000. / P-239

—by the **Mr. Speaker** /PP-889-890

—raised by **Shri Tapan Hore** regarding Tripertite Meeting on 26.02.2003 at Siliguri regarding Sick Tea Gardens. / P-890

—by the **Mr. Speaker** / P-1001

—by the **Mr. Speaker** / PP-1012-1013

CALLING ATTENTION (STATEMENT)

—raised by **Shri Abdur Razzak Molla** regarding nontransfer of Land of some Mouzas under Amdanga Assembly Constituency from Rural Land Ceiling to urban Land Ceiling. / P-1002

—raised by **Hafiz Alam Sairani** regarding Death of forty thousand People from Tuberculosis in the State. / PP-114-119

—raised by **Shri Subhas Chakrabory** reported proposal for increasing Bus fare in the State. / PP-119-136

—(Attention called by **Shri Gayan Singh Sohanpal** on the 12th March, 2003). / PP-24-29

—(Attention called by **Shri Jyotipriya Mallik, Shri Ashoke Kumar Deb, Shri Kallol Khan, Shri Arunava Ghosh, Shri Kalyan Banerjee, Shri Kashinath Mishra, Shri Pundarikaksha Saha).** / PP-29-31

—raised by **Shri Pundarikakshya Saha** and **Shri Kallol Khan.** /P-21-24

—by the **Mr. Speaker.** / PP-114-136

—calling attention statement on the subject of Death of forty thousand People from Tuberculosis in the State (Attention called Jointly by **Shri Kashinath Mishra** and **Shri Manturam Pakhira** and seperately by **Shri Saugata Roy** /P-890-893

—by the **Mr. Speaker.** / PP-890-893

—by the **Mr. Speaker.** / PP-1002-1003

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR SUPPLEMENTARY GRANTS OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2002-2003

—শ্রী পংকজ ব্যানার্জী / PP-941-944

DISCUSSION AND DEMAND FOR SUPPLEMENTARY GRANTS

DEMAND NO. 4, 6, 21, 25 & 26

Related to Administration of Justice, collection of Taxes. Income and Expenditure. Police, Public Works other Administrative Services. / P-945

DEMAND NO. 28, 34, 35 & 36

Related to Pensions and other Retirement Benefits Family Welfare—Loans for Family Welfare, capital outlay on water and sanitation Excluding Prevention of Air and Water Pollution, Housing, / P-946

DEMAND NO. 37, 42, 43, 46& 54

Related to capital outlay on Urban Development, Social Security and Welfare, Nutrition—other Social Services capital outlay on Food Storage and Warehousing (Excluding Public Works)/P-947

DEMAND NO. 60, 61, 65, 69 & 79

Related to Rural Employment, Land Reforms, other special areas. programme, Roads and Bridges. / P-948

DEMAND NO. 80, 86, 89 & 95

Relted to Road Transport, Civil Supplies, Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution), Loand for consumer Industries (Excluding Public undertakings and closed and sick Industries and Food and Beverages) / P-949

DISCUSSION AND DEMAND FOR SUPPLEMENTARY GRANTS

DEMAND NO. 96

Related to Loans for other Industries and Minerals (Excluding closed and Sick Industries) / PP-950-966

Related to DEMAND NO. 4, 6, 21, 25, 26, 28, 34, 35, 36, 37, 42, 43, 46, 54, 60, 61, 65, 69, 79, 80, 86, 89, 95 & 96 / PP-967-976

GENERAL DISCUSSION ON BUDGET

—Shri Abu Ayes Mondal / PP-145-149

—Shri Abu Hasem Khan Chowdhury / PP-55-58

—Shri Abu Hena / PP-294-297

—Shri Ajit Bhunia / PP-279-282

—Shri Ananda Gopal Das / PP-191-193
—Shri Ashok Kumar Deb / PP-195-199
—Shri Asim Kumar Dasgupta / PP-310-326
—Dr. Asish Banerjee / PP-287-289
—Shri Asit Mal / PP-157-160
—Shri Asit Mitra / PP-259-263
—Shri Arunava Ghosh / PP-60-63
—Shri Bhabani Sankar Hatial / PP-176-178
—Shri Brahmamoy Nanda / PP-180-181
—Shri Chittaranjan Dasthakur / PP-169-172
—Shri Choudhury Mohan Jatua / PP-186-189
—Shri Deba Prosad Sarkar / PP-302-305
—Shri Debesh Das / PP-73-75
—Shri Gobinda Chandra Naskar / PP-172-176
—Shri Gobinda Roy / PP-154-157
—Shri Jane Alam Mian / PP-58-60
—Shri Jatu Lahiri / PP-49-55
—Shri Jyotirmoy Kar / PP-165-169
—Shri Kashnath Mishra / PP-83-86
—Shri Monoranjan Patra / PP-67-69
—Shri Manturam Pakhira / PP-181-184
—Shri Mustaq Alam / PP-77-81
—Shri Mustafa Bin Quasem / PP-43-49
—Shri Nikhil Mukherjee / PP-263-269
—Shri Nirmal Das / PP-272-277
—Shri Nirbed Roy / PP-149-154
—Shri Nirmal Ghosh / PP-69-73
—Shrimati Nirupama Chatterjee / PP-184-186
—Shri Nripendra Nath Roy / PP-305-306
—Shri Paban Kumar Lakra / PP-178-180
—Shri Pankaj Banerjee / PP-33-43
—Shri Pankaj Benerjee / PP-83-86
—Shri Parash Dutta / PP-269-272
—Shri Parashnath Dutta / PP-289-291

—Shri Partha Chatterjee / PP-297-302
—Shri Purnendu Sengupta / PP-63-65
—Shri Rampada Samanta / PP-293-294
—Shri Sailendra Nath Mondal / PP-284-287
—Shri Samar Hazra / PP-82-83
—Shri Saugata Roy / PP-138-145
—Shrimati Shanta Chhetri / PP-65-67
—Shri Sisir Adhikari / PP-291-293
—Shri Sk. Illias Mohammad / PP-282-284
—Shri Sobhandeb Chattopadhyay / PP-306-310
—Shri Sudhan Raha / PP-193-195
—Shri Susil Biswas / PP-75-77
—Shri Sekh Majed Ali / P-81-82
—Shri Tapan Hore / PP-160-165
—Shri Tarapada Chakraborty / PP-189-191
—Shri Tarak Banerjee / PP-277-279
—by Mr. Speaker / P-326

LAYING OF REPORT

Second Annual Report along with Audited Accounts of the West Bengal National University of Juridical Sciences, Kolkata for the year 2001-2002

—Shri Nisith Adhikary / P-31

41st Annual Report of the Durgapur Projects Limited for the year 2001-2002

—Shri Mrinal Banerjee / P-1013

26th Annual Report and Accounts of West Bengal Pharmaceutical and Phtochemical Development Corporation Limited for the year 1999-2000 / PP-240

Audit Report and Annual Accounts of the Webel Informatics Limited for the year 2001-2002 / P-241

Audited Annual Report of Webel Technology Limited for the year 2001-2002 / P-241

Audited Annual Report of Webel Mediatronics for the year 2001-2002 / P-241

Report of the Business Advisory Committee

—by Mr. Speaker / PP-241-242

LAYING OF RULES

Amendment to the West Bengal persons with Disabilities (Equal Opportunities, Protection of Right and Full—participation) Rules, 1999

—Shri Prabodh Chandra Sinha / P-895

LEGISLATION

The West Bengal Value Added Tax Bill, 2003

—by Dr. Asim Kumar Dasgupta / PP-909-939

LAYING OF ACCOUNTS

Accounts of the Comptroller and Auditor General of India (a) Finance Accounts for 2001-2002 (b) Appropriation Accounts for 2001-2002

—by Dr. Asim Kumar Dasgupta / P-1013

(Business remaining from 29.03.2003) /PP-1013-1113

The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of pay and Allowance) Bill, 2003

—by Dr. Asim Kumar Dasgupta / PP-1013-1014

—শ্রী অসিত মিত্র / PP-1020-1022

—শ্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত / PP-1026-1034

—শ্রী অরুণাভ ঘোষ / PP-1022-1026

—শ্রী আশুতোষ মুখোপাধ্যায় / PP-1018-1020

—শ্রী কল্যাণ ব্যানার্জী / PP-1014-1018

The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003

—by Dr. Asim Kumar Dasgupta / PP-1035-1036

The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2003

—by Shri Upen Kisku / PP-1036-1051

—শ্রী সৌগত রায় / PP-1036-1037

—শ্রী কাশীনাথ মিশ্র / P-1037

—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / PP-1037-1040

—শ্রী সাধু টুডু / PP-1040-1041

—শ্রী তপন হোড় / PP-1041-1043

—শ্রী চৌধুরী মোহন জাটুয়া / PP-1043-1044

—শ্রীমতী সাবিত্রী মিত্র / PP-1044-1046
—শ্রী কিরীটি বাগদি / PP-1046-1047
—শ্রী তন্ময় মণ্ডল / PP-1047-1048
—শ্রী উপেন কিস্কু / PP-1048-1051

The West Bengal Public Libraries (Amendment) Bill, 2003
—by Shri Nimai Mal / PP-1052-1058
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-1052-1053
—শ্রী দীপক বেরা / PP-1053-1055
—শ্রী অসিত মিত্র / PP-1055-1056
—শ্রী নিমাই মাল / PP-1056-1058

The Electricity Regulatory Commissions (West Bengal Amendment) Bill, 2003
—by Shri Mrinal Banerjee / PP-1059-1097
—শ্রী তাপস রায় / PP-1059-1062
—শ্রী রবীন দেব / PP-1062-1065
—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP-1065-1068
—শ্রী মেহবুব মণ্ডল / PP-1068-1069
—শ্রী কল্যাণ ব্যানার্জী / PP-1069-1073
—শ্রী তপন হোড় / PP-1073-1074
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-1074-1077
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-1077
—শ্রী সৌগত রায় / PP-1078-1081
—শ্রী মৃণাল ব্যানার্জী / PP-1082-1097

MENTION CASE
PP-895-907 / PP-242-254
রাজ্যে চরম অর্থ সংকট
—শ্রী অজয় দে / P-246
ঘাটাল এলাকায় খরা মরসুমে জলের ব্যবস্থা
—শ্রী অজিত ভূঁইঞা / P-247
সমস্ত মর্গে বসার এবং পানীয় জলের ব্যবস্থা
—শ্রী অশোক দেব / P-901
রাজ্যে প্রত্যেকটি হাসপাতালে ওষুধ সরবরাহ
—শ্রী অসিত মাল / P-246

ইরাকে খাদ্যসামগ্রী এবং চিকিৎসার সুব্যবস্থা
—শ্রী অসিত মাল / PP-895-896
ত্রাণের ব্যবস্থা
—শ্রীমতী অসীমা চৌধুরী / P-903
ভোটার লিস্টে কারচুপি
—ডঃ আশিস ব্যানার্জী / P-243
সমবায় কর্মচারীদের চাকুরির নিরাপত্তা এবং বেতন নির্ধারণ
—ডঃ আশীষ ব্যানার্জী / P-897
দিল্লি রোড এবং জি.টি রোড সারাবার ব্যবস্থা
—শ্রী আব্দুল মান্নান / P-245
বন্ধ ডানলপ কারখানা খোলার ব্যবস্থার
—শ্রী আব্দুল মান্নান / P-902
কুকুরের কামড়ানো ইনজেকশানের ব্যবস্থা
—শ্রী ঈদ মহম্মদ / P-897
বেত্রাবতী, ওদলা ও ইছামতী নদীর সংস্কার
—শ্রী কমলাক্ষী বিশ্বাস / PP-246-247
বাগদা বিধানসভা কেন্দ্রে ডিগ্রি কলেজ স্থাপন
—শ্রী কমলাক্ষী বিশ্বাস / P-899
খাজনা এবং রাজস্ব আদায়ের জন্য প্রতিকার
—শ্রী কাশীনাথ মিশ্র / P-244
অবিলম্বে সিভিল স্টাফ দেবার ব্যবস্থা
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-899-900
গোডাউন-কাম-সেল্‌স কাউন্টার নির্মাণের জন্য লোন
—শ্রী কালীপদ মণ্ডল / P-243-244
শ্যামপুর বিধানসভা কেন্দ্রের জালনাবাজ খালটির সংস্কারের ব্যবস্থা
—শ্রী কালীপদ মণ্ডল / P-899
ত্রাণ বিলি বণ্টনের ব্যবস্থা
—শ্রী কিরীটি বাগদী / P-899
উত্তরবঙ্গে চা-বাগান খোলার ব্যবস্থা
—শ্রীমতী কুমারী কুজুর / P-250
স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা
—শ্রী গোবিন্দ রায় / PP-245-246
স্বাস্থ্য কর্মীদের রেজিস্ট্রেশন এবং নথিভুক্তকরণ
—শ্রী গোবিন্দ রায় / PP-896-897

সন্ত্রাস সৃষ্টির চেষ্টা
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-248
চিকিৎসকদের থাকার ব্যবস্থা
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / PP-904-905
সরকারি বাস টার্মিনাসে বেসরকারি বাস ঢুকিয়ে না দেওয়ার ব্যবস্থা
—শ্রী গুরুপদ দত্ত / PP-906-907
বন্ধ চা-বাগান খোলার ব্যবস্থা
—শ্রী জানে আলম মিঞা / P-243
রসুলপুর এলাকায় রাস্তা সারানোর ব্যবস্থা
—শ্রী নন্দদুলার মাঝি / PP-903-904
রাজ্যে চা-শ্রমিক ও কর্মচারীদের সঙ্কট
—শ্রী নির্মল দাস / PP-250-251
খাজনা এবং রাজস্ব আদায় বন্ধের ব্যবস্থা
—শ্রী নিত্যানন্দ বেরা / P-244
হলদিয়া মহকুমা হাসপাতালে মর্গ চালু করা
—শ্রী নিত্যানন্দ বেরা / P-896
চা-শ্রমিকদের ধর্মঘট
—শ্রী তপন হোড় / PP-244-245
—শ্রী তপন হোড় / P-906
শিশু শিক্ষাকেন্দ্রে পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা
—শ্রীমতী তপতী দত্ত / PP-898-899
বিদ্যুৎ সরবরাহ
—শ্রী তন্ময় মণ্ডল / P-904
তারকেশ্বর, কাটোয়া এলাকায় সরকারি পরিবহন বাস চলার ব্যবস্থা
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-249
পুলিশের সাহায্যে আন-অথরাইজড এনক্রোচমেন্ট সরানোর ব্যবস্থা
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / PP-905-906
সমবায় ঋণ এবং সুদ মুকুব করার ব্যবস্থা
—শ্রী তারাপদ চক্রবর্তী / PP-248-249
ধর্ষণের অভিযোগ
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-896
পেঁয়াজ সংরক্ষণ
—শ্রী দিবাকান্ত রাউত / P-252

সেচকর
—শ্রী পরেশনাথ দাস / PP-252-253
কেন্দ্রীয় সরকারি প্রতিষ্ঠানকে লুপ্ত করার চক্রান্ত
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-248
অবিলম্বে কাঁসাই নদীতে স্নানের ঘাট নির্মাণ
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-900
জল নিকাশীর ব্যবস্থা
—শ্রী বাঁশরীমোহন কাঞ্জি / P-252
সন্ত্রাস দমন
—শ্রী বিশ্বনাথ মণ্ডল / PP-253-254
মাতঙ্গিনী সেতুর মেরামতের ব্যবস্থা
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP-249-250
পশ্চিমবঙ্গে স্পোর্টস ইউনিভার্সিটি স্থাপন
—শ্রী বহ্মময় নন্দ / P-905
বে-আইনি চোলাই মদের ভাটি ভেঙ্গে দেওয়ার ব্যবস্থা
—শ্রী ভূতনাথ সোরেন / P-251
সাঁওতালিদের জন্য অলচিকির মাধ্যমে পঠন-পাঠনের ব্যবস্থা
—শ্রী ভূতনাথ সোরেন / P-901
সন্ত্রাসসৃষ্টির মোকাবিলা
—শ্রী ভক্তরাম পান / P-898
দূষণ নিয়ন্ত্রণ
—শ্রীমতী মঞ্জু বসু / PP-247-248
বৈদ্যুতিক চুল্লী স্থাপনের ব্যবস্থা
—শ্রীমতী মঞ্জু বসু / PP-900-901
কুলটি এলাকাতে পানীয় জলের সঙ্কট
—শ্রী মাণিকলাল আচার্য / PP-242-243
ভগবানগোলা এলাকায় সুষ্ঠু পরিবেশ স্থাপন
—শ্রী মুজিবর রহমান / P-906
অস্থায়ীভাবে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ
—শ্রী রতন দাস / P-247
লাভজনক দামে বাজারে আলু বিক্রি
—শ্রী রতন পাখিরা / P-252
মেদিনীপুরে কৃষি কলেজ স্থাপন
—শ্রী রামপদ সামন্ত / P-904

হলদী নদীর ভাঙন রোধ
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-246
প্রাথমিক শিক্ষকদের সময়মতো বেতনের ব্যবস্থা
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-249
আলু চাষীদের সুব্যবস্থা
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-903
ক্ষুদ্র চাষীদের প্রিমিয়াম কমানো
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-901
জামালপুর বিধানসভায় আর এম.সি. খোলার ব্যবস্থা
—শ্রী সমর হাজরা / P-895
নিউ সেন্ট্রাল জুট মিল খোলার উদ্যোগ
—শ্রীমতী সোনালী গুহ / PP-897-898
ভাড়া বৃদ্ধি
—শ্রী সৌগত রায় / P-253
নিউমোনিয়া ভাইরাস
—শ্রী সৌগত রায় / P-902

MOTION

—Moved for acceptance of the 36th Report of the Business Advisory Committee / P-1008
Motion for vote on Account (Annexure-1)
—by Dr. Asim Kumar Dasgupta / PP-327-339
Demand No. 1, 3, 4, 5,—56
Motion for vote on account of Government Business
—Budget of the Government of West Bengal for 2003-2004. (Demand wise. Annexure–II) / PP-340-359
Demand for Grants against Demand No. 1
—relates to State Legislature Department / PP-340-343
Demand for Grants against Demand No. 3
—relates to council of Ministers / PP-343-344
Demand for Grants against Demand No. 4
—relates to Relief on account of Natural Calamities, Food, shortage & Ware Housing other Agricultural Programmes and Capital outlay on other Agricultural Programmes. / PP-344-355

Demand for Grants against Demand No. 5

—relates to Social Security and Welfare, Nutrition Relief on account of Natural Calamities, Crop Husbandry, Soil and Water Conservation / PP-355-398

Demand for Grants against Demand No. 6

—relates to Relief on account of Natural Calamities , Animal Husbandry, Dairy Development Agricultural Research and Education, other Rural Development Programmes, Hill areas and Secretarial Economic Services—4403 & capital outlay on Dairy Development / P-398

Demand for Grants against Demand No. 7

—relates to Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes, Social services and Capital on outlay Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes / PP-399-408

Demand for Grants against Demand No. 8

—relates to Housing other Social Services, Crop Husbandry, Dairy Development, Co-operation, other Rural Development/PP-408-417

Demand for Grants against Demand No. 9

—related to Stationery and Printing, Hill Areas, Industries, Non-ferrous Mining and Metallurgical Industries / PP-417-439

Demand for Grants against Demand No. 10

—related to General Services, Civil Supplies and other General Economic Services / PP-440-445

Demand for Grants against Demand No. 11

—related to Crop Husbandry, Village and Small Industries, Economic Services, Capital outlay on Village and Small Industries Loans for Village and Small Industries and Loans for Consumer Industries / PP-445-460

Demand for Grants against Demand No. 12

—related to Soil and Water Conservation, Rural Employment, other Special Areas Programmes / PP-460-465

Demand for Grants against Demand No. 13

—related to General Education, Technical Education, Sports and Youth Services, Art, and Culture / PP-465-474

Demand for Grants against Demand No. 14

—related to General Education, Art and Culture, Social Security and Welfare, Social Services other Rural Development/PP-474-484

Demand for Grants against Demand No. 15

—related to General Education, Sports and Youth Services, Relief on Account of Natural Calamities / PP-484-498

Demand for Grants against Demand No. 16

—related to Water Supply and Sanitation, Social Services, other Scientific Research and Ecology and Environment / P-499

Demand for Grants against Demand No. 17

—related to State Excise and General Services / PP-499-503

Demand for Grants against Demand No. 18

—related to Administration of Justice, Collection of Taxes on Income and Expenditure, Land Revenue, Stamps and Registration / PP-503-504

Demand for Grants against Demand No. 19

—related to General Services, other Administrative Services and Capital outlay on other Administrative Services / PP-504-512

Demand for Grants against Demand No. 20

—related to Social Security and Welfare, relief on account of Natural Calamities, Fisheries, Agricultnal Research and Education / PP-513-515

Demand for Grants against Demand No. 21

—related General Services, Social Security and Welfare, Food , Storage and Warehousing / PP-515-528

Demand for Grants against Demand No. 22

—related to Crop Husbandry, Industries, Economic Services, Capital outlay Crop Husbandry / PP-528-538

Demand for Grants against Demand No. 23

—related to relief on account of Natural Calamities, Soil and Water Conservation, Forestry and wildlife / PP-538-543

Demand for Grants against Demand No. 24

—related to Medical and Public Health, Family Welfare, Nutrition, Relief and Account of Natural Calamities other Social Services / PP-543-568

Demand for Grants against Demand No. 25

—related to General Services, Public Works, Art and Culture, Housing. relief on account to Natural Calamities / PP-569-593

Demand for Grants against Demand No. 26

—related to Hill Areas and Economic Services / PP-594-597

Demand for Grants against Demand No. 27

—related to Elections, General Services, Police, other Administrative Service / PP-598-609

Demand for Grants against Demand No. 28

—related to Housing, Social Services, Industries, Capital outlay on Housing and Loans for Housing / PP-610-619

Demand for Grants against Demand No. 29

—related to Industries, Economic Services, Capital outlay on Consumer Industries / PP-619-622

Demand for Grants against Demand No. 30

—related to Art and Culture, Information and Publicity, other Social Services / PP-622-635

Demand for Grants against Demand No. 31

—related to Social Services and Capital outlay on other Administrative Services / PP-636-673

Demand for Grants against Demand No. 36

—related to Land Revenue, Interest Payments, General Services, District Administration / PP-719-724

Demand for Grants against Demand No. 38

—related to General Services, General Education, Social Seceurity and Welfare / PP-724-729

Demand for Grants against Demand No. 39

—related to General Services, Family Welfare, Water Supply and Sanitation, Urban Development / PP-730-743

Demand for Grants against Demand No. 40

—related to Urban Development, Social Security and Welfare, Relief on accounts of Natural Calamities / PP-744-751

Demand for Grants against Demand No. 32

—related to Relief on account of Natural Calamities, other Social Services, Hill Areas, 2701-Major and medium Irrigation etc. and 4711-capital layout on Flood Control Projects / PP-674-695

Demand for Grants against Demand No. 33

—related to General Services and 2056 Jails / PP-696-701

Demand for Grants against Demand No. 34

—related to Administration of Justice, Land Revenue, General Services, other Administrative Services, Social Security and Welfare and 3454 census, surveys on statistics / PP-701-707

Demand for Grants against Demand No. 35

—related to Administrative of Justice, Medical and Public Health, Housing Labour and Employment / PP-707-718

Demand for Grants against Demand No. 42

—related to General services, other Administrative Services and Capital outlay on Housing./ PP-751-755

Demand for Grants against Demand No. 43

—related to other Taxes and Duties on Commodities and Services, Power, Non-conventional Sources of Energy / PP-755-765

Demand for Grants against Demand No. 44

—related to Industries, Economic Services, Capital outlay on other Transport Services / PP-765-770

Demand for Grants against Demand No. 45

—related to Water Supply and Sanitation, Relief on Account of Natural Calamities / PP-770-781

Demand for Grants against Demand No. 46

—related to Social Security and Welfare, Social Services / PP-782-789

Demand for Grants against Demand No. 47

—related to Social Security and Welfare, Relief on accounts of Natural Calamities and Social Services / PP-790-794

Demand for Grants against Demand No. 48

—related to other Special Areas Programmes, other Scientific Research and Economic Services / PP-794-800

Demand for Grants against Demand No. 49

—related to Sports and Youth Services and Social Services / PP-801-807

Demand for Grants against Demand No. 50

—related to other Special Areas Programmes and Capital outlay other Special Areas Programmes / PP-807-811

Demand for Grants against Demand No. 51

—related to Technical Education, Labour and Employment, Social Services and Capital outlay on other Social Services / PP-811-816

Demand for Grants against Demand No. 52

—related to other Social Services, Hill Areas, Economic Services, Tourism and Capital outlay on Tourism / PP-816-820

Demand for Grants against Demand No. 53

—related to Taxes on Vehicles, other Administrative Services, Social Security and Welfare / PP-820-828

Demand for Grants against Demand No. 54

—related to other Administrative Services, Water Supply and Sanitation, Housing, Urban Development, Hill Areas / PP-828-839

Demand for Grants against Demand No. 55

—related to Relief on account of Natural Calamities, Hill Areas, Minor Irrigation, Command Area Development / PP-840-853

Demand for Grants against Demand No. 56

—related to Social Security and Welfare, Nutrition, other Social Services / PP-853-859

MOTIONS UNDER RULE 296 / PP-894-895

OBITUARY REFERENCE

—by Mr. Deputy Speaker / PP-1009-1010

POINT OF INFORMATION

—by Shri Rabin Deb / PP-31-33

মার্কিন সাম্রাজ্যবাদ এবং ব্রিটিশ সাম্রাজ্যবাদের তরফ থেকে জাতীয় সংঘের সমস্ত নিয়ম-কানুন লঙ্ঘন করে ইরাকের উপর বর্বরোচিত আক্রমণের বিরুদ্ধে প্রতিবাদ

—শ্রী রবীন দেব / PP-1011-1012

মার্কিন সাম্রাজ্যবাদ এবং ব্রিটিশ সাম্রাজ্যবাদের তরফ থেকে জাতীয় সংঘের সমস্ত নিয়ম-কানুন লঙ্ঘন করে ইরাকের উপর বর্বরোচিত আক্রমণের বিরুদ্ধে প্রতিবাদ

—শ্রী রবীন দেব / PP-1011-1012

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-1013

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Sixty-second report of the Committee on Public undertakings (2002-2003)

—by Shri Ranjit Kundu / P-31

Presentation of the Supplementary Estimate for the year 2002-2003

—Dr. Asim Kumar Dasgupta / P-31

Presentation of the Thirty-Fourth report of the Business Advisory Committee

—by Mr. Speaker / P-940

Presentation of Committee reports (Public Account) 2002-2003

Presentation of the 11th, 12th & 13th Reports of the Committee on Public Accounts

—by Shri Saugata Roy / PP-893-894

The third Report of the Committee on the Affairs of Women and Children

—by Smt. Sadhana Mallick / P-1013

STARRED QUESTIONS

নজরুল রচনাবলী (Q)

—শ্রী অজয় দে / P-883

উচ্ছেদ হওয়া বেকারের সংখ্যা (Q)

—শ্রী অসিত মিত্র / P-866

ডাক্তার বদলী (Q)

—শ্রী অসিত মিত্র / PP-220-221

বি. পি. এল. কার্ড বণ্টন (Q)

—শ্রী আবদুল মান্নান / PP-989-992

"ফাউলোই" স্কিমে সাহায্যপ্রাপ্ত শ্রমিকের সংখ্যা (Q)

—শ্রী আবদুল মান্নান / PP-87-92

রামপুরহাট সেনের বাঁধে মৎস্য প্রকল্পের উন্নতিসাধন (Q)

—ডঃ আশীষ ব্যানার্জী / P-998

সাঁওতালি ভাষার শিক্ষা (Q)

—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-987-988

নিম্নবিত্তদের জন্য আবাসন প্রকল্প (Q)

—শ্রী আবুআয়েশ মণ্ডল / P-878

প্রতিবন্ধীদের জন্য কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান (Q)

—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-8-14

ডানলপ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Q)
—শ্রী আশুতোষ মুখোপাধ্যায় / P-221
পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম কর্তৃক : প্রদর্শিত কাহিনীচিত্র (Q)
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-225-226
কেন্দ্রীয় সরকার পরিচালনাধীন বন্ধ কারখানার সংখ্যা (Q)
—শ্রী ইউনুস সরকার / P-108
চন্দননগর কলেজে কমপিউটার সায়েন্স (Q)
—শ্রী কমল মুখার্জী / P-17
চিংড়ি রপ্তানী করে বৈদেশিক মুদ্রা অর্জন (Q)
—শ্রী কমল মুখার্জী / P-994
হোমগার্ডদের থেকে পুলিশ কনস্টেবল নিয়োগ (Q)
—শ্রী কমল মুখার্জী / P-877
রাজ্য ক্রীড়া পর্ষদ (Q)
—শ্রী কমল মুখার্জী / P-227
হুগলি জেলায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় (Q)
—শ্রী কমল মুখার্জী / P-226
চন্দননগর মহকুমা সংশোধনাগারটির সংস্কারসাধন (Q)
—শ্রী কমল মুখার্জী / P-227
বিনামূল্যে ওষুধ সরবরাহ (Q)
—শ্রী কমল মুখার্জী / PP-209-215
৬০ নং জাতীয় সড়কের বেহাল অবস্থা (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / P-998
সীমান্তে সন্ত্রাস বন্ধে আলাদা সংস্থা গঠন (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / P-886
বাঁকুড়া আদালত (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / P-234
আলু প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / P-109
বনবিবি উৎসব (Q)
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-233
সুন্দরবন এলাকার বিধায়ক প্রকল্প (Q)
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-233

রাজ্যে নারী ধর্ষণ, হত্যা ও নির্যাতনের সংখ্যা (Q)
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-885
রাজ্যের আরও কয়েকটি জেলা বিভাজনের প্রস্তাব (Q)
—শ্রী চিত্তরঞ্জন রায় ও শ্রীমতী সাবিত্রী মিত্র / P-238
বসুমতী পত্রিকার দৈনিক প্রচার সংখ্যা (Q)
—শ্রী জটু লাহিড়ী / P-230
রামরাজাতলায় উড়ালপুল (Q)
—শ্রী জটু লাহিড়ী / P-997
সংশোধনাগারে শৌচালয় নির্মাণ (Q)
—শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ / P-108
শহর ও শহরতলিতে কিন্ডার গার্ডেন স্কুল (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / P-19
মেডিক্যাল কলেজে ছাত্র হত্যা (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-882-883
জেলা পরিষদকে ত্রাণ দপ্তর কর্তৃক বরাদ্দ অর্থ (Q)
—শ্রী জ্যোতির্ময় কর / PP-110-111
জেলে আসামীদের খাদ্য সরবরাহ (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-104-105
নতুন শিল্প স্থাপন (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক এবং শ্রী অরুণাভ ঘোষ / PP-218-219
বে-আইনি ইটভাটা উচ্ছেদ (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-996-997
ভ্রাম্যমাণ মাটি পরীক্ষা (Q)
—শ্রী নন্দদুলাল মাঝি / PP-105-107
বিষ্ণুপুর পর্যটন কেন্দ্র (Q)
—শ্রী নন্দদুলাল মাঝি / PP-219-220
গ্রামীণ জনসাধারণকে প্রাণী সম্পদ ব্যবহারে স্বনির্ভরকরণ (Q)
—শ্রী নন্দদুলাল মাঝি / PP-231-232
হাতির উপদ্রবে ফসলের ক্ষয়ক্ষতির পরিমাণ (Q)
—শ্রী নন্দদুলাল মাঝি / P-883

দ্বারকেশ্বর নদীর উপর সেতু (Q)
—শ্রী নন্দদুলাল মাঝি / P 996
বন্য হাতির উপদ্রবে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ (Q)
—শ্রী গোপাল মাহাত/ P-996
নদীগর্ভে জমি (Q)
—শ্রী নৃপেন গায়েন / P-222
ছাত্রছাত্রীদের মাধ্যমে চারাগাছ রোপণ (Q)
—শ্রী নৃপেন গায়েন / PP-234-235
সরকারি কম্পিউটার শিক্ষণ কেন্দ্র (Q)
—শ্রী নির্মল ঘোষ / P-229
পানিহাটিতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কলেজ (Q)
—শ্রী নির্মল ঘোষ / PP-229-230
পরিবেশ দূষণ (Q)
—শ্রী নির্মল ঘোষ / PP-878-882
সরকারি চাকুরিতে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি (Q)
—শ্রী নির্মল ঘোষ/ PP-995-996
স্কুল শিক্ষা কমিটির প্রতিবেদন (Q)
—শ্রী তপন হোড় / P-16
দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যদ্রব্য উৎপাদনে বেসরকারি লগ্নি (Q)
—শ্রী তপন হোড় / PP-82-100
বানতলা লেদার কমপ্লেক্স (Q)
—শ্রী তপন হোড় / PP-205-209
বোতলে নিম্নমানের 'পানীয় জল' (Q)
—শ্রী তপন হোড় / P-225
মিউনিসিপ্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট অ্যাক্ট (Q)
—শ্রী তপন হোড় / PP-873-877
গ্রামীণ বিদ্যুতায়ন (Q)
—শ্রী তপন হোড় / PP-992-993
আলিপুর চিড়িয়াখানাকে সরকারি অনুদান (Q)
—শ্রী তমোনাশ ঘোষ / P-885
ঝামরাজাতলায় উড়ালপুল (Q)
—শ্রী তমোনাশ ঘোষ / P-999

প্রাণীসম্পদ উন্নয়নে গৃহীত প্রকল্প (Q)
—শ্রী দীপককুমার ঘোষ / PP-109-110
STARRED QUESTIONS (to which oral Answer were given)
বড়বাজার অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবার (Q)
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-1-7
গ্রেট ইস্টার্ন হোটেল (Q)
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-201-205
নতুন জলকরের হার (Q)
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-861-866
বিদ্যুতের মাশুল বৃদ্ধি (Q)
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-977-986
সদর স্ট্রিটে রবীন্দ্র স্মৃতি বিজড়িত বাড়ি অধিগ্রহণ (Q)
—শ্রী ধনঞ্জয় মোদক / P-237
ওভার লোড রোধে ব্যবস্থা (Q)
—শ্রী পংকজ ঘোষ / PP-16-17
জম্মুদ্বীপে মৎস্যজীবীদের প্রবেশে নিষেধাজ্ঞা (Q)
—শ্রী পংকজ ব্যানার্জী / P-999
বালিগঞ্জ লেকের মাঠ ব্যবহারে অর্থের দাবি (Q)
—শ্রী পংকজ ব্যানার্জী / P-884
অগ্নিনির্বাপণ বিভাগের অনুমতি (Q)
—শ্রী পংকজ ব্যানার্জী / P-19
ব্লকে যুব উৎসব (Q)
—শ্রী পরেশনাথ দাস / P-18
উত্তরবঙ্গে দ্বিতীয় বিশ্ববিদ্যালয় (Q)
—শ্রী প্রমথনাথ রায় / P-237
কাকদ্বীপে অগ্নিনির্বাপণ কেন্দ্র (Q)
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-235
সুন্দরবনকে পৃথক জেলায় রূপান্তর (Q)
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-236
কাকদ্বীপ মহকুমায় অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা (Q)
—শ্রী মণ্টুরাম পাখিরা / PP-235-236
ঘাটাল মহকুমায় অগ্নিনির্বাপণ কেন্দ্র (Q)
—শ্রী রতন পাখিরা / P-237

অগ্নিকান্ড (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-17
মাসরুম চাষের প্রসার (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP-215-216
প্রাথমিক শিক্ষক শিক্ষিকাদের প্রশিক্ষণ কেন্দ্র (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP-227-228
বহুরূপী শিল্পকে বাঁচিয়ে রাখার পরিকল্পনা (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-228
ওয়ে সাইড ট্যুরিজিম প্রকল্প (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-228
মিনার্ভা থিয়েটার পুনর্নির্মাণ (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-882
অন্নদাশংকরের মূর্তি স্থাপনের পরিকল্পনা (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-994
পাটের সহায়ক মূল্য (Q)
—শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান / PP-100-102
STARRED QUESTIONS (to which Answer were given)
মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল (Q)
—শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান / PP-867-872
ডানলপ ব্রিজের নিচের রাস্তাটির সম্প্রসারণ (Q)
—শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান / P-993
বিদ্যুৎ চুরির অভিযোগে গৃহীত ব্যবস্থা (Q)
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-995
সরকারি অনুদান পরিচালিত ক্রেশের সংখ্যা (Q)
—শ্রী রামপদ সামন্ত / PP-103-104
ঠিকানাহীন মানসিক রোগমুক্তদের সংখ্যা (Q)
—শ্রী রামপদ সামন্ত / PP-217-218
বেসরকারি উদ্যোগে প্রাথমিক শিক্ষক-শিক্ষণ কেন্দ্র (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-229
বি. এল. আর. ও. অফিসে কমপিউটার (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-993
ইতিহাস বইয়ে ভুল (Q)
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-18

কলকাতা সহ রাজ্যে অগ্নিকান্ডে প্রাণহানি (Q)
—শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান / PP-14-16
নিয়ন্ত্রিত বাজার থেকে আদায়ীকৃত অর্থ (Q)
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-104
সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে নিহতের সংখ্যা (Q)
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-884
রাজ্যে সংশোধনাগারের সংখ্যা (Q)
—শ্রীমতী সোনালী গুহ / P-107
বিদ্যুৎবিহীন গ্রাম (Q)
—শ্রীমতী সোনালী গুহ / P-997
Budge Budge Stadium (Q)
—Shri Ashok Deb / P-236
B. P. L. List (Q)
—Shri Pankaj Banerjee / PP-221-222
Family Planning Clinics (Q)
—Shri Parash Dutta / P-230
Primary Teachers Training (Q)
—Shri Saugata Roy / PP-17-18
New Agriculture Policy (Q)
—Shri Saugata Roy / PP-102-103
Meeting with Business Delegation (Q)
—Shri Saugata Roy / PP-216-217
Export of Agricultural Commodities (Q)
—Shri Saugata Roy / PP-222-224
Fair Organised by the Co-operation Department (Q)
—Shri Saugata Roy / PP-994-995
The West Bengal Finance Bill, 2003
—by Dr. Asim Kumar Dasgupta / PP-1003-1004
The West Bengal Appropriation Bill, 2003
—by Dr. Asim Kumar Dasgupta / PP-1004-1005
The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2003
—by Dr. Asim Kumar Dasgupta / PP-1005-1006

The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher (Judicial) Service, Revision of pay and Allowance Bill, 2003

—by Dr. Asim Kumar Dasgupta / P-1006

Report of the Business Advisory Committee Thirty Sixth (36th) Report

—by Mr. Speaker / PP-1007-1008

The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 2003

—by Mr. Speaker / PP-1097-1113

—শ্রী সৌগত রায় / PP-1097-1100

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-1100-1103

—শ্রী কৃষ্ণকিশোর রায় / PP-1103-1104

—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP-1104-1105

—শ্রী কল্যাণ ব্যানার্জী / PP-1105-1108

—ডঃ অসীমকুমার দাশগুপ্ত / PP-1108-1112

—by Mr. Speaker / PP-1112-1113

ZERO HOUR /

PP-907-909, PP-136-138, PP-254-259

সুষ্ঠুভাবে পঞ্চায়েত নির্বাচন

—শ্রী অশোককুমার দেব / P-137

আসামী খুঁজতে মেয়ে ও ছেলে পুলিশ

—শ্রী অশোক দেব / P-256

সঠিক পদ্ধতিতে মিটিং চালনা

—শ্রী অশোক দেব / P-909

চা-শ্রমিকদের সমস্ত পাওনাগন্ডা বুঝে নেওয়া

—শ্রী আবুল হাসনাৎ / PP-255-256

বীরভূম জেলায় 'বাজেবুজুং' সমবায় কৃষি উন্নয়ন সমিতি থেকে বরখাস্ত

—ডঃ আশীষ ব্যানার্জী / P-255

ভারতীয় ক্রিকেটারদের ইডেনে সংবর্ধনা অনুষ্ঠান

—শ্রী অশোক ভট্টাচার্য / P-908

খ্রিস্টান কলেজের একশো (১০০) বছর পূর্ণ

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-256-257

রাজ্যে স্পোর্টস ইউনির্ভাসিটি গড়া

—শ্রী গুরুপদ দত্ত / P-908

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের পরিকাঠামোর উন্নয়ন

—শ্রী গোবিন্দ রায় / P-257

পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন কমিশন থেকে নির্বাচন সংক্রান্ত বই বিনামূল্যে বিধায়কদের দেওয়া
—শ্রী জানে আলম মিএগ / P-138
ইরাকের বিরুদ্ধে নিন্দাসূচক প্রস্তাব আনা
—শ্রী তপন হোড় / P-255
বাসভাড়া বৃদ্ধির প্রতিবাদে পুলিশের লাঠিচার্জ
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-908
শিল্পের বিকাশের প্রচেষ্টা
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-909
মেদিনীপুর এলাকায় সেতু বা ফুটব্রিজ নির্মাণের ব্যবস্থা
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-254
গাছ কাটা বন্ধ
—শ্রী বিমান চক্রবর্তী / PP-258-259
ভারতীয় দলকে শুভেচ্ছা বার্তা পাঠানোর ব্যবস্থা
—শ্রী রবীন দেব / P-907
পুলিশের কাজ করার ক্ষেত্রে বাধাসৃষ্টি
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-258
ট্রফি আনার সাফল্য কামনা
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-907-908
ক্রপ কাটিং
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / PP-908-909
জামালপুর জৌগ্রাম-নুরি মোড়ে পুলিশ ফাঁড়ির ব্যবস্থা
—শ্রী সমর হাজরা / PP-136-137
কৃষকদের অনুদানের ব্যবস্থা
—শ্রীমতী সাবিত্রী মিত্র / P-909
প্রয়াত প্রভাস রায়ের প্রতি সম্মান প্রদর্শন
—শ্রী সুব্রত বক্সি / PP-257-258
সিভিলিয়ান কর্মী নিয়োগ এবং এন. সি. সি. চালু করা
—শ্রী সুভাষ গোস্বামী / P-258
মহিলা নিগ্রহ
—শ্রী সৌগত রায় / P-137
সন্ত্রাস সৃষ্টি প্রচেষ্টা
—শ্রী সৌগত রায় / P-254
সন্ত্রাসবাদীদের কঠোর শাস্তি প্রদান
— শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-137
ছাত্র ধর্মঘট
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-256